

নাস্তিকপিডিয়া -১ম খন্ড , ধর্মের উৎপত্তি, নাস্তিকতা ও ধর্মে অবিশ্বাস,
ইসলামের সমালোচনা কেন করা হয়, আল্লাহ বা ঈশ্বরের পরিচিতি

ভূমিকা (১ম সংস্করণ)

অবশেষে নাস্তিকপিডিয়া প্রকাশ হচ্ছে। সবাইকে শুভেচ্ছা।

পৃথিবীতে মানব সভ্যতার শুরু থেকেই নাস্তিকতার প্রসার হয়েছে। আর বিজ্ঞান জানার অভাব থাকায় মানুষ মাঝে মাঝেই বিভিন্ন ঈশ্বর, সৃষ্টিকর্তার দ্বারস্থ হয়েছে। আর এই কল্পিত ঈশ্বর , সৃষ্টিকর্তাকে রক্ষা করার জন্য যুগে যুগে তৈরী হয়েছে মহাপ্রতারক ধর্মীয় গোষ্ঠীর । আর এই ধর্মীয় গোষ্ঠীর হাতেই প্রগতিশীল মানুষেরা সবসময় নির্যাতিত হয়ে আসছে । এক সময় ব্রুনো এদের অত্যাচারে জর্জরিত হয়ে মৃত্যুবরণ করেছেন। গ্যালিলিওকে মাফ চাইতে হয়েছে । বিজ্ঞানকে এরা বহুবার নিশ্চিহ্ন করে দিতে চেয়েছে। কিন্তু বিজ্ঞান তার স্বমহিমায় উদ্ভাসিত হয়েছে। আমরা কি ভুলে যেতে পারি এই ধর্মীয় অন্ধগোষ্ঠীর হাতে আলেকজান্দ্রিয়া লাইব্রেরী পোড়ানো হয়েছিলো ? তৎকালীন *সময়* এই আলেকজেন্দ্রিয়া লাইব্রেরী ছিলো পৃথিবীর জ্ঞান-বিজ্ঞানচর্চার কেন্দ্রস্থল । আর ধর্মীয় অন্ধগোষ্ঠীর হাতে আলেকজান্দ্রিয়া লাইব্রেরীই শুধু পোড়ানোই হয়নি বরং পোড়ানো হয়েছে হাজার বছরের সঞ্চিত জ্ঞান। এক কল্পিত ঈশ্বরের স্বেচ্ছাচারিতায় ভূলুণ্ঠিত হয়েছে মানবসভ্যতার অর্জি ত জ্ঞান। আর এর পর থেকে পৃথিবীতে শুরু হয়েছে অন্ধকারের যুগ।

আবার সেই পুরানো জ্ঞান-বিজ্ঞান মানুষের অর্জন করতে হয়েছে । আর মানুষ কখনোই অজ্ঞানতার অন্ধকারে নিজেকে নিমজ্জিত রাখেনি । মানবসভ্যতার উন্নয়নের প্রেক্ষিতে বিভিন্ন মানুষ এই অজ্ঞানতার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে । আর তাদের অক্লান্ত পরিশ্রমে আমরা বর্তমানে পেতে যাচ্ছি আবার আলোকিত মানবসভ্যতা ।

এই কথা বলার অবকাশ রাখে না, ধর্ম নামক অন্ধকার-শক্তি প্রতিনিয়ত মানুষকে পিছিয়ে দেওয়ার চেষ্টা করছে । কল্পিত ঈশ্বর এবং তার চ্যালা-চামুন্ডারা সব সময় চেষ্টা করছে মানবসভ্যতার ধ্বংস সাধনের জন্য। এই ধর্মের জন্য মানুষে মানুষে এত হানাহানি , এত বিভেদ , এত খুনাখুনি। ধর্ম সকল অজ্ঞানতার জননী।

আর তাই এখন সময় এসেছে ধর্মগুলোকে আস্তাকুঁড়ে ফেলে দেওয়ার । মানবসভ্যতার উন্নয়নের জন্য হানাহানি , বিভেদ, কলহ , খুনাখুনি বন্ধ করা দরকার। আর এর জন্য আমাদের সকল ধর্মকে জাদুঘরে পাঠাতে হবে।

এই নাস্তিক্যবাদ প্রসারের একটি বড় সমস্যা হলো আমরা প্রকাশ্যে আসতে পারছি না । তবুও বিভিন্ন ব্লগে এবং ফেসবুকে নাস্তিকতার প্রসার ঘটানো এবং ধর্মকে চিরতরে নির্বাসনে পাঠানোর জন্য বহু সহযোদ্ধা কাজ করে যাচ্ছে । দেশের সরকার এবং উগ্র ধর্মীয় গোষ্ঠী আমাদের নিশ্চিহ্ন করে দিতে বদ্ধপরিকর । তবুও আমরা বিশ্বাস করি, কিবোর্ডের শক্তি তলোয়ারের থেকেও বেশি শক্তিশালী।

বিভিন্ন ব্লগে এবং ফেসবুকে বিতর্ক করতে হয় আস্তিকদের সাথে । সমস্যা হলো এই আস্তিকরা নিজেরাই ধর্মগুলো কতটা নিষ্ঠুর, তা জানে না। এছাড়া নতুন নাস্তিক, সংশয়বাদী তারা অনেক সময় নাস্তিকতা বিষয়ক প্রয়োজনীয় লেখাগুলো এক স্হানে খুঁজে পায় না। এছাড়া বহু নাস্তিকের আস্তিকদের সাথে বির্তক করতে হয়, তখন সবসময় হাতের কাছে রেফারেন্স খুঁজে পাওয়া যায় না। বহুদিন ধরে এইজন্য আমরা নাস্তিকরা অভাববোধ করেছি নাস্তিকতা বিষয়ক লেখাগুলোকে একটি বইয়ে অন্তর্ভুক্ত করার জন্য। আর এ জন্য তৈরী করা হলো নাস্তিকপিডিয়া। এই নাস্তিকপিডিয়ায় বিভিন্ন ব্লগের সব নাস্তিকের লেখাগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে চ্যাপ্টারে ভাগ করে যেন কখনোই কোন নাস্তিকদের রেফারেন্স খুজতে সমস্যা না হয়। ধর্মীয় অনেক কুপ্রথা এবং সত্যি ঘটনা জানা যাবে এই পিডিয়া থেকে । এখানে শুধুমাত্র প্রবন্ধই অন্তর্ভুক্ত করা হয় নাই বরং বিভিন্ন নাস্তিক-আস্তিক বির্তকও সন্নিবেশিত করা হয়েছে। পাঠকদের বলবো প্রতি প্রবন্ধের শেষে কমেন্ট সেকশনটাও মনোযোগের সাথে পড়ার জন্য।

এই নাস্তিকপিডিয়ায় শুধুমাত্র ইসলামের বিরুদ্ধেই লেখা হয়নি বরং সেই সাথে হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান এমনকি জৈন ধর্ম এর বিরুদ্ধেও লেখা হয়েছে। তবে এ কথা বলতে কুন্ঠাবোধ করছি না বাংলাদেশের অধিকাংশ নাস্তিক মুসলিম সম্প্রদায়ভুক্ত হওয়ার কারণে ইসলামের সমালোচনা বেশি হয়েছে বইটি তৈরী করতে প্রচণ্ড পরিশ্রম করতে হয়েছে । বইটি তৈরী করার পিছনে একজন আলোকিত মানুষ মুশাররফ হোসেন সৈকত সার্বক্ষণিক লেগে ছিলেন । উনি মুক্তমনার লেখাগুলো পিডিএফ আকারে সংগ্রহ করে দিয়েছিলেন । যদিও ওয়ার্ড ফরম্যাটে লেখাগুলো নেওয়ার জন্য আমাকে আবার ওই লেখাগুলো কপি করতে হয়েছে। তবুও ওনার কাছে আমি কৃতজ্ঞ। সার্বক্ষণিক উৎসাহ যুগিয়েছেন অনেক আলোকিত মানুষ। যাদের নাম না বললেই নয়: দিগম্বর পয়গম্বর, ধর্মপচারক (পচারক ভাই অনেক লেখা ব্যক্তিগতভাবে সংগ্রহ করে দিয়েছেন) দাঁড়িপাল্লা ধমাধম, অভিজিতদা', লুক্স ভাই, স্নিগ্ধা আপু, কস কি মুমিন, ডিউক, নাবিক, ব্লাক হোল দম্পতি , অপূর্ব, রিপন, বিবি খাদিজা, বিবি আয়েশা , একজন সাইবর্গ , স্বপ্ন ধূষর, মুফাসা দা গ্রেট, জয়ন্ত, নিশাচর, দুর্দান্ত, অগ্নিবীর, বাঙালি বাবু, পাগলা বিলাই, তাইম, ছোটা ডন, মৃত্যুর সওদাগর, সুগার দম্পতি, শ্রোডিন্জারের বিড়াল, জ্যক শাফিন, ইবলিশ, অন্তহীন অপেক্ষা, আমি আসছি, ফেরাউন প্রত্যবর্তন, রাতুল সহ আরও অনেকে। কৃতজ্ঞতা জানাচ্ছি সবাইকে যাঁরা বাংলাদেশকে আলোকিত করার জন্য নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। আরও স্মরণ করছি হুমায়ুন আজাদ স্যার এবং রাজীব হায়দারকে।

সব লেখকের কাছ থেকে অনুমতি সংগ্রহ করা সম্ভব হ য়নি । তবে চেষ্টা করেছি সব লেখকের লেখার সাথে তাদের নাম এবং সেই লেখার মূল লিংক সংযুক্ত করার জন্য। কপিরাইট সংক্রান্ত ব্যাপারের জন্য সবার কাছে আগে থেকেই ক্ষমা প্রার্থনা করে রাখছি।

নাস্তিকপিডিয়ায় ভুলভ্রান্তি থাকাটা অস্বাভাবিক নয় । আশা করি, ভুলভ্রান্তিগুলো ক্ষমাসুন্দর দৃষ্টিতে পাঠকরা দেখবেন। অজ্ঞানতা দূর করতে বইয়ের প্রতিটা খণ্ড বহু জায়গায় ছড়িয়ে দিন। চেষ্টা করা

হচ্ছে পুরো বইটা ওয়েবে রাখার জন্য। এক সময় আমরা ধর্ম নামক অমানিশার কালো করাল গ্রাস থেকে মুক্ত হবোই, সেই প্রত্যাশায়

চিংকু মফিজ।

।

সূচীপত্র

১ম অধ্যায়- ধর্মের উৎপত্তি-- *13*

শিশুদের সত্য শিক্ষা-- 13

মিথ ও আমরা-- 37

ধর্মের উৎপত্তি -- 48

সমাজ বিজ্ঞানের দৃষ্টিতে ধর্ম উৎপত্তির ব্যখ্যা -- 61

সাকার থেকে নিরাকার ইশ্বরের আবির্ভাব : মানুষকে আরো সহজে বোকা বানানোর কৌশল -------- 65

আরণ্যিক নির্বোধের ভ্রান্ত দুঃস্বপন-- 67

ধর্ম, একটি সামাজিক ব্যাধি-- 83

বিজ্ঞান ধর্ম ও সমাজ-- 95

ধর্মীয় যুক্তির দোষ গুলি -- 109

মস্তিষ্কের উপরে ধর্মের প্রভাব -- 115

গ্রিসে কেন দার্শনিক আর আরবে কেন পয়গম্বর? -- 177

আব্রাহামীয় ধর্মসমূহ-- 258

ধর্মীয় অন্ধতা এবং আমাদের বানরায়ন -১ -- 259

২য় অধ্যায় : নাস্তিকতা ও ধর্মে অবিশ্বাষ-- *320*

নাস্তিক, উগ্র নাস্তিক, ধর্মবিদ্বেষী, ধর্মবিরোধী-- 320

আগে বিশ্বাস তারপর যুক্তি, এভাবেই ইসলামী যুক্তিবাদী! -- 322

অক্কামের ক্ষুর (occam’s razor) এবং বাহুল্যময় ঈশ্বর-- 328

আমার সংশয়-- 341

আমি কোন ধর্মটি চয়ন করব? -- 403

আমি নাস্তিক, কোন অপরাধী নই। -- 433

আপেল কেচ্ছা-- 435

প্যাস্কালের ওয়েজার- আস্তিক হওয়াটাই কি একমাত্র নিরাপদ বাজি?-- 452

আস্তিকের বিশ্বাসে নাস্তিকের শক্তিশালী হয়ে ওঠা ---------- 518

বিখ্যাত নাস্তিকদের সংক্ষিপ্ত তালিকা ---------- 530

বিশ্বাসের ভাইরাস: নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় কি জঙ্গিবাদের অভয়ারণ্য হয়ে উঠেছে?---------- 551

বিশ্বাসের ভাইরাস ---------- 678

বিশ্বাসের ভাইরাস -২ (বিশ্বাস ও দারিদ্র্য) ---------- 731

বিশ্বাসীদের ধর্ম বিশ্বাস এবং বাস্তবতা ---------- 794

বৈজ্ঞানিক সমাজে বিবর্তনের গ্রহণযোগ্যতা এবং বিবর্তনের সাথে নাস্তিকতার সম্পর্ক---------- 806

ধর্ম বিষয়ে বোকামেয়ের ৬০টি জিজ্ঞাসা---------- 836

ধর্ম বিশ্বাষের আগে আমার যে সব প্রমান দরকার---------- 864

ধর্ম প্রচারকদের দৃষ্টিতে স্রষ্টার অস্তিত্ব প্রমানের প্রধান প্রধান ভুল যুক্তিগুলো ---------- 866

আহারে! ধর্মবাদীদের ধর্মানুভুতি ---------- 873

ধর্মবিহীন আস্তিকতা ---------- 896

জ্ঞানের সীমাবদ্ধতা নিয়ে স্বগতোক্তি এবং বিক্ষিপ্ত প্রশ্ন---------- 915

ঈশ্বর বা আল্লা আছে কিনা এবং পরকালে ওরা কি আমাদের ফ্রাই বানিয়ে ফেলবে ? প্যাসকেলের ওয়েজার খন্ডন---------- 921

যারা লড়ছেন অন্ধকারের বিরুদ্ধে ---------- 927

কারা যাবে নরকে? ---------- 939

কৃষ্ণ আর মহা উন্মাদের কথপোকথন ---------- 941

মিরাকল ও ব্যাক্তিগত অভিজ্ঞতা থেকে অতিপ্রাকৃত শক্তিতে বিশ্বাস ---------- 944

মিতকথন ---------- 972

নাস্তিক থেকে আস্তিক, আস্তিক থেকে নাস্তিক!---------- 974

নাস্তিকের প্রকারভেদ---------- 1019

নাস্তিকতাও একটি ধর্ম (কিংবা বিশ্বাস) হলে – ---------- 1028

নাস্তিকতার বিরুদ্ধে কিছু মিথ ---------- 1101

নাস্তিক্যবাদ ধর্ম নয় কেন ---------- 1112

নাস্তিকতার পথে বিবর্তন---------- 1116

নাস্তিক্য কি একটা ফ্যাশন ?---------- 1133

নাস্তিকতা ও বাস্তবতাঃ কিছু বিক্ষিপ্ত ভাবনা ---------- 1155

অবিশ্বাসের চরমপন্থা! ---------- 1171

পরিকল্পিত ডিজাইনঃ God Must Be Crazy---------- 1200

এক সবজান্তা প্রফেসর আর চালিয়াৎ ছাত্রের গল্প ২য় পর্ব ---------- 1229

সীমাবদ্ধ জ্ঞান বনাম অসীম বেকুবি ---------- 1237

কোনটা যে সত্য ও সঠিক ধর্ম , বুঝুম কেমনে ? সবগুলোই তো দেখি ভেজাইল্লা---------- 1238

সমাজে ধর্ম টিকে থাকার কারণ---------- 1246

সত্য ধর্মের সন্ধানে ---------- 1247

তুলনামূলক আলোচনাঃ আস্তিকতা ও নাস্তিকতা ---------- 1249

অবিশ্বাসের হাবিজাবি!!---------- 1277

অবিশ্বাসের হাবিজাবি- ২!!---------- 1321

অবিশ্বাসের চরমপন্থা! ---------- 1334

রাসেলের প্রস্তাবিত "Ten Commandments" ---------- 1364

৩য় অধ্যায়-কেন ইসলামের সমালোচনা করা হয়----------1371

গত কয়েকদিনের মন্তব্য প্রতিমন্তব্য থেকে জন্ম নিল এই পোষ্ট ---------- 1371

ইসলাম/মুসলীম ব্যাশিং/ব্যাশার, বিদ্বেষ/বিদ্বেষী....... বিষয়টির নিষ্পত্তি হোক---------- 1375

কেনো ইসলামকে না বলবো---------- 1421

কেন শুধু ইসলাম নিয়ে বর্তমানে লেখা লেখি করা হয় ? ---------- 1532

শুধুই ইসলামের সমালোচনা হয় কেন ?---------- 1535

৪র্থ অধ্যায়-ঈশ্বর বা আল্লাহর পরিচয়----------1544

আল্লাহ আসলে কোথায় থাকে ? ---------- 1544

মোহাম্মদ ও ইসলাম, পর্ব-২ ---------- 1549

দেরিদার ডিকনস্ট্রাকশন তত্ত্বের আলোকে ধর্মগ্রন্থের ব্যাখ্যা ---------- 1601

ধর্মানুভূতির ধর্মকথা ---------- 1659

দুর্যোগ বা দুর্ঘটনা আমাদের জন্য অভিশাপ নয় , বরং তা আল্লাহর রহমত------------------------- 1664

ইহুদি ও খ্রিস্টান ধর্মের একশ্বেরবাদীতায়ম ঈশ্বর চেতনা-- 1667

ইসলামে বহুঈশ্বরবাদ-- 1677

ঈশ্বরের সংজ্ঞার কিছু দার্শনিক বিশ্লেষণ -- 1694

ঈশ্বর তুমি কোথায় থাকো ?-- 1710

ঈশ্বরবাদ খণ্ডন – ড্যান বার্কার-- 1742

ঈশ্বরের ভাষা। -- 1769

ঈশ্বরচিন্তা - ১ --- 1812

ঈশ্বরচিন্তা – ২ --- 1816

ঈশ্বর চেনার নানা উপায় নানা পরিভাষা--- 1823

ঈশ্বরের মন... -- 1831

ঈশ্বরের রাজনৈতিক ক্ষমতালোভ --- 1835

মিরাকল ও ব্যাক্তিগত অভিজ্ঞতা থেকে অতিপ্রাকৃত শক্তিতে বিশ্বাস ---------------------------------- 1840

নামাজ পড়ার সময় আমরা আসলে কার কাছে মাথা নত করি ? -------------------------------------- 1868

অসুরের রাজ্যে আমরা --- 1877

পাপ পুণ্যের দায়ভার কি মানুষের না আল্লাহর ? -- 1884

♠♠♠ পবিত্রতার প্রতীক চিহ্ন সমূহ - 'হাজরে আসওয়াদ' ♠♠♠------------------------------------1911

কোরানের আল্লাহ কি সত্যিই দয়াময় নাকি নির্মম নিষ্ঠুর? -- 1916

শয়তানের জন্ম ও বিবর্তনের ইতিহাস(১ম পর্ব)-- 1922

সৃষ্টিকর্তার অস্তিত্ব ও রায়হানের তিন যুক্তি -- 1939

পরিশিষ্ট:- মুসলিমদের আক্রমন তালিকা---1995

The List of Islamic Terror Attacks from 2013--- 1995

The List of Islamic Terror Attacks from 2012--- 2166

The List of Islamic Terror Attacks from 2011--- 2303

The List of Islamic Terror Attacks from 2010--- 2412

" The List " of Islamic Terror Attacks from 2009 --- 2523

" The List " of Islamic Terror Attacks from 2008 -- 2630

" The List " of Islamic Terror Attacks from 2007 -- 2738

" The List " of Islamic Terror Attacks from September 11th,2001 to the end of 2003 ----------- 3203

1990-1999 -- **3299**

1980-1989 -- **3300**

1970-1979 -- **3301**

১ম অধ্যায় :

ধর্মের উৎপত্তি

১ম অধ্যায়- ধর্মের উৎপত্তি

শিশুদের সত্য শিক্ষা


আগের দিনের মানুষেরা ছিল তোমাদেরই মত ছোট ছোট বাচ্চাদের মতন। তারা পড়তেও জানত না, লিখতেও জানত না। তারা স্কুলেও যেত না। তখন তারা বাড়িঘরও বানাতে জানত না।
তারা বৃষ্টি হতে দেখলে অবাক হতো, জানতো না কেন বজ্রপাত হয়, কেন বিদ্যুৎ চমকায়!
এমন হাজারো জিনিস তারা কিছুই জানত না, বুঝত না
কিন্তু.............
1
অনিসিরি


মানুষের ছিল চিন্তা করার ক্ষমতা!!
তাই তারা তাদের রক্ষার জন্য সাহায্যকারী হিসেবে কল্পনা করে নেয় এক ঈশ্বরকে।
তারা ভাবত লম্বা চুল-দাড়িওয়ালা ঈশ্বর হয়ত মেঘের ওপর বসে আছে
তারা ভাবত তারা যা কিছু বোঝে না, তার সবই তাদের সেই ঈশ্বর করতে পারে।
2



এভাবে মানুষ নানান ধরনের ঈশ্বরকে কল্পনা করত

তাই পৃথিবী আজও হাজারো কাল্পনিক ঈশ্বরে ভরে আছে

3 অনিসিরি

মানুষ সব সময়েই নিজের মত
করেই তাদের ঈশ্বরকে তৈরি
করত
যেমন ধর ভারতবর্ষের মানুষের গায়ের রং কিছুটা
কালো আর তারা চকচকে কাপড় পরত
তাই তাদের ঈশ্বরও তাদেরই মত গায়ের রং ও
চকচকে জামা কাপড় পরিহিত হয়।
এমনকি ঈশ্বরও মানুষেরই
মত ঘোড়া কিংবা হাতিতেই
চড়ে, কারণ মানুষই তাদের
কল্পনায় ঈশ্বরকে তৈরি
করেছে।
4

বিশ্বজুড়ে সকল প্রাচীন সভ্যতারই
এমন ঈশ্বর ছিল।
ভুঁড়িওয়ালা চাইনিজ ঈশ্বর গামলা
গামলা ভাত খেত।
কেউ কেউ আবার মানুষেরই
মত সিল্কের কাপড়ও পরত
আবার মাছও খেত।
5
অলিগিরি

জাপান দেশের রাজারাই ছিল সেদেশের ঈশ্বর।

জাপানিজরাও তাদের রাজাকেই জীবন্ত ঈশ্বর হিসেবে বিশ্বাস করত।

কিন্তু যখন রাজা একবার যুদ্ধে হেরে গেলেন তখন মানুষ বুঝতে শিখল রাজামশাইও মানুষ, ঈশ্বর নয়।

6 অলিসিরি

কখনো কখনো যুদ্ধে কোনো দেশ হেরে গেলে বিজয়ী দেশটি তাদের ঈশ্বরকে পরাজিত দেশটির ঈশ্বর হিসাবে মানতে বাধ্য করত
এভাবেই যুদ্ধ বিগ্রহ আর হানাহানির মাধ্যমে মুসলমানরাও অন্যদের মুসলিম বানানোর জন্য বল প্রয়োগ করত
7
অনিগিরি

খ্রিষ্টানরাও একইভাবে তাদের ধর্মকে অন্যদের ওপর চাপিয়ে দিত।
কিন্তু তাদের এই কৌশল দিনে দিনে পরিবর্তন হচ্ছে।
৪

আদিম যুগের রাজারা কাল্পনিক ঈশ্বরের সাথে
পুতুল পুতুল খেলা খেলত
এভাবে ঈশ্বরকে নিয়ে তারা নতুন নতুন রুপকথার গল্প বানাত আর সাধারন মানুষকে তা মানতে বাধ্য করত!
এভাবে রাজার যখন নতুন কোনো ঈশ্বরকে পছন্দ হতো, তখন তাকেই সে তার কল্পনায় ঈশ্বরের স্থান দিত
9
অলিগিরি

সেই আদিম যুগে ছিল না
কোন গাড়ি কিংবা বিমান

মানুষ তখন বেশিদূর ভ্রমণও করতে পারত না

তাই তারা কল্পনায় যে ঈশ্বরকে বানাত, সে দেখতে
হতো তাদেরই মতন

কিছু মানুষের অনেক কল্পনাশক্তি ছিল আর তারা
নানান বৈচিত্র্যময় ভাবে ঈশ্বরকে উপস্থাপন করত
যেমন ধর এক ঈশ্বরের
ছিল ছয়টা মাথা
কোনো কোনো ঈশ্বরের আবার সন্তানও ছিল
11
অনিগিরি

প্রত্যেকটি সময়েরই নতুন ঈশ্বর ছিল
কিন্তু আজকের এই
বিজ্ঞানের যুগে....
Moroni
1827
মানুষের নতুন ঈশ্বরের আবিষ্কার একেবারেই থেমে গেছে

12 অনিগিরি

কারণ আজ আমরা বুঝে গেছি কেন বৃষ্টি হয়,
কেন বজ্রপাত হয় আর কেনইবা বিদ্যুৎ চমকায়

এমন অনেক অজানা বিষয়ই আজ আমরা জেনে গেছি
অসুখ হলে, যেমন, ঈশ্বরকে না ডেকে আমরা
ডাক্তারকেই ডাকি

তবু আজো সেইসব কাল্পনিক ঈশ্বরের ধারণা
রয়েই গেছে

13 অনিসিরি

ঈশ্বরের আচার আচরণ কথাবার্তা সবই ঐ মানুষদের
মতই, যারা ঈশ্বরকে কল্পনা করে বানিয়েছিল

খ্রিষ্টান, মুসলমান আর ইহুদিরা ইব্রাহিমের ধর্মের ই শাখা

অনেকেই বিশ্বাস করে যে ইব্রাহিমের
ঈশ্বর সবসময়ই মঙ্গলময় ছিল

কিন্তু এই ঈশ্বরও কখনো রাগী,
কখনো হিংসাপরায়ণ, কখনো নিষ্ঠুর
আবার কখনো বিবেকহীন
নিজের অস্তিত্ব ঠিক রাখতে এই
ঈশ্বরও মানুষের মাঝে ভেদাভেদ
করে, ঝগড়া বিবাদ সৃষ্টি করে,
যুদ্ধও করতে বলে কিংবা দাস
দাসী বানাতেও কোনো আপত্তি
থাকে না

14 অলিগিরি

মজার ব্যাপার এই, ঈশ্বরও কিন্তু তখনকার
মানুষের মত পৃথিবীকে সমতলই ভাবত
এই ঈশ্বর ভাবত যে, সে সূর্যকে
ইচ্ছে করলেই থামিয়ে দিতে পারে,
আর তাই দিন বড় হয়ে যেতে
পারে
আবার এই ঈশ্বর ভাবত যে, সে তার
বিশালাকার বাঁশিতে ফুঁক দিয়ে বড়
বড় শহরকে ধ্বংস করে দিতে পারে
15
অনিসিরি


এই ঈশ্বর ভাবত যে আকাশকে ছিদ্র করে দিলেই সেখান দিয়ে বৃষ্টিপাত হয়
hello
sorry
এই ঈশ্বর ভাবত যে সাপ আর গাধা একে অপরের সাথে কথা বলতে পারে!
এই ঈশ্বর ভাবত যে মানুষ তিমি মাছের পেটেও বাড়ি বানিয়ে ঘরসংসার করতে পারে!!!
আরো কত কি!!!
সবই আসলে মানুষের কল্পনার ফানুস!!
16
অনিগিরি

কিছু ঈশ্বরেরা পরস্পরকে খুবই ঘৃণা করতো আর
মানুষের মাঝেও এই ঘৃণার বীজ ছড়াতো
এই জন্যই অনেক মানুষ যুগের পর যুগ একে অপরের সাথে যুদ্ধে
লিপ্ত হয়েছে যা আজ অবধি চলছে
17
অলিসিরি

আসলে ঈশ্বররা কোনো কালে কিছুই করেনি
না ছিলো তারা কৃষক
না ছিলো জেলে
UM UM 2
আর না ছিলো কাঠমিস্ত্রি
তারা অফিস কিংবা কারখানায়ও কোন কাজ করতো না
তাহলে আমরা এইসব ঈশ্বর দিয়ে আসলে কী করব?
18

ব্যাপারটা খুবই
সহজ!!
যেহেতু আমরাই তাদের কল্পনা
করেছিলাম
তাই আমরা তাদের ভুলেও যেতে পারি
আমাদের জীবনে এখন আর তাদের প্রয়োজন
নেই
যদি আমরা ঐসব রূপকথার ঈশ্বরদের ভুলে যাই,
তাহলে ভেদাভেদ ভুলে আমরা আরো সুখী হবো
19

ঈশ্বররা কখনোই দয়ালু ছিলো না
তাদেরকে সুখীও মনে হয় না
আর তারা ভালবাসার কথাও
বলেন না
স্বৈরাচারী রাজাদের মত ঈশ্বরের
আচরণও সবসময় স্বৈরাচারী আর
ক্ষমতালিপ্সু

গর্বের বিষয় মানুষ আজ অনেক কিছু জানতে
শিখেছে
তারা নিজেরাই শিখেছে কীভাবে হাসপাতাল কিংবা স্কুল
বানাতে হয়

তারা শিখেছে কীভাবে লিখতে-পড়তে হয়

তারা নিজেদের জ্ঞানকে কাজে
লাগিয়েই জীবনকে সুখী সুন্দর
ও আনন্দময় করেছে

20 অনিগিরি

সোনামণিরা যখন বড় হয়ে যায় তখন তারাও কিন্তু
আর পুতুল নিয়ে খেলে না, তাই না?

মানুষও যখন জ্ঞান গরিমা আর বিদ্যা বুদ্ধিতে বড় হবে তখন তারাও কল্পনার সেই রুপকথার ঈশ্বরদের স্মৃতির বাক্সে বন্দি করে ফেলবে

21 অনিসিরি

তোমাদের বাবা মা সেইসব ঈশ্বর থেকে অনেক
ভাল আর দয়ালু

তারাই প্রকৃত বাস্তব, কল্পনার ফানুস নয়

আর তারাই তোমার
সত্যিকারের দেখভাল করেন

মানুষই একে অপরকে সাহায্য করতে পারে
আর বন্ধু হতে পারে
তাই মানবধর্মই সবচেয়ে শ্রেষ্ঠ ধর্ম আর সবই অলীক
কল্পনা

22 অনিসিরি

আমরা এখন এর সবই বুঝি
আর তাই সেইসব অলীক কল্পনা আর
রুপকথার ঈশ্বরদের এখন আমাদের
আর কোনোই প্রয়োজন নেই
আমাদের বিবেকই ঠিক করবে কোনটা ভাল, কোনটা
খারাপ আর
এইজন্যইতো আমরা মানুষ
End
অলিগিরি

http://mukto-mona.com/bangla_blog/?p=16784

মিথ ও আমরা

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪১৮ (জুন ১১, ২০১১)

লিখেছেন: মাহমুদ ইমরান

সভ্যতা বিকাশের একটা পর্যায়ে উপজাত হিসেবে কোন গোষ্ঠীর অব্যাখ্যাত ও অবদমিত কামনা বাসনার স্ফূরণ ঘটেছিল মিথ গুলোতে।ফলে মিথগুলো কাজ করতো এক ধরণের উদ্দীপক রূপে।মিথ গুলোর বস্তুতান্ত্রিক ব্যাখ্যা আছে;এগুলো নির্দেশিত হয় নি কোন আসমানি পরাশক্তির কাছ থেকে।মিথের রূপ অনেক।গবেষকরা এদেরকে নানা ভাগে ভাগ করেছেন।আস্তিক্যবাদী বহু ও এক ঈশ্বরবাদী মিথগুলো নিয়েই আমি বলব। জামার্ন ভাষাবিজ্ঞানী ও প্রাচ্যতত্ত্ববিদ ম্যাক্সমুলার বলেন যে মিথ হচ্ছে 'ভাষার রোগ' অর্থ্যাৎ ভাষার কোন বিশেষ ধরণের অপরিপূর্ণর্তা জন্ম দেয় মিথের।কী সেই অপরিপূর্ণর্তা যার ফলে উদ্ভব হয় মিথের?ম্যাক্সমুলারের মতে গুণবাচক বিশেষ্য বা এবস্ট্রাক্ট নাউনের অভাবে কোন ভাষায় জন্ম নিতে পারে মিথের। ম্যাক্সমুলার বলছেন গুণবাচক বিশেষ্যের এই অভাব মেটানোর জন্য প্রাচীন মানবগোষ্ঠী কোন মূর্ত সত্ত্বার আশ্রয় নিত অর্থ্যাৎ গুণ সমূহকে আরোপিত করতো কোন দৈহিক আঁধারে।ফলে তৈরী হত মিথ। যেমন গ্রীক দেবী আগ্লিয়া (Aglaea)মানে হচ্ছে মহিমা;কিংবা সোফিয়া(Sophia) দেবীর আক্ষরিক মানে হল জ্ঞান।আবার ঈজিপশিয়ান ধর্মে দেখা যায় 'মাত'-এর মতো দেবী যার মানে হল ন্যায় বা সত্য।(দ্রঃমোজেস ও একেশ্বরবাদ;লেখক-সিগমুন্ড ফ্রয়েড)।মজার ব্যাপার হল বিভিন্ন মিথে ভাষা নিয়েও বেশ কথা-বার্তা আছে। মুসলিম মিথে বলা আছে আল্লাহপাক আদমকে সমস্ত বস্তুর নাম শিখিয়েছেন।(সূরা বাকারাহঃ ৩১)।আবার তৈত্তরীয় উপনিষদ বলছে যে প্রজাপতির ধ্যানরত অবস্থায় প্রাপ্ত তিনটি শব্দের মধ্য দিয়ে ভাষার যাত্রা শুরু।তবে ভাষা নিয়ে সবচেয়ে অসাধারণ কথা আছে পূব আফ্রিকান মিথে।ওয়াসানিয়া নামক জনগোষ্ঠীর মাঝে এ কথা চালু আছে যে ভাষার বৈচিত্র্য হয়েছে মানব গোষ্ঠীর একে অপরের কাছ থেকে ,কোন এক বন্যার ফলে,দূরে সরে যাবার কারণে।(উইকিপিডিয়া)।আফ্রিকার এই মিথটি সত্যের বেশ কাছাকাছি অবস্থান করছে।

ব্রিটিশ নৃতাত্ত্বিক জেমস ফ্রেজার তাঁর 'দ্যা গোল্ডেন বাউ' গ্রন্থে বলছেন যে যাদুপ্রক্রিয়ার ভুল ব্যাখ্যা থেকে উৎপত্তি হয় মিথের।কেননা প্রাচীন যাদুবিদ্যার উদ্ভব হয়েছিল প্রকৃতির আইনকে ভালভাবে না বুঝার ফলে।যাদুপ্রক্রিয়া প্রাকৃতিক অবস্থাকে পরিবর্তন করতে চরমভাবে ব্যার্থ হতে থাকলে প্রাচীন মানুষ প্রাকৃতিক নিয়মকেও আর সঠিক মনে করল না ;বরং তারা প্রাকৃতিক নিয়মের ব্যাখ্যা খুঁজতে থাকল অপ্রাকৃত বিষয়াদিতে-মিথ তৈরী করে।এরকমটি হওয়ার সম্ভাবনাও খুব প্রচুর।যতদূর জানা যায় মনা বা টোটেম সংস্কৃতির বিকাশের মধ্য দিয়ে বহু-ঈশ্বরবাদী মিথের উদ্ভব হয়েছে।যদি ঈজিপ্টকে ধরে আগাই তবে দেখতে পাবো যে কৃষি সভ্যতার চূড়ান্ত বিকাশের সময় একেশ্বরবাদী মিথের উদ্ভব।কেননা সমাজে তখন স্থায়ী আসন গেড়ে বসেছে ফারাওরা।সম্রাট একজন মানে হল ঈশ্বরও একজন থাকবেন।ফারাওরাও তাই করলেন;কেননা,তা না হলে শোষিত অত্যাচারিত জনগন বেঁকে বসতে পারে।তার জন্য চাই মগজ ধোলাই।তো আনুমানিক ১৩৫৭ খ্রিঃপূবে রাজা আমেন হোটেপ ইতিহাসের প্রথম প্রচেষ্টা হিসেবে সমগ্র মিশরে চালু করলেন একেশ্বরবাদী প্রচারণা(ফ্রয়েডঃমোজেস ও

একেশ্বরবাদ)।যদিও আমেন হোটেপের মৃত্যুর পর ঠেংগিয়ে বিদায় করা হয় একেশ্বরবাদকে কিন্ত কিছু বছর বাদেই তা আবার সম্মান পেতে থাকে বিভিন্ন গোত্রের কাছে।মূসার সময়ে দেখা দেয় এক অদ্ভূত প্রচেষ্টা। একেশ্বরবাদী চেতনা কাজ করতে থাকে সমাজের একদম নিচুস্তরে-খেটে খাওয়া শোষিত,বঞ্চিত শ্রমিকদের মাঝে এবং তা বিকশিত হতে থাকে চরম বৈপ্লবিক পরিস্থিতির মধ্যে।মূসার পলায়নের মধ্য দিয়ে দেখা যায় ধীরে ধীরে বিমূর্ত একেশ্বরবাদ জায়গা করে নিচ্ছে মূর্ত একেশ্বরবাদের স্থানে।

এই বিমূর্ত একেশ্বরবাদ আর্থ-সামাজিক পটভূমির কারণেই বেড়ে উঠার জায়গা পেল পৃথিবীর যেকোন স্থানে।যেখানেই সামন্ততন্ত্রের উদ্ভব ঘটেছে,সামন্তীয় রাজারা শুরু করেছে সাম্রাজ্য বিস্তার, সেখানেই দেখা দিয়েছে বিমূর্ত একেশ্বরবাদ।কেননা রাজ্যের বিস্তারের মধ্য দিয়ে ঈশ্বরের ক্ষমতাও বেড়ে গেছে ততদিনে।ফলে ঈশ্বরকেও নিতে হয়েছে অসীমতার ধারণা;ফলে ঈশ্বর হয়ে গেছেন বিমূর্ত।এবং ততদিনে গৃহে বন্দী হয়ে গেছে নারী।কৃষি জমির বিকাশের ফলে খাবারের প্রার্চুয ঘটতে থাকে এবং কৃষি জমির কাজ থেকে সরে যেতে হয় নারীকেই,যদিও নারীই প্রথম এর গোড়াপত্তন করেছিল।নারীর সরে যেতে হয় কারণ শিকারী পুরুষ ততদিনে ঘরে ফিরতে শুরু করেছে।তার কাজের ক্ষেত্র হয়ে দাঁড়ায় কৃষি জমি।নারী,প্রাকৃতিক কারণে সন্তান ধারণ করতে গিয়ে ,হেরে যায় বন্ধ্যা পুরুষের কাছে।নারীকে হারানো হয়।দ্বিতীয় যে কারণ বলা হয় তা হচ্ছে যুদ্ধ ক্ষেত্রে নারীর অংশগ্রহণে বাঁধা সৃষ্টি করা হয় প্রথমে।কেননা নারী যদি যুদ্ধে মারা যায় তবে ঐ গোষ্ঠীর এমন কেউ মারা গেল যে কিনা আরেকজন যোদ্ধার জন্ম দিতে পারত।ফলে ক্রমাগত নারী স্থান করে নেয় গৃহে এবং গৃহই হয়ে দাঁড়ায় তার আরাধ্য স্থল।একটি লিংক সংযুক্ত করে দিলামঃ http://www.csulb.edu/~rodrigue/aag87.html এবং মিথ তৈরী হতে থাকে যে নারী ধ্বংস করেছে পুরুষকে।ক্ষমতা চলে যায় পুরুষের কাছে।সন্তান উৎপাদনকে আর সামাজিক কাজ হিসেবে গণ্য করা হল না।নারীর এই অবদমনের চিত্র পাওয়া যায় বহু ও একেশ্বরবাদী মিথগুলোতে।বহুশ্বরবাদী মিথগুলো নারীকে দেখায় প্রচন্ড লোভী ও সুবিধাবাদী প্রবঞ্চক হিসেবে;অন্যদিকে একেশ্বরবাদী মিথগুলো নারীকে দেখায় শয়তানের প্রবেশদ্বার হিসেবে।নারীর এই বন্দীদশা আর কাটে নি।অর্থনৈতিক মুক্তির মধ্য দিয়ে মিথের অবদমন ও পরাজয় ঘটলেই কেবলমাত্র নারীর স্বাধীনতা সম্ভব।

আধুনিক মিথে দুটো ব্যাপার জড়িয়ে আছে।নিখাদ আনন্দের জন্য সৃষ্ট মিথ গুলো নিয়ে কিছু বলার নেই।হলিউডি মুভির অধিকাংশই তো আধুনিক মিথের উপর দাঁড়িয়ে আছে।একটা উদাহরণ দেয়া যায়-আমেরিকান লেখক এডগার রাইস বারো ১৯১২ সালে টারজান নামক যে মিথ সৃষ্টি করেছিলেন তা আধুনিক মিথের একটি দারুণ উদাহরণ।তারপর সুপারম্যান ,ব্যাটম্যান নামক অতি মানবীয় সৃষ্টি গুলো আধুনিক যুগের আলোড়ন সৃষ্টিকারী এক একটা চরিত্র।এগুলো আমাদের কোন কিছুতে বিশ্বাস করতে জোরাজুরি করে না;বলে না যে ওদেরকে বিশ্বাস না করলে আমরা অ-প্রগতিশীল বা রক্ষণশীল হয়ে যাবো।কিন্ত আমাদের ক্ষতি করে সে সমস্ত মিথ যেগুলো জোর করে আমাদের উপর চাপিয়ে দেয়া হয়।আমরা এখনো মিথের জগতে বাস করি।মিথের মধ্যে থেকেও আমরা নিজেদের ভাবি প্রগতিশীল,আধুনিক।আসলে আমরা যে কত অনাধুনিক তা আমাদের তথাকথিত স্ব-ঘোষিত ও স্ব-উচ্চারিত প্রগতিশীলদের কর্মকান্ড দেখলে বুঝা যায়।আমাদের সন্ত্রাসবাদী সংগঠনগুলো ভাবে তারা

প্রগতিশীল;আবেগে ভারাক্রান্ত কিন্তু ততটাই অযোগ্য নারীবাদি সংগঠনগুলো ভাবে তারা প্রগতিশীল;বিজ্ঞানে অগাধ জ্ঞান কিন্তু সমস্ত বিজ্ঞানের বিকাশ বুঝতে নারাজ ব্যাক্তিটিও নিজেকে ভাবে প্রগতিশীল।এরা সবাইকে বকা ঝকা করে;প্রচুর জ্ঞান দেয় এবং তৈরী করে কিছু চেলা এবং সবচেয়ে বেশী ক্ষতি করে সমাজের ও দেশের।এরা নিজেদের চারপাশে ছড়িয়ে রাখে অসাধারণ কিছু মিথের আবরণ।এই আবরণ ছিড়তে গেলে চিৎকার করে উঠে চারপাশ;সে চিৎকার মৌলবাদিদের মতোই ভয়ানক।

আগেই বলেছি মিথ হল সমাজের বাস্তবিক ব্যবস্থারই উপজাত কাল্পনিক জগৎ।সুতরাং বাস্তবিক অবস্থা পরিবর্তনের মধ্য দিয়েই কেবলমাত্র আমরা মুক্ত হতে পারি মিথের রাজ্য থেকে।নিখাদ সুন্দরের কল্পনা আমাদের কাম্য;বিকৃত কল্পনা নয়।

কমেন্ট

টেকি সাফি
জুন ১১, ২০১১ সময়: ১০:২৮ পূর্বাহ্ণ লিঙ্ক
সুপারম্যান, ব্যাটম্যান এরা সুপারহিরো জেনরিরে পড়ে। তাই বলার তেমন কিছু নেই তবে সায়েন্স ফিকশনাল ক্যারেক্টারগুলো নিয়ে আপনার মন্তব্য কী?

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১১, ২০১১ at ১১:২৫ পূর্বাহ্ণ
@টেকি সাফি, মিথের উদ্ভব হয় কোন একটি সমাজের নির্দিষ্ট বাস্তবিক অবস্থার সাপেক্ষে।মিথ সংস্কৃতির-ই একটি বিশেষ শাখা।সুতরাং সংস্কৃতির মতো করেই মিথের বিবর্তন হতে থাকে ;কখনো সোজা,কখনো সর্পিলাকারে।ফোকলোর নিয়ে গবেষণায় এমনটি দেখা যায়।অনেকগুলো তত্ত্বের বিকাশ ঘটেছে এ গুলোকে ব্যাখ্যা করার জন্য।যেমন-Theory of Monogenesis,Broken Down Myth Theory বা Indo-European Theory,Theory of Polygenesis,Theory of Survival,Diffusionism ও আরো অন্যান্য।সায়েন্স ফিকশন এ যুগের জ্ঞান -বিজ্ঞানের মিথোলজিকাল প্রতিফলন।তবে প্রথাগত মিথের সাথে এর পার্থক্য হল-প্রথাগত মিথ যেখানে সৃষ্টিতত্ত্ব,নারী-পুরুষ,পাপ পূণ্য ইত্যাদি নিয়ে কথা বলে,সায়েন্স ফিকশন সেখানে ভবিষ্যতের কথা বলে।তাই বলে এ রকম প্রচেষ্টাকে একেবারে মৌলিক কোন কিছু বলা যাবে না।কেননা বহুশ্বরবাদী সমাজ ব্যবস্থায়ও মৃত্যুর পরের জীবন নিয়ে ভবিষ্যদ্বাণী করা হয়েছে;বিকশিত একেশ্বরবাদে ভবিষ্যতে ইহলোকে কী হবে তার প্রচ্ছন্ন একটা নির্দেশ দেয়া আছে।আর বিজ্ঞানের যুগে,যেখানে বিজ্ঞানের চরম গবেষণাগুলো হচ্ছে,সেখানে তো ভবিষ্যতের এক ধরণের রূপকল্প মানুষের চেতনায় কাজ করতে থাকবেই।এগুলোকে সচেতন ভাবে সৃষ্ট এক ধরণের মিথই বলা চলে।

টেকি সাফি এর জবাব:
জুন ১১, ২০১১ at ১১:৩৬ পূর্বাহ্ণ
@ইমরান মাহমুদ ডালিম,
এটুকু আগেই ধারণা করতে পারছিলাম , আমি ঠিক এটা জিজ্ঞেস করিনি। আমি বলছিলাম এই মিথের (সায়েন্স ফিকশন) নেগেটিভ/পজেটিভ ইফেক্ট গুলো নিয়ে আপনার ভাষ্য কী?

Imran Mahmud Dalim এর জবাব:
জুন ১১, ২০১১ at ২:০৮ অপরাহ্ণ
দেখুন নেগেটিভ কিংবা পজিটিভ ইফেক্ট বলতে আমরা কী বুঝি ?যদি আমরা নিখাদ কলাকৈবল্যবাদী হই অর্থ্যাৎ শিল্পের জন্য শিল্প এই দৃষ্টিভংগী নিয়ে যদি সায়েন্স ফিকশনকে ব্যাখ্যা করি তবে সম্ভবত সায়েন্স ফিকশনের কোন নেগেটিভ ইম্পেক্ট পাওয়ার কথা নয়।আর যদি সামাজিক-অর্থনীতিক সংক্রান্ত যে বিপ্লবী দৃষ্টিভংগী আছে তা ব্যবহার করি তবে সায়েন্স ফিকশনের একটা ব্যাখ্যা দাঁড় করানো যায়,যেখানে এর নেতিবাচক ভূমিকাই প্রবল হয়ে উঠবে।পশ্চিম গত কয়েকশো বছরের পুঁজিবাদী - সাম্রাজ্যবাদী অভিজ্ঞতার মধ্য দিয়ে গেছে।এবং পশ্চিমে শুরু হয়ে গেছে নানারকম অস্থিরতা।নানারকম বিকৃতি দেখা দিয়েছে এখন গোটা ইউরোপে ;বলা যায় ইউরোপ প্রবেশ করেছে তার শক্তিমত্তার শেষ সীমায়।ফলে অবক্ষয় চলে এসেছে ইউরোপে।এই অবক্ষয়ের ছাপ তাদের সব রকম শিল্পকেও জরাগ্রস্থ করছে।তবে মুশকিলের ব্যাপার হল শিল্প কতখানি সীমা মেনে চলবে তা বুঝা যায় না।অর্থ্যাৎ শিল্পকে বাঁধা যায় না কোন মাপকাঠিতে।কিন্তু যদি দেখা যায় মানুষের বিকাশের র্পযা য়ে-এই বাস্তবতা ও সময়ে-কোন শিল্প ক্ষতি করছে বিকাশের তবে ঐ শিল্পের চর্চা বন্ধ করা উচিৎ।এখন পাশ্চাত্য কেন শুধু সায়েন্স ফিকশন ধর্মী মুভি বানাচ্ছে?এগুলো ব্যবসা করছে ব্যাপকভাবে এবং ক্ষতি করছে স্বাভাবিক মানুষের।ব্যাবসা পাশ্চাত্যের মূল কথা।ব্যাবসাই হচ্ছে।আর সামাজিক ইফেক্টের কথা যদি আপনি বলেন তবে আমি বলব এগুলো এক ধরণের ভাববাদ যা ক্ষতি করে বস্তুতান্ত্রিক চেতনার;ফলে স্তব্দ হতে থাকে চেতনার বিকাশ।তবে মাঝে মাঝে বেশ ভালোই লাগে

2
লাইজু নাহার
জুন ১১, ২০১১ সময়: ৯:১৩ অপরাহ্ণ লিঙ্ক
ভাল লাগল লেখাটা! আরেকটু বিস্তারিত ও উদাহরণ দিলে আরও প্রানবন্ত হত!
বিজ্ঞানে অগাধ জ্ঞান কিন্তু সমস্ত বিজ্ঞানের বিকাশ বুঝতে নারাজ ব্যাক্তিটিও নিজে কে ভাবে প্রগতিশীল।এরা সবাইকে বকা ঝকা করে;প্রচুর জ্ঞান দেয় এবং তৈরী করে কিছু চেলা এবং সবচেয়ে বেশী ক্ষতি করে সমাজের ও দেশের।এরা নিজেদের চারপাশে ছড়িয়ে রাখে অসাধারণ কিছু মিথের

আবরণ।এই আবরণ ছিড়তে গেলে চিৎকার করে উঠে চারপাশ;সে চিৎকার মৌলবাদিদের মতোই ভয়ানক।
আগ্রহের সাথে একমত!

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১১, ২০১১ at ১১:১৩ অপরাহ্ণ
@লাইজু নাহার, ধন্যবাদ।আসলে এই বিষয় নিয়ে আমার আগ্রহ ঠিক যতখানি আছে পড়াশুনা ঠিক ঐ পরিমাণে নেই।তাই ইচ্ছে থাকা সত্ত্বেও বেশী লিখতে পারলাম না।।

3
রুদ্র বাদল
জুন ১১, ২০১১ সময়: ১১:১৪ অপরাহ্ণ লিঙ্ক
একটা বই পরছিলাম ‘দেবতারা কি তবে গ্রহান্তরের মানুষ ‘ (অনুবাদ)… আর কিছু মনে নাই এই বই সম্পর্কিত । সে বই এ লেখক মিথ সম্পর্কে বিভিন্ন যুক্তি প্রমান দিয়েছেন । লেখার অনেকগুলো যুক্তি ্মেনে নিতে ইচ্ছা হয় ।লেখকের লেখা অতি শক্তিশালী । পড়ার আমন্ত্রন রইল ।

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১২, ২০১১ at ৯:৫৫ পূর্বাহ্ণ
@রুদ্র বাদল, ধন্যবাদ পড়ে দেখবো।তবে দেবতারা অন্য গ্রহের মানুষ নয়।এগুলো নিয়ে প্রচুর বই লেখা হয়েছে।এই লিংকটিতেও এ রকমই কিছু কথাবার্তা পাওয়া যায়ঃhttp://www.halexandria.org/dward371.htmতবে জ্ঞান-বিজ্ঞানের বিকাশের পথের বস্তুতান্ত্রিক ব্যাখ্যাই এ বিষয়ে সঠিক তথ্য দিয়েছে এ র্পযন্ত।সুতরাং অন্য কোন সত্ত্বাকে স্বীকার করতে পারছি না।

4
রাহনুমা রাখী
জুন ১২, ২০১১ সময়: ৩:৫১ পূর্বাহ্ণ লিঙ্ক
ভালো লাগল।
প্রচলিত মিথ সম্পর্কে আরো কিছু ধারনা দিলে ভালো লাগত।অনেক পুরনো ও অস্বাভাবিক মিথ প্রচলিত ছিল।সেই ব্যপারে কিছু উদাহরন দিলে আকর্ষনীয় হত।
আমাদের দেশেও কিন্তু কম মিথ চালু নেই!

ওয়াসানিয়া নামক জনগোষ্ঠীর মাঝে এ কথা চালু আছে যে ভাষার বৈচিত্র্য হয়েছে মানব গোষ্ঠীর একে অপরের কাছ থেকে,কোন এক বন্যার ফলে,দূরে সরে যাবার কারণে।
এর মানে কি?দূরুত্ব বাড়ার ফলে ইশারায় কাজ চলছিল না।সেখান থেকে ধ্বনির প্রয়োজনীয়তা অনুভব ও উৎপত্তি!!!

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১২, ২০১১ at ১০:০৭ পূর্বাহ্ণ
@রাহনুমা রাখী, ধন্যবাদ আরো বিস্তারিত লেখার ইচ্ছে আছে।আমাদের দেশের মিথ বিশেষ করে ফোকলোর সাহিত্যে যে মিথগুলো কাজ করছে সেগুলো নিয়ে লিখব।
এর মানে কি?দূরুত্ব বাড়ার ফলে ইশারায় কাজ চলছিল না।সেখান থেকে ধ্বনির প্রয়োজনীয়তা অনুভব ও উৎপত্তি!!!
না না।বিষয়টি সেরকম নয়।ভাষা ঐ জনগোষ্ঠীর মাঝে আগে থেকেই ছিল।কিন্তু এক গোত্র থেকে আরেক গোত্রের স্থানিক দূরত্ব বাড়তে থাকলে ভাষায়ও বৈচিত্র্য চলে আসে।আমাদের দেশ আর পশ্চিমবংগের ভাষিক পার্থক্যটুকু দেখুন না-ওরা যেভাবে উচ্চারণ করে আমরা কিন্তু ঠিক সেভাবে উচ্চারণ করিনা।ওদের বেশ কিছু প্রচলিত শব্দ আমাদের এখানে অপ্রচলিত।আমাদের আঞ্চলিক ভাষাগুলোতেও একই অবস্থা বিরাজ করে।যেমন ধরূণ কানাডার ফরাসী আর ফ্রান্সের ফরাসীর মাঝে দারূণ কিছু স্বতন্ত্র বৈশিষ্ট্য খুঁজে পাবেন।একই অবস্থা তো ইংরেজির ক্ষেত্রেও প্রযোজ্য।এখ ন তো ইংল্যান্ডের ইংরেজি,আমেরিকান ইংরেজি,অস্ট্রেলীয়ান ইংরেজি আর হাল আমলের ভারতীয় ইংরেজির পার্থক্য নিয়ে প্রচুর লেখালেখি হচ্ছে।এগুলো মাইনর অবস্থা।ভাষা-পরিবারের দিকে লক্ষ্য করলে দেখবেন যে কীভাবে শুধুমাত্র স্থানিক দূরত্বের ফলে ভাষা পরিবর্তিত হয়ে গেছে।ধন্যবাদ

5

কাজী রহমান
জুন ১২, ২০১১ সময়: ৬:১০ পূর্বাহ্ণ লিঙ্ক
চমৎকার লেখা একটা। সময়কাল বা টাইম লাইন উল্লেখ করে খুব জরুরী কাজটা এখানে করবার জন্য বিষয়টার সাথে বর্তমানের সংযোগ ঘটেছে। সময় এবং আরো দু চারটা ঘটনা উল্লেখ থাকলে হয়তো বেশী আকর্ষণীয় হত। কাজের লেখা।

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১২, ২০১১ at ১০:০৯ পূর্বাহ্ণ
@কাজী রহমান, ধন্যবাদ মিথ নিয়ে আমার অত পড়াশোনা নেই।তবে পড়ছি।যতটুকু পড়ছি ততটুকু লিখছি।লিখব।
অনুপ্রেরণার জন্য ধন্যবাদ

6

রনবীর সরকার
জুন ১২, ২০১১ সময়: ৯:২৪ পূর্বাহ্ণ লিঙ্ক
ভাল লাগল লেখাটা।
তবে একটু বেশি ছোট হয়ে গেল। লেখাটা মনে হয় আরও বড় করা যেতে পারত।
সত্যি কথা বলতে কি, প্রাচীনকালের মিথগুলিকে আসলে একেবারে উড়িয়ে দেয়া উচিত না।
কারন এখনকার মিথগুলো(বিশেষত সায়েন্স ফিকশনগুলো) যেমন এখনকার বৈজ্ঞানিক গবেষণার ফলশ্রুতি , তেমনি প্রাচীনকালের মিথগুলোও সেসময়কার ঘটনাবলী এবং আর্থ-সামাজিক পরিস্থিতির ফলশ্রুতি।
যেমন অধিকাংশ মিথেই দৈত্য-দানো, রাক্ষস, ড্রাগনের অস্তিত্ব পাওয়া যায়।
আমারতো মনে হয় ওগুলো প্রাচীনকালে ডায়নোসারদের ফসিল পাবার ফলে সৃষ্টি হয়েছে।
কে জানে হয়ত সেসময় আমাদের পূর্বপুরুষদের সাথে জীবিত কিছু ডায়নোসারদের দেখাও হয়ে যেতে পারে।

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১২, ২০১১ at ১০:১২ পূর্বাহ্ণ
@রনবীর সরকার, ধন্যবাদ।সত্যি কথা বলতে কি, প্রাচীনকালের মিথগুলিকে আসলে একেবারে উড়িয়ে দেয়া উচিত না।
কারন এখনকার মিথগুলো(বিশেষত সায়েন্স ফিকশনগুলো) যেমন এখনকার বৈজ্ঞানিক গবেষণার ফলশ্রুতি , তেমনি প্রাচীনকালের মিথগুলোও সেসময়কার ঘটনাবলী এবং আর্থ-সামাজিক পরিস্থিতির ফলশ্রুতি।
একেবারে একমত।
কে জানে হয়ত সেসময় আমাদের পূর্বপুরুষদের সাথে জীবিত কিছু ডায়নোসার দের দেখাও হয়ে যেতে পারে
এটা ঠিক সম্ভব না।একমত নই।

*রনবীর সরকার*এর জবাব:
জুন ১২, ২০১১ at ১০:১৯ পূর্বাহ্ণ
@ইমরান মাহমুদ ডালিম,
এটা ঠিক সম্ভব না।একমত নই।

আমিও আসলে জানি এটা ঠিক সম্ভব না। কিন্তু এখনকার দিনের পাখিরা তো আসলে ডাইনোসারেরই বিবর্তিত রূপ। তাই কে জানে তখন ডাইনোসারের কোন বিবর্তিত রূপ যা অনেক বৃহৎ , তাদের সাথে আমাদের পূর্বপুরুষদের দেখা হয়েছিল কিনা।
আসলে বিবর্তন নিয়ে পড়াশুনা অনেক কম।
তাই হয়তে কিছু উদ্ভট কথাবার্তা বলে ফেললাম আরকি। 🙂

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১২, ২০১১ at ১০:৩১ পূর্বাহ্ণ
@রনবীর সরকার, মুক্তমনার বিবর্তন বিষয়ক আর্কাইভে বেশ সমৃদ্ধ লেখা আছে এ বিষয়ে।

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১২, ২০১১ at ১০:১৫ পূর্বাহ্ণ
@রনবীর সরকার,
সত্যি কথা বলতে কি, প্রাচীনকালের মিথগুলিকে আসলে একেবারে উড়িয়ে দেয়া উচিত না।
এটা আপনার বক্তব্য ছিল।ভুলে আমার মন্তব্যের ওখানে উদ্ধৃতি চিহ্ন দেয়া হয় নি।

7
সীমান্ত ঈগল
জুন ১২, ২০১১ সময়: ১১:২৩ পূর্বাহ্ণ লিঙ্ক
আমাদের সন্ত্রাসবাদী সংগঠনগুলো ভাবে তারা প্রগতিশীল;আবেগে ভারাক্রান্ত কিন্তু ততটাই অযোগ্য নারীবাদি সংগঠনগুলো ভাবে তারা প্রগতিশীল;বিজ্ঞানে অগাধ জ্ঞান কিন্তু সমস্ত বিজ্ঞানের বিকাশ বুঝতে নারাজ ব্যাক্তিটিও নিজেকে ভাবে প্রগতিশীল।এরা সবাইকে বকা ঝকা করে ;প্রচুর জ্ঞান দেয় এবং তৈরী করে কিছু চেলা এবং সবচেয়ে বেশী ক্ষতি করে সমাজের ও দেশের।এরা নিজেদের চারপাশে ছড়িয়ে রাখে অসাধারণ কিছু মিথের আবরণ।এই আবরণ ছিড়তে গে লে চিৎকার করে উঠে চারপাশ;সে চিৎকার মৌলবাদিদের মতোই ভয়ানক।
ঠিক কি বোঝাতে চাইলেন

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১২, ২০১১ at ৩:৩১ অপরাহ্ণ
@সীমান্ত ঈগল, বিশ্বাসের মিথ!! 🙂

8

রৌরব

জুন ১৩, ২০১১ সময়: ১০:১৯ অপরাহ্ণ লিঙ্ক

লেখাটা ভাল লাগল। তবে মুসা এবং তার এক্সোডাসের কাহিনী যেহেতু নিজেই একটি মিথ , তাই ওই গল্পটিকে আপনি সিরিয়াসলি নিচ্ছেন দেখে একটু অবাক হলাম।

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:

জুন ১৩, ২০১১ at ১১:০০ অপরাহ্ণ

@রৌরব, ধন্যবাদ।আসলে 'মূসা ও তার বহির্নিষ্ক্রমণ'-এ বিষয়টি নিয়ে বিতর্ক আছে।এ রকম কোন ঐতিহাসিক চরিত্র ছিল কিনা তা নিয়ে আমার মাথা ব্যাথা নেই।তবে মিশরে একেশ্বরবাদ যে আমেন হোটেপ-৪ এর সময়ে উদ্ভূত হয়েছিল তা প্রায় নিশ্চিত।আমেন হোটেপ-৪ এর অন্য নাম ইখনাটন।ধারণা করা হয় ইখনাটন একেশ্বরবাদের ধারণা পেয়েছিলেন কোন এশিয়ান সূত্র থেকে।

9

হেলাল

জুন ১৩, ২০১১ সময়: ১০:৩২ অপরাহ্ণ লিঙ্ক

একই বিষয়ে আরো লেখা চাই।

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:

জুন ১৩, ২০১১ at ১১:০১ অপরাহ্ণ

@হেলাল, ধন্যবাদ।পড়াশুনা করছি।দেখি আরেকটু ভালভাবে পড়াশুনা করে লিখব।

10

স্বাধীন

জুন ১৪, ২০১১ সময়: ১২:০৭ পূর্বাহ্ণ লিঙ্ক

ভালো লাগলো লেখাটি । এ ধরণের লেখা লিখে চলুন নিয়মিত।

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১৪, ২০১১ at ১২:২৭ পূর্বাহ্ণ
@স্বাধীন, উৎসাহ দেয়ার জন্য অসংখ্য ধন্যবাদ

11


তামান্না ঝুমু
জুন ১৪, ২০১১ সময়: ৭:০০ অপরাহ্ণ লিঙ্ক
ভাল লেগেছে লেখাটি।মনে হয় প্রচলিত মিথগুলোর আবরণ সবার কাছে পুরোপুরি উন্মোচিত হতে হতে পৃথিবীর আয়ু শেষ হয়ে যাবে।

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১৪, ২০১১ at ৯:৩৪ অপরাহ্ণ
@তামান্না ঝুমু, মানবজাতি ততোদিনে অন্য কোথাও আবাস গড়ে নেবে।এবং সম্ভবত পৃথিবী ধ্বংস হওয়া নিয়ে অন্য কোন নতুন মিথ তৈরী হবে!!!

তামান্না ঝুমু এর জবাব:
জুন ১৪, ২০১১ at ১০:৪৫ অপরাহ্ণ
@ইমরান মাহমুদ ডালিম,
মানবজাতি ততোদিনে অন্য কোথাও আবাস গড়ে নেবে।এবং সম্ভবত পৃথিবী ধ্বংস হওয়া নিয়ে অন্য কোন নতুন মিথ তৈরী হবে!!!
পৃথিবী ধ্বংস হওয়া নিয়ে বিভিন্ন ধর্মে বিভিন্ন মিথ অলরেডি তৈরি আছে আল্লাহর রহমতে।

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১৪, ২০১১ at ১১:৪৭ অপরাহ্ণ
@তামান্না ঝুমু, তাতো আছেই।তারপর হয়ত আবার অন্য কোন ছদ্ম-বৈজ্ঞানিক মিথ তৈরী হতে পারে।তবে আশা করা যায় মানুষ-অধিকাংশ মানুষ- ততদিনে যৌক্তিক হয়ে উঠবে।

12

স্বাক্ষর শতাব্দ
জুন ১৪, ২০১১ সময়: ১০:১৯ অপরাহ্ণ লিঙ্ক
লেখা ভালো লাগছিল, শেষ দুই প্যারায় এসে হারিয়ে ফেলেছি, ধন্যবাদ
ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
জুন ১৪, ২০১১ at ১১:৪৯ অপরাহ্ণ
@স্বাক্ষর শতাব্দ, ধন্যবাদ।আসলে আমার পড়াশোনা কম ছিল এ বিষয়ে।তাই শেষ দিকে এসে হুট করে উপসংহার টেনে ফেলেছি।আরো বিস্তারিত লেখার ইচ্ছে আছে।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=8540

ধর্মের উৎপত্তি

তারিখ: ২২ আষাঢ় ১৪১৭ (জুলাই ৬, ২০১০)

উত্তরপুরুষ

ধর্মের উৎপত্তি
উত্তর পুরুষ
পৃথিবীতে ধর্মের কি ভাবে শুরু কিংবা উৎপত্তি হয়েছিল তার ব্যাখ্যা ও ইতিহাস বিস্তর। এনিয়ে শত শত পুস্তক লিখা যাবে। কিন্তু মূল সত্যকে জানতে হলে থাকতে হবে গভীর ও তীক্ষ্ম অনুমান। থাকতে হবে কল্পনার প্রখর শক্তি। জগদ্বিখ্যাত বিজ্ঞানী আইনস্টাইন বলেছিলেন { ইমাজিনেশন ইজ মোওর ইমপোরটেন্ট দ্যান নলেইজ } কারণ আজ থেকে হাজার হাজার বৎসর আগে মানুষ যে 'প্রাকৃতিক পরিবেশে' বসবাস করতো, সেই পরিবেশটাকে বুঝতে হবে কল্পনা ও অনুমানের কঠিন সত্য দিয়ে। তখন না ছিল শিক্ষা প্রতিষ্ঠান, না ছিল নির্দিষ্ট কোনো ভাষা, না ছিল উত্তম বাসগৃহ, না ছিল চলাফেরা করার মত উত্তম রাস্তা-ঘাট। যা ছিল তা হলো গোষ্ঠীবদ্ধ ভাবে বসবাসের প্রয়োজনীয়তা, ছিল নিরাপত্তার চরম অভাব, আর ছিল খাদ্য অন্বেষণের জন্য শিকার ও চাষবাসের নানাবিধ প্রচেষ্টা। আধুনিক যুগের মানুষ পৃথিবীর ইতিহাস ও জাগতিক বহুমুখী শিক্ষা থেকে নিঃসন্দেহে বুঝতে পারে "মানুষ জাতির অগ্রগতি ও সভ্যতার ক্রমবিকাশ" ঘটেছে শতাব্দি ও সহস্রাব্দির ধাপে ধাপে। তৎসঙ্গে মানুষের ভাষা ও বুদ্ধিবৃত্তির বিকাশ ঘটেছে দীর্ঘ থেকে দীর্ঘতর শতাব্দির চাকায়। এই সভ্যতার ক্রমবিকাশের জন্য কোনো ইশ্বর কিংবা মহাপ্রভু মাটির পৃথিবীতে নেমে এসে প্রকাশ্যে মানুষকে দিয়ে যাননি কোন অলৌকিক ক্ষমতা কিংবা কোনো সংবিধান। মানুষ আদিম যুগ থেকে নিরাপত্তার কারণে ও বাঁচার তাগিদে নানাবিদ প্রচেষ্টা করেছে নিজ বুদ্ধিবলে। এই বুদ্ধি হচ্ছে প্রাকৃতিক। মানুষের এই প্রচেষ্টা ও বুদ্ধির প্রয়োগ আজ পর্যন্ত টিকে আছে অব্যাহত গতিতে। প্রতিকুল পরিবেশে আত্মরক্ষা , শিকার ও স্বার্থ রক্ষার জন্য দুর্বলের উপর আক্রমণ, বুদ্ধির বলে নানাবিধ কৌশল দ্বারা অপরকে পরাজিত করা, ভাষার সুন্দর প্রয়োগ দ্বারা শান্তি , ঐক্য ও ভালবাসা স্থাপন করা, এসমস্ত মানুষ আয়ত্ত্ব করেছে নিজেদের বিবেক বুদ্ধির প্রয়োগ এবং তা থেকে সঞ্চিত অভিজ্ঞতার দ্বারা। আমরা যদি ধর্মের উৎপত্তি বিষয়ে নানা গবেষণা চালাই ও ইতিহাসের পাতা ওল্টাই তা হলে দেখতে পাবো ভয়, বুদ্ধি, স্বপ্ন, ভাষা, এবং কৌশল প্রয়োগের মধ্য দিয়ে ধর্মের উৎপত্তি হয়েছে। এর পেছনে ইশ্বরের কোনো হাত নেই।

মানুষ আদিম কাল থেকে নানাবিধ প্রাকৃতিক দুর্যোগের মুখোমুখি হতো। যেমন: ঝড় তুফান , খরা, বন্যা, ভূমিকম্প, বজ্রপাত, শিলাবৃষ্টি, ফসলের উপর পঙ্গপালের আক্রমণ এবং নানাবিধ ভয়ানক রোগ ব্যাধি। এসব ছিল মানুষের জন্য অত্যাধিক আতঙ্ক ও জীবন হুমকির ব্যাপার। মানুষ ঐ সমস্ত দুর্যোগ থেকে আত্মরক্ষার জন্য নানাবিধ প্রাকৃতিক শক্তির কাছে প্রকাশ্যে বিনয়ের সাথে আত্মসমর্পন করে কান্নাকাটি করতো এবং খুশি করার জন্য পূজো ও দিতো। প্রধান প্রধান শক্তিগুলো হলো: বিক্ষুব্ধ বাতাস, সাগর,তারপর পাহাড়, চন্দ্র, সূর্য, অন্ধকারের ভূত প্রেত, ভয়ঙ্কর বন্যজন্তু , আগুন ও পানি।

একারণে সুদুর অতীক কাল থেকে কোনো কোনো সম্প্রদায় কিংবা কোনো কোনো এলাকায় কল্পিত পানির রাজাকে (বা দেবতাকে) খুশি করার জন্য পানিতে পূজো দেয়ার ব্যবস্থা করে। তাই সাগর , হ্রদ, দীঘি ও নদীর জলের মধ্যে সুগন্ধিযুক্ত ফুল ছড়ানো , মিষ্টি ফল বিতরণ করা ছাড়াও উপঢৌকন হিসেবে নানাবিধ অলঙ্কার ও কাপড় চোপড় ইত্যাদি দেয়া হতো। যা আজো পৃথিবীর ভিবিন্ন আদি সমাজ ও বিজ্ঞান শিক্ষায় বঞ্চিত দেশগুলোর আনাচে কানাচে হচ্ছে। এসব ব্যবস্থাপনা শুরু হয় পরিবার ও গোষ্ঠীর ক'জন মিলে, নানাবিধ পরামর্শের পর। এভাবে দুর্যোগপূর্ণ আবহাওয়ায় বাতাস যখন প্রবল বেগে বইতে শুরু করে তখন আদিম মানুষ বাতাসকে ক্রোধান্বিত না হওয়ার জন্য নানা রকমের ছড়া কাটতে কাটতে বাতাসের মধ্যে ছড়িয়ে দিতো সুগন্ধিফুল, শস্য দানা ইত্যাদি। সূর্য যখন উদয় হয় তখন সমস্ত আঁধার কেটে যায়। অন্তর থেকে দূর হয় বন্যপ্রাণীর আক্রমনের ভয় , ভূত প্রেতের ভয়। শিকার, কাজকর্ম ও চলাফেরা করতে হয় সুবিধে। সূর্যের আলো দ্বারা হয় শীত নিবারণ। অতএব সূর্য হচ্ছে এক বিশাল উপকারি দেবতা। সুতরাং সূর্যকে খুশী না করলে ওটা মাঝে মাঝে রাগ করে বসে। সব কিছু পুড়িয়ে দিতে চায় (খরা) আবার বৃষ্টির সময়ে গর্জন করে (বিদ্যুৎ ও বজ্রপাত দ্বারা) নানা বিপত্তি ঘটায়। অতএব সূর্য দেবতা ভীষণ শক্তিশালী, ওকে খুশ রাখা খুবই জরুরি। এরকম মানসিক ধারণা থেকে সূর্যকে মানুষ নানা ভাবে পূজো দিতে শুরু করে। অনেক আদিম সমপ্রদায় আগুনকে সূর্যের প্রতিনিধি মনে করে অগ্নিপূজা করতো। এভাবে ভয়ের কারণে আত্মরক্ষার তাগিদে শুরু হয়েছে প্রকৃতিপূজা বা ধর্মীয় আচরণ। তদ্রূপ নানা যুক্তি তর্কের মধ্যে শক্তিমান প্রাণী হিসেবে হাতি , সিংহ ও ঈগলকে, আবার উপকারি জন্তু হিসেব গরু ঘোড়া ও ভেড়াকে অনেক আদিম শ্রেণীর মানুষ পূজো দিতে আরম্ভ করে। কোন কোন সম্প্রদায় ধর্মীয় পুণ্যের জন্য এই নিরীহ প্রাণীগুলোর রক্ত মাংস দেব -দেবী কিংবা ইশ্বরের নামে উৎসর্গ করে। এভাবে বিভিন্ন রোগে মানুষ যখন আক্রান্ত হতো তখন সে ভাবতো যে 'প্রকৃতি' বা যে 'প্রাণী' বেশী শক্তিশালী তার কাছে গিয়ে অনুনয় বিনয় করতে হবে। তার গুণ -কীর্তন করতে হবে। কোন কোন গোষ্ঠীপতিরা ভাবতো নদী বা পানি শক্তিশালী, কেউ ভাবতো আগুন, কেউ ভাবতো সূর্য, কেউ ভাবতো বাতাস। এভাবে একেক শক্তিকে নিজ নিজ বুদ্ধিমত্তার বলে দেয়া হত পূজো। কে উ পূজো দিতে গিয়ে গান, নাচ এবং ছড়া কাটার ও প্রবর্তন করে। আবার কোন কোন গোষ্ঠীর ভক্তরা পূজো দিতে গিয়ে চুপি চুপি ছড়া কাটতো, যাকে আমরা মন্ত্রপাঠ হিসেবে প্রাথমিক ভাবে ধরে নিতে পারি। তারা মনে করতো এতে "শক্তির" অধিকারী অদৃশ্য দেবতা বা রাজা খুশি হয়ে তাদের মঙ্গল কর বে বা বিপদ আপদ থেকে মুক্ত করবে। এসব করতে গিয়ে বিভিন্ন এলাকায় বিচ্ছিন্ন ভাবে বসবাসকারী মানবগোষ্ঠি গুলোর মধ্যে পূজোর (ওরশিপ রিচুয়েলের) আচার অনুষ্ঠানে বিভিন্ন রকম ব্যবধান পরিলক্ষিত হয়। যদিও তাদের মৌলিক উদ্দেশ্য এক।

এভাবে সময়ের ধাপে ধাপে বিভিন্ন গোষ্ঠী বা কওমের মধ্যে তুলনামুলকভাবে কিছু কিছু বুদ্ধিমান লোকের আর্বিভাব হয়। তারা গোষ্ঠী বা কওমের মধ্যে নিজেকে নেতা বা অভিভাবক হিসেবে প্রতিষ্ঠিত করে। এসব নেতাদের মধ্যে কেউ কেউ ওরসিপ বা পূজো -প্রার্থণার দায়িত্ব একাই নিতো। তারা মুরব্বী বা অভিভাবক হিসেবে নিজেদের কওমের মধ্যে নানাবিধ দাবি খাটাতো। নিজ বুদ্ধি বলে ছোট্ট ছোট্ট বাচ্চাদের অসুখ বিসুখ, জীন, ভূত ডাইনীদের নজর না লাগার জন্য নানাবিধ পথ্যাদি ও উপায় বাৎলে দিতো। জীবনের অভিজ্ঞতায় ঝড় বৃষ্টি খরা ইত্যাদির ইঙ্গিত ও কিছু কিছু ভবিষ্যদ্বাণী খয়রাত করে গোষ্ঠীর মধ্যে একজন জ্ঞানী ব্যক্তি হিসেবে সম্মান পেতো। এছাড়া বিপদ আপদ না আসার জন্য নানাবিদ তন্ত্র মন্ত্র, পূজো প্রার্থণা এসব ছিল তাদের মৌলিক দায়িত্ব। কোন গোষ্ঠীর সাথে কোন ঝগড়া

বিবাদ হলে তার মীমাংশা কিংবা জোর পূর্বক কোন কিছু দখল করতে হলে (যেমন পানির উৎস , ফসলের ভূমিসত্ত্ব ইত্যাদি) তার আদেশ নির্দেশ সবাই মেনে নিত নির্দ্বিধায়। এভাবে যুগ ও সময়ের পরিপ্রেক্ষিতে এরা হয়ে উঠলো এক শ্রেণীর অঘোষিত "সমাজ সর্দার"। কোনো দেবতার দ্বারা সাহায্য লাভ কিংবা কোনো অপশক্তির বিরুদ্ধে কখন কি ভাবে মোকাবেলা করতে হবে তার দায়ভাগ তাদের উপর গুরু দায়িত্ব হিসেব অর্পিত হলো। বিনিময়ে সেই ব্যক্তি সমাজের নানাবিধ সুযোগ সুবিধাও হাতিয়ে নিতে থাকলো। অতএব বিভিন্ন দৈবশক্তি কিংবা ঐশী শক্তির একমাত্র প্রতিনিধি হিসেবে লোকটি সমাজে এভাবেই একক প্রতিষ্ঠা পেয়ে যেতো। প্রতিষ্ঠা পাওয়ার পর একখানা উপাসনালয় বা দেবালয় প্রতিষ্ঠার জন্য আর কোন বাধা থাকবেনা। কোন কাজে পাপ, কোন কাজে পুণ্য, কোন কাজ না হলে শক্তিমান দেবতা বিপদ দেবেন এবং কি কি কাজে তিনি খুশি হয়ে পুরস্কার দেবেন তার সব অনুশীলন এই দেবালয় থেকে শুরু হলো। কেউ কেউ পাহাড়ের গুহাকে ধ্যানের উপাসনা হিসেবে বেছে নিতেন। এভাবে নিজ বুদ্ধি বলে শুরু হলো আরেকটি নীরব সাম্রাজ্যের জয় যাত্রা। কালক্রমে এই উপাসনালয় বা দেবালয়ের গুরুত্ব বাড়তে থাকে। অবতার নামের সমাজ সর্দারগণ এখন প্রকাশ্যে তাদের মতবাদ প্রকাশ করতে থাকে। কারণ এখন তাদের দলে বিশ্বাসী লোকের সংখ্যা যথেষ্ট। এসব দেবালয়ে কিংবা উপাসনালয়ে এখন সাহায্যকারি কর্মের মানুষ বাড়তে থাকে। বিশেষ করে কুমারী বালিকারা এর মধ্যে প্রধান। তারাও গুরুর আদেশে উপদেশে নানাবিধ সেবা শ্রম দেবে। যে নারী সন্তান পাচ্ছেনা সেও নির্দিষ্ট সময়ে এসে গুরুর পরামর্শ অনুযায়ী নানাবিধ সেবাশ্রম দেবে। তাদের কাজ কর্মের কোন কৈফিয়ত বা জবাবদিহিতা কাউকে দিতে হবেনা। দিতে পারবেনা কেউ কোন অভিযোগ। তারা কেবল উপাসনালয়ের কর্তৃত্ব যার হাতে , তার কাছে এবং অদৃশ্য ইশ্বর কিংবা দেবতাদের কাছে নিজেদের ভুল ত্রুটির কৈফিয়ত দেবে।

যে লোকটি (পুরোহিত, যাযক, মোংক, মোল্লা, ব্রাম্মণ ইত্যাদি) এখন এই দেবালয়ের সর্বেসর্বা, ভবিষ্যতে তার পুত্র প্রপৌত্র রা হবে এর দায়িত্ববান মালিক। যদি উপযুক্ত কেউ না থাকে তবে নিজ গোষ্ঠীর বা আত্মীয়ের মধ্য থেকে কেউ এসে ধরবে এর হাল। এখন কেউ যদি এসে লোকটিকে বলে "ওহে দয়ার ঠাকুর আমি তো ঠিক মতো আরতি যোগে ফুল দিলাম , প্রণাম দিলাম, যজ্ঞ দিলাম তবু কেনো আমার ক্ষেতে ফসল হলোনা ?" লোকটি তখন চোখ বন্ধ করে বলে " শোনো গো মা, ফুলতো ঠিকই দিয়েছিলে কিন্তু ফুলটিতে কোন এক সময় ঋতুবতী মহিলার স্পর্শে হয়েছে অপবিত্র , এ কারণে ফসল ভাল হয়নি"। এভাবে নিজ বুদ্ধি বলে একটা ত্রুটি বের করে এরা মানুষদের বোকা বানিয়ে রাখতো। কেউ হয়তো এসে বললো আপনি আপনার শক্তিমান গো দেবতাকে বলুন "কেন দশ মাস থেকে আমার গাভীটা ভাল দুধ দিচ্ছেনা ?" একথা শুনে পুরোহিত ভদ্রতা ও সামাজিকতার খাতিরে তার সাথে নানাবিধ আলাপ করতে থাকলো। কথা প্রসঙ্গে পুরোহিত হয়তো বললো , আচ্ছা বাবা তার আগে বল দেখি তোমার পরিবারে কে কে আছে ? তোমার সংসার চলে কি ভাবে ? পরিবারের কে কি করে ? এরকম মামুলী কয়েকটি প্রশ্নের পর পুরোহিত লোকটি বললো "তৃতীয়া নক্ষত্রের রাত্রিতে (না হয় অমাবশ্যার রাত্রিতে) আমি এক নতুন প্রার্থণা বা জপতপ শেষে তোমার গাভী ও দুধের জবাব জেনে নেব।" লোকটি খুশি মনে চলে গেল। কয়দিন পর যখন লোকটি পুণরায় তার গাভীর দুধ সম্পর্কীত জবাবটি জানতে চাইলো তখন পুরোহিত হাসতে হাসতে জবাব দিলেন 'দেখ বাবা জীবিশ্বরের (জীব জানোয়ারের ইশ্বর) কত দয়া।' তুমি একে একে তিনটি মেয়ে যখন পেলে , তখন মন থেকে শুধু ছেলে সন্তানের জন্য হাহাকার করেছিলে। দিয়েছিলে পূজো , করেছিলে প্রার্থণা। সে কারণে ইশ্বর তোমার

ভাগ্য থেকে দুধের পরিমাণ কমিয়ে দিয়ে বিনিময়ে ছেলে সন্তান করেছেন দান। কারণ তিনি জানেন দুধ অপেক্ষা তোমার ছেলে সন্তানের প্রয়োজন বেশী, সে কারণে তিনি তোমার প্রার্থণা কবুল করেছেন। পুরোহিতের কথা শুনে লোকটি খুশিতে বাগ বাগ হয়ে পরদিন নিয়ে এলো কিছু মূল্যবান উপঢৌকন। এভাবে বিবেক বুদ্ধি প্রয়োগের মাধ্যমে বিভিন্ন কওমের মধ্য থেকে বুদ্ধিমান লোকগুলো ধীরে ধীরে সমাজের মধ্যমণি হয়ে উঠলো। তারা এখন সাধারণ মানুষের আরও সমর্থন পাওয়ার জন্য নানাবিধ চেষ্টার কৌশল চালিয়ে যেতে লাগলো। বিনিময়ে তারা কিছুই চাহেনা। তারা চাহে মানুষের আন্তরিক আশীর্বাদ ও কর্মের আন্তরিক সমর্থন। আর এই সমর্থনটা হচ্ছে তাদের সবচেয়ে বড় মুলধন যা নিরাপত্তরর জন্য এক বিশাল হাতিয়ার। এ উদ্দেশ্যে তারা শোষিত মানুষদের মুক্তির জন্য করেছে নানাবিধ প্রচেষ্টা। অত্যাচারী রাজাদের তারা ভয় দেখিয়েছে পরকালের। অপর দিকে শোষিত মানুষদেরকে বিশ্বাসের ভিত্তিতে ঘটিয়েছে ঐক্য এবং ইশ্বরের দাবি হিসেবে নায্য পাওনার দাবি করেছে শাসকবর্গদের কাছে। এতে অনেক দাবি আদায় হয়েছে। আবার কোথাও তা নিয়ে বেঁধেছে যুদ্ধ। এসব যুদ্ধের ফলে অনেক শাসকদের জ্ঞানচক্ষু খুলেছে , তারা বুঝতে পেরেছে নির্যাতীতেরাও ধর্মের ডাকে ঐক্য স্থাপিত করে মানুষের অধিকার আদায় করতে জানে। যারা অতি মাত্রায় ধূর্ত তারা ‘ধর্মের প্রতিনিধি’ হিসেবে বিলাস বহুল জীবনকে ঘৃণা করেছে। প্রকাশ্যে নারীর সান্নিধ্য কে পাপের চোখে উপেক্ষা করেছে । যার ফলে তারা সাধারণ দাসদের ও শ্রমজীবি মানুষের স্তরে নেমে এসে একাত্মহয়েছে। প্রত্যেক মানুষ পৃথিবীতে তার বংশধর কিংবা কর্মের স্মৃতি অক্ষুন্ন রেখে চিরকাল বেঁচে থাকতে চায়। এটা মানুষের প্রাকৃতিক স্বভাব। এই স্বভাবের ভিত্তিতে ধর্মীয় নেতাগণের প্রবল আকাঙ্খা ও সবুজনক্সা ছিল এরকম যেমন: (ক) একটি ধর্ম প্রতিষ্ঠা করে গেলে চিরজীবন তার নাম অক্ষুন্ন থাকবে (খ) ইশ্বরের গুণকীর্তন করার সাথে তার নিজের যশ খ্যাতির গুণকীর্তন ও করা হবে নিঃসন্দেহে (গ) ধর্মের সমর্থকরা তাকে শ্রদ্ধা ও সম্মান করবে আজীবন (ঘ) তার নিজের গোষ্ঠীর গৌরব উজ্জ্বল দিক ইতিহাসে অঙ্কিত হবে আর রক্ত পঙ্কিল দিক কালের গহব্বরে হারিয়ে যাবে।

এভাবে গোষ্ঠী কর্তৃক স্বীকৃত (কিংবা স্বঘোষিত) ইশ্বরের প্রতিনিধিরা কালের স্রোতে নিজেদেরকে সমাজসেবী হিসেবে করেছে প্রতিষ্ঠিত। প্রথমে তা করা হয়েছে নিজ এলাকায়, নিজের সমাজে। যেখানে সামাজিক অরাজকতা ও বিশৃঙ্খলায় ছিল ভরপুর। এই সমাজ সেবা করতে গিয়ে পৃথিবীর মানুষের মাথায় নানাবিধ আইন কানুন বাধ্যতামুলক ভাবে বেধে দেয়া হয়। এটা অবশ্যই একটি গোপনীয় স্বেচ্চাচারিতা। ইশ্বরের নামে নিজের মগজ থেকে তৈরি করা আইন ‘সব সমাজের জন্য’ ‘সব যুগে’ কখন ও উপযোগি হতে পারেনা। এটা মানুষের ব্যক্তি স্বাধীনতার উপরে পরাধীনতার একটি শৃঙ্খল। পৃথিবীর সবকিছু যেমন চলমান, সমাজ ও তেমনি চলমান। সমাজ কখনও স্থবির নয়। হাজার হাজার বৎসরের পুরানো সামাজিক অবস্থার সাথে বর্তমান সামাজিক অবস্থার মিল কখনও এক হয়না। তাই যদি হতো তাহলে মানব সমাজে “সভ্যতার ক্রমবিকাশ” বলে যে শব্দটি আছে এবং ক্রমবিকাশের ধারায় আমরা বর্তমানে যে অবস্থানে পৌচেছি তা কখনও সম্ভব হতো না। সুতরাং ধর্ম সর্বরোগের মহৌষধ হিসেবে ধারণা দেয়া কিংবা ‘কমপ্লিট কোড অব লাইফ’ আখ্যা দিয়ে মানুষকে “নাই মামার চেয়ে কানা মামা ভাল” এই প্রবচনটি প্রয়োগ করে মানুষদের বুঝ দেয়া একটি ভুল ধারণা। তাই যদি হয় তাহলে গোটা পৃথিবীর মানুষ কি এত বোকা যে তারা এত আধূনিক শিক্ষা, এত গবেষণা, এত বিশ্ববিদ্যালয়, এত সমাজ তত্ত্ব, এত সংগঠন, এত আইন শাস্ত্র, এত কোর্ট-কাছারী নিয়ে বেহুদা ঘাটাঘাটি করছে ?

ধর্মের ইতিহাস থেকে জানা যায় পৃথিবীতে মধ্যপ্রাচ্যে সবচেয়ে বেশী ধর্মের উৎপত্তি হয়েছিল। এতদ্ব্যতীত ভারতে এবং ইউরোপের গ্রীস ও ইতালীতে ধর্মের প্রবল প্রতাপ ছিল। মধ্য প্রাচ্যের প্রায় প্রতিটি গোত্রেই কেউ না কেউ সময়ের স্রোতে ইশ্বরের প্রতিনিধি হিসেবে আত্ম প্রকাশ করেছে। এর কারণ এবং অনুসন্ধান হিসেবে যে সিদ্ধান্ত অত্যন্ত গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করা যায় তা হলো ,' (১) কয়েক বৎসর পর পর পৃথিবীতে একজন ইশ্বর প্রতিনিধি আসবেন ' এরকম একটি ধারণা মানুষের মনের মধ্যে সর্বদাই বিদ্যমান থাকতো'। (২) 'মানুষের নিদ্রাজাত স্বপ্ন'। এর দু'টি ব্যাখ্যা আছে। প্রথমটি হলো সেই আদি যুগে মানুষ যখন স্বপ্নের মধ্যে নানাবিধ বিষয়বস্তু দেখতো তখন সে বিশ্বাস করতো ঘটনাটির মধ্যে সে নিজেই জড়িত। সে নিজেই বিভিন্ন যায়গায় ছিল। অথচ সজাগ হয়ে বুঝতে পারে সে তার গুহার মধ্যে অথবা কুড়ে ঘরে ঠিকই শুয়ে আছে। তাহলে সে বাইরে গেল ক্যামনে ? এত কিছু দেখলো ক্যামন করে ? বিষয়টি তৎকালীন আদিম মানুষদের দারুন দুশ্চিন্তায় ফেলে দেয়। তারা তখন ভাবতে থাকে তাহলে মানুষের মধ্যে খুব সম্ভব দু'টি আত্মা আছে। একটি আত্মা রাত্রি বেলা ঘুমের মধ্যে যাওয়া আসা করে, ঘুরে বেড়ায়। আর অপর আত্মাটি সব সময়ে সঙ্গে থাকে। সব সময় যে আত্মাটি থাকে সেটি একবার বেরিয়ে গেলে আর ফেরত আসেনা। অর্থাৎ মানুষের মৃত্যুর সাথে সাথে অদৃশ্যে উদাও হয়ে যায়। মানুষের মৃত্যুকালীন সময়ে মুখ ও বুকের যে অবস্থা হয় এতে অতীতের মানুষ অনুমান করেছিল আত্মা জিনিসটি বুকের ভেতর থাকে। আর মৃত্যুর সময়ে সেটি মুখ দিয়ে অতি কষ্টের সাথে বের হয়। তৎকালে হার্ট বা হৃদযন্ত্রের কার্যক্রম সম্বন্ধে মানুষের উন্নত ধারণা ছিলনা। তৎকালীন আদিম সমাজের শুরু থেকে বুদ্ধিমান যাযক বা পুরোহিত সম্প্রদায় মানুষকে এই ধারণা দিয়ে আসছে যে আত্মার মৃত্যু হয়না। যে ধারণা আজো বহাল তবিয়তে ঠিকে আছে সারা পৃথিবীতে। অতএব যাযক বা পুরোহিত সমপ্রদায় নিজেদের (ঐশ্বরিক) প্রতিনিধিত্বকে টিকিয়ে রাখার জন্য বলে বেড়ালো যে পৃথিবীতে তুমি যত কিছু গোপনে কিংবা অন্যায় ভাবে করে থাকো তা সকল দৈব শক্তির অধিকারী ইশ্বর বা ইশ্বরগণ জানেন। এজন্য মৃত্যুর পরে শাস্তি হিসেবে তা তোমার আত্মার উপর আরোপিত হবে। তারা উদাহরণ স্বরূপ স্বপ্নের মধ্যে নানাবিধ কষ্ট পাওয়ার কথা উল্লেখ করেন। কেউ কেউ সেই আত্মা থেকে আবার দেহ সৃষ্টি করে দেহের উপর শাস্তি আরোপ করা হবে বলে নিশ্চয়তা দেন। কেউ কেউ মৃত্যুর পর আত্মা থেকে পুনর্জন্ম লাভ করে নিকৃষ্ট শ্রেণীর পশুতে পরিণত হবার কথা উল্লেখ করেন। কেউ কেউ বলেন সেই আত্মা ভূত প্রেত বা পিশাচ হিসেব পৃথিবীর অন্ধকারে ঘুরে বেড়াবে।

ইসলাম ধর্মের হাদীসে বলা হয়েছে মৃত্যুর পর যখন মানুষকে কবরে রাখা হবে। তারপর আত্মীয় স্বজনগণ চল্লিশ কদম (পদক্ষেপ) দুরে সরে আসার পর, কবরস্থানে দু'জন অদৃশ্য ফেরেশতা এসে সেই মৃত মানুষের ভেতরে রূহ বা আত্মার সংযোজন ঘটাবেন। মৃত মানুষটি তখন জেগে উঠবে এবং ভয়ানক চিৎকার করবে। সেই চিৎকার কেবল মাত্র কিছু পশু পক্ষী ছাড়া কেউ শুনবেনা। তারপর সেই মানুষটিকে পাঁচটি প্রশ্ন করা হবে। সেই পাঁচটি প্রশ্নের জবাব যারা দিতে পারবে তারা শান্তির সাথে পুনরায় ঘুমিয়ে পড়বে শেষ বিচারের দিন পর্যন্ত। আর যারা সঠিক জবাব দিতে পারবেনা তাদের আজাব (শাস্তি) শুরু হয়ে যাবে। সেই আজাব হতে পারে আত্মার উপর কিংবা দেহের উপর। তবে অধিকাংশের মতামত হলো দেহের উপর। এই আজাবের কোন ক্রন্দন বা চিৎকার কোন মানবজাতি শুনতে পাবেনা। এই গল্পের শেষে আমি একজন মৌলভী সাহেবকে হাস্যমুখে বলেছিলাম তাহলে ইসলাম ধর্ম আর্বিভাবের পূর্বে পৃথিবী থেকে যে কোটি কোটি মানুষ মারা গেলো তারা কেউতো এই পাঁচটি প্রশ্ন

সম্পর্কে কোন প্রস্তুতি নিয়ে মারা যায়নি। অতএব তারা নিশ্চয়ই ফেল করবে এবং তাদের অবস্থা তখন কি হবে ? মৌলভী সাহেব তখন জবাব দিয়েছিলেন 'যেহেতু ইসলাম ধর্ম তখন আসেনি সেজন্য সেই সময়কার ধর্ম অনুযায়ী তাদেরকে প্রশ্ন ক রা হবে'। এরকম তৈরি করা জবাব দানে তারা সর্বদাই ওস্তাদ। জানিনা পৃথিবীর ইশ্বরের প্রতিনিধিগণ তাদের লোকদের সেই পাঁচটি প্রশ্ন ও জবাবের প্রস্তুতির কথা জানিয়ে দিয়েছিলেন কিনা ।

'নিন্দ্রাজাত স্বপ্নের' দ্বিতীয় ব্যাখ্যাটির প্রতি আমার বিশ্বাস হল এই, মধ্যপ্রাচ্যের লোকেরা প্রবল উষ্ণ আবহাওয়ার জন্য প্রচুর পরিমাণ খেজুর , আঙ্গুর, বেদানা ও এই জাতীয় ফলের রস পান ও ভক্ষণ করতেন। পান করতেন বকরী ও উটের দুধ। এতে নিদ্রা হতো বড়ই গভীর ও স্বপ্নময়। মধ্যপ্রাচ্যে সবুজ গাছ-গাছালি, সবুজ মাঠ প্রান্তর ও নদ নদীর বড় অভাব ছিল। অভাব ছিল পাখির কল -কাকলী ও মেঘ বৃষ্টির। যে কারণে রাত্রিকালিন স্বপ্নের আমেজ ভোরবেলা তাদের মন থেকে হারিয়ে যেতনা। কারণ ওখানে সবুজ দৃশ্যাবলী ও নদ নদীর বদলে বিদ্যমান ছিল গনগনে সূর্যের তপ্ত আকাশ আর নীচে ছিল উত্তপ্ত মরুভূমির বালুরাশি। সুতরাং দিনের বেলাতে ও তারা বিগত রাত্রির স্বপ্নটি নিয়ে ভাববার অবকাশ পেতেন। এই স্বপ্ন কেন দেখলো ? স্বপ্নের রহস্য কি ? তা হলে নিশ্চয়ই কোন অদৃশ্য শক্তি তাকে আভাসে ইঙ্গিতে কিছু বলতে চাইছে। এরকম শত শত প্রশ্ন তার মনকে ভাবিয়ে তুলতো। সে ভাবতো নিশ্চয়ই সেটা অদৃশ্য শক্তির সাথে তার অদৃশ্য আত্মার খেলা। অতএব সেই ব্যক্তি টি মানুষের ভাল মন্দ, বিপদ আপদ ইত্যাদি জাগতিক বিষয় আসয়ের সাথে স্বপ্নের কাল্পনিক অঙ্ক মিলাতে চেষ্টা করে। কিছু কিছু মিলে ও যায়। এতে তার সাহস এবং উৎসাহ উভয়ই বাড়তে থাকে। যার ফলে সে নিজে 'অদৃশ্য শক্তির প্রতিনিধি হতে যাচ্ছে বলে মনের মধ্যে দৃঢ় বিশ্বাস স্থাপন করে '। এই বিশ্বাসের ভিত্তিতে এবং তৎকালীন প্রচলিত কিছু কিছু ঔষধ পত্রকে অনুকরণ করে রোগীদের সেবা ও পথ্য বাৎলে দিতে থাকে নিজ বুদ্ধির জোরে। এতে কিছু কিছু কৃতকার্যতা আসে। তার সাথে পানি পড়া , ঝাড় ফুক, এটা ওটা মন্ত্র আওড়িয়ে মানুষের আস্থা অর্জনের জন্য নানাবিধ ফন্দি ফিকিরে র চেষ্টাও চলতে থাকে অব্যাহত গতিতে। মাতৃভাষায় কথা বলার মধ্যে বিনয় ও বাকপটুতা তাদেরকে করে তুলে অতি আত্মবিশ্বাসী। ধীরে ধীরে দুর দুরান্ত থেকে মানুষ আসতে থাকে আরোগ্য লাভের আশায়। কেউ আসে চুরির উট বকরী ফিরে পাবার আশায়। সন্তানহীনা নারী আসে সন্তান পাবার কামনায়। কেউ আসে ভাল ফল ও শস্যতে বরকত হবার আশায়। কেউ কেউ আসে ঝগড়া বিবাদের একটা ফয়সালা করার জন্য মধ্যস্ততা হিসেবে ভূমিকা নেয়ার। কেউ কেউ আসে বুদ্ধি পরামর্শ নেয়ার প্রয়োজনীয়তায়। এভাবে লোকটি যখন জনপ্রিয় হতে শুরু করে তখন একদিন সুযোগ বুঝে নিজেকে অদৃশ্য শক্তির প্রতিনিধি হিসে বে ঘোষণা দিয়ে দেয়। শুরু হয় তার কথায় ও কাজে কৌশল প্রয়োগের নানাবিধ সুযোগ ও সতর্কতা। তখন নিজ কওমের বা গোষ্ঠীর লোকেরা গর্বিত হয়। তাকে তখন সকল প্রকার সাহায্যের প্রতিশ্রুতি দেয়া হয়। এভাবে ধর্মের প্রতিনিধি হিসেবে একজন মানুষের গোড়া পত্তন হয় পৃথিবীর বিভিন্ন সমাজে।

ইতিহাস আমাদের সাক্ষী দেয় হাজার হাজার কাল ও শতাব্দীর সিড়ি বেয়ে বিভিন্ন সমাজে বিভিন্ন ধর্মের উৎপত্তি হয়েছে মানুষের ভয় , কৌতুহল ও আপন অস্তিত্বকে জানার প্রয়োজনে। ইশ্বরের প্রয়োজনে নয়। "বিজ্ঞান ও ধর্ম, সংঘাত নাকি সমন্বয়" এর একটি সিদ্ধান্তে যাবার আগে আর ও কিছু কথা না বলে সিদ্ধান্তে যেতে পারছিনা । এ জন্য প্রিয় পাঠকদের ধৈর্যচ্যুতি ঘটিয়ে সামান্য বিরক্ত করবো বলে আমি ক্ষমাপ্রার্থী। কথা হল পৃথিবীতে এত গবেষণাগার , এত বিশ্ববিদ্যালয়, এত আবিষ্কার, এত আমূল

পরিবর্তন সাধিত হওয়া সত্ত্বেও অধিকাংশ মানুষ বিশ্বাস করে আদম ও ইভ নামক দু'জন মানুষের স্বর্গ বিচ্যুতি থেকে পৃথিবীতে মানুষ ও ধর্মের উৎপত্তি হয়েছে। কিন্তু এর পেছনে বিজ্ঞান ভিত্তিক প্রমাণ কই ? এতে এটাই প্রমাণিত হয় পৃথিবীর মানুষ এখনও বিজ্ঞান বুঝেনা। ইতিহাস ও বিজ্ঞানের আবিস্কারগুলোকে তারা মানুষের এক ধরণের কারসাজি হিসেবে বিশ্বাস করে । এই কারসাজি দ্বারা তারা বাণিজ্যিক পণ্য উৎপাদন করে মুনাফায় ধন -দৌলত আয়ত্ব করে। তারা আরও বিশ্বাস করে এসমস্ত তথ্য ও আবিষ্কারের সাথে ইশ্বরের কিংবা পরলৌকিকতার কোন সম্পর্ক নেই। যদি ওগুলোকে বিশ্বাস করা হয় তাহলে সে নাস্তিক হয়ে যাবে না হয় মুরতাদ হয়ে যাবে। বিজ্ঞা ন মানুষকে পৃথিবীতে শোষণ, অত্যাচার ও যুদ্ধ বাধিয়ে অশান্তি সৃষ্টি করে। বিজ্ঞান ইহ জগতে ভোগ -বিলাসের মদতদানকারী এক বিশাল দানব। কিন্তু ধর্মের উৎপত্তি প্রচার ও বিশ্বাস নিয়ে শুরু থেকেই যে রক্তপাত ও সাম্প্রদায়িকতার বীজ বপন করে মানুষে মানুষে হিংসা বিদ্বেষ ও প্রতিপ্র ত্তি তথা জয়লাভের নেশায় (ধর্মীয় আইন কায়েম করার জন্য) রক্তপাত চালিয়ে যাচ্ছে এই সত্যটুকু তারা মানতে নারাজ। এই সত্যকে তারা দেখেও দেখেনা, শুধুই অপর পক্ষকে দোষারুপ করে যাওয়াই তাদের অনড় সিদ্ধান্ত । বিজ্ঞানের এই বিশাল অবদান মানব সমাজের জন্য রোগ ক্ষুধা ও উন্নত জী বন যাপনের যে কত বড় আর্শীবাদ তা তারা এখনও বুঝতে চান না। একটা ছাতা কিংবা একটা তুচ্ছ সেলাই করার সুচ পর্যন্ত ধর্ম প্রচারকদের দ্বারা তৈরি হয়নি সে কথাটা তারা হৃদয়ঙ্গম করতে পারেনা। ধর্মীয় গল্পগুলো বা অলৌকিক কেচ্ছা কাহিনীগুলো সব সময়েই যে অতিরঞ্জিত অর্থাৎ তিলকে তাল করা কিংবা মানুষকে বিশ্বাসী বানানোর জন্য খোঁড়া যুক্তির সমাবেশ তা তাদেরকে বুঝানো যায়না। প্রতিপক্ষকে ঘায়েল করার জন্য বা তাদের মনোবল ভেঙ্গে দেয়ার জন্য হয়তো এসব গল্পের সৃষ্টি হতে পারে , তা তাদের কিছুতেই বোধগম্য করানো যায়না। হাতের লাঠি সাপ হয়ে যাওয়া, বিশাল তিমি মাছের পেটে বেঁচে থাকা, মৃত মানুষকে জীবিত করে তুলা, সাত আসমান ভ্রমন ইত্যাদি গল্প গুলোর সাথে বিজ্ঞানের যে ছাত্র বায়োলজী, ক্যামেষ্ট্রি ও ফিজিক্স পুঙ্খানুপুঙ্খু ভাবে বুঝতে পারে , সেই ছাত্রটিও তার বিবেক থেকে কখনও এসব বিশ্বাস করতে পারেনা। এসবে বিশ্বাসী না হলে সমাজে এবং পরিবারে তার খাদ্য ও বাসস্থান মিলবেনা। একারণেই সে তা বিশ্বাস করতে বাধ্য হয়। তা ছাড়া বাল্যকাল থেকে ধর্মীয় প্রভাবের কারণে সে মগজ ধুলাইয়ের শিকার। নিরপেক্ষ চিন্তা ভাবনা নিয়ে এসব ধর্মীয় গল্পের সমালোচনা লিখলে এটা "ধর্মীয় অনুভূতিতে আঘাত" অপবাদ দিয়ে রক্ষণশীলরা মহা হুলস্তুল কাণ্ড ঘটাতে চান। ধর্মের ব্যাপারে সাধারণ মানুষের চিন্তা ভাবনা সর্বদাই দুর্বল এবং পরনির্ভরশীল। তাদের নিজস্ব স্বাধীন যুক্তি সর্বদাই পাপের ভয়ে হয় মৃত নয়তো ম্রিয়মান। সেই যে হাজার হাজার বৎসর আগে ধর্মীয় অবতারগণ যা বলেছিলেন সেটাই তারা আচ্ছা করে গাঁট বেধে মনের ভেতর পুঁতে রেখেছেন। সেই গাঁট তারা কখনও খুলে দেখতে চান না ঈমান নষ্ট হওয়ার ভয়ে। ধর্মীয় কেতাবগুলোতে উল্লেখ আছে পৃথিবীর প্রথম মানুষ আদমকে সৃষ্টি করার পূর্বে স্বয়ং বিধাতা তার ফেরেশতাগণের সাথে যুক্তি করেছিলেন পৃথিবীতে মানুষ পাঠানো হবে কি হবে না। তীক্ষ্ম বুদ্ধিতে বিষয়টি আলোচনা করলে দেখা যাবে ওখানে স্বয়ং বিধাতা ফেরেশতাগণের মতামত নিয়ে 'গণতন্ত্রের' সুচনা করেছিলেন। অথচ পৃথিবীতে তারা গণতন্ত্র মানতে চান না। তারা ধর্মীয় কিতাবের একনায়কতন্ত্রী আইন কায়েম করতে চান। ধর্মীয় উক্তি বা হাদীসগুলোকে বিধাতার আইন হিসেবে মেনে নিয়ে মানুষের স্বাধীনতা ও মানুষের সময় এ দুটো কে নির্মূল করতে অতিশয় উৎসাহী। নিরপেক্ষ মনোভাব নিয়ে বলছি কোন দেশের গণতন্ত্রের অনুকরণ নয় , বরং যা একটি দেশের মানুষের জন্য কল্যাণকর তার উপর জনগণের অধিকাংশের মতামতে বিল পাশ করে যদি আইন তৈরি হয় তবে সেটি ধর্মীয় আইনের চেয়ে উত্তম হবেনা কেন ? এতে কি আল্লাহর

মহা ক্ষতি হয়ে যাবে ? বিষয়টি আমি পাঠক সমাজকে বিবেচনা করতে অনুরোধ করি। উপরোক্ত নিবন্ধের আলোচনা শেষে আমি এটা বলতে চাই বিজ্ঞান পরীক্ষা নিরীক্ষার যুক্তি প্রমাণে ও বাস্তববাদিতায় প্রতিষ্ঠিত। কোন কিছু মিথ্যা প্রমাণিত হলে বি জ্ঞান ও সেটাকে মেনে নেয়। তার পূর্ব পরীক্ষিত সত্যকে বাতিল ঘোষণা দিতে রাজী থাকে। জোর পূর্বক মেনে নেয়ার জন্য বিজ্ঞান মানুষের মুণ্ড কিংবা রগ কাটার আদেশ জারি করেনা। আর ধর্ম জীবন যুক্তির কল্পনা ও অদৃশ্যের বিশ্বাস নিয়ে প্রতিষ্ঠিত। ধর্ম নগদ অপেক্ষা বাকিতে অধিক বিশ্বাসী। সুতরাং এ দুয়ের সমন্বয় সাধন একটি কঠিন ব্যাপার। তবে আদব কায়দা, শ্রদ্ধা, সম্মান, সৎ ব্যবহার, ক্ষমা, মানবতা ইত্যাদি নীতিশাস্ত্রের ক্ষেত্রে (এথিক্স) বিষয়গুলো যে কোন প্রচলিত সামাজিক আচরণের উত্তম দিক হিসেবে বিবেচিত ও গ্রহণ যোগ্য। এসব উত্তম আচরণগুলো পৃথিবী র সকল আদি-গোষ্ঠীতেই কম বেশি দেখা যায়, যা পরবর্তীতে ধর্ম প্রচারকগণ ধর্মের মধ্যে টেনে নিয়ে ধর্মকে মজবুত করেছেন।

কমেন্ট

1. মাহফুজ

   জুলাই ৬, ২০১০ সময়: ৭:৩৫ পূর্বাহ্ণ লিঙ্ক

   মুক্তমনায় স্বাগতম।

   

   uttor purush এর জবাব:
   জুলাই ১০, ২০১০ at ১০:২৬ অপরাহ্ণ
   @মাহফুজ,
   ধন্যবাদ আপনাকে। গত সপ্তাহের লিখাতে ও আপনি মন্তব পাঠিয়েছেন। অনেক কেই আমি জবাব দিয়েছি কিন্ত কেন জানি ঠিক মত পোষ্ট হল না।
   আবার চেষ্টা করছি। আমি এ বিষয়ে নতুন তো। এজন্য। যারাই আমার লিখার বিষয়ে সদুপদেশ ও মন্তব্য করেন সকলের প্রতি রইলো আমার আন্তরিক শুভেচ্ছা এবং অসংখ্য ধন্যবাদ। কারণ আপনারা আপনাদের মুল্যবান সময়কে ব্যয় করেন।
   আগামী সপ্তাহে মুক্তমনায় চোখ রাখুন। খুব সম্ভব আমার প্রবন্ধের নাম হচ্ছে
   “পেটে খিল ধরার জন্য লেখক দায়ী নহেন” (রম্য রচনা, আহা-রে !!! দাড়ি)
   উত্তর পুরুষ

2. 2

স্বাধীন

জুলাই ৬, ২০১০ সময়: ১০:৫৪ পূর্বাহ্ণ লিঙ্ক

লেখাটি ভাল লেগেছে। ধর্মের উৎপত্তি নিয়ে আপনার ধারনার মতই একটি লেখা দিয়ে নিজেও লেখালেখি শুরু করেছিলাম। লেখাটির লিঙ্ক দিলাম ধর্ম সমাজ ও দর্শন, যদি আগ্রহবোধ করেন। লেখাটি প্যারা করে দিলে এবং প্রতিটি প্যারার মাঝে এক লাইন গ্যাপ দিলে পড়তে আরাম পেতো পাঠকগণ। সম্পাদনা করে দিতে পারেন।

মুক্তমনায় স্বাগতম আপনাকে।



uttor purush এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ১১:১৩ পূর্বাহ্ণ
@স্বাধীন,
ধন্যবাদ এবং আন্তরিক শুভেচ্ছা। আপনার উপদেশ অনুযায়ী প্যারা ও গ্যাপ দিয়েছি। আশা করি আরও ভাল পাবেন।
আবারো ধন্যবাদ
উত্তর পুরুষ

3. 3

সৈকত চৌধুরী

জুলাই ৬, ২০১০ সময়: ১:১৬ অপরাহ্ণ লিঙ্ক

চমৎকার। তবে আরেকটু সাবলীল ভাবে উপস্থাপন করা যেত।
মুক্তমনায় স্বাগতম

uttor purush এর জবাব:
জুলাই ১০, ২০১০ at ১০:৩০ অপরাহ্ণ

@সৈকত চৌধুরী,
স্বাগতম জানাচ্ছেন বলে, আপনাকেও জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা।
গত সপ্তাহে “ধর্মের আড়ালে বিবেকের আর্তনাদ” এই শিরোনামে দুটো নাতিদীর্ঘ প্রতিবেদন (পবিত্রতার চরনতলে) (আমি হারিয়ে যাচ্ছি) পোষ্ট করেছি। একটু দেখবেন কি ?
আগামী সপ্তাহে মুক্তমনায় চোখ রাখুন। খুব সম্ভব আমার প্রবন্ধের নাম হচ্ছে
“পেটে খিল ধরার জন্য লেখক দায়ী নহেন” (রম্য রচনা, আহা-রে !!! দাড়ি)
উত্তর পুরুষ

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ১১, ২০১০ at ১২:২১ পূর্বাহ্ণ

@uttor purush,
পরের পোস্টের অপেক্ষায় রইলাম। আপনার নামখানা আমাদের মত বাংলায় লেখলে সুন্দর দেখায় , তাই না? আর নামের সাথে যে লিংক দিবেন তা হল http://mukto-mona.com/banga_blog/?author=186 -ওটাই আপনার লিংক। আর কোনো সমস্যা হলে নির্দ্বিধায় জানাবেন। আপনাকে পেয়ে ভাল লাগছে।

4. 4

বিপ্লব রহমান

জুলাই ৬, ২০১০ সময়: ৪:৫২ অপরাহ্ণ লিঙ্ক

১। প্রথম লেখাতেই বাজিমাত। শাবাশ।

২। লেখাটিতে ছোট ছোট প্যারা করে দিলে এবং প্রতি প্যারার মাঝখানে লাইন স্পেস থাকলে আমার মতো ক্ষীণ দৃষ্টির অনলাইন পাঠকের চোখের আরাম হতো।

৩। ধর্মের উৎপত্তি প্রসঙ্গে ড. আহমদ শরীফ তার নিয়মিত এক আড্ডায় আমাদের এ রকম একটি কথা বলেছিলেন:

মানুষ যখন গুহায় বাস করতো, তখন শক্তিমত্তা ও ক্ষমতা দেখে সূর্য, নদী, আগুন, সাপ-বাঘ ইত্যাদির পূজা করতো। তারা এ সবকে দেবতা জ্ঞান করে পূজার মাধ্যমে তাদের সন্তুষ্টি কামনা করতো। আবার যুদ্ধবিগ্রহ থেকে শুরু করে শিকারে সাফল্য লাভের জন্য পূজার বিস্তার ঘটে।

মানুষ যখন আরো উন্নত হয়ে পুরোপুরি কৃষিজীবীতে পরিনত হয়, তখন ধীরে ধীরে মস্তিস্কের উন্নতির সঙ্গে সঙ্গে তারা দেবদেবীকে এককেন্দ্রীক করে একেশ্বরবাদী ও পরে নিরাকার ইশ্বরে বিশ্বাসী হয়। আরো পরে, মানুষ যখন আরো সভ্য হলো, তখন তারা নাস্তিক হয়ে গেলো। ...

uttor purush এর জবাব:
জুলাই ১০, ২০১০ at ১০:২০ অপরাহ্ন
@বিপ্লব রহমান,
ধন্যবাদ আপনার নিটোল মন্তব্যের জন্য। লিখাটি অবশ্য কয়েকটি প্যারা করে দিয়েছি,আপনার উপদেশ অনুযায়ী। (পবিত্রতার চরণতলে) এবং (আমি হারিয়ে যাচ্ছি) দুটো নাতিদীর্ঘ লিখা " ধর্মের আড়ালে বিবেকের আর্তনাদ" এই শিরোনামে গত সপ্তাহে পেষ্ট করেছি। যদি না দেখে থাকেন তবে একটু দেখুন।
সুস্থ থাকুন এবং আগামী সপ্তাহে মুক্তমনায় চোখ রাখুন। খুব সম্ভব আমার প্রব ন্ধের নাম হচ্ছে "পেটে খিল ধরার জন্য লেখক দায়ী নহেন" (রম্য রচনা, আহা-রে !!! দাড়ি)
উত্তর পুরুষর

5. 5

Jubayar
জুলাই ৯, ২০১০ সময়: ৭:৫৪ অপরাহ্ন লিঙ্ক

আপনার প্রবন্ধ টি পরে ভালই লেগেছিল। আমরা যারা মুক্ত মনের তাদের কাছে এটা ভালই মনে হবে কারন আমরা আমাদের পক্ষের যুক্তি চাই। তার পরেও বলব যে আমাদের প ক্ষের যুক্তি গুল মজবুত। কিন্তু আপনি ২য় প্যারাতে এসে কমণ যেন ইসলাম ধর্ম কে কোন ঠাসা করতে চেয়েছেন যা আপনার নিরপেক্ষতা কে প্রশ্ন বিদ্ধ করে ফেলেছে। তাই কেন যেন মনে হইল আপনি নিদিষ্ট কোন গোশঠি কে আক্রমনের লক্ষেই প্রবন্ধ টি রচনা করেছেন। তার পরেও ধর্মের ব্যাপারে যু ক্তিগুল আনেক যোক্তিক। ধন্যবাদ

uttor purush এর জবাব:
জুলাই ১০, ২০১০ at ১০:৪১ অপরাহ্ণ

@Jubayar,
ধন্যবাদ জুবায়ের ভাই,
নিরপেক্ষতা বলে সত্যিকারের কিছু আছে বলে মনে হয়না। যার দৃষ্টিতে, যার বিবেচনায়, যখন কোনকিছু সত্য বলে প্রতিভাত হয় তখন সে দিকেই যুক্তির পাল্লা নুয়ে পড়ে।
আমি ভয় পাই বাংলাদেশের জনবিস্ফোরণ দেখে, জঙ্গি কাজকর্ম দেখে, মুক্ত কণ্ঠস্বরের বিরুদ্ধে রগ কাটার উল্লাস দেখে। যেখানে ধর্মের উস্কানীই কাজ করে যাচ্ছে তলে তলে, মসজিদে মসজিদে, মাদ্রাসায় মাদ্রাসায়। রিজেকের মালিক আল্লাহ এই অজুহাতকে নির্ভয়ে বিশ্লেষণ করেছিলেন আরজ আলী মাতুব্বর। আজ জনসংখ্যার ভারে দেশে অবাধ দুর্নীতি , ভুমি দখল,নিষ্ঠুরতা ইত্যাদি কেন হচ্ছে ? কারণ আমাদের জমি অপেক্ষা মানুষ খুব বেশি বলেই তো। অথচ এদিগে কারো নজর নেই। আ রও কয়েক বছর পর আপনার ধান, ফসল, এমন কি বর্তনে রাখা ভাত গুলো ও ক্ষুধায় আক্রান্ত মানুষ ছিনিয়ে নেবে। আপনি কিছু করতে পারবেন ?
উত্তর পুরুষ

6. 6

মোখলেস উদ্দীন

মে ৩০, ২০১১ সময়: ৮:৩১ অপরাহ্ণলিঙ্ক

মুক্তমনার সকল পাঠক/সদস্যদেরকে কে ধন্যবাদ।এখানে লেখার বা মন্তব্য করার কোন ইচ্ছা আমার ছিলনা।কারন বাংলা লিখার অভ্যাস না থাকা।কিন্তু উত্তম পুরুষের এই লেখাটা যখন পরছিলাম ঠিক মাঝখানে এসে একটু থেমে গিয়ে ,মনে একটা প্রশ্ন আসল।বিজ্ঞানের এত বড় বড় আবিস্কার আমাদের চোখের সামনে জলন্ত সত্য হয়ে আছে।কই তারাতো কখনো বলেনি আমরাই সত্য।বিজ্ঞানীরা তাদের ধারনাকে সত্য প্রমান করতে সন্দেহের সাহায্য নেয়।অর্থাৎ সন্দেহ দূর করে যু ক্তি প্রমান নিয়ে প্রকৃত সত্যকে তুলে ধরে।আর ধর্মের ঐ কথার মাঝে সন্দেহ করলেই কাফের।দোযখ নাকি তার জন্যেই অপেক্ষা করছে।খুব খুব বেশি ভাল লেগেছে যখন লেখার শেষে এসে এই কথাটাই পেয়ে গেলাম।তাই উত্তম পুরুষ কে ধন্যবাদ না দিয়ে থাকতে পারলামনা ।লেখার মাঝে কোন ভুল হলে আমি ক্ষমাপ্রার্থী।”নিশ্চই মানুষ ক্ষমাশীল”

7. 7

মোখলেস উদ্দীন

মে ৩০, ২০১১ সময়: ৮:৪৩ অপরাহ্ণ লিঙ্ক

একটা ভুল হয়ে গেছে।”উত্তম পুরুষ” হবেনা,আসলে হবে “উত্তর পুরুষ”

<u>সমাপ্ত</u>

https://www.amarblog.com/jindapir/posts/169169

সমাজ বিজ্ঞানের দৃষ্টিতে ধর্ম উৎপত্তির ব্যখ্যা

তারিখঃ শনিবার, ০৮/০৬/২০১৩ - ১৪:১৯

জিন্দা পীর

পৃথিবীতে বহু ধর্ম প্রচলিত। তার মধ্যে খৃষ্টান , ইসলাম , হিন্দু, ইহুদী , বৌদ্ধ এসব প্রধান। অন্য সব ধর্মের চাইতে বৌদ্ধ ধর্মের প্রকৃতি সম্পূর্ন ভিন্ন রকম। অন্য ধর্মগুলো যেখানে তাদের অনুসারীদের নি:শর্ত আনুগত্য ও অন্ধ বিশ্বাস দাবী করে, বৌদ্ধ ধর্ম সেটা করে না। বৌদ্ধ ধর্ম যুক্তির ওপর জোর দেয়।

খৃষ্টান , ইহুদি, ইসলাম, হিন্দু ইত্যাদি ধর্মের মূল কথা কোন এক তথাকথিত সৃষ্টিকর্তা জগৎ সৃষ্টি করে তারপর কোন এক দিন মানুষ সৃ ষ্টি করে দুনিয়াতে পাঠিয়ে দিয়েছে। তারপর সেই মানুষকে শিক্ষা ও উপদেশ দেয়ার জন্য মাঝে মাঝে সেই সৃষ্টি কর্তা অবতার হয়ে নিজেই অথবা নবী রসুল পাঠিয়ে দেয়। বৌদ্ধ ধর্মে এসব কথা বলে না।

বিষয়টাকে ধর্মীয় বিধি বিধানের দৃষ্টিতে না দেখে সমাজ বিজ্ঞানের দৃষ্টিতে দেখা যাক। প্রত্নতাত্ত্বিক গবেষণা ও জীববিজ্ঞানের গবেষণায় দেখা যায় - মানুষ এক সময় অসভ্য জন্তু রূপে বন বাদাড়ে শিকার করে জীবন যাপন করত আর গুহার মধ্যে রাত্রি যাপন করত। সেসময়কার যে সব নিদর্শন পাওয়া গেছে তাতে দেখা যায় না তারা কোন ধর্ম পালন করত বা কোন সৃষ্টি কর্তায় বিশ্বাস করত। আজকে যেমন জীব জন্তু বা বন্য প্রানীরাও কোন ধর্ম পালন করে না বা তারা কোন সৃষ্টি কর্তাকে ডাকে না বা সন্ধান করে না। মানুষ যখনই সভ্য হতে শুরু করল ও চিন্তাভাবনা করতে আরম্ভ করল তখনই সে প্রকৃতির নানা কার্য কারনের জন্য এক একজন দেবতা বা দেবীর কল্পনা করতে লাগল কারন তারা তখন জানত না এসব প্রাকৃতিক ঘটনার আসল কারন কি। যেমন - বৃষ্টি বাদল ও বজ্রপাতের কারন না জানাতে তারা ভাবত এর পিছনে কোন এক দেবতা আছে, সূর্য প্রতিদিন সকালে উঠে সন্ধ্যায় অস্ত যায় - এর কারন না জানাতে মনে করত

খোদ সূর্য নিজেই একটা দেবতা - এরকম। অর্থাৎ জগতের সকল ঘটনার জন্যে যে একজন মাত্র সর্বময় ক্ষমতার অধিকারী সৃষ্টিকর্তা থাকলেই যে চলে তাদের চিন্তার পরিধি সে পরিমান বিস্তৃত ছিল না। আর তাই দেখা যায় প্রাচীন মানব বসতি যে গুলো আবিস্কৃত হয়েছে সব যায়গাতেই বহু দেব দেবী ভিত্তিক ধর্মের অস্তিত্ব দেখা যায়।

সুতরাং বোঝা গেল , কোন সৃষ্টি কর্তা বা দেব দেবতারা নিজে বা নিজেরা স্বয়ং এসে তাদের অস্তিত্ব জানান দিয়ে কোন ধর্ম শিক্ষা দিয়ে যায় নি মানুষকে। মানুষই বরং তাদের চিন্তা ভাবনা দ্বারা তাদেরকে কল্পনা করে অত:পর ধর্ম ও ধর্মীয় কিচ্ছা আকারে চালু করেছে। বহু দেব দেবী ভিত্তিক ধর্মেরও ব হু পরে দুনিয়াতে এক ঈশ্বরবাদী ধর্মের আগমন ঘটে। বলাবাহুল্য, সেটা সম্ভব হয় মানুষের কল্পনা শক্তির আরও বেশী বিকাশ হওয়ার পর।

একেশ্বর বাদী ধর্মের ধারনা যখন বিকাশমান পর্যায়ে ছিল তখনই কিছু কিছু প্রতিভাবান ও মেধাবি মানুষ একেশ্বরবাদী ধর্মকে একটা প্রাতিষ্ঠানিক রূপ দি তে চেষ্টা করে। এসব লোকরাই পরবর্তীতে নানা রকম নবি রসুল বা অবতার হিসাবে প্রচারিত হতে থাকে যুগের পর যুগ , শতাব্দির পর শতাব্দি। এসবের ফলশ্রুতিতে আজকে দেখা যায় সকল ধর্মেই একজন মাত্র সর্বময় ক্ষমতার সৃষ্টিকর্তাকে স্বীকার করে এক একটা প্রাতিষ্ঠানিক ধর্মে পরিনত হয়েছে। আর বলা বাহুল্য, ধর্ম ,তার সৃষ্টিকর্তা , নবি বা অবতারের যাবতীয় কিচ্ছা কাহিনী মানুষেরই তৈরী , কোন পর্যায়েই এখানে কোন অতি লৌকিকতার স্থান আমরা দেখি না। তবে বৌদ্ধ ধর্মের বিধি বিধান অন্য সব ধর্মের বিধি বিধানের চেয়ে বেশ প্রগতিশীল ও বিপ্লবাত্মক।

বৌদ্ধ ধর্ম কোন তথাকথিত সৃষ্টি কর্তার অস্তিত্বকে স্বীকার করে না। স্বীকার করে না কোন অবতার বা নবীবাদে। **বুদ্ধ বলেছেন- কারও কোন কথা বিশ্বাস করো না, যুক্তির কষ্টি পাথরে যাচাই করে তা গ্রহন কর , এমন কি আমি বললেও বিশ্বাস করো না।** (http://www.noble-buddhism-beliefs.com/buddha-quotes.html)সেই ২৫০০ বছর আগের একজন মানুষের পক্ষে এ কথা বলা যে কি মহা বিপ্লবের তা আজকে ঠিক উপলব্ধি করা যাবে না।

গৌতম বুদ্ধের এ বানীর কারন ছিল তার আমলে প্রাচীন ভারতে ধর্মের নামে এত সব গাল গল্প ও কিচ্ছা কাহিনী প্রচলিত ছিল যে তার কোন সীমা পরিসীমা ছিল না। মানুষও অন্ধের মত অনেক সময় এসব বিশ্বাস করত। মানুষের অজ্ঞতার সুযোগ নিয়ে যত্র তত্র কিছু কিছু মানুষ নিজেকে অবতার বলে দাবী করত। যার ফলে প্রায়ই ধর্মের বিভিন্ন শাখা উপশাখা নিয়ে মানুষের মধ্যে মারামারি , যুদ্ধ বিগ্রহ , হত্যা এসব লেগেই থাকত। এসব হানাহানির মূল কারন অনুধাবন করেই বুদ্ধ এসব অবতারবাদের বিরুদ্ধে রুখে দাড়ান ও উক্ত বিপ্লবের বানী প্রচার করতে থাকেন। প্রাচীন ভারতে যখন কিছু কিছু চালাক মানুষ নিজেকে সৃষ্টিকর্তার অবতার বলে দাবী করত , ঠিক সেসময় মধ্যপ্রাচ্যের মিশর , প্যালেস্টাইন এসব অঞ্চলে কিছু কিছু মানুষ নিজেকে প্রেরিত পুরুষ বা নবী রসুল হিসাবে দাবী করতে থাকে। আর তার ফলে সেসব অঞ্চলে গড়ে ওঠে স্বতন্ত্র ধারার ধর্মীয় বিধি বিধান। তফাৎ হলো ভারতীয় হিন্দু সনাতন ধর্মে অবতারের আবির্ভাবের এখনও শেষ হয় নি। বর্তমানেও প্রতি বছর কেউ কেউ নিজেকে অবতার দাবী করে বসে। পক্ষান্তরে মধ্যপ্রাচ্যের আরব ভূমিতে অতিশয় বুদ্ধিমান ও দুরদর্শি মোহাম্মদ নামের এক লোক নিজেকে শেষ নবি দাবী করে নবি বা রসুলবাদের কবর রচনা করেছে। তাই অত:পর সেখানে নবি রসুলের আগমন গত ১৪০০ বছর ধরে বন্দ আছে।

এ হলো মোটামুটি ভাবে দুনিয়াতে ধর্মীয় বিধি বিধান চালুর সমাজ বিজ্ঞানের ব্যাখ্যা।

কমেন্ট

শনিবার, ০৮/০৬/২০১৩ - ১৫:৪৭ তারিখে ধুমকেতু বলেছেন
ধর্ম সমাজবিজ্ঞানের দৃষ্টি দিয়ে চলে না। যারা ধার্মিক তারা কোন যুক্তি মানে না। তাদের চোখ থাকতেও অন্ধ। তারা চোখ খুলতেও চায় না। তাদের মত - অন্ধত্বের মধ্যে যদি শান্তি পাওয়া যায় তাহলে চোখ খুলে লাভ কি ?

মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

শনিবার, ০৮/০৬/২০১৩ - ১৫:৫৫ তারিখে আরেফেন বলেছেন

There is no reference in ur post.

So this is not a perfect post.

Please give reference in fabour of ur post if u can.

মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

শনিবার, ০৮/০৬/২০১৩ - ১৬:২৯ তারিখে জিন্দা পীর বলেছেন

পৃথিবীর প্রতিটি প্রাচীন ধর্মেই যে বহু দেব দেবীর উপস্থিতি ছিল এটা এতটাই প্রচলিত যে এর কোন রেফারেন্স দরকার আছে বলে মনে হয় না। খোদ মক্কার কাবা ঘরেই তো ৩৬০ টা দেব দেবীর মূর্তি ছিল যার মধ্যে লাত , উজ্জা ও মানাত ছিল প্রধান। প্রাচীন গ্রীক , মিশর, রোম, ভারত, ইনকা , নাজকা, অ্যাজটেক, পারস্য সর্বত্রই যে সব ধর্মের খোজ পাওয়া গেছে সব যায়গাতেই তো শত শত দেব দেবীর ছড়াছড়ি।

আর বুদ্ধের বানীর রেফারেন্স দেয়া হয়েছে।

****

****

কুসংস্কার ও অন্ধত্বের বিরুদ্ধে ভয়াবহ যুদ্ধের এক অক্লান্ত সৈনিক

http://www.chutrapata.com/guest/163

সাকার থেকে নিরাকার ঈশ্বরের আবির্ভাব : মানুষকে আরো সহজে বোকা বানানোর কৌশল

জুলাই 29, 2013 - 8:29পূর্বাহ্ন

Shuvo Michael D Costa

প্রতিমা, মূর্তি, সাকার ঈশ্বর বা পৌত্তলিকতায় বিশ্বাস এই ব্যাপারগুলো ইসলাম ও খৃষ্টান ধর্মে সম্পূর্ণ নিষিদ্ধ। কিন্তু বাস্তবতা কি বলে? পৃথিবীতে সাতশো কোটি মানুষের মধ্যে প্রায় পাঁচশো কোটি লোক ধর্মে বিশ্বাসী। এর মধ্যে খৃষ্টান ও মুসলিম ধর্মে বিশ্বাসী মানুষের সংখ্যা প্রায় তিনশো কোটির কাছাকাছি। এরা এই মূর্তি পূজা, প্রতিমা,সাকার ঈশ্বর ও পৌত্তলিকতার সম্পূর্ণ পরিপন্থী চিন্তা হিশেবে পোষণ করে ধর্মীয় কারণে কিন্তু আমারা যদি এই দুই ধর্মের দিকে দৃষ্টি ফেলি তবে দেখতে পাব এদের মধ্যে যথেষ্ট পরিমানে এই ব্যাপারগুলো বিরাজমান।

কোরআনে বেশ কিছু সুরার নামকরণ করা হয়েছে প্যাগান দেব দেবীর নাম অনুসারে। যেমন "তারিকা" নক্ষত্র দেবতার নাম,"নসর" প্রাচীন আরব্য গোষ্ঠীর দেবতার নাম, "শামস" মধ্যপ্রাচের এক জনপ্রিয় সৌর দেবীর নাম। একসময় এই দেব দেবীদের প্রতিমা ছিল, তারা নিয়মিত পূজিত হতো মানুষ দ্বারা যা পরবর্তীতে কোরআনে চলে এসেছে , যা পৌত্তলিকতার জ্বলন্ত উদাহরণ। এতে পরিলক্ষিত হয় মোহাম্মদ নিজেও এই ধরণের সাকার দেব দেবী বা ঈশ্বরে বিশ্বাসী বা প্রভাবিত হতেন, তার মধ্যেও পৌত্তলিকতা বিরজমান ছিল। কাবা শরীফে একসময় ৩৬০ টি মূর্তি ছিল যার বেশীর ভাগ ধ্বংস করা হয়েছিল কিন্তু সব কি হয়েছিল? না হয় নি। কাবায় এখনো কিছু মূর্তি রয়ে গেছে বহাল তবিয়তে , সেই কথা অন্যদিন হবে। কাবা শরীফকে হজের সময় সাত বার প্রদক্ষিণ, পাথরে চুম্বন করা ও সাফা-মারওয়া পাহারের মধ্যবর্তী উপত্যকায় মিনাতে তিনটি স্তম্ভকে শয়তান বানিয়ে সাতটি করে মোট একুশটি পাথর নিক্ষেপ , এগুলো টোটেম প্রথার রূপান্তর মাত্র। শুধু তাই নয় হজের সময় মাথা কামিয়ে ফেলাও এর প্রথার হতে আগত। আর এই টোটেম প্রথাটি সম্পূর্ণ পৌত্তলিক প্রথা, যা থেকে ইসলাম অনেক কিছু ধার করেছে, গ্রহণ করেছে বা প্রচলিত নিয়মকে অব্যহেত রেখেছিল ধর্ম বাঁচিয়ে রাখার প্রয়োজনে। একটু অন্য ভাবে যদি চিন্তা করি তবে বলতে হয় মসজিদের মিনার ও গম্বুজ কি বিশেষ কোন আকার আকৃতির কথা মনে করিয়ে দেয় না? একি কি প্রতিমার মধ্যে ফেলা যায় না? সেগুলো যদি কোন কিছুর প্রতীক হিশেবে বৈধতা দান করা হয় তবে মানুষ্য রূপে মূর্তিতে এতো সমস্যা কেন।

খৃষ্টান ধর্মের দশ আজ্ঞার মধ্যে অন্যতম হল , কোন প্রকার প্রতিমা তৈরি করা ও তাকে ঈশ্বর জ্ঞান করে আরাধনা করা সম্পূর্ণরূপে নিষিদ্ধ। কিন্তু বাস্তবে আমারা কি তার বাস্তবায়ন দেখি? ক্যাথলিকদের গোঁড়া খৃষ্টান বা মূল ধারার খৃষ্টান বলা হয় (অনেকে অবশ্য এদের খৃষ্টান বলতে নারাজ আবার অনেক ক্যাথোলিক নিজেদের খৃষ্টান বলতে নারাজ) কিন্তু সকল ক্যাথলিক গির্জায় যীশু, মেরি ও জোসেফের মূর্তি থাকে। যারা অন্ধ ভাবে ধর্মের প্রতিটি বানী পালনের কথা বলেন তারা যদি এভাবে দশ

আজ্ঞা গির্জাতেই অমান্য করেন তবে সমালোচকদের আক্রোশে পড়াটা স্বাভাবিক। ছোট বেলায় যখন গির্জায় যেতাম তখন ধর্মপ্রাণ খৃষ্টান নারীদের দেখাতাম যীশুর ও মেরির মূর্তির পায়ে চুমু খাচ্ছে। অনেকে মালা পরিয়ে দিচ্ছে , ব্যাপারগুলো ওই টোটাম প্রথার অনুরূপ মাত্র। এই ধরণের কথা বলার জন্য গির্জা থেকে বহিস্কার হতেও দেখেছি। গির্জায় ফাদার মাঝে মাঝেই ঘোষণা দিতেন কেউ যেন মূর্তির পায়ে চুমু না খান কিন্তু ঘোষণা দেওয়ার সময় বা শেষ হওয়ার সাথে সাথে কিছু মানুষ মূর্তির পায়ে চুমু খেতেন। আসলে ধর্ম বিশ্বাস যেখানে অন্ধ সেখানে ফাদারের কথা য় কিবা এসে যায়। দেশের বাইরের গির্জাগুলোতে এই অবস্থার ব্যতিক্রম দেখিনি তেমন। প্রতিটি ক্যাথোলিক সহ প্রায় সব গির্জাতে মূর্তির ছড়াছড়ি।

আসলে এই ধরণের ধর্ম এসেছে এক সময়কার পৌত্তলিক ধর্মগুলো থেকে। সেই সময় ঈশ্বর ছিলেন সাকার, তার মূর্তি বা প্রতিমা ছিল সাধারণ ব্যাপার। মানুষ বস্তুগত জিনিস বেশী বিশ্বাস করবে এটা স্বাভাবিক কিন্তু পরবর্তীতে এই ধর্মগুলোতে ঈশ্বরকে নিরাকার হিশেবে দেখানো হয়েছিল মানুষকে আরও সহজ ভাবে ধোঁকা দানের জন্য কিন্তু তারা মানুষের মনের যেই সাকার ঈশ্বর বা দেব দেবী বসে ছিলেন তা সম্পূর্ণ রূপে দূর কর তে পারেননি। তাই প্রয়োজনে বা প্রভাবিত হয়ে এই প্রথাগুলো এই ধর্মগুলোতে অন্তর্ভুক্ত করা হয়েছে বেশ কৌশলের সাথে। যা মানুষকে আকৃষ্ট করার আর একটি ধোঁকাবাজি ছিল মাত্র। মানুষও পোকা মাকড়ের মত ধর্মের উজ্জ্বল আগুনে ঝাপ দিয়েছিল মুক্তির আশায়। এক কথা বলতে খৃষ্টান ও ইসলাম এবং পৌত্তলিকতা মূলত পুরনো মদ নতুন বোতলে বাজারজাতকরণ।

http://mukto-mona.com/bangla_blog/?p=9196

আরণ্যিক নির্বোধের ভ্রান্ত দুঃস্বপন

তারিখ: ১৯ শ্রাবণ ১৪১৭ (আগস্ট ৩, ২০১০)

সৈকত চৌধুরী

আধুনিক পৃথিবীতে সর্বত্রই ধর্মের ছড়াছড়ি। এই ধর্মগুলোর মধ্যে যেমন রয়েছে বিপুল সাদৃশ্য, তেমনি বৈসাদৃশ্যও লক্ষণীয়। সাদৃশ্য ও বৈসাদৃশ্যের ভিত্তিতে ধর্ম ও ধর্মবিশ্বাসের বিভিন্ন দিক নিয়ে একটি সংক্ষিপ্ত ও সরল আলোচনায় আসা যাক।

ধর্মগুলোর মধ্যে একটি বড় সাদৃশ্য হল , সকল ধর্মই দাবি করে সে-ই সত্য ও সর্বোৎকৃষ্ট, এছাড়া অন্যান্য ধর্ম মিথ্যা ও নিকৃষ্ট। আবার ধর্মগুলো যেমন ঐ ধর্মের অনুসারিদের জন্য বরাদ্দ রেখেছে স্বর্গ , তেমনি অন্য ধর্মাবলম্বিদের জন্য নরক। কিন্তু ধর্মগুলোর ক্ষেত্রে কেউ কেউ বলে থাকেন -যত মত, তত পথ। যেখানে এক ধর্মের কাছে অন্য ধর্ম সম্পূর্ণ ভ্রান্ত সেখানে কথাটিতে স্ববিরোধিতা ছাড়া অন্য কিছুই প্রকাশ পায় না। কেননা সত্য এক ও অখণ্ড; একই সময় একই সাথে পরস্পর বিপরীত দুটি কথা সত্য হতে পারে না। তাই, সকল ধর্মই মানবতার কথা বলে -এরকম যারা বলেন তারা হয় মানবতা বোঝেন না, নয়ত ধর্ম বোঝেন না; একটি ভুল জীবনদর্শন মানুষকে শুধু প্রতারণাই দিতে পারে।

হিন্দুরা দাবি করেন তাদের ধর্ম চিরায়ত ধর্ম, সেই আদিমকাল থেকে তাদের ধর্ম চলে আসছে, তাই তাদের ধর্ম খাঁটি ও সর্বোত্তম, যদিও অন্য কোনো ধর্মাবলম্বির এই ধর্মে স্বাভাবিক প্রবেশাধিকার নেই । হিন্দু ধর্মে আছে, “স্বধর্মে নিধনং শ্রেয় পরাধর্ম ভয়াবহোঃ” -নিজের ধর্মে বিশ্বাসী থেকে মৃত্যুবরণ করলে পুরষ্কার প্রাপ্তি, ভিন্ন ধর্ম গ্রহণ করলে ভয়ঙ্কর শাস্তি। বিধর্মীর জন্য রয়েছে ‘রৌরব নরক’। অহিন্দু মাত্রই যবন, ম্লেচ্ছ ইত্যাদি।

ইহুদিরা প্রচণ্ড ধর্মীয় জাতীয়তাবাদে বিশ্বাসী। তারা নিজেদের ঈশ্বরের একমাত্র মনোনীত জাতি বলে মনে কর -এ ধরনের বিশ্বাস নিঃসন্দেহে ভয়ঙ্কর। খ্রিস্টানরা বিশ্বাস করে সকল মানুষ আদিপাপের বোঝা নিয়ে জন্মে; সকল মানুষই ইটারনেল ডেমনেসন বা অনন্তকাল নরকভোগের উপযুক্ত , শুধু খাঁটি খ্রিস্টানরা ব্যতীত। বৌদ্ধধর্মের মূল ধারাটি নিরীশ্বরবাদী হওয়ায় অনেকে একে ধর্ম মনে করেন না , তারা মনে করেন এটি একটি দর্শন।

এবার আসা যাক, ইসলাম প্রসঙ্গে। ইসলাম ধর্ম একবাক্যেই সব ধর্মকে নাকচ করে দেয়। কোরানে আছে, নিশ্চয়ই আল্লাহর কাছে একমাত্র মনোনীত ধর্ম ইসলাম (৩:১৯)। ইসলাম মতে, মুসলমানরা মৃত্যুর পরে (পাপ মোচনের পর) চিরদিনের জন্য বেহেশতে যাবে আর অবিশ্বাসীরা চিরদিনের জন্য দোজখে যাবে (২:৩৯)।

এবার, বর্তমান পরিপ্রেক্ষিতে আমরা যদি মানুষের ধর্মবিশ্বাস প্রক্রিয়াকে বিশ্লেষণ করি তবে দেখতে পাই প্রায় সকল মানুষের ধর্মবিশ্বাস তার পিতা-মাতা বা পরিবারের উপর নির্ভর করে। একটি শিশু যে ধর্মাবলম্বী পরিবারে জন্মগ্রহণ করে সে সচরাচর সেই ধর্মেরই হয়ে থাকে, কেননা প্রত্যেক ধর্মাবলম্বী পরিবার শিশু কিছুটা বড় হয়ে উঠতে না উঠতেই তাদের ধর্মে গভীরভাবে বিশ্বাসী করে তোলার জন্য তোড়জোড় শুরু করে। শিশুটিকে পরিবারের ধর্মের বিভিন্ন অলৌকিকতার কেচ্ছা, পৌরাণিক কাহিনী, স্বর্গ, নরক, মহাপুরুষের মহৎকীর্তি ইত্যাদি সম্পর্কে অবহিত করা হয়। অন্য ধর্ম সম্পর্কে একটা প্রচণ্ড ঘৃণাও এ বয়সে শিশুর মনে তৈরি করা হয়। শিশুদের মনে এগুলো স্থায়ীভাবে দাগ কাটে যার ফল হিসেবে সে কখনও স্বীয় পারিবারিক ধর্মের ঊর্ধ্বে কিছুই চিন্তা করতে পারে না। তাই সে সারা জীবন ধরে তার পরিবারের ধর্মেই থাকে, এমনকি তার ধর্মের এক শাখা পরিবর্তন করে অন্য শাখায়ও যায় না। এর অন্যথা খুবই বিরল। এছাড়া কোনো মানুষের জন্য ধর্ম ত্যাগ বা অন্য ধর্ম গ্রহণ অত্যন্ত জটিল ব্যাপার কেননা এতে পরিবার ও সমাজের সাথে তার সম্পর্ক বিচ্ছিন্ন হয়ে পড়ে। বেশিরভাগ সাধারণ মানুষই ধর্ম নিয়ে গভীরভাবে চিন্তা করতে বা বুঝতে অক্ষম। যারা স্বল্পশিক্ষিত বা নিরক্ষর (সমাজের বেশিরভাগ লোক) তাদের সে সুযোগই নেই। আমরা আজ থেকে দুয়েকশ ' বছর পূর্বের কথা চিন্তা করলে দেখি অতি অল্পকিছু মানুষ ছাড়া সকলেই নিরক্ষর এবং অতিমাত্রায় কুসংস্কারাচ্ছন্ন। সুতরাং হাজার বছরের আগে যেসব ধর্ম প্রচারিত হয়েছে, আর যারা তা গ্রহণ করেছে, তারা কতটা সচেতনভাবে তা করেছে (যা বংশপরম্পরায় আজও সঞ্চারিত হচ্ছে) তা সত্যিই ভাবনার বিষয়। সভ্যতার ইতিহাসের মহাজ্ঞানী সাহিত্যিক ও বিজ্ঞানীদের (ব্যতিক্রমী দুই একজন বাদে) কেউই যেখানে নিজ ধর্ম ত্যাগ করে কথিত কোনো সত্য-ধর্ম গ্রহণ করেন নাই; সেখানে সাধারণ মানুষের , যাদের চিন্তার সীমা একেবারেই সীমাবদ্ধ তাদের ক্ষেত্রে এরকম আশা করা অবান্তর। অতি সামান্য কিছু মানুষ ছাড়া সকলেই যেখানে নিজ-নিজ ধর্ম, ধর্মগ্রন্থ ও এর ভাষা সম্পর্কে খুব স্বল্প জ্ঞান রাখে সেখানে তাদের পক্ষে অন্য ধর্ম সম্পর্কে খুব একটা জানার বা চিন্তা করার প্রশ্নই উঠে না। এমতাবস্থায় দেখা যাচ্ছে একটি মুসলিম পরিবারের সন্তান মুসলিম হচ্ছে এবং তদ্রুপ অমুসলিম পরিবারের সন্তান অমুসলিম হচ্ছে। জন্মের আগে বা জন্ম নিয়ে কেউ কোনো পাপ করেনি। তবে কেন একজন মুসলমান শুধুমাত্র মুসলিম পরিবারে জন্মগ্রহণ করার কারণে মুসলিম হওয়ায় মৃত্যুর পরে চিরকালের জন্য বেহেশতে যাবে আর একজন অমুসলিম শুধুমাত্র অমুসলিম পরিবারে জন্মগ্রহণ করার কারণে অমুসলিম হওয়ায় চিরদিনের জন্য দোজখে যাবে ? জন্মই যেসব ক্ষেত্রে ধর্ম ঠিক করে দিচ্ছে সেখানে চিরকাল বেহেশত ও দোজখ ব্যাপারটি কি একটা অযৌক্তিক বিষয় নয়? প্রশ্নটি কিন্তু কিছুটা পরিবর্তন সাপেক্ষে সকল ধর্মের ব্যাপারেই প্রযোজ্য। আর, মানুষের ধর্মগ্রহণ প্রক্রিয়া বিশ্লেষণ করলেই আমরা অতি সহজে ধর্মগুলোর অসারতা প্রমাণ করতে পারি।

ধর্মগুলো বিশ্বাস নির্ভর। বিশ্বাস মানুষের একান্ত মনের ব্যাপার। কিন্তু ধ র্মগুলো 'বিশ্বাস' মানুষের উপর চাপিয়ে দিতে চায়। মুসলিম কেউ যদি ধর্ম ত্যাগ করে তবে তাকে মুরতাদ বলা হয় আর মুরতাদের শাস্তি শিরচ্ছেদ (শরিয়া আইন অনুযায়ী)। কোন অমুসলিম যদি মুসলিম হওয়ার পর তার আগের ধর্মে

ফিরে যায় অথবা কোনো মুসলিম পরিবারে জন্মগ্রহণ করে কেউ বাল্যকালে ই অমুসলিম হয় তবুও সে মুরতাদ এবং শাস্তির বিধান একই। সকল ধর্মই তাদের ধর্মত্যাগীদের বেলায় অত্যন্ত কঠোর। মানব ইতিহাসে আমরা দেখতে পাই মানুষ কখনো অগ্নিকে আবার কখনো সূর্যকে এমনকি কখনো গাছকেও দেবতা বলে মনে করে। আর, এরকম হাস্যকর বিষয়ে বিশ্বাস ও তার আরাধনায় মানুষ তা র জীবন উৎসর্গ করে দিতে পারে। মানুষের এই 'বিশ্বাসটির' জন্য ধর্ম তবে এত লালায়িত কেন? যে মানুষ 'গরু' পূজা করতে পারে সে স্রষ্টার পূজা করলে স্রষ্টার গৌরব কতটা বাড়বে তা ভেবে দেখার বিষয়।

বেশিরভাগ আধুনিক ধর্মই ঈশ্বরকেন্দ্রিক অর্থাৎ ঈশ্বরকে খুশি করা , তার আরাধনা করাই ধর্মের মূল লক্ষ্য। প্রতিটি ধর্মেই ঈশ্বরের ধারণা অত্যন্ত অদ্ভুত। ঈশ্বরের করুণা, দয়া, ক্ষমতা অসীম। কিন্তু অসীম দয়া, করুণা বা ক্ষমতা বলতে আসলে কী বুঝায়? আর দয়াময় ঈশ্বরের নির্দেশে যখন জলোচ্ছ্বাস বা সিডরের মত ঘূর্ণিঝড়ে আমাদের সবকিছু লণ্ডভণ্ড হয়ে যাচ্ছে , তখনো বলতে হবে ঈশ্বর করুণাময়, অসীম দয়ালু! ঈশ্বর স্তুতিপ্রিয়, তিনি নিজে নিজেই চমৎকার সব গুণবাচক নাম ধারণ করেন যা অনুসারিদের বাধ্যতামূলকভাবে জপ করতে হয়। তিনি রাগও করেন , কখনো কখনো এমন রাগ করেন যে, তার আরশ বা সিংহাসনও নাকি কেঁপে উঠে। কোনো কোনো ধর্মে ঈশ্বরকে বলা হয় নিরাকার। নিরাকার অথচ সচেতন সত্তা, তার ক্ষমতা ও অসীম, তা সত্ত্বেও তার বসার জন্য প্রয়োজন কুরসি বা চেয়ার বা আরশ বা রাজসিংহাসন, আবার তিনি সর্বব্যাপী -একেই বোধ হয় বলে, 'বিল্ডিং এ কাসল ইন দা এয়ার'। যেহেতু নিরাকার কোনো সচেতন সত্তা আমাদের অভিজ্ঞতায় নেই এবং অসম্ভব ; তাই নিরাকার ঈশ্বরের ধারণার কোনো দার্শনিক বৈধতা নেই।

একেক ধর্মে পরলোকের ধারণা একেক রকম। ইসলামে রয়েছে শিঙ্গার ফুঁকে কিয়ামত হয়ে যাওয়া , সূর্য মাথার একহাত উপরে আসা, স্রষ্টার হাতে পাপ-পূণ্য পরিমাপের জন্য দাড়িপাল্লা নেয়া , পুলসিরাত ইত্যাদির ধারণা। অনেকে মনে করেন 'শয়তানের' ধারণার মত পুলসিরাতের ধারণাও ইসলাম জরথুস্ত্রবাদ থেকে পেয়েছে। স্বর্গ ও নরক নিয়ে একটু ভাবলেই আঁচ করা যায় যে , এর ধারণা 'সময় ও স্থানীয়তার' উপর নির্ভরশীল। প্রাচীন গ্রিকদের কাছে সাগরের বিশাল তীর দিয়ে প্রসারিত শ্যামল প্রান্তর খুবই আকর্ষণীয় ছিলো–বিশেষ করে যখন সূর্যের কিরণ তাতে বিচ্ছুরিত হত। তাই তাদের স্বর্গ অনন্ত বসন্তের হাওয়া বিরাজিত, কোমল ভাবে অনন্ত কিরণ ধারা প্রবাহিত মহা প্রান্তর। হিন্দুদের মাতৃভূমি নদীমাতৃক ফল-ফুলে শোভিত। তাই তাদের স্বর্গে রয়েছে অব্যাহত শান্তি , মন্দাকিনী কলনাদে প্রবাহিত, কুসুম ধারে ধারে প্রস্ফুটিত, অপ্সরা গীতি-কাকলি মুখরিত মঞ্জুরিবীথিকায় অপূর্ব নর্তনে ক্রীড়ারত। যিশুর সময় পৃথিবীতে ছিল রাজশক্তির প্রবল প্রভাব। তাই তার স্বর্গ একটি আর্দশ রাজ্য যেখানে ঈশ্বর জ্যোতির্ময় আসনে উপবিষ্ট আর দেবদূতেরা তার স্তুতিতে মুখর। স্বর্গে অমৃতের নদী প্রবাহিত ও তা অভেদ্য প্রাচীরে বেষ্টিত। দেড়হাজার বছর আগে আরবে ছিল ব্যাপক মদ্যপানের প্রচলন। গনগনে রৌদ্রের মধ্যে মরুভূমিতে সব সময় সুশীতল পানি ছিল অতি আকাঙ্ক্ষিত বস্তু। তাই ইসলামের স্বর্গে রয়েছে সুশীতল পানির নহর এবং পবিত্র মদ (শরাবান তাহুরা)। মরুভূমিতে জনজীবন প্রচণ্ড

তাপমাত্রায় প্রায়ই বিপর্যস্ত হয়ে পড়ে। তাই ইসলামের নরকে রয়েছে অগ্নি, প্রচণ্ড উত্তাপ। স্বর্গ-নরক তথা পরকালে এমন কিছুই পাওয়া যাবে না, যা পৃথিবীতে বসে কল্পনা করা অসম্ভব।

প্রায় সকল ধর্মেই আমরা স্রষ্টার প্রেরিত পুরুষের সন্ধান পাই। তবে তাঁদের অনেকেই মিথ বা গুজবের সৃষ্টি, কেউ ভণ্ড আবার কেউ মানসিক রোগী। অনেকে আবার এমন তপস্যায় মেতে উঠেছিলেন যে মানসিক ভারসাম্য না হারানোটাই ছিল অস্বাভাবিক। অনুসারিরা কোনো কালেই তাঁদের সমালোচনা সহ্য করেনি। ফল হিসাবে ইতিহাসে কখনো তাদের দোষগুলো আসে না; বিশেষ করে যখন আবার কেউ বিজয়ী রাজা হয়ে যান। এছাড়া ধর্মপ্রচারকদের জীবন ইতিহাস তার অনুসারিরাই তৈরি করেন বলেই তারা ইতিহাসে মহানপুরুষে পরিণত হন। ধর্মবাদীরা তাদের ধর্মের মহাপুরুষদের জীবনকে ঘিরে একটা ইন্দ্রজাল তৈরিতে সদাব্যস্ত। একটা উদাহরণ দেয়া যাক :– হজরত মুহম্মদের জীবনীকারকগণ তাঁর নিষ্পাপতা প্রমাণ করার জন্য বলে থাকেন, -ফেরেশতারা কয়েকবার হজরতের 'সিনা সাক' বা বক্ষবিদারণ করে হৃৎপিণ্ডের জমা রক্ত যা 'শয়তানি প্রণোদনার উৎস', তা পবিত্র পানি দ্বারা ধোয়ে পরিষ্কার করেছিলেন। বলা বাহুল্য, ধারণাটি হাস্যকর। তখনকার ধারণা ছিল, মানুষের আত্মা বক্ষস্থলে বা হৃৎপিণ্ডে অবস্থান করে। আজ আমরা জানি, মানুষের সকল ধরনের চিন্তা বা অনুভূতির আশ্রয় মস্তিষ্ক। হৃৎপিণ্ড ধোয়ে পাপ-চিন্তা সরানো অসম্ভব, এর জন্য প্রয়োজন 'ব্রেন সাক'! ইতিহাস বলছে 'শয়তান ও ফেরেশতা' তখনকার সেমেটিক বাজে চিন্তার ফসল। হজরতের জীবনযাত্রা প্রণালী মুসলমানদের কাছে অনুসরণীয়। কিন্তু শিশুবিবাহ, বহুবিবাহ, যুদ্ধে স্ত্রী সাথে নেয়া, পালক পুত্রের স্ত্রী বিয়ে করা, চুরি করার অপরাধে চোরের হাত কেটে ফেলা, ব্যাভিচারিকে প্রস্তর নিক্ষেপে হত্যা করা - এগুলোর সমর্থনে কোনো গ্রহণযোগ্য ব্যাখ্যা পাওয়া যায় না।

প্রত্যেক ধর্মের স্বতন্ত্র ধর্মশাস্ত্র রয়েছে; হিন্দুদের 'বেদ', 'গীতা', 'উপনিষদ', মুসলমানদের 'কোরান', খ্রিস্টানদের 'বাইবেল', ইহুদিদের 'তৌরাত', বৌদ্ধদের 'ত্রিপিটক', শিখদের 'গ্রন্থসাহেব'। ধর্মশাস্ত্রগুলো যেহেতু অনেক পুরোনো তাই এগুলো আধুনিক বিজ্ঞান ও দর্শনের সাথে বিরোধপূর্ণ হতেই পারে। কিন্তু বর্তমানে এগুলোকে বিজ্ঞানের সাথে সামঞ্জস্যপূর্ণ করে তোলার জন্য ধর্মবাদীরা গলদঘর্ম হয়ে পড়েছেন। তারা শাস্ত্রের কথাগুলোকে ইচ্ছেমত অপব্যাখ্যা করে, অর্থের পরিবর্তন করে বিজ্ঞানময় করে তুলতে চাচ্ছেন। কিছু কিছু ধর্মবিশ্বাসীরা ধর্মশাস্ত্রের হিজিবিজি কথার মধ্যে 'গভীর তত্ত্বের' খোঁজ পান। আবার কেউ কেউ দাবি করেন তাদের ধর্মগ্রন্থ সকল বিজ্ঞানের উৎস। কিন্তু কোনো কিছু আবিষ্কারের পরপরই তারা তা ধর্মশাস্ত্রে খোজাখুঁজি শুরু করেন এবং অল্পকাল পরে তা পেয়েও যান (!) এবং তারও কিছু পরে ধর্মশাস্ত্রের কিছু কথার ব্যাখ্যা এমনভাবে দেন যাতে ম নে হয় এর আবিষ্কারক ঐ ধর্মশাস্ত্রটিই। কিন্তু আবিষ্কার হওয়ার আগে কেন ঐ বিষয়টি ঐ ধর্মশাস্ত্রে পাওয়া যায়নি? এ বিষয়ে ধর্মবাদীরা কেন জানি নিরুত্তর। এখনো বিজ্ঞানে সবকিছু আবিষ্কার হয়নি ; তাই ধর্মবাদীরা যদি দয়াপরবশ শাস্ত্র ঘাঁটাঘাঁটি করে অনাবিষ্কৃত বিষয়গুলো আগেই বের করে দেন, তাহলে তাদের দাবির সত্যতা নিয়ে অনেকেরই সংশয় কমে যাবে!

ধর্মগ্রন্থ পাঠের বা পাঠ শোনার সময় ধর্মাবলম্বিদের তথাকথিত অদ্ভুত 'স্বর্গীয়' অনুভূতি হতেই পারে, কেননা ঐ ধর্ম ও ধর্মগ্রন্থের প্রতি রয়েছে তাদের অগাধ বিশ্বাস, ভয় বা সম্ভ্রম -যা তাদের মস্তিষ্কের নিউরনগুলোকে বিশেষভাবে আলোড়িত করে; এটা অলৌকিক নয়, মানসিকবিভ্রম মাত্র। ধর্মগ্রন্থগুলোতে নিত্য নতুন অলৌকিকতা আবিষ্কারে ধর্মবাদীরা খুবই পারঙ্গম -যা অজ্ঞ ধর্মবিশ্বাসীদের জন্য প্রহেলিকা সৃষ্টি করে। কোনো কোনো ধর্মবাদী দাবি করেন - "তাদের শাস্ত্র অনুবাদ পড়ে বোঝা যাবে না"। প্রশ্ন হল, কেন? পৃথিবীর যাবতীয় জ্ঞান মানুষ বিনিময় করেছে, অর্জন করেছে অনুবাদের মাধ্যমে, কোথাও বিশেষ কোনো সমস্যা হয়েছে বলে শোনা যায়নি। হ্যাঁ, অনুবাদের সময় দুয়েকটা শব্দের বা কথার একটু বিশদ ব্যাখ্যা প্রয়োজন হয় , যা তখন উল্লেখ করলেই হল। যে কোনো ধর্মবিশ্বাসীদের সিংহভাগই তাদের ধর্মগ্রন্থের মূল ভাষা জানেন না , অনুবাদের আশ্রয় নিতে হয়। মজার কথা হল, ধর্মবিশ্বাসীরা তাদের নিজ নিজ ভাষায় যতই ধর্মশাস্ত্র চর্চা (বুঝে অথবা না -বুঝে) করে থাকেন না কেন তাতে কো্নো সমস্যা হয় না, কিন্তু যখনই কেউ ধর্মশাস্ত্র নিয়ে কোনো প্রশ্ন তোলেন বা সন্দেহ প্রকাশ করেন ঠিক তখনই ধর্মবাদীরা এ 'ওজর' তোলেন।

অনেকে আবার দাবি করেন তাদের ধর্মগ্রন্থ এমন শ্রেষ্ঠ–এর মতো কোনো গ্রন্থ রচনা করা সম্ভব নয়। তাদের প্রতি প্রশ্ন -কোন দিক থেকে ধর্মগ্রন্থ শ্রেষ্ঠ আর কে সেটা নিরুপণ করবেন? কোনো গ্রন্থের বিষয়বস্তু ও সাহিত্যমান দ্বারাই এর মূল্যায়ন করা হয়। ধর্মগ্রন্থগুলোর সাহিত্যমানের সার্বিক মূল্যায়ন করলে তা আহামরি কিছু বলে মনে হয় না। বিষয়বস্তুর দিক থেকেও শাস্ত্রগুলো এতই দুর্বল যে , বলা যেতে পারে এঁদের চেয়ে জ্ঞানগর্ভ গ্রন্থ যে কোনো ভাষায় অসংখ্য পাওয়া সম্ভব। এছাড়া ধর্মশাস্ত্রগুলোতে আদৌ কোনও জ্ঞান আছে কি না তাও প্রশ্ন সাপেক্ষ, কেননা যেকোনো জ্ঞানের স্বপক্ষে দলিল-প্রমাণ প্রয়োজন যা শাস্ত্রগুলো সরবরাহ করতে অক্ষম। তাই ধর্মগ্রন্থ থেকে মানুষ কখনো সঠিক দিক নির্দেশনা পেতে পারে না। এগুলো মানুষকে শুধু অজ্ঞ-আবেগপ্রবণ আর অসহিষ্ণু করে তোলতে পারে। মানুষের মুক্তির জন্য মানুষকেই বিধান তৈরি করতে হবে আর তা হতে হবে মানবীয় জ্ঞানের আলোকে , তথাকথিত কোনো 'ঐশ্বরিক শাস্ত্রের' ধুয়া তুলে নয়।

প্রতিটি ধর্মের নিজ নিজ তীর্থস্থান রয়েছে। এসব স্থানে ভ্রমণে ধর্মবাদীরা নিজেদের পবিত্র করেন, পূণ্য অর্জন করেন। হিন্দুদের তীর্থক্ষেত্রগুলোর মধ্যে চন্দ্রনাথ, লাঙ্গলবন্দ, গয়া, কাশী, বৃন্দাবন, মথুরা, নবদ্বীপ প্রভৃতি উল্লেখযোগ্য। ইহুদি ও খ্রিস্টানদের রয়েছে জেরুজালেম যা মুসলমানদের কাছেও পবিত্র বটে। মুসলমানদের পবিত্র তীর্থস্থান মক্কা। প্রতিবছর লক্ষ-লক্ষ হাজি বিপুল অর্থ ব্যয় করে সেখানে যান। কাবাকে বলা হয় বায়তুল্লাহ বা আল্লাহর ঘর আর হাজিরা আল্লাহর মেহমান বা অতিথি। কিন্তু প্রায়ই অসংখ্য হাজি তাবুতে অগ্নিকাণ্ডে বা পদপিষ্ট হয়ে মারা যান। এইতো কয়েক বছর আগে ৩৬০ জনের অধিক হাজি শয়তানকে প্রস্থর নিক্ষেপ করতে গিয়ে পদপিষ্ট হয়ে মারা যান। অগ্নিদগ্ধ হয়ে বা পদপিষ্ট হয়ে মারা যাওয়া কেমন, তা একটু ভাবলেই অনুধাবন সম্ভব। আল্লাহর আতিথেয়তা সত্যিই চমৎকার! ইতিহাস থেকে জানা যায়, প্রাক-ইসলামি যুগে কাবার ভেতর ৩৬০টি কিম্ভুতকিমাকার মূর্তি ছিল আর

উৎসবের সময় তখনকার লোকেরা নাকি উলঙ্গ হয়ে এর চারদিকে ঘুরত! কিন্তু আজও হাজিরা হজে গিয়ে পরম পবিত্রজ্ঞানে কাবার চারদিকে ঘুরতে গিয়ে আবেগে আপ্লুত হয়ে পড়েন! —কোনো সাদৃশ্য নজরে আসে কি? আরো একটি কথা—নামাজের সময় পশ্চিমদিকে (কাবারদিকে) মুখ করে নামাজ পড়তে হয়। কিন্তু পৃথিবী গোল, তাই কাবার বেশ দূরবর্তী এলাকা থেকে কাবার দিকে মুখ করে নামাজ পড়া এক কথায় অসম্ভব; গ্লোব মানচিত্র দেখলে সহজেই বুঝা যাবে। এটা অনেকের মাথাতেই আসে না!

ধর্মগুলো আরেকটি ব্যাপারে খুবই সাদৃশ্যপূর্ণ আর তা হল , নারীদের তাদের অধিকার থেকে বঞ্চিত করা; এবং তাদের সম্পর্কে নেতিবাচক ধারণা পোষণ করা। ইসলাম ও খ্রিস্টান ধর্মমতে আদমের প্রয়োজনেই তাঁর এক বক্র হাড় থেকে 'হাওয়া' বা 'ইভে'র উৎপত্তি। হিন্দু ধর্মগ্রন্থ মনুসংহিতায় স্বয়ং মনু বলেছেন (৯:১৮): নাস্তি স্ত্রীণাং ক্রিয়া মন্ত্রৈরিতি ধর্মে ব্যবস্থিতিঃ। নিরিন্দ্রিয়া হ্যমন্ত্রাশ্চ স্ত্রিয়োহনৃতমিতি স্থিতিঃ॥ অর্থাৎ–মন্ত্র দ্বারা স্ত্রীলোকদের সংস্কার নেই, এরা ধর্মজ্ঞ নয়, মন্ত্রহীন এবং মিথ্যার ন্যায় (অশুভ)। ইসলাম ধর্মমতে, "পুরুষ নারীর রক্ষাকর্তা, কারণ আল্লাহ্ তাদের এককে অপরের ওপর বিশিষ্টতা দান করেছেন" (সুরা নিসা, ৪:৩৪), "তোমাদের স্ত্রীরা তোমাদের শস্যক্ষেত্র, অতএব তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা যেতে পার" (সুরা বাকারা, ২:২২৩)। বেহেশতেও নারীদের সম-অধিকার নেই। সেখানে পুরুষদের জন্য যে সত্তরজন হুরের ব্যবস্থা আছে অনুরূপ ব্যবস্থা নারীর জন্য অনুপস্থিত। বিবাহের ক্ষেত্রেও ধর্মগুলোর নীতি সম্পূর্ণই অমানবিক। ইসলাম মতে, "মুশরিক রমণী যে পর্যন্ত না বিশ্বাস করে তোমরা তাকে বিয়ে করো না। অবিশ্বাসী নারী তোমাদের চমৎকৃত করলেও নিশ্চয় ধর্মবিশ্বাসী ক্রীতদাসী তার চেয়ে ভালো" (সুরা বাকারা, ২:২২১)। অন্যান্য ধর্মগুলোতেও ভিন্ন ধর্মের কারো সাথে বিবাহ-বন্ধন গ্রহণযোগ্য নয়। এছাড়া ধর্মগুলো পুরুষের বহুবিবাহকে অনুমোদন করেছে। এ ধরনের ব্যবস্থা একটি সভ্যসমাজের জন্য হুমকিস্বরূপ।

প্রত্যেক ধর্ম অনেকগুলো শাখা-প্রশাখায় বিভক্ত। হিন্দু ধর্মে আবার অনেক কাল আগে থেকেই বর্ণবাদ চলে আসছে। হিন্দু ধর্ম চারটি প্রধান বর্ণে বিভক্ত ছিল -ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। নিম্নবর্ণের হিন্দুদের আবহমান কাল থেকেই নানারূপ নির্যাতন করে আসছে উচ্চবর্ণের হিন্দুরা। একমাত্র ব্রাহ্মণরা ব্যতীত অন্য কেউ ধর্মশাস্ত্র পাঠ করতে, এমনকি পাঠ শুনতেও পারত না। হিন্দুশাস্ত্রে মনু বলছেন (মনুসংহিতা, ৪:৮১), "যো হ্যস্য ধর্মমাচষ্টে যশ্চৈবাদিশতি ব্রতম্। সোহসংবৃতং নাম তমঃ সহ তেনৈব মজ্জতি॥" অর্থাৎ–যে ব্রাহ্মণ শূদ্রকে ধর্মোপদেশ প্রদান করবেন , তিনি সে শূদ্রের সহিত 'অসংবৃত' নামক নরকে নিমগ্ন হবেন। খ্রিস্টানদের প্রধান প্রধান শাখাগুলো হল, রোমান ক্যাথলিক, অর্থডক্স, প্রোটেস্টান্ট, অ্যাংলিকান। এদের এক শাখার প্রচণ্ড বিরোধ রয়েছে অন্য শাখার সাথে। মুসলমানরাও বেশ কিছু শাখায় বিভক্ত; যেমন: সুন্নি, শিয়া, আহলে হাদিস, কাদিয়ানি। এদের মধ্যে এতই বিরোধ রয়েছে যে, কোনো কোনো শাখা অন্য শাখাকে মুসলিমই মনে করে না। প্রধান শাখা সুন্নি আবার চারটি মজহাবে বিভক্ত, যাদের মধ্যে প্রচুর মতের অমিল রয়েছে। শিয়ারাও অনেক শাখায় বিভক্ত।

আশ্চর্যজনক হলেও সত্য, কোনো নির্দিষ্ট ধর্মের প্রতিটি শাখাই মনে করে তারাই ঐ ধর্মের একমাত্র সঠিক অনুসারী!

পরিশেষে একটি কথা না বললেই নয় -আসুন আমাদের যারা ধর্মবিশ্বাসী তারা সবাই নিজ নিজ ধর্মসহ সকল ধর্ম সম্পর্কে গভীরভাবে জানার চেষ্টা করি এবং এ বিষয়ে মুক্তভাবে চিন্তা করে দেখি তা কতটা গ্রহণীয়। বর্তমান বিশ্ব যখন বিজ্ঞান, প্রযুক্তি ও দর্শনে অভাবনীয় উন্নতি সাধন করেছে সেখানে আমরা যদি কতগুলো অপবিশ্বাস নিয়ে বসে থাকি তবে তা আমাদের জন্য খুব একটা মঙ্গল বয়ে আনবে না। বদ্ধবিশ্বাস থেকে বেরিয়ে মুক্তচিন্তার দিকে আসা হল আমাদের যাবতীয় সমস্যা সমাধানের প্রথম ধাপ। আমরা যদি অযৌক্তিক বিশ্বাসকে রেখে কোনো বিষয় চিন্তা করি তবে তা ঐ বিশ্বাস দ্বারাই পরিচালিত হবে, তাতে সমস্যা শুধু বাড়বেই। তাই আমাদেরকে প্রথমেই মুক্তচিন্তক হতে হবে , বুঝতে হবে যুক্তি। আসুন আমরা যুক্তির পথে, মুক্তচিন্তার পথে অগ্রসর হই, জীবনের সবক্ষেত্রে এর যথাযথ প্রয়োগ ঘটাই। এতেই আমাদের জীবন আনন্দময় ও সাফল্যমণ্ডিত হয়ে উঠবে।

(যুক্তি ম্যাগাজিন, সংখ্যা ২ এ প্রকাশিত)

কমেন্ট

স্বাধীন
আগস্ট ৩, ২০১০ সময়: ৫:০৯ পূর্বাহ্ণ লিঙ্ক
খুব সুন্দর বিশ্লেষন হয়েছে। লেখাটি অনেক ভাল লাগলো। এক লেখার মাধ্যমে মোটামুটি প্রধান ধর্মগুলোর মিলগুলো এবং এদের অসারতা ভাল ভাবে উঠে এসেছে। আমার মতে এ ধরণের লেখাই বেশি করে মুক্তমনায় আসা উচিত। ধন্যবাদ লেখককে।

2
নৃপেন্দ্র সরকার
আগস্ট ৩, ২০১০ সময়: ৫:১২ পূর্বাহ্ণ লিঙ্ক
দারুণ। সাংঘাতিক বিশ্লেষণ। ধীরগতিতে প্রত্যেকের পড়া উচিত। তারপর এই নিবন্ধটি নিজ নিজ ধর্মের আলোকে মূল্যায়ন করা যেতে পারে।

সৈকত চৌধুরী এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৫:৩৯ পূর্বাহ্ণ
@নৃপেন্দ্র সরকার,
অনেক ধন্যবাদ এভাবে উৎসাহ দেয়ার জন্য। আসলে লেখাটায় কিছু বিষয় সংযোজন - বিয়োজন করার ছিল যা আর কখনো হয়ে উঠার সম্ভাবনা দেখা না দেয়ায় আর আদিল ভাইয়ের লেখাটা পড়ার পর মনে পড়ায় দিয়ে দিলাম।

3

সংশপ্তক
আগস্ট ৩, ২০১০ সময়: ৫:৪৪ পূর্বাহ্ণ লিঙ্ক
সব বড় ধর্মগুলোর বিকাশের অন্তরালে রয়েছে সহস্র বছরের নিরবিচ্ছিন্ন রাজনৈতিক পৃষ্টপোষকতা। এ নিরবিচ্ছিন্ন রাজনৈতিক পৃষ্টপোষকতা ব্যতিরেকে এই বড় ধর্ম গুলি আজকের অবস্থানে পৌছুতে পারত না । যেমন পারেনি এক সময়ের ধর্মীয় পরাশক্তি প্রাচীন পারসিক, গ্রীক কিংবা রোমান ধর্মগুলি । পারসিকরা এখন অবধি তাদের অস্তিত্ব কোন রকমে টিকিয়ে রাখতে পারলেও , গ্রীক কিংবা রোমান পৌত্তলিক ধর্ম গুলি বিলুপ্ত হয়ে গেছে । অর্থাৎ , তাদের অমর দেবকুলের মৃত্য হয়েছে , যা একটা সময় অকল্পনীয় ছিল । একই পরিনতি বরণ করতে হয়েছে মিশরীয় এবং ব্যাবিলনীয় দেবতাদের ।
১৮শ শতকে ভারতবর্ষের রাজনৈতিক পটপরিবর্তন বৈদিক ধর্ম গুলিকে প্রায় নিশ্চিত ক্রমশ বিলুপ্তি থেকে বাঁচিয়ে দেয় । ইউরোপে প্রায় একই সময় শুরু হয় এর বিপরীতমুখী ধারা যা পরবর্তীতে নাস্তিকতা প্রসারের পথ প্রশস্ত করে। মোস্তফা কামাল আতাতুর্কের তুরস্কে ইসলামের বর্তমান ক্রমবর্ধমান পুনরুত্থানের পেছনেও রয়েছে রাজনৈতিক প্রেক্ষাপট । বর্তমানে রাশিয়ায় অর্থোডক্স চার্চের ব্যপারে একই প্রকরণ কাজ করছে ।
তাহলে দেখা যাচ্ছে যে, ধর্মের নিয়ন্ত্রণ রাজনীতিবিদদের হাতে এবং এ ব্যপারে বড় কোন পরিবর্তনের জন্য আমাদের রাজনীতিবিদদের দিকে চেয়ে থাকতে হবে। অন্যদিকে, বিজ্ঞানের সুবিধা সবাই গ্রহন করলেও , এ সংবেদনশীল জায়গায় বিজ্ঞানকে নীরব দর্শকের ভূমিকাই পালন করে যেতে হবে ।

*রৌরব*এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৫:৫২ পূর্বাহ্ণ
@সংশপ্তক,
আপনার বিশ্লেষণ চমৎকার লাগল।

*লিলিয়া*এর জবাব:
অক্টোবর ১, ২০১০ at ১:৪৬ পূর্বাহ্ণ
@সংশপ্তক, thumbs up 🙂

4
আসিফ মহিউদ্দীন
আগস্ট ৩, ২০১০ সময়: ৬:০৭ পূর্বাহ্ণ লিঙ্ক
লেখাটি ধর্মপ্রান মাত্রই অবশ্য পাঠ্য। চমৎকার ভাবে খুব কম কথায় অনেক বিষয় তুলে এনেছেন।

5
আদিল মাহমুদ
আগস্ট ৩, ২০১০ সময়: ৯:৩৩ পূর্বাহ্ণ লিঙ্ক
অল্প কথায় আসলেই চমতকার বিশ্লেষন।
যত মত তত পথ- এ জাতীয় কথাবার্তা আমার কাছেও অতি নাটুকে বা অতি উদারতা দেখানো মনে হয়। ব্যাবহারিক অর্থে এসব কথার কোন দাম নেই।
মাঝে মাঝে প্রশ্ন জাগে যে সব ধর্মের শান্তিপূর্ন সহাবস্থান কি আদৌ সম্ভব ?
খুব ছোট উদাহরন দেই। আমাদের দেশে যে কারো ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার বিপক্ষে জেল জরিমানার বিধান আছে। বাংলাদেশে কোরবানী ঈদের সময় গনহারে হিন্দুদের পরম পবিত্র গো-মাতা জবাই করা হয়। এতে কি হিন্দুদের ধর্মানুভূতিতে আঘাত লাগে না ? হিন্দু সমাজের কেউ কি এ ব্যাপারে

মামলা করেছেন? আবার, ভারতের বেশীরভাগ যায়গায় গরু জবাই নিষিদ্ধ। সেখানকার মুসলমানদের কি তাতে ধর্মানুভুতিতে আঘাত করা হচ্ছে না ?
মধ্যপ্রাচ্যের বেশ কিছু দেশে অন্য কোন ধর্মের প্রকাশ্য চর্চা প্রচারনা নিষিদ্ধ। শুনতে বেশ কর্কষ লাগে। যদিও মূল ইসলামী চেতনা মানলে তো তাদের কোন দোষ দেওয়া যায় না। ইসলাম বাদের অন্য সব ধর্ম আল্লাহ বাতিল ঘোষনা করলে সেই বাতিলদের কোন আক্কেলে আবার ধর্মকর্ম করার সুযোগ দেওয়া হবে?
আসলে, যতই সময় যাচ্ছে, মানুষকে ধর্মের মূল দর্শনের সাথেও আপোষ করতে হচ্ছে। এভাবেই কেবল সহাবস্থান সম্ভব। যারা এই আপোষ মেনে নিতে পারবে না তারাই গোলযোগ পাকাচ্ছে।

নিটোল এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৫:৩৪ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
খুব ছোট উদাহরন দেই। আমাদের দেশে যে কারো ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার বিপক্ষে জেল জরিমানার বিধান আছে। বাংলাদেশে কোরবানী ঈদের সময় গনহারে হিন্দুদের পরম পবিত্র গো-মাতা জবাই করা হয়। এতে কি হিন্দুদের ধর্মানুভূতিতে আঘাত লাগে না ? হিন্দু সমাজের কেউ কি এ ব্যাপারে মামলা করেছেন? আবার, ভারতের বেশীরভাগ যায়গায় গরু জবাই নিষিদ্ধ। সেখানকার মুসলমানদের কি তাতে ধর্মানুভুতিতে আঘাত করা হচ্ছে না ?
দারূণ মন্তব্য। আমাকে ছোটবেলার কথা মনে করিয়ে দিলেন। আমার এক হিন্দু বন্ধু এক কোরবানির ঈদে এই বিষয়ে আমার কাছে জানতে চেয়েছিলো। সে বলেছিলো-' আমরা সন্ধ্যেবেলা পূঁজো করলে, মন্দিরের ঢাকের শব্দে তোমাদের খারাপ লাগে; আর তোমরা আমাদের 'ভগবান'কে এভাবে মেরে ফেলছ, আমাদের কি খারাপ লাগেনা বুঝি ?" আমি ক্লিন বোল্ড!

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১০:০৭ অপরাহ্ণ
@নিটোল,
বোল্ড না হয়ে উপায় নেই।
আসলে যত মত তত পথ বা সব ধর্মের সহাবস্থান একত্রে সম্ভব এসব কথা অতি সরলীকরন, শাক দিয়ে মাছ ঢাকার সামিল।
ধর্ম মেনে সব ধর্ম একত্রে বসবাদ করতে গেলে পদে পদে গোলযোগ বাধবে। কারো না কারো ধর্মানুভূতিতে কোন না কোনভাবে আঘাত লাগবেই।

সমাধান সহজ, যা মোটামুটি সব সমাজেই চলে আসছে; সংখ্যালঘুদের ছাড় দিতে হয়।

*মোঃ হারুন উজ জামান*এর জবাব:
অক্টোবর ১, ২০১০ at ১২:১৯ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
আসলে যত মত তত পথ বা সব ধর্মের সহাবস্থান একত্রে সম্ভব এসব কথা অতি সরলীকরন, শাক দিয়ে মাছ ঢাকার সামিল।
ধর্মগুলোর শান্তিপুর্ণ সহাবস্থানের জন্য “যত মত তত পথ” জাতীয় সুবোধ বালকসুলভ কথার কোন দরকার নেই। দরকার একটা গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার আর তার সাথে একটা গণতান্ত্রিক সামাজিক সংস্কৃতির। এটা পাশ্চাত্যের দেশগুলোতে বহু আগেই হয়েছে। সেজন্যই আমেরিকাতে কু ক্লাক্স ক্লান , কম্যুনিষ্ট পার্টি আর নাতসি পার্টির মত চরমপন্থী দলগুলো একই ঘাটে বিনা সংঘর্ষে নির্ঝন্ঝাটে পানি খাচ্ছে। আর ধর্মগুলোত সেই তুলনায় নস্যি। আমেরিকার ভিতরে কোন উল্লেখযোগ্য ধর্মীয় সংঘর্ষ গত দুশ বছরে হয়েছে কিনা আমার জানা নেই। তবে গত পন্চাশ বছরে যে হয়নি সে সম্মন্ধে আমি নিশ্চিত। ধর্ম মেনে সব ধর্ম একত্রে বসবাদ করতে গেলে পদে পদে গোলযোগ বাধবে। কারো না কারো ধর্মানুভূতিতে কোন না কোনভাবে আঘাত লাগবেই।
গণতান্ত্রিক সংস্কৃতি প্রতিষ্ঠিত হলে তখন আঘাত দেওয়ার প্রবনতা এবং আঘাতের পরিমান দুটোই কমে আসবে। আর কেউ আঘাত দিলেও সেটা নিয়ে স্পর্সকাতরতা কমে আসবে। এগুলো ঘটবে সমাজের বিভিন্ন গুষ্ঠিগুলোর রাজনৈতিক স্বার্থে, তাদের মধ্যে উদারতা বেড়ে যাওয়ার কারনে নয়। আমাদের দেশে যারা নিজেদেরকে প্রগতিবাদি মনে করেন তাদের উচিত একটা গণতান্ত্রিক সামাজিক সংস্কৃতি গড়ে তোলার জন্য কাজ করা।

*আদিল মাহমুদ*এর জবাব:
অক্টোবর ১, ২০১০ at ৫:২৯ অপরাহ্ণ
@মোঃ হারুন উজ জামান,
আপনার কথা ঠিক। প্রকৃত গনতান্ত্রিক পরিবেশে সেটা সম্ভব। তবে তার চাইতেও অনেক বড় কথা হল ধর্ম ও রাষ্ট্র যন্ত্র ও রাজনীতিকে পৃথক অতি অবশ্যই করতে হবে। সেটা করা না গেলে শুধু গনতন্ত্র দিয়ে তেমন কিছু হবে না, হলেও তার রেট হবে খুব কম। ভারতের মত দেশ সেক্যুলার তকমা গায়ে লাগিয়েও বিশাল সুবিধে করতে পেরেছে তা নয়। ই রান সৌদী আরব এসব দেশে গনতন্ত্র প্রতিষ্ঠা হলেই সব ধর্মের লোকে সমান অধিকার পাবে? মনে তো হয় না।

সেটাই বা কিভাবে করা যায়? করা যায় তখনই যদি মানুষের মনে এ বোধ আসে যে প্রতি পদের দিক নির্দেশনার জন্য কোন ধর্মের দ্বারস্থ হতে হবে। যে সমস্যা আমাদের সহ অন্যান্য মুসলমান দেশগুলিতে আছে। আপনি যদি এই মৌলিক বিশ্বাস পোষন করেন যে আপনার ধর্মগ্রন্থ অনুসরন ব্যাতীত জীবন অর্থহীন তবে অবশ্যই চাইবেন যে সেই ধর্মগ্রন্থ অনুযায়ী যেন দেশ চলে সেটা নিশ্চিত করতে। খুবই স্বাভাবিক। ধরেন আপনি একদিকে দৃঢ়ভাবে বিশ্বাস করেন যে কোরানের সব নির্দেশ অবশ্য ই পালনীয়, কিন্তু কোন মুসলমান অধ্যুষিত দেশে রাষ্ট্রীয় পর্যায়ে সেসব কায়েম করেন না তাহলে বলতে হবে যে আপনার বিশ্বাস খাঁটি নয়। শায়খ রহমান বাংলা ভাই গং এর খুব বেশী দোষ তো আমি এ হিসেবে দেখি না। তাদের ভক্তকূলও এ কারনে ভালই আছে।

আজকাল কার দিনে ধর্ম মানা হল ছাড় দেবার খেলা। ধর্মগ্রন্থ অনুযায়ী জীবন পূর্ন নিয়ন্ত্রন সম্ভব নয় সেটা সবাই জানে। কেউ সেটা স্বীকার করে, কেউ করে না। পশ্চীমা দেশের লোকজন সেটা স্বীকার করে, করে বলেই ধর্ম নিয়ে তেমন মাতামাতি করে না।

লিলিয়া এর জবাব:

অক্টোবর ১, ২০১০ at ২:১৩ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ, আপনি বলেছেন, "মাঝে মাঝে প্রশ্ন জাগে যে সব ধর্মের শান্তিপূর্ন সহাবস্থান কি আদৌ সম্ভব?" বিশ্লেষন spot on! ধর্মের ভিত্তি অন্ধ বিশ্বাস, অশান্তি অবধারিত। কিন্তু এটা কেন মানুষ মেনে নিতে পারে না বুঝি না। শুধু ধর্মের ক্ষেত্রেই কোন যুক্তি শুনতে কেউ আগ্রহী না। যুক্তি সম্পন্ন খোলা মনের মানুষ ই এই পরধির বাইরে থেকে সত্যিটা দেখতে সম্পন্ন।

6

ভবঘুরে

আগস্ট ৩, ২০১০ সময়: ৫:০৩ অপরাহ্ণ লিঙ্ক

লেখাটা দারুন লাগল।

তবে প্রবন্ধের শিরোনামটা জটিল। কেমন যেন খটমট। আরও একটু সহজ সরল করলে তা পাবলিকের দৃষ্টি বেশী কাড়ে বলে মনে হয় আর তা মানুষ বেশী প ড়বে বলেও মনে হয়। যাহোক এটা আমার ব্যক্তিগত মত।

7

রাব্বানী

আগস্ট ৩, ২০১০ সময়: ১১:১৯ অপরাহ্ণ লিঙ্ক

আচ্ছা, যদি কোন শিশু অন্য কোন ধর্মের মা-বাবার ঘরে জন্ম গ্রহনকালে মারা যায়, তাহলে ও কি সে by definition নরকে যাবে?

আবার ধরেন, শিশু অন্য ধর্মে জন্মগ্রহন করল এবং সে জন্মগত ভাবেই মানসিকভাবে অসুস্থ (mentally retarded) যার ফলে সে জানলই না ধর্ম কি। সেও কি নরকে যাবে?

আর সূর্য্য মাথার এক হাত উপরে আসলে হিমালয়ে ধাক্কা খাবেনা, অভিকর্ষ বলের আকর্ষনে তো পৃথিবী সূর্য্যের কেন্দ্রে ঢুকে যাওয়ার কথা। আবার বলেন না যে অভিকর্ষ বল থাকবে না।

জানা কেউ উত্তর দিলে খুশি হব। ধন্যবাদ।



*আল্লাচালাইনা*এর জবাব:

আগস্ট ৪, ২০১০ at ১২:৪৪ পূর্বাহ্ণ

@রাব্বানী, অনেক আলেম-উলামারা বলে থাকেন শুনেছি, কোরানের একটি অগ্রন্থিত আয়াতে নাকি বলা আছে যে- হাশরের সময় চারজন শক্তিশালী ফেরেস্তা পৃথিবীর চার প্রান্ত টেনে ধরে পৃথিবীকে প্রলম্বিত করবে, যাতে সকল মানুষ ও জ্বিনের সেখানে স্থান হয়। ঐ চার ফেরেস্তা হবে এতোই শক্তিশালী যে পিরিয়ডিক ইন্টারভালে আল্লার তাদেরকে রিমাইন্ডার দিতে হবে এই বলে, "এই দুষ্ট ফেরেস্তার দল এতো জোড়ে টান দেয়না, ছিড়ে যাবে। ছিড়ে গেলে জ্বিন ইনসান সব নীচে পড়ে যাবে। আর আমার হাশরের আসরটা হবে মাটি।" এটুকু বোঝার মতো জ্ঞান আপনার আশা করি রয়েছে যে, এতোটা শক্তিশালী ফেরেস্তা যখন কিনা ধরে আছে, তখন সূর্যের অভিকর্ষের টানে পৃথিবীর অন্য কোথাও যাওয়ার উপায় নেই কোন। মহাবিজ্ঞানগ্রন্থ কোরানকে আপনার বাকাস্বরে প্রশ্ন করার ধরণটা পছন্দ হলো না।

8

সংশপ্তক

আগস্ট ৪, ২০১০ সময়: ১২:৪০ পূর্বাহ্ণ লিঙ্ক

@রাব্বানী,
বিশ্বাসীদের মতে , “উপরওয়ালার ইচ্ছায় কি না হয় !” আর আমার মত অবিশ্বাসীদের মতে, উপরওয়ালা তো জন্ম থেকেই ফেরারী , তার ইচ্ছায় বা অনিচ্ছায় কি বা আসে যায় !


মাহফুজ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৯:৫৬ অপরাহ্ণ
@ সৈকত ভাই,
‘আরণ্যিক নির্বোধের ভ্রান্ত দুঃস্বপন’ আপনার এই লেখাটি মোট তিনবার পড়েছি। প্রথমবার মুক্তমনাতেই, দ্বিতীয় বার যুক্তি ম্যাগাজিন পাবার পর। আর এইবার পড়ে তিনবার হলো। বলতে দ্বিধা নেই যে, প্রথমবার নাম দেখে আমার একটু সন্দেহ হয়েছিল। কারণ এই নামে ড . হুমায়ুন আজাদের একটি প্রবন্ধ রয়েছে ‘আমার অবিশ্বাস’ গ্রন্থে। শিরোনামটি যে সত্যি সত্যিই তার কাছ থেকে ধার করা এতে কোন সন্দেহ নেই। এবং আপনার এই চমৎকার লেখাটি প্রমাণ করে যে আপনি হুমায়ুন আজাদ দ্বারা মুগ্ধ এবং প্রভাবিত। আমরা প্রত্যেকেই যদি এমনিভাবে ধর্মের বিশ্লে ষণটা করতে পারতাম তাহলে কত মঙ্গলই না হতো?
নতুন করে পোষ্ট দিয়ে বিষয়বস্তু স্মরণ করিয়ে দেবার জন্য অসংখ্য ধন্যবাদ। কিছু কিছু লেখা পুরোনো হয় না। পুরোনোটাই যেন আবার নতুন হয়ে দেখা দেয়। আপনার এই লেখাটিও আমার নিকট তদ্রুপ।

9

ব্লাডি সিভিলিয়ান
আগস্ট ১৩, ২০১০ সময়: ১১:৫৭ পূর্বাহ্ণ লিঙ্ক
‘আরণ্যিক নির্বোধের ভ্রান্ত দুঃস্বপন’ কবি সুধীন্দ্রনাথ দত্তের একটি কবিতার দ্বিতীয় পংক্তি। শুরু টা ছিলো এরকম:
“ভগবান, ভগবান তুমি কি কেবল
আরণ্যিক নির্বোধের ভ্রান্ত দুঃস্বপন?”
মানে, ফারুক সাহেবের মতো ভক্তপ্রাণ যদি অবিশ্বাসের দিকে কখনো ধাবিত হয়ে সংশয়াকুল হয়ে আর্তনাদ করেন (সম্ভাবনা হয়তো আছে!!! ঈশ্বরের লীলা কে বুঝিতে পারে) , তখন তাঁর মুখে এই ভাষা শোনা গেলেও যেতে পারে।

10

লিলিয়া

অক্টোবর ১, ২০১০ সময়: ২:২৩ পূর্বাহ্ণ লিঙ্ক

এই লেখাটি পড়েও যদি কোন ধর্মআন্ধর চোখ না খোলে সেটা খুব ই মর্মান্তিক ব্যাপার। সৈকত চৌধুরী, hats off to you.

সৈকত চৌধুরী এর জবাব:

অক্টোবর ১, ২০১০ at ৩:৫৫ পূর্বাহ্ণ

@লিলিয়া,

আপনাকে মুক্ত-মনায় স্বাগতম।

আশা করি এখানে নিয়মিত আলোচনায় অংশ নিবেন।

11

বিপ্লব রহমান

নভেম্বর ১৩, ২০১২ সময়: ১২:১৫ অপরাহ্ণ লিঙ্ক

মুক্তমনায় ধর্ম বিষয়ক sলেখাগুলো এখন আর পড়ি না। খুবই একঘেয়ে ও ক্লান্তিকর লাগে। কিন্তু এই লেখাটি বার বার পড়ছি। ছোট্ট লেখায় এতো চমৎকার বিশ্লেষণ- এ সংক্রান্ত লেখালেখিতে খুব কমই হয়েছে। লেখককে বিনম্র শ্রদ্ধা, অভিনন্দন।

লেখায় প্রয়োজনীয় তথ্যসূত্র/লিংক থাকলে আগ্রহীদের আরো জানার সুযোগ তৈরি হতো। চলুক ।

বিপ্লব রহমান এর জবাব:

নভেম্বর ১৩, ২০১২ at ১২:১৭ অপরাহ্ণ

* সংশোধন::

মুক্তমনায় ধর্ম বিষয়ক লেখাগুলো এখন আর পড়ি না= মুক্তমনায় ধর্ম বিষয়ক লেখাগুলো এখন আর [পারতঃ পক্ষে তেমন] পড়ি না।

<u>সমাপ্ত</u>

http://mukto-mona.com/bangla_blog/?p=18782

ধর্ম, একটি সামাজিক ব্যাধি

তারিখ: ১ আশ্বিন ১৪১৮ (সেপ্টেম্বর ১৬, ২০১১)

কৌশিক

মানবজাতির মধ্যে এমন খুব কমই আছে, 'ক্যান্সার' শব্দটি শুনলে যার বুক কেঁপে ওঠেনা। ক্যান্সার বা কর্কটরোগ হল মৃত্যুর পরোয়ানা। একবার ক্যান্সার ধরলে পরে তার থেকে বেঁচে ফিরে আসাটা প্রায় দুষ্কর, চিকিৎসা সব সময়ে সম্ভব হয় না, আর হলেও যে সম্পূর্ণ রোগমুক্তি ঘটবেই এরকম কোন গ্যারান্টী নেই। কিন্তু কি এই ক্যান্সার? কেন সে এত বিধ্বংসী? ক্যান্সার কোন এক অসুখ নয়। এটি বেশ কিছু ধরণের অসুখের একটি সমষ্টি বিশেষ , যার সকলের মধ্যে অন্যতম সাধারণ লক্ষণ হল কতিপয় কোষের অনিয়ন্ত্রিত বন্ধনহীন বৃদ্ধি এবং বিভাজন। এই নিয়ন্ত্রণহীনতার ফলে অচিরেই কোষসমূহ তাদের আশেপাশের অঞ্চলে ছড়িয়ে পড়ে এবং সুস্থ কোষকলা বা টিস্যুকে ধ্বংস করে। ধ্বংসাবশেষে যখন আর কিছু থাকেনা , তখন ক্যান্সারগ্রস্ত কোষগুলো রক্ত বা লসিকা মারফত বাহিত হয়ে শরীরের অন্যান্য অঞ্চলেও ছড়িয়ে পড়ে - যাকে বলে 'মেটাস্ট্যাসিস' - এবং সেখানেও একইভাবে শরীরময় বিধ্বংসী কাজকর্মে ব্যাপৃত হয়। কোন কোন কোষ কেন ক্যান্সারগ্রস্ত হয়ে পড়ে , তার সাধারণত দুটি কারণ মনে করা হয়। এক, পরিবেশগত, পরিবেশ থেকে আহৃত বিভিন্ন সিগ্ন্যাল কিছু কোষ-এর নিজস্ব নিয়ন্ত্রণ ক্ষমতাকে নষ্ট করে দেয়। দুই, জিনগত, কিছু জেনেটিক অ্যাবনর্মালিটি থাকলে পড়ে ক্যান্সার হবার প্রবণতা বৃদ্ধি পেতে পারে। এই জিনগত বিকৃতি অনেক সময়ে বংশপরম্পরায় চলে আসতে পারে।

ক্যান্সারের কথা সকলেই জানে এবং তার ফলাফল সম্পর্কে অবহিত। তাই আমার এই পোস্ট, শারীরিক ক্যান্সার নিয়ে নয়। মানবিকতা, সুস্থ মানসিকতা, জনজীবনের ওপরেও ঠিক একই রকম ভয়াবহ পরিণতি নিয়ে আসে এক সামাজিক ক্যান্সার - তার নাম ধর্ম, বিশেষত প্রাতিষ্ঠানিক ধর্ম। এর প্রভাব এবং ফলাফল সম্পর্কে অপেক্ষাকৃত কম লোকে জানে , এবং অনেকে জানলেও মেনে নিতে অস্বীকার করে। অনেকে আবার মনে করে, চোখ শক্ত করে বন্ধ করে, দুই হাতে কান চেপে বন্ধ করে, মুখে চিৎকার করে 'লালালালালালালা' আওয়াজ করলেই এর কুপ্রভাব থেকে মুক্তি পাওয়া যায়। দুঃখের বিষয়, সেভাবে কিছু হয় না। ধর্মের কুপ্রভাবকে লড়ে আটকানোর একমাত্র পন্থা হল জ্ঞান , বা নলেজ, এবং সম্যক অবগতি, বা অ্যাওয়্যারনেস।

অনেক ধার্মিক মধ্যপন্থী (রিলিজিয়াস মডারেট)-র বক্তব্য হল, ধর্ম তাদের একান্ত নিজস্ব জিনিস। তাদের অনুভূতির, তাদের চিন্তন-মনন-এর উপর ন্যস্ত তাদের ধর্মভাব। তারা কারও ক্ষতি জানতে

করছে না, শুধু নিজেদের মত করে নিজের ঈশ্বর-এর আরাধনা করতে চায় - তাতে কারর কিই বা বলার থাকতে পারে? তারা এও বলে থাকে, যে ধর্মের নামে যারা অন্যের ক্ষতি করে, মারামারি কাটাকাটি করে, তারা সঠিকভাবে 'ধর্ম'-এর অর্থ বোঝেনি, ইত্যাদি। অর্থাৎ কিনা, তাদের বোঝা যে ধর্মের রূপ, তাদের মাথায় রাখা যে ধর্মের ছবি, সেটাই আদতে ধর্ম নামে পরিচিত হবার যোগ্য; বাকি অন্যান্যরা বিপরীত কথা যা বলে সব ভুল। যুক্তিশাস্ত্রে এর নাম হলো , 'নো ট্রু স্কটসম্যান' ফ্যালাসি বা অ/কুযুক্তি। মুশকিল হল, যেহেতু ঈশ্বর (ভগবান, গড, আল্লাহ, আহুরা মাজদা, গাইয়া, য়াহওয়ে, জিউস - বা অন্যান্য যে নামেই ডাকা হোক না কেন) নিজে নেমে এসে কখনোই বুঝিয়ে দিচ্ছে না , কোনটা ঠিক আর কোনটা ভুল, তাই মধ্যপন্থীদের অপেক্ষাকৃত উদার ধর্মচেতনা আর মৌলবাদীদের অতিরক্ষণশীল, অনুদার, অসহিষ্ণু ধর্মব্যাখ্যা - দুটোর কোনটা একে অপরের থেকে বেশী গ্রহণযোগ্য, সেটা নির্ণয় করা নিতান্তই দুরূহ। কিন্তু কুপ্রভাব বা ফলাফলের দিক থেকে দুটোই সমান - দু'দিকেরই আসল উদ্দেশ্য হল মানুষের জীবনযাপনের উপর সর্বময় কর্তৃত্ববিস্তার।

কেন ধর্ম ক্যান্সার-গোত্রীয়? প্রথমত, পরিবেশের প্রভাব। কোন শিশু কোন ধর্মের অন্তর্ভুক্ত হয়ে জন্মায় না। জন্মানোর পর থেকেই একটু একটু করে কাজে কর্মে, কথায় বার্তায়, আকারে ইঙ্গিতে মাথায় ঢুকিয়ে দেওয়া হয় কোন একটি বিশেষ ধর্মের প্রতি আনুগত্য। এই আনুগত্য বহুসময়েই আসে চরম মূল্যে - সুকুমার বৃত্তিগুলোর অবদমন এবং অচিরেই বিনাশ ; পরসহিষ্ণুতা, জ্ঞান অর্জনের স্পৃহা এবং প্রচেষ্টা, এবং সুস্থ ব্যালান্স্‌ড মানসিকতার পঞ্চত্বপ্রাপ্তি।

দ্বিতীয়ত, অনিয়ন্ত্রিত বৃদ্ধি এবং প্রসার। ধর্ম (প্রকারান্তরে ধর্মীয় আবেগ বা ধর্মীয় অনুভূতি) কখনও আত্মনিমগ্ন থাকে না, সেরকমটা তার প্রকৃতির বহির্ভূত। কোন মানুষের ধর্মচেতনা কিছুতেই সেই মানুষের মস্তিষ্কের মধ্যে সীমাবদ্ধ থাকতে চায়না। ধর্মভাব মাথায় জাগলে সেটা অচিরেই চায় ছড়িয়ে পড়তে, এক মাথা থেকে অন্য মাথায়, একের চিন্তা থেকে অন্যের চিন্তায়; সমমনস্ক মানুষের আবেগ অনুভূতির মধ্যে সূক্ষ্মভাবে প্রবিষ্ট হয়ে স্বল্পসময়ের মধ্যে দখল করে নিতে তার মস্তিষ্কের সমস্ত উচ্চতর কার্যাবলী (হাইয়ার নিউরাল ফাংশান্‌স) - বুদ্ধি, যুক্তি, বিবেচনা, সুস্থচিন্তা, নৈতিকতা সমস্তই তখন ছিটকে যায়, রয়ে যায় শুধু উন্মাদনা।

সেটা কি ধরণের উন্মাদনা? সবচেয়ে বিষাক্ত, ক্ষতিকারক এবং ছোঁয়াচে ধরণের। যে উন্মাদনা কোন যুক্তি মানেনা, সাধারণ বুদ্ধি মানেনা; যে উন্মাদনা নির্ভরশীল একটি অদৃশ্য, অলীক, অনুপস্থিত, কল্পনাপ্রসূত ব্যক্তি বা বস্তুবিশেষ বা এনটিটি-র উপরে; যে উন্মাদনার দৃঢ় ধারণা যে সেই এনটিটি মানুষের কথা চিন্তা করে সমস্ত সৃষ্টির ইতিকথা লিখে গেছে কয়েকশ পাতার ধর্মপুস্তকের মধ্যে - এবং সেই অযাচিত ঐশী বাক্যসমূহ অক্ষরে অক্ষরে সত্য যদিও তাদের উৎস বা প্রোভেনেন্স পরীক্ষা করতে গেলে অনেক রকম গন্ডগোল ধরা পড়ে; যদিও অনেক সময়ই প্রত্যেকের নিজস্ব ধর্মপুস্তকটি অনুবাদের সংস্করণ অনুযায়ী বিভিন্ন রকম কথা বলে থাকে।

এ হোল সেই উন্মাদনা, যার বশবর্তী হয়ে একদল মানুষ নিশ্চিন্তে, নিশ্চুপে তাদের জীবনের সম্পূর্ণ দখল বা কন্ট্রোল তুলে দেয় এক বা একাধিক অন্য মানুষের হাতে , যারা নিজেদের ধর্মগুরু বা আধ্যাত্মিক নেতা হিসেবে আখ্যা দিয়ে থাকে। এবং সেই সব ধর্মীয় নেতার অঙ্গুলিহেলনে বা মুখের একটা কথায় তারা মানবত্বকে শিকেয় তুলে, যুক্তি-বুদ্ধি জলাঞ্জলি দিয়ে নেমে পড়ে ঘৃণ্য , জঘন্য, হীন, পাশবিক আচরণ করতে। আর সেই সব আচরণে যোগদান করাটা খুবই সহজ , কারণ ধর্মের ছায়া থাকতে কাউকে তো নিজের কোন কাজের দায়িত্ব বা রেসপন্সিবিলিটি বহন করতে হয়না। ওই যে, আইনে একটা সুন্দর অজুহাত আছে - স্বল্পসাময়িক উন্মত্ততা, টেম্পোরারি ইনস্যানিটি; ধর্মের ক্ষেত্রে খুবই উপযোগী।

ধর্ম হল সেই উন্মাদনা যাকে যেন-তেন-প্রকারেণ প্রতিষ্ঠিত করতেই হয় যে সেই শ্রেষ্ঠ, সে-ই শেষ কথা। তাই বিভিন্ন মানুষের যদি ভিন্ন ভিন্ন ধর্মানুভূতি থেকে থাকে , ধর্মের ক্রিয়াকলাপ, আচার-ব্যবহার যদি আলাদা হয়ে থাকে, ধর্মের বাণী সম্পর্কে মতামত ভিন্ন হয়ে থাকে, তাহলে তাকে যেভাবেই হোক এক পথে নিয়ে আসতে হবে, এক মতে নিয়ে আসতে হবে। যে কোন মূল্যে। অবশ্য ধার্মিক লোকজনের কাছে সাধারণভাবে নিজের ধর্ম ছাড়া আর কোন কিছুর মূল্য নেই। নেই জীবনের মূল্য , নেই সভ্যতার মূল্য, নেই মানুষের মূল্য। আছে শুধু এক সর্ব আগ্রাসী উন্মাদনা। ভেবে দেখলেই পরিষ্কার হয়, যে এই উন্মাদনার উৎপত্তি বেশ সুপরিকল্পিত - কারণ উন্মাদনা থিতিয়ে পড়লেই মানুষ তখন চিন্তা করতে চায়, আর চিন্তা করলেই তো ধর্মের অসারত্ব ধরা পড়ে যাবে। তাই যুগে যুগে ধর্মীয় নেতারা এই উন্মাদনাকে জিইয়ে রাখবার আয়োজন করে এসেছে।

এবং সবচেয়ে যেটা মারাত্মক, সেটা হল ধর্মের এহেন প্রসার থেকে অব্যাহতি পাওয়া প্রায় অসম্ভব। মুশকিল হল এই যে যুক্তি, বুদ্ধি, বিবেচনাকে বজায় রাখানোর জন্য কোন প্রতিষেধক বা ভ্যাক্সিন নেই। আমাদের ধর্ম-ভিত্তিক, বা আরও ভালভাবে ব্যাখ্যা দিতে গেলে, ধর্মের-আতিশয্য-ভিত্তিক সমাজব্যবস্থায় শৈশবাবস্থা থেকেই পদে পদে বোঝানো হয় যে ঈশ্বরের ধারণাটা অলীক কল্পনা নয়, ধর্ম একটি উপকারী এবং প্রয়োজনীয় ব্যবস্থা। এই মিথ্যার বেড়াজাল থেকে বেরিয়ে আসাটা খুব সহজ হয়না অনেকের পক্ষেই। এবং সেভাবেই এক মানুষের থেকে অন্য মানুষে , এক জেনারেশন থেকে অন্য জেনারেশন-এ ধর্ম সংক্রামিত হয়।

ক্যান্সারের মতনই, ধর্ম সভ্যতার বিনাশকারী। সেই কারণেই স্বনামধন্য সাংবাদিক, লেখক ও নাস্তিক ক্রিস্টোফার হিচেন্স বলছেন, “রিলিজিয়ন পয়জন্স্ এভরিথিং” (ধর্মের বিষাক্ত স্পর্শ সব কিছুকে বিনষ্ট করে); আমার কথা না যাচাই করে শোনার বা আমল দেওয়ার প্রয়োজন এক্কেবারেই নেই। চোখ তুলে তাকিয়ে সমসাময়িক পৃথিবীর দিকে দেখলেই প্র তীতি জন্মাবে। মানবতার পরিপন্থী যত ঘটনাসমূহ ঘটেছে - বেশীদূরে যাবার দরকার নেই, বিগত দশ বছর বা দুই দশকের দিকে দেখলেই হবে - তার প্রায় প্রত্যেকটির কোন না কোন ধর্মীয় অংশ বা কম্পোনেন্ট রয়েছে, সরাসরি বা পরোক্ষভাবে। ধর্মের ছোঁয়া লেগে যেই মূহুর্তে সুস্থ বুদ্ধিবৃত্তি এবং যৌক্তিকতার বিনাশ ঘটে, সেখানেই যে মানবতার পতন

ঘটবে, তাতে আর আশ্চর্য কি?

-

এই লেখাটার পরিপ্রেক্ষিতে আজ বড় বেশী করে মনে পড়ছে জন লেননের লেখা ইম্যাজিন গানটির অসাধারণ লাইনগুলো। খুবই ইচ্ছে হওয়ায় নিজের মত করে অনুবাদ করলাম গানটির। মানগত ফারাকের জন্য অবশ্যই লেনন-এর কাছে আমি ক্ষমাপ্রার্থী।

ভেবে দেখো, স্বর্গটা নেই
- সহজ কথা সহজ করে -
নরক নিচে নেইকো মোদের
শুধুই আকাশ মাথার 'পরে
ভেবে দেখো, মানুষ যত
বাঁচছে, আজ-কে বাঁচার তরে।

ভেবে দেখা নয়তো কঠিন -
দেশ বিদেশের নেই সীমানা
মারা-মরার নেই তো কারণ
ধর্মেরও আজ নেই জমানা
শান্তিতে তাই বাঁচছে মানুষ
আজ কোন আর নেই যে মানা।

বলতে পার, স্বপ্ন দেখছি।
নই তো আমি একলা সে জন
হয়ত তুমিও জুড়লে এসে -
ধরার সেদিন এক প্রাণ মন।

মনে কর, পারবে যদি,
জমায় না কেউ বিষয়-আশয়
লোভ বা ক্ষুধার নেই প্রয়োজন
ভাইচারাতেই মানুষ যে হয়।
ধরার মাটির সমাংশ ভাগ -
মানুষ-মানুষ সুখেই রয়।

বলতে পার, স্বপ্ন দেখছি।
নই তো আমি একলা সে জন

হয়ত তুমিও জুড়লে এসে -
ধরার সেদিন এক প্রাণ মন।

কমেন্ট

ফরিদ আহমেদ
সেপ্টেম্বর ১৬, ২০১১ সময়: ১০:৩৯ পূর্বাহ্ণ লিঙ্ক
ইমাজিন গানটার যে অসাধারণ রূপান্তর আপনি ঘটিয়েছেন তা দেখে মুগ্ধ আমি।
এই গানটা শুধু গান নয়, আমাদের মত ধর্মহীন মানুষদের স্বপ্নবিলাসী স্বপ্ন একটা।

*কাজী রহমান*এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১১ at ১১:০২ পূর্বাহ্ণ
@ফরিদ আহমেদ,
সব ছেড়ে গানটা নিয়েই পড়লাম

*ফরিদ আহমেদ*এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১১ at ১১:০৭ পূর্বাহ্ণ
@কাজী রহমান,
আপনি নবী মানুষ। যা ফতোয়া দিবেন তাই মেনে নিবো। হালাল বললে এই গান শুনবো ভক্তির সাথে।
আর যদি হারাম বলেন, তাহলে মুছে দেবো সাততাড়াতাড়ি।

*কাজী রহমান*এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১১ at ১১:২৩ পূর্বাহ্ণ
@ফরিদ আহমেদ,

সুরাঃ আল মায়েদাহ; আয়াতঃ ৫:৫১ : হে মুমিণগণ! তোমরা ইহুদী ও খ্রীষ্টানদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত।

সঙ্গীত শ্রবনে কিই বা অসুবিধা, উহাকে বন্ধু ভাবিলেই কিঞ্চিত ইল্লিবিল্লি। উপভোগ করুন, আনন্দে থাকুন। আচ্ছা কেহ কেহ বলে উনি কমিনিচ ছিলেন, ইহা কি সত্য? তাহা হইলে তো উহার জন্য সূরা নাই.........।।না না আছে, হঠাৎ মনে পড়িলোঃ

আল ইমরান 3:73 যারা তোমাদের ধর্মমতে চলবে, তাদের ছাড়া আর কাউকে বিশ্বাস করবে না।

সঙ্গীত শ্রবনে কি ই বা অসুবিধা, আপাতত ইহা হারাম নহে, উপভোগ করুন, আনন্দে থাকুন।

2

অভিজিৎ

সেপ্টেম্বর ১৬, ২০১১ সময়: ১০:৫০ পূর্বাহ্ণ লিঙ্ক

ভাল লাগলো লেখাটা -

লেলনের ইমাজিন গানের আমার অক্ষম অনুবাদটা ছিলো অনেকটা এরকমের -

মনে কর নেই কোন স্বর্গ,
ভেবে নেওয়া নয় কভু শক্ত
নীচে নেই কোন নরক
উর্ধে শুধুই ছায়ালোক,
মনে কর পৃথিবীর সকল মানুষ
শুধু আজকের জন্যই আছে বেঁচে ...আহ হা আ হা হা...

কৌশিক এর জবাব:

সেপ্টেম্বর ১৬, ২০১১ at ৭:৩০ অপরাহ্ণ

@অভিজিৎ, ধন্যবাদ। আমার অনুবাদটি নিতান্তই একটি আবেগ -সর্বস্ব মূহুর্তের বহিঃপ্রকাশ। আমি নিশ্চিত, এর থেকে ঢের ভাল অনুবাদ গানটির অন্যত্র আছে। আপনার অনুবাদে ভাষার ব্যবহার ভাল লাগল।

3

সৈকত চৌধুরী

সেপ্টেম্বর ১৬, ২০১১ সময়: ১০:৫৫ পূর্বাহ্ণ লিঙ্ক

লেননের ইমাজিন গানটির অসাধারণ pp প্রেজেন্টেশন। দেখেন ও শোনেন -

http://www.mediafire.com/download.php?zd49qibkt5bemi9

বেশ মনোমুগ্ধকর।

4

কেয়া রোজারিও

সেপ্টেম্বর ১৬, ২০১১ সময়: ১১:২৩ পূর্বাহ্ণ লিঙ্ক

চমৎকার লেখা। গান টার একটু ভিন্ন লিঙ্ক দেই ? গায়কের বাস্তবতা দেখুন, আপনার লেখার সঙ্গে মিল পাচ্ছেন? ভালো কথা , ছেলেটির নাম”ইম্মানুয়েল”, বাইবেল অনসারে যার অর্থ “আমাদের সঙ্গে ইশ্বর”

http://www.youtube.com/watch?v=7ogCOw2jadw

কি পরিহাস তাই না?

কৌশিক এর জবাব:

সেপ্টেম্বর ১৭, ২০১১ at ২:৫৬ পূর্বাহ্ণ

@কেয়া রোজারিও, লিঙ্কটি শেয়ার করার জন্য অসংখ্য ধন্যবাদ। ভিডিওর শেষে কমেন্টগুলোতে ঈশ্বরভক্তদের ভীড় দেখে যুগপৎ হাসি পেল এবং একটু দুঃখও হল। মানুষের সেলফ -ডিল্যুশন-এর কোন সীমা পরিসীমা নেই। ইম্যানুয়েল -এর মা তাকে অর্ফ্যানেজ থেকে তুলে এনে মানুষ করেছেন এবং একটা সুন্দর জীবন দিতে পেরেছেন - সেটা যদি কোন কাল্পনিক ঈশ্বরের কৃপা হয় , তাহলে সেই ঈশ্বর কোথায় ছিল যখন ওই একই জায়গায় শ’য়ে হাজারে আবালবৃদ্ধবনিতা নিপীড়িত , নিগৃহীত এবং অবশেষে মৃত্যুমুখে পতিত হচ্ছিল ? ধর্ম যেমন সেন্স অফ রেস্পন্সিবিলিটি-র হানি ঘটায়, তেমনই স্বাধীন, স্বকীয় চিন্তা এবং আত্মসম্মানবোধ-আত্মমর্যাদারও ক্ষতি করে।

5

কৌস্তুভ

সেপ্টেম্বর ১৬, ২০১১ সময়: ৯:২৬ অপরাহ্ণ লিঙ্ক

হাহা, লেখাটা ছেড়ে সবাই দেখি গান নিয়েই পড়ল!

একটা দুষ্টু প্রশ্ন করতে ইচ্ছা করছে। ক্যান্সারের উপর যেমন এনভায়রনমেন্ট আর জিন ছাড়াও এপিজেনেটিক্সেরও প্রভাব আছে, ধর্মেরও কি এইরকম রূপক কিছু পাওয়া যায় ?

কিন্তু নাহ, লেখাটা তো অত টেকনিকাল হয় নি। ধর্ম বিস্তারের ব্যাখ্যায় মিম'ও আসে নি।

'নো ট্রু স্কটসম্যান' জিনিসটা জানতাম না।

A

কৌশিক এর জবাব:

সেপ্টেম্বর ১৭, ২০১১ at ২:৩১ পূর্বাহ্ণ

@কৌস্তুভ,

হাহা, লেখাটা ছেড়ে সবাই দেখি গান নিয়েই পড়ল!

তাই তো দেখছি। গানটা বোধহয় আলাদা করে দিলেই ভাল হোত...

যাকগে। ডি এন এ মেথিলেশন কে যদি ক্লাসিক এপিজেনেটিক মার্কার হিসেবে ধরি, তাহলে বলা যেতে পারে যে মেথিলেশন-এর মাধ্যমে অনেক ক্যান্সারের সঙ্গে সম্পর্কযুক্ত জিন-কে সুইচ অফ অবস্থায় রাখা হয়। টিউমার কোষগুলোতে মেথিলেশন-এর পরিমাণ অনেক কম বলে দেখা গেছে। কিন্তু এটি হোস্ট ফ্যাক্টর, যার শরীর, তারই শরীরস্থ মেকানিস্ম্।

ধর্মের ক্ষেত্রে এই রূপকটি অক্ষরে অক্ষরে কাজে লাগবে কিনা জানি না। এপিজেনেটিকস-এর উপমাটা খাটবে না, কারণ ধর্মভাবটি কোনমতেই হোস্ট ফ্যাক্টর নয়, এটি বাইরে থেকে আহৃত বা চাপিয়ে দেওয়া, কন্ডিশন্‌ড় ব্যবহার। তবে এটা ঠিক, যে ধর্মের সংস্পর্শে এলে আমাদের মস্তিষ্কের যে যুক্তি ও বুদ্ধির ফিল্টারটি আছে, সেটা অকেজো হয়ে পড়ে, যার ফলে অচিরেই বাসা বাঁধে বিভিন্ন রকম অযৌক্তিক চিন্তাধারা, কুসংস্কার, বিকৃত মানসিকতা ইত্যাদি।

লেখাটা তো অত টেকনিকাল হয় নি।

ভাগ্যিস!

কাজী রহমান এর জবাব:

সেপ্টেম্বর ১৭, ২০১১ at ৭:১১ পূর্বাহ্ণ

@কৌশিক,

আচ্ছা যান আপাতত গান ফান বাদ।
ক্যান্সার মানে তো অস্বাভাবিক পরিবেশে নিয়ন্ত্রনহীন ভাবে ক্রমাগত বাড়তে থাকা বিগড়ে যাওয়া কোষ, তাই তো? আর কোষের ওপর ভাইরাসের প্রতিক্রিয়া তো বলাই বাহুল্য। এখনকার গবেষণায় ওই বিগড়ানো ভাইরাসের সুইচ অফ করে দিতে চেষ্টা হচ্ছে আরো মহা বিগড়া নো ভাইরাস দিয়ে। একটা লিঙ্ক দিলাম এখানে
এখন রূপক। শিশু জন্মাবার পর বাপমা হল সেই অস্বাভাবিক পরিবেশের ভাইরাস যারা ধর্ম ইঞ্জেক্ট করে, ক্যান্সার হয়ে গেলে তখন তা হল ধর্ম বা বিগড়ানো শিশু; আর যুক্তি জ্ঞান বিজ্ঞান মুক্তমন ইত্যাদি হোল মহা বিগড়ানো ভাইরাস।
আর পারব না; ব্যাস্ত হয়ে গেলাম, ...ঘন্টাধ্বনি শুনি......

6
সফ্টডক
সেপ্টেম্বর ১৭, ২০১১ সময়: ৩:৫১ পূর্বাহ্ণ লিঙ্ক
@কৌশিক,
অসাধারণ অনুবাদ।
অনুমতি দিলে আমি একটু সম্পাদনা করার পরামর্শ দিতে পারি:
বলতে পার, স্বপ্ন দেখছি।
নই তো আমি একলা সে জন
হয়ত তুমিও জুড়লে এসে -
ধরার সেদিন এক প্রাণ মন।
বলতে পার, দেখছি স্বপন,
নই তো আমি একলা সে জন,
হয়তো তুমিও জুটলে এসে
ধরার সেদিন এক প্রাণ মন।
মনে কর, পারবে যদি,
জমায় না কেউ বিষয়-আশয়।
মনে কর, এমন যদি হয়,
জমায় না কেউ বিষয়-আশয়।
ভেবে দেখা নয়তো কঠিন -
দেশ বিদেশের নেই সীমানা

ভাবনা পাখির মেলো ডানা
দেশ বিদেশের নেই সীমানা।
শান্তিতে তাই বাঁচছে মানুষ
আজ কোন আর নেই যে মানা।
শান্তিতে তাই বাঁচছে মানুষ,
অমৃত পানে আর নেই যে মানা।

কৌশিক এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০১১ at ৮:০৩ পূর্বাহ্ণ
@সপ্তডক,
চমৎকার হয়েছে। সম্পাদনা করে অরিজিন্যাল টা ঠিক করে দিলে আমার মনে হয় আপনার সুন্দর কারেকশন গুলি সঠিক মর্যাদা পাবে না। তাই এখানে দুটিই থাকুক , কি বলেন?

সপ্তডক এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০১১ at ৬:০৫ অপরাহ্ণ
@কৌশিক,
নিশ্চয়ই, নিশ্চয়ই! অসংখ্য ধন্যবাদ।

7

শাখা নির্ভানা
সেপ্টেম্বর ১৮, ২০১১ সময়: ১২:০০ পূর্বাহ্ণ লিঙ্ক
গানটা আসলে ভাল লেগেছে।
ধর্মের ব্যপারে কি আর বলবো। মনে হয় কোথাও না কোথাও কারোনা কারো জন্যে ধর্মের একটু খানি প্রয়োজন রয়েছে। তবে অন্যভাবে, এখন কেউ কেউ যেভাবে চালাচ্ছে সেভাবে নয়। আমার মনে হয় বিবর্তনের ধারাবাহিকতায় বৃহত্তর জন গোষ্ঠী এখনো কার্যকারনের মতো বাস্তবতা মাথায় ধারন করার উপযুক্ত হয়নি। তবে বিশ্বাসের ভাইরাসের অবশ্যই চিকিতসার দরকার।

8

ফাহিম হাসান

সেপ্টেম্বর ১৯, ২০১১ সময়: ১:১১ অপরাহ্ণ লিঙ্ক

গানের অনুবাদটা চমৎকার লেগেছে। লেখাটা চলনসই।

9

সালাউদ্দিন আহমেদ

সেপ্টেম্বর ২৭, ২০১১ সময়: ১২:৪৪ অপরাহ্ণ লিঙ্ক

ইসলাম ধর্ম একটি পূর্নাঙ্গ জীবন-বিধান,না কি একটি পূর্নাঙ্গ জীবন- দর্শন?যিশুখ্রিস্ট কি খ্রিস্টান,না মুসলমান ছিলেন?যিশুখ্রিস্ট কি খ্রিস্টান ধর্ম প্রচার করেছেন,না ইসলাম ধর্ম? মুসা কি ইহুদি ধর্ম,না ইসলাম ধর্ম প্রচার করে গেছেন?ইসলাম ধর্মের আরম্ভ কি মোহাম্মদ হতে,না প্রথম মানব আদম হতে?যদি আদম হতে ইসলাম ধর্মের শুরু হয়ে থাকে তবে কেন প্রচার করা হয় যে,মোহাম্মাদ হতে ইসলাম ধর্মের আরম্ভ ?প্রত্যেক জাতির জন্য রসুল পাঠানো হয়েছে সেই জাতির ভাষায় -কোরানের এই চিরন্তন ঘোষনায় কী বোঝাতে চেয়েছে ?সেই অনেক অনেক জাতিতে পাঠানো অনেক অনেক রসুলেরা অনেক অনেক ভাষায় কি ইসলাম ধর্ম প্রচার করে যান নি?আল্লাহর রসুলেরা কি ইসলাম ধর্ম প্রচার না করে অনেক ধর্ম প্রচার করেছেন,নাকি একটিমাত্র ইসলাম ধর্মই প্রচার করে গেছেন?মুসাকে সর্বশ্রেষ্ঠ প্রেরিত পুরুষ তথা অবতার বলে ইহুদিরা যেমন প্রচার করেন ,তেমনি যিশু খ্রিস্টকে খ্রিস্টানরা,মোহাম্মদকে মুসলমানেরা,বৌদ্ধরা গৌতম বুদ্ধকে,হিন্দুরা শ্রীকৃষ্ণকে,পার্শিরা জরথ্রুসকে,শিখেরা গুরু নানককে :এভাবে সবাই তাদের অবতারকে সর্বশ্রেষ্ঠ বলে ঘোষনা করে কোন ধরনের মজা পায়?এরফলে কি মারামারি,হানাহানি উকিঝুকি দেয় না ?সর্বজনীনতার বানী কি সংর্কীনতার যুপকাষ্ঠে মনের অজান্তে কাটা হচ্ছে না ?এই প্রশ্নগুলো অধম লেখকের নয়,বরং অনেকেই অধম লেখককে প্রশ্ন করেন। উত্তরের অপরাগতায় ছাপার অক্ষরে সবার কাছে তুলে ধরলাম । (এই লেখাটুকু ডাঃ বাবা জাহাঙ্গীর লিখিত "ইতিহাস নয় সুফিবাদের রহস্য"হইতে উদৃত। তিনি আমার মুর্শেদে কামেল। সুফিবাদের উপর উনার লিখিত আরও ৮টি

ব্যতিক্রম বই ও ২টি কোরানের ব্যতিক্রমধর্মী অনুবাদ পাবেন নিচে দেওয়া ওয়েবসাইট থেকে । যারা সুফিদর্শনকে ভালবাসেন এবং যারা ধর্মীয় সাইনবোর্ডের বাইরে এসে সার্বজনীন ভাবে শুধু মাত্র পরমসত্যকে জানতে আগ্রহী তাদের জন্য এই বইগুলোতে রয়েছে দিকনির্দেশনা। বইগুলো পড়ুন ও

নিরপেক্ষ ভাবে মন্তব্য করুন I http://www.babajahangir.wordpress.com

http://www.babajahangir.blogspot.com

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=16767

বিজ্ঞান ধর্ম ও সমাজ

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪১৮ (জুন ৬, ২০১১)

লিখেছেনঃ সৈকত আহমেদ

আমাদের মহাবিশ্বের উদ্ভব হয়েছিল প্রায় দেড় হাজার কোটি বছর আগে আর পৃথিবী সহ আমাদের সৌর জগতের উদ্ভব হয়েছিল প্রায়সাড়ে চারশ কোটি বছর আগে ।পরবর্তী ১০০ কোটি বছরে আমাদের গ্রহটি প্রাণের উৎপত্তির মত অবস্থায় এসেছে ।এখন পর্যন্ত পাওয়া সাক্ষ্য প্রমাণ অনুযায়ী প্রায় সাড়ে তিনশ কোটি বছরের বিবর্তনের মধ্য দিয়ে এক কোষী আদিম প্রাণ থেকে উদ্ভব হয়েছে বর্তমানের মানুষের এবং অন্যান্য প্রাণীর ।মানুষের উৎপত্তি নিয়ে বিজ্ঞান এবং ধর্মের মধ্যে বিরোধ চিরকাল বিদ্যমান।সৃষ্টি রহস্য নিয়ে আদিকালের মানুষ ভেবেছে ,বর্তমানের মানুষও ভেবে চলেছে।বস্তুত উদ্দেশ্য এক তবে পদ্ধতি ভিন্ন,একটি চিন্তা অপরটি গবেষণা।পৌরাণিক কাহিণী সৃষ্টি তত্ত্ব সর্ম্পকে ভিন্ন ভিন্ন ব্যাখ্যা প্রদান করে।বেশির ভাগ পৌরানিক কাহিণীর মতে মানুষ কে প্রভু মা টি হতে সৃষ্টি করেছেন।তবে বিজ্ঞানীরা বর্তমানে এই মতে পৌছেছেন যে জীব সৃষ্টি হতে হলে অত্যাবশকীয় পুর্বশর্ত থাকতে হবে ।এগুলা হল ১)প্রয়োজনীয় পানীয় জল ২)উপযোগী জলবায়ু ৩)প্রয়োজনীয় খাদ্য ।তারা বলেন কার্বন, হাইড্রোজেন,সালফার,অক্সিজেন,নাইট্রোজেন,ফসফরাস ও আরও ডজন খানেক উপাদান জীব সৃষ্টির জন্য প্রয়োজন।প্রচলিত বিজ্ঞান মতে বদ্ধ জলাশয়ে আঠালো দ্রব্যের ন্যয় এক কোষ জাতীয় প্রানীর প্রথম সৃষ্টি হয়েছিল।এগুলা কে মানুষের আদি পুর্ব পুরুষ বলা হয়।এ জীবন্ত কোষ গুলোর কিছু সমুদ্রের তলদেশে আশ্রয় গ্রহন করে, ফলে সেখানে শেওলা জাতীয় জিনিসের সৃষ্টি হয়। আবার কিছু পানির উপর ভাসতে লাগে,আর এ থেকেই মাছ ও মাছ জাতীয় প্রানীর উদ্ভব । হাজার হাজার বছর ধরে পৃথিবীতে জীবন্ত প্রানীর মধ্যে সামুদ্রিক শেওলা ,মাছ জাতীয় প্রানী দেখতে পাওয়া যায়। ক্রম বিকাশের সুত্র ধরে একদিন উভচর প্রানী ও উভজ গাছপালার জন্ম হয়।আর এই উভচর প্রানী থেকে একদিন সরীসৃপ জাতীয় যেমন সাপ,টিকটিকি ইত্যাদি প্রানীর সৃষ্টি হয়।সরীসৃপ থেকে বিভিন্ন প্রকার প্রানীর উৎপত্তি হয়েছে।মোটামুটি ভাবে কিছু পাখী ও কিছু স্তন্যপায়ীর বিবর্তন জীব জগতে ক্রম বিকাশের ধারায় একটি গুরুত্বপূর্ন বিষয় হয়ে দাড়ায়।মনে রাখা প্রয়োজন যে এ সব বিকাশ ও পরির্বতন রাতারাতি ঘটে নি । এগুলা লক্ষ্য লক্ষ্য কোটি কোটিবছরে অলক্ষ্যে ঘটে যাওয়া ক্রম বিকাশের ফলশ্রুতি।প্রকৃতির এক মাত্র কাজ পরিবর্তন বা রুপান্তর।একেই বিবর্তন বলে।

বিভিন্ন বিষয়ে প্রাকৃতিক পরির্বতনে সময়ের ব্যাবধান যথেষ্ট । প্রকৃতি দুধ কে দই ও তালের রস কে তারি করতে কয়েক ঘন্টা সময়ের মধ্যেই পারে । কিন্তু রেডিয়াম কে সীসায় পরিনত করতে প্রকৃতির সময় লাগে লাখ লাখ বছর।এই রকম কার্বনাদি জৈবপদার্থ হতে এক দানা প্রোটোপ্লাজম তৈরি করতে

প্রকৃতির সময় লেগেছে প্রায় একশত কোটি বছর ।এভাবে ক্রমবিকাশের ধারায় স্ত্রীজাতীয় প্রানীরা প্রানী জগতে প্রথম বারের মত ভ্রুন ও সন্তান ধারন এর ক্ষমতা অর্জন করে ।এ জাতীয় স্ত্রী প্রানীরা সন্তানদের স্তন্য পান করাতে এবং সন্তান জন্মাবার পরে বাচ্চাদের যত্ন নিত ,কিন্তু তা ছিল নিতান্তই সাময়িক ব্যাপার।এভাবে স্তন্যপায়ী প্রানীরা পরিবার জীবন শুরু করে ।বিভিন্ন প্রকারের নরবানর এ সব স্তন্যপায়ীদের বংশধর বলে বিজ্ঞানীরা মত দিয়ে থাকেন ।ক্রমে ক্রমে পিছনের পায়ে ভর দিয়ে তাদেরই কিছু সংখ্যক সোজা হয়ে দাড়াতে শেখে ।অন্যান্য প্রানীর ন্যয় নরবানর গুলো হামাগুড়ি দিয়ে চলাফেরা করত না, এরা হাটতে ও দাড়াতে পারত । বিজ্ঞানীদের মতে এরাই প্রাথমিক পর্যায়ের আধুনিক মানুষ ।বিজ্ঞানীরা সাদৃশ্য দেখিয়ে বলতে চান যে আজ ও মানব শিশু জন্মের পর হাটতে পারে না ।তাকে হাটা ধীরে ধীরে শিখতে হয়।।এ থেকে বোঝা যায় যে মানুষ নর বানর জাতীয় প্রানী থেকে খুব বেশী আগে পৃথক হয় নি। বিজ্ঞানীদের মতে আধুনিক মানুষের উদ্ভব হয়েছে দেড় থেকে দুই লাখ বছর আগে।

মানুষ নিজেকে র্সবশ্রেষ্ঠ ভাবতে ভালবাসে।এই র্সবশ্রেষ্ঠ জীব মানুষ এক সময় নিজেকে প্রশ্ন করে ।। কে আমি?কোথা হতে এলাম?আর কেনই বা এলাম?এই প্রশ্নের উত্তর খুজতে গিয়ে পৃথিবীর বিভিন্ন অঞ্চলে রচিত হয়েছে নানা ধরনের কল্পকাহিনী ।প্রাচীন সব সভ্যতা গুলো তাদের তদানীন্তন সংস্কৃতি এবং জ্ঞান এর স্তর অনুযায়ী বিভিন্ন কাহিনীর জন্ম দিয়েছে ।হিন্দু পুরান অনুযায়ী মহা প্রলয়ের শেষে এই জগত যখন অন্ধকারময় ছিল তখন বিরাট মহা পুরুষ পরম ব্রক্ষ নিজের তেজে সেই অন্ধকার দূর করে জলের সৃষ্টিকরেন , সেই জলে সৃষ্টির বীজ নিক্ষিপ্ত হয় তখন এ বীজ সুর্বণ অন্ডে পরিনত হয়। অন্ডের মধ্যে ওই বিরাট মহা পুরুষ স্বয়ং ব্রক্ষা হয়ে অবস্থান নিতে থাকেন।তারপর ওটিকে বিভক্ত করে আকাশ ও ভূমন্ডল এবং পরর্বতীতে প্রাণ সৃষ্টি করেন ।বাইবেল ও কোরান বলেছে যে সৃষ্টি কর্তা ছয় দিনে এই বিশ্ব ব্রক্ষান্ড সৃষ্টি তৈরী করেছিলেন ।বাইবেল অনুযায়ী প্রথম দিনেই ঈশ্বর পৃথিবী এবং দিবস রজনী সৃষ্টি করেন আর এসব তিনি সৃষ্টি করেছিলেন ছয় হাজার বছর আগে । আবার চীন দে শের কাহিনী থেকে জানা যায় যে বিশ্ব ব্রক্ষান্ড শুরুতে একটা কাল ডিমের মত ছিলো।প্যান গু নামের একজন দেবতা তার কুড়ালের কোপে ডিমটিকে দ্বিখন্ডিত করেন এবং মহা বিশ্বকে সম্প্রসারিত হবার সুযোগ করে দেন ।প্যান গু এর শরীরের মাছি ও উকুন থেকে পরে মানব সভ্যতার জন্ম হয়ে ছে । মানুষের উৎপত্তি নিয়ে এরকম হাজারো গল্প পাওয়া যায় বিভিন্ন প্রাচীন সভ্যতায় ও র্ধম গ্রন্থে ।বিগত কয়েক হাজার বছর ধরে মানুষের মনে এই ধারনা গুলা প্রথিত হয়ে আছে।এর সর্মথনে র্ধম গ্রন্থ গুলোর পাশাপাশি কয়েক জন দার্শনিক তাদের মতবাদ দিয়ে এইসব ধারনা গুলো কে সর্মথন দিয়ে গেছেন এবং যারা একটু স্বাধীন ভাবে চিন্তা করতেন তাদেরকে নানাভাবে দমন পীড়ন করে গেছেন ।বাইবেল অনুযায়ী ছয় হাজার বছর আগে এই বিশ্ব ব্রক্ষান্ড সৃষ্টি হয়েছে ,তারপর থেকে সব গ্রহ নক্ষত্র ইত্যাদির পাশাপাশি প্রকৃতিতে বিরাজমান সব কিছু ঠিক সেভাবেই আছে যেভাবে ঈশ্বর সৃষ্টি করেছেন।বদলায়নি একটুও, এভাবেই থেকে যাবে অপরির্বতিতভাবে অনন্তকাল ।এই স্থির মহাবিশ্ব বা অপরির্বতনশীলতার দর্শনের নাটের গুরু হচ্ছেন আমাদের বিশ্ব জোড়া পরম পুজনীয় দার্শনিক দ্বয় প্লেটো এবং এরিস্টটল ।দু জনেই স্থির মহা বিশ্বে বিশ্বাস করতেন ।তাদের মতে বিশ্ব জগতের সব কিছুর

পেছনে একটা উদ্দেশ্য ঠিক করা আছে এবং এই উদ্দেশ্যের মুলে রয়েছে অপরির্বতনশীলতা ।সব কিছুর স্বভাব র্ধম জানাটাই নাকি বিজ্ঞান ।মানব সভ্যতা তাদের এই স্থির জাগতিক দর্শনের বোঝা বয়ে বেরিয়েছে প্রায় দুই হাজার বছর ।বাট্রান্ড রাসেল এ প্রসঙ্গে বলেছেন যে এরিস্টটলের এই মতবাদ বিজ্ঞান ও দর্শনের জন্য পরর্বতীতে বাধা হয়ে দাড়িয়েছিল । তার পরে যত বড় বড় বৌদ্ধিকএবং বৈজ্ঞানিক আবিস্কার ঘটেছে তাদের সবাইকে কোন না কোন ভাবে এরিস্টটলের মতবাদ কে উৎখাত করে এগুতে হয়েছে ।প্রাচীন কালের সাহিত্যেও এই কল্পনার ছড়াছড়ি ।গ্রীস এবং তার আশেপাশের এলাকায় প্রাচীন লোক কাহিনীর চরিত্র গ্রিফিনের সাথে অদ্ভুত সাদৃশ্য পাওয়া যায় প্রোটোসেরাটপ নামের প্রাচীন এক ডাইনোসরের ফসিলের । হোমারের গল্পেও এক চোখা দৈত্য সাইক্লপের কথা লেখা আছে ।ক্রীট দ্বীপের আশেপাশের এলাকায় অনেক বিশালকৃতির আদিম প্রানীর ফসিল পাওয়া গেছে ।তাই অনেক গবেষক মনে করেন এ অঞ্চলের মিথ গুলোর সংগে এদের সর্ম্পক আছে ।মুখ দিয়ে আগুন ঝরানো ড্রাগনের গল্প দিয়ে চীনা কাহিনী ভরপুর ।পাশা পাশি রাখা ডাইনোসরের ফসিল এবং আমাদের র্পূব পুরুষদের কল্পিত ড্রাগনের মধ্যে মিল দেখে এটা মনে হওয়াই স্বভাবিক যে ডাইনোসর থেকেই ড্রাগনের কাহিনীর উৎপত্তি হয়েছে।বিখ্যাত চিত্র শিল্পী ভিঞ্চি ছিলেন একজন বহুমুখী প্রতিভাবান ব্যক্তি । তিনি বুঝতে পেরেছিলেন যে ফসিল গুলো আসলে পৃথিবীর আদিম জীব দের নিদর্শন এবং পাহাড়ের গায়ে যেসামুদ্রিক প্রানীর ফসিল দেখা যাচ্ছে তার কারণ আর কিছুই নয়, এক সময় এই পাহাড় গুলো সমুদ্রের নিচে ছিল । তাকেই প্রথম বলতে শুনি যে বিশ্বব্যাপী নুহের মহাপ্লাবনের ঘটনা একটা অসম্ভব ঘটনা ।সমস্ত পৃথিবী যদি পানির নিচে ডুবে যায় তাহলে এই বিপুল পরিমান পানি সরে গেল কোথায় । আর পৃথিবীর কোন এক স্থা নে মহা প্লাবন হলে সেখান থেকে পূর্ব বা পশ্চিমে ৮০ ডিগ্রী দ্রাঘিমাংশে প্লাবন ঘটা অসম্ভব ।আর এই ফসিল গুলো কোনভাবেই বন্যায় ভেসে যাওয়া প্রানীদের দেহাবশেষ হতে পারে না,কারণ সব কিছু বানের পানিতে ভেসে গেলে তাদের বিস্তীর্ণ এলাকা জুড়ে এলমেলো ভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকার কথা,তারা সুগঠিত ভাবে মাটির স্তরে স্তরে সাজানো থাকতে পারত না ।এখন আমরা আধুনিক ভুত্বাত্তিক গবেষণা থেকে জানতে পারছি যে বিভিন্ন সময়ে জলবায়ু পরির্বতনের কারণে সমুদ্রের পানির লেভেল ওঠা নামা করলেও এ ধরনের পৃথিবী ব্যাপী মহা প্লাবন আসলে কখনই হয় নি ।ফেরাউনের কবর খুড়ে বিচিত্র সব জিনিস পাওয়া গেছে ।নরবলি দেওয়া কঙ্কাল থেকে শুরু করে ৭০ ফুট লম্বা ১৪টি নৌকা পর্যন্ত।পরজন্মে রাজাদের দাসদাসী লাগবে তাই নরবলি,ধন দৌলত এবং আরও অনেক কিছু ।এখনকার কাহিনীতে এ ধরনের কথা কেউ লেখে না ।কিন্তু একটু খেয়াল করলে দেখা যাবে যে পৃথিবীর আনাচে কানাচে সব জাতি গোষ্ঠীর মধ্যেই বহু রকমের সৃষ্টি তত্ব।এইতত্ব নির্ভর লোক কাহিণী এবং ধর্মীয় রীতিনীতির অস্তিত্ব দেখা যায় ।দীর্ঘ কাল ধরে সঞ্চিত সামাজিক অভিজ্ঞতার সাথে নিজের মনের মাধুরী মিশিয়ে আমরা তৈরী করেছি এই কাহিনীগুলো ।আর তদানীন্তন সামাজিক নিয়ম কানুন গুলোকে তার সাথে বেধে দিয়ে বলা হয়েছে এতাই নিয়ম এতাই র্ধম এবং এক মাত্র জীবন বিধান । **র্ধমের গুরুত্বপূর্ণ সংগা দিয়েছেন ডুরখীম, তিনি লক্ষ্য করেন যে র্ধমীয় বিশ্বাস ও আচার অনুষ্টানাদি বস্তুগত ও ভাবগত দুটি জগতের সাথে সংশ্লিষ্ট।তিনি**

সেগুলোকে পবিত্র জগত ও অপবিত্র জগত এ দু ভাগে ভাগ করেছেন। পবিত্র জগত রহস্যে ঘেরা, তা অস্বাভাবিক ও ভাবাবেগ প্রবণ উপকথা,পুরা কাহিনী ,রুপকথা ও কাল্পনিক জগত রুপে তা পরিচিতি লাভ করে।ঈশ্বর দেব দেবী সবই এই পবিত্র জগতেরকাল্পনিক ছবি।অপর পক্ষে অপবিত্র জগত হচ্ছে প্রত্যাহিক জীবনের কর্মসুচী।পার্থিব জীবনের ব্যস্ততা এবং দৈনন্দিন জীবনের র্কম তৎপরতা।তার মতে, র্ধম হল পবিত্র জগত সম্পর্কিত বিশ্বাস ও তৎ সংশ্লিষ্ট বিভিন্ন আচার অনুষ্টানাদি ।তার মতে সমাজ ছাড়া র্ধম কল্পনা করা যায় না। র্ধম সমাজের সৃষ্টি ,এমনকি সমাজই র্ধম বা প্রভু। র্ধম প্রসংগে ম্যারেট বলছেন,অনুস্টান ও ক্রিয়া কলাপের মাধ্যমে র্ধম এসেছে,চিন্তার ফলে নয়।সমাজ জীবনে বিধি বিধান পালন,অনুশাসন,জীবন ব্যাবস্থা ,আর্থ সামাজিক ,রাজনীতিক এবং সাংস্ক্রিতিক বিষয়াদির পথ র্নিদেশ দেয়াই র্ধমের একটি সামজিক কর্তব্য ।সব ক্ষেত্রে র্ধম মানব জীবনের সব সমস্যার সমধান দেয় না ।র্ধম এমন কতগুলো বিশ্বাস ও আচার পদ্ধতি যা মানব জীবনের কিছু সমস্যা সমাধানে প্রয়াস পায় ।র্ধম অসহায় জীবনের ফলশ্রুতি, র্ধম ব্যর্থতার গ্লানি বহন করে ।ঈশ্বরে সে স্বান্ত্বনা খুজে পায় ।ভাবাবেগ বা পক্ষপাত মুলক দৃষ্টি ভঙ্গি দিয়ে র্ধমের বিজ্ঞান ভিত্তিক সংগা দেয়া যায় না ।বিজ্ঞান বাস্তব যুক্তি র্নিভর এবং পরীক্ষা ও পর্যবেক্ষণেরফল ।আর র্ধম হচ্ছে ব্যক্তিগত আচার অনুভুতি,বিশ্বাস ,এবং সন্ন্যাস জীবন,আবার কখন ও বা সামাজিক অনুষ্টানাদি।প্রায়ই দেখা যায় অনেকে নিজ র্ধম ছাড়া অন্য র্ধমকে সহ্য করতে পারে না ।তারা র্ধমের প্রশ্নে উত্তেজিত হয়ে উঠে এবং স্বীয় র্ধমের শ্রেষ্ঠত্বের কথা উল্লেখ করে ।সমাজ পতিরা তাদের শোষণকে বৈধতা দেবার জন্য ভর করেছে র্ধমের উপর।একে পুজি করে সামাজিক অর্থনৈতিক এবং রাজনৈতিক শোষণকে বৈধতা দিয়েছে ।আর সত্যিকারের জ্ঞান বিজ্ঞানের চর্চা যেন সাধারণ মানুষ র্প্যন্ত না পৌছায় তার জন্য তৈরী করে রেখেছে বিভিন্ন নিয়ম ।আড়াই হাজার বছর আগে গ্রীসে বিজ্ঞান তার সঠিক গতিতেই এগুতে শুরু করেছিল কিন্তু প্লেটো এবং বিশেষ করে এরিস্টোটল সেই সময়ের দাস প্রথা ভিত্তিক নির্বতন মূলক সমাজ ব্যবস্থা কে গ্রহণ যোগ্যতা দেয়ার জন্য শক্তিশালী একটা ভাববাদী র্দশনের জন্ম দিলেন যার মুলে ছিল অপরির্বতনশীলতা এবং জীবের স্থায়ীত্বের তত্ত্ব ।আর এই স্থবির ধারনার উপর ভর করেই রোমান সাম্রাজ্যের পৃষ্ঠপোষকতায় গড়ে উঠল খ্রিস্ট র্ধম।কালের প্রবাহে মানুষের সৃজন শক্তি অজানাকে জানার কৌতুহল এবং বুদ্ধিমত্তা একদিকে যেমন তাকে কল্পনা করতে শিখিয়েছে তেমনি আবার নতুন চিন্তা এবং আবিষ্কারের খোরাক ও যুগিয়েছে ।ষোড়শ শতাব্দীতে কোর্পানিকাসের র্সূয কেন্দ্রিক সৌরজগতের ধারনাটা হাজার হাজার ধরে টিকে থাকা টলেমীর পৃথিবী কেন্দ্রি ক জগতের ধারণা এবং মধ্যযুগীয় র্ধমীয় এবং সামজিক স্থবিরতার ভিত্তিকে নাড়িয়ে দিল ।চার্চ ব্রুনোকে পুড়িয়ে মারলেও র্সূয কেন্দ্রিক জগতের ধারনা কে মারতে পারলো না ।বিজ্ঞান এগিয়ে গেলো । ১৮৫৯ সালে ডারউইন এবং ওয়ালেস যখন বির্বতনের তত্ত্বটি প্রস্তাব করলেন তখন চার্চ এর বিশপের স্ত্রীর মুখ থেকে যে আতংক বাণী বেরিয়ে এসেছিলো তা যেন আজও প্রাসংগিক ।তিনি আর্তনাদ করে বলে ছিলেন বন মানুষ থেকে আমাদের বির্বতন ঘটেছে ।আশা করি এটা যেন সত্যি না হয় ।আর যদি তা একান্তই সত্যি হয় তবে চলো আমরা সবাই মিলে র্প্রাথনা করি সাধারণ মানুষ যেন এটা কখনই

জানতে না পারে ।আর ১৯০৫ সালে আইন্সটাইন তার সাধারণ আপেক্ষিক তত্ত্ব প্রকাশ করলেন ,তখন যেন মানুষের বৌদ্ধিক বিকাশের চরম্ প্রকাশ ঘটল ।প্রাচীন দর্শন এবং ধর্ম তত্ত্ব গুলোর উপর যেন আকাশ ভেংগে পড়লো ।যদিও পুরানো ধারণা সমূহের কোন ভিত্তি নাই ।তবুও আমরা সে ই পুরানো ধারনা ভিত্তিক সমাজেই বসবাস করছি ।অনেক প্রাচীন প্রথাকেই জানছি এবং মানছি । আমরা এখনো বলি সূর্য উঠছে বা ডুবছে , পৃথিবী কেন্দ্রিকতার লেশ রয়ে গেছে সব খানে ,ভাষায় ,সাহিত্যে,রাজনীতিতে ,এবং সামাজিক রীতিনীতিতে ,অলৌকিকে বিশ্বাস রাখে এবং রাখে না এমন মানুষ সেকালেও ছিল এবং একালেও আছে ।কিন্তু লৌকিকে বিশ্বাস রাখেনা এমন মানুষ সব যুগেই বিরল ।কেননা বাস্তবতাকে অবিশ্বাস করার মানে নিজেকে অবিশ্বাস করা ।র্বতমান যুগটি বিজ্ঞানের যুগ এবং যুক্তিবাদেরও ।বিজ্ঞান পৃথিবীর বুকে স্বমহিমায় প্রতিষ্ঠা লাভ করেছে । কারও অনুকম্পায় নয় ।মানুষ বিজ্ঞানের কাছে ঋণী ।কিন্তু সমাজে এমন এক শ্রেনীর লোক দেখতে পাওয়া যায় ,যারা হাতে ঘড়ি ,চোখে চশমা ,পকেটে মোবাইল নিয়ে মাইকে ,টিভিতে বক্তৃতা করেন আর বস্তুবাদ বলে বিজ্ঞান কে ঘৃণা এবং বস্তুবাদী বলে বিজ্ঞানীদের অবজ্ঞা করেন ।অথচ তারা ভেবে দেখেন না যে ভাববাদীরা বস্তুবাদীদের পোষ্য ।বিজ্ঞান মানুষ কে পালন করে ,কিন্তু ধর্ম মানুষ কে পালন করে না বরং মানুষ ধর্মকে পালন করে এবং প্রতিপালনও ।বিজ্ঞান কে কখনই ধর্মের মুখাপেক্ষী হতে হয় না ।কিন্তু ইদানীং সব ধর্মকে বিজ্ঞানের ছায়াতলে আসতে দেখা যায় ।কার ধর্ম কতটা বিজ্ঞান সম্মত ।কার ধর্মে কতটা বিজ্ঞান রয়েছে ।কার ধর্মের উপর ভিত্তি কি কি আবিস্কার হয়েছে ।এই নিয়ে চলছে প্রতিযোগীতা ।র্বতমান যুগে বিজ্ঞান বিরোধী কোন শিক্ষাই গ্রহণীয় নয় ।তবুও র্সবোচ্চ ডিগ্রী ধারী ব্যক্তিটিও বির্বতনকে মানেন না বা মানতে চান না ।বিজ্ঞান এগিয়ে যাচ্ছে কিন্তু আমরা বিজ্ঞান মনস্ক হচ্ছিনা বা মুক্ত মনের অধিকারী হতে পারছি না ।তবে বাস্তবতা হলো সমাজ পরির্বতনশীল,কিছু কায়েমী স্বার্থবাদী লো্কের প্রবল বিরোধিতা সত্ত্বেও কালের প্রবাহে সমাজ পরির্বতিত হয়ে চলেছে,।বিজ্ঞানের জয়যাত্রাকে কেউ থামাতে পারে নি এবং পারবে না ।

কমেন্ট

রাহনুমা রাখী
জুন ৭, ২০১১ সময়: ১২:২৬ পূর্বাহ্ণ লিঙ্ক
সহজ সরল ভাষায় পোষ্টটি দারুন লাগল।
পরিবর্তন মানুষের সবচেয়ে প্রাচীন সঙ্গী।আর তাই মানুষ বিবর্তিত হয়ে আজকের পর্যায়ে এসেছে।
খ্রিষ্টান,হিন্দু ও ইসলাম এই তিনটি ধর্মের ভিতর আমার জানামতে ইসলাম ধর্ম সবচেয়ে কনিষ্ঠ।খ্রিষ্টান ও হিন্দু ধর্ম আজ অনেকটাই বিবর্তিত সেই ভাবে ইসলাম কিন্তু নয়।
ইসলাম এখনও তার গোড়া অবস্থান অবিবর্তিত রুপেই ধরে রেখেছে।আর তাই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ

হচ্ছি এই ধর্মটি দ্বারা।
হুমায়ুন আযাদের একটি কথা মনে পড়ে গেলো-
এমন এক ধারনা প্রচলিত হচ্ছে এখন যেনো পৃথিবীতে সব সিদ্ধান্ত নেয়া হয়ে গেছে ,আমাদের কাজ ওই সিদ্ধান্তগুলো মেনে চলে জীবন সার্থক করা।
বেশিরভাগের অবস্থা আসলেই তাই।সবচেয়ে বেশি পীড়া দেয় যখন নতুন প্রজন্মের ও উচ্চ পদের জ্ঞানী লোকদের প্রতিক্রিয়াশীল হতে দেখি।কিন্তু এটাই সবচেয়ে বড় সত্য আজ আমাদের।
শুভকামনা।

2

মাহফুজ

জুন ৭, ২০১১ সময়: ২:০২ পূর্বাহ্ন লিঙ্ক

তবুও র্সবোচ্চ ডিগ্রী ধারী ব্যক্তিটিও বির্বতনকে মানেন না বা মানতে চান না ।বিজ্ঞান এগিয়ে যাচ্ছে কিন্তু আমরা বিজ্ঞান মনস্ক হচ্ছিনা বা মুক্ত মনের অধিকারী হতে পারছি না ।
শুধু তাই নয়, বার বার বিজ্ঞান মনস্কতার প্রতি বাধা হয়ে দাড়াচ্ছেন। আহবান করা হচ্ছে ১৪০০ বছর আগের বইতে ফিরে যেতে। আর এই আহবানে ডাক দেন কিছু ডাক্তার আর ইঞ্জিনিয়ার , যারা তাবলিগ জামাতের সাথে সংশ্লিষ্ট। কয়েকদিন আগে আমাদের গ্রামের মসজিদে তাবলিগ জামাতের দল এলো। আমির সাহেব ছিলেন একজন এম বি এস ডাক্তার। বাড়িতে এসে দাওয়াত দিলেন- "বাদ মাগরিব কিছু বয়ান হবে, আসুন, বহুত ফায়দা হবে।" তাকে বললাম- " আপনি যেমন আমাকে দাওয়াত দিতে এসেছেন, আমিও আপনাকে দাওয়াত দেই ডারউইনের বিবর্তনের প্রতি।" সাথে সাথে তিনি জবাব দিলেন- "মানুষ সরাসরি আল্লাহর সৃষ্টি, কোরানে একথা স্পষ্ট লেখা আছে। যারা অস্বীকার করবে তাদের আর ঈমান থাকবে না। বিবর্তন একটি ভ্রান্ত-মতবাদ।"
প্রবন্ধটি সুন্দর হয়েছে। সহজ সরল ভাষায় বিজ্ঞান , ধর্ম, সমাজের কথা তুলে ধরেছেন। তবে দাড়ি - কমার আগে স্পেস না দিলেই ভালো। ধন্যবাদ সুন্দর লেখা উপহার দেবার জন্য।

3

টেকি সাফি

জুন ৭, ২০১১ সময়: ৪:০৭ পূর্বাহ্ন লিঙ্ক

যে জীব সৃষ্টি হতে হলে অত্যাবশকীয় পুর্বশর্ত থাকতে হবে।এগুলা হল ১)প্রয়োজনীয় পানীয় জল ২)উপযোগী জলবায়ু ৩)প্রয়োজনীয় খাদ্য

১) সকলেই একমত না। তবে অধিকাংশই এরূপ ধারণা পোষন করেন। কারন পৃথিবী ছাড়া আর কোথাও প্রান সৃষ্টির উদাহরণ আমাদের হাতে নেই , আর এই প্রথম এবং একমাত্র পর্যবেক্ষনে আমরা দেখেছি তরল পানি ছাড়া এখানে জীবনের বিস্তার হতে পারত না, তাই ধরে নিই আর কোথাও প্রাণের বিস্তার হয়ে থাকলে পানীয় জল লাগবে কিন্তু একে ধ্রুব সত্য হিসেবে ধরে নিই কেন জানিনা। তবে শুধু পৃথিবীর প্রাণের বিস্তারের কথা বললে, ঠিক আছে।

২) এই উপযোগী বলতে কী বুঝিয়েছেন?

৩) খাদ্য বলতে এনার্জী সোর্স বুঝিয়েছেন?

ফেরাউনের কবর খুড়ে বিচিত্র সব জিনিস পাওয়া গেছে।

জাদুঘরে রাখা মুসলামান মিথের ফেরাউনের কথা বললে রেমেসিস-২ বলাই ভাল হত। আর ফেরাউন রাজাদের বুঝতে ফ্যারাও ব্যবহার করাই ভালো , নাহলে মুসলমানরা হুট করে অন্য কিছু দাবি করে বসবে

হালকা কথায় ধর্মের বিশ্লেষণ ভালই লাগল!

4

রাজেশ তালুকদার

জুন ৭, ২০১১ সময়: ৭:৪৮ পূর্বাহ্ন লিঙ্ক

মানব সভ্যতার যে প্রান্তসীমায় আজ আমরা দিনাতিপাত করছি সেটা মানব প্রজাতির কয়েকশ হাজার বছরের নিরলস পরিশ্রম, চেষ্টা, কষ্ট, ত্যাগ ও আত্ম উৎসর্গের কাঁচা পাকা ফসল। সভ্যতার ইতিহাস যতই দ্রুত এগুক না কেন তার সমান্তরালে সমানতালে পাল্লা দিয়ে চলতে থাকবে মানুষের অসহায়ত্বের ইতিহাসও যেটা মানব প্রজাতির পক্ষে মোচন করা হয়তো কখনো সম্ভব হবে না। বেঁচে থাকার জন্য দিন-রাত জীবন যুদ্ধ, ক্ষুধা, বিভিন্ন রোগ বালাই, প্রাকৃতিক দূর্যোগ, দূর্বলের উপর সবলের অত্যাচার, প্রিয় জনকে হারানো বা না পাওয়ার হতাশা, মানুষের চিরন্তন অভাব, অনটন, অভিযোগ ইত্যাদি কারনে মানুষ চির কালই অসহায়। এই চির অসহায় অবস্থা থেকে প্রতিটি মানুষ মুক্তি ও ভরসা চায় মনে প্রাণে। কিন্তু মুক্তি সেতো মরিচীকা আর ভারসা সেতো প্রকৃতির নিয়মের অপেক্ষা ছাড়াতো আর কিছুই নয়।মানুষের চির সঙ্গী দুঃখ-কষ্ট বা অভাব থেকে মুক্তি, ক্ষুধা দারিদ্রকে জয় এবং জীবনকে গতিময় করার প্রতিনিয়ত সংগ্রাম তাকে আবিষ্কার করতে বাধ্য করেছে আমাদের চারপাশে নিত্য ব্যবহার যোগ্য সমস্ত কিছু। এই সব আবিষ্কারের সব চেয়ে বড় উৎস হিসাবে কাজ করেছে মানুষের প্রবল জানার নেশা ও অসম্ভব স্বপ্নময় কল্পনা শক্তি। ঐশী পুস্তকের কোন উপস্থিতি ছাড়াই পাথরের

হাতিয়ার, আগুন, চাকা, চাষাবাদের মত যুগান্তকারী হাজারো আবিষ্কারের মতই প্রাচীন যুগের মানুষের কল্পনা শক্তির অন্যতম সৃষ্টির ফসল এই ধর্ম। যদিও সূচনা লগ্নে ধর্ম প্রতিষ্ঠার মূল লক্ষ্য ছিল মানুষের বৈরী অসহায় অবস্থা থেকে মুক্তি সাধনের চেষ্টা কিন্তু পরবর্তিতে এই ধর্ম হয়ে যায় ক্ষমতার লোভ , শাসন শোষন ও নিজের স্বার্থ সিদ্ধির জন্য প্রয়োজনে হত্যার হাতিয়ার রূপে। পবিত্র ধর্মীয় বই গুলোতে নিজের দল ভারী করতে মানুষকে সব ধরনের লোভ লালসা , ভয় (বেহেস্ত,সুরা, নারী, পাপের ক্ষমা, নরক)ও সুন্দর সুন্দর মন ভুলানো সুরেলা কথার বহর দিয়ে পংক্তির পর পংক্তির ভারে সাজানো হলেও এর ভিতরে রয়েছে অত্যন্ত কুৎসিত স্বার্থপর সংকীর্ন চিন্তা চেতনার ঘৃণ্য রূপ।
লেখাটা ভাল লাগল।

5

পাপীমনা

জুন ৭, ২০১১ সময়: ৯:২৮ পূর্বাহ্ণ লিঙ্ক

ধন্যবাদ সবাইকে

6

কাজী রহমান

জুন ৭, ২০১১ সময়: ১০:৩৪ পূর্বাহ্ণ লিঙ্ক

বিজ্ঞান মানবতা যুক্তি এইসব ব্যাপার সাধা রন মানুষের কাছে সহজ ভাবে নিয়ে আসা সহজ নয়। সহজ করে যারা এগুলি উপস্থাপন তারা কষ্ট করে এই কাজগুলি করেন। আপনি করেছেন, সেজন্য ধন্যবাদ।

7

Imran Mahmud Dalim

জুন ৭, ২০১১ সময়: ১০:৩৭ পূর্বাহ্ণ লিঙ্ক

আপনার প্রবন্ধটি ভালো লেগেছে।তবে ধর্ম ইদানীং যতটা ক্ষতি করছে তার সমপরিমাণ ক্ষতি করছে তথাকথিত প্রগতিশীল নামধারী কিছু লোক।তারা ধর্ম মানে না -তবে গড়ে নেয় নিজেদের মত করে এক ধরণের এবসার্ড মতবাদ।নতুন সমাজ গড়ে উঠার পক্ষে এরা মারাত্নক বাঁধা।

8

সংশপ্তক
জুন ৮, ২০১১ সময়: ১২:১১ পূর্বাহ্ণ লিঙ্ক
আগ্রহোদ্দীপক লেখা , আরও লিখুন । তবে লেখার সাথে সাইটেশন (উদাহরন দেখুন নিচে) দিলে পাঠকগন আরো বেশী উপকৃত হতেন ।
১। আমাদের মহাবিশ্বের উদ্ভব হয়েছিল প্রায় দেড় হাজার কোটি বছর আগে আর পৃথিবী সহ আমাদের সৌর জগতের উদ্ভব হয়েছিল প্রায় সাড়ে চারশ কোটি বছর আগে ।
২। পরবর্তী ১০০ কোটি বছরে আমাদের গ্রহটি প্রাণের উৎপত্তির মত অবস্থায় এসেছে ।
৩।এখন পর্যন্ত পাওয়া সাক্ষ্য প্রমাণ অনুযায়ী প্রায় সাড়ে তিনশ কোটি বছরের বিবর্তনের মধ্য দিয়ে এক কোষী আদিম প্রাণ থেকে উদ্ভব হয়েছে বর্তমানের মানুষের এবং অন্যান্য প্রাণীর ।
উপরের উল্লেখিত কোয়ান্টিটাটিভ তথ্য সমূহ কিছু উদাহরন মাত্র যেগুলোর স্বীকৃত গবেষণা পত্র থেকে সাইটেশন প্রয়োজন । এর কারন , এই অনুকল্প গুলো নিজ গুনে স্বতসিদ্ধ নয় এবং একই ক্ষেত্রে একাদিক অনুকল্পের অস্তিত্ব রয়েছে যেগুলোর ভিত্তি হয়তোবা কোন অংশে কম মজবুত নয়। বিজ্ঞানের সাথে ভাববাদের অন্যতম পার্থক্য এই যে , বিজ্ঞান প্রত্যক্ষভাবে একই সাথে একাধিক সম্ভাবনা নিয়ে কাজ করে । ভাববাদ সেটা করে না।

9

আ হা মহিউদ্দীন
জুন ৮, ২০১১ সময়: ৮:১০ পূর্বাহ্ণ লিঙ্ক
স্থান, কাল, পাত্র ভেদে কথা বলা, দর্শনশাস্ত্রের এই বাক্যটি আমরা অনেকেই ভুলে যাই । তাই খৃষ্ট পুর্ব চতুর্থ শতাব্দির দার্শনিক প্লোটো ও এরিষ্টলের কাছ থেকে একাবিংশের চিন্তা চেতনা আশা করি ।
একাবিংশ শতাব্দিতে বাস করেও বিজ্ঞান ও দর্শনশাস্ত্রের মধ্যকার পার্থক্য বুঝতে আমাদের অসুবিধা হয় । বিগত ১৮৪৮ সালে দার্শনিক কর্তৃক প্রবর্তিত বিবর্তন তত্ত্ব বিগত ১৮৫৯ সালে বিজ্ঞানে প্রয়োগ করে ডারইউন ঘোষণা করলেন যে একই উৎস থেকে সকল প্রানীর সৃষ্টি এবং বিবর্তনের মাধ্যমে বর্তমান অবস্থায় উপনীত । কিন্তু আমরা ধরে নিলাম বিবর্তন তত্ত্ব ডারইউনের আবিষ্কার । এটাই হলো একাবিংশ শতাব্দির অজ্ঞতা ।
একাবিংশের জ্ঞানী ব্যক্তিরা পৃথিবী সৃষ্টির রহস্য জানেন । কিন্তু সভ্যতার উষালগ্নের বিজ্ঞ ব্যক্তিদের তা জানা সম্ভব ছিল না । তাই পৃথিবী সৃষ্টির রহস্য বর্ণনা করা প্রসংগিক নয় ।
অভিজ্ঞতা মানুষের আদি জ্ঞান । হোমো ইরেক্টাসেরা অভিজ্ঞতা দিয়ে জানতে পাড়লো যে জোটবদ্ধতা

আত্মরক্ষার জন্য সুবিধাজনক এবং তারা আরো জানলো যে সকল প্রানী আগুনকে ভয় পায়। কিন্তু আগুন কাউকে আক্রমন করে না। ফলে হোমো ইরেক্টাসেরা আগুনকে আত্মরক্ষার এবং শীত থেকে রক্ষা পাওয়ার কাজে ব্যবহার আরম্ভ করে। আগুন তাদের কাছে অবতার হিসাবে অবতীর্ণ হয়। আগুন আবিষ্কার মানুষের প্রথম অর্জিত সাফল্য, যা ঈশ্বরের উপর বিশ্বাসে রূপান্তরিত।

হোয়াং হো ও সিন্ধু অববাহিকার সভ্যতা এখনও উন্মোচিত হয়নি। কিন্তু পশ্চিমা সভ্যতার সূতিকাগার সুমেরীয়/বেবিলনিয় সভ্যতার দ্বার উন্মোচিত। ইতিহাসবিদদের কাছে পরিচিত প্রাচীন পশ্চিম এশিয়া, যার মধ্যে রাশিয়াসহ পূর্ব ইউরোপ, সাইপ্রাস, তুরস্ক, লেবানন, সিরিয়া, ইসরাইল, প্যালেষ্টাইন, মিসর, জর্ডান অন্তর্ভূক্ত, অঞ্চলের ফল-মূল সংগ্রহকারী এবং শিকারি মানুষ যাযাবর জীবন পরিত্যাগ করে কৃষিকাজে আত্মনিয়োগ করত আট থেকে বার হাজার বছর পূর্বে ইরান ও ইরাকের সীমন্তে স্থায়ী ভাবে বসবাস আরম্ভ করে।

"আদম", সিমেটিক শব্দ, যার অর্থ বুদ্ধি সম্পন্ন মানুষ, অর্থ্যাৎ হোমো স্যাপিএনজ। সিমেটিক "হাওয়া" শব্দের অর্থ হলো সঙ্গিনী। কিন্তু কালক্রমে আদম ও হাওয়া এক নর ও নারীর নামে পরিণত হয়েছে।

সুমেরীয়/বেবিলনিয় সভ্যতায় কৃষি ও সেচ কাজের উন্নতির লক্ষ্যে প্রতিষ্ঠিত মন্দির (বর্তমান কালের কৃষি ও সেচ গবেষণাগার) এর সেবাদাস ও দাসী ছিল আক্কাদিয়ানেরা (পরবর্তি কালে এদের একটি শাখা সিমেটিক নামে পরিচিত হয়)। এই দাস আক্কাদিয়ানেরাই চার থেকে ছয় হাজার বছর পূর্বে সংখ্যা ও লিখন পদ্ধতি আবিষ্কার করে এবং ক্লে ট্যাবলিটে (মাটির লিপিফলক) তাদের ইতিহাস, ধর্ম, নীতি বাক্য, কৃষি ও সেচ বিজ্ঞান প্রভৃতি লিপিবদ্ধ করে। এবং পরবর্তি কালে এই আক্কাদিয়ানেরা মেসপটোমিয়ার শাসনভার গ্রহন করে। ইতিহাসবিদদের মতে বিব্লিক্যাল নূহ্ হলো আক্কাদিয়ান রাজা গিলগামেস। গিলগামেসের এক পুত্রের নাম শ্যাম, যার অধস্তন পুরুষেরা সিমেটিক হিসাবে পরিচি ত। শ্যামের অধস্তন নবম পুরুষ হলো আব্রাহাম।

পূর্ব ইউরোপের ক্যাসসিটসরা নীল নদের আববাহিকায় মিসরের সভ্যতা গড়ে তুলে। তদকালীন নিয়ম অনুযায়ী ধর্ম যাজক ও রাজা থাকতেন একই ব্যক্তি। অন্যেরা ধর্ম যাজক বা রাজার আজ্ঞাবাহি দাস। এই দাসেরাই গনিতশাস্ত্র ও পদার্থবিদ্যার উন্নতি করতঃ পিরামিট বানায়।

আব্রাহামের প্রথম ছেলে মক্কায় চলে এসে কোরাইশ বংশের সূচনা করে। আব্রাহামের অন্য ছেলেদের অধস্তন বংশধরেরা ফেরাওদের দাসে পরিণত হয়। সিমেটিক মোসেস ফেরাওদের দাসদের একজন, যিনি ফেরাওদের দাসত্ব থেকে সিমেটিকদেরকে মুক্ত করে পূর্ব পুরুষদের নী তি বাক্য অনুসরণ করে ইহুদী ধর্ম প্রতিষ্ঠা করেন। পরবর্তিকালে ইহুদীরা রোমের অধীনে চলে গেলে আব্রাহামের অধস্তন বংশধর যীশু খৃষ্ট ধর্ম প্রচার করে রোমের পতন ঘটিয়ে ভেটিক্যান যাজকতন্ত্র প্রতিষ্ঠা করেন।

সিমেটিকেরা ধর্ম প্রতিষ্ঠার মাধ্যমে যেমন সমাজ বিবর্তন ঘটিয়েছে, তেমনি প্রাচীন সমাজের জ্ঞান-বিজ্ঞানেরও উন্নতি সাধন করেছে। তাই নৃবিজ্ঞান অনুযায়ী বংশ পরাম্পরায় পূর্ব পুরুষেরা জ্ঞান -বিজ্ঞান, ধর্ম ও সমাজ গঠনে যে সাফল্য অর্জন করেছে তার নাম ঈশ্বর। কালক্রমে বিজ্ঞানের সাফল্য

সমাজপতিদের ভোগের জন্য ব্যবহৃত হয়েছে এবং আধুনিককালে বিজ্ঞান পণ্য হিসাবে সাধারণ মানুষের ধরা-ছোয়ার বাহিরে চলে গেছে। তাই ধর্মকে দোষ দিয়ে কোন লাভ নাই।

*স্বাধীন*এর জবাব:

জুন ১০, ২০১১ at ১২:০৬ পূর্বাহ্ণ

@আ হা মহিউদ্দীন,

এই ইতিহাসগুলো এক জায়গায় লিপিবদ্ধ রয়েছে এমন কোন বই বা সাইটের লিঙ্ক কি দেওয়া যাবে? ইতিহাসে আমার আগ্রহ রয়েছে বলে জানতে চাইছি। চাইলে আপনি নিজেও লিখতে পারেন ইতিহাস নিয়ে।



*আ হা মহিউদ্দীন*এর জবাব:

জুন ১০, ২০১১ at ৫:৩১ অপরাহ্ণ

@স্বাধীন,

এই ইতিহাসগুলো এক জায়গায় পাওয়া মুসকিল। তবে World History, Civilization From Its Beginnings and Earth's Ancient History নামের একটি ওয়েব সাইট এবং তার বিভিন্ন লিঙ্কগুলো দেখতে পারেন। আমি আজ পারিবারিক কাজে আটলান্টায় যাচ্ছি। ৩/৪ দিন যেখানে থাকব। এই কয়েক দিন আপনার প্রশ্নের উত্তর দেয়া সম্ভব হবে না।

10

পাপীমনা

জুন ৮, ২০১১ সময়: ৯:১১ পূর্বাহ্ণ লিঙ্ক

ধন্যবাদ আপনার মতামতের জন্য@সংশপ্তক

11

নেট পথিক

জুন ৮, ২০১১ সময়: ২:১৯ অপরাহ্ণ লিঙ্ক

@পাপীমনা,

লিখেছেনঃ সৈকত আহমেদ আর আপনে থ্যাংকু দিতেছেন! সৈকতের নিক নেমই তাহলে পাপী মনা।

12

বাসার

জুন ৮, ২০১১ সময়: ১০:৪৪ অপরাহ্ণ লিঙ্ক

সুন্দর লেখার জন্য লেখককে ধন্যবাদ।

13

পাপীমনা

জুন ৯, ২০১১ সময়: ১০:০১ পূর্বাহ্ণ লিঙ্ক

ঠিকই বলেছেছেন নেট পথিক।।আমি সৈকত আমিই পাপীমনা।।ধন্যবাদ@বাসার

*ফরিদ আহমেদ*এর জবাব:

জুন ৯, ২০১১ at ১০:৪৫ পূর্বাহ্ণ

@পাপীমনা,

যে কোনো একটা নামকে বেছে নিতে হবে আপনার। মুক্তমনা একই ব্যক্তির দুই নামে   ব্লগিংকে অনুমোদন দেয় না। মডারেটর হস্তক্ষেপ করার আগে নিজেই সিদ্ধান্ত নিয়ে নিন এ বিষয়ে।

14

পাপীমনা

জুন ৯, ২০১১ সময়: ১২:১০ অপরাহ্ণ লিঙ্ক

পাপীমনাকেই বেছে নিলাম@ফরিদ

15

হৃদয়াকাশ

জুন ৯, ২০১১ সময়: ৩:১৮ অপরাহ্ণ লিঙ্ক

লেখাটিতে প্রচুর বানান ভুল। অধিকাংশ বিরাম চিহ্নই সঠিক অবস্থানে নেই।

পোস্ট দেওয়ার আগে কর্তৃপক্ষ কি এগুলো খেয়াল করে না ?

মুক্তমনা ব্লগার আবুল কাশেম আমাকে একটি ই মেইলে লিখেছেন,

আমাদের লিখায় ভুলের কোন স্থান নাই।

তিনি হয়তো তথ্যের দিকে ইঙ্গিত করে আমাকে এই কথা বলেছেন। কিন্তু এটি মুক্তমনার সকল ক্ষেত্রে হবে না কেনো ?

নেট পথিক এর জবাব:

জুন ৯, ২০১১ at ৭:৩৫ অপরাহ্ণ

@হৃদয়াকাশ,

পোস্ট দেওয়ার আগে কর্তৃপক্ষ কি এগুলো খেয়াল করে না ?

বানান ভুল নিয়ে যে অভিযোগ করেছেন তা হয়তো ঠিক আছে, কিন্তু কোন ব্লগের মডারেটরদের পক্ষে প্রত্যেকটা পোষ্টের প্রুফ রিডিং করে পোষ্ট দেবার কোন সুযোগ আছে বলে আমার মনে হয় না। আর আমার জানা মতে কোন বাংলা ব্লগ এই কাজটা করে না।

হৃদয়াকাশ এর জবাব:

জুন ১২, ২০১১ at ২:০১ অপরাহ্ণ

@নেট পথিক,

তাই বলে এরকম ভুলে ভরা পোস্ট ! লেখকের কাছে কোনো জবাবদিহি নেই ?

16

স্বাধীন

জুন ১০, ২০১১ সময়: ১২:০৮ পূর্বাহ্ণ লিঙ্ক

লিখে চলুন। শেষ প্যারাটিকে ভেঙ্গে দিলে পড়তে সুবিধে হতো। মুক্তমনায় স্বাগতম।

সমাপ্ত

http://www.nabojug.com/posts/mahasina/304

ধর্মীয় যুক্তির দোষ গুলি

রবি, 04/07/2013 - 21:10 তারিখে

লিখেছেন : মহসিনা খাতুন

সভ্যতার প্রায় আদিকাল থেকেই একের পর এক ধর্মের উৎপত্তি হয়ে চলেছে। মজার ব্যাপার, এই ধর্ম গুলির আচার আচরণের মধ্যে বিভিন্ন পার্থক্য থাকা সত্ত্বেও এদের যুক্তিগুলি সেই শুরু থেকে একই রকম রয়ে গেছে, তা সে ধর্মীয় তাত্ত্বিক আলোচনার ক্ষেত্রেই হোক বা কোনো সামাজিক সংস্কারের ইস্যুতে। যে ধরনের যুক্তি কোন হিন্দু ধর্মীয় বই তে পাওয়া যায়, একই ধরনের যুক্তি পাওয়া যায় ইসলাম ও খ্রিস্ট ধর্মীয় গ্রন্থগুলিতে। যুক্তিগুলি যতই ভ্রান্ত হোক না কেন , সাধারণ মানুষের অজ্ঞতা এবং চাতুর্যপূর্ণ পরিবেশনের কারণে সেই আদি কাল থেকেই বেশিরভাগ মানুষকে অল্প বিস্তর প্রভাবিত করে ।

ফেসবুকে যখন থেকে নিয়মিত হলাম তখন থেকেই মনে হয় ধর্মীয় যুক্তি গুলির দোষ গুলি নিয়ে একটু লেখা দরকার জানানো দরকার ধর্মীয় যুক্তি গুলির ভুল কিভাবে ধরা যায়। আর যেহেতু আমি যুক্তিবিদ্যার স্টুডেন্ট তাই এই কাজের দায় আমি এড়িয়ে যেতে পারি না। এবং সেই প্রচেষ্টা তেই আমার এই লেখা।

যুক্তিবিদ্যায় সমস্ত যুক্তিকে মূলত দুই ভাগে ভাগ করা হয়। ছাঁচে ঢালা (ফর্মাল) যুক্তি ও বেছাঁচে (ইনফরমাল) যুক্তি। ছাঁচে ঢালা যুক্তি হল গণিতের মতো ব্যাপার। বেশি তত্ত্ব কথা না বুঝেও কষে ফেলা যায় । ছাঁচে ঢালা যুক্তির বৈধতা বা অবৈধতাও নির্ণয় করা যায় কয়েকটি সূত্র প্রয়োগ করে, ঠিক গণিতের মতোই। কিন্তু বেছাঁচে যুক্তি (ইনফরমাল) এরকম ছাঁচে ঢালা নয় । সাধারণ মানুষের কথায় প্রতিনিয়ত ব্যবহৃত হওয়া এই ধরনের যুক্তি কে গণিতের মতো একে ছাঁচে ঢালা যায় না। সহজে সূত্র প্রয়োগে উত্তর বেরোয় না। যুক্তির বৈধতা বা অবৈধতাও বুঝে ওঠা এক্ষেত্রে কঠিন হয়ে পড়ে, কেননা, সাধারণ মানুষের অনেকে তার বিন্দু- বিসর্গ ও জানে না। আর যারা যুক্তিবিদ্যার স্টুডেন্ট তারা এই ধরনের যুক্তি নিয়ে আলোচনা প্রায় করেই না। তাদের আলোচনা মূলত কেন্দ্রীভূত আধুনিক গাণিতিক যুক্তি, সাঙ্কেতিক যুক্তি ইত্যাদি ফর্মাল বা ছাঁচে ঢালা যুক্তি নিয়ে। তাই ধর্মীয় বক্তা কিম্বা ধার্মিক রা যখন কুশলী শব্দ প্রয়োগ করে যুক্তি বা বক্তৃতা দেন , তখন সাধারণেরা তো বটেই, অনেক শিক্ষিত ব্যক্তিও অসহায় হয়ে পড়ি। বাধ্য হই তাদের বক্তব্য মেনে নিতে। তাই প্রত্যেক কে এই ধরনের যুক্তির দোষ গুলির সাথে একে একে পরিচয় করিয়ে দিতে চাই-----

দোষ ১) প্রমাণাভাবের সুযোগ নেওয়াঃ অনেক সময় দেখা যায় যে ধর্মীয় বক্তা রা সাধারণ মানুষের অজ্ঞতার সুযোগ নিয়ে এই ধরনের যুক্তি দেন ---- " ঈশ্বর সত্য, কেননা কেউ এখনো প্রমাণ করতে পারেনি যে ঈশ্বর মিথ্যা"। কিন্তু ঈশ্বরের অস্তিত্ব প্রমাণ করতে না পারা কখনো ঈশ্বরের সত্য হওয়া কে প্রমাণ করতে পারে না। এই যুক্তির উত্তরে পাল্টা যুক্তি দিলে বিষয় টি বোঝা যায় ," ঈশ্বর নেই, কেননা কেউ এখনো প্রমাণ করতে পারেনি যে ঈশ্বর সত্য "। এই ধরনের যুক্তি গুলিতে যে দোষ ঘটে তা হল প্রমানভাবের সুযোগ নেওয়ার দোষ।

দোষ ২) বিতর্কিত বিশেষণ প্রয়োগের দোষঃ ধর্মীয় বক্তা দের বিতর্কিত বিশেষণ প্রয়োগ করতে দেখা যায়। উদাহরণস্বরূপ, "-----তসলিমার দ্বিখণ্ডিত নামক ওই পর্ণোগ্রাফিক ও ধর্মীয় অসহিষ্ণুতা ছড়ানো বইটির ছাড়পত্র যে কিভাবে সরকার দেয় !" এখানে আবেগ ভরা এবং বিতর্কিত "পর্ণোগ্রাফিক" ও "ধর্মীয় অসহিষ্ণুতা ছড়ানো"–এই দুটি শব্দ কিন্তু দ্বিখণ্ডিত বইটির বিশেষণ হিসাবে প্রমাণিত নয়। তাই এই শব্দ দুটি এই বইটির বিরুদ্ধে সাধারণ মানুষের আবেগ কে উস্কানি দিতে সক্ষম হলেও যুক্তির দিক থেকে এটি দোষ দুষ্ট। কেননা, প্রযুক্ত বিশেষণ বিতর্কিত ও অপ্রমাণিত।

দোষ ৩) নজির উল্লেখের দোষঃ সাধারণত ধর্মীয় বক্তৃতায় এই দোষের বাহুল্য লক্ষ্য করা যায়। এই দোষটি খুব ইন্টারেস্টিং। আমার একটি খুব পছন্দের বক্তা এটার অসাধারণ প্রয়োগ করেন। যুক্তি গুলি এরকম হয়---- " নারীর অধিকার পুরুষের অর্ধেক। কেননা, কোরআনের সুরা নম্বর অমুক, আয়াত নম্বর অমুক এ এটা বলা আছে।" সমস্যা হল। এই উক্তি আদৌ সেই বই তে আছে কিনা তা শ্রোতার পক্ষে সঙ্গে সঙ্গে পরখ করে নেওয়া সম্ভব হয় না। আর সত্যিই যদি তা থেকেও থাকে, তাহলেও যুক্তি হিসাবে তা দোষ যুক্ত। কেননা, পূর্বে কোনও বইতে বা কারো বক্তব্যে এই কথার সমর্থন থাকাটা এই কথার সত্যতা প্রমাণ করে না। এই নজির উল্লেখের দোষ প্রকৃত পক্ষে এক ধরনের প্রতারণা। এবং ধর্মীয় বক্তা রা এটা অতি চাতুর্যের সঙ্গে খুব সফল ভাবেই প্রয়োগ করে থাকে।

দোষ ৪) জবরদস্তি মূলক যুক্তিঃ এটি এমন এক প্রকার দোষ যেখানে, প্রতিপক্ষকে ভয় দেখানোর মাধ্যমে কাজ হাসিলের অর্থাৎ নিজের বক্তব্য মানিয়ে নেওয়ার চেষ্টা করা হয়। যেমন, "অবশ্যই ইসলাম আল্লাহ-র মনোনীত একমাত্র ধর্ম। এবং আমাদের সকলের উচিত তা গ্রহণ করা। কেননা আল্লাহ-র অগোচর কিছুই নেই। অবিশ্বাসী দের জন্য কঠিন আ যাব অপেক্ষা করে আছে। এবং নিশ্চয়ই আল্লাহ সর্বশক্তিমান।" এখানে প্রথম দুটি বাক্যের সমর্থনে কোনও যুক্তি না দেখিয়ে কেবল ভয় দেখিয়ে মেনে নিতে বাধ্য করার চেষ্টা চলছে।

দোষ ৫) প্রতিষ্ঠিত ব্যক্তির অজুহাতঃ অনেক সময় ধার্মিক রা ভিন্ন ভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত ব্যক্তির অজুহাত দিয়ে থাকেন। যেমন, "ঈশ্বর আছেন, কেননা আইনস্টাইন নিজে বলেছেন যে তিনি ঈশ্বরে বিশ্বাস করেন।" কিম্বা "অমিতাভ বচ্চনের মতো ব্যক্তিও সম্প্রতি এক প্রখ্যাত জ্যোতিষীর কাছে হাত দেখিয়েছেন। অতএব জ্যোতিষ বিদ্যাকে কিভাবে অগ্রাহ্য করা যায়?" কিন্তু সমস্যা হল, সেই প্রতিষ্ঠিত ব্যক্তি কি আলোচ্য বিষয়ে বলার মতো স্পেশালিষ্ট? কিম্বা তিনি কি অন্যত্র এই বিষয়ে অকাট্য কোনও যুক্তি দিয়েছেন?--- তাহলে যুক্তি ছাড়া কেন আমরা তাদের নির্ভরযোগ্য বলে মেনে নেবো ? এই ধরনের যুক্তি গুলি কোনও যুক্তি ই নয়। বরং নিজের বক্তব্যের সমর্থনে যুক্তির বদলে প্রতিষ্ঠিত ব্যক্তির সমর্থন দ্বারা বক্তব্যের ভার বাড়ানোর অপচেষ্টা।

দোষ ৬) সাধ্যস্বীকার দোষঃ সাধ্য বলতে বোঝায় 'প্রমাণের বিষয়' অর্থাৎ যাকে প্রমাণ করতে হবে(এখনো প্রমাণিত হয় নি)। কোনও বিষয় কে প্রমাণ করতে গিয়ে যদি দেখা যায় যে, প্রমাণের বিষয় কে আগে থেকেই ধরে নিয়েই তা প্রমাণের চেষ্টা চলছে , তাহলে একে বলা হবে সাধ্য স্বীকার দোষ। যেমন এই কথোপকথনটি ---

কঃ- আল্লাহ আছেন ।

খঃ- কি করে জানলে ?

কঃ- কেননা কোরআনে আছে। এবং কোরআন অভ্রান্ত।

খঃ- কেন? কে বলল কোরআন অভ্রান্ত?

কঃ- কোরআন অভ্রান্ত কেননা কোরআন আল্লাহ-র ই বানী।

এই যুক্তি টির সরলীকরণ করলে দাঁড়ায় --- 'আল্লাহ-র বাণী অনুযায়ী আল্লাহ আছেন। অতএব আল্লাহ আছেন।' অর্থাৎ প্রমাণের বিষয় (আল্লাহ আছেন) টি প্রমাণের আগেই বক্তা 'ক' স্বীকার করে নিয়ে(আল্লাহ-র বাণী)-ই তা প্রমাণের চেষ্টা করেছেন। সুতরাং এখানে ক এর যুক্তি দোষ দুষ্ট এবং দোষ টির নাম হল সাধ্যস্বীকার দোষ ।

দোষ ৭) শাস্ত্রের দোহাইঃ ধর্মীয় বক্তা দের বক্তব্যের বহুক্ষেত্রে দেখা যায় কোন একটি শাস্ত্র বাক্য উল্লেখ করে বলতে - "যেহেতু শাস্ত্র বাক্যে এই কথা বলা হয়েছে , তাই তা সত্য।" কিন্তু এই যুক্তি ভ্রান্ত। কেননা শাস্ত্রের বহু বাক্য আজ ভুল বলে প্রমাণিত। তাই শাস্ত্রবাক্য মানেই তা অভ্রান্ত–একথা মানা যায় না । তাছাড়া শাস্ত্র বাক্য গুলির অর্থ অনেক সময় এতটাই অস্পষ্ট হয় যে, দশ জন ব্যাখ্যাকারী তাকে দশ ভাবে ব্যাখ্যা করেন। তাই শাস্ত্রে থাকাই কোন বাক্যের সত্যতা কে প্রমাণ করতে পারে না। এই প্রকার দোষ কে বলা হয় , শাস্ত্রের দোহাই দেওয়ার দোষ।

দোষ ৮) মধ্যপন্থার অজুহাতঃ আমরা দেখি, অনেক সময় একটি বিশেষ প্রশ্নে দুইটি চরম বিরোধী সমাধানের মধ্যে একটিকে বেছে নেওয়া কঠিন হয়ে পড়ে। সেক্ষেত্রে আমরা মধ্যপন্থা অবলম্বন করি। এবং এটাই বাঞ্ছনীয়। কিন্তু এই দুটির মধ্যে কোন এক পক্ষের সমাধান অধিক সঙ্গতিপূর্ণ হওয়া সত্ত্বেও যদি মধ্যপন্থার কথা বলা হয়, তাহলে তা সাধারণত মানুষ কে বিভ্রান্ত করতে সক্ষম হলেও তা আসলে মধ্যপন্থা নয় বরং মধ্যপন্থার অজুহাত । যেমন। "--- আপনারা জানেন যে , ইসলাম ছাড়া কোন ধর্মই উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি তে নারীর অংশিদারীত্ব স্বীকার করে না , যা নারীর প্রতি অবিচার। আবার সেক্যুলার সরকার নারীর সমানাধিকারের কথা বলে। কিন্তু একথা তো জলের মতো পরিষ্কার যে আল্লাহ তালাহ পুরুষ কে নারীর তুলনায় অধিক মর্যাদা দিয়ে ছেন। শারীরিক ও মানসিক দিক থেকে অধিক সক্ষম করে সৃষ্টি করেছেন। তাই আল্লাহ -র মনোনীত একমাত্র ধর্ম ইসলামেনারীর অধিকার স্বীকৃত এবং সঙ্গত ভাবেই টা পুরুষের অর্ধেক। সমানও নয় , শূন্যও নয়। এই মধ্যপন্থা ইসলামের সর্বক্ষেত্রে প্রয়োগ হয়েছে, তাই ইসলাম ধর্মই সর্বশ্রেষ্ঠ।" --- এটি নির্ভুল যুক্তি মনে হলেও, আসলে মধ্যপন্থার অজুহাতে নারীর সমানাধিকারের দাবী কে গলা টিপে মারার চেষ্টা।

দোষ ৯) ব্যক্তিগত আচরণ দূষণের দোষঃ একটি জলসা তে বলতে শুনেছিলাম, "-----এখন আবার একদল লোক বলতে শুরু করেছে তারা নাকি ধর্ম মানে না। বিজ্ঞানের উন্নতির সাথে সাথে ধর্ম নাকি গুরুত্ব হীন হয়ে পড়েছে। এবং দুর্ভাগ্যবশত এদের অনেকেরই মুসলিম পরিবারে জন্ম ।(এরপর ভদ্রলোকের গলা সপ্তমে চড়ে গেল) প্রশ্ন করুন সেইসব নাস্তিকদের! তাদের নাম কি ইসলামি নয়? তাদের পিতামাতার বিয়ে কি ইসলামি রীতি তে হয়নি? তাদের মৃত্যুর পর কি ইসলামি রীতি তে জানাযা পড়া হবে না ?-----" ইত্যাদি ইত্যাদি। বক্তার বাক্য গুলি ওই নাস্তিক ব্যক্তিদের কথা ও কাজের অসঙ্গতি দেখালেও অর্থাৎ তাদের ব্যক্তিগত আচরণের দোষ দেখাতে সক্ষম হলেও তাদের বক্তব্য কে (বিজ্ঞানের উন্নতির সাথে সাথে ধর্ম নাকি গুরুত্ব হীন হয়ে পড়েছে) মিথ্যা প্রমাণ করার যুক্তি হিসাবে গ্রহণযোগ্য নয়। এই দোষ টিকে বলা হয় ব্যক্তিগত আচরণ দূষণের দোষ।

দোষ ১০) ব্যক্তিগত আক্রমণের দোষঃ ধর্মীয় যুক্তির দোষ গুলির মধ্যে সবচেয়ে জনপ্রিয় হল ব্যক্তিগত আক্রমণ। কোন ধর্মীয় জলসায় তসলিমা নাসরিন বা হুমায়ুন আজাদ এর মতো স্বাধীনচেতা দের প্রসঙ্গ উঠলেই এর মাত্রাধিক প্রাচুর্য লক্ষ্য করা যায়। যেমন, একটি জলসায় তসলিমার প্রসঙ্গে বক্তা বলে উঠলেন, ".. ওই নচ্ছার, বেশ্যা মেয়েছেলে, যে সমস্ত নারী জাতির কলঙ্ক ,সে আবার নারীর অধিকার শেখাচ্ছে! আজ এই জলসায় সমস্ত বিশ্বাসী নারী দের কাছে আমার প্রশ্ন, আপনারা কাকে আদর্শ করবেন? হজরত আয়েশা, হজরত ফাতেমা, না বেশ্যা তসলিমা?" --- এই বক্তব্য তসলিমা নাসরিন সম্পর্কে অজ্ঞ মানুষ দের তসলিমার প্রতি ঘৃণা বাড়িয়ে দিতে সক্ষম হলেও , নারীর অধিকার সম্পর্কে তার বক্তব্য কে মিথ্যা প্রমাণ করার পক্ষে একেবারেই অকেজো। এই ভাবে যুক্তির পরিবর্তে প্রতিপক্ষকে ব্যক্তিগত ভাবে আক্রমণ করা হলে এই দোষকে ব্যক্তিগত আক্রমণের দোষ বলে।

পরিশেষে, একটি কথা বলা দরকার। আর তা হল, যেহেতু এই ধরনের কথ্য ভাষায় প্রযুক্ত যুক্তিগুলির বিশেষ কোন ছাঁচ নেই। তাই একাধিক যুক্তি অনেক সময় মিশ্রিত করে আরও জটিল ভাবে উপস্থাপন করা হয়। আবার কখনো একটি যুক্তি তে একাধিক দোষ ও দেখা দিতে পারে। শ্রোতা কে সেই দিক গুলি খেয়াল রাখতে হবে।

(এই বিষয়ে যুক্তিবিদ্যার অভিধান ও রমাপ্রসাদ দাসের বই থেকে পারিভাষিক শব্দ গুলি নেওয়া হয়েছে। কয়েকটি ইনফরমাল লজিকের ইংরেজি বই এর সাহায্য নেওয়া হয়েছে। এই বিষয়ে বাংলা বা ইংরেজি ভাষায় কোন কাজ হয়েছে বলে আমার জানা নাই। তাই রেফারেন্স চাইবেন না প্লিজ। আর আপনাদের যদি কোন রেফারেন্স জানা থাকে দয়া করে জানান। আমি এই বিষয়ে আরও কাজ করতে চাই।)

কমেন্ট

হেফাজতে ইসলাম সমস্ত যুক্তির

মন্তব্য করেছেন আব্দুল হাকিম চা... (তারিখ: রবি, 04/07/2013 - 23:45).

হেফাজতে ইসলাম সমস্ত যুক্তির দোষ কে নির্দোষ করে ফেলেছে।

আগামী নির্বাচনে এরা প্রতিযোগিতায় জয়লাভ করে দেশে একটা শারীয়া শাসন ভিত্তিক সরকার গঠন করে ফেলতে পারে।

আল্লামা শফীকে তাদের প্রেসিডেন্ট বানাতে পারে। তখন দেশ থেকে সমস্ত মুরতাদ ও অমুসলিমদেরকে বিতাড়িত করে দেশে শুধুমাত্র খাটি ইমানদার মুসলমানদেরকে রাখা হবে।

ইসলামের অবস্থা খারাপ...

মন্তব্য করেছেন মহসিনা খাতুন (তারিখ: মঙ্গল, 04/09/2013 - 23:44).

ইসলামের অবস্থা খারাপ... আল্লাহ্ হাল ছেড়ে দিয়েছে, আর পারছে না, তাই বাধ্য হয়ে কিছু মানুশকে নামতে হয়েছে ইসলামকে হেফাজত করার জন্য

আমি সেই মেয়ে...

যারা জেনে বুঝে মিথ্যে

মন্তব্য করেছেন ছুটি (তারিখ: রবি, 04/07/2013 - 23:56).

যারা জেনে বুঝে মিথ্যে প্রতিষ্ঠা করতে সচেষ্ট... তারা বিশেষ যুক্তির ধার ধারেনা... তারা কথার চালাকিতে মানুষকে বোকা বানিয়ে নিজেদের দলে টানে... কিন্তু বুদ্ধিমান মানুষের সাথে কখনও তর্কে যায়না... সেখানে গায়ের জোরে মিথ্যাতাকে প্রতিষ্ঠার চেষ্টা করে... ছুটি...

যুক্তিবিদ্যার ভিত্তিতে আপনার

মন্তব্য করেছেন ভবঘুরে (তারিখ: মঙ্গল, 04/09/2013 - 01:03).

যুক্তিবিদ্যার ভিত্তিতে আপনার পয়েন্টগুলো দারুন হয়েছে। আপনি যথার্থ বলেছেন। সাধারন মানুষ যুক্তিবিদ্যার এসব নিয়ম কানুন জানে না। জানে না বলেই তারা খুব সহজেই ধান্ধাবাজ ধর্ম প্রচারক এর খপ্পরে পড়ে যায়। তাছাড়া ধর্মীয় পরিবেশে মানুষ বেড়ে ওঠে বলেই তার মনজগত আগে থেকেই তাদের মত ও যুক্তি গ্রহন করতে প্রস্তুত থাকে তা সেগুলি যতই অযৌক্তিক বা আজগুবি হোক না কেন।

দর্শন পড়তে যখন শুরু করলাম তখন

মন্তব্য করেছেন মহসিনা খাতুন (তারিখ: মঙ্গল, 04/09/2013 - 23:46).

দর্শন পড়তে যখন শুরু করলাম তখন থেকেই মনে হত সব মানুষ কে খানিকটা করে যেন অন্তত দর্শন আর জুক্তিবিদ্যা শেখান হয় ...

আমি সেই মেয়ে...

আপনার লেখা সব সময়ই মনোযগ দিয়ে

মন্তব্য করেছেন আবুল কাশেম (তারিখ: মঙ্গল, 04/16/2013 - 04:23).

আপনার লেখা সব সময়ই মনোযগ দিয়ে পড়ি।

দেরীতে হলেও আপনার লেখা পড়ে দর্শনশাস্ত্র সম্বন্ধে অনেক কিছু জানলাম। ইসলাম কী কোন দর্শন নাকি?

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=18044

মস্তিষ্কের উপরে ধর্মের প্রভাব

তারিখ: ২৬ শ্রাবণ ১৪১৮ (আগস্ট ১০, ২০১১)

লিখেছেন: কৌশিক

সায়েন্টিফিক অ্যামেরিকান পত্রিকায় বেশ কিছুকাল আগে প্রকাশিত একটি লেখার সূত্রে এই পোস্টের অবতারণা। এই লেখাটা শুরু করার আগেই একজন বিজ্ঞান গবেষক হিসেবে একটা কথা সবাইকে মনে করিয়ে দি - কোরিলেশন ডাজ নট ইক্যুয়েট অর সিগনিফাই কজেশন, অর্থাৎ দুটি ঘটনার মধ্যে আপাতদৃষ্টিতে বা সংখ্যাতত্ত্বের হিসাবে পারস্পরিক সম্পর্ক থাকলেও একে অন্যের কারণ বা নিদান হবেই সে কথা ধ্রুবসত্য নয়। এই ব্যাপারে অবশ্য সংখ্যাতত্ত্ববিদরা অনেক ভাল বোঝাতে পারবেন, কিন্তু এই মৌলিক ধারণাটি আমরা যারা যুক্তিবাদী এবং প্রমাণ - নির্ভর চিন্তাধারা নিয়ে আলোচনা করে থাকি, তাদের মনে রাখা প্রয়োজন।

আইচ্ছা যাউকগা। আসল গল্পটা আমার এই জ্ঞানদানের থেকে অনেক বেশী উৎসাহবর্দ্ধক। মানুষের মস্তিষ্ক এবং ধর্মের সম্প র্ক নিয়ে ইদানীং অনেক বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা হচ্ছে। বেশ কিছু গবেষণা হয়েছে মস্তিষ্কের ওপর বিভিন্ন ধর্মাচরণ সংক্রান্ত কাজ, যেমন ধ্যান এবং প্রার্থনা, তার আপাত ফলাফল বা অ্যাকিউট এফেক্ট নিয়ে, আবার কিছু কাজ হয়েছে ধর্মের দীর্ঘসাময়িক বা ক্রনিক ফলাফল নিয়ে। সাধারণ ভাবে এই কাজগুলো তে যারা ধার্মিক ক্রিয়াকল্পের সঙ্গে যুক্ত , তাদের মস্তিষ্কের আয়তন বা কার্যকুশলতার তুলনা করা হয়েছে নির্ধার্মিক -দের বা যারা ধার্মিক হলেও ততটা ধর্ম নিয়ে মাতামাতি করেনা তাদের সঙ্গে। আবার কিছু পরীক্ষা হয়েছে একই লোকেদের নিয়ে, দুটো সময়বিন্দুতে - যখন তারা ধর্মের চর্চা করতনা, এবং যখন সেই একই লোক অতোঃপর ধ্যান-প্রার্থনা-ধর্মানুষ্ঠান ইত্যাদিতে সময় দিয়েছে।

অনেক পরীক্ষায় দেখা গেছে যে মস্তিষ্কের কার্যক্ষমতা, অতি উদ্বেগ বা অ্যাংজায়েটি, মানসিক অবনমন বা দৌর্মনস্য বা ডিপ্রেশন-এর ওপর ধর্মের ফলাফল সুখকর। আবার প্রচুর পরীক্ষায় দেখা গেছে যে ধর্মের ফলাফল হানিকারক। বিশেষত, যারা

ধর্মীয় ভাবে সংখ্যালঘু বা ধর্মের কারণে অত্যাচারিত , তাদের জীবনে অনেক বেশী স্ট্রেস এবং উদ্বেগের উপস্থিতি থাকে। আবার অনেক সময়ে, এই উদ্বেগের কারণ হয় ধর্মবিশ্বাস, যখন লোকে মনে করে বা তাদের বলা হয় যে ঈশ্বর তাদের শাস্তি দিচ্ছে, অথবা তাদের পরিবারের লোকজনের সঙ্গে তাদের ধর্মমতের মিল হচ্ছে না। মূল কথাটি এখানে বলা যেতে পারে, যে যেহেতু ধর্মের পুরোটাই মন গড়া, তাই কার ওপরে তার কিরকম এফেক্ট হবে সেটা অনেকাংশেই তাদের নিজেদের ব্যক্তিসত্তার ওপর নির্ভর করে।

আমেরিকার ডিউক বিশ্ববিদ্যালয়ের গবেষক এমি ওয়েন এবং তার সহকর্মীরা একটি গবেষণার ফলাফল প্রকাশ করেছেন, তাতে একটি আশ্চর্য জিনিষ জানা গেছে। আমাদের মস্তিষ্কের মধ্যেখানের একটি অংশের নাম হল হিপ্পোক্যাম্পাস। এই অংশটি মস্তিষ্কের লিম্বিক সিস্টেমের একটা অঙ্গ, এবং এর কাজ হল আবেগ-এর নিয়ন্ত্রণ আর স্মৃতি তৈরী করা। এই গবেষণাতে অংশগ্রহণ করেছে ৫৮-বছর বা ততোধিক বয়েসের মোট ২৬৮ জন মহিলা ও পুরুষ, এবং এতে তুলনা করা হয়েছে নির্ধার্মিক লোকদের সঙ্গে ধর্মপালনকারী মানুষের। ধার্মিক লোকেদের আবার একাংশ হল সেই সব মানুষকে নিয়ে যাদের কোন জীবন-পরিবর্তনকারী ধার্মিক অভিজ্ঞতা (লাইফ চেঞ্জিং রিলিজিয়াস এক্সপীরিয়েন্স) ঘটেছে, বা যারা নিজেদের আত্মশনাক্ত করে বর্ন-এগেইন বা পুনর্জাত খ্রীষ্টান হিসেবে। খ্রীষ্টধর্মে এই পুনর্জন্মের অর্থ হল আধ্যাত্মিক পুনর্জন্ম বা পুনর্জাগরণ, যা সেই সব মানুষের হয় যারা জীবনের কোন এক পরিস্থিতিতে পৌঁছে যীশুকে মুক্তিদাতা হিসেবে মেনে নেয়। উইকিপিডিয়া-তে এর ওপর আর্টিকলটি বেশ জ্ঞানগর্ভ।

এই গবেষণায় ওয়েন-এর দল ম্যাগনেটিক রেজোনেন্স ইমেজিং বা এম আর আই ব্যবহার করেন হিপ্পোক্যাম্পাসের আয়তন মাপতে। তাতে দেখা গেছে, যে যে সমস্ত লোকেদের কোন জীবন-পরিবর্তনকারী বা লাইফ চেঞ্জিং ধার্মিক অভিজ্ঞতা ঘটেছে, তাদের হিপ্পোক্যাম্পাসের আয়তন অনেক গুণে ছোট। শুধু তাই নয়, প্রোটেস্টান্ট এবং ক্যাথলিক-দের মধ্যে যারা পুনর্জাত খ্রীষ্টধর্মাবলম্বী তাদের হিপ্পোক্যাম্পাসের আয়তন সাধারণ খ্রীষ্টানদের থেকে ছোট, এবং এই পরিবর্তন তাদের ঐ অংশের ডান এবং বাঁ দুই ভাগেই দেখা গেছে। কিন্তু অদ্ভুতভাবে দেখা গেছে যে যারা নির্ধার্মিক, তাদেরও হিপ্পোক্যাম্পাসের আয়তন বেশ ছোট। গবেষকদল এই ফলাফলের একটি ব্যাখ্যা দিয়েছেন। যাদের ধার্মিক অভিজ্ঞতা হয়ে থাকে, বা যারা

কোন অতি-সংকটের পরিস্থিতির মধ্যে ধর্ম খুঁজে পায়, তাদের অনেক বেশী স্ট্রেস থাকে, এবং এটা জানা আছে যে স্ট্রেস-সংক্রান্ত হরমোন, কর্টিসল-এর প্রভাবে সময়কালে হিপ্পোক্যাম্পাস-এর সংকোচন ঘটে থাকে।

কিন্তু এটাও তাহলে হয়ত সত্যি যে এখনকার সমাজে, বিশেষত যেই সব সমাজব্যবস্থায় ধর্মোন্মাদনা বর্তমান, সেই সমাজে যারা নাস্তিক বা নির্ধার্মিক, তারাও অত্যন্ত মানসিক ক্লেশের মধ্যে থাকেন, এবং সেই কারণেই তাদেরও মস্তিষ্কের ওই অংশের সংকোচন ঘটে।

ওয়েন-এর স্টাডিটিতে যে প্রকল্প (হাইপোথিসিস)-টি নিয়ে পরীক্ষা করা হয়েছে, তার ফলাফলকে একটি সম্পূর্ণ বিপরীত দৃষ্টিভঙ্গী থেকে দেখা যেতে পারে। বয়স বাড়ার সঙ্গে হিপ্পোক্যাম্পাসের আয়তনের হ্রাসপ্রাপ্তির ঘটনা অজানা নয়। সেক্ষেত্রে, এটা হতেই পারে যে নাস্তিক বা নির্ধার্মিকদের ওই আয়তনের পরিমাপ তাদের বয়স-হিসেবে নর্মাল; মনে রাখা দরকার যে ওই স্টাডিতে অংশগ্রহণকারীদের বয়স ছিল ৫৮ এবং উর্দ্ধে। অল্প বয়সে ধর্মের সঙ্গে পরিচিতি, মনে অল্প অল্প ভক্তিভাব জাগা, ধর্মীয় আচার অনুষ্ঠানে অংশগ্রহণ, ইত্যাদির ফলে প্রভূত আবেগের উদ্রেক হতে পারে - এবং আবেগ-এর সঙ্গে হিপ্পোক্যাম্পাসের যোগাযোগ সুজ্ঞাত। বিশেষত , বিপরীতধর্মী আবেগ সমূহ, ধর্মের বৈপরীত্য সম্পর্কে ধারণা, সিলেক্টিভ মেমোরী এবং কগ্নিটিভ ডিজোনেন্স (বৈপরীত্যের ধারণা কে জ্ঞানতঃ আলাদা করে রাখা) - তার মানসিক চাপ, চারপাশের বিভিন্ন ধ্যানধারণার সম্পর্কে ক্রমবর্ধমান সচেতনতা, ইত্যাদির ফলে হিপ্পোক্যাম্পাসের আয়তনের অতিবৃদ্ধি (হাইপারট্রোফি) ঘটা হয়ত খুবই সম্ভব, যার ফলে ধর্মবিশ্বাসীদের ওই আয়তন বড় হয়। কিন্তু যাদের তথাকথিত ধার্মিক অভিজ্ঞতা হয়ে থাকে, বা যারা কোন অতি-সংকটের পরিস্থিতির মধ্যে ধর্ম খুঁজে পায় - একবার ধর্মীয় মৌলবাদ মাথায় ঢুকে গেলে তখন পুরোটাই বিশ্বাসনির্ভর, তখন আর কোন দ্বন্দ্ব নেই, দ্বিধা নেই, এবং সেই কারণেই আর কোন দীর্ঘসাময়িক বা ক্রনিক আবেগে উত্তালতার প্রশ্ন থাকে না - তাই তখন আবার হিপ্পোক্যাম্পাস ছোট হয়ে ধর্মপ্রাপ্তির আগের নর্মাল আয়তনে ফিরে আসে।

আমি জানিনা আমার এই লাইনের চিন্তাটি একটা বিচারযোগ্য হাইপোথিসিস কিনা, কারণ মস্তিষ্ক প্রত্যঙ্গ এবং মনোবিদ্যার কার্যকরী সম্পর্কের বিষয়ে আমার জ্ঞান সীমিত। এইখানেই আবার করে সেই শুরুর আপ্তবাক্যটি মনে রাখা দরকার।

মস্তিষ্কের গঠন বা কাজের সঙ্গে ধর্মের কার্য-কারণ সম্পর্ক বা কজাল রিলেশনশিপ স্থাপন করা খুবই দুরুহ। এই বর্তমান ফলাফলের আরো অনেক ব্যাখ্যা হতে পারে। যেমন লাইফ চেঞ্জিং ঘটনার থেকে বেশী জরুরী হতে পারে সেই পরিবেশ বা পরিস্থিতি যা থেকে সেই ঘটনার উৎপত্তি ঘটে। আবার, যদিও গবেষকরা মনে করছেন যে স্ট্রেসের কারণে এরকম হয়, বর্তমান স্টাডিতে স্ট্রেসের সঙ্গে সরাসরি কোন সম্পর্ক পাওয়া যায় নি, কারণ শুধুমাত্র আপাতকালীন বা অ্যাকিউট স্ট্রেস -ই মাপা হয়েছে, দীর্ঘসাময়িক স্ট্রেস নয়। কিছু কিছু ধরণের মৃগীরোগী, যাদের হিপ্পোক্যাম্পাসের আয়তন ছোট হয়, তারা অতি-ধার্মিক বা হাইপার-রিলিজিয়াস হয়ে পড়ে বিনা স্ট্রেস-এই। আবার এটাও হতে পারে, যে যারা অতি-ধার্মিক তারা সহজেই স্ট্রেস-এ আক্রান্ত হয় জীবনে, যার একটা কারণ হতে পারে যে বেশীরভাগ ধর্মেই পার্সোনাল রেস্পন্সিবিলিটি বা নিজস্ব দায়িত্বের শিক্ষা দেওয়া হয় না - সব ঈশ্বরে-সমাপন বা পরিপূর্ণ-নিবেদন গোত্রীয় বিশ্বাসধর্মী ধারণার ওপরে জোর দেওয়া হয়।

ক্রিয়া-পরিমাপক বা ফাংশনাল এম আর আই-র প্রযুক্তি এখনও শৈশবস্থায় আছে। ধীরে ধীরে আমরা মস্তিষ্কের কাজ এবং তার ওপর ধর্মের প্রভাবের কথা আরও জানতে পারব নিশ্চয়।

কমেন্ট

আব্দুল হাকিম চাকলাদা

আগস্ট ১০, ২০১১ সময়: ৮:৩৫ পূর্বাহ্ণ লিঙ্ক

আপনার জ্ঞানগর্ভ প্রবন্ধ টি বেশ ভালই লাগল।এরুপ বৈজ্ঞানিক তথ্যপুর্ন প্রবন্ধ আরো লিখবেন।

ধন্যবাদান্তে,

আঃ হাকিম চাকলাদার

নিউ ইয়র্ক

2

নিটোল

আগস্ট ১০, ২০১১ সময়: ১:১০ অপরাহ্ণ লিঙ্ক

এ ধরনের লেখা আমি ভালো পাই। চলুক।

কৌশিক এর জবাব:

আগস্ট ১১, ২০১১ at ১০:০০ পূর্বাহ্ণ

@নিটোল, আমার সৌভাগ্য। চেষ্টা করব।

3

লাট্টু গোপাল

আগস্ট ১০, ২০১১ সময়: ১০:৫৯ অপরাহ্ণ লিঙ্ক

সুন্দর, ভবিষ্যতে আরো লেখা আশা করছি ।

কৌশিক এর জবাব:

আগস্ট ১১, ২০১১ at ১০:০০ পূর্বাহ্ণ

@লাট্টু গোপাল, ধন্যবাদ। নিশ্চয় চেষ্টা করব।

4

সংশপ্তক

আগস্ট ১১, ২০১১ সময়: ৩:৪১ পূর্বাহ্ণ লিঙ্ক

লেখাটা পড়লাম আগ্রহ নিয়ে এবং সেই সঙ্গে মনে কিছু প্রশ্নের উদয় হলো । নাস্তিকতা এবং আস্তিকতাকে পর্যবেক্ষক নিরপেক্ষভাবে এবং বৈজ্ঞানিকভাবে নির্ণয় করার কি কোন পন্থা এখন পর্যন্ত পাওয়া গেছে ? কেউ নিজেকে আস্তিক বা নাস্তিক দাবী করলে বিজ্ঞান কি সেটাকে মস্তিষ্কের গঠন ভেদে বস্তুনিষ্টভাবে নির্ণয় এবং যাচাই করতে পারে ?

এই লেখাটা শুরু করার আগেই একজন বিজ্ঞান গবেষক হিসেবে একটা কথা সবাইকে মনে করিয়ে দি
-
বিজ্ঞানের কোন শাখায় গবেষণা করছেন জানতে পারি কি ?
এছাড়া, মস্তিষ্কের মত একটা অত্যন্ত জটিল এলাকা নিয়ে লিখতে বসে যদি লেখেন ,
কারণ মস্তিষ্ক প্রত্যঙ্গ এবং মনোবিদ্যার কার্যকরী সম্পর্কের বিষয়ে আমার জ্ঞান সীমিত।
পাঠকেরা একটু বিপদে পড়ে যাবেন বৈ কি । যাহোক , হিপোক্যামপাস এলাকার যে জীনগুলো প্রোটিন এনকোড করে তার মধ্যে NR3C1 জীন অন্যতম যায় ব্যপ্তি ওখানকার বেশীরভাগ এলকা জুড়ে। এই জীন নিয়ে যে গবেষণা এ পর্যন্ত হয়েছে তাতে আবেগের (?) সাথে এই জীনের সরাসরি সম্পর্ক বের মনে হয় কঠিনই।

কৌশিক এর জবাব:
আগস্ট ১১, ২০১১ at ৯:৫৮ পূর্বাহ্ণ
@সংশপ্তক,
কেউ নিজেকে আস্তিক বা নাস্তিক দাবী করলে বিজ্ঞান কি সেটাকে মস্তিষ্কের গঠন ভেদে বস্তুনিষ্টভাবে নির্নয় এবং যাচাই করতে পারে ?
না। এই যে 'দাবী'র কথা আপনি বলেছেন, সেটা শুধু আবেগবশত দাবীর কথা নয় , একটা ফাংশনাল প্রোপোজিশন। আস্তিক হতে গেলে একভাবে ব্যবহার করতে হয়, একভাবে চলতে হয়। নাস্তিক হতে গেলে আরেকভাবে। এর প্রত্যেকটাই মাল্টিফ্যাকটোরিয়াল, বহুকারণসমন্বিত। তাই তাকে মস্তিষ্কের গঠন-এর মত একটা সিঙ্গল ফ্যাকটরের পরিপ্রেক্ষিতে চিন্তা করাটা অকারণ এবং অনুচিত রিডাকশনিজম। যে স্টাডিটির কথা আমি উল্লেখ করেছি, সেটা একান্তই অবজার্ভেশনাল, তথ্যাহরণ এবং তার সম্পর্কে চিন্তনই এর মূল উদ্দেশ্য।
বিজ্ঞানের কোন শাখায় গবেষণা করছেন জানতে পারি কি ?
আমি একজন ইমিউনোলজিস্ট, জীবাণুঘটিত রোগ নিয়ে কাজ করি।
...পাঠকেরা একটু বিপদে পড়ে যাবেন বৈ কি
না, পাঠকদের বিপন্ন করতে চাইনা, কিন্তু মাফ করবেন, আমার কথাটির সঠিক অর্থ হয়ত আপনি ধরতে পারেননি বলে মনে হচ্ছে। জরুরী প্রত্যঙ্গ হিসেবে মস্তিষ্কের সম্পর্কে আমি ওয়াকিবহাল; তার গঠন এবং কার্যাবলী সম্পর্কে আমি পরিমিতভাবে অবহিত। কিন্তু মনোবিদ্যা আমার বিষয় নয়, তার কমপ্লেক্সিটি নিয়ে আমার জ্ঞান ভাসা ভাসা। এবং এই দুই ডিসিপ্লিনের মধ্যেকার যে সেতুবন্ধন - মস্তিষ্ক এবং মনোবিদ্যার কার্যকরী সম্পর্ক বা ফাংশনাল রিলেশনশিপ - সেটি একটি বর্তমানের অত্যন্ত স্পেশালাইজড এবং অর্বাচীন ফিল্ড, তার সম্পর্কে আমি সত্যিই অত্যন্ত সীমিতজ্ঞানের অধিকারী। আশাকরি বোঝাতে পারলাম।

তবে তার মানে এই নয়, যে একটা প্রকাশিত বৈজ্ঞানিক স্টাডি বা তৎসংক্রান্ত কোন পেপার পড়ে তার মর্মোদ্ধার করতে একান্তই অপারগ হব। বৈজ্ঞানিক প্রক্রিয়া বা সায়েন্টিফিক মেথড-এর সঙ্গে আমার সম্যক পরিচয় আছে।
হিপোক্যামপাস এলাকার যে জীনগুলো প্রোটিন এনকোড করে তার মধ্যে NR3C1 জীন অন্যতম যায় ব্যপ্তি ওখানকার বেশীরভাগ এলকা জুড়ে।
আপনার এই শেষ বাক্যটির অর্থ আমার কাছে পরিষ্কার হলোনা। যদি দয়া করে একটু বুঝিয়ে দেন , বাধিত হব।

সংশপ্তক এর জবাব:
আগস্ট ১২, ২০১১ at ১:৫৫ পূর্বাহ্ণ
@কৌশিক,
হিপোক্যামপাস এলাকার যে জীনগুলো প্রোটিন এনকোড করে তার মধ্যে NR3C1 জীন অন্যতম যায় ব্যপ্তি ওখানকার বেশীরভাগ এলকা জুড়ে।
আপনার এই শেষ বাক্যটির অর্থ আমার কাছে পরিষ্কার হলোনা। যদি দয়া করে একটু বুঝিয়ে দেন , বাধিত হব।
NR3C1 একটা নিউক্লিয়ার রিসেপটর জিন । হাইপোক্যামপাসে এটার উপস্হিতি খুবই উচ্চ মাত্রায়। নিউক্লিয়ার জীন হওয়ার কারনে সে ডিএনএ -র সাথে সরাসরি সম্পৃক্ত হতে এবং অন্যান্য তৎসংশ্লিষ্ট জীনদের আচরণ নিয়ন্ত্রন করতে পারে। হরমোনিক ব্যবস্হায় স্টেরয়েড এবং থাইরয়েড জাতীয় হরমোনের মত অনু গুলোর বার্তা গ্রহন করার ক্ষমতাও এর রয়েছে।
পাঠকদের জ্ঞাতার্থে একটা কথা না বললেই নয় । মস্তিষ্ককে ঠিক মত বুঝতে হলে , শুধু তার এনাটমি বুঝলে চলবে না। অন্যরা তো বটেই , নিউরো বিজ্ঞানীদের পর্যন্ত এখানে সীমাবদ্ধতা রয়েছে কেননা এমনকি তাদের কাছেও একটা পিরামিডাল কোষ অন্য দশটার মতই মনে হবে। মস্তিষ্ককে ঠিক মত বুঝতে হলে এর সূক্ষ অনু এবং কোষ সমূহের কার্যপদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানা আবশ্যক যেটা একজন পুরোদস্তর আনবিক জীব বিজ্ঞানীর কাজ ।

কৌশিক এর জবাব:
আগস্ট ১২, ২০১১ at ৩:০০ পূর্বাহ্ণ

@সংশপ্তক, আমি জানিনা আমার ব্রাউজারগত কারণে কিনা, আমি মুক্তমনার ব্লগে ইংরেজী হরফে লেখা অক্ষর গুলো দেখতে পাইনা। সেই কারণে আপনার আগের কমেন্টে আমি এন আর ৩ সি ১-এর বদলে শুধু “৩১ জীন” এই কথাটা দেখতে পাচ্ছি। সেইজন্যই আমার বুঝতে অসুবিধা হয়েছিল। আপনার এবারকার কমেন্টটা আমার ই-মেইলে পৌঁছনোর দরুণ আসল শব্দটা দেখতে পেলাম।
আপনার মত -
মস্তিষ্ককে ঠিক মত বুঝতে হলে এর সূক্ষ অনু এবং কোষ সমূহের কার্যপদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানা আবশ্যক যেটা একজন পুরোদস্তর আনবিক জীব বিজ্ঞানীর কাজ।
এর সঙ্গে আমি শতকরা ১০০ ভাগ সহমত। শুধু মস্তিষ্ক নয়, এটা যে কোন প্রত্যঙ্গের ক্রিয়াদি বোঝার ক্ষেত্রেই প্রযোজ্য। তবে আপনার ওই “নিউরো বিজ্ঞানীদের পর্যন্ত এখানে সীমাবদ্ধতা রয়েছে” কথাটা ঠিক মানতে পারলাম না শুধুমাত্র এই কারণে যে বর্তমানে যে কোন প্রসেস বোঝার জন্য মলিকিউলার বায়োলজীর হাতিয়ার ব্যবহৃত হয়ে থাকে, এবং সেই দিক থেকে নিউরোবায়োলজিস্ট-রা ব্যতিক্রম নন। আপনি এন আর ৩ সি ১-এর কথা বলেছেন। অনুমান করছি এটা আপনার প্রিয় জীন (ওয়াই এফ জি = ইয়োর ফেভারিট জীন); হয়ত এটা নিয়ে কাজ করেন। সুতরাং আপনার অজানা নয় যে এই জীনটির দায়িত্ব হল একটি প্রোটিন রিসেপ্টর তৈরী করা যেটি গ্লুকোকর্টিকয়েড (একধরণের স্টেরয়েড)-কে চিনতে এবং ধরে রাখতে পারে। মস্তিষ্কের বিভিন্ন অংশের নিউরোন কোষে এই রিসেপ্টর টি থাকে এবং গ্লুকোকর্টিকয়েড এসে লাগলে এটি নেগেটিভ ফীডব্যাক-এর মাধ্যমে নিউরোনের স্ট্রেস রেসপন্সকে কমিয়ে দেয়। সাদা কথায় বলতে গেলে, নিউরোন যাতে অতিরিক্ত স্ট্রেস-এ উত্তাল না হয়ে পড়ে, তার বন্দোবস্ত করে। আপনি যে ঈঙ্গিত করেছেন এন আর ৩ সি ১ নিয়ে, তারই পরিপ্রেক্ষিতে বলা যায় যে মানুষ এবং মনুষ্যেতর প্রাণীতে পরীক্ষা করে দেখা গেছে যে শিশুকালে কয়েকটি বিশেষ ধরণের স্ট্রেসফুল ঘটনার সম্মুখীন হলে - যেমন, মায়ের কাছ থেকে অবহেলা (ম্যাটার্নাল নেগলেক্ট), উৎপীড়ন (চাইল্ড অ্যাবিউস) ইত্যাদি - এন আর ৩ সি ১-এর জীনটি সেই প্রোটিন রিসেপ্টরটি তৈরী করা কমিয়ে দেয়। এর ফলে বয়সকালে নিউরোন-এর উপর স্ট্রেস-এর এফেক্ট অনেক বেশী মাত্রায় হয়, যা নিউরোন-এর পক্ষে একান্তই ক্ষতিকর।
কিন্তু একটি উল্লেখযোগ্য জিনিস মনে রাখা খুব প্রয়োজন। শিশুবয়সের স্ট্রেস যে ওই জীনের উপর কাজ করে, সেটা কিন্তু সরাসরি নয়। এই এফেক্টটিকে বলা হয় ‘এপিজেনেটিক’; অর্থাৎ জীন থেকে প্রোটিন তৈরী হবার পদ্ধতিটা সাধারণভাবে সোজা রাস্তায় বা লিনিয়ার ভাবে চললেও, শিশুবয়সের স্ট্রেস-এর কাজটা অন্য কোন ফ্যাক্টর-এর মাধ্যমে প্রকাশিত হয়, যার একটি হল এন জি এফ ১এ। এপিজেনেটিক এফেক্ট-এর সবচেয়ে বড় মুশকিল হল সেগুলোকে এখনো পুরোপুরি ডিফাইন করা যায়নি। কিভাবে হয়, সেটা অনেকটা পরিষ্কার, কিন্তু কেন এবং কোন পথে হয় সেগুলো ততটা নয়। সেই কারণেই রিডাকশনিস্ট অ্যাপ্রোচ, সবকিছুর কার্যকারণ সম্পর্ককে গুটিয়ে এক বা একাধিক নির্দিষ্ট ধারণায় এনে ফেলা, সবসময় কাজ করে না। মলিকিউলার বায়োলজিস্টরা এই ভাব চিন্তা করতে

অভ্যস্ত হয় পড়েন বলে অনেক ক্ষেত্রে তারা পরিপূর্ণ চিত্রটি - বিগ পিকচার - দেখতে অপারগ হন। এর বিরুদ্ধে গবেষকদের সচেতন থাকাটা একান্ত প্রয়োজন।

সংশপ্তক এর জবাব:
আগস্ট ১২, ২০১১ at ৩:৩১ পূর্বাহ্ণ
@কৌশিক,
এটা আপনার প্রিয় জীন (ওয়াই এফ জি = ইয়োর ফেভারিট জীন);
আমার কোন প্রিয় জীন নেই কারন বেশীর ভাগ জীনের ফাংশনগুলোই এখন পর্যন্ত সুচারু ভাবে চিহ্নিত করা যায় নি। এটা করতে হলে কড়া রিডাকশনিজমের প্রয়োজন আছে ।
অন্যদিকে মানব জিনোম প্রজেক্টের প্রাথমিক কাজ শেষ হয়েছে প্রায় সাত বছর হবে। বাকী কাজ শেষ হতে শত বছরও লেগে যেতে পারে। বড় ক্যানভাসে কিছু দেখার আগে খুটিনাটি বিষয়গুলো জানাটা খুবই জরুরী ।
তথাকথিত স্ট্রেস লেভল নিয়ে আমার কোন আগ্রহ নেই কারন এসব গবেষণা নিয়ে যারা কাজ করেন তারা অানবিক পর্যায়ের বিষয়াদি তাদের গবেষণাপত্রে এড়িয়ে চলেন। রিডাকশনিজম হোক আর বিগ পিকচারই হোক , কোন হাইপোথিসিসকে তত্বের পর্যায়ে আনতে হলে ফলসিফাইয়েবল হতে হবে, নাল হাইপোথিসিস কমপ্লায়ান্ট হতে হবে, কয়েকশ ল্যাবে রেপলিকেবল হতে হবে বড় রকমের বিচ্যুতি ছাড়া। শুধু পরিসংখ্যানিক উপাত্ত দিয়া কাজ হবে না।

কৌশিক এর জবাব:
আগস্ট ১২, ২০১১ at ৪:০০ পূর্বাহ্ণ
@সংশপ্তক,
কোন হাইপোথিসিসকে তত্বের পর্যায়ে আনতে হলে ফলসিফাইয়েবল হতে হবে, নাল হাইপোথিসিস কমপ্লায়ান্ট হতে হবে, কয়েকশ ল্যাবে রেপলিকেবল হতে হবে বড় রকমের বিচ্যুতি ছাড়া। শুধু পরিসংখ্যানিক উপাত্ত দিয়া কাজ হবে না।
আমীন!

5

স্বাধীন

আগস্ট ১১, ২০১১ সময়: ৪:২৪ পূর্বাহ্ণ লিঙ্ক

এই বিষয়ের উপর আরো লেখা আসুক।

কৌশিক এর জবাব:

আগস্ট ১১, ২০১১ at ৯:৫৯ পূর্বাহ্ণ

@স্বাধীন, ধন্যবাদ আপনাকে। আমি চেষ্টা করব নিশ্চয়।

6

কৌস্তুভ

আগস্ট ১১, ২০১১ সময়: ২:৩২ অপরাহ্ণ লিঙ্ক

হুমম, ইন্টারেস্টিং। ধর্মীয় চিন্তাভাবনা বা পরিবেশের সঙ্গে মস্তিষ্কের সম্পর্ক নিয়ে এরকম গবেষণা হলে তা খুবই ইন্টারেস্টিং হবে।

7

অরণ্য

আগস্ট ১২, ২০১১ সময়: ১২:১৬ পূর্বাহ্ণ লিঙ্ক

মস্তিষ্কের উপর ধর্মের প্রভাব কতটুকু আমি জানি না , তবে ধর্মের উপর যে মস্তিষ্কের ব্যাপক প্রভাব তা আমি বলতে পারি। ধর্ম নিয়ে আল্লাহ (?), ভগবান (?), ঈশ্বর(?), রাসুল, নবী, দেবদেবী, মউলোভী, পোপ, আচার্য , হুজুর খাজুর রা যে যুগে যুগে সুজুগে হুজুগে কতটা মস্তিষ্কের ব্যবহার(?) করেছেন তার হিসাব নাই!

কৌশিক এর জবাব:

আগস্ট ১২, ২০১১ at ৩:০২ পূর্বাহ্ণ

@অরণ্য, ভাল বলেছেন।

8

রাহনুমা রাখী

আগস্ট ১২, ২০১১ সময়: ৮:১৭ অপরাহ্ণ লিঙ্ক

ভালো লাগল...এইরকম তথ্যমুলক পোষ্ট পড়তে ভালো লাগে ...

এই পোষ্টটি আগে বোধহয় ধর্মকারীতে আগে পড়েছিলাম।

ধন্যবাদ আপনাকে।

কৌশিক এর জবাব:

আগস্ট ১৩, ২০১১ at ৮:২৯ অপরাহ্ণ

@রাহনুমা রাখী, 'বোধহয়' নয়, নিশ্চয় পড়েছিলেন। তবে এখানের লেখাটি আরেকটু পরিমার্জিত। তাছাড়া, আমার ধারণায় ধর্মকারী আর মুক্তমনার পাঠকসমষ্টি একটু ভিন্ন, যদিও - স্বাভাবিকভাবেই - কিছু ক্রস-ওভার নিশ্চয় আছে।

9

ডারউইনের ভুত

আগস্ট ১২, ২০১১ সময়: ১০:০০ অপরাহ্ণ লিঙ্ক

বেশ ভাল লাগল আপনার নুতন লেখার অপেক্ষায় রইলাম ।

কৌশিক এর জবাব:

আগস্ট ১৩, ২০১১ at ৮:৩০ অপরাহ্ণ

@ডারউইনের ভুত, চেষ্টা করব। ধন্যবাদ আপনাকে।

10

অরণ্য

আগস্ট ১২, ২০১১ সময়: ১১:২৪ অপরাহ্ণ লিঙ্ক

@কৌশিক, উপায় নাই। ভাল এখন বলতেই হবে।

The time for action is now

কৌশিক এর জবাব:

আগস্ট ১৩, ২০১১ at ৮:৩৪ অপরাহ্ণ

@অরণ্য, ভাল ঠিক বলছেন কিনা বুঝতে পারলাম না। তবে গোলাগুলি দেখে একটু ভয়ে ভয়ে রইলাম।

11

অভিজিৎ

আগস্ট ১৪, ২০১১ সময়: ৩:০৫ পূর্বাহ্ণ লিঙ্ক

চমৎকার লিখেছেন। এ ধরণের প্রবন্ধ আরো বেশি করে আসা উচিৎ মুক্তমনায়।

...আবার অনেক সময়ে, এই উদ্বেগের কারণ হয় ধর্মবিশ্বাস, যখন লোকে মনে করে বা তাদের বলা হয় যে ঈশ্বর তাদের শাস্তি দিচ্ছে, অথবা তাদের পরিবারের লোকজনের সঙ্গে তাদের ধর্মমতের মিল হচ্ছে না। মূল কথাটি এখানে বলা যেতে পারে , যে যেহেতু ধর্মের পুরোটাই মন গড়া , তাই কার ওপরে তার কিরকম এফেক্ট হবে সেটা অনেকাংশেই তাদের নিজেদের ব্যক্তিসত্তার ওপর নির্ভর করে।

তবে কিছু ক্ষেত্রে আমি খেই হারিয়েছি। যেমন , আপনি একবার বলেছেন -

এই গবেষণায় ওয়েন-এর দল ম্যাগনেটিক রেজোনেন্স ইমেজিং বা এম আর আই ব্যবহার করেন হিপ্পোক্যাম্পাসের আয়তন মাপতে। তাতে দেখা গেছে, যে যে সমস্ত লোকেদের কোন জীবন-পরিবর্তনকারী বা লাইফ চেঞ্জিং ধার্মিক অভিজ্ঞতা ঘটেছে, **তাদের হিপ্পোক্যাম্পাসের আয়তন অনেক গুণে ছোট।**

কিন্তু আবার পরে বলেছেন -

বিপরীতধর্মী আবেগ সমূহ, ধর্মের বৈপরীত্য সম্পর্কে ধারণা, সিলেক্টিভ মেমোরী এবং কগ্নিটিভ ডিজোনেন্স (বৈপরীত্যের ধারণা কে জ্ঞানতঃ আলাদা করে রাখা) - তার মানসিক চাপ, চারপাশের বিভিন্ন ধ্যানধারণার সম্পর্কে ক্রমবর্ধমান সচেতনতা, ইত্যাদির ফলে হিপ্পোক্যাম্পাসের আয়তনের অতিবৃদ্ধি (হাইপারট্রোফি) ঘটা হয়ত খুবই সম্ভব, যার ফলে **ধর্মবিশ্বাসীদের ওই আয়তন বড় হয়।**

আমার কাছে ব্যাপারটা পরস্পরবিরোধী বলে মনে হচ্ছে। ধার্মিকদের হিপোক্যাম্পাসের আকার যদি বিশ্বাসের কারণে বড় হয়ে থাকে, তাহলে বর্ণ এগেন খ্রিস্টান বা ধার্মিকদের ক্ষেত্রেও তারা ধার্মিক হবার পরে হিপোক্যাম্পাসের আকার বেড়ে যাওয়া উচিৎ ছিলো। তা না হয়ে বর্ণ এগেন ধার্মিকদের হিপোক্যাম্পাসের আকার কম পাওয়া গেল। এর ব্যাখ্যা হিসেবে যা পাওয়া গেছে, সেটা এক ধরণের 'যাস্ট সো স্টোরি' বলে মনে হল। আকার যদি উলটো পাওয়া যেত, তাহলে আবার এই ব্যাখ্যার স্টোরি হত ভিন্ন রকম। এক্ষেত্রে আপনার সাথে সংসপ্তকের আলোচনাটুকু বেশ যুক্তিগ্রাহী মনে হয়েছে।

লেখাটা কিন্তু আমার বেশ ইন্টারেস্টিং লেগেছে। অবশ্য এর পেছনে একতা কারণ আছে। পিএইচডি করার সময় আমার কাজের অংশ হিসেবে মস্তিস্কের মডেল করতে হয়েছিল। হিপোক্যাম্পাস নিয়েও কাজ করেছিলাম অনেক। অনেক সেগুলো সবই বায়োমেকানিকাল পয়েন্ট অব ভিউ থেকে, আনবিক পর্যায়ে নয়। আত্মা নিয়ে পাঁচ পর্বের একটা সিরিজ লিখেছিলাম একসময়, সেটার চতুর্থ পর্বে মরণ প্রান্তিক অভিজ্ঞতা (near death experience) নিয়ে আলোচনা করার সময় মডেলের একটা ছবিও দিয়েছিলাম, দেখতে পারেন এখানে। হিপো বাবাজিও খুব ছোট করে তার অস্তিত্ব জানান দিচ্ছে। আরো লিখুন এ ধরণের বিষয় নিয়ে।

কৌশিক এর জবাব:
আগস্ট ১৫, ২০১১ at ৯:১৫ অপরাহ্ণ
@অভিজিৎ, প্রথমে, ধন্যবাদ।
যে অংশটি আপনার পরস্পরবিরোধী মনে হয়েছে, সেখানে আমারও প্রথমে খটকা লেগেছিল। তবে স্টাডিটির প্রবর্তকরা যে ব্যাখ্যা দিয়েছে, আর আমি যে বিপরীত ব্যাখ্যার কথা বলেছি - দুটির সংশ্লেষ করলে আপনি দেখবেন একটা কথা প্রতীত হয়, সাধারণ ঈশ্বরবিশ্বাসী বা ধার্মিক মানুষের সঙ্গে ওই অতিভক্ত, অতিবিশ্বাসী, লাইফ-চেঞ্জিং রিলিজিয়াস এক্সপীরিয়েন্স প্রাপ্ত লোকজনের অনেক তফাৎ আছে। সেই তফাৎ যে আল্টিমেটলি মস্তিষ্কের কারণে হবে, সেটাই যুক্তিযুক্ত, নয় কি?

12

মার্ক শুভ

আগস্ট ১৫, ২০১১ সময়: ৪:১৩ অপরাহ্ণ লিঙ্ক

অনেক কঠিন লেখা..আরও বিস্তারিত তথ্য দরকার।

কৌশিক এর জবাব:

আগস্ট ১৫, ২০১১ at ৯:১৫ অপরাহ্ণ

@মার্ক শুভ, কি ধরণের তথ্য খুঁজছেন যদি বলে দেন , তাহলে চেষ্টা করতে পারি।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=13303

পাপ ও অপরাধ

তারিখ: ২৬ মাঘ ১৪১৭ (ফেব্রুয়ারি ৮, ২০১১)

লিখেছেন: সূর্য

১. একবিংশ শতাব্দী অতিক্রম করছি আমরা এখন, কিন্তু ব্যাপক অর্থে এখনও আমরা ব্যক্তিস্বাধীনতার যুগে প্রবেশ করতে পারিনি। বাঙলাদেশের প্রেক্ষাপট বিবেচনা করলে ব্যক্তিস্বাধীনতার ধার ণাটি এখনও এখানে অঙ্কুরিত অবস্থাতেই রয়ে গেছে, তাই প্রতিটা মানুষের ব্যক্তিগত কাজকর্মও এখানে খুব বেশি সামাজিক হয়ে ওঠে! ব্যক্তিস্বাধীনতা বলতে আমি বুঝি অন্য কারো ক্ষতি বা সমস্যার সৃষ্টি না করে একজন মানুষের যা ইচ্ছে তা করতে পারার অধিকার। ব্যক্তিস্বাধীনতার সাথে আধুনিকতার ধারণাটি ওতপ্রোতভাবে জড়িত, সেই অর্থে ব্যক্তিস্বাধীনতার ব্যাপক বিকাশ না হওয়া পর্যন্ত কোন সমাজকে কিছুতেই আধুনিক বলা যায় না- এই হিশেবে আমরা এখনও এক অনাধুনিক মধ্যযুগীয় সমাজেই বাস করছি।

ব্যক্তিস্বাধীনতার একটা সীমারেখা থাকা অবশ্যই প্রয়োজন, নতুবা সমাজের উপর এর ক্ষতিকর একটা প্রভাব পড়তে বাধ্য। ব্যক্তিস্বাধীনতার এই সীমারেখা টানতে গিয়ে পাপ ও অপরাধের ধারণাদুটি চলে আসে। নির্দিষ্ট কোন ধর্মের প্রেক্ষিতে বিবেচনা করতে গেলে ব্যক্তিস্বাধীনতা বলতে কিছুই থাকবে না আর, কারণ হাজারটা পাপকাজের শেকলে মানুষ বন্দী এখানে । ধর্মগুলো চিরকালই মানুষকে বন্দী করে রাখার দায়িত্ব বেশ সফলভাবে পালন করে এসেছে, আর মানুষকে বন্দী করার হাতিয়ার হিশেবেই এসেছে পাপের ধারণাটি। মানুষের তথাকথিত 'নৈতিক অধঃপতন' ঠেকাতে ধর্মগুলো নৈতিক কিছু বিধিমালা তৈরী করে, যা ভঙ্গ করাকে 'পাপ' বলে অভিহিত করা হয়। এখানে যে সমস্যাটি দেখা দেয় সেটা হচ্ছে, প্রতিটা মানুষের নৈতিকতাবোধ আলাদা; এজন্য এক ধর্মপ্রচারকের নৈতিকতার ধারণার সাথে অন্য ধর্মপ্রচারকের নৈতিকতার ধারণার অসামঞ্জস্যতা দেখা দেয়। ফলে প্রতিটা ধর্মের নৈতিকতার বিধিমালায় ভিন্নতা দেখা যায়। মজার ব্যাপার হল, প্রতিটা ধর্মই যথারীতি নিজেদের নৈতিকতার ধারণকেই পরম বলে দাবি করে, অন্যগুলোকে বাতিল করে অনৈতিক বলে!

২. ধর্মীয় দৃষ্টিকোণ থেকে, ধর্মে প্রদত্ত নির্দেশাবলি অমান্য করাটাই পাপ (sin)। অন্যদিকে সামাজিক বা আইনী দৃষ্টিভঙ্গি অনুযায়ী 'পাপ' বলে কিছুই নেই, আইনভঙ্গ করাকে এই দৃষ্টিভঙ্গি অনুযায়ী অপরাধ (offense/crime) বলা হয়। ধর্মে প্রচারিত পাপের তালিকাসমূহ পর্যবেক্ষণ করলে দেখা যাবে আধুনিক আইন অনুযায়ী বিবেচিত অপরাধের অনেকগুলোকেই এসব পাপের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়নি , আবার ধর্মগুলোতে এমন অসংখ্য পাপের ধারণা আছে যাদেরকে এখন আদৌ আর অপরাধ বলে গণ্য করা হয় না। নৈতিকতার ধারণাটি স্বততঃ পরিবর্তনশীল ; এক যুগের নৈতিক আচরণ আরেক যুগের নৈতিক স্খলন হিশেবে বিবেচিত হওয়াও অস্বাভাবিক নয়। ধর্মপ্রচারকরা একটি নির্দিষ্ট যুগে একটি নির্দিষ্ট ধর্ম প্রবর্তন করেছেন যাতে রয়েছে কতগুলো নির্দিষ্ট বিধিমালা যেগুলো কেবলমাত্র ওই নির্দিষ্ট যুগের ওই নির্দিষ্ট ব্যক্তির নৈতিকতার ধারণার সাথেই সামঞ্জস্যপূর্ণ ; এ কারণে সব ধর্মেই এরকম অনেক নৈতিক বিধিমালা দেখতে পাওয়া যায় যা বর্তমান যুগের জন্য অসামঞ্জস্যপূর্ণ এবং কিছু ক্ষেত্রে ক্ষতিকরও বটে।

৩. পাপ ও অপরাধের ধারণাদ্বয় সামন্জস্যপূর্ণ নয়, আবার পুরোপুরি সাজ্ঘর্ষিকও নয়। আসলে পাপ ও অপরাধের ধারণা দুটি পুরোপুরিই ভিন্ন প্রেক্ষিতে বিবেচিত দুটি ধারণা - পাপ ব্যক্তিগত, অপরাধ সামাজিক। পাপের ধারণা বিকশেত হয়েছে স্রষ্টা ও ধর্মের ধারণাকে ভিত্তি করে; অপরদিকে অপরাধের ধারণা বিকশিত হয়েছে সামাজিক শান্তি-শৃঙ্খলার কথা বিবেচনা করে। কোন একটি নির্দিষ্ট ধর্ম যদি সত্য হয়, তাহলে ওই ধর্মের নৈতিক সমস্ত বিধিমালাও সত্য হবে, ফলশ্রুতিতে ওই ধর্মে বর্ণিত সমস্ত পাপকাজও যুক্তিসিদ্ধ হবে। কিন্তু এখন পর্যন্ত কোনও ধর্মই 'সত্য' প্রমাণিত হয় নি, এ কারণে পাপের ধারণাটাই এখনও পর্যন্ত অযৌক্তিক রয়ে গেছে। অন্যদিকে অপরাধের প্রায়োগিক দিকটা সহজেই আমাদের চোখের সামনে ধরা পড়ে; কারণ, অপরাধের ধারণাটি নিছক কল্পনাপ্রসূত নয়, বরং এই ধারণা গড়ে উঠেছে বাস্তব জীবনের অভিজ্ঞতার উপর ভিত্তি করে। সমাজের শান্তি-শৃঙ্খলা ও মানুষের শান্তিপূর্ণ সহাবস্থান বজায় রাখতে যেসব ব্যাপার প্রতিবন্ধকতা সৃষ্টি করে তাদেরকেই অভিহিত করা হয়েছে অপরাধ হিশেবে- তাই অপরাধ সম্পূর্ণই বাস্তবসম্মত এবং একই সাথে প্রয়োজনীয় একটি ধারণা।

ধর্মগ্রন্থগুলোতে বর্ণিত অনেক পাপকেই বর্তমানে আর অপরাধ বলে গণ্য করা হয়না। এক্ষেত্রে একটি বহুল আলোচিত পাপের কথা উল্লেখ করা যায়- বিবাহ বহির্ভূত যৌন সম্পর্ক। প্রায় সকল প্রধান ধর্মগুলোতেই বিবাহ বহির্ভূত যৌন সম্পর্ককে একটি মহাপাপ হিশেবে দেখানো হয়েছে; কিন্তু আধুনিক ধারণায়, এটা কোন অপরাধের মধ্যেই পড়ে না। বিবাহ বহির্ভূত যৌন সম্পর্ক পুরোপুরিই একটা মানুষের ব্যক্তিগত ব্যাপার, সমাজের আর দশজনের উপর এই পাপের কোন প্রভাবই নেই। আর অপরাধ মানুষের সেইসব ব্যক্তিগত ব্যাপার নিয়ে একেবারেই মাথা ঘামায় না যেসবের কোন সামাজিক প্রভাব নেই।

আমরা যদি আমাদের সমকালীন মানুষের দৃষ্টিভঙ্গি পর্যবেক্ষণ করি তাহলে আমরা দেখব, বেশির ভাগ মানুষ এখনও পাপকাজের প্রতি মারাত্মক অসহনশীল, যেখানে অনেক গর্হিত অপরাধের প্রতি সেই একই মানুষেরা আশ্চর্য্যরকমভাবে উদাসীন থাকে। একটু আগে বিবাহবহির্ভূত যৌন সম্পর্কের যে উদাহরণটা দেওয়া হয়েছে সেটার সাথে সম্পর্কিত পাপকাজের ভয়াবহরকম প্রতিক্রিয়া দেখা যায় আমাদের মত দেশগুলোতে। অনেক দেশে তো এহেন পাপকাজের শাস্তি হিশেবে মৃত্যুদন্ডের বিধানও আছে। অন্যদিকে আমাদের সমাজেই দেখি অনেক খুনী, ধর্ষক, দুর্নীতিবাজ, কালোবাজারী, চোরাকারবারীদেরকে প্রকাশ্যে ঘুরে বেড়াতে, এমনকী এদের বেশির ভাগকে এখানে বরং শ্রদ্ধার পাত্র হিশেবেই গণ্য করা হয়! হয়ত এদেরই অনেকে একসময় 'জনদরদী' নেতায় পরিণত হয়ে ওঠে!

কোন একটা কাজ পাপ বলে অভিহিত হবে কী হবে না তা কোন যৌক্তিক ব্যাখ্যার উপর নির্ভর করে না, বরং তা সম্পূর্ণ নির্ভর করে কতগুলো নিম্নশ্রেণীর 'পবিত্র বই' এর দুবোর্ধ্য ব্যাখ্যার উপর। যেহেতু পাপ ব্যাপারটা কোন যুক্তির ধার ধারে না, সেহেতু 'পাপ' এর ধারণাটা প্রায়শই খুব মারাত্মক এবং ক্ষতিকর হয়ে ওঠে। কয়েকদিন আগে আমরা দেখলাম আমাদের এই বাঙলাদেশেই হেনা নামের এক কিশোরীকে 'ধর্ষিত' হওয়ার 'পাপ' এ কিভাবে দোররা মেরে হত্যা করা হল! পাপের ধারণাটা এখনও সমাজে তীব্রভাবে উপস্থিত, এই কারণে নিরপরাধ পাপীরা শুধুই যে সামাজিক ভোগান্তির শিকার হয় তা নয়, মাঝে মাঝে এই ভোগান্তিটা 'মৃর্ত্যু' পর্যন্ত হতে পারে!

শেষ কথা: যতদিন ধর্ম থাকবে, ততদিন পাপ থাকবে, ততদিন কূপমন্ডুকতা, গোঁড়ামি, পশ্চাদপদতা, অনগ্রসরতাও থাকবে। মানুষের আচরণ নিয়ন্ত্রণ করা দরকার অবশ্যই, তবে তা অবশ্যই হতে হবে একটা যৌক্তিক কাঠামোর মধ্যে। নৈতিকতার ক্ষেত্রে 'পরম সত্য' বলে হয়ত কিছু নেই, কিন্তু 'অধিকতর কল্যাণমূলক সত্য'কে প্রতিষ্ঠিত করতে হলে 'পাপ' নামক মধ্যযুগীয় ধারণাটিকে পুরোপুরি ছুড়েঁ ফেলার কোন বিকল্প ই নেই।

(০৮/০২/১০)

কমেন্ট

সিরাজুস সালেকীন

ফেব্রুয়ারি ৮, ২০১১ সময়: ৪:২৩ অপরাহ্ণ লিঙ্ক

পুরো লেখাটা পড়লাম। পাপপূণ্যের ব্যাপারটা ধর্মের সাথে অঙ্গা -অঙ্গিভাবে জড়িত একটি বিষয়।অযৌক্তিক পাপবোধকে প্রকট করে তোলে র্ম।

*সূর্য*এর জবাব:
ফেব্রুয়ারি ৮, ২০১১ at ১০:৩০ অপরাহ্ণ

@সিরাজুস সালেকীন,

হুমম, সেটাই। ধন্যবাদ লেখাটা পড়ার জন্য।

2

নিটোল

ফেব্রুয়ারি ৮, ২০১১ সময়: ৮:১৭ অপরাহ্ণ লিঙ্ক

যতদিন ধর্ম থাকবে, ততদিন পাপ থাকবে, ততদিন কূপমন্ডুকতা, গোঁড়ামি, পশ্চাদপদতা, অনগ্রসরতাও থাকবে। মানুষের আচরণ নিয়ন্ত্রণ করা দরকার অবশ্যই , তবে তা অবশ্যই হতে হবে একটা যৌক্তিক কাঠামোর মধ্যে। নৈতিকতার ক্ষেত্রে 'পরম সত্য' বলে হয়ত কিছু নেই, কিন্তু 'অধিকতর কল্যাণমূলক সত্য'কে প্রতিষ্ঠিত করতে হলে 'পাপ' নামক মধ্যযুগীয় ধারণাটিকে পুরোপুরি ছুড়েঁ ফেলার কোন বিকল্পই নেই।

একমত। আরো লিখুন এমন লেখা।

*সূর্য*এর জবাব:
ফেব্রুয়ারি ৮, ২০১১ at ১০:৩১ অপরাহ্ণ

@নিটোল,

ধন্যবাদ।

3

রৌরব

ফেব্রুয়ারি ৮, ২০১১ সময়: ৮:৪০ অপরাহ্ণ লিঙ্ক

ভাল লাগল। একটি ব্যাপার উল্লেখ করতে চাই। আধুনিক সমাজে আইনের সীমাবদ্ধতার ব্যাপারটাও একটা বৈশিষ্ট্য যা অনেক প্রাক-আধুনিক সমাজ থেকে তাকে আলাদা ক রে। অর্থাৎ, অনেক সম্ভাব্য "মন্দ" জিনিসও আইনসম্মত, আশা করা হয় আইন নয়, অন্য সামাজিক প্রক্রিয়ার মাধ্যমে সেসব জিনিস নিয়ন্ত্রণে থাকবে। ধর্মে ও অনেক প্রাক-আধুনিক সমাজে পরিস্থিতিটা অনেক বেশি সাদা -কালো, মাঝামাঝি বলে কিছু নেই।

*সূর্য*এর জবাব:
ফেব্রুয়ারি ৮, ২০১১ at ১০:৩৩ অপরাহ্ণ

@রৌরব,

অর্থাৎ, অনেক সম্ভাব্য "মন্দ" জিনিসও আইনসম্মত, আশা করা হয় আইন নয়, অন্য সামাজিক প্রক্রিয়ার মাধ্যমে সেসব জিনিস নিয়ন্ত্রণে থাকবে।

যেসব জিনিস 'আইনসম্মত' সেসব জিনিসের নিয়ন্ত্রণে রাখার আর কি দরকার?

*রৌরব*এর জবাব:
ফেব্রুয়ারি ৮, ২০১১ at ১১:২৭ অপরাহ্ণ

@সূর্য,
আইনসম্মত মানে এটুকুই যে রাষ্ট্রের coercive শক্তি দিয়ে সেটিকে নিষিদ্ধ করার প্রয়োজন নেই, বা করলে উল্টে ক্ষতি হতে পারে। কিন্তু আইনসম্মত জিনিস আমার পছন্দ না হতে পারে, এবং সেটিকে আইনের আওতার মধ্যে থেকে নিয়ন্ত্রণ করার চেষ্টাও আইনসম্মত। যেমন আমি বলতে পারি, যেসব

দোকান দেশীয় পণ্য রাখবে না সেখানে আমি বাজার করব না, এবং অন্যদেরকেও একই কাজে উৎসাহিত করবার জন্য লিফলেট বিলি করব।

4

লীনা রহমান

ফেব্রুয়ারি ৮, ২০১১ সময়: ১০:০৭ অপরাহ্ণ লিঙ্ক

১১ বছরের মেয়ে প্রেগনেন্ট!কারণ, মাদ্রাসার হুজুর(৬০)...সে এই ঘটনা স্বীকার করেছে বলে সালিসে খুব উত্তম ব্যাবস্থা করেছে!তার সাথে মেয়ের বিয়ে দিয়েছে।মেয়ে র বাবা এটা মানেনি এবং মামমা করেছে বলে এলাকার লোক অসন্তুষ্ট!তাদের ধারণা এতে ওই শিক্ষকের ক্ষতি হবে!আরে নর্দমার কীটেরা ১১বছরের মেয়েটার ক্ষতি তোরা দেখসনা?শালা বেজন্মার দল,তোদেরকে জানোয়ারের বাচ্চা বলে জানোয়ারের অপমান করি কেন?তারা তো অপ্রয়োজনে মানুষের ক্ষতি করে না!অমানুষের ঝাড়!!!

http://www.prothom-alo.com/detail/date/2011-02-08/news/129901

http://www.prothom-alo.com কিছু অংশ তুলে দিলামঃ

//অভিযুক্ত আবদুল জলিল এলাকা ছেড়ে চলে গেছেন। মুঠোফোনে যোগাযোগ করা হলে ঘটনার সত্যতা স্বীকার করে তিনি বলেন, ***‘ঘটনাটি যেভাবেই ঘটেছে, বিয়ের মাধ্যমে তার সমাধান হয়ে গেছে। এখন মেয়ের বাবা এ বিয়ে মেনে নিলেই হয়। মেয়ের বাবা এলাকার সালিস বৈঠক না মেনে আদালতে মামলা করেছেন, এটা তাঁর জন্য ক্ষতির কারণ হবে।’*** *বিয়ের কাবিন হয়েছে কি না, জানতে চাইলে জলিল বলেন,* ***‘কাবিনে আমি স্বাক্ষর দিয়েছি, মেয়ের স্বাক্ষর নেওয়া হয়নি।’***

গভর্নিং বডির সদস্য আবদুর রব খাঁ বলেন, ‘আমরা মাদ্রাসা কমিটি ও এলাকাবাসী বসে মেয়েটির বিয়ে পড়িয়েছি। কিন্তু মেয়ের বাবা আমাদের সিদ্ধান্ত না মেনে আদালতে মামলা করেছেন। ***এতে ওই শিক্ষকের অপূরণীয় ক্ষতি হয়ে যাবে।’//***

এখানেই দেখুন ১৪ বছরের হেনাকে ধর্ষিতা হওয়ার অপরাধে মারা হয়েছিল গ্রাম্য সালিসে অথচ জলিল পিশাচটাকে দেয়া হল একটা কঁচি বৌ!!! সালিসের বিচারে!!!

একবার আমার এক ভাইয়ার সাথে আলাপ করছিলাম মেয়েদেরকে পাথর মারার ব্যাপারে...সে বলল এটা জরুরি কারণ মেয়েরা অনৈতিক সম্পর্কে জড়িয়ে পড়লে সমাজের ভারসাম্য নষ্ট হয়!! আমি যখন বললাম ছেলেদের ক্ষেত্রে কেন এমন হয়না, আমতা আমতা করতে শুরু করল। আমি যখন বললাম মানুষ ইচ্ছে হলে ভালবেসে যৌনসম্পর্ক করতেই পারে পছন্দমত , এটা স্বাভাবিক, তখন তিনি আমার দিকে এমন দৃষ্টিতে তাকালেন যেন আমি কত্ত বড় পাপ কথা বলেছি। অথচ এই এরাই গোপনে সব করে বেড়াবেন, মুখে লেকচার দেবেন পাপ-পূণ্য নিয়ে আর টাকা হলে শেষ বয়সে হজ্ব করে শিশুর মত পবিত্র হয়ে ফিরে আসবেন।

সূর্য এর জবাব:
ফেব্রুয়ারি ৮, ২০১১ at ১০:৩৭ অপরাহ্ণ

@লীনা রহমান,

পাপের এত জনপ্রিয়তার সাথে পুরুষতান্ত্রিকতার একটা সম্পর্ক রয়েছে। দেখা যায় , পাপের শাস্তি মেয়েদেরকেই বেশিরভাগ ভোগ করতে হয় (এমনকী অধিকাংশ সময়ে সরাসরি পাপ না করা সত্ত্বেও)। তাই পাপের সম্পূর্ণ অবলুপ্তি না ঘটা পর্যন্ত নারী স্বাধীনতার ব্যাপারটাও একটা দূরাশাই থেকে যাবে।

তামান্না ঝুমু এর জবাব:
ফেব্রুয়ারি ৯, ২০১১ at ১:০৪ পূর্বাহ্ণ

@লীনা রহমান,

১১ বছরের মেয়ে প্রেগনেন্ট!কারণ, মাদ্রাসার হুজুর(৬০)...সে এই ঘটনা স্বীকার করেছে বলে সালিসে খুব উত্তম ব্যাবস্থা করেছে!তার সাথে মেয়ের বিয়ে দিয়েছে।মেয়ের বাবা এটা মানেনি এবং মামলা করেছে বলে এলাকার লোক অসন্তুষ্ট!তাদের ধারণা এতে ওই শিক্ষকের ক্ষতি হবে!আরে নর্দমার কীটেরা ১১বছরের মেয়েটার ক্ষতি তোরা দেখসনা?শালা বেজন্মার দল,তোদেরকে জানোয়ারের বাচ্চা বলে জানোয়ারের অপমান করি কেন?তারা তো অপ্রয়োজনে মানুষের ক্ষতি করে না!অমানুষের ঝাড়!!!

চুরির শাস্তি যদি হয় হস্তচ্ছেদন, তাহলে ধর্ষণের শাস্তি কি হওয়া উচিত? ধর্মে বিয়ের বয়সের কোন সর্বনিম্ন সীমারেখা নেই।বাল্যবিবাহ সেখানে খুবই আদরনীয় ব্যপার।সেটাও কি ধর্ষন নয় ?ছোট্ট একটি অবুঝ শিশুকে বিয়ের নামে বৈধ করে নিয়ে তাকে ধর্ষন করা কতটুকু অমানবিক?



সূর্য এর জবাব:
ফেব্রুয়ারি ৯, ২০১১ at ১:৩১ অপরাহ্ণ

@তামান্না ঝুমু,

সেটাও কি ধর্ষন নয়?ছোট্ট একটি অবুঝ শিশুকে বিয়ের নামে বৈধ করে নিয়ে তাকে ধর্ষন করা কতটুকু অমানবিক?

অপরাধের প্রতি সমাজের মানুষদের অবিশ্বাস্যরকম উদাসীনতাই এরমক জঘণ্য অমানবিকতাকে উসকে দিচ্ছে সন্দেহ নেই।

আবুল কাশেম এর জবাব:
ফেব্রুয়ারি ৯, ২০১১ at ১:২৪ অপরাহ্ণ

@লীনা রহমান,

অথচ এই এরাই গোপনে সব করে বেড়াবেন, মুখে লেকচার দেবেন পাপ-পূণ্য নিয়ে আর টাকা হলে শেষ বয়সে হজ্ব করে শিশুর মত পবিত্র হয়ে ফিরে আসবেন।

এইটাই যে ১০০% ইসলামী পন্থা। যতখুশী পাপ করে যাও। বয়সের শেষে হজ্জ করলে সমস্ত গুনাহ মাপ।

এর চাইতে ইসলামে আঁকড়ে থাকার বড় প্রলোভন আর কি হতে পারে?



*বালির বাধ*এর জবাব:
ফেব্রুয়ারি ২১, ২০১১ at ৩:৪০ অপরাহ্ণ

@লীনা রহমান, আপনার মত ধর্মের আবদ্ধ জীবন থেকে বেড়িয়ে আসুক আমাদের দেশটা।খুব ভাল লেগেছে...

5

সংশপ্তক

ফেব্রুয়ারি ৮, ২০১১ সময়: ১০:৪৭ অপরাহ্ন লিঙ্ক

বাংলাদেশে ৯০% আয়করের আওতাযোগ্য ব্যক্তি আয়কর প্রদান করেন না। কিন্তু সরকারী রাজস্বের টাকার হিসাব সবাই চায় যেখানে তাদের কোন হিস্যা নেই। সামাজিকভাবে আয়কর ফাঁকি দেয়াটা অপরাধ বলে গন্য না করে 'অধিকার' ভাবা হয়। জনগনের টাকায় পড়ালেখা করে দিনে এক লক্ষ টাকা আয় করা ডাক্তারদের কাছে আয়কর চাইলে তারা কর্মবিরতি পালন করেন , এদিকে রোগীর অবস্থা মৃত্যু প্রায় ।
নিজেরা বাসায় কাজের মেয়েকে প্রায় ক্রীতদাসের মত খাটিয়ে নারী-শিশু অধিকারের জন্য মুখে ফেনা এনে দেয়ার মানুষ আমাদের আশেপাশেই আছে।
কি আর বলবো ? অন্যের পাপ আর অপরাধ নিয়ে ভাবতেই মানুষ বেশী ভালোবাসে।নিজের বেলায় সবসময় ষোল আনা



*সূর্য*এর জবাব:
ফেব্রুয়ারি ৮, ২০১১ at ১১:৩৮ অপরাহ্ন

@সংশপ্তক,

কি আর বলবো ? অন্যের পাপ আর অপরাধ নিয়ে ভাবতেই মানুষ বেশী ভালোবাসে।নিজের বেলায় সবসময় ষোল আনা

হুমম। অন্যের বা নিজের 'পাপ' নিয়ে ভাবার কোন দরকারই নেই, কিন্তু অপরাধের ব্যাপারে এরকম উদাসীনতা তো চলতে দেওয়া যায় না।

সংশপ্তক এর জবাব:
ফেব্রুয়ারি ৯, ২০১১ at ১২:০৫ পূর্বাহ্ন

@সূর্য,

অন্যের বা নিজের 'পাপ' নিয়ে ভাবার কোন দরকারই নেই, কিন্তু অপরাধের ব্যাপারে এরকম উদাসীনতা তো চলতে দেওয়া যায় না।

এটা বাংলাদেশের মত আধা সামন্ততান্ত্রিক সমাজে চলতেই থাকবে । কেন? এজন্য এখানকার অপরাধের সামাজিক ডাইনামিক্সটা বোঝা দরকার। জানেন নিশ্চয়ই যে , ইংরাজীতে wag the dog বলে একটা কথা আছে । এখানে কুকুর = রাষ্ট্র এবং লেজ মানে সমাজ । কুকুর লেজ নাড়াবে এটাই স্বাভাবিক। বাংলাদেশের মত রাষ্ট্রে লেজ (মানে সমাজ) কুকুরকে নাড়ায় । এই ডাইনামিক্সটা প্রতিটা আধা সামন্ততান্ত্রিক সমাজে দেখা যায় যা থেকে উত্তরনের জন্য সামাজিক বিবর্তনের অপেক্ষায় থাকা ছাড়া উপায় নেই।

সূর্য এর জবাব:
ফেব্রুয়ারি ৯, ২০১১ at ১:২৪ অপরাহ্ন

@সংশপ্তক,

এই ডাইনামিক্সটা প্রতিটা আধা সামন্ততান্ত্রিক সমাজে দেখা যায় যা থেকে উত্তরনের জন্য সামাজিক বিবর্তনের অপেক্ষায় থাকা ছাড়া উপায় নেই

কথা সত্যি, কিন্তু তাই বলে কি আমরা কিছু না করে দর্শকের মত সামাজিক বিবর্তন কখন হয় সেটার আশায় বসে থাকব?

সংশপ্তক এর জবাব:
ফেব্রুয়ারি ৯, ২০১১ at ১:৩৯ অপরাহ্ণ

@সূর্য,

কথা সত্যি, কিন্তু তাই বলে কি আমরা কিছু না করে দর্শকের মত সামাজিক বিবর্তন কখন হয় সেটার আশায় বসে থাকব?

বসে থাকবো কেন ? আপনি আমি যে এসব জিনিষ আলোচনা করছি তা ঐ সামাজিক বিবর্তনেরই অংশ। আপনার আমার মত লোক ধীরে ধীরে সম্পূর্ন জনগোষ্টীকে প্রতিস্হাপিত করবে এবং তখনই বিবর্তনটা খালি চোখে ধরা পরবে।
বিবর্তন বিপ্লবের মত ভোঁতা একটা বিস্ফোরণ নয় , বরং একটা চলমান প্রক্রিয়া যেটাকে ইচ্ছে করলেই কেউ বদলাতে পারে না। সফল বিপ্লব ব্যর্থতায় পর্যবেশিত হয়ে পূর্বাবস্থায় ফেরত যাওয়ার উদাহরণ ভুঁড়ি ভুঁড়ি দেয়া যায়।

গোলাপ এর জবাব:
ফেব্রুয়ারি ১০, ২০১১ at ৯:৩৭ পূর্বাহ্ণ

@সংশপ্তক,

আপনি আমি যে এসব জিনিষ আলোচনা করছি তা ঐ সামাজিক বিবর্তনেরই অংশ। আপনার আমার মত লোক ধীরে ধীরে সম্পূর্ন জনগোষ্টীকে প্রতিস্হাপিত করবে এবং তখনই বিবর্তনটা খালি চোখে ধরা পরবে।

সহমত।

স্বপন মাঝি এর জবাব:
ফেব্রুয়ারি ৯, ২০১১ at ১:৩৬ অপরাহ্ণ

@সংশপ্তক,
রাষ্ট্র আর সমাজ নিয়ে বলেছেন বটে। আপনার শিক্ষক হলে নিয়ম ভঙ্গ করে ১০০% তে ১০০% দিতাম।

উত্তরনের জন্য সামাজিক বিবর্তনের অপেক্ষায় থাকা ছাড়া উপায় নেই।

বিবর্তন না সামাজিক বিপ্লব?

অপেক্ষায় থাকা ছাড়া উপায় নেই।

অপেক্ষায় থাকবার মানুষের সংখ্যা (আমি নিজেও অন্তর্ভুক্ত) বেশি বলেই কালো টাকার সাদা মালিক:clap

সংশপ্তক এর জবাব:
ফেব্রুয়ারি ৯, ২০১১ at ১:৪৯ অপরাহ্ন

@স্বপন মাঝি,

রাষ্ট্র আর সমাজ নিয়ে বলেছেন বটে। আপনার শিক্ষক হলে নিয়ম ভঙ্গ করে ১০০% তে ১০০% দিতাম।

কি যে বলেন ? এটা শুনলে আমার নিজের ছাত্র-ছাত্রীদের আব্দার এবং বিশেষ করে মাউন্ট অলিম্পাসে বসে থাকা 'দেবীর্' তদবীর পূরন করতেই আমার বারোটা বেজে যাবে।

বিবর্তন না সামাজিক বিপ্লব?

সূর্যকে যা বললাম , বিবর্তন বিপ্লবের মত ভোঁতা একটা বিস্ফোরণ নয় , বরং একটা চলমান প্রক্রিয়া যেটাকে ইচ্ছে করলেই কেউ আর বদলাতে পারে না। সফল বিপ্লব ব্যর্থতায় পর্যবেশিত হয়ে পূর্বাবস্থায় ফেরত যাওয়ার উদাহরণ ভুঁড়ি ভুঁড়ি দেয়া যায়।



*সূর্য*এর জবাব:
ফেব্রুয়ারি ৯, ২০১১ at ২:১৪ অপরাহ্ণ

@সংশপ্তক,

বিবর্তন বিপ্লবের মত ভোঁতা একটা বিস্ফোরণ নয় , বরং একটা চলমান প্রক্রিয়া যেটাকে ইচ্ছে করলেই কেউ আর বদলাতে পারে না।

পুরোপুরি একমত। বিপ্লব-টিপ্লব দিয়ে সমাজের আমূল পরিবর্তন সম্ভব হবে বলে আমার মনে হয় না। যা হওয়ার একটা দীর্ঘমেয়াদী প্রক্রিয়ার (সামাজিক বিবর্মতন) মধ্য দিয়েই হবে।

সফল বিপ্লব ব্যর্থতায় পর্যবেশিত হয়ে পূর্বাবস্থায় ফেরত যাওয়ার উদাহরণ ভুঁড়ি ভুঁড়ি দেয়া যায়।

আসলে ইতিহাসের কোন বিপ্লবকেই কি সফল বলা যায়? প্রতিটা বিপ্লবইতো শেষ পর্যন্ত ব্যর্থতায় পরিণত হয়েছে।

6

তামান্না ঝুমু

ফেব্রুয়ারি ৯, ২০১১ সময়: ১২:০৭ পূর্বাহ্ণ লিঙ্ক

@সূর্য,
ধর্মের পবিত্র দৃষ্টিতে ভালবাসা দন্ডণীয় মহাপাপ।ভালবাসার পাপে পাপীদের মৃত্যুদন্ড ও দোররাঘাতের মত মহান বিচারের ব্যবস্থা রয়েছে মহান ধর্মগুলোতে।কিন্তু বহুবিবাহের মত ঘৃণ্য প্রথাকে বেশ উচ্চমার্গের মাহান ব্যপার হিসাবে প্রচলিত প্রায় সব ধর্মগ্রন্থেই উৎসাহ প্রদান করা হয়েছে।কয়েকটি ধর্মে অবশ্য আইন করে বহুবিবাহ বাতিল করা হয়েছে।কিন্তু সে ধর্মবিরোধী আইন প্রণয়ন করতে মরণপণ সংগ্রাম করতে হয়েছিল সাধারন মানুষকে।সে আইন প্রণয়ন করেছিল সাধারন মানুষ কোন প্রেরিত পুরুষ নয়।সৃষ্টিকর্তা তাঁর প্রেরিত পুরুষদের মাধ্যমে যে আইনগুলো প্রতিষ্ঠিত করেছিলেন সেগুলো আর মানুষের জন্য উপযুক্ত নয়।

7

আবুল কাশেম

ফেব্রুয়ারি ৯, ২০১১ সময়: ১:১৮ অপরাহ্ণ লিঙ্ক

শেষ কথা: যতদিন ধর্ম থাকবে, ততদিন পাপ থাকবে, ততদিন কূপমন্ডুকতা, গোঁড়ামি, পশ্চাদপদতা, অনগ্রসরতাও থাকবে।

কথা খুব সত্য।

লেখাটা ভালো হয়েছে। এমনি আরো লেখা দরকার।



*সূর্য*এর জবাব:
ফেব্রুয়ারি ৯, ২০১১ at ১:২৪ অপরাহ্ণ

@আবুল কাশেম,

ধন্যবাদ!!!!!!

8

রূপম (ধ্রুব)

ফেব্রুয়ারি ৯, ২০১১ সময়: ৪:০৮ অপরাহ্ণ লিঙ্ক

ধন্যবাদ েলখাটার জন্যে। কোন কারণে আপনার লেখা আগে চোখে পড়ে নি।

দীর্ঘদিন আমি ধর্ম আর মুক্তচিন্তার সংঘাতের দর্শক। দেখে আসছি যে মুক্তচিন্তা বারবার "যতদিন ধর্ম থাকবে, ততদিন পাপ থাকবে, ততদিন কূপমন্ডুকতা, গোঁড়ামি, পশ্চাদপদতা, অনগ্রসরতাও থাকবে" এই উপসংহারে এসে পর্যবসিত হয়। বিশ্বাসের কারণে মানুষ অন্যের ব্যক্তিস্বাধীনতা লংঘের ইন্ধন পেয়ে থাকে ঠিক। তাই বলে বিশ্বাস উপড়ে ফেলা সমাধান?

আমার কাছে এই সমাধানটা অনেকটা ধার্মিক সমাধানের মত মনে হয়। মদ খেলে বিভিন্ন ক্ষতি হবার সম্ভাবনা থাকে দেখে মদকেই বাতিল করার মত। মদের ব্যাপারে মুক্তচিন্তার দৃষ্টি যেরূপ , বিশ্বাসের ব্যাপারেও তেমনটাই হওয়া উচিত। দুটোতেই মানুষের আগ্রহ আছে। ফলে মানুষের সেই অধিকার বজায় রাখার পক্ষে থাকতে হবে। আমরা খুঁজতে চাই না, মদ খাওয়া ভালো না মন্দ। কারণ কিছু যায় আসে না। কেউ যদি খেতে চায়, সেটার অধিকার তার আছে। তার স্বাস্থ্যের ক্ষতি হলে চিকিৎসা ব্যবস্থা আছে। অপরাধ হলে সেটা দমনের সংস্থা আছে।

বিশ্বাসীরও তেমন বিশ্বাসের অধিকার আছে। সেটা ভালো না মন্দ, ভুল না ঠিক ব্যাতিরেকে সে অধিকার তার আছে। কারণ সেটা তার ইচ্ছা। কিন্তু সেটার প্রেক্ষিতে সে যখন অন্যের অধিকার লংঘনে উদ্যত হয়, তখন আমাদের লক্ষ্য সেটা বন্ধ করা। সেটার জন্যে মানুষের বিশ্বাস পরিবর্তনের চেষ্টা অনেকটাই মশা মারতে কামান দাগার মত মনে হয় আমার কাছে!

সাইফুল ইসলাম এর জবাব:
ফেব্রুয়ারি ১০, ২০১১ at ১:১৫ অপরাহ্ন

@রূপম (ধ্রুব),

অপরাধ হলে সেটা দমনের সংস্থা আছে।

আপনার কথাটা অনেকটা এরকম। চোর তো চুরি করবেই। তাতে কার কি? চুরি করলে আইন আছে, তাকে শাস্তি দেবে। সমাজে কেউ শান্তিতে ঘুমাতে পারুক আর নাই পারুক , চোর বাবাজীবনকে চুরি করতে দিতেই হবে। কেউ যদি বলে সমাজ থেকে চুরিকে ঝেটিয়ে বিদায় করতে হবে তাহলে আমরা সবাই গলা ফাটিয়ে বলব চুরি বন্ধ করতে CIA এর ব্যাবস্থা।

ধর্মান্ধ জানোয়ারগুলো এখানে সেখানে বোমা ফুটিয়ে যাবে আর আমরা বলব আরে ভাই , তাতে কি হয়েছে, ওদেরও তো বিশ্বাস করার অধিকার আছে নাকি?
বিশ্বাস করার অধিকার নিয়ে আসলে কারো কোন সমস্যা নেই। সমস্যা হল ব্যক্তিস্বাধীনতায় হস্তক্ষেপ

করলে। ধংসাত্বক বিশ্বাস করার অধিকার যদি কারো থাকে তাহলে সেই কাজ করার অধিকারও তার থাকা উচিত। তা না হলে তাকে বিশ্বাসই বলা যায় না।

সমাজ থেকে ধর্মীয় বিশ্বাস একদিন উঠে যাবে এটা হল একটা আশা, মহৎ আশা। এখন যদি কেউ বলে এই আশা করাটা মশা মারতে কামান দাগা তাহলে সেটা হবে অনেকটা বাংলাদেশ একদিন সাবলম্বী হবে এই আশা করাকে বোকামী বলার মত।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১০, ২০১১ at ৩:৫২ অপরাহ্ণ

@সাইফুল ইসলাম,

আপনার কথাটা অনেকটা এরকম। চোর তো চুরি করবেই। তাতে কার কি?

না, আমার কথা মোটেও এরকম না। আমি মদ দিয়ে ব্যাখ্যা করেছি। যে পর্যন্ত একটা বিষয়ে আপনি আক্রান্ত না, সেটা নিয়ে আপনার আমার মাথা ব্যাথা থাকার কথা না। মদ খাওয়া আর চুরি করা এক কথা না। আমি মদ খেলেই সাথে সাথে কারো ক্ষতি করছি না। কিন্তু আমি চুরি করার সাথে সাথেই কারো না কারো ক্ষতি করছি। ফলে আপনার চুরির উদাহরণ খুবই দুর্বল হয়েছে। বরং আপনার কথা শুনে মনে হচ্ছে, মদ খেলে যেহেতু অপরাধ ঘটানোর সম্ভাবনা আছে , তাই আপনি মদ খাওয়া বন্ধ করে দিতে চান।

সমাজে কেউ শান্তিতে ঘুমাতে পারুক আর নাই পারুক , চোর বাবাজীবনকে চুরি করতে দিতেই হবে

চোরকে চুরি করতে দেয়ার এবং না করতে দেয়ার একটা করে উপায় দেখান। এই কথাটার মানে কি? চুরি করলে তাকে অপরাধ দমন সংস্থা ধরবে এবং ব্যবস্থা নিবে। "চুরি করতে দেয়া" মৌলিকভাবেই "অপরাধ হলে সেটা দমনের সংস্থা আছে" কথাটার সাথে সাংঘর্ষিক। কারণ চুরি করার সাথে সাথে অপরাধ ঘটে, ফলে দুইটা একসাথে পাশাপাশি বলা অবান্তর। আমি এই অবান্তর চিন্তা করি নি। আপনি আমার "অপরাধ হলে সেটা দমনের সংস্থা আছে" কথাটা উদ্ধৃত করে কিভাবে যেন দাবী করলেন যে আমার কথাটা অনেকটা এরকম যে "চোর বাবাজীবনকে চুরি করতে দিতেই হবে"। আরেকটু সতর্কতার সাথে যুক্তিগুলো সাজাতে হবে। তবে যদি স্বীকার করে নেন যে একটা স্থুল উদাহরণ দিয়েছেন, তবে এ নিয়ে আমার আর প্রশ্ন নাই।

ধ্বংসাত্বক বিশ্বাস করার অধিকার যদি কারো থাকে তাহলে সেই কাজ করার অধিকারও তার থাকা উচিত। তা না হলে তাকে বিশ্বাসই বলা যায় না।

মানে আপনি ধ্বংসাত্মক বিশ্বাসের বিপক্ষে। কিন্তু তার মানে কি মোটা দাগে বিশ্বাসের বিপক্ষে? আমি তো ধ্বংসাত্মক বিশ্বাসের পক্ষে সাফাই গাইছি না। ধ্বংসাত্মক বিশ্বাসকে মোকাবিলা করার জন্যে বিশ্বাসকেই উঠিয়ে দেয়ার সংগ্রামকে মশা মারতে কামান দাগা বলছি। ধ্বংসাত্মক বিশ্বাস নিয়ে কাজ করুন। কোনো বিশ্বাসীর যদি ধ্বংসাত্মক বিশ্বাসে আপনার মতই আগ্রহ না থাকে, সেক্ষেত্রে তার ধরনের বিশ্বাস যদি অনাদিকাল পৃথিবীতে টিকে থাকে, তাহলে আর বাড়তি কোন সমস্যা দেখা দিচ্ছে যে তারপরেও বিশ্বাসকে সমূলে উঠিয়ে দেয়ার প্রয়োজন পড়বে ?

সমাজ থেকে ধর্মীয় বিশ্বাস একদিন উঠে যাবে এটা হল একটা আশা, মহৎ আশা।

আপনার এই বক্তব্য দিতে পারার পেছনে ধর্ম বিশ্বাস = বোমা মারা, এই সরলীকরণ আছে। বহু মানুষ ধর্মে বিশ্বাস করে, বোমা মারে না, মারায় বিশ্বাস করে না, ধর্মকে ব্যাক্তিগত গণ্ডীর মধ্যে রাখে। তার বিশ্বাস উঠিয়ে দিবার আশাকে আপনি মহৎ বানান কোন পয়েন্টে?

কেউ কারো ব্যাক্তিগত অধিকার থেকে বঞ্চিত করবে না, হিংস্র হবে না, এটা বলতে পারেন 'মহৎ' আশা। এটা প্রতিষ্ঠা হবার পর কে মনে মনে কি বিশ্বাস করলো তাতে আপনার কি এখতিয়ার যে আপনি সমাজ থেকে সেটা তুলে দিতে চাবেন ? বিশ্বাস বোমা মারার কথা বললে সেটার নিয়ে কাজ করতে পারেন। তার জন্যে "বিশ্বাস উঠিয়ে" দেয়া একটা উপায়। একমাত্র উপায় না। এবং এটা আমার কাছে মশা মারতে কামান দাগার উপায়ের মত।

এখন যদি কেউ বলে এই আশা করাটা মশা মারতে কামান দাগা তাহলে সেটা হবে অনেকটা বাংলাদেশ একদিন সাবলম্বী হবে এই আশা করাকে বোকামী বলার মত।

আবার ইন্যাপ্রপ্রিয়েট উদাহরণ। সাবলম্বী হওয়াটা মিনস না, এটা গোল। কিন্তু সমাজ থেকে বিশ্বাস উঠিয়ে দেওয়াটা আপনার ভাষ্য মতেই (বোমা মারা ও হিংস্রতামুক্ত সমাজের লক্ষ্যে) একটা মিনস। ইট ইজ নট দ্যি গোল। ফলে তুলনাটা যুতসই হল না। গোলের কোন চালাকি বা বোকামি উপমা হয় না যে আমি বলব বাংলাদেশকে সাবলম্বী করার আশা করা বোকামি। সাবলম্বী করা যদি আমার গোল বা উদ্দেশ্য হয়, তবে সেটা আমার চাই-ই। সেটা পাবার যে উপায়গুলো, সেগুলো নিয়ে আমার মতামত থাকতে পারে। মনে হতে পারে যে একটা উপায় বেশ কার্যকর, আরেকটা মশা মারতে কামান দাগার মত।

ফলে আগে এই ব্যাপারে সিদ্ধান্তে আসুন যে বিশ্বাস তুলে দেয়াটা আপনার গোল না মিনস। মিনস হলে গোলটা কি? তারপর দেখান যে সেই গোল অ্যাচিভ করতে বিশ্বাস উঠিয়ে দেবার মিনসটা খুবই অ্যাপ্রপ্রিয়েট। মশা মারতে কামান দাগার মত না, মানে একটা গোল অ্যাচিভ করতে গিয়ে আর দশটা

ক্ষতি বা অধিকারের লংঘন ঘটবে না। তাহলেই তো হল! আমার কথা তুলে নিব। আপনার কথা মেনে নিব। আমার নিজস্ব ধারণা থেকে কথাটা বললেও আলোচনা করার জন্যেই কথাটা তুলেছি। একতরফা শেখানোর চেয়ে শেখার আগ্রহই আমার বেশি।

যদি সমাজ থেকে বিশ্বাস তুলে নেয়া এত গুরুত্বপূর্ণ হয় , সেটার পক্ষে যুক্তিগুলোও শাণিত থাকা দরকার। বারবার বলতে পারা দরকার।

আলোচনা করার জন্যে ধন্যবাদ।

সংশপ্তক এর জবাব:
ফেব্রুয়ারি ১০, ২০১১ at ৪:১৫ অপরাহ্ণ

@রূপম (ধ্রুব),

কোন কিছু 'বিশ্বাস' করার কি আদৌ প্রয়োজন আছে ? বিজ্ঞান কি কখনও কোন কিছু (এমনকি একটা পার্টিকল) 'বিশ্বাস' করে ? সন্দেহ করা ছাড়া বিজ্ঞানের অস্তিত্ব থাকতেই পারেনা আর যারা 'বিশ্বাসে' বিশ্বাসী তাদের দ্বারা কিভাবে সন্দেহপ্রবন হয়ে বিজ্ঞান মনস্ক হওয়া সম্ভব ? আমি তো কিছুতেই মেলাতে পারি না যে কিভাবে একজন ব্যক্তি সন্দেহপ্রবন না হয়ে বিজ্ঞানভিত্তিক ভাবতে পারে । জীবনের সাথে এখন বিজ্ঞানের সম্পর্ক এত নিবিড় যে , বিশ্বাস বিজ্ঞানের জন্য একটা মূর্তমান হুমকি না হলেও হ্যাজার্ড তো বটেই।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১০, ২০১১ at ৪:৫৭ অপরাহ্ণ

@সংশপ্তক,

কোন কিছু 'বিশ্বাস' করার কি আদৌ প্রয়োজন আছে

একজন প্রাপ্তবয়স্ক আমার জন্যে মদ খাওয়ার কি প্রয়োজন আছে? বা পায়ুকাম? কবিতা লেখা? রোলার কোস্টারে চড়া? লটারির টিকিট কেনা? অ্যাভাটার দেখা? ভূতের গল্প পড়া? এগুলোর প্রয়োজন বের করারই বা কি কোন প্রয়োজন আছে? অ্যাভাটার দেখে বা একটা ভূতের গল্প পড়ে যদি বিন্দুমাত্র কোন বিজ্ঞাননির্ভর উপযোগিতা খুঁজে পাওয়া না যায় , তাতে কি এগুলো চিরতরে সমাজ থেকে দূরীভূত হওয়া আমাদের কাম্য হবে? আমি যদি এগুলো পছন্দ করি, সমাজের কি এখতিয়ার আছে এগুলোর প্রয়োজন অপ্রয়োজন বিবেচনা করে তারপর আমাকে এগুলো করতে দেয়ার বা না দেয়ার? যে জায়গায় ব্যক্তির সংঘাত জড়িত, সেখানে সমাজ নাক গলাতে পারে। কিন্তু এইসব কোন চাওয়ার সাথেই কিন্তু ব্যক্তির সংঘাত নেসেসারিলি জড়িত না। বিশ্বাসের ব্যাপারেও ঠিক একই কথা খাটে। বিশ্বাসের প্রয়োজন অপ্রয়োজন দেখতে হলে ভূতের গল্পের প্রয়োজন অপ্রয়োজনও দেখতে হবে। কিন্তু আমি সেটা চাই না। ভূতের গল্প আমার ভালো লাগলে সেটা আমার পড়তে পারার সুযোগ থাকতে হবে , সেটা অন্য কারো প্রয়োজন অপ্রয়োজন বা সেটার বিজ্ঞানমনস্কতা ব্যাতিরেকে।

সন্দেহ করা ছাড়া বিজ্ঞানের অস্তিত্ব থাকতেই পারেনা আর যারা 'বিশ্বাসে' বিশ্বাসী তাদের দ্বারা কিভাবে সন্দেহপ্রবন হয়ে বিজ্ঞান মনস্ক হওয়া সম্ভব ? আমি তো কিছুতেই মেলাতে পারি না যে কিভাবে একজন ব্যক্তি সন্দেহপ্রবন না হয়ে বিজ্ঞানভিত্তিক ভাবতে পারে ।

হয়তো কথা সত্য। হয়তো না। মানু ষের সকল সম্ভাবনার কথা আমরা জানি না। কেউ যদি বিশ্বাসী আর বিজ্ঞানমনস্ক দুই হতে চায়, আমাদের সেই অকল্পনীয় সম্ভাবনাটা খুঁজে নিতে চায় , সেটার সুযোগ তার থাকা চাই।

কিন্তু তার চেয়ে বড় সমস্যা, এখানে অনেকটা এরকম ধরে নেয়া হচ্ছে যে মানুষকে বিজ্ঞানমনস্ক হতেই হবে। আমি বিজ্ঞানমনস্ক হতে চাই। কিন্তু সবাইকে কেন তেমনটা হতে হবে? ব্যবসায়িক জ্ঞান তো অনেক কাজের। তাই বলে কি আমাকে ব্যবসা ভাল বুঝতেই হবে ? বা সবাইকে কি ইতিহাসমনস্ক হতে হবে? কেউ না হতে চাইলে তো জোর করার কিছু নাই । আমি বিজ্ঞানমনস্ক বলে তো সবাইকে তাই বানাতে পারি না।

হ্যাঁ, একটা বিজ্ঞানমনস্ক সমাজ আমার একটা চাওয়া হতে পারে। তবে সেটার বিশেষত্ব কিছু নেই। কোন একটা 'সার্বজনীন' মানদণ্ডে এই চাওয়ার বিশেষ কোন শ্রেষ্ঠত্ব আছে তেমন মোটেই না। এটা সাম্যবাদ, অ্যানার্কিজমের মত একটা অ্যাজেন্ডা। একটা খায়েশ।

ফলে কেউ বিজ্ঞানমনস্ক না হলে বা না হতে চাইলে সে কোন প্রকার মানদণ্ডেই বিজ্ঞানমনস্ক মানুষের তুলনায় lesser person হতে পারে না। বিজ্ঞানমনস্ক হয়ে ওঠার কোন অবলিগেশানও তার নেই। বিজ্ঞানমনস্ক সমাজ হল অ্যাট বেস্ট একদল বিজ্ঞানমনস্ক মানুষের সমাজ -রাজনৈতিক খায়েশ। আর সেটার পূরণের জন্যে বিশ্বাসকে পুরোপুরি সাংঘর্ষিক মনে করাটাও প্রশ্নসাপেক্ষ।

রৌরব এর জবাব:
ফেব্রুয়ারি ১০, ২০১১ at ৯:৫১ অপরাহ্ণ

@রূপম (ধ্রুব),

সাইফুল ইসলাম এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ১:১৫ পূর্বাহ্ণ

@রূপম (ধ্রুব),
আপনি আমি আমরা সবাই একটি নিরুপদ্রব সমাজে থাকতে চাই। সেটা বিশ্বাস ছাড়া হতে পারে, আবার বিশ্বাস সহও হতে পারে(এখানে বিশ্বাস মানে যে ধর্মীয় বিশ্বাস সেটা বলা মনে হয় বাহুল্য হবে।)। এখন আমাদের দেখতে হবে এরকম আদর্শ একটা সমাজ, চমৎকার একটা পৃথিবী আমরা কি বিশ্বাস সহ পেতে পারি কিনা?
বিষয়টির কোন প্রকার গভীরে যাওয়া ছাড়াই বলা যায়, পারি না। মদের সাথে ধর্মীয় বিশ্বাসটা এই জন্যেই সামঞ্জস্যপূর্ণ নয় যে , মদ আপনাকে কেউ পান করতে বলে না- কিন্তু বিশ্বাস করতে বলে। মদ আপনি কতটুকু পান করবেন সেটা আপনিই ঠিক করবেন - বিশ্বাস আপনি কতটুকু করবেন সেটা ঠিক করার মহাজন আপনি নন।

কথা আসতেই পারে তাহলে যারা বিশ্বাস করেও নিরুপদ্রপ জীবন যাপন করছে তারা কিভাবে করছে? বা তারা কি বিশ্বাসী নয়?
উত্তর হলঃ তারা বিশ্বাসী নয়, সুবিধাবাদী। মদ আপনি এক পেগ পান করতে পারবেন কিন্তু বিশ্বাস করে পাঁচ রাকাত নামাজের যায়গায় এক রাকাত পড়তে পারবেন না। তারমানে হল যারা বিশ্বাস করেও বোমাবাজী করে না, মানুষকে খুন করে না, নিজের ধর্মে ডাকে না তারা বিশ্বাসী নয়। তারা বিশ্বাসী হওয়ার সুযোগ সুবিধা ভোগ করছে।

বিশ্বাস সমাজে থাকার দরকার আছে নাকি বা থাকলে কোন সমস্যা হবে নাকি তা বুঝতে হলে রকেট সায়েন্টিস্ট হতে হয় না। একটু লক্ষ করলেই দেখা যায় , আমাদের দেশে যারা বোমাবাজী করেছে তারা কেউই অবিশ্বাসী নয়। এমন কি তারা সেই ধর্মের উপরে এক এক জন বড় বড় অথরিটি। সহজভাবে

বললে বলা যায়, প্রত্যেক প্রকৃত বিশ্বাসীই বোমাবাজ বা মানুষের জীবনের ওপর হামলা করবে , কিন্তু কোন প্রকৃত অবিশ্বাসীই এই কাজ করবে না।

এখন আপনিই ঠিক করুন বিশ্বাস কি সমাজে থাকা যৌক্তিক না অযৌক্তিক।

আমি বলেছি ধ্বংসাত্বক বিশ্বাস করার অধিকার যদি কারো থাকে তাহলে সে কাজ করার অধিকারও তার থাকা উচিত। এবং এখনও আমি তাই বলব। আপনি যদি মনে করেন সমাজতন্ত্রে শোষিত মানুষের মুক্তি সম্ভব তাহলে সেই কথা প্রচারের অধিকারও আপনার থাকা উচিত। আপনি যদি মনে করেন ইসলামের মাধ্যমেই মানুষের মুক্তি সম্ভব তাহলে ইসলাম প্রচারের অধি্কারও আপনার থাকা উচিত। এখন কোন বিশ্বাসটা আসলেই মঙ্গল বয়ে আনবে সেটা কে ঠিক করবে? যুক্তি।
কিন্তু বিশ্বাসের বেলাতে যুক্তি কিন্তু ভিন্ন কথা বলে , কারন বিশ্বাস যুক্তি মানে না।
বিশ্বাস শুধু হুকুম পালনেই বিশ্বাসী।
সুতরাং আপনি যেই ***যুক্তি***র মাধ্যমে বলছেন বিশ্বাস থাকার না থাকার কথা, আরেকটু তলিয়ে দেখলে দেখা যায় সেই ***যুক্তি***ই বলে অযৌক্তিক বিশ্বাস সমাজে বিশৃংখলা সৃষ্টি করে , বিশ্বাস সমাজে থাকা ক্ষতিকর।
ধন্যবাদ।
আলোচনা করে খুব ভালো লাগল।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ৫:৫৩ পূর্বাহ্ণ

@সাইফুল ইসলাম,

বিষয়টির কোন প্রকার গভীরে যাওয়া ছাড়াই বলা যায়, পারি না। মদের সাথে ধর্মীয় বিশ্বাসটা এই জন্যেই সামঞ্জস্যপূর্ণ নয় যে , মদ আপনাকে কেউ পান করতে বলে না- কিন্তু বিশ্বাস করতে বলে। মদ আপনি কতটুকু পান করবেন সেটা আপনিই ঠিক করবেন - বিশ্বাস আপনি কতটুকু করবেন সেটা ঠিক করার মহাজন আপনি নন।

এরকমটা ভাবছেন কারণ ধরেই নিচ্ছেন বিশ্বাসের মহাজন বিদ্যমান। এরকমটা অনেক বিশ্বাসী মনে করে। কিন্তু আপনি এমনটা মনে করবেন কেন? অনেক বিশ্বাসী নিজের বিশ্বাসের নিজেই মহাজন। বিশ্বাস করতে বলে বিশ্বাসীরা। মানে কিছু মানুষ। নাকি মানুষের বাইরেও অন্য কিছু আছে। মদ খাওয়া

সমাজে মদ খাওয়াটাও একটা শিশু তার মা বাবা সমাজের লোক জনের থেকে শেখে। ডাইনিং টেবিলেই মদটা থাকে।

তারা বিশ্বাসী নয়, সুবিধাবাদী। মদ আপনি এক পেগ পান করতে পারবেন কিন্তু বিশ্বাস করে পাঁচ রাকাত নামাজের যায়গায় এক রাকাত পড়তে পারবেন না। তারমানে হল যারা বিশ্বাস করেও বোমাবাজী করে না, মানুষকে খুন করে না, নিজের ধর্মে ডাকে না তারা বিশ্বাসী নয়। তারা বিশ্বাসী হওয়ার সুযোগ সুবিধা ভোগ করছে।

এটা ভারি অন্যায় বললেন। এটা বলার মাধ্যমে আপনি প্রতিষ্ঠা করতে চাচ্ছেন যে বিশ্বাসের মাত্র একখণ্ড সহি ব্যাখ্যা আছে, যেমনটা মোল্লারা বলে। বাদ বাকি সকল ব্যাখ্যা ভুল, বিকৃত ও সুবিধাবাদী। কে বলেছে বিশ্বাস করলেই পাঁচ ওয়াক্ত নামাজ পড়তে হবে? বোমা মারতে হবে? পুস্তকে লেখা এই তো? পুস্তক আর বিশ্বাস তো এক না। আপনি বিশ্বাসীর সংজ্ঞায়ন এভাবে করছেন যে পুস্তকের আক্ষরিক অর্থ পালনকারীরাই কেবল বিশ্বাসী। কিন্তু বিশ্বাসী শব্দটার অর্থ কিন্তু যে বিশ্বাস করে। সে বিশ্বাস যাই হোক, সেটা বিশ্বাস। ফলে যে পাঁচ ওয়াক্ত নামাজ পড়তে হবে মনে করে, সে যতটা বিশ্বাসী, যে মনে করে যে না, তার কাছে কোন কারণে মনে হচ্ছে পুস্তকে পাঁচ ওয়াক্ত নামাজ পড়ার কথা লেখা থাকার পরেও সে যে কালেভদ্রে মাত্র এক ওয়াক্ত করে পড়ছে, সেটাও তার অধিপতির কাছে গ্রহণীয়, সেও ততটাই বিশ্বাসী। কোন মানদণ্ডে আপনি প্রথমজনকে বিশ্বাসী বলছেন আর দ্বিতীয়জনকে সুবিধাবাদী? বোমা মারার ক্ষেত্রেও একই কথা খাটে। বিশ্বাসী যদি মনে করে সে তার নিজের বিশ্বাসের নিজেই মহাজন, তাকে আপনি বিশ্বাসী বলবেন না কেন?

এখন ইনকন্সিসটেন্সির ব্যাপার আসতে পারে। কাউকে এমন দেখা যেতে পারে যে সে কিছু ব্যাপারে নিজেকে মহাজন মানছে, আবার কিছু ক্ষেত্রে মহাজন মানছে রুমিকে , বা গাজ্জালিকে। বা একই বিষয়ে তার আচরণ বা পালন সময়ের সাপেক্ষে বদলে যাচ্ছে। এখন সে সুবিধাবাদী নাকি না , সেটা বিচার করে তো আপনি বলতে পারেন না যে সে বিশ্বাসী না। একজন বিশ্বাসী তার নিজের বিশ্বাসে ইনকন্সিসটেন্সি অ্যালাও করতে পারলে আপনি কেন পারবেন না তাকে তার ইনকন্সিসটেন্সিসমেত তাকে বিশ্বাসী মনে করতে? বিশ্বাসের যখন মানদণ্ড থাকে, তখন একটা স্বঘোষিত বিশ্বাসীকেও "বিশ্বাসী নয়, সুবিধাবাদী" বানানো যায়। বিশ্বাসের মানদণ্ড মোল্লাদের কাছে থাকে। আপনার কাছে আছে কি? নাকি আপনি মোল্লাদেরটাকেই মানদণ্ড মেনে নিচ্ছেন?

একটু লক্ষ করলেই দেখা যায়, আমাদের দেশে যারা বোমাবাজী করেছে তারা কেউই অবিশ্বাসী নয়

আবার। মদ খাওয়ার কারণে রোড অ্যাকসিডেন্ট বহুগুণ বেড়ে গেছে। তাই মদ খাওয়া যে বন্ধ করা উচিত, সেটা বুঝতে রকেট সায়েন্টিস্ট হওয়া লাগে না এমনটাই বলতে চাচ্ছেন, নাকি? আপনি যদি যুক্তিশাস্ত্রের দ্বারস্থও হন।

ক = বিশ্বাসী
খ = বোমাবাজ

আপনি বলছেন, (খ) হলে (ক) সত্য।

কিন্তু এরপর আপনি একটা ধারণা দিতে চাচ্ছেন, “অতএব”, (ক) হলে (খ) সত্য। এটা যুক্তিশাস্ত্রে একটা ফ্যালাসি

http://en.wikipedia.org/wiki/Affirming_the_consequent

প্রত্যেক প্রকৃত বিশ্বাসীই বোমাবাজ বা মানুষের জীবনের ওপর হামলা করবে , কিন্তু কোন প্রকৃত অবিশ্বাসীই এই কাজ করবে না

আবার মোল্লাদের মত কথা বললেন। এবার শুধু প্রকৃত বিশ্বাসী নির্ণায়কই হলেন না, প্রকৃত অবিশ্বাসী নির্ণয়ের মোল্লাও বনে গেলেন। কোন পুস্তক মেনে প্রকৃত অবিশ্বাসী চেনা যায় রে ভাই ? আমি অবিশ্বাসী। আমি প্রকৃত অবিশ্বাসের পুলসিরাত পার হতে পারবো তো ?

এখন আপনিই ঠিক করুন বিশ্বাস কি সমাজে থাকা যৌক্তিক না অযৌক্তিক।

আপনি বলুন বিশ্বাস সমাজে না থাকার যথেষ্ট যুক্তি আপনি দিলেন কি ? বিশ্বাসের মোল্লাদের দৃষ্টিতে না দেখে মানুষের বৈচিত্র্যকে স্বীকার করুন। অনেক অবোমাবাজ বিশ্বাসী দেখতে পাবেন। বিশ্বাসের বৈচিত্র অগুণতি। প্রত্যেকটা মুসলমানের বিশ্বাস ভিন্ন। সেখানে "প্রকৃত মুসলমান" যে নির্ণয় করে, সে পাঁড় মোল্লা।

আমি বলেছি ধ্বংসাত্বক বিশ্বাস করার অধিকার যদি কারো থাকে তাহলে সে কাজ করার অধিকারও তার থাকা উচিত।

এটার সাথে বিশ্বাসের অধিকারের সম্পর্কটা আরো ভালো করে দেখান। আপনি কি বলতে চাচ্ছেন যে ইসলাম মাত্রই ধ্বংসাত্মক বিশ্বাস। এরকম বললে মানুষের চিন্তার বহুমাত্রিকতাকে আপনি অস্বীকার করছেন। যে ইসলামে বিশ্বাস করে কিন্তু যেকোনভাবেই হোক মনে করে তার চর্চিত ইসলাম কোনক্রমেই ধ্বংস সমর্থন করে না, তার বিশ্বাসকে আপনি ধ্বংসাত্মক বলবেন কিভাবে? নাকি ফতোয়া দিবেন যে আহমদীয়াদের মত ওরাও আসলে প্রকৃত ইসলাম ধর্মে বিশ্বাসী নয় ? ইসলামকে একটা বিশ্বাস হিসেবে দেখে দুনিয়ার কোটি কোটি মানুষকে আপনার নিজের বোঝা ইসলামের সংজ্ঞায় ঢালাওভাবে ক্লাসিফিক্যাশান করবেন না। প্রত্যেকটা বিশ্বাসীর বিশ্বাসের বৈচিত্র্যকে বিবেচনায় আনুন। তখন আপনার যুক্তির পক্ষে কঠিন হবে এই কোটি কোটি বিশ্বাসকে অমঙ্গল বলে নাকচ করে দেয়া ।

অযৌক্তিক বিশ্বাস সমাজে বিশৃংখলা সৃষ্টি করে

কই? সৌদি আরবের কল্লাকাটা শাসনতন্ত্রতো খুবই সুশৃঙ্খল। বুঝতেই পারছেন , সমাজের শৃংখলা-বিশৃংখলা দিয়ে এই বিচার করা অনর্থক।

এখন কোন বিশ্বাসটা আসলেই মঙ্গল বয়ে আনবে সেটা কে ঠিক করবে? যুক্তি।
কিন্তু বিশ্বাসের বেলাতে যুক্তি কিন্তু ভিন্ন কথা বলে, কারন বিশ্বাস যুক্তি মানে না।
বিশ্বাস শুধু হুকুম পালনেই বিশ্বাসী।

এখানে আবার একটা ফ্যালাসি ঢুকে যাচ্ছে। সমাজে মঙ্গল না আনলেই সেটা অমঙ্গল , এমন একটা কিছু বোঝাচ্ছেন কি? বলতে চাচ্ছেন, কেবল যুক্তিই সমাজে মঙ্গল আনে। বিশ্বাস যেহেতু যুক্তি মানে না, ফলে সেটা মঙ্গল আনে না। অনেক বড়সড় ক্লেইম। বিশ্বাস সমাজে মঙ্গল আনে না। এর জন্যে অনেক বড়সড় এভিডেন্স দরকার। সেটা ছাড়াও, সমাজে যে মঙ্গল বয়ে আনে না, সে নিশ্চয়ই অমঙ্গলকর, এমন সরাসরি বলা যায় না। আমি সমাজের তেমন কোন মঙ্গল করি না। তার মানে কি আমি অমঙ্গলকর? তাতো না। কারণ আমি অমঙ্গলও করি না। সমাজে বহু মানুষ এমন। এখন তাদের কি করবেন? আপনার মঙ্গলের যুক্তি দিয়েও ফলত বিশ্বাস নাকচ করা যাচ্ছে না। বিশ্বাসীরা যদি মঙ্গল করতে না পারলো, তার মানে তো এই না যে তারা অমঙ্গল করছে। আমি তো দেখালাম যে বিশ্বাস বহুমাত্রিক। কেউ যদি ধ্বংসাত্মক বিশ্বাসের বিপক্ষে নিজের বিশ্বাসকে চালিত করে, তার বিরুদ্ধে আপনার উপরে বলা সকল যুক্তি খারিজ হয়ে যায়। বাকি থাকে কেবল এই যে , সে যেহেতু যুক্তি মেনে চলে না, সে সমাজে মঙ্গল করছে না। কিন্তু অমঙ্গলও তো করছে না। সমাজে মঙ্গল করার অব্লিগেশান একটা মুক্ত মানুষের কেন থাকবে? আমি এমন সমাজ চাই না, যেখানে আমি সমাজের মঙ্গল করতে বাধ্য থাকব। আমি সমাজে মঙ্গল বা অমঙ্গল কিছু না করেই পশ্চিমের এই সমাজে দিব্যি বেঁচে আছি। আমার আশেপাশের পশ্চিমারা যতজনকে দেখছি, অধিকাংশই সমাজের বিন্দুমাত্র তোয়াক্কা না করে নিজের স্বার্থপর জীবনযাপন করে যাচ্ছে। সত্যি বলতে কি, এখানে সরকার অনেকটা যেন নিশ্চিত করে যে মানুষ যাতে স্বার্থপর ও মুক্তভাবে নিজের জীবনযাপন করে যেতে পারে , কোনপ্রকার মঙ্গল কর্মের অব্লিগেশান মাথায় না রেখে। সকল মঙ্গল কর্ম স্বেচ্ছাকর্ম এখানে। এই সমাজে অধ্বংসাত্মক বিশ্বাসীরা দিব্যি জীবন কাটিয়ে দিচ্ছে তো কোন মঙ্গলকামীর চোখ রাঙানি ছাড়াই।

আপনার কন্সার্ন ব্যাক্তিস্বাধীনতায় আঘাত, ধ্বংসাত্মক ক্রিয়াকলাপ, অমঙ্গল কর্মকাণ্ড, এগুলোর বিপক্ষে। বিশ্বাস মাত্রই এগুলোর পক্ষে, এটা ঠিক না। বিশ্বাসের বহুমাত্রিকতা অসীম। বহু বিশ্বাসী আমি দেখেছি, আপনিও দেখে থাকবেন, যার বিশ্বাস আপনার কন্সার্নগুলোর সাংঘর্ষিক না। তার বিশ্বাসকে আপনার কন্সার্নগুলোকে রক্ষার জন্যে নস্যাৎ করতে চাওয়াকে মশা মারতে কামান দাগতে যাওয়া বলাটাও ভুল। বলা উচিত অনধিকারচর্চা, বা আগ্রাসী মনোভাবের প্রকাশ। বিশ্বাসের বিপরীতে অলআউট অবস্থান নিতে হলে ওই অসাংঘর্ষিক বিশ্বাসগুলোর ব্যাপারে আপনার আগ্রাসী মনোভাবকে ভ্যালিডেট করতে হবে। সেটার জন্যে আরেকটা নতুন কন্সার্ন নিয়ে আপনাকে আনতে হবে। আপনার বর্তমান কন্সার্নগুলোর সবগুলোর উত্তর করে ফেলেছি।

বিশ্বাসী তার অধ্বংসাত্মক বিশ্বাস নিয়ে সমাজের অমঙ্গল সাধন না করে কারো ব্যাক্তিস্বাধীনতায় ব্যাঘাত না করে যদি সবার সাথে বেঁচে-বর্তে থাকতে পারে, তাকে বা তার বিশ্বাসকে তারপরেও যে নস্যাৎ করতে চায়, সমস্যা তো মূলত তারই বেশি মনে হচ্ছে।

সাইফুল ইসলাম এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ৫:০৫ পূর্বাহ্ণ

@রূপম (ধ্রুব),
আপনার সম্পূর্ণ বক্তব্যকেই আমার একটা কথার মাধ্যমেই মনে হয় ছেঁটে ফেলা যায়। আমি বুঝতে পারছি না আপনি এত গুলো কথা বললেন, আমার লেখা থেকে কোট করলেন কিন্তু এই লাইনটা চোখে পড়লনা কিভাবে। যেখানে আমি বলেছিঃ

(এখানে বিশ্বাস মানে যে ধর্মীয় বিশ্বাস সেটা বলা মনে হয় বাহুল্য হবে।)

কেউ চায়ে কফিতে বিশ্বাস করল নাকি সেটা নিয়ে আমার মাথা ব্যাথা নেই। কিন্তু ধর্মের মহান বিশ্বাসে বলীয়ান হয়ে কেউ আমার মত নাফরমানকে বোমা মারতে প্ল্যান করছে কি না সেটা আমার মাথাকে বাস্তবিকই ঘামিয়ে ভিজিয়ে ফেলবে।

এটা ভারি অন্যায় বললেন। এটা বলার মাধ্যমে আপনি প্রতিষ্ঠা করতে চাচ্ছেন যে বিশ্বাসের মাত্র একখণ্ড সহি ব্যাখ্যা আছে,

আসলেই যদি একটা সহি ব্যাখ্যা থাকত তাহলে মনে হয় ভালোই হত। একটা মাত্র ফ্রন্টেই যুদ্ধ করা যেত। কিন্তু যা দেখা যাচ্ছে ফ্রন্ট একটা না, অনেকগুলো।
ঐ প্যারায় এর পরে যা বলেছেন তার সবের একই উত্তর, আমি বিশ্বাস বলতে
ধর্মীয় বিশ্বাসকেই বুঝিয়েছি। কারন পাপ এর ধারনা(যেটা এই প্রবন্ধের মূল বিষয়) ধর্ম বিশ্বাস ছাড়া আর কোন বিশ্বাসে নেই। নাকি আছে?

মদ খাওয়ার কারণে রোড অ্যাকসিডেন্ট বহুগুণ বেড়ে গেছে। তাই মদ খাওয়া যে বন্ধ করা উচিত, সেটা বুঝতে রকেট সায়েন্টিস্ট হওয়া লাগে না এমনটাই বলতে চাচ্ছেন , নাকি?

মোটেই না। মদ খেলে এক্সিডেন্ট বাড়তে পারে, কিন্তু মদ না খেলে কি এক্সিডেন্ট বন্ধ হয়ে যাবে? না এক্সিডেন্টের প্রধান কারন মদ? বুঝলাম না। মদের সাথে ধর্মের উদাহরন কোনভাবেই যায় না। মদ হল

একটা বস্তু, ধর্ম একটা বস্তু নয়। ধর্ম একটা আইডিওলোজি। এবং এই আইডিওলোজিটা আপনাকে মোটিভেট করে কিভাবে তাকে আরো শক্তিশালী করা যায় যেকোন উপায়ে।

ক = বিশ্বাসী
খ = বোমাবাজ

আপনি বলছেন, (খ) হলে (ক) সত্য।

কিন্তু এরপর আপনি একটা ধারণা দিতে চাচ্ছেন, “অতএব”, (ক) হলে (খ) সত্য। এটা যুক্তিশাস্ত্রে একটা ফ্যালাসি

আমি যদি ওখানে পরিষ্কারভাবে বলতে না পেরে থাকি তাহলে এখানে আবারও বলছি, ধর্মে প্রকৃত বিশ্বাসী হলে সে তার ধর্মকে বিস্তৃত করার জন্যে বাধ্য হয়ে ধ্বংসাত্বক কাজ করবে। **প্রকৃত** কথাটা বার বার এজন্যই বলছি, ধর্ম কোন চলমান প্রক্রিয়া নয় বিজ্ঞানের মত যে এতে কোন শেষ কথা থাকবে না। বিজ্ঞানে শেষ কথা নেই বলেই বিজ্ঞানে মতবিরোধ থাকবে। আর সবচেয়ে বড় কথা হল, যে যেই বিশ্বাসই করুক না কেন তাতে কিন্তু আমার বা কারোরই কোন সমস্যা নেই। আমার সমস্যা আমাকে কতল করতে এলে। এখন ঐ কতল করা বিশ্বাসকে উৎপাটন করতে কি আপনার কোন আপত্তি আছে? থাকলে অন্য কথা, আর যদি না থাকে তাহলে বিশ্বাসের মাধ্যমে যাতে এসব কাজ না হয় তার অন্তত একটা উপায় আপনি দেখিয়ে দিন।

কোন পুস্তক মেনে প্রকৃত অবিশ্বাসী চেনা যায় রে ভাই ?

কোন পুস্তক যারা না মানে আমি তাদে রকেই বুঝিয়েছি।

বিশ্বাসের মোল্লাদের দৃষ্টিতে না দেখে মানুষের বৈচিত্র্যকে স্বীকার করুন।

মানুষের চিন্তার বৈচিত্রকে মেনে নিতে আমার বিন্দুমাত্র দ্বিধা নেই। বরঞ্চ সেটাই সবার কাম্য। তবে আমার সমস্যা হল, আপনি বোমাবাজীকেও বৈচিত্রের নামে
সমাজে রাখার পক্ষে, আমি বিপক্ষে।

কই? সৌদি আরবের কল্লাকাটা শাসনতন্ত্রতো খুবই সুশৃঙ্খল

যাক, এতক্ষন পরে একটা বিনোদনের ব্যাবস্থা করলেন। আফনেরে ধইন্যা।

আর শেষের দিকের কথাগুলোর উত্তরতো মনে হয় আগেই দিয়েছি যে, আমার সমস্যা “”ব্যাক্তিস্বাধীনতায় আঘাত, ধ্বংসাত্মক ক্রিয়াকলাপ, অমঙ্গল কর্মকাণ্ড, “”সম্বলিত বিশ্বাস নিয়ে। এগুলোকে সমাজ ঝেটিয়ে বের করাই আমার উদ্দেশ্য।
প্রশ্ন আসতেই পারে কিভাবে সেই কাজ করা হবে। সূর্যের লেখা থেকে কোটেশন দিয়ে বলা যায়ঃ

আমার ব্যক্তিস্বাধীনতা আছে দেখেই আমি বিশ্বাসীদের বিশ্বাস নিয়ে হাজারটা কথা বলতে পারি, আমার লেখার মাধ্যমে আমি দেখাতে পারি বিশ্বাস জিনিসটা কতটা পশ্চাদমুখী , কিন্তু কখনোই বিশ্বাসীদেরকে তাদের বিশ্বাস ত্যাগ করতে বাধ্য করতে পারি না। আমি ব্যক্তিগতভাবে ‘বিশ্বাস উপড়ে ফেলতে’ চাই না, আমি শুধু বিশ্বাসের ক্ষতিকর প্রভাবগুলো বিশ্বাসীদের চোখের সামনে তুলে ধরতে চাই ;

তাহলেই হয়তবা এই ফালতু বিশ্বাস উৎপাটিত হতে পারে।
ধন্যবাদ।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ৬:৫৪ পূর্বাহ্ণ

@সাইফুল ইসলাম,

আপনি বোমাবাজীকেও বৈচিত্রের নামে সমাজে রাখার পক্ষে, আমি বিপক্ষে

ভুল। আমার একটা লাইন কোট করে যদি না দেখাতে পারেন, তবে আপনার ভুল স্বীকার করে এই কথাটা তুলে নেবেন। আপনার সাথে যুক্তির তর্ক করতে আসলে আপনি তো মিথ্যা অভিযোগ করে তার্কিককে মোকাবিলা করতে পারেন না।

যা হোক। আমাদের উদ্দেশ্যে কোন পার্থক্য নেই তাই না? বিশ্বাস যাতে আমাকে কতল করতে আসতে না পারে, সেটা নিয়েই আমাদের কন্সার্ন।

ফলে আলোচনার মূল বিষয়টা এখন এটা:

বিশ্বাসের মাধ্যমে যাতে এসব কাজ না হয় তার অন্তত একটা উপায় আপনি দেখিয়ে দিন

খুবই গুরুত্বপূর্ণ প্রস্তাব। এটাই চাই। উপায় নিয়ে আলোচনা হোক।

টু দ্য পয়েন্টে এখন আলোচনা করা চলে তাহলে। মুসলমানের ধর্ম বিশ্বাসের যে মূল কোরান , সেখানে হত্যা, মারামারি, পিটানো এগুলোর কথা বলা আছে। এগুলোর প্রতি নিষ্ঠাবশত মুসলমান এগুলো আমলে উদ্যত হয়। আমাদের উদ্দেশ্য মুসলমান যাতে এগুলো আমল করতে না পারে। মুসলমান যাতে বোমা বুকে লাগিয়ে না আসে, হেনাকে দোররা না মারে, অপররাষ্ট্র পৃথিবীর বুক থেকে নিশ্চিহ্ন করার ইন্ধন না পায়।

আপনি আমার কাছে উপায় চেয়েছেন। দেখি কি কি উপায় চিন্তা করা যায়:
ব্যক্তিস্বাধীনতার বিপক্ষতাগুলোকে বিশ্বাসীর সামনে নিয়ে আসা, যাতে সে এগুলোর একটা জাজমেন্টে আসতে পারে। নিজের ব্যক্তিস্বাধীনতাবিরোধী বিশ্বাসগুলোকে ইভ্যালুয়েট করার প্রয়াশ পায়। এগুলো এখানে করা হচ্ছে। এখন, একটা গোল যেহেতু আমরা সেট করেছি , আমরা অ্যাকশন নেবার সাথে সাথে আমাদের পার্ফরমেন্সও মেজার করতে পারতে হবে। কিভাবে বুঝবো আমাদের গোল অ্যাচিভ হয়েছে?

যখন দেখবো যে মারামারির বাণী দ্বারা উদ্বুদ্ধ হয়ে কেউ আমাকে কতল করতে আসছে না। এটাই মেজার। এটা সত্য হবার সাথে সাথে আমাদের অ্যাকশন নেয়া কার্যত থামা উচিত।

এখন “মারামারির বাণী দ্বারা উদ্বুদ্ধ হয়ে কেউ আমাকে কতল করতে আসছে না” এটা ঘটতে পারে যদি পৃথিবীতে মুসলমান না থাকে। কারণ মুসলমান না থা কলে মারামারির বাণীতে বিশ্বাসী মানুষও থাকবে না। ফলে “পৃথিবীতে মুসলমান নেই”, এই পরিস্থিতির মাঝে “মারামারির বাণী দ্বারা উদ্বুদ্ধ হয়ে কেউ আমাকে কতল করতে আসছে না” এই পরিস্থিতিটা সংযোজিত।

সমস্যা হল, এটা প্রাথমিক গোলের চেয়ে অতিরিক্ত পরিমাণে বড়। এখন এই অপশনটা কেমন যে (ধরুন) মুসলমান তার বিশ্বাস থেকে কোরানের মারামারির বাণীগুলোকে কেবল দূরীভুত করে দিবে , কিন্তু সে অবিশ্বাসী হয়ে উঠবে না। কোরানের মারামারির আদেশগুলো মানতে কেবল সে মৌলিকভাবে অস্বীকার করবে। এই পরিস্থিতিটাতেও কিন্তু আমাদের গোলের মেজার “মারামারির বাণী দ্বারা উদ্বুদ্ধ হয়ে কেউ আমাকে কতল করতে আসছে না” সংযোজিত। ফলে এটা যদি ঘটে, তবে প্রস্তাবনা অনুসারেই আমরা দাবী করতে পারবো যে আমাদের গোল অ্যাচিভ হয়ে গেছে। খেল খতম। এর পরেও যদি আপনি মুসলমানের রেসিডুয়্যাল বিশ্বাসকে উপড়ে ফেলতে চান , সেটা আমাদের নির্ধারিত গোলের নামে করা যাবে না, কারণ আমাদের গোল অ্যাচিভ হয়ে গেছে, এবং আমার কল্পিত পরিস্থিতিটির সংজ্ঞা মতেই মুসলমানের রেসিডুয়্যাল বিশ্বাসে ব্যক্তিস্বাধীনতার সাথে সাংঘর্ষিক কিছু আর বাকি নেই।

এখন দুটো প্রশ্ন। শেষের পরিস্থিতিটি কি মুসলমানবিহীন পৃথিবীর চেয়ে অর্জন সহজ কিনা ? নাকি কঠিন। যেটা সহজ ও সম্ভাব্য, সেই পথই তো নেব। আমি বলব, এটার উত্তর অভিয়াস না। ফলে, স্বাভাবিকভাবেই মুসলমানবিহীন পৃথিবীর পরিস্থিতিটার টেবিলে “কোরানের মারামারির আদেশ মানতে মৌলিকভাবে অস্বীকার করেও মুসলমান থেকে যাওয়ার ” পরিস্থিতিটা একটা বিকল্প হিসাবে মর্যাদা পাবার যোগ্য।

সেক্ষেত্রে ধর্ম উপড়ে না ফেলা পর্যন্ত ব্যক্তিস্বাধীনতায় আঘাত আসতেই থাকবে, কথাটা আর এক বাক্যে মেনে নেয়ার মর্যাদাপ্রাপ্ত থাকে না।

তাছাড়া, যদি খ্রিস্টান ধর্মের দিকে তাকান তাহলেও মনে হতে পারে যে দ্বিতীয় পরিস্থিতিটা অর্জন প্রথমটার চেয়ে হয়ত সহজ। খ্রিস্টানদের বাইবেলে তো প্রচুর মারামারির কথা বলা আছে। কিন্তু

খ্রিস্টানদের যাজকরা তো আর মারামারির আদেশ দেয় না। তাদের কোন পক্ষের ধার্মিকও এখন আর বাইবেল উদ্বুদ্ধ হয়ে কতল করতে আসে না। কারণ খ্রিস্টানের ধর্ম আর পুস্তকের বিশুদ্ধতা নির্ভর না। একসময় ছিল। ফলে, মুসলমানের ধর্ম যে এই মুহূর্তে পুস্তকের বিশুদ্ধতা নির্ভর, তার মানে কিন্তু এই নয় যে পুস্তকের বিশুদ্ধতা খর্বিত হলে তারা আর মুসলমান থাকবে না। তারা ঠিকই একটা 'সুবিধাবাদী' বিশ্বাসে স্থিত হবে। সেটাতে যদি ব্যক্তিস্বাধীনতার লংঘন ঘটার ইন্ধন আর না থাকে, মুসলমানের ওই পদের বিশ্বাস নিয়ে আমাদের আর তর্ক কিসে? অর্থহীন এই তো? ব্যক্তিস্বাধীনতার প্রেক্ষাপটে আমাদের আর তাতে কিছু যায় আসার কথা কি ? তারপরেও যদি কথা থাকে সেটা বলতে পারেন। সেটা নিয়েও আলোচনা চলতে পারে। তবে সেটা হবে ব্যক্তিস্বাধীনতার নিমিত্ত ব্যতিরেকে ভিন্ন উদ্দেশ্যে করতে হবে।

সাইফুল ইসলাম এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ১২:৩৭ অপরাহ্ণ

@রূপম (ধ্রুব),

ভুল। আমার একটা লাইন কোট করে যদি না দেখাতে পারেন, তবে আপনার ভুল স্বীকার করে এই কথাটা তুলে নেবেন। আপনার সাথে যুক্তির তর্ক করতে আসলে আপনি তো মিথ্যা অভিযোগ করে তার্কিককে মোকাবিলা করতে পারেন না।

মিথ্যা বলার তো প্রশ্নই আসে না। এটা তো আর ব্যক্তিগত আলোচনা না যে মিথ্যা বলে সহজেই পার পেয়ে যাবো। সম্পূর্ণ পাবলিক ফোরামে আলোচনা।
যাই হোক, আপনার কথার জিস্ট ব্যাপারটা আমার কাছে এরকমই মনে হয়েছে। কেন মনে হয়েছে তাও বলছি। আপনি চিন্তার বৈচিত্রতার ভিত্তিতে ধর্মীয় বিশ্বাসকে সমাজে রাখার পক্ষে(এখানে যে জোর করে বিশ্বাস না রাখার কথা বলা হচ্ছে না সেটা উল্লেখ করা প্রয়োজন মনে করছি)। আপনি একযায়গায় বলেছেনঃ

মুসলমানের ধর্ম বিশ্বাসের যে মূল কোরান, সেখানে হত্যা, মারামারি, পিটানো এগুলোর কথা বলা আছে। এগুলোর প্রতি নিষ্ঠাবশত মুসলমান এগুলো আমলে উদ্যত হয়।

আমিও এই একই কথা আমার বক্তব্যের শুরু থেকে চিৎকার করে বলে যাচ্ছি। পার্থক্য হল আমি বলেছি তারা *প্রকৃত বিশ্বাসী* আর আপনি বলছেন তারা *নিষ্ঠাবান বিশ্বাসী*। আপনার আপত্তির জায়গাটা কি ছিল শুধু ভাষাগত? যদি শুধু ভাষাগত হয়ে থাকে তাহলে একমাত্র যে অনুভুতি আমি প্রকাশ করতে পারি তাহল হতাশা।

আর যদি ভাষাগত না হয় তাহলে এখন আপনি কিসের ভিত্তিতে বলছেন যে কোরানে হত্যা, মারপিট, পিটানো এগুলোর কথা বলা আছে? একটা স্ট্যন্ডার্ড আপনি ধরে নিচ্ছেন কি? কোন মোল্লার ব্যাখ্যা এটা?

আমি জানি আপনিও মারামারি কাটাকাটি চাননা। কেউই চায় না। কিন্তু আপনার কথায় 'আমার' কাছে অন্য ধারনা হয়েছিল। আমি আমার ভুল স্বীকার করে নিচ্ছি।

পরবর্তিতে আপনি বিশ্বাসকে সমাজে রেখেই কিভাবে তার পূনর্বাসন ক রা যায় তার উপায় দেখিয়েছেন। আপনি যখনই বলছেন বিশ্বাসকে মডিফাই করবেন, তারমানে আপনি ধরে নিচ্ছেন যে এর একটা স্ট্যন্ডার্ড আছে। তাই নয় কি? কারন স্ট্যন্ডার্ড না থাকলে আপনি কাকে মডিফাই করবেন, কিসের ভিত্তিতে দেখাবেন বিশ্বাসীদের, যে তোমরা যা বিশ্বাস করছ তা ভুল, সঠিক হল এটা?

বিশ্বাস কোন ললিপপ নয় যে বাচ্চাকে বলব এই কোম্পানিরটা ভালো নয় অন্য কোম্পানিরটা খাও। এখানে বিশ্বাসীদেরকে ললিপপ নিজেই বিশ্বাসীদের মোটিভেট করে।
পায়ে ঘা হলে ঔষধ খাওয়া যায়। কিন্তু গ্যংগ্রিন হলে পা কেটে ফেলতে হয়।

আপনি আপনার নিজেকে বাচাঁতে পারলেই সন্তুষ্ট। আর আমি সামগ্রিকভাবে ব্যাপারটা চিন্তা করেছি এই যা। এছাড়া মনে হয় আমার আপনার মধ্যে তেমন কোন পার্থক্য নেই। কি বলেন?

ধন্যবাদ।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ১:৫৯ অপরাহ্ণ

@সাইফুল ইসলাম,

আমি জানি আপনিও মারামারি কাটাকাটি চাননা। কেউই চায় না। কিন্তু আপনার কথায় 'আমার' কাছে অন্য ধারনা হয়েছিল। আমি আমার ভুল স্বীকার করে নিচ্ছি।

ব্যাপার না। আমারই আসলে কথাটা এত সিরিয়াসলি নেয়া ঠিক হয় নি। কথাটা নেহায়েতই ভুল ছিল কিনা। আর আমারও 'মিথ্যা' শব্দটা বলা ঠিক হয় নি। এটাতো ভ্রান্তি। এর জন্যে আমিও দু:খিত।

মডিফাই বলতে বর্তমান অবস্থা থেকে মডিফাই বুঝিয়েছি। এর জন্যে স্ট্যান্ডার্ড জানা লাগে না। বিশ্বাসীকে আমি ভুল ঠিক কিছু দেখাবো না। এখন যেটা বিশ্বাস করে সেটাও ভুল , পরে যেটা বিশ্বাস

করবে সেটাও ভুল। ওদের জন্যে ঠিকটা কোথা থেকে ধরে আনবে? আমরা প্রতিনিয়ত তাদের ব্যক্তিস্বাধীনতা বিরোধী বিশ্বাসগুলোকে ওদের সামনে তুলে ওদের জাজমেন্টকে বিচলিত করা বলবৎ রাখলে ইনশাল্লা ওরা নিজেরা নিজেদের মডিফাই করে নিবে। ভুল থেকে ভুলে। এরকম ব্যক্তিস্বাধীনতার সাথে বিরোধহীন বিশ্বাসের তরিকা মুসলমানদের মধ্যেই বিরাজিত আছে। কিন্তু সেগুলো মোটেও মেইনস্ট্রিম না, এই যা। ওগুলো অর্থহীন হলেও মেইনস্ট্রিম বিশ্বাসের চেয়ে যে ঢের অহিংস, সেটা স্বীকার করতে তো আমাদের আপত্তি নেই। মুসলমানকে সেসবের দিকেও রেফার করে দিতে পারি , বলতে পারি, দেখ কত শান্তিপ্রিয় কথা বার্তা! কত শান্তি ওখানে! কেন শুধু শুধু মারামারি ? এগুলো বলার জন্যে ভুল-ঠিকের পথ কিন্তু মাড়াতে হয় না। আর আমরা বিশ্বাস করি না দেখে কি ওগুলো নিয়ে আমাদের বলার হক নেই নাকি?

এখন বিশ্বাস যদি ললিপপ না হয়, অবিশ্বাসও তো ললিপপ না, তাই না। ওটা খাওয়ানোর চেষ্টা যে ঠিকই করি!

পায়ে ঘা হলে ঔষধ খাওয়া যায়। কিন্তু গ্যংগ্রিন হলে পা কেটে ফেলতে হয়।

থাক, এবার আপনি কাটাকাটির কথা শুরু কইরেন না।

আপনি আপনার নিজেকে বাচাঁতে পারলেই সন্তুষ্ট। আর আমি সামগ্রিকভাবে ব্যাপারটা চিন্তা করেছি এই যা। এছাড়া মনে হয় আমার আপনার মধ্যে তেমন কোন পার্থক্য নেই। কি বলেন?

আরো অস্পষ্ট হয়ে গেল ব্যাপারটা। সামগ্রিক কোন ব্যাপারটা আপনি চিন্তা করছেন যেটা আমি করছি না, বললে ব্যাপারটা স্পষ্ট হত।

সাইফুল ইসলাম এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ১১:৪৩ অপরাহ্ন

@রূপম (ধ্রুব),

মডিফাই বলতে বর্তমান অবস্থা থেকে মডিফাই বুঝিয়েছি। এর জন্যে স্ট্যান্ডার্ড জানা লাগে না। বিশ্বাসীকে আমি ভুল ঠিক কিছু দেখাবো না।

বিভ্রান্ত হলাম। স্ট্যান্ডার্ড না ধরে মডিফাই করবেন কিভাবে? আপনার আমার ইচ্ছা সেজন্য? আপনাকে তো বলতে হবে যে তোমরা যে কাজটা করছ সেটা ভুল, নাকি? আর যখনই আপনি ভুল বলবেন তার মানেই হল আপনি কোন কিছুকে আদর্শ ধরেই এটাকে ভুল বলছেন , তাই না?

এখন যেটা বিশ্বাস করে সেটাও ভুল, পরে যেটা বিশ্বাস করবে সেটাও ভুল। ওদের জন্যে ঠিকটা কোথা থেকে ধরে আনবে?

শুধু ভুলই নয়, বিপজ্জনকও বটে। এই কথাটাই আমি এতবার বলেও পরিষ্কার করতে পারছি না। আপনি শুধু বলছেন ভুল, আর আমি সাথে বলছি বিপজ্জনক। আমার মাপার স্ট্যান্ডার্ড হল যুক্তি। আর আপনি কোন স্ট্যান্ডার্ড ছাড়াই বলে যাচ্ছেন ওদের বিশ্বাস ভুল।

আমরা প্রতিনিয়ত তাদের ব্যক্তিস্বাধীনতা বিরোধী বিশ্বাসগুলোকে ওদের সামনে তুলে ওদের জাজমেন্টকে বিচলিত করা বলবৎ রাখলে ইনশাল্লা ওরা নিজেরা নিজেদের মডিফাই করে নিবে।

বলিহারি ভাই আপনার বিপজ্জনক বিশ্বাস সমাজ থেকে 'বিদায়' করার প্রক্রিয়া।
আপনার কি ধারনা যারা বোমাবাজী বা সমাজে বিশৃংখলা করছে তারা না
জেনে করছে? তারা বেশ ভালো ভাবেই জানে যে তাদের হাতের ঐ বস্তুটা বিয়ে বাড়িতে ফাটানোর পটকা নয়। ওটা মারলে আওয়াজের সাথে সাথে বেশ ধ্বংস লীলাও হয়। যারা এই কাজ করে তারা আপনার ব্যক্তিস্বাধীনতায় থোরাই কেয়ার করে। তারা কোন ব্যক্তিস্বাধীনতায় বিশ্বাস করে না। সুতরাং "আমরা প্রতিনিয়ত তাদের ব্যক্তিস্বাধীনতা বিরোধী বিশ্বাসগুলোকে ওদের সামনে তুলে ওদের জাজমেন্টকে বিচলিত করা বলবৎ রাখলে ইনশাল্লা ওরা নিজেরা নিজেদের মডিফাই করে নিবে।" এই কথাটা নিছক রোমান্টিসিজম ছাড়া আর কিছুই ভাবতে পারছি না বলে স্বাভাবিকভাবেই দূঃখ প্র কাশ করছি।

আরেকটা ব্যাপার,

ইনশাল্লা ওরা নিজেরা নিজেদের মডিফাই করে নিবে।

আমি ঠিকঠাক পড়লাম তো নাকি আপনারই টাইপো??

এখন বিশ্বাস যদি ললিপপ না হয়, অবিশ্বাসও তো ললিপপ না, তাই না। ওটা খাওয়ানোর চেষ্টা যে ঠিকই করি!

অবশ্যই খাওয়ানোর চেষ্টা করব। আমি কি কোথাও বলেছি নাকি বিশ্বাসকে কাউকে খাওয়াতে দিতে আমার সমস্যা আছে।
আমাকে না পিটিয়ে আপনি যত খুশি তত বিশ্বাসের ললিপপ খাওয়ান।
আমি আমার কোম্পানির মাল খাওয়াতে চেষ্টা করব, আপনি আপনারটা। আপনি প্রমান করুন আমারটা ভুল। বিনয়ের সাথেই মেনে নেব। গর্দান নামিয়ে নেব না। গর্দান নামিয়ে নেয়ার সম্ভবনাটা প্রবল বলেই এখন এই প্রডাক্ট কে ঝেটিয়ে বিদায় করতে চাচ্ছি। এই যা ব্যাপার।

থাক, এবার আপনি কাটাকাটির কথা শুরু কইরেন না।

আমার কাছে থাকা অপশন গুলোর মধ্যে সবচেয়ে ভালোটাকেই আমি নেব। অবশ্যই কারন দেখিয়ে। আমার মনে হয় বেশীরভাগ মানুষ তাই করবে।

আরো অস্পষ্ট হয়ে গেল ব্যাপারটা। সামগ্রিক কোন ব্যাপারটা আপনি চিন্তা করছেন যেটা আমি করছি না, বললে ব্যাপারটা স্পষ্ট হত।

বলছি। একটা ঘরে যদি দশজন মানুষ থাকে। তাদের চিন্তা ধারা যদি দশ ধরনের হয় এবং তাদের পরিচালনার জন্যে যদি একটা সাধারন পদ্ধতির দরকার হয় তাহলে আপনার কি মনে হয় দশ ধরনের চিন্তা ভাবনা সেই একটা পদ্ধতির মধ্যে রাখা সম্ভব? যখন কারো কারো চিন্তা ভাবনা আবার কারো সাথে কন্ট্রাডিক্ট করছে? কোনভাবেই না।
আমি ঠিক এটাই বলতে চাচ্ছি। আপনি বলছেন ইসলামে(আলোচনার সুবিধার্থে শুধু ইসলামকেই নিলাম) দাঙ্গা হাঙ্গামা ছাড়াও নাকি আরো বিশ্বাস আছে যেগুলো মোটেই মেইনস্ট্রিম নয়। এখন আপনি যদি ব্যক্তিগতভাবে বলতে চান তাহলে অবশ্যই আপনার পছন্দের বিশ্বাসের কথাই বলবেন। কিন্তু সেটা কি শুধুই ব্যক্তিকেন্দ্রিক হয়ে গেল না ? আর এই যে আপনি বলছেন যে ইসলামে দাঙ্গা হাঙ্গামা ছাড়াও বিশ্বাস আছে সেটা আপনার নিজস্ব ব্যাখ্যা। আপনি যে আয়াত পড়ে দেখতে পাচ্ছেন আল্লার মহিমা সেই একই আয়াত পড়ে কেউ নিচ্ছে জিহাদ করার মন্ত্র। কিভাবে সম্ভব হল এটা? তার মানে এই বিশ্বাস সৃষ্টি করা আয়াতগুলো যতদিন থাকবে ততদিন জিহাদ করা পাবলিকও থাকবে(অবৈজ্ঞানিক চিন্তা ভাবনা, কুসংস্কার ইত্যাদি তো আছেই এই ছাইপাশ লেখাগুলোতে)। এখন দেখতে হবে এই ধর্মগ্রন্থগুলোতে এমন কিছু আছে নাকি যা অন্য কোথাও নাই(এটা একই সাথে ঐ ধর্মগ্রন্থগুলোর ঐশ্বরিক দাবীর বিপক্ষেও দৃঢ় যুক্তি)। আপনাকে বলার দরকার নেই, শুধু আছেই না বরঞ্চ খুব বেশী পরিমানেই আছে।
এখন, আমরা যদি একটা সমাজ প্রতিষ্ঠা করতে চাই(যেখানে লিষ্ট পরিমান আবর্জনা থাকবে) সেখানে আমরা বিশ্বাসকে রাখব কোন যুক্তিতে ? আপনি আপনার আগের লেখাতে ব্যক্তিকেন্দ্রিকতাকেই জোড় দিয়েছিলেন। সমাজ তো আপনাকে আমাকে এই দুএকজন নিয়েই হয় না। হয় বিপুল পরিমান মানুষ নিয়ে। সেজন্য কোন কিছু থাকবে নাকি থাকবে না সে টা সামগ্রিকভাবে চিন্তা করেই দেখতে হবে।

আবার বলছি, কোনভাবেই ধরে নিবেন না যে আমি বিশ্বাসকে জোড় পূর্বক অপসারন করব। মোটেও তা নয়।

চিন্তার পার্থক্য থাকবেই। ব্যাপার না। আপনার আমার উদ্দেশ্য একই, পথ আলাদা। যেটা খুবই স্বাভাবিক, সাথে সাথে কাংক্ষিতও বটে। সুতরাং.......

আপানার সাথে আলোচনা করে অনেক ভালো লাগল.
অনেক ধন্যবাদ।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১৩, ২০১১ at ৪:২০ পূর্বাহ্ণ

@সাইফুল ইসলাম,

টাইপো না। আমি উচ্চারণেও ‘হ’ লাগাই না, তাই লেখার সময়েও ‘হ’ লাগাই না।

রৌরব এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ৬:২৬ পূর্বাহ্ণ

@সাইফুল ইসলাম,

আমি বলেছি ধ্বংসাত্বক বিশ্বাস করার অধিকার যদি কারো থাকে তাহলে সে কাজ করার অধিকারও তার থাকা উচিত। এবং এখনও আমি তাই বলব।

অর্থাৎ আপনি thought crime এর ধারণায় বিশ্বাসী। আপনি এই বিশ্বাসের যৌক্তিক পরিণতি সম্বন্ধে নিশ্চয়ই চিন্তা করেছেন। এটা totalitarianism এর দিকে যাচ্ছে।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ৭:৪৩ পূর্বাহ্ণ

@রৌরব,

উনি একটা ‘আদর্শ’ সমাজ চাইছেন:

এখন আমাদের দেখতে হবে এরকম আদর্শ একটা সমাজ, চমৎকার একটা পৃথিবী আমরা কি বিশ্বাস সহ পেতে পারি কিনা

যেটার জন্যে “বিশ্বাস সমাজে থাকা ক্ষতিকর”।

অনাদর্শ সমাজ (সে যেই মানদণ্ডেই হোক) সহ্য করা না, গেলে সেটা totalitarianism-এর দিকেই গড়াবে। বিশ্বাসী সমূলে উৎপাটন হলে তখন অপ্রকৃত , ভেজাল বা বেসহি অবিশ্বাসী উৎপাটনের প্রয়োজন পড়বে 'আদর্শ' সমাজের লক্ষ্যে।

আচ্ছা, thought crime নিয়ে আমেরিকার ভাবসাব কিরকম কিছু জানেন ? অবস্থাদৃষ্টে তো মনে হয়, তাদের মধ্যেও এই totalitarianism-এর এলিমেন্ট বিদ্যমান।

রৌরব এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ৮:০১ পূর্বাহ্ণ

@রূপম (ধ্রুব),

আচ্ছা, thought crime নিয়ে আমেরিকার ভাবসাব কিরকম কিছু জানেন ? অবস্থাদৃষ্টে তো মনে হয়, তাদের মধ্যেও এই totalitarianism-এর এলিমেন্ট বিদ্যমান।

বিশেষ কিছুর প্রেক্ষিতে বলছেন কি একথা ? totalitarianism-এর প্রবণতা মানুষের মধ্যে অল্প-বিস্তর থাকবেই, কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্রে কম বলেই তো মনে হত।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ৯:১২ পূর্বাহ্ণ

@রৌরব,

ইমেইল, ফোন এসবে আড়িপাতা নিয়ে বলছি। ইসলাম জঙ্গিবাদ, এসব নিয়ে কথা বলতে খুব সতর্ক থাকে দেখি মানুষজন। ইদানিং শুনলাম , কলম্বিয়া না কোন ইউনিভার্সিটির ছাত্রদের সতর্ক করে দেয়া হয়েছে উইকিলিক্স নিয়ে পাবলিকলি আলোচনার ব্যাপারে।

থট ক্রাইম আর ক্রাইম সংঘটনের মধ্যে ব্যারিয়ারটা ঠিক পরিষ্কার না আমার স্বীকার করছি।

আমি যদি বোমা মারি, সেটা ক্রাইম।

আমি যদি বোমা মারার চিন্তা নিয়ে ঘুরে বেড়াই , সেটা থট ক্রাইম, নাকি? সেটা তো ডিটেক্টেবল না, ফলে সেটা নিয়ে আপাতত কারো মাথা ব্যাথা নেই।

কিন্তু হাউ অ্যাবাউট - আমি ইমেইলে বোমা মারার পরিকল্পনা করলাম? অথবা ব্লগে বোমা মারার আয়াত ছড়ালাম? বা স্বীকার করলাম যে আমি একদিন সুযোগ পেলে বোমা মেরে উড়িয়ে দিবো।

আমার একটা ছাত্র ছিল (যাকে নিয়ে সচলায়তনে লিখেছিলাম), যে মাদ্রাসায় অস্ত্র প্রশিক্ষণ নেওয়ার ইচ্ছার কথা বলেছিল, একদিন মাঠে নেমে জিহাদের পরিকল্পনার কথা বলেছিল এবং সেই সাথে আমার প্রাণাতিপাত হবার সম্ভাবনার কথাও উল্লেখ করেছিল। অনেকে বলেছে আমার নাকি দায়িত্ব বা সুযোগ ছিল ছেলেটাকে পুলিশে সোপর্দ করার। আমার কখনোই মাথায় আসে নি , ছেলেটা কোন অপরাধ সংঘটন করেছে। আলসেমি আর নিজেকে নিয়ে ব্যস্ততা তো ছিলই। কিন্তু আসলে কি এটা ঠিক? এখানে থট ক্রাইম আর ক্রাইমের ব্যারিয়ারটা কোথায়?

রৌরব এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ৭:০৮ পূর্বাহ্ণ

@রূপম (ধ্রুব),
এটা আমার কাছেও পুরো স্পষ্ট না , কিন্তু স্বাধীনতাবাদী হিসেবে আমি ব্যারিয়ারটি ঠেলে সুস্পষ্ট অ্যাকশনের কাছে নেব, শুধু মাত্র ভাবাভাবির কাছে নয়। আমার মটো: যেসব ক্ষেত্রে সন্দেহ আছে , সেসব ক্ষেত্রে স্বাধীনতাকে বেছে নেয়াই শ্রেয়। এটা অবশ্য স্বীকার করব যে সম্ভাব্য সব scenario আমি think through করিনি, কাজেই নিশ্চয়ই কিছু উদাহরণ পাওয়া যাবে যেখানে আমাকে মাথা চুলকাতে হবে। আপনার তিনটা উদাহরণের মধ্যে শুধু প্রথমটি: "ইমেইলে বোমা মারার পরিকল্পনা" আমাকে একটু ভাবাচ্ছে। অন্য দুটির স্বাধীনতার পক্ষে আমি। ইমেইলের ক্ষে ত্রেও "পরিকল্পনা"-টি মোটামুটি ভালরকম ডিটেইলের পর্যায়ে না পৌঁছানে নাক গলাতে নারাজ। স্রেফ সাধারণভাবে "আসুন সব বোমা মেরে উড়িয়ে দিই" মার্কা ইমেইল বৈধ হওয়া উচিত। আপনার ছাত্রের ক্ষেত্রে "সোপর্দ" করার মত কিছুই ঘটেনি, যদি না সে আপনাকে সরাসরি হুমকি দিয়ে থাকে।

মার্কিন যুক্তরাষ্ট্রের ব্যাপারে ভুল বলেননি , প্যাট্রিয়ট অ্যাক্ট প্রভৃতির মধ্যে ওরকম একটা খাঁচ তো আছেই।

ইসলাম জঙ্গিবাদ, এসব নিয়ে কথা বলতে খুব সতর্ক থাকে দেখি মানুষজন।

এটা অবশ্য স্রেফ সামাজিক মিথস্ক্রিয়ার ফল হতে পারে। সেটা ভাল না মন্দ সে তর্ক চলতে পারে, কিন্তু এটা আইনী স্বাধীনতার ব্যাপার নয়।

ইদানিং শুনলাম, কলম্বিয়া না কোন ইউনিভার্সিটির ছাত্রদের সতর্ক করে দেয়া হয়েছে উইকিলিক্স নিয়ে পাবলিকলি আলোচনার ব্যাপারে।

এটা তো চিন্তাজনক। কোথায়, পারলে একটু বের করুন তো, দেখি।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ৭:২১ পূর্বাহ্ণ

@রৌরব,

http://www.huffingtonpost.com/2010/12/04/state-department-to-colum_n_792059.html

রৌরব এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ৭:৫৯ পূর্বাহ্ণ

@রূপম (ধ্রুব),
ভাল জিনিস দেখালেন। এই সরকারী ছাগলটা কে, জানতে ইচ্ছা করে :)। কলম্বিয়ার পরবর্তী অবস্থান অবশ্য আশাব্যঞ্জক। মার্কিন বিশ্ববিদ্যালয়গুলি এব্যাপারে বেশ ভাল, আমার অভিজ্ঞতায়, যদিও ডানপন্থীরা অভিযোগ করে যে বড় বড় "লিবারাল" বিশ্ববিদ্যালয়গুলিতে তাদেরকে কথা বলতে দেয়া হয় না।

সাইফুল ইসলাম এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ৫:২০ পূর্বাহ্ণ

@রৌরব,
স্বাধীনতার সংজ্ঞা কী আপনার কাছে?

রৌরব এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ৭:১৬ পূর্বাহ্ণ

@সাইফুল ইসলাম,
একেক ক্ষেত্রে একেক রকম। "বাংলাদেশের স্বাধীনতা" আর "ব্যক্তি-স্বাধীনতা" কাছাকাছি ধরনের জিনিস হলেও একেবারে এক নয়।

আমার নিজের কাছে ব্যক্তি-স্বাধীনতার ধারণা আসে সংশয়বাদ থেকে। আমাদের জ্ঞান অত্যন্ত সীমাবদ্ধ, কাজেই "আমরা এতই বেশি জানি যে অমুক-অমুক বিষয় নিষিদ্ধ করতে পারি" জাতীয় যে কোন মন্তব্যের প্রতি আমি ভীষণ ভাবে সন্দিহান, এমনকি শত্রুভাবাপন্ন। এর ব্যতিক্রম অবশ্যই আছে (যেমন খুন করার অধিকার দেয়ার পক্ষে আমি নই), কিন্তু মোটের ওপর আমার defaut অবস্থান সন্দেহবাদের, অর্থাৎ স্বাধীনতাবাদের অবস্থান। বিশেষত মত প্রকাশের স্বাধীনতার ব্যাপারে আমি রীতিমত গোঁড়া।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ৭:২৩ পূর্বাহ্ণ

@রৌরব,

এমনকি শত্রুভাবাপন্ন

সাইফুল ইসলাম এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ১১:৫২ পূর্বাহ্ণ

@রৌরব,
ব্যাপারটা পরিষ্কার হল না মনে হয়। তার মানে কি স্বাধীনতা বলতে আপনি বোঝেন যা ইচ্ছা তাই করতে পারবেন নাকি কিছু কিছু ব্যাপারে নাক গলানোও সম্ভব হবে ? যদি নাক গলানো সম্ভব হয় তাহলে কোন কোন ব্যাপারে?

রৌরব এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ৮:১৫ অপরাহ্ণ

@সাইফুল ইসলাম,
কোন কোন ব্যাপারে নাক গলানো সম্ভব তার লিস্ট বোধহয় দিতে পারব না, তবে উদারপন্থী গণতন্ত্রে সাধারণত যেসব আইন-কানুন দেখা যায় তার সাথে মোটামুটি একমত (ধরুন, মার্কিন যুক্তরাষ্ট্র)। তবে নীতিটি হল: আইনের সংখ্যা ও প্রয়োগ যতটা সম্ভব কম রাখা। মূলত, স্বাধীনতা রক্ষা করতে যতটুকু স্বাধীনতা ছাড় দেয়া প্রয়োজন, সেটুকু। পেইনের "সাধারণ জ্ঞান" লেখাটিতে এ ব্যাপারটা একটু আলোচিত হয়েছে।

এখন, "স্বাধীনতা রক্ষা করতে স্বাধীনতা ছাড় দেয়া" এটার মধ্যে একটা paradox আছে। সেটার ওষুধ আমার মতে স্রেফ দুরকম হতে পারে। এক হচ্ছে, Ayn Rand ধরণের চরম libertarian অবস্থান গ্রহণ করা, যারা কোন ধরণের আইন-কানুনেই বিশ্বাস করেনা। আমার মতে এই অবস্থান বাস্তবে প্রয়োগ সাধ্য নয়। দ্বিতীয় ওষুধ, বাক ও বিশ্বাসের স্বাধীনতাকে আলাদা ভাবে বিশেষ মর্যাদা দেয়া এবং রক্ষা করে চলা। কারণ, আইনের ফলে যে স্বাধীনতাটুকু হৃত হয়েছে সেটি যদি ভুল হয়ে থাকে, বা স্বাধীনতা-হরণের প্রক্রিয়াটি যদি ক্রমশ খারাপ দিকে যেতে থাকে, তাহলে তার বিরুদ্ধে শেষ দুর্গ হিসেবে বাক-স্বাধীনতা টিকে থাকে। সোজা কথা, মার্কিন যুক্তরাষ্ট্রের "প্রথম অ্যামেন্ডমেন্ট"-এর অবস্থান। বাক-স্বাধীনতার বাইরে অন্যান্য স্বাধীনতার ব্যাপারে আমি অনেকটাই ছাড় দিতে রাজি আছি, রাজস্ব আদায় বা সরকারের social security-র ব্যবস্থা করা আমাকে খুব একটা বিরক্ত করে না।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১২, ২০১১ at ৮:৪৮ অপরাহ্ণ

@রৌরব,

আইনের ফলে যে স্বাধীনতাটুকু হৃত হয়েছে সেটি যদি ভুল হয়ে থাকে , বা স্বাধীনতা-হরণের প্রক্রিয়াটি যদি ক্রমশ খারাপ দিকে যেতে থাকে, তাহলে তার বিরুদ্ধে শেষ দুর্গ হিসেবে বাক-স্বাধীনতা টিকে থাকে

বাহ্, কি সুন্দর করে বলেন!

আমার মতো পামর যদি ব্যক্তিস্বাধীনতার প্রেমে পড়তে পারে, বাউলের দেশের বাঙালিরা নিশ্চয়ই এর প্রেমে পড়বে! পেইন থেকেই শুরু করব নাকি? প্রথম পাঠটা ধরায়ে দেন। আপনিও আবার লিখুন।

সাইফুল ইসলাম এর জবাব:
ফেব্রুয়ারি ১৩, ২০১১ at ১১:৪৯ পূর্বাহ্ণ

@রৌরব,
আলোচনা করার ইচ্ছা ছিল, তবে মনে হয় এই পোষ্টের বিষয়বস্তুর বাইরে চলে যাচ্ছে ব্যাপারটা। 🙂
ব্যাপান্না, আরেক সময় হবে। 😀



সূর্য এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ৯:৫৪ পূর্বাহ্ণ

@রূপম (ধ্রুব),

দীর্ঘদিন আমি ধর্ম আর মুক্তচিন্তার সংঘাতের দর্শক। দেখে আসছি যে মুক্তচিন্তা বারবার "যতদিন ধর্ম থাকবে, ততদিন পাপ থাকবে, ততদিন কূপমন্ডুকতা, গোঁড়ামি, পশ্চাদপদতা, অনগ্রসরতাও থাকবে"

এই উপসংহারে এসে পর্যবসিত হয়। বিশ্বাসের কারণে মানুষ অন্যের ব্যক্তিস্বাধীনতা লংঘের ইন্ধন পেয়ে থাকে ঠিক। তাই বলে বিশ্বাস উপড়ে ফেলা সমাধান?

এখানে ‘বিশ্বাস উপড়ে ফেলা’ কথাটা মানানসই হচ্ছে না। মনে হচ্ছে আমরা যেন জোরপূর্বক বিশ্বাসী মানুষদেরকে তাদেরকে বিশ্বাস ত্যাগ করার জন্য বলছি! আপনি নিজেই পরবতীর্তে ব্যাক্তিস্বাধীনতার কথা বলেছেন। আমার ব্যক্তিস্বাধীনতা আছে দেখেই আমি বিশ্বাসীদের বিশ্বাস নিয়ে হাজারটা কথা বলতে পারি, আমার লেখার মাধ্যমে আমি দেখাতে পারি বিশ্বাস জিনিসটা কতটা পশ্চাদমুখী, কিন্তু কখনোই বিশ্বাসীদেরকে তাদের বিশ্বাস ত্যাগ করতে বাধ্য করতে পারি না। আমি ব্যক্তিগতভাবে ‘বিশ্বাস উপড়ে ফেলতে’ চাই না, আমি শুধু বিশ্বাসের ক্ষতিকর প্রভাবগুলো বিশ্বাসীদের চোখের সামনে তুলে ধরতে চাই; একসময় তারা নিজেরাই তাদের বিশ্বাস উপড়ে ফেলবে তাহলে।

আমরা খুঁজতে চাই না, মদ খাওয়া ভালো না মন্দ। কারণ কিছু যায় আসে না।

বিশ্বাসীরও তেমন বিশ্বাসের অধিকার আছে। সেটা ভালো না মন্দ, ভুল না ঠিক ব্যাতিরেকে সে অধিকার তার আছে।

মদ খাওয়া আর বিশ্বাস ব্যাপার দুটোকে একই মাপদন্ডে মাপা কি ঠিক হচ্ছে? আপনার কথা শুনে স্পষ্ট বোঝা যাচ্ছে আপনি যেকোন প্রকার বিশ্বাসের বিরুদ্ধে কথা বলার বিপক্ষে। দেখুন , বিশ্বাস ব্যাপারটা শুধু ধর্মীয় না, রাজনৈতিক বা অর্থনৈতিকও হতে পারে। আপনার কথা মেনে নিলে বলতে হয় আমাদের নাৎসিবাদ বা সাম্রাজ্যবাদের বিরুদ্ধেও কিছু বলা উচিত নয়। বিশ্বাস করা মানুষের ব্যক্তিগত ব্যাপার- সুতরাং একজন বিশেষ ব্যক্তি নাৎসিবাদে বিশ্বাসী হতেই পারে , এতে কার কি বলার আছে?

বিশ্বাসীর অবশ্যই বিশ্বাসের অধিকার আছে, আর আমাদেরও অধিকার আছে তার বিশ্বাসকে আক্রমণ করা (শারীরিকভাবে না অবশ্যই 😁)। আর যখন আমাদের বাস্তব অভিজ্ঞতা থেকে এটা স্পষ্ট হয় যে বিশ্বাস অধিকাংশ ক্ষেত্রেই মানুষকে সংকীর্ণ এবং উগ্র পন্থার দিকে নিয়ে যায় , তখন বিশ্বাসের বিরুদ্ধে লড়াই করাটা শুধু যৌক্তিক-ই নয়, একরকম কর্তব্য হয়ে যায়।

রূপম (ধ্রুব) এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ১০:৩৮ পূর্বাহ্ণ

@সূর্য,

আমার ব্যক্তিস্বাধীনতা আছে দেখেই আমি বিশ্বাসীদের বিশ্বাস নিয়ে হাজারটা কথা বলতে পারি, আমার লেখার মাধ্যমে আমি দেখাতে পারি বিশ্বাস জিনিসটা কতটা পশ্চাদমুখী , কিন্তু কখনোই বিশ্বাসীদেরকে তাদের বিশ্বাস ত্যাগ করতে বাধ্য করতে পারি না। আমি ব্যক্তিগতভাবে 'বিশ্বাস উপড়ে ফেলতে' চাই না, আমি শুধু বিশ্বাসের ক্ষতিকর প্রভাবগুলো বিশ্বাসীদের চোখের সামনে তুলে ধরতে চাই ;

এই অবস্থানটা চমৎকার!

একসময় তারা নিজেরাই তাদের বিশ্বাস উপড়ে ফেলবে তাহলে।

অথবা তারা বিশ্বাসের ক্ষতিকর প্রভাবগুলোই কেবল উপড়ে ফেলবে। আপনার প্রস্তাবনা অনুসারে বিশ্বাসী যদি ক্ষতিকর প্রভাবমুক্ত করেও একজন বিশ্বাসীই থেকে যায় , তার বিশ্বাসের বিপক্ষে আপনার আর বলার কিছু থাকে না।

এখানে 'বিশ্বাস উপড়ে ফেলা' কথাটা মানানসই হচ্ছে না।

আপনি বলেছেন -

যতদিন ধর্ম থাকবে, ততদিন পাপ থাকবে, ততদিন কূপমন্ডুকতা, গোঁড়ামি, পশ্চাদপদতা, অনগ্রসরতাও থাকবে। মানুষের আচরণ নিয়ন্ত্রণ করা দরকার অবশ্যই , তবে তা অবশ্যই হতে হবে একটা যৌক্তিক কাঠামোর মধ্যে। নৈতিকতার ক্ষেত্রে 'পরম সত্য' বলে হয়ত কিছু নেই, কিন্তু 'অধিকতর কল্যাণমূলক সত্য'কে প্রতিষ্ঠিত করতে হলে 'পাপ' নামক মধ্যযুগীয় ধারণাটিকে পুরোপুরি ছুড়েঁ ফেলার কোন বিকল্পই নেই।

এই কথাটাতে পাপকে পুরোপুরি ছুঁড়ে ফেলার জন্যে ধর্মকে পুরেপুরি ছুঁড়ে ফেলার টার্গেট করছেন না কি? হেনার ঘটনা পুনরাবৃত্তি রোধের জন্যে পাপ ধারণা ছুঁড়ে ফেলা একটা বিশাল মাপে র আহ্বান। পাপ ধারণার সহাবস্থানে হেনা ঘটনার পুনরাবৃত্তি রোধ কেন অসম্ভব , সেটা আলোকপাত করেন নি। এ কারণে, পদ্ধতি হিসেবে এটাকে আমার মশা মারতে কামান দাগা মনে হয়েছে।

আপনি যেকোন প্রকার বিশ্বাসের বিরূদ্ধে কথা বলার বিপক্ষে।

কথা বলার বিপক্ষে কিভাবে হলাম? বিশ্বাস যখন কারোই ব্যাক্তিস্বাধীনতার সাথে সাংঘর্ষিক না, সেক্ষেত্রেও বিশ্বাসহীন সমাজ কামনা করার যুক্তি বা প্রয়োজনীয়তা নিয়ে জানতে চাইছি। আপনি ছুঁড়ে ফেলার কথা বলেছেন, তাই আমিও বলছি, আপনি মানুষের একটা বিশ্বাসকে কিভাবে ছুঁড়ে ফেলেন ? আপনি যদি বলেন আপনি ব্যাক্তিস্বাধীনতার বলে একথা বলেছেন, আমিও প্রশ্নটা ব্যাক্তিস্বাধীনতার বলেই করেছি। কোনো কথা বলার বিপক্ষে তো কিছু বলা হচ্ছে না। আমরা সবাই এখানে কথা বলছি ব্যাক্তিস্বাধীনতার বলে। ফলে সেটার আলাপ অবান্তর। আপনার কথাকে যখন প্রশ্ন করছি, তার মানে

আপনার কথাটার পেছনে জোরালো যুক্তির দাবী কর ছি। যুক্তি দাবী করলে কি কণ্ঠরোধ করা হয় নাকি ? আরো আরো যুক্তি দেখান, বিশ্বাস কেন থাকাটা সমস্যার।

বিশ্বাস করা মানুষের ব্যক্তিগত ব্যাপার - সুতরাং একজন বিশেষ ব্যক্তি নাৎসিবাদে বিশ্বাসী হতেই পারে , এতে কার কি বলার আছে?

বলবেন না, কেন? অবশ্যই বলবেন। আপনার বলার অধিকার নিয়ে তো প্রশ্ন করা হয় নি? যথেষ্ট যুক্তি ছাড়া নাৎসিবাদের বিপক্ষে কথা বলা হলে সেখানেও যুক্তি চাওয়া হবে। যুক্তি জানা থাকলে দিতে তো সমস্যা নেই, নাকি?

আমাদের বাস্তব অভিজ্ঞতা থেকে এটা স্পষ্ট হয় যে বিশ্বাস অধিকাংশ ক্ষেত্রেই মানুষকে সংকীর্ণ এবং উগ্র পন্থার দিকে নিয়ে যায়, তখন বিশ্বাসের বিরুদ্ধে লড়াই করাটা শুধু যৌক্তিক -ই নয়, একরকম কর্তব্য হয়ে যায়।

খুব স্পষ্ট হলো না যে বিশ্বাস মাত্রই সমস্যাজনক। কোনকিছু সমস্যা হলেও সেটা ঠেকানো কর্তব্য হয় , এই কথা নিয়েও দ্বিমত আছে। তাছাড়া, আমার আশেপাশে বহু মানুষ বিশ্বাস নিয়ে ঘোরাফিরা ক রছে। ব্যাক্তিস্বাধীনতার সাথে তাদের কিছুই সাংঘর্ষিক না। তাদের বিশ্বাসের বিরুদ্ধে লড়াই করাটা কেন যৌক্তিক সেটা যদি না দেখাতে পারেন, তবে আপনাকে স্বীকার করতে হবে যে বিশ্বাসমাত্রই সমস্যাযুক্ত কথাটা ঠিক না। হয়তো আরও নির্দিষ্ট কিছু বোঝাতে চাইছেন।

9

আনাস

ফেব্রুয়ারি ৯, ২০১১ সময়: ১০:২৬ অপরাহ্ণ লিঙ্ক

একটা গল্প লিখেছিলাম। লেখা শেষ করে আপনার এই পোস্ট পড়ে মনে হল গল্পটা আপনার পোস্টের উদাহরণ হয়ে গিয়েছে! অল্প কথায় বিষয়টি তুলে ধরায় গল্পটি প্রকাশ করা অনর্থক মনে হল। সুন্দরভাবে উপস্থাপনার জন্যে ধন্যবাদ।

*শ্রাবণ আকাশ*এর জবাব:
ফেব্রুয়ারি ১০, ২০১১ at ১:০০ পূর্বাহ্ণ

@আনাস, অন্যের কথা জানি না- এই লেখাটা আরো সহজ ভাবে বোঝার জন্য আপনার গল্প আমার খুব পড়তে ইচ্ছে করছে।



*সূর্য*এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ৯:৫৫ পূর্বাহ্ণ

@আনাস,

গল্পটা লিখে ফেলুন, গল্পের মাধ্যমে এসব ব্যাপার আরো ভালোভাবে বুঝা যায়।

10

শ্রাবণ আকাশ

ফেব্রুয়ারি ১০, ২০১১ সময়: ১২:৫৯ পূর্বাহ্ণ লিঙ্ক

এক কথায় প্রকাশ করলে ব্যাপারটা কি এরকম-
পাপ হালাল, অপরাধ হারাম। কিন্তু ধর্ম বলে উল্টো।



*সূর্য*এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ৯:৫৭ পূর্বাহ্ণ

@শ্রাবণ আকাশ,

পাপ হালাল, অপরাধ হারাম। কিন্তু ধর্ম বলে উল্টো ।

অনেকটা সেরকমই।

11

গোলাপ

ফেব্রুয়ারি ১০, ২০১১ সময়: ৯:১৫ পূর্বাহ্ণ লিঙ্ক

যেহেতু পাপ ব্যাপারটা কোন যুক্তির ধার ধারে না, সেহেতু ‘পাপ’ এর ধারণাটা প্রায়শই খুব মারাত্মক এবং ক্ষতিকর হয়ে ওঠে।

সহমত।
লিখাটি ভাল লাগলো। আরো বেশি বেশি লিখুন।



*সূর্য*এর জবাব:
ফেব্রুয়ারি ১১, ২০১১ at ৯:৫৭ পূর্বাহ্ণ

@গোলাপ,

ধন্যবাদ।

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/digantablog/28721298

একটি ধর্মের উৎস সন্ধানে

১৭ ই জুলাই, ২০০৭ সকাল ১০:৫৭ |

লিখেছেন : দিগন্ত

ধর্মের উৎস নিয়ে রিচার্ড ডকিন্সের লেখা অনুবাদ করেছি। তার মধ্যে একটি অংশ খুব মজার - যেখানে ডকিন্স একটি নতুন ধর্মমত কিভাবে তৈরি হয় তা নিয়ে একটি কেস স্টাডি করছেন। কেস স্টাডি হল কার্গো কাল্ট নিয়ে।

কার্গো কাল্ট হল প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জগুলোতে প্রচলিত ধর্ম বিশ্বাসগুলোর একটি সম্মিলিত নাম। এরা মনে করত কার্গো জাহাজ গুলো আসলে স্বর্গীয় দূতের প্রেরিত - আর সব সামগ্রী তাদের জন্য ঈশ্বর-প্রদত্ত। জাহাজের ইউরোপিয় নাবিকরা কিভাবে রেডিও শোনে, কিভাবে রাতে আলো জ্বালায় - সবই ছিল এই আদিবাসীদের বিস্ময়ের বিষয়। আসলে উন্নত টেকনলজির সাথে ম্যাজিকের খুব একটা তফাত নেই। পরবর্তীকালে তাদের ধর্মবিশ্বাসেও এইসব 'ম্যাজিক' প্রবেশ করে, গঠিত হয় মিশ্র ধর্ম।

ভানুয়াটুর তান্না দ্বীপে আমেরিকান নাবিকদের রীতিমত পূজো করা হত। তান্নায় একটি কাল্ট এখনও আছে - যার কেন্দ্রে আছে জন ফ্রাম নামে এক নাবিক। যদিও নিশ্চিতভাবে কেউ বলতে পারেনা এই নামে সত্যি কেউ ছিল কিনা, সরকারি নথি আনুসারে, ফ্রাম দ্বীপে এসেছিলেন ১৯৪০ সালে। তিনি অনেকগুলো ভবিষ্যতবাণী করে গিয়েছিলেন। তার বক্তব্য আনুসারে , তিনি আবার দ্বীপে ফিরে আসবেন, জাহাজ ভর্তি সামগ্রী নিয়ে, আর সাদা আমেরিকান ও মিশনারীদের দ্বীপ থেকে তাড়িয়ে দেবেন। এমনকি, তার পুনরাগমনের সময় তিনি প্রচলিত ঔপনিবেশিক মুদ্রার পরিবর্তে নতুন ধরণের মুদ্রার প্রচলন করবেন। সেই প্রভাবে ১৯৪১ সালে আদিবাসীরা কাজ বন্ধ করে দিল। যা টাকাপয়সা ছিল তা দিয়ে জিনিসপত্র কিনতে শুরু করল। দ্বীপের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হল। কিছুদিন পরে, যখন দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমেরিকান বাহিনী দ্বীপে পদার্পণ করল , আদিবাসীরা মনে করল জন আসবে এবার। জনের বিমান যাতে দ্বীপে নামতে পারে, সেজন্য দ্বীপে রানওয়ে তৈরি হল, বাঁশের কন্ট্রোল টাওয়ার, হেডফোন বানানো হল।

পঞ্চাশের দশকে চিত্রপরিচালক ডেভিড অ্যাটেনবরো দ্বীপে যান তথ্যচিত্র তৈরির জন্য। দেখেন, নাম্বাস নামে এক স্বঘোষিত পুরোহিত নবগঠিত কাল্টের দায়িত্বে আছেন। তিনি জনের সাথে নিয়মিত 'যোগাযোগ' রেখে চলেন। জনের রেডিও-র সাথে যোগাযোগের পন্থাও অদ্ভূত। এক বৃদ্ধা, কোমরে বৈদ্যুতিক তার জড়ানো, মাঝে মাঝে অজ্ঞান হয়ে অস্ফুটস্বরে কথা বলতে থাকে। নাম্বাস সেটা বুঝে

সবাইকে জানায় - এটাই হল জনের বার্তা। স্বাভাবিকভাবেই, তাদের সমাজে নাম্বাসের কদরই অন্যরকম। নাম্বাসের বক্তব্য অনুসারে কোনো এক বছর ১৫ই ফেব্রুয়ারী জন ফিরে আসবে। তাই, ঐ দিনে ধর্মীয় উৎসব পালন হয়, সবাই একটা খোলা জায়গায় একত্রিত হয়ে জনের উদ্দেশ্যে প্রার্থনা জানায়।

সব দেখে অ্যাটেনবরো তার বন্ধু স্যামকে জিজ্ঞেস করেন যে কেন জনের পুনরাগমনের প্রতিশ্রুতির ঊনিশ বছর পরেও এরা একইভাবে জনের অপেক্ষায় বসে থাকে? স্যামের উত্তর, যদি আমরা দুহাজার বছর ধরে খ্রীষ্টের পুনরাগমনের প্রতীক্ষা করে যেতে পারি - তবে এরাই বা কেন মাত্র ঊনিশ বছর জনের জন্য প্রতীক্ষা করতে পারে না?

কমেন্ট

১. ১৭ ই জুলাই, ২০০৭ সকাল ১১:০৭

কৌশিক বলেছেন: কালেকশনে রাখার মত লেখা। গুড ওয়ার্ক। আরো চাই এমন।

২. ১৭ ই জুলাই, ২০০৭ সকাল ১১:৩২

আহরিমান বলেছেন: ভালো লাগলো।

৩. ১৭ ই জুলাই, ২০০৭ সকাল ১১:৩৬

উদাসী স্বপ্ন বলেছেন: দিগু ভাই (আপনারে পছন্দ কইরা এই নাম দিলাম) আপনার লেখা বরাবরই ছক্কা।

আপনার বিবর্তন বাদ নিয়া একটু আকটু পড়াশুনা করছি একদিন। এতে আমার মনে কিছু ভাবের উদ্ভব ঘটিয়াছে। এখন বুঝতাছি না একটা পোষ্ট করুম আপনার সমীপে না নাকি একটা মন্তব্যে সারুম!

৪. ১৭ ই জুলাই, ২০০৭ সকাল ১১:৪৪

সাদিক মোহাম্মদ আলম বলেছেন: ভালো লেখা, ঝরঝরে অনুবাদ।

৫. ১৭ ই জুলাই, ২০০৭ সকাল ১১:৫৭

দিগন্ত বলেছেন: বক্তব্যের জন্য সবাইকে ধন্যবাদ।
@উদাসী স্বপ্ন - আপনি আমাকে ইমেল করতে পারেন। আমি আপনার প্রশ্নগুলোর যথাসম্ভব উত্তর দেবার চেষ্টা করব - ব্লগের মাধ্যমে বা মেলেই।
আর আমাকে কলেজেও বন্ধুরা দিগু বলেই ডাকত। অনেকদিন পরে শুনে ভাল লাগল।

৬. ১৭ ই জুলাই, ২০০৭ বিকাল ৪:২৭

অলীক মানুষ বলেছেন: লেখাটা ভাল লাগল। ফিনমান-এর সিউরলি ইউ আর জোকিং -এও কার্গো কাল্টের গল্পটা পড়েছিলাম।

৭. ১৮ ই ডিসেম্বর, ২০০৯ বিকাল ৩:৩৪

হিমু ব্রাউন বলেছেন: +

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/kharejiblog/28950829

গ্রিসে কেন দার্শনিক আর আরবে কেন পয়গম্বর?

১৪ ই মে, ২০০৯ রাত ৯:২২ |

খারেজি

এরিক রোলের হিস্ট্রি অব ইকনমিক থট পড়তে যায়া শিরোনামের আজব প্রশ্ন পাইছিলাম। অনেক আগের পড়া বই, গুছায়া কইতে না পারলে মাফ কইরেন।

কিন্তু আসলেই ভাবেন তো, আরবে কেন হাজারে হাজারে পয়গম্বর আসলেন, আর গ্রিসে প্রায় সকল প্রাচীন মানববিদ্যা সুগ্রন্থিত হল? আরবের পয়গম্বররা গ্রিক দর্শন দ্বারা প্রভাবিত ছিলেন, সন্দেহ নাই। গ্রিক দার্শনিকরাও মিশর, এশিয়া মাইনর আর ভারতের চিন্তা আত্মস্থ করছিলেন।

ধর্মে দর্শন আছে, দর্শনেও ধর্ম থাকতে ক্ষতি নাই। কিন্তু যারে আমরা পিওর পলিটিক্যাল সায়েন্স বলি, হিস্ট্রি বলি, বায়োলজি বলি, লজিক বলি, ফিলসফি বলি, প্রায় সব কেন গ্রিসে, বিশেষ কইরা এথেন্স নামের নগর রাষ্ট্রে?

ধর্মও দুনিয়ার আর সব জাগায় ছিল, আছে। ফলে ধর্মনেতারাও। কিন্তু হাজারে হাজারে পয়গম্বর কেন নিত্য নতুন জনপদে হাজির হতৈন আরবে ?

এরিক রোল ভাল কইরা উত্তর দেন নাই, কারণ বইয়ের আলোচনার মূল বিষয় তা ছিল না। বইটা আর কাছেও নাই। কিন্তু প্রশ্নটা এত ভাবাইছিল!

এখন আমি একরকম জানি। কমুও। কিন্তু আপনেগো মতামত শুনতাম চাই আগে।

কমেন্ট

১. ১৪ ই মে, ২০০৯ রাত ৯:২৩

খারেজি বলেছেন:

নিরাপদ হৈলেই পুস্টা দিবার বাসনা রাখি।
পড়তে চাইলে মডুগো কাছে সুপারিশ করেন।
কাব্যপুস্টদিতার্মুনা।
যায়যাবেযাকপ্রাণ।

২. ১৪ ই মে, ২০০৯ রাত ৯:২৫

তনুজা বলেছেন: যায়যাবেযাকপ্রাণ ----------বানী মোর থামিবেনা -----বাজে অবিরাম

১৪ ই মে, ২০০৯ রাত ৯:২৭

লেখক বলেছেন:
খোঁচান ক্যান?

পুস্ট নিয়া আপনের কুসংস্কার কিছু বলেন।

৩. ১৪ ই মে, ২০০৯ রাত ৯:৩০

দুরের পাখি বলেছেন: আমার অল্প কতার কুসংস্কার।

আরবে বেচার মত অন্যকিছু জন্মাইতোনা। তাই দর্মব্যবসা।

দর্মব্যবসা বেশি দেইখা দর্শনের মত সমঝদার জিনিসের ক্রেতা জন্মানির চান্স নাই। তাই ডিমান্ড নাই দেইখা দাম গেলো কইম্যা। দাম কমলো দেইখা সাপ্লাই গেলো শূণ্য হৈয়া।

সিম্পল ইকোনমিক রিগ্রেস চক্র ।

১৪ ই মে, ২০০৯ রাত ৯:৩৪

লেখক বলেছেন:

স্যার, এইটা খুব রেসিস্ট হয়া গেল। যদিও পয়েন্টা আলোচনা যোগ্য।
ধরেন, তাইলে পয়গম্বরদের যুগের অবসানের পর পুরা মধ্যযুগের প্রধান দার্শনিকরা আরব কেন্দ্রিক কেন?

কেন তখন চাহিদা তৈরি হল?

৪. ১৪ ই মে, ২০০৯ রাত ৯:৩২

তনুজা বলেছেন: আমার কতা কওনের আগেই কুসংস্কার -----------তাই কমু না

১৪ ই মে, ২০০৯ রাত ৯:৩৫

লেখক বলেছেন: ভুল বোঝেন ক্যান, আমি ওই অর্থে কই নাই।

আচ্ছা সংস্কার করে বললাম: আপনার সংস্কারটা বলেন! প্লিজ বলেন।

৫. ১৪ ই মে, ২০০৯ রাত ৯:৪৪

তনুজা বলেছেন: আমার পড়ার কথা, শোনার কথা

তবে একটা খুব সাধারণ মূল্যায়ন করতে পারি -------ইতিহাস বিজয়ী নির্মিত --------একটি ব্যবস্থা কাকে হাইলাইট করছে তার উপর নির্ভর করে

কোন অঞ্চল বা জলবায়ু মুর্খ কি পন্ডিত প্রসব করতে পারে বলে মনে হয় না ---------কথাটা হল কে কাকে অ্যাকসেপট করছে

ভারতীয় সভ্যতায় সহস্র মুনি ঋষির কথা উল্লেখ আছে -------খেয়াল করলেই দেখবেন ------- এদের যার যার আশ্রম মানে যার যার বিদ্যাপীঠ-------আবাসিক ছাত্ররা(শিষ্য) সেখানে পড়াশোনা করত

ইতিহাস, পুরাণের পাতায় মিশে চরিত্রগুলোকে আধ্যাত্মিক করে তুলেছে

ইনফরমেশনের জন্য অপেক্ষা করছি--------এই মুহূর্তে বলতে পারি না ------তবে মনে হয় বিষয়টা ঐতিহাসিক দুর্বলতা -----------

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:১৩

লেখক বলেছেন:

হুমম।
এই কে কাকে অ্যাকসেপ্ট করছে, কেন করছে এর সমাজতত্ত্ব অনুসন্ধান করলেই একটা সাধারণ ধারণায় পৌছান সম্ভব বলে মনে করি।

৬. ১৪ ই মে, ২০০৯ রাত ৯:৪৪

দুরের পাখি বলেছেন: স্যার, এইটা খুব রেসিস্ট হয়া গেল। যদিও পয়েন্টা আলোচনা যোগ্য।
ধরেন, তাইলে পয়গম্বরদের যুগের অবসানের পর পুরা মধ্যযুগের প্রধান দার্শনিকরা আরব কেন্দ্রিক কেন?

ওস্তাদ , ইকোনমি থেইকা দেখলে এইটারে রেসিস্ট কৈতেন না । অপুরচিনিটি কস্টের জন্য একেকজন একেকরকম পণ্য তৈরী করতে বাধ্য হয়, কম দক্ষ লোকও ভিন্ন পণ্য উৎপাদন কৈরা বাঁচতে পারে । আরবের জলবায়ু এবং ভুপ্রকৃতির জন্য সেইটা অন্য পণ্য উৎপাদনের জন্য অতটা সুবিধাজনক আছিলো না । এটলিস্ট বাজারের প্রতিযোগিতায় টিকার মত পন্য উৎপাদনে ।

পয়গম্বর যুগের শেষদিক থাইকা , তাদের বিভিন্ন সমৃদ্ধ জায়গায় অভিযান এবং গণিমতের মালের কারণে , পেটের ধান্ধা না কৈরাও দিন কাটে এইরকম একটা শ্রেণী তৈরী হয় । এরাই দর্শণ বা বিজ্ঞান যেইগুলার ইমিডিয়েট কোন প্রোডাক্ট নাই, সেইসবের চাহিদা তৈরী করে । পৃথীবি গোল এই জ্ঞান আপনে যেই লোক পেটের ধান্ধায় সারাদিন ব্যয় করে তার কাছে বেচতে পারবেন না । কিন্তু রাজার বাড়িতে খেয়ে দেয়ে যার চেকনাই দেখা দিয়েছে শরীরে তার কাছে এইটার পিছনে সময় দেয়ার মত সময় আছে । অপুরচিনিটি কস্ট নাই বল্লেই চলে ।

ডিমান্ড বাড়লে বা তৈরী হৈলে দাম বাড়লো বা তৈরী হৈল, তখন এইটার সাপ্লাইও বাড়বো, কারণ এখন এইটা লাভজনক ব্যবসা । ঘোড়া চড়ানি বাদ দিয়া এইকাম করলে অপুরচিনিটি কস্ট তুলনামূলক কম । তাই বেশি লোক এইখাতে আগ্রহী হৈবে । ফলাফল পজিটিভ ফিডব্যাক ।

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:১৯

লেখক বলেছেন:

আরব আর গ্রিসের মাঝে একটা কমন মিল ছিল উভয়েরই তুলনামূলক দারিদ্র , গ্রিসের অবস্থা একটু ভাল ছিল। কিন্তু মিশর , সিরিয়া বা পারস্যের সাথে তুলনা করলে ফকিন্নী।

গ্রিস অভিযানের দ্বিতীয় পারসিক যুদ্ধে পারস্যের পরাজয়ের পর পারসিক সেনাপতি মর্দানিয়ুসের তাবুতে খাবার-দাবারের সম্ভার দেখে স্পর্টানসেনাপতির মাথা ঘুরে গিয়েছিল। তিনি আর কোন সেনাপতিকে তাবুতে ঢুকতে না দিয়ে বন্দী বাবুর্চিকে দিয়ে ঐ খাবার রান্না করান , গ্রিক ভ্রাতৃসংঘের বাকিদের টেবিলে নিয়ে আসেন এবং বলেন: দেখ, ওরা আমাদের দারিদ্র চুরি করতে এসছিল!

স্থুল সম্পদ এবং উৎপাদনের বৈচিত্রে আদিতে গ্রিস এমন কিছু ছিল না।

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:২১

লেখক বলেছেন:
আর সত্য কথা, অবসর ভোগীরা দর্শন আর প্রকৃতিবিজ্ঞান চর্চার সময় পায়। কিন্তু সেটার জন্য সামাজিক চাহিদাও লাগে। না হলে হয় না।

রোমানরা গ্রিক সভ্যতার উত্তরাধিকারী, কিন্তু গ্রিক নাটক, দর্শন আর বিজ্ঞানের স্থুল নকলকারী। আরবদের মত কোন মৌলিক সংযোজন তাদের নাই প্রায়।

৭. ১৪ ই মে, ২০০৯ রাত ৯:৪৭

অন্যরকম বলেছেন: হুমম....!

আজকে টাইম নাই! এজন্য আর কিছু কইলাম না !

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:২২

লেখক বলেছেন:
টাইম পাইবেন, আমি সেপ না হওন পর্যন্ত।

৮. ১৪ ই মে, ২০০৯ রাত ৯:৪৯

বিডি আইডল বলেছেন: আরব টা কোন দেশ?

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:২৩

লেখক বলেছেন: নিচের ক্লাসে চইলা যাও, বিডি। ওইখানে রাজ্য- রাষ্ট্র-দেশ বুঝান হয়।

৯. ১৪ ই মে, ২০০৯ রাত ৯:৫৬

খারেজি বলেছেন:

আমাকে জরুরি কাজে হাসপাতালে যেতে হচ্ছে।

কাল কথা হবে।

১০. ১৪ ই মে, ২০০৯ রাত ৯:৫৯

আন্দালিব পান্থ বলেছেন: বক্তব্যের সাথে একমত না.......................সমসাময়িক ইতিহাসের দিকে চোখ রাখলেই দেখতে পাবেন যে ধর্ম ও দর্শন সর্ব স্থানেই হাত ধরাধরি করে চলেছে................আরবে পয়গম্বর............ভারতে অবতার..............চীনে অবলোকিতেশ্বর.........

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:২৬

লেখক বলেছেন: ঠিক, আমিও তাই বলেছি ধর্মনেতারা সব সমাজেই আছেন।

কিন্তু অভিশাপ আর অচিরেই জগত ধ্বংস্ব হয়ে যাবার তাগিদ দেয়ায় পয়গম্বরদের ধারে কাছে কেউ নাই।

(একেশ্বরবাদী আরব পয়গম্বর আর চীন ও ভারতের অবতারদের কিছু মৌলিক পার্থক্য আছে...)

এবং যে প্যারডাইম শিফট হলে পরে একজন অবতার আসেন, পয়গম্বরদের আগমন তার থেকে অনেক ঘন ঘন।

১১. ১৪ ই মে, ২০০৯ রাত ১০:০১

প্রশ্নোত্তর বলেছেন: মিশর মনে হয় বাদ গেছে: গ্রীক --> মিশর --> আরব। দারুন একটা থ্রেড হবে মনে হচ্ছে! ধন্যবাদ খারেজি!

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:২৮

লেখক বলেছেন:
ধন্যবাদ, প্রশ্নোত্তর। মিশর বাদ যায়নি। পোস্টই বলা আছে।

থ্রেড কিন্তু একটা আসলেই আছে। এমনকি আলেকজান্ডার ভারতে আসার পর এখানেও জ্যোশিষশাস্ত্র, দর্শন আর বিজ্ঞানে তার প্রভাব পড়েছিল।

১২. ১৪ ই মে, ২০০৯ রাত ১১:২১

অন্য কেউ বলেছেন: যহন মাইনশেরাতে প্রশ্নগুলা আসিলো, খালি উত্তরের লিগা পরীক্ষার উপায়াসিলো না; কি আর করব, চউখ বাইন্ধা উত্তর খুঁজছে। পেট যেইহানে ভরা , সেই'নে দর্শন প্যাঁচাইতে সুখানুভব হওনের কথা। আর যেইহানে তামাম দিন দৌড়ের উপর থাকতে লাগত, সেই'নে ধর্ম মুনায় শর্টার টাইমে অধিক স্যাটিসফ্যাকশন নিয়াইতো। আর হাজারে হাজার ? জানি না। মরুদ্যাশে যুগাযুগ কম আসিলো তো সেইরাম। তারলিগা মেইবি।

চাপাপ্রচেষ্টায় ক্ষমাপ্রার্থী।

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৩০

লেখক বলেছেন: হ, চাপা প্রয়োগ ব্যাপক হৈছে।

কিন্তু দার্শনিকতা ছাড়া ধর্ম হয় নাই, ঈশ্বরানুসন্ধান ছাড়া দর্শন হয় নাই।

১৩. ১৪ ই মে, ২০০৯ রাত ১১:৩৫

শয়তান বলেছেন:

--টাইটেলটা আরেকটু লম্বা করা যেত = গ্রিসে কেন দার্শনিক , আরবে কেন পয়গম্বর আর ভারতবর্ষে কেন মুনি ঋষি ?

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৩৮

লেখক বলেছেন:
ভারত চিন আর মিশর পারস্য এদের সাথে গ্রিস আর আরবের একটা বড় পার্থক্য উদ্বৃত্ত জনগোষ্ঠকে ধারণ করতে পরোক্তরা অক্ষম। এর ফলে মুনি ঋষিদের তুলনায় দার্শনিক আর গয়গম্বরদের প্যারডাইম শিফট ঘটেছে অনেক দ্রুত।

১৪. ১৪ ই মে, ২০০৯ রাত ১১:৩৮

প্রশ্নোত্তর বলেছেন: না শয়তান, আমার মনে হচ্ছে উনি অন্য লাইনে ভাবছেন। টাইমলাইনটা একটু খেয়াল করে দেখেন - মিলে যাবে

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৩৯

লেখক বলেছেন:

গ্রেট, গোয়েন্দা।
কিন্তু আপনে শশব্দে চিন্তা করলে শেষে আমার কওনের মত কিছু থাকবে না , সেই ভয় পাচ্ছি!

তাও শব্দ করা থামায়েন না।

১৫. ১৪ ই মে, ২০০৯ রাত ১১:৪৭

শয়তান বলেছেন: গ্রিক দার্শনিকরাও মিশর, এশিয়া মাইনর আর ভারতের চিন্তা আত্মস্থ করছিলেন। -- এই লাইনটা পড়তে মিস করছিলাম মনে হয় @ প্রশ্নোত্তর । থ্যাংকু ভুলটা ধরায়া দেওনে ।

১৬. ১৫ ই মে, ২০০৯ রাত ১২:০৯

মনজুরুল হক বলেছেন:

এধরণের ভাবনার কোন অথেনসিটি নেই। ভূমি বা জলবায়ূ ধর্ম-দর্শনের সহায়ক বা নিয়ামক হতে পারেনা। যেটা হয় তা হলো সেই অঞ্চলের সামাজিক, ভূ-রাজনৈতিক কাঠামো।

গ্রীস মেডেটেরিয়ানের প্রায় ভেতরে হওয়ায় এর আসে-পাশে অর্থাৎ মেডিটেরিয়ানের চারধারের দেশগুলোর আগ্রহের কেন্দ্রবিন্দু ছিল গ্রীস। ইউরোপ থেকে পুবে আসতে গেলে গ্রীসে হল্ট দিয়ে তারপর বেরুতে হতো। সে কারণে গ্রীসকে বলা হতো বিশ্ব মতবাদের মিলনক্ষেত্র।

আরব,পূর্ব ইউরোপ, পশ্চিম এশিয়া মিলে যে বিশাল ভূখন্ড সেখানে মানুষের বেঁচে থাকা ভূতাত্তিক কারণেই কষ্টসাধ্য ছিল। সহজে খাদ্য ফলানো যেত না। জীবন যেখানে যত কঠিন, সেখানকার মানুষ তত রূঢ়। সেই রূঢ় মানুষ যখন শিক্ষার অভাবে কূপমন্ডুক হয় তখন তাদের ভেতরেই গড়ে ওঠে হরেক রকমের কুপ্রথা আর কু অভ্যেস। আ রবদের সেই চিরাচরিত কুপ্রথার বিরুদ্ধে সহজিয়া বিদ্রোহই সেখানে একর পর এক ধর্মকে পয়দা করেছে, বিকাশ করেছে। প্রায় সাড়ে তিন হাজার বছর আগে ঈশপও এমন ধারণা থেকে আরবদের নিয়ে নীতিকথা লিখেছিলেন।

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৪৪

লেখক বলেছেন:
প্রথম অংশ নিয়ে একটু আপত্তি আছে , মনজুর ভাই।
গ্রিসের বাদে ইউরোপে অনুল্লেখ্য কিছু বসতি বাকি ইউরোপে ছিল , সেগুলো যখন উল্লেখ্য হয়ে উঠলো, গ্রিসে তারপর আর তেমন বড় কোন চিন্তার জন্ম হয়নি। তবে এই পর্বে সে সত্যিই মিলনক্ষেত্র হয়ে উঠল, রোমান ছাত্ররাও গ্রিসের অ্যাকাডেমিগুলোতে পড়তে আসত।

আর দ্বিতীয় অংশে সংক্ষেপে আপনে আরব ধর্মগুলোর জন্মতিহাস কয়া ফেলছেন। অভিনন্দন।

কিন্তু আমার প্রশ্ন এই: গ্রিস তার সঙ্কটগুলোকে ক্রমবিকাশমান যুক্তিবিদ্যা দিয়া অতিক্রম করার চেষ্টা করছে, আরব কেন তা করে নাই!

১৭. ১৫ ই মে, ২০০৯ রাত ১২:১৭

দূরের পাখি বলেছেন: একটা ডিসক্লেইমার আগে থাইকাই দিয়া রাখি ওস্তাদ : ইকোনমি নিয়া আমার জ্ঞান খুবই স্বল্প । যদ্দুর বুঝছি তদ্দুর দিয়া একটা মডেল খাড়া করাইলাম শুধু । গোস্তাখি মাফ কৈরা , ভুল হৈলে শোধরাইয়া দিবেন আশা করি ।

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৪৬

লেখক বলেছেন:

ভুল শুদ্ধের কি আছে, আমরা তো এইখানে একটা ডায়লেকটিক আলোচনা চক্র খুলছি , সবাই কথা বার্তা কই।
আমি বড়জোড় মডু!!!!!!!!!!!!!

১৮. ১৫ ই মে, ২০০৯ সকাল ৯:০১

কঁাকন বলেছেন: আপনার কথাই শোনার অপেক্ষায় রইলাম

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৪৭

লেখক বলেছেন:

দুঃখিত কাকন, আমি সদ্য মডুর দায়িত্ব গ্রহণ করছি। নোটিশদেয়া ছাড়া আর কোন কিছু করিব না।

১৯. ১৫ ই মে, ২০০৯ সকাল ১০:১৭

কঁাকন বলেছেন: আপনার পোষ্ট টা পড়ে সম্পুর্ণই আজাইরা একটা কথা মনে পরলো:

বিটিভিতে আলিফালায়লা (ইন্ডিয়ান সিরিয়াল)দেখাইতো সেইখানে সিন্দবাদরে নিয়া অনেক গুলা পর্ব ছিলো আবার একটা ইংরেজি সিরিয়াল দেখাইতও সিন্দবাদ, দুই সিন্দবাদ ই মূলত যাদু টাদুর অনেক সাহাজ্য পাইতও যাদুকরদের সাথে যুদ্ধ করতো তবে একটা বেসিক পার্থক্য হইলো ইংলিশ সিন্দবাদরে অনেক বুদ্ধি খাটাইতে হইতো আর হিন্দি সিন্দবাদ আল্লা হু আকবর বললেই হইয়া যাইতো

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৪৯

লেখক বলেছেন:

সাধু, সাধু।
আমিও ছোটবেলায় তাই ভাবতাম, চেরাগ উদ্ধার করতে আলাদিনরে যে পরিমান যাদু প্রয়োগ করতে হৈছে, তা জানলেই তো আমি বিশ্ববিজয় কৈরা ফালাইতাম। চেরাগের আর দর্কার হইত না।

তবে য়ুরোপও একদা এই যাদুর মায়ায় ছিল। এইখানেই প্রশ্ন: কেন একসময় যাদুর চাহিদা থাকে, অন্য সময়ে থাকে না।

২০. ১৫ ই মে, ২০০৯ সকাল ১০:৫১

ট্রুথ ফাইন্ডার বলেছেন: ভাল চিন্তা। তবে কিছু এড়িয়ে গেছেন। যেমন ভারত উপমহাদেশে যুগে যুগে কেন মুনি ঋষিরা এসেছে ? অবতার বুদ্ধের জন্মতো আরবে হয়নি। নাকি শুধু ইসলামের বিরুদ্ধে বললেই নাস্তিকতা জমবে ভাল?

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৫১

লেখক বলেছেন:

ইসলামের বিরুদ্ধে! নারে ভাই, কোন ধর্মের বিরুদ্ধেই আমার বলার কিছু নাই।
আর ভারত নিয়ে অন্যত্র উত্তর দেয়া হয়েছে। পোস্ট পড়ার জন্য ধন্যবাদ।

২১. ১৫ ই মে, ২০০৯ সকাল ১১:০৬

সোজা কথা বলেছেন: যে কারণে বাংলাদেশে অধিকাংশ পীর হলো তুলনামূলক ভাবে দুর্গম চরাঞ্চলে যেমন বরিশাল (যেমন শর্শীনার সেলিব্রেটি পীর, চরমোনাইর পীর ইত্যাদি), পটুয়াখালী, নোয়াখালী(অনেক হুজুর এই স্হানে থেকে) অঞ্চ লে। সেই তুলনায় দিনাজপুর রংপুরে পীরের সংখ্যা কম।

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৫৩

লেখক বলেছেন:

হুস, এইটাও একটা আলোচনার পয়েন্ট।
তবে দুর্গমতার বিবেচনায় কম হলেও গ্রিস সমুদ্র -সুবিধা পেত বলেই পারসিকদের হারাতে পেরেছিল।

২২. ১৫ ই মে, ২০০৯ সকাল ১১:১১

কানা বাবা বলেছেন:
এইডা কি রি-পোস্ট নিহি, কাহা?

Click This Link

Click This Link

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৫৬

লেখক বলেছেন: নারে ভাই, ঐ পোস্ট আগে দেখি নাই।

তবে এই শিরোনামটা পপুলার করছেন মহামতি হেগেল। তার্ একটা ব্যক্তিগত প্রত্যয় ছিল যে পুব ধর্মের সীমান্ত অতিক্রমে অক্ষম। এরপর থেকে পশ্চিমা জাত্যাভিমানীরা এই ডায়লগ ব্যবহার করতো, এমনকি য়ুরোপেও ফরাসী নেপোলিয়ন এটা স্পেন বা রাশার বিষয়ে বলতো বলে তলস্তয় ওয়র অ্যান্ড পিসে বলেছেন।

২৩. ১৫ ই মে, ২০০৯ বিকাল ৪:৩৪

অন্যরকম বলেছেন: আপনি বলেছেন, "কিন্তু আসলেই ভাবেন তো, আরবে কেন হাজারে হাজারে পয়গম্বর আসলেন," - আরবে হাজার হাজার পয়গম্বর আসার কোন নিদর্শন বা রেফারেন্স তো পাইলাম না। কোরআনে ত ২০-২৫ জনের কথা কইছে। এর মধ্যে মুসা , ইউসুফ (আঃ) আইলো মিশরে, যা আরব ভূমির (ঐ সময়ের) বাহিরে। আবার ইব্রাহিম (আঃ) আসছে শামে যা বতূমান ইরাকের মধ্যান্ঞল নির্দেশ করে তা তখন ছিল মূলত ইরানের অগ্নি -উপাসকদের শাসনাধীন ছিল, ইরান ত নৃতাত্বিক দিক থেকে এখনও আরব ভূমির বাইরে!

আর ১ লাখ বা ২ লাখের যে সংখ্যার কথা আসছে সেটা ত কুরানে আছে বলে আমার জানা নাই! ঐ টা মনে হয় হাদিসে আসছে। তাও কোথায় আসছে সে কথঅ বলে নাই। কিন্তু কোরানে বলা হয়ছে যে সকল সম্প্রদায়ের নিকট নবী-রাসূল পাঠানো হয়ছে। তবে একটা শর্ত ছিল নবী প্রেরণের, যতদিন পর্যন্ত না ঐ সম্প্রদায় পূর্বের নবী বা রাসূলে শিক্ষা ভুলে না গেছে , ততদিন পর্যন্ত ঐ সম্প্রদায়ের নিকট আর অন্য কো নবী প্রেরিত হয় নাই!

আপনি বলছেন,"ধর্মও দুনিয়ার আর সব জাগায় ছিল, আছে। ফলে ধর্মনেতারাও। কিন্তু হাজারে হাজারে পয়গম্বর কেন নিত্য নতুন জনপদে হাজির হতৈন আরবে ?' - হাজার হাজার না, ২০-২৫ জনের নামই কইতারমু!

১৬ ই মে, ২০০৯ সকাল ১১:৫৭

লেখক বলেছেন: পবিত্র পুরাতন কিতাবেই গণ্ডা গণ্ডা পয়গম্বরের কথা আছে। তারা শুধু ইহুদী জাতির। আরও অজস্র জাতি ও গোত্র ছিল আরবে।

২৪. ১৫ ই মে, ২০০৯ বিকাল ৫:০২

ট্র্যানজিস্টার বলেছেন: আমি জানি না। শুধু এতটুকু জানি, গ্রিকরা মানুষ ছিলো না। আমি আর আমার এক বন্ধু সেদিন গল্প করছিলাম - যা কিছু ভদ্র, সভ্য, মানবতাবাদী, তার মূলভাবটা খ্রিষ্টপূর্ব চারশোতে কীভাবে এইরকম একটা জায়গায় যায় ? আমি এটা দাবি করবো না যে গ্রিসের সবই মানবতাবাদী, ভালো ছিলো - স্লেভ সিস্টেম তো ছিলোই, গুরুশিষ্যের পেছনদিককার সম্পর্কটাও এখনের সমাজে হেয় - কিন্তু কীভাবে একই জায়গায় এতো আগে এতো জীবনদর্শন, এতো গণিত, এতো কবিতা আসে? কীভাবে সেই একই জায়গায় রাজা এবং সিনেট থাকে?

রিফাত হোসেন বলেছেন: আরব এর থেকে বরবর জাতির নাম সময়ের বইপত্রে পড়ে জনেছেন ! ভাল কথা । আমাদেরকেও জানান ঐসময়ের ববর্র জাতি কারা কারা ছিল

আর কোন বই থেকে এত তাত্নিক জ্ঞান পেয়েছেন জানালে খুশি হব । আমিও পড়ব ঐ বই ।

মাশরাফির ফাস্ট বোলিং চলছে ----

২৩ শে মে, ২০০৯ দুপুর ১:০৯

লেখক বলেছেন: আয় হায়।
আপনে এইডা কথা কইলেন!
কুরায়েশরা তখন রীতিমতো বাণিজ্য শুরু করছে , আর বাণিজ্য চালানো একটা প্রধান শর্ত হৈল বর্বরতা ক্রমশ বাদ দিয়া উভয় তরফের কাছে গ্রহণেযোগ্য কানুন বানাইতে হৈব।
ফলে যুদ্ধে বর্বরতা কমল, শান্তিচুক্তির সংখ্যা আগেই বাড়তে ছিল, বিচ্ছিন্ন এবং যুধ্যমান গোত্রগুলোর এলাকা দিয়ে কুরাইশ কাফেলা দামেস্ক পর্যন্ত হরদম পৌছান শুরু করল - এইসব তো আপনের পড়া বইয়েই লেখা আছে!

আর কুরায়েশদের কথা না কইয়া যদি আরবে কথা একত্রে কন , ইয়েমেনে আগেই আরব সভ্যতার উচ্চ নিদর্শন গড়ে উঠেছিল, কিন্তু কুরাইশ বাণিজ্য যেমন ছিল স্থলপথ কেন্দ্রীক , ইয়েমেনেরটা জলপথকেন্দ্রীক। রোমান সাম্রাজ্যের ভাঙন জনিত অস্থিরতার ফলে ইয়েমেনের বাণিজ্যও হ্রাস পায়, এখানকার মন্দিরগুলোর গূরুত্ব কমতে থাকে (দুনিয়ার সকল বাণিজ্যস্থানই তীর্থস্থান ছিল একদা, মক্কাও তাই)। তাই আবরাহা বাদশার ঘটনার জন্ম, ওই যে মক্কা আক্রমণ করতে আইছিলো...

ইয়েমেনে এমনকি আদি আরবী বর্ণমালাও বিকশিত হৈছিল, কিন্তু কুরাইশদের রাজক্ষমতা লাভের পর সেই বর্ণমালা ক্রমশ অব্যবহারে বিলুপ্ত হয়।

এত কথার দর্কার কি, মোট কথা গোত্র অর্থনীতি থেকে বিকাশ শুরু হওয়ার পরই ইসলাম নাজেল হৈল।

মক্কায় তো দ্যখতে পারেন অনেক বই: মুহাম্মদ এট মক্কা , হিষ্ট্রি অব দা আরব, হিস্ট্রি অব আরব লিটারেচার (নামটা ঠিক কইলাম কি... হাতের কাছে দেখতেছি না, লেখকের নাম হৈল নিকলসন)।
আর খেরেস্টান লেখকদের অপছন্দ হৈলে দেখেন দুহাল ইসলাম, ড. আহমাদ আমীন বিরচিত।
আর ফজলুর রহমানের বেসিক থিমস অব কোরআন (নামটা একটু এদিক ওদিক হবার চান্স আছে)।

আর সভ্যতা অসভ্যতা নিয়া যে কোন নৃবিজ্হানের ভা ল বই ঘাটেন... পরিশ্রম করতে শেখেন।
আপনার দাবা প্রতিভায় তো আমি মুগ্ধ... আপনের ভয় পাওনের কি আছে!
(এক সময় স্বপ্ন আছিল গ্রান্ডমাস্টার হবার... সেই দুঃখ আইজও ভুলি নাই)

১২৬. ২৫ শে মে, ২০০৯ বিকাল ৩:১৪

শয়তান বলেছেন: মানবী কৈ ?

২৫ শে মে, ২০০৯ বিকাল ৪:০২

লেখক বলেছেন: আপনে পছন্দ করলেন, তারে ঘরে রাখি কেমনে?

১২৭. ২৫ শে মে, ২০০৯ বিকাল ৪:৫৫

ভালো-মানুষ বলেছেন: আমি আর ঝামেলা না বাড়াই, আপনার কাছ থেকেই শুনি।

(জ্বরের কি অবস্থা?)

১২৮. ২৫ শে মে, ২০০৯ সন্ধ্যা ৬:০৫

মার্ক জুবাবের বলেছেন: গতরাতে আপনার একটা কবিতা দেখলাম মনে হয়? ড্রাফট করে ফেলেছেন, নাকি ইন্নালিল্লাহ......?

২৫ শে মে, ২০০৯ সন্ধ্যা ৬:১৯

লেখক বলেছেন: ড্রাফট

২৫ শে মে, ২০০৯ সন্ধ্যা ৬:৫৩

লেখক বলেছেন:

শয়তানরে জিগান, সে ভাল জানে...

১২৯. ২৫ শে মে, ২০০৯ সন্ধ্যা ৬:৪১

কঁাকন বলেছেন: কী অবস্থা?

এখনো অসুস্থ নাকি?

২৫ শে মে, ২০০৯ সন্ধ্যা ৬:৫২

লেখক বলেছেন: ভালর দিকে। আপনি ভাল?

১৩০. ২৫ শে মে, ২০০৯ রাত ৮:৩৮

আলী আরাফাত শান্ত বলেছেন: নয়া পোস্ট নাই কেন?
শরীর মনের অবস্থা ভালো?
দিনকাল কেমন যায়?

২৫ শে মে, ২০০৯ রাত ৯:২৩

লেখক বলেছেন: দিনকাল কুব খারাপ।
অস্থির অবস্থা।

১৩১. ২৫ শে মে, ২০০৯ রাত ১০:৫৩

মার্ক জুবাবের বলেছেন: কোন শয়তান রে ভাই, ব্লগার শয়তান? নাকি...

অঃটঃ জ্বর ভাল হয়ে শরীর সুস্থ্য থাকলে , আমার ব্লগে আইসেন, আত্মজীবনী পড়ার জন্য।

২৬ শে মে, ২০০৯ দুপুর ২:১৬

লেখক বলেছেন: একবার পড়লাম।
আবার পড়বো।
আসলেই পল্লব লুকাল?

১৩২. ২৬ শে মে, ২০০৯ সকাল ১১:৪৭

বিপ্লব০০৭ বলেছেন: সক্রাতেইস, আরিস্ততেলেস, প্লাতন- সবাই আল্লার নবী ছিলেন। পরে পাশ্চাত্যের কাফের-মোশরেকরা তাঁদের কথা বিকৃত করে ফেলেন।

২৬ শে মে, ২০০৯ দুপুর ২:১৭

লেখক বলেছেন: ঠিক।

১৩৩. ২৬ শে মে, ২০০৯ সকাল ১১:৫০

শয়তান বলেছেন: ভালো।

উদোর পিন্ডি বুধোর ঘাড়ে।

২৬ শে মে, ২০০৯ দুপুর ২:২৩

লেখক বলেছেন: এখন দায়ও আর নিতে চান না, মহামান্য!
আল্লার শয়তানির আর কি অবশিষ্ট থাকলো তাইলে...

১৩৪. ২৬ শে মে, ২০০৯ দুপুর ১২:০৩

সালাহ্ উদ্দিন শুভ্র বলেছেন: পুরোটা পড়তে পারিনি। সময়ের অভাব। তবে খেয়াল থাকলো। পরে এসে আলোচনা করবো।

তবে আমার মনে হয় এটা পশ্চিমা দৃষ্টিভঙ্গী - পশ্চিমাদের ইতিহাসে এমনটাই আছে। গ্রীক মিথের অনেক কিছুই আরব ভূখন্ডের দর্শন তাড়িতে। তাছাড়া - পৃথিবীর সবচেয়ে প্রাচীন সভ্যতাই অরবাঞ্চলে- এবং গিলগামেশও ওই অঞ্চলেরই রচনা(সুমেরীয়) যা পথিবীর প্রাচীনতম নিদর্শন।

তবে আপনার চিহ্নটা ধরতে পারিনি বোধহয়।

২৬ শে মে, ২০০৯ দুপুর ২:২১

লেখক বলেছেন: গিলগামেশ এলাকাটা তখন আরব সংস্কৃতির অন্তভূক্ত ছিল না। বিষয়টা হয়তো ঠিক আরব বলেও না। আরও জরুরি, আরব ভূখন্ডের ঘনিষ্ঠ গূরুত্বপূর্ণ সভ্যতা মিশর বা মেসোপটেমিয়ায় একেশ্বরবাদ বিকশিত হয় নাই (মিশরে একটা প্রচেষ্টা অবশ্য ছিল)।

তবে বাকিটুকুতে আপনার সাথে একমত। আপনি ঠিক রাস্তাতেই আছে ন বিশ্বাস করি।

১৩৫. ২৬ শে মে, ২০০৯ দুপুর ২:২১

পারভেজ বলেছেন: প্রশ্নটা মনে হয় খুব ছোট একটা টাইম ফ্রেমে হয়ে গেছে। পাঁচ হাজার বছর আগে চীনা সভ্যতাও যথেস্ট অগ্রসর ছিল, অথচ আমরা সে ব্যাপারে খুব কম জানি। মিশরীয় সভ্যতাও ছিল প্রায় ৪/৫ হাজার বছর ধরে, সেশিসাবে আরব বা গ্রীকদের অবস্থান টা মনে হয় ততো বড় না। আর দার্শনিকরা বা ধর্মপ্রচারকরা সব যুগেই ছিলেন , আমাদের গোচরে সব আসেনি মনে হয়।

২৬ শে মে, ২০০৯ দুপুর ২:২৭

লেখক বলেছেন: না চিন, ভারত বা মিশরের ধর্মপ্রণেতা ও দার্শনিকদের নিয়ে এই পোস্ট না। এর মূল বিষয় কেবল এই ছোট গণ্ডীই... কেন গ্রিসে প্রধান প্রবণতা হিসেবে আমরা দার্শনিকদের পাই (প্রশ্নটার মাঝেই একটা ইচ্ছাকৃত বড় ভুল আছে) আর আরবে কেন পাই পয়গম্বরদের (ছোট ভুল আছে)। এই প্রবণতার ব্যাখ্যা কি বা আদৌ প্রশ্ন হিসেবে এটা যথাযথ কি না।

এই আর কি।

১৩৬. ২৭ শে মে, ২০০৯ দুপুর ১:১৭

বিপ্লব০০৭ বলেছেন: ১. আমি নিজেকে কোন নির্দিষ্ট ঈশ্বরের অনুগ্রহপ্রাপ্ত বলে সেই ভূখন্ডের অধিবাসীদের নিকট দাবি করবো যেখানে সেই
ঈশ্বরের কিছু ধারণা পূর্বে থেকেই প্রচলিত আছে। এই মুহূর্তে আরবের কোন অধিবাসী দাবি করতে পারে, পূর্বের ডিসিশন পাল্টে
আল্লাহ্ তাকে শেষ নবী হিসেবে পাঠিয়েছেন, মোহাম্মদ শেষ নবী নন (হতেওতো পারে? নয় কি!!! কোরানেই আছে, আল্লাহ যখন ইচ্ছা তখন বিধান পাল্টান!!!!)।
প্রতিষ্ঠিত হবার জন্য ব্যক্তিটির মেধা, সংগ্রাম- এগুলো প্রয়োজন হবে। সেই ব্যক্তিটি যদি প্রতিষ্ঠিত হতে না পারে, ইতিহাসে পরিচিতি লাভ করবে ভন্ড নবী হিসেবে

(মুসায়লামাতুল কাযযাব, রাশাদ খলিফা, মির্জা গোলাম আহমদ কাদিয়ানী);

মোহাম্মদ প্রতিষ্ঠিত হতে পেরেছিলেন বিধায় তিনি আজ আমাদের নিকট নবী; বাকিরা ভন্ড।

কিন্তু যেখানে আল্লার ধারণা পূর্ব হতে প্রোথিত নাই , আল্লার বান্দার কোন মূল্য নাই। ফলে কোন একটি নির্দিষ্ট অঞ্চলের
এমন কোন ব্যক্তির/পয়গম্বরের জন্ম অসম্ভব যার প্রচারিত থিওরির সাথে সে অঞ্চলের পূর্বেকার থিওরির সংশ্লিষ্টতা নাই (আর আল্লাহ্ তায়ালা এইভাবেই পরিকল্পনা করেন,
যাতে যুক্তিবাদীরা বিভ্রান্তিজালে ঘুরপাঁক খায়।)

(এ কারণে অস্ট্রেলিয়া, আমরিকায় কোন সুফি বা আউলিয়া নাই, সব এইদিকে...)।

এ কারণেই সক্রাতেইসকে আল্লায় প্রেরণ করেন নাই, বরং
ডেলফির দৈববাণীতে (ওহী!!) দেবতারা তাকে নির্বাচিত ব্যক্তি বলে ঘোষণা করেছেন।

(লক্ষ্যণীয় আপনি বলেছেন, পয়গম্বর খালি আরবে কেন?
অথচ দেখুন, সক্রাতেইস নিজেও চান্স নিতে চেষ্টা করেছিলেন (আমার ব্যক্তিগত অভিমত, সক্রাতেইসের হ্যালুসিনেশন ছিল ওটা এবং মোহাম্মদের মতনই তিনি আন্তরিকভাবেই তাতে বিশ্বাস করতেন। যদি প্রশ্ন হয়, হ্যালুসিনেশনটা কি আল্লার পরিকল্পনা কি না...তবে বলবো, নিশ্চয়।))

২. পয়গম্বররা কেন গ্রীক দার্শনিকদের মতন মুক্ত হইতে পারল না ? তবে এক্ষেত্রেও একই কথা বলব। রিপাবলিক পইড়া দেখলাম যে, তৎকালীন
এথেন্সে ঐশ্বরিক গ্রন্থ ছিল না যদিও
দেব-দেবতাদের অস্তিত্বে বিশ্বাসী ছিল তারা। জাগতিক সমস্যা সমাধানের জন্য প্রাচীন কবিদের পঙক্তির সাহায্য নেয়া হতো, যে কবিরা আবার সাধারণ মানুষ ছিলেন।
সক্রাতেইস (নাকি প্লাতন? রহস্য!) হোমার-হেসিয়দ গঙকে ধুয়ে-মুছে ফেললেও দেবতাদের অস্তিত্ব অস্বীকার করেন নাই।
প্লাতন নিজে এক ধোঁয়াশাপূর্ণ মরমীবাদে বিশ্বাসী ছিলেন। আর
আরিস্ততেলেসের অধিবিদ্যা বোঝার যোগ্যতা এখনও হয় নাই। আবার প্লাতনের মরমীবাদের ওপর

পীথাগোরাসের প্রভাব আছে যেই
পীথাগোরাস নিজেকে দাবি করতেন তিনি দেবতা (বিতর্কিত) ।

থালেসের সামনে কোন কিতাব ছেল না...
তারপরও কয়েকজন মিলেশিয় দার্শনিক দাবি করছিলেন তারা দেবতা...নাম মনে নাই এই মুহূর্তে), ওদিকে সক্রাতেস দাবি করতেন দেবতারা
তাকে নির্বাচিত করেছেন...এই দেব-দেবী, ঈশ্বর, অবতার, ওহী...ট্রেন্ডটা কিন্তু মিলেশীয় দার্শনিক হয়ে ধীরে ধীরে ক্ষয়ের দিকে গেছে।)
ওদিকে আরবে আগে থেইকাই কিতাব এবং খোদা- দুইই মোটামুটি রেডি আছিল; মোহাম্মদের সময়ে লাত-উযযা-মানাত-আল্লা তৈরি আছিল;
খালি নবীর আগমনের যা একটু দেরি।

ফলে এই পরিবেশে বসবাসকারী গভীর চিন্তাধারার অধিকারী কোন দার্শনিক ব্যক্তি অবশ্যই এক পর্যায়ে অবধারিতভাবে ভাববেন, তিনিই নির্বাচিত ব্যক্তি।
রাজনীতির কারণে একেশ্বরের ধারণার প্রয়োজন হইছে। খ্রীস্ট না নিলেও ঘোষণা দিয়া তার মতবাদের রাজনৈতিকায়ন হইছে। মোহাম্মদ নিজের মতবাদের ক্ষেত্রে নিজেই পূর্ণ সুযোগ নিছেন। তারমানে কোরানে যদি কমপক্ষে মোহাম্মদের পরে আরেকজন নবীর আগমনের কথা লেখা থাকতো, তবে সম্ভবত আরো আগেই কোন প্রত্যন্ত ইসলামী অঞ্চলে
শেষ নবী চলে আসতো। বাংলাদেশের 'বাজারে' প্রত্যেকে শায়খ (যার বেলায়াত হাসিল হয়েছে) নিজেকে যামানার গাউস দাবি করেন এবং অন্য তরিকার শায়খকে
ভন্ড আখ্যায়িত করেন। একই কারণ। ধর্মতত্ত্ব থেইকা মুক্তি নাই।

৩. ইসলামের কাঠামো সুস্পষ্ট। চিন্তার ইতিহাসে যদি ধর্ম একটি পর্যায় হয় - এভাবে দেখে এগুনো যায়; কিন্তু কোন চিন্তার সাপেক্ষে
স্থির করবো যে এটি ইবলিশের শয়তানি কুমন্ত্রণা তথা বিভ্রান্তি নয় ?
আপনি হয়তো বলবেন, 'প্রতিটি চিন্তাকে প্রশ্ন করতে হবে, কোন চিন্তাকে ছাড় দেওয়া যাবে না বিনা বিচারে...এটাই দর্শন শুরু হবার প্রাথমিক শর্ত।'

আমি বলবো, 'অতীত চিন্তা যদি ভবিষ্যত চিন্তার ওপর নিষেধাজ্ঞা জারি করে তবে কোন চিন্তার সাপেক্ষে নিশ্চিত হবো যে অতীত চিন্তা সঠিক নয়?

বিশেষ করে ইসলামে যখন বলা হচ্ছে, সার্বিক ক্ষতি হলেও অতীত চিন্তা আঁকড়ে ধরে থাকতে, কারণ তাহলেই কামিয়াব!

নবীজি বলেছেন, দর্শনশাস্ত্র মুসলিমদের জন্য এক পথ ভ্রষ্ট উটের ন্যায়। একে যেখানেই পাও, সে অবস্থায় সেখানেই ধরে রাখো। (রেফারেন্স দিতে পার্তাছি না...)
কত প্যাঁচ!
ঢাকার এক শায়খ বলেছিলেন, হেগেল আল্লার স্বরূপ বোঝার কাছাকাছি চলে গিয়েছিলেন। তবে তিনিও (হেগেলও) পুরোটা অভ্রান্ত নন।
সেই শায়খের মতে, পাশ্চাত্য জ্ঞানের ঝলকানিতে উম্মাতে মোহাম্মাদীর বিভ্রান্তি অনিবার্য।

এই উম্মাতে মোহাম্মাদী সুকৌশলে নিজেকে নাস্তিকও দাবি করেনা , আল্লাহকে স্বীকৃত দিয়ে আল্লাহকেই চিন্তার ইতিহাসে একটি পর্যায়রূপে ধরে ধর্মতত্ত্বের বাইরে
গিয়ে মোরতাদ হয়ে যাচ্ছে!!

কি বলবেন?

৪. (কৌশলে সমাজতন্ত্রের দাওয়াত দিতেছেন নাকি বুঝতেছি না...)

২৭ শে মে, ২০০৯ দুপুর ১:২৬

লেখক বলেছেন: চার নম্বরের উত্তর ই আপাতত দেই:

আজব পাব্লিক আপনে।

এক্কেবারে হাতে নাতে ধইরা ফালাইছেন। এখন কি ধরছেন সেইটা কন। নাকি ঝরে বক মারলেন?

ঝরে মারেন আর বুইঝা শুইনা মারেন , কেরামতি ঠিকই আছে আপনার।

১৩৭. ২৭ শে মে, ২০০৯ দুপুর ২:১৩

অন্যরকম বলেছেন: আপডেট হইলেই এই পোস্টের কমেন্টগুলা আইসা পইড়া যাই! পড়ি, আর মাথা আউলায়। তবে আমি কিন্তু পাক্কা বিশ্বাসী!!!!

ব্যাপকস গ্যঅনী পুস্ট, গ্যানী কমেন্ট, গ্যানী উত্তর!

২৭ শে মে, ২০০৯ রাত ৮:৪৯

লেখক বলেছেন: অন্যরকম কমেন্ট আপনার।
আপনে আসলেই আলাদা।

১৩৮. ২৭ শে মে, ২০০৯ দুপুর ২:১৮

বিপ্লব০০৭ বলেছেন: আমি কূপমন্ডুক। সবে পড়াশোনা শুরু করছি দর্শন + ইতিহাস নিয়া। কিন্তু আসলে এই টাইমে এটা আমার উচিৎ হইতেছে না তাও বুঝতেছি। বিজ্ঞানের বিষয় লয়া আবার অন্য লাইনেও এভাবে ডিটেইলড চালানো বড়ই কষ্টকর। আপনার প্রতিটা পোস্টই মনোযোগ দিয়া পড়ি। গ্রীসের তৎকালীন ইতিহাস সম্বন্ধে আমার অল্পসল্প পড়া আছে, কিন্তু আপনার মতন গভীরভাবে বিস্তারিত জানা নাই। আপনি একটা বিভ্রান্তি সৃষ্টি করছেন শিরোনামে।

আসলে প্রশ্নটা এইভাবে হইলেও পারতো যে গ্রীসে কেন দর্শনের এমন বিকাশ ("ক্রমবিকাশ") হইল? আরবে কেন পয়গম্বর এই প্রশ্নে অনেকে একটু বিভ্রান্ত হয়ে গিয়েছিল।

৩ নাম্বারটা সম্বন্ধে ঝড়ে বক মারি নাই। এ ব্যাপারে আমার দেড় বছরের মতন সময় নষ্ট হইছে। আর ৪ নাম্বারের উত্তর সত্যিই জানি না। আপনার পোস্টের অপেক্ষায় আছি।

১৩৯. ২৭ শে মে, ২০০৯ দুপুর ২:২৭

বিপ্লব০০৭ বলেছেন: ৪ নম্বরটা...হ্যাঁ ঝড়ে বকই মারা হইছে!! তবে গ্রীসের ইতিহাস বিস্তারিত জানা থাকলে এটা বোঝা নিশ্চয় কোন সমস্যা নয়। আপনি প্রায়ই ওইদিকে টান দিতেছেন দেইখা আন্দাজ করলাম।

১৪০. ২৭ শে মে, ২০০৯ দুপুর ২:৩২

বিপ্লব০০৭ বলেছেন: "কিন্তু হাজারে হাজারে পয়গম্বর কেন নিত্য নতুন জনপদে হাজির হৈতেন আরবে?"

আমি এইটা নিয়াই বেশি চিন্তিত। আশা করি, আপনার ব্যাখ্যায় সন্তুষ্ট হমু।

২৭ শে মে, ২০০৯ রাত ৮:৫০

লেখক বলেছেন: দেখি, আমি নিজেও শিওর না।

১৪১. ২৭ শে মে, ২০০৯ রাত ৯:১১

সোজা কথা বলেছেন: বিপ্লব০০৭, আপনার কমেন্টে +

আপনার কাছ থেকে দর্শন এবং ইতিহাস নিয়ে আমাদের বোঝার উপযোগী পোষ্টের জন্য অপেক্ষা করবো। ধন্যবাদ।

২৮ শে মে, ২০০৯ রাত ২:৩৬

লেখক বলেছেন: নিশ্চয়ই, আমরা সবাই বিপ্লবরে কাছ থেকে পোস্টের অপেক্ষায় থাকলাম।

১৪২. ১২ ই জুন, ২০০৯ দুপুর ১:২২

শয়তান বলেছেন:

আপনারে না বলে ব্যান করছে ?

এখন কি আনব্যানড ?

১৪৩. ০৭ ই জুলাই, ২০০৯ দুপুর ২:৪৮


বিপ্লব০০৭ বলেছেন: একাডেমিক পড়াশোনা নিয়া আপাতত ব্যস্ত। অল-টাইম বসা সম্ভব হয় না।
গুরু আপ্নের পোস্ট কই? ব্লগে মনে হচ্ছে অনেক কাহিনী চলতেছে।

____

...আমি নিজেই এট্টু বিভ্রান্ত আছি ইদানিং।
আরো পড়াশোনা দরকার...

১৪৪. ১৭ ই জুলাই, ২০০৯ বিকাল ৪:০৪


এসব কি হচ্ছে ! বলেছেন: উম্মী নবীদের উপর আপনার অনাস্থার (সন্দেহ) কারন গুলা আপনার মস্ততিস্কের বর্ধিত অপ্রয়োজনীয় অংশের অত্যাধিক ব্যবহারের কথাই কইতাছে। ক্রমাগত এরকম ব্যবহারের লাইগাই হয়ত আপনেরে ব্যান (ডিমোশন আরকি) করছিল।

যাই হোক আপনার কাছে মস্ততিস্কের প্রয়োজনীয় অংশের ব্যবহারের প্রত্যাশা করতাছি।

১৪৫. ২৪ শে জুলাই, ২০০৯ সকাল ১১:১৫

তরু বলেছেন: তুমি কি এখন সেফ হইছো ??

লেখা পড়ে আমার নিজের একটা পুরোনো সন্দেহ প্রকাশ করার ইচ্ছা হলো।

আমার ধারণা, এই যে পয়গাম্বর... এরা আসলে তাদের সময়ে বড় বড় দার্শনিক ছিলেন। আমরা ধর্মীয় লেবাসে এই দার্শনিকদের দেখি এই জন্য একটা 'হুজুর'-টাইপের চেহারা কল্পনা করি। অন্যভাবে বলতে গেলে, এই যে বড় বড় দার্শনিক-এর কথা শুনি, এদের অনেকে হয়তো আসলে ধর্মীয় দৃষ্টিকোণ থেকে নবী ছিলেন।

ইব্রাহীমের কথা বলি। যুক্তির যে পদ্ধতি ব্যবহার করে ভদ্রলোক স্রষ্টা খুঁজেছেন আর এলিমিনেশন করে করে এগিয়েছেন, আমার তাতে মনে হয় যে ধর্ম ছাড়া অন্য কোনো মাধ্যমে যদি তাকে আমরা চিনতাম, তাহলে অনেক আধুনিক মানুষ হিসেবে চিনতাম। তার চিন্তাধারার অনেক বেটার প্রকাশ আমরা পেতাম।

সক্রেটিসের কথা ভাবো। লোকটা বলছে যে, দেবতা তাকে পাঠিয়েছে। আল্লাহ, ধরো আছেন, আর উনি আসলেই এই লোকটাকে নবী হিসেবে পাঠিয়েছেন। হতে পারে না? কিন্তু আমরা যেহেতু তাকে চিনছি অন্য মাধ্যম দিয়ে (আদার দ্যান ধর্ম), আমরা তাকে তার দর্শনটাকে দর্শন হিসেবেই গুরুত্ব দিচ্ছি।

এগুলা কোনো বই-বেজড কথা না। আমি খালি আমার সন্দেহের কথা বললাম। ভুল হইলে ধরায়া দিও।

১৪৬. ২৪ শে জুলাই, ২০০৯ সকাল ১১:২১

তরু বলেছেন: সেফ হওয়ার মিষ্টি কি খাওয়ায় ফেলছো নাকি আমার জন্য ওয়েট করতেছো???

১৪৭. ২৩ শে সেপ্টেম্বর, ২০০৯ দুপুর ১:৪২

গৌতম রায় বলেছেন: প্রশ্নের উত্তর জানি, কিন্তু আমি বললে মানুষজন ঝাঁপিয়ে পড়তে পারে।

তবে প্রশ্ন করার জন্য আপনাকে ধন্যবাদ।

১৪৮. ২৮ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ১১:১১

কানা বাবা বলেছেন:

গৌতম, কৈয়া ফালান... রাখে হরি মারে কে!

১৪৯. ২৮ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ১১:২২

গৌতম রায় বলেছেন: হা হা হা। কানা বাবা, নামটা যে গৌতম। ওটাই তো সমস্যা!

১৫০. ১২ ই অক্টোবর, ২০০৯ সকাল ৮:৩৪

খারেজি বলেছেন: ইজ ইট ওকে?

১৫১. ২২ শে ফেব্রুয়ারি, ২০১২ রাত ২:০৬

অবাঞ্চিত বলেছেন: আরব হল পূন্যভুমি , তাই সেখানেই বেশি নবী এসেছেন

সমাপ্ত

http://www.chutrapata.com/blog/admin/1

জানুয়ারি 23, 2012 - 5:36পূর্বাহ্ন - চুতরাপাতা

আব্রাহামীয় ধর্মসমূহ

1. ইসলাম
2. ইহুদি ধর্ম
3. খ্রিস্ট ধর্ম
4. বাহাই ধর্ম

ভারতীয় ধর্মসমূহ

1. জৈন ধর্ম
2. বৌদ্ধধর্ম
3. শিখ ধর্ম
4. হিন্দু ধর্ম

চৈনিক, কোরীয়, জাপানি ধর্মসমূহ

1. তাও ধর্ম
2. শিন্তো ধর্ম
3. কনফিউশিয়ান ধর্ম বা রুচিয়া

http://www.somewhereinblog.net/blog/freefallblog/28742906

ধর্মীয় অন্ধতা এবং আমাদের বানরায়ন -১

০৫ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৪:৪৩|

আরিফুল হোসেন তুহিন

১.
চারদিকে অন্ধতার পরিমান এত বেড়েছে,কোনোওভাবেই আর সত্যের দেখা পাওয়া যায় না ।আমি কোনো অবিশ্বাসী মানুষ না,কিন্তু তাই বলে চোখ বন্ধ করে থাকতে জানি না

এইসকল অন্ধতার একটা প্রধান ধারা হচ্ছে ধর্ম ।ধর্মের অপব্যাখ্যায় চার দিক ছেয়ে গেছে ।মুক্ত মনের চর্চা হয় না কোথাও ।বিদায় নিয়েছে বিজ্ঞানমনস্কতা,এবং অন্যান্য বুদ্ধিমত্তার উপহার ।মানুষ থেকে বিবর্তনের ধারার উল্টা পথে মনে হয় যেতে আর বেশী নেই ।পচা নোংরা বানরের দলে পরিনত হচ্ছি আমরা ।

২.
ইদানিং একজাতীয় "মাল্টিপারপাস" সর্বজ্ঞাণী,তথাকথিত বিজ্ঞান দার্শনিকের উদ্ভব হয়েছে,যাদের প্রধান কাজ হচ্ছে,ধর্মীয় পুস্তকে বিজ্ঞান খোজা,আমি বলছি না,ধর্মীয় পুস্তকে বিজ্ঞানের অস্তিত্ব নেই ।কিন্তু আমার আমার আপত্তি হচ্ছে এইসকল অর্ধশিক্ষিত(নৈর্ব্যত্তিক জ্ঞানের ব্যাপারে,কোনো কোনো ক্ষেত্রে "অর্ধশিক্ষিত " শব্দটি তাদের জন্যে কমপ্লিমেন্ট হয়ে যায়)
কাঠমোল্লাদের আধুনিক সংস্করনদের প্রতি ।
তবে সমস্যার গভীরে যাবার আগে কিছু বিষয়ে সংজ্ঞা য়ন করাকরিভাবে করা দরকার ।
প্রথম হচ্ছে বৈজ্ঞানিক তত্ব কিভাবে আত্নপ্রকাশ করে,
সকল বৈজ্ঞানিক তত্ব প্রাথমিক পর্যায়ে থাকে "হাইপোথিসিস" ।
বিজ্ঞানী যখন হাইপোথিসিস দাড় করান,তখন তিনি কোনো একটি প্রাকৃতিক ঘটনাকে ব্যাখ্যার জন্যে কিছু গুরুত্বপূর্ন রাশির মাঝে সম্পর্কস্থা পনের চেষ্টা করেন ।একারনেই বৈজ্ঞানিক তত্ব ভীষনভাবে "দৃষ্টিকোন নির্ভর" ।
সমস্যা হচ্ছে আজকলের এই সব সবজান্তারা বিজ্ঞানকে অস্বাভাবিক(!) গুরুত্ব দিয়ে থাকেন(তিলমাত্র গানিতিক যোগ্যতা না থাকা সত্বেও) ।তারা মনে করেন ধর্মীয় পুস্তকে বিজ্ঞান খুজে পেলেই হলো ,ধর্ম মহিমান্বিত হয়ে যাবে,অর্থাত্ বিজ্ঞানকেই সম্মানিত করা হল,এই ধরনের দৃষ্টিভঙ্গি যে কতটা আত্নঘাতী তা মননশীল মানুষ মাত্রই বুঝতে পারে।

বিজ্ঞানের কোনো তত্ব "পরম" নয়,কারন তত্বগুলো নির্দিষ্ট দৃষ্টিকোন প্রসূত হাইপোথিসিসের ফলাফল মাত্র,তাই বিজ্ঞান সবসময় ই পরিবর্তনশীলতার মধ্য দিয়ে যায় ।চিরায়ত ধর্মের সাথে তার সমন্বয়ের চেষ্টা অবিশ্বাসীদের কাছে যেমন হাস্যকর,বিশ্বাসীদের কাছেও একরকম কটাক্ষের মত ।কারন ধর্ম ভিত্তি হচ্ছে বিশ্বাস,অথচ এইধরনের কর্মকান্ড কর্তার বিশ্বাসের গভীরতা নিয়ে যেমন প্রশ্ন তোলে উদ্দেশ্য নিয়েও সন্দিহান করে তোলে ।

৩.

আমি পদার্থবিজ্ঞানে আগ্রহী,তাই কিছু তথাকথিত "দাবীকৃত" সাযুস্যের কথা বলছি।

সবচেয়ে জনপ্রিয় হয়ত নবীজীর মেরাজের ঘটনা(কুরআনে কোনোও অতিরন্জিত বর্ননা পাওয়া যায় না,কেবলমাত্র আলআকসা ভ্রমনের কথা বলা আছে,তা অবশ্য মেরাজের অন্যান্য ঘটনার তুলনায় শিশু)

যেসব ঘটনা দাবী করা হয় বিভিন্ন হাদীসে,তা কেবল মাত্র ঈশ্বরের প্রত্যক্ষ হস্তক্ষেপ ছাড়া(যদিও সৃস্টিমুহুর্তের পর তার আর কোনোও কজের হদিস পাওয়া যায় না ,মিথলজি ছাড়া) একেবারেই অসম্ভব ।এটা তবুও আমার মেনে নিতে অসুবিধা নেই যে ঐশ্বরিক হস্তক্ষেপেই এটা হয়েছে ,আমি বিশ্বাসী সুতরাং আমার অসুবিধা নেই ।(যদিও উদ্ভট মিথলজির অনুপস্থিতি ইসলামের অন্যতম সৌন্দর্য ,এবং এই ঘটনা মিথলজির কাতারে পরে যায়)।কিন্তু আমার আপত্তি তৈরী হয় যখন মানুষজন এর বৈজ্ঞানিক ব্যাখ্যায় নেমে পড়ে ।সবচেয়ে বেশী উল্লেখ করা হয় আইনস্টাইন কে(যদিও যারা উল্লেখ করে তাদের মধ্যে অধিকাংশ,আপেক্ষিকতা তো দুরে থাক,আইনস্টাইন বানান পর্যন্ত করতে পারে না ।)

বলা হয় আইনস্টাইন মেরাজের ঘটনা প্রমান করে গেছেন ।(হাসব নাকি কাদব!)

প্রধানত আইনস্টাইনের ১৯০৫ এর "বিশেষ আপেক্ষিক তত্ব "

এই ঔদ্ধত্যের ভিত্তি ।সেই তত্বের গতিশীল স্থানাংক কাঠামোতে ঘড়ির শ্লথ হয়ে যাওয়া সম্পর্কিত প্রেডিকশান এই দাবীর মূল ।(আলোর গতিতে চলা সম্ভব হলে ,পর্যবেক্ষক সাপেক্ষে স্থির হয়ে যায়)।কিন্তু একই সাথে পর্যবেক্ষকের ভর স্থির কাঠামোতে দাড়িয়ে থাকা অপর একজন পর্যবেক্ষকের তুলনায় অসীম হয়ে যায়,অসীম ভরের কোনো বস্তুকে গতিশীলের জন্যে দরকার অসীম বল,এবং অসীম সম্পাদিত কাজ ।এজন্যেই আপেক্ষিক তত্ব আলোর বেগ, ভর(স্থির ভর,কারন বিভিন্ন এনার্জি পার্টিকেল গতিশীল অবস্থায় ভর প্রদর্শন করে)সম্পন্ন বস্তুর জন্যে অনুমোদন করে না ।

মজা হচ্ছে বিশেষ আপিক্ষিক তত্ব শুধুমাত্র "জড়" প্রসঙ্গ কাঠামোতে প্রযোজ্য(যেসকল প্রসঙ্গ কাঠামো পরস্পরের সাথে সমদ্রুতিতে চলমান) ।তার মানে ত্বরনিত কাঠামোতে(যেখানে বেগের পরিবর্তন হচ্ছে) বিশেষ আপেক্ষিকতা প্রয়োগ করা যায় না ।করতে হয় জেনারেল রিলেটিভিটি(১৯১৫ সালে আইনস্টাইন কর্তিক আবিস্কৃত,প্রধানত এই তত্বের জন্যে তিনি কিংবদন্তিতে পরিনত হন ।.আর জেনারেল রিলাটিভিটিতে ঘড়ির শ্লথ আচরন এর প্রেডিকশান অনেক অন্যরকম(ত্বরনীত কাঠামোতে,অথবা মহাকর্ষ ক্ষেত্রে ঘড়ি শ্লথ আচরন করে ।এখানে আলাদা লিখলেও জেনারেল

রিলেটিভিটি জড় ভর ও মহাকর্ষ ভরের ইকুইভ্যালেন্সের কারনে একসিলারেটেড বডি এবং গ্র্যাভিটেশনাল ফিল্ডের মাঝে কোনো পার্থক্য করে না)।আর আমাদের সবজান্তাদের দৌড় এই পর্যন্ত পৌছেনি(টেনসর অ্যানালাইসিস,নন ইউক্লিডিয়ান জিওমেট্রি,রীমেন সারফেস দিয়ে ফরমুলেটেড তত্ব টি আর যাই হোক,সবজান্তাদের জন্যে নয়)।

জেনারেল রিলেটিভিটিকে অস্বীকার করেও অবশ্য পাড় পাওয়া যায় না ।কারন নবীজী যখন যাত্রা শুরু করেন তখন শুন্যবেগে ছিলেন,আলোর বেগে পৌছাতে হলেও(যদিও অনুমোদিত নয়)
ত্বরন প্রোয়োজন এবং তখনই তা বিশেষ আপেক্ষিকতার হাত থেকে চলে গেছে ।উর্ধাকাশে গিয়ে ও তাকে থামতে হয়েছিলো ,অন্তত আরশে কুদসী দেখার জন্যে ।

৪।
নানা অন্ধতায় আমরা ডুবে থাকি,চারপাশে,শুধু হনুমানের বৃথা আস্ফালন,তবে মুক্তমনের জন্যে এগিয়ে যাবই আমরা।
চলবে ।

কমেন্ট

১. ০৫ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৪:৫০

তীরন্দাজ বলেছেন: যদিও উদ্ভট মিথলজির অনুপস্থিতি ইসলামের অন্যতম সৌন্দর্য ,এবং এই ঘটনা মিথলজির কাতারে পরে যায়!

একেবারে খাঁটি কথা। সব ধর্মেই মিথলজি রয়েছে। তবে যারা যুক্তিসিদ্ধ চিন্তায় বিশ্বাসী , তার মিথলজিকে 'মিথ' হিসেবেই দেখেন। ধর্মকে প্রমান করার পথ হিসেবে দেখেন না। এতে যে ধর্মের অবস্থান আরো বেশী নড়বড়ে হচ্ছে, তা এই ধর্মান্ধ উজবুকরা বুঝতে চায়না।

২. ০৫ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৪:৫২

ফাজিল বলেছেন: '৭১ যুদ্ধাপরাধীদের বিচারের আওতায় আনতে অনলাইন পিটিশন এ সাইন করুন

৩. ০৫ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৪:৫৪

আরিফুল হোসেন তুহিন বলেছেন: কবে বুঝবে?ক্রুসেডের সময় বোঝেনি,ডাইনি পোড়ানোর সময় বোঝেনি,৭১ এ বোঝেনি,আর কত অন্ধ মানুষ দ্বারা ঘিরে থাকতে হবে ?

৪. ০৫ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৫:০৪

রাশেদ বলেছেন: ভালো বিশ্লেষন। ধন্যবাদ।

৫. ০৫ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৫:১৩

অন্যরকম বলেছেন: বৈজ্ঞানিক বিশ্লেষন চমৎকার হয়েছে। ধন্যবাদ।

৬. ০৫ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৫:১৫

আরিফুল হোসেন তুহিন বলেছেন: ধন্যবাদ @সবাই

৭. ০৫ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৫:৩০

প্রশ্নোত্তর বলেছেন: আচ্ছা, আসমান কয়টা? ধার্মিক কেউ বলবেন কি?

৮. ০৫ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৫:৩৯

বিজ্ঞ পোকা বলেছেন: সুন্দর হইয়াছে। বৈজ্ঞানিক বিশ্লেষন আরও ভাল। চলুক , দেখি পুরা না জানিয়া আরও মন্তব্য না করি।

৯. ০৫ ই নভেম্বর, ২০০৭ রাত ৮:১৪

সন্নাসী বলেছেন: উপস্থাপনা চমতকার, সুন্দর বিশ্লেষন। একটা সিরিজ আলোচনা করলে বাধিত হব।

১০. ০৫ ই নভেম্বর, ২০০৭ রাত ৮:২৬

কারিগর বলেছেন: ভাল লিখেছেন, বিশ্লেষনও সুন্দর হয়েছে, তবে বস কেন জানি মাঝখানে এসে লেখাটা ঝুলিয়ে ফেলেছেন। আরো অল্প কথায় লিখলে ভাল করতেন।
ধন্যবাদ সুন্দর বিশ্লেষনের জন্য।

৫

১১. ০৫ ই নভেম্বর, ২০০৭ রাত ১০:২৪

আরিফুল হোসেন তুহিন বলেছেন: সবকিছু ব্যাখ্যা করে তো লেখা যায় না ,তবে চেষ্টা করেছি প্রয়োজনীয় তথ্য উপস্থাপন করতে ।আর লিখতে থাকব,অন্যান্য বিষয় নিয়েও আমার অনেক কিছু বলার আছে ।
ধন্যবাদ সবাই ।

১২. ০৬ ই নভেম্বর, ২০০৭ রাত ৯:১৩

মুকুল বলেছেন: ভালো বিশ্লেষণ। চলুক...
*****

১৩. ০৬ ই নভেম্বর, ২০০৭ রাত ৯:৩১

মানুষ বলেছেন: মোটামুটি ঝড়ের বেগে পড়েছি। পরে ভালো মতো পড়ে মন্তব্য করব। আপাতত ৫

১৪. ০৬ ই নভেম্বর, ২০০৭ রাত ৯:৫৩

দিগন্ত বলেছেন: এর ধর্মীয় প্রসঙ্গ আমার কাছে অজানা, তাই খুব একটা এনজয় করতে পারলাম না। তবে এধরণের লেখা আগেও আমি মুক্তমনায় পড়েছি। বিজ্ঞান কে ধর্মের সাথে গুলিয়ে ফেলার ফলে তৃতীয় বিশ্বের দেশগুলো আরো পিছিয়ে যাচ্ছে।

১৫. ০৬ ই নভেম্বর, ২০০৭ রাত ৯:৫৪

প্রশ্নোত্তর বলেছেন: জিজ্ঞেস করেছিলাম, আসমান কয়টা? ধার্মিক কেউ বলবেন কি? কেউ বলেনি! অ(-বি-কু-)না- ধার্মিকেরা কেউ কি বলবেন? অথবা ধার্মক বিজ্ঞানীরা বললেও চলবে!

১৬. ০৬ ই নভেম্বর, ২০০৭ রাত ৯:৫৫

প্রশ্নোত্তর বলেছেন: ধার্মক = ধার্মিক

১৭. ১১ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৩:১৪

নাস্তিকের ধর্মকথা বলেছেন: ৫

"(যদিও উদ্ভট মিথলজির অনুপস্থিতি ইসলামের অন্যতম সৌন্দর্য ,এবং এই ঘটনা মিথলজির কাতারে পরে যায়)"- উদ্ভট মিথলজির উপস্থিতি কিন্তু যথেষ্টই আছে ইসলামে/ কোরআনে, যা বিজ্ঞান দিয়ে আপনি ব্যাখ্যা করতে পারবেন না। অবশ্য এটুকু বলা যায় , অন্যান্য অনেক ধর্মের তুলনায় উদ্ভট মিথের উপস্থিতি অনেক কম। কারণ, এই ধর্মের আবির্ভাব অন্যগুলোর অনেক পরে, আর মানুষ ধীরে ধীরে জ্ঞান-বিজ্ঞানে অনেক এগিয়েছে এবং এগুচ্ছে। তার প্রভাব তো ধর্মগ্রন্থসমূহে থাকাটাই স্ভাবাবিক।

১৮. ১১ ই নভেম্বর, ২০০৭ বিকাল ৩:৩১

আরিফুল হোসেন তুহিন বলেছেন: এটা যে আধুনিকতার উপহার সেটা আমি জানতাম , আর মিথলজি যা আছে তা প্যালেস্টাইন অঞ্চলের প্রবর্তিত ধর্মসমূহের সাথে একই সুরে বাধা ।

১৯. ০৫ ই ডিসেম্বর, ২০০৭ রাত ১০:০৯

কানা বাবা বলেছেন: ৫।

২০. ০৫ ই ডিসেম্বর, ২০০৭ রাত ১০:১০

নিধিরাম সর্দার বলেছেন: কঠিন হইয়া গেসে বেশী আরেকটু সহজ করে লিখলে ভালা লাগে

৫

২১. ০৫ ই ডিসেম্বর, ২০০৭ রাত ১০:৩২

দ্বিধা বলেছেন: জমব মনে হইতাসে

২২. ১৯ শে আগস্ট, ২০০৮ সকাল ৯:৪৬

সীমান্ত আহমেদ বলেছেন: ভাই বেশিরভাগই মাথার উপর দিয়া গেছে।
তবু প্লাস।

২৩. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১২:৪০

নাস্তিকের ধর্মকথা বলেছেন:
৩ নং পর্বতে ঢু মারতে গিয়ে ভাবলাম আগে ১ এ যাই, এসে দেখি এটা আগেই পড়া। ১ বছর ১ মাস পরে ৩ নংটি আসলো!!!!

যাহোক, চমৎকার পোস্ট বারেবারে পড়তেও খারাপ লাগে না- সেবারই প্লাস দিয়েছিলাম, এবারে শুধু ধন্যবাদ দিয়ে গেলাম।

২৪. ২৬ শে এপ্রিল, ২০১৩ রাত ৯:৩৪

উড়োজাহাজ বলেছেন: বুঝতে কষ্ট হলো। বলা যায় বুঝিই নাই ।

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/freefallblog/28881013

ধর্মীয় অন্ধতা এবং আমাদের বানরায়ন -২(সুচের ফুটায় উট)

১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:১৮ |

আরিফুল হোসেন তুহিন

(এই সিরিজের প্রথম পর্বটা বছরখানেক আগে লেখা। আমার ব্লগজীবনে একেবারে প্রথমদিকের ব্লগ ছিলো সেটা। আমি বেশ অলস মানুষ হওয়ায় এর পরের পর্ব এত দিন লিখেছি।)

ধর্মীয় অন্ধতা এবং আমাদের বানরায়ন -১(নবীজির মেরাজ)

ধর্মীয় দার্শনিকরা যারা ধর্মকে নিরন্তরভাবে বিজ্ঞানময় করে তোলার ম্যামথ টাস্ক কাধে নিয়েছেন তাদের অধ্যাবস্যায়ের প্রতি পূর্নশ্রদ্ধা রেখেই আজকের আলোচনা শুরু করছি।

প্রায়ই বিভিন্ন যায়গায় বলতে শুনি সূচের মধ্য দিয়ে উট চলে যাবার ব্যাপারটি। এটি আমি প্রথম পড়েছিলাম আল কোরান দ্যা চ্যালেন্জ নামের একটি বইতে। বিভিন্ন সময় এই ব্লগেও অনেককে কথাটা বলতে শুনেছি। কথাটা সম্ভবত হাদীসের, কুরআনেরও হতে পারে। আমি সেই হাদীস বা কুরআনের রেফারেন্স দিচ্ছি না , আমি অলস মানুষ ঘেটে বের করতে ইচ্ছা করছে না। যাই হোক সেখানকার সার কথা গুলো হচ্ছে:

আল্লাহ তাআলা চাইলে সূচের ফুটো দিয়ে উট প্রবেশ করাতে পারেন

ধর্মীয় দার্শনিকদের কনক্লুশান:

সুচের ফুটোয় অনেক কম স্থান বিদ্যমান।তার মধ্য দিয়ে উট যাবার কথা বলার মাধ্যমে বোঝানো হয়েছে ব্ল্যাকহোল বা কৃষ্ণবিবর কে , কারন কৃষ্ণবিবরও ছোট জিনিস যার মাঝে বড় বড় বস্তু পতিত হয়।

বিজ্ঞানের বক্তব্য:

এখানে একটা বিষয় বলা প্রয়োজন আলোচনা শুরুর আগে সেটা হচ্ছে, যেহেতু এখানে ধর্মীয় স্ত্রীপচারকে বিজ্ঞানের সাথে মেলানো হচ্ছে সুতরাং বিজ্ঞানের দাবী থাকবে বিজ্ঞানের সংজ্ঞাগত বিশুদ্ধীর। এর অর্থ হচ্ছে যখন বিজ্ঞানের সাথে মেলানোর চেষ্ঠা হচ্ছে সুতরাং বিভিন্ন বিষয়কে

বৈজ্ঞানিক দৃষ্টিকোন থেকে দেখতে হবে। সমস্যা হচ্ছে অনেক সময়ই ধর্মীয় বিজ্ঞান দার্শনিকরা এই জায়গায় পিছলানো শুরু করেন। তারা বিজ্ঞানের তত্ব ব্যাখ্যায় বিজ্ঞানের পরিভাষা ব্যবহারে বেশী একটা উতসাহী হন না। এর প্রধান কারন হচ্ছে বিজ্ঞানের পরিভাষা গুলো সাধারনত ওয়েল ডিফাইন্ড থাকে। সেখানে এদিক সেদিক ধোয়াশামূলক ব্যাখ্যা করা যায় না।
আরেকটি ব্যাপার ,বিজ্ঞান কিন্তু তত্ব নিরপেক্ষ বাস্তবতা স্বীকার করে না। তাই সাধারন জীবনে সত্য আর বৈজ্ঞানিক সত্য নামে সাধারনত যে বিভাজনটা হয়ে থাকে তা পুরোপুরি ইনভ্যালিড। হ্যা অনেক বৈজ্ঞানিক সত্য দৈনন্দিন জীবনে আমাদের অভিজ্ঞতার পরিপন্থী। এখানে অভিজ্ঞতা শব্দটি খুবই গুরুত্বপূর্ন কারন অনেক ক্ষেত্রেই আমাদের পর্যবেক্ষনের প্রাকৃতিক সীমাবদ্ধতার কারনে অনেক ঘটনা আমাদের কাছে যেভাবে **অ্যাপিয়ার** করে সত্যিকার অর্থে সেভাবে ঘটে না।সুতরাং অনেক ক্ষেত্রে আমাদের অভিজ্ঞতা ইলিউশন ছাড়া আর কিছুই না।যেমন আমরা কখোনই দৈনন্দিন জীবনে গতিশীল জড় কাঠামোতে শ্লথ ঘড়ির সম্মুখীন হই না।

এবার দেখা যাক সুচের ফুটা আর ব্ল্যাকহোলের পার্থক্য কোথায়।

সূচের ফুটা দিয়ে উট যেতে পারে না কারন উট ,সুচের ফুটার তুলনায় অনেক বড় স্থান দখল করে।

ব্ল্যাকহোলের আলোচনা শুরু করার আগে আমরা এই স্থান ব্যাপারটিকে আরেকটু rigorously সংজ্ঞায়িত করতে চাই।ইউক্লিডিয় জ্যামিতি অনুসারে স্থান শুন্যমাত্রিক বিন্দুসমূহের ত্রিমাত্রিক বিস্তৃতি। এবং ইউক্লিডিয় স্থান **সমতল**। এই বক্তব্যের অনেকগুলো কনসিকোয়েন্স আছে,
১.পিথাগোরাসের উপপাদ্যের সত্যতা(তিনমাত্রায় পিথাগোরিয়ান উপপাদ্য)
২.দুটি বিন্দুর মাঝে সর্বনিম্ন দুরত্ব হচ্ছে ঐ বিন্দু দুটোকে সংযোগকারী সরলরেখা
৩.চিরায়ত ,অর্থাত এই ইউক্লিডিয়ান স্থান অনেকটাই চিরায়ত এই অর্থে এই স্থান পরিপার্শ্ব দ্বারা প্রভাবিত হয় না।এই অনুসিদ্ধান্ত ইউক্লিডিয়ান স্থানকে একটি অ্যাবস্ট্রাক্ট অথবা সংজ্ঞাভেদে অবস্তুগত ধারনায় পর্যবাসিত করে।

এখন ব্ল্যাকহোলের আলোচনা শুরু করবার আগে আমাদের আরেকটু স্থানের সংজ্ঞার গভীরে যেতে হবে। কারন ব্ল্যাকহোল জেনারেল রিলেটিভিটির একটি প্রতিফল। আর জেনারেল রিলেটিভিটির ভিত্তি হচ্ছে অইউক্লিডিয় জ্যামিতি।

অইউক্লিডিয় জ্যামিতি টা কি?

যারা জ্যামিতি পড়েছেন সবাই ইউক্লিডের জ্যামিতির সাথে পরিচিত। ইউক্লিডের জ্যামিতিতে পাচটি স্বীকার্য বিদ্যমান। স্বীকার্য হচ্ছে প্রমান ব্যাতিরেকে যে ধারনা গুলোকে স্বীকার করে নেয়া হয়। ইউক্লিডের পঞ্চম এবং বহুল বিতর্কিত স্বীকার্যটি হচ্ছে

"যদি একটি সরলরেখা অপর দুইটি সরলরেখার উপর পতিত হয় তাহলে যে পার্শ্বে উৎপন্ন অন্ত:স্থ কোন গুলোর সমষ্টি দুই সমকোনের কম হবে সেই পার্শ্বে রেখাদুটোকে অনির্ধারিতভাবে বর্ধিত করলে রেখাদুটো পরস্পরকে ছেদ করবে"

স্বীকার্যটি যদি বুঝতে সমস্যা হয় তাহলে এই স্বীকার্যের ভিন্নরুপ গুলোর একটি উল্লেখ করছি(এটি প্লেফেয়ারের স্বীকার্য হিসেবে পরিচিত)
"যদি একটি সরলরেখা দুইটি সমান্তরাল সরলরেখার একটিকে ছেদ করে তাহলে অপরটিকেও ছেদ করবে"

আসলে এই স্বীকার্যের মুল নির্যাস হচ্ছে সমান্তরাল সরলরেখা পরস্পরকে কখোনোই ছেদ করবে না।

এখন অইক্লিডিয় জ্যামিতিতে এই স্বীকার্যটি সত্য নয়।অর্থাত অইউক্লিডিয় জ্যামিতিতে সমান্তরাল সরলরেখাসমূহ পরষ্পরকে ছেদ করে। এই কথা দেখে আৎকে উঠবার কোনো কারন নেই ,পৃথিবীর পৃষ্ঠ একটি অইউক্লিডিয় তল,দ্রাঘিমা রেখাগুলো সমান্তরাল কিন্তু তারা মেরুবিন্দুতে পরষ্পরকে ছেদ করে।

অইউক্লিডিয় জ্যামিতি কয়েকটি গুরুত্বপূর্ন কনসিকো য়েন্স:
১.পিথাগোরাসের উপপাদ্য সঠিক নয়
২.দুটো বিন্দুর মধ্যে সর্বনিম্ন দুরত্ব ঐ অইউক্লিডিয় তলের উপর নির্ভর করে। যাকে আমরা জিওডেসিক বলি। যেমন পৃথিবী পৃষ্ঠে কোন সরল রেখা আকা সম্ভব নয় পৃথিবী পৃষ্ঠের বক্রতার জন্যে। পৃথিবী পৃষ্ঠে দুটি বিন্দুর সর্বনিম্ন দুরত্ব হচ্ছে পৃথিবীর কেন্দ্রকে কেন্দ্র করে ঐ বিন্দু দুইটি দিয়ে যাবে এমন কোন বৃত্ত আকা হলে ঐ বৃত্তের পরিধি বরাবর। আন্তর্জাতিক বিমানরুট গুলো যখন নির্নয় করা হয় তখন এই পদ্ধতিতেই করা হয়। এই বৃত্তগুলোকে বৃহত বৃত্ত বলে।
৩।ত্রিভুজের তিন কোনের সমষ্টি দুই সমকোনের সমান নয়। কতটুকু পার্থক্য এটা নির্ভর করে ত্রিভুজের আকৃতির উপর।

এখন পৃথিবীর তলকে কিন্তু ইউক্লিডিয় গোলীয় জ্যামিতি দ্বারাও ব্যাখ্যা করা যায়। কিন্তু এই ক্ষেত্রে একটি যৌক্তিক সমস্যা আছে। এয়ার রুট নির্নয়ের সময় আমরা ইউক্লিডিয় গোলীয় জ্যামিতি ব্যবহার করছি। এবং আমাদের একটি অতিগুরুত্বপূর্ন তথ্য এখানে দরকার ,সেটি হচ্ছে পৃথিবীর ব্যাসার্ধ। এখন ধরা যাক একটি দ্বিমাত্রিক প্রানী গোলকের উপরিতলে বাস করে। যেহেতু সে দ্বিমাত্রিক প্রানী সুতরাং ত্রিমাত্রা সমন্ধে তার কোন ধারনাই নেই। গোলকের ব্যাসার্ধ তার কাছে পর্যবেক্ষনযোগ্য নয়। সুতরাং সে কিভা বে যদি তার বিশ্বের এয়াররুট নির্নয় করতে চায় ,নির্নয় করবে?
গস,বোলাই,রীম্যান এরা এই প্রশ্নের জবাব দিতে গিয়েই অইউক্লিডিয় জ্যামিতি আবিস্কার করেন। গানিতিক টার্মে প্রস্তাবনাটি হচ্ছে কোনো তলের বাইরে না গিয়েই তলের বৈশিষ্ঠসমূহ নির্নয়

করা।খেয়াল করুন এয়ার রুট নির্নয় করার সময় আমাদের যে গোলকের ব্যাসার্ধ লেগেছিল সেই গোলকের ব্যাসার্ধ কিন্তু তলের বাইরের প্যারামিটার।

এখন জেনারেল রিলেটিভিটি বলে এই মহাবিশ্ব হচ্ছে স্থানকালের অইউক্লিডিয় বিস্তৃতি। অর্থাত স্থানকালের কাঠামো অইক্লিডিয় জ্যামিতি মেনে চলে। বস্তুকনাসমূহ তাদের ভরের কার নে চারপাশের স্থানকালকে বক্র করে দেয়। এবং এই বক্রতাই মহাকর্ষের প্রকৃত কারন।

এখন ছোট স্কেলে অইউক্লিডিয় জ্যামিতি ,ইউক্লিডিয় জ্যামিতিতে আসন্নীকৃত হয়।যে কারনে আমরা অইউক্লিডিয় জ্যামিতির প্রভাবে দৈনন্দিন জীবনে তেমন একটা পর্যবেক্ষন করি না।

এখন আসা যাক ব্ল্যাকহোল প্রসঙ্গে। সেখানে যা হয় তা হচ্ছে,

চন্দ্রশেখর লিমিটের বাইরে এরকম নক্ষত্রের হাইড্রোজেন জ্বালানী যখন শেষ হয়ে যায় তখন তার ভর নিজের উপরই কোলাপস করে। বিপুল পরিমানে ভর কেন্দ্রীভূত হওয়ায় চারপাশের স্থানকালের বক্রতা অস্বাভাবিক পর্যায়ে পৌছায়। এবং আলো সমূহ জিওডেসিক বা সর্বনিম্ন দুরত্বের পথ অতিক্রম করতে গিয়েই নিজের উপরই পতিত হয়। মহাকর্ষ ক্ষেত্রের শক্তিও অস্বাভাবিক পর্যায়ে পৌছায়।

ব্ল্যাখোল কিন্তু স্থানের পরিমানে কম নয়, কেবল বিপুল পরিমান স্থান নিজের উপর বক্র হয়ে আছে। ব্যখোলের যেটা কম সেটা হচ্ছে ঘটনা দিগন্তের ক্ষেত্রফল। সুতরাং ব্ল্যাক হোলে স্থান কম কথাটা অবৈজ্ঞানিক।

কিন্তু সুচের ফুটায় স্থান আসলেই কম।সুতরাং সেখানে উটের প্রবেশ অযৌক্তিক।

এই দুটোর মাঝে মিল খুজে পাওয়া কেবল বিজ্ঞান জানায় ঘাটতিকেই প্রকাশ করে ,কোনো মহিমা নয়।

(যেদিও আমি ব্যাক্তিগত ভাবে মনে করি উটের সুচের ফুটায় প্রবেশ শুধুমাত্র একটি অসম্ভব ঘটনার মেটাফোর। সর্বশক্তিমানের ক্ষমতা উদাহরন হিসেবে ব্যবহৃত হয়েছে। এভাবে অনেক লং শটে মেলানোর চেষ্টা অনেকটাই হাস্যকর। বরং হিন্দু ধর্মে ব্ল্যাকহোলের আরও কাছাকাছি বর্ননা পাওয়া যায়। যেমন কৃষ্ণকে বলা হয়েছে সব আলো শোষনকারী। যেটা ব্ল্যা কহোলের জন্যে সত্য।এভাবে ডান বাম করে অনেক কিছুর সাথেই মেলানো যায় বিজ্ঞানকে। যদি কোনোদিন ধর্ম থেকে আগেই বলা হত ভবিষ্যত তত্ত্বের কথা তাহলে বিষয়টি ক্রেডিবিলিটি পেত।কিন্তু সেটা কখোনই হয় না

)

আমরা বিবর্তনের পথে উল্টোদিকে না হাটি। অন্ধ বানরায়ন না ঘটে আমরা উন্নততর মানুষ হয়ে উঠি এই প্রত্যাশা রাখছি।

চলবে।

কমেন্ট

১. ১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:২৮

দূরের পাখি বলেছেন: "আমরা বিবর্তনের পথে উল্টোদিকে না হাটি। অন্ধ বানরায়ন না ঘটে আমরা উন্নততর মানুষ হয়ে উঠি এই প্রত্যাশা রাখছি। "

আমিন ।

১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:৫৭

লেখক বলেছেন: সেটাই

২. ১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:৩১

দূরের পাখি বলেছেন: ও আরেকটা কথা, আমার এই আত্নবিশ্বাস আছে যে, শুধু কোরান কেন । যেকোন র‍্যানডম পাগলের বাণী যদি মিনিট পাঁচেক লিপিবদ্ধ করে দেয়া হয় সেখান থেকে আমি কমপক্ষে একটা বৈজ্ঞানিক আবিষ্কার বের করে দিতে পারব । তবে শর্ত হচ্ছে সেটা অলরেডি আবিষ্কৃত হতে হবে ।

১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:৫৮

লেখক বলেছেন: হা হা ভালো বলেছেন

৩. ১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:৩৯

রাইডার বলেছেন: চলুক +

১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:৫৮

লেখক বলেছেন: ধন্যবাদ

৪. ১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ২:৩৬

আরিফুল হোসেন তুহিন বলেছেন: সাম্প্রতিক যারা ব্লগ দেখেছেন

* ঐক্যতান
* এস বাসার
* মাকাল গালিব
* দুরের পাখি
* রাইডার

পোস্টে আমি বলেছিলাম

কেউ যদি না বলে মাইনাস দেয় আমি ধরে নিব হয় সে যুক্তিহীন অন্ধ এবং আয়োডিনের অভাবে বুদ্ধী প্রতিবন্ধী ,না হয় নিজের মত প্রকাশে সাহসী নয়। ধর্ম মানুষকে যদি কাপুরষতা শেখায় তাহলে খুব দু:খজনক।

যিনি নিজেকে বুদ্ধী প্রতিবন্ধী অথবা প্লাস্টিকের মেরুদন্ডের কাপুরুষ প্রমান করলেন তাকে ধন্যবাদ জানাই

৫. ১১ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১০:২১

প্রলয় হাসান বলেছেন: আপনার প্রোফাইলে এটা কার ছবি জানেন?

১২ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১২:৩১

লেখক বলেছেন: গর্ডন ফ্রীম্যান,কেন ছবির কপিরাইট আপনের নাকি?

প্রথম হাফ লাইফেই তো ব্যাটা মইরা গেছিল, সেকেন্ডটাতে কেমনে কেমনে আইসা পড়ল।

আপনি আবার গর্ডন ফ্রীম্যান না তো(একই পেন্সিল স্কেচ দেখতাসি)

৬. ১২ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১২:৪০

মনজুরুল হক বলেছেন:

সময় নিয়ে পড়তে হবে।

গত বছর শবেমেরাজের রাতে শমশের চাঁদু ব্ল্যাকহোল,বিগব্যঙ্ক নিয়ে মামদোবাজীর গল্প ফেঁদেছিল একটা চ্যানেলে। জোর করেই রিমোটে হাত না দিয়ে শুনেছিলাম।পরে কি অনুভূতি হয়েছিল তা আর নাই বা বললাম! এর পর শমশেরকে আর ধরার মওকা পাইনি।

টাশকি লাগার ব্যাপার হলো এই শমশের শত শত ছেলেকে বুয়েটে কী পড়িয়েছে ?!

১২ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৫০

লেখক বলেছেন: ঘিলুওয়ালা মানুষকেও অন্ধত্ব কিভাবে পেয়ে বসে তা দেখে অবাক হয়ে যেতে হয়

৭. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১২:৪৭

নাস্তিকের ধর্মকথা বলেছেন:

খুবই ভালো লাগলো........... (বেশী কথা লেখার সময় নেই - ৩ নং টি যত তাড়াতাড়ি সম্ভব পড়ে ফেলতে চাই.....)

৮. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ ভোর ৪:১১

লুকার বলেছেন:

শমশেরের ঘিলু নাই, পুরা ধান্ধাবাজ। @মঞ্জুরুল হক

@তুহিন

প্রথম কথা হইলো, সুঁইটার ছিদ্র যদি উটের চাইতে বড় হয় , তবে সুঁইয়ের ছিদ্র দিয়ে উট ঢুকানো সম্ভব। উটের শরীর যদি ইন্জেকশন দিয়া তেলাপোকার মত নমনীয় কইরা ফালান যায় (বড় তেলাপোকা চিকন ছিদ্র দিয়া যাইতে পারে), তাইলেও সম্ভব। ফ্যান্টাস্টিক ভয়েজ নামের এক সিনেমায় দেখছিলাম একটা জাহাজরে মিনিয়েচারাইজ কইরা মানুষের শিরার ভিতরে ইনজেক্ট করে, জাহাজে থাকা ডাক্তারেরা সরেজমিনে রক্তনালীতে ভ্রমণ কইরা সমস্যাগুলাতে অপারেশন করে। উট বাবাজিরে ঐরকম মিনিয়েচারাইজ করা গেলে (ভবিষ্যতে এটা হইতেই পারে) সুঁইয়ের ছিদ্র দিয়া পার করানো সম্ভব।

এখন আসি আসল কথায়। এইরকম (রূপক) কথা দিয়া আসলে বুঝানো হইছে স্রষ্টা সবকিছুই করতে পারেন, আমরা আপাত:দৃষ্টিতে যা অসম্ভব মনে করি , তাও। কিন্তু এধরণের দাবী করাটাই হাস্যকর, কারণ স্রষ্টার আছে সব ক্ষমতা, তিনি সর্বশক্তিমান, তাইলে তিনি এইটা পারেন, ঐটা পারেন, এইসব দাবী করার মানে কি? কেউ কি সন্দেহ করতাছে তার ক্ষমতায়? আবার দেখেন, মোল্লারা যেহেতু এখন বিজ্ঞানরে অস্বীকার করতে পারতাছে না (একসময় করতো , কিন্তু এখন প্রায় পুরা জনমত বিজ্ঞানের পক্ষে), তাই বিজ্ঞান দিয়া ধর্মের আজগুবি বিষয়গুলা বিশ্বাসযোগ্য করতে চায়। এইজন্য আপেক্ষিকতা, কোয়ান্টাম থিওরি, বিগ ব্যাং, ব্ল্যাক হোল- যা কিছু শক্ত শক্ত শব্দ শুনে, তাই আইনা ধর্মের মধ্যে ঢুকাইয়া দেয় , সেই শব্দের অর্থ পুরাপুরি না জাইনাই। সুতরাং, তুহিন ভাই, আপনে নির্বোধ মোল্লা সম্প্রদায়ের উদ্দেশ্যে ব্ল্যাকহোলের যে ব্যাখ্যা দিলেন, সেইটা পানিতে গেল। তারা খালি ঐ শব্দটা জানে 'আধুনিক বৈজ্ঞানিক সাংঘাতিক' একটা বিষয় হিসাবে।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ সকাল ১০:১৮

লেখক বলেছেন: আপনার সাথে আমি ১০০ ভাগ একমত। এভাবে কুরআনে বিজ্ঞানকে মেলানোর চেষ্টার মাঝে দুটো ক্ষতি হয়,

১।যে বিজ্ঞানটিকে মেলানো হল (যদি সঠিকভাবে মেলানো হয়, এখনও হতে দেখি নি) তারপরও সুযোগ আছে বিজ্ঞানের নিজেরই পরিবর্তিত হয়ে যাবার। তখন ক্ষতিটা ধর্মেরই হয়। আমি আমার সিরিজের প্রথম পর্বে এটা নিয়ে আলোচনা করেছিলাম।

২।আর ভুলভাবে মেলানো হলে সচেতন বিজ্ঞানমনস্ক মানুষের ধর্মের প্রতি অশ্রদ্ধা তৈরী হবার সুযোগ আছে।

সেজন্যেই এধরনের প্রচেষ্টা সকল দিক থেকেই ক্ষতিকর।

৯. ২০ শে জানুয়ারি, ২০০৯ সকাল ৮:৫৯

সিংহ বলেছেন: +

১০. ২৭ শে জানুয়ারি, ২০০৯ বিকাল ৩:৪৪

দি ওয়ান বলেছেন: +

পড়ালেখা কেমন চলছে আপনার? ভালো থাকুন।

১১. ২১ শে ফেব্রুয়ারি, ২০০৯ রাত ১২:২২

লুকার বলেছেন:

আপনে ফিজিক্স নিয়ে আরো লেখা দেন।

১২. ২১ শে ফেব্রুয়ারি, ২০০৯ রাত ১:০১

শূন্য আরণ্যক বলেছেন: চম্‌ৎকার লাগলো ....

নন ইউক্লিডিয়ান জ্যামিতি সম্পর্কে কিছু জানতাম না ..... টুকরা টাকরা আ ইডিয়া ছিল যদিও .... সুন্দর করে লিখসেন আপনি ... আমার দাদীরে মনে হয় বুঝাইতে পারবো এখন

খারাপ লাগলো ..পুরান জিনিষ সব উল্টা হইয়া যাওয়ার কারনে ......ত্রিভুজের তিনকোনের সমষ্টি দুইসমকোন না !

৩।ত্রিভুজের তিন কোনের সমষ্টি দুই সমকোনের সমান নয়। কতটুকু পার্থক্য এটা নির্ভর করে ত্রিভুজের আকৃতির উপর।

পৃথিবী উপরে একটা বিরাট ত্রিভুজ আকলে ২৩০ ডিগ্রি দেখাইতাছে ~

হমম এই বিদ্যা গুলি নতুন কইরা যালাইতে হবে ......

আমি চিন্তা করতাসি অন্য জিনিষ ...... ইউক্লিডিয়ান জ্যামিতি তার পরের হাজার বছর আধুনিক ছিল -- এমন কি আমরাও শিখছি ইউক্লিডিয়ান জ্যামিতি ......
যে ব্যাটা থিওরী দিল ও ইউক্লিডিয়ান জ্যামিতি শিখছে আগে ->
{
Omar Khayyám
János Bolyai , Nikolai Ivanovich Lobachevsky
Bernhard Riemann

}

ধর্মের ব্যাপার টা মনে হয় একি রকম হবে ......এক জামানা জিনিষ ঐ সময়ে আধুনিক ছিল এখন নতুন চিন্তা করতে গেলে আগের তত্ত্ব আংশিক অচল .....

গনহারে রিফর্ম করা দরকার ..

+

১৩. ১৬ ই সেপ্টেম্বর, ২০০৯ সকাল ১১:৩৫

তরু বলেছেন: প্রিয়।

১৪. ২৩ শে সেপ্টেম্বর, ২০০৯ ভোর ৪:১০

শয়তান বলেছেন: এবং শমসের সাব একজন জামাতি

১৫. ১৬ ই ডিসেম্বর, ২০০৯ রাত ৮:০৪

নষ্ট কবি বলেছেন: ভালো........

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/freefallblog/28881013

ধর্মীয় অন্ধতা এবং আমাদের বানরায়ন -২(সুচের ফুটায় উট)

১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:১৮ |

আরিফুল হোসেন তুহিন

(এই সিরিজের প্রথম পর্বটা বছরখানেক আগে লেখা। আমার ব্লগজীবনে একেবারে প্রথমদিকের ব্লগ ছিলো সেটা। আমি বেশ অলস মানুষ হওয়ায় এর পরের পর্ব এত দিন লিখেছি।)

ধর্মীয় অন্ধতা এবং আমাদের বানরায়ন -১(নবীজির মেরাজ)

ধর্মীয় দার্শনিকরা যারা ধর্মকে নিরন্তরভাবে বিজ্ঞানময় করে তোলার ম্যামথ টাস্ক কাধে নিয়েছেন তাদের অধ্যাবস্যায়ের প্রতি পূর্নশ্রদ্ধা রেখেই আজকের আলোচনা শুরু করছি।

প্রায়ই বিভিন্ন যায়গায় বলতে শুনি সূচের মধ্য দিয়ে উট চলে যাবার ব্যাপারটি। এটি আমি প্রথম পড়েছিলাম আল কোরান দ্যা চ্যালেন্জ নামের একটি বইতে। বিভিন্ন সময় এই ব্লগেও অনেককে কথাটা বলতে শুনেছি। কথাটা সম্ভবত হাদীসের, কুরআনেরও হতে পারে। আমি সেই হাদীস বা কুরআনের রেফারেন্স দিচ্ছি না , আমি অলস মানুষ ঘেটে বের করতে ইচ্ছা করছে না। যাই হোক সেখানকার সার কথা গুলো হচ্ছে:

আল্লাহ তাআলা চাইলে সূচের ফুটো দিয়ে উট প্রবেশ করাতে পারেন

ধর্মীয় দার্শনিকদের কনক্লুশান:

সুচের ফুটোয় অনেক কম স্থান বিদ্যমান।তার মধ্য দিয়ে উট যাবার কথা বলার মাধ্যমে বোঝানো হয়েছে ব্ল্যাকহোল বা কৃষ্ণবিবর কে , কারন কৃষ্ণবিবরও ছোট জিনিস যার মাঝে বড় বড় বস্তু পতিত হয়।

বিজ্ঞানের বক্তব্য:

এখানে একটা বিষয় বলা প্রয়োজন আলোচনা শুরুর আগে সেটা হচ্ছে, যেহেতু এখানে ধর্মীয় স্ক্রীপচারকে বিজ্ঞানের সাথে মেলানো হচ্ছে সুতরাং বিজ্ঞানের দাবী থাকবে বিজ্ঞানের সংজ্ঞাগত বিশুদ্ধীর। এর অর্থ হচ্ছে যখন বিজ্ঞানের সাথে মেলানোর চেষ্ঠা হচ্ছে সুতরাং বিভিন্ন বিষয়কে

বৈজ্ঞানিক দৃষ্টিকোন থেকে দেখতে হবে। সমস্যা হচ্ছে অনেক সময়ই ধর্মীয় বিজ্ঞান দার্শনিকরা এই জায়গায় পিছলানো শুরু করেন। তারা বিজ্ঞানের তত্ব ব্যাখ্যায় বিজ্ঞানের পরিভাষা ব্যবহারে বেশী একটা উতসাহী হন না। এর প্রধান কারন হচ্ছে বিজ্ঞানের পরিভাষা গুলো সাধারনত ওয়েল ডিফাইন্ড থাকে। সেখানে এদিক সেদিক ধোয়াশামূলক ব্যাখ্যা করা যায় না।
আরেকটি ব্যাপার ,বিজ্ঞান কিন্তু তত্ব নিরপেক্ষ বাস্তবতা স্বীকার করে না। তাই সাধারন জীবনে সত্য আর বৈজ্ঞানিক সত্য নামে সাধারনত যে বিভাজনটা হয়ে থাকে তা পুরোপুরি ইনভ্যালিড। হ্যা অনেক বৈজ্ঞানিক সত্য দৈনন্দিন জীবনে আমাদের অভিজ্ঞতার পরিপন্থী। এখানে অভিজ্ঞতা শব্দটি খুবই গুরুত্বপূর্ন কারন অনে ক ক্ষেত্রেই আমাদের পর্যবেক্ষনের প্রাকৃতিক সীমাবদ্ধতার কারনে অনেক ঘটনা আমাদের কাছে যেভাবে **অ্যাপিয়ার** করে সত্যিকার অর্থে সেভাবে ঘটে না।সুতরাং অনেক ক্ষেত্রে আমাদের অভিজ্ঞতা ইলিউশন ছাড়া আর কিছুই না।যেমন আমরা কখোনই দৈনন্দিন জীবনে গতিশীল জড় কাঠামোতে শ্লথ ঘড়ির সম্মুখীন হই না।

এবার দেখা যাক সুচের ফুটা আর ব্ল্যাকহোলের পার্থক্য কোথায়।

সূচের ফুটা দিয়ে উট যেতে পারে না কারন উট ,সুচের ফুটার তুলনায় অনেক বড় স্থান দখল করে।

ব্ল্যাকহোলের আলোচনা শুরু করার আগে আমরা এই স্থান ব্যাপারটিকে আরেকটু rigorously সংজ্ঞায়িত করতে চাই।ইউক্লিডিয় জ্যামিতি অনুসারে স্থান শুন্যমাত্রিক বিন্দুসমূহের ত্রিমাত্রিক বিস্তৃতি। এবং ইউক্লিডিয় স্থান **সমতল।** এই বক্তব্যের অনেকগুলো কনসিকোয়েন্স আছে,
১.পিথাগোরাসের উপপাদ্যের সত্যতা(তিনমাত্রায় পিথাগোরিয়ান উপপাদ্য)
২.দুটি বিন্দুর মাঝে সর্বনিম্ন দুরত্ব হচ্ছে ঐ বিন্দু দুটোকে সংযোগকারী সরলরেখা
৩.চিরায়ত ,অর্থাত এই ইউক্লিডিয়ান স্থান অনেকটাই চিরায়ত এই অর্থে এই স্থান পরিপার্শ্ব দ্বারা প্রভাবিত হয় না।এই অনুসিদ্ধান্ত ইউক্লিডিয়ান স্থানকে একটি অ্যাবস্ট্রাক্ট অথবা সংজ্ঞাভেদে অবস্তুগত ধারনায় পর্যবাসিত করে।

এখন ব্ল্যাকহোলের আলোচনা শুরু করবার আগে আমাদের আরেকটু স্থানের সংজ্ঞার গভীরে যেতে হবে। কারন ব্ল্যাকহোল জেনারেল রিলেটিভিটির একটি প্রতিফল। আর জেনারেল রিলেটিভিটির ভিত্তি হচ্ছে অইউক্লিডিয় জ্যামিতি।

অইউক্লিডিয় জ্যামিতি টা কি?

যারা জ্যামিতি পড়েছেন সবাই ইউক্লিডের জ্যামিতির সাথে পরিচিত। ইউক্লিডের জ্যামিতিতে পাচটি স্বীকার্য বিদ্যমান। স্বীকার্য হচ্ছে প্রমান ব্যাতিরেকে যে ধারনা গুলোকে স্বীকার করে নেয়া হয়। ইউক্লিডের পঞ্চম এবং বহুল বিতর্কিত স্বীকার্যটি হচ্ছে

"যদি একটি সরলরেখা অপর দুইটি সরলরেখার উপর পতিত হয় তাহলে যে পার্শ্বে উৎপন্ন অন্ত:স্থ কোন গুলোর সমষ্টি দুই সমকোনের কম হবে সেই পার্শ্বে রেখাদুটোকে অনির্ধারিতভাবে বর্ধিত করলে রেখাদুটো পরস্পরকে ছেদ করবে"

স্বীকার্যটি যদি বুঝতে সমস্যা হয় তাহলে এই স্বীকার্যের ভিন্নরুপ গুলোর একটি উল্লেখ করছি(এটি প্লেফেয়ারের স্বীকার্য হিসেবে পরিচিত)
"যদি একটি সরলরেখা দুইটি সমান্তরাল সরলরেখার একটিকে ছেদ করে তাহলে অপরটিকেও ছেদ করবে"

আসলে এই স্বীকার্যের মুল নির্যাস হচ্ছে সমান্তরাল সরলরেখা পরস্পরকে কখোনোই ছেদ করবে না।

এখন অইক্লিডিয় জ্যামিতিতে এই স্বীকার্যটি সত্য নয়।অর্থাত অইউক্লিডিয় জ্যামিতিতে সমান্তরাল সরলরেখাসমূহ পরষ্পরকে ছেদ করে। এই কথা দেখে আৎকে উঠবার কোনো কারন নেই ,পৃথিবীর পৃষ্ঠ একটি অইউক্লিডিয় তল,দ্রাঘিমা রেখাগুলো সমান্তরাল কিন্তু তারা মেরুবিন্দুতে পরষ্পরকে ছেদ করে।

অইউক্লিডিয় জ্যামিতি কয়েকটি গুরুত্বপূর্ন কনসিকোয়েন্স:
১.পিথাগোরাসের উপপাদ্য সঠিক নয়
২.দুটো বিন্দুর মধ্যে সর্বনিম্ন দুরত্ব ঐ অইউক্লিডিয় তলের উপর নির্ভর করে। যাকে আমরা জিওডেসিক বলি। যেমন পৃথিবী পৃষ্ঠে কোন সরল রেখা আকা সম্ভব নয় পৃথিবী পৃষ্ঠের বক্রতার জন্যে। পৃথিবী পৃষ্ঠে দুটি বিন্দুর সর্বনিম্ন দুরত্ব হচ্ছে পৃথিবীর কেন্দ্রকে কেন্দ্র করে ঐ বিন্দু দুই টি দিয়ে যাবে এমন কোন বৃত্ত আকা হলে ঐ বৃত্তের পরিধি বরাবর। আন্তর্জাতিক বিমানরুট গুলো যখন নির্নয় করা হয় তখন এই পদ্ধতিতেই করা হয়। এই বৃত্তগুলোকে বৃহত বৃত্ত বলে।
৩।ত্রিভুজের তিন কোনের সমষ্টি দুই সমকোনের সমান নয়। কতটুকু পার্থক্য এটা নির্ভর করে ত্রিভুজের আকৃতির উপর।

এখন পৃথিবীর তলকে কিন্তু ইউক্লিডিয় গোলীয় জ্যামিতি দ্বারাও ব্যাখ্যা করা যায়। কিন্তু এই ক্ষেত্রে একটি যৌক্তিক সমস্যা আছে। এয়ার রুট নির্নয়ের সময় আমরা ইউক্লিডিয় গোলীয় জ্যামিতি ব্যবহার করছি। এবং আমাদের একটি অতিগুরুত্বপূর্ন তথ্য এখানে দরকার ,সেটি হচ্ছে পৃথিবীর ব্যাসার্ধ। এখন ধরা যাক একটি দ্বিমাত্রিক প্রানী গোলকের উপরিতলে বাস করে। যেহেতু সে দ্বিমাত্রিক প্রানী সুতরাং ত্রিমাত্রা সমন্ধে তার কোন ধারনাই নেই। গোলকের ব্যাসার্ধ তার কাছে পর্যবেক্ষনযোগ্য নয়। সুতরাং সে কিভাবে যদি তার বিশ্বের এয়াররুট নির্ন য় করতে চায় ,নির্নয় করবে?
গস,বোলাই,রীম্যান এরা এই প্রশ্নের জবাব দিতে গিয়েই অইউক্লিডিয় জ্যামিতি আবিস্কার করেন। গানিতিক টার্মে প্রস্তাবনাটি হচ্ছে কোনো তলের বাইরে না গিয়েই তলের বৈশিষ্ঠসমূহ নির্নয়

করা।খেয়াল করুন এয়ার রুট নির্নয় করার সময় আমাদের যে গোলকের ব্যাসার্ধ লেগেছিল সেই গোলকের ব্যাসার্ধ কিন্তু তলের বাইরের প্যারামিটার।

এখন জেনারেল রিলেটিভিটি বলে এই মহাবিশ্ব হচ্ছে স্থানকালের অইউক্লিডিয় বিস্তৃতি। অর্থাত স্থানকালের কাঠামো অইক্লিডিয় জ্যামিতি মেনে চলে। বস্তুকনাসমূহ তাদের ভরের কারনে চারপাশের স্থানকালকে বক্র করে দেয়। এবং এই বক্রতাই মহাকর্ষের প্রকৃত কারন।

এখন ছোট স্কেলে অইউক্লিডিয় জ্যামিতি ,ইউক্লিডিয় জ্যামিতিতে আসন্নীকৃত হয়।যে কারনে আমরা অইউক্লিডিয় জ্যামিতির প্রভাবে দৈনন্দিন জীবনে তেমন একটা পর্যবেক্ষন করি না।

এখন আসা যাক ব্ল্যাকহোল প্রসঙ্গে। সেখানে যা হয় তা হচ্ছে,

চন্দ্রশেখর লিমিটের বাইরে এরকম নক্ষত্রের হাইড্রোজেন জ্বালানী যখন শেষ হয়ে যায় তখন তার ভর নিজের উপরই কোলাপস করে। বিপুল পরিমানে ভর কেন্দ্রীভূত হওয়ায় চারপাশের স্থানকালের বক্রতা অস্বাভাবিক পর্যায়ে পৌছায়। এবং আলো সমূহ জিওডেসিক বা সর্বনিম্ন দুরত্বের পথ অতিক্রম করতে গিয়েই নিজের উপরই পতিত হয়। মহাকর্ষ ক্ষেত্রের শক্তিও অস্বাভাবিক পর্যায়ে পৌছায়।

ব্ল্যাখোল কিন্তু স্থানের পরিমানে কম নয়, কেবল বিপুল পরিমান স্থান নিজের উপর বক্র হয়ে আছে। ব্যখোলের যেটা কম সেটা হচ্ছে ঘটনা দিগন্তের ক্ষেত্রফল। সুতরাং ব্ল্যাক হোলে স্থান কম কথাটা অবৈজ্ঞানিক।

কিন্তু সুচের ফুটায় স্থান আসলেই কম।সুতরাং সেখানে উটের প্রবেশ অযৌক্তিক।

এই দুটোর মাঝে মিল খুজে পাওয়া কেবল বিজ্ঞান জানায় ঘাটতিকেই প্রকাশ করে ,কোনো মহিমা নয়।

(যেদিও আমি ব্যাক্তিগত ভাবে মনে করি উটের সুচের ফুটায় প্রবেশ শুধুমাত্র একটি অসম্ভব ঘটনা র মেটাফোর। সর্বশক্তিমানের ক্ষমতা উদাহরন হিসেবে ব্যবহৃত হয়েছে। এভাবে অনেক লং শটে মেলানোর চেষ্টা অনেকটাই হাস্যকর। বরং হিন্দু ধর্মে ব্ল্যাকহোলের আরও কাছাকাছি বর্ননা পাওয়া যায়। যেমন কৃষ্ণকে বলা হয়েছে সব আলো শোষনকারী। যেটা ব্ল্যাকহোলের জন্যে সত্য।এভাবে ডান বাম করে অনেক কিছুর সাথেই মেলানো যায় বিজ্ঞানকে। যদি কোনোদিন ধর্ম থেকে আগেই বলা হত ভবিষ্যত তত্বের কথা তাহলে বিষয়টি ক্রেডিবিলিটি পেত।কিন্তু সেটা কখোনই হয় না

)

আমরা বিবর্তনের পথে উল্টোদিকে না হাটি। অন্ধ বানরায়ন না ঘটে আমরা উন্নততর মানুষ হয়ে উঠি এই প্রত্যাশা রাখছি।

চলবে।

কমেন্ট

১. ১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:২৮

দুরের পাখি বলেছেন: "আমরা বিবর্তনের পথে উল্টোদিকে না হাটি। অন্ধ বানরায়ন না ঘটে আমরা উন্নততর মানুষ হয়ে উঠি এই প্রত্যাশা রাখছি। "

আমিন ।

১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:৫৭

লেখক বলেছেন: সেটাই

২. ১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:৩১

দুরের পাখি বলেছেন: ও আরেকটা কথা, আমার এই আত্নবিশ্বাস আছে যে, শুধু কোরান কেন । যেকোন র‍্যানডম পাগলের বাণী যদি মিনিট পাঁচেক লিপিবদ্ধ করে দেয়া হয় সেখান থেকে আমি কমপক্ষে একটা বৈজ্ঞানিক আবিষ্কার বের করে দিতে পারব । তবে শর্ত হচ্ছে সেটা অলরেডি আবিষ্কৃত হতে হবে ।

১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:৫৮

লেখক বলেছেন: হা হা ভালো বলেছেন

৩. ১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:৩৯

রাইডার বলেছেন: চলুক +

১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ১:৫৮

লেখক বলেছেন: ধন্যবাদ

৪. ১১ ই ডিসেম্বর, ২০০৮ দুপুর ২:৩৬

আরিফুল হোসেন তুহিন বলেছেন: সাম্প্রতিক যারা ব্লগ দেখেছেন

* ঐক্যতান
* এস বাসার
* মাকাল গালিব
* দুরের পাখি
* রাইডার

পোস্টে আমি বলেছিলাম

কেউ যদি না বলে মাইনাস দেয় আমি ধরে নিব হয় সে যুক্তিহীন অন্ধ এবং আয়োডিনের অভাবে বুদ্ধী প্রতিবন্ধী ,না হয় নিজের মত প্রকাশে সাহসী নয়। ধর্ম মানুষকে যদি কাপুরষতা শেখায় তাহলে খুব দু:খজনক।

যিনি নিজেকে বুদ্ধী প্রতিবন্ধী অথবা প্লাস্টিকের মেরুদন্ডের কাপুরুষ প্রমান করলেন তাকে ধন্যবাদ জানাই

৫. ১১ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১০:২১

প্রলয় হাসান বলেছেন: আপনার প্রোফাইলে এটা কার ছবি জানেন?

১২ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১২:৩১

লেখক বলেছেন: গর্ডন ফ্রীম্যান,কেন ছবির কপিরাইট আপনের নাকি?

প্রথম হাফ লাইফেই তো ব্যাটা মইরা গেছিল, সেকেন্ডটাতে কেমনে কেমনে আইসা পড়ল।

আপনি আবার গর্ডন ফ্রীম্যান না তো(একই পেন্সিল স্কেচ দেখতাসি)

৬. ১২ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১২:৪০

মনজুরুল হক বলেছেন:
সময় নিয়ে পড়তে হবে।
গত বছর শবেমেরাজের রাতে শমশের চাঁদু ব্ল্যাকহোল,বিগব্যঙ্ক নিয়ে মামদোবাজীর গল্প ফেঁদেছিল একটা চ্যানেলে। জোর করেই রিমোটে হাত না দিয়ে শুনেছিলাম।পরে কি অনুভূতি হয়েছিল তা আর নাই বা বললাম! এর পর শমশেরকে আর ধরার মওকা পাইনি।

টাশকি লাগার ব্যাপার হলো এই শমশের শত শত ছেলেকে বুয়েটে কী পড়িয়েছে ?!
১২ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৫০
লেখক বলেছেন: ঘিলুওয়ালা মানুষকেও অন্ধত্ব কিভাবে পেয়ে ব সে তা দেখে অবাক হয়ে যেতে হয়
৭. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১২:৪৭

নাস্তিকের ধর্মকথা বলেছেন:
খুবই ভালো লাগলো........... (বেশী কথা লেখার সময় নেই - ৩ নং টি যত তাড়াতাড়ি সম্ভব পড়ে ফেলতে চাই.....)
৮. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ ভোর ৪:১১

লুকার বলেছেন:

শমশেরের ঘিলু নাই, পুরা ধান্ধাবাজ। @মঞ্জুরুল হক

@তুহিন
প্রথম কথা হইলো, সুঁইটার ছিদ্র যদি উটের চাইতে বড় হয় , তবে সুঁইয়ের ছিদ্র দিয়ে উট ঢুকানো সম্ভব। উটের শরীর যদি ইন্জেকশন দিয়া তেলাপোকার মত নমনীয় কইরা ফালান যায় (বড় তেলাপোকা চিকন ছিদ্র দিয়া যাইতে পারে), তাইলেও সম্ভব। ফ্যান্টাস্টিক ভয়েজ নামের এক সিনেমায় দেখছিলাম একটা জাহাজরে মিনিয়েচারাইজ কইরা মানুষের শিরার ভিতরে ইনজেক্ট করে, জাহাজে থাকা ডাক্তারেরা সরেজমিনে রক্তনালীতে ভ্রমণ কইরা সমস্যাগুলাতে অপারেশন করে। উট বাবাজিরে ঐরকম মিনিয়েচারাইজ করা গেলে (ভবিষ্যতে এটা হইতেই পারে) সুঁইয়ের ছিদ্র দিয়া পার করানো সম্ভব।

এখন আসি আসল কথায়। এইরকম (রূপক) কথা দিয়া আসলে বুঝানো হইছে স্রষ্টা সবকিছুই করতে পারেন, আমরা আপাত:দৃষ্টিতে যা অসম্ভব মনে করি , তাও। কিন্তু এধরণের দাবী করাটাই হাস্যকর, কারণ স্রষ্টার আছে সব ক্ষমতা, তিনি সর্বশক্তিমান, তাইলে তিনি এইটা পারেন, ঐটা পারেন, এইসব দাবী করার মানে কি? কেউ কি সন্দেহ করতাছে তার ক্ষমতায়? আবার দেখেন, মোল্লারা যেহেতু এখন বিজ্ঞা নরে অস্বীকার করতে পারতাছে না (একসময় করতো, কিন্তু এখন প্রায় পুরা জনমত বিজ্ঞানের পক্ষে) , তাই বিজ্ঞান দিয়া ধর্মের আজগুবি বিষয়গুলা বিশ্বাসযোগ্য করতে চায়। এইজন্য আপেক্ষিকতা, কোয়ান্টাম থিওরি, বিগ ব্যাং, ব্ল্যাক হোল- যা কিছু শক্ত শক্ত শব্দ শুনে, তাই আইনা ধর্মের মধ্যে ঢুকাইয়া দেয়, সেই শব্দের অর্থ পুরাপুরি না জাইনাই। সুতরাং, তুহিন ভাই, আপনে নির্বোধ মোল্লা সম্প্রদায়ের উদ্দেশ্যে ব্ল্যাকহোলের যে ব্যাখ্যা দিলেন, সেইটা পানিতে গেল। তারা খালি ঐ শব্দটা জানে 'আধুনিক বৈজ্ঞানিক সাংঘাতিক' একটা বিষয় হিসাবে।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ সকাল ১০:১৮

লেখক বলেছেন: আপনার সাথে আমি ১০০ ভাগ একমত। এভাবে কুরআনে বিজ্ঞানকে মেলানোর চেষ্টার মাঝে দুটো ক্ষতি হয়,

১।যে বিজ্ঞানটিকে মেলানো হল (যদি সঠিকভাবে মেলানো হয়, এখনও হতে দেখি নি) তারপরও সুযোগ আছে বিজ্ঞানের নিজেরই পরিবর্তিত হয়ে যাবার। তখন ক্ষতিটা ধর্মেরই হয়। আমি আমার সিরিজের প্রথম পর্বে এটা নিয়ে আলোচনা করেছিলাম।

২।আর ভুলভাবে মেলানো হলে সচেতন বিজ্ঞানমনস্ক মানুষের ধর্মের প্রতি অশ্রদ্ধা তৈরী হবার সুযোগ আছে।

সেজন্যেই এধরনের প্রচেষ্টা সকল দিক থেকেই ক্ষতিকর।

৯. ২০ শে জানুয়ারি, ২০০৯ সকাল ৮:৫৯

সিংহ বলেছেন: +

১০. ২৭ শে জানুয়ারি, ২০০৯ বিকাল ৩:৪৪

দি ওয়ান বলেছেন: +

পড়ালেখা কেমন চলছে আপনার? ভালো থাকুন।

১১. ২১ শে ফেব্রুয়ারি, ২০০৯ রাত ১২:২২

লুকার বলেছেন:

আপনে ফিজিক্স নিয়ে আরো লেখা দেন।

১২. ২১ শে ফেব্রুয়ারি, ২০০৯ রাত ১:০১

শূন্য আরণ্যক বলেছেন: চম্ৎকার লাগলো ....

নন ইউক্লিডিয়ান জ্যামিতি সম্পর্কে কিছু জানতাম না ..... টুকরা টাকরা আইডিয়া ছিল যদিও .... সুন্দর করে লিখসেন আপনি ... আমার দাদীরে মনে হয় বুঝাইতে পারবো এখন

খারাপ লাগলো ..পুরান জিনিষ সব উল্টা হইয়া যাওয়ার কারনে ......ত্রিভুজের তিনকোনে র সমষ্টি দুইসমকোন না !

৩।ত্রিভুজের তিন কোনের সমষ্টি দুই সমকোনের সমান নয়। কতটুকু পার্থক্য এটা নির্ভর করে ত্রিভুজের আকৃতির উপর।

পৃথিবী উপরে একটা বিরাট ত্রিভুজ আকলে ২৩০ ডিগ্রি দেখাইতাছে ~

হমম এই বিদ্যা গুলি নতুন কইরা যালাইতে হবে ......

আমি চিন্তা করতাসি অন্য জিনিষ ...... ইউক্লিডিয়ান জ্যামিতি তার পরের হাজার বছর আধুনিক ছিল -- এমন কি আমরাও শিখছি ইউক্লিডিয়ান জ্যামিতি ......
যে ব্যাটা থিওরী দিল ও ইউক্লিডিয়ান জ্যামিতি শিখছে আগে ->
{
Omar Khayyám
János Bolyai , Nikolai Ivanovich Lobachevsky
Bernhard Riemann

}

ধর্মের ব্যাপার টা মনে হয় একি রকম হবে ......এক জামানা জিনিষ ঐ সময়ে আধুনিক ছিল এখন নতুন চিন্তা করতে গেলে আগের তত্ত্ব আংশিক অচল .....

গনহারে রিফর্ম করা দরকার ..

+

১৩. ১৬ ই সেপ্টেম্বর, ২০০৯ সকাল ১১:৩৫

তরু বলেছেন: প্রিয়।

১৪. ২৩ শে সেপ্টেম্বর, ২০০৯ ভোর ৪:১০

শয়তান বলেছেন: এবং শমসের সাব একজন জামাতি

১৫. ১৬ ই ডিসেম্বর, ২০০৯ রাত ৮:০৪

নষ্ট কবি বলেছেন: ভালো........

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/freefallblog/28881893

ধর্মীয় অন্ধতা এবং আমাদের বানরায়ন -৪(জেসাস ক্রাইস্ট কি ঐতিহাসিক চরিত্র-২)

১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:০৭ |

আরিফুল হোসেন তুহিন

জোডিয়াকের ক্রস নিয়ে পুনরায় আকোচনা করছি। একটি প্রাচীন সভ্যতার জন্যে কেবলমাত্র শৈল্পিক একটি চিত্র ছিল না, বাৎসরিক সৌর গতি নির্নয়ের একটি ক্যাটালগ ছিল। যোডিয়াকের ক্রশ হতেই পেগান রা নিম্নোক্ত চিহ্ন এডপ্ট করে, ইন্টারেস্টিং হচ্ছে তা ক্রিশ্চিয়ান ক্রুশের অনেক টা কাছাকাছি। পেগানের এই চিহ্ন এখনও বিভিন্ন পেগান মন্দিরে দেখ যায়।

প্রথমিক যুগে জেসাসের যে ছবিগুলো পাওয়া যায় সেগুলোতেও জেসাসের মাথার পেছনে সর্বদা ক্রশ টিকে দেখানো হয়, যার উদ্দেশ্য আর কিছুই না , সূর্যের ক্রসে মৃত্যুর পেগান সিম্বলাইজেশনের একটি ক্রিশ্চিয়ান রুপ।
সে হিসাবে জেসাসের দ্বিতীয় আগমন কেও ব্যাখ্যা করা যায়। আসলেই তিনি আবার আসবেন, প্রতিদিনই আসেন, সকালের সূর্যোদয়ের সময়।
বাইবেলের নতুন ও পুরাতন নিয়মে আরেকটি গুরুত্বপূর্ন ব্যাপার প্রকাশিত হয়েছে যা একটি অ্যাস্ট্রোলজিক্যাল মেটাফোর, তা হচ্ছে এইজ বা যুগ। এইজ বা যুগ বুঝার আগে আমাদের একটি গুরুত্বপূর্ন অ্যাস্ট্রোলজিক্যাল ফেনোমেনন বুঝতে হবে যার শাব্দিক নাম " Precession of the Equinoxes" . প্রাচীন মিশরীয় এবং অন্যান্য সভ্যতা গুলো এই ব্যাপারটি পর্যবেক্ষন করেছিল যে প্রতি ২১৫০ বছর পর পর বসন্ত আয়নায়নের সকালের সূর্যোদয় ভিন্ন রাশিতে সংগঠিত হয়(এই কথাটি উত্তর গোলার্ধের জন্যে সত্য। প্রাচীন সভ্যতা গুলোর উত্তর এবং দক্ষিন গোলার্ধের ধারনা থাকার সম্ভাবনা কম। তবে ইন্টারেস্টিং ব্যাপার হচ্ছে গ্রীস, মিশর, আক্কাদ, পারস্য, প্যালেস্টাইন ইত্যাদি অঞ্চলগুলো উত্তর গোলার্ধে অবস্থিত)সূর্যের এই আচরনের কারন বর্তমানে বোঝা যায় ।
পৃথিবী তার নিজ অক্ষে ঘূর্ননের সময় অত্যন্ত মন্থরগতিতে তার ঘূর্নন তল মন্থর গতিতে পরিবর্তিত হতে থাকে। অর্থাত ঘুর্ননের সময় পৃথিবী তার অক্ষ সাপেক্ষে একই তলে ঘোরে না। এই মন্থর ঘূর্ননতল বিচ্যুতির কারনে সূর্য বারোটি রাশি পরিভ্রমনকালে সময় নেয় ২৫৭৬৫ বছর। টলেমীর লেখাতে এই বিষয়টি গুরুত্বের সাথে বর্ননা করা আছে। প্রাচীন সকল আকাশ পর্যবেক্ষকই এই বিষয়টি বুঝতে সক্ষম হয়েছিলেন। প্রাচীন পর্যবেক্ষকরা এই ২৫৭৬৫ বছর কে অভিহিত করতেন "the great year" নামে। এই ২১৫০ বছর কে ঐ সময়কালে বসন্ত আয়নায়নের সূর্যদয় যে রাশিতে হয়েছিল ঐ রাশির নামানুসারে নাম দে য়া হয়। ৪৩০০ খ্রী পূ হতে ২১৫০ খ্রী পূ ছিল the Age of
Taurus বা বৃষ রাশির যুগ। বৃষের আক্ষরিক অর্থ হচ্ছে ষাড়। খ্রী পূ ২১৫০ হতে ১ খ্রী হচ্ছে Age of Aries অথবা মেষ রাশির যুগ। মেষ হচ্ছে ভেড়া। ১ খ্রী হতে ২১৫০ খ্রী হচ্ছে Age of Pisces, বা

মীন রাশির যুগ। মীন হচ্ছে মাছ। ২১৫০ খ্রী হতে শুরু হবে নতুন যুগ, The Age of Aquarius, বা কুম্ভ রাশির যুগ। বাইবেলে এই যুগের পরিবর্তন মেটাফোরিক্যালি উল্লেখ আছে। মুসা বা মোজেস সিনাই পর্বত থেকে টেন কমান্ডেন্টস নিয়ে যখন ফির আসলেন, তখ দেখলেন তারঅনুসারীরা একটি সোনার যাড়ের পূজা করছে। এটি দে খে তিনি রাগান্বিত হলেন, এবং ওল্ড টেস্টামেন্ট(তাওরাত)
অনুসারে তার অনুসারীদের আত্মশুদ্ধির জন্যে একে অপরকে হত্যার নির্দেশ দিলেন(এই গল্পটি কুরআনে একটু অন্যভাবে বর্নিত আছে) । এখানে মজার ব্যাপার হচ্ছে মোজেস এসেছিলেন মেষ রাশির শুরুতে। ইহুদী ধর্মেও ভেড়ার একটা আলাদা গুরুত্ব আছে। উতসবের সময় এখনও ইহুদীরা ভেড়ার শিঙ্গা বাজায়। এবং এর পূর্ববর্তী যুগ হচ্ছে বৃষ রাশির যুগ। যা হচ্ছে ষাড়। তাহলে ষাড়ের পূজার ব্যাপারটা পুরাতন যুগ শেষে নতুন যুগের আগমনের কথাই বলেছে। জেসাসের আগমন ঘটেছে পাইসিস যুগ বা মীন যুগের শুরুতে। এবং বাইবেলেও মাছে র অনুষঙ্গটি খুব বেশী। যেমন জেসাস ৫০০০ মানুষকে খাওয়ালেন রুটি এবং দুটি মাছ দ্বারা। এখনও পাশ্চাত্যে মানুষ তার গাড়ির পেছনে জেসাস ফিস লাগিয়ে থাকে। জেসাস মোজেস এর মত রা সবাই সূর্যের রিপ্রেজেন্টেশন। বিভিন্ন এইজের কারনে একবার মোজেস একবার জেসাস বলা হিসেবে ধরা হয়েছে, সেভাবেই পৌরাণিক কাহিনীগুলো লেখা হয়েছে। এই এইজ সম্পর্কে বাইবেলের সবচেয়ে গুরুত্বপূর্ন ভার্স হচ্ছে লুক(২২:১০)। এখানে শিষ্যদের কখন শেষ পাসওভার হবে এই প্রশ্নের জবাবে জেসাস বলেন:

"Behold, when ye are entered into the city, there
shall a man meet you bearing a pitcher of water...
follow him into the house where he entereth in. "

এবং মীন যুগের পরের যুগ হচ্ছে কুম্ভ যুগ। তাকে ওয়াটার বিয়ারার ও বলা হয় , কারন পৌরাণিক গাথা অনুসারে এই রাশি বসন্তে বৃষ্টি আনে। এবং এর ছবি সবসময় একজন পানির পাত্রবাহক হিসাবে আকা হয়। ভার্সটিতে সেই পানির পাত্রবাহক কে ই অনুসরন করতে বলা হচ্ছে। যা পরবর্তী এইজ যে কুম্ভ হবে সেটারই বিবৃতি।

জেসাসের পুরো চরিত্রটিই এভাবে পৌরাণিক গাথা এবং অ্যাস্ট্রোলজিক্যাল মেটাফোরের সমন্বয়ে তৈরী। তাকে প্রধানত মিশরীয় সূর্য দেবতা হোরাসের আদলে গড়ে তোলা হয়েছে। হোরাসের বিবরন আগের পর্বেই দিয়েছি। হোরাসের যে জীবনকাহিনী মিশরের লুক্সর মন্দিরের দেয়ালে ছবি এবং হায়ারোগ্লিফিক্সে মাধ্যমে খোদাই করা আছে ৩৫০০ বছর আগে থেকে। জুডো ক্রিশ্চিয়ান ধর্মের সাথে মিশরীয় সহ অনেক পেগান ধর্মের অভাবনীয় মিল পাওয়া যায়। ওল্ড টেস্টামেন্টে এরকম উদাহরন আরও আছে। যেমন মহাপ্লাবন এবং নৌয়ার নৌকা। এটি প্রাচীন অনেক ধর্মেই পাওয়া যায়। উদাহরন স্বরুপ গিলগামেশের কাহিনী যা ৪৬০০ বছরের পুরোনো। গিলগামেশের কাহিনীটি ,ওল্ড টেস্টামেন্টের কাহিনীর একেবারেই আইডেন্টিক্যাল। যেমন ঘুঘু পাখি পাঠানোর

মাধ্যমে শুকনা যায়গা সন্ধান করা হয়েছিল। আরেকটি গুরুত্বপূর্ন গল্প হচ্ছে মোজেস এর জন্ম কাহিনী।

মোজেস জন্মের পর তার মা শিশু হত্যা থেকে বাচতে একটি ঝুড়িতে করে মোজেসকে নদীতে ভাসিয়ে দেন। তারপর রাজপরিবারের একজন মহিলা তাকে বাচান।

এই গল্পটিও প্রাচীন পেগান ধর্মগুলোতে পাওয়া যায়,যেমন আক্কাদের সারগনকেও জন্মের পর তার মা শিশু হত্যা থেকে বাচাতে ঝুড়িতে করে পানিতে ভাসিয়ে দেন। তারপর রাজপরিবারের মহিলা আক্কী তাকে বাচিয়ে তোলেন।

সিনাই পর্বতে মোজেস এর টেন কমান্ডেন্টস প্রাপ্তিরও একই অবস্থা। এটিও ওল্ড টেস্টামেন্টের একটি পেগান অ্যাডাপ্টেশন।

যেমন ভারতে মানু এরকম ব্র হ্মা কতৃক নির্দেশাবলী পেয়েছিলেন।

ক্রীটের মিনোস ডিক্টা পাহাড়ে জিউসের কাছ থেকে নির্দেশাবলী পেয়েছিলেন

মিশরে মিসেস পেয়েছিলেন নির্দেশাবলী, এবং মোজেস এর মতই তা পাথরে খোদাই করা ছিল।

আর টেন কমান্ডেন্টস এর পুরোটাই মিশরীয়দের বুক অফ ডেথের ১২৫ নং মন্ত্র থেকে তুলে আনা হয়েছে।
যেমন
বুক অফ ডেথের I have not stolen" ওল্ড টেস্টামেন্টে হয়েছে"Thou shall not steal,"

বুক অফ ডেথের"I have not killed" হয়েছে "Thou shall not kill,"

বুক অফ ডেথের"I have not told lies" হয়েছে "Thou shall not bare false witness" ইত্যাদি।

প্রাথমিক যুগের খ্রীষ্ঠান ঐতিহাসিক রাও এই পেগান ধর্মের সাথে মিল গুলির ব্যাপারে সচেতন ছিলেন। যেমন প্রাচীনতম ক্রীশ্চান ঐতিহাসিকদের মাঝে অন্যতম জাস্টিন মারটর লিখেছেন "যখন আমরা বলি, জেসাস ক্রাইস্ট, আমাদের শিক্ষক, যৌনমিলন ব্যাতিরেকে জন্মেছেন,

ক্রুসিফাইড হয়েছিলেন, এবং পুনুরজ্জীবিত হয়েছিলেন, আমরা ভিন্ন কিছু বলি না যা জুপিটারের মানবী প্রনয়ের ফলে সৃষ্ট সন্তানদের সম্পর্কে তাদের বিশ্বাসীরা যা বলে" ।

অন্যজায়গায় তিনি গ্রীকদের ক্রিশ্চিয়ানিটির দিকে উদ্বুদ্ধ করতে গিয়ে বলেছেন,

"তিনি জন্মেছিলেন কুমারী মাতা হতে , সুতরাং তাদের এটি বিশ্বাসে অসুবিধা হবে না যেহেতু তারা মেনে নেয় পার্সিউসকে"

প্রসঙ্গত উল্লেখযোগ্য পার্সিউস , পৌরাণিক গ্রীক বীর,তিনিও কুমারী মাতার সন্তান ছিলেন।

জেসাস ক্রাইস্টের জীবন কাহিনী যেভাবে অলৌকিকতা দিয়ে পরিপূর্ন ,তিনি সত্যিই থাকলে ইতিহাসে তার অসংখ্য উল্লেখ থাকার কথা।

প্রায় ৬০ জন ঐতিহাসিকের লেখা পাওয়া যারা জেসাসের সমসাময়িক, ভূমধ্যসাগরীয় এলাকার। এর মাঝে ৫৬ জনের লেখায় জেসাসের কোনো উল্লেখ নেই।

বাকি চারজনের প্রথম ৩ জন হচ্ছেন প্লিনি দ্যা ইয়াংগার, স্যুটনিয়াস, ট্যাকটিয়াস।
তাদের লেখায় জেসাস ক্রাইস্ট নামক কোনো ব্যাক্তির কথা বলা নেই। বাইবেলে জেসাসের বর্ননার কিছুই তাদের লেখায় উপস্থিত নেই।

তাদের লেখায় শুধু বারকয়েক "ক্রাইস্ট" শব্দটি উল্লেখ করা আছে। আর শব্দটি দ্বারা ঐ ঐতিহাসিকরা কোনো ব্যাক্তিকে বোঝান নি। ক্রাইস্ট শব্দের শাব্দিক অর্থ তৈলাক্ত ।এই শাব্দিক অর্থেই তারা ব্যবহার করেছেন শব্দটি।

শেষজন হচ্ছে জোসেফাস।গত শতকে যখন নিরিশ্বরবাদী দর্শন তুমুল জনপ্রিয়তা লাভকরেছিল ইউরোপের পন্ডিত সমাজ, তখন চার্চ কতৃক এই ইতিহাসটি প্রচার করা হয়। যেটি গত শতকেই জালিয়াতি হিসেবে প্রমান হয়।ব্লগার বিবর্তনবাদীর কল্যানে আমরা গোয়েবলসীয় পদ্ধতি সম্পর্কে সচেতন। এটি তেমন একটি প্রচেষ্টা ছিল কিন্তু সফল হয় নি।

জুডো ক্রিশ্চিয়ান ধর্ম সম্পূর্নভাবেই পেগান ধর্ম থেকে ধার করা ,মূলত মিশরীয় ধর্ম এই দুটি ধর্মকে প্রভাবিত করেছে।এবং মিশরীয় ধর্মকে এই ধর্মদুটোর ভিত্তি বলা যায়।

জেসাস ক্রাইস্ট অন্যান্য পৌরাণিক চরিত্রের মতই একটি মিথ ছাড়া আর কিছুই নয়। এমনকি প্রাথমিক ক্রীশ্চানরাও এটি জানত। পেগান এবং হিব্রুদের অত্যাচারের ফলে অত্যাচারিত রা ক্রীশ্চান হয়ে যায়। এরকম ঘটনা ইতিহাসে বারবার ঘটেছে। যেমন উপমহাদেশে নিম্ন বর্নের হিন্দুরা

অত্যাচার হতে বাচতে দলে দলে ইসলাম গ্রহন করেছিল।ধর্মের নামে ছড়ি ঘোরানোর হাত থেকে বাচতে এরকম ঘটনা আগেও ঘটেছে। যেমন মিশরীয় দের ধর্মের অত্যাচারই হিব্রুদের জুডাইজমের দিকে ধাবিত করে। দীর্ঘদিন মিশরীয়দের সংস্পর্শে থাকার কারনেই হিব্রু বা ইহুদী ধর্ম মিশরীয় ধর্ম দ্বারা এতটা প্রভাবিত। রোমান শাসক কন্স্টানটিন খ্রীষ্ঠান ধর্মকে রাজনৈতিক কারনে ব্যবহার করেন তার রাষ্ট্রের স্ট্যাবিলাইজেশনের জন্যে। আলেকজান্দ্রিয়াতে ক্রীশ্চান পেগান রায়ট পেগান দের ভালোই ভয় পাইয়ে দিয়েছিল। তাছাড়া খ্রীষ্ঠান ধর্মগুরুরা রাজনৈতিক ক্ষমতার জন্যে বিশ্বাসীদের লেলিয়ে দিচ্ছিলেন। কনস্টানটিন তাই খ্রীষ্ঠান ধর্মকে সুসংহত ক রেন। জেসাস ক্রাইস্টের পৌরাণিক গাথাকে ঐতিহাসিক ঘটনায় রুপান্তরের চেষ্টা করা হয়, যাতে বিশ্বাসীদের দলে টানতে একটি শক্তিশালী আধ্যাত্মিক ভিত্তি থাকে। জেসাস ক্রাইস্টের জীবন কাহিনী আর দশটা মিথের মতই বিভিন্ন মানুষের হাতে লেখা হয়েছিল। অনেক আলোচনার পর   ৪ টিকে চুড়ান্ত হিসেবে গ্রহন করা হয়। কনস্টানটিনের কল্যানেই ক্রিশ্চিয়ানিটি রাজনৈতিক ক্ষমতা লাভ করে, যা মূলত তিনটি চার্চ কেন্দ্রিক ছিল। প্রাথমিক সময়ে ভ্যাটিকান নিরঙ্কুশ ছিলো না। ক্ষমতা সমান ভাবে ভাগ হয়ে তিনটি চার্চের কাছে যেত। একটি ভ্যাটিকান, একটি আলেকজান্দ্রিয়ায় এবং অপরটি বাইজেন্টাইনে। এভাবেই ধর্ম হয়ে পরে রাজনৈতিক হাতিয়ার।

(আমার ইচ্ছাছিলো এই পর্বেই লেখাটির উপসংহার, সেই সাথে সামাজিক পরিমন্ডলে ধর্মের উৎপত্তি ও বিকাশ নিয়ে,যৌক্তিকতা নিয়ে আমার নিজের কিছু ধারনা দিয়ে , শেষ করে দেব। কিন্তু এই পোস্ট টি অনেক বড় হয়ে যাওয়ায়,এই লেখার উপসংহার হবে পরবর্তী পর্ব)

কমেন্ট

১. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২২

ভ্রুক্ষেপিত জ্ঞান বলেছেন: ও ভাই
অনেক ঐতিহাসিক তার অস্তিত্বের কথা লিখে গেছেন।

তাদের মধ্যে জোসেফাস অন্যতম।
জার্মানি দার্শনিক ভেন্চুরি এবং সেন্ট পলিশ।

আর আপনি যেটা পোষ্টে দিলেন তাও কিন্তু একটা মিথ বা রুপকথা।

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:০২
লেখক বলেছেন: জোসেফাস এর লেখায় যে গলদ ছিল তা প্রমানিত হয়েছে ১০০ বছর আগে।
১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:৪৫
লেখক বলেছেন: আর একটি কথা, একটি ব্যাপারে কিন্তু সব স্কলারই একমত,

উইকিপিডিয়া থেকে কোট করছি:

The principal sources of information regarding Jesus' life and teachings are the gospels, especially the synoptic gospels: Mark, Matthew, and Luke. Including the Gospels, there are no surviving historical accounts of Jesus written during his life or within three decades of his crucifixion.

এখন ক্রিশচানরা বর্তমান ইতিহাসবিদ দের দ্বারা প্রমান করার চেষ্টা করেন যে জেসাস ছিলেন। জেসাস ছিলেন না এই তত্ত্বটিকে তারা উড়িয়ে দেন এবং ডেড থিওরী বলেন। এটার একমাত্র কারন হচ্ছে এটি অনেক ভয়ংকর সত্য ,তাই একাডেমিক্যালি এটিকে ভুল প্রমান করার চেষ্টা করেন মুল ধারার অধিকাংশ গবেষক। যেটি সমাজযন্ত্রের দাবী। খুব কম গবেষক ই সাহস করেছেন এই সত্য কে স্বীকার করার।

আপনি উইকিপিডিয়ার এই পেইজটিতে গেলেই দেখবেন যে জেসাসের ছিলেন না এই তত্ব কে বেশিরভাগ মানুষ উড়িয়ে দিয়েছেন। কিন্তু তার নাম কোন ইতিহাসে অন্তর্ভুক্ত ছিল না এটা সবাই স্বীকার করবেন। এত আলোড়ন সৃষ্টি কারী ব্যাক্তি ইতিহাসে নেই এটা কি লজিক্যাল ?

এখানে দেখুন
২. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২৪

প্রশ্নোত্তর বলেছেন: ভ্রু, আমি তোমার সাথে এই ব্যাপারে বিস্তারিত আলোচনা করতে চাই, রাজী?
৩. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২৭

ফালতু মিয়া বলেছেন: ফালতু, এসব পড়ার সময় কোথায়?
৪. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২৮

মনজুরুল হক বলেছেন: ভ্রু ককোনোই রাজি হবেন না। গতকালও দেকেচি। "কম্যু" ব্যাপারটা শুনলেই কি যেন ঘটে যায় ..... @প্রশ্নোত্তর।

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:০৩

লেখক বলেছেন: সেটাই

৫. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২৯

প্রশ্নোত্তর বলেছেন: খিকজ্ @ হক সাহেব

৬. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৩১

মনজুরুল হক বলেছেন: দেকেন! অসীম ধর্য্য আপনার! আচি ...

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:১৮

লেখক বলেছেন: ধন্যবাদ

৭. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৩২

ব্রাইট বলেছেন: "এখানে মজার ব্যাপার হচ্ছে মোজেস এসেছিলেন মেষ রাশির শুরুতে। ইহুদী ধর্মেও মহিষের একটা আলাদা গুরুত্ব আছে।"

এখানে মেষ আর মহিষ কি একই প্রাণী?

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:০৫

লেখক বলেছেন: মেষ রাশির ইংলিশ হচ্ছে Aries ।ডিকশনারি ঘেটে দেখুন Aries মানে কি?

৮. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৩৮

প্রশ্নোত্তর বলেছেন: @আরিফ

যেইতগেইস্ট মুভিটার লিঙ্কটা কি পোস্টে উল্লেখ করা সম্ভব ? অনেকেই তাহলে দেকে নিত পারত! প্রায়ই মানুষ পড়ে যতটা না বুঝে , অডিও-ভিজ্যুয়ালি সেটা তারচেয়ে সহজে বুঝতে পারে।

খুবই প্রয়োজনীয় সিরিজটির জন্য ধন্যবাদ।

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:০৭

লেখক বলেছেন: আচ্ছা দিয়ে দিচ্ছি

৯. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৪৯

|জনারন্যে নিসংঙগ পথিক| বলেছেন: পড়লাম মনোযোগ দিয়ে। রেফারেন্স গুলো পড়া না থাকায় কিছু বলার নাই।

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:১১

লেখক বলেছেন: পরের পর্বে দেয়া হবে

১০. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৫৮

ব্রাইট বলেছেন: "Taurus বা বৃষ রাশির যুগ। বৃষের আক্ষরিক অর্থ হচ্ছে ষাড়। খ্রী পূ ২১৫০ হতে ১ খ্রী হচ্ছে Age of Aries অথবা মেষ রাশির যুগ। মেষ হচ্ছে মহিষ।"

>>>>>>>>>>>>>>>>>

মেষ অর্থ ভেড়া (যতটুকু জানি)। মহিষ নয়।

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:০৬

লেখক বলেছেন: উত্তর দেয়া হয়েছে

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:১৩

লেখক বলেছেন: আর যোডিয়াক এর চিহ্ন গুলো দিচ্ছি, দেখুন তো ওটাতে কোন ভেড়া খুজে পান কিনা?

মহিষটা কিন্তু দেখা যাচ্ছে

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:১৪

লেখক বলেছেন:

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:১৭

লেখক বলেছেন: আর এখানে ছবি গুলো ক্রমানুসারে দেয়া আছে(যদি বিশ্বাস না হয় তাহলে পত্রিকায় আজকের দিন কেমন যাবে টা দেখুন।সেখানে রাশিগুলো বাতসরিক ক্রমে দেয়া থাকে)

Precession of the Equinoxes এর সাইকেলটা সাধারন ইয়ারলি সাইকেলের উল্টা। দেখুন ছবিতে উল্টা করে গেলে ষাড়ের পর মহিষ তার পর মাছের ছবি দেখা যাচ্ছে

১১. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:০৫

বৃত্তবন্দী বলেছেন: একটু দেখবেন

নানান ধর্মের মাঝে মিল

১২. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৮:৫৬

লুকার বলেছেন:

ক্রুসে গেঁথে যিশুকে হত্যা করা হয়েছিল। একটা চল ছিল ক্রুশবিদ্ধ করে হত্যার। স্পার্টাকাসের সময়েও হয়েছে।

নূহের প্লাবন, মূসার নীলনদ পার হওয়া- সবটাই মিথ নয়, কিছু ঐতিহাসিক সত্যতা আছে। যা পরে অতিমাত্রায় অতিরঞ্জিত হয়েছে ও অলৌকিক ঘটনায় রূপ দেয়া হয়েছে।

১২ রাশির ধারণা কোত্থেকে কাদের মাধ্যমে এল, উৎস কি, সে বিষয়ে কিছু লিখবেন।

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৯:৫৬

লেখক বলেছেন: ১২ রাশির ধারণা কোত্থেকে কাদের মাধ্যমে এল, উৎস কি, সে বিষয়ে কিছু লিখবেন।

---------------------------..>>>>>>>>>>>>

ভালো প্রশ্ন করেছেন,এটার সঠিকভাবে দিতে পারছি না। তবে আকাশ পর্যবেক্ষন মানুষের সভ্যতার মতই পুরাতন এতটুকু জানি ,আমি এবিষয়ে একটু জেনে আপনাকে জানাচ্ছি । অপেক্ষা করানোর জন্যে ধণ্যবাদ।

আর নুহের প্লাবন বা নীলনদ পেড়োনো ঐতিহাসিক সত্যতা সরাসরি দেখি নাই কোথাও ,এটা নিয়ে একটু খুলে বললে উপকৃত হতাম।আমি জানতে চাচ্ছি।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৩:২০

লেখক বলেছেন: মিশরীয়দের এই ধারনা ছিল। তার আগে কারও ছিল কিনা এটা এই মুহুর্তে বলতে পারছি না।

প্রথমে তারা চান্দ্র পন্জিকা উদ্ভাবন করে,

পর লুব্ধক নক্ষত্রের আবির্ভাব কাল পর্যবেক্ষন করে সৌর পন্জিকা তৈরী করে। এই সৌর পন্জিকা সম্পূর্নভাবে রাশি ভিত্তিক ছিল।এতে বারো মাস ছিল। প্রতিটি মাস ৩০ দিনের। এতে অবশিষ্ঠ ৫ দিন তারা প্রতি বছরের শেষে যোগ করে দিত। ঐ ৫ দিন কে তারা উতসবের দিন হিসেবে পালন করত। তবে তাদের সৌর পন্জিকায় ত্রুটি ছিল ।সেটা হচ্ছে প্রতি চার বছরে একদিন বেড়ে যাওয়া। এজন্যেই তারা প্রতি চার বছর পরপর একদিন যোগ করত।লিপ ইয়ারের ধারনা তারাই গোড়াপত্তন করে। এটি তারা করেছিল প্রাক রাজবংশীয় যুগে ৪২৪১ খ্রী পূ। বোঝাই যাচ্ছে কতটা আগেই মানুষ আকাশে সূর্য এবং নক্ষত্রের গতিবিধি অনুধাবনে সক্ষম হয়।

(সভ্যতার ইতিহাস পৃ: ১২৩,ড: দেলোয়ার হোসেন)

১৩. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৯:০৬

মাহিরাহি বলেছেন: আমি মুর্খ একজন মানুষ

আপনাকে কয়টা প্রশ্ন করি উত্তর দিলেই হল

পৃথিবী সৃষ্টির সবচাইতে সমর্থিত মতবাদ কি বিগ ব্যাং

বিগ ব্যাংগ কি বলে শুন্য থেকে পৃথিবী সৃষ্টি হয়েছে ?

তাই যদি হয় শুন্য থেকে উট, সুচ যাবতীয় সবকিছুই সৃষ্টি হওয়ার কথা

আর শুন্য থেকেই সবকিছুই সৃষ্টি হয়ে থাকে তাহলে যাবতীয় নিয়মাবলীর (মধ্যাকর্ষন. হাবিজাবি) আদিতে আসলে কোন নিয়ম কানুনই ছিল না।

তার মানে উটের মধ্যে সূচ কিংবা সূচের মধ্যে উট বড় ব্যপার না , যদি আপনি প্রথমেই একজন শ্রষ্টাতে বিশ্বাস করেন। যিনি শুন্য থেকে সবকিছু সৃষ্টি করেছেন , এমনকি সব নিয়ম কানুনও। আর উনি যদি শুন্য থেকে সব নিয়ম কানুন সৃষ্টি করে থাকেন তবে কোন তার কোন নিয়ম ভাংতে অসুবিধা কি?

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৯:৪৬

লেখক বলেছেন: জাম্প করে কনক্লুশানে চলে গেলেন, এই ব্লগে আমি ১বছর ২ মাস যাবত লেখছি, একটি উদাহরন দেখান যেখানে আমি বলেছি স্রষ্টা নেই.....পোস্ট বুঝে তারপর মন্তব্য করুন

১৪. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৯:৪২

জ্বিনের বাদশা বলেছেন: আপনার লেখার প্রচেষ্টার প্রসংশা করছি ... এরকম ধর্মতত্ত্বের তুলনামূলক লেখা বেশ কষ্টসাধ্য কাজ

তবে যে ব্যাপারটায় আপনাকে আরো মনোযোগী হতে হবে, সেটা হলো এরকম তুলনামূলক আলোচনায় উপসংহার টানার ক্ষেত্রে যে দুটো ধর্মের তুলনা করছেন তাদের স্ক্রিপ্টের ফিজিকাল অথেনটিকেশন ... মানে ধরুন, 'ক' ধর্মে একটি ঘটনার বর্ণিত ঘটনার সময়কাল ৫০০ বছর আগে, আর 'খ' ধর্মে বর্ণিত একই ঘটনার সময়কাল হলো ১০০০ বছর আগে ... সেক্ষেত্রে, আমরা স্বাভাবিকভাবে ধরে নেব যে 'ক' ধর্ম 'খ' ধর্ম হতে ঘটনাটা নকল করেছে
কিন্তু এটা পুরোপুরি ডিটারমিনিস্টিক সিনারিও না ... কারণ শুধু বর্ণনার উপর ভরসা করা যাবেনা এই জন্য যে বর্ণনাটা আসলে কবে বর্ণিত হয়েছে সেটা আমরা এই সিনারিওতে এখনও জানিনা

তাই চেক করতে হবে 'ক' ধর্মের ক্ষেত্রে এই ঘটনার পুরাতনতম বর্ণনা কত বছর আগের স্ক্রিপ্টে (কার্বন ডেটিং বা অন্য বেটার যেকোন উপায়েই হোক) পাওয়া গেছে, এবং একই ব্যাপার 'খ'

ধর্মের ক্ষেত্রেও বিচার করতে হবে ... তখন যদি দেখা যায় পুরাতনতম স্ক্রিপ্টটা 'ক' এর বেলা ৪০০ বছর আগে, এবং 'খ' এর বেলা ৩০০ বছর আগে -- তাহলে কিন্তু এটা বলারও সুযোগ চলে আসে যে 'খ' এর লিপিকার ৩০০ বছর আগে 'ক' এর লিপি থেকে কপি করেছেন

যেমন, আপনি উপরে বললেন, মিশরীয় বুক অভ ডেথের কোন এক চ্যাপ্টার থেকে ইহুদীদের টেন কমান্ডমেন্টস কপি করা ... টেন কমান্ডমেন্টসের প্রাপ্ত পুরাতনতম লিপি কত বছর আগের আমি জানিনা, তবে এটুকু জানি যে টলেমীর আমলে বুক অভ ডেথের প্রচুর পরিবর্তন হয়েছে , প্রচুর মডিফিকেশন হয়েছে ... কাজেই তখন যে মোজেসের টেন কমান্ডমেন্টকে কপি করে বুক অভ ডেথে ঢোকানো হয়নি সেটার নিশ্চয়তা কি?

যেমন বুক অভ ডেথ সম্পর্কে এটাও বলা হয় যে এটার কনটেন্ট কখনই কনস্ট্যান্ট ছিলোনা ... ধনী ধনী ব্যক্তিরা পয়সা খরচ করে লিপিকারকে দিয়ে নিজেদের পছন্দমতো ভার্স যোগ-বিয়োগ করিয়ে নিতো ... এটা কোন প্রমাণ বই না, এটা ব্যক্তি নিয়ে যেত মৃত্যুর পর কফিনে করে ... পরকালের দিকনির্দেশিকা হিসেবে

আপনার লেখাগুলো রেফারেন্স উল্লেখ করলে খুশী হবো , আরো প্রাণবন্ত হবে সিরিজটা

আর আপনার উপসংহারটা পড়ার অপেক্ষায় তো আছিই

আরেকটা কমেন্ট:
আগের পর্বটার ক্রস অভ জোডিয়াক আর যীশুর নানান তথ্যের মাঝের যোগসূত্র বেশ ইন্টারেস্টিং লেগেছে ... কিন্তু এবারের ইহুদীদের মহিষের শিং, যীশুর মাছ খাওয়ানো এগুলোকে একেবারে মেষের যুগ আর মীনের যুগের সাথে যোগসূত্র হিসেবে উপস্থাপনটা অনেকটা উপরের সূঁচের ভেতর দিয়ে উট/মিরাজের ঘটনার সাথে বিজ্ঞানের যোগসূত্র স্থাপনের মতোই একটু গায়ের জোরে করেছেন বলে প্রতিভাত হচ্ছে

১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৯:৫২

লেখক বলেছেন: হোরাসের কাহিনী কিন্তু হিব্রু দের ধর্মতত্ত্বের চেয়ে পুরোনো। এটা ভেরিফাই করা যায়,কারন মিশরীয় টেম্পল,পিরামিড গুলো দাড়িয়ে আছে আর হিব্রুদের সভ্যতার অনেক কিছুই পাওয়া যায়।আমি আমার শেলফে সভ্যতার ইতিহাস বইটা খুজে পাচ্ছি না। আমি একটু পর তথ্য গুলো দিনতারিখ সহ দিয়ে যাব, অপেক্ষা করুন।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:১০

লেখক বলেছেন: বইটা খুজে পাইছি (দুটো পর্বেই আপনি প্রশ্ন রেখেছেন,আমি দুটোর উত্তর একসাথে দিচ্ছি)

বই থেকে উদ্ধৃত করার আগে কিছু লজিক্যাল বিষয়ের অবতারনা করা জরুরী।
হিব্রুরা মিশর থেকে চলে গিয়েই হিব্রু সভ্যতার গোড়াপত্তন করে। সুতরাং হিব্রুরা দীর্ঘদিন মিশরীয়দের সাহচর্যে ছিল। যে কারনে মিশরীয়দের অনেক কিছু তাদের অ্যাডপ্ট করা অসম্ভব কিছু না।

হোরাসের যে কাহিনীটা বলেছি সেটা একুরেট। কারন সেটা এখনও আছে , সেটা নেয়া হয়েছে মিশরের লুক্সর মন্দিরের দেয়াল থেকে। সেই ছবিগুলোর কার্বন ডেটিং এর বয়স ৩৫০০ বছর। অন্যদিকে হিব্রুদের সভ্যতার সবচেয়ে পুরোনো নিদর্শনটির বয়স ২০২৫ বছর। রাজা সাউল হচ্ছেন সবচেয়ে পুরাতন হিব্রুদের রাজা। তার আগে হিব্রুরা ঐক্যবদ্ধ ছিল না। হিব্রু ধর্মের নিদর্শন গুলো আরো নতুন। এই প্রসঙ্গে আবার ফিরে আসছি।

মুসার আবির্ভাব খ্রী পূ ১২৫০ এর দিকে। ওল্ড টেস্টামেন্ট হতে এরকমই ধারনা পাওয়া যায়। এখানেও মুসার আবির্ভাবের ঐতিহাসিক কোনো প্রমান নেই। গবেষনা মূলত ওল্ড টেস্টামেন্ট থেকেই করতে হয়। তবে মুসার প্রবর্তিত ধর্ম অর্থাত জেহোভার উপাসনালয় গুলোর বয়স থেকেই মুসার আবির্ভাবের সময়টি ধারনা করা হয়। এখানে আবারও ওল্ড টেস্টামেন্ট এবং ইতিহাস মুখোমুখি দাড়ায়। কারন ওল্ড টেস্টামেন্টে মিশর থেকে চলে আসা ইহুদীদের দ্বারাই হিব্রু রাজ্য গড়ে উঠে এরকম ধারনা পাওয়া যায়। কিন্তু মুসার আনুমানিক আগমনকালের আগে থেকেই হিব্রু রাজ্য বিদ্যমান ছিল। যদি যুদ্ধ করে হিব্রুদের বন্দী করা হয়েছিল এই কন্সেপ্ট গ্রহন করি তাহলেও সমস্যা। কারন এই সময় মিশরীয় দের মধ্য রাজবংশের যুগ চলছিল এবং তাদের হিব্রুদের সাথে যুদ্ধের কোন রেকর্ড দেখলাম না।

টেন কমান্ডমেন্টস নিয়ে একটু সমস্যা আছে। দশটি আদেশ একেবারে এসেছিল কিনা তা নিয়ে গবেষকদের মাঝে মতদ্বৈততা আছে। মুসার সময় কিছু কিছু নির্দেশ জারি হলেও বাকি গুলো আরও পরে এসেছে। টেন কমান্ডমেন্টস(দশটি একসাথে) এর সবচেয়ে পুরাতন ম্যানুস্ক্রীপ্ট যেটা পাওয়া গেছে সেটার নাম ন্যাশ প্যাপিরাস। সেটি ১৫০-১০০ খ্রী পূ সময়কার। আরেকটি বিষয় হচ্ছে প্রাচীন হিব্রু উপাসনালয়গুলোতে টেন কমান্ডমেন্টস কখোনই দশটি একসাথে দেখা যায় নি। তাছাড়া মোজেস এর সময়কালের ঈশ্বরের ধারনা পরবর্তীকালে পরিবর্তন হয়ে যায় ফলে টেন কমান্ডমেন্টস এর চতুর্থ ধারায় পরিবর্তন লক্ষ্য করা যায় ,

বর্তমানে চতুর্থ ধারাটি হচ্ছে

You shall not make for yourself an idol, whether in the form of anything that is in heaven above, or that is on the earth beneath, or that is in the water under the earth.

এখন জিহোভার এই নিরাকার ধারনা কিন্তু মোজেস কতৃক প্রচারিত হয় নি , এমনকি মোজেস এর সময়কালীন জিহোভা ছাড়াও আরও কিছু দেব দেবীর উপাসনা করা হত। আমেরিকান ঐতিহাসিক জন ব্রাইট মন্তব্য করেন
"যদিও মোজেস প্রচলিত দেবতাদের অস্বীকার করেন নি, কিন্তু সুকৌশলে তাদের পদমর্যাদা অস্বীকার করেছেন"

নিরাকার ঈস্বরের ধারনা প্রথম নিয়ে আসেন ধর্ম সংস্কারক আমোস (এ প্রসঙ্গে ইয়াহিয়া , হোসিয়া এবং মিকাহ এর অবদানও উল্লেখযোগ্য) প্রথম নিরাকার ধারনার প্রবক্তা। মুসার জিহোভা অনেকটা জিউসের মত। তবে আরও শক্তিশালী এবং মানবীয় পার্সোনিফিকেশন হতে মুক্ত। আমোস এর আগে ইহুদীরা জিহোভাকে নিরাকার ভাবত না। তবে তার আমলেও ইহুদী ধর্মপুরোপুরি একেশ্বরবাদী হয় নি। কেনানাইটদের দেবতার পূজাও হ ত। ইহুদী ধর্মকে পুরোপুরি নিরাকার একেশ্বরবাদীতে পরিনত করেন যিরিমিয়াহ(৬২৫ - ৫৮৬ খ্রী পূ)।

আর বুক অফ ডেথ কিন্তু একটি ছিল না। মৃত ব্যাক্তিদের মমির সাথে পুরোহিতরা মন্ত্র লেখা প্যাপিরাস রাখতেন। সেগুলোর সংকলনই বুক অফ ডেথ। এগুলো মিশরের পিরামিড থেকে উদ্ধার করা হয়েছে।
নতুন রাজবংশের আগে বুক অফ ডেথ সংকলিত ও স্ট্যান্ডার্ডাইজড হয় নি । তবে বুক অফ ডেথের আরো পুরাতন বিক্ষিপ্ত প্যাপিরাস পিরামিড গুলোতে পাওয়া যায়।

এখন নতুন রাজবংশের সময়কাল দেখুন:
১৫৭৩-৩৩২ খ্রী .পূ. নতুন রাজবংশ কিন্তু মোজেসের আগমন থেকে তো অবশ্যই হিব্রু সভ্যতার চেয়েও পুরাতন। ফারাও চতুর্থ আমহোটেপ এর সময় এই সংকলন হয়। আমোন হোটেপের রাজত্বকাল ১৩৭৫ থেকে ১৩৫৮ খ্রী পু। তাহলে এটা দাড়াচ্ছে যে

মোজেস আসবার আগেই, এমনকি প্রথম ঐক্যবদ্ধ হিব্রু রাজার আগেই বুক অফ ডেথ সংকলিত হয়েছে

এখন পর্যন্ত সম্পূর্ন ভাবে সংকলিত অবস্থায় পাওয়া গেছে এরকম সবচেয়ে পুরাতন বুক অফ ডেথের নাম প্যাপিরাস অফ আনি। ২৪০ খ্রী পূ।

তাহলে পাওয়া গেছে এবং সংকলিত অবস্থায় এরকম বুক অফ ডেথও ,সংকলিত টেন কমান্ডমেন্টস এর চেয়ে পুরোনো। যদি সংকলন কাল কে ধরি তাহলেও বুক অফ ডেথ মুসার চেয়ে পুরোনো।

তথ্যসুত্র:

সভ্যতার ইতিহাস-ড: দেলোয়ার হোসেন

উইকিপিডিয়া(ট্যাব গুলা ভুলে বন্ধ করে ফেলছি, একটু কষ্ট করে টেন কমান্ডমেন্টস সার্চ দিয়েন,অবশ্য তথ্য খুব বেশী ব্যাবহার করি নাই ঐখান থেকে ,বই থেকেই বেশীর ভাগ আসছে।)

আর http://www.aldokkan.com এখানে বুক অফ ডেথ সম্পর্কে তথ্য পাবেন

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:১৩

লেখক বলেছেন: একটু ভুল হয়েছে , প্রথম দিকে আমি একজায়গায় হিব্রুদের সমসাময়িক হিসেবে মধ্য রাজবংশ বলেছি, নতুন রাজবংশ হবে।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:২৮

লেখক বলেছেন: আর জোর করে মেলানোর যে প্রসঙ্গটার কথা বললেন,

আমি নিজেও এই ব্যাপারটি পোস্টে অন্তর্ভুক্ত করবো কি না সেটা নিয়ে সন্দেহে ছিলাম।

কিন্তু খেয়াল করুন

মোজেস এর আগমন একজ্যাক্টলি এইজ অফ এরিস এর সময় হয়েছে, জেসাসেরটাও একজ্যাক্টলি এইজ অফ পাইসিস এর সময় হয়েছে, মুসার আগের এইজটার সিম্বল ষাড় এবং মুসাও ষাড় দেখে রেগে গেলেন, জেসাস লাস্ট পাসওভারের স্থান জানতে চাইলে তিনি পানির পাত্র ওয়ালা একজন মানউষের কথা বলছেন এবং তার পরের এইজের সিম্বল পানির পাত্রওয়ালা মানুষ,
এবং তার ভক্তদের বলছেন

"I will be with you even to the end
of the world. "(ম্যাথিউ ২৮:২০) এখানে একটু বলা প্রয়োজন এখানে বাইবেলের কিংস জেমস ভার্সন ব্যবহার করা হয়েছে ,সবজায়গায় এখন হয়। এবং এখানে ওয়ার্ল্ড শব্দটি একটি মিসট্রান্সেলশন ,একচুয়াল শব্দটি ছিল aeon যার অর্থ এইজ।
অনেক বেশী কাকতালীয় ঘটনা হয়ে গেল না?

১৫.১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১০:০৬

মনজুরুল হক বলেছেন:

জ্বিনের বাদশা 'র আলোচনাটা পরিশ্রমী। বুদ্ধিদীপ্ত।

সময়কাল একটা অতি বিব্যে বিষয়। আশা করব আরিফ তার শেষ পর্বে পুরো বিষয়টার কনক্লুশন টানবেন,এবং সেখানে এই তুল্য বিচারটারও বিস্তারি ত এসে যাবে।রচনার ধারা দেখে মনে হচ্ছে সেটা আসবে।

ধন্যবাদ সকল আলোচনাকারী এবং পরিশ্রমী লেখককে।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:১৫

লেখক বলেছেন: আপনাকেও ধন্যবাদ,কয়েকদিন ধরে খাটতেছি এই লেখাটা নিয়ে।

১৬. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১০:০৭

ভ্রুক্ষেপিত জ্ঞান বলেছেন: এই পোষ্টে আবার কম্যু কই থেকে এল ??

@মনজুরুল হক

১৭. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১০:১৪

মনজুরুল হক বলেছেন:

না ভাই ভ্রুক্ষেপিত জ্ঞান। কাইলকার পোস্টেও ছিল না। কিন্তু আপনি আইসাই দেকলাম কম্যু 'রে মাইরা সেই লাশের কফিনে পেরেক ঠুইকা দিলেন!

১৮. ১৩ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১০:১৬

মনজুরুল হক বলেছেন: সংশোধনঃ ১৫ নম্বর মন্তব্যঃ "বিব্যে" > বিবেচ্য।

১৯. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:২০

ব্রাইট বলেছেন: তুহিন সাহেব, আপনি ভুলভাল যাই লিখেন সেইটা আমার সমস্যা না। আর ভুল দেখিয়ে দিলে যদি উল্টা "গিয়ান" দিতে আসেন সেইটাও আমার সমস্যা না।

আপনি লিখেছেন "মেষ হচ্ছে মহিষ"। আমি বলেছি "মেষ" অর্থ "ভেড়া"। বাংলা মেষ নিয়ে কথা হচ্ছে। আপনি ইংরেজী "Aries" কে টেনে আনছেন কেন? "Aries" এর বাংলা অনুবাদ "মেষ" নয়। আর "মেষ" এর ইংরেজী অর্থ "Aries" নয়। দুইটাই দুইভাষঅয় নাম। ইংরেজীতে "Aries" কয়। আর বাংলায় সেইটারে "মেষ" নাম দিছে।

বাংলা "মেষ" শব্দের অর্থ "ভেড়া"। বাংলা একাডেমীর ডিকশনারী ঘাইটা দেইখা লন গিয়া।

নীচে একটা অনলাইন অভীধান থেকে উদ্ধৃতি দিলাম। (সংসদ বাংলা অভিধান।)

তবে পুস্টে আপনার গিয়ান দেইখা মুগধো হইলাম।

>>>>>>>>>>>>>>>>>

মেষ বি. 1 ভেড়া, মেড়া ('মানুষ আমরা, নহি ত মেষ': দ্বি. রা.); 2 (জ্যোতিষ.) রাশিচক্রের প্রথম রাশি; 3 (আল.) ভেড়ার মতো নিরীহ ও নিস্তেজ ব্যক্তি। [সং. √ + অ]। স্ত্রী. মেষী।˜ .চারণ বি. ভেড়া চরানো।˜ .পালন বি. অনেকসংখ্যক ভেড়া ব্যবসায়ের জন্য পালন।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৩৮

লেখক বলেছেন: ধন্যবাদ ভুল ধরিয়ে দেবার জন্যে ,আমি যোডিয়াক চিহ্নটা দেখে ওটাকে মহিষ ভেবেছিলাম।

ওটাকে আসলেই মহিষের মত লাগে .....আসলে এরকম সিং ওয়ালা ভেড়া দেখি নাই তো। আমি আমার সোর্সে বাক্যটা এভাবে লেখা আছে,

The reality is that the golden bull
is Taurus the Bull, and Moses represents the new
Age of Aries the Ram.
This is why Jews even today still blow the Ram's
horn.

আমি অনুবাদে ভুল করেছি এজন্যে ক্ষমা চাচ্ছি।

তবে এই শব্দার্থের সমস্যা ছাড়া আর কোন মন্তব্য নেই?

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৪৪

লেখক বলেছেন: আপনার কাছে যেহেতু ক্ষমা চেয়ে নিয়েছি সেহেতু এখন পোস্ট টা এডিট করে দিলে আপনি আবার জালিয়াতির অভিযোগ তুলবেন না তো ?

আর ওটা মহিষ হোক আর ভেড়া হোক, তাতে কিন্তু পোস্টের মুলভাবের কোন পরিবর্তন ঘটে না,এটা স্বীকার করবেন তো?

আমি তথ্য ম্যানিপুলেট করি নি অনুবাদে ভুল করেছি। আর ইহুদীরা যে আসলেই ram এর শিং ব্যবহার করেন তা জানার জন্যে একটু কস্ট করে উইকিপিডিয়াতে জিউইশ লিখে সার্চ দিন।

২০. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:২৬

ব্রাইট বলেছেন: আপনার গিয়ান ভান্ডার আরেকটু সমৃদ্ধ করেন নীচের তথ্য দিয়া-

Aries (n.) A battering-ram.
Aries (n.) A constellation west of Taurus, drawn on the celestial globe in the figure of a ram.
Aries (n.) The Ram; the first of the twelve signs in the zodiac, which the sun enters at the vernal equinox, about the 21st of March.

বাকীটা দেইখা লন এইখানে গিয়া

http://dictionary.reference.com/browse/Aries

কোথাও তো মইষের নাম গন্ধ পাইলাম না

২১. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৩৪

বৃত্তবন্দী বলেছেন: সরি তুহিন সাহেব আমিও কোন ডিকশনারীতে Aries অর্থ মহিষ বা ঐ রিলেটেড কিছু পেলাম না। সব খানেই Ram দেখলাম।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৩৯

লেখক বলেছেন: উত্তর দিয়েছি, আমার অনুবাদে ভুল ছিল।

২২. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৪১

বৃত্তবন্দী বলেছেন: সবাই ভুল স্বীকার করার মতো সৎসাহসী হয় না... আপনাকে ধন্যাবাদ...

২৩. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৪২

ব্রাইট বলেছেন: নাহ। আর কোন মন্তব্য নাই। এসব ব্যাপারে আমার গিয়ান শিশুর সমতুল্য।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ২:২৫

লেখক বলেছেন: কোনো মন্তব্য নেই?

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ২:২৬

লেখক বলেছেন: কোনো মন্তব্য নেই?

২৪. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৪৩

জাতিশ্বর বলেছেন: আইচ্চা। একন দেখতাসি মেষ না মহিষ এইটাই আলুচুনা। আসেন মূলে যাই। থ্যাংকু আরিপ ভাই।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ২:২৬

লেখক বলেছেন: ধন্যবাদ

২৫. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ২:৩০



দ্বিতীয়নাম বলেছেন: আর এই মিথ, গালগল্পগুলা কোরান তথা মুসলমানরাদেরও উত্তরাধিকারসূত্রে ঈমানী সম্পদ।

২৬. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ২:৪৩

ব্রাইট বলেছেন: "The Man From Earth" ছবিডা দেকচেন্নি?

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৩:০৯

লেখক বলেছেন: নাহ......চাদে মানুষ নিয়া নাকি ?

২৭. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৩:১৭

ব্রাইট বলেছেন: না, খুবই একটা সাধারন ছবি। একটা লোক ১৪ হাজার না ৪০ হাজার বছর ধইরা বাইচা আছে। ওইখানে কইছে কেমনে যীশু তৈয়ার হৈলো।

১৪ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৩:২১
লেখক বলেছেন: না দেখি নাই, দেখার ট্রাই করব
২৮. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ ভোর ৪:৩৫

লুকার বলেছেন:
@পোস্টদাতা

পঞ্জিকার ইতিহাস জানতে চাই নাইরে ভাই।
রাশিচক্রের মত সর্বগ্রাসী গাঞ্জাখুরী ধারণা কোত্থেকে আইল সেইটা জিগাইছি। জ্যোতির্বিদ্যা না , জ্যোতিষবিদ্যা।

আর আমারে যেইটা জিগাইছেন, সেইগুলা বিভিন্ন বইয়ে পড়ছি, ডকুমেন্টারিতেও দেখছি। কিন্তু নাম মনে রাখি নাই। কোন কোন ঘটনার কিছু এদিক -ওদিক বর্ণনা এতসব সূত্র থেইকা পাওয়া যায় যে মনে করা যাইতে পারে, কিছু একটা ঘটছিল। সেটা হয়তো স্থানীয় ঘটনা , কিন্তু তখনকার মানুষের সীমিত ভৌগলিক জ্ঞানে এবং ভক্তকূলের রং চড়ানোর ফলে তা হাজার বছরে ছুনিয়াব্যাপী বিশাল কাহিনীতে রূপ নিছে। এইসবের ঐতিহাসিক ভিত্তি নয়া কিছু গবেষণাও হইছে।
১৪ ই ডিসেম্বর, ২০০৮ সকাল ১০:১৩
লেখক বলেছেন: ও আচ্ছা এটা বলতে পারব না,আর্যদের মাঝে প্রচলিত ছিল,চীনারাও এটা বের করেছিল। তবে চীনাদের রাশিগুলো একটু অন্যরকম ছিল।মিশরেও পুরোহিতরা ভবিষ্যত গুনতেন
২৯. ১৪ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৫:৫৫

রবিন০৪ বলেছেন: দ্বিতীয়নাম@ আর এই মিথ, গালগল্পগুলা কোরান তথা মুসলমানরাদেরও উত্তরাধিকারসূত্রে ঈমানী সম্পদ।
সত্য কথা। যীশু না থাকলে হযরত মোহাম্মদ্ও মনে হয় এক প্রকার মিথ। কারণ একটার সাথে আর একটার সর্ম্পক আছে।
৩০. ১৫ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৪৪


নাস্তিকের ধর্মকথা বলেছেন:
অসাধারণ.......

আপাতত একটি বইয়ের নাম পেলাম- সভ্যতার ইতিহাস,- ড: দেলোয়ার হোসেন, এবং কষ্টের কথা- এটি আমার ব্যক্তিগত পাঠাগারে নেই, আশা করছি শীঘ্রই এই বইটির পদধুলি পড়বে (প্রকাশনী বা প্রাপ্তিস্থান জানিয়ে কি বাধিত করবেন?)। তবে বাকি সূত্রগুলোর জন্য এখনও অপেক্ষায় আছি।

যেহেতু পুরো আলোচনা এখন শেষ হয়নি - সেহেতু বেশী কিছু এবারো বলছি না , তবে কেন জানি মনে হচ্ছে একটা ফাঁক থেকে যাচ্ছে।
"আপনি উইকিপিডিয়ার এই পেইজটিতে গেলেই দেখবেন যে জেসাসের ছিলেন না এই তত্ব কে বেশিরভাগ মানুষ উড়িয়ে দিয়েছেন। কিন্তু তার নাম কোন ইতিহাসে অন্তর্ভুক্ত ছিল না এটা সবাই স্বীকার করবেন। এত আলোড়ন সৃষ্টি কারী ব্যাক্তি ইতিহাসে নেই এটা কি লজিক্যাল?" শুধু এতটুকুতেই এত আলোড়ন সৃষ্টকারী ব্যক্তি আদপে ছিলেন না বলে রায় দেয়াটাকেও লজিক্যাল মনে হয় না।

গসপেল গুলোর ইতিহাস, সেগুলোতে আসা জেসাস সম্পর্কিত তথ্য, জেসাসের কর্মস্থল, সময়, সেই স্থানে ও সেই আমলে গসপেলে উল্লেখিত ব্যক্তিবর্গ..... প্রভৃতিকে যদি প্রাপ্ত অন্যান্য ইতিহাসের সাথে মিলিয়ে দেখা যায়- তবে কি পাওয়া যায়; অসঙ্গতি ধরা পড়লে সেগুলো কোন মাত্রার..... ইত্যাদি।

ইতিহাসের কোন একজন চরিত্রকে মিথ্যা দিয়ে কি তৈরী করা সম্ভব? এই প্রশ্নটিই খুব করে বাজতেছে।

১৫ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৫৩

লেখক বলেছেন: একই প্রবলেম কিন্তু মোজেস এর অস্তিত্ব নিয়েও। তার আগের রাজা সাউলের ইতিহাস আছে, ডেভিডের ইতিহাস আছে কিন্তু মোজেসের টা তে ফাক আবার তার পরে সলোমনের ইতিহাস আছে।

গসপেলের সবচেয়ে বড় গলদ সেগুলো জেসাসের দাবীকৃত অন্তর্ধানের অনেক বছর পর লেখা। এবং অধিকাংশ গসপেলই তীব্র পরস্পরবিরোধীতায় পরিপূর্ন ছিলো। সেগুলো থেকে মোটা মুটি একরকম চারটাকে নানা রকম কাট ছাট করে রোমান সম্রাট কনস্টানটিনের সময় বর্তমানটার কাছাকাছি নিউ টেস্টামেন্ট দাড় করা হয়।

আর বইটা নীলক্ষেত থেকে কিনেছিলাম।বিশ্ববিদ্যালয় প্রকাশনীর

১৫ ই ডিসেম্বর, ২০০৮ রাত ১:৫৫

লেখক বলেছেন: "ইতিহাসের কোন একজন চরিত্রকে মিথ্যা দিয়ে কি তৈরী করা সম্ভব? এই প্রশ্নটিই খুব করে বাজতেছে।"

গসপেলের ঐতিহাসিকতার কিছু সমস্যা আমি খুজে পেয়েছিলাম , আমার ডাইরীতে লেখা ছিল কিছু, ...আমি খুজে এখানে কমেন্টে দিয়ে যাব।

৩১. ১৫ ই ডিসেম্বর, ২০০৮ রাত ২:৩২

নাস্তিকের ধর্মকথা বলেছেন:

১। চারটি গসপেলই (বা অন্যগুলোও) কি অনেক পরে লিখিত? অনেক পরে মানে আনুমানিক কত বছর?

২। ২১৫০ না-কি ১২৫০? আপনার থেকেই কোট করছি.......

কিন্তু খেয়াল করুন
মোজেস এর আগমন একজ্যাক্টলি এইজ অফ এরিস এর সময় হয়েছে,
জেসাসেরটাও একজ্যাক্টলি এইজ অফ পাইসিস এর সময় হয়েছে,.....

......

মুসার আবির্ভাব খ্রী পূ ১২৫০ এর দিকে। ওল্ড টেস্টামেন্ট হতে এরকমই ধারনা পাওয়া যায়।

....

খ্রী পূ ২১৫০ হতে ১ খ্রী হচ্ছে Age of Aries অথবা মেষ রাশির যুগ। মেষ হচ্ছে ভেড়া। ১ খ্রী হতে ২১৫০ খ্রী হচ্ছে Age of Pisces, বা মীন রাশির যুগ। মীন হচ্ছে মাছ। ২১৫০ খ্রী হতে শুরু হবে নতুন যুগ, The Age of Aquarius, বা কুম্ভ রাশির যুগ।

১৫ ই ডিসেম্বর, ২০০৮ রাত ২:৫৩

লেখক বলেছেন: ১২৫০ খ্রী পূ কারেক্ট। ঐ খানে একজাক্টলি শব্দটা ব্যবহার করাটা ভুল হয়ে গেছে,তবে যুক্তিটা ছিল সময়কালের। আমি ব্যাক্তিগত ভাবে কাকতালীয় ব্যাপার নিয়ে সিদ্ধান্ত টানা পছন্দ করি না,আমি অনেকটাই কনফিউজড ছিলাম এই এইজের ব্যাপারটা কে যুক্তি হিসেবে

গ্রহন করবো কি না।

হ্যা চারটাই পরে লেখা হয়েছে এ ব্যাপারে নিশ্চিত ।দাবী করা হয় তারা ১০০ খ্রীষ্টাব্দের কাছাকাছি লেখা হয়েছিল। কিন্ত ১৫০ শতকের আগে সেগুলো মানুষের কাছে প্রচলিত ছিল এরকম কোন প্রমান নেই। ১৮০ শতকের দিকে গসপেলগুলো সংকলিত হতে থাকে। এর আগে বিভিন্ন গসপেলগুলো বিচ্ছিন্ন অবস্থায় পাওয়া যেত।

আমার কাছে বাইবেলের ইতিহাস নিয়ে একটা পিডিএফ আছে আমার পেনড্রাইভে। ওটা দেখে আপনাকে আরও সঠিকভাবে তথ্য টা কমেন্টে দিয়ে দিব

রোমান সম্রাট কন্সটান্তিনের সময় অন্য গস্পেল গুলো অধিকাংশই পুড়িয়ে ফেলা হয়েছিল। দুই একটা হয়ত পরবর্তীতে পাওয়া গিয়েছিল,না দেখে এখন বলতে পারছি না।

তবে কোনো গসপেলই ৭০ খ্রী এর আগে লেখা হয় নি এটা প্রমানিত।

আর ঐ সময়ে জেসাসকে ঐতিহাসিক চরিত্র ভাবাও হত না। এই আরোপিত ঐতিহাসিকতা কিন্তু কনস্টানটিনের সময়ের সেইন্ট দের অবদান

১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৩:২৪

লেখক বলেছেন: গসপেল সম্পর্কে আরো কিছু তথ্য

অন্যান্য সুসমাচার গুলো যেহেতু সংকলিত হয় নি আলোচনা করা যেতে পারে প্রমান্য চারটি সুসমাচার দিয়েই।

এর আগে সেন্ট পল বা জুডিও ক্রিশ্চিয়ানিটির ব্যাপারে একটু ভুমিকা প্রয়োজন।

দ্বিতীয় শতকে সেন্ট অগাস্টিন সুসমাচার সমুহ কে প্রত্যক্ষদর্শীদের লেখা বলে দাবী করেছইলেন। এই দাবীর পেছনে যৌক্তিকতা অবশ্য শূন্যে র কাছাকাছি। এমনকি সুসমাচার গুলোর মাঝেই তথ্যের বৈপরিত্য আছে। এই দাবীর ফলে আরেকটি প্রশ্ন এসে যায় মার্ক।মথি,লুক,যোহান এরা কারা?

তাদের সম্পর্কে ঐ সময়ে যে পরিচয় তুলে ধরা হয়েছিল সেগুলো একটু উল্লেখ করি ,

মথির সম্পর্কে বলা হয়েছে তিনি ক্যাফারনমের টোলঘরের কাস্টম অফিসার ছিলেন। তিনি আরোমিক এবং গ্রীক উভয় ভাষা জানতেন। লুকের সম্পর্কে বলা হয়েছে তিনি এখজন জনপ্রিয় চিকিতসক। আর যোহান সম্পর্কে বলা হয়েছে তিনি গালীলী সমুদ্রের জেলে জেবেদীর পুত্র।

অথচ আধুনিক গবেষনায় দেখা যাচ্ছে এই দাবীগুলো আদৌ সত্য নয়।
এবং খ্রীষ্ট ধর্ম জেসাসের অন্তর্ধানের পর যেভাবে চলেছিল বলে ধারনা করা হয়েছিল সেভাবে চলে নাই। দ্বিতীয় শতাব্দীর দ্বিতীয়ার্ধ পর্যন্ত দুটি গোস্ঠীর মাঝে তীব্র সংঘাত ছিল। একটি হচ্ছে জুডিও ক্রিশ্চিয়ানিটি অপরটি পোলপন্থী ক্রীশ্চিয়ানিটি।

জুডিও ক্রীশ্চান গোত্র তাদের জন্যে যে সুসমাচার রচনা করে সেগুলো হচ্ছে ক্লেমেন্টর সুসমাচার , টমাসের সুসমাচার (এ নিউ প্রেজেন্টেশন অফ দি অরিজিনস অফ ক্রিশ্চিয়ানিটি:জুডিও ক্রিশ্চিয়ানিটি , কার্ডিন্যাল ড্যানিয়েলু)। এসব সুসমাচারকে বলা হয় এপোক্রাইফা। জুডিও ক্রিশ্চিয়ানিটি তখন প্রভাবশালী মতবাদ ছিলো। গালাতিয়া, করিন্থ, রোম ,এন্টিয়ক ,ফ্রিজিয়াতে জুডিও ক্রিশ্চিয়ানিটি ব্যাপক প্রসার লাভ করে। কার্ডিনাল ড্যানিয়েলুর একটি উদ্ধৃতি এখানে দেয়া প্রয়োজন

'১৪০ খ্রীষ্টাব্দে ইহুদীদের বিদ্রোহের' আগে জুডিও ক্রিশ্চয়ানিটি মতবাদই প্রভাবশালী ছিল। '

৭০ খ্রীষ্টাব্দ থেকে বর্তমান সুসমাচারগুলো লেখা শুরু হয়। এবং এই সুসমাচার গুলো লেখাই হয়েছিল বিরাজমান সংঘাত মোকাবেলা করার একটি নিমিত্ত হিসেবে। একারনেই সম্ভবত এই সুসমাচার গুলোতে ইহুদী বিদ্বেষ প্রবল। কারন জুডিও ক্রিশ্চিয়ানিটি মতবাদ ইহুদীদের অনেক কিছু গ্রহন করেছিল। আর পোলপন্থীরা রাজনৈতিক অধিকার লাভের জন্যে ইহুদীদের সংস্পর্শ থেকে দুরে যেতে চেয়েছিল। সেটাই স্পিরিচুয়ালি ইহুদীকে মাইনাস করার প্রবনতা থেকে এই সুসমাচারের জন্ম। এরকম উদ্দেশ্যমুলক লেখায় সত্যের অপালাপ ঘটা স্বাভাবিক , এবং এই লেখাগুলোতেই জেসাসের অলৌকিকতা বাড়াবাড়ি পর্যায়ে দেখানো হয়। সম্ভবত সাধারন বিশ্বাসীদের দলে টানার জন্যেই আরো শক্তিশালী জেসাসের প্রয়োজন ছিল। সুতরাং এই সুসমাচার গুলো রাজনৈতিক উদ্দেশ্যে লেখা।

ফাদার কনেন গিয়াস এই চারটি গসপেলকে "বিরুদ্ধপক্ষীয়দের মোকাবেলায় রচিত" বলে উল্লেখ করেন। পরবর্তীতে যখন পোলপন্থীরা প্রভাব বিস্তার করে তখন তারা অফিশিয়ালি তাদের লেখা সুসমাচারগুলোকেই প্রামান্য হিসেবে নেয়। এভাবেই জুডিও ক্রীশ্চানদের একজন আধ্যাত্মিক জেসাসের ইমেজের যায়গায় প্রবল অলৌকিক ক্ষমতাসম্পন্ন জেসাসের ইমেজ প্রতিষ্ঠিত হয়।

৭০ সালে এই সুসমাচারগুলো লেখা হলেও এগুলো ব্যাপকভাবে প্রচার পায় ১৪০ খ্রী এর পর। আরো পরে ১৮০ এর দিকে বিচ্ছিন্ন সুসমাচার গুলো সংকলিত হতে থাকে।

৩২. ১৫ ই ডিসেম্বর, ২০০৮ রাত ২:৫৭


নাস্তিকের ধর্মকথা বলেছেন:

৩। *জোসেফাস এর লেখায় যে গলদ ছিল তা প্রমানিত হয়েছে ১০০ বছর আগে।*
জোসেফাসের লেখায় কি ধরণের গলদ ছিল। এবং জেসাস সংক্রান্ত সব কথা সঠিক না হলেও সেটাতে কিভাবে প্রমাণ হয় জেসাস চরিত্রটিই তার বানোয়াট-মিথ্যা।

৪। *প্রায় ৬০ জন ঐতিহাসিকের লেখা পাওয়া যারা জেসাসের সমসাময়িক, ভূমধ্যসাগরীয় এলাকার। এর মাঝে ৫৬ জনের লেখায় জেসাসের কোনো উল্লেখ নেই।*
বাকি চারজনের প্রথম ৩ জন হচ্ছেন প্লিনি দ্যা ইয়াংগার, স্যুটনিয়াস, ট্যাকটিয়াস।
তাদের লেখায় জেসাস ক্রাইস্ট নামক কোনো ব্যাক্তির কথা বলা নেই। বাইবেলে জেসাসের বর্ননার কিছুই তাদের লেখায় উপস্থিত নেই।
সমসাময়িক ঐতিহাসিকদের লেখায় সে সময়ের কোন একটি চরিত্র উপেক্ষিত থাকতেই পারে, এটা খুবই স্বাভাবিক এবং এমনটি ইতিহাসে ঘটেছেও। মনে রাখতে হবে - আলোড়ন সৃষ্টিকারী ব্যক্তিটি খৃস্টধর্ম অনুসারীদের বিশ্বাস মোতাবেক যে জেসাসের আমলেই আলোড়ন সৃষ্টি করেছিলেন- তেমনটি নাও হতে পারে। একটা অঞ্চলের মানুষকে দারুন নাড়া দিয়েছিলেন সত্যি , কিন্তু তারা ছিল পরাজিত পক্ষ, এবং মুলল নেতাকে কিন্তু হত্যাও করা হয়। এবং দেখা গেছে যে , ইতিহাস পরাজিতদের জন্য অনেকসময়ই খুব নিষ্ঠুর আচরণ করেছে। ফলে , এই লোকটি যতখানি আলোড়ন সৃষ্টি করেছে- তা সে সময়ের উল্লেখযোগ্য ঐতিহাসিকদের আলোড়িত না-ও করতে পারে, বা এমনও হতে পারে আলোড়িত হওয়া ঐতিহাসিকদের কথা আমাদের সময় পর্যন্ত পৌছায়নি- বিরুদ্ধ পক্ষের কারণেই হয়তো। এবং ইতিহাসে এমন উদাহরণও ব্যাপক আছে। ফলে, সমসাময়িক লিপিবদ্ধ ইতিহাসে জেসাসের নাম না থাকলেও- তার আদপে না থাকাটা খুব বেশী কি ইললজিক্যল মনে হচ্ছে?

১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৩:৫০
লেখক বলেছেন: জোসেফাস এর সম্পর্কে আরো বিস্তারিত জেনে তারপর বলব।

এই প্রসঙ্গে আমার ব্যাক্তিগত অভিমত সুসমাচার সমুহ থেকে জেসাসের যে পরিচয় পাওয়া যায় সেই পরিচয়ের একজনকে ইতিহাসের এণ্ট্রী না থাকা খুবই অস্বাভাবিক। কারন ঐ সময়ের

জেরুসালেম, প্যালেস্টাইনের অনেক ইতিহাস পাওয়া যায় যাদের মাঝে জেসাসের কোন উল্লেখ নেই। তাছাড়া ক্রুসিফিকশনের সময় আমরা দেখি কিভাবে রোমান শাসকরা জড়িত হয়ে পরেছিল। সেক্ষেত্রে ইতিহাসে থাকাটাই যৌক্তিক। আপনি ইতিহাসের উপেক্ষার কথা বলছেন, সেটা তখনই সম্ভব হতে পারে যদি জেসাস ততটা গুরুত্বপূর্ন চরিত্র না হন। এখন একজন মৃত মানুষকে জীবিত করে তুলছেন, ইহুদীরা তাকে হত্যার জন্য খুজছে, রোমান গভর্নর কে দেখা যাচ্ছে এত কিছুর পর অন্তত একটি ঐতিহাসিক এন্ট্রি থাকা উচিত। কারন ঐ সময়ের যেমন রোমান ইতিহাস সম্পর্কে আমরা খুব ভালো জানি, এমনকি তাদের ছোটখাট রাজনৈতিক কোন্দলের কথা পর্যন্ত আছে। সেখানে এত বড় একটি ব্যাপার উপেক্ষিত হওয়াটা অস্বাভাবিক।

তবে একটি ইন্টারেস্টিং ব্যাপার ,জেসাসের যে সকল বৈশিষ্ঠ্য থাকার কথা সবই কিন্তু ওল্ড টেস্টামেন্টেই দেয়া ছিল। এমন হতে পারে জেসাস একজন সাধারন আধ্যাত্নিক শিক্ষক ছিলেন, ঐসময়ে এই ধরনের সাধু টাইপ মানুষ অনেক দেখা যে ত। বাংলাদেশের পীর আউলিয়া দের মত। তার কিছু ভক্ত হয়েছিল। ইহুদীরা রাজনৈতিক ফায়দা লোটার জন্যে তাকে হত্যা করে।

পরবর্তীতে তার অনুসারীরা ওল্ড টেস্টামেন্ট এবং অন্যান্য লোকগাথা থেকে জেসাস কে নতুনভাবে তৈরী করে। তবে অরিজিনাল জেসাস যে কথাগুলো বলেছিলেন সেই কথা গুলোই নতুন জেসাসের মুখে বসিয়ে দেয়া হয়। সুসমাচার গুলো যে সময়ে লেখা হয়েছে তখনকার পরিস্থিতি বিচার করে এটাকেই লজিক্যাল কনক্লুশান মনে হয় আমার। সেক্ষেত্রে সুসমাচারের জেসাসের কোন ঐতিহাসিকতা নেই, কিন্তু জেসাস একজন সাধারন আধ্যাত্নিক নেতাগোছের কিছু ছিলেন।

আর পরাজিত পক্ষের ইতিহাস রচনার সম্ভাবনা এখানে কম। কারন রোমান রা এখানে তৃতীয় পক্ষ ছিল। জেসাসের সময়ে রোমান রাজত্বের কোন ডিস্ট্যাবিলাইজেশনের কথা নব্য ক্রীশ্চানদের দ্বারা হয়েছিল এরকম রেকর্ড নেই। সুতরাং কয়েকজন জেসাসের অনুসারী রোমানদের কোন থ্রেট ছিল না। নব্য জেসাসের অনুসারীরা অ ধিকাংশই ইহুদী সম্প্রদায়ের, তাই এরা প্রতিপক্ষ ছিল ইহুদীদের। তাই রোমান ,গ্রীক এদের ইতিহাস বায়াস্ড হয়ে যাবার যুক্তিটা দুর্বল।

আর মোহাম্মদ(সা) এর সময় যেভাবে ইসলামের প্রসার তার জীবদ্দশায় হয়েছিল ,তিনি রাজনৈতিক ক্ষমতা লাভ করেছিলেন খ্রীষ্ঠানদের ক্ষেত্রে কিন্তু তা সত্য নয়।ক্রীশ্চান ধর্ম প্রসারিত হয় ব্যাপকভাবে জেসাসের মৃত্যুর ১০০ বছর পর। আর জেসাসের ও কোন রাজনৈতিক ক্ষমতা ছিল না। তাই জয়ী পক্ষের ইতিহাস বিকৃতির সম্ভাবনা কম।
৩৩. ১৫ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৩:৪১

নাস্তিকের ধর্মকথা বলেছেন:

তুহিন,

জেসাসের অনৈতিহাসিকতা সম্পর্কে নিসন্দেহ হতে গেলে অনেকগুলো বিষয়ে পুরো পরিষ্কার করতে হবে। আমি এখনো নিশ্চিত হতে পারছি না- যেসমস্ত প্রশ্ন গুলো আসছে- সেগুলো দিচ্ছি, আমি নিজেই হয়তো পড়াশুনা শুরু করে দিতাম- কিন্তু ইদানীং অন্য কিছু প্রজেক্ট নিয়ে ব্যস্ত আছি - এমন কাজে ঢুকার সময় পাবো না , আর আপনি যেহেতু এর মধ্যেই আছেন - সেহেতু আপনার পক্ষেই সম্ভব বলে মনে হচ্ছে।

ফলে, এক এক করে প্রশ্ন দিয়ে যাবো, আপনার জবাবের পাল্টা প্রশ্নও থাকবে- মাঝে মধ্যে কিছু যুক্তি/মতামত; আশা করি আপনি আলোচনা কনটিনিউ করবেন এবং মনে হয়- এর মাধ্যমে আপনার পোস্টখানি আরো সমৃদ্ধ হয়ে উঠবে। (দরকারে পোস্টে কিছু সংশোধন , কিছু পরিবর্তন, কিছু সংযোজনের মাধ্যমে)।

আজ ঘুমাতে যাবো- প্রশ্ন গুলো সম্ভবত কাল করবো, আজকের শেষ কটি প্রশ্ন/আলোচনা:

৫। *১২৫০ খ্রী পূ কারেক্ট। ঐ খানে একজাক্টলি শব্দটা ব্যবহার করাটা ভুল হয়ে গেছে, তবে যুক্তিটা ছিল সময়কালের।*

১২৫০ বা ১৩০০ বা ৯০০ বা ৭০০ খৃপূ এর মধ্যে কি পার্থক্য ? ফলে কাকতালের কি বিষয় ঘটছে? মোসেসের যুগ যদি মেষরাশির এজ হয়ে থাকে - মেষ বা ভেড়ার প্রতি আকর্ষণ আরো আগে থেকেই শুরু হতে পারে, মোসেস একটা ধারাবাহিকতা পালন করেছে মাত্র এটা বলা যেতে পারে- এবং তার আগের যুগে বৃষ রাশির যুগ হওয়ার কারণে ষাঁড়ের প্রতি পুজার ঘনঘটা থাকতে পারে ; এবং মেষ রাশির যুগে এসে আবার বৃষের বিরোধীতা এবং প্রাচীণপন্থীদের বৃষকেই আকড়ে ধরার চেষ্টাও থাকতে পারে। ফলে- সামাজিক এসব প্রথার বিভিন্নমতের কোন একটির পক্ষে অবস্থান নেয়াই বোঝায়- মোসেসের সেই উক্তির মাধ্যমে। এভাবে যদি ব্যাখ্যা করা যায়, তবে কি সমস্যা হতে পারে?

৬। চার গসপেলের লেখক- ম্যাথিউ, লুক... দের পরিচয় কি দেয়া যেতে পারে ? এনারা নিজেদের কি হিসাবে পরিচয় দিয়েছেন?- জেসাসের শিষ্য? শিষ্যের শিষ্য? তারা কি জেসাসকে জীবিত পেয়েছিলেন? জেসাসের কয় পুরুষ বা প্রজন্ম পরবর্তী ?

৭। ১০০ খৃস্টাব্দ ধরলে- জেসাসের মৃত্যুর ৬৫/৭০ বছর পরে লিখিত- আর ৭০ খৃস্টাব্দ ধরলে- জেসাসের মৃত্যুর ৩৫/৪০ বছর পরে গসপেলগুলো লিখিত। খুব বেশী কিন্তু পরে না।

৮। কোন ধর্মীয় ভবিষ্যৎ বানীও কিন্তু পরবর্তী কিছু মানুষকে উৎসাহিত করে সে পথে যেতে। নবী - রাসুলের বিষয়টিও অনেক সময় এমনটি হয়েছে।

ইসলামে ঈসার আবার আগমন, ইমাম মেহেদীর আগমন এমন কিছু ভিবষ্যৎ বানী আছে বলে মনে করে এবং মজার বিষয় এ ব্যাপারটি অলরেডী অনেকেই দাবী করেছে। বাইবেলে নবীর বা ত্রাণ কর্তার আবির্ভাবের বিষয়ে আগাম কথা ছিল- সেটা মুহম্মদ সা কে তার ধর্মটি সাজাতে সাহায্য করেছে। এবং মুহম্মদ সা এর আগেও কিন্তু অনেকেই নিজেদের অনুরূপ নবী দাবি করেছেন- সমস্যা হলো তারা রাষ্ট্রক্ষমতা দখল করতে পারেনি।

জেসাসের সময়েই কিন্তু এরকম ত্রাণকর্তা/ মানুষের উদ্ধার কর্তা, ঈশ্বরের অবতার/দূত আসার ব্যাপারে মিথ প্রচলিত ছিল এবং সে সংক্রান্ত প্রাকৃতিক পূর্বাভাস দেখা দেওয়ার মিথও প্রচলিত ছিল। এসবও কি কাউকে নিজের ধর্মমত সাজানোতে ভূমিকা রাখতে পারেনা?
আবার পরবর্তীতে কিছু কিছু বিষয় অন্যরা বা সুবিধাপ্রাপ্ত অনুসারীরা নিজেদের সুবিধা মত কিছুটা পরিবর্তনও ঘটাতেও পারে না কি?

৯। কনস্টানটিনের সময়কাল টা বলবেন কি?

১০। "*ঐ সময়ে জেসাসকে ঐতিহাসিক চরিত্র ভাবাও হত না*"
মানে কি?

১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৪:৩৩

লেখক বলেছেন: ৫। আমি কিন্তু এভাবেই ব্যাপারটা বোঝাতে চেয়েছি। যে মোজেসের ধর্মমত ,আকাশের ঘটনাবলীকে মিথে রুপান্তর এবং সেই অনুযায়ী কিছু রিচুয়াল পালন করারই যে প্রাচীন প্রবনতা ছিল সেটিরই একটি ধারাবাহিকতা। এটিকে ঐশী বানী ভাবার কিছু নেই।আর প্রসঙ্গত ,মোজেসের ঐতিহাসিকতার ঝামেলা আছে।

৬।এদের সঠিক পরিচয় জানা যায় না।উপরে এব্যাপারে আমি আলোচনা করেছি। তবে তারা কেউই জেসাসের সমসাময়িক ছিলেন না। লোকমুখে প্রচলিত কথাগুলোই লিখেছেন।

৭।হ্যা ,কিন্তু লেখার সময় তারা রাজনৈতিক ভাবে প্রভাবিত ছিলেন। উপরের আলোচনা করেছি। কিন্তু উতস কিন্তু পুরোটাই লোক মুখে শোনা। কারন কোন জেসাসের শিষ্যের ও কাছের লোকরা সুসমাচার লেখেন নি।মার্ক কে দাবী করা হত জেসাসের শিষ্য পিতরের শিষ্য, সেটা নিয়েও প্রশ্ন

আছে। কারন সুসমাচারটি আদৌ মার্কের লেখা কিনা সেটাই সন্দেহ যুক্ত। অন্যান্য সুসমাচারের মত মার্কেরটায় কোন লেখকের নাম নেই। মার্কের ভাষা রীতি দেখে তাকে ইহুদী মনে হয়। তিনি ল্যাটিন ভাবভঙ্গী অনেক ব্যবহার করেছেন। আর এই রচনা সম্ভবত রোমে বসে লিখেছেন। কারন তিনি প্রচুর আরমিক শব্দ ব্যবহার করেছেন। জেসাসের মুখের বাক্য হিসেবে আরমিক শব্দ বসানোটাও এই রোমান প্রভাবের কথাই প্রমান করে। এটি ৬৬ খ্রী লেখা হয়েছিল। (দ্যা ইকুইমেনিক্যাল ট্রান্সলেশন অফ দি বাইবেল এর ভুমিকা)

৮।এটিও আগেই আলোচনা করেছি।

৯।324 সালে খ্রীশ্চিয়ানিটি রোমের অফিসিয়াল ধর্ম ঘোষনা করেন কনস্টান্তিন

১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৪:৩৫

লেখক বলেছেন: আর ১০ নাম্বারটা আমার এই সিরিজের উপসংহারের একটি প্রধান বিষয়, তাই ঐ পর্যন্ত বিষয়টিকে মুলতবী রাখলা।

৩৪. ১৫ ই ডিসেম্বর, ২০০৮ রাত ৩:৪৩

নাস্তিকের ধর্মকথা বলেছেন:

ওহ, আর হ্যাঁ- পেনড্রাইভের পিডিএফ ফাইলটা কি আমাকে মেইল করা যায়?

৩৫. ১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৩:২৭

দুরের পাখি বলেছেন: দ্বিতীয়নাম বলেছেন: আর এই মিথ, গালগল্পগুলা কোরান তথা মুসলমানরাদেরও উত্তরাধিকারসূত্রে ঈমানী সম্পদ।

একমত

৩৬. ১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৩:২৭

দুরের পাখি বলেছেন: ও, লেখককে ধন্যবাদ এমন পরিশ্রমসাধ্য পোস্টের জন্য ।

১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৫:৩৭
লেখক বলেছেন: ধন্যবাদ
৩৭. ১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৪:০১
মনজুরুল হক বলেছেন:

আরিফ,
সবখন্ড একসাথে কবে আসছে?
অধীর আগ্রহ অপেক্ষায় থাকলাম।

ওটা আসার পর একটা আলোচনা শুরু করে সেটাকে
আবার আর একটা কম্পাইল লেখা হিসেবে দাঁড় করানো যায়।
১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৫:৩৮
লেখক বলেছেন: চেস্টা করব তাড়াতাড়ি পরের পর্ব পোস্ট করতে। ধন্যবাদ
৩৮. ১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৪:২৪
জ্বিনের বাদশা বলেছেন: *কারন ওল্ড টেস্টামেন্টে মিশর থেকে চলে আসা ইহুদীদের দ্বারাই হিব্রু রাজ্য গড়ে উঠে এরকম ধারনা পাওয়া যায়। কিন্তু মুসার আনুমানিক আগমনকালের আগে থেকেই হিব্রু রাজ্য বিদ্যমান ছিল। যদি যুদ্ধ করে হিব্রুদের বন্দী করা হয়েছিল এই কন্সেপ্ট গ্রহন করি তাহলেও সমস্যা। কারন এই সময় মিশরীয় দের মধ্য রাজবংশের যুগ চলছিল এবং তাদের হিব্রুদের সাথে যুদ্ধের কোন রেকর্ড দেখলাম না।*

ওল্ড টেস্টামেন্টের টাইমলাইনের কোন ঠিক ঠিকানা নেই ... মুসার আনুমানিক আগমনকাল আরো আগে ছিলো -- এটাই মনে হয় সবচেয়ে লজিকাল সিদ্ধান্ত

হোরাসের যে কাহিনীটা বলেছি সেটা একুরেট। কারন সেটা এখনও আছে , সেটা নেয়া হয়েছে মিশরের লুক্সর মন্দিরের দেয়াল থেকে। সেই ছবিগুলোর কার্বন ডেটিং এর বয়স ৩৫০০ বছর।

আপনি নিশ্চিত যে হোরাস আড় যীশুর যে সাদৃশ্যগুলো পাওয়া গেছে সেগুলো লুক্সর মন্দিরের দেয়ালে পাওয়া গেছে?... কারণ সেটা বাদে অন্য তথ্য যেমন হোরাস সূর্য্যের দেবতা ছিলেন , সেটির সাথে ফাইট করে দিনকে নিয়ে আসতেন, রাতে হেরে যেতেন -- এসব কাহিনী কিন্তু যীশুর সাথে মিলেনা, বা যীশুকে সূর্য্যের প্রতীক হিসেবে ধরে মেলালেও সেখানে একটা "গায়ের জোর" দেখা যায় ... আপনার উপরের তথ্য কি ডঃ দেলোয়ারের বই থেকে নেয়া?

মোজেস আসবার আগেই, এমনকি প্রথম ঐক্যবদ্ধ হিব্রু রাজার আগেই বুক অফ ডেথ সংকলিত হয়েছে

কিন্তু আপনার দেয়া লিংকেও বলছে যে টলেমীর সময়ও (খ্রীপূ ১০০) বুক অভ ডেথে অনেক পরিবর্তন আসে ... তাছাড়া মোজেসের আগমনকাল আরো আগে হতে পারে

যীশু যে ঐতিহাসিকভাবে ছিলেন -- এধারনার পক্ষে যে গবেষকরা কাজ করেছেন, তাদের কাজগুলোও তুলে ধরলে অথবা তাদের যুক্তিগুলোকে খন্ডন করলে আপনার আলোচনাটা আরও প্রাণবন্ত হবে

১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৫:৩৬

লেখক বলেছেন: না ঐ বই থেকে নয়। ডকুমেন্ট্রীতে দেখেছি। ডকুমেন্ট্রীটার লিংক আগের পর্বে ব্লগার প্রশ্নোত্তর দিয়েছেন। দেখতে পারেন।

হোরাসের পুরো কাহিনী ,মিরাকল বার্থ, পূর্বাকাশের তারা, ব্যাপটাইজড করা , ক্রুসিফিকশন ,রিজারেকশন সবগুলোই ঐ মন্দিরে দেয়ালে চিত্রের মাধ্যমে আকা আছে। আমি নিজেই ছবিটা দেখেছি। আর হায়ারোগ্লিফিক্স তো আমি পরতে পারি না, তবে জন্ম মিশরীয় পঞ্জিকায় যেভাবে উল্লেখ আছে তা ইংরেজী পন্জিকার ডিসেম্বরের ২৫ তারিখ।

১২৫০ সালের আগে কোন জেহোভার উপাসনালয় পাওয়া যায় না। এর আগের হিব্রু উপাসনালয় গুলো প্রাচীন দেবদেবীদের উপাসনায় উদ্দেশ্যে বানানো। আর ওল্ড টেস্টামেন্টের যে সকল অংশ গুলো পরবর্তী রাজা এবং ধর্ম সংস্কারকদের দ্বারা লিখিত সেগুলোর ঐতিহাসিক সাক্ষ্য বিবেচনা করলেও ১২৫০ এর পেছনে যাওয়া যায় না।

আর ওল্ড টেস্টামেন্টের বিভিন্ন পুস্তক কিন্তু বিভিন্ন সময়ের।
তবে কোনটিই ১২৫০ এর আগে নয় এ ব্যাপারে ঐতিহাসিকরা একমত।

আর প্যাপিরাস অফ আনি(বুক অফ ডেথ) ২৪০ খ্রী পূ এর।

ওই সাইট থেকে কোট করছি

The product of a long process of evolution from the Pyramid texts of the Old Kingdom to the Coffin Texts of the Middle Kingdom
In New Kingdom around 1600 BC, the book was fully evolved, with one-third of its chapters derived from the Coffin Texts
During the Late Kingdom, the book was adapted to a new form called The Book of Breathings, which remained in use until the end of the Ptolemaic Period in the first century BC.

রিভাইজড ভার্সন টাকে কিন্তু আর বুক অফ ডেথ বলা হয় না। আর প্রথম সংকলন কাল দেখুন ,মোজেস আসার আগেই। আমি খোজ খবর করার চেষ্টা করছি এর চেয়ে পুরোনো কোন প্যাপিরাস আছে কি না। আর টেন কমান্ডমেন্টস এর সবচেয়ে পুরোনো প্যাপিরা স ,ন্যাশ প্যাপিরাস টা কিন্তু ১৫০ খ্রী পূ. অর্থাত টেন কমান্ডমেন্টস এর সবচেয়ে পুরাতন প্যাপিরাস কিন্তু বুক অফ ডেথের প্যাপিরাসটার তুলনায় নতুন। সেক্ষেত্রে টেন কমান্ডমেন্টস কিন্তু কপি করার অভিযোগ থেকে বাচতে পারছে না।

আর আরো আগে বুক অফ ডেথের বিচ্ছিন্ন প্যাপিরাস পাওয়া যায়।
ঐ সাইটে যা কি লেখা আছে আরেকবার দেখুন ,টলেমীদের সময়ে নয় লেইট কিংডমের সময়(৭৫২ থেকে ৩৪৩ খ্রী পূ) ,নতুন রাজবংশের সংকলিত বুক অফ ডেথ কে রিভাইজ করে বুক অফ ব্রিদিং নাম দেয়া হয়।

The product of a long process of evolution from the Pyramid texts of the Old Kingdom to the Coffin Texts of the Middle Kingdom
In New Kingdom around 1600 BC, the book was fully evolved, with one-third of its chapters derived from the Coffin Texts
During the Late Kingdom, the book was adapted to a new form called The Book of Breathings, which remained in use until the end of the Ptolemaic Period in the first century BC.[\sb]

তার মানে প্যাপিরাস অফ আনি টা টলেমীর পিরিয়ডের সংকলন নয়। এটাই কিন্তু বর্তমানে অনুবাদ হিসেবে পাওয়া যায়। আমাজনে সার্চ দিলে এই প্যাপিরাস অফ আনি এর অনুবাদ বু ক অফ ডেথ দেখায়।

৩৯. ১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৫:১৬

জেমসবন্ড বলেছেন:

ফালতু এবং বোগাস ।

১৫ ই ডিসেম্বর, ২০০৮ বিকাল ৫:৩৮

লেখক বলেছেন: কেন বলবেন কি?

৪০. ১১ ই জানুয়ারি, ২০০৯ দুপুর ১২:২৭

নাস্তিকের ধর্মকথা বলেছেন:

কিরে ভাই, আর কতো সবুর করবো??????????

১১ ই জানুয়ারি, ২০০৯ রাত ৯:৫৪

লেখক বলেছেন: আমার টার্ম ফাইনাল পরীক্ষা,গবেষনাকার্য একটু স্থগিত রাখতে হচ্ছে

৪১. ২৭ শে জানুয়ারি, ২০১০ রাত ১১:৩৩

আবুল হাসনাত সুজন বলেছেন: আমার অগগতা ক্ষমা করবেন। এই লাইনটার মানে একটু যদি ব্যাখ্যা করতেন:
"প্রাচীন মিশরীয় এবং অন্যান্য সভ্যতা গুলো এই ব্যাপারটি পর্যবেক্ষন করেছিল যে প্রতি ২১৫০ বছর পর পর বসন্ত আয়নায়নের সকালের সূর্যোদয় ভিন্ন রাশিতে সংগঠিত হয়" ।
ভিন্ন রাশিতে সংগঠিত হয়-এর মানে কি?

সমাপ্ত

২য় অধ্যায় : নাস্তিকতা ও ধর্মে অবিশ্বাষ

২য় অধ্যায় : নাস্তিকতা ও ধর্মে অবিশ্বাষ

http://www.chutrapata.com/guest/169

নাস্তিক, উগ্র নাস্তিক, ধর্মবিদ্বেষী, ধর্মবিরোধী

আগস্ট 20, 2013 - 10:11অপরাহ্ন

লিখেছেন: Juyel Yasir

ঈশ্বরে অবিশ্বাসীরা ৪ শ্রেণির; নাস্তিক, উগ্র নাস্তিক, ধর্মবিদ্বেষী, ধর্মবিরোধী; এই শ্রেণিটি সর্বপ্রথম তৈরি করেছিলো আস্তিক-ধার্মিকেরা, যদিও এখন অনেক নাস্তিকেরা তাই মনে করে থাকে। তারা বলে থাকে, নাস্তিক হলে কোনো সমস্যা নেই; কিন্তু তারা মনে করে, ঈশ্বর-ধর্মের সমালোচনা-নিন্দা-ব্যঙ্গ করলে, ঈশ্বর-ধর্মের সমালোচনাকারী-নিন্দাকারী, ব্যঙ্গকারীদের অবশ্যই শাস্তি পাওয়া উচিত। এক্ষেত্রেও আস্তিক-ধার্মিকদের সাথে অনেক নাস্তিকেরা এই কথাগুলো সমর্থন করে। আলোচনা করা যাক; নাস্তিকের সংজ্ঞা, ঈশ্বর-ধর্মের সমালোচনা-নিন্দা-ব্যঙ্গ, আস্তিক-ধার্মিকদের এবং কথিত নাস্তিকদের চিন্তা-চেতনা, মানসিকতা প্রভৃতি-প্রভৃতি নিয়ে।

প্রথমে আসা যাক, নাস্তিকের সংজ্ঞা নিয়ে। নাস্তিকের অর্থ ঈশ্বরে অবিশ্বাসী। নাস্তিক হতে এক সাথে অনেক বই পড়া লাগে। মুক্তচিন্তাধারী হতে হবে, ধর্ম সম্পর্কে জানতে হবে, ধর্মগ্রন্থের বক্তব্যগুলোও জানতে হবে; এর সাথে মহাবিশ্ব সৃষ্টির ইতিহাসসহ বিজ্ঞানভিত্তিক বিভিন্ন বিষয় জানা জরুরি।
উল্লেখ্য, অনেকে বলে থাকে, বাঙলাদেশের নাস্তিকেরা নামে নাস্তিক। অনেক নাস্তিককে দেখা যায়, শুক্রবারে জুম্মার নামাজ পড়তে, রোজা রাখতে, ইদের নামাজ পড়তে; অন্য ধর্মগুলো বিষয়ে এরকমও হতে পারে। এই বিষয়ে বিশ্লেষণ করা যাক।

বাঙলাদেশের আস্তিক-ধার্মিকেরা অধিকাংশই ইসলাম ধর্মাবলম্বী। বাঙলাদেশের আস্তিক-ধার্মিকেরা অত্যন্ত আবেগপ্রবণ, ধর্মপ্রবণ। তাই মুসলমান পরিবারগুলো ধর্মের প্রতি দুর্বল , অন্ধ। যখন মুসলমান পরিবারগুলোতে সন্তান জন্মানোর সাথে -সাথে আজান দিয়ে, পুরুষদের লিঙ্গের চামড়া কর্তন করে সন্তানের অজানতে -অনিচ্ছায় ধর্মের ভেতরে ঢুকিয়ে দেওয়ার চেষ্টা করা হয়। এছাড়া সন্তানদের মুখে মা -বাবা ডাক শেখানোর পাশাপাশি, ঈশ্বরের ডাকটিও শেখানো হয়। যখন সন্তানদের ৫-৬ বছর বয়স হয়, তখন থেকে তাদেরকে ধর্ম মানানোর জন্য চাপ দেওয়া হয়, ধর্ম না মানলে, তাদের সাথে খারাপ ব্যবহার করা হয়। ঐ সন্তানেরা যতদিন পর্যন্ত কর্মজগতে না ঢুকতে পারে , ততদিন পর্যন্ত পরিবার থেকে ধর্ম গিলানোর জন্য চাপ দেওয়া হয়। তাই দেখা যায়, যারা ধর্মীয় বেড়াজাল ভেঙে নাস্তিক হয়, তারা যতদিন পর্যন্ত কর্মজীবনে প্রবেশ না করে, ততদিন পর্যন্ত অনেককে পরিবারের চাপে নিয়মিতভাবে-অনিয়মিতভাবে অনিচ্ছা থাকা সত্ত্বেও ধর্ম গিলতে হয়। এতে তাদের আদর্শের কোনো ক্ষতি হয় না। বরঞ্চ ঈশ্বরের-ধর্মের দুর্বলতা বাস্তবে প্রমাণ হয়। তাই জোর করে ধর্ম গিলানোর মধ্যে কোনো সার্থকতা-সাফল্যতা নেই।

পরে আসি, উগ্র নাস্তিক বিষয়ে। আস্তিক-ধার্মিকেরা বলে থাকে, উগ্র নাস্তিক আর নাস্তিক এক না। কিন্তু উগ্র নাস্তিক বলে কিছুই নেই। কারণ উগ্র আস্তিকদের মতো নাস্তিকেরা চাপাতি নিয়ে কাউকে হত্যা করতে যায় না , বোমা মারে না, খারাপ কাজ করে না। এগুলো করে আস্তিকেরাই। অনেক নাস্তিকদেরকেও দেখা যায়, আস্তিক-ধার্মিকদের সাথে সমর্থন দিতে, একমত হতে।
এরপরে আসি, ধর্মবিদ্বেষী বিষয়ে। আস্তিক-ধার্মিকেরা, অনেক নাস্তিকেরাও মনে করে, ধর্মবিদ্বেষ অপরাধ-অন্যায়। যারা ধর্মবিদ্বেষী, তাদের শাস্তি হওয়া উচিত। এটি একটু বিশ্লেষণ করা যাক । মানুষের নিজের ইচ্ছা-অনিচ্ছা, পছন্দ-অপছন্দ, বিশ্বাস-অবিশ্বাস থাকতে পারে। কোনোকিছু পরে যদি কারোর বিদ্বেষ থাকে , সেটি দোষের কিছু নয়। মানুষের যেমন অমানুষের প্রতি বিদ্বেষ থাকে, বাঙলাদেশের অধিকাংশ মানুষের যেমন জামায়াত -শিবির, রাজাকারের প্রতি বিদ্বেষ থাকে, অনেক মুসলমানের যেমন হিন্দুদের প্রতি বিদ্বেষ থাকে , অনেকের যেমন নেতা-নেত্রী-কর্মীদের উপর বিদ্বেষ থাকে। কারণ সবার যে সবকিছু ভালো লাগবে, পছন্দ হবে; এমন কোনো কথা নেই। বিদ্বেষের জন্য কারোর শাস্তি চাওয়া মূর্খের কাজ , ব্যক্তি-স্বাধীনতায় হস্তক্ষেপ।

সর্বশেষ আসি, ধর্মবিরোধী বিষয়ে। আস্তিকেরা-ধার্মিকেরাও মনে করে থাকে, নাস্তিক মানেই ধর্মবিরোধী। ধর্মবিরোধীদের শাস্তিও চাই অনেকে। যেন ধর্মবিরোধী হওয়া তাদের কাছে অন্যায়। নাস্তিকেরা ধর্ম মানে না, তাই তারা ধর্মবিরোধী হতে পারে। কোনো কিছুর বিরোধী হওয়া অন্যায় না। যুক্তিযুক্তি হলে তো কোনো অনায়ের প্রশ্ন আসে না।

অনেক আস্তিক-ধার্মিক-নাস্তিকেরা প্রায়ই বলে থাকে, নাস্তিক হলে কোনো সমস্যা নেই। কিন্তু ঈশ্বর-ধর্মের সমালোচনা-নিন্দা-ব্যঙ্গ করা দোষের। এই বিষয়েও একটু বিশ্লেষণ করা যাক। নাস্তিকেরা যেহেতু কুপ্রথা , ধর্মীয় কুসংস্কার, ধর্মীয় প্রথাবিরোধী, বিজ্ঞানমনস্ক, যুক্তিবাদী; সেহেতু তারা যদি ঈশ্বর-ধর্মের ভুল বের করে, সমালোচনা করে; তবে এটি দোষের কিছু নেই। বরঞ্চ এটি সকলের ব্যক্তি-স্বাধীনতা, মত প্রকাশের স্বাধীনতা। এটিতে হস্তক্ষেপ করাও অবশ্যই অপরাধ।

রাজনীতি, অর্থনীতি, সমাজনীতি, সাহিত্য প্রভৃতি বিষয়ে ব্যঙ্গ যেমন করা যায়, তেমন ঈশ্বর-ধর্ম বিষয়েও ব্যঙ্গ করা যায়। ব্যঙ্গ করা কোনো অন্যায় না, কোনো অপরাধ না। ঠিক তেমনভাবে ঈশ্বর-ধর্মের নিন্দা করাও কোনো অপরাধ না।

অনেক আস্তিক-ধার্মিক-নাস্তিকেরা বলে থাকে, ঈশ্বর-ধর্মের ভুল ধরার আগে, সমালোচনা করার আগে নাস্তিকদের উচিত নিজের পরিবারকে নাস্তিক বানানো। এটিও হাস্যকর কথা। নাস্তিকদের লক্ষ্য কাউকে নাস্তিক বানানো নয়। কুপ্রথার বিরুদ্ধে কথা বলা, ধর্মান্ধ-মৌলবাদ, বিজ্ঞান প্রচার করাই নাস্তিকদের লক্ষ্য।

বাঙলাদেশের অনেক নাস্তিককেও দেখা যায়, মূর্খের মতো অযৌক্তিক কথা সমর্থন করতে। আবার অনেক নাস্তিকেরা কোনো যুক্তি না দিয়ে, নিজের মনগড়া কথা বলে ঈশ্বর-ধর্ম নিয়ে। তারা ঈশ্বরের প্রতি অবিশ্বাসী হলেও তারা প্রকৃত নাস্তিক নয় , তাদের চিন্তা-চেতনা, মানসিকতা নীচু মানের। তারা যেকোনো দাঙ্গা বাঁধাতে পারে। কারণ বাঙলাদেশের অধিকাংশ মুসলমানেরা ধর্মান্ধ। তাই তারা যেকোনো কিছুর ভুল বুঝে , দাঙ্গা তৈরি করতে পারে। এই ব্যাপারে সজাগ থাকতে হবে। বাঙলাদেশের অধিকাংশ মুসলমানেরা বাঙলাদেশের অন্য ধর্মাবলম্বীদের ধর্ম স্বাভাবিকভাবে দেখে না। বরঞ্চ অন্যান্য ধর্মাবলম্বীদের নিয়ে অহেতুক ঠাট্টা -বিদ্রুপ করে, তাদের ধর্ম-দেব-দেবী নিয়ে ঠাট্টা করে। বাঙলাদেশের মুসলমানেরা ভাবে, তাদের একমাত্র আদর্শ-অনুভূতি আছে। অন্যদের কোনো আদর্শ-অনুভূতি নেই। বেধর্মীদেরসহ নাস্তিকদের হত্যা করার চেষ্টা করে। হত্যা করে কখনো শান্তি প্রতিষ্ঠা করা যায় না। যার-যার বিশ্বাস-অবিশ্বাসকে গুরুত্ব দেওয়া নৈতিক দায়িত্ব। এই পৃথিবী সকলের।

এখন না জেনে-বুঝে কথা বলা বেশিরভাগেরই অভ্যাস হয়ে গেছে। এই অভ্যাস যেভাবেই হোক পরিত্যাগ করতে হবে। এটিও সবাইকে মনে রাখতে হবে, পৃথিবীর সবাই মানুষ না; পৃথিবীতে মানুষ, অমানুষ উভয়ই আছে।
সবকিছুর উর্ধ্বে মানুষ পরিচয়। মানুষের মানুষ পরিচয়কে সব পরিচয়ের উর্ধ্বে ভাবলেই পৃথিবী সুন্দর হবে। সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই!

https://www.amarblog.com/susupto-pathok/posts/169698

আগে বিশ্বাস তারপর যুক্তি, এভাবেই ইসলামী যুক্তিবাদী!

তারিখঃ সোমবার, ১৭/০৬/২০১৩ - ১৭:০৬

লিখেছেনঃ সুষুপ্ত পাঠক

আঃ হাকিম চাকলাদার কিছু প্রশ্ন ছুঁড়ে দিয়েছিলেন ইসলামিস্টদের প্রতি। একজন ইসলামিস্ট ব্লগার (এলিট) এর উত্তর দিয়েছেন। এরপর ব্লগে কোন ইসলামিস্ট কাউ কাউ করতে আসলে এই কথাগুলি স্মরণ করবেন। আসুন দেখি চাকলাদার সাহেবের প্রশ্নগুলো কি কি? প্রশ্নগুলো নিম্নরূপ:
১। সূর্য প্রতিদিন পূর্বে উদয় ও পশ্চিমে অস্ত যায়।
২। রাত্রে আরশের নীচে সূর্য আশ্রয় নিয়ে থাকে।
৩। নক্ষত্রকে শয়তান মারার জন্য ঢিল ছোড়ার মত ছুড়ে মারা হয়।
একটি নক্ষত্র ছুড়ে মারলে এই সৌর জগৎ ঠিক থাকা সম্ভব ?
৪। আকাশকে পৃথিবীর এমন ছাদ বানানো হয়েছে যাতে আমরা সমান্য একটা ছিদ্রও দেখতে পাইনা।
তার অর্থ হল আকাশকে আমরা দেখতে পাই, কিন্তু সে আকাশ আমরা নিশ্ছিদ্র দেখতে পাই। সত্যিই কী আমরা আকাশকে দেখতে পাই?
৫। পৃথিবীতে শীত গ্রীস্ম জাহান্নামের শ্বাষ প্রস্বাষের কারনে হয়।
৬। জ্বরের তাপমাত্রা জাহান্নামের তাপের কারনে হয়।
৭। মাছির এক ডানায় রোগজীবানু ও তার অন্য ডানায় প্রতিষেধক থাকে।
৮। উটের মুত্র ঔষধ হিসাবে কাজ করে।
৯। ঈহুদী নাছারদের সংগে কোন সম্পর্ক বা বন্ধুত্ব রাখা যাবেনা।
তাহলে কী দেশ চলবে? তাদের আবিস্কৃত বিজ্ঞানের ব্যবহার ছাড়া কেহ এক মুহূর্ত চলতে পারবে?

খুব ছেলেমানুষী টাইপের প্রশ্ন আর বোকা বোকা! এই মূর্খগুলি যদি একটু পড়াশোনা করতে তাহলে এলিট ছাহেবের মত কত আগেই উত্তরগুলি জেনে নিয়ে ঈমানকে রক্ষা করতে পারতো! দেখুন এলিট সাহেব কি সুন্দর যুক্তিপূর্ণ উত্তর দিয়ে নাস্তিক খোদা দ্রোহীদেরকে কি বাঁশটাই দিয়েছেন। এলিট সাহেবের উত্তর:

৯ নম্বর প্রশ্নটিরই কেবল তিনি সরাসরি উত্তর দিয়েছেন। আসুন প্রথমে জেনে নেই এর উত্তরটা:

“ইহুদীদের আবিস্কার করা বা উতপন্য করা পন্য ব্যাবহার করলে তাদের সঙ্গে সম্পর্ক বা বন্ধুত্ব হয়ে যায় না। আপনি তো ইহুদি পন্য ও বিজ্ঞান ব্যাবহার করেন আপনার কতজন ইহুদির সঙ্গে বন্ধুত্ব রয়েছে?”

অর্থ্যাৎ ওদের আবিষ্কার আর উৎপন্ন করা পণ্য যত খুশি ব্যবহার করবো কিন্তু বন্ধুত্ব করবো না। আর নিয়ম করে শুক্রবার ইহুদীনাসারোগো ধ্বংস কামনা করে মোনাজাত করবো। ইহুদীগো ইন্টারনেটে ওদেরই বাপ-মা তুলে গালাগালি করবো যত খুশি! তাদের বানানো অস্ত্র দিয়ে তাদের উপরই আক্রমন করবো। এতে লজ্জা নাই। কিন্তু বন্ধুত্ব করা যাবে না। এলিট ছাহেব এই প্রশ্নটার সরাসরি উত্তর দিছেন। বলেন নাই সূত্র উল্লেখ করুন এটা কোরআনের কোন সূরায় কোন আয়াতে দেয়া আছে। জনাব এলিট ছাহেবের লেখার সারাংশ উনি নিজেই লিখেছেন, আমি সেটাই তুলে ধরছি,

“ উদ্ভট বা অলৌকিক বিষয় আসলে সেগুলো , যেগুলো আমরা সচারচর দেখি না বা জানি না। আপনি একটা জিনিস জানেন না, তার মানে এই না, যে সেটার অস্তিত্ব নেই। আপনি একটা জিনিসের ব্যাখ্যা খুজে পান না , তার মানে এই না যে সেটা হয় না। সম্ভব ও অসম্ভব নির্ভর করে ক্ষমতার উপরে। আপনার কাছে অসম্ভব বিষয় অন্যের কাছে খুবই সহজ হতে পারে। আল্লাহ সর্বময় ক্ষমতার অধিকারী। তার পক্ষে সবই সম্ভব। আপনার কাছে উদ্ভট বা অলৌকিক বা অসম্ভব মনে হয় এমন সবকিছু আল্লাহ করতে পারেন। এটা বুঝতে হলে আল্লাহর প্রতি পুর্ন বিশ্বাস থাকতে হবে। ইসলামে এটিকে ঈমান বলে।”

আঃ হাকিম চাকলাদার সাহেবের জন্য আমার দুঃখ হচ্ছে! তার প্রশ্নগুলির কি তীক্ষè আর মোক্ষম যুক্তিপূর্ণ উত্তর দিয়েছেন এলিট ছাহেব। এরপর কি আর ধুমকে তু এই ব্লগে মুখ দেখাতে পারে? তার লজ্জা করবে না! দুদিনের পোলা ইন্টারনেট চিনছো, নেটে এই সমস্ত প্রশ্ন আর উত্তর কবে দেয়া হয়ে গেছে জানো? উত্তর পেয়ে নাস্তিকগুলি এরিমধ্যে সব দেশছেড়ে পালিয়েছে। এমন তীক্ষè যুক্তির পর কি আর কেউ থাকতে পারে? দুদিনের বৈরাগি ভাতে কও অন্ন। শোনো এলিট ছাহেব কি কইতাছেন:

“ এই প্রশ্নগুলোর সাথে আমি ১০-১৫ বছর আগে থেকেই পরিচিত। আমি ইন্টারনেট ব্যাবহার শুরু করি ইয়াহু ও গুগল এর জন্মের আগে থেকে (দেশের বাইরে)। তাই এসব প্রশ্ন আমি অনেক আগেই ইন্টারনেটে দেখেছি। আর উনারা ইন্টারনেট এর ব্যবহার শুরু করে ফেসবুকের জন্মের পরে। সঙ্গত কারনেই এসব প্রশ্ন তারা নতুন

দেখছেন। এসব প্রশ্ন দেখেই মাথা খারাপ হয়ে যাচ্ছে। ভাবছেন এই তো এখন যুতমতন প্রশ্ন পাওয়া গেছে। এবার এই প্রশ্ন করে ইসলাম এর নাম নেওয়া ব্যাক্তিকে নাজেহাল করা যাবে। ইন্টারনেটে এসব প্রশ্নের উত্তরও আছে। তারা সেগুলো দেখে না। দেখবে কিভাবে, প্রশ্নগুলো যেভাবে অন্যেরা খুজে বের করে তাদেরকে দেয় ঠিক সেভাবে উত্তরগুলো তো আর কেউ খুজে তাদেরকে দেয় না। যাই হোক দুঃখ একটি যায়গায় তারা নিজেরা এত বড় জ্ঞানী হয়েও ধার করা প্রশ্ন করছেন। কারোরই মুরোদ হল না নিজে একটি প্রশ্ন করার। এসব প্রশ্ন কেউই উত্তর জানার জন্য জিজ্ঞেস করেনি তাদের উদ্দেশ্য হল নাজেহাল করা, বিভ্রান্ত করা।"

এলিট ছাহেব এইবার সেই উত্তরটাই আমাদের শুনাইবেন!

"কোরআন ও সহী (সঠিক) হাদিসে লেখা সব কথাই মেনে নিতে হবে সেটা বিজ্ঞান আর জ্ঞান যার বিরুদ্ধে যাক না কেন। পছন্দ না হলে ইসলাম ছেড়ে দিতে হবে। নিজেকে মুসলিম দাবি করে কোরআন ও হাদিসের কথা অমান্য করা যাবে না। "

কি বুক হিম করা উত্তর! কি মোক্ষম আর কড়া জবাব!

মিছিমিছি মুহাম্মদের গাধার পিঠে চড়ে মহাকাশ জয় নিয়ে আমরা চিল্লাচিল্লি করছিলাম। কত বড় আহাম্মক আমরা একবার ভাবুন! নাস্তিকরা এখন মেরাজ নিয়ে প্রশ্ন তুলুক , আমরা উত্তর দিবো: কোরআন ও হাদিসে লেখা আছে গাধায় চড়ে মাহাকাশ ভ্রমণ কাজেই যুক্তির খ্যাতা পুড়ি!

সূর্য ডুবে ফের উঠে, রাত নামলে আল্লার আরশের নিচে গিয়ে ঘুমায় কোরআন হাদিসে এটা লেখা আছে কাজেই যুক্তির খ্যাতা পুড়ি!

কোরআন যুদ্ধবন্দিনীর সঙ্গে সেক্স করতে বললে এটাই সঠিক , ইহাই পালন কর্তব্য। (বাংলাদেশে মুক্তিযুদ্ধে যে ২ লাখ মা-বোনের সম্ভ্রম পাকিরা হরণ করেছে সঙ্গে ভাগ দিয়েছে রাজাকার-আলবদরদের জানি না ইসলামিস্ট এবং অবশ্যই এলট ছাহেব এতে কোন অন্যায় দেখেন কিনা। যদি দেখেন তাহলে তিনি মুসলমান থাকেন না। এটা তার কথা। কারণ কোরআন বলছে যুদ্ধবন্দীনিকে সংগম করো। ভোগ করে নাও প্রভুর উপহার হিসেবে। (সুবাহানআল্লা! সুবাহানআল্লা!)

ব্লগার ধুমকেতুর এক মন্তব্যের উত্তরে ব্লগার ইজ্জত আলী বলেছেন, যদি কোরআন ধর্ষণ করতে বলে যুদ্ধবন্দিনীকে , তাহলে সেটাই ইসলাম! সেটাই পালন করতে হবে। [মন্তব্যটি এখানে দেখা যাবে]।

এই হচ্ছে প্রকৃত ধর্মীকের মত কথা। প্রকৃত ইসলামিস্টদের মত কথা। ইসলাম য দি খুন করতে বলে তাহলে তাই করতে হবে। এটা আল্লার হুকুম। একজন মুসলমানের সেটা পালন করা দায়িত্ব। আমার ভাল লেগেছে যে তারা সত্য কথাটি বলে দিয়েছেন। আমার মনে হয় এরপর আমরা যখন কোন লেখায় মক্কার বাণিজ্য কাফেলায় মুহাম্মদের বহিনীর আক্রমন ও লুটপাট , যুদ্ধবন্দিনীর সঙ্গে অবাধ যৌনাচার, মুশরিক তথা কাফেরদেরকে যেখানে পাও হত্যা করো ইত্যাদি কোরআন ও সহি হাদিস থেকে উল্লেখ করবো তারা হৈ হৈ করে উঠবেন না। অনুবাদে ভুল বা রূপক অর্থে ইত্যাদি বলে এড়ানোর চেষ্টা করবেন না। সবচেয়ে বড় কথা, যে কথা বলার জন্য এই লেখা, অহেতুক যুক্তির নামে ভা ওতাবাজী করবে না। কারণ একজন মুসলিম কোরআন ও সহি হাদিসে যা বলা আছে তাই বিশ্বাস করতে হবে। এক্ষেত্রে হাট্টি মাটিম টিম (যারা মাঠে পাড়ে ডিম) নামক জন্তুকে অহেতুক অবিশ্বাস করার কোনই কারণ নাই কারণ " আপনি একটা জিনিস জানেন না, তার মানে এই না, যে সেটার অস্তিত্ব নেই। আপনি একটা জিনিসের ব্যাখ্যা খুজে পান না , তার মানে এই না যে সেটা হয় না।" । কোরআন বলেছে সেটাই যথেষ্ঠ। যুক্তির খ্যাতা পুড়ি!

যে লেখাটিকে কেন্দ্র করে এই লেখাটি লিখলাম হাজার চেষ্টা করেও সেখানে মন্তব্য ঘরে প্রবেশ করতে পারিনি। জানি না এটা টেকনিক্যাল প্রোবলেম নাকি অপশনটি বন্ধ করা আছে। যে দুটি লেখাকে কেন্দ্র করে এই লেখাটি লিখেছি তা পড়া যাবে এখানে এখানে

ব্যক্তিগত একটা দুঃখের কথা বলি, আজতক একমন একজন ধার্মীক তথা ইসলামিস্টকে পেলাম না যিনি যুক্তি দিয়ে মেরাজ , রোরাক, আঙ্গুল দিয়ে চাঁদ দুই ভাগকে ব্যাখা করতে পেরেছেন। কিন্তু এমন একটা ভাব নিয়ে কথা বলেন যেন এর বৈজ্ঞানিক ব্যাখ্যা তার বালিশের তলায়ই থাকে সব সময়। অনুরূপ , যুদ্ধবন্দিনীকে মালে গণিমত হিসেবে নিজেদের মধ্যে ভাগ করে নিয়ে অবাধ সেক্স করা, লুটপাট, ৬ বছরের শিশুকে বিয়ে, বির্ধীকে হত্যা এসবকে কোন নৈতিক মানদন্ডে প্রতিষ্ঠা করতে পেরেছেন। তার বদলে অস্বীকার, ফলশ্র"ততে কুৎসিত সব গালাগালি। সেখানে এলিট ছাহেব বলছে, এটাই ইসলাম। হাদিসে কোরআনে যা লেখা আছে সেটাই ইসলাম। মন্দ কথা লেখা থাকলেও সেটাই ইসলাম। এবং অবশ্যই পালনীয়। সাধু। সাধু। তাকে এবং তাদেরকে অন্তরের অন্তঃস্থল থেকে ধন্যবাদ!

কমেন্ট

সোমবার, ১৭/০৬/২০১৩ - ১৮:২২ তারিখে আঃ হাকিম চাকলাদার বলেছেন

যে লেখাটিকে কেন্দ্র করে এই লেখাটি লিখলাম হাজার চেষ্টা করেও সেখানে মন্তব্য ঘরে প্রবেশ করতে পারিনি। জানি না এটা টেকনিক্যাল প্রোবলেম নাকি অপশনটি বন্ধ করা আছে।

ঠিক বলেছেন। এলিট সাহেবের ওখানে আমি ও কিন্ত মন্তব্য রাখার ইচ্ছা পোষন করেও কোন রকই ঢুকতে পারলামনা। সম্ভবতঃ কোন টেকনিক্যাল সমস্যায় এটা হয়েছে। আপনি এই প্রবন্ধটা দিয়ে ঐটাকে কভার করে দিয়ে অত্যন্ত ভাল কাজ করেছেন। এটা দরকার ছিল। এধরনের একটা কিছু আশা করতে ছিলাম।

সোমবার, ১৭/০৬/২০১৩ - ১৯:৪৭ তারিখে আঃ হাকিম চাকলাদার বলেছেন

আগে বিশ্বাস তারপর যুক্তি, এভাবেই ইসলামী যুক্তিবাদী! তাহলে তো যে কোন যুক্তিই এখানে এসে অচল হতে বাধ্য। কী দরকার আছে আর এসব ফালতু যুক্তি খন্ডন করতে আসার। এক কথায় উত্তর দিলেই তো হয়ে যায় "যতই বিজ্ঞান বিরোধী হউকএবং বাস্তবতা বিরোধী হউক না কেন তার পরেও এইটাই সত্য। সমস্ত জ্ঞান বিজ্ঞান এখানে অচল"।

সোমবার, ১৭/০৬/২০১৩ - ২০:৪২ তারিখে ইমরোজ বলেছেন

ভাল বলেছেন। ভাল লেগেছে।

সোমবার, ১৭/০৬/২০১৩ - ২০:৫৫ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

ইমরোজ, তওবা তওবা এইটা আপনে কি বললেন! আপনার তো ঈমান নষ্ট হয়ে গেছে!

সোমবার, ১৭/০৬/২০১৩ - ২০:৫১ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

আঃ হাকিম চাকলাদার, তাতে ব্লগ লেখকের সুবিধা হয়েছে, মন্তব্য প্রতি মন্তব্য করতে হয়নি। আগেরবার সুযোগ থেকেও এড়িয়ে গেছে।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=4640

অক্কামের ক্ষুর (occam's razor) এবং বাহুল্যময় ঈশ্বর

তারিখ: ৬ মাঘ ১৪১৬ (জানুয়ারি ১৯, ২০১০)

লিখেছেন: অভিজিৎ

ঠিক করেছিলাম দর্শন শাস্ত্রের প্রান্তিক টুকিটাকি বিষয়গুলো নিয়ে একে একে ছোট ছোট কিছু পোস্ট দিব মুক্তমনায় । এর প্রেক্ষিতে এর আগের পোস্টে নিবেদন করা হয়েছে - 'নাস্তিকতাও একটি ধর্ম হলে' নামক নিবন্ধটি। প্রবন্ধটিতে দেখানো হয়েছে যে, নাস্তিকতাকে ধর্ম কিংবা বিশ্বাস হিসেবে চালাতে গেলে টিভির অফ বাটনকে আরেকটি চ্যানেল বলতে হবে, কিংবা টাক মাথাকে বলতে হবে চুলের রঙ! না, দর্শনের যুক্তি মানতে গেলে বলতেই হবে , নাস্তিকতা কোন বিশাসের ব্যপার নয়, বরং সংজ্ঞানুযায়ী এটি বিশ্বাসহীনতা কিংবা বলা যায় - বিশ্বাস হতে মুক্তি।

এই পর্বে পাঠকদের জন্য হাজির করা হচ্ছে 'অক্কামের ক্ষুর' নামক আরেকটি গুরুত্বপূর্ণ অভিব্যক্তি। আমার মনে আছে - মুক্তমনায় একবার আল মুর্শেদ সাহেব জানতে চেয়েছিলেন অক্কামের ক্ষুর ব্যাপারটা কি, আর কি করে এটি ঈশ্বর নামক ধারণাটিকেকে বাহুল্য হিসেবে বাতিল করে দেয়। দু একজন ব্লগার কিছু ছোটখাট প্রতিক্রিয়া জানালেও মূল বিষয়গুলো অ নুচ্চই থেকে গিয়েছিলো। আমি আমার বই 'আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী' (২০০৬, পুনঃ মূদ্রণ, অঙ্কুর প্রকাশনী) -এ এ সম্বন্ধে কিছুটা আলোকপাত করেছিলাম। মুক্তমনার পাঠকদের জন্য কিছুটা পরিবর্তিত এবং পরিবর্ধিত আকারে এখানে প্রকাশ করা হচ্ছে।

অক্কামের ক্ষুরকে দর্শনশাস্ত্রে অনেক সময় **'মিতব্যয়িতার নীতি'** (Principle of Parsimony/Economy) কিংবা **সরলতার নীতি** (Principle of Simplicity) হিসেবে অভিহিত করা হয়।
সংক্ষেপে এর মূল নীতিটি হল :

Pluralitas non est ponenda sine neccesitate (Plurality should not be posited without neccssity).

বাংলা করলে দাঁড়ায়-

'অনাবশ্যক বাহুল্য সর্বদাই বর্জনীয়'।

এই নীতি প্রয়োগ কিন্তু বিজ্ঞানে, ধর্মে, দর্শনে খুবই ব্যাপক। বিজ্ঞানের ক্ষেত্রে 'অক্কামের ক্ষুরের' প্রয়োগ হরহামেশাই লক্ষ্য করা যায়। বিজ্ঞানীরা অক্কামের যে মূল নীতিটি অনুসরণ করেন তা হল - 'যদি দুটি বৈজ্ঞানিক মডেল একই রকম ভবিষ্যদ্বাণী কিংবা ফলাফল প্রদান করে থাকে, তবে অপেক্ষাকৃত সহজ মডেলটি সমাধান হিসেবে গ্রহণ কর।' একটা উদাহরণ দেয়া যাক। একটা সময় গ্রহদের অনিয়ত-গতিপ্রকৃতি জ্যোর্তিবিদদের কাছে বড় ধরনের তাত্ত্বিক সমস্যা হিসেবে চিহ্নিত হয়েছিল। কেপলার এই সমস্যা সমাধান করতে আমাদের সামনে হাজির করেছিলেন তিনটি সূত্র -

১) সূর্যকে একটি ফোকাস বিন্দুতে রেখে গ্রহসকল উপবৃত্ত পথে পরিক্রমণ করে
২) একই কাল ব্যবধানে গ্রহের যে কোন অবস্থানে সূর্য থেকে গ্রহ পর্যন্ত সংযোজী সরল রেখা একই পরিমাণ ক্ষেত্রফল রচনা করে থাকে।
৩) গ্রহসকলের সূর্যের চতুর্দিকে আবর্তনকালের বর্গ সূর্য থেকে তাদের মধ্যক দূরত্বের ঘণফলের আনুপাতিক।
আর পরবর্তীতে একই সমস্যা সমাধান করতে গিয়ে কেপলারের এই তিনটি নিয়মের বদলে নিউটন আমাদের দিলেন একটি মাত্র সূত্র- 'মহাকর্ষীয় ব্যস্তবর্গীয় নিয়ম' (Inverse Law of Gravity) - যা দিয়ে গ্রহ উপগ্রহের চলাচলজনিত সমস্যাগুলোর একটা সহজ সমাধান পাওয়া গেল। দেখা গেল, এই একটি নিয়ম থেকেই কেপলারের পূর্বেকার নিয়মগুলো স্বতঃসিদ্ধভাবে বেরিয়ে আসে। কাজেই যখন থেকে নিউটনের মহাকর্ষ সূত্রটিকে 'বৈজ্ঞানিক মডেল' হিসেবে গ্রহণ করা হল, কেপলারের সূত্রগুলো 'অনর্থক বাহুল্য' হিসেবে পরিত্যক্ত হল সঙ্গত কারণেই। এটিই অক্কামের সূত্রের একটি খুবই সার্থক প্রয়োগ।

অক্কামের ক্ষুরের আরেকটি সার্থক প্রয়োগ দেখা যায় ইথারের ক্ষেত্রে। উনবিংশ শতাব্দীর পদার্থ বিজ্ঞানীরা আলো চলাচলের জন্য মাধ্যম হিসেবে 'ইথার' নামক একটি অদৃশ্য, ঘর্ষণহীন, রাসায়নিকভাবে নিষ্ক্রিয় এবং 'সর্বভূতে বিরাজমান' এক রহস্যময় পদার্থ কল্পনা করেছিলেন। তাঁদের ধারণা ছিল শব্দ চলাচলের জন্য যেমন মাধ্যমের প্রয়োজন, তেমনি আলো চলাচলের জন্যও একটি মাধ্যম থাকতেই হবে। তারা ধরে নিয়েছিলেন এই পুরো মহাবিশ্বটাই ডুবে রয়েছে ইথার নামক এক অদৃশ্য পদার্থের অথৈ মহাসমুদ্রে। আর এই ইথার নামক মাধ্যমের সাহায্যেই আলো অনেকটা শব্দের মতই তরঙ্গাকারে চারিদিকে ছড়িয়ে পড়ে। কিন্তু ১৮৮০ সালে মাইকেলসন-মর্লির বিখ্যাত পরীক্ষা আর তারও পরে ১৯০৫ সালে আলবার্ট আইনস্টাইনের 'আপেক্ষিক তত্ত্ব' তাত্ত্বিকভাবে ঈথারের অস্তিত্বকে নস্যাৎ করে দিল। গন্ধহীন, স্পর্শহীন রহস্যময় 'ইথার' 'অহেতুক বাহুল্য' হিসেবে পরিত্যক্ত হল।

অক্কামের ক্ষুরের ব্যাপকতর প্রয়োগ লক্ষ্য করা যায় দর্শনেই। নাস্তিক্যবাদী দার্শনিকরা , অক্কামের ক্ষুরের প্রয়োগে যুক্তি দেখিয়ে থাকেন, ঈশ্বরের অনুমান নিতান্তই একটি অপ্রয়োজনীয় অনুকল্প। কিভাবে? নিম্নোক্ত দুটি হাইপোথিসিস বা অনুকল্প বিবেচনায় আনা যাক -

১) আমাদের সামনে এক জটিল মহাবিশ্বের অস্তিত্ব রয়েছে, যেটি প্রাকৃতিক নিয়মে (Natural Process) উদ্ভুত হয়েছে। অর্থাৎ,
* মহাবিশ্বের অস্তিত্ব - -> প্রাকৃতিক নিয়ম

২) আমাদের সামনে এক জটিল মহাবিশ্বের অস্তিত্ব রয়েছে, এবং একজন 'ঈশ্বর'ও রয়েছেন যিনি এই মহাবিশ্ব তৈরি করেছেন। এখানে 'ঈশ্বর' স্বভাবতই একটি পৃথক সত্ত্বা হিসেবে দেখা দিচ্ছে। অর্থাৎ ,
* মহাবিশ্বের অস্তিত্ব – > নিয়ম + ঈশ্বর
যদি এই দুইটি পথের মধ্যে একটিকে পছন্দ করতে হয়, তবে 'অক্কামের সূত্র' এদের মধ্যে অপেক্ষাকৃত সহজটিকে সমাধান হিসেবে গ্রহণ করতে বলবে- অর্থাৎ প্রথম সমাধানটি এক্ষেত্রে গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে।

কেউ কেউ অবশ্য তৃতীয় একটি সমাধানকে অপেক্ষাকৃত সহজ হিসেবে বিবেচনা করতে পারেন -

আমাদের সামনে কোন জটিল মহাবিশ্বের অস্তিত্ব নেই- আসলে সবই মায়া আমাদের কল্পনা!

তবে এই তৃতীয় সমাধানটি আমাদের সলিপসিজমের (Solipsism) এর পথে নিয়ে যায় যা অধিকাংশ যুক্তিবাদীদের কাছে অগ্রহণযোগ্য।

জীববিজ্ঞানের ক্ষেত্রে অক্কামের ক্ষুরের চমৎকার একটি প্রয়োগ আমরা পাই যখন চার্লস ডারউইনের প্রাকৃতিক নির্বাচনের মাধ্যমে ঘটা বিবর্তন তত্ত্ব উইলিয়াম প্যালের 'ডিজাইন আর্গুমেন্ট' বা সৃষ্টির পরিকল্পিত যুক্তিকে বাতিল করে দিয়েছিলো। উইলিয়াম প্যালে (১৭৪৩-১৮০৫)'র বিখ্যাত বই 'Natural Theology, or Evidence of Existence and Attributes of the Deity, collected from the Appearences of Nature' এ প্রকাশিত হয় ১৮০২ সালে। ধর্মতত্ত্ব ও দর্শনের ইতিহাসে নিঃসন্দেহে এটি গুরুত্বপূর্ণ একটি বই ছিলো সে সময়। জ্যোতির্বিজ্ঞান নিয়েও প্যালে ভেবেছিলেন বিস্তর, কিন্তু নিজেই শেষ পর্যন্ত বলেছিলেন 'বুদ্ধিদীপ্ত স্রষ্টার অস্তিত্ব প্রমাণের জন্য জ্যোতির্বিজ্ঞান উপযুক্ত মাধ্যম নয়'; এ ক্ষেত্রে প্যালের 'উপযুক্ত মাধ্যম' মনে হয়েছিল বরং জীববিজ্ঞানকে। আর পূর্ববর্তী অন্যান্য ন্যাচারাল থিওলিজিয়ানদের মতই প্যালেও জীবজগতকে পর্যবেক্ষণ করতে গিয়ে জীবের অভিযোজনের ক্ষমতা দেখে মুগ্ধ হয়েছিলেন। প্যালে লক্ষ্য করেছিলেন যে , প্রতিটি জীবদেহে নির্দিষ্ট কাজ করবার জন্য নির্দিষ্ট অংগ-প্রত্যঙ্গ রয়েছে, যা জীবটিকে একটি নির্দিষ্ট কোন পরিবেশে টিকে থাকতে সহায়তা করে। তিনি জটিল জীবদেহকে ঘড়ির কাঠামোর সাথে তুলনীয় মনে করেছিলেন, আর তার মধ্যেই দেখেছিলেন স্রষ্টার সুমহান পরিকল্পনা , উদ্দেশ্য আর নিপুণ তুলির আঁচর। আর চোখকে প্যালে অনেকটা জৈব-টেলিস্কোপ হিসেবে ধরে নিয়েছিলেন। তাই খুব স্বাভাবিক ভাবেই সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন যে, ঘড়ি কিংবা টেলিস্কোপ তৈরী করার জন্য যেহেতু একজন কারিগর দরকার, চোখ 'সৃষ্টি করার জন্য'ও প্রয়োজন একজন অনুরূপ কোন কারিগরের। সেই কারিগর যে একজন 'ব্যক্তি ঈশ্বর' (Personal God)ই হতে হবে তা প্যালে খুব পরিস্কার করেই বলেছিলেন তার গ্রন্থে।

প্যালের এই 'ঘড়ির কারিগরের যুক্তি' দর্শনশাস্ত্রে পরিচিত 'পরিকল্প যুক্তি' বা 'আর্গুমেন্ট অব ডিজাইন' নামে। এই যুক্তি ঈশ্বর নামক একটি সত্তার অস্তিত্বের পেছনে অত্যন্ত জোরালো যুক্তি হিসেবে বিশ্বাসীরা ব্যবহার করতেন। ডারউইনের বিবর্তন তত্ত্বই প্রথমবারের মত এই ডিজাইন আর্গুমেন্টকে শক্তিশালীভাবে চ্যালেঞ্জ করে ভুল প্রমাণ করে দিয়েছিলো। ডারউইন প্রস্তাব করলেন জীবদেহকে কেবল

ঘড়ির মত যন্ত্রের মত কিছু ভেবে বসে থাকলে চলবে না। জীবজগৎ যন্ত্র নয় ; কাজেই যন্ত্র হিসেবে চিন্তা করা বাদ দিতে পারলে এর পেছনে আর কোন কোন ডিজাইন বা পরিকল্পনার মত 'উদ্দেশ্য' খোঁজার দরকার নেই। জীবজগতে চোখ বা এ ধরোনের জটিল প্রত্যঙ্গের উদ্ভব ও বিবর্তনের পেছনে ডারউইন প্রস্তাব করলেন এক 'অন্ধ কারিগরের', নাম প্রাকৃতিক নির্বাচন- যে প্রক্রিয়ার মাধ্যমে লাখ লাখ বছর ধরে ধাপে ধাপে গড়ে ওঠা পরিবর্তনের ফলে চোখের মত অত্যন্ত জটিল অংগ-প্রত্যংগ গড়ে ওঠা সম্ভব। এ প্রক্রিয়াটির নাম ক্রমবর্ধমান নির্বাচন (Cumulative selection)। একাধিক ধাপের এই ক্রমবর্ধমান নির্বাচনের মাধ্যমে যে ধাপে ধাপে যে জটিল অঙ্গ-প্রত্যঙ্গ উদ্ভুত হতে পারে তা ইতোমধ্যেই বৈজ্ঞানিকভাবে প্রমানিত হয়েছে।



শুধু তাই নয়, এ পদ্ধতিতে আংশিকভাবে চোখের উৎপত্তি ও বিকাশ যে সম্ভব এবং তা বিভিন্ন প্রতিকুল পরিবেশে যে একটি জীবের টিকে থাকার সম্ভাবনাকে অনেকাংশে বাড়িয়ে তুলতে পারে তারও অজস্র উদাহরণ রয়েছে আমাদের চারপাশে। বিবর্তন তত্ত্ব ডিজাইন আর্গুমেন্টকে বাতিল করে দেয় বলেই আমরা আজ প্রজাতির 'উৎপত্তির' কথা বলি, 'সৃষ্টি'র নয়। বিবর্তন তত্ত্বই প্রথমবারের মতো আমাদের দেখিয়ে দিলো যে, মানুষ সহ অন্যান্য জীবের উদ্ভবের পেছনে কোন স্বর্গীয় কারণ খোঁজার দরকার নেই; অন্যান্য পশুপাখি, গাছপালা প্রাকৃতিক নির্বাচনের মধ্য দিয়ে এ পৃথিবীতে এসেছে ,মানুষ নামের দ্বিপদী প্রাণিটিও ঠিক একই বিবর্তনের ধারাবাহিকতায় এ পৃথিবীতে এসেছে , কোন ধরণের 'সৃষ্টি'

(কিংবা সৃষ্টিকর্তার হস্তক্ষেপ) ছাড়াই। বিবর্তন তত্ত্ব কিভাবে সৃষ্টির পরিকল্প যুক্তি বা ডিজাইন আর্গুমেন্টকে সরাসরি বাতিল করে দেয়, সেটার তের পর্বের একটা চিত্রকল্প (written by Dylan Evans & Howard Selina) রাখা আছে আমাদের সাইটে (দেখুন এখানে)। এর দার্শনিক অভিব্যক্তি এতোই বিশাল ছিলো যে, অধ্যাপক ডকিন্স বলতে বাধ্য হয়েছিলেন যে, ডেভিড হিউম কিংবা বার্ট্রান্ড রাসেলেরা ঈশ্বরের অস্তিত্বের যুক্তিগুলো বহুভাবে খণ্ডন করলেও ডারউইনের বিবর্তন তত্ত্বই তাকে ‘ intellectually fulfilled atheist’-এ রূপান্তরিত করতে পেরেছে অত্যন্ত সার্থকতার সাথে। দার্শনিক ডেনিয়েল ডেনেট সেজন্যই বিবর্তনতত্ত্বকে রাজাম্ল বা ‘ইউনিভার্সাল এসিড’ হিসেবে চিহ্নিত করেছেন।

যা হোক, লেখার এই পর্যায়ে এসে অক্কামের ক্ষুরের ইতিহাসটি পাঠকদের সামনে একটু ছোট করে বয়ান করতে চাচ্ছি। ‘অক্কামের ক্ষুর’ নামক এই অদ্ভুতুরে পরিভাষাটি আসলে এসেছে ইংরেজ দার্শনিক উইলিয়াম অকহামের (William Ockham, ১২৮৫ -১৩৪৯) এর নাম থেকে। অকহাম নিজে যদিও এই সূত্রটির উদ্ভাবক ছিলেন না , তবে এই সূত্রটি তিনি প্রায়শই বিভিন্নভাবে ব্যবহার করতেন বলে শোনা যায়। আর সেজন্যই তার নাম এই সূত্রের সাথে ওতপ্রোতভাবে এখন জড়িয়ে রয়েছে। আমি অবশ্য জানি না যে, নাপিতের ‘দাঁড়ি কামানোর ক্ষুরের’ মত ভয়ঙ্কর একটা কিছুর আদলে তার নাম নিয়ে এই উদ্ভট পরিভাষা সৃষ্টির সাথে তিনি একমত হতেন কিনা , তবে তিনি চান বা না চান তার নামটি কিন্তু বিখ্যাত এই সূত্রের সাথে আজ ওতপ্রোতভাবেই জড়িয়ে রয়েছে। ‘অক্কামের ক্ষুর’ মধ্যযুগীয় দর্শনের এক গুরুত্বপূর্ণ নীতি হিসেবে বিবেচিত হয়।

রসিকজনেরা কিন্তু এই সূত্রটি নিয়ে নানা ধরনের রসিকতা করতেও ছাড়েননি। যেমন - কেউ কেউ এই সূত্রটিকে অভিহিত করেন ‘Kiss’ সূত্র (Keep it simple, stupid) হিসেবে। কেউবা এই সূত্রটির নির্যাসকে তুলে ধরেন এভাবে-

‘যখন কোথাও ঘোড়ার ডাক শোন, তখন ঘোড়ার কথাই মাথায় রেখো, জেব্রা বা জিরাফের নয়’।

বিখ্যাত চিত্রকর ও বিজ্ঞানী লিওনার্দো দ্য ভিঞ্চি (১৪৫২ - ১৫১৯) ছিলেন অকহামের সমসাময়িক ব্যক্তিত্ব। তিনিও তার মত করে একটি ‘অক্কামের ক্ষুর’ তৈরি করেছিলেন। তাঁর রচিত ‘অক্কামের ক্ষুরটি’ ছিল এ রকম-

“Simplicity is the ultimate sophistication”

ইতিহাসে অক্কামের ক্ষুরের একটি সার্থক প্রয়োগের উল্লেখ পাওয়া যায় বিজ্ঞানী ল্যাপ্লাস এবং নেপোলিয়নের একটি মজার ঘটনায়। ঘটনাটি আমার এতোই মজার মনে হয়েছিলো যে, আমার প্রথম বই ‘আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী’ শেষ করেছিলাম এ গুরুত্বপূর্ণ ঘটনাটির উল্লেখে। তবে , ঘটনাটি আমার বানানো কিছু নয়। ঘটনাটি প্রথমে আমি পড়েছিলাম বিখ্যাত জ্যোতির্পদার্থবিদ মেঘনাদ সাহার ‘হিন্দু ধর্ম-বেদ-বিজ্ঞান’ সম্পর্কিত একটি চিত্তাকর্ষক বাদানুবাদ থেকে (আধুনিক বিজ্ঞান ও হিন্দুধর্ম : অনিলবরণ রায়ের সমালোচনার উত্তর, মেঘনাদ সাহা, মেঘনাদ রচনা সংকলন, শান্তিময়

চট্টোপাধ্যায় সম্পাদিত, ওরিয়েন্ট লংম্যান, কলিকাতা, ১৯০৮ শকাব্দ, পৃষ্ঠা ১২৭-১৬৯ দ্রঃ) । বর্ণিত ঘটনাটি এরকম:

বিখ্যাত গণিতজ্ঞ লাপ্লাস তার সুবিখ্যাত 'Mechanique Celeste' গ্রন্থে গ্রহসমূহের এবং চন্দ্রের গতির খুব সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করেন। তিনি প্রমাণ করেন যে , গতিবিদ্যা ও মাধ্যাকর্ষণ দিয়ে পর্যবেক্ষিত সকল গ্রহগতির সম্পূর্ণ ব্যাখ্যা দান সম্ভব। তিনি যখন গ্রন্থটি নেপোলিয়নকে উৎসর্গ করার জন্য অনুমতি চাইতে গেলেন, তখন নেপোলিয়ন রহস্য করে বলেন:

'মসিঁয়ে লাপ্লাস, আপনি আপনার বইয়ে বেশ ভালভাবেই মহাকাশের গ্রহ-নক্ষত্রের চালচলন ব্যাখ্যা করেছেন; কিন্তু আমি দেখলাম আপনি কোথাও ঈশ্বরের উল্লেখ করেন নি। আপনার মডেলে ঈশ্বরের স্থান কোথায়?'

লাপ্লাস উত্তরে বললেন:

স্যার, এই বাড়তি অনুকল্পের কোন প্রয়োজন নেই।

কমেন্ট

1. পথিক

জানুয়ারি ১৯, ২০১০ সময়: ১০:২১ পূর্বাহ্ণ লিঙ্ক

অভিজিৎ ভাই,দর্শন শাস্ত্রের এই বেসিক বিষয়গুলো নিয়ে আপনার কাছ থেকে আরো পোস্ট চাই। অফ টপিক-আগন্তুকের কোন খবর জানেন কি? অনেক দিন তাকে মুক্তমনাতে দেখি না।

শাফায়েত এর জবাব:

জানুয়ারি ১৯, ২০১০ at ৫:৪৫ অপরাহ্ণ

> অভিজিৎ ভাই,দর্শন শাস্ত্রের এই বেসিক বিষয়গুলো নিয়ে আপনার কাছ থেকে আরো পোস্ট চাই।

এটা আমাদের এক দফা দাবী

অভিজিৎ এর জবাব:
জানুয়ারি ১৯, ২০১০ at ৬:০৫ অপরাহ্ণ
@পথিক,

অফ টপিক- আগন্তুকের কোন খবর জানেন কি? অনেক দিন তাকে মুক্তমনাতে দেখি না।

আমি দেশে যখন শেষ খবর পেয়েছিলাম - তখন তার কম্পিউটার ক্রাশ করেছিলো। আমার সাথে ফোনে একবার যোগাযোগ হয়েছিল। পরদিন দেখা হবার কথা ছিলো কিন্তু আমি আর কল পাইনি, আর ব্যস্ততার কারণে আমিও খোঁজ নিতে পারিনি। আশা করি সে বহাল তবিয়তেই আছে, এবং মুক্তমনায় অতিসত্ত্বর নিয়মিত হবে।

2. 2

পৃথিবী
জানুয়ারি ১৯, ২০১০ সময়: ২:১১ অপরাহ্ণ লিঙ্ক

খ্রিস্টোফার হিচেনসের "গড ইজ নট গ্রেট" বইতেই খুব সম্ভবত পড়েছিলাম অক্কাম, একজন ধর্মীয় ব্যক্তিত্ব, নিজেই এই ক্ষুরের কারণে ধর্ম নিয়ে ধন্ধে পড়ে গিয়েছিলেন!

3. 3

শিক্ষানবিস
জানুয়ারি ১৯, ২০১০ সময়: ২:৪৭ অপরাহ্ণ লিঙ্ক

অক্কামের ক্ষুর খুব গুরুত্বপূর্ণ। ভাল লাগল লেখাটা।
মেঘনাদ সাহার কোন লেখা পড়া হয় নি। আপনার লেখা থেকেই কিছু বিচ্ছিন্ন অংশ পড়া হয়েছে। নেটে কোথাও মেঘনাদ সাহার লেখা পাওয়া যাবে?

অভিজিৎ এর জবাব:
জানুয়ারি ২০, ২০১০ at ২:২২ পূর্বাহ্ণ
@শিক্ষানবিস,

এক কাজ কর। রায়হানকে সাথে নিয়ে একটু সময় করে আমার বাবার সাথে দেখা করতে পার। বাসায় মেঘনাদ সাহা আর সত্যেন বোসের উপর অনেক ম্যাটেরিয়াল পাবে। ওগুলো সংগ্রহ করতে পারলে ইন্টারনেটকে সহজেই সমৃদ্ধ করতে পারবে। খুব কম কষ্টে অনেক রিসোর্স পাওয়ার ওয়াদা!

শিক্ষানবিস এর জবাব:
জানুয়ারি ২০, ২০১০ at ২:৩৬ পূর্বাহ্ণ
হ্যা, এই কাজটা করতেই হবে। একদিন রায়হান আর আমি যাব আপনার বাবার সাথে দেখা করতে। বইগুলো খুব দরকার।

পথিক এর জবাব:
জানুয়ারি ২০, ২০১০ at ১০:৪১ পূর্বাহ্ণ
@শিক্ষানবিস, আমাকেও সংগে নিতে পারেন।রায়হান ভাই এর সাথে পরিচিতিমূলক যোগাযোগ হয়েছে।
আর মেঘনাদ সাহার বিজ্ঞান ও রাজনৈতিক জ়ীবনের উপর লেখা অসাধারণ দুটি প্রবন্ধ পাবেন প্রখ্যত বিজ্ঞান লেখক শ্যামল চক্রবর্তীর ডারউইনের দুনিয়া ও মুশকিল আসান কম্পিউটার বইটিতে।ধার নিতে চাইলে মেইল দিতে পারেন।

4. 4

শাফায়েত

জানুয়ারি ১৯, ২০১০ সময়: ৫:৫৪ অপরাহ্ণ লিঙ্ক

অক্কামের ক্ষুর কিভাবে ঈশ্বরকে বাতিল করে বিস্তারিত বুঝালে ভালো। ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করলেইতো আমার মনে হয় সব প্রশ্নের উত্তর সহজ হয়ে যায়। "মহাবিশ্ব কিভাবে শুরু হয়েছিল? ঈশ্বর শুরু করেছেন। কিন্তু ঈশ্বরকে কে তৈরি করেছে? ঈশ্বর অনন্ত, তার সৃষ্টি নেই। প্রমাণ কি ? প্রমাণ নেই, আপনাকে বিশ্বাস করতেই হবে!!"।
কিন্তু ঈশ্বরকে অস্বীকার করলে আপনাকে অনেক গবেষনা করে মহাবিশ্বের উৎপত্তির কারণ বের করতে হবে। অক্কামের ক্ষুর এখানে কিভাবে কাজ করে ? আমি ঠিক বুঝতে পারছিনা।

অভিজিৎ এর জবাব:
জানুয়ারি ১৯, ২০১০ at ৬:৫৭ অপরাহ্ণ
@শাফায়েত,

কিন্তু ঈশ্বরকে অস্বীকার করলে আপনাকে অনেক গবেষনা করে মহাবিশ্বের উৎপত্তির কারণ বের করতে হবে। অক্কামের ক্ষুর এখানে কিভাবে কাজ করে ? আমি ঠিক বুঝতে পারছিনা।

আপনি নিজেই বলেছেন, মহাবিশ্ব কে তৈরি করেছিলো, এর উত্তরে যদি বলা হয় -ঈশ্বর, তবে আনুষঙ্গিকভাবেই প্রশ্ন এসে পড়ে - ঈশ্বরকে কে তৈরী করেছিলো? আসলে ঈশ্বর ব্যাপারটি অনর্থক একটি বাহুল্য তৈরি করে আমাদের জন্য। তার চেয়ে যদি দেখানো যায় এই মহাবিশ্ব এবং জীবজগৎ প্রাকৃতিক উপায়ে উদ্ভুত এবং বিবর্তিত হতে পারে - তবে আর 'কারিগর' সংক্রান্ত বাড়তি হাইপোথিসিস দরকার পড়ে না। ডারুইনের বিবর্তন তত্ত্ব আমাদের দেখিয়েছে কিভাবে কোন ধরনের সৃষ্টিকর্তার হস্তক্ষেপ ছাড়াই প্রজাতির উদ্ভব ঘটতে পারে। আর সেজন্যই এটি ডিজাইন আর্গুমেন্টকে বাতিল করে দিতে পারে। ব্যাপারটা মহাবিশ্বের জন্যও খাটে। যদিও পদার্থবিজ্ঞানীরা জীববিজ্ঞানীদের মত 'ইউনিভার্সাল এসিড' খুঁজে পাননি, তথাপি লিন্ডে কিংবা এলেন গুথের 'ইনফ্লেশনারী তত্ত্ব' এবং পল স্টেইনহার্ট এবং নেইল টুরকের প্রস্তাবিত এই চক্রাকার মহাবিশ্ব বা 'সাইক্লিক মডেলে' ব্যাখ্যা করা হয়েছে কিভাবে কোন স্রষ্টার হস্তক্ষেপ ছাড়াই কিংবা পদার্থবিজ্ঞানের কোন জানা নিয়ম নীতির লঙ্ঘন করা ছাড়াই প্রাক্ররতিক নিয়মে মহাবিশ্বের উদ্ভব ঘটতে পারে। আপনি এই লেখাগুলো পড়ে নিতে পারেন -

স্ফীতি তত্ত্ব ও মহাবিশ্বের উদ্ভব
ঈশ্বরই কি সৃষ্টির আদি কারণ?
মহাবিশ্ব ও ঈশ্বর : একটি দার্শনিক আলোচনা
ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করলে হয়ত বিশ্বাসগত দিক থেকে বহু প্রশ্নের উত্তর সহজ হয়ে যায়, কিন্তু গানিতিক বা বৈজ্ঞানিকভাবে চিন্তা করলে দেখা যায় - ঈশ্বর নামক বাড়তি হাইপোথিসিসটি আসলে অক্কামের ক্ষুরের পরিস্কার লঙ্ঘন।

শাফায়েত এর জবাব:
জানুয়ারি ২০, ২০১০ at ১০:০৮ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

অসংখ্য ধন্যবাদ আপনাকে ব্যাপারটা বুঝিয়ে দেবার জন্য ।

afjal suzann এর জবাব:
অক্টোবর ২২, ২০১০ at ৪:৪০ পূর্বাহ্ণ
@অভিজিৎ, awesome দাদা।
আপনার বইগুলার hard copy কথায় পাওয়া যাবে?

5. 5

রায়হান আবীর
জানুয়ারি ১৯, ২০১০ সময়: ৮:৪৯ অপরাহ্ণ লিঙ্ক

নিউ এথিসজম পড়া শ্যাষ। ঐখানেও অক্কামের ক্ষুর নিয়ে কথা আছে - অর্থাৎ বাহুল্য বর্জন নীতি।

তবে কথা সেইটা না, কথা হইলো গিয়া এইসব ভুং ভাং করলে গড কিন্তু জাস্ট আক ইয়ু আপ গানটা শুনেন, মারাত্মক।

অভিজিৎ এর জবাব:
জানুয়ারি ১৯, ২০১০ at ১০:২৫ অপরাহ্ণ
@রায়হান আবীর,

নিউ এথিসজম পড়া শ্যাষ।

এবার তাহলে একটা রিভিউ হয়ে যাক। ফাঁকিবাজি লেখা নয়, পরিপূর্ণ রিভিউ

রায়হান আবীর এর জবাব:
জানুয়ারি ১৯, ২০১০ at ১০:৩৬ অপরাহ্ণ
@অভিজিৎ,

রিভিউ লিখতে পারিনা। তবে অন্তত দুইটা বিষয় আমাকে মারাত্মক হিট করছে, লেখার পরিপূর্ণ আগ্রহ আছে। এবং মজার ব্যাপার কী জানেন, দুইটা লেখার শিরোনাম আমার মাথায় খেলা করছে- যেইদুইটা শিরোনামই আপনার দেওয়া।

অভিজিৎ এর জবাব:
জানুয়ারি ১৯, ২০১০ at ১০:৪৩ অপরাহ্ণ
@রায়হান আবীর,

শিরোনাম যেটাই হোক কিংবা যারই দেয়া হোক না কেন, লিখা ফালাও। তোমার হাব ভাবই বলে দিচ্ছে - জম্পেশ লেখা হবে একটা!

6. 6

সৈকত চৌধুরী

জানুয়ারি ২০, ২০১০ সময়: ১২:৩৮ পূর্বাহ্ন লিঙ্ক

ঠিক করেছিলাম দর্শন শাস্ত্রের প্রান্তিক টুকিটাকি বিষয়গুলো নিয়ে একে একে ছোট ছোট কিছু পোস্ট দিব মুক্তমনায় ।

দাদা আপনাকে ধন্যবাদ। এরকম গুরুত্বপূর্ণ বিষয়গুলো মুক্তমনায় থাকলে কেউ জানতে চাইলে বা বিতর্কের সময় খুব কাজে লাগে, শুধু লিংক দিলেই হয়ে গেল।
তাই আপনি এ বিষয় গুলো নিয়ে একে একে লিখে যাবেন আশা করি।
‘ অক্কামের ক্ষুর’ বিষয়টি আগেই জানতাম এবং খুব কাজের বলেই জানতাম। এখন দেখছি ওটা আমার ধারণার চেয়েও বেশি কাজের।

7. 7

ফরিদ আহমেদ

জানুয়ারি ২০, ২০১০ সময়: ৭:০২ অপরাহ্ন লিঙ্ক

এই অকামের ক্ষুরটাতো দেখছি খুবই কামের হে। চালাতে হয় না , খালি দেখালেই দেখি বহু বাহুল্য জিনিষ বলি হয়ে যায়। ওম শান্তি!

afjal suzann এর জবাব:
অক্টোবর ২২, ২০১০ at ৪:৪৬ পূর্বাহ্ন
@ফরিদ আহমেদ, অকামের ক্ষুরের বৈশিষ্টই হচ্ছে কাম না করে আকাল্লাদের কাম শেষ করা।
আপনার comment টা পড়ে বেশ মজা পেলুম দাদা! 10Q

8. 8

একজন নির্ধর্মী

জানুয়ারি ২২, ২০১০ সময়: ১১:২৮ পূর্বাহ্ণ লিঙ্ক

স্যাটায়ার-ভিডিও: Occam’s Razor Is Simply Wrong! httpv://www.youtube.com/watch?v=pusSNjBd8do&feature=player_embedded

9. 9

মন্দ

ডিসেম্বর ১, ২০১১ সময়: ১২:০৩ অপরাহ্ণ লিঙ্ক

ব্যপার গুলো আরও সহজ বাংলায় চাই, সবকিছু মাথায় ঢুকে না, বুঝলেন, আমরা সাধারন মানুষ , সহজ ভাবে বুঝতে চাই, আরও জানতে চাই।

10. 10

হামিম কামাল

ডিসেম্বর ১৬, ২০১১ সময়: ১১:৩২ অপরাহ্ণ লিঙ্ক

ছোট্ট একটা ব্যাপার যোগ করছি। নামটা উইলিয়াম অকহাম নয়। উইলিয়াম অব অকহাম। অকহাম তাঁর কাউন্টির নাম।http://www.desy.de/user/projects/Physics/General/occam.html

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=9191

আমার সংশয়

তারিখ: ১৮ শ্রাবণ ১৪১৭ (আগস্ট ২, ২০১০)

লিখেছেন: আদিল মাহমুদ

আমার অভিজ্ঞতা মনে হয় এখানে নিতান্তই অপ্রাসঙ্গিক। কারন আমি জ্ঞানত নাস্তিক হইনি। তবে আস্তিক হলেও প্রথাগত ধর্মগুলির অন্ধভক্তির জগত থেকে বেরিয়ে আসতে পেরেছি। এটা নি:সন্দেহে নাস্তিকতার পক্ষে বা আস্তিকতা চ্যালেঞ্জ করা কোন লেখা নয়। অবিশ্বাসের জবানবন্দী বিভাগটা লেখার জন্য নির্বাচিত করলেও তাই এই রুপান্তরের অভিজ্ঞতা মনে হয় এই বিভাগে বেশ কিছুটা ব্যাতিক্রম।

আমার জন্ম বাংলাদেশের আর ১০ টা পরিবারের মতই, ধর্মীয় তবে গোঁড়া না। মা সাধারনভাবে চরম ধার্মিক। তাকে জীবনে কখনো কোন নামাজ জ্ঞানতঃ ক্বাজা করতে দেখেছি বলে মনে পড়ে না। যদিও গানবাজনা, নাটক সিনেমা এসবেও তাঁর সারা জীবনই খুবই উৎসাহ। ধর্মের কথা বললে জবাব দিতেন যে ধর্মের কিছু কিছু রীতিনীতি যুগের সাথে বদলে যায় , আর নামাজ রোজা ঠিকমত করলে কোন সমস্যা নেই।

বাবা ধর্ম নিয়ে তেমন মাথা ঘামাতেন না, জীবনের শেষ দিকে এসে হজ্ব করেন, তবে তারপরেও নিয়মিত নামাজ রোযা ছাড়া আর তেমন কিছু বাহ্যত করতেন না। তিনি যে আমলে হজ্জ্ব করেন তখনো হজ্জ্ব করাটা পাবলিক ফ্যাশনের মত হয়ে দাড়ায়নি। মনে পড়ে না তাকে কখনো কাউকে ধর্ম নিয়ে ওয়াজ নসিহত বা কোন দোয়া দরুদ পাঠে কত সোয়াব এ জাতীয় আলাপ করতে শুনেছি, যে ধরনের কথাবার্তা সাধারনত ধর্ম কর্ম নিয়ে যারা থাকেন তারা বেশ উৎসাহের সাথেই নিত্যই করেন। ধর্ম নিয়ে পড়াশুনা করতে দেখেছি, কারন পাঠ্যাভাস ছিল তার মজ্জাগত, মরিস বুকাইলের সেই কোরান বাইবেল বিজ্ঞান বহু বছর আগে থেকেই আমাদের বাড়িতে ছিল। তিনি মনে হয় ধর্মকর্ম কে একান্ত ব্যাক্তিগত ব্যাপার বলেই মনে করতেন। পীরের দরগায় যাওয়া বা দ্বীন দুনিয়া ভুলে অহঃনিশি আল্লাহকে হাক ডাক করে ডাকাডাকি এসব একেবারেই পছন্দ করতেন না। এখানে আমার মা এর সাথে তার বিরাট তফাত। তবে আমাদের বাড়িতে ছোটবেলা থেকেই আর দশটা মুসলমান পরিবারের মতই হুজুর এসে আরবী কায়দা পড়াতেন। বড় বোনেরা কোরান খতম স্কুলের নীচের ক্লাসেই দেন , যদিও তারা সবাই সে আমলের ইংরেজী মিডিয়ামে পড়া। আমরা দুভাই কেন যেন শুরু করেও বেশীদূর আগাইনি। বাবাও গা ছাড়া ভাব দেখান, আমাদের অনুৎসাহী ভাব দেখে মার পীড়াপিড়ি তেমন আমল দেননি।

পারিবারিক ধর্মীয় শিক্ষা আর তেমন আগায়নি। স্কুলে শুধু চলত। সেও অনেকটা জোড়াতালি দেওয়া। তাতে ছোটবেলায় বেশ উৎসাহ পেলেও বয়স বাড়ার সাথে সাথে উৎসাহ চলে যায়। ক্লাস টুতে পড়াকালীন বাবা আরব দেশ থেকে হজ্ব করে ফেরার পর কিছুদিন বেশ গভীর ইসলামী চেতনায় উদ্বুদ্ধ

হই। এমনকি আরবী আলখাল্লা ও মাথার ব্যান্ডেরও জোর দাবী তুলি। তখন কিভাবে যেন ধারনা হয়েছিল সৌদী আরবই জগতের শ্রেষ্ঠ দেশ। ইহকাল পরকাল সব সেখানেই আছে। আরবী পড়তে কোনদিনই পারতাম না। কোরান কেন আরবীতে পড়তেই হবে অনেককে জিজ্ঞাসা করেও সদুত্তর পাইনি। বুঝলাম মুসলমান হিসেবে কোরান পড়তে হবে , তবে নিজে ভাষায় পড়তে সমস্যা কি? কেন আমাকে বিজাতীয় আরবীতেই পড়তে হবে? কাছাকাছি জবাব পেতাম যে যেকোন ভাষাতেই পড়া যায়, তবে আরবীতে পড়লে অনেক বেশী সোয়াব। ধীরে ধীরে বুঝেছি যে আমাদের ধর্ম জগতের বেশীরভাগ মোটিভেশনই গুনাহ এবং সোয়াবে নিহিত। ক্লাস সেভেন থেকে আমাদের ধর্ম পরীক্ষায় বেশ কিছু নম্বর থাকত নানা রকমের আরবী শব্দের উচ্চারন ও অর্থ লেখা। অত্যন্ত বিপদে পড়লাম। প্রথমে ফটোগ্রাফিক মেমোরির সাহায্য নিলাম। মানে আরবী শব্দ দেখেই তা হায়াগ্রোলিফিকক লিপি পড়ার কায়দায় মনে রাখার চেষ্টা। এই পদ্ধুতি তেমন ভাল কাজ দিল না। এরপর আরো সহজ ও অনেক কার্যকরি পদ্ধুতি নিলাম। আরবী জানা এক বন্ধুর সাথে মৌখিক চুক্তি করলাম। বিনিময় পদ্ধুতি যাকে বলা যায়। সে ছিল অংক, বিজ্ঞান, ও ইংরেজীতে মারাত্মক কাচা। তাকে আমি পরীক্ষায় ওইগুলিতে সাহায্য করতাম বিনিময়ে তার থেকে আরবী শব্দের উচ্চারন টুকলিফাই করতাম। ক্লাস নাইনে পদার্পন করে ঐচ্ছিক হিসেবে ইসলামিয়াত না নেওয়ায় এই যন্ত্রনা থেকে চিরমুক্তি পেলাম , কি যে শান্তি লেগেছিল। বলে রাখা ভাল যে সে সময় পর্যন্ত স্কুলে আরবী বিরক্তিকর লাগলেও ধর্ম শিক্ষা খারাপ লাগত না। নিজেদের এমন একটা ঐতিহ্যবাহী আইডেন্টিটি আছে এটা বোধ করতে খুবই ভাল লাগত।

এমনি করেই দিন যাচ্ছিল। ধর্ম কর্মের ধার তেমন ধারি না। মা মাঝে মাঝে নামাজ পড়তে বলেন, এক কানে ঢুকাই আরেক কানে বের করে দেই। শুধু জুমা/ঈদের নামাজে যাই। বাসার বাকী সবাই অবশ্য নিয়মিত নামাজ পড়ে। রোযা অবশ্য নিয়মিত রাখতাম খুব ছোটবেলা থেকেই। সে সময় বন্ধুবান্ধবের সাথে এসব নিয়ে আলাপ হত, কে কয়টা রোজা রাখল এ ব্যাপারটা ষ্ট্যাটাস ইস্যু ছিল। আর ইফতারের সময় বেরোজদার বলে ভাগে কম পড়ার সম্ভাবনা থাকে না দেখে। মুরুব্বীরাও খুশী হতেন। সাথে সাথে বেরোজদারদের ফুটন্ত পুজের সাগ রে সাতার কাটার মত ভয়াবহ শাস্তির ভয় তো ছিলই।

বিশ্ববিদ্যালয় জীবনের মাঝামাঝি থেকে অবস্থার আমূল পরিবর্তন ঘটল। ভয়াবহ ধরনের ধার্মিকে পরিণত হলাম। ৫ ওয়াক্ত নামাজ নিয়মিত মসজিদে গিয়ে পড়ি, সে শীত গ্রীষ্ম বর্ষা যাই হোক না কেন। ক্লাসের ফাকেও চলে যাই নামাজের যায়গায়। কিছু টা গোড়ামিও ভর করল। গুনাহর ভয়ে ছবি তুলতে চাই না, সিনেমা টিভি দেখিনা। বন্ধুবান্ধবেও বলে, কি ভাল ছেলে। সেসময় আসলেই মানসিকভাবে খুবই শান্তি পেতাম। দিন দুনিয়ার সুখ দুঃখ তেমন স্পর্শ করত না। এ অবস্থায় বেশ কিছু দিন গেল। এরপর বিদেশে আগমন, যদিও প্রথাগত ধর্ম পালনে ছেদ পড়ল না। মহা সমারোহেই চলল। কারন যে শহরে পড়তে এসেছিলাম সে শহরের বাংগালী এবং মুসলমান কমিউনিটি খুব ছোট এবং সবাই বেশ ধার্মিক। এ সময় এমনকি এক তবলীগের দলে ভিড়ে অন্য শহরেও ধর্মপ্রচারে বের হলাম। ধর্ম পালনে সংশয়ের ছাপ পড়ল আরো কবছর পর। মাত্র এই সেদিন।

এবার আমার মনে কিভাবে প্রথাগত ধর্মগুলির ব্যাপারে সন্দেহ বা অনীহা এল সেটা বলি। বলে রাখা ভাল যে আমার সন্দেহের বীজ বলতে আল্লাহর অস্তিত্ত্ব বোঝাচ্ছি না। সে ব্যাপারে আমার তেমন বড় ধরনের সন্দেহ এখনো হয়নি। বিবর্তনবাদ বা বিজ্ঞানের অন্য কোন মতবাদ পড়ে আমার অবিশ্বাস

আসেনি। যুক্তি তর্ক বা কারো নাস্তিক্যবাদের লেখা পড়েও আমার অবিশ্বাসের সূত্রপাত হয়নি। সূত্রপাত হয়েছে বলা যায় নিজেরই ধর্মের নানান দর্শন, রীতিনীতি নিরপেক্ষ দৃষ্টিতে চিন্তা করতে যেয়ে। এই ধরনের সন্দেহের বীজ মনে হয় সব ধার্মিকের মনেই থাকে বা থাকার কথা। আমার মত বেকুব বা কম ঈমানের হলে অনেকে মনে হয় প্রকাশ করে ফেলেন, আর বেশীরভাগ প্রকাশ করেন না বা নিজের মনকে স্বান্তনা দিতে নানান রকমের বুঝ দেন। এককালে তেমন আমিও করতাম। প্রশ্ন আসত , কাউকে জিজ্ঞাসা করতাম, উত্তর মনপুতঃ না হলেও কিছু কথা চালাচালির পর ভান করতাম যে মোক্ষম ব্যাখ্যা পেয়ে গেছি। খামোখা বেয়াড়া প্রশ্ন চালিয়ে গুনাহের ভাগীদার হতে চাই কোন আক্কেলে। এ জাতীয় আলাপে অবধারিতভাবেই এক পর্যায়ে মোড় নিত যে এসব নিয়ে বেশী চিন্তা করা নিষেধ আছে, ঈমান হালকা হয়ে যায়, কিংবা আমরা সামান্য মানুষ ভাল মন্দ কি বুঝি , আল্লাহই ভাল বোঝেন এ জাতীয় দিকে। এরপর আর কথা বাড়ানো ধার্মিক হিসেবে অসম্ভবের মত।

আমার মৃদু ধার্মিক, চরম ধার্মিক, বর্তমান সন্দেহে ভোগা ধার্মিক এই সব জীবনেই কিছু প্রশ্ন বার বার মনে এসে উকি দিত এবং দেয়, যেগুলির যুক্তিসংগত ব্যাখ্যা আজো খুজে পাইনি। এককালে আশা ছিল পাওয়া যাবে, এখন বুঝতে পারছি যে আসলে পাওয়া যাবে না। ছোটবেলা থেকেই আশে পাশের ইসলামী পন্ডিতদের কাছ থেকে শুনে এসেছি যে মুসলমান বাদে আর বাকি সবাই জাহান্নামের আগুনে চিরকাল পুড়বে। মুসলমানেরা যাই হোক , কিছুটা গড়াই পেটাই এর পর একদিন না একদিন বেহেশত এ যাবেই। বিধর্মী, বিশেষ করে হিন্দুদের প্রতি বিদ্বেষের বীজ অনেকের মত খুব ছোটবেলা থেকে আমার মাঝেও ছিল। এই দর্শন মুসলমান হিসেবে ভালই লাগত , নিশ্চিত স্বর্গপ্রাপ্তির এহেন নিশ্চয়তায় কেই বা আপত্তি করে বা বেয়াড়া প্রশ্ন তোলে?
হিন্দুদের কেমন জব্দ হতে হবে ভাবলেও মনে বেশ প্রশান্তির ভাব আসত। মাত্র কিছুদিন আগেও কোন হিন্দু ধর্মাবলম্বী লোকের সাথে পরিচয় হলেই মনে হত, আহা রে, বেচারার কপালে পরকালে অন্তত আগুনে পোড়াই লেখা আছে। ব্যাটা এমনই গাধা যে আমি বললেও বিশ্বাস করবে না। তবে গোল বাধল অন্য যায়গায়।
ছোটবেলা থেকেই ঘরে গৃহশিক্ষক আসতেন। সে আমলে তারা কেন যেন বেশীরভাগই ছিলেন হিন্দু সম্প্রদায়ের। মুসলমান নাকি ভাল শিক্ষক হয় না এমন কথা অনেকের কাছেই শুনেছি। মুশকিল হত যে হিন্দুদের ঘৃণা করার শিক্ষা ধর্মীয় দর্শন থেকে পেয়েছি সেই হিন্দু সম্প্রদায়ের লোক যারা শিক্ষক হয়ে জীবনে এসেছেন তাদেরকে মনে হত দেবতূল্য মানুষ। বাসুদেব নামের একজন বৃদ্ধ শিক্ষক আমাদের কলোনীর অনেক বাসায় পড়াতেন, যেমন ছিলেন রসিক, তেমনি নীতিবান ও ভাল শিক্ষক। তার ভাই ফনীভূষন মজুমদার ছিলেন বংগবন্ধুর আমলের মন্ত্রী। ওনার কাছে আমি ক্লাস টু থেকে ফাইভ পর্যন্ত পড়ি। এনার মতন ভালমানুষ মনে হয় না আশেপাশে খুব বেশী দেখতাম। আমার জীবনের একটি বড় টার্নিং পয়েন্টও ক্লাস সেভেনে হৃষিকেশ নামের আরেকজন হিন্দু শিক্ষকের থেকেই আসে। যে কারনেই আজ মনে হয় আমি পেশাগত জীবনে মোটামুটিভাবে প্রতিষ্ঠিত , এতে আমার কোনই সন্দেহ নেই। আমি তার আগ পর্যন্ত ছিলাম অত্যন্ত সাধারন মানের ছাত্র, পড়াশুনা করতে হয় বলেই করি, পরীক্ষায় ফেলনা করলেও অবস্থান থাকে মাঝামাঝি, অংকে ছিলাম খুবই সাধারন। মাটির মানুষ এই লোকটি এসে কোনরকম মারধর বা ধমকাধমকি ছাড়াই আমাকে কিভাবে যেন অংক বিজ্ঞানে চরমভাবে উতসাহী করে তোলেন। তারই ধারাবাহিকতায় আমার আজকের অবস্থান। টেন এ উঠেও নিত্যানন্দ কুন্ড নামের আরেক শিক্ষক পাই যাকেও সহজে ভোলা যায় না। এরা সবাই যেমন

ছিলেন ভাল শিক্ষক তেমনি মানুষ হিসেবে দেবতূল্য। ওনাদের মত ভালমানুষেরা মৃত্যুর পর অনন্তকাল আগুনে পুড়বেন এমন ধারনা আমার কচিমন কখনোই মেনে নিতে পারত না।

এসব দেবতূল্য লোকদের দেখতাম আর মার কাছে জিজ্ঞাসা করতাম ; মা অমুক স্যারও তো হিন্দু, উনি কত ভাল মানুষ, উনিও কি সারা জীবন দো্যখে পুড়বেন ? মা সরাসরি উত্তর দিতেন না, শুধু ঘুরিয়ে মনে হয় আমাকে স্বান্তনা দিতেই বলতেন যে হিন্দুরাও ভাল কাজের পুরষ্কার পাবেন। যদিও অনন্তকাল দো্যখে পুড়েও কিভাবে পুরষ্কার পাওয়া যায় এ প্রশ্নের যুক্তিসংগত ব্যাখ্যা কখনোই দিতে পারে ননি। আজ পর্যন্ত অন্য কেউই দিতে পারেননি।

এ প্রশ্নের যুক্তিসংগত উত্তর কখনোই পাইনি। অনেকেই বলেন যে তাদের সুযোগ দেওয়া হয়েছিল ইসলাম গ্রহন করার, তারা করেনি, কাজেই অমন পরিনতি তাদের প্রাপ্য। বলাই বাহুল্য, ধর্মীয় পরিচয় যখন অধিকাংশ ক্ষেত্রেই জন্মগত বা পারিবারিকভাবেই স্থির হয়ে যায় সেক্ষেত্রে তাদের দায় কিভাবে দেওয়া যায় এমন কুযুক্তিরও যুক্তিসংগত উত্তর কোথাও পাইনি। আমি নিজে বা এমন ব্যাখ্যা যারা দেন তারাও অন্য সব ধর্মের গ্রন্থ পাঠ করে এ সত্য বুঝেছেন তেমন কোন আলামতও পাইনি।

বিশ্ববিদ্যালয়ে আমাদের ক্লাসে একজন ছাত্র ছিল যে দ্বিতীয় বর্ষের শুরু থেকে কঠিন তবলিগী হয়ে যায়। সে সময় তার কাছে আমরা নানান রকমের ইসলামী জ্ঞান নিতাম। এই প্রশ্নও একদিন তাকে করেছিলাম। উদাহরন হিসেবে বলেছিলাম যে মাদার টেরেসা এত জনকল্যানমূলক কাজ করেন , কিছুই কাজে আসবে না? তার কপালেও অনন্তকাল জ্বলে পুড়াই লেখা আছে ? এত মানবতাবাদী কাজকর্ম সব বৃথা যাবে, এর ব্যাখ্যা কি? এ ধরনের প্রশ্নের উত্তর বেশীরভাগই কেন যেন পালটা প্রশ্ন বা উদাহরন হয়ে থাকে। সেও বেহেশতি হাসি হেসে ব্যাখ্যা করেছিল; তোমরা তো কত কষ্ট করে পরীক্ষার জন্য পড়াশুনা কর, সবসময় কি ভাল ফল লাভ কর? অনেক সময় এমন হয় না যে অনেক ভাল প্রিপারেশন নেবার পরেও পরীক্ষায় খারাপ করলে? এ ব্যাপারটাও তেমন। এহেন ব্যাখ্যায় সন্তুষ্ট না হলেও আর কথা বাড়াইনি। এর কিছুদিন পরে কোরানের বাংলা পড়ে অবশ্য আবিষ্কার করেছি যে আহলে কিতাবধারীরাও বেহেশতে যেতেই পারেন (অনেকের মতে অন্য কোন আয়াতে এর উলটা ধারনাও আছে)। মাদার টেরেসার ব্যাপারে মোটামুটিভাবে আশ্বস্ত হলেও হিন্দু বা নাস্তিকদের যে কোনই রেহাই নেই এতে কোন সন্দেহ নেই।

এই নিয়ে মনের মধ্যে তীব্র দ্বন্দ্ব কাজ করলেও তা খুব বেশী ডালপালা মেলতে পারেনি বা বলা ভাল যে মেলতে দেইনি। আল্লাহ নিশ্চয়ই সব বিষয় ভাল বোঝেন, কারো উপর অবিচার হবে না এমন ধারনা বিশ্বাস করতে চেষ্টা করতাম, আজো করি। মুশকিল বাধত কোরান শরীফ সহ নানান ধর্মীয় পুস্তকে এমন ধারনার পরিষ্কার বিরোধীতা আবিষ্কার করে। নানা বিশেষজ্ঞের এ সম্পর্কিত কথাবার্তা, সাম্প্রদায়িক মতবাদ যত শুনতাম ততই মনের একটা দিক প্রথাগত ধর্মের বিরুদ্ধে বিদ্রোহ করে বসত। এ হতে পারে না। যে জন্মের উপর মানুষের কোনই হাত নেই সে জন্মের কারনেই কেউ অনন্তকাল বেহেশতের ফল ফ্রুটস হুরী ভোগ করবেন আবার কেউ বেগুনপোড়া হবেন, সৎকর্মের কোনই প্রতিফল থাকবে না এটা কোন সুস্থ যুক্তিতে ব্যাখ্যা করা যায় আজো জানি না। কেউ কেউ আরো সোজা বুদ্ধি দিতেন, এসব নিয়ে মাথা না ঘামিয়ে নিজে ধর্মকর্ম করে যাও। কেমন যেন গা এড়ানো বলে মনে হয়।

প্রথাগত ধর্মের আরেকটি দিক আমার কাছে চিরকালই বাড়াবাড়ি রকমের হাস্যকর লাগত। তা হল ইসলামী মতে আমি যা বুঝেছি তা হল যাবতীয় সোয়াব নেকি কামানোর সবচেয়ে ব ড় উপায় হল নানান উপায়ে আল্লাহর আরাধনা করা। নামাজ, রোযা, নিয়মিত কোরান পড়া, কোন সূরা বা দরূদ পাঠে কত ফযিলত এসব হল উল্লেখযোগ্য। যেটা আমার কাছে খুবই আশ্চর্যের মনে হয় যে প্রথাগত ইসলামে সেভাবে মানব উপকার বা জনকল্যানমূলক কাজের উপর গুরুত্ব দেওয়া হয়েছে বলে কোনদিন মনে হয় নি (হতে পারে আমি ভুল? তবে যারা জোরে শোরে ইসলাম পালন করেন ও গবেষনা করেন তাদের তাত্ত্বিক লেখালেখি, বয়ান, ও জীবন পদ্ধতি দেখে এমন মনে হওয়া খুবই স্বাভাবিক)। সুন্নী ইসলামের ৫ প্রধান স্তম্ভের যাকাত বাদে আর কোনটাকেই আমার কাছে এখন আর রিচুয়াল বাদে তেমন কিছু মনে হয় না। ভাল কাজের জন্য সোয়াব বা মন্দ কাজের জন্য গুনাহ বা শাস্তির ভয় আছে, তবে নানান উপায়ে আল্লাহর গুনগান গাওয়ার উপর যতটা গুরুত্ব দেওয়া হয়েছে সেভাবে এসবের জন্য গুরুত্ব নেই। মোল্লা আলেমে এনারা যেভাবে এক ওয়াক্ত নামাজ না পড়লে কত কোটি বছর দোযখ বাস তার হিসেব দিতে পছন্দ করেন তেমনি ভাবে ১ টাকা ঘুষ খেলে কত বছর দোযখ তার হিসেব নিয়ে তেমন চিন্তিত হতে আমি অন্তত দেখিনি। ছেলেবেলা থেকেই দেখেছি কোন নামাজে কত সোয়াব, নফলের সোয়াব, সুন্নতের ফজিলত এসব নিয়ে মানুষ যেভাবে চিন্তা করে সেভাবে দুনিয়াদারির জনকল্যানমূলক কার্যাবলী নিয়ে কেউ তেমন করে ভাবে না। এটাও আমার মনের যৌক্তিক অংশকে প্রায়ই জ্বালায়; যে আল্লাহ এত ক্ষমতাবান, যার ক্ষমতা বর্ণনা বা বোঝার মত ক্ষমতাও আমি সামান্য মানুষের নেই সেই আল্লাহ কেন অফিসের বড় সাহেবের মত তার গুনগান গাওয়া সোজা বাংলায় তেলানো এত পছন্দ করেন? তিনি আছেন, মানি। কিন্তু দিবা রাত্র অষ্টপ্রহর তার গুনাগুন বিজাতীয় ভাষায় তারই কাছে বর্ননা করে যাওয়ার মাঝে কি কল্যান নিহিত থাকতে পারে? আত্মমহিমা তার মত মহান অতিপ্রাকৃত স্বত্ত্বার এত পছন্দ বা দরকার কেন ?

এক ওয়াক্ত নামাজ বাদ পড়া তো বহু দুরের কথা, ইচ্ছাকৃতভাবে কাজ্বা করলেও নাকি ভয়াবহ শাস্তি। একদিন রোযা না রাখার শাস্তি যেন কত বছর ফুটন্ত পুঁজের সাগরে হাবুডুবু খাওয়া , আর খাদ্য হিসেবে কাঁটা। অথচ এগুলির তূলনায় পার্থিব অপরাধগুলির শাস্তির ব্যাপারে ইসলাম যেন অনেকটাই নিশ্চুপ। ঘুষ খাওয়া বা দেওয়ার শাস্তি কত বছর, ক্ষুধার্ত মানুষকে খাদ্য না দেবার শাস্তি ঠিক কত বছর দোজখ বাস কিংবা অন্যায়ভাবে কারো সম্পত্তি মেরে খেলে তার শাস্তি কত বছর বা কোন প্রকারের দোজখ সেসব নিয়ে মোল্লা আলেমদের তেমন কথাবার্তা বলতে কোনদিন শুনিনা। ভাসা ভাসা ভাবে বলেন মহাপাপ, ঠিক, তবে গুরুত্ব তেমন দেন বলে কোনদিন মনে হয়নি। সাধারনভাবে ইসলাম ধর্ম পালন বলতে নামাজ রোযা কোরান পাঠ, সাথে হয়ত হজ্জ্ব বা যাকাত ছাড়া তেমন কিছুই বাহ্যিক বিশেষত্ব দেখি না। এগুলি পালন করার সাথে (আমার কাছে নিছকই কিছু রিচুয়াল) মানুষের নৈতিক সততার কি সম্পর্কে এই প্রশ্ন সবসময়ই মনে হয়েছে।

এই নিয়ে ইসলাম জানা ব্যাক্তিদের প্রশ্নও করেছি। পন্ডিতদের মতে মন থেকে নামাজ রোযা করলে, বুঝে আমলের সাথে কোরান পাঠ করলে নাকি মানুষ এমনিতেই ভাল হয়ে যাবে। কাজেই , নামাজ রোযা এ জাতীয় আল্লাহর ইবাদতই মূল। যদি উদাহরন দেখাতাম যে অমুকে তো দিনরাত মসজিদে পড়ে থাকে কিন্তু বদের ধাড়ি, ব্যাপার কি? সোজা জবাব, সে লোক দেখানো ইবাদত করে, মন থেকে করে না। বলাই বাহুল্য এমন জবাব কখনোই খুব একটা সন্তোষজনক মনে হয়নি। ইসলামের পূর্নাংগ

জীবন বিধানের জোর দাবী দিনে দিনে আরো বেশী হাস্যকর ঠেকেছে। আশে পাশে যারা জোরে শোরে ইসলাম পালন করেন তাদের সবসময়ই দেখি মানব কল্যানমূলক কাজকর্মে র প্রতি তেমন মনোযোগ নেই। তাদের দেখলে কখনোই ইসলামের আওতা বেশী করে নামাজ পড়া বা নানান রকমের ইবাদতের বেশী কিছু মনে হয়নি। ব্লগেও ইসলাম বিষয়ক অসংখ্য লেখাই আসে , সেগুলির সামগ্রিক মানও মোটামুটি একই।

এরপর কোরানের বিভিন্ন আয়াতের অনুবাদ একটু নিরপেক্ষ ও সংশয়বাদী চোখে পড়তে গিয়ে বুঝতে পারলাম যে কোরান আল্লাহর বানী কিনা সে বিতর্কে না গিয়েও বলা যায় যে এর কোরানের বেশ কিছু আয়াতই এই যুগে শুধু অচলই নয়, রীতিমত অমান। কোরানের প্রতিটা অক্ষর সব যুগের সব মানুষের জন্য অবশ্য পালনীয় এহেন দাবী শুধু অযৌক্তিকই নয় , রীতিমত হাস্যকরই ঠেকে। এমন দাবী যারা করেন তারা নিজেরাও পালন করেন না। যদিও মুখে স্বীকার করেন না , নানান রকমের ওজর দেখান। আর হাদীসের তো কথাই নেই। বিভিন্ন বাংলা ব্লগের ধর্ম বিষয়ক বিতর্কগুলিও এ ব্যাপারে বেশ সাহায্য করল। অবাক হয়ে দেখতাম উচ্চশিক্ষিত মানুষেও কিরকম অবলীলাক্রমে কি অন্ধভাবে প্রা চীনপন্থী অমানবিক রীতিনীতি ডিফেন্ড করে চলেছেন। যদিও সেসব রীতিনীতির বেশীরভাগই নিঃসন্দেহে নিজেরাই পালন করেন না, কেউ পালন করেন শুনলে মনের অজান্তেই হয়ত নাক সিটকাবেন।

বাংলা ব্লগগুলো থেকে প্রথম জানতে পারলাম ইসলামের ইতিহাসের আরেক দিক যা আমাদের দেশের ধর্মীয় শিক্ষার সিলেবাস এবং যাবতীয় ধর্মীয় প্রচারনা থেকে যত্নের সাথে আড়াল করে রাখা হয়। বলতেই হয় যে সত্য গোপন করার এই টেকনিক ইন্টারনেটের যুগের আগে পর্যন্ত খুবই সফলভাবে কাজে দিয়ে এসেছে। প্রথম প্রথম এসব বিশ্বাস করতাম না, মনে হত সবই বুঝি বিধর্মীদের বানানো গালগল্প। নিজে কিছু যাচাই করতে বুঝলাম যে কিছু কিছু ইতিহাসে বিতর্ক থাকলেও বেশীরভাগেরই মূল উৎস স্বীকৃত ইসলামী সূত্রেই আছে। হতে পারে এসবের অনেক কিছুই ভুল বা সঠিকভাবে ইতিহাসবদ্ধ হয়নি। সেটা সত্য হলে বলতে হয় যে হাজার বছরেরও উপর ধরে কেউ এসব পারিষ্কার করার দায় নেননি। আর নানান বড় বড় অতি পরিচিত আলেম স্কলারের ধর্ম বিষয়ক বইপত্র পড়লে উল্টাটাই মনে হয়। যেই ইসলাম বা ইসলামী ইতিহাসের হিরো বলে যাদের শিখে এসেছি তাদের অন্যরকম চেহারা নানান সহি ইসলামী সোর্স থেকেই আবিষ্কার মানসিকভাবে বেশ আঘাত দিল। নিজেকে সাথে সাথে বেশ প্রতারিতও মনে হল। বেছে বেছে কোরানের কিছু ভাল ভাল আয়াত শুনিয়ে বা কিছু বাছা বাছা হাদীস পাঠ করা যে সত্য পথের দিশারী হতে পারে না বুঝলাম। বুঝতে পারলাম যে অধিকাংশ ধার্মিকের ঈমান আনয়নের বুনিয়াদ তৈরীর সময়টায় বেশ লুকোচুরির আশ্রয় নিয়ে যথেষ্ট যত্নের সাথে কচি মন গড়াই পেটাই করা হয়। আর এই গড়াই পেটাই এর কাজে দোযখের ভীতি প্রদর্শন হল অন্যতম বড় অস্ত্র।

কোরান আল্লাহ হেফাজত করে আসছেন, যার একটি অক্ষরও বদল করার সাধ্য কারো নেই। হতে পারে। কিন্তু তাতে কি লাভ হয়েছে বা হচ্ছে এই নিয়ে মনে ঘোর সংশয় আছে। কোরানের অনুবাদ দেখি যে যার মত করছেন। একজনের সাথে আরেকজনের অনুবা দ, তাফসীরের আকাশ পাতাল পার্থক্যও ঘটে। আল্লাহর কোরান হেফাজত করার সুফল তেমন পাওয়া যাচ্ছে বলি কিভাবে ? বুঝতে পারলাম যে কোরান পড়ে হয়ত মনের শান্তি পাওয়া যেতে পারে, তেমনি আবার ঘোর সাম্প্রদায়িক এমনকি জেহাদী

বোমারু হবার অনুপ্রেরনাও পাওয়া যেতে পারে। কারো মতে এই আয়াতে র অর্থ এমন, কারো মতে এমন, কন্টেক্সট বুঝতে হবে। আবার কারো মতে অমুক আয়াত মানসুখ হয়ে গেছে। অন্য কেউ আবার প্রতিবাদে তেড়ে আসছেন। অনেক ইসলাম ডিফেন্ডার আবার অতি পরিচিত নামাজ, রোজা, হজ্বের মত ইসলামিক রিচুয়ালগুলি চ্যালেঞ্জ করে বসছেন। তাদের মতে আসল ইসলাম হাজার বছর আগেই হাইজ্যাক হয়ে গেছে। কোরানের বেশ কিছু আয়াত পড়ে বিধর্মীদের প্রতি আল্লাহর অসীম জাতিগত ক্রোধের পরিচয় পেয়ে খুবই বিস্মিত হলাম। খুবই গোলমেলে ব্যাপার। মোট কথা , ইসলামের ভিত্তি কোরানের নানান দর্শন সম্পর্কে মনে গভীর সংশয় জাগল। যদিও পরকালের মত ইসলামের কিছু মূল দর্শন এখনো ভালই লাগে।

সংশয়বাদ খুব সুখকর কোন অভিজ্ঞতা নয়। হয়ত আত্মপ্রতারনা করে গেলে এই জ্বালা থেকে নিষ্কৃতি পাওয়া যেত। এটাও করতে পারি না। যা সত্য মনে হয় বলি। ধর্মের মূল বানী অবশ্যই সত্য পথে থাকা, সেটা করার জন্য অতি অবশ্যই কোন প্রাচীন ঐশীগ্রন্থ চোখ কান বুঁজে পা লন করতে হবে বা পালন করার দাবী করে যেতে হবে এই ধারনা এখন খুবই অদ্ভূত লাগে। ঈশ্বর বিশ্বাসের মত একটি ব্যাপার যা যুক্তি প্রমান দিয়ে কোনদিন প্রমানের উপায় নেই তা নিয়ে মাতামাতি করাও সময়ের অপচয় মাত্র বলেই মনে করি।

কমেন্ট

1. কালো ওঝা

আগস্ট ২, ২০১০ সময়: ৯:৪০ অপরাহ্ণ লিঙ্ক

আপনার মতো এ অভিজ্ঞতা মনে হয় বাংলাদেশের শিক্ষিত নেট ব্যবহার করতে পারে এরকম মধ্যবিত্ত মুসলমান ফ্যামিলির সন্তানই অতিবাহিত হয়েছে আজকাল আপনার ভার্সিটি লাইফে হঠাৎ ধর্মের দিকের ঝুঁকে পড়বার কারণ কি ছিল

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ২, ২০১০ at ১১:৫২ অপরাহ্ণ
@কালো ওঝা,

ভার্সিটি লাইফে ব্যাক্তিগত কিছু কারনে ধর্মের প্রতি খুব আকৃষ্ট হয়ে গেছিলাম , অমন অনেকেরই হয়। জীবনে ঘাত প্রতিঘাত বা প্রত্যাশিত প্রাপ্তিতে এমন হতেই পারে।

2. 2

অভিজিৎ

আগস্ট ২, ২০১০ সময়: ৯:৪২ অপরাহ্ন লিঙ্ক

বাহ! আপনার বিশ্বাস/অবিশ্বাস নিয়ে কোন মন্তব্য না করলেও এটুকু বলব - আপনার লেখার হাত অসম্ভব রকমের ভাল। আপনি আরো লিখবেন এই প্রত্যাশা করি।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ২, ২০১০ at ১১:৫৪ অপরাহ্ন
@অভিজিৎ,

সবই আপনাদের দোয়া।

আমার বিশ্বাস অবিশ্বাস নিয়ে মন্তব্য করলে তো গতি ছিল না, বিশ্বাসের মান রাখতে নাংগা তলোয়ার হাতে আপনার খোঁযে বের হয়ে যেতে হত 😂 ।

3. 3

লাইজু নাহার

আগস্ট ২, ২০১০ সময়: ৯:৪৩ অপরাহ্ন লিঙ্ক

ভাল লাগল!
আমারও মনে হয় কেন অন্য ধর্মের ভাল লোকেরা বেহেশ্তে যাবেনা!
মুসলমানরা কেন এত অতি মাত্রায় ভোগবাদী আর স্বার্থপর।
ধর্মে অপরের প্রতি কল্যাণমুখী কাজকর্মের দিকনির্দেশনা নাই ,
যেমন আছে নামাজ আর রোজার জন্য।

ইসলাম আজ লোক দেখানো ব্যাপার,মনে হয় সবখানেই।
মিথ্যা,চুরি,ঘুষ প্রতারনা সমান তালে নামাজ ,রোজা ফলাফল কি ভেবে পাইনা!
অনেক সময় মনে হয় এইসব অবৈধ কাজ করে লোকজন
ধর্মকে ঢাল হিসেবে ব্যবহার কর।
মানুষের কাছে ধার্মিক উপাধির জন্য সমাজে সুবিধার জন্য।
ধর্মটা একটা বাহ্যিক খোলস!
আমাদের অন্তরের আর বাহিরের বৈপরীত্য অবাক করার মত!

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ২, ২০১০ at ১১:৫৮ অপরাহ্ণ
@লাইজু নাহার,

ধন্যবাদ, আমার চিন্তা সূত্র সঠিক ভাবেই ধরতে পেরেছেন। এসব কথা ভেবেছিলাম আমিও লিখব। খুব বড় করতে চাইনি, আর এখনো কিছু প্রকৃত ধার্মিক যারা মন থেকে ধর্ম পালন করেন তাদের কথা মনেই করেই লিখিনি।

আজকালকার দিনে ধর্ম পালন অনেকের কাছে হয়েছে ভন্ডামীর ঢাল। যাবতীয় আকাজ কুকাজ করার পর ধর্মের কাছে আশ্রয়। সমাজে দূর্নীতি আনাচার যত বেড়েছে ধর্মের বাহ্যিক রমরমাও ততই বেড়েছে। এমন ধারা প্রচলনের জন্য আমার মতে ধর্মের মৌলিক সেই দর্শনই দায়ী; বেশী করে এবাদন বন্দেগী হজ্ব ইত্যাদী পালন করলেই আর চিন্তা নেই।

4. 4

রৌরব
আগস্ট ২, ২০১০ সময়: ১০:১৮ অপরাহ্ণ লিঙ্ক

5. 5

গীতা দাস

আগস্ট ২, ২০১০ সময়: ১০:৩১ অপরাহ্ণ লিঙ্ক

আদিল মাহমুদ,
অনেক যুক্তিসঙ্গত ব্যাখ্যা দিয়ে পারপার্শ্বিক অবস্থা বিশ্লেষণ করে নিজের মনোভাব ও মনের উত্থান, উথাল পাথাল ভাবকে প্রকাশ করেছেন। ভাল লেগেছে। আপনার অনুভূতির সাথে বাংলাদেশের অনেকেরই মত মিলবে বলে আমার বিশ্বাস। মা বাবার যে চরিত্র চিত্রণ করেছেন তা-ও আমার অভিজ্ঞতায় আশেপাশে দেখি। তবে এখন বাবারাও পাল্টাচ্ছে। সংস্কারাচ্ছন্ন হচ্ছে।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১২:০০ পূর্বাহ্ণ
@গীতা দাস,

ধন্যবাদ।

আমিও আজকাল দেশের অবস্থা যা শুনি তেমনই দেখি। আজকাল ধর্মকর্ম যা মনে হয় রীতিমত সোশাল ষ্ট্যাটাসে পরিনত হয়েছে।

নৈতিকতার উন্নতি কতটা হয়েছে এর জবাব কে দেবে?

6. 6

নৃপেন্দ্র সরকার

আগস্ট ২, ২০১০ সময়: ১০:৪৫ অপরাহ্ণ লিঙ্ক

@আদিল মাহমুদ,
লেখাটি খুবই ভাল এবিষয়ে দ্বিমত নেই। আমার একটা প্রশ্ন আছে যা সবাইকে করতে চাই না।

কোরান পড়ে আমার নিম্নরূপ ধারণা হয়েছেঃ
১) কোরানে এমন কোন বাক্য আমি পাইনি যা **মানুষের** পক্ষে লিখতে বা চিন্তা করতে সম্ভব নয়,
২) সমস্ত কোরানটাই রাজ্য/সম্পদ বিস্তার আর প্রভাব বিস্তারের প্রেক্ষিতে রচিত,
৩) ভয় ও পুরস্কার সার্বক্ষনিক এসেছে।
আমার মনে হয়েছে কোরানটা একটি জাগতিক বস্তুবাদের তাগিদে রচিত। আপনাকে একটা প্রশ্ন করার ইচ্ছে করছে। কী ভাবে করব ভেবে পাচ্ছি না। কখনও দেখা সাক্ষাত হলে সামনা-সামনি আলাপ করা যেতে পারে। সেই অপেক্ষাতে থাকি বরং।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১২:১০ পূর্বাহ্ণ
@নৃপেন্দ্র সরকার,

আপনার প্রশ্নগুলি খুবই মৌলিক, এই ধরনের প্রশ্ন মাথায় ঘোরার ফলেই কোরানকে আমি নিরপেক্ষ দৃষ্টিতে দেখতে চেষ্টা করেছি।

১ এবং ৩ এ মোটামুটি একমত। ২ এর কিছু ব্যাতিক্রম মনে হয় আছে। এর সাথে সাথে আমার মনে হয়েছে যে এর অনেকগুলি আয়াত আল্লাহর নিজের গুনগান নিজেই গাইছেন।

জাগতিক বস্তুবাদের তাগিদে রচিত এটাও বেশ কিছু ক্ষেত্রেই বলা যায় , বিশেষ করে আয়াতগুলি নাজিলের ঐতিহাসিক পটভুমির পরিপ্রেক্ষিতে। এটা অতি অবশ্যই খারাপ তা বলা যায় না। জাগতিক সমস্যা সমাধানের উপায় থাকলে মন্দ কি? কিছু সমাধান অবশ্যই আছে, সে আমলের পরিপ্রেক্ষিতে চিন্তা করলে মন্দ নয়, বরং যুগের তুলনায় সে সমাজে বেশ অগ্রসর বলতে হবে। যদিও আজকের দিনে ইতিহাসের অংশ।

ধন্যবাদ আপনাকে প্রশ্নগুলি করায়। আমি এককালে আপনার শহরে অনেক যেতাম, ৮/৯ বছর আগেকার কথা অবশ্য। আবার কখনো গেলে অবশ্যই দেখা হবে।

নৃপেন্দ্র সরকার এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১:২৭ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ,
আমাকে প্লিজ জানবেন যদি কখনও আসেন।

7. 7

আনাস
আগস্ট ২, ২০১০ সময়: ১০:৪৫ অপরাহ্ন লিঙ্ক

সংশয়বাদ খুব সুখকর কোন অভিজ্ঞতা নয়

ঠিক যেন আমার অনুভুতির কথা বলেছেন। আসলেই এটি সুখকর কোন অভিজ্ঞতা নয়। আপনার অনেকগুল কথাই ভাল লেগেছে। বসে বসে সেগুল আবার উদ্ধৃতি করতে ইচ্ছাও করছে! সেকেন্ড লাস্ট প্যারাটায় যে বক্তব্য। তার প্র্যাক্টিক্যাল আমার উপর দিয়ে গিয়েছে! ভাল লাগল অনুভুতিগুল জেনে।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১২:০১ পূর্বাহ্ণ
@আনাস,

হতে পারে,মনে হয় আপনিও কঠিন ধার্মিক ছিলেন দেখেই অনুভূতিগত মিল বেশী 🙂 ।

8. 8

রুশদি
আগস্ট ২, ২০১০ সময়: ১১:১১ অপরাহ্ন লিঙ্ক

অবশেষে কমেন্ট করতেই হলো।
মনে করছিলাম শুধু দেখেই যাব ,কিন্তু আর থাকা গেল না। আদিল ভাই,আপনার লেখার হাত আসলেই খুবই ভাল। সবটুকু এক নিঃশ্বাসে পড়লাম। আমার কিছু মতামত দিলাম। দেখেন কেমন মনে হয়।

প্রথমত, আমি পুরোপুরি নাস্তিক হতে পারি নি। ধর্মগ্রন্থে আমার বিশ্বাস নেই ,আবার ঈশ্বরেও বিশ্বাস করি না। তবু কেন পুরোপুরি নাস্তিক নই ?
কারন, আমার কিছু বাস্তব অভিজ্ঞতা। আমার মনে হয় ,মানুষ খুবই নিঃসঙ্গ প্রাণী। কিছু কিছু খারাপ সময় তাকে একাই পাড়ি দিতে হয়। আর,দুঃখের দিনে মানুষ একজন সমব্যাথী যে চায় ,এটা নিশ্চয় যুক্তি দিয়ে বোঝাতে হবে না। সে ই ভয়ংকর সময়গুলোতে একজন অসীম ক্ষমতার সুপারম্যানকে সে মনে মনে কামনা করে। তার অদৃশ্য উপস্থিতি তাকে তার ক্ষমতার বাইরে যেতে সাহায্য করে।এটা কখনো যুক্তি দিয়ে খন্ডন করা যাবে না। একজন মা 'র সন্তান যখন মৃত্যুপথযাত্রী,ডাক্তার যখন তার অসহায়ত্ব প্রকাশ করেছেন,তখন তিনি যদি সেই সুপারম্যানের শরনাপন্ন হন ,তাকে আমরা কি বলতে পারি? যুক্তি দিয়ে বোঝাব যে ঈশ্বর নেই? তেমনি আমার মনে হয় ঈশ্বরের অবস্থান পার্টটাইম।যখনই কেউ অসহায় বোধ করে,সে আস্তিক হতেই পারে। এটা পুরোপুরি মানসিক ব্যাপার। তবে ,এটা আমার মনে হয়না যুক্তি দিয়ে দুর করা যাবে। আমরা বরং ঈশ্বরের ক্ষতিকর অবস্থানের বিরুদ্ধে কলম ধরতে পারি। মানুষ যদি প্রচলিত ধর্মমতকে অভ্রান্ত মনে না করে ,তাহলেই সব সমস্যার ৯০ ভাগ সমাধান হয়ে যাবে। আমার কাছে যা ভাল মনে হয়,আমি তা করব। তাতে পরকালে আগুন না কি শুল,তা আমার কাছে বিবেচ্য নয়। ঈশ্বর থাকলেও আমার খু ব লাভ হবে না,আবার তিনি উধাও হয়ে গেলেও আমি একা হয়ে যাব। এই দ্বন্দ্ব মনে হয় মানুষের মনে চিরকালীন থাকবে।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১:২৬ পূর্বাহ্ণ
@রুশদি,

আপনিও অবশেষে সিরিয়াস কথাবার্তা শুরু করলেন 🙂 ।

ধার্মিক স্কেলে আপনার এই অবস্থানকে মনে হয় অজ্ঞেয়বাদী বলা যায়। ঠিক নিশ্চিত নই যদিও। শুনেছিলাম আব্দুল্লাহ আবু সাঈদ স্যার অনেকটা এই শ্রেনীর।

ঈশ্বর মানুষের বিপদের বা দূঃখের দিনের খুব ভাল সাথী হতে পারেন। এতে ভাল মন্দ দুইই হতে পারে। শুনতে কটূ লাগবে, তবুও বাস্তব হল বাংলাদেশে কোন নাস্তিক ভিক্ষুক মনে হয় না আছে বলে। যার কিছু নেই সে ইশ্বর বিশ্বাস আঁকড়ে ধরে বাঁচতে চাইবে। আমার নিজের জীবনেও অতটা সিরিয়াস না হলেও তেমন নজির আছে।

এরকম নজির বহু আছে। আবার কেউ কেউ অলৌকিকভাবে বিপদ থেকে রক্ষা পেয়েও ঈশ্বরের নিশ্চিত প্রমান পেয়ে আস্তিক হয়ে যেতে পারে।

এগুলো আমার কাছে আর তেমন গুরুত্বপূর্ন ব্যাপার মনে হয় না। কারো ঈশ্বরে বিশ্বাস বা অবিশ্বাসে আমার আপনার কিছু এসে যায় না। তবে কেউ ইশ্বর বিশ্বাসের নামে যুক্তিহীন অমানবিক কাজকারবার চালাতে গেলে তাতে অবশ্যই যায় আসে। ধর্মগ্রন্থকে বিশুদ্ধ যুক্তির চোখে দেখতে গেলে ততটা অভ্রান্ত লাগার কোন সংগত কারন নেই।

আজকাল কিন্তু ধার্মিক মুসলমানদেরও চিন্তা চেতনে পরিবর্তন ধীরে হলেও আসছে টের পাই। ব্লগে ব্লগে ধর্মের গোঁড়ামী বিরোধী পোষ্ট দিলে সাধারন মুসলমানেরা কিন্তু অনেক সময় তেমন কিছু বলে না , সমর্থনই করে। এর আওতায় অনেক মৌলিক বিষয়েও আছে যা মনে হয় না ১০ বছর আগেও চিন্তা করা যেত।

*রুশদি*এর জবাব:

আগস্ট ৩, ২০১০ at ১১:০১ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ,

আজকাল কিন্তু ধার্মিক মুসলমানদেরও চিন্তা চেতনে পরিবর্তন ধীরে হলেও আসছে টের পাই।

আসতেই হবে। অন্ধকার দিকগুলি চোখের সামনে ঝুলিয়ে দিলে মুখে স্বীকার না করুক ,মনে একটা আলোড়ন তুলবেই।সেজন্যই এধরনের লেখা আমাদের থামালে হবে না।তবে লেখাগুলো বিদ্বেষের দিকে না গেলেই ভালো হয়। কিন্তু কি করি বলুন , এত শত বছরের অন্যায়কে যখন প্রশংসায় ভরিয়ে দেওয়া হয়,তখন মনের অজান্তেই কলমে ক্ষোভ এর জন্ম নেয়।

আপনিও অবশেষে সিরিয়াস কথাবার্তা শুরু করলেন

এতদিন কি তরল কথাবার্তা বললাম? :-*

*আদিল মাহমুদ*এর জবাব:

আগস্ট ৩, ২০১০ at ৬:০১ অপরাহ্ণ

@রুশদি,

মানুষের সত্য ও মিথ্যা দুয়ের ভেতর থেকে সত্য বেছে নেবার সহজাত প্রবনতা থাকে ব লেই আমার মনে হয়। হয়ত কখনো কখনো সময় লাগে। তবে দীর্ঘকাল ধরে কোন বিশাল জাতি গোষ্ঠির কাছে থেকে সত্য গোপন করা যায় না।

লেখালেখি চালাতেই হবে, অন্য পক্ষের বক্তব্যও শুনতে হবে। এরপর ছেড়ে দিতে হবে পাঠকের উপর।

আপনি তরল কথাবার্তা বলেন নাই? আমার ব্লগে আপনেরে পারলে তো অনেকে ছিড়া ফালাবে।

*রুশদি*এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৭:৪৭ অপরাহ্ন
@আদিল মাহমুদ, আমি তো ধর্মের মত রীতিমত কঠিন বিষয় নিয়ে কথাবার্তা বলি। এইটা তরল হয় কি করে?

*রৌরব*এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ২:৪৯ পূর্বাহ্ন
@রুশদি,
আপনি বাংলা শিখলেন কবে?

*রুশদি*এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১০:৫৮ পূর্বাহ্ন
@রৌরব, আত্মগোপনের দিনগুলিতে শিখে নিয়েছি।

9. 9

ফারুক

আগস্ট ২, ২০১০ সময়: ১১:৩৪ অপরাহ্ন লিঙ্ক

কোরান অন্ধ বিশ্বাস বা না বুঝে বিশ্বাসকে সমর্থন করে না বলেই আমার ধারনা। আত্মপ্রতারনা করে কোন জ্বালা থেকেই নিষ্কৃতি পাওয়া সম্ভব নয়। মানসিক শান্তি না পেলে কোন ধর্ম পালন-ই উচিৎ নয়।

১৭:৩৬ যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই, তার পিছনে পড়ো না। নিশ্চয় কান, চক্ষু ও অন্তঃকরণ এদের প্রত্যেকটিই জিজ্ঞাসিত হবে।
17:36 Do not uphold what you have no knowledge of. For the hearing, eyesight, and mind, all these are held responsible for that.
This verse instructs us to use both our reason and senses to examine all the information we receive. It warns us against blindly following a religious teaching or political ideology and asks as to be iconoclasts. It warns us not to be hypnotized by the charisma of leaders nor by the social conventions. A society comprised of individuals that value rational and empirical inquiry will never become the victim of religious fanaticism, tragedies brought by charismatic politicians. **A religion or sect that glorifies ignorance and gullibility can be very dangerous for its followers and others.**
As the Physicist Steven Weinberg once put profoundly, “With or without religion, you would have good people doing good things, and evil people doing evil things. But for good people to do evil things, that takes religion.” See 6:74-83.

The following advice is attributed to Buddha.
“Do not put faith in traditions, even though they have been accepted for long generations and in many countries. Do not believe a thing because many repeat it. Do not accept a thing on the authority of one or another of the sages of old, nor on the ground of statements as found in the books. Never believe anything because probability is in its favor. Do not believe in that which you yourselves have imagined, thinking that a god has inspired it. Believe nothing merely on the authority of the teachers or the priests. After examination, believe that which you have tested for yourself and found reasonable, which is in conformity with your well being and that of others’.”
The Biblical, “Know the truth, and the truth will set you free!” (John 3:24),

The Quran repeatedly advises us to use our intellect, to reason, to be open-minded, to be the seekers of truth, to be philosophers, to be critical thinkers, and not to be the followers of our wishful thinking or a particular crowd. For instance, see 2:170, 171, 269; 3:118, 190; 6:74-83; 7:169; 8:22; 10:42, 100; 11:51; 12:2, 111; 13:4, 19; 16:67; 21:10, 67; 23:80; 24:61; 29:63; 30:28; 38:29; 39:9, 18, 21; 40:54; 59:14. See also 6:110.

ভবঘুরে এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১:০৫ পূর্বাহ্ন
@ফারুক,

আপনার কথা সম্পূর্নই স্ববিরোধী সেই কোরানের আলোকেই।

আমাদের মূল্যায়ন হলো- ইসলাম জ্ঞানচর্চাকে অনুপ্রেরনা যোগায় না। তখন আপনাদের মত লোকেরা

সুরা আলাকের ইকরা শব্দটির অর্থ পড়

এটা উল্লেখ করে বলেন যে- এর অর্থ আল্লাহ জ্ঞানচর্চাকে অনুপ্রেরনা দিচ্ছেন। এখন জ্ঞান চর্চার উপায়টা কি ? উপায় টা হলো- প্রশ্ন করা বা সংশয় প্রকাশ করা। তাহলেই উত্তর পাওয়া যাবে যা মূলত জ্ঞান। কিন্তু কোরান বলছে- মোহাম্মদ আল্লাহর নবী তা প্রশ্ন ছাড়াই বিশ্বাস করতে হবে। আবার মোহাম্মদ বলছে কোরান আল্লাহর বানী যা প্রশ্ন ছাড়াই বিশ্বাস করতে হবে। এটা যুক্তি বিদ্যায় একটা ফ্যালাসী হিসাবে পরিগনিত হয়। কারন কোরান এনেছে মোহাম্মদ যা তিনি আল্লাহর কিতাব বলছেন, আবার কোরান বলছে মোহাম্মদ আল্লাহর নবী। এখন আমাদের প্রশ্ন জাগতেই পারে , মোহাম্মদ আল্লাহর নবী কিনা, বা কোরান আল্লাহর বানী কিনা। কিন্তু সে কোরানই আবার বলছে এ দুটি জিনিসকে প্রশ্ন ছাড়াই বিশ্বাস করতে হবে ,যাতে অন্ধবিশ্বাস বলা হয়। অথচ আপনি বলছেন -

কোরান অন্ধ বিশ্বাস বা না বুঝে বিশ্বাসকে সমর্থন করে না বলেই আমার ধারনা।

তো তাহলে কোরানে যে বার বার ইমান বা বিশ্বাসের কথা বলছে সেটা কি ? কোরানে বার বার বলছে- আল্লাহ ও তার রসুলের ওপর বিশ্বাস করতে হবে , আল্লাহর কিতাব কোরানকে বিশ্বাস করতে হবে । এগুলো তাহলে কি ?

জ্ঞান অর্জনের পক্ষে সাফাই গাওয়া জন্য সুরা আলাকের ইকরা শব্দটিকে মহাসমারোহে ব্যবহার আপনারাই করছেন অথচ একটু পরেই কোরান বলছে অন্ধ বিশ্বাস বা ইমান আনতে হবে। তাহলে

কোরান কিভাবে অন্ধ বিশ্বাসকে সমর্থন করল না ? অন্য কথায় কোরান বা ইসলাম কিভাবে জ্ঞান অর্জনকে সমর্থন করল ?

আপনি যা বলছেন তা সম্পূর্ন আপনার মনগড়া কথা , কোরানের কথা না।

।

পরিশেষে, কোরান আসমানী কিতাব কি না তা বোঝার একটাই উপায় তার চুল চেরা বিশ্লেষন। যদি সে বিশ্লেষনে কোরান কৃতিত্বের সাথে উত্তীর্ন হয় তখন তাকে আসমানী কিতাব হিসাবে স্বীকার করা যাবে। কিন্তু কোরানের প্রথম কথাই হলো ইমান আনতে হবে আগে , তার মানে কোরানকে কোন ভাবেই বিশ্লেষন করা যাবে না । তার পরেও বিশ্লেষন করতে গিয়ে দেখা যাচ্ছে- তাতে অসংখ্য ব্যকরনগত ভুল, কাহিনীর বর্ননা গত ভুল, ইতিহাসগত ভুল, বিজ্ঞানগত ভুল, ভাষাগত ভুল, দুর্বল বাক্যবিন্যাস, দুর্বল ছন্দ বিন্যাস, অসংখ্য অস্পষ্ট বক্তব্য, মানবতা বর্জিত হিংসাত্মক কথাবার্তা ইত্যাদি যা এ মুক্তমনা সাইটে ব্যপকভাবে আগে লেখা হয়েছে। অথচ কোরানে একটি মাত্র দাড়ি কমারও ভুল থাকার কথা না, কারন তা সবর্বজ্ঞানী আল্লাহর বানী। তাই যেখানে একটি মাত্র দাড়ি কমার ভুলই যথেষ্ট তা আসমানী কিতাব নয় প্রমান করতে, সেখানে কোরানে আছে শত শত ভূল ও হিংসাত্মক ও সার্বজনীন মানবতা বর্জিত কথা বার্তা। অধিকাংশ সাধারন মানুষ মাতৃভাষায় এটা পড়ে না বলে জানতে পারে না। আর যা তাদের ছোট বেলা থেকে পড়ানো হয় তা হলো বেছে বেছে কতকগুলি আপাত ভাল সূরা বা কথা। ফলে ছোটবেলা থেকেই তাদের ব্রেন ওয়াশড হয়ে যায়, এর পর যতই কোরান হাদিসের ভূল ধরিয়ে দেয়া হোক না কেন তারা আর অবচেতন মন থেকে তা আর গ্রহন করতে চায় না , তার বাস্তব প্রমান হলো আপনি। কোরানের এত শত ভূল ধরিয়ে দেয়ার পরও আপনি অকাতরে ডিফেন্ড করে যাচ্ছেন নিজের মনগড়া বানী দিয়ে। দয়া করে আল্লাহর দেয়া চোখ কান আর ব্রেনটাকে একটু পরিষ্কার করে কোরান হাদিস পাঠ করুন , আপনি নিজেই বুঝতে পারবেন তা আল্লাহর বানী কি না ।



ফারুক এর জবাব:

আগস্ট ৩, ২০১০ at ১:৫২ পূর্বাহ্ণ

@ভবঘুরে,

কোরানের এত শত ভূল ধরিয়ে দেয়ার পরও আপনি অকাতরে ডিফেন্ড করে যাচ্ছেন নিজের মনগড়া বানী দিয়ে।

কবে কোথায় বা কোন মন্তব্যের মাধ্যমে আমাকে এত শত ভূল ধরিয়ে দিয়েছেন? এই মিথ্যার কি কোন দরকার ছিল?

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১:০৭ পূর্বাহ্ণ
@ফারুক,

খুবই ভাল লাগে শুনতে। যে কোন সুস্থ সাধারন বিবেকে তেমনই বলবে। কোন একটা গ্রন্থ নিজে পড়ে কিছু বোঝার আগেই পূর্ন বিশ্বাস এনে ফেলা কোন স্বাভাবিক বিচারে পড়ে না।

মুশকিল হল মুসলমান হবার অতি আবশ্যিক প্রি -রিকুইজিট হল কোরানে পূর্ন বিশ্বাস আনা। আপনার তত্ত্বের সাথে এই তত্ত্বের সহাবস্থান কিভাবে সম্ভব?

আপনি যে বলেছেন তার সাথে এই শর্ত যোগ করলে সেটা মনে হয় অনেকটা এরকম দাড়ায়; প্রশ্ন করাই যেতে পারে, প্রশ্ন করতে মানা নেই। তবে তারপরেও চূড়ান্ত কথা হল বিশ্বাস আনতেই হবে। তাই না?

ফারুক এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১:৪৯ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

মুশকিল হল মুসলমান হবার অতি আবশ্যিক প্রি -রিকুইজিট হল কোরানে পূর্ন বিশ্বাস আনা। আপনার তত্ত্বের সাথে এই তত্ত্বের সহাবস্থান কিভাবে সম্ভব?

এখানেই আপনি ভুল করছেন। মুসলমান ও বিশ্বাসী দুটি ভিন্ন জিনিষ। মুসলমান হলো সেই , যে সৃষ্টিকর্তার (আল্লাহ'র) কাছে বশ্যতা স্বীকার করে। বিশ্বাস(faith) পরের ধাপ।
(যেহেতু আপনি নিজেকে আস্তিক দাবী করছেন , আমার মতে আপনি মুসলমান)

৪৯:১৪ মরুবাসীরা বলেঃ আমরা বিশ্বাস স্থাপন করেছি। বলুনঃ তোমরা বিশ্বাস স্থাপন করনি ; বরং বল, আমরা বশ্যতা স্বীকার করেছি। এখনও তোমাদের অন্তরে বিশ্বাস জন্মেনি। যদি তোমরা আল্লাহ ও তাঁর রসূলের আনুগত্য কর, তবে তোমাদের কর্ম বিন্দুমাত্রও নিস্ফল করা হবে না। নিশ্চয়, আল্লাহ ক্ষমাশীল, পরম মেহেরবান।
49:14 The Arabs said, "We are Mu'mens (believers)." Say, "You have not believed; what you should say is, `We are Muslims (submitters),' until belief is established in your hearts." If you obey GOD and His messenger, He will not put any of your works to waste. GOD is Forgiver, Most Merciful.

কোরান আল্লাহর বানী , কিভাবে বুঝবেন?

কাফেররা ও বলতো এগুলো আল্লাহর কালাম নয় , মুহম্মদের কালাম।

২৫:৫ তারা বলে, এগুলো তো পুরাকালের রূপকথা, যা তিনি লিখে রেখেছেন। এগুলো সকাল-সন্ধ্যায় তাঁর কাছে শেখানো হয়।

রসূল কি কোন প্রমান দেখিয়েছিলেন যে এগুলো আল্লাহ 'র কালাম? না , তার কাছেও কোন প্রমান ছিল না। যারা বিশ্বাস করেছিল , তারা এই কোরানের আয়াত শুনেই বিশ্বাস করেছিল। এখন এই কোরান পড়ে যদি আপনার মনে হয় এগুলো আল্লাহর কালাম না এই গুলা মুহম্মদের কালাম , তাহলে সেটা আপনার অভিরুচি। কোন প্রমান আমার হাতে নেই , এই কোরান ছাড়া। কারন কোরান নিজেই নিজের প্রমান।
এখানেই আপনি আপনার জ্ঞান বিবেচনা ব্যাবহার করতে পারেন বা ব্যাবহার করা উচিৎও।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৮:৫২ পূর্বাহ্ণ
@ফারুক,

" মুসলমান হলো সেই , যে সৃষ্টিকর্তার (আল্লাহ'র) কাছে বশ্যতা স্বীকার করে। **বিশ্বাস(faith) পরের ধাপ।**"

তাহলে আপনার মতে মুসলমান এবং বিশ্বাসী দুটো ভিন্ন ব্যাপার ? তার মানে যারা ডিঈষ্ট (কোন প্রথাগত ধর্ম মানেন না, তবে এক আল্লাহ বা ইশ্বর মানেন) তারাও মুসলমান ?

তাহলে সেই পরের ব্যাপার বিশ্বাসী কারা? আমি হয়ত নবীজির সময় জন্ম নিলে কোরান অক্ষরে অক্ষরে মেনে নিতাম। কারন সে আমলের পরিপ্রেক্ষিতে নিশ্চিতভাবেই কোরানের বলা নানান বানী যেগুলি আজকের জমানায় আমার কাছে বড্ড বেখাপ্পা ঠেকে তেমন বেখাপ্পা লাগত না। যদিও কূট প্রশ্ন থাকে যে কোরান পূর্নাংগ গ্রন্থ আকারে খোদ নবীজিও দেখে যাননি। তিনি নিজে কোরানে হাফেজ ছিলেন বলে শুনিনি। কোরান এতই গুরুত্বপূর্ন হলে এই অতি গুরুত্বপূর্ন দলিল তিনি নিজে কেন কম্পাইল করে যাননি এই প্রশ্ন ওঠা কি খুব স্বাভাবিক নয় ?

ওনার কথা শুনে অনেকেই বিনা প্রমানেই সেগুলি আল্লাহর বানী মেনে নিয়েছিল, ঠিক। কি মেনে নিয়েছিল তার পটভূমি দেখতে হবে। যেমন, আজকে আমার কাছে স্ত্রী পেটানোর তরিকা বেখাপ্পা লাগে, সে আমলের লোকের কাছে নিশ্চয়ই লাগত না। উলটা যুগের সাপেক্ষে মানবতাবাদী বলেই হয়ত মনে

হত। তেমনি আমার জন্ম ২ হাজার বছর আগের প্রাচীন ভারতের কোন নমঃশুদ্র পরিবারে জন্ম হলে মেনে নিতাম যে জন্মই আমার আজন্ম পাপ, উচ্চবর্নের ব্রাক্ষ্মনের সেবা করাই আমার পরম ধর্ম,তাতেই কল্যান নিহিত। এতে সংশয় প্রকাশও মহাপাপ।

বিনা প্রমানে ওহি হিসেবে মেনে নেবার নজির কিন্তু এই আনবিক আমলেও ঘটে। পশ্চীমের অতি উন্নত দেশেও কিছুদিন পর পর কোন উন্মাদের লোক ভূলানো কথায় কিছু লোকে তাকে আল্লাহর প্রেরিত পুরুষ ধরে নিয়ে তার কথায় সৃষ্টিছারা কান্ড কীর্তন করে। কাজেই এটা যুক্তি হিসেবে খুব শক্ত নয়।

*ফারুক*এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১১:৩৬ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

তাহলে আপনার মতে মুসলমান এবং বিশ্বাসী দুটো ভিন্ন ব্যাপার ?

এটা আমার মত না। কোরানের ৪৯:১৪ আয়াত পড়ে তো সেটাই মনে হয়।

আপনি একি ধরনের মন্তব্য বহু দিন ধরে করে যাচ্ছেন। গৌতম বুদ্ধের বানীটি মনযোগ দিয়ে পড়ুন। হাজার বছর ধরে প্রচলিত বলেই ট্রাডিশন সত্য , তা কিন্তু নয়।

“Do not put faith in traditions, even though they have been accepted for long generations and in many countries. Do not believe a thing because many repeat it. Do not accept a thing on the authority of one or another of the sages of old, nor on the ground of statements as found in the books. Never believe anything because probability is in its favor. Do not believe in that which you yourselves have imagined, thinking that a god has inspired it. Believe nothing merely on the authority of the teachers or the priests. After examination, believe that which you have tested for yourself and found reasonable, which is in conformity with your well being and that of others’.”

10. 10

কেশব অধিকারী
আগস্ট ৩, ২০১০ সময়: ১২:২৪ পূর্বাহ্ণ লিঙ্ক

জনাব আদিল মাহমুদ,

বেশ বিপদেই আছেন দেখছি! পরিত্রানের সহজ কোন রাস্তা তো দেখছি না। আমার ছোটবেলার এক টুকরো কাহিনী বলি। বোধ হয় ৮ম বা ৯ম শ্রেণীতে পড়ি। দরজার পেছনে লুকিয়ে ভগবানকে চাটি মেরেছিলাম! কেনো জানেন? আমদের বাসার কাজের মেয়েটাকে বোন সেদিন মেরেছিলো। ওরা গরীব তাই এতো অবহেলিত? রাগটা গিয়ে পরেছিলো ওই বেটা ভগবানের উপর। চাটি মারার পরে একটু ভয় ভয় লেগেছিলো ঠিকই, কিন্তু কেটেও গিয়েছিলো। কারন কিছুক্ষনের মধ্যে আমাকে কেউ চাটি মারেনি! আমি তখন বললাম, আমাকে করুনা দেখানো হচ্ছে? ঠিক আছে আমি আরো দুটো চাটি মারবো, এর মধ্যে যদি চমকে উঠার মতো কিছু নাঘটে তো যা বোঝার আমি বুঝে নেবো। দরজার উপরে চাটি মারি , আর আমার চাটির শব্দে আমি নিজেই কেঁপে উঠি! নাহ্, কই? কিছুতো হলো না! মনে মনে ভাবলাম বুঝেছি, হয় তুমি নির্বোধ নতুবা ঠুটো! সে ধারনা আমার এখনো অটুট। আপনার এতোসব কিতাব ঘাটার আর শ্রমসাধ্য অধ্যাবসায়ে আমার ভেতরে যে একটু আধটু সংকোচ কাজ করতো তা তিরোহিত হয়ে যেনো বেশ একটা ফুরফুরে অনুভূতি টের পাচ্ছি। ধন্যবাদ , ভালো থাকুন।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১:০৯ পূর্বাহ্ণ
@কেশব অধিকারী,

আপনার মত এত সহজে জুতো পদ্ধতিতে এই মহা সমস্যার সমাধান করতে পারলে তো কাজই হয়েছিল। এত সহজ সমাধান আছে কে জানত!

দেখি, ঈশ্বর বলে কথা, তাই পুরনো জুতোয় সংকোচ হচ্ছে; এরপর নুতন জুতো জোড়া কিনলে চেষ্টা করে দেখব 🙂 । উনি ক্ষেপে উঠলে আপনার রেফারেন্স দিয়ে দেব।

*কেশব অধিকারী*এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৮:০১ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

একদম ঠিক, দিয়ে দেবেন। ছোটবেলায় বাবাকে জিজ্ঞেস করা এক প্রশ্নের জবাবে বলেছিলেন যেটুকু বুঝবে সেটুকু পালন করলেই হবে। বাবা ধর্মের ব্যাপারে খুবই লিবারেল ছিলেন। একটু বয়েস বাড়ার পরে দেখেছি আসলে এর মধ্যে অনুসরণীয় তেমন কিছু নেই। অহেতুক মনটাকে এক ভীতিকর কলসীর ভেতরে আটকে রাখা!

আমি যেখানে এখন আছি সেখানে বাংলাদেশী আর পাকিস্তানীদের দেখি হারাম আর হালাল খাবার নিয়ে অতিশয় সচেতন। আমার কাছে ব্যপারটা আত্মপ্রতারণার মতো মনে হয়। কিছুদিন আগে এক জায়গায় বেড়াতে গিয়েছিলাম। হোটেলে খাবার সময় অধিকাংশ সদস্যই কিছু খেলোনা খাবার হালাল নয় সন্দেহে। অথচ কয়েক ঘন্টার ব্যবধানে খুঁজে খুঁজে পাহাড়ী জঙ্গলে একটা জলজ্যান্ত সাপ মেরে নিয়ে এলো স-উল্লাসে! জিজ্ঞেস করলাম ওতো কারো ক্ষতি করেনি, মারলে কেনো? উত্তর, সাপ মারা নাকি জায়েজ! হায় বিবেচনা! কি আর বলবো, এসবই ধর্মগ্রন্হ থেকে পাওয়া বিদ্যে!

*আদিল মাহমুদ*এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৮:১১ পূর্বাহ্ণ
@কেশব অধিকারী,

সাপ মারার মানে কি? খাদ্য হিসেবে গ্রহন???

সাপ জীবটা অত্যন্ত অপছন্দের, তবে বেহুদা বেহুদা প্রান হরনের কোন কারন দেখি না। হালাল হারাম খাওয়ার বাই নিয়ে এই জীবনে বহু নাটক দেখেছি।

*কেশব অধিকারী*এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৪:২১ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

নাহ্, শুধুই খেলাচ্ছলে! বাংলার দামাল ছেলেদের কাজ! এইসব দেখি, আর ভাবি বেটা কুম্ভকর্ণ ভগবানের ঘুমটা আর না ভাঙলেই বাঁচি! ভালো থাকুন।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৫:৪৮ অপরাহ্ণ
@কেশব অধিকারী,

খুবই অন্যায়। খেলাচ্ছলে কোন প্রানীর (ক্ষতিকর হলেও) প্রান হরনের অধিকার কোন ধর্ম দিয়েছে বলে জানি না।

এদের জেলে পোরা উচিত।

11. 11

নিটোল

আগস্ট ৩, ২০১০ সময়: ১২:৪০ পূর্বাহ্ণ লিঙ্ক

আমিও এই সংশয়বাদী স্তরে ছিলাম অনেকদিন,বছর দুয়েক আগ পর্যন্তও। আপনি ঠিকই বলেছেন, সংশয়বাদী থাকা আসলেই কষ্টের। তবে আমি এই স্তর পেরিয়ে এসেছি। এখন আমি নিজেকে একজন নাস্তিক দাবী করতে পারি এবং নিজের নাস্তিকতার পেছনে কিছু ভালো যুক্তিও দেখাতে পারি। রূপান্তরটা আসলে হয়েছে কিছু ঘটনা আর আমার এই বিষয়ে পড়াশোনার কারণে।

এখানে অপ্রাসংগিকভাবে একটা কথা বলি। আপনি আপনার লেখায় লিখেছেন যে ধর্ম পালন করলে মানসিক শান্তি পাওয়া যায়। এটা আমি অনেক ধার্মিক বন্ধুবান্ধবের কাছ থেকে ধর্ম পালনের পেছনের যুক্তি হিসেবে শুনেছি। তবে আমি এখন বলি - আমি যখন ধার্মিক ছিলাম তখনকার সময়ের চেয়ে এখন বেশি মানসিকভাবে শান্তিতে আছি। কারণ তখন আমার কল্পনায় ছিলেন এক মহাশক্তিধর সৃষ্টিকর্তা যিনি আমাকে শাস্তি দেবার জন্য নানা আয়োজন করে বসে আছেন। কিন্তু এখন? তিনি নেই! সবসময়কার মতোই!

ও হ্যা, আপনার লেখা ভালো লাগলো।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১:১৫ পূর্বাহ্ণ
@নিটোল,

ধন্যবাদ আপনার ভাল বিশ্লেষনের জন্য।

হ্যা,আমি এখনো দৃঢ়ভাবেই বিশ্বাস করি যে ধর্ম পালন করলে শান্তি পাওয়া যেতেই পারে। পাওয়া যাবেই এমন কোন কথা অবশ্যই নেই। আর ধর্ম পালন না করলেই যে শান্তি পাওয়া যাবে না এমন কোন কথাও বলা যায় না।

ধর্মপালন না করার ফলেও আমি এখন বেশ কিছু দিকে বেশ শান্তিতে আছি। আগে সর্বক্ষন একটা অজানা পাপবোধের ভয়ের মাঝে থাকতে হত; কি জানি, নিজের অজান্তেই কি করে ফেলি আর আল্লাহ গুনাহ দেন, ইচ্ছে থাক আর না থাক নিয়ম করে সময় মত নামাজ পড়া অনেক সময় অত্যাচারের মতই লাগত। যতই ভক্তিভাব দেখাই না কেন।

এরকম দুতরফেই কিছু কিছু পয়েন্ট বের করা যায়।

12. 12

বন্যা আহমেদ
আগস্ট ৩, ২০১০ সময়: ১:৫৮ পূর্বাহ্ণ লিঙ্ক

@ আদিল, আপনার লেখাটা পরে মজা লাগলো, আপনার করা কিছু প্রশ্নের সাথে আমার ছোট বেলার করা কিছু প্রশ্ন একেবারেই মিলে যায়। আমি খুব লিবারেল পরিবারে বড় হয়েছি, নানি ছাড়া কাউকে নিয়মিত নামাজ পড়তে দেখিনি। পীর ফকিরের কাছে কেউ গেলে তাদের নিয়ে রীতিমত হাসাহাসি করা হত আমাদের বাসায়। আমার বাবা মা নাস্তিক নয় কিন্তু ধর্মের তেমন কোন চর্চাই ছিল না বাসায়, ঈদ হত, শবেবরাতে দুই একবার নামাজ পড়া হত, কিন্তু এর বেশী কিছু নয়। ও হ্যা, খুব বেমানানভাবেই

আমার মা আমাদের দুই বোনের জন্য হুজুর রেখেছিলেন কোরান শরীফ পড়া শেখার জন্য। মজার ব্যাপার হল সেই হুজুরও ছিলেন আবার খুবই আধুনিক মনের মানুষ। উনি বলতেন কোরান শরীফ পড়ার সময় আমাদের মত ছোট মানুষের (১০-১১ বছর বয়সে) মাথায় ওড়না না দিলেও হবে!! সেই ১২-১৩ বছর বয়সে বাবাকে প্রশ্ন করেছিলাম সব ধর্মই তো নিজেকে ঠিক বলে তাহলে কোনটা আসলে ঠিক? যে যার নিজের ধর্মকেই তো ঠিক মনে করবে এটাই তো স্বাভাবিক, তার জন্য তাদের শাস্তি হবে কেন? বাবা বলেছিলান সব ধর্মগ্রন্থগুলো পড়ে দেখ তোমার কি মনে হয়, তুমি নিজেই না হয় ঠিক কর তুমি কি মানতে চাও। আর সেই হল কাল , আমার মা এখনও বলে যে আমার নাস্তিক হওয়ার পিছনে নাকি আমার বাবা দায়ী।

সবগুলো ধর্মগ্রন্থ মোটামুটিভাবে পড়ে তখনই মনে হতে থাকে এগুলো সবই তো রূপকথা , এগুলোর কোনটাই আসলে আমার পক্ষে সঠিক বলে মেনে নেওয়া সম্ভব নয়। তারপর যতই ধর্মের নৃতাত্ত্বিক,সামাজিক প্রেক্ষাপট আর ইতিহাস পড়েছি ততই বুঝতে পেরেছি আজকের জীবনে ধর্মের অসাড়তা। এর সাথে আবার বিজ্ঞান এবং মার্ক্সবাদ যোগ হওয়ায় আমার জীবনে ধর্মের ইতি ঘটেছিল সেই ছোট্টবেলায়ই। মজার ব্যাপার হচ্ছে আমার চারপাশে (বন্ধু বান্ধব, আমার এক বোনসহ অনেকেই) নাস্তিক এবং সংশয়বাদীর সংখ্যা এত বেশী ছিল যে আমি কখনও আমাদের দেশে ধর্মের এইরকম প্রভাব বুঝতেই পারিনি, স্কুল কলেজে প্রকাশ্যেই বলে বেড়াতাম আমি নাস্তিক, কেউ কখনও আক্রমণ করেনি। আমাকে কেউ কোনদিন নামাজ পড়তে জোড় করেনি, ধর্ম নিয়ে হাসাহাসি করলে মা মাঝে মাঝে বিরক্ত হয়ে বাড়াবাড়ি করতে নিষেধ করতেন... এই পর্যন্তই। আমার ফ্যামিলিতে যারা ধার্মিক তারাও আমার বা আমার মত নাস্তিকদের বেশ উদারতার সাথেই সহ্য করতেন। এছাড়া নব্বই দশকের আগেই দেশ ছাড়ায় দেশে ধর্মের উন্মাদনাটাও সেভাবে দেখতে হয়নি। সব মিলিয়ে প্রতারিত মনে হওয়া তো দূরের কথা, ধর্ম সম্পর্ক আমার কখনই তেমন কোন রাগ বা বিতৃষ্ণা কাজ করেনি। আমার নিজের জীবনে ধর্মটা একান্তই অপ্রাসঙ্গিক, তবে মাঝে মাঝেই অবাক হয়ে ভেবেছি মানুষ কেন এখনও ধর্ম মানে! তবে বৈজ্ঞানিকভাবে চিন্তা করলে সেটার উত্তর পাওয়াও আসলে খুব কঠিন কিছু নয়। আজকে দেশের অনেক ঘটনা শুনলে অবাক হই, মাঝে মাঝে মনে হয় একজন মেয়ে এবং নাস্তিক হয়েও আমি দেশে যে স্বাধীনতা ভোগ করে এসেছি সেটা বোধ হয় এখন আর সম্ভব হবে না। তবে দেশে গেলে এটাও মনে হয়, এখনও অনেক কিছুই সম্ভব দেশে! কেমন যেন দুই ভয়াবহ বিপরীত স্রোত একই সাথে তীব্র বেগে এগিয়ে চলেছে, কোনটা কখন কাকে ভাসিয়ে নিয়ে যাবে তার অবশ্য কোন নিশ্চয়তা নেই।

ধর্ম, নিজের ব্যাক্তিগত বিশ্বাস অবিশ্বাস নিয়ে কথা বলতে এক্কেবারেই ভালো লাগে না আমার, কিন্তু আপনার লেখাটা দেখে বেশ মজা লাগলো। তাই অঙ্কে কথা বলে ফেললাম। আচ্ছা, একটা প্রশ্ন করি, ‘

যদিও পরকালের মত ইসলামের কিছু মূল দর্শন এখনো ভালই লাগে ’

এটা দিয়ে কি বুঝিয়েছেন? সব আব্রাহামিক ধর্মেই তো কম বেশী একই কথা বলে। কোন দর্শনটা আপনার পছন্দ? মরে যাওয়ার পরেও একটা কিছু আছে, এইটা, নাকি মরে যাওয়ার পর এত পুরষ্কারের আশা আছে, সেইটা 🙂 ।

নৃপেন্দ্র সরকার এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ২:৩৯ পূর্বাহ্ণ
@বন্যা আহমেদ,

কেমন যেন দুই ভয়াবহ বিপরীত স্রোত একই সাথে তীব্র বেগে এগিয়ে চলেছে, কোনটা কখন কাকে ভাসিয়ে নিয়ে যাবে তার অবশ্য কোন নিশ্চয়তা নেই।

হিন্দুরাও পাল্লা দিয়ে চলছে। ঢাকাতে নতুন সব মন্দির উঠছে। গ্রামে গঞ্জে মাইক ফাটিয়ে কীর্তনের মহা সমারোহ।

তাও চাইতেও বেশী স্রোত বইছে এদেশে। ৯/১১এর আগে বোরখা বা হিজাব পরা মহিলা দেখেছি কিনা মনে নেই। ৯/১১এর মাত্র ছয় সপ্তাহ পরে আমার বাসায় হাজির এক PhD ছাত্র। কোন তব্লীগ হুজুর নয়। একেবারে কেতাদুরস্ত সাহাবী পোষাকে। আমাকে খেয়াল করেছে - স্বধর্ম বিমুখ। কাজেই দ্বীনের দাওয়াতটা দেওয়া শুধু বাকী।

বন্যা আহমেদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১০:৩১ পূর্বাহ্ণ
@নৃপেন্দ্র সরকার,
আপনার সাথে সম্পূর্ণ একমত। ধর্মীয় উন্মাদনার যুগ মনে হয় এটা , ইউরোপ ছাড়া পৃথিবীর বেশীরভাগ জায়গার জন্যই বোধ হয় কথাটা সত্যি। কথা প্রসঙ্গে বাংলাদেশ এসেছিল বলে ওভাবে বলেছি। চারপাশে ধর্মীয় কুসংস্কার , চর্চা আর মৌলবাদী বিকাশ দেখে তো রীতিমত আঁতকে উঠি। আমেরিকার সাউথের বাইবেল বেল্টে বাস করি দেখে এখানকার খৃষ্টানদের খুব কাছে থেকে দেখার সৌভাগ্য হয়, আর আইটি ফিল্ডটা ইন্ডিয়ানে ভরা বলে কাজে হিন্দু ধর্মাবলম্বীদের সাথেও অনেক উঠাবসা করতে হয়। আমাদের দেশে মসজিদের সংখ্যা নিয়ে যারা চিন্তিত হন তাদের এখানে এসে চার্চের সংখ্যা গুনে বের করা উচিত। চারপাশের একেকজন মানুষ যেন হেটে চলে ফিরে বেড়ানো জলজ্যান্ত ফক্স নিউজ!! আর কাজে ইন্ডিয়ান কলিগদের তিলকের বাহার, মন্দিরের খবর, কোন বারে কি কি খাওয়া যাবে বা যাবে না, আর কোন ঋষির হাত দেখার ক্ষমতা কত ভালো এগুলো শুনে হাসবো না কাঁদবো বুঝতে পারি না।

গত কয়েক দশকের রাজনৈতিক এবং অর্থনৈতিক বিভিন্ন ঘটনাবলী বিচার করলে সারা পৃথিবী জুড়ে বিভিন্ন ডায়মেনশনে মৌলবাদের উত্থানের কারণটা বোঝা বোধ হয় খুব কঠিন ব্যাপার নয়। তবে সে অনেক বড় আলোচনা এবং বিতর্কিত টপিকও বটে, এখন না হয় থাক।



ব্রাইট স্মাইল্ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৮:০২ অপরাহ্ণ
@বন্যা আহমেদ,

গত কয়েক দশকের রাজনৈতিক এবং অর্থনৈতিক বিভিন্ন ঘটনাবলী বিচার করলে সারা পৃথিবী জুড়ে বিভিন্ন ডায়মেনশনে মৌলবাদের উত্থানের কারণটা বোঝা বোধ হয় খুব কঠিন ব্যাপার নয়। তবে সে অনেক বড় আলোচনা এবং বিতর্কিত টপিকও বটে, এখন না হয় থাক।

এই বিতর্কিত টপিকটি নিয়ে লেখা মুক্তমনায় আশা করছি।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৫:২০ পূর্বাহ্ণ
@বন্যা আহমেদ,

আপনার অভিজ্ঞতা আসলেই ব্যাতিক্রম। আমার দেখা মতে মানুষের ধর্মবিশ্বাসের ভিত গড়া হয় ছোটবেলায়, এতে সবচেয়ে বেশী ভূমিকা থাকে পরিবারের। তাই পরিবারের ব্যাকগ্রাউন্ড খুব ইম্পর্টেন্ট। সাধারনত গোঁড়া পরিবার থেকে গোঁড়া, মডারেট থেকে মডারেট, নাস্তিক থেকে নাস্তিকই বের হবার প্রবনতা দেখা যায়।

আপনার ছোটবেলাতেই মার্ক্সবাদের প্রভাব বেশ ইন্টারেষ্টিং। আপত্তি না থাকলে এ বিষয়ে পুরো একটা লেখা লিখে ফেলেন। আমার ছেলেবেলায় মনে পড়ে না অন্তত স্কুল লেভেলে কেউ নিজেকে নাস্তিক বলে বেড়াতো বলে। মনে হয় নাস্তিক বলে কোন বস্তু আছে তাই সেসময় আমরা ব্যাবহারিক অর্থে জানতাম না।

আমারও পর্যবেক্ষন অনুযায়ী দুই বিপরীতমূখী স্রোত এগিয়ে চলেছে। দুটোই চরমপন্থার স্রোত। এই দুই ধারার সংঘর্ষ হতে পারে অনিবার্য। আমাদের ছেলেবেলায় ব্যাপারটা ছিল অনেকটা ব্যালেন্সড। মধ্য ৭০

থেকে যখন আমার স্মৃতি আছে মনে করতে পারি যে তখন একই ব্যাক্তি গানবাজনা, আর্ট, ধর্ম চর্চা সবই করতেন। কোনটারই তেমন বাহুল্য ছিল না। ধর্ম নিয়ে লোক দেখানেপনা ছিল অনেক কম। মধ্য ৮০ এর পর থেকে মনে হয় ধীরে ধীরে অবস্থার পরিবর্তন হতে থাকে। ৯১১ এর পর থেকে এর ছাপ পড়তে থাকে বিশ্বময়ই। আজকাল আমার চেনা পরিচিত বেশীরভাগ বাড়িতেই হালাকা হয় (ব্যাপারটা কি আমিও জানি না, ধর্মীয় জিকিরের মত কিছু যা মনে হয়) , অনেকেই ঢাকা শহরেই নানান পীর ফকিরের মুরিদ।

পরকালে বিশ্বাস কাছে ভালই মনে হয় কিছুটা যৌক্তিক কারনেই। পরকাল হবেই অবশ্যই যৌক্তিক কোন কারন দর্শাতে পারব না। বলা ভাল যে আমার মনে পরকাল বা শেষ বিচার থাকা উচিত। পৃথিবীতে ভাল কাজ মন্দ কাজের মূল্যায়ন বেশীরভাগ ক্ষেত্রেই হয় না। বড় ধরনের অবিচারই দেখা যায়। এই অবিচারগুলির যথাযথ বিচারের জন্যই পরকাল থাকা উচিত৷ পুরষ্কার পেতে কার না ভাল লাগে? এই ধারনার খারাপ দিকও কিছু আছে তাও মানতে হবে। তারপরেও মনে হয় যে পরকালের কনসেপ্ট সত্য হওয়া উচিত।

আপনার অভিজ্ঞতাও ফাঁকতালে শোনা হয়ে গেল, ধন্যবাদ।

আনাস এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৮:৫৯ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আমার কাছেও পরকাল একি কারনে প্রয়োজন বলে মনে হয়। চারিদিকে এত বেশী অনিয়ম যে মনে হয় এর যথাযথ বিচার হওয়া প্রয়োজন। তখনি আবার মনে হয় পশুর জগতে কি ঘটে? একটা সিংহ ওৎ পেতে সদ্য ভূমিষ্ট হরিণ ছানা শিকার করে, আর মা হরিণটি ফেলফেল করে চেয়ে থাকে। শিকারটি সিংহ আবার তার শাবককে খাওয়ায়। তখন প্রশ্ন জাগে এখানে কে কাকে বিচার করবে! মানুষ প্রকৃতির অংশ। প্রকৃতিতে যা ঘটে তার সবটুকু মানুষ এখন ছাড়তে পারেনি। তবে আমাদের চেষ্টা করতে হবে যে মানবীয় গুণগুল আমরা অর্জন করেছি। দাস প্রথা দূর হয়েছে , নারী-পুরুষের প্রতি দৃষ্টিভঙ্গির পার্থক্য এসেছে। রোমের গ্লাডিয়েটেরের বদলে ফুটবলের মত খেলায় আজ সবাই পাগল হ য়ে থাকে। এ অর্জনগুলই আসল। এতে আমাদের পূর্বপুরুষদের যেমন অবদান ছিল। আমাদেরও সেটা ধরে রাখার চেষ্টা করে যেতে হবে। এভাবেই নিজের সাথে নিজেকে খন্ডন করি। পরকালের বিপক্ষে যুক্তি খুজে পাই। তবুও ভালই লাগে ভাবতে।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৯:৩১ অপরাহ্ণ
@আনাস,

একটু সূক্ষ্মভাবে ভাবতে গেলে পরলাকের ধারনাতেও কিছু খুত ধরা পড়ে। যেমন ধরা পড়ে আল্লাহ দুনিয়ায় মানুষকে পরীক্ষা করতেও কষ্ট দেন এমন ধারনার।

তারপরেও মনে হয় দুনিয়ায় ইমব্যালেন্স এত বেশী যে পরকাল না থাকলে হিসেব কোনদিন মিলবে না।

বন্যা আহমেদ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ১:০৯ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ, @আদিল মাহমুদ, আপনি বোধ হয় আমার কথাটা ভুল বুঝেছেন, অথবা বলা উচিত আমি ঠিকমত লিখতে পারিনি। আমি বলেছিলাম যে যে যুগে ধর্মগুলো প্রচার করা হয়েছিল সে যুগে এদের উপযোগিতা অবশ্যই ছিল, এবং সে কারণেই আপনি যে কথাটা বলেন যে সব ধর্মেই কিছু ভালো দিক আছে সেটা নিয়ে বিতর্কের তেমন কোন অবকাশ নেই। আপনার সাথে কোন দ্বিমত নেই এব্যাপারে। আমার কাছে মনে হয়, ধর্মগ্রন্থে যতটুকু শিক্ষণীয় জিনিস আছে ততটুকু আরও অনেক সাহিত্য কর্ম বা ঐতিহাসিক দলিলেও পাওয়া সম্ভব। তবে এগুলো থেকে কিছু শিখতে হবে কিনা , বা এগুলোর ইম্পলিমেন্টশন দরকার কিনা এবং আজকের যুগে এরা কতটুকু প্রযো জ্য - এ সব নিয়ে মনে হয় আপনার সাথে আমার মত মিলবে না। যেমন ধরুন ওয়েলফেয়ার স্টেটগুলোর বিভিন্ন সুযোগ সুবিধার কথা বলেছেন, তাদের তো কোন ধর্মগ্রন্থের সাহায্য নিয়ে এগুলো তৈরি করতে হয়নি। এগুলো আমার কাছে কমন সেন্স জিনিস, মানুষ হিসেবে আমাদের বুদ্ধিমত্তার যে লেভেল তা তে করে এগুলো নিজের থেকেই আসা উচিত। কোন পুরষ্কারের আশায় বা গরম তেলে ভাজা ভাজা ( )হওয়ার ভয়ে করা উচিত নয়।

আমার মতে মানুষ হিসেবে আমাদের কিছু গুণাবলী বা বৈশিষ্ট্য আছে যেগুলোর চর্চা করার জন্য কোন প্রাচীন ধর্মগ্রন্থের আশ্রয় নেওয়ার দরকার নেই, বহু যুগের অভিজ্ঞতা এবং আধুনিক জ্ঞানবিজ্ঞানের জ্ঞানই যথেষ্ট। তবে অন্যান্য অনেক গ্রন্থের মতই তারা ঐতিহাসিক রেফারেন্স বা দলিল হিসেবে কাজ করতেই পারে। এর সবটুকুই আসলে আমার একান্ত ব্যাক্তিগত মতামত , এ নিয়ে তর্কবিতর্ক করে আসলে লাভ নেই, আপনার ব্লগটাতে ধর্ম নিয়ে যতটুকু কথাবার্তা বললাম তা মনে হয় আগে আর

কোনদিন করিনি, ওভারডোজ হয়ে যাচ্ছে নিজের কাছেই , সেজন্য আপাতত বিদায় নিচ্ছি। ভালো থাকবেন।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ২:১৫ পূর্বাহ্ণ
@বন্যা আহমেদ,

গতবার লেখার সময়ই মনে হচ্ছিল যে বিষয়টা পরিষ্কার করা দরকার। কেন যেন করিনি, তাই দুজনেরই বোঝার ভূল হচ্ছে।

এখানে ইস্যু আসলে একটি নয় , দুটি।

১। ধর্মগ্রন্থগুলিতে কি ভাল বলতে একদমই কিছু নেই ? (যেমনটা অনেকে দাবী করেন)।

২। ধর্মগ্রন্থগুলিতে কিছু না কিছু ভাল দিক আছে, মানি। তারমানেই কি এই যে ধর্মগ্রন্থ ছাড়া সেসব ভাল দিক আমরা পেতাম না? বা পাবার আর কোনই পথ ছিল না?

এই দুটো প্রশ্ন অনেকটা একই রকম হলেও এক নয়। তফাত আছে।

আমি আপনাকে আগে জবাব দিয়েছিলাম অনেকটা ১নং পয়েন্টের পরিপ্রেক্ষিতে। ধর্মগ্রন্থগুলি এবসোলিউট গার্বেজ কিনা এই প্রশ্নের জবাব দেবার চেষ্টা করেছিলাম।

ধর্মগ্রন্থের কিছু ভাল দিক থাকলেও সেগুলির জন্য বিশেষ করে আজকের দিনে অতি অবশ্যই ধর্মগ্রন্থের দ্বারস্থ হতে হবে এমন কথা আমিও বিশ্বাস করি না।

আমি শুধু এটাই বলতে চাই যে আজকের দিনে নৈতিকতা বা সমাজ ব্যাবস্থা ; মোটকথা জাগতিক যেকোন প্রয়োযনের জন্য ধর্মগ্রন্থের দ্বারস্থ হবার প্রয়োযন ফুরিয়েছে সন্দেহ নেই। তবে এতে করে বোঝায় না যে ধর্মগ্রন্থগুলিতে মন্দ ছাড়া ভাল একেবারে কিছুই নেই। ভাল কিছু দিক অবশ্যই আছে , যদিও তার জন্য বিকল্প উতসও আজকের দিনে আছে।

13. 13


সংশপ্তক

আগস্ট ৩, ২০১০ সময়: ২:৪১ পূর্বাহ্ন লিঙ্ক

@আদিল মাহমুদ,

আপনার চিন্তা চেতনার সাথে আমার পরিচয় দীর্ঘদিনের। তাই আপনি যে সংশয়বাদী - এটা মানতে সমস্যা আছে বৈ কি। আপনি ঈমান-এ- মুফাস্সিল (The Detailed Declaration of Faith) এ বিশ্বাস করেন বলেই আমি জানি। ইসলামী Revisionist বা একধরনের সংস্কারপন্থী মুসলিম হিসেবে আপনাকে মানতে আমার আপত্তি নেই যদিও।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৭:৩৩ পূর্বাহ্ন
@সংশপ্তক,

আমি ধার্মিকত্বের স্কেলে কি তা নিজেই নিশ্চিত নই, এগুলিও নিয়ে ভাবিতও হই না আর। মানুষে মানুষে হীন ভেদাভেদ ছাড়া এসব ধর্মীয় পরিচয় আর কি দিতে পেরেছে সভ্যতাকে? এই ব্যাপারগুলি বড়ই গোলমেলে। ফারুক ভাই এর মতে আমি এখনো মুসলমান , আবার ঐ বেচারার মুসলমানিত্বও বিনা দ্বিধায় অনেকে বাতিল করে দিয়েছেন 🙂। ভাল ধার্মিক হবার চাইতে ভাল মানুষ হওয়া অনেক বেশী গুরুত্বপূর্ন। আমার মতে ভাল ধার্মিক মানেই ভাল মানুষ অবশ্যই নয়, তবে ভাল মানুষ মানেই ভাল ধার্মিক। ধার্মিকের মানে আমার কাছে সত্য পথে থাকা।

কোরান বা ইসলামের মৌলিক বেশ কিছু দর্শনে সংশয় আসলেও কোরান পুরো গার্বেজ বা ইসলামে ভাল কিছুই নেই এমন ধ্যান ধারনাও চরমপন্থীই লাগে।

বন্যা আহমেদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৯:৪১ পূর্বাহ্ন

@আদিল মাহমুদ, বিভিন্ন সময়ে আপনার বিভিন্ন মন্তব্য পড়ে কিন্তু আমারও সংসপ্তকের মতই ধারণা হয়েছিল। আপনার এবারের লেখা এবং মন্তব্যগুলো পড়েও কিন্তু সেরকমই মনে হচ্ছে। প্লিজ মনে করবেন না আমি সমালোচনা করে বা খারাপভাবে কথাগুলো বলছি। আপনার সাথে বিতর্ক করাটাও আমার উদ্দেশ্য নয়, ধর্ম নিয়ে তর্কবিতর্ক করতে আমি কত পছন্দ করি তা তো জানেনেই 🙂। তবে বোঝা যাচ্ছে আপনি বেশ 'গুরুতর' সংশয়ের মধ্যেই আছেন। আপনার বিশ্বাস আপনার একান্তই নিজের ব্যাপার, কিন্তু আপনি যেহেতু এ নিয়ে ব্লগ দিয়েছেন (এবং আমি তা পড়েও ফেলেছি) তাই পাঠক হিসেবে কথাগুলো বলছি। আপনি প্রায়শঃই একথাটা বলেন যে ইসলামে সব কিছুই গার্বেজ সেটা আপনি মেনে নিতে পারেন না। আসলে ধর্মের উৎপত্তি, বিকাশ এবং প্রয়োজনীয়তাটাকে একটু ঐতিহাসিক (শুধু ঐতিহাসিকই বললাম, বৈজ্ঞানিকভাবে বোঝার কথা না হয় নাই বললাম) বুঝলেই বোধ হয় বুঝতে পারবেন সেটা কোন ধর্মের ক্ষেত্রেই ঠিক নয়। যে যুগে এই ধর্মগুলোর উৎপত্তি হয়েছিল সে যুগে এদের যথেষ্ট উপযোগিতা ছিল। তাই তাদেরকে 'ইভিল' বলে চিল্লানোরও যেমন কোন কারণ নেই, তাদের মধ্যে এখন কত ভালো ভালো দিক আছে সেটা নিয়ে তর্ক বিতর্ক করাটাও বোধ হয় সময়ের অপচয়। পরকাল নিয়ে আপনার উইশফুল থিঙ্কিংটাও বেশ ভালো লাগলো , আসলেই এমন কিছু একটা থাকলে খারাপ হত না।
ভালো থাকেবন।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৫:৪৭ অপরাহ্ন
@বন্যা আহমেদ,

উঁহু, পাঠক প্রতিক্রিয়ায় বিরক্ত হতে যাব কেন? ঢিল ছুড়েছি স্বেচ্ছায় আমি নিজেই। এখন ঢেউ উঠলে তা কেন সামাল দেব না 🙂 ?

প্রশ্নের জবাব প্রশ্ন দিয়ে হয় না, তবুও শুরু করি; আপনার কি মনে হয় যে কোরান সহ সবগুলি ধর্মগ্রন্থই পুরোপুরি গার্বেজ, এতে একটি কিছু শিক্ষনীয় নেই ? আমি তা মনে করি না। সার্বিকভাবে এসবের প্রয়োযনীয়তা আজকের দিনে নেই, সন্দেহ নেই। তার মানেই অবধারিতভাবে বলা যায় না যে এসবে ভাল বলতে কিছুই নেই , সম্পূর্নই মন্দ। যায় কি? উদাহরন সূলভ বলছি, কোরানিক যাকাত প্রথা খারাপ বা এই যুগেও অচল আমি কিভাবে বলি ? এটা মানি যে বর্তমানে যে উপায়ে গরীব দূঃখী মানুষকে একটা লুংগি বা ছাপা শাড়ী দিয়ে যাকাতের দায় সারা হয় সেটায় আসলেই তেমন সুফল আনে না। তবে এই প্রসেসটাকে আধুনিক কায়দায় ইনভেষ্টমেন্ট হিসেবে দেখে যায়গামত খাটালে কি সমাজের কল্যান বয়ে আনতে পারে না? অবশ্যই পারে। এই কন্সেপ্ট অন্যভাবে বেশ কিছু দেশে আছে , যদিও সরাসরি যাকাত জাতীয় কিছু নেই। উন্নত দেশগুলিতে বর্ধিত ট্যাক্স থেকে লো -ইঙ্কাম গ্রুপের জন্য কিছু করা হয়।

কোরানের কতভাগ গ্রহন করা যায়, কত ভাগ বর্জন করা যায় তেমন সূক্ষ্ম হিসেব আমি করিনি। এটা হবে খুবই বিতর্কিত। তবে কোনভাবেই মনে হয় না এক্সট্রীমে যাওয়া যায়। হাদীস আসলেই কে বা কারা লিখেছিল আমি জানি না, এগুলো আসলেই ধর্মের বা আল্লাহর সাথে সম্পর্কিত কিনা জানি না। তবে কোন হাদীস যদি মনে হয় যে ভাল তা কেন স্বীকার করব না?

হিন্দু ধর্ম অত্যন্ত জগা খিচূড়ী ব্যাপার, মাথা মুন্ডু কিছুই বুঝি না। তাই বলে সেখানেও কি শিক্ষনীয় কিছু একদমই নেই? হতে পারে এগুলোর জন্য আজকাল আর মানুষের এসব গ্রন্থের দ্বারস্থ হতে হয় না।

আমি ব্যাপারটাকে এভাবে দেখি। ধর্মগ্রন্থের ভাল দিকগুলি যুগ অনুযায়ী বিবেচনা করে প্রয়োগ করলে সুফল আনত বলেই মনে করি।

লাইজু নাহার এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৯:২৬ অপরাহ্ন
@আদিল মাহমুদ,

কোরানিক যাকাত প্রথা খারাপ বা এই যুগেও অচল আমি কিভাবে বলি ? এটা মানি যে বর্তমানে যে উপায়ে গরীব দূঃখী মানুষকে একটা লুংগি বা ছাপা শাড়ী দিয়ে যাকাতের দায় সারা হয় সেটায় আসলেই তেমন সুফল আনে না। এই কন্সেপ্ট অন্যভাবে বেশ কিছু দেশে আছে , যদিও সরাসরি যাকাত জাতীয় কিছু নেই। উন্নত দেশগুলিতে বর্ধিত ট্যাক্স থেকে লো -ইঙ্কাম গ্রুপের জন্য কিছু করা হয়।

ইউরোপে চাকরি না থাকলে ট্যাক্সের টাকা থেকেই তাদের ভাতা দেয়া হয় তা
মিনিমাম ওয়েজের সমান, সাথে সব ধরনের ট্যাক্স মাপ! খৃষ্টান ধর্মে ওরা গরীব ,অসহায়দের জন্য নিজেদের দেশে তো বটেই সারা পৃথিবীতেই করে।
একবার ক্লাশে তূলনামূলক ধর্মের আলোচনায় আমাদের নবীর জীবনী এসে পরল।তিনি ব্যবসায়ী! এই নিয়ে কেউ একজন মন্তব্য করলঃ প্রফেট ব্যবসায়ী হয় কিভাবে? ওদের প্রফেট তা নয় বলেই হয়ত!উত্তর দেয়ার মত ভাষা সত্যিই ছিলনা! ওদের প্রফেট তো শুধু ওদের জন্যই সব কিছু করেছেন!
আজ সারা পৃথিবীতেই মুসলমানরা ভোগবাদীতায় মেতেছে!
সেটাও কি আদর্শের অভাব থেকে!
এই প্রশ্নও মনে জাগে!

রৌরব এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৩:০৭ পূর্বাহ্ণ
@লাইজু নাহার,

তিনি ব্যবসায়ী! এই নিয়ে কেউ একজন মন্তব্য করলঃ প্রফেট ব্যবসায়ী হয় কিভাবে? ওদের প্রফেট তা নয় বলেই হয়ত!

এটা অবশ্য কোন বৈধ সমালোচনা নয়। সমালোচনার কারণটি অবশ্য ঠিকই ধরেছেন। যীশু ব্যবসায়ীদের মন্দিরে ঢোকা নিষেধ করেছিলেন, অতএব বাকি সবাইকেও তাই করতে হবে। সবাই নিজের রঙিন চশমা পরে বসে আছে।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৮:২১ পূর্বাহ্ণ
@রৌরব,

এসবই হল অতিরিক্ত প্রতিক্রিয়া দেখানোর ফল। ব্যাবসা করার মাঝে আপত্তিকর কি থাকতে পারে তা কে জানে? ধর্ম ব্যাবসা হলে এক কথা।

14. 14

সৈকত চৌধুরী
আগস্ট ৩, ২০১০ সময়: ৩:০২ পূর্বাহ্ণ লিঙ্ক

আদিল ভাই যা লেখেন তা ই পড়তে ভাল লাগে(সত্যিই বলছি)- অকৃত্রিম অনুভূতির সরল প্রকাশ বলেই হয়ত। এটা এক বিশেষ গুণ। আপনার চিন্তার সাথে আমার চিন্তার একটা গভীর মিল খুঁজে পাওয়ায় কয়েক বছর আগে লেখা একটি প্রবন্ধ পোস্ট করতে ইচ্ছে করছে। অবশ্য এটা “যুক্তি

ম্যাগাজিন, সংখ্যা ২” এ প্রকাশিত হয়েছে এবং আপনি তা হয়ত পড়ে থাকবেন। লেখাটা খুব একটা ভাল না হওয়ায় আগে পোস্ট করি নি। দাঁড়ান দেখি পোস্ট হয় কি না।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৮:০১ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

এত বড় সার্টিফিকেট দিলে তো দিন দুনিয়া ভুলে লেখালেখি করে যেতে হবে। আত্মকথা জাতীয় কিছু লিখতে গেলে যথা সম্ভব সত্য কথনই কাম্য। নইলে নিজের প্রকৃত ভাব প্রকাশ হবে কেমন করে?

আপনার কোন লেখার কথা বলছেন? দিন আবার প্রকাশ করে। আপনিও তো আমার মত ফাঁকিবাজ টাইপের।

15. 15

বিপ্লব পাল
আগস্ট ৩, ২০১০ সময়: ৩:২২ পূর্বাহ্ণ লিঙ্ক

মানুষের মনের বিবর্তন ভীষন ভাবেই দরকার। নইলে তার পরিণতি মৌলবাদের হাতে। জিডু কৃষ্ণমূর্তি বলেছিলেন এই দ্বন্দটা সব সময় আমাদের মনে চলছে-অভিজ্ঞতার সাথে অর্জিত বিশ্বাসের সংঘাত। সেই সংঘাতই মনের পরিবর্তন ঘটিয়ে থাকে।

একজন সংশয়বাদি বা নাস্তিক হিসাবে ইসলামে বা ইসলামিক পরিবেশে থাকা মুশকিল -হিন্দুদের বোধ হয় অতটা অসুবিধা নেই-হাজার দর্শনের এই মিউজিয়ামে আস্তিক নাস্তিক সবার জন্যেই পথ খোলা। অদ্বৈতবাদি দর্শনে ঈশ্বর নাই-মানুষই ঈশ্বর-সৃষ্টিকর্তা নেই-সৃষ্টি স্বয়ম্ভূ।

স্কুলে আমাদের অদ্বৈত দর্শন পড়াতেন স্বামী সুপর্ণানন্দ। আমার মনে আছে সেদিন প্রথম জেনেছিলাম , অ দ্বৈতবাদে ঈশ্বর মায়া-মানুষের সৃষ্ট মায়া।
তা আমি ভাবলাম তাহলে মিশন এত ঘটা করে পূজা করে কেন ? মিশন যেভাবে ঘটা করে দূর্গা আর

কালীপূজো করে, তাতে আদৌ কেও এসব বোঝে কি না সন্দেহ আছে-তবে ব্যাক্তিগত ভাবে আমি মনে করি, পড়াশোনা করে এসব দ্বন্দ আসে না। অভিজ্ঞতার সাথে বিশ্বাসের দ্বন্দই মানুষকে চিন্তার জগতে এগিয়ে দেয়।
ঈশ্বর আছে কি নেই-এই চিন্তা করাটাই ভুল-কারন থাকলেও একটা ব্যাপারে ১০০% নিশ্চিত হওয়া যায়, তিনি সৃষ্টিকর্তাও না-শাস্তি ও দেন না।
সিস্টেম আমাদের শাস্তি দিয়ে থাকে। তাই তিনি আছেন কি নেই-সেই নিয়ে সময় নষ্ট করাই উচিত না।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৮:০৮ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,

মনের বিবর্তন বড়ই দরকার। মুসলমান সমাজে ধীরে হলেও তা হচ্ছে বলেই আমার মনে হয়। সাথে সাথে কট্টরপন্থীরা চেষ্টা করবে গোঁড়ামী জিইয়ে রাখতে, সেটাও স্বাভাবিক।

সংশয়বাদী হিসেবে ইসলামী পরিবেশে টেকা আসলেই অনেক কঠিন, নাস্তিক হিসেবে তো আরো মুশকিল। হিন্দু সমাজে,বিশেষ করে শিক্ষিত হিন্দু সমাজে আজকাল ধর্ম মনে হয় অনেকটা রিচুয়াল, বাপ দাদা পালন করে গেছে তাই কিছু করা অনেকটা এই ধরনের। মুসলমান সমাজে তো তা নয়। সেখানে ধর্মের উপর যে কোন হুমকি অত্যন্ত কঠোর চোখে দেখা হয়। ধর্ম বিষয়ে যে কোন ভিন্ন চিন্তা, অপ্রীতিকর প্রশ্নকেও ধরে নেওয়া হয় হুমকি হিসেবে।

16. 16

সৈকত চৌধুরী
আগস্ট ৩, ২০১০ সময়: ৪:৪৯ পূর্বাহ্ণ লিঙ্ক

@ফারুক,
কোনো এক বিশেষ কারণে “মন্তব্যটির জবাব দিন” কাজ করছে না(দুঃখিত)। তাই এখানেই বললাম। আপনি বলেছেন-

এখানেই আপনি ভুল করছেন। মুসলমান ও বিশ্বাসী দুটি ভিন্ন জিনিষ। মুসলমান হলো সেই , যে সৃষ্টিকর্তার (আল্লাহ'র) কাছে বশ্যতা স্বীকার করে। বিশ্বাস(faith) পরের ধাপ।
(যেহেতু আপনি নিজেকে আস্তিক দাবী করছেন , আমার মতে আপনি মুসলমান)

>> কথাটি বুঝি নাই, একটু পরিষ্কার করেন।

আবার বলেছেন-

কোরান আল্লাহর বানী , কিভাবে বুঝবেন?

কাফেররা ও বলতো এগুলো আল্লাহর কালাম নয় , মুহম্মদের কালাম।

২৫:৫ তারা বলে, এগুলো তো পুরাকালের রূপকথা, যা তিনি লিখে রেখেছেন। এগুলো সকাল-সন্ধ্যায় তাঁর কাছে শেখানো হয়।

রসূল কি কোন প্রমান দেখিয়েছিলেন যে এগুলো আল্লাহ 'র কালাম? না , তার কাছেও কোন প্রমান ছিল না। যারা বিশ্বাস করেছিল , তারা এই কোরানের আয়াত শুনেই বিশ্বাস করেছিল। এখন এই কোরান পড়ে যদি আপনার মনে হয় এগুলো আল্লাহর কালাম না এই গুলা মুহম্মদের কালাম , তাহলে সেটা আপনার অভিরুচি। কোন প্রমান আমার হাতে নেই , এই কোরান ছাড়া। কারন কোরান নিজেই নিজের প্রমান।
এখানেই আপনি আপনার জ্ঞান বিবেচনা ব্যাবহার করতে পারেন বা ব্যাবহার করা উচিৎও।

কোরান নিজেই নিজের প্রমান কথাটির মানে কি? যেটার কোনো প্রমাণ নেই সেটাকে সরলভাবে "কোনো প্রমাণ নেই" বলে সরে পড়লেই তো হত। আবার কেন বলছেন, কোরান নিজেই নিজের প্রমান? যেটার কোনো প্রমাণ নেই তা আবার মহা আড়ম্বরে আল্যা পাঠিয়েছেন মানব জাতির জন্য, তিনি নাকি আবার মানুষকে তার ইবাদতের জন্যই তৈরী করেছেন। হাঃ হা।

আচ্ছা, কাফেররা কেন বুঝে নাই কোরান আল্যার বাণী ? অথচ, আপনার কথিত কাফেরদের ভাষায়ই তো কোরান এসেছে। তাহলে বুঝা যায় কোরানে এমন কিছু নাই যাতে কোরানকে নিঃসন্দেহে আল্যার বাণী বলে ধরে নেয়া যায়। অথচ কোরানেই তো চ্যালেঞ্জ দেয়া হয়েছে মানুষ আর জ্বীন জাতি(!!) মিলেও নাকি কোরানের মতো(!) একখানি কিতাব রচনা করতে পারবেনা। দেখেন-

"তারা যদি (তাদের দাবিতে) সত্যবাদী হয়ে থাকে তবে কোরানের মত কোনো গ্রন্থ তারা রচনা করুক"(সূরা তূরঃ ৩৪)

"আপনি বলে দিন, "কোরানের অনুরূপ কোন কিছু রচনা করার জন্য যদি সকল মানুষ ও জিন একত্রিত হয় ও তারা পরস্পর সহযোগিতা করে, তবুও তারা এর অনুরূপ কোন কিছু রচনা করতে পারবে না"(সূরা বনি ইসরাঈলঃ৮৮)

"আমি আমার বান্দার প্রতি যা অবতীর্ণ করেছি তাতে তোমাদের কোন সন্দেহ থাকলে তার অনুরূপ কোন সূরা আনয়ন কর এবং তোমরা যদি সত্যবাদী হও তবে আল্লাহ ব্যতীত তোমাদের সকল সাহায্যকারীকে আহবান কর। যদি তোমরা আনয়ন না কর এবং কখনই পারবে না, তবে ভয় কর সেই আগুন-মানুষ ও পাথর হবে যার ইন্ধন, কাফিরদের জন্য যা প্রস্তুত রয়েছে"(সূরা বাকারাঃ ২৩, ২৪)

আমি শুধুই হাসছি।
আদিল ভাই সহ সবার কাছে দুঃখ প্রকাশ করছি এখানে অনাহুতভাবে এসে এসব বলার জন্য।

শাফায়েত এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৬:২৪ অপরাহ্ন
@সৈকত চৌধুরী,

কোনো এক বিশেষ কারণে "মন্তব্যটির জবাব দিন" কাজ করছে না(দুঃখিত)।

কাজ করছে না?? কি বলেন! এই যে করছে!

17. 17

স্বাধীন
আগস্ট ৩, ২০১০ সময়: ৫:৩৮ পূর্বাহ্ন লিঙ্ক

আদিল ভাই

আপনার জবানবন্দী ভাল লাগলো। আমার মনে হয় বাংলাদেশের অনেকেরই এরকম কাহিনী। আমার নিজেরটাও এর কাছাকাছি, শুধু পুরোপুরি ধার্মিকতার বিয়টি ছাড়া। আমি বরাবরই মিনিমাম লেভেলে (জুম্মা/ঈদের নামাজ) ছিলাম। কিন্তু বাবা/মা দুজনেই চরমভাবে প্র্যাকটেসিং মুসলিম। দুজনেই হজ্জ্ব করে এসেছেন।

তবে আপনি আসল বাধাটি পেরিয়ে এসেছেন, বাকিটা এখন সময়ের ব্যাপার। আমি আপনার এই বাক্যের কথা বলছি।

মোট কথা, ইসলামের ভিত্তি কোরানের নানান দর্শন সম্পর্কে মনে গভীর সংশয় জাগল।

। ইসলাম ধর্মের বড় সত্য হল কোরান, যেটি সয়ং আল্লাহর সৃষ্টি। যদি কোনভাবে প্রমান পাই যে কোরান আল্লাহর সৃষ্টি নয় তবে সবই মিথ্যে হয়ে যায়। আপনি যে রকম লিখেছেন একটি ঈশ্বরের সৃষ্টির মাঝে কিভাবে এই হিংসে/বিদ্বেসের বানী থাকে ভেবে পাইনি। এক টি সূরা দিয়ে নিয়মিত নামাজ পড়তাম, সূরা আবু লাহাব, মনে হয় নাম। তার অনুবাদ পড়ে আমি তাজ্জব। এরকম একটি সূরা পড়ে প্রতিনিয়ত কোটি কোটি মুসলিম নামাজ পড়ে, মানুষের জন্য দোয়া করে অথচ জানে না কি পড়ছে। নিরপেক্ষ ভাবে কোরান পড়লে বোঝা যায় যে এটি কোন ঈশ্বরের বানী নয়, কতিপয় স্বার্থান্বেসী মানুষের মিলিত ফসল। এখানে ঈশ্বর থাকা বা না থাকার দরকার নেই। এটা বোঝার পর কাজ অনেক সহজ হয়ে গিয়েছে।

যাহোক, আপনার লেখার হাত বেশ ভাল। নিয়মিত লিখবেন এই প্রত্যাশা করি। ভাল থাকুন , সব সময়।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৮:৩৭ পূর্বাহ্ণ
@স্বাধীন,

আমার বাবা মা প্র্যাক্টিসিং মুসলিম হলেও ধর্ম নিয়ে তেমন জোর জবরদস্তি কোনদিন করেননি। বাবা আমাদের পড়াশুনা ধর্মকর্ম এসব কিছু নিয়েই মাথা ঘামাতেন না। মা মাথা ঘামালেও কিছু কথা আর ফাকা হুমকি ধমকি দেওয়ার থেকে বেশী কিছু করতেন না । নামাজ না পড়লে পেটানো জায়েয আছে এ কথা স্কুলে পড়াকালীন মাঝে মাঝে বলতেন। এইই শেষ। আমার বড় দুই ভাই বোন মা গত বছর হজ্ব করে এসেছেন।

কোরান নিয়ে বড় ধরনের সমস্যা আছে পরিষ্কার হয়েছে। আল্লাহর বানীতে মানুষের জন্মের ভিত্তিতে কাউকে অনন্তকাল পোড়ানো হবে কোন সুস্থ যুক্তিতে ব্যাখ্যা মেলে না। তেমনি ব্যাখ্যা মেলে বা বিধর্মীদের প্রতি তার অকৃত্রিম ঘৃণার সরাসরি বহিঃপ্রকাশে। এর প্রতিফলন সাধারন মুসলমানদের চিন্তাধারাতেও বেশ ফুটে ওঠে। আজকাল বিভিন্ন ব্লগেই উল্লসিত পোষ্ট দেখা যায় , অমুক কাফের দেশে প্রাকৃতিক বিপর্যয়- কারন আল্লাহর গজব। মুসলমানদের বিরুদ্ধে ষড়যন্ত্রের খোদাই শাস্তি। এনাদেরকে মুসলমান দেশের গজবের ব্যাখ্যা কি জানতে চাইলে অবশ্য পাওয়া যায় না , বা সরাসরি তুই তোকারি শুরু করে দেন।

আপনার মত আমারও নাযেজের সুরা পড়ার কথা মনে হয়। কোরানের সব আয়াত বাংলায় বুঝে পড়ার পর মনে হয় যে, তাদের হত্যা কর যেখানেই পাও (হতে পারে শুধু যুদ্ধকালীন) , কিংবা কাউকে জোড়ায় জোড়ায় কাটো, স্ত্রী হল শস্য ক্ষেত্র যেভাবে খুশী গমন কর , অবাধ্য হলে মার ধর কর এ জাতীয় আয়াত বুঝে বুঝে পাঠ করে মনে কিভাবে খোদাই শান্তি আসতে পারে তা আমার এই পাপ মনে আর ঢুকে না। আমার হৃদয়ে সীল গা লা মনে হয় ভালভাবেই লেগেছে।

18. 18

আবুল কাশেম

আগস্ট ৩, ২০১০ সময়: ১২:১৫ অপরাহ্ণ লিঙ্ক

আদিল মাহমুদের ধর্মে সংশয়ের সাথে আমার কি অপূর্ব মিল লক্ষ্য করলাম।

আমি ছিলাম সাধারণ ধার্মিক-তারপর সংশয়ী-তারপর দ্বিধা-তারপর ক্ষুব্ধ-তারপর বিদ্রোহ-তার পর -ধর্মের বিরুদ্ধে যুদ্ধ।

শুধু পার্থক্য হল–আমার সংশয় শুরু হয়েছিল ইন্টারনেটের অনেক আগে। আদিল মাহমুদের মতই আমি কোরান তন্ন তন্ন করে পড়েছি, ছয়টা সাহি হাদিস ঘেঁটে ঘেঁটে, শরিয়া আইন রপ্ত করে আর সিরাহকে মুখস্ত করে তবেই ইসলামের প্রাণের সন্ধান পেয়েছি। দেখলাম ইসলাম সম্পূর্ন মিথ্যা, বর্বর এবং সাম্রাজ্যবাদী।

ইন্টারনেট এখন খুবি শক্তিশালী অস্ত্র হয়ে দাঁড়িয়েছে। তবে ইন্টারনেট আবার ধার্মিদের ও অস্ত্র হয়েছে। তেলের পয়সার জোরে আজ ইসলামি ওয়েব সাইটে ইন্টেরনেট সয়লাব। এই তেলের জোয়ারে আমরা কয়েকটি প্রাণ যে ইসলামের সমলোচনায় টিকে আছি সেটাই তো আশ্চর্য্য।

আদিল মাহমুদের লেখা খুবই সাবলীল এবং এক নিঃস্বাসে পড়ার মত। আমি আদিল মাহমুদকে অনুরোধ করব উনার পরের পর্যায় কি হবে মনে করছেন তা জানাবার জন্য –যেমন আমার হয়েছিল সংশয় থেকে দ্বিধা।

নানা কারণে মুক্তমনা ভালোমত দেখা হয় না। দেখলেও মন্তব্য করার সময় পাই না। তবে আদিল মাহমুদের লেখা পড়ে ্মন্তব্য না করে পারলাম না। এই দেখুন কয়েক লাইনের অভ্র লিখতে প্রায় আধা ঘন্টা লেগে গেল।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৫:৫৩ অপরাহ্ণ
@আবুল কাশেম,

আপনাদের সময় কাজটা অনেক কঠিন ছিল জানি। আমি অবাক হয়ে ভাবি সে আমলে প্রতিকুল পরিবেশে কিভাবে গবেষনার এত মাল মশল্লা জোগাড় করলেন।

অবশ্য কেউ নিরপেক্ষ মনে পুরো কোরান আর হাদীস বাংলায় পড়লে এই অবস্থায় না পৌছালে অবাকই হতে হবে।

অক্কামের খুরের তত্ত্বের মত মানুষ মনে হয় সত্য ও মিথ্যা এই দুইয়ের ভেতর থেকে সত্যকে এক সময় না এক সময় বেছে নিতে পারে। হয়ত কিছুটা সময় লাগে , এই যা।

পরের পর্ব কি হতে পারে এখনো নিজেই জানি না। যদিও আপাতত মনে হয় না খুব তেমন পরিবর্তন কোনদিকেই ঘটবে বলে।

অনেক ধন্যবাদ আপনার সময় নিয়ে মন্তব্যের জন্য।

19. 19

ভবঘুরে
আগস্ট ৩, ২০১০ সময়: ৫:১৪ অপরাহ্ণ লিঙ্ক

আসলে এই সংশয়বাদীতা একটা সুবিধাবাদীতা ছাড়া আর কিছু নয়। অনুকূল পরিবেশ পেলে যে কোন সময়ে সংশয়বাদী প্রজাতির মানুষ আস্তিকতার দিকে প্রবল বেগে ধাবিত হতে পারে যা আমি নিজেই দেখেছি।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৫:৩২ অপরাহ্ন
@ভবঘুরে,

দুটো দিকেই ঘটতে পারে, শুধু আস্তিকত্বের দিকেই কেন হতে যাবে ? আমি ব্যাক্তিগতভাবে যদিও আস্তিক/নাস্তিক নিয়ে সংশয়ে ভুগি না।

রৌরব এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৬:৩৭ অপরাহ্ন
@আদিল মাহমুদ,
সংশয় ছাড়া আমাদের আছে কি? চলমান সংশয় ছাড়া কিছু জানাও তো সম্ভব না।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১০:০৩ অপরাহ্ন
@রৌরব,

খুবই সত্য কথা।

বিজ্ঞান মানে তো এক ধরনের সংশয়বাদই, তাই না? মুক্তিমনা যুক্তিবাদী এসবের মানে তো দ্বার খোলা রাখা।

আকাশ মালিক এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৬:৫৫ অপরাহ্ন
@ভবঘুরে,

আসলে এই সংশয়বাদীতা একটা সুবিধাবাদীতা ছাড়া আর কিছু নয়। অনুকূল পরিবেশ পেলে যে কোন সময়ে সংশয়বাদী প্রজাতির মানুষ আস্তিকতার দিকে প্রবল বেগে ধাবিত হতে পারে যা আমি নিজেই দেখেছি।

যারা আস্তিকতার দিকে ধাবিত হয় বুঝতে হবে তারা আদৌ সংশয়বাদী ছিলনা।
সংশয়বাদী দাবী করা ছিল তাদের ভন্ডামী।

ভবঘুরে এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৭:৩৪ অপরাহ্ন
@আকাশ মালিক,

আচ্ছা এই **বাদীতা বা বাদী** শব্দটা কোনমতে বাদ দিয়ে অন্য কোন শব্দ ব্যবহার করা যায় না ? আমার ধারনা এ শব্দগুলো সংকীর্নতা প্রকাশক মানে মানুষকে একটা গোষ্ঠিতে বিভক্ত করে আর তার ফলে এক পর্যায়ে তাদেরকে একটা সংকীর্ন গ্রুপ হিসাবে চিহ্নিত করা হয়। যেমন- আস্তিক্যবাদী, নাস্তিক্যবাদী, সংশয়বাদী ইত্যাদি।

20. 20


আকাশ মালিক
আগস্ট ৩, ২০১০ সময়: ৫:৫০ অপরাহ্ন লিঙ্ক

এরপর কোরানের বিভিন্ন আয়াতের অনুবাদ একটু নিরপেক্ষ ও **সংশয়বাদী চোখে** পড়তে গিয়ে বুঝতে পারলাম যে কোরান আল্লাহর বানী কিনা সে বিতর্কে না গিয়েও বলা যায় যে এর কোরানের বেশ কিছু আয়াতই এই যুগে শুধু অচলই নয়, রীতিমত অমান।

আর আল্লাহ (কিংবা মুহাম্মদ) বলেন - 'জা-লিকাল কিতাবু লা-রাইবাফিহ'।

কোরানের দিকে **সংশয়বাদী চোখে** তাকানোর অনুমতি কোরানের লেখক দেন নাই।

পরকালে ক্ষণিকের বিশ্বাস, মৃত্যু ভয় ও মৃত্যুপরবর্তি অজানা অনিশ্চি ত অবস্থার কারণ। মানুষ তার চিন্তা শক্তির দ্বারা মৃত্যুপরবর্তি অবস্থা জানতে চায়। এখানে সে বিপদে পড়েছে তার দেহের ভিতর আত্মা নামের একটি বস্তু কল্পনা করে। ঠিক যেমন আমরা ভুত কল্পনা করে রাতের অন্ধকারে কলা পাতা দেখেও ভয় পাই। সংশয়বাদী মানুষের কাছে পাপের শাস্তির ভয় থাকে কিন্তু পূণ্যের অস্বাভাবিক কাল্পনিক পুরুষ্কার, নারী ভোগ সুস্বাদু ফল ভক্ষণ হাস্যকর।

সংশয়বাদী মানুষের আল্লাহ কোন নির্দিষ্ট ধর্মের আল্লাহ হতে পারেন না। সেই পরম স্বত্বার কাছে ধর্ম বর্ণ জাত পাত নির্বিশেষে সকল মানুষ সমান। বিপদে অসহায় অবস্থায় যে নাম ধরে একজ ন মুসলমান শান্তি পান সেই নাম ধরে একজন হিন্দু, ইহুদী, খৃষ্টান একই শান্তি পান। তিনি শুধুই মানুষের মনে মানুষের কল্পরাজ্যে বাস করেন। তিনি কোন নির্দিষ্ট ধর্মের বা মানুষের হতে পারেন না। তাহলে এই স্বত্বার বিভিন্ন নাম বিভিন্ন রূপ কে দিল, কে রচনা করলো একই স্বত্বার নামে বিভিন্ন প্রকার গ্রন্থ? আদিল মাহমুদ তার সংশয়বাদী চোখে, সত্যানুসন্ধানী পথে এ প্রশ্নগুলোর উত্তরও খুঁজে পাবেন এবং পরবর্তিতে এ নিয়ে আরো জ্ঞানগর্ভ লেখা আমাদেরকে উপহার দিবেন সেই প্রত্যশায় রইলাম।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৮:৩৪ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,

আমি বিশ্বাস করতে চাই আল্লাহ শুধুই কোন নির্দিষ্ট ধর্মের নন। তিনি শ্বাসত , সব ধর্মে এমনকি নাস্তিক সবার জন্যই। কেউ যুক্তিগ্রাহ্য কারনে তার অস্তিত্বে সংশয় প্রকাশ করলে তাতে তিনি বিরক্ত হবেন মনে করি না।

মানুষই আল্লাহকে নিজ নিজে সম্প্রদায়ের গন্ডিতে আবদ্ধ করেছে। আল্লাহকে কেন্দ্র করেই গড়েছে ভেদাভেদের কঠিন প্রাচীর। আপাতত এটাই বুঝতে পেরেছি।

21. 21

শাফায়েত

আগস্ট ৩, ২০১০ সময়: ৬:২৩ অপরাহ্ণ লিঙ্ক

আদিল চাচা আসলেই খুব ভালো লিখেন। দেখতে হবেনা কার চাচা ?

সামনে রমজান মাস। এ সময় মুসলমানদের মধ্যে একধরণের ঝিমানি ব্যারাম তৈরি হয় , বন্ধুদের দেখি রোযা রেখে সন্ধ্যার পর থেকে ঝিমাতে থাকে,কাজ- কর্ম সব বন্ধ। আরে রোযা রেখে যখন কাজ করতে পারবিই না তাহলে রোযা রাখিস কেন? উত্তর আসে, "না রাখলেতো গুনাহ হবে"। কাজ- কর্ম মাথায় তুলে এ ধরনের রিচুয়াল পালন আধুনিক মানুষ কেন করে করে মাথায় ঢুকেনা আমার। যে ধর্ম কাজ - কর্মকে উতসাহিত না করে অপ্রয়োজনীয় রিচুয়াল কে করে সে ধর্ম কখনোই মানুষের কল্যাণ আনতে পারেনা। যাই হোক সবাই ঝিমাতে থাকুক ,আমি ঠিকই ডালপুরি খ

রৌরব এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৬:৪১ অপরাহ্ণ
@শাফায়েত,

দেখতে হবেনা কার চাচা?

এর আগে দেখলাম উনি তানভীর মামা! মুক্তমনায় তো দেখি রীতিমত স্বজনপ্রীতি চলছে । দেখি কুষ্ঠি-পত্র ঘেঁটে আমার সাথে আদিল মাহমুদের একটা সম্পর্ক বের করা যায় কিনা

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ৭:০১ অপরাহ্ণ
@রৌরব,

খালু ফুপা এইগুলা এখনো খালি আছে।

কপালে অনেক খারাপি থাকলে এই কিসিমের ভাগ্না ভাতিজা জুটে। লিখলাম আমি , কৃতিত্ব দাবী করে সে।

22. 22

অভিজিৎ

আগস্ট ৩, ২০১০ সময়: ৭:৫৫ অপরাহ্ণ লিঙ্ক

আদিল,

আপনি যখন মুক্তমনা ব্লগে প্রথম মন্তব্য করা শুরু করেছিলেন তখন সম্ভবত আপনার বিশ্বাসের শিকড় আরো অনেক বেশি ছিলো। আমার মনে আছে আপনি এমনকি রাশাদ খলিফার ১৯ মিরাকেলও ডিফেণ্ড করেছিলেন। বেশিদিন আগের কথা তো নয়। সেখানকার স্তরের সাথে আজকের আপনার স্তরের অনেক পার্থক্য দেখি। মুক্তমনা সহ অন্যান্য ব্লগের লেখাগুলো কি আপনার বিশ্বাসে প্রভাব ফেলেছে খুব তাড়াতাড়ি? আজকে আপনি ব্লগিং না করলে কি আরো অনেক বেশি বিশ্বাসী থাকতেন বলে মনে করেন? আপনি প্রায়ই বলেন, আপনি নিজে নাস্তিক নন, কিন্তু বিভিন্ন ব্লগে ধার্মিক ব্লগারদের 'ছাগুগিরি' যতই দেখেন ততই আপনি নাস্তিকদের কাছাকাছি চলে আসেন 🙂। ধার্মিকদের চেয়ে নাস্তিকদের সাথে আলোচনা করতেই কমফর্টেবল ফিল করেন(আস্তিক নাস্তিক শব্দগুলো স্রেফ বলার জন্যই বলা, জানি আপনার আমার বা অনেকের জন্যই সেগুলোর আলাদা কোন তাৎপর্য নেই)। এগুলো নিয়ে কিছু বলুন। আমি ভেবেছিলাম সা ম্প্রতিক ইন্টারনেট এক্টিভিটি যখন আপনার বিশ্বাস জীবনে এতবেশি মোড় ঘুরিয়েছে (যদি সেটা সত্যি হয়ে থাকে) , তবে সেটা আরেকটু বেশি ফোকাসড হবে।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১০:২৮ অপরাহ্ণ
@অভিজিৎ,

এই পার্ট খুব বেশী লিখিনি ইচ্ছা করেই, আপনাদের খুব বেশী পাপের ভাগিদার বানাতে মন চায়নি। আপনি সেধে সেধে বিপদ আনতে চাইলে আর কি করা।

কথা খুবই সত্য। আমি মুক্তমনা প্রথম দেখি বছর চারেক আগে। পাত্তাই দেইনি। কোথাকার কোন অভিজিত নামের এক ব্যাটা মালু আরো কিছু সমমনা চ্যালাচামুন্ডা নিয়ে সার্কাস পার্টি খুলে বসেছে! কয়েকটা আবার দেখি মুসলমান নাম নিয়ে দালালী করে। ধর্ম বিষয়ক লেখাগুলি পড়তাম আর

হাসতাম, কারন আমি তো জানি এইগুলা সবই চাপাবাজি। সাথে সাথে সরাসরি ধর্ম বা নবীকে গালি দিয়ে নয়, কিন্তু ধর্মীয় গোঁড়ামীর বিরুদ্ধে লেখা সেসব লেখা খুব উপভোগ করতাম সেটাও সত্য।

এরপর যখন এসব লেখার রিবুটাল ইসলাম ডিফেন্ডারদের পালটা জবাব থেকে পড়া শুরু করলাম তখন একটু গভীরে সিরিয়াসলি যাওয়া শুরু করলাম। বিশেষ করে ওনাদের যুক্তিগুলির খুত যখন পরিষ্কার হতে শুরু করল তখন নিজে নিজে কিছু অথেন্টিক সোর্স বলে পরিচিত সোর্স পড়া শুরু করলাম। এই অবস্থাতেই মনে হয় প্রথম মুক্তমনায় সুপ্ত অবস্থা থেকে সক্রিয় হই। এই অবস্থায় যারা মুসলমান, কিন্তু ইসলাম বা মুসলমানদের মৌলিক ত্রুটিগুলি স্বীকার করেন তাদের লেখা মনে গভীরভাবে রেখাপাত করে। নাস্তিক কুলের কথায় বেশী পাত্তা দেই নি, কারন তারা তো ধর্মকে বাঁশ মেরে লিখবেই। মনোযোগ দিতাম বেশী জামিলুল বাশার , রায়হান সাহেব এ জাতীয় লেখকদের লেখায়। সদালাপ, ভিন্নমত, সাতরং এ ওনাদের যত পুরনো লেখা পাওয়া যায় সব পড়েছিলাম। সাথে আপনাদের তো আছেই। ওনারা যেরকম আত্মবিশ্বাসের সাথে প্রচলিত ইসলামের যাবতীয় রিচুয়াল চ্যালেঞ্জ করতেন তা খুবই ভাল লাগত। রায়হান সাহেবের পুরনো সেসব লেখা এখনো মুক্তমনায় আছে। কারন আমার কাছেও সবসময়ই মনে হয়েছে যে ইসলামও যতই পূর্নাংগ জীবন বিধানের দাবী করা হয় এটা আসলে কিছু রিচুয়াল পালন ছাড়া বেশী কিছু নয়। ওনাদের মনে হত খু বই প্রগ্রেসিভ মুসলমান, যারা ধর্মের প্রকৃত সংস্কার চান। এই পর্যায়ে আমিও অনেকটা কোরান অনলী টাইপ ছিলাম। হাদীস যে ভিত্তিহীন তা এনাদের লেখা থেকেই সামান্য চিন্তা করে বুঝতে পারি। ধর্মের রিচুয়াল মানার প্রতি আগ্রহ পুরোই মরে যায়।

এরপর কোরান বিষয়ক আরো লেখা পড়ে ও নানান রকমের ব্যাখ্যা পড়ে আজকের এই অবস্থানে আসি। এখনো মনে হয় যে হাদীস ছেটে ফেলতে পারলে মনে হয় সনাতন ইসলামের অনেক বাজে দিকই নিয়ন্ত্রন করা যেত।

আপনাদের সাথে যখন প্রথম ১৯ মিরাকল নিয়ে আলাপ হয় তখন আমি কোন চ্যালেঞ্জ করিনি। আপনাদের মত জানতে চাচ্ছিলাম, এই আর কি। এ কথা সত্য যে আমি এই মিরাকল প্রথম রাশাদ খলিফার সাইটে পড়ে অত্যন্ত আনন্দিত হয়েছিলাম। এরপর কোরানে বিজ্ঞান প্রাপ্তি দাবীর ফাকি ঝুকিগুলি বুঝতে পারি।

কাজেই, সংক্ষেপে ইন্টারনেটে আপনাদের এবং আপনাদের প্রতিপক্ষ লেখা না পড়লে আমার এই রূপান্তর ঘটত না এটা নিঃসন্দেহে বলা যায়। আমি যুক্তি পছন্দ করি, তাই বাধ্য হয়েই নাস্তিক কূলের আশেপাশে থাকতে হয়, গতি নেই।

মাহবুব সাঈদ মামুন এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৩:১৬ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

আমি যুক্তি পছন্দ করি, তাই বাধ্য হয়েই নাস্তিক কূলের আশেপাশে থাকতে হয়, গতি নেই।

আপনার এই মানসিক উত্তরনের জন্য আন্তরিক ধন্যবাদ এবং গোলাফ শুভেচ্ছা থাকল।আসলে যারা চিন্তাশীল ও যুক্তি পছন্দ করে তারা একটা না একটা সময় সত্যের স্বন্ধান খুঁজে নিতে সক্ষম হয়।শুধু গতানুগতিক হাজার হাজার বা শত শত বছরের ভাবধারায় বেশি দিন জীবন চালাতে পারে না।এই না পারার-ই একজন হলেন আপনি।
ভালো ও সুস্থ্য থাকুন।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৮:২৮ পূর্বাহ্ণ
@মাহবুব সাঈদ মামুন,

আমিও তাই মনে করি। মানুষকে দীর্ঘ সময় ধরে বোকা বানিয়ে রাখা যায় না। সত্য যাই হোক তার স্পর্শ মানুষে পেয়ে যাবেই। হয়ত সময় লাগবে এই যা।

অনেক ধন্যবাদ আপনাকে।

আকাশ মালিক এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৫:৪১ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আমি যুক্তি পছন্দ করি, তাই বাধ্য হয়েই নাস্তিক কূলের আশেপাশে থাকতে হয়, গতি নেই।

আপনার এই উক্তিতে আবেগাপ্লুত হয়ে গিয়েছি তাই কিছু কথা বলতে বাধ্য হলাম। কোন ধন্যবাদ পাওয়া বা কৃতিত্বের জন্যে বলছিনা , আর আমি যে ওসব কিছুর কাঙ্গাল মোটেই না , তা আশা করি আপনিও জানেন। মনে পড়ে সেই ফারাক্কা বাঁধ নিয়ে আপনার প্রথম লেখাটির কথা। আমি

পারসোন্যেল ই-মেইলে অনুরোধ করেছিলাম- যে মানুষ ফারাক্কা বাঁধ নিয়ে এমন তত্ত্ব-তথ্যবহুল লেখা লিখতে পারেন, তার লেখা থেকে 'মুক্তমনা' র পাঠকগণ বঞ্চিত হবেন কেন? তারপর গঙ্গা-যমুনায় অনেক জল গড়িয়ে গেছে। এক পর্যায়ে আবার লিখেছিলাম- আদিল ভাই, মানসিকভাবে ক্ষত-বিক্ষত, চুড়ান্ত পর্যুদস্ত হওয়ার আগে সেখান থেকে বেরিয়ে আসুন। এর পরে অনেক ঝড় -ঝঞ্জাট, আঁকা-বাঁকা দূর্গম পথ অতিক্রম করে আপনি এই পর্যায়ে এসেছেন , এবার আমাদের জন্যে নয়, নতুন প্রজন্মের জন্যে লিখুন। আপনার আমার সন্তান যেন ওদের মত না হয় যারা ধর্মের নামে মানুষ খুন করতে পারে , মানুষের মনে দুঃখ দিতে পারে , যারা মানুষকে মানুষ হিসেবে গণ্য করেনা। আমাদের লেখা যদি এই পৃথিবীকে, মানব সভ্যতাকে সামনের দিকে এক পা অগ্রসর হতে সাহায্য করে, সেটাই হবে আমাদের জন্মের স্বার্থকতা।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৫, ২০১০ at ৫:৫২ অপরাহ্ণ
@আকাশ মালিক,

আমি যা বলেছি তা হয়ত নিছক নিজের ভাষায় প্রকাশ, একটু হয়ত সরলীকরন আছে। কিন্তু যিনি ঘোর ধার্মিক এই নীতি তো তিনিও নিশ্চয়ই কিছু না কিছু মাত্রায় পালন করেন। শুধু হয়ত আমার মত সরল স্বীকারোক্তি দেন না এই আর কি।

যেমন, কয়জন নাস্তিক ঘৃণাকারী ঈমানদার ভাইকে পাওয়া যাবে কোন নাস্তিক বিজ্ঞানীর আবিষ্কারকে ঘৃনা ভরে ঠেলে দিতে? তখন তো তিনি কার ধর্ম বিশ্বাস কি সে নিয়ে মাথা ঘামান না নিশ্চয়ই। তিনি স্বাভাবিক যুক্তিবোধ তখন অন্তত নিজের স্বার্থেই কাজে লাগান। কাজেই , চূড়ান্তভাবে জয় হচ্ছে যুক্তিবোধের। নাস্তিক বিজ্ঞানী নিশ্চয়ই ধার্মিক সাহেবের ধর্মগ্রন্থ ঘেটে আবিষ্কার করেননি।

মানুষ মুখে যাই বলুক, প্রাচীন কাল থেকেই সত্যর পথেই ধীরে ধীরে যায়, উতস যাই হোক সে দিয়ে কি তেমন যায় আসে? যুক্তি আস্তিকে দিলে কি আর নাস্তিকে দিলে কি ? কার কথাট কতটা বস্তুনিষ্ঠ বা সত্য আছে সেটা দেখতে হবে।

আমি আসলেই লোক খুবই অলস ধরনের। ফোরামে কথাবার্তা দেখলে হয়ত অন্যরকম মনে হতে পারে। ফোরামে ঢুকে চট করে কিছু মন্তব্য করা যত সোজা তেমনি একটু মান সম্পন্ন লেখা বের করা ততটাই কঠিন এটা লিখতে গেলেই হাঁড়ে হাঁড়ে টের পাই। তার উপর আছে বানাতংক। আরো দুটো লেখা চূরান্ত পর্যায়ে আছে, সহসাই আশা করি নামাবো।

ফারাক্কা/টিপাইমুখ নিয়ে লেখাটা অনেকটা জেদের বশে শুরু করেছিলাম। এক তরফা বিকৃত তথ্য ক উপস্থাপন কেন যেন সহ্য করতে পারিনি, আর বিষয়টা যেহেতু আমার পড়াশুনার সাথে কিঞ্চিত সম্পর্কিত ছিল তাই আরেকটু উতসাহ বোধ করেছিলাম।

আপনার পরের উপদেশ মনে পড়ে, তখন খুব রিরিয়াসলি নেইনি। লেখালেখির জন্য যে কেউ কারো ব্যাক্তিগত জানি দুষমনে পরিনত হতে পারে, বিশেষ করে উচ্চ শিক্ষিত লোকের সেটা তখনো ধারনায় আনতে পারিনি। তবে তার ভাল দিকও কিছু আছে। বিনে পয়সায় মজা দেখা যাচ্ছে। কোন কোন দুষ্ট লোকের মতে গুপী গাইন বাঘা বাইনের শো 🙂 ।

ভবঘুরে এর জবাব:
আগস্ট ৫, ২০১০ at ১০:০৭ অপরাহ্ণ
@আদিল মাহমুদ

আপনার জীবনের কাহিনীটা বেশ কৌতুহলোদ্দীপক। তবে নাস্তিকদের পাল্লায় পড়ে জাহান্নামে আপনার জন্যে একটা সীট যে কনফার্ম হয়ে গেছে তা বেশ বুঝতে পারি। যাহোক , আপনার বিষয়ে একটা মন্তব্য ছেপেছিলাম কোথায় জানি কিন্তু আপনার কোন প্রতিক্রিয়া পাওয়া যায় নি। বিষয়টা হলো- সদালাপ নামক সাইটে কিছুদিন আগে দেখলাম শুধু আপনাকে নিয়েই একটা মজার ব্লগ ওপেন করেছে আর সেখানে আপনার সব মন্তব্য ওরা মহা উল্লাসে ছাপাচ্ছে। আপনার কি সেটা নজরে পড়েছে ? পড়ে থাকলে সে বিষয়ে আপনার প্রতিক্রিয়া জানার প্রতিক্ষায় থাকলাম।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৫, ২০১০ at ১০:৩৪ অপরাহ্ণ
@ভবঘুরে,

সীট স্বাভাবিক উপায়ে কনফার্ম না হয়ে থাকলেও সদালাপী ভাইয়েরা সদয় হয়ে মনে হয় দায়িত্ব নিয়েছেন কনফার্ম করাতে। কাজেই পরকালে নরকবাসের ব্যাপারে এবারে কনফার্ম থাকতে পারেন।

আপনার জবাব কিন্তু সেখানেই দিয়েছিলাম, আপনি হয়ত দেখেননি, তবে যাদের দেখার তারা ঠিকই দেখেছেন।

এসব আবর্জনা ঘাটার ইচ্ছা সময় আমার বেশী নেই, নইলে মজার উপাদান কি কম? আমার ব্লগেও বিস্তর মজা হয়েছে।

23. 23

ব্রাইট স্মাইল্

আগস্ট ৩, ২০১০ সময়: ৮:১৯ অপরাহ্ণ লিঙ্ক

আদিল মাহমুদের এই অকপট আর আন্তরিক লেখাটি ধর্মীয় কুপমুন্ডক লোকদের মনে ধর্মীয় সংশয়বাদীতা তৈরী করতে অনেকখানি সহায়ক হবে বলে আমার বিশ্বাস। প্রারম্ভিক এই সুচনাটাও সমাজের জন্য অনেক কল্যানকর।

আদিল মাহমুদ এর জবাব:

আগস্ট ৩, ২০১০ at ৯:৩০ অপরাহ্ণ

@ব্রাইট স্মাইল্,

তার মানে তো চক্রবৃদ্ধি হারে আমার উপর গূনাহর বোঝা চেপে বসবে! এমন জানলে কি আর এই লেখা বাজারে ছাড়ি!

আকাশ মালিক এর জবাব:

আগস্ট ৩, ২০১০ at ১০:৪৬ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,

তার মানে তো চক্রবৃদ্ধি হারে আমার উপর গূনাহর বোঝা চেপে বসবে! এমন জানলে কি আর এই লেখা বাজারে ছাড়ি!

আরো কিছু অগ্রসর হন, সময় সুযোগে গোনাহর খাতায় কি পরিমান গোনাহ জমা হয়েছে তা স্ক্রীন শট নিয়ে সারা দুনিয়াকে দেখানো হবে ইনশাল্লাহ।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৩, ২০১০ at ১০:৫৭ অপরাহ্ণ
@আকাশ মালিক,

দেখতে কিন্তু মন্দ লাগে না।

আমার পুরনো কোন কমেন্ট দেখতে হলে চট করে ওখান থেকেই পেয়ে যেতে পারি ।

24. 24

সাইফুল ইসলাম
আগস্ট ৩, ২০১০ সময়: ১১:৪৬ অপরাহ্ণ লিঙ্ক

আদিল ভাইয়ের লেখার হাত অসাধারন। আমি একটু ব্যস্ত থাকায় মুক্ত -মনায় ঢুকতে পারিনি গত দুদিন ঠিক ভাবে। এসে দেখি মারাত্বক কিছু লেখা এসেছে।

যাই হোক, আমি মনে করি নাস্তিকতার থেকে মানুষের বেশি দরকার উদারতা। যেটা আদিল ভাইয়ের মধ্যে যথেষ্ট পরিমানেই আছে। আদিল ভাইয়ের মত মানুষ আস্তিক হলেই কি আর না হলেই কি। তারা সব সময়েই প্রগতির সাথে থাকবেন বলেই আমি মনে করি। ধন্যবাদ আদিল ভাইকে তার গল্প আমাদের সাথে এত সুন্দর লেখনীর মা ধ্যমে আমাদের সাথে শেয়ার করার জন্য।

আর একটা কথা আপনি এত কম লেখেন কেন বলেন তো?
মজা লন, না??

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৮:২৭ পূর্বাহ্ণ
@সাইফুল ইসলাম,

খুবই সত্য কথা, আমার মনের কথাই। আস্তিকতা নাস্তিকতা এসবে বড় একটা কিছু যায় আসে না , কিছু তাত্ত্বিক বিতর্কে বেহুদা সময় নষ্ট। যুক্তিবাদ ও মানবতাবাদই হল আসল কথা। এ দুয়ের মিলিত ফসলই হল উদারতা।

আমি এত কম লিখি কেন তার জবাব কিন্তু এই লেখার মাঝেই আছে দেখেন।
আল্লাহর ভাষা শিক্ষা করতে গিয়ে পর্যন্ত বালক বয়সে নকলবাজির আশ্রয় নিয়েছি,বোজেন না? আলসেমী হল মজ্জাগত।

সাইফুল ইসলাম এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ১১:২০ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আল্লাহর ভাষা শিক্ষা করতে গিয়ে পর্যন্ত বালক বয়সে নকলবাজির আশ্রয় নিয়েছি,বোজেন না? আলসেমী হল মজ্জাগত।

বড়ই পীড়াদায়ক।

25. 25

মোজাফফর হোসেন
আগস্ট ৪, ২০১০ সময়: ১:৪৪ পূর্বাহ্ণ লিঙ্ক

জীবনের ধাপে ধাপে আপনার ধর্মের প্রতি দৃষ্টিভঙ্গির যে পরিবর্তন এসেছে তা অনেকের জীবনে আসে। আমরা জীবনের বিভিন্ন সময় ধর্মকে বিভিন্নভাবে পারসেপশন করি এবং, আমি মনে করি, এর কোনটাই ভুল নই।
ধর্মের প্রয়োজনীয়তা চিরন্তন যদিও প্রয়োজনীয়তা ক্রমেই কমে

26. 26

মোজাফফর হোসেন
আগস্ট ৪, ২০১০ সময়: ১:৪৬ পূর্বাহ্ণ লিঙ্ক

আমার মন্তব্যের বাকী অংশ কোথায় পালালো ??!

*আদিল মাহমুদ*এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ১:৫২ পূর্বাহ্ণ
@মোজাফফর হোসেন,

"ধর্মের প্রয়োজনীয়তা চিরন্তন"

- আপনার এই কথাটি দেখেই মডারেটররা মন্তব্য মুছে দিয়েছে! তীব্র প্রতিবাদ জানাই।

*অভিজিৎ*এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ২:০২ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

হেঃ হেঃ , কিন্তু ধর্মের প্রয়োজনীয়তা চিরন্তন টাতো মুছে নাই , মুছছে প্রয়োজনীয়তা ক্রমেই কমে আসার জায়গাটা। খুবই অদ্ভুত! আপনেই আবার মুছেন নাই তো ? আপনার তো সব দিকেই হট কানেকশন, কিছুই বলা যায় না। 🙂

@মোজাফফর হোসেন, সম্ভবতঃ তাড়াহুড়া করে বাটন টেপায় বা অন্য কোন কারণে আপনার মন্তব্যের পুরোটুকু আসেনি। আবার দিয়ে দিন।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ২:১৭ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

রাখেন মিয়া, আবার শিনা জোরি!

রৌরব এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ২:৫৪ পূর্বাহ্ণ
@অভিজিৎ,
আমি এখানে একটা চাচা-ভাতিজা ষড়যন্ত্রের গন্ধ পাচ্ছি!
দ্র: অগ্নিমূর্তি ধারণের ইমোটিকন কই? এটা দরকার।

অভিজিৎ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৪:৪৪ পূর্বাহ্ণ
@রৌরব,

ঠিক! চাচা ভাতিজা দুর্নীতি এবং স্বজনপ্রীতি নিপাত যাক।

ভাতিজা ঘুমের থেইক্যা উইঠা এই কমেন্ট দেখলে খবর আছে

27. 27

মাহফুজ

আগস্ট ৪, ২০১০ সময়: ৯:০২ অপরাহ্ণ লিঙ্ক

@ আদিল মাহমুদ,

মুক্তমনায় যেসব বিভাগ রয়েছে আমার নিকট ‘অবিশ্বাসীর জবানবন্দী’টি প্রিয়। এই আত্মসাক্ষ্য পড়ে অনেকেই যুক্তিবাদী হয়ে ওঠে। আপনার অকপট সংশয়ের স্বীকারোক্তি ভালো লেগেছে। এমন কিছু মানুষ দেখেছি- জোর গলায় নিজেকে নাস্তিক বলে জাহির করেছে, কিন্তু শেষ পর্যন্ত ঠিক থাকতে পারে নাই। কোনো ঘটনা বা বিশেষ কারণে আস্তিকতায় ফিরে গিয়ে ধর্মের নানাবিধ কর্মের সঙ্গে যুক্ত হয়েছে এবং অন্যকেও ধর্মের দিকে আহবান করা পবিত্র দায়িত্ব বলে মনে করে। মানুষের এরূপ বিচিত্র মনের রং পড়তে আমি খুব ইন্টারেস্ট ফিল করি।

আপনার লেখাটি পড়ার পর মন্তব্যগুলোও পড়লাম। অনেকে তাদের ব্যক্তিগত পরিবর্তনও শেয়ার করেছেন। সেগুলোও ভালো লাগলো।

তবে আস্তিক হলেও প্রথাগত ধর্মগুলির অন্ধভক্তির জগত থেকে বেরিয়ে আসতে পেরেছি।

এই পরিবর্তনটাই ক্রমান্বয়ে আপনাকে নাস্তিকতার পথে নিয়ে যাবে। ড. আহমদ শরীফ নিজে নাস্তিক হওয়া সত্ত্বেও বলেছেন- ‘স্রষ্টা থাকলেই যে শাস্ত্র থাকতে হবে বা বানাতে হবে এমনটি নয়। শাস্ত্রমানা আস্তিকের রয়েছে পরধর্মে অবজ্ঞা ও বিধর্মীর প্রতি সুপ্ত বিদ্বেষ। ’

এক সময় আপনার ভেতর অন্য ধর্মের মানুষের প্রতি বিতৃষ্ণার মনোভাব ছিল। সেটা এখন কাটিয়ে উঠতে পেরেছেন। এর কারণ আপনি শাস্ত্র থেকে বেরিয়ে এসেছেন বলে। এমন এক সময় আসবে যখন আপনি স্রষ্টা থেকেও বের হয়ে আসতে পারবেন। সেই অপেক্ষায় থাকবো এবং তখন আবার একটি নতুন জবানবন্দী পাবো। এই ব্যাপারে আমি ভীষণ আশাবাদী।

নৃপেন্দ্র সরকার এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৯:৪৩ অপরাহ্ণ
@মাহফুজ,

এর কারণ আপনি শাস্ত্র থেকে বেরিয়ে এসেছেন বলে।

তুমি যে undergraound থেকে আবার বেড়িয়ে এসেছ, সে জন্য খুবই আল লাগছে।

কুথায় যাও, কয়া যাবানা?

মাহফুজ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ১০:০৯ অপরাহ্ণ
@নৃপেন্দ্র সরকার,
দাদা,
আমি তো আপনারে কইছিলাম যে কিছুদিন গ্রামে থাকবো। গ্রামের মাটির সঙ্গে মিশেছি। মানুষের সঙ্গে মিশেছি। এই মাটির মানুষগুলোর মধ্যে ধর্মের প্রতি আসক্তি এবং কারো কারো নিরাসক্তিও লক্ষ্য করেছি।
তবে আপনি যে অর্থে আন্ডার গ্রাউন্ড শব্দ ব্যবহার করেছেন, আমার কাছে মনে হলো, আমি বুঝি মারা গেছি। আমি বুঝি গ্রেভ ইয়ার্ড থেকে বের হয়ে এলাম। যাহোক , আছি কিছুদিন। আবার হয়তো এক সময় হাওয়া হয়ে যাবো।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ৯:৫৭ অপরাহ্ণ
@মাহফুজ,

আপনার আশাবাদে তো আমার কলিজায় পানি এসে গেছে। আস্তিক নাস্তিক নিয়ে এখন আর কোন বায়ুতে না ভুগলেও নাস্তিক হয়ে যাওয়ার মত মানসিন অবস্থা এখনো হয়নি।

শাস্ত্র মানা আস্তিক হতে গেলে মুখে যতই উদারতার কথা বলি না কেন অন্য ধর্ম , সাথে সাথে সেই ধর্মের অনুসারীদের প্রতি নীচ ভাব পোষন করতেই হবে। এটা ভালভাবেই বুঝতে পেরেছি , এর জন্য যে আমাকে ইন্টারনেতের জ্ঞান ভান্ডার বা নাস্তিকদের লেখা পড়তে হয়েছে তা নয়। খুব স্বাভাবিক উপলব্ধি।

ভয় পাওয়ানো হলেও ভাল লাগল আপনার মন্তব্য।

মাহফুজ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ১০:১৬ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

খুব স্বাভাবিক উপলব্ধি।

সকলের উপলব্ধি জ্ঞানও সমান থাকে না। আমার ভেতর কোনো প্রকার স্বাভাবিক উপলব্ধি জ্ঞান ছিল না। 'দুনিয়ার একমাত্র মুসলমান ছাড়া আর কেউ বেহেস্ত যেতে পারবে না। ' -এই ধরনের বিশ্বাসে অন্ধ ছিলাম। এটাকে কি স্বাভাবিক উপলব্ধি জ্ঞান বলে?

মন্তব্যের জবাব দেয়ায় ধন্যবাদ আপনাকে।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ১০:৫৮ অপরাহ্ণ
@মাহফুজ,

এটা আমাকে স্কুলের নীচের ক্লাস থেকেই আসলে ভাবাতো। কোন সমাধানে কোনদিন আসতে পারিনি, বা কেউ কোনরকম যুক্তিসংগত ব্যাখ্যা দিতে পারেননি। এই মৌলিক সমস্যায় না পড়লে মনে হয় না আমার মানসিকতার কোন বৈপ্লবিক পরিবর্তন কখনো ঘটত কিনা।


ব্রাইট স্মাইল্ এর জবাব:
আগস্ট ৪, ২০১০ at ১১:৪৫ অপরাহ্ণ
@মাহফুজ,

এর কারণ আপনি শাস্ত্র থেকে বেরিয়ে এসেছেন বলে। এমন এক সময় আসবে যখন আপনি স্রষ্টা থেকেও বের হয়ে আসতে পারবেন। সেই অপেক্ষায় থাকবো এবং তখন আবার একটি নতুন জবানবন্দী পাবো।

স্রষ্টা থেকে বের হওয়ার চেয়ে শাস্ত্র থেকে বের হয়ে আসা সমাজের জন্য অনেক জরুরী এবং বিরাট প্রাপ্তি।

মাহফুজ এর জবাব:
আগস্ট ৫, ২০১০ at ১২:১০ পূর্বাহ্ণ
@ব্রাইট স্মাইল্,

স্রষ্টা থেকে বের হওয়ার চেয়ে শাস্ত্র থেকে বের হয়ে আসা সমাজের জন্য অনেক জরুরী এবং বিরাট প্রাপ্তি।

একথা ঠিক, কিন্তু কেউ যখন স্রষ্টায় আস্থা রাখে তখন তার মধ্যে নানা ধরনের প্রশ্ন জাগে। যেমন স্রষ্টা কি একলা, নাকি অনেক। স্রষ্টার বয়স কেমন, দেখতে কেমন, পুরুষ নাকি নারী, তার কাজ কি? তিনি কি সবকিছু নিয়ন্ত্রণ করেন ? স্রষ্টার সৃষ্টিকর্তাই বা কে? ইত্যাদি নানা কিসিমের প্রশ্ন এসে মনকে আরো বিভ্রান্তি করে তোলে। মানসিক পীড়ার সৃষ্টি করে। তার চেয়ে স্রষ্টার অস্তিত্বকেই অস্বীকার করা ভালো বলেই বোধ হয়।

28. 28

নামহীনা
আগস্ট ৫, ২০১০ সময়: ৮:২৭ অপরাহ্ণ লিঙ্ক

আপনার মত সংশয়বাদী মানুষের ব্যাপারে এটুকু বলতে পারি , আপনারা আস্তিক নাস্তিকের মাঝামাঝি অবস্থানে- অর্থাৎ না ঘরকা না ঘাটকা।
ইসলামে কোরানের বাণী নিয়ে সংশয়ের অর্থ মুসলমানের খাতা থেকে নাম কাটা যাওয়া। আর ঈশ্বরে অবিশ্বাসী না হবার জন্য নাস্তিক ও না।

আকাশ মালিক এর জবাব:
আগস্ট ৫, ২০১০ at ৯:৪৬ অপরাহ্ণ
@নামহীনা,

ইসলামে কোরানের বাণী নিয়ে সংশয়ের অর্থ মুসলমানের খাতা থেকে নাম কাটা যাওয়া।

কিন্তু এখানেই তো দেখলাম একজন ফতোয়া দিয়েছেন- আদিল মাহমুদ এখনও একজন মুসলমান। কার ফতোয়া বিশ্বাস করবো?

না ঘরকা না ঘাটকা।

এর ব্যাখ্যা কী?

29. 29

প্রদীপ দেব

আগস্ট ৬, ২০১০ সময়: ৪:১২ অপরাহ্ণ লিঙ্ক

আদিল ভাই, খুব খুব খুব ভালো লাগলো।

30. 30

ওয়াহিদা আফজা

আগস্ট ৮, ২০১০ সময়: ৬:৩১ পূর্বাহ্ণ লিঙ্ক

মন্তব্যসহ লেখাটি খুব ভালো লাগলো। বাংলাদেশের অনেকের অভিজ্ঞতাই আপনার সাথে মিলবে।

31. 31

Siyam e noor Hasan

মার্চ ১৯, ২০১৩ সময়: ৮:৫৯ অপরাহ্ণ লিঙ্ক

আসসালামুয়ালাইকুম ওয়া রহমাতুল্লাহ, লেখক, আপনার লেখা পরলাম, যদিও পুরো শেষ করতে পারলাম না সঙ্গত কারনেই। আপনার পুরো লিখাই জগাখিচুরি ছাড়া আরকিছুই মনে হল না। কমেন্টেও কোন মুসলমানের ভাই বা বোনের দেখা পেলাম না। যাই হোক , যদিও জানি কোন লাভ নেই বুঝিয়ে তারপরও কিছু বিষয় না বললেই নয়।
আপনি বলেছেন, ইসলামে নাকি সুদ ঘুষ ইত্যাদির কোন শাস্তি উল্লেখ নেই যাকিনা সম্পুরনই অবান্তর একটি কথা।
সূদের ক্ষেত্রে এর হার কম হোক বেশী হোক সবই সমান। সূদ প্রসঙ্গে ইসলামের অবস্থান অত্যন্ত কঠোর। এ ব্যাপারে আল্লাহ তা‘আলা বলেন, ‘হে মুমিনগণ! তোমরা আল্লাহকে ভয় করো এবং সূদে র যে অংশ বাকী আছে তা ছেড়ে দাও, যদি তোমরা প্রকৃত মুমিন হও। যদি তোমরা তা না করো তাহ ’লে আল্লাহ ও তাঁর রাসূল (ছাঃ)-এর পক্ষ হ’তে যুদ্ধের ঘোষণা শুনে রাখ (বাক্বারাহ ২/২৭৮-৭৯)। সূদের লেনদেন ও সূদের সাথে সংশ্রব রাখা প্রসঙ্গে প্রখ্যাত ছাহাবী আব্দুল্লাহ ইবনু মাস ‘ঊদ (রাঃ) বলেন, যারা সূদ খায়, সূদ দেয়, সূদের হিসাব লেখে এবং সূদের সাক্ষ্য দেয় , রাসূলুল্লাহ (ছাঃ) তাদের উপর লা ‘নত করেছেন এবং অপরাধের ক্ষেত্রে এরা সকলেই সমান’ (মুসলিম, মিশকাত হা/২৮০৭)। রাসূলুল্লাহ (ছাঃ) আরো বলেন, ‘সূদের (পাপের) সত্তুরটি স্তর রয়েছে। যার নিম্নতম স্ত র হ’ল মায়ের সাথে যেনা করার পাপ’ (ইবনু মাজাহ, হা/২২৭৪, সনদ ছহীহ; মিশকাত হা/২৮২৬)। আব্দুল্লাহ ইবনে হানযালা (রাঃ) বর্ণনা করেছেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘কোন ব্যক্তি যদি এক দিরহাম (রৌপ্যমুদ্রা) রিবা বা সূদ জ্ঞাতসারে গ্রহণ করে, তাতে তার পাপ ছত্রিশ বার ব্যভিচার করার চেয়েও অনেক বেশী হয়’ (আহমাদ, মিশকাত হা/২৮২৫, সনদ ছহীহ)।
আব্দুল্লাহ বিন মাস‘ঊদ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘সূদের দ্বারা সম্পদ যতই বৃদ্ধি পাক না কেন তার শেষ পরিণতি হ’ল নিঃস্বতা’ (ইবনু মাজাহ, মিশকাত হা/২৮২৭, সনদ ছহীহ)। উক্ত হাদীছ সমূহ থেকে স্পষ্টভাবে বুঝা যায় সূদ ইসলামে সম্পুর্ণরূপে হারাম এবং এর শেষ পরিণতি নিঃস্বতা। এভাবে সকল বিষয়ে ইসলাম এর বিধান রয়েছে। পবিত্র কোরআন এ সকল বিষয় সম্পর্কেই উল্লেখ রয়েছে। আপনি আবার বললেন কোরআন এর কথা গুলো নাকি এই যুগের উপযুক্ত না বরং হাস্যকর। নাউযুবিল্লাহ। জেনে রাখুন, কোরআন শুধু এই যুগেরই সমাধান নয় বরং কিয়ামত এর আগ পর্যন্ত আগত সকল যুগের সমাধান রয়েছে। এবার আপনি কুরআন পড়ে তার অর্থ বুঝতে না পারা সম্পর্কে বলি। ইবনে জাবির বলেছেন, “আমি কুরআন এর একটি মাত্র আয়াতের ১৩০০ অর্থ পেয়েছি।” আর আপনি একটি অর্থ বের করে তাকে ভুল পথে নিয়ে ভুল ব্যাখ্যা করলেন কমেন্টে।
পরিশেষে বলব আপনাদের মত লোকেদের জন্যই পরম করুনাময় আল্লাহ্ তায়ালা বলেছেন কোরআনে, “এই সেই কুরআন যা পড়ে কেউ আসবে সুপথে আর কেউ হবে পথভ্রষ্ট। ” আপনি ভেবে দেখুন আপনার কোনটা হয়েছে?
আপনাকে কুরআন নিয়ে আরও বিস্তর অনুসন্ধানের আহ্বান জানাই। আশাকরি অন্ধকার হতে পূর্বের আলোর পথে আবার ফিরে আসবেন। আল্লাহ্ হাফেয।

সমাপ্ত

http://www.nabojug.com/posts/alamgir/239

আমি কোন ধর্মটি চয়ন করব?

বুধ, 02/06/2013 - 22:13 তারিখে

লিখেছেন : আলমগীর হুসেন

আমি বয়সে তিরিশের মাঝামাঝি এবং একজন জীবন সাথীর খোঁজে প্রাণান্ত। এমতাবস্থায় ২০০৩ সালের মার্চ মাসে এক বন্ধু আমারই সমবয়সী এক মুসলিম মেয়ের সাথে পরিচয় করিয়ে দেয়। মেয়েটির পাকিস্তানী-ভারতীয় মুসলিম পিতামাতার ঘরে জন্ম এবং সে পশ্চিমা উদার পরিবেশে লালিত। সে ক্যানাডার ব্রাঞ্জুউইক বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (B.Sc.) ও ইংল্যান্ডের কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর (M.Sc.) ডিগ্রীধারী। এরপর সে একটা বিশ্ববিদ্যালয়ে ৭ বছর ধরে শিক্ষকতা ও পাশাপাশি পিএইচডি (Ph.D.) ডিগ্রীর উপর কাজ করছিল।

আমি বাংলাদেশের এক গ্রামে জন্মেছি ও রক্ষণশীল মুসলিম পরিবেশে বড় হয়েছি। কিন্তু ২০০১ সালের ১১ই সেপ্টেম্বরে আমেরিকার ওয়ার্ল্ড ট্রেইড সেন্টার-এর উপর ইসলামী জিহাদের নামে মুসলিম সন্ত্রাসীদের নির্মম আক্রমণের পর বিশ্বব্যাপী ইসলামের নামে আতংকের যে জোয়ার বইতে থাকে, তাতে ইসলামে আমার বিশ্বাস নড়বড়ে হয়ে উঠছিল। মেয়েটির সাথে পরিচয় হওয়ার সময় ইসলামের বিশ্বাসযোগ্যতা কিংবা ইসলাম ধর্ম হিসাবে গ্রহণযোগ্য কিনা সে বিষয়ে আমি কিছুটা সন্দিহান হয়ে উঠছিলাম। আমার বন্ধু ও তার নব্য ইসলাম-গ্রহণকারী জাপানী স্ত্রীর উপস্থিতিতে আমি যখন দ্বিতীয়বার মেয়েটির সাথে দেখা করি, তখন সে ইসলামে আমার বিশ্বাস সম্পর্কে জিজ্ঞেস করে বসে; কেননা ধর্ম তার জীবনে খুবই গুরুত্বপূর্ণ ছিল।

ঐ মুহূর্তে ইসলামে আমার বিশ্বাস যেহেতু গোলমেলে বা দুর্বল হয়ে পড়ছিল , আমি তাকে তার মনঃপুত জবাব দিতে পারলাম না , কেননা আমি তার সাথে সততা দেখাতে চেয়েছিলাম - বিশেষত আমি যখন আমার বাকী জীবনটা তার সাথেই কাটানোর কথা ভাবছিলাম। আমি বললামঃ মুসলিম, হিন্দু বা খৃষ্টান হওয়া আমার জন্য গুরুত্বপূর্ণ নয় , গুরুত্বপূর্ণ হলো একজন ভাল মানুষ হওয়া, মানবতাবাদী হওয়া। এ জবাব তার মনঃপুত হবার ধারে-কাছেও ছিল না। শেষ পর্যন্ত আমার বন্ধু ও মেয়েটি আমাকে যে প্রশ্নটি করল, তা হলোঃ *আমাকে যদি একটা ধর্ম পছন্দ করতেই হয়, তাহলে কোন ধর্মটি চয়ন করব?*

কিন্তু ইসলামসহ অন্যান্য ধর্মগ্রন্থ সম্পর্কে আমার যথেষ্ট পড়াশুনা না থাকায় আমি এবারও মেয়েটির মনঃপুত কোন সুস্পষ্ট জবাব দিতে পারলাম না।

এরপর আমি ইন্টারনেটের কয়েকটি আলোচনা মঞ্চে "*আমি কোন ধর্মটি চয়ন করব?*" প্রশ্নটি উপস্থাপন করি নানান ধর্মের বিশ্বাসীদের কাছ থেকে মতামত ও কারণ জানার জন্য, যাতে করে আমি আমার সম্ভাব্য জীবন-সাথীকে প্রশ্নটার একটা সুস্পষ্ট জবাব দিতে পারি। সহমর্মী কয়েকজন ইন্টারনেট বন্ধুর (মুসলিম, হিন্দু, খৃষ্টান) কাছ থেকে কিছু ভাবালু ধরনের জবাব পাই মাত্র। তারা আমাকে সুস্পষ্টভাবে যুক্তি দিতে পারে নিঃ *কেন আমি ইসলাম, হিন্দু বা খৃষ্টান ধর্ম গ্রহণ করব?*

আমি মেয়েটির সাথে আরেকবার দেখা করেছি এবং এক-দু'বার ফোনে কথা বলেছি। শেষ পর্যন্ত সে আমাদের যোগাযোগের সমাপ্তি টানল এই বলেঃ "*ধর্ম (ইসলাম) আমার জীবনে সবচেয়ে বড় জিনিস এবং আমি অনুরূপ জীবনদর্শনের একজন জীবনসাথী খুঁজছি।*"

যাহোক, "*আমি কোন ধর্মটি চয়ন করব?*" প্রশ্নটির জবাব আমি খুঁজতে থাকি। এরপর বেশ সময় পার হয়ে গেছে এবং ইতিমধ্যে আমি আব্রাহামীয় (ইসলাম, খৃষ্টান, ইহুদী) ও হিন্দু ধর্ম সম্পর্কে কিছুটা পড়াশুনা করেছি। সেই সাথে আমার জীবনে ও আশেপাশে ঘটা কিছু ঘটনার ভিত্তিতে আমি এখন মোটামুটি একটা স্পষ্ট সিদ্ধান্তে আসতে পেরেছি যে, আমাকে যদি একটা ধর্ম চয়ন করতেই হয়, সে ধর্মটি কী হবে!

কেন ধর্ম ও কোন ধর্ম?

কেন আমাদের একটা ধর্মের প্রয়োজন? এটা ব্যাখ্যা করার দরকার পড়ে না যে, কেউ একটা ধর্মকে আলিঙ্গন করে যাতে সেটা পালনের মাধ্যমে মৃত্যুপর অনন্ত জীবনে সুখ-শান্তি নিশ্চিত হয় - যেমন ইসলামের ক্ষেত্রে তার জন্য বেহেস্তের দ্বার খুলে যায়। একজন ধার্মিক মানুষের জন্য পার্থিব জীবন হলো এক স্বল্পস্থায়ী বিরতিমাত্র, যার গুরুত্ব খুবই নগণ্য। তার কাছে অসীম গুরুত্বপূর্ণ হলো মৃত্যু-পরবর্তী আগামী জীবন, যা অন্তহীন। কাজেই কোন ধর্মটি আমরা বেছে নিব তার জন্য এটা উপলব্ধি করা প্রয়োজন যে, সৃষ্টিকর্তা মাত্র একজন এবং তাঁর প্রদত্ত সত্যধর্ম মাত্র একটি বা কয়েকটি - যদিও মানবজাতির ইতিহাসে হাজার হাজার ধর্ম এসেছে এবং সেগুলোর বহু বিলীন হয়ে গিয়েছে। কাজেই আমাদেরকে যথার্থ চৌকস হতে হবে সত্যিকার ধর্মটি নির্ণয় করতে এবং সেটিই গ্রহণ করতে হবে। কেউ যদি এখানে ভুল করে বসে এবং ভ্রান্ত একটি ধর্ম চয়ন করে ফেলে, তাহলে তার সর্বনাশ। মৃত্যুপর অনন্তকাল ধরে প্রচণ্ড অগ্নিদাহনে জ্বলেপুড়ে মরা হবে তার নিয়তি।

কাজেই আমি ব্যক্তিগতভাবে কোন ধর্মটি পছন্দ করব সে বিষয়ে গভীর ও সূক্ষ্মভাবে চিন্তা করেছি এবং আমার মনে হয় আমি নির্ণয় করতে পেরেছি কোন ধর্মটি সত্য বা সর্বাধিক সত্য ও খাঁটি, যা আমি নীচে আলোচনা করব।

এ আলোচনায় আমি চারটি প্রধান ধর্মকে গুরুত্ব দিয়েছিঃ ইসলাম, ইহুদী, খৃষ্টান ও হিন্দু ধর্ম। মানব সভ্যতার ইতিহাসে হারিয়ে যাওয়া হাজার হাজার ধর্ম - যেমন হেলিনিক যুগের (Hellenic Age) জিউস, এ্যাপোলো প্রমুখ ইশ্বরের ধর্মগুলো , যা মৃত্যুর নির্মম শিকারে পরিণত হয়েছে, সেগুলোও এ আলোচনায় আসে নি। কেননা আমি মনে করি সর্বশক্তিমান ও মহাবিশ্বের সবকিছুর নিয়ন্তা প্রকৃত স্রষ্টার সত্যধর্ম এমন শোচনীয় মৃত্যুবরণ করতে পারে না। আমি আজকের যুগে বিদ্যমান অনেক ছোট ছোট ধর্মগুলোকেও আলোচনায় আনি নি; কেননা সর্বশক্তিমান ঈশ্বর যখন ধর্মের মাধ্যমে মানবজাতির কাছে নিজেকে প্রকাশ করতে এতটাই আগ্রহী এবং যার জন্য তিনি হাজার হাজার বছর চেষ্টা চালিয়েছেন ইতিমধ্যে, তাহলে আল্লাহর প্রকৃত ধর্ম পৃথিবীতে বিদ্যমান ছোট ছোট ধর্মগুলোর মধ্যে থাকার কথা নয়। এটা বিশেষত যুক্তিযুক্ত এ কারণে যে , মরণশীল মানুষ তার প্রচেষ্টা ও বুদ্ধি -বিবেচনা খাটিয়ে আজ জ্ঞান-বিজ্ঞান, উন্নতি ও সভ্যতার অত্যন্ত উচ্চ পর্যায়ে পৌঁছে গেছে, যেখানে আল্লাহর ধর্মীয় প্রচেষ্টা ব্যর্থ হয়ে ক্ষুদে ধর্মগুলোর মধ্যে ঘুরে মরতে পারে না। আর এটাও হতে পারে না যে, মানুষ আজ জ্ঞানগরিমার চ রম শীর্ষে পৌঁছে গেছে, অথচ স্রষ্টার আসল ধর্মটি নির্ণয় করতে ব্যর্থ হয়েছে। কাজেই ঈশ্বরের প্রকৃত ধর্মটি বা ধর্মগুলো অবশ্যই আজকের পৃথিবীতে বিদ্যমান বড় বড় ধর্মগুলোর মধ্যে থাকবে।

বৌদ্ধ ধর্ম আজ একটি প্রভাবশালী ধর্ম হলেও সেটা এ আলোচনায় আসে নি, কেননা তাতে কোন সৃষ্টিকর্তা বা পরকালে বেহেস্ত-দোজখের ধারণা নেই। প্রকৃতপক্ষে গৌতম বুদ্ধ কখনোই কোন ধর্ম প্রচার করেন নি। তিনি ছিলেন সমকালীন একজন ভাবুক চিন্তাবিদ , যিনি তার শিষ্যদের মাঝে আদর্শ জীবনযাপনের উপায় বা পথ কি হবে সেটা প্রচার করতেন। প্রায় সমকালীন প্রাচীন গ্রীসে সক্রেটিস, এ্যারিস্টোটল, লুক্রিটিয়াস, এপিকিউরাস প্রমুখ বড় বড় চিন্তাবিদও তাদের শিষ্যদের মাঝে অনুরূপভাবে জীবনদর্শন প্রচার করতেন। বুদ্ধবাদকে ধর্ম হিসাবে স্বীকৃতি দিলে সক্রেটিস , এ্যারিস্টোটল, লুক্রিটিয়াস, এপিকিউরাস প্রচারিত শিক্ষা এবং জীবনদর্শনও ধর্ম হিসাবে গণ্য হবে।

ইসলাম, খৃষ্টান ও ইহুদী ধর্ম একই প্রকৃতির?

মুসলিমরা দাবী করে যে, আল্লাহ নামক একই ঈশ্বর নূহ, মূসা, যীশু এবং সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ মুহাম্মদকে নবী হিসাবে পৃথিবীতে প্রেরণ করেছিলেন তার ধর্মকে মানবজাতির কাছে প্রচার করতে। তবে ইহুদী ও খৃষ্টানরা বিশ্বাস করে না যে, তাদের ঈশ্বরই মুহাম্মদকে নবী হিসাবে পাঠিয়েছিলেন। মুসলিমদের মত খৃষ্টানরা বিশ্বাস করে মুসা ও যীশুকে পাঠিয়েছিলেন একই স্রষ্টা, কিন্তু ইহুদীরা সেটা বিশ্বাস করে না। এরূপ বিশ্বাস করা না-করার মাঝে আমি ঘুরে ফিরেছি বহুদিন এবং ভেবেছিঃ একই ঈশ্বর যদি এসব নবীকে পাঠিয়ে থাকেন তাঁর নীতি ও শিক্ষা প্রচার করতে, তাহলে এ ধর্মগুলোর আচার-প্রকৃতি এতটা ভিন্ন কেন, যেমনটি আমরা দেখি এসব ধর্মের অনুসারীদের ভিন্ন ভিন্ন ধর্মীয় আচার -প্রথা পালনের মাঝে। বিগত দু'বছর ধরে আমি ধর্মগুলো সম্পর্কে বেশকিছু জ্ঞান অর্জন করেছি এবং আমি ব্যক্তিগত জী বনে এমন কিছু ঘটনার মুখামুখি হয়েছে - যার ভিত্তিতে আমি অনুধাবন পারি যে, এসব ধর্মকে বাহ্যিকভাবে ভিন্ন মনে হলেও মূল শিক্ষায় সেগুলোর মাঝে একত্ব বা সমরূপতা আছে। বাহ্যিক আচারের ভিন্নতাগুলো সম্ভবত শত শত বছর ধরে পরিবর্তন বা পথ-ভ্রষ্টতার কারণে সৃষ্টি হয়েছে। আমি এখানে কিছু দৃষ্টান্ত উপস্থাপন করব যা সূত্রহীন হতে পারে, কেননা আমি সেগুলো পারস্পারিক আলোচনার ভিত্তিতে জেনেছি; তবে আমার বিশ্বাস সেগুলো সত্যকে প্রতিফলিত করবে।

ব্যভিচারের জন্য পাথর ছুঁড়ে জ্যান্ত হত্যাঃ ইসলাম, খৃষ্টান ও ইহুদী ধর্মে একই প্রথা!

আধুনিক শিক্ষায় শিক্ষিত বেশীরভাগ মুসলিমরা তর্ক করে যে, ব্যভিচারের জন্য পাথর ছুঁড়ে জ্যান্ত হত্যার প্রথা ইসলামে নেই। তারা দাবী করেঃ "*ব্যভিচারের জন্য পাথর ছুঁড়ে হত্যার বিষয়ে কিছুই বলা হয় নি কোরানে।*" এটা সত্য যে ব্যভিচারের জন্য পাথর ছুঁড়ে হত্যার বিষয়ে কোরান কিছুই বলে নি, তবে জ্যান্ত ক্রুশবিদ্ধ করে হত্যা, হাত-পা বিপরীত দিক থেকে কেটে ফেলা ইত্যাদিকে স্বর্গীয়ভাবে অনুমোদিত শাস্তি হিসাবে উল্লেখ করেছে (কোরান ৫:৩৩)। অবৈধ যৌনকর্মের জন্য শাস্তির ব্যাপারে কোরান ২৪:২-৩ আয়াতে বলেঃ

"ব্যভিচার ও বিয়ে-পূর্ব যৌনকর্মে দোষী নারী ও পুরুষকে ১০০টি দোররা মেরে শাস্তি দাও... ব্যভিচার ও বিয়ে-পূর্ব যৌনকর্মে দোষী পুরুষ কেবল একই চরিত্রের বা একজন কাফের নারীকে বিয়ে করতে পারবে..."

এ আয়াতটির ভিত্তিতে শিক্ষিত মুসলিমরা দাবী করে যে, কোরানে ব্যভিচারের (বিয়ে-পূর্ব অবৈধ যৌনকর্মের) শাস্তি ১০০টি দোররা মারা, পাথর ছুঁড়ে হত্যা নয়। এখানে কয়েকটি বিষয় বিবেচ্যঃ

ক) সেসব শিক্ষিত মুসলিমদেরকে যদি জিজ্ঞেস করা হয়ঃ বিয়ে -পূর্ব যৌনকর্মের জন্য অবিবাহিত ছেলেমেয়েদেরকে ১০০টি দোররা মারা ঠিক কিনা, তারা তাতে না'সূচক উত্তর দিবে। তারাই দাবী করছে এটা আল্লাহর স্বর্গীয়ভাবে অনুমোদিত শাস্তি - অথচ সেটা কার্যকর করা যাবে না।

খ) আয়াতটিতে আপাতঃদৃষ্টিতে অবিবাহিত ছেলেমেয়েদের মাঝে এবং বিবাহিত নারী -পুরুষের মাঝে অবৈধ যৌনকর্মের জন্য একই শাস্তির রায় দিয়েছে আল্লাহ। কিন্তু সেসব শিক্ষিত মুসলিমদেরকে যদি জিজ্ঞেস করা হয়ঃ অবৈধ যৌনকর্মে দোষী অবিবাহিত ছেলেমেয়ে ও বিবাহিত নারী-পুরুষকে একই শাস্তি দেওয়া ন্যায় বা যুক্তিযুক্ত কিনা - তারা না'সূচক উত্তর দিবে। এখানেও সেই একই সমস্যাঃ তারা স্বীকার এবং দাবী করছে এটা আল্লাহ-অনুমোদিত শাস্তি, কিন্তু সঠিক না।

হারিয়ে যাওয়া ব্যভিচারের আয়াতঃ পৃথিবীর কোন জনগোষ্ঠীই ব্যভিচার ও অবিবাহিত ছেলেমেয়েদের মাঝে যৌনকর্মকে একই দৃষ্টিতে দেখে না , এবং উভয়কে একই শাস্তি দেওয়া অন্যায় মনে করবে। তার মানে দাঁড়ায় আল্লাহর চিন্তাধারা ভুল; স্বয়ং শিক্ষিত মুসলিমরাও সেটাই বলছে। তবে আল্লাহ কিভাবে ভুল করতে পারেন? ভুল করতে পারে কেবল মানুষ। ইসলামের ক্ষেত্রেও ঠিক তাই হয়েছে। উপরে উল্লেখিত ২৪:২-৩ আয়াতে আল্লাহ সম্ভবত কেবল অবিবাহিতদের মাঝে যৌনকর্মের কথা বলেছেন। বিবাহিতদের মাঝে ব্যভিচারের কথা বললে তাদের বিয়ের কথা আসবে কেন! ইসলামী সূত্র থেকে আমরা জানতে পাই, আল্লাহ আসলে ব্যভিচারের বিষয়ে আলাদা একটা আয়াত (আর-রাজম) নাজিল করেছিলেন, কিন্তু সেটা হারিয়ে যায়। সহি হাদীস সংগ্রহকারী ইসলামী পণ্ডিত ইবনে মাযা জানানঃ আল-আহযাব সুরাটি (সুরা ৩৩) চামড়ার পাতায় লিখে মহানবী তা প্রিয়তম স্ত্রী আয়শার কাছে রেখেছিলেন। মহানবীর মৃত্যুর পর আয়শা তার মৃতদেহের সাথে কবরস্থানে যান, এবং ফিরে এসে দেখেন চামড়া পাতাগুলোর একটি ছাগলে খেয়ে ফেলেছে, যার অন্তর্ভুক্ত ছিল আর-রজমের (পাথর ছুঁড়ে হত্যার) আয়াতটি। এ সম্পর্কে মহানবীর প্রথম জীবনীতে ইবনে ইসহাক লিখেছেনঃ

"আল্লাহ মুহাম্মদকে প্রেরণ করেন এবং তার মাধ্যমে ধর্মীয় বাণী পাঠান , যার মাঝে ছিল আর-রজমের বা পাথর ছুঁড়ে হত্যার আয়াত। উমর বলেনঃ "আমরা সেটা পড়েছি, আমাদেরকে সেটা শিখানো হয়েছিল এবং আমরা সে নির্দেশ মেনে চলেছি। মহানবী পাথর ছুঁড়ে মেরেছেন; তার (মৃত্যুর) পরে আমরা পাথর ছুঁড়ে মেরেছি। "

সহি হাদীস সংগ্রহকারক আবু মুসলিমও পাথর -ছুঁড়ে হত্যার আয়াতের কথা বলেছেনঃ

উমর জানানঃ "আল্লাহ মহানবীর কাছে আসমানী কিতাব (কোরান) প্রেরণ করেন এবং সে কিতাবে পাথর ছুঁড়ে হত্যার আয়াত ছিল। " উমর আরও জানানঃ "বিবাহিত নারী- পুরুষরা ব্যভিচারে লিপ্ত হলে এবং তা সাক্ষ্য-প্রমাণে কিংবা গর্ভধারণ বা স্বীকারোক্তি দ্বারা সঠিক প্রতিপন্ন হলে, তাদেরকে পাথর ছুঁড়ে হত্যা আল্লাহর কিতাবে নির্ধারিত দায়িত্ব। " (সহি মুসলিম ১৭:৪১৯৪)

তাহলে আমরা দেখছি, বিবাহিত ও অবিবাহিতদের মাঝে অবৈধ যৌনকর্মের শাস্তি যেহেতু এক হতে পারে না - যা মুসলিমরাও স্বীকার করবে - সে বিবেচনা বা যুক্তির সাথে সঙ্গতি রেখে আল্লাহ ব্যভিচারের ক্ষেত্রে আলাদা আয়াত নাজিল করেছিলেন, যার প্রমাণ আসছে ইসলামের বিভিন্ন সূত্র থেকে। এবং নবী মুহাম্মদের সময় থেকে ইসলামী সমাজে তা প্রয়োগ হয়ে এসেছে। এ সম্পর্কে আমরা আরো প্রমাণ পাই মহানবী কিভাবে ব্যভিচারীদেরকে শাস্তি দিতেন সেসব দৃষ্টান্ত থেকে। আসুন নজর দিই নিম্নোক্ত সহি হাদীসগুলোর দিকেঃ

সহি বুখারী ৪:৫৬:৮২৯:

আব্দুল্লাহ ইবনে উমর জানানঃ "ইহুদীরা মহানবীর কাছে এসে বলে তাদের গোত্রের এক মহিলা ও পুরুষ অবৈধ যৌনকর্মে লিপ্ত হয়েছে। আল্লাহর নবী তাদেরকে বললেনঃ 'তোমরা তাউরাতে পাথর ছুঁড়ে হত্যার আয়াত পাওনি?' তারা উত্তর দেয়ঃ 'আমরা তাদের অপকর্ম প্রচার করি এবং দোররা মারি।' আব্দুল্লাহ বিন সালাম জানানঃ '(নবী বললেন) তোমরা মিথ্যা বলছ; তাউরাতে পাথর ছুঁড়ে হত্যার আয়াত আছে।' তারা তাউরাত আনল এবং তাদের একজন পাথর ছুঁড়ে হত্যার আয়াতটি হাত দিয়ে আড়াল করে আগের ও পরের আয়াতগুলো পড়তে লাগল। আব্দুল্লাহ বিন সালাম জানানঃ '(নবী বললেন) তোমার হাত সরাও।' যখন সে হাত সরালো পাথর ছুঁড়ে হত্যার আয়াতটি বেরিয়ে এল। তখন তারা বললঃ 'মুহাম্মদ সত্য কথা বলেছেন; তাউরাতে পাথর ছুঁড়ে হত্যার আয়াত আছে।' নবী তখন দোষী দু'জনকে পাথর ছুঁড়ে হত্যার নির্দেশ দিলেন। (আব্দুল্লাহ ইবনে উমর জানানঃ 'আমি দেখলাম পুরুষটি মহিলাটিকে নিজের শরীর দিয়ে আড়াল করছে নিক্ষিপ্ত পাথর থেকে রক্ষা করতে।')

সহি মুসলিম ১৭:৪২০৭:

ইমরান বিন হুসেন জানান যে, জুহাইনা গোত্রের এক মহিলা নবীর কাছে আসে এবং সে অন্তঃসত্ত্বা হয়ে পড়েছিল। সে বললঃ আল্লাহর রসুল, আমি অপকর্ম করেছি যার জন্য আমার

শাস্তি হওয়া দরকার এবং আমাকে শাস্তি দিন। আল্লাহর নবী মহিলার মালিককে ডেকে বললেনঃ তাকে ভালমত দেখাশুনা কর এবং বাচ্চা জন্ম দেওয়ার পর তাকে আমার কাছে নিয়ে এসো। সে কথা মত কাজ করল। তারপর আল্লাহর নবী মহিলার জন্য প্রাপ্য শাস্তি ঘোষণা করলেন। এবং কাপড় দিয়ে তাকে বেঁধে নবী নির্দেশ দিলেন ও তাকে পাথর ছুঁড়ে মেরে ফেলা হল।

সহি বুখারী ৪:৫৬:৮২৯:

আবু হুরাইরা জানানঃ বনি আসলামের এক ব্যক্তি নবীর মসজিদে এসে নবীকে বললেনঃ 'হে আল্লাহর রসুল! আমি অবৈধ যৌনকর্মে লিপ্ত হয়েছি।' এ কথা শুনে নবী অন্য দিকে মুখ ফিরালেন। এরপর লোকটি নবীর দিকে ফিরে আবারও একই কথার পুনরাবৃত্তি করল। নবী আবারও অন্য দিকে মুখ ফিরালেন। লোকটি নবীর দিকে আবারও মুখ ফিরিয়ে এভাবে চতুর্থবারের মত একই কথার পুনরাবৃত্তি করল। চতুর্থবারের পর নবী তাকে বললঃ 'তুমি কি পাগল হয়ে গেছ?' সে জবাব দিলঃ 'না'। নবী তখন তার সাহাবীদেরকে নির্দেশ দিলেনঃ 'যাও, ওকে পাথর ছুঁড়ে মেরে ফেল।' লোকটি বিবাহিত ছিল। জাবির বিন আব্দুল্লাহ আল- আনসারী জানানঃ 'আমি পাথর নিক্ষেপকারীদের একজন ছিলাম। আমরা তাকে মদীনার মুসাল্লাতে (ঈদের নামাজের জায়গা) পাথর ছুঁড়ে হত্যা করি। আমরা তার উপর ধারালো কোণাওয়ালা পাথর ছুঁড়তে থাকলে সে পালাতে চেষ্টা করে , কিন্তু আমরা তাকে আল'হাররাতে ধরে ফেলি এবং পাথর ছুঁড়তে থাকি সে মরে যাওয়া পর্যন্ত।'

সহি মুসলিম ১৭:৪২০৯:

আবু হুরাইরা ও জায়েদ বিন খালিদ আল -জুহানি জানানঃ তারপর আল্লাহর রসুল বললেনঃ 'বল।' সে বললঃ 'আমার ছেলে ঐ ব্যক্তির বাড়িতে চাকর ছিল এবং তার স্ত্রীর সাথে ব্যভিচারে লিপ্ত হয়েছে। আমাকে জানানো হয়েছে যে, (ইসলাম মতে) পাথর ছুঁড়ে হত্যা তার প্রাপ্য শাস্তি। এ অপরাধের বিনিময় হিসাবে আমি ১০০টি ছাগল ও একজন দাসী দিয়েছি। তা এ অপরাধের জন্য যথেষ্ট কিনা জানতে চাইলে ধর্মপণ্ডিতরা আমাকে বলেন যে, আমার ছেলেকে ১০০ দোররা মারতে হবে এবং এক বছরের জন্য নির্বাসনে যেতে হবে। এবং ঐ মহিলাকে পাথর ছুঁড়ে মেরে ফেলতে হবে (যেহেতু সে বিবাহিতা)।' এরপর আল্লাহর নবী বললেনঃ 'যাঁর হাতে আমার জীবন তাঁর নামে শপথ করে বলছি, আমি এ ব্যাপারে আল্লাহর কিতাবের ভিত্তিতে রায় দিব। ঐ দাসী ও ছাগলগুলো ফেরত নিতে হবে, এবং তোমার ছেলেকে ১০০ দোররা মেরে ও এক বছরের জন্য নির্বাসনে পাঠিয়ে শাস্তি দিতে হবে। এবং ও

অনাইস! সকালে ঐ মহিলার কাছে যাবে এবং সে স্বীকারোক্তি করলে তাকে পাথর ছুঁড়ে মেরে ফেলবে।' সে সকালে মহিলার কাছে গেল এবং সে স্বীকারোক্তি দিল। এরপর আল্লাহর নবী শাস্তি ঘোষণা করলেন এবং তাকে পাথর ছুঁড়ে মেরে ফেলা হল।

সহি বুখারী ৪:৫৬:৮২৯:

ইবনে আব্বাস জানান যে, আল্লাহর নবী মাই'জ বিন মালিককে বললেনঃ 'তোমার সম্পর্কে যা আমার কানে এসেছে তা কি সত্য?' সে বললঃ 'আমার সম্পর্কে আপনি কি শুনেছেন?' নবী বললেনঃ 'আমি শুনলাম তুমি ওমুকের ক্রীতদাসীর সাথে ব্যভিচারে লিপ্ত হয়েছো ।' সে বললঃ 'হ্যাঁ'। সে চারবার সেটা স্বীকার করল। নবী তখন তার জন্য শাস্তি ঘোষণা করলেন এবং তাকে পাথর ছুঁড়ে মেরে ফেলা হল।

সুতরাং আমরা দেখছি কম করে হলেও চার -চারটি ভিন্ন ঘটনায় নবী মুহাম্মদ ব্যভিচারের অপরাধে পাথর ছুঁড়ে হত্যার নির্দেশ দিয়েছিলেন এবং নবীর সময় থেকে বর্তমানকাল পর্যন্ত মুসলিম বিশ্বের কোন-না-কোন দেশে তা বহাল থেকেছে। অবৈধ যৌনকর্মের জন্য পাথর ছুঁড়ে হত্যার সুস্পষ্ট বিধান আমরা দেখি ইহুদী ধর্মীয় অনুশাসনে। তাউরাতের নিম্নোক্ত বাণীগুলোতে পাথর ছুঁড়ে হত্যা শাস্তি হিসাবে নির্ধারিত হয়েছেঃ

"যদি কোন পুরুষকে এক মহিলার সাথে শুতে দেখা যায় , যে অন্য স্বামীর সাথে বিবাহ-বন্ধনে আবদ্ধ..., তাহলে তোমরা তাদের দু'জনকে শহরের মুক্তাঙ্গনে আনবে এবং তাদেরকে পাথর ছুঁড়ে মেরে ফেলবে..." (ডিউটেরোনোমি ২২:২২-২৪)

তাউরাতের লেবিটিকাস ২০:১০ আয়াতেও ব্যভিচারের জন্য একই শাস্তির বিধান পুনরাবৃত্ত হয়েছে। যদিও ইহুদী সমাজে এ বর্বর শাস্তির সূচনা হয়েছিল বা কার্যকর হয়ে আসছিল , নবী মুহাম্মদের সময়ে (এমনকি যীশু খৃষ্টের সময়েই) ইহুদীরাও এমন বর্বরতা বর্জন করছিল, যার প্রমাণ আমরা দেখি উপরোক্ত এক হাদীসে (সহি বুখারী ৪:৫৬:৮২৯)। অবৈধ যৌনকর্মের জন্য পাথর ছুঁড়ে হত্যার দৃষ্টান্ত সাধারণত পৌত্তলিক সমাজে দেখা যায় নি। বিশেষত মুহাম্মদের সময়কালীন আরব পৌত্তলিক সমাজ অত্যন্ত উদার ছিল যৌন আচরণের বিষয়ে। ইসলাম-পূর্ব আরব সমাজে যৌনকর্মের জন্য পাথর ছুঁড়ে হত্যার ইতিহাস নেই।

কাজেই ইসলামের আগমনের পর যৌন-অপকর্মের জন্য পাথর ছুঁড়ে হত্যা কিভাবে মুসলি ম সমাজে ঢুকে পড়তে পারে এবং আজ পর্যন্ত বলবৎ থাকে ?

নবী মুহাম্মদ কর্তৃক পাথর ছুঁড়ে হত্যার যেসব দৃষ্টান্ত আমরা দেখেছি , সেখান থেকেই যে ইসলামী সমাজে এ বর্বর শাস্তির সূচনা , সে ব্যাপারে সন্দেহ প্রকাশের কোন অবকাশ থাকে না। আর এটাও অসম্ভব যে, আল্লাহর নির্দেশ ছাড়া মহানবী এমন একটা শাস্তি কার্যকর করবেন - বিশেষত তিনি যখন অবিবাহিত ছেলেমেয়েদের মাঝে যৌনকর্মের জন্য শাস্তি ১০০ দোররা মারা কার্যকর করেছিলেন আল্লাহর অনুমোদন অনুসারে (সুরা ২৪:২-৩)। কাজেই এ ব্যাপারে সন্দেহের কোন অবকাশ থাকে না যে, আল্লাহ আসলেই ব্যভিচারের জন্য আর-রজম বা পাথর ছুঁড়ে হত্যার আয়াত নাজিল করেছিলেন , যার দলিল ঘটনাক্রমে হারিয়ে যায় সম্ভবত ছাগলে খেয়ে ফেলার কারণে। খলীফা উসমানের আমলে যেহেতু কোরান সংকলিত করা হয়েছিল আল্লাহর আয়াতের বিদ্যমান দলিলের ভিত্তিতে, কাজেই আর-রজমের আয়াতটির দলিল ছাগলে খেয়ে ফেলার কারণে কোরানে সংকলিত হতে পারে নি। কিন্তু কোরানই যেহেতু বহু আয়াতে মুসলিমদেরকে বলেছে , "আমাকে ও আমার রসুলকে অনুসরণ কর " (কোরান ৩:৩২; ৪:১৩,৫৯,৬৯; ৫:৯২; ৮:১,২০,৪৬...) - সে সূত্রে নবীর দৃষ্টান্তের অনুকরণে ব্যভিচারের শাস্তি পাথর ছুঁড়ে হত্যা ইসলামী সমাজে বলবৎ রয়ে গেছে । অন্য কথায়ঃ ইসলামে ব্যভিচারের শাস্তি পাথর ছুঁড়ে হত্যা নিঃসন্দেহে স্বর্গীয়ভাবে নির্ধারিত।

আজও সৌদি আরব, ইরান, সুদান ও তালেবানাধীন আফগানিস্তানে ইসলামবাদী ব্যভিচারের শাস্তি পাথর ছুঁড়ে হত্যা। পশ্চিমা উপনিবেশিক শাসন মুসলিম বিশ্বে এলে পাথর ছুঁড়ে হত্যার মত বর্বর শাস্তি দমন করা হয়। পশ্চিমা উপনিবেশিক শাসন পরবর্তী অনেক মুসলিম রাষ্ট্র ধর্মনিরপেক্ষ আইন গ্রহণ করে এবং পাথর ছুঁড়ে হত্যার মত বর্বর শাস্তি বর্জিত হয়। তথাপি এরূপ কোন কোন রাষ্ট্রে ইসলামী পণ্ডিত ও মোল্লা-মাওলানারা অনেক ক্ষেত্রে ব্যভিচারে দোষীদেরকে পাথর ছুঁ ড়ে হত্যা স্থানীয়ভাবে কার্যকর করে। তুর্কি, নাইজেরিয়া ও পাকিস্তান থেকে পাথর ছুঁড়ে হত্যার খবর এসেছে সম্প্রতিকালে।

২০০৪ সালে ঝিলা ইযাদি নামের ১৩ বছরের এক ইরানি মেয়ে তার ১৫ বছর বয়স্ক ভাইয়ের দ্বারা অন্তঃসত্ত্বা হয়ে পড়লে তাকে পাথর ছুঁড়ে হত্যার রায় দে ওয়া হয়। আরেক ঘটনায় ফাতিমা নামের ৩৩ বছরের এক মহিলা তার মেয়েকে স্বামী-কর্তৃক (অর্থাৎ বাপ-কর্তৃক) ধর্ষণ থেকে রক্ষা করতে গিয়ে স্বামীকে মেরে ফেলে এবং সে দায়ে ফাতিমাকে পাথর ছুঁড়ে হত্যার রায় দেওয়া হয়। আন্তর্জাতিকভাবে প্রচারকৃত আরেক ঘটনায় নাইজেরিয়ায় আ মিনা লাওয়াল নামের ৩৫ বছরের এক মহিলাকে ২০০২ সালের মার্চ মাসে পাথর ছুঁড়ে হত্যার শাস্তি ঘোষণা করা হয়। তার দোষঃ ইয়াহিয়া মুহাম্মদ নামক এক প্রতিবেশী বিয়ের প্রতিশ্রুতিতে আমিনার সাথে যৌন-সম্পর্ক গড়ে তুলে, যার ফলে সে অন্তঃসত্ত্বা হয়ে পড়েছিল। এ ঘটনায় মানবাধিকার

সংগঠনগুলো আন্তর্জাতিকভাবে ব্যাপক প্রচারণা চালায়; ৩০ মিলিয়ন লোক তার জীবন রক্ষার জন্য নাইজেরিয়ার সরকারের উদ্দেশ্যে আবেদনপত্রে স্বাক্ষর করে। এ আন্তর্জাতিক চাপের মুখে নাইজেরিয়ার সরকার আমিনা লাওয়ালের জীবন বাঁচাতে বাধ্য হয়।

২০০২ সালে পাকিস্তানে জাফরান বিবি নামের এক মহিলা তার স্বামীর ভাই কর্তৃক ধর্ষিত হওয়ার অভিযোগ করতে পুলিশ কার্যালয়ে গেলে তাকে গ্রেফতার করা হয় এবং তার জন্য পাথর ছুঁড়ে হত্যার শাস্তি ঘোষণা করা হয়। এ ব্যাপারে আন্তর্জাতিকভাবে ব্যাপক প্রচারণা চালানো হলে চাপের মুখে প্রেসিডেন্ট পারভেজ মুশা ররফ তার জীবন বাঁচাতে হস্তক্ষেপে বাধ্য হয়। ইসলামের পুণ্যভূমি সৌদি আরবে ব্যভিচার ও অবৈধ যৌনকর্মের জন্য পাথর ছুঁড়ে হত্যা নিত্যকার ঘটনা, কিন্তু গণমাধ্যমের কঠোর নিয়ন্ত্রণের কারণে সে সব ঘটনা প্রচার পায় না।

ব্যভিচারের দোষে পাথর-ছুঁড়ে হত্যা ইহুদী ধর্মের পাশাপাশি ইসলাম ধর্মেও যে বৈধ সে ব্যাপারে এখন আর কারো সন্দেহ থাকার কথা নয়। এবার দেখা যাক খৃষ্টান ধর্ম কি বলে ব্যভিচারের শাস্তির বিষয়ে। এটা মনে রাখতে হবে যে, খৃষ্টানরা বিশ্বাস করেঃ ইহুদী ধর্ম তাদেরই ঈশ্বর দ্বারা প্রেরিত হয়েছিল। তার মানে দাঁড়ায়ঃ ব্যভিচারের জন্য পাথর ছুঁড়ে হত্যার শাস্তি, যা ইহুদী ধর্মীয় বাণীতে নির্ধারিত হয়েছে, তা আপনাআপনিই খৃষ্টান ধর্মে বৈধ হয়ে যায়। তদুপরি যীশু নিজে বলেছেনঃ "মনে কোরো না যে, আমি তাউরাতের আইন নির্মূল করতে এসেছি; আমি সেগুলো নির্মূল করতে আসি নি, এসেছি সেগুলো কার্যকর করতে..." (ম্যাথিউ ৫:১৭)।

কিন্তু অস্ট্রেলীয় এক ক্যাথলিক খৃষ্টান বান্ধবী ও সহকর্মীর সাথে আলাপে সে আমাকে খৃষ্টীয় ধর্মগ্রন্থে (New Testament) বর্ণিত এক অনুরূপ কাহিনীর কথা জানায়ঃ *ইহুদীরা ব্যভিচারে লিপ্ত হওয়াকালে এক মহিলাকে ধরে যীশুর কাছে আনে তার জন্য শাস্তির রায় ঘোষণা করতে (মজার ব্যাপার হল পুরুষটিকে আনা হয় নি শাস্তি দেওয়ার জন্য)। তারা যীশুকে বলেঃ মুসা নবী তাদেরকে বলেছেন ব্যভিচারে অভিযুক্তদেরকে পাথর ছুঁড়ে হত্যা করতে; তোমার কি বিধান এ মহিলার জন্য। যীশু কিছুক্ষণ চুপ থাকার পর বললেনঃ "তোমাদের মধ্যে যারা নিষ্পাপ তারা প্রথম পাথর ছুঁড়বে।" সমেবেতদের মাঝে কেউ নিষ্পাপ ছিল না বলে সবাই একে একে কেটে পড়ল। মহিলাটি বেঁচে গেল। (দেখুন জন ৮:৩-১১)*

এ ঘটনাকে আজকের খৃষ্টানরা দু'মুখোভাবে ব্যবহার করছে। একদিকে তারা কৃতিত্ব নেয় যে, এ চাতুরতার মাধ্যমে যীশু ব্যভিচারে অভিযুক্ত মহিলাটির জীবন রক্ষা করলেন। অন্য কথায়ঃ খৃষ্টধর্ম ব্যভিচারের জন্য পাথর-ছুঁড়ে হত্যার বিধান দেয় না। তাদের এরূপ দাবী বা

ব্যাখ্যা যীশুর নিজেরই দাবীর বিরুদ্ধে চলে যায়, যে তিনি তাউরাতের কোন আইনই বিলুপ্ত করতে আসেন নি। অন্যদিকে যীশু, যাঁকে খৃষ্টানরা স্বয়ং ঈশ্বর বা ঈশ্বরের পুত্র মনে করে, তিনি স্পষ্টতই এ ঘটনায় ব্যভিচারের জন্য পাথর-ছুঁড়ে হত্যাকে ন্যায্য শাস্তি হিসাবে রায় দিয়েছেন। কিন্তু দুর্ভাগ্য যে সমেবেতদের মাঝে নিষ্পাপ কেউ ছিল না; যার ফলে মহিলাটির উপর ন্যায্য শাস্তি কার্যকর করা সম্ভব হল না এবং বর্বর পন্থায় হত্যা থেকে রেহাই পেয়ে গেল মহিলাটি। তার মানে এটা নয় যে, অনুরূপ অন্য ঘটনায় উপস্থিতদের মাঝে নিষ্পাপ লোক থাকবে না এবং একই দোষে দোষী ব্যক্তি পাথর ছুঁড়ে হত্যার মত বর্বর পন্থায় হত্যার শিকার হবে। সুতরাং যীশুর এরূপ বিধানে কোন ন্যায়-পরায়ণতা নেই। কেননা একই শাস্তির জন্য কেউ বেকসুর খালাস পেয়ে যাচ্ছে, আবার কেউ নির্মমভাবে মৃত্যুবরণ করছে। এটাও বিবেচনা করতে হবে যে, যীশু কেবল নিষ্পাপ ব্যক্তিদেরকে পাথর ছুঁড়ে মারার রায় দিচ্ছেন। সেকি পুণ্যবান ধর্ম, যা নিষ্পাপদেরকে রায় দেয় এমন বর্বরভাবে কোন দোষীকে হত্যা করতে! সে কি পুণ্যবান কর্ম।

সেখানেই এ আলোচনার সমাপ্তি নয়। যীশু উক্ত মহিলাকে নিষ্পাপ ঘোষণা করে ছেড়ে দিলেনঃ "*এবং যীশু তাকে বললেনঃ আমিও তোমাকে দোষী সাব্যস্ত করি না; চলে যাও এবং আর পাপ কোরো না*" (জন ৮:১১)। অথচ অন্যত্র খৃষ্টীয় ধর্মীয় বাণী বলছে যে, তাদের ঈশ্বর ব্যভিচারকারী, বিবাহপূর্ব যৌনকর্মকারী, আমোদ-প্রমোদকারী, ধর্মত্যাগী ও পৌত্তলিকদেরকে দোজখের আগুনে ছুঁড়ে ফেলবেন (গ্যালাশিয়ানস ৫:১৯-২১)। খৃষ্ট ধর্মবাণী অন্যত্র আবারো বলেছে যে, ব্যভিচারী ও অবিবাহিত যৌনকর্মকারীদেরকে কঠোর যন্ত্রণাময় শাস্তি দেওয়া হবে, যদি না তারা অনুশোচনা প্রকাশ করে (রেভেলেশন ২:২০-২২) এবং এরূপ যৌনকর্মে জন্ম-নেওয়া সন্তানকে হত্যা করা হবে (রেভেলেশন ২:২৩)। সে কি আত্মবিতর্ক! একদিকে যীশু ব্যাভচারীকে নিষ্পাপ ঘোষণা দিয়ে ছেড়ে দিচ্ছেন, অন্যদিকে বলছেন তাদেরকে বর্বরোচিত শাস্তি দেওয়া হবে। শুধু তাই নয়। প্রকৃত দোষীরা একটু অনুশোচনা প্রকাশ করলেই ঈশ্বর তাদেরকে সব শাস্তি থেকে মুক্তি দেবে, অথচ তাদের অপকর্মে জাত সন্তানকে - যার কোনই দোষ নেই - তাকে তিনি হত্যা করবেন। সে কি ঈশ্বরীয় বর্বরতা; ঈশ্বরের অসুস্থ মানসিকতা! এ আলোচনার ভিত্তিতে আমরা এ সিদ্ধান্তে পৌঁছাতে পারি যে, আজ বিশ্বে, প্রধানত পাশ্চাত্যে যে হাজার হাজার শিশু বিয়ে-বহির্ভুত যৌনসম্পর্কের ফসলরূপে জন্ম নিচ্ছে, তাদের সবাইকে খৃষ্টধর্ম নিঃশর্ত হত্যার রায় দিয়েছে।

এ পর্যালোচনা এটা সুস্পষ্ট করে তোলে যে , ব্যভিচারের জন্য ইহুদী, খৃষ্ট ও ইসলাম ধর্ম একই শাস্তির, অর্থাৎ পাথর ছুঁড়ে হত্যার রায় দিয়েছে। অর্থাৎ মৌলিক অর্থে ব্যভিচারের শাস্তির বিষয়ে তিনটি ধর্মই একই কাতারে সামিল হয়।

ধর্মঃ হত্যা ও ধ্বংসের প্রতিষ্ঠান

আমি সম্প্রতি "ডিস্কভারি ট্রাভেল এ্যাডভেঞ্চার" টেলিভিশন চ্যালেনে একটা অনুষ্ঠান দেখছিলাম, যাতে প্রাথমিক পর্যায়ে খৃষ্টান ধর্মের প্রসা রের কাহিনী দেখানো হচ্ছিল। এটা সর্বজনবীদিত যে, যীশু তার ধর্মপ্রচার অভিযানে কোন সহিংতার আশ্রয় নেন নি। কিন্তু তাঁর পরবর্তী অনুসারীরা খৃষ্টধর্মের প্রসারে সহিংসতা থেকে বিরত থাকে নি ; ইহুদী ও পৌত্তলিকরা খৃষ্টানদের হাতে নির্মম বর্বরতার শিকার হয়েছিল। প্রোগ্রামটি মুতাবেক, চতুর্থ শতাব্দীর শুরুতে রোম সম্রাট কন্সট্যান্টিন দ্যা গ্রেট খৃষ্টধর্ম গ্রহণের পরপরই খৃষ্টানরা ইহুদীদের উপর নির্যাতন, তাদেরকে হত্যা ও তাদের ধর্মপ্রতিষ্ঠান ধ্বংস করা শুরু করে দেয় (উল্লেখ্য পৌত্তলিকদের উপর অত্যাচার আরও নিষ্ঠুর ছিল)। এ প্রসংগে মাইকল হার্ট তার "The 100" গ্রন্থে লিখেছেনঃ "...*সম্রাট কন্সট্যান্টিনের রাজত্ব ইউরোপে রাষ্ট্রীয়ভাবে ইহুদীদের উপর নির্যাতন-নিপীড়নের সূচনা করে, যা বহু শতাব্দী ধরে চলতে থাকে।*" এমনকি সেইন্ট পল, যিনি যীশুর পর খৃষ্টধর্মের অগ্রপুরুষ এবং খৃষ্টধর্মকে শক্ত পায়ের উপর দাঁড় করাতে যার ছিল অসামান্য ভূমিকা, তিনি নিজেই একজন সহিংস লোক ছিলেন খৃষ্টধর্ম গ্রহণের পূর্বে , এবং তার সহিংসতার শিকার হয়েছিল খৃষ্টানরাও। শক্ত পায়ে দাঁড়াতে না দাঁড়াতেই খৃষ্টানরা ইহুদী - পৌত্তলিকদের উপর অত্যাচার-নির্যাতনের যে সূচনা করেছিল তা চলে যায় উত্তর ও দক্ষিণ আমেরিকা থেকে ভারতের গোয়া পর্যন্ত। বিশেষত ইউরোপের ইহুদীদের উপর সে অত্যাচারের পরিণাম আমরা দেখি বিংশ শতাব্দীতে দ্বিতীয় বিশ্বযুদ্ধের 'হলোকস্ট'-এ, যার ফলশ্রুতিতে হিটলারের নাৎসী বাহিনীর হাতে ইউরোপে বসবাসকারী ১২ মিলিয়ন ইহুদীদের প্রায় ৬ মিলিয়ন মৃত্যুর শিকার হয়। ইউরোপ থেকে ইহুদী নির্মূলকরণের এ অভিযান উদ্দীপিত হয়েছিল খৃষ্টীয় প্রটেস্টান্ট রিফর্মেশনের অগ্রপুরুষ মার্টিন লুথারের শিক্ষা ও প্রচারণা দ্বারা , যা ছিল অত্যন্ত ইহুদী বিদ্বেষী।

হিটলার জার্মানদেরকে তার ইহুদী নিধন অভিযানে উদ্দীপিত করতে খৃষ্টধর্মকে প্রধান হাতিয়ার হিসাবে ব্যবহার করেছিলো। হিটলারের সেনারা তাদের দখলদার যুদ্ধে যেতো "*ঈশ্বর আমাদের পাশে আছেন*" এমন গান গাইতে গাইতে। হিটলার ও তার উচ্চপদস্থ নাৎসী সহকর্মীরা খৃষ্টধর্মকে সরাসরি ব্যবহার করেছিল তাদের দখলদার ও ইহুদী নিধন অভিযানে জনমত গড়ে

তুলতে। যেমন ইহুদীদের বিরুদ্ধে জনমত গড়ে তুলতে ১২ই এপ্রিল ১৯২২ সালে হিটলার মিউনিকে এক বক্তব্যে বলেঃ

"একজন খৃষ্টান হিসাবে আমার মন বলে আমি আমার ঈশ্বর ও রক্ষাকারীর একজন যোদ্ধা। এটা আমাকে ইঙ্গিত দেয় সামান্য কয়েকজন শিষ্যসহ এমন এক অসহায় ব্যক্তির প্রতি (অর্থাৎ যীশুর প্রতি), যিনি সনাক্ত করতে পেরেছিলেন প্রকৃতপক্ষে ইহুদীরা কী ছিল ?এবং জনগণকে আহবান করেছিলেন তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে এবং তিনি (ঈশ্বরের সত্যতা) সর্বাধিক উৎকর্ষতা দেখিয়েছিলেন নির্যাতিত হিসাবে নয়, বরং যোদ্ধা হিসাবে। একজন মানুষ ও খৃষ্টান হিসাবে অশেষ ভক্তিভরে আমি যখন সে কথাগুলো পড়ি, আমি অনুধাবন করি কিভাবে ঈশ্বর শেষ পর্যন্ত তার শক্তিতে মেতে উঠলেন ও চাবুক হাতে পিটিয়ে বিষাক্ত সাপের পালকে (অর্থাৎ ইহুদীদেরকে) তাড়িয়ে দিলেন। কী চমৎকার বা সাংঘাতিক ছিল "ইহুদী বিষ"-এর বিরুদ্ধে তাঁর সে যুদ্ধ! দুই হাজার বছর পর আজ গভীর অনুরাগের সাথে আমি সনাক্ত করি যে, কেবলমাত্র এ কারণেই তাঁকে ক্রুশে জীবন বলি দিতে হয়েছিল। একজন খৃষ্টান হিসাবে আমি নিজেকে প্রতারিত করতে পারি না; রবং আমার দায়িত্ব হলো সত্য ও ন্যায়ের জন্য যোদ্ধা হওয়া... একজন খৃষ্টান হিসাবে জনগণের প্রতি আমার সহানুভূতি রয়েছে... আমি যখন সকালে বের হই এবং দেখি শুষ্ক-মুখ এ মানুষগুলো সারিতে দাঁড়িয়ে আছে, তখন আমি মনে করি আমি এদের প্রতি করুণাশীল না হলে, যারা (অর্থাৎ ইহুদীরা) আজ এ অসহায় মানুষগুলোকে লুটপাট ও শোষণ করছে, তাদের বিরুদ্ধে আমাদের ঈশ্বর যেভাবে ২,০০০ বছর আগে দাঁড়িয়েছিলেন, সেরূপ না করলে আমি একজন খৃষ্টান না হয়ে একটা দানব হব।"[ii]

হিটলার তার ইহুদী-বিরোধী অভিযানকে খৃষ্টীয় বৈধতা দিয়ে লিখেঃ

সুতরাং আজ আমি বিশ্বাস করি আমি ঈশ্বরের ইচ্ছা অনুসারে কাজ করছিঃ 'ইহুদীদের বিরুদ্ধে আমাদেরকে রক্ষা করতে; আমি ঈশ্বরের কাজে লড়াই করে যাচ্ছি।[iii]

২৬ এপ্রিল ১৯৩৩ তারিখে এক বক্তব্যে হিটলার তার ইহুদী-বিরোধী আন্দোলন সম্পর্কে ক্যাথলিক চার্চের বরাত দিয়ে বলেঃ

"ক্যাথলিক চার্চ ১,৫০০ বছর ধরে ইহুদীদেরকে মহামারি বা প্লেইগ হিসাবে দেখেছে ও তাদেরকে একঘরে করে রেখেছিল, কেননা ইহুদীরা যে কী তা চার্চ সত্যকার অর্থে সনাক্ত করতে পেরেছিল... আমিও এই গোষ্ঠীকে রাষ্ট্র ও চার্চের জন্য মহামারি হিসাবে দেখি এবং স্কুল ও সরকারী পদ থেকে তাদেরকে বহিষ্কার করে আমি সম্ভবত খৃষ্টধর্মের জন্য বড় ধরনের সেবা করছি।"[iv]

জার্মানীকে ইহুদীদের হাত থেকে রক্ষা করতে খৃষ্ট ধর্মের দোহাই দিয়ে হিটলারের উচ্চ -পদস্থ কর্মকর্তা হারমান গোরিং বলেছিলঃ

ঈশ্বর জার্মানীর জন্য রক্ষাকারী পাঠিয়েছেন। আমাদের গভীর ও দৃঢ় বিশ্বাস যে, তিনি (হিটলার) ঈশ্বর-কর্তৃক প্রেরিত হয়েছেন জার্মানীকে রক্ষা করতে।[v]

উপরে উদ্ধৃত ও আরও বহু উক্তিতে আমরা দেখি হিটলারের মাঝে খৃষ্টধর্ম প্রীতির ছড়াছড়ি এবং সে ধর্মের দোহাই দিয়ে সে ও তার কর্মকর্তারা তার বর্বর অভিযানকে বৈধতা দান করেছিল। অথচ খৃষ্টানরা আজকাল হিটলারকে নাস্তিক্যবাদী সোশ্যালিস্ট-কমিউনিস্ট আখ্যা দিয়ে খৃষ্টান হিসাবে স্বীকৃতি দিতে চায় না। মজার ব্যাপার হল, নাস্তিক ও সোশ্যালিস্ট-কমিউনিস্টরা ইহুদীদের মতই হিটলারের নিধন অভিযানের শিকার হয়েছিল। এমনকি হিটলার নিজেই বলেছিল যে, খৃষ্টধর্মকে রক্ষা করতে নাস্তিক্য নির্মূলে সে বদ্ধপরিকর ছিল। যেমন ১৯৩৩ সালের ২৪শে অক্টোবর বার্লিন-এ এক বক্তব্যে হিটলার বলেছিলঃ

আমরা জানি জনগণের জন্য ধর্মের প্রয়োজন এবং এই ধর্মের (অর্থাৎ খৃষ্টধর্মের) প্রয়োজন। কাজেই আমরা নাস্তিক্যবাদী আন্দোলনের (অর্থাৎ সোশ্যালিজম-কমিউনিজমের) বিরুদ্ধে যুদ্ধ শুরু করেছি - কেবলমাত্র কয়েকটি তত্ত্বীয় ফাঁকাবুলির মাধ্যমে নয়; আমরা তা নির্মূল করে ফেলেছি।[vi]

এমনকি ভ্যাটিকান (পোপ) ১৯৩৩ সালের ২০শে জুলাইতে এক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে হিটলারের একনায়কতান্ত্রিক সরকারকে স্বীকৃতি দিয়েছিল এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের পুরো সময় ধরে মৌনতা বজায় রেখে হিটলারের অভিযানে সহমত দিয়েছিল।

ইউরোপে ইহুদী নিধনমূলক হলোকস্ট ছাড়াও বিগত সহস্রাব্দের শেষ দিকে উত্ত র ও দক্ষিণ আমেরিকায় খৃষ্টধর্মের প্রসারে মিলিয়ন মিলিয়ন আদিবাসীকে হত্যা খৃষ্টধর্মের বর্বরতার আরেক নির্মম দৃষ্টান্ত। সম্প্রতি সেইন্ট জন পল-২ তার বিশ্বের বিভিন্ন দেশ ভ্রমণে অতীত খৃষ্টীয় বর্বরতার জন্য ক্ষমা প্রার্থনা করতে ব্যস্ত থেকেছেন। এটা মানবতার জন্য খুবই লজ্জাজনক ও মর্মাহত হওয়ার বিষয় যে, সেইন্ট জন পল-২ এমন জঘন্য, অমানবীক ও গণহত্যাকারী আন্দোলনের ঐতিহ্যের শিরোমণি হয়েও আজকের একুশ শতাব্দীর এ ন্যায় ও মানবাধিকারের যুগেও এতটা সম্মান ও ভক্তি পাচ্ছেন বিশ্বের সর্বত্র।

ইসলামের বর্বরতার কথা আজকাল অনেকেরই মুখে মুখে, যার সূচনা হয়েছিল নবী মুহাম্মদ কর্তৃক মদীনা ও আরবের অন্যান্য পৌত্তলিক -ইহুদী-খৃষ্ট গোষ্ঠীর উপর অত্যাচার ও গণহত্যার

মাধ্যমে, যা যুগ যুগ ধরে বজায় থাকে ও প্রসারিত হয়। উপরোক্ত আলোচনা প্রতিপন্ন করে যে, খৃষ্টধর্মও অমানবীক ও বর্বর প্রকৃতির ও এরূপ অপকর্ম চা লানোতে ইসলামের তুলনায় খুব একটা পিছিয়ে থাকে নি। তাউরাত (Old Testament) - যাকে যীশু তার মৌলিক ধর্মীয় বাণী হিসাবে গ্রহণ করেছিলেন এবং তিনি কেবল সে বাণী প্রচার করার জন্যই এসেছিলেন বলে দাবী করেছিলেন (নিউ টেস্টামেন্ট-এর বেশিরভাগ অংশ সেইন্ট পলের লেখা)[vii] - তাতেও প্রচুর আয়াত রয়েছে, যা সর্বাধিক জঘন্য ও অমানবীক নির্মমতাকে বৈধতাদান ও মহিমান্বিত করেছে। কাজেই খৃষ্টানদের দ্বারা সংঘটিত ওসব নির্মম ও ধ্বংসমূলক কর্মকাণ্ড খৃ ষ্টধর্মের ঈশ্বর-কর্তৃক বৈধতা পায়। আজ খৃষ্টান বিশ্ব অনেকটা শান্ত ও মানবীক এবং তার কারণ হলোঃ খৃষ্টধর্ম ধর্মনিরপেক্ষ, মানবীক ও উদারনীতিক রাষ্ট্রীয় নীতির কাছে পরাজিত হয়েছে এবং এ প্রক্রিয়ায় প্রধানত খৃষ্টীয় পশ্চিমা বিশ্ব মানবাধিকারের দিকে অগ্রসর হয়েছে - যদিও তা এসেছে মুক্তচিন্তক, ধর্মীয় সংস্কারক ও সমালোচকদের ব্যাপক প্রয়াস ও ত্যাগের ফসল হিসাবে।

যীশুর বিপরীতে নবী মুহাম্মদ নিজেই ইসলামকে প্রতিষ্ঠা করতে আল্লাহর বাণী ও নির্দেশের দোহাই দিয়ে সহিংসতার প্রয়োগ করে গেছেন। মুহাম্মদ "জিহাদ" বা ইসলামী ধর্মযুদ্ধের নামে তার জীবনে প্রায় ৭৮-১০০টি হানা ও যুদ্ধের পৃষ্ঠপোষকতা করেছিলেন এবং কম করে হলেও তার ২৭টিতে নিজে অংশগ্রহণ করেছিলেন ও নেতৃত্ব দিয়েছিলেন। ওসব আক্রমণ ও যুদ্ধের শিকার হয়েছিল আরবাঞ্চলের পৌত্তলিক, ইহুদী ও খৃষ্টানরা। নবীর নির্মম সহিংসতার দৃষ্টান্ত হিসাবে আসুন আমরা নজর দিই মদীনার বনি কুরাইজা ইহুদী গোত্রের উপর তার আক্রমণের দিকে। আক্রমণটির কারণ উদ্ধৃত হয়েছে নিম্নোক্ত সহি হাদীসেঃ

আয়শা জানানঃ নবী যখন "খন্দক"-এর যুদ্ধ থেকে ফিরলেন এবং তার অস্ত্র রেখে গোসলে গেলেন, তখন জিব্রাইল ফেরেস্তা এসে নবীকে বললেন, "তুমি দেখছি অস্ত্র নামিয়ে ফেলেছো? আল্লাহর দোহাই, আমরা ফেরেস্তারা এখনো অস্ত্র ছাড়িনি। সুতরাং অস্ত্র তুলে চল যাই।" নবী জিজ্ঞেস করলেন, "কোথায় যাব?" বানু কুরাইজা গোত্রের দিকে ইঙ্গিত করে জিব্রাইল বললেন, "ঐ দিকে"। সুতরাং নবী সেদিকে ছুটে গেলেন। (সহি বুখারী ৫:৫৯:৪৪৩)

হাদীসটি বনি কুরাইজার কোন দোষ-ত্রুটি উল্লেখ না করেই তাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করছে। কোরানে আল্লাহ কুরাইজার দোষ ও আক্রমণটি সম্পর্কে বলেনঃ [viii]

এবং তিনি (আল্লাহ) ধর্মগ্রন্থের সেসব লোকদেরকে (বানু কোরাইজা ইহুদী) বের করে এনেছেন, যারা তাদের ঘাঁটিতে বসে থেকে তাদেরকে (কোরাইশ) সহায়তা করেছিল, এবং

আল্লাহ আতঙ্ক ঢুকিয়ে দিয়েছেন তাদের প্রাণে। (তাদের) কিছু সংখ্যককে (বয়স্ক পুরুষ) তোমরা বধ করেছো, কিছু সংখ্যককে (নারী ও শিশু) করেছ বন্দী... (কোরান ৩৩:২৬-২৭)

এ আয়াতটিতে আল্লাহ বনি কোরাইজা ইহুদীদেরকে নিজস্ব বস্তির মধ্যে বসে থেকেই মক্কার কোরাইশদেরকে মুসলিম-বিরোধী “খন্দকের যুদ্ধে” সমর্থন করার অভিযোগে অভিযুক্ত করেছেন। তা কীভাবে সম্ভব সেটা বুঝা মুস্কিল হলেও সে অবান্তর অভিযোগের ভিত্তিতে আল্লাহ অনুমোদন দেন যে, ইহুদী গোত্রটির বয়স্ক পুরুষদেরকে হত্যা করতে হবে এবং অবশিষ্ট নারী ও শিশুদেরকে ক্রীতদাস বানাতে হবে। নবী যথাযথরূপে সে আদেশ পালন করেন এবং আত্মসমর্পণকৃত কুরাইজা গোত্রের ৬০০ থেকে ৯০০ পুরুষকে হত্যা করে বর্বরতার এক চরম দৃষ্টান্ত স্থাপন করেন। বন্দীকৃত নারী ও শিশুদেরকে তিনি তাঁর অনুসারীদের মাঝে ক্রীতদাস হিসাবে বিতরণ করে দেন ও এক-পঞ্চমাংশ নিজের ভাগ হিসাবে রাখেন। কুরাইজা গোত্রের সব ধনসম্পদ ও ভিটেমাটি হস্তগত করে নিজে এক-পঞ্চমাংশ রেখে বাকি সব তাঁর শিষ্যদের মাঝে বিলিয়ে দেন।[ix]

নবী একই ঘটনার পুনরাবৃত্তি ঘটান মদীনার বাইরের বনি মুস্তালিক ও খাইবারের বনি নাদির ইহুদীদের উপর। এভাবে সহিংস আগ্রাসী যুদ্ধ ও বর্বরতার যে ঐতিহ্য নবী মুহাম্মদ স্বয়ং স্থাপন করে যান, তা পরবর্তী মুসলিমরা উদ্দীপনার সাথে অব্যাহত ও প্রসারিত করতে থাকে , যার ফলে মুসলিমরা বিশ্বের বুকে সর্বকালের সবচেয়ে বড় ইসলামী সাম্রাজ্য স্থাপনে সমর্থ হয়। ইসলামী বিজয়াভিযানে কোটি কোটি মানুষ জীবন হারায়ঃ ভারতেই প্রায় ৬ থেকে ৮ কোটি। তদুপরি ভারতে হাজার হাজার মন্দির ধ্বংস করে মুসলিম আগ্রাসক ও শাসকরা। সম্রাট আওরঙ্গজেবের রাখা রাজকীয় তথ্য জানায় ১৬৭৯ সালেই তিনি ২০০-র বেশী মন্দির ধ্বংস করেছিলেন।

নবী মুহাম্মদের পাশাপাশি যিশু খৃষ্টের সহিংসতা তুলনা করতে গেলে এটা মনে রাখতে হবে যে, যীশু শক্তিবলে ছিলেন খুবই দুর্বল। তার মাত্র ১১ নিবেদিতপ্রাণ শিষ্য ছিল। এরূপ অবস্থায় আমরা দেখিঃ যীশু ইহুদী ব্যবসায়ীদেরকে আক্রমণ করে জেরুজালেম মন্দির থেকে বের করে দেন, সেখানে ভাংচুর করেন ও তাদের ব্যবসাকর্ম ভঙ্গ করেন। তদুপরি যীশু জেরুজালেমের ইহুদী রাজনৈতিক ক্ষমতা দখলের চেষ্টায় ছিলেন এবং ইহুদী সেনহাড্রিন বা ক্ষমতাশীল রাজনীতিকদেরকে অকথ্য ভাষায় গালাগাল করেছিলেন (দেখুন ম্যাথিউ ২৩, লুক ১২:৩৯-৫২)। এসব ঘটনা বিবেচনা করলে আমরা দেখি যে বাহুবলে এতটা দুর্বল হওয়া সত্ত্বেও যীশু

সহিংসতার যথেষ্ট ইঙ্গিত দিয়েছিলেন। যীশু নিজেই বেশকিছু সহিংসতা উদ্দীপক উক্তি করে গেছেন। যেমনঃ

"ভেব না যে আমি দুনিয়াতে শান্তি আনয়নের জন্য এসেছি; আমি শান্তি আনয়নের জন্য আসি নি, এসেছি তলোয়ার দিতে।" (ম্যাথিউ ১০:৩৪)

"...যার কাছে কোন তলোয়ার নেই, সে তার জামাকাপড় বিক্রি করে একটা কিনে নিক।" (ম্যাথিউ ২৪:৩৬)

"এবং তোমরা কি যুদ্ধে ও যুদ্ধের গুজবে ভীত, যাতে তোমরা সেগুলোর আপদে না পড়?এগুলোর সবই আসবে; এখনো তা শেষ হয়নি। কেননা দেশ দেশের বিরুদ্ধে, রাজ্য রাজ্যের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হবে। " (ম্যাথিউ ২৪:৬-৭)

"যে পবিত্র দেবতার (Holy Ghost) বিরুদ্ধে কথা বলবে, তাকে এ জীবনে ও পরজীবনে রেহাই দেওয়া হবে না।" (ম্যাথিউ ১২:৩২)

স্বয়ং যীশুর এসব সহিংসতা উদ্দীপক উক্তি মানবজাতির উপর অকথ্য খৃষ্টীয় নির্মমতার পিছনে অবশ্যই ইন্ধন যুগিয়েছিল। বিবেচনা করতে হবে যে, উপরোক্ত আলোচনায় যীশু ও তার সাথীরা প্যালেস্টাইনের ইহুদীদের জীবনে যথেষ্ট ঝামেলার সৃষ্টি করেছিল , যাতে অতিষ্ঠ হয়ে ইহুদীরা তাকে ধরে রাজত্বকারী রোমানদের হাতে তুলে দেয় এবং রোমানরা তাকে ক্রুশ বিদ্ধ করে হত্যা করে। কাজেই যীশু যদি নবী মুহাম্মদ ও মূসার মত শক্তিশালী হতেন , তাহলে তিনিও যে তাদের মতই সহিংসতায় অবতীর্ণ হতেন সে ব্যাপারে যথেষ্ট সম্ভাবনা থেকে যায়। এটাও বিবেচনা করতে হবে যে, নবী মুহাম্মদ তাঁর ইসলাম প্রচারের প্রাথমিক পর্বে - যখন তাঁর বাহুবল শক্ত ছিল না - তখন তাঁর প্রচারণা ও কর্মকাণ্ড যথেষ্ট অহিংস ছিল। মক্কা থেকে মদীনায় অভিবাসনের পর যখন মুহাম্মদের বাহুবল শক্ত ও তাঁর সম্প্রদায়ের নিরাপত্তা অনেকটা নিশ্চিত হয়ে উঠে, তারপরই তিনি আগ্রাসী সহিংসতায় তৎপর হয়ে উঠেন।

ইহুদী ধর্মে সহিংসতাঃ ধর্মের কারণে সহিংসতার বিষয়ে বার্ট্রান্ড রাসেল লিখেছেনঃ "*কন্সট্যান্টিনের যুগ থেকে সপ্তদশ শতাব্দী পর্যন্ত খৃষ্টানরা অন্য খৃষ্টান দ্বারা রোমান সম্রাটদের তুলনায় অনেক বেশী নির্যাতিত হয়েছিল। খৃষ্টধর্মের আগে এরূপ নির্যাতনমূলক মনোবৃত্তি ইহুদীদের বাইরে অন্য কোন জনগোষ্ঠীর মাঝে ছিল না।*"[x] ইহুদী ধর্মীয় গ্রন্থে অনেক অত্যাচার-নির্যাতন উদ্দীপক আয়াত রয়েছে; অনেক নৃশংস হত্যাকাণ্ডের কাহিনীও বর্ণিত হয়েছে , কিন্তু সে সব সহিংস ঘটনার উপর কোন নির্ভরযোগ্য ঐতিহাসিক তথ্য বা দলিল নেই। বরং

আধুনিক গবেষণা তাউরাতে বর্ণিত সেসব হত্যাকাণ্ডের কাহিনীকে মিথ্যা প্রতিপন্ন করেছে। তাউরাতে উদ্ধৃত সহিংস নির্মমতামূলক কিছু আয়াত নীচে উল্লেখ করা হলঃ

"*এবং সে (ডেভিড) ভিতরের লোকদেরকে বের করে আনল এবং তাদেরকে করাত, লোহার মগুর ও কুরাল দিয়ে কেটে মারল*" (১ ক্রোনিকলজ ২০:৩) [মন্তব্যঃ তাউরাতের এ কাহিনী অনুসারে (অধ্যায় ১৭-১৯) রাজা ডেভিড তথা ইসলামের নবী দাউদ ২২,০০০ সিরীয়কে এবং আবিসাই ১৮,০০০ হাজার এডোমাইট'কে হত্যা করে, যা তাউরাতে মহিমান্বিত হয়েছে।]

"*এবং ইসরাইলীরা বালপিওরের সাথে যোগ দিল এবং ঈশ্বরের ক্রোধ ইসরাইলীদের বিরুদ্ধে জ্বলে উঠল। এবং ঈশ্বর মূসাকে বললেনঃ 'সেসব লোকদের মাথা কেটে এনে ঈশ্বরের সামনে ঝুলিয়ে দাও সূর্যের তাপের মুখে যাতে ঈশ্বরের ক্রোধ - উন্মত্ততা ইসরাইলরীদের উপর থেকে সরে যায়*"(নাম্বারস ২৫:৩-৪)। (মন্তব্যঃ অন্য ঈশ্বরকে উপাসনা করার জন্য ইহুদী ঈশ্বর নবী মূসাকে নির্দেশ দিচ্ছেন তাদের মাথা কেটে রোদে ঝুলিয়ে দিতে।)

"*দেখ! এটা ইসরাইলীদেরকে বালামের পরামর্শে ঈশ্বরের বিরুদ্ধে পিওরের ব্যাপারে প্ররোচিত করল এবং ঈশ্বরের সেবকদের মাঝে মহামারি নেমে এল। কাজেই এখন মেরে ফেল প্রত্যেক বাচ্চা শিশুদেরকে এবং সব মহিলাকে যারা তার সাথে শুয়েছিল। কিন্তু যেসব অল্প-বয়সী মহিলারা তার সাথে শোয়নি, তাদেরকে তোমাদের জন্য রেখে দাও*' (নাম্বারস ৩১:১৬-১৮)। [মন্তব্যঃ এ আয়াতে ইহুদী ঈশ্বর প্রায় ১০০,০০০ অল্প-বয়স্ক ছেলে-শিশুকে ও প্রায় ৬৮,০০০ মহিলাকে মেরে ফেলার নির্দেশ দিচ্ছে।

"*এবং আমরা সবগুলো শহর জয় করলাম এবং শহরগুলোর পুরুষ , নারী ও শিশুদেরকে ব্যাপকভাবে ধ্বংস করলাম; আমরা কাউকে বাঁচিয়ে রাখলাম না*" (ডিউটেরোনোমি ২:৩৪)

"*এবং আমরা তাদের উপর ব্যাপক ধ্বংসযজ্ঞ সাধন করলাম, যেমনটি করেছিলাম হেসবোনের রাজা সিহোনের উপর; আমরা শহরের পুরুষ, নারী ও শিশুদেরকে চরমভাবে ধংস করলাম। কিন্তু সব গবাদি পশু ও লুটের মাল আমাদের শিকার হিসাবে রাখলাম*' (ডিউটেরোনোমি ৩:৬-৭)। [মন্তব্যঃ এ আয়াতটিতে ইহুদী ঈশ্বর বিজিত শহরের সব নারী-পুরুষ ও শিশুদের হত্যাকে মহিমান্বিত করেছেন।

"*এবং তোমরা কোন ডাইনিকে বাঁচিয়ে রাখবে না। যে কোন পশুর সাথে সহবাস করবে তাকে অবশ্যই মেরে ফেলবে। যে কেবলমাত্র ঈশ্বরকে বিনা অন্য দেবদেবীর উপাসনা করবে, তাকে অবশ্যই ধ্বংস করবে*"(এক্সোডাস ২২:১৮-২০)। [মন্তব্যঃ এ আয়াতের ভিত্তিতে খৃষ্টানরা ১৪-

১৫তম শতাব্দীতে ৯০ লাখ নারীকে ডাইনি আখ্যা দিয়ে হত্যা করেছে বলে উল্লেখ হয়েছে সমকালীন ডঃ স্প্রেংগারের "ডাইনির হাতুড়ি" গ্রন্থে; ডঃ স্প্রেংগার নিজেই এক বছরে প্রায় ৫০০ ডাইনিকে হত্যা করেছিলেন বলে জানান।]

তাউরাতে আরো অনেক এমন অকথ্য বর্বরতা মহিমান্বিতকারী আয়াত রয়েছে। নবী মূসা নিজেই অনেক নির্মম হত্যাকাণ্ডমূলক দখলদারী যুদ্ধে নেতৃত্ব দিয়েছিলেন , যদিও আধুনিক গবেষণা সেসব কাহিনী ভিত্তিহীন বা অতিরঞ্জিত বলে প্রতিষ্ঠিত করেছে। তবু এটা নিঃসন্দেহে বলা যায় যে, আব্রাহামীয় একত্ববাদী যে ধর্মগুলো আজ বিদ্যমান - ইসলাম, খৃষ্টধর্ম ও ইহুদী ধর্ম - সেগুলোর তাত্ত্বিক ভিত্তিপ্রস্তর নির্মমতা-সহিংসতার উপর প্রতিষ্ঠিত। সহিংসতার ক্ষেত্রে ধর্মগুলোর এ একাত্মতা তাদেরকে একই কাতারে দাঁড় করায়।

ধর্ম ও বোরখা প্রথা

সম্প্রতি বিশেষত পাশ্চাত্যে মুসলিমরা ব্যাপক সমালোচনার সম্মুখীন হয়েছে মুসলিম মহিলাদের বোরখা পরানোর বিষয়ে। মানবতাবাদী-উদারবাদীরা মহিলাদেরকে বোরখা পরানোকে দেখছেন নারী নির্যাতনের সংস্কার হিসাবে। মুসলিমরা ধর্মীয় প্রথার দোহাই কিংবা শালীনতার দোহাই দিয়ে মহিলাদের বোরখা পরানোকে বৈধতা দিতে চাচ্ছে। কোরান ৩৩:৫৯ মহিলাদেরকে বোরখা পরানোর বিষয়ে বলেছেঃ "*ও নবী! তোমার স্ত্রী ও কন্যাদেরকে এবং মোমিন নারীদেরকে বল তারা যেন কাপড় দিয়ে তাদেরকে ঢাকে (যখন তারা বাইরে যায়), যাতে তাদেরকে সনাক্ত করা যায় এবং উত্যক্ত করা থেকে রেহাই পায়...*"

যাহোক, সমালোচকরা বলছেঃ ছেলে ও মেয়ে শিশু উভয়েরই জন্ম হয় পৃথিবীতে একইভাবে (ন্যাংটা অবস্থায়); কাজেই পুরুষ ও মহিলার পোশাকে এ ব্যাপক ব্যবধান কেন ?যে কারণে নারীদেরকে বোরখা পরানোর প্রয়োজনীয়তা দাবী করছে মুসলিমরা একই কারণে পুরুষদেরকেও বোরখা পরানো উচিত দাবী করা যেতে পারে বলছেন সমালোচকরা। সম্প্রতি বেশ কয়েকটি ইউরোপীয় দেশে - যেমন ফ্রান্স, বেলজিয়াম, নেদারল্যান্ডস ইত্যাদিতে - জনসমক্ষে বা রাষ্ট্রীয় কার্যালয়ে বোরখা পরা নিষিদ্ধ করা হয়েছে। উল্লেখ্য একই যুক্তিতে - অর্থাৎ নারীর সম-অধিকার ও নারীমুক্তির প্রশ্নে - ইরান ও তুর্কির ধর্ম-নিরপেক্ষ শাসকরা ১৯৩০-এর দশকে বোরখা পরা নিষিদ্ধ করেছিল এবং ইসলামপন্থী সরকার আসার পর সে আইন উভয় দেশেই অবলুপ্ত হয়েছে।

যাহোক, বোরখার বিষয়ে মুসলিমরা যখন সমালোচিত হচ্ছেন তখন খৃষ্ট ও অন্যান্য ধর্মের অনুসারীরা তাদের ধর্মে এরূপ প্রথা নেই বলে তৃপ্তি পাচ্ছে। কিন্তু ঘটনা কি আসলেই

তাই? ইহুদী-খৃষ্ট ধর্মে ধর্মীয়ভাবে নির্ধারিত পোশাক কি ধরনের সেটা আলোচনা করা হবে এখানে। আমি বহুদিন ভেবেছিঃ মুসলমানরা যেহেতু দাবী করে নবী মূসা, ঈসা (যীশু) ও মুহাম্মদ একই ঈশ্বরের প্রেরিত, তাহলে ধর্মগুলোতে চর্চাকৃত পোশাক -প্রথায় এমন ব্যবধান কেন? আজ একজন সুন্দরী তন্বী তরুণী যৌন-আবেদন উদ্রেককারী উন্মুক্ত নাভী সহ গীর্জায় যাচ্ছে, কিন্তু হতভাগী মুসলিম মহিলারা উত্তপ্ত আরব মরুভূমিতে কালো -কাপড়ে ঢাকা বোরখা নামক চলন্ত জেলখানার মধ্যে দগ্ধ হয়ে মরছে।

কিন্তু আমার সাম্প্রতিক গবেষণায় এটা প্রতীয়মান হয় যে, এসব ধর্মগুলোতে মৌলিকভাবে প্রস্তাবিত পোশাকে তেমন কোন ব্যবধান নেই। প্রথমত নজর দিই খৃষ্টান ধর্মযাজক ও গীর্জার দেয়াসিনি বা নানদের দিকে। তাদের পোশাক মুসলিম নারীদের মত কেন ? আমার বিশ্বাস ঐ ধরনের পোশাকই খৃষ্টধর্মে মৌলিকভাবে অনুমোদিত। উপরোল্লেখিত টেলিভিশন অনুষ্ঠানে দেখানো হচ্ছিল গ্রিসের এক দ্বীপে এক খৃষ্টান মঠ (monastery), যেখানে সেইন্ট জনের কাছে খৃষ্ট বাইবেল বা নিউ টেস্টামেন্টের সর্বশেষ "রেভেলেশন" (Revelation) অধ্যায়টি উন্মোচিত হয়েছিল। আমি লক্ষ্য করলাম যে, মঠটির যাজকরা (সত্যিকার বিশ্বাসী) ইসলামী মুল্লাদের চেয়েও বেশী কঠোর পোশাক পরত। মুল্লারা গোঁফ কাটে (কামায়), সেসব যাজকরা গোঁফও কাটত না। ইহুদী রাব্বি বা যাজকরাও মুল্লাদের মত কঠোর পোশাক প্রথার চর্চা করে - এবং দাড়ি-গোঁফ রাখে। ভ্যাটিকানের পোপ-কার্ডিনাল এবং ইহুদী রাব্বিরা ও গোঁড়া ধার্মিক ইহুদীরাও মুল্লাদের মত টুপি পরে। কোরানের মত খৃষ্ট বাইবেলও পুরুষদেরকে বাদ রেখে কেবল মহিলাদেরকে ঘোমটা বা বোরখা পরার নির্দেশ দিয়েছেঃ

পুরুষ প্রার্থনা বা ধর্মীয় বাণী পাঠের সময় তার মাথা "ঢাকলে" সে তার মাথাকে অসম্মান করবে। আর কোন নারী প্রার্থনা বা ধর্মীয় বাণী পাঠের সময় তার মাথা "না ঢাকলে" সে তার মাথাকে অসম্মান করবে, যেন তার মাথা ন্যাড়া করে দেওয়ার মত। কেননা মহিলা মাথা না ঢাকলে তার মাথা ন্যাড়া করে দেওয়া হোক; কিন্তু ন্যাড়া করা মাথা যদি লজ্জাজনক হয় তাহলে তাদেরকে মাথা ঢাকতে হবে। একজন পুরুষ মাথা ঢাকবে না, কেননা সে ঈশ্বরের প্রতিচ্ছবি; এবং নারী হলো পুরুষের মহিমা মাত্র। (১ করিন্থিয়ান ১১:৪-৭)।

ইসলামে মাদকদ্রব্য নিষিদ্ধ হওয়ায় অন্য ধর্মের লোকেরা সেটাকে নিয়ে কটাক্ষ করে। তবে আমি জানি না খৃষ্টান যাজক ও নানদেরকে মাদকদ্রব্য সেবন করতে দেওয়া হয় কি না ? তবে খৃষ্ট বাইবেলে মাদকদ্রব্য সেবনে লিপ্তকারীদেরকে দোজখের আগুনের ছুঁড়ে ফেলার কথা বলা হয়েছেঃ "*ঈর্ষা, হত্যা, মাদকে উন্মত্ততা, আমোদ-প্রমোদ ইত্যাদিতে যারা যোগ দিবে - যেরূপ*

আমি পূর্বে তোমাদেরকে বলেছি - তারা ঈশ্বরের স্বর্গালোক থেকে বহিস্কৃত হবে' (গ্যালাসিয়ান ৫:২১)

সুতরাং দেখা যাচ্ছে যে, প্রকৃত ধর্মীয় বিবেচনায় এসব ধর্মগুলো পোশাক প্রথা , আমোদ-প্রমোদ, মাদকদ্রব্য সেবন ইত্যাদিতে একই রায় দিয়েছে। ভিন্নতা কেবলমাত্র - অন্তত আজকের যুগে - এখানে যে, ইসলামে সেগুলো প্রত্যেক ব্যক্তির জন্য প্রযোজ্য, কিন্তু ইহুদী-খৃষ্ট ধর্মে তা কেবল তাদের যাজক ও ধর্মে আত্মনিবেদনকারীদের জন্য প্রযোজ্য। কাজেই বলা যায়, ইসলাম অন্যান্য ধর্মগুলোর তুলনায় অধিক ন্যায়শীল , কেননা হোক সে মুল্লাহ-মাওলানা কিংবা সাধারণ মানুষ - সবাইকে ইসলাম একই মাপকাঠিতে মেপেছে, সবাইকে কেবলই মানুষের কাতারে দাঁড় করিয়েছে।

হিন্দু ধর্মঃ উপরের আলোচনা এটা ইঙ্গিত করে যে, ইসলাম, খৃষ্ট ও ইহুদী ধর্ম মৌলিক অর্থে একই শ্রেণীর এবং সম্ভবত একই ঈশ্বর থেকে এসেছে, যেমনটি মুসলিমরা দাবী করে। এগুলোর বাইরে আরেকটি বড় ধর্ম হলো হিন্দু ধর্ম। ধর্মের নামে সহিংসতা, বিদ্বেষ, নারী-নির্যাতন ও ধ্বংসকাণ্ডের ক্ষেত্রে হিন্দু ধর্মও উপরে আলোচিত একত্ববাদী ধর্মগুলোর কাতারেই পড়ে। নজর দিন সম্প্রতি অতীতে ধর্মের জন্য হিন্দুদের মুসলিম -বিরোধী উস্কানি ও হত্যাকাণ্ড (১৯৯২ সালে বাবরী মসজিদ দাংগা; ২০০২ সালে গুজরাট দাংগা ইত্যাদি), মানবজীবন নাশ করে ঈশ্বরকে সন্তুষ্ট করার জন্য "সতীদাহ" প্রথা, এবং মানুষের মাঝে বিভেদ ও বৈষম্য-সৃষ্টিকারী জঘন্য বর্ণপ্রথা (Caste System)। প্রকৃত অর্থে হিন্দু ধর্মও ব্যভিচারের জন্য মৃত্যুদণ্ড অনুমোদন করে , কেননা হিন্দু দেব রাম তার স্ত্রী সীতাকে আগুনে ঝাঁপ দিয়ে প্রমাণ করতে বাধ্য করেছিল রাবণের হাতে বন্দী থাকাকালীন সে ধর্ষিত বা যৌনকর্মে লিপ্ত হয়েছিল কিনা। রাবণ সীতার প্রতি অত্যন্ত সম্মানসূচক ব্যবহার করেছিল বলে সীতা আগুনে ঝাঁপ দিয়েও বেঁচে যায়। কোন দুষ্ট লোকের হাতে পড়লে এবং সীতা ধর্ষিত হয়ে থাকলে তাকে নির্ঘাত আগুনে পুড়ে মরতে হত। তবে পোশাকের ক্ষেত্রে হিন্দু ধর্মে কঠোরতা কম মনে হয়, যদিও হিন্দু নারীদের পোশাক যথেষ্ট রক্ষণশীল। আমার জানামতে, হিন্দু পুরোহিতদের জন্যও মাদকদ্রব্য সেবন নিষিদ্ধ। সুতরাং হোক একেশ্বরবাদী ইসলাম -খৃষ্ট-ইহুদী ধর্ম কিংবা বহু-ঈশ্বরবাদী হিন্দু ধর্ম - তাদের ঈশ্বরের প্রকৃত শিক্ষা প্রায় এক ই।

কোন ধর্মটি চয়ন করব?

আমরা এখন অনেকটা একমত হতে পারি যে, আজকের চারটি প্রধান ধর্মই - ইহুদী, খৃষ্ট, ইসলাম ও হিন্দু ধর্ম - খুব সম্ভবত একই ঈশ্বর থেকে এসেছে। এবার সময় এসেছে

কোন ধর্মটি চয়ন করব, তা বিবেচনা করার পালা। আমি সে ধর্মটি চয়ন করব, যা আমার পরকালে সুখ-শান্তি নিশ্চিত করবে। স্বভাবতই আমাকে মহাবিশ্বের সৃষ্টিকর্তার সত্য বা সর্বাধিক খাঁটি ধর্মটি চয়ন করতে হবে। যেহেতু বিবেচ্য চারটি ধর্মই সত্য হওয়ার সম্ভাবনা রয়েছে , এখন আমাকে যাচাই-বিচার করে দেখতে হবে কোনটি সর্বাধিক খাঁটি। যাচাই করে দেখা যাক সে ধর্মটি হবে কোনটি?

সত্যিকার ও সর্বাধিক খাঁটি ধর্মঃ যখন বিবেচ্য চারটি ধর্মই সম্ভবত একই ঈশ্বর থেকে এসেছে এবং মৌলিকভাবে তাদের মাঝে এতটা মিল, তাহলে বাহ্যিক চর্চায় সেগুলো এতটা ভিন্ন কেন? এক হিন্দু বন্ধুর মন্তব্য আমাকে সম্ভবত এ প্রশ্নের উত্তর দিয়েছে। এ বন্ধুটি ইসলামের সমালোচনা করতে গিয়ে অহংকার করছিলঃ কীভাবে হিন্দু ও খৃষ্ট ধর্ম ইত্যাদি সংশোধিত হয়েছে, কিন্তু ইসলামে সেটা ঘটেনি বলে সে ইসলামকে ধিক্কার দিচ্ছিল। আমার বোঝাপড়ায়ঃ কেবলই নির্বোধ অর্ধ-ধার্মিকেরা তাদের ধর্ম মানুষের হাতে সংশোধিত হওয়ায় গর্ব করতে পারে, প্রকৃত ধার্মিক সেটা পারে না। এ বিষয়ে নিম্নোক্ত প্রশ্নগুলো বিবেচনা করা প্রয়োজনঃ

কারা সে সব লোক, যারা ধর্মগুলোকে সংশোধিত করেছে?

তারা কি ঈশ্বরের অনুমোদন পেয়েছিল ধর্মগুলোকে সংশোধিত করতে ?

তারা কি কেবলই নশ্বর পার্থিব মানুষ ছিল না ? তারা কিভাবে বিশ্বস্রষ্টার শিক্ষা ও নীতি সংশোধন করার যোগ্যতা পায়?

হিন্দু ধর্মের বিষয়ে আসুন আমরা নজর দেই সতীদাহ প্রথার সংশোধনের দিকে। সতীদাহ প্রথায় মৃত স্বামীর জীবন্ত স্ত্রীকে স্বামীর সাথে একই চিতায় পুড়িয়ে মারা হত। হিন্দু ধর্মশাস্ত্রের বেশ কয়েকটি শ্লোকে সে অনুমোদন দেওয়া হয়েছে। যেমন ,

তাদের স্বামীরা যোগ্য হয়ে থাকলে এসব জীবন্ত নারীদেরকে (চোখে) গোলাপজলের মত ঘি মাখিয়ে ঘরে ঢুকতে দাও। এসব স্ত্রীদেরকে অশ্রু ও বেদনাহীনভাবে এবং সুসজ্জিত অবস্থায় প্রথমে চিতায় উঠতে দাও। (ঋগ্বেদ ১০:১৮:৭)

একজন সতী, যে স্বামীর জ্বলন্ত চিতায় মারা যাবে, সে স্বর্গে অন্তহীন অনুগ্রহ ভোগ করবে। (দক্ষ স্মৃতি ৪:১৮-১৯)

স্বামীর মৃত্যুতে একজন নারীকে অবশ্যই তার স্বামীর চিতায় জীবন্ত জ্বালিয়ে মারতে দিতে হবে। (বসিষ্ঠ পদ্ম পুরাণ u.B345)

কোন মহিলার স্বামী মারা গেলে তাকে সতীত্বের জীবন বরণ করতে দাও, নইলে তাকে চিতায় তুলে দাও। (বিষ্ণু স্মৃতি ২৫:১৪)

স্বামীর মৃত্যুর পর আগুনে পুড়ে মরা স্ত্রীর সর্বশ্রেষ্ঠ দায়িত্ব। (ব্রাহ্ম পুরাণ ৮০:৭৫)

এবং কে সংশোধন করেছিল এ নির্মম সতীদাহ প্রথা, যা লাখ লাখ নারীকে জীবন্ত পুড়িয়ে মেরেছিল যুগ যুগ ধরে। কোন হিন্দু এ নির্মম প্রথার সংশোধন করে নি, বরং লর্ড বেন্টিংক, যিনি ছিলেন একজন অহিন্দু বিট্রিশ উপনিবেশিক শাসক, রাষ্ট্রীয় আইনের মাধ্যমে এর বিলুপ্তি হিন্দু সমাজের চাপিয়ে দিয়েছিলেন ১৮২৯ সালে। ইউরোপীয় উদারবাদের হাওয়ায় সতীদাহের নির্মমতার বিরুদ্ধে আওয়াজ তুলা শুরু করেন রাজা রামমোহন রায় (১৭৭২-১৮৩৩), যিনি ছিলেন হিন্দুধর্ম ত্যাগী এবং একেশ্বরবাদী ব্রাহ্ম ধর্মের প্রতিষ্ঠাতা। সতীদাহ প্রথা নিষিদ্ধ করার পর হিন্দু ধর্মের পরবর্তী সংশোধনী হল বিধবা নারীদেরকে পুনরায় বিয়ের অধিকার দেওয়া এবং সে আন্দোলনের সূচনা করেছিলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১) - যিনিও ছিলেন হিন্দুধর্ম ত্যাগকারী এবং মনপ্রাণে নাস্তিক। কাজেই যারা হিন্দু ধর্মের সংশোধনে নেতৃত্ব দিয়েছিল, তারা কোন হিন্দু ঈশ্বর, এমন কি হিন্দু পুরোহিত সম্প্রদায় দ্বারাও নির্দেশিত ছিলেন না; এমনকি তারা বিশ্বাসী হিন্দুও ছিলেন না, বরং হিন্দু ধর্মের বাইরের মানুষ।

খৃষ্টধর্মের সংশোধনীতে প্রটেস্টান্ট সংশোধনীর পিতৃপুরুষ ছিলেন মার্টিন লুথার (১৪৮৩-১৫৪৬)। প্রথম কথা হলঃ কোনই প্রমাণ নেই যে খৃষ্ট ঈশ্বর লুথারকে ধর্মটি সংশোধনের নির্দেশ দিয়েছিলেন; দ্বিতীয়ত, লুথারের সংশোধনী মূলত খৃষ্টধর্মকে চলমান ক্যাথলিক খৃষ্টবাদের তুলনায় অধিক সহিংসতার দিকে নিয়ে যাচ্ছিল। উপরে বলা হয়েছে যে, হিটলারের ইহুদী নিধন অভিযানের মননশীল বা তাত্ত্বিক উদ্দীপনা দান করেছিল মার্টিন লুথারের বক্তব্য ও লেখা। উল্লেখ্য লুথার শুরুতে ইহুদীদের বিষয়ে ভাল ভাল কথা বলেছিলেন - এ প্রত্যাশায় যে, তাদেরকে প্রশংসা করলে তারা লুথারের প্র টেস্টান্ট খৃষ্টবাদ গ্রহণ করবে। কিন্তু ইহুদীরা যখন তার ধর্মের ছায়াতলে এলো না, তখন তিনি তাদের বিরুদ্ধে অকথ্য বিদ্বেষ প্রচার শুরু করে দেন। যেমন, তার "*Concerning the Jews and Their Lies*" গ্রন্থে লুথার লিখেনঃ

জেনে রাখ ও আদরের খৃষ্ট (যীশু)! এবং কখনোই ভুলে যেয়ো না যে, একমাত্র দানবের (devil) বাইরে তোমার আর অধিক বিষধর, অধিক বেপরোয়া, অধিক তিক্ত কোন শত্রু নাই কেবলমাত্র মনেপ্রাণে ইহুদীদের ছাড়া। [উল্লেখ্য, স্বয়ং যীশু "গসপেল"-এ ইহুদীদেরকে "দানব" আখ্যা দিয়েছেন (জন ৮:৪৪-৪৫)]

সত্যিকার বিষয়টি হলঃ ঈশ্বর কখনোই ভ্রান্ত হতে পারেন না; তার বিচার ও অনুশাসন চিরন্তন এবং তিনি মূল ধর্মগ্রন্থে যা দীক্ষা দিয়েছেন , সেগুলো তার সর্বাধিক সত্য ও শ্রেষ্ঠতম শিক্ষা। ঈশ্বরের নিজের শিক্ষাকে তাঁরই সৃষ্ট মরণশীল ও ভুলপ্রবণ মানুষের দ্বারা সংশোধনের চেষ্টা ঈশ্বরকে বিরোধিতার শামিল, ঈশ্বরের মুখে থাপ্পড় মারার শামিল। যে ঈশ্বরের মৌলিক শিক্ষাকে সংশোধন বা পরিবর্তন করতে চায় - তাউরাত, খৃষ্ট বাইবেল ও কোরানের নির্দেশানুসারে তাদেরকে হত্যা করা উচিত। অথচ আজকের আধুনিক ও বৈষয়িক শিক্ষায় শিক্ষিত তথাকথিত হিন্দু ও খৃষ্টানরা এরূপ ধর্ম -বিরোধী কর্মপ্রয়াসে অহংকার বোধ করে, এবং তাদের খাদমিশ্রিত ধর্ম নিয়ে আত্মতৃপ্তি পায়। মোদ্দাকথা হলঃ আমরা যখন ঈশ্বরের নির্দেশ ব্যতীত মরণশীল মানুষের দ্বারা স্রষ্টার মূল শিক্ষাকে পরিবর্তন -সংশোধন করে তৃপ্তি পায় , তখন আমরা ঈশ্বরকে স্পষ্ট ভাষায় বলছিঃ

"ঈশ্বর, তুমি ফালতু কথা বলেছো এবং আমরা যা ভাবি তা অধিক ভাল - তুমি দোজখে চলে যাও। অন্য কথায়, যখন কোন হিন্দু স্বামীর মৃত্যুর পর তার বিধবা স্ত্রীকে স্বামীর চিতায় একসাথে পুড়ানোর বিরোধিতা করছে , সে হিন্দু ঈশ্বরকে বলছেঃ 'তুমি এক নির্মম-নির্দয় অসুর, তুমি চলে যাও নরকে, আমি তোমার তোয়াক্কা করি না। আমি এ অসহায়, দুঃখপীড়িত মহিলাটির উপর এমন বর্বর ও অমানবিক শাস্তি প্রয়োগ করাকে মেনে নিতে পারি না, যার জন্য সে নিজে কোনই ভুল করে নি।।'"

কাজেই এ আলোচনার আলোকে আমরা দেখিঃ ইসলাম একমাত্র ধর্ম, যা সংশোধিত হয় নি এবং তা ঈশ্বরের মৌলিক শিক্ষা হিসাবে টিকে আছে। আমরা উপরে দেখেছি যে, ইহুদীরা আল্লাহর মৌলিক শিক্ষা ব্যভিচারের জন্য পাথর ছুঁড়ে হত্যার বিধান পরিত্যাগ ও অবহেলা করছিল; অথচ ইসলামের নবী মুহাম্মদ এসে আল্লাহর সে মূল শিক্ষাকে পুনঃপ্রতিষ্ঠিত করলেন। তথাপি দুঃখের বিষয় যে, ইসলামও বিশ্বের বিভিন্ন অংশে আল্লাহর মূল শিক্ষা থেকে সরে গেছে ও যাচ্ছে এবং নানা ভ্রষ্ট ধরনের ইসলাম - যেমন সুফি ইসলাম, মুতাজিলা ইসলাম এবং আধুনিক বা নমনীয় (moderate) ইসলাম - ইত্যাদির জন্ম দিয়েছে। মুসলিম দেশগুলোতে পশ্চিমা উপনিবেশিক শাসনও সেসব মুসলিম সমাজকে বিভিন্ন মাত্রায় প্রকৃত ইসলামের চর্চা থেকে বিচ্যুত করেছিল।

যাহোক, আজকের চলমান ইসলামী পুনর্জাগরণ - যা নবীর চর্চাকৃত ৭ম শতাব্দীর উজ্জ্বল ইসলামের ঝলক দেখাচ্ছে - সেটা আল্লাহর প্রকৃত বান্দাদের জন্য একটা সুখবর। ইসলাম তার সত্যিকার ও মৌলিক শিক্ষা পুনঃপ্রতিষ্ঠার মাধ্যমে আবারও ঝলসে উঠতে যাচ্ছে। ভাগ্যক্রমে

সৌদি আরব অনেক কষ্টত্যাগ ও দৃঢ়তার সাথে ইসলামের প্রায় বিশুদ্ধ রূপকে বাঁচিয়ে রেখেছে এবং আল্লাহর মহিমায়, প্রকৃত ইসলাম তার পুণ্যভূমি থেকে পৃথিবীর কোণে কোণে বিস্তৃত হচ্ছে ও হতে থাকবে। সত্যিকার ইসলাম ইতিমধ্যে পুনঃপ্রতিষ্ঠা করা হয়েছে ইরানে , যে দেশটির রয়েছে উজ্জ্বল ইসলামী ঐতিহ্য, এবং যেখানে গাদ্দার শাসকদের কারণে পাশ্চাত্যের অশুভ ও অনৈসলামিক সংস্কৃতি ও জীবনাচরণ এসে ইসলামকে প্রায় মৃত্যুমুখে পতিত করেছিল। আফগানিস্তানেও ইসলাম মরণমুখী হয়ে পড়েছিল নাস্তিক্যবাদী সমাজতান্ত্রিক ও পশ্চিমা সংস্কৃতির প্রভাবে এবং তালেবানরা সেখানে সগৌরবে প্রকৃত ইসলাম পুনঃপ্রতিষ্ঠা করে। তবে দুঃখের বিষয় যে, ওসামা বিন নাদেনের আল-কায়েদা সন্ত্রাসী দল কর্তৃক ২০০১ সালে আমেরিকায় সন্ত্রাসী আক্রমণের পর কাফের-বিধর্মী আমেরিকানরা তালেবানদের সে গৌরবোজ্জ্বল সফলতা নস্যাৎ করে ফেলে আফগানিস্তানে আক্রমণ করে। যাহোক, এটা একটা সাময়িক বিপর্যয় মাত্র। পশ্চিমা শক্তি ইতিমধ্যে সেখান থেকে চলে যাওয়ার প্রস্তুতি নিচ্ছে এবং তারা চলে যেতেই প্রকৃত ইসলাম সেখানে চলে আসবে।

প্রকৃত ইসলাম প্রায় নিখুঁতরূপে পাকিস্তান , সুদান ও নাইজেরিয়ার মুসলিম-অধ্যুষিত উত্তর অংশে পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে। প্রকৃত ইসলাম প্রতিষ্ঠিত হচ্ছে মালয়েশিয়ার কেলান্তান ও টেরাংগানু প্রদেশে এবং ইন্দোনেশিয়ার জাভা ও আচেহ -তে। আমেরিকা ও মিত্র শক্তি ইরাকের তথাকথিত ধর্ম-নিরপেক্ষ সাদ্দাম হুসেনকে সরানোর পর আমরা দেখছি ইরাক আবার প্রকৃত ইসলামের মুখ দেখতে যাচ্ছে, যেখানে মুক্তাদা আল-সাদর ও মহান আয়াতুল্লাহ আল-সিস্তানির মত মুল্লারা রাষ্ট্রীয় পর্যায়ে শক্তিশালী অবস্থানে চলে আসছে। প্রকৃত ইসলাম বাংলাদেশকে ধীরে ধীরে ইসলামীভাবে বিশুদ্ধ করে তুলছে এবং শীঘ্রই তা কর্তৃত্ব সহকারে প্রতিষ্ঠিত হওয়ার পথে। আমরা দেখছি স্বর্ণোজ্জ্বল ইসলাম পশ্চিমা বিধর্মী দেশগুলোতেও শিকড় গাড়তে শুরু করেছেঃ যেমন ক্যানাডার অন্টারিও প্রদেশে মুসলিমদের জন্য "শরিয়া আদালত" আংশিকভাবে কার্যকর ছিল দীর্ঘদিন (১৯৯১-২০০৫ সাল) এবং সম্প্রতি ব্রিটেনে ইসলামী শরিয়া আদালত মুসলিম নাগরিকদের জন্য বৈধ করেছে সরকার। অন্যান্য পশ্চিমা দেশে মুসলিমরা শরিয়া আইন প্রতিষ্ঠার দাবী করে যাচ্ছে।

স্বর্গের পাসপোর্ট

যারা সত্যি সত্যি মৃত্যু-পরবর্তী জগতে তাদের সৌভাগ্য ও শান্তি নিশ্চিত করতে চায়, তাদের সবার কাছে সঠিক পথটি এখন খোলাসা হয়ে যাওয়ার কথা। আমার কাছে অন্তত সে পথটি স্বচ্ছ হয়ে উঠেছে; আমি আলোকের পথ দেখছি। আমি বলিঃ "আসুন সত্যিকার ও নিখুঁততম

কভি-না-সংশোধিত ইসলাম ধর্মে এবং আপনারা নিশ্চিত স্বর্গের পথে পা রাখবেন। এবং আল্লাহ যে তোড়জোরের সাথে বিশ্বের প্রান্তে প্রান্তে তার স্বর্ণোজ্জ্বল কর্তৃত্ব প্রতিষ্ঠা করে যাচ্ছে - তাতে ইসলাম কেবল স্বর্গের দুয়ারই উন্মোচন করছে না, সেটা পার্থিব জগতেও একমাত্র জীবন-আদর্শ হিসাবে প্রতিষ্ঠিত হতে যাচ্ছে। ইহজগতে ইসলামের এ একচ্ছত্র প্রাধান্য প্রতিষ্ঠার প্রতিজ্ঞা আল্লাহ নিজেই করেছেনঃ

"লড়াই করে যাও তাদের সাথে যতদিন না গণ্ডগোল ও নির্যাতন শেষ হয় এবং ন্যায়বিচার ও একমাত্র আল্লাহতে বিশ্বাস পরিপূর্ণভাবে ও সর্বত্র প্রাধান্য পায়।" (কোরান ৮:৩৯)"

আল্লাহর এ নির্দেশ যে বৃথা যেতে পারে না বা যাবে না , সেটা আমাদের কাছে স্পষ্ট হয়ে উঠছে। কাজেই ইহজগত ও পরজগত - উভয় জগতেরই ভাল চাইলে আমাদের কি করা উচিত সেটা সুস্পষ্ট, বলার অপেক্ষা রাখে না।

(দ্রঃ লেখাটি প্রথমত ২০০৩ সালে ইংরেজীতে 'Which Religion Should Choose?' শিরোনামে mukto-mona.com-এ প্রকাশিত হয়েছিল। বঙ্গানূদিত এ রচনাটি মূল রচনা থেকে সামান্য পরিবর্ধিত ও সংশোধিত।)

সূত্রঃ

i Ibn Ishaq, *The Life of Muhammad*, <st1 lacename>Oxford</st1 lacename> <st1 lacetype>University</st1 lacetype> Press, <st1 lace>Karachi</st1 lace>, p. 684

ii http://www.nobeliefs.com./speeches.htm

iii Hitler, Adolf, Mein Kampf, Vol. 2, Chapter 1

iv উদ্ধৃতি *The Holy Reich*, by Richard Steigmann-Gall

v উদ্ধৃতি *Hitler's Elite, Shocking Profiles of the Reich's Most Notorious Henchmen* গ্রন্থে, Berkley Books, 1990; দেখুন http://www.nobeliefs.com/henchmen.htm

vi **Adolf Hitler**, in a speech in <st1 lace>Berlin</st1 lace> on 24 Oct. 1933

vii খৃষ্ট বাইবেল, ম্যাথিউ ১০:৫-৬; ১৫:২৪

viii এম, এ, খান (২০১০) *জিহাদঃ জবরদস্তিমূলক ধর্মান্তরকরণ, সাম্রাজ্যবাদ ও ক্রীতদাসত্বের উত্তরাধিকার*, ব-দ্বীপ প্রকাশন, ঢাকা

ix Ibn Ishaq, The Life of Muhammad, Oxford University Press, Karachi, p. 461-70

x Russell B (1956) *Why I am not a Christian*, <st1 lace>Simon& Schuster, New York</st1 lace>, p36

কমেন্ট

অনেকদিন আগে এই অসাধারণ

মন্তব্য করেছেন আবুল কাশেম (তারিখ: শুক্র, 02/08/2013 - 01:05).

অনেকদিন আগে এই অসাধারণ রচনাটির ইংরাজি সংস্করণ পড়েছিলাম। আজ এর বাংলা সংস্করণ পড়ে আরও ভালো লাগল।

এর ইংরেজী সংস্করনের লিংকটা

মন্তব্য করেছেন আব্দুল হাকিম চা... (তারিখ: শুক্র, 02/08/2013 - 03:16).

এর ইংরেজী সংস্করনের লিংকটা দিতে পারেন?

এর ইংরেজী সংস্করনের লিংকটা

মন্তব্য করেছেন আবুল কাশেম (তারিখ: শুক্র, 02/08/2013 - 13:05).

এর ইংরেজী সংস্করনের লিংকটা দিতে পারেন?

আপনি মুক্তমনার পুরানো ঝুলি (আর্কাইভ) দেখতে পারেন। হয়ত পেয়ে যাবেন।

সফল না হলে লেখককে ই-মেইল পাঠান।

<u>নাহ, মুক্তমনাতে মনে হয় আমার</u>

মন্তব্য করেছেন আলমগীর হুসেন (তারিখ: শুক্র, 02/08/2013 - 13:56).

নাহ, মুক্তমনাতে মনে হয় আমার কোন লেখা আর নেই।

ইংরেজী ভার্শনটি এই লিঙ্কে থাকার কথাঃ http://www.islam-watch.com/M.Hussain/which_religion_should_i_choose.htm

কিন্তু খুলছে না। মনে হয় 'ইসলাম উয়াচ' সাইটে কিছু সমস্যা আছে। সাইটের কর্তৃপক্ষকে জানানো হয়েছে সমস্যাটির কথা।

<u>নাহ, মুক্তমনাতে মনে হয় আমার</u>

মন্তব্য করেছেন আবুল কাশেম (তারিখ: শুক্র, 02/08/2013 - 14:19).

নাহ, মুক্তমনাতে মনে হয় আমার কোন লেখা আর নেই।

আহ! কী আশ্চর্য! আমি আমার পুরানো ঝুলি খুঁজলাম ; পেয়ে গেলাম যদিও html।

রচনাটি আমার এত ভাল লেগেছিল যে আমি এর এক ব্যক্তিগত অনুলিপি রেখে দিয়েছিলাম।

<u>আগে পারিবারিক নাপিত, ধোপা এবং</u>

মন্তব্য করেছেন এন সরকার (তারিখ: শনি, 02/09/2013 - 06:11).

আগে পারিবারিক নাপিত, ধোপা এবং পুরোহিত থাকত। এখন নেই। এখন ধর্মটা আছে পারিবারিক হিসেবে। তাই এখনও বিনা বিশ্লেষণে পারিবারিক ধর্মটাই আপন ধর্ম হয়ে যায়। সেই দৃষ্টিকোন থেকেই এই লেখাটি ব্যতিক্রম। এমন বিশ্লেষণ করে কয় জনা। সেই কারণেই ভাল লাগল লেখাটি।

মুহম্মদ এবং গৌতম বুদ্ধ দুই মেরুর দুইজন লোক ছিলেন। একজন রাজপুত্র ছিলেন। পার্থিব ভোগ - বিলাসের সবরকম প্রাচুর্যই ছিল। কিন্তু মানুষের রোগ-শোক, দুর্ভোগ দেখে এত বিচলিত এবং আহত বোধ করলেন যে সব কিছু ছেড়ে রাস্তায় নামলেন। নির্বা ন লাভের পথ খুঁজলেন। কোন ঈশ্বরের জন্ম দিলেন না।

আর একজন ছিলেন রাস্তার মানুষ। হত্যা-ধর্ষন, লূন্ঠন ইত্যাকার যত রকম অপকর্ম আছে সব কিছুর বিনিময়ে রাজত্ব প্রতিষ্ঠা করলেন। এর জন্য অলীক এক ঈশ্বরের সৃষ্টি করলেন। বললেন তিনি সব কিছু সেই "তারই" ইচ্ছায় করছেন। সেই অলীক "তার" সাথে তিনিই শুধু যোগাযোগ করতে পারেন আর কেউ নয়। অন্যদেরকে বিশ্বাস করতে হবে। বিশ্বাস করলে দারূণ সব পুরষ্কার। না করলে কঠিন কঠিন শাস্তি।

এরকম বহু ঈশ্বর সৃষ্টি হয়েছে। হিন্দুরা তো নতুন ঈশ্বর এখনও সৃষ্টি করে যাচ্ছে। দেশে আমার ঠাকুরদার বন্ধু দিন দিনই ঈশ্বর হচ্ছেন। কিছুদিন ছাপার অক্ষরে বেরিয়েছে তিনি প্রায় আড়াই হাজার বছর আগে জন্মেছিলেন। লে ঠ্যালা।

শুধু তুলনা মূলক বিশ্লেষন করে থামলেই হবে না। ঈশ্বরগুলো আদৌ ছিল কিনা তা যুক্তি দিয়ে বুঝার চেষ্টা করতে হবে। আব্রাহামিক ধর্মগুলো (ইসলাম ধর্মও এই গ্রুপে পরে) মতে ঈশ্বর আদমকেই বিশ্বের প্রথম মানব বানিয়েছেন। আমার কাছে একটি বই আছে - সেই বই মতে আদমকে প্রথম মানুষ হিসেবে পৃথিবীতে পাঠানো হয় খ্রীস্টের জন্মের মাত্র ৪০০৪ বছর আগে। তার মানে দাঁড়ায় আজ থেকে মাত্র ৬০১৭ বছর আগে।

তিন মিলিয়ন বছর আগের মানুষের জীবাশ্ম পাওয়া গেছে এই পৃথিবীতে। তাহলে মাত্র ৬০১৭ বছর আগের একটি মানুষকে প্রথম মানুষ কোন হিসেবে ধরা যাবে ? এদুটোর কোন একটি মিথ্যা হবে।

ধর্ম বিশ্বাস করলে তিন মিলিয়ন বছরের মানুষের জীবাশ্মকে মিথ্যা বলতে হবে। দুটোকে ঠিক ধরার কোন যুক্তি নেই। জীবাশ্মটিকে অবিশ্বাস করার উপায় নেই। এথেকেই প্রমাণ হয় - তথাকথিত ঈশ্বরগুলোর অস্তিত্ব আগে ছিলনা, এখন নেই, ভবিষ্যতেও থাকবেনা। কাজেই ঈশ্বরে বিশ্বাস করে হুর-পরী পাওয়ার লোভের কোন যুক্তি নেই।

গ্রামে একটি প্রবাদ আছে - "মানলে তালগাছ, না মানলে '--'গাছ"। আমার কাছে সব ঈশ্বরই '--'গাছ।

সমাপ্ত

আমি নাস্তিক, কোন অপরাধী নই।

Posted on April 3, 2013 by paglabilai

প্রথমেই বলে রাখি সকল ধর্মই আমি ঘৃনা করি । ধর্মবিশ্বাষী মহাজ্ঞানী গুনীরা প্রশ্ন করে কেন আমরা নাস্তিকরা ইসলাম বিদ্বেষী । আসলে সমস্যা হলো হিন্দু ধর্ম শুধুই একটা ধর্ম যেটা নিয়ে মানুষ রাজনীতি করে না । ইহুদিবাদ বা খ্রিস্টানবাদ পৃথিবীতে এখন কোন সমস্যা না কারণ ঐসব ধর্ম রাজনীতির সাথে জড়াচ্ছে না বা জীবন আদর্শ হচ্ছে না। সুতরাং ধর্ম প্রকৃতপক্ষে কারো জীবনে প্রভাব ফেলছে না। সত্যি কথা হলো অনেক হিন্দু, ইহুদী বা খ্রিস্টান ওদের নিজেদের ধর্ম বিশ্বাষ করে না।

কিন্তু ইসলাম নিয়ে সমস্যা পৃথিবীতে আসলেই প্রকট । মানব সভ্যতার জ্ঞান বিজ্ঞান ধ্বংসের জন্য আব্রাহামিক সকল ধর্মই দায়ী কিন্তু ইসলাম এসেছে সকল ধরনের প্রশ্নকে প্রশ্ন বিদ্ধ করতে ।ইসলামের নবী মুহাম্মদ যদি মানুষকে শত বছরের প্রচলিত বিশ্বাষ উপেক্ষা করে ইসলামের পথে দাওয়াত দিতে পারে তাহলে আমি কেন মানুষকে নাস্তিক হতে বলতে পারবো না । কেন ইসলামের অসারতা প্রমাণ করতে পারবো না। ইসলামের নবী মুহাম্মদ যদি দৃশ্যমান মূর্তিপুজায় বাধা দিতে পারে , আমি তবে কেন একজন অদৃশ্যমান সত্তায় বিশ্বাষ রাখবো । কোন হিন্দু যখন বলে গনেশের হাতির মাথা আছে তখন মুসলমানরা হাসিতে উড়ায় দেয়, গাজাখুড়ি গল্প বলে কিন্তু মুসলমানরা যখন বলে মুহাম্মদ এক রাত্রে বোরাকে (বোরাক হচ্ছে একটি ঘোড়ার মত প্রাণী যার মাথাটা মানুষের মত) করে মেরাজে গিয়েছিল এবং জীবরাইলের নাকি ছয়শত ডানা আছে তখন আমরা হাসি দিলে আমাদের দোষ হয়ে যায় ।কেন মুসলিমরা এক চোখা । কোরআনে সুরা লাহাবে বলা আছে আবু লাহাব ধ্বংস হোক ।তাতে মুসলিমদের সমস্যা নাই । কিন্তু আমরা মুসলিম নবী, তার কোরআন এর ধ্বংস কামনা করলে কেন ওরা আমাদের হত্যা করতে উদ্যত হয়ে ওঠে।

এইসব প্রশ্নের উত্তর মুসলমানরা সবসময়ই ত্যানা প্যাচায় দিবে । সুতরাং এটা কোন ঘটনা না। ঘটনা হলো মুহাম্মদ যা করছে আমরা তার থেকে ভালো কিছু করলেও মুসলিমরা আমাদেরকে ঘৃনা করে । মুহাম্মদ কাবা শরীফ থেকে ৩৬০টা মুর্তি ফেলে দিয়েছিলো। আমরা আল্লাহ নামের অদৃশ্যমান কিছুকে ফেলে দিচ্ছি। তো সমস্যা টা কী? অনেকে বলে মুসলমানরা সংখ্যায় বেশি তাদের মনে কষ্ট দেওয়া ঠিক না। কাবা জয়ের আগে মুসলমানরা তো সংখ্যায় কম ছিলো তারা যদি অমুসলিমদের দাওয়াত দিতে পারতো তাহলে আমরা মানুষকে ইসলামের মতো একটা ফালতু থার্ডক্লাস ধর্মকে আবর্জনা বলাতে পারবো না।

ইসলাম একটা নৃশংস ধর্ম । আমার সবচেয়ে বড় কষ্ট লাগে আমি নাস্তিক তাই বলে কি দেশকে ভালোবাসার কোন অধিকার আমার নাই। সব জঙ্গি বেশিরভাগ ইসলামপন্থি বা ধর্মপন্থি কেন ? কই কোন নাস্তিককে তো দেখিনা জঙ্গি হতে।

জানিনা এই চরমপন্থি ইসলামিক জঙ্গি গুলো কতদিন পৃথিবীতে থাকবে কিন্তু এও জানি ইসলাম নামের অন্ধকার থেকে মানুষ একসময় আলোর দিকে আসবেই । সেই অপেক্ষা হয়ত খুব তারাতারি শেষ হবে ।ধর্ম নামক আবর্জনা পৃথিবী থেকে বিনাশ হবেই হবে ।

http://www.somewhereinblog.net/blog/MonirHasan/28973721

আপেল কেচ্ছা

০৫ ই জুলাই, ২০০৯ রাত ২:৫৩ |

মনির হাসান

: আপেল আছে ?

: হ্যা, আপেল আছে ।

: কই ?

: ঐ যেটা !

: কোথায় ?

: ঐ যে, টেবিলের উপরে ।

: কই আমিতো কোন আপেল দেখছি না !

: ভালো করে তাকিয়ে দেখ ।

: না, আমি কোন আপেল দেখছিনা তো ।

: আরে নির্বোধ, ঐ যে টেবিলের উপর একটা বল, রঙ করার জন্য লাল পেইন্টের কৌটা, ভিটামিন, খনিজ ইত্যাদি ইত্যাদি ... এসব দেখছিস্ না ?

: হ্যা, এসব দেখছি । কিন্তু আপেলটা কই ?

: আরে নির্বোধ, ওটাই তো আপেল ।

: কিন্তু ওটা আপেল হয় কি করে ।

: আরে নির্বোধ, ওই গুলোকে মিলিয়ে গুলিয়ে কল্পনা করতে দেখ না ! !

: তাহলে আদতে কিন্তু কোন আপেল নেই । তাই না ?

: আরে গাধা বলে কি ! ঐটাকে কি আপেল কল্পনা করা যায় না ।

: দুঃখিত জনাব, আপনি আমাকে আপেলের প্রতিশ্রুতি দিয়ে এনেছেন।
কিন্তু আসলে আপেল নেই ।
: আরে গাধা, তোর দিলে সীল পরে গেছে ... তোকে দিয়ে হবে না ।

: আমার আপেলটা দেখিয়ে দিন দয়া করে ... আমার আর কিচ্ছু চাওয়ার নেই । আপেলের প্রতিশ্রুতি দিয়ে তো আপনিই আমাকে এখানে এনেছেন । চলে যাচ্ছেন ক্যান ?
: ... ...

(উত্তরকারীর প্রস্থান, এবং সে আর কোনদিন ফিরে আসেনি ।)

কমেন্ট

১. ০৫ ই জুলাই, ২০০৯ রাত ২:৫৫

*নির্ঝর নৈঃশব্দ্য বলেছেন: ++*
০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:১৬
লেখক বলেছেন: আপেল খুজে পেলে খবর দিয়েন ।

২. ০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:০২

বাবুতারা বলেছেন:
০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:১৭
লেখক বলেছেন:

৩. ০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:১১
রণদীপম বসু বলেছেন: বাহ্ ! সুন্দর তো !..... +
০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:১৮

লেখক বলেছেন: ঈশোপের গল্পের মত কি হয়েছে কিছু ?

৪. ০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:১৪

মনজুরুল হক বলেছেন:

ইনফ্যাক্ট দেয়ার ইজ নো আপেল! জোশ!!

০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:১৯

লেখক বলেছেন: ঈশপের মত হতে ইচ্ছে করে মাঝে মাঝে ... খালি গল্প শুনিয়ে বেড়াতাম ।

৫. ০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:১৬

হাসান মাহবুব বলেছেন: আগেই পর্সিলাম

০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:১৯

লেখক বলেছেন: হ, বাংলানোটা ক্যামুন হইছে ?

৬. ০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:২৭

মনজুরুল হক বলেছেন:

আমি খুব সংক্ষেপে একটা বলি................

মানব: ঈশ্বর তুমি না বলেছিলে আমি তোমার অতি প্রিয় , বর পাবার মত কাজ করেছি!

ঈশ্বর: হ্যাঁ।

মানব: তাহলে বর দাও?

ঈশ্বর: বল, কি বর চাও?

মানব: যা চাইব তা-ই দেবে?

ঈশ্বর: নিশ্চই!

মানব: ইবলিসের চেয়ে ক্ষমতাবান শয়তানের বর চাই!

ঈশ্বর: দুঃখিত, সেটা আগেই দেওয়া হয়ে গেছে!

মানব: কাকে?

ঈশ্বর: আরবদেরকে।

০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:৩৯

লেখক বলেছেন: হা হা হা হা হা ... আমি নির্বাক, বর চাইবার ইচ্ছেটা মরে গ্যালো ।

৭. ০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:৩৬

অন্য কেউ বলেছেন: পসন্দ!

০৫ ই জুলাই, ২০০৯ রাত ৩:৩৯

লেখক বলেছেন: ধইন্যা পত্র

৮. ০৫ ই জুলাই, ২০০৯ ভোর ৪:১১

মার্ক জুবাবের বলেছেন: আপেল নিয়া খুন ফুন চলিবে না...

০৬ ই জুলাই, ২০০৯ রাত ১:৩৯

লেখক বলেছেন:

আপেল চাই

আপেল দেখতে চাই

আপেল খেতে চাই

নইলে কারো বাঁচন নাই

৯. ০৫ ই জুলাই, ২০০৯ সকাল ৭:৪৫

পানকৌড়ি বলেছেন: আপেল নিয়া ২ নাম্বারী মানিনা,মানবোনা । আপেল টা কোথায় গেল শেখ হাসিনা জবাব চাই ।

০৬ ই জুলাই, ২০০৯ রাত ১:৪৩

লেখক বলেছেন: জবাব চাই, জবাব দিন

১০. ০৫ ই জুলাই, ২০০৯ দুপুর ২:৫১

যীশূ বলেছেন: দারুন লেখা।

আমি মানে আমার হাত না, পা না, আমার মাথা বা আমার শরীরটাও না, আমি মানে শুধুই আমি।

০৬ ই জুলাই, ২০০৯ রাত ১:২৭

লেখক বলেছেন: আমি মানে শুধুই আমি , স্ব-আমি .... = স্বামি

১১. ০৬ ই জুলাই, ২০০৯ রাত ১:২৯

মনজুরুল হক বলেছেন: এত দেরী !!??

০৬ ই জুলাই, ২০০৯ রাত ১:৪০

লেখক বলেছেন: বস্ ... দৌড়ের উপর সারাদিনটা দিন

১২. ০৬ ই জুলাই, ২০০৯ রাত ১:৫২

নীল অপরাজিতা বলেছেন: সত্যিই বলেছেন, কেউ কথা রাখে না।

০৬ ই জুলাই, ২০০৯ রাত ১:৫৭

লেখক বলেছেন: হুমম ... সবাই এরম হয় ক্যান ?

১৩. ০৮ ই জুলাই, ২০০৯ ভোর ৪:১৬

অন্য কেউ বলেছেন: কি ফাউল একটা হুট হাট কৈরা আসে তার্পর লেখেনা কিসু!

মেইল এ্যাড্রেস দ্যান। যুগাযুগ দর্কার।

০৯ ই জুলাই, ২০০৯ সন্ধ্যা ৬:২২

লেখক বলেছেন: উক্কে ...

১৪. ০৮ ই জুলাই, ২০০৯ দুপুর ১২:০৮

ক- খ- গ বলেছেন:

০৯ ই জুলাই, ২০০৯ সন্ধ্যা ৬:২১

লেখক বলেছেন: .... কি হাসেন ক্যান?

১৫. ১১ ই জুলাই, ২০০৯ বিকাল ৩:৩৯

দি ওয়ান বলেছেন:

১২ ই জুলাই, ২০০৯ রাত ১:৪০

লেখক বলেছেন: আপ্নেও ?

১৬. ১৬ ই জুলাই, ২০০৯ বিকাল ৪:৪৮

অপ্রিয় সত্য বলেছেন:

আস্তিক হলেও নই ধর্মান্ধ ,

নাস্তিক না হলেও চাই সমাজতন্ত্র।

ম্যান্ডেলা না হলেও নই হিটলার ,

মুক্তিযোদ্ধা না হলে ও নই রাজাকার।

(আমার "মধ্যপন্থি" ধান্দাবাজ কবিতা'টা যদি)

২১ শে জুলাই, ২০০৯ বিকাল ৫:৫১

লেখক বলেছেন: হুমমম, ভালো ধান্দাবাজী কবিতা হইছে ।

ব্যাবহারেই লেইগা স্মরণে রাখলাম ।

১৭. ২০ শে জুলাই, ২০০৯ সন্ধ্যা ৭:৪০

রাস্তার ছেলে বলেছেন: তাও ভাল, লাঠি নিয়ে আসে নি 'আপেল' চেনাতে!

২১ শে জুলাই, ২০০৯ সন্ধ্যা ৬:০৫

লেখক বলেছেন: হা হা হা হা হা ... ভালো বলছেন ।

১৮. ২২ শে জুলাই, ২০০৯ রাত ১:৪৬



দীপান্বিতা বলেছেন:

২২ শে জুলাই, ২০০৯ রাত ২:৪০

লেখক বলেছেন: হাসার কি হইলো ? আপেল কই ?

১৯. ২২ শে জুলাই, ২০০৯ দুপুর ১:১৪



দীপান্বিতা বলেছেন: হা......হা......আমার মাথায় ভুষা ভরা......কি যে বলছেন ভাবে২! কিছুই বুঝি না...তাই হেসেই পালিয়েছিলাম........

২৪ শে জুলাই, ২০০৯ রাত ২:৩৮

লেখক বলেছেন: হুমমম, আসলে বোঝার কিছু নাই, পুরোটাই উপলব্ধির ।

২০. ২৪ শে জুলাই, ২০০৯ রাত ২:৫৪

ছক্কুরালী বলেছেন: মজা পাইলাম না। হ্যাল্লেগা প্যালাস মাইনার দিয়ার্লাম না।

২৪ শে জুলাই, ২০০৯ রাত ৩:১৩

লেখক বলেছেন: মজা না পাইলে মাইনাস দ্যান ।

২১. ২৪ শে জুলাই, ২০০৯ বিকাল ৩:০১



দীপান্বিতা বলেছেন: হুম.....

২৫ শে জুলাই, ২০০৯ রাত ৩:২২

লেখক বলেছেন: দিলাম নাকি মনটা খারাপ কইরা ...

২২. ২৫ শে জুলাই, ২০০৯ রাত ২:২৭

সৌম্য বলেছেন: মনির ভাই আপনে সেরম লেখক!
২৫ শে জুলাই, ২০০৯ রাত ৩:২১
লেখক বলেছেন: সৌম্য আমি মোটেও ভালো লেখি না (এইটা বিনয় না, সত্য)। ছোট বেলা ঈশপ হবার স্বপ্ন ছিলো। পথে পথে নিজের বানানো গল্প শুনিয়ে বেড়াব।

অনেক ইচ্ছার মত সেইটাও মরে গেছে।

২৩. ২৫ শে জুলাই, ২০০৯ সন্ধ্যা ৭:০৯


দীপান্বিতা বলেছেন:
'ছোট বেলা ঈশপ হবার স্বপ্ন ছিলো। পথে পথে নিজের বানানো গল্প শুনিয়ে বেড়াব।

অনেক ইচ্ছার মত সেইটাও মরে গেছে।'

ইচ্ছাকে না মেরে, আবার শুরু করুন, তা হলেই মন ভাল হয়ে যাবে .....
২৬ শে জুলাই, ২০০৯ রাত ১:৪০
লেখক বলেছেন: ওক্কে ... উৎসাহ দেয়ার জন্য ধন্যবাদ, পরে পস্তালে সব দোষ আপনের ...

২৪. ২৬ শে জুলাই, ২০০৯ রাত ১০:৫২


দীপান্বিতা বলেছেন: হাঃ...হাঃ...হাঃ ....
২৮ শে জুলাই, ২০০৯ রাত ৩:৪২
লেখক বলেছেন: হুমমম, যত হাসি তত কান্না বলে গেছেন রাজেশ খান্না ...

২৫. ২৭ শে জুলাই, ২০০৯ সকাল ১০:৩৩

অপ্রিয় সত্য বলেছেন:

বস্

আঙ্গুরে'র আশায় ,

কাটছে অপেক্ষায় ।

কত চা খাই!

আপনার দেখা নাই!!!!

Why????????

২৮ শে জুলাই, ২০০৯ রাত ৩:৪০

লেখক বলেছেন: দিনের বেলা

অফিসের কামলা

মনটা চায় রাইতে

প্যাট ভইরা ঘুমাইতে

(আগ্রের মত ভাল হয় নাই)

২৬. ৩০ শে জুলাই, ২০০৯ রাত ১:৪৪

শয়তান বলেছেন: চেক ইউর মেইল

৩০ শে জুলাই, ২০০৯ রাত ২:৪৯

লেখক বলেছেন: নাউ চেক ইউর মেইল ...

২৭. ৩০ শে জুলাই, ২০০৯ দুপুর ২:১০

 *দীপান্বিতা বলেছেন: বাপ্‌রে! আপনি কি রাজেশ খান্নার(বাবু মশা...!) ফ্যান নাকি!*

০২ রা আগস্ট, ২০০৯ রাত ১২:৪৪

লেখক বলেছেন: না, রাজেশ খান্না'রে ঠিকঠাক মত চিনিও না ... বন্ধুরা এই ডায়ালগ দেয় বলে আমিও দিলাম ।

ইমো'তে বেশি এক্সপার্ট হয়া গেছেন ... না ...

২৮. ০১ লা আগস্ট, ২০০৯ সকাল ১০:৫০

ওমর হাসান আল জাহিদ বলেছেন: জটিল হইছে বস!

০২ রা আগস্ট, ২০০৯ রাত ১২:৪৪

লেখক বলেছেন: জটিল ধইন্যা বস্

২৯. ০২ রা আগস্ট, ২০০৯ রাত ১২:৪৮

কাকশালিখচড়াইগাঙচিল বলেছেন:

আপেল খাইলে অন্যতাও হয়, অন্যকিছু, শুধু কেচ্চা না

০২ রা আগস্ট, ২০০৯ রাত ১:২২

লেখক বলেছেন: গুরু ... কি অবস্তা ?... আপেল কাহিনি বাদ দ্যান ... আপনের হায়ারোগ্লিফিক্স চর্চা কিরাম চলে ?

৩০. ০২ রা আগস্ট, ২০০৯ রাত ১:০৯


দীপান্বিতা বলেছেন: তা বলে এই ইমোসন দেখাবেন!

যাক! টুক্ করে আমার ব্লগে এসেই কেটে পরলেন!......এখনও vdo দেখতে পাচ্ছেন না!
ফায়ারফক্স ডাউনলোড করুন!

০২ রা আগস্ট, ২০০৯ রাত ১:১৯

লেখক বলেছেন: না ... আপনার ব্লগে এখনো আছি ... সব ভিডিওগুলা নামতেছে ।
কি যে সব জিনিষ দেন ... নামতে নামতে এক্কেকটা ১ ঘন্টা ।

৩১. ০২ রা আগস্ট, ২০০৯ রাত ২:৩৭

সবাক বলেছেন:

ওই মিয়া.. নতুন লেখা দিবেন, নাকি মাইর খাবেন?

০২ রা আগস্ট, ২০০৯ রাত ৩:২৮

লেখক বলেছেন: লেখা আউগায় না ... দিমু দিমু কইরা সব ড্রাফটে ... খালি ঘুম পায় ।

৩২. ০৩ রা আগস্ট, ২০০৯ রাত ২:০৩

*নির্ঝর নৈঃশব্দ্য-২ বলেছেন:*

Click This Link

০৫ ই আগস্ট, ২০০৯ রাত ১২:১৯

লেখক বলেছেন: দেখতেছি।

৩৩. ০৪ ঠা আগস্ট, ২০০৯ বিকাল ৩:১৭

*দীপান্বিতা বলেছেন: সবার উপর রেগে, নাকি! সব ইমোসন আপনার এক!!...কি ব্যাপার...*

০৫ ই আগস্ট, ২০০৯ রাত ১২:০১

লেখক বলেছেন: আরে আমি ইমো'তে কাচা ... দুই তিন'টা ছাড়া জানি না ... ঘুরেফিরে ঐ একই কুমিরের বাচ্চা দেখাই ...

৩৪. ০৫ ই আগস্ট, ২০০৯ রাত ১২:৫২

পল্লী বাউল বলেছেন: ঘটনা কি, ঘুম ভাঙ্গে না ক্যান?
নুতন পোস্ট কৈ?

শুনেছেন, শয়তান নাকি নির্বাসনে যাইব।
০৬ ই আগস্ট, ২০০৯ রাত ২:১১
লেখক বলেছেন: শয়তান ভাইরে জেলে ভরুম। নির্বাসনে থাকতে পারবনা।

নতুন লেখা হয়না বস্ ... অর্ধেক লেইখা সব ড্রাফটে রাখি।

৩৫. ০৫ ই আগস্ট, ২০০৯ রাত ১২:৫৬

দীপান্বিতা বলেছেন: হাঃ...হাঃ...হাঃ....
০৬ ই আগস্ট, ২০০৯ রাত ২:১০
লেখক বলেছেন:

৩৬. ০৬ ই আগস্ট, ২০০৯ রাত ১১:১০

দীপান্বিতা বলেছেন: হাঃ...হাঃ...হাঃ .....ঐ একই কুমিরের বাচ্চা
০৭ ই আগস্ট, ২০০৯ রাত ২:১৫
লেখক বলেছেন: আর কিছুই পারিনা যে

৩৭. ০৭ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:১১

*দীপান্বিতা বলেছেন: Click This Link*

এটা দেখবেন ....

০৭ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:২৮

লেখক বলেছেন: হুমম অনেক ধন্যবাদ ... শিখলাম অনেক গুলা ।

৩৮. ০৭ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:১৫

শাওন৩৫০৪ বলেছেন: Click This Link

আপেল নিয়া আসলাম...আপেল না হইয়া অন্য কোনো ফল হইলে , ছরি...

০৭ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:২৯

লেখক বলেছেন: হা হা হা হা হা ... জটিল হইছে ।

৩৯. ০৭ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:৪১

*দীপান্বিতা বলেছেন: সেরেছে! .... শিখিয়ে দেখছি ভুলই করলাম!*

X........(১মেই এত দাঁত!

৪০. ০৭ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:৪৩

*দীপান্বিতা বলেছেন: মাঝে ওটা হবে...*

৪১. ০৭ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:৪৯

মুক্ত বয়ান বলেছেন: আপেল খাইতাম চাই!!!!

০৯ ই আগস্ট, ২০০৯ রাত ২:১৯

লেখক বলেছেন: আপেল খাইবেন ? যত সমস্যা হইছিল ঐ আপেল খাইতে গিয়াই । হজম করতে পারবেন ?

৪২. ০৯ ই আগস্ট, ২০০৯ রাত ১২:০০



দীপান্বিতা বলেছেন: উত্তর নেই কেন!......ব্যাস্ত নাকি!

০৯ ই আগস্ট, ২০০৯ রাত ২:২৩

লেখক বলেছেন: একটু ব্যাস্ত ... তবে অফলাইনে মাঝে মাঝে শুধু পড়ে যাই ।

দাত দেখে ভয় পাওয়ার কিছু নাই ... নতুন গজানো দুধ দাত

৪৩. ০৯ ই আগস্ট, ২০০৯ রাত ৩:০৩

অপ্রিয় সত্য বলেছেন:

হৈ হৈ হৈ
বস্ গেলো কই?
"কই" তো পুকুরে,
হায়াতে ত্যাইয়্যিবা ,
পাবো কেমন ক'রে?

রৈ রৈ রৈ
লাল পতাকা কই?
"লাল" সালু'র মাজারে
ভগবানে'র ভান
ভাংঙ্গবো কেমন করে?

আপেল খেয়ে ফ্যাট!!!
বেড়ে গেছে পেট!

করি খেট-মেট
হট হট কেক,
লেখা চাই নেট।

৪৪. ০৯ ই আগস্ট, ২০০৯ রাত ৮:৫৫

*দীপান্বিতা বলেছেন: নতুন গজানো দুধ দাত!!!* *... কার!...... আপনার!*
....নাকি আপনার সেই পোষ্যটির....

১০ ই আগস্ট, ২০০৯ রাত ৩:৪৮
লেখক বলেছেন: আরে না ... না আমার না পোষ্য দুটির ... নতুন শেখা ইমো 'র নতুন দাত ।

৪৫. ১০ ই আগস্ট, ২০০৯ বিকাল ৫:৫৮

রিয়াজুল ইস্লাম বলেছেন: হুমম...........................

৪৬. ১১ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:২৮

প্রণব আচার্য্য বলেছেন:
.+++
১১ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:৪৬
লেখক বলেছেন: প্রণব'দা খবর কি ? অনেক ধইন্যা ...

৪৭. ১১ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:৩৩

ছিটকিনি বলেছেন: আসলেই তো আপেল টা কোথায়?

নিশ্চয় সিআইএ, র আর মোসাদের চক্রান্ত, সেই সাথে এমআই সিক্স ও থাকতে পারে তাই না ভাইয়া?

১১ ই আগস্ট, ২০০৯ বিকাল ৩:৪৯

লেখক বলেছেন: হইতারে ভাই ... কওন যায় না। সব মোসাদের চক্রান্ত।

৪৮. ১১ ই আগস্ট, ২০০৯ রাত ৯:৫২

*দীপান্বিতা বলেছেন: আপনার বিড়ালছানাগুলি কেমন আছে! চোখ ফুটল!!!*

১২ ই আগস্ট, ২০০৯ বিকাল ৫:৩৩

লেখক বলেছেন: হ্যা ফুটছে । ছবি দিব। কিন্তু তোলাই হচ্ছেনা।

ছবি তুলে আপনাকে দিয়ে আসবো শীঘ্রই।

৪৯. ১২ ই আগস্ট, ২০০৯ রাত ৮:০০

*দীপান্বিতা বলেছেন: হু, অপেক্ষায় থাকব...*

১২ ই আগস্ট, ২০০৯ রাত ৮:২৬

লেখক বলেছেন: ওক্কে ...

৫০. ২০ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ৩:৫২

কাঁকন বলেছেন: ঈদ হয়তো শেষ পর্যন্ত আর পাচটা সাধারন দিনের মতন ই একটা দিন কোন অলৌকিক বিশেষত্ব ছাড়া তবুও শুভকামনা জানানোর একটা উপলক্ষ তো বটে তাই শুভকামনা জানাচ্ছি ভালো থাকবেন সবসময়, নিজের জীবনটা যেন নিজের মতন করেই কাটাতে পারেন

২১ শে সেপ্টেম্বর, ২০০৯ ভোর ৬:১৩

লেখক বলেছেন: ঈদ মোবারক ... চমৎকার শুভকামনার জন্য ধন্যবাদ কাঁকন।

<u>সমাপ্ত</u>

http://mukto-mona.com/bangla_blog/?p=26947

প্যাস্কালের ওয়েজার- আস্তিক হওয়াটাই কি একমাত্র নিরাপদ বাজি?

তারিখ: ১৪ আষাঢ় ১৪১৯ (জুন ২৮, ২০১২)

লিখেছেন: অভিজিৎ

'ভাই আমি আপনে সবাই একদিন মইরা যামু। ধরেন ঈশ্বর থাকা - না থাকার সম্ভাবনা ফিফটি ফিফিটি। ঈশ্বর যদি না থাকে তাইলে আস্তিক নাস্তিক কারোরই কোন সমস্যা নাই। হগগলেই তো মাটির তলায়। কিন্তু ঈশ্বর যদি থাকে আমরা যামু বেহেস্তে আর আপনেরা খাইবেন হের কোপানি। তাই আস্তিক হওয়াটাই নিরাপদ না?'

অবিশ্বাসী হওয়ার জ্বালা অনেক। এইগুলা হাজাব প্রশ্ন অহরহ শুনতে হয়। মঞ্চায় প্রশ্নগুলান ফ্রেমে বান্ধায় রাখি। আমার মনে হয় এমন কোন নাস্তিক ভাই এই ধরাধামে পয়দা হয় নাই যিনি জীবনের কখনো না কখনো এই প্রশ্নের বিশাল ধাক্কা হজম করেন নাই। একটা সময় আমি এগুলো হেসে উড়িয়ে দিতাম। ভাবতাব - এই হাবিজাবি কথায় এতো গুরুত্ব দেওয়ার কী আছে! এইটা তো ঈশ্বরের অস্তিত্বের কোন প্রমাণ না, খালি বাচ্চা-কাচ্চা গো ভুতের ভয়ের মত ভয় দেখানির লাহান । পরে দেখি আমার বহু ধার্মিক বন্ধুরাই ঈশ্বরের অস্তিত্বের পেছনে সত্য সত্যই এটাকে একটা বিরাট দাবী বলে মনে করেন। যে কোন আড্ডায় গেলেই প্যালের ঘড়ি, হয়েলের বোয়িং, কিংবা হাল আমলের হুমায়ুনের নাইকন ক্যামেরা সহ হরেক রকমের ত্যানা প্যাচ্যানির মাঝামাঝি সময়ই ত্যানায় গিট্ঠুর আকারে নাস্তিকদের বিরুদ্ধে মোক্ষম অস্ত্র হিসেবে হাজির হয়ে যায় তাদের এই 'নিরাপদ বাজির' যুক্তি - 'ভাই আমি মরলে তো সমস্যা নাই, আপনে নাস্তিক হইয়া মরলে তো খবর আছে! দোজখে পুড়বেন। পি-মারা খাইবেন। হ্যানো ত্যানো'। এই যেমন সেদিন দেখলাম, মুক্তমনার নাস্তিকের ধর্মকথার এই পোস্টে এসে মন্তব্য করতে গিয়ে ফরহাদ নামের এক ভদ্রলোক মন্তব্য করেছেন -

... শেষ বিচারের দিন আমাদেরকে নিজেদের কাজের হিসাব দিতে হবে যার ভিত্তিতে আল্লাহপাক আমাদের হয় শাস্তি দিবেন না হয় পুরস্কার দিবেন। ...যদি আমরা সঠিক হই তবে আমরা অনন্ত জীবনের পুরস্কার পাব, আর যদি কিছু না পাই তবেও কোন ক্ষতি নেই। কিন্তু আপনারা যে ভাবে চিন্তা করছেন তা যদি সত্যি না হয় (মানে আল্লাহ যদি সত্যি সত্যি একজন থাকেন এবং আপনাদের বিচার করেন) তখন আপনারা খুব বিপদে পরবেন। চিন্তা করে দেখেন তো ....

এই যুক্তিটা আসলে পুরানো। বলা হয় ফরাসী দার্শনিক কাম গণিতবিদ ব্লেইজ প্যাস্কেল (১৬২৩ - ১৬৬২) নাকি এই যুক্তিটা একসময় দিয়েছিলেন, তাই একে বলে প্যাস্কেলের ওয়েজার বা প্যাস্কেলের বাজি। বলা হয়, যে সমস্ত অবিশ্বাসীরা ঈশ্বরের অস্তিত্বের প্রথাগত 'যুক্তি'গুলোতে সন্তুষ্ট নন, তাদের জন্য সম্ভাবনার গণিত ব্যবহার করে যুক্তিমালা সাজিয়েছিলেন ঈশ্বর -বিশ্বাসী প্যাস্কেল। ভেবেছিলেন এটা হবে নাস্তিকদের কফিনে শেষ পেরেক। প্যাস্কালের ভাষাতেই -

"If you believe in God and turn out to be incorrect, you have lost nothing – but if you don't believe in God and turn out to be incorrect, you will go to hell. Therefore it is foolish to be an atheist."

নাস্তিকেরা যে কত বড় গাধা সেটা আবার নানা ধরণের ছক টক কেটে দ্বিমাত্রিক ম্যাট্রিক্স বানিয়ে একেবারে গাণিতিক ভাবে 'প্রমাণ' করে দেন প্যাস্কেল।

কিন্তু তার গণিতের শুভঙ্করের ফাঁকি তিনি ধরতে না পারলেও অন্যরা ঠিকই ধরে ফেলেছিল। আসলে তার সম্ভাবনার সূত্রে ফাঁক ফোকর এতই বেশি যে একে গণিত না বলে গোঁজামিল বলাই ভাল। যে ব্যক্তিকে 'ফাদার অব মডার্ন প্রোবাবিলিটি' বলে উপাধি দেয়া হয়েছে তার মাথা থেকে এমন দুর্বল গনিতে খোঁজা যুক্তি বেরিয়ে এসেছিল, যে ভাবতেই এখন অবাক লাগে।

চলুন দেখা যাক এই প্যাস্কালীয় (মামদো)বাজির দুর্বলতাগুলো কী কী ...

কোন্ ধর্ম সত্য ধর্ম? আর সত্যিকার ঈশ্বরটাই বা কোন্টা?

প্রথম সমস্যাটা হৈল - ক্যামনে বুঝুম কোন্ ধর্মটা সঠিক, আর সত্যিকার ঈশ্বরই বা কোন্টা? প্যাস্কাল সাহেব ছিলেন রোমান ক্যাথলিক। তার কাছে ক্যাথলিক ধর্মের ঈশ্বরই ছিলেন সত্যিকার ঈশ্বর। কিন্তু মজার ব্যাপার হইতাছে তার ক্যাথলিক ধর্মের ঈশ্বরকে সত্য প্রমাণের জন্য কষ্ট টষ্ট করে যে যুক্তিমালা সাজাইছিলেন, তা দেদারসে এখন ব্যবহার করেন প্রটেস্টান্ট, ইস্লামিস্ট, বুদ্ধিস্ট, হিন্দু, জৈন - হগগলতেই, তারা সবাই নিজ নিজ ধর্মের ঈশ্বরকে সত্যিকারের ঈশ্বর মনে করেন। প্যাস্কালীয় যুক্তি তে 'ঈশ্বর কোপাইবো' - এই হুমকি থাকলেও হুমকিতে বলা নাই, কোন ধর্ম অনুসরণ করলে কোপানি থিকা আলটিমেটলি বাঁচন যাইব। এটাকে ইংরেজীতে কয় 'avoiding the wrong hell dilemma'। হ্যাঁ, আপনে সঠিক ধর্ম অনুসরণ করলে স্বর্গে যাইবেন, আর দোজখের হাত থেকে বাঁচবেন; মাগার আপনে যদি ভুল ধর্মের অনুসারী হইয়া মইরা যান, কোন উপায় নাই - দোজখে/নরকে যাইবেন, আর পি-মারা খাইবেন।

এখন কথা হইল, সব ধর্মবিশ্বাসীরাই হুক্কা-হুয়া রব তুইলা ধরে নেন, তার নিজের ধর্মটাই সঠিক। তাদের কখনোই মনে হইব না যে মিথ্যা একটা ধর্ম পালন করে মারা যাইতাছেন আর মরার পর কোপানি খাওয়ার ক্ষেত্র প্রস্তুত করছেন। এইটাই হৈল ডিলেমা। আপনি এই ডিলেমা ত্যানা-প্যাচানি ধার্মিকবাবারে ধরায় দিলে একটুক্ষণের জন্য হয়ত থমকাইবেন, কিন্তু আবার সম্বিত ফিরা পাইয়া বুঝায় দিব - আরে 'আমার ধর্মই যে সঠিক হে তো দ্যাকলেই বুঝা যায়'।

আমার মনে আছে - একবার এক খ্রিষ্টান পাদ্রী কি কারণে জানি বাসায় আসছিল। আইসাই যীশু যীশু কইরা মুখে ফ্যানা তুইলা ফালাইলো, আমগো দেশের তবলীগ পার্টির মতন অনেকটা। যখন শুনলো আমি নাস্তিক ওমনি যীশুর মহিমা কীর্তনের পর প্যাস্কালের (কু)যুক্তি হাজির হয়া গেল ... "ঈশ্বর যদি সত্যি সত্যি একজন থাকেন এবং ... তখন আপনারা ... দোজখে ..."। আমি বললাম কিন্তু সত্যিকারের ঈশ্বর যে যীশুই হবেন এটা স্বতঃসিদ্ধ ভাবে মেনে নেয়া কেন রে বাপ, মা-কালী বা গণেশ বাবা হৈলে তখন কি করবেন, এত যীশু যীশু করার পরেও তো সেই নরকের আগুনে পুড়বেন অ্যালায়। পাদ্রী সাব একটু থমকাইলেন, তারপরেই একগাল হাইসা বললেন - 'আহ! আরে গণেশ টনেশ আবার ঈশ্বর

হৈতে পারে নাকি, যীশুই আসল ঈশ্বর'। পেট মোটা হাতীর শুরওয়ালা মোটা মাথা গণেশ আসল ঈশ্বর হইবারই পারে না, তারচেয়ে আমগো ভার্জিন বার্থ হুইস্টেল গিরগিটি মার্কা যীশুই প্রকৃত ঈশ্বর। আমীন। চুম্মা আমীন!

এখন পাদ্রী সাবরে ক্যামনে বুঝাই - এই পৃথিবীতে হাজারটা ধর্ম হাজারটা বিশ্বাস পাঙ্খা মেইল্যা উইড়া বেড়াইতাছে। সবাই যে যার মত নিজেদের 'সহি ধর্ম' বইলা জিকির পাড়তেসে আর নিজের ঈশ্বরকে আসল ঈশ্বর বইলা দাবী করতেসে - 'মাই গডস ডিক ইজ বিগার দ্যান ইয়োরস'। বহু ধর্ম আবার একটা আরেকটার লগে দায়ে-কুমড়ায় সম্পর্ক, এক ধর্মের বিশ্বাসের সাথে আরেক ধর্মবিশ্বাসের আকাশ পাতাল তফাত। রাহুল সাংকৃত্যায়নের উদ্ধৃতি দিয়েই বলি -

'এমনিতে তো ধর্মগুলির পরস্পরের মধ্যে মতভেদ রহিয়াছে। একটি যদি পূবদিকে মুখ করিয়া পূজা করিবার বিধান দেয় তো অপরটি পশ্চিম দিকে। একটি যদি মাথার চুল বড় রাখিতে বলে, অপরটি বলে দাঁড়িকে বড় করিতে। একটি যদি গোঁফ কাটিতে নির্দেশ দেয় তো অপরটি বলে গোঁফ রাখিতে। একটি যদি জবাই করিয়া পশু হত্যা করিতে বলে তো অপরটি বলে এক কোপে কাটিয়া ফেলিতে। এক যদি জামার গলা দক্ষিণদিকে রাখে তো অপরটি বামদিকে। একটি এঁটোর বিচার করে না, অপরটির একটি জাতির মধ্যেও অনেক ভাগ। একটি একমাত্র খোদাতালা ছাড়া পৃথিবীতে দ্বিতীয় কাহারো নাম নিতে রাজি নয়, অপরটিতে দেবতাদের সীমা নাই। একটি গাভীর জীবন রক্ষা করিতে গিয়া নিজের প্রাণ উৎসর্গ করিতে বলে তো অপরটি গো-কোরবানিকে পুন্যকার্য বলিয়া মনে করে। '

পাদ্রী সাবেরে কইলাম, আপনেরা যেমন যীশুরে গড মনে করেন, মুসলিমরা তা মনে করে না। তাগো চোখে ঈশা নবী গড না, মানুষ। আপনেরা যে সূর্যমুখী ফুলের পাপড়ির লাহান রং বেরঙের হোলি ট্রিনিটির ঝাঁপি খুইলা বইছেন - কী সব - গড দ্য ফাদার, জিসাস দ্য সন, আর হোলি স্পিরিট - এই থ্রিসাম গড -এই ধুন ফুন হেরা বিশ্বাস যায় না। এখন ইসলাম ধর্ম যদি সত্যি হয় ,আর হলি ট্রিনিটি যদি বালু-সালু হয়, তাইলে তো আপনের খবরাছে। কোরানে (সূরা সূরা আল ইমরান) আল্লাহ স্পষ্টই বলছে -

'যে লোক ইসলাম ছাড়া অন্য কোন ধর্ম তালাশ করে, কস্মিনকালেও তা গ্রহণ করা হবে না এবং আখেরাতে সে ক্ষতিগ্রস্ত।' (৩: ৮৫)

কাজেই বোঝা যাইতেসে যে, খ্রিষ্টান বাবা, হিন্দু বাবা, সাই বাবা, মঙ্গা বাবা - **সব গুষ্টি শুদ্ধা দোজখের আগুনে বেগুন-পোড়া হবে - নাস্তিক হওয়ার জন্য না, বরং না জাইনা ভুল একটা ধর্ম পালন কইরা যাবার জন্য।** চিন্তা কইরা দেখেন - আইজ যে পোলাডার সুদূর উত্তর মেরুর কাছাকাছি Inuit Religion মানে এস্কিমো পরিবারে জন্ম হৈছে, হেই ব্যাটা ক্যামনে জানব আর বুঝব তার শত সহস্র মাইল দূরে আরব মরুর বুকে চোদ্দশ বছর আগে জন্ম নেওয়া এক বেদুইনের প্রচারি ত ধর্মটার ঈশ্বরই আসল ঈশ্বর? ব্যাটায় না জাইনাই, না বুইঝাই মরার পরে বেগুন পোড়া হৈয়া যাইবো , পরম করুণাময়ের করুণ কারসাজিতে। সবাই তো আর ক্যানাডার *এস্কিমোল্লা* হওনের তৌফিক অর্জন করতারে না। মুসলিম ভাইয়েরা আবার দাঁত ক্যালায় হাইসেন না। খ্রিষ্ট ধর্মের ঈশ্বর - হলি ট্রিনিটির থ্রিসাম

গড - মুসলমানদের আল্লাহ থেকে অনেক আলাদা। কাজেই যদি মরার পর গিয়া দেখা যায় সেই খ্রিষ্টান খ্রিসাম ঈশ্বরই প্রকৃত ঈশ্বর - তখন মুসলিমগো কম্ম সাবাড়। বাইবেলে আছে -

John 12:47-48 And if any man hear my words, and believe not, I judge him not: for I came not to judge the world, but to save the world. He that rejecteth me, and receiveth not my words, hath one that judgeth him: the word that I have spoken, the same shall judge him in the last day.

মানে খ্রিষ্টান ধর্মের দেওয়া ফর্মের ঈশ্বররে আপনে না মানলে আপনে যতই ধর্ম মানে-ওয়ালা পাঁচ ওয়াক্ত নামাজ পড়া কামেল আদমি হন না কেন, আগুনে পুড়বেন কনফার্ম - তাগো গড সত্য হৈলে। কিন্তু কার বাপের সাধ্য মুসলমানগো মাথায় হেই লজিক ঢুকায়। তাগো কাছে আল্লাহই প্রকৃত গড। কোরানে কইছে না! আমগো ফরিদ ভাই একবার কার কমেন্টে জানি দিছিলো মোক্ষম ইসলামী লজিক -

আচ্ছা, কোরান যে খাঁটি তা কিভাবে জানি আমরা?
সোজা। কারণ মহান আল্লাহ তালা বলেছেন যে।
আল্লাহ বাবাজী যে মিথ্যে বলছেন না বুঝবো কি করে ?
খুব সহজেই। হযরত মোহাম্মদ (সঃ) বলেছেন যে।
মোহাম্মদ ব্যাটাই যে সত্যি বলছে তারই বা নিশ্চয়তা কি?
কেন? কোরান সাক্ষী দিয়েছে না।
বাহ! কোরানই যে সত্যি কথা বলছে সেটাই বা কে বললো?
কেন? জান না বুঝি? আল্লাহইতো বলেছেন যে কোরান সত্যি।
এতো ত্যানা প্যাঁচাও ক্যান শুনি?

এখন ইহুদী, খ্রিষ্টান আর মুসলমান গো আব্রাহামিক ধর্ম একেশ্বরবাদ শিক্ষা দেয়। একখান ঈশ্বরই আসমানে আছেন, তিনিই বিশ্বব্রহ্মাণ্ডের সবকিছু তৈরি করছেন ছয় দিন ধইরা। আবার অন্য দিকে হিন্দুরা লক্ষ কোটি দেব দেবীতে বিশ্বাস যায়। মুসলমানেরা মূর্তি পূজারে শিরক সমতুল্য অপরাধ মনে করে। আর অন্যদিকে হিন্দুরা বুকে পেটে গলায় ঘণ্টা বাইন্ধা মূর্তির সামনে জপ করতে বইসা যায়। মুসলমানেরা গরু খাইয়া সাফা কইরা ফালায় তো হিন্দুরা হেইডারে মা ডাইকা কূল পায় না। অন্য ধর্মের আচার ব্যবহার তুক তাক আর মন্ত্র টন্ত্রে এত ধরনের পরস্পরবিরোধিতা থাকলে কি হইব বিধর্মীদের ক্ষেত্রে হেইডা সব ধর্মের মত একই রকমের খচ্চর। কইছে -

স্বধর্মে নিধনং শ্রেয়ঃ পরধর্মো ভয়াবহঃ

মানে সোজা কথা হইল হিন্দু ধর্মে থাইকা জুতা খাওনও ভালা , অন্য ধর্মের দিকে যাওনের চেয়ে। অন্য ধর্মে গেলে বাঁচলে জুতা খাইবা , মরলে বেগুন পোড়া হইবা। অনেকটা *মরলে শহীদ, বাঁচলে গাজির* উল্টাডা।
তাই *হেচকিহয়রানোমোল্লারা*যদি মইরা গিয়া দ্যাখেন আখেরাতের ময়দানে কোন সফেদ দাঁড়ি সমেত আল্লাহপাক বইসা নাই - বরং পীনোন্নত কালা পাহাড় মা-কালী খড়গ উচায়া খাড়ায় রইছে আর মোল্লা

দেখলেই দেদারসে কোপাইতাছে - তখন আঙ্কেল-প্যাস্কেল কিংবা হুজুরেআলমপনা-মুহম্মদ কারো নাম লইয়াই বাঁচবার পারবেন না, কয়া দিলাম।
আইচ্ছা ফাইজলামি না হয় বাদ দেই। গাণিতিক ভাবেই না হয় দেখি। ‘‘ভাই আমি আপনে সবাই একদিন মইরা যামু। ধরেন ঈশ্বর থাকা, না -থাকার সম্ভাবনা ফিফটি ফিফটি ...’ এই সমস্যার একটা সুন্দর উত্তর অপার্থিব অনেক আগে একটা ফোরামে দিছিলেন ইংরেজিতে। বাংলা করলে দাঁড়াইবো এইরকমের -

‘এই মৃত্যুর পর ঈশ্বর থাকা না থাকা -ফিফটি-ফিফটি (এটা স্রেফ সম্ভাবনা, কোন ‘ফ্যাক্ট’ নয়) ব্যাপারটা আসলে কি মিন করে? প্রথমতঃ একজন বিশ্বাসীর কাছে এই সম্ভাবনাটাই শতকরা ১০০ ভাগ নিশ্চয়তা নিয়ে হাজির হয়। আর একজন অবিশ্বাসীর কাছে তা শতকরা ০ ভাগ। অজ্ঞেয়বাদী কিংবা হাল্কা ধরণের বিশ্বাসীদের ক্ষেত্রে এই সম্ভাবনা ০ থেকে ১০০এর মধ্যে যে কোন জায়গায় থাকতে পারে। এখন এই শতকরা হিসেব যাই হোক না কেন, এটা নির্দেশ করে একজন বিশ্বাসীর মনোজগতে তার (ঈশ্বরে)বিশ্বাসের স্তরকে, কোন ভাবেই মৃত্যুর পর প্রকৃত ঈশ্বর থাকা বা না থাকার কোন সত্যিকার প্রোবাবিলিটি নয়। কারণ, এই সম্ভাবনার হিসেব এসেছে বিশ্বাসীদের মানসপটে থাকা বিশ্বাসের উপর ভিত্তি করে যেটা বস্তুনিষ্ঠ-ভাবে গণনা করাই সম্ভব নয়, প্রমাণ তো পরের কথা। কাজেই এই ‘ফিফটি-ফিফটি’ এনে ঈশ্বরের অস্তিত্ব প্রমাণ বড় সড় হেত্বাভাস দোষে দুষ্ট, কারণ, মানসজগতে বিশ্বাসের স্তরের উপর ভিত্তি করে কোন কিছু অস্তিত্ব প্রমাণের যুক্তি নির্মিত হওয়া উচিৎ নয়, সেটা বরং হওয়া উচিৎ বৈজ্ঞানিক কিংবা বস্তুনিষ্ঠ প্রমাণ সাপেক্ষে।

এখানে ধরেই নেয়া হচ্ছে ফিফটি-ফিফটি চান্স-এর যুক্তি (যেটা আসলে কুযুক্তি উপরেই দেখান হয়েছে) উপস্থাপন করলেই বিশ্বাসের উপকারিতা বুঝা যাবে আর অবি শ্বাসের বিপদের আলামত পাওয়া যাবে। সেই কত শতক আগে প্যাস্কালের এই বাজিকে খণ্ডন করে দেয়া হয়েছে, অথচ সেটা এই শতাব্দীতেও বিশ্বাসীদের হৃদয়ে সেটা দোলা দিয়ে চলেছে অবলীলায়। প্যাস্কালের বাজির আরেকটা বড় ত্রুটি হল - যদি ধরেও নেয়া হয় মৃত্যুর পরে পরকাল বলে কিছু একটা আছে, তারপরেও প্রমাণিত হয় না যে একটা নির্দিষ্ট ধর্মই (religion-X) প্রকৃত ধর্ম। যেহেতু ঐ ধর্মের বাইরেও আরো ধর্ম (religion-Y, Z etc..) আছে আর সেগুলো ও তাদের মত করে পরকালকে নির্দেশ করে, কাজেই যে কোন একটা ধর্মকে সত্য মনে করে সার্বজনীন ভীতি তৈরি করা আর এর প্রেক্ষিতে মনের মাধুরী মিশিয়ে যুক্তি সাজানো আসলে প্রতারণার নামান্তর।‘

কিন্তু মুশকিল হৈল কোন বিশ্বাসীরেই এই লজিকের দুর্বলতা বোঝানো যাইবো না। তারা প্যাস্কালের মতোই ধইরা নেন তাদের ধর্মের ঈশ্বরই প্রকৃত ঈশ্বর ; আর সব ঝুটা হ্যাঁয়। ইংরেজিতে এই ধরনের হেত্বাভাসকে বলে ‘fallacy of false dilemma/false dichotomy/bifurcation’ অন্য সব অপশনকে বাতিলের খাতায় পাঠায়া নিজেরটারে উপ্রে তুইলা ধরা। বাংলা ব্লগে এই প্রজাতির একটা মজার নাম আছে - *আল্লামা তালগাছবাদী*!

এই (চাপা)বাজির ক্রাইটেরিয়াই বা কী?

বাজি ধরবার চান ভালা কথা। কিন্তু ক্রাইটেরিয়া ছাড়া বাজি ধরার তো কোন মানে নাই। আস্তিকতা একটা ব্যাপক আর বিস্তৃত বিষয়। একটা হিন্দুরেও আমরা আস্তিক কই, একটা মুসলিমরেও কই

আস্তিক। এখন হিন্দুর আস্তিকতা আর মুসলমানের আস্তিকতা তো এক না। অথচ প্যাস্কালের বাজিতে হিন্দু-মুসলমান-ক্যাথলিক সবডিরেই এক কইরা দেখানো হইসে আর ধইরা নেয়া হইসে নাস্তিক হইলেই পাঙ্গা মারা। এক আস্তিকের লগে আরেক আস্তিকের বিশ্বাসের বিরোধগুলা চামে চিকোনে চাইপা যাওন হইসে। এইটা কোন বাজির ক্রাইটেরিয়া হৈল নাকি?

আরো গুরুতর সমস্যা হইল, নাস্তিক হৈলেই পাঙ্গা-মারা খাইব, এই বিশ্বাসেরই বা হেতু কি? আমি একবার ফেসবুকে একটা স্ট্যাটাস দিছিলাম -

ভেবে দেখলাম, আমাদের মহান ঈশ্বর হচ্ছেন নাস্তিকূলশিরোমনি, মানে সবচেয়ে বড় নাস্তিক (উনি বিশ্বাস করেন না যে কোন সৃষ্টিকর্তা তারে বানাইছে) , তাই তার দর্শন হওয়া উচিৎ অবিশ্বাসের দর্শন!

যে সৃষ্টিকর্তা নিজেই নাস্তিক, তিনি নাস্তিকগো পাঙ্গা মারবেন, আর আস্তিক-মোল্লাগো মাথায় কইরা রাখবেন, এইডা কেউ বুঝায় দিলেই হইব নাকি।

আর তাছাড়া যে ব্যাটারে ঘটা কইরা 'ঈশ্বর' উপাধি দেওন হইসে, তার ঘটে তো এক্টু বুদ্ধিশুদ্ধিও আমরা আশা করি, নাকি! যে মোল্লারা নির্বিবাদে আর আন্ধা বিশ্বাসে জিহাদ, জাতিভেদ, শরিয়া, ক্রুসেড সব কিছু বিশ্বাস করছে, নারী গো শস্যক্ষেত্র বানায় রাখসে, নাইন ইলেভেন ঘটাইছে, গুজরাতে দাঙ্গা লাগাইছে, পয়লা বৈশাখে রমনা বটমূলে গিয়া বোমা মারছে , চার্চে বইসা শিশুকামিতা করছে, গাছের মগডালে বইসা ননী চুরি আর কৃষ্ণলী লা করছে, ফুসলাইয়া পালক পুত্রের বউরে বিয়া করছে, বিধর্মী গো মুরতাদ আখ্যা দিছে, চোখ বন্ধ কইরা হুমায়ুন আজাদরে কোপাইছে, পৃথিবীডারে আবর্জনার গোডাউন বানায় রাখসে - মহান ঈশ্বর পঙ্গপালের লাহান হেদের গণহারে বেহেস্তে পাঠাইবো, আর যারা যুক্তি বুদ্ধি দিয়া চিন্তা কইরা এই অমানবিকতা আর নাফরমানির বিরোধিতা করছে, তারা নাকি যাইবো দোজখে। এইটা তো প্রকৃত ঈশ্বর করবার পারেন না। হয়তো , ক্যাডা জানে - তার কাছে যুক্তিবাদীরাই সবচেয়ে আপন , কারণ তারা পৃথিবীতে যুক্তি বুদ্ধি দিয়া চিন্তা করছে , গড্ডালিকা প্রবাহে গা ভাসায় দিয়া ভেড়ার পালের মতোন চিন্তা করে নাই। তাগোই তো ঈশ্বরের পরীক্ষায় ফুলমার্ক পাইয়া পাশ করনের কথা। সেই জন্যই সংশয়বাদী রিচার্ড ক্যারিয়ার ২০০২ সালে একটা প্রবন্ধ লিখছিলেন, শিরোনাম ' প্যাস্কালের ওয়েজারের সমাপ্তি - কেবল অবিশ্বাসীরাই স্বর্গে যাবেন' । সেই প্রবন্ধ থিকা কিছু অংশ বয়ান করি -

"Therefore only intellectually committed but critical nontheists (nonbelievers) are genuinely good and will go to heaven. Therefore, if a god exists, his silence and allowance of evil are explained and justified by his plan to discover the only sorts of people who deserve to populate heaven: sincere nontheists. And this makes perfect sense of many mysteries, thus explaining what theists struggle to explain themselves."

একই কথা কইছেন ম্যাসিমো পাগ্লিউসি তার "Pascal's Wager: Is It Safer To Believe In God Even If There Is No Proof That One Exists? প্রবন্ধে। এই প্রবন্ধ থিকা কিছু লাইন -

"Many Agnostics, for example, have evaluated all the "proofs" for God's existence, and all of the "proofs" of God's non-existence. They conclude that neither belief can be

substantiated. They feel that they cannot rationally believe in the existence or non-existence of God; they must remain Agnostic. Under these conditions, a person can only believe in God if they violate their honesty. And God might punish a lack of honestly more severely than not being able to believe in God.
It can also be argued that if people believe something on insufficient evidence, that the result is the promoting of credulity – something that harms society. Again, that could be a sin that God is particularly concerned about punishing."

সারমর্ম হইল - ঈশ্বরের নিচ্চয় মাথা খারাপ না যে কুন হালায় বিনা প্রমাণে বলদের লাহান মাথা ঠুইকা ঠুইকা যাবতীয় হুর পরী কুসংস্কার অপসংস্কারে বিশ্বাস করছে বইলাই হেরে চুম্মা দিয়া বেহেস্তে পাঠায় দিবো, আর নাস্তিক যুক্তিবাদী গো কোপাইব। বরং অবিশ্বাসীরা হেই কাজটাই ভালমত করছে যা ঈশ্বরের পছন্দ - মানবিকতা, যুক্তিবাদ আর মুক্তবুদ্ধির চর্চা। একজন সত্যিকার ন্যায়বিচারক কোন সত্য-সন্ধানীকে শাস্তি দিতে পারে না।কাজেই, আল্লায় দিলে, অবিশ্বাসী নাস্তিকেরাই পরীক্ষায় পাশ কইরা বেহেস্তে যাইবো, চিন্তা কইরেন না। বলেন আমীন!

ঈশ্বরের পরীক্ষাটা আসলে কিয়ের পরীক্ষা?

ঈশ্বরের পরীক্ষার কথা যখন আসলোই একটা মজার ব্যাপার মনে হইল। আরজ আলী মাতুব্বর তার সত্যের সন্ধান গ্রন্থে লিখছিলেন -

বলা হয় যে, আল্লাহর অনিচ্ছায় কোন ঘটনা ঘটে না। এমনকি গাছের পাতাটিও নড়ে না। বিশেষত তাঁর অনিচ্ছায় যদি কোন ঘটনা ঘটতে পারে তাহা হইলে তাঁহার 'সর্বশক্তিমান' নামের সার্থকতা কোথায়? আর যদি আল্লাহর ইচ্ছায়ই সকল ঘটনা ঘটে তবে জীবের দোষ বা পাপ কি?

এখন কেউ কইতে পারে ঈশ্বরের অনিচ্ছায় যদি কোন ঘটনা না ঘটে, তাইলে পুরা বাজিই একটা তামাসা হইয়া যায়। ঈশ্বর যেহেতু সর্বজ্ঞ, তিনি নিশ্চয় জানেন ক্যাডা আস্তিক হৈব আর ক্যাডায় নাস্তিক। যে ব্যাটা নাস্তিক হৈতাছে, সেই ব্যাডা আসলে কিন্তুক কোন না কোনভাবে ঈশ্বরের ইচ্ছা আর উদ্দেশ্যই পূরণ করতাছে। কারো বাপের সাধ্য আছে নাকি ঈশ্বরের ইচ্ছার বিরুদ্ধে যাওনের ?
নাই। ঈশ্বরের ইচ্ছার বিরুদ্ধে বিরুদ্ধে গেলে তো তার সর্বশক্তিমান খেতাবটাই প্রশ্নবিদ্ধ হৈয়া যায়। তাই ঈশ্বর চান যে নাস্তিকেরা নাস্তিক থাকুক। এই দিক দিয়া চিন্তা করলে প্যাস্কেলের বাজি ফাজি সবকিছুই কিন্তু ভোজবাজি হইয়া মিলায় যাইতে দেরী লাগে না।

আসলেই কি (অন্ধ)বিশ্বাসে কিছুই হারানোর নাই ?

এখন কথা হইতাছে যদি কোন ঈশ্বর খালি অন্ধবিশ্বাসী হওনের কারণে কুনো মোল্লারে বেহেস্তে পাঠায় , আর অবিশ্বাসীরে কঠিন শাস্তি দেয়, সেই ঈশ্বর তো আসলে স্তাবকতাপ্রিয় ঈশ্বর। ইনি চাটুকারিতা পছন্দ করেন। এখন একটা লোক ক্যামন আছিল, কি করল, মানুষের জন্য কি কি ভালা কাজ কর্ছে, হেইগুলান না বিবেচনা কইরা খালি ব্যাটায় সাড়া জীবন ধইরা চাটুকারিতা কর্ছে নাকি আর মহারাজার কাছে ঈমানদন্ড খাড়া কইরা ঈমান আনছে নাকি -এইডাই যদি হয় একমাত্র ক্রাইটেরিয়া -

তাইলে কোন সুস্থবুদ্ধির লোক হেই ব্যাডারে পুছব না। অন্ততঃ আমি নাই এইডাতে , কইয়া দিবার পারি।

ক্যানো এইডাতে আমি নাই? কারণ প্যাস্কাল সাব আর তার অনুসারীরা এই টাইপের রেসিস্ট ঈশ্বরে বিশ্বাস করলে পরকালে 'কিছুই হারানোর নাই' বইলা জিগির তুললেও আমার তো মনে হয় আমি মানুষ হিসেবে চিন্তা করার ক্ষমতাটাই হারায় ফেলতাছি। চাটুকারিতার কাছে নির্লজ্জ আত্মসমর্পণ কইরা আমার সততা হারাইতাছি, আমার সাহস হারাইতাছি, নিষ্ঠা হারাইতাছি, হারাইতাছি আমার সুস্থ বিচার বোধ। তারপরেও কইবেন আমার কিছুই হারানোর নাই ? দার্শনিক জর্জ স্মিথ তার Atheism: The Case Against God, বইয়ে সেজন্যই বলেছেন -

'আমরা কী হারাবো? আমরা হারাবো বৌদ্ধিক সততা, আত্মসম্মানবোধ, হারাবো একটা চৌকস জীবন-দর্শন। সংক্ষেপে, জীবনকে সুন্দরভাবে সাজাতে যা যা লাগে , সবই হারিয়ে ফেলব আমরা। না, প্যাস্কালের ওয়েজার কোন 'নিরাপদ বাজি' নয়, বরং এটি অভীষ্ট জীবন আর সুখ স্বাচ্ছন্দ্যের বিনি ময়ে কেনা ছলনা'।

জীবন তো ভাই একটাই। সততা, আত্মসম্মানবোধ, সুস্থ বিচার বুদ্ধি হারায়া লাভটা কী? তাই আসেন - প্যাস্কালের মামদো বাজিরে কইষা লাথি!

বোনাস- পাঠকদের জন্য প্যাস্কালের বাজি নিয়া একখান ভিডিও -

httpv://www.youtube.com/watch?v=v9WRG4e6m2s

কমেন্ট

1. অচেনা

জুন ২৮, ২০১২ সময়: ১২:৫৯ অপরাহ্ন লিঙ্ক

আপনার লেখাটার মাঝ পথে আছি অভি দা। সুন্দর লা গছে খুব।

ফরিদ ভাইয়ের এই কমেন্ট গুলো কোন লেখাতে আছে মনে করতে পারলে জানিয়ে বাধিত করবেন।

দারুন লেগেছে উনার দেয়া এই খোঁচাগুলো।আমি লেখাটা পরতে চাই। 🙂

আচ্ছা, কোরান যে খাঁটি তা কিভাবে জানি আমরা?
সোজা। কারণ মহান আল্লাহ তালা বলেছেন যে।
আল্লাহ বাবাজী যে মিথ্যে বলছেন না বুঝবো কি করে?
খুব সহজেই। হযরত মোহাম্মদ (সঃ) বলেছেন যে।
মোহাম্মদ ব্যাটাই যে সত্যি বলছে তারই বা নিশ্চয়তা কি?
কেন? কোরান সাক্ষী দিয়েছে না।

বাহ! কোরানই যে সত্যি কথা বলছে সেটাই বা কে বললো?
কেন? জান না বুঝি? আল্লাহইতো বলেছেন যে কোরান সত্যি।
এতো ত্যানা প্যাঁচাও ক্যান শুনি?

*অভিজিৎ*এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১:১৩ অপরাহ্ণ

@অচেনা,

আমার ধারণা ফরিদ ভাই তার কোন লেখায় নয়, কোন একটা মন্তব্যে বলেছিলেন। আমার এখন মনে নাই, তখন সেভ কইরা রাখছিলাম। এখন দেখি ঐটা কাজে লেগে গেছে!

দেখি খুঁজে পেলে জানাবো। ফরিদ ভাইয়ের নিশ্চয় মনে আছে। তিনি লিঙ্ক দিলেই ভাল হবে।

*অচেনা*এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১:৩১ অপরাহ্ণ

@অভিজিৎ দা,

আমার ধারণা ফরিদ ভাই তার কোন লেখায় নয়, কোন একটা মন্তব্যে বলেছিলেন। আমার এখন মনে নাই, তখন সেভ কইরা রাখছিলাম। এখন দেখি ঐটা কাজে লেগে গেছে! **দেখি খুঁজে পেলে জানাবো।**

ধন্যবাদ দাদা।

ফরিদ ভাইয়ের নিশ্চয় মনে আছে। তিনি লিঙ্ক দিলেই ভাল হবে।

ফরিদ ভাইয়া আপনার মনে থাকলে লিঙ্কটা দিবেন প্লিজ। অপেক্ষায় থাকলাম।

সাইফুল ইসলাম এর জবাব:
জুন ২৮, ২০১২ at ৩:১৬ অপরাহ্ণ
@অচেনা,

এখানে দেখেন।

*অচেনা*এর জবাব:
জুন ২৮, ২০১২ at ৭:৪৪ অপরাহ্ণ
@সাইফুল ইসলাম, @সবুজ বড়ুয়া , ধন্যবাদ ভাই আপনাদের।

*ফরিদ আহমেদ*এর জবাব:
জুন ২৮, ২০১২ at ১১:৪০ অপরাহ্ণ
@অচেনা,

আগ্রহের জন্য ধন্যবাদ। সময়মত আসতে পারিনি বলে দুঃখিত।

একে বলে চক্রাকার বা বৃত্তাকার যুক্তি। আল্লাহকে দিয়ে কোরানকে সত্যি প্রমাণ করা হয়, কোরান দিয়ে মুহাম্মদকে আর মুহাম্মদ দিয়ে আল্লাহকে। এই হচ্ছে এই যুক্তির সারবত্তা। কোরান যে আল্লাহর কিতাব , কোথায় লেখা আছে জানেন? কোরানেই। এর থেকে অকাট্য প্রমাণ কি আর আছে? নেই।

সাদা চোখের লেখা জয়নাল ব্যাপারীর পাছায় চুম্মা দাও লেখাটা পড়েছেন কি না জানি না? পড়ে দেখতে পারেন। সেই সাথে এই ভিডিওটা।
httpv://www.youtube.com/watch?v=fDp7pkEcJVQ

@ সবুজ বড়ুয়া এবং সাইফুল,

অসংখ্য ধন্যবাদ মন্তব্যটা খুঁজে এনে লিংক দেবার জন্য। খুব এ কটা সহজ কাজ এটা নয়।

*অচেনা*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৯:৫৭ অপরাহ্ণ

@ফরিদ আহমেদ, না ঠিক আছে ভাইয়া, আর আপনাকেও ধন্যবাদ লেখাটা অবশ্যই পড়ব তবে ভিডিও দেখতে পারব কিনা জানি না। আমার নেট ভীষণ স্লো

*অচেনা*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ১০:০০ অপরাহ্ণ

একে বলে চক্রাকার বা বৃত্তাকার যুক্তি। আল্লাহকে দিয়ে কোরানকে সত্যি প্রমাণ করা হয়, কোরান দিয়ে মুহাম্মদকে আর মুহাম্মদ দিয়ে আল্লাহকে। এই হচ্ছে এই যুক্তির সারবত্তা। কোরান যে আল্লাহর কিতাব , কোথায় লেখা আছে জানেন? কোরানেই। এর থেকে অকাট্য প্রমাণ কি আর আছে? নেই।

এটাই চুম্বক অংশ

*কৌস্তুভ*এর জবাব:

জুলাই ৭, ২০১২ at ৭:০৭ অপরাহ্ণ

হাহাহা এই মন্তব্য-থ্রেডটা চমৎকার!



*সবুজ বড়ুয়া*এর জবাব:

জুন ২৮, ২০১২ at ৩:২৪ অপরাহ্ণ

@অচেনা, সম্ভবতঃ এখানে এই লিংকটিই।

*অচেনা*এর জবাব:

জুন ২৮, ২০১২ at ৭:৪৬ অপরাহ্ণ

@সবুজ বড়ুয়া, ধন্যবাদ ভাই।

2. 2

HuminityLover

জুন ২৮, ২০১২ সময়: ১:৩২ অপরাহ্ণ লিঙ্ক

কাজেই বোঝা যাইতেসে যে, খ্রিষ্টান বাবা, হিন্দু বাবা, সাই বাবা, মঙ্গা বাবা সব গুষ্টি শুদ্ধা দোজখের আগুনে বেগুন-পোড়া হবে - নাস্তিক হওয়ার জন্য না, বরং না জাইনা ভুল একটা ধর্ম পালন কইরা যাবার জন্য। চিন্তা কইরা দেখেন - আইজ যে পোলাডার সুদূর উত্তর মেরুর কাছাকাছি Inuit Religion মানে এস্কিমো পরিবারে জন্ম হৈছে, হেই ব্যাটা ক্যামনে জানব আর বুঝব তার শত সহস্র মাইল দূরে আরব মরুর বুকে চোদ্দশ বছর আগে জন্ম নেওয়া এক বেদুইনের প্রচারিত ধর্মটার ঈশ্বরই আসল ঈশ্বর? ব্যাটায় না জাইনাই, না বুইঝাই মরার পরে বেগুন পোড়া হৈয়া যাইবো , পরম করুণাময়ের করুণ কারসাজিতে।

জবাব নাই.....

বলা হয় যে, আল্লাহর অনিচ্ছায় কোন ঘটনা ঘটে না। এমনকি গাছের পাতাটিও নড়ে না। বিশেষত তাঁর অনিচ্ছায় যদি কোন ঘটনা ঘটতে পারে তাহা হইলে তাঁহার ‘সর্বশক্তিমান’ নামের সার্থকতা কোথায়? আর যদি আল্লাহর ইচ্ছায়ই সকল ঘটনা ঘটে তবে জীবের দোষ বা পাপ কি?

এই যুক্তিটাই আমার জীবেনর সুরত পাল্টাইয়া দিছে...... এই প্রশ্নটির জবাব কারও কাছে পাই নাই. অভিজিত দা আপনার লেখাগুলো বরাবরই অসাধারন.

*অভিজিৎ*এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১০:৪৪ অপরাহ্ণ

@HuminityLover,

ধন্যবাদ আপনাকে। আপনার মন্তব্যও খুব ভাল লাগলো।



*পলাশ*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ১১:৪০ অপরাহ্ণ

@অভিজিৎ,

দাদা মুক্তমনার আলোকে নিজেকে আলোকিত করে বাচ্চার স্কুলের অভিভাবকদের মাঝে জ্ঞান দান করতে গিয়েছিলাম। অল্পের জন্য হাটুরে কিলের হাত থেকে রক্ষা পেয়েছি। তর্ক টা শুরু হয়েছিল কেন আমার ছেলেদের এখনও মুসলমানি করান হয়নি আর শেষ হয়েছিল কেন রাসুল বেহেস্ত থেকে কোন ফল/হুর/সুরা/গেলম্যান আনেন নি। মাফ চাই দাদা। নাস্তিক আস্তিকের মধ্যে আর আমি নাই। নাস্তিক আর আস্তিকের মাঝে হিজড়া টাইপের কিছু থাকলে জানাবেন। ধন্যবাদ

3. 3

অচেনা

জুন ২৮, ২০১২ সময়: ১:৩৮ অপরাহ্ণ লিঙ্ক

অভি দা,

> স্বধর্মে নিধনং শ্রেয়ঃ পরধর্মো ভয়াবহঃ

এটা কি গীতার কথা?গীতাতে এমন একটা কথা পরেছিলাম অনেকদিন আগে, মনে করতে পারছিনা সঠিক। আর এর ব্যাখায় কোথায় যেন পড়েছিলাম যে এই ধর্ম নাকি হিন্দুদের ৪ বর্নের ধর্ম যেমন ব্রাহ্মন, ক্ষত্রিয় বৈশ্য, আর শুদ্র এই ৪ বর্নের ধর্ম। মানে যাকে ভগবান নাকি যেভাবে তৈরী করে যে কাজে নিয়োগ করেছেন তার সেই কাজ করাই উচিত।

তবে ব্যাখাটা যে আধুনিক যুগের তাতে কোন সন্দেহ নেই। তা দাদা সত্যই কি পরধর্ম বলতে এই বর্নগুলোর কথা নাকি হিন্দু ছাড়া অন্য ধর্মের কথা বলা হয়েছে?

*অভিজিৎ*এর জবাব:

জুলাই ২, ২০১২ at ৪:১৩ পূর্বাহ্ণ

@অচেনা,

এটা কি গীতার কথা?

হ্যাঁ গীতারই -

শ্রেয়াস্বধর্মো বিগুণঃ পরধর্মাৎস্বনুষ্ঠিতাত ।

স্বধর্মে নিধনং শ্রেয়ঃ পরধর্মো ভয়াবহঃ || শ্রীভগবানুবাচ | 35 ||

কোথায় যেন পড়েছিলাম যে এই ধর্ম নাকি হিন্দুদের ৪ বর্নের ধর্ম যেমন ব্রাহ্মন, ক্ষত্রিয় বৈশ্য, আর শুদ্র এই ৪ বর্নের ধর্ম। মানে যাকে ভগবান নাকি যেভাবে তৈরী করে যে কাজে নিয়োগ করেছেন তার সেই কাজ করাই উচিত।

এটার উৎস মনুসংহিতা। মনুসংহিতা থেকে আমরা পাই - মানুষের সমৃদ্ধি কামনায় পরমেশ্বর নিজের মুখ থেকে ব্রাহ্মণ, বাহু থকে ক্ষত্রিয়, উরু থেকে বৈশ্য, আর পা থেকে শূদ্র সৃষ্টি করেছিলেন (১:৩১)। মনু বলেছেন- দাসত্বের কাজ নির্বাহ করার জন্যই বিধাতা শূদ্রদের সৃষ্টি করেছিলেন (৮:৪১৩)। বেদেও সম্ভবত: এর স্বপক্ষে কিছু শ্লোক আছে।

দাদা সত্যই কি পরধর্ম বলতে এই বর্ণগুলোর কথা নাকি হিন্দু ছাড়া অন্য ধর্মের কথা বলা হয়েছে?

আমার জানা মতে এটা *পরধর্মই*। লক্ষ্য করুন এখানে *পরবর্ণ*বলা হয়নি। তবে এর হয়ত নানা ব্যাখ্যা প্রতিব্যাখ্যা আছে, কে জানে!

4. 4

হেলাল

জুন ২৮, ২০১২ সময়: ২:২৫ অপরাহ্ণ লিঙ্ক

@ অভিজিৎদা,
তরল পদার্থের ঠেলাঠেলি নিয়া যে প্যাসকেলের সূত্র আছে , এই লেখার বেক্কেল প্যাসকেল কি সেই প্যাসকেল?
এই লেখাটা বিপদে পড়লে কাজে লাগব। অনেক ক্ষেত্রে কথার চেয়ে লিংক বেশী কাজে দেয়।
কিছু মনে না করলে একখান বেফাঁস কথা কয়। মুক্তমনায় আপনার লেখা এসেছে দেখলেই মনে হয় তথ্যে ভরপুর বিজ্ঞানের কোন লেখা পাব। এ রকম হালকা লেখা দেখে মনটা ভারি হয়ে গেল।

অভিজিৎ এর জবাব:
জুন ২৯, ২০১২ at ৭:৩০ পূর্বাহ্ণ
@হেলাল,

তরল পদার্থের ঠেলাঠেলি নিয়া যে প্যাসকেলের সূত্র আছে , এই লেখার বেক্কেল প্যাসকেল কি সেই প্যাসকেল?

হ, সেই যে ছোটবেলায় তরল পদার্থ মাথায় যে প্যাস্কেলীয় চাপ সৃষ্টি করছিলো , সেইটা থিকা অহন্তরি মুক্তি মেলে নাই।

এই লেখাটা বিপদে পড়লে কাজে লাগব। অনেক ক্ষেত্রে কথার চেয়ে লিংক বেশী কাজে দেয়।

:)

মুক্তমনায় আপনার লেখা এসেছে দেখলেই মনে হয় তথ্যে ভরপুর বিজ্ঞানের কোন লেখা পাব। এ রকম হালকা লেখা দেখে মনটা ভারি হয়ে গেল।

আমারো চোখ মুখ সব ভারি হইয়া কান্না আসতেছে।

5. 5

বিলম্বিতা (স্নিগ্ধা)

জুন ২৮, ২০১২ সময়: ২:২৭ অপরাহ্ণ লিঙ্ক

আপনার এই লেখাটির জন্য হাততালি। আমি কোন ঈশ্বরে বিশ্বাস করিনা কিন্তু বিজ্ঞানে আস্থা রাখি, যুক্তিকে গ্রহন করতে পারি। মুক্তমনার সাথে পরিচয়ের আগে নিজেকে অনেক একা একা লাগত , কারো সাথে শেয়ার করতামনা ধর্ম বিষয়ক আমার বক্তব্য, প্রশ্নগুলো। গত বছরের আগস্ট থেকে সেই যেদিন থেকে মুক্তমনায় পড়া শুরু করেছি সেদিন থেকেই আমি আমার মনের ভেতর অনেক শক্তি পাই। আমার ভাবনার কিছু দোসর আছে পৃথিবীতে , বাংলাদেশে। আরো লিখুন এই নিয়ে।

অন্য প্রসংগঃ নাম সামান্য পরিবর্তন করেছি। বিলম্ব করে মুক্তমনায় এসেছি তো তাই বিলম্বিত স্নিগ্ধা।

অভিজিৎ এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১০:৪৫ অপরাহ্ণ

@বিলম্বিতা (স্নিগ্ধা),

আপনাকে স্বাগতম বিলম্বিত স্নিগ্ধা। আর লেখাটার জন্য হাততালি পেয়ে উৎসাহিত হলাম।



HuminityLover এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১১:৩০ অপরাহ্ণ

@বিলম্বিতা (স্নিগ্ধা), আমার ও মুক্তমনার সাথে পরিচয়ের আগে নিজেকে অনেক একা একা লাগত. আমার কাছের এক বন্ধু একিদন আমাকে বলল মুক্তমনায় গিয়ে ঢুঁ মেরে আয় ভাল লাগেব. সেই ভাললাগা এখন আসিক্ততে পরিনত হয়েছে। মুক্তমনায় আসার পর এমন মনে হয় যেন প্রতি নিয়ত আমার মনের কথাগুলো কেউ বলে চলেছে, আমার মনের প্রশ্নগুলোর জবাব কেউ দিয়ে যাচ্ছে.

*সাগর*এর জবাব:

জুন ৩০, ২০১২ at ৭:৫৩ পূর্বাহ্ণ

@HuminityLover,

6. 6

mkfaruk

জুন ২৮, ২০১২ সময়: ৩:১৩ অপরাহ্ণ লিঙ্ক

আপনার আর্টিকেলটি পড়লাম। আর একথা সত্যি যে আপনার লেখার স্টাইল, উপস্থাপনা চমৎকার। আমি গুছিয়ে লিখতে পারিনা বিধায় আমার লেখার প্রতি আগ্রহ কম। আমি মূলত: পছন্দ করি পড়তে। যাহোক, আমি আপনার এ লেখার অনেক তথ্যের সাথে দ্বিমত পোষণ করছি, যেমন-আপনি প্যাস্কেলের ওয়েজার এর যে বিষয়টি উল্লেখ করেছেন এ বিষয়টি প্যাস্কেলের ২০০০ বৎসর আগে প্লেটো তার দি রিপাবলিক বইতেও উল্লেখ করেছেন একটু ঘুরিয়ে যেমন -

অধার্মিক (নাস্তিক) যখন মৃত্যুর নিকটবর্তী হয় তখন তার মনে এতদিন পর্যন্ত যে চিন্তা , ভাবনা ও ভীতির উদয় হয়নি, সেগুলোরই উদ্ভব ঘটতে থাকে। পরলোকে যাত্রা যখন তার আসন্ন হয়ে উঠেছে তখন তার কৃতকর্মের ফলস্বরূপ যে শাস্তি তাকে সেই পরলোকে পেতে হবে তার কথা আতঙ্কজনকভাবে তার মনে উদয় হতে থাকে। মর্তলোকের কার্যাবলীর জন্যে পরলোকে দন্ড কিম্বা পুরস্কার লাভের কাহিনী সে পূর্বেও শুনেছে। কিন্তু পূর্বে যে কাহিনী ছিল তার নিকট পরিহাসের বস্তু, আজ তাই হয়ে উঠেছে তার কাছে আতঙ্কের বিষয়। আজ সে ভাবছে, এতকাল যাকে হেসে উড়িয়ে দিয়েছে, সে কাহিনী শেষ পর্যন্ত সত্যও হতে পারে। পরলোকের সান্নিধ্য অথবা বয়সের আধিক্য- যে কারণেই হোক না কেন আজ যেন পরলোক সম্পর্কে তার দৃষ্টিটি বেশ পরিস্কার হয়ে এসেছে ; উদ্বেগ এবং আতঙ্কে তাই সে অস্থির হয়ে উঠেছে। আজ সে ভাবতে শুরু করেছে, মর্তলোকের জীবনে কার প্রতি কোন অন্যায় সে করেছে। এই হিসাব নিকাশে যখন সে দেখতে পায় যে, অন্যায়ের অংশ তার মোটেই কম নয়, তখন শিশুর মতই নিদ্রার মধ্যে দুঃসপ্নে সে আঁৎকে উঠে; মন তার নানা দুশ্চিন্তায় ভারাক্রান্ত হয়ে উঠে। কিন্তু ধার্মিকের (আস্তিক) সুন্দর আশাই তার পরলোকের পথে প্রিয় সঙ্গী হিসেবে তাকে অভয় দিতে থাকে। এই কথাগুলো সংক্ষেপে পিন্ডর বলেছেন এভাবে-

‘যে ধর্মের পথে রয়েছে এবং পবিত্র জীবন-যাপন করেছে আশা তার আত্মার সঙ্গী; তার বার্ধক্যে আর পরলোকের পথে আশা তাকে ভরসা যোগায়; কারণ, দুশ্চিন্তায় অস্থির আত্মাকে শান্ত করার ক্ষমতা একমাত্র আশারই আছে।’

অন্যদিকে প্লেটো বিধাতার স্বরূপও প্রমান করেছেন। এটা বলছি একারণে বিধাতার স্বরূপ বুঝতে না পারলে আস্তিক বা নাস্তিকের সংজ্ঞা বোঝা যাবে না। তাহলে আমরা প্রথমে বিধাতার স্বরূপটা দেখি-

বিধাতার স্বরূপ সম্পর্কে প্রথমত: বলা যায়, তাঁর রূপ হচ্ছে উত্তম। আমরা একথা নিশ্চয় স্বীকার করব যা উত্তম তা কখনও ক্ষতিকর বলে পরিচিত হতে পারে না। আবার যা ক্ষতিকর নয় তা কোন ক্ষতির কারণও নয়। সুতরাং বিধাতা উত্তম বলে, তিনি কোন ক্ষতির কারণ হতে পারেন না, তিনি কোন অন্যায়ও সাধন করতে পারেন না। আর যিনি অন্যায় সাধন করতে পারেন না, তিনি কোন অন্যায়ের কারণও হতে পারেন না। সুতরাং বলা যায় বিধাতা উত্তম , মঙ্গলকর। আর এজন্যে তাঁকে মঙ্গলের কারণ বলে আখ্যায়িত করা যায়।

সুতরাং বিধাতা সবকিছুরই মূলে বা সবকিছুর ই কারণ বলে যে কথা প্রচলিত, তা যথার্থ নয়। কারণ, বিধাতা যদি উত্তম হন, তাহলে তিনি সবকিছুর কারণ স্বরূপ হতে পারেন না। কেননা উত্তম কেবল উত্তমেরই কারণ। সুতরাং বিধাতা কেবল মনুষ্য জীবনের কোন কোন বিষয়েরই মাত্র কারণ স্বরূপ।

মানুষের জীবনে অন্যায়ের পরিমাণ অধিক ; ন্যায়ের পরিমাণ কম। বিধাতা মনুষ্য জীবনের ন্যায়ের কারণ; অন্যায়ের নয়। সুতরাং কেউ যদি ইলিয়াডে হোমার যেমন বর্ণনা করেছেন , তেমনি করে বলে-

‘খোদার কাছে রক্ষিত আছে দু’টি ভান্ডঃ
একটি ন্যায়ের অপরটি অন্যায়ের।
আর সেই ভান্ড থেকে ন্যায় ও অন্যায়ের মিশ্রণ ঘটিয়ে
যার ভাগ্য তৈরী করেছেন তিনি,
তার জীবনে খেলা চলে দু:সময় আর সুসময়ের।
কিন্তু যার ভাগ্য তৈরী হয়েছে কেবলমাত্র অন্যায়ের আরক দিয়ে
সুন্দর পৃথিবীর বুকে বুভুক্ষার তাড়নে সে তাড়িত হয় নিশিদিন
কারণ খোদা হচ্ছেন ন্যায় এবং অন্যায়ের বিধাতা।’
-তা হবে সর্বৈব মিথ্যা।

যা যথার্থ এবং ন্যায় বিধাতা কেবল তারই কারণ হিসেবে কাজ করেন। এতে যদি দুর্ভোগ কারও ভাগ্যে নিপতিত হয়, তবে বুঝতে হবে তা ন্যায্য বলেই নিপতিত হয়েছে। কিন্তু কেউ এ কথা বলতে পারে না যে, দুর্ভাগ্যের কারণ হচ্ছেন বিধাতা। সে কেবল বলতে পারে, দুরাচারের দুর্ভোগ আসে, কারণ এ তার প্রাপ্য। আর বিধাতা সেই দুর্ভোগ তার মঙ্গলের জন্যেই দিয়েছেন। কিন্তু একদিকে বিধাতা উত্তম, অপরদিকে তিনি অন্যায়ের কারণ- এ কথা বোধ সম্পন্ন কেউ বলতে পারে না।

দ্বিতীয়ত: বিধাতা জাদুকরের ন্যায় বিভিন্ন রূপের দ্বারা আমাদের বিভ্রান্ত করতে পারেন না। কারণ, বিধাতার রূপ এক এবং অপরিবর্তনীয়ভাবে তিনি আপন রূপে প্রতিষ্ঠিত।

বিষয়টি ব্যাখ্যা করা যাক। প্রথমে আমরা পরিবর্তনের কথা ধরি। কোন কিছুতে যখন কোন পরিবর্তন সংঘটিত হয় তখন সে পরিবর্তনের কারণ হয় সেই বস্তু নিজে নয়ত: অপর কোন শক্তি। আর বস্তুর ব্যাপারে যে বস্তু যত উত্তম সে তত অপরিবর্তনীয়। দৃষ্টান্ত স্বরূপ, যে ব্যক্তি যত সুস্থ্য এবং শক্তিশালী সে মদ্য কিম্বা মাংস আহারে ততকম অসুস্থ্য হয়। এমন কি যে উদ্ভিদ যত সতেজ - বায়ুর আঘাত, সূর্যের তাপ বা অপর কোন কারণে তার ক্ষতিও তত কম। সুতরাং যে সবচেয়ে সাহসী এবং সবচেয়ে জ্ঞানী বাইরের কোন প্রভাবে সে বিভ্রান্ত বা পথভ্রষ্ট হবে খুবই সামান্য। কেবল মানুষের ক্ষেত্রে নয় , তৈজসপত্র, গৃহ বা বস্ত্রাদি অর্থাৎ যে কোন সুমিশ্রিত বস্তুর ক্ষেত্রেই একথা সত্য। এ সমস্ত বস্তু যখন সুগঠিত হয় তখন সময় কিম্বা অবস্থান্তরের আঘাতে তাদের পরিবর্তনও খুব সামান্য ঘটে।

সুতরাং যা কিছু উত্তম তা মানুষের শিল্পকর্ম কিম্বা প্রকৃতির সৃষ্টিকর্ম যাই হোক না কেন , বাইরের আঘাতে তার পরিবর্তন খুব সামান্যই সংঘটিত হয়। কিন্তু বিধাতা বা বিধাতার সৃষ্টি সম্পর্কে আমরা কি বলব? বিধাতা নিজে এবং তাঁর সৃষ্টি অবশ্যই সর্বপ্রকার সুসম্পূর্ণ। সুতরাং বা ইরের অভিঘাত তাকে বিভিন্ন রূপ গ্রহণে নিশ্চয়ই বাধ্য করতে পারে না। তিনি যদি আদৌ পরিবর্তিত হন তাহলে সে পরিবর্তন সুস্পষ্টত: নিজে থেকেই সাধিত হবেন। আর সেক্ষেত্রে নিজের পরিবর্তন তিনি কি অধিকতর উত্তমের উদ্দেশ্যে সাধন করবেন, না অধিকতর নিকৃষ্টের জন্যে তিনি নিজেকে প রিবর্তন করবেন?

বিধাতা যদি আদৌ পরিবর্তিত হন তাহলে তাকে নিকৃষ্টতর হতে হবে। কারণ , ধর্ম বা কান্তি কোন ক্ষেত্রেই বিধাতা অসম্পূর্ণ ছিলেন এমন কথা আমরা ভাবতে পারিনে। অন্যদিকে বিধাতাই হোন আর মানুষই হোক কেউ নিজেকে নিকৃষ্টতর করে পরিবর্তিত করতে চাইবে না। সুতরাং বলা যা য় বিধাতা আদৌ নিজের কোন পরিবর্তন কামনা করতে পারেন না। কারণ, তিনি হচ্ছেন সর্বোত্তম এবং মনোহরতম। তাই তিনি তাঁর নিজের রূপে নিত্যকালের জন্যেই থাকবেন অপরিবর্তিত। সুতরাং কেউ যদি বলেঃ

খোদা বৈদেশিকের বস্ত্র ধারণ করে
বিচিত্ররূপে আমাদের মধ্যে বিচরণ করেন।
তা আমরা বিশ্বাস করতে পারি না। কিন্তু কেউ যদি বলে খোদা অপরিবর্তনীয় হলেও যাদুমন্ত্রাদির সাহায্যে তিনি আমাদের সামনে বিভিন্ন রূপের বিভ্রান্তি সৃষ্টি করে হয়ত: উপস্থিত হতে পারেন। কিন্তু বিধাতা কথায় কিম্বা কর্মে নিজেকে মিথ্যা প্রতিপন্ন করবেন বা নিজের মিথ্যা প্রতিভাস তৈরী করবেন, এমন কথা আমরা ভাবতে পারি না। আর কেউই তার যথার্থ প্রকৃতিতে মিথ্যা প্রতিপন্ন হতে চায় না। যাকে সে নিজের সর্বোত্তম বা যথার্থতম প্রকৃতি বলে বিবেচনা করে সে প্রকৃত মিথ্যার করায়ত্ব হোক , এমন ইচ্ছা কারও পক্ষেই স্বাভাবিক নয়। অর্থাৎ আমরা বলতে চাচ্ছি মানুষ নিজের আত্মার সত্ত্বায়-

অর্থাৎ তার চরিত্রের সর্বোত্তম ক্ষেত্রে প্রতারণা বা মিথ্যাকে প্রশ্রয় দিতে পারে না। এমন প্রবণতা মানুষের কাছে অবশ্যই ঘৃণ্য।

প্রতারিতের আত্মার এই অজ্ঞানতাকেই আমরা সত্য-মিথ্যা বা যথার্থ মিথ্যা বলে আখ্যায়িত করতে চেয়েছি। কারণ শব্দের মিথ্যা তো আত্মার জন্যে কেবল মিথ্যার আভাস মাত্র, বলা যায় মিথ্যার আঁচ। এ মিথ্যা অবিমিশ্র মিথ্যা নয়। আর এমন অবিমিশ্র মিথ্যা কেবল খোদার কাছেই ঘৃণ্য নয় , মানুষও একে ঘৃণা করে।

কিন্তু শব্দগত মিথ্যা সবসময় ঘৃণ্য নাও হতে পারে। অনেক ক্ষেত্রে শব্দগত মিথ্যার ব্যাবহারগ ত সুবিধার দিক আছে। শত্রুর সঙ্গে আচরণ , এর একটি দৃষ্টান্ত হতে পারে। অথবা ধরি আমাদের কোন সুহৃদ উন্মাদনা বা বিভ্রান্তির মুহূর্তে কোন ক্ষতিকর কার্য্য সম্পাদন করতে যাচ্ছে। তেমন অবস্থায় আমাদের পক্ষে মিথ্যার আশ্রয় গ্রহণ তার জন্যে নিরাময় বা প্রতিরোধের মাধ্যম হিসেবে কাজ করতে পারে। পুরানের ক্ষেত্রেও এমনটি ঘটে। পুরানের প্রকৃত কথা আমরা জানিনে। তাই পুরাণ সম্পর্কে আমাদের মিথ্যাকে আমরা সত্যের আকার প্রদান করি। আর সেই সত্যের আকার দিয়ে আমরা নিজেদের উদ্দেশ্য সাধন করি। কিন্তু মিথ্যা ব্যবহারের এ সমস্ত কারণের কোনটিকেই আমরা বিধাতার উপর প্রয়োগ করতে পারিনে। কেননা বিধাতা তো পুরাণের বিষয়ে অজ্ঞ নয় যে পুরাণের কারণে তিনি মিথ্যার আশ্রয় নেবেন। আবার বিধাতা কোন শত্রুর ভয়ে বা জ্ঞানহীন কোন বন্ধুর কারণে মিথ্যার আশ্রয় নেবেন তাও আমরা ভাবতে পারিনে। অর্থাৎ আমরা এমন কোন কারণ বা উদ্দেশ্যের কথা চিন্তা করতে পারিনে যে জন্যে বিধাতা মিথ্যার আশ্রয় গ্রহণ করতে পারেন। সুতরাং বিধাতা মিথ্যার আশ্রয় নিতে একেবারেই অক্ষম।

সুতরাং আমরা বলতে পারি, বিধাতা কথায় এবং কর্মে সরল এবং সত্য; তার কোন পরিবর্তন নেই। শব্দে বা সংকেতে তিনি কাউকে প্রতারণা করতে পারেন না।
এ দিয়ে আমি বলতে চাইলাম যারা যারা ধর্মপালনকারী কিন্তু বিধাতায় বিশ্বাসী নয় তারা আস্তিক নয়, আবার যারা বহুঈশ্বরবাদী তারাও আস্তিক নয়-কারণ উপরে প্রমান করা হয়েছে যে, বিধাতার কোন পরিবর্তন নেই, দেবতার রূপে বা মানুষের রূপ ধরে তিনি মানুষকে বিভ্রান্ত করতে পারেন না।

আবার কেউ যদি ঈশ্বরকে স্বচক্ষে দেখে, তার স্বরূপ সম্পর্কে সম্যক অবহিত থাকে তবে কি সে আস্তিক? ইহুদি, খৃষ্টান ও মুসলিমরা তো আদম হাওয়া ও ইবলিসের কাহিনীতে বিশ্বাসী। এখানে এই শয়তান বা ইবলিস কি আস্তিক? সে তো খোদাকে স্বচক্ষে দেখেছে এবং তার স্বরূপও সম্যক অবহিত।

সুতরাং যেভাবে আপনি আস্তিক ও নাস্তিকের ব্যাখ্যা উপস্থাপন করেছেন সেখানে কিছুটা বিভ্রান্তি আছে , তেমনি বিভ্রান্তি আছে স্বর্গ বা নরকে গমনকারীদের ব্যাপারে, আর তা তত্ত্ব ও তথ্যের ঘাটতির কারণে। এটা আমার অভিমত।

বিদ্র: প্লেটোর তথ্য কিছুটা আমার প্রয়োজন মত পরিবর্তন করে নিয়েছি ।

*অভিজিৎ*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৯:১৪ পূর্বাহ্ণ

@mkfaruk,

আপনার দীর্ঘ মন্তব্য পড়লাম। কৌতূহলী হয়ে সার্চ দিয়ে দেখলাম আপনার পুরো মন্তব্যই আপনার নিজের ব্লগ-পোস্ট থেকে কপি-পেস্ট করে তুলে দিয়েছেন। তাতে অবশ্য কোন সমস্যা নেই , যতক্ষণ পর্যন্ত নিজের লেখাই আপনি কপি করেন। কপি করুন আর যাই করুন, লিখলেও দীর্ঘ মন্তব্যের জন্য ধন্যবাদ পাওনা আছে আপনার। ধন্যবাদ জানবেন। তবে প্রাসঙ্গিকতা বজায় রেখে মন্তব্য করলে উপকৃত হই।

যা হোক, আপনি যেমন বলেছেন, “আমি আপনার এ লেখার অনেক তথ্যের সাথে দ্বিমত পোষণ করছি,”, আমাকেও একই কথা বলতে হচ্ছে, আপনার দীর্ঘ মন্তব্যের প্রায় অধিকাংশ বক্তব্যের সাথেই আমি একমত নই। এই যে আপনি বলেছেন -

প্লেটো বিধাতার স্বরূপও প্রমাণ করেছেন

এটা একটা ভুল কথা। প্লেটো বিধাতার স্বরূপ কিংবা কোন কিছুই ‘প্রমাণ’ করেননি, বা করতে পারেননি। যেটা করেছিলেন সেটা হল বিধাতা সম্বন্ধে তার নিজের অভিমত তুলে ধরা। প্লেটোর অভিমত কোন বৈজ্ঞানিক ‘প্রমাণ’ নয়। বিধাতা যদি একটা প্রমাণিত বিষয়ই হতো, তাহলে আধুনিক বিশ্বের অধিকাংশ খ্যাতিমান বিজ্ঞানীই ঈশ্বরে অবিশ্বাস করতেন না (লিঙ্ক এখানে)। কাজেই প্লেটোর অভিমত শেষ বিচারে স্রেফ একটা অভিমতই, এর বেশি কিছু নয়। ওটা বৈজ্ঞানিকভাবে প্রমাণিত হলে সব বিজ্ঞানীই তা মেনে নিতেন, আর ঈশ্বর ব্যাপারটা পদার্থবিজ্ঞানের পাঠ্যপুস্তকে ঢুকে যেত। তা হয়নি , বরং উল্টোটাই দেখতে পাচ্ছি। ঈশ্বরের অনুকল্প ছাড়াই মহাবিশ্বের উদ্ভব এবং অস্তিত্বের ব্যাখ্যা দিতে পারছে বিজ্ঞান।
প্লেটো কোন কিছু বলেছেন মানেই সেটা ধ্রুবসত্য নয় , বস্তুত: নাস্তিকদের মৃত্যু-চিন্তা নিয়ে যে কথাগুলো বলেছেন তা সার্বজনীন কিছু নয় , এনেকডটাল। যেমন তিনি বলেছেন -

অধার্মিক (নাস্তিক) যখন মৃত্যুর নিকটবর্তী হয় তখন তার মনে এতদিন পর্যন্ত যে চিন্তা , ভাবনা ও ভীতির উদয় হয়নি, সেগুলোরই উদ্ভব ঘটতে থাকে। পরলোকে যাত্রা যখন তার আসন্ন হয়ে উঠেছে

তখন তার কৃতকর্মের ফলস্বরূপ যে শাস্তি তাকে সেই পরলোকে পেতে হবে তার কথা আতঙ্কজনক - ভাবে তার মনে উদয় হতে থাকে। ...

আপনি এ থেকে উপসংহারে পৌঁছেছেন (আপনার ব্লগে লিখেছেন) -

১. বৃদ্ধকালে মৃত্যুর সময় আস্তিক নিশ্চিন্ত থাকে। কিন্তু নাস্তিক তার অতীত অন্যায় ও পাপ কৃতকর্মের জন্যে নানা দু:চিন্তায় অস্থির থাকে, নানা দু:স্বপ্নে তার নিদ্রা টুটে।
২. পরকালে আস্তিক যদি দেখে স্বর্গ-নরকের অস্তিত্ব নেই, তবু তার হারানোর কিছু নেই। কিন্তু নাস্তিক ? তার তো তখন আফসোসে বৃদ্ধা আঙ্গুল চুষতে হবে যদি স্বর্গ -নরক থেকেই থাকে।

আপনার উপসংহার প্রচণ্ড-ভাবেই ভুল। এ পৃথিবীতে বহু নাস্তিকের উদাহরণই দেয়া যায় যারা মৃত্যুর আগে মৃত্যুভয়ে ভীত হননি , আপনার কথা মত 'দু:চিন্তায় অস্থিরও থাকেনি' কিংবা 'নানা দু:স্বপ্নে তার নিদ্রা টুটে'নি'। বরং মৃত্যুকে স্বাভাবিক প্রক্রিয়া হিসেবেই নিয়েছেন। প্রয়াত ক্রিস্টফার হিচেন্স এর কথা বলতে পারি - যিনি ক্যান্সার আক্রান্ত হবার কথা শুনেও শোনার পরেও ঈশ্বরের দ্বারস্থ হননি। তিনি 'আফসোসে বৃদ্ধা আঙ্গুল চুষতে হবে ' ভেবে স্বর্গ-নরকের কুসংস্কারের পদতলে নিজেকে বি সর্জন না দেয়ার চেয়ে মানবিক মৃত্যুই বেছে নিয়েছেন। তিনি সেটা যে নিজের ইচ্ছাতেই করতে চান , তা লিখে গিয়েছিলেন শেষ দিককার একটি প্রবন্ধে – Unanswerable Prayers -এ। প্রবন্ধটি পড়ে দেখতে অনুরোধ করছি। বাংলাদেশেও আহমদ শরীফের মত ঋজু চিত্তের নাস্তিকের উদাহরণ দেয়া যাবে , যিনি মারা যাবার সময় তার জানাজা না করার কিংবা ধর্মীয় রিচুয়াল না করে তার দেহকে মেডিকেলে দান করে দিয়ে গেছেন, যাতে তার এনাটমি বিশ্লেষণ করে ছাত্ররা কিছু শিখতে পারে , সেই মনকির নকির আর পরকালের হাবি জাবি গালগপ্পে বিভোর কিংবা দুঃশ্চিন্তাগ্রস্থ থাকেন নি। আপনি এথিস্ট ইন ফক্সহোল মনুমেন্টের কথা শুনেছেন? - এটা হচ্ছে সেই মুক্তমনা মানুষদের স্মরণ করে নির্মিত যারা মৃত্যুমুখে দাঁড়িয়েও কখনো ঈশ্বরকে স্মরণ করেননি , দ্বারস্থ হননি কোন অলীক কুসংস্কারের কাছে। এমনকি মিলিটারিতেও এ ধরণের উদাহরণ আছে বহু (দেখুন এখানে) এই উদাহরণগুলোই তো আপনার খোঁড়া যুক্তিকে নস্যাৎ করার জন্য যথেষ্ট।

বিধাতার স্বরূপ সম্পর্কে প্রথমত: বলা যায়, তাঁর রূপ হচ্ছে উত্তম। ... বিধাতা উত্তম বলে, তিনি কোন ক্ষতির কারণ হতে পারেন না, তিনি কোন অন্যায়ও সাধন করতে পারেন না।

বিধাতার রূপ হচ্ছে উত্তম - এটা আপনি কী করে জানলেন? বিধাতা তো আর আপনাকে কিংবা প্লেটোকে সামনে হাজির হয়ে বলে যাননি। তাঁর রূপ হচ্ছে উত্তম- এটা হচ্ছে বিধাতা সম্পর্কে আপনার অভিমত। এই অভিমত আপনাদের একান্ত ব্যক্তিগত অভিমত হলে আমার আপত্তির কিছু ছিলো না , কিন্তু পরের বাক্যেই 'তিনি কোন অন্যায়ও সাধন করতে পারেন না' বলে যেভাবে উপসংহারের পেছনে আপনাকে দৌড়াতে হয়েছে তাতে করে আপনার 'উত্তম' অভিমতের প্রয়োজনীয়তা খুব ভালভাবেই বুঝতে পারলাম। আপনি এ অভিমত দিচ্ছেন - কারণ যাতে যে কোন অন্যায় অবিচারের পেছনে কারণ থেকে তাকে অব্যাহতি দেয়া যায়। জগতের ভাল ভাল কাজের পেছনে ঈশ্বরকে হাজির করা যাবে, কিন্তু

বন্যা, মহামারী, ভূমিকম্প ইত্যাদি প্রাণহানির ঘটনাগুলির জন্য তাকে দায়ী করা চলবে না। বাহ, কি কৌশলী যুক্তি। প্লেগ, মহামারী, খরা, বন্যা, সুনামির মত প্রাকৃতিক দুর্যোগে লক্ষ কোটি নিরপরাধ নর - নারী এবং শিশুর মৃত্যুর ব্যাপারে মানুষকে কোনভাবেই দায়ী করা চলে না। এ সমস্ত অরাজগতার অস্তিত্ব প্রমাণ করে যে ঈশ্বর একটি অপকারী সত্ত্বা। কারণ 'সর্বজ্ঞ' ঈশ্বর আগে থেকেই জানতেন যে, সুনামির ঢেউ আছড়ে পরে তার নিজের সন্তানদের হত্যা করবে , তাদের স্বজন হারা করবে, গৃহচ্যুত করবে, ভাসিয়ে নিয়ে যাবে, ঘর বাড়ি ধ্বংস করে এক অশুভ তাণ্ডব সৃষ্টি করবে। অথচ আগে থেকে জানা থাকা সত্ত্বেও সেসব প্রতিরোধে কোন ব্যবস্থাই তিনি নিতে পারেন নি। এ থেকে প্রমাণিত হয় ঈশ্বর এক অক্ষম, নপুংসক সত্ত্বা বই কিছু নয়। আপনার প্লেটোর অভিমত যাই হোক না কেন , 'The Oxford Companion to Philosophy' স্বীকার করেছে যে, সনাতন আস্তিকতার বিরুদ্ধে আর্গুমেন্ট অব এভিল বা 'মন্দের যুক্তি' সবচেয়ে শক্তিশালী মরণাস্ত্র, যা কেউই এখন পর্যন্ত ঠিকমত খণ্ডন করতে পারেনি। আপনিও পারলেন বলে মনে হল না।

আপনার মন্তব্যের বহু অংশেই ভুলের ছড়াছড়ি, যেমন -

দৃষ্টান্ত স্বরূপ, যে ব্যক্তি যত সুস্থ এবং শক্তিশালী সে মদ্য কিম্বা মাংস আহারে ততকম অসুস্থ হয়।

এটা চিকিৎসাবিজ্ঞানের আধুনিক জ্ঞান অনুযায়ী ভ্রান্ত। মাংস আহারে অসুস্থ হবারই প্রশ্ন আসে না , তত কম আর তত বেশির প্রয়োগই এখানে ভুল। এমনকি পরিমিত মদ্যপানও শরীরের জন্য ক্ষতিকর নয়। 'মদ্য কিম্বা মাংস আহারে ততকম অসুস্থ হয়' -এটা যদি প্লেটোর উক্তি হয়ে তাহকে তবে তা প্রাচীনকালের জ্ঞান থেকে লেখা বলে পরিত্যাগ করে সামনে এগিয়ে যাওয়াই মনে হয় সমীচীন হবে। আপনার অন্যান্য অংশগুলো লেখার প্রেক্ষিতে এতোই অপ্রাসঙ্গিক এবং বিভ্রান্তিকর যে লাইন বাই লাইন উত্তর দিলে মহাভারত হয়ে যাবে। মূ ল অংশগুলোর ভ্রান্তি উল্লেখ করেই ক্ষান্ত দিলাম আপাততঃ। আমার লেখার সাথেও বেশিরভাগ অংশের কোন সংগতি পেলাম না।
তবে আলোচনার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।



mkfaruk এর জবাব:
জুন ২৯, ২০১২ at ৬:১৭ অপরাহ্ণ
@অভিজিৎ,

আমি আমার মন্তব্যে যে বিষয়টি আপনার দৃষ্টিগোচরে আনতে চেয়েছি তা হল , ঈশ্বর, আস্তিক ও নাস্তিক শব্দত্রয়ের ব্যাখ্যা যা আপনি এড়িয়ে গিয়েছেন। কিন্তু যাদের এই শব্দত্রয় সম্পর্কে সম্যক ধারণা নেই তাদের কাছে আপনার আর্টিকেলটির গুরুত্ব আছে, কিন্তু যাদের ঐ বিষয়ে ধারণা আছে, তাদের

কাছে আর্টিকেলটি সম্পূর্ণ অসার।আর এটাই প্রমাণ করার জন্যে আমি ঈশ্বর সম্পর্কে ধারণা দিতে চেষ্টা করেছি প্লেটো থেকে। এটা ঠিক যে প্লেটো ঈশ্বররের অস্তিত্বের কোন প্রমান দেননি, তিনি কেবল ঈশ্বরের স্বরূপ সম্পর্কে একটা সিদ্ধান্তে উপনীত হয়েছেন। তিনি যুক্তি দিয়ে দেখিয়েছেন যে , ঈশ্বর বলে যদি কেউ থাকে তবে তার স্বরূপ হবে এমন-

বিধাতা কথায় এবং কর্মে সরল এবং সত্য; তার কোন পরিবর্তন নেই। শব্দে বা সংকেতে তিনি কাউকে প্রতারণা করতে পারেন না। অর্থাৎ দেবতার রূপে বা মানুষের রূপ ধরে তিনি মানুষকে বি ভ্রান্ত করতে পারেন না।

প্লেটোর এই সিদ্ধান্ত এখন পর্যন্ত কেউ যুক্তি দিয়ে খন্ডন করতে পারেনি। সুতরাং আমরা প্লেটোর সিদ্ধান্তের সাথে একমত হলে- বুদ্ধধর্মপালনকারীদের আস্তিকতা বাতিল হয়ে যায় কারণ তারা ঈশ্বরে নয়। তেমনি বাতিল হয়ে যায় হিন্দুধর্ম এবং খৃষ্টধর্ম কেননা - ঈশ্বর দেবতার রূপে বা মানুষের রূপ ধরে মানুষকে বিভ্রান্ত করতে পারেন না।

এই সিদ্ধান্তে আমরা এলে আপনার আর্টিকেলে থাকেটা কি? সুতরাং অপ্রাসঙ্গিক বিষয়ে আলোকপাত করেছি এটা কি সত্যি?

আপনার মন্তব্যের জন্যে ধন্যবাদ।

অভিজিৎ এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৮:৪৫ অপরাহ্ণ

@mkfaruk,

প্লেটোর এই সিদ্ধান্ত এখন পর্যন্ত কেউ যুক্তি দিয়ে খন্ডন করতে পারেনি।

প্লেটোর বক্তব্য কোন ‘বৈজ্ঞানিক প্রমাণ’ না যে খণ্ডন করার প্রশ্ন আসবে। তার ঈশ্বর সম্বন্ধে যে অভিমত আছে, সেটার বিপরীর যুক্তি উপরেই দেখানো হয়েছে। তার ‘মৃত্যুর সময় আস্তিক নিশ্চিন্ত থাকে। আর নাস্তিকেরা দুশ্চিন্তাগ্রস্থ থাকে সব হাবিজাবি বক্তব্যের বিপরীতে উল্লেখযোগ্য পরিমাণ উদাহরন উপস্থাপন করেই বাতিল করা হয়েছে। এর পরেও তা নিয়ে কেউ পড়ে থাকলে আমার কিছু করণীয় নেই, সরি!

*অনীক সামীউর রহমান*এর জবাব:

জুলাই ৭, ২০১২ at ৪:৩৯ অপরাহ্ণ

@mkfaruk,

"আমি আমার মন্তব্যে যে বিষয়টি আপনার দৃষ্টিগোচরে আনতে চেয়েছি তা হল , ঈশ্বর, আস্তিক ও নাস্তিক শব্দত্রয়ের ব্যাখ্যা"

কি ব্যাখ্যা দিলেন আপনি আস্তিক আর নাস্তিকের?? সংজ্ঞা দিনতো আস্তিক আর নাস্তিকের, দেখি সেটা আদৌ জানেন কিনা!

"সুতরাং বলা যায় বিধাতা উত্তম, মঙ্গলকর। আর এজন্যে তাঁকে মঙ্গলের কারণ বলে আখ্যায়িত করা যায়।......বিধাতা মনুষ্য জীবনের ন্যায়ের কারণ; অন্যায়ের নয়।......তেমনি করে বলে-......তা হবে সর্বৈব মিথ্যা।"

বাহ দারুন যুক্তি তো, তবে মন্দগুলোর উৎস কি? (বর্তমান বিশ্বে নিঃসন্দেহে মন্দগুলোর সবচেয়ে বড় উৎস ধর্ম, বিষেষত একেশ্বরবাদী ধর্মগুলি।)

এ ইশ্বর তো আর তাহলে মহাবিশ্বের স্রষ্টা নন কেবল জমিদারের ব্যাটা প্লেটোর idea of Good এর স্রষ্টা(মানে প্লেটো নিজেই!), আর কিচ্ছু না।

"দুরাচারের দুর্ভোগ আসে, কারণ এ তার প্রাপ্য। আর বিধাতা সেই দুর্ভোগ তার মঙ্গলের জন্যেই দিয়েছেন।" WOW! What a যুক্তি মাইরি, পৃথিবীর সব আন্দোলন থামাতে তো আপনাকেই দরকার। কেননা গারমেন্ট শ্রমিকদের পুষ্টির এ দুর্দশা তো তাদের ভালোর জন্যই , বাংলাদেশে বিদ্যুৎ থাকছেনা বলে সবাই কি দুর্ভোগে আছে, কিন্তু তা তো আমাদের ভালোর জন্যেই। পদ্মা ঘাটে কি ভীষণ জ্যাম পড়ে, সরকারের দোষে শিগ্রি ব্রিজ পাচ্ছিনা আমরা, কুচ পরওয়া নেহি পদ্মা ঘাটে গরমে সিদ্ধ হওয়া তো আমাদের ভালোর জন্যই। কেন যে '৭১ এ আমরা এটা বুঝলাম না! Spammer!

*সুকান্ত*এর জবাব:

জুন ৩০, ২০১২ at ৬:৩৫ অপরাহ্ণ

@অভিজিৎ,

এক কথায় দারুণ হয়েছে আপনার লেখাটা... উইকেন্ড বলে কথা... লন একখান বীয়ার... ।

চাঁটগায়্যা ভাষায় হইলে আরু মজা পাইতাম...... ।

অফটপিকঃ ভবঘুরের একটা পোস্টে এই ফারুক সাহেব আমার মন্তব্যের প্রতিউত্তরে একই কথা বলেছেন যে, প্লেটো জ্ঞানী ব্যক্তি এবং ভাবটা এমন যে, সে যা বলে সব কিছুই ধ্রুব এবং কেউ এর কোন বিরুদ্ধাচরন করতে পারবেনা। আজব এদের যুক্তি। তার উপর নিজেকে বলে বিজ্ঞানের ছাত্র!!! উনার মন্তব্যের প্রতিউত্তর দেওয়ার কোন ইচ্ছে ও হয় না।

অভিজিৎ এর জবাব:

জুলাই ২, ২০১২ at ৪:১৫ পূর্বাহ্ণ

@সুকান্ত,

এক কথায় দারুণ হয়েছে আপনার লেখাটা... উইকেন্ড বলে কথা... লন একখান বীয়ার...

ধন্যবাদ। উইকেন্ডে বাসায় ছিলাম না। আগে বিয়ারটা পেলে ভাল হইত। কাইল আবার অফিস আছে। আজ না খাওয়াই মনে হয় ভাল হবে।



অনামী এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৩:৪১ অপরাহ্ণ

@mkfaruk,

বিধাতার স্বরূপ সম্পর্কে প্রথমত: বলা যায়, তাঁর রূপ হচ্ছে উত্তম।

কি ভাবে বলা যায়? মানে এই parameter ফিক্স হলো কি ভাবে?আপনার কথাটা কি রকম দাড়ালো জানেন? ধরুন আমি বললাম- বুধবার সম্পর্কে প্রথমত: বলা যায় বুধবারের রং হলো সবুজ , গন্ধ হলো রসুনের মত এবং বর্গফল ২৬! এই বাক্যের যা মানে দাড়াবে, আপনার এই কথার-ও তাই মানে।

আমরা একথা নিশ্চয় স্বীকার করব যা উত্তম তা কখনও ক্ষতিকর বলে পরিচিত হতে পারে না।

একদমই নয়। পাঠার মাংস, মিষ্ঠি দই, স্কচ উইস্কি, হাভানা সিগার- সবই অতি উত্তম বস্তু। কিন্তু নিয়মিত সেবনে বেশ ক্ষতিকারক।



mkfaruk এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৫:২০ অপরাহ্ণ

@অনামী,

বিধাতার স্বরূপ সম্পর্কে প্রথমত: বলা যায়, তাঁর রূপ হচ্ছে উত্তম।কি ভাবে বলা যায়? মানে এই parameter ফিক্স হলো কি ভাবে?

আসলে সমস্যা হচ্ছে এই যে, আমরা অনেকে অনেক বিষয় সম্পর্কে সম্যক ধারণা রাখিনা। ফলে আমাদের বুঝতে অসুবিধা হয়। এটা দর্শণের বিষয়-কোন কিছু সম্পর্কে সিদ্ধান্তে উপনীত হতে গেলে যে কোন একটি প্যারামিটারকে ধরে নিয়ে যুক্তির নিরীক্ষে এগিয়ে যাওয়া হয়।

আর আমার উপস্থাপনায় কোন ত্রুটি নেই, কেননা ঐ ভাবে উপস্থাপনার দ্বারা প্লেটো বিধাতার স্বরূপ সম্পর্কে সিদ্ধান্তে উপনীত হয়েছেন, অন্যদিকে তার এই যুক্তি উপস্থাপনার বিপরীতে কেউ এখন পর্যন্ত যুক্তি উপস্থাপন করতে পারেনি।

আপনার মন্তব্যের জন্যে ধন্যবাদ।

অভিজিৎ এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৮:৪৭ অপরাহ্ণ

@mkfaruk,

অন্যদিকে তার এই যুক্তি উপস্থাপনার বিপরীতে কেউ এখন পর্যন্ত যুক্তি উপস্থাপন করতে পারেনি।

ওহ, তাই নাকি! তা আপনিও তো বুধবার সম্পর্কে অনামীর অভিমত - " *বুধবারের রং হলো সবুজ, গন্ধ হলো রসুনের মত এবং বর্গফল ২৬*" - এটা খণ্ডন করতে পারেননি। তাতে কি এটা প্রমাণিত?



mkfaruk এর জবাব:

জুন ২৯, ২০১২ at ১০:২৫ অপরাহ্ণ

@অভিজিৎ,

বুধবারের রং হলো সবুজ, গন্ধ হলো রসুনের মত এবং বর্গফল ২৬" - এটা খণ্ডন করতে পারেননি। তাতে কি এটা প্রমাণিত?

এই বাক্য খন্ডন করতে পারিনি তা নয়, ইচ্ছে করেই এর উত্তর দেইনি। কারণ আমার মনে হয়েছে লজিক সম্পর্কে ওনার ভাল ধারনা নেই। ধারণা থাকলে উনি ভালকরেই বুঝতে পারতেন আমি আমার যুক্তির ক্ষেত্রে আরোহ না অবরোহ পদ্ধতি ব্যবহার করেছি। তাছাড়া উনি এটাও জানেন না যে , **যুক্তির বৈধতা নির্ভর করে যুক্তিতে ব্যবহৃত যুক্তিবাক্যের সত্যতার উপর।**
আর যেহেতু ওনার বাক্যদ্বয় সম্পূর্ণ একটা ফালতু সেকারণেই উত্তর দেয়া প্রয়োজন বোধ করিনি। অন্য কিছু নয়।

*অভিজিৎ*এর জবাব:
জুন ২৯, ২০১২ at ১০:৪৮ অপরাহ্ণ
@mkfaruk,

এইতো লাইনে এসেছেন। বুধবারের গন্ধ বর্ণ ইত্যাদি সম্বন্ধে যে জিনিসটা প্রযোজ্য , সেটা একইভাবে প্রযোজ্য ঈশ্বরের সংজ্ঞায়নেও। তার বিভিন্ন বৈশিষ্ট ['পরম দয়াময়' (all-loving) এবং সর্ব শক্তিমান (all-powerful or omnipotent), নিখুঁত (perfect), সর্বজ্ঞ (omniscient) ইত্যাদি…] যে আসলে নানা ধরণের পরষ্পরবিরোধিতায় আচ্ছন্ন সেটা বহু যুক্তি জানা দার্শনিকই বহুভাবে প্রমাণ করেছেন … আবার বইলেন না যে, সে ঐ সব বিখ্যাত দার্শনিকেরাও যুক্তির আরোহ -অবরোহ পদ্ধতিগুলো বোঝেন না! যেমন আপনি Michael Martin Michael Martin and Ricki Monnier এর লেখা The Impossibility of God বইটা পড়ে দেখতে পারেন। নেটেও অনেক আলোচনা আছে, দেখতে পারেন : এখানে Theodore M. Drange এর লেখা Incompatible-Properties Arguments: A Surveyতেও অনেক আলোচনা পাবেন পরষ্পরবিরোধিতাগুলো নিয়ে। মুশকিল হচ্ছে বুধবার সম্বন্ধে আপনি যে লজিক্যাল সমস্যাগুলো বুঝতে পারছেন , ঈশ্বর সম্বন্ধে হয়ে উঠেছেন ততটাই গোঁড়া। ঈশ্বর সম্বন্ধে আপনার অভিমতটাকেই ভাবছেন ঈশ্বরের স্বরূপের 'প্রমাণ'।
যাইহোক, এ নিয়ে অনেক আলোচনা হয়ে গিয়েছে। আপনি আপনার কথা বলেছেন, আমরা আমাদের। কে ভুল কে শুদ্ধ আর কার লজিক সম্পর্কে কার ভাল ধারনা আছে কিংবা নেই সেটা আপনি না বলে বরং পাঠকদের হাতেই ছেড়ে দেন।

*সাগর*এর জবাব:
জুন ৩০, ২০১২ at ৮:০৩ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

7. 7

সাইফুল ইসলাম

জুন ২৮, ২০১২ সময়: ৩:১৮ অপরাহ্ণ লিঙ্ক

অভিদা,

মাই গডস ডিক ইজ বিগার দ্যান ইয়োরস

এই ক্ষেত্রে শিবের ধারে কাছে কেউ যাইতে পারব না আর কেউ মনে হয় ভুলেও হেরে চ্যালেঞ্জ করব না।



mkfaruk এর জবাব:

জুন ২৮, ২০১২ at ৩:৫৯ অপরাহ্ণ

@সাইফুল ইসলাম,

আপনার জানা কম বিধায় আপনি এমন বলছেন। শিবের ডিক অবশ্যই চ্যালেঞ্জের মুখে। আর এসব চ্যালেঞ্জের উত্তর মুসলিমরা অনেক আগেই দিয়ে রেখেছে। যারা বুখারীর এই হাদিসে বিশ্বাস করে তাদের কাছে শিবের পাত্তা নেই।

Sahih Bukhari Vol. 4, book 55, #543, narrated Abu Hurayrah, “The prophet, peace be upon him, said, ‘Allah created Adam, made him 60 cubits in height..’”

সুতরাং বোঝাই যাচ্ছে ৬০ ফুট আদমের ডিক শীবের পুরো বডির চেয়ে বড় হবে।



হোরাস এর জবাব:

জুন ২৮, ২০১২ at ৭:২৬ অপরাহ্ণ

@mkfaruk, ৬০ কিউবিটস মানে ৯০ ফুট, ৬০ ফুট না। তার মানে হল, আপনি নিজেও জানেন না যে আপনি যা জানেন সেটা আসলে ভুল জানেন। এখন মূল কথায় আসা যাক। মুহাম্মাদ চাপা মারছে। অবশ্য তার পক্ষে জানা সম্ভব ছিলো না যে মানুষের পক্ষে ৬০ কিংবা ৯০ ফুট হওয়া সম্ভব না।

৯০ ফুট আদম কিম্বা ৬০ ফুট কিংকং সম্ভব নয়; কেন?

mkfaruk এর জবাব:
জুন ২৮, ২০১২ at ৮:০১ অপরাহ্ণ
@হোরাস,

এখানে আমার জানার বিষয়ে আসলে বলিনি। যাহোক আমি যা জানি তা হল-
1 cubit = 45.72 centimeters
An ancient measure of length, approximately equal to the length of a forearm. It was typically about 18 inches or 44 cm, though there was a long cubit of about 21 inches or 52 cm.
Now,
If we use 18″ X 60 = 1080 inches divided by 12 = 90 Feet
If we use 21″ X 60 = 1260 inches divided by 12 = 105 Feet
So, if we understood correctly, the height of Adam, peace be upon him, is between 90 and 105 feet.

mkfaruk এর জবাব:
জুন ২৮, ২০১২ at ৮:১০ অপরাহ্ণ
@mkfaruk,

> এখন মূল কথায় আসা যাক। মুহাম্মাদ চাপা মারছে। অবশ্য তার পক্ষে জানা সম্ভব ছিলো না যে মানুষের পক্ষে ৬০ কিংবা ৯০ ফুট হওয়া সম্ভব না।

আর এ বিষয়ে আমি তর্কে যাব না, কারণ তাতে কেউ কেউ ২০/২৫ ফুট কঙ্কালের ছবি এনে হাজির করবেন, কেন আমার কাছেই তো আছে। যাহোক, যার যেমন জ্ঞান তার তেমনই বিশ্বাস। আর তা অনেক ক্ষেত্রেই যুক্তি মানে না। সুতরাং খুব বেশী পড়াশোনা বা যুক্তিবাদী না হলে তাকে তো আমি বিশ্বাস করাতে পারব না। আপনার কি মনে হয়।



হোরাস এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১০:৪৩ অপরাহ্ণ

@mkfaruk,

কারণ তাতে কেউ কেউ ২০/২৫ ফুট কঙ্কালের ছবি এনে হাজির করবেন , কেন আমার কাছেই তো আছে।

ছবুগুলা নিয়ে আসুন, অসুবিধা নাই। ইন্টারনেটে প্রচলিত ঐ ছবিগুলা যে ভূয়া তা বহুবার প্রমাণ করা হয়েছে। আপনার জন্যে না হয় আরেকবার করব। কিন্তু সমস্যা হচ্ছে আপনি না দেয়া পর্যন্ত তো আর সেটা করা যাচ্ছে না।

mkfaruk এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১০:৫৬ অপরাহ্ণ

@হোরাস,

আরে আপনি তো আমার ফানি উত্তরগুলোকেও সত্যি বলে ভাবছেন। আমি পুরাপুরি নিশ্চিত হলে তো ছবি দিয়েই দিতাম। ফানি বিষয়ের সবকিছুই ফানি , এটা কি ভেঙ্গে বলার ছিল!!
যদিও আপনার ব্যাপারটা জানিনে কিন্তু আমার সায়েন্স এবং টেকনোলজীর উপর পড়াশুনো। নিশ্চয়ই আর কিছু বলার অপেক্ষা রাখে না।

সাইফুল ইসলাম এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১১:২৮ অপরাহ্ণ

আরে কই জানি পড়ছিলাম শিবের আকাশ পাতা ফুটা কইরা ওঠা লিঙ্গের গুনকীর্তন করতেছে।
হিন্দুরা যাই করুক, আদম টাদম না, আমি গর্বিত এরশাদ কাকুরে লইয়া। বাঙালির গর্বের ঝান্ডা একমাত্র ঐ উড়াইতে পারছে।

অনীক সামীউর রহমান এর জবাব:
জুলাই ৭, ২০১২ at ৪:৪৭ অপরাহ্ণ

@সাইফুল ইসলামঃ জাঝা, লাইকাইলাম, এরশাদ দেশি মাল, বেশি মজা।

এমরান এইচ এর জবাব:
জুন ২৮, ২০১২ at ৮:১৯ অপরাহ্ণ

@mkfaruk,

শিবের ডিক অবশ্যই চ্যালেঞ্জের মুখে। আর **এসব চ্যালেঞ্জের উত্তর** মুসলিমরা অনেক আগেই দিয়ে রেখেছে। যারা বুখারীর এই হাদিসে বিশ্বাস করে তাদের কাছে শিবের পাত্তা নেই।

আপনার **এসব চ্যালেঞ্জের উত্তর** দেখে বেশ মজা পেলাম। মনে হচ্ছে মুক্তমনায় এত ভারী ভারী লেখার মাঝে আপনার মন্তব্যগুলো না থাকলে, মুক্তমনা ব্লগ পড়ার মজাই নষ্ট হয়ে যায়। আপনি কিন্তু প্লীজ নিয়মিত এভাবে চ্যালেঞ্জগুলোর উত্তর দিয়ে যাবেন, সেই অনুরোধ রইল।

mkfaruk এর জবাব:
জুন ২৯, ২০১২ at ১০:৫৩ অপরাহ্ণ

@এমরান এইচ,

মুক্তমনায় এত ভারী ভারী লেখার মাঝে

এখন পর্যন্ত মুক্তমনাতে আমার জানার বাইরে এমন কোন তথ্যের (সাহিত্য, ধর্ম, দর্শণ, প্রাচীন ইতিহাস) দেখা পাইনি। এ কারণে আপনার সাথে আমি একমত নই। যাহোক, আগামীতে হয়ত: কারো কারো কাছ থেকে পাব আশা রাখি। তবে জানা তথ্য হলেও অনেক আর্টিকেলই আমি পড়ি এটা শুধু উপস্থাপনার রীতির জন্যে। মুক্তমনাতে অনেকের উপস্থাপনা অসম্ভব ভালো। এটা আমাকে আকৃষ্ট করে। তছাড়া আরও একটা কারণে আমি ব্লগে আসি সেটা হল অবসর সময়ের বিনোদনের জন্যে, আর তাই প্রথমেই খুঁজি রম্যরচনা।

আপনার মন্তব্যের জন্যে ধন্যবাদ।

আকাশ মালিক এর জবাব:

জুন ২৮, ২০১২ at ৯:৩৯ অপরাহ্ণ

@mkfaruk,

Sahih Bukhari Vol. 4, book 55, #543, narrated Abu Hurayrah, "The prophet, peace be upon him, said, 'Allah created Adam, made him 60 cubits in height..'"

সুতরাং বোঝাই যাচ্ছে ৬০ ফুট আদমের ডিক শীবের পুরো বডির চেয়ে বড় হবে।

আপনি অতি সত্বর আদমের ডিক নিয়ে একটা পোষ্ট প্রসব করুন।

mkfaruk এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১০:১৯ অপরাহ্ণ

@আকাশ মালিক,

আপনি অতি সত্বর আদমের ডিক নিয়ে একটা পোষ্ট প্রসব করুন।

এ বিষয়ে আমি বলতে পারি, আমার যা বোধ, বুদ্ধি বা জ্ঞান তা আর্টিকেল লেখার জন্যে যথেষ্ট নয়। আমি যেটুকু বুঝি তাতে সেই আর্টিকেল লিখতে পারে , যে পক্ষে বা বিপক্ষে -যে কোন দিকেই তুখোড় বাগ্মীতা নিয়ে পাঠককে নাস্তানাবুদ করতে পারে। আর এর অভাবের কারণেই মুক্তমনার অধিকাংশ লেখকদের একপেষে উপস্থাপনা বা উপস্থাপনার মনোবৃত্তি। আপনি সব মন্তব্যের দিকে একটু মনোযোগ দিলেই এটা পরিস্কার হবে।

যাহোক আসল কথায় আসি। ফানি প্রশ্নের ফানি উত্তর দিয়েছি মাত্র। অবশ্য এভাবে বলাও ঠিক হবে না, একটু ইঙ্গিতও আছে এটাতে। আর তা হল -যারা সকল হাদিসকে পুরোপুরি সত্য ধরে নিয়ে আর্টিকেলের পর আর্টিকেল অর্থাৎ ধারাবাহিক লিখে চলেছেন এটা তাদের উদ্দেশ্যে । তারা এ সম্পর্কেও আর্টিকেল লিখে ফেলতে পারবে বলে আমার বিশ্বাস সুদৃঢ়।

আপনার উত্তরের জন্যে ধন্যবাদ।

অচেনা এর জবাব:

জুন ৩০, ২০১২ at ৬:৩৮ অপরাহ্ণ

@mkfaruk,

আর তা হল - যারা সকল হাদিসকে পুরোপুরি সত্য ধরে নিয়ে আর্টিকেলের পর আর্টিকেল অর্থাৎ ধারাবাহিক লিখে চলেছেন এটা তাদের উদ্দেশ্যে ।

রণক্ষেত্র থেকে পালিয়ে দুর্গে ফিরে এসে কি বড় বড় বীরত্ব ফলানো খুব ভাল কাজ ? সেই আর্টিকেল গুলোতে গিয়ে এই জাতীয় মন্তব্য করাই কি ভাল ছিল না?

8. 8

অধম

জুন ২৮, ২০১২ সময়: ৩:৩৮ অপরাহ্ণ লিঙ্ক

ভাল্লাগছে...

9. 9

ম্যাক্স ইথার

জুন ২৮, ২০১২ সময়: ৩:৪১ অপরাহ্ণ লিঙ্ক

বরাবরের মতো অভি'দা ...

তবে কিনা ... লেখাটা শুদ্ধ বাংলায় হলে বোধয় আরও বেশি ভালো হতো। কথ্য ভাষায় লেখার কারনে একটু হাল্কা হাল্কা মনে হচ্ছে বোধয় ।

10. 10

আরিফুল হোসেন

জুন ২৮, ২০১২ সময়: ৩:৫১ অপরাহ্ণ লিঙ্ক

অসাধারন লেখা।

মুসলিমদের মাঝে এই যুক্তিটা প্রচলিত আছে হয়ত উমরের বয়ান হিসেবে। সে নাকি কাকে এই যুক্তি দিয়ে ইসলামের পথে আনছিল।

একটা ইন্টারেস্টিং জিনিস হইল, কুযুক্তিগুলো যুগে যুগে একই থেকে গেছে(প্রথম কারন , স্বাধীন ইচ্ছা ইত্যাদি)। হয়ত তাদের ফর্ম পাল্টেছে। কিন্তু সব মিলিয়ে একই জিনিস। যে লাউ সেই কদু। কিন্তু বৈজ্ঞানিক দৃষ্টিকোণ, দর্শনে যুগে যুগে পরিবর্তন এসেছে। এটাই প্রমান করে "ধর্মবাদীদের" আসলে নতুন কিছু বলার নাই। তাদের বলার জিনিস ২০০০/৩০০০ বছর আগেই শেষ।

11. 11

বিপ্লব রহমান

জুন ২৮, ২০১২ সময়: ৪:১০ অপরাহ্ণ লিঙ্ক

ভেবে দেখলাম, আমাদের মহান ঈশ্বর হচ্ছেন নাস্তিকূলশিরোমনি, মানে সবচেয়ে বড় নাস্তিক (উনি বিশ্বাস করেন না যে কোন সৃষ্টিকর্তা তারে বানাইছে) , তাই তার দর্শন হওয়া উচিৎ অবিশ্বাসের দর্শন!

12. 12


নুসরাত শারমীন

জুন ২৮, ২০১২ সময়: ৪:৪৪ অপরাহ্ন লিঙ্ক

আস্তিক-নাস্তিকদের চৌদ্দগোষ্ঠী উদ্ধার না করে ঐসব তথাকথিত আস্তিক বা নাস্তিক যারা ঈশ্বরকে নিয়ে ধর্মকে নিয়ে রাজনীতি করে,নিজের বিশ্বাসকে অন্যের উপর চাপিয়ে দেয়ার চেষ্টা করছে তাদের চৌদ্দগোষ্ঠী উদ্ধার করুন। আসলে যার যার বিশ্বাস তার তার,আমি বুঝে-শুনে আস্তিক/নাস্তিক যা-ই হইনা কেন সেটা আমার বিশ্বাস। আসলে মানবতাটাই বড়,যার মধ্যে এই জিনিসটা নেই তার দ্বারাই সম্ভব মানুষের বিশ্বাস নিয়ে টানা-হেঁচড়া করা....তবে ইদানীং যা দেখা যায় আর কি....তথাকথিত আস্তিকদের টার্গেট নাস্তিকগুলোকে ধরে বেঁধে যেভাবেই হোক কোন একজন ঈশ্বরের আওতায় আনতে হবে আর নাস্তিকরা-ও কম যায়না.....তারা-ও কোমর বেঁধেই নামে ঈশ্বরের চৌদ্দগোষ্ঠী উদ্ধার করার জন্য। এটাও আমার কাছে ঐ ধর্মে ধর্মে রেষারেষির চেয়ে কম জঘণ্য মনে হয়না।

13. 13

নাজমূল

জুন ২৮, ২০১২ সময়: ৫:৩৭ অপরাহ্ন লিঙ্ক

আস্তিকদের খুবই কমন একটা কুযুক্তি এটি। অনেক গুছিয়ে লিখেছেন অভিজিৎদা। বেশ মজার সুপাঠ্য।

*অভিজিৎ*এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১০:৪০ অপরাহ্ন

@নাজমূল,

ধন্যবাদ।

14. 14

স্টয়িক রাসেল

জুন ২৮, ২০১২ সময়: ৫:৫২ অপরাহ্ন লিঙ্ক

15. 15

সফিক

জুন ২৮, ২০১২ সময়: ৭:০৮ অপরাহ্ন লিঙ্ক

একটা ক্লাসিক হোমার সিম্পসন কোটেশন, রোববার চার্চে কেনো যায় না স্ত্রী মার্জের ঠেলাঠেলিতে হোমারের যুক্তি,

" Suppose we've chosen the wrong god. Every time we go to church we're just making him madder and madder."

"Homer the Heretic", Season 4, Episode 3.

*অভিজিৎ*এর জবাব:

জুন ২৮, ২০১২ at ৮:২৪ অপরাহ্ন

@সফিক,

" Suppose we've chosen the wrong god. Every time we go to church we're just making him madder and madder."

ক্লাসিক!

16. 16

তামান্না ঝুমু

জুন ২৮, ২০১২ সময়: ৭:১৩ অপরাহ্ণ লিঙ্ক

পি-মারা, মানে কি দাদা?



mkfaruk এর জবাব:

জুন ২৮, ২০১২ at ৮:১৯ অপরাহ্ণ

@তামান্না ঝুমু,

এটার উত্তর কি না জানলেই নয়? অভিজিৎ সভ্য ভাষায় লিখেছেন তাই এটা, আর যদি 'জনৈক বাঙ্গালের' ভাষায় হত বুঝতেই পারছেন আমাদের মন্তব্য করার আগেই ভাগতে হত গন্ধে।

অভিজিৎ এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১০:৩৯ অপরাহ্ণ

@তামান্না ঝুমু,

হাঃ হাঃ - ওটা বাজে ছেলেপিলেদের মধ্যে প্রচলিত একটা স্ল্যাং ঝুমু।

তবে আমরা তো বাজে ছিলে পিলে নই, ওটা (ফরিদ ভাইয়ের মতে) **পেরেক মারা।** কুমিল্লার ওদিকে গেলে শুনবেন, **পিছামারা।** পিছা মানে ঝাড়ু। তাই ঝাড়ুমারা হিসেবেও ওটাকে নিতে পারেন। তবে ঢাকার ওদিকে বাজে ছেলেপিলেদের আড্ডায় অধিকাংশ লোকজন উপরে mkfaruk এর মতই ভাববেন। আফটার অল ডার্টি মাইন্ড কিনা। 🙂

আমার দিল কিন্তুক খুব পরিস্কার। 😁

mkfaruk এর জবাব:
জুন ২৮, ২০১২ at ১১:২১ অপরাহ্ণ
@অভিজিৎ,

হা হা হা... ভীষণ মজা পেলাম। সত্যি বলতে কি উত্তরটা চু-.... মু-.তে.. একাকারের মত অর্থাৎ চমৎকার হয়েছে।
এটা বললাম একারণে আমার থিমটা অন্য অনেকের থেকে ভিন্ন। আমার বাবা বলতেন সত্যকে বুঝতে হলে আগে মিথ্যাকে জানতে হবে, ভালকে বুঝতে হলে, খারাপটা আগে জানতে হবে। এ কারণেই আমি সবকিছুর আগে প্রথমে ঐ বিষয়গুলিরই পাঠ নিয়েছি। হা হা হা ...

অনীক সামীউর রহমান এর জবাব:
জুলাই ৭, ২০১২ at ৪:৫৩ অপরাহ্ণ
@mkfaruk,
"সত্যকে বুঝতে হলে আগে মিথ্যাকে জানতে হবে "
দারুন বলেছেনতো, আসলে কি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের এখন তুকতাক পড়ানো উচিৎ , কেননা মিথ্যাটা না জানলে কিকরে তারা অ্যাটমিক মডেল, সেল সিগ্নালিং এসব সত্যি বুঝবে ?

ফরিদ আহমেদ এর জবাব:
জুন ২৮, ২০১২ at ১১:২৮ অপরাহ্ণ
@অভিজিৎ,

> ওটা (ফরিদ ভাইয়ের মতে) পেরেক মারা।

উল্লেখবিহীন উদ্ভট কথাবার্তা। আরেকটু আগাইলেই হামলা এবং মামলা দুইটারই মোকাবেলা করতে হইতো তোমার।

*অভিজিৎ*এর জবাব:
জুন ২৯, ২০১২ at ১:৪৮ পূর্বাহ্ণ
@ফরিদ আহমেদ,
মামলায় জিতবার পারতেন না। আমি আল্লামা হয়রানোমোল্লার মত স্ক্রিন শট রাইখা দিছি। তার উপর আবার শরিয়া আইন মোতাবেক এক পুরুষ আর দুই নারীর সাক্ষীও হাজির করন যাইবো।

17. 17

বন্যা আহমেদ
জুন ২৮, ২০১২ সময়: ১০:০৭ অপরাহ্ণ লিঙ্ক

অভিজিৎ দোজখে যাইতে পারে, আমি কিন্তু যামু না। আল্লাহর কাসে বন্দেগি করার ব্যাপারটা আউটসোর্স করসি বহুত আগেই। আমি নাস্তিক শোনার পর থেকেই আমার অফিসের অত্যন্ত মুমীন এক ক্যাথলিক(আমার বেশ ক্লোজ বন্ধু সে) কাতর হয়ে আমার জন্য নিয়মিতভাবে চার্চে গিয়া দোয়া করে। আমারে মাঝে মাঝেই নিশ্চিত করে যে আমার চিন্তার কুনুই কারণ নাই , তার দোয়ার ফজিলতে আমার এ-জীবন আর সে-জীবনের কোথাও কুনু সমেস্যা হবে না। আমার মা -নানীর আল্লাহ আর হের বাপদাদার গড এখন মারামারি কইরা বুইঝা নিক আমি কুন স্বর্গে যামু।
(রায়হান, তুমি যাই বল নাই বল, আমি কিন্তু জাহান্নামে যামু না…)

*রায়হান আবীর*এর জবাব:
জুন ২৮, ২০১২ at ১০:২১ অপরাহ্ণ
@বন্যা আহমেদ,

(রায়হান, তুমি যাই বল নাই বল, আমি কিন্তু জাহান্নামে যামু না…)

ঠিকাছে। আপনি জান্নাতে যাইবেন আর জাকির নায়েকের কনসার্ট শুনবেন ২৪ ঘন্টা

*অভিজিৎ*এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১১:২৭ অপরাহ্ণ

@বন্যা আহমেদ,

...আমার অফিসের অত্যন্ত **মুমীন** এক **ক্যাথলিক**...

এইডা জানি কি বস্তু?

*রায়হান আবীর*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ১২:২০ পূর্বাহ্ণ

@অভিজিৎ দা,

ফ্যাক কইরা হাইসা দিলাম। বন্যাপা কি গানটা শুনছে?

*বন্যা আহমেদ*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ১২:৩৪ পূর্বাহ্ণ

@রায়হান আবীর, একটার চাইতে আরেকটা আরো বড় মুসলমান! 'মোমিন', মুমিন, মানে কী দাদা?

*রায়হান আবীর*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ১:০৯ অপরাহ্ণ

@বন্যা আহমেদ,

বলেন দেখি মানেটা কি?

[soundcloud url="http://api.soundcloud.com/tracks/28017670" iframe="true" /]

*রায়হান আবীর*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ১:০৯ অপরাহ্ণ

লিংক আসেনাই ঠিকমতো

http://soundcloud.com/royesoye/track-9

http://soundcloud.com/royesoye/track-8

*বন্যা আহমেদ*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৬:২৭ অপরাহ্ণ

@রায়হান আবীর, ধর আমি বললাম বুঝি নাই, তাইলে ক্যাম্নে বুঝাইবা?

*রায়হান আবীর*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৮:৪৩ অপরাহ্ণ

@রায়হান আবীর, ধর আমি বললাম বুঝি নাই, তাইলে ক্যাম্নে বুঝাইবা?

বুইঝা গ্লাম যে আপনি ভালোমতৈ বুঝছেন



HuminityLover এর জবাব:

জুন ২৮, ২০১২ at ১১:৪৫ অপরাহ্ণ

@বন্যা আহমেদ, আমার মাকে বলেছি আমাদের এক আপুর মানে আপনার জন্য প্রার্থনা করতে. মারামারি যখন বাধবেই তখন ঈশ্বরকে কেন বাদ দিব. উনার বুঝি এসব করেত ইচ্ছে হয় না??????

রাজেশ তালুকদার এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৬:১১ পূর্বাহ্ণ

@বন্যা আহমেদ,

আমি কিন্তু জাহান্নামে যামু না...

ইস! কইলেই হল। অভিজিত নামের একজন কাফের, মুশরিকের সঙ্গে আছেন আর জাহান্নামে যাইতে চান না- স্বর্গ না কি যেন এটা কি ছেলের হাতের মোয়া পাইছেন

18. 18


বেয়াদপ পোলা

জুন ২৮, ২০১২ সময়: ১০:৫৭ অপরাহ্ণ লিঙ্ক

একজন আস্তিক তার বিশ্বাস থেকে কেন সরে আসবে? যদি নাস্তিকতা তাকে ধর্মাচরণ এর থেকে ভাল কিছু দেয় তবেই তো। চলুন দেখি ধর্ম আমাকে কি দেবে আর তার বদলে নাস্তিকতা কি দিতে পারবে বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি বলার আছে। এখানে ধর্ম বলতে আমি কেবল ইসলাম কেই বোঝাবো যেহেতু আমি মুসলিম। আমি নিশ্চিত অন্যান্য ধর্মের ও দেয়ার মত অনেক কিছু আছে।
ইসলাম বলে তোমরা নিয়মিত জামাতে নামাজ পর, তোমাদের মধ্যে ভ্রাতৃত্তের বন্ধন দৃঢ় হবে। নাস্তিকতা কি বলে, বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি বলার আছে?
ইসলাম বলে তোমাদের চারপাশে চল্লিশ ঘর তোমাদের প্রতিবেশি। তাদের সুখ দুখের খোঁজ রাখ , বিপদে সাহায্য কর। নাস্তিকতা কি বলে, বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি বলার আছে?
ইসলাম বলে তোমরা জাকাত দাও, অনেক গরিবের অভাব লাঘব হবে। নাস্তিকতা কি বলে, বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি বলার আছে?
ইসলাম বলে তোমরা শ্রমিকের গায়ের ঘাম শুকানর আগেই তার পারিশ্রমিক দাও, এটা তার হক। নাস্তিকতা কি বলে, বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি বলার আছে?
ইসলাম বলে সকলের প্রতি ভাল ব্যবহার কর, এতিমের প্রতি জুলুম করনা, দুর্বলের প্রতি সদয় আচরণ কর, মানুষ তোমার ক্ষতি করলেও তাকে ক্ষমা করে দাও। নাস্তিকতা কি বলে , বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি বলার আছে?
ইসলাম বলে অপচয় করনা, কারন তাতে আরেকজন তার প্রাপ্য থেকে কম পাবে। নাস্তিকতা কি বলে, বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি বলার আছে?
ইসলাম বলে সৎ উপার্জন কর, নাস্তিকতা কি বলে, বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি বলার আছে?
ইসলাম বলে অতিরিক্ত বিলাসী জীবন যাপন করনা। নাস্তিকতা কি বলে, বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি

বলার আছে?
এরকম অনেক কিছুই ইসলামে বলা আছে যা মেনে চললে আমাদের জীবনে পরিপূ র্ণ শান্তি আসবে। একজন ইসলাম ধর্মবিদ্বেষী যা কখনই পাবে না।
তাহলে মানুষ নাস্তিক কেন হয়? সেটা তার ইচ্ছা, আমার কিছু বলার নাই। কিন্তু যাদের আমি এখানে ইসলামের নামে কুৎসা রটনা করতে দেখি তারা কেন করে ? কেউ না চাইলে সে ধর্ম পালন করবে না, চাইলে অপরকেও জানাবে সে কেন ঈশ্বরে বিশ্বাস করে না। কিন্তু অশ্লীল ভাষায় কেন? এত উৎসাহের পিছনে কারন কি?
শুধু বিখ্যাত হওয়ার কৌশল মাত্র? ইসলামের পিছনে লাগা? মসজিদ ভাংগে ধার্মিকেরা, মন্দির ভাংগে ধার্মিকেরা আর যারা এই ভাঙ্গাভাঙ্গি উসকে দেয় তারাই হচ্ছে নাস্তিক ।

*অভিজিৎ*এর জবাব:
জুন ২৯, ২০১২ at ৮:০০ পূর্বাহ্ণ
@বেয়াদপ পোলা,

শুধু বিখ্যাত হওয়ার কৌশল মাত্র?**ইসলামের পিছনে লাগা?** মসজিদ ভাংগে ধার্মিকেরা, মন্দির ভাংগে ধার্মিকেরা আর যারা এই ভাঙ্গাভাঙ্গি উসকে দেয় তারাই হচ্ছে নাস্তিক ।

হ ঠিক কইছেন। লিখলাম প্যাস্কেল লইয়া, তাও 'ইসলামের পিছনে লাগা' খুঁইজ্জ্যা পাইছেন। বেয়াদপ পোলার নরম দিলে দিলে মহা চোট লাগছে হেইডা বুঝতাছি। মসজিদ মন্দির ভাঙাভাঙি কতটা নাস্তিকেরা উস্কাইতে পারছে তা জানিনা, তয় আপনের দিল যে ভাইঙ্গা চৌচির হইয়া গেছে তা বুঝতে পারতাছি। সরি। ভেরি সরি।

*ওমর ফারুক*এর জবাব:
জুন ৩০, ২০১২ at ২:২৬ পূর্বাহ্ণ
@অভিজিৎ, বুঝলেন না দাদা,জগতের সব কিছুই যে ইসলামের ঘরে প্রসব করছে।

উথেন জুম্ম এর জবাব:
জুন ৩০, ২০১২ at ১২:৫৮ অপরাহ্ণ
@অভিজিৎ,
দাদা, বেয়াদপ পোলা এই লেখাটি কিছুদিন আগেও পড়েছি।।মনে হই উচিত জবাব মিলে নাই আবার আপনার লেখাই এসে হাজির।।
যাহোক আপনার লেখা বলতে গেলে অসাধারন।।

অভিজিৎ এর জবাব:
জুলাই ১, ২০১২ at ১২:০৭ পূর্বাহ্ণ
@উথেন জুম্ম,

হ আগে বুঝি নাই - এখন দেখি একই মন্তব্য কুমীরের বাচ্চার মত বিশ জায়গায় দিয়া বেড়াইতেছে। ভাবছে যত বেশি একই গার্বেজ প্রসব করবেন উনি, তত বেশি সফল!



অভিষেক এর জবাব:
জুন ২৯, ২০১২ at ৩:৩২ অপরাহ্ণ
@বেয়াদপ পোলা,

সবই ঠিক আছে,
ভ্রাতৃত্তের বন্ধন দৃঢ় করব বিনা নামাজে
চারপাশে চল্লিশ ঘর আমার প্রতিবেশি
গরিবের অভাব লাঘব করব
শ্রমিকের গায়ের ঘাম শুকানর আগেই তার পারিশ্রমিক দেব
সকলের প্রতি ভাল ব্যবহার করব
সৎ উপার্জন করব
অতিরিক্ত বিলাসী জীবন যাপন করবনা
কিন্ত ইসলাম, কোরাণ, আল্লাহ বা নবীর কোন প্রয়োজন নাই!
নাস্তিকতা মানে নীতিহীনতা নয়।



*ওমর ফারুক*এর জবাব:

জুন ৩০, ২০১২ at ৪:২৪ পূর্বাহ্ণ

@বেয়াদপ পোলা,

"ইসলাম বলে তোমরা নিয়মিত জামাতে নামাজ পর, তোমাদের মধ্যে ভ্রাতৃত্তের বন্ধন দৃঢ় হবে। নাস্তিকতা কি বলে, বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি বলার আছে?"

অন্য ধর্মের অনুসারীকে এরা সব সময়ে শত্রু ভাবে। ভ্রাতৃত্তের বন্ধন দৃঢ় করতে বিনা নামাজেই সম্বব।

"ইসলাম বলে তোমাদের চারপাশে চল্লিশ ঘর তোমাদের প্রতিবেশি। তাদের সুখ দুখের খোঁজ রাখ , বিপদে সাহায্য কর। নাস্তিকতা কি বলে, বা এর বিরুদ্ধে নাস্তিকদের কি বলার আছে?"

চল্লিশ ঘর কেন? সারা দেশের মানুষের খোঁজ খাবর রাখা , বিপদে সাহায্য করার জন্য ধর্ম বা ইসলামের প্রয়োজন নাই।

"ইসলাম বলে তোমরা শ্রমিকের গায়ের ঘাম শুকানর আগেই তার পারিশ্রমিক দাও, এটা তার হক। "

ওনার দেয়া ভাল কাজের তালিকার কোনটা করার জন্য আস্তিক বা ধার্মিক হওয়ার প্রয়োজন নাই। নাস্তিক মানে কি নীতি হীনতা? তা নয়। নাস্তিক দের নৈতিকতা আস্তিক চাইতে দৃঢ়। নাস্তিকরা যা করে বিবেক বুদ্ধি খাটিয়ে করে। অন্য কোন কিছুর লোভে অন্ধ ভাবে করেনা।

19. 19

আদিল মাহমুদ

জুন ২৮, ২০১২ সময়: ১১:৪৭ অপরাহ্ণলিঙ্ক

মূল শিক্ষা যা পাওয়া গেল তাহল এই যে আমি সব ধর্মেই বিশ্বাসী এই দাবী করে যাওয়া (বলা ভাল ভান করা) সবচেয়ে নিরাপদ।

অভিজিৎ এর জবাব:
জুন ২৯, ২০১২ at ১:৪৫ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

সেইটা তো আপনের পক্ষে আর সম্ভব না। আপনে না **ধমাধম ধর্মের** নবী হইছেন?
নাকি ধমাধম ধর্ম রামকৃষ্ণের মতো ‘যত মত তত পথ’ এর দীক্ষা বুকে ধারণ করে?

আদিল মাহমুদ এর জবাব:
জুন ২৯, ২০১২ at ৩:০৭ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

ধর্ম সম্পর্কে আপনাদের অবজ্ঞা, অজ্ঞানতা আর যাবে না।

ধমাধম ধর্মের মূল দর্শনই তো আপনে আলোচনা করে ফেলছেন।

ধমাধম ধর্ম সবচেয়ে ব্যালেন্সিভ ধর্ম, এইখানেই এই মহত্ব ও শ্রেষ্ঠত্ব। যেমন আমরা সব ধর্মকে সম্মান করি, তবে একই সাথে অন্য সকল ধর্ম বাতিল ঘোষনা করি।

অভিজিৎ এর জবাব:
জুলাই ১, ২০১২ at ১২:০৮ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

আমরা সব ধর্মকে সম্মান করি, তবে একই সাথে অন্য সকল ধর্ম বাতিল ঘোষনা করি।

20. 20

নিখর তাবিক

জুন ২৯, ২০১২ সময়: ১২:২৭ পূর্বাহ্ণ লিঙ্ক

আমার জানা মতে হযরত আলি এক নাস্তিককে বলেছিল,“ ঈশ্বর যদি না থাকে তাইলে আমান কোন সমস্যা নাই। কিন্তু ঈশ্বর যদি থাকে তাহলে আপনার কি অবস্থা হবে ভেবে দেখুন?”
আমার মতে হযরত আলি এটি একটি কৌশলী ডিপ্লোমেটিক উক্তি দিয়েছিল বা বলা যায় অনেক গাল গপ্পো না বুঝিয়ে একটি মক্ষোম দাবার চাল দিয়েছিল। এর পরে সেই নাস্তিক সহ সকল নাস্তিকের দুটোই দাটিত্ব হয়ঃ
১) ঈশ্বর কে নিশ্চিত ভাবে ১০০% অনিশ্চিত প্রমান করা। অথবা
২) ঈশ্বর কে ১% হলেও মেনে নেওয়া।
প্রিয়ো অভিজিৎ, ১ নংএর প্রচেষ্টার অনেক শক্তিশালী যুক্তি থাকলেও আপনার লেখা অনুযায়ী আপনার পক্ষে প্রধান যুক্তি (শঙ্কা) হিসেবে আপনি বলেছেন , পৃথিবীতে বিভিন্ন পরস্পর বিরোধী ধর্মর অস্তিতের কারন, অর্থাৎ - যদি এ ধর্ম সত্য না হয়ে অপর টা সত্য হয় তখন !!! এবং ঈশ্বেরের উৎস কি? অর্থাৎ ঈশ্বর তো নিজেই তার ঈশ্বর কে বিশ্বাস করে না। এ সব ব্যপার। আপনার যুক্তি বুদ্ধি (analytical ability) কোম হলেও রোস বোধ ভাল।
আমার দৃষ্টিতে আপনার এ বিষয়ে একদম ০ পয়েন্ট থেকে (ইশ্বরের বিপক্ষেও না পক্ষেও না) একটি মুক্ত চিন্তার এবং মুক্ত যুক্তির জারনি করা উচিৎ,একং নিম্ন লিখিত চেইন প্রশ্নের উত্তর খোজার চেষ্টা করা উচিৎঃ
১) আপনার যুক্তি মতে পৃথিবীর সবচেয়ে কোম অযৌক্তিক ধর্ম কোনটি ? কোন ধর্ম একটু হলেও বিজ্ঞানমুখি?
২) ঈশ্বর না থাকার পিছনে সবচেয়ে শক্তিশালী যুক্তি কিকি ? তা কি বৈজ্ঞানিক ভাবে প্রমানিত না দর্শন?
৩) আস্তিক দের যেমন বিভিন্ন দল আছে, নাস্তিকরাও কিকি বিভিন্ন দলে বিভক্ত নয়? থাকলে কিকি?
৪) জীবনের প্রথম অস্তিত্বের (যাই হোক) কারন কি?
৫) আপনার জীবনের লক্ষ্য কি?
৬) আধ্যাতিকতা, অলৌকিকতা কি?
৭) পৃথিবী ১০০% নাস্তিক হলে কি লাভ হবে? কেন?
৮) আপনি কে? (সক্রেটিস)
———————— আমার মনে হয় আপনার কাজ করা শুরু হয়েছে………………. তা না হলে…….
“নিশ্চিতই যারা কাফের হয়েছে তাদেরকে আপনি ভয় প্রদর্শন করুন আর নাই করুন তাতে কিছুই আসে যায় না, তারা ঈমান আনবে না।”–সূরা আল বাক্বারাহ, আয়াত ৬

*অভিজিৎ*এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৭:১৮ পূর্বাহ্ণ

@নিখর তাবিক,

আমার মতে হযরত আলি এটি একটি কৌশলী ডিপ্লোমেটিক উক্তি দিয়েছিল বা বলা যায় অনেক গাল গপ্পো না বুঝিয়ে একটি মক্ষোম দাবার চাল দিয়েছিল।

ভাই আপনাদের তুলনা নাই, চোখের নিমেষে সবকিছুরই ইসলামী-করণ কইরা ফ্যালেন। এজ ইফ আপনের এই “কৌশলী ডিপ্লোমেটিক” উক্তি আপনের এই হজরত আলির আগে কেউ করে নাই! এই উক্তি আর যুক্তি ইসলাম নামের ধর্মটা পৃথিবীতে আসার বহু আগে থেকেই দেয়া হয়েছে , বহু আগে তা খণ্ডনও করে হয়ে গেছে। তবে, এই উক্তি আলি করলেও যা, প্যাস্কেল করলেও তা। যাহা লাউ তাহা কদুই।

১) ঈশ্বর কে নিশ্চিত ভাবে ১০০% অনিশ্চিত প্রমান করা। অথবা
২) ঈশ্বর কে ১% হলেও মেনে নেওয়া।

ভাইজান, এখানে লিখতে আসনের আগে দর্শন নিয়া একটু পড়াশোনা করেন। নেতিবাচক অস্তিত্বের প্রস্তাবনা যে গ্রহণযোগ্য নয় -সেইটা দর্শনের প্রথম দিককার মামলা। যে কেউ আপনার যুক্তি অনুযায়ী বলতে পারে, রামগরুড়ের ছানা, ট্যাঁস গরু, রাক্ষস খোক্কস, মামদো ভুত, মা কালী, থর, কিংবা ফ্লাইং স্পেগেটি মন্সটার ১০০% অনিশ্চিত প্রমাণ করা যায়নি। তো আপনি কি তখন বলেন -

রামগরুড়ের ছানায় (কিংবা হাম্পটি ডাম্পটিতে) অবিশ্বাসীদের দুইটা দায়িত্ব -

১) রামগরুড়ের ছানা কিংবা হাম্পটি ডাম্পটিকে কে নিশ্চিত ভাবে ১০০% অনিশ্চিত প্রমাণ করা।
অথবা
২) রামগরুড়ের ছানা কিংবা হাম্পটি ডাম্পটিকে কে ১% হলেও মেনে নেওয়া।

কোন কিছু প্রমাণ করার দায়িত্ব দাবীদারের, অন্যদের নয়। আপনি ঈশ্বর, রামগড়ু, কিংবা ফ্লাইং স্পেগেটি মন্সটার যেটার অস্তিত্বেই হোক - বিশ্বাসী হিসেবে দাবী করলে হলে আপনেরেই সেই জিনিসটা প্রমাণের দায়িত্ব নিতে হবে। আপনি উদোর পিন্ডি বুধোর ঘারে চাপিয়ে দিয়ে বলতে পারেন না যে, ‘অমুকটার যে অস্তিত্ব নেই, তা কেউ প্রমাণ করতে পারেনি’ কিংবা ‘নিশ্চিত ভাবে ১০০% অনিশ্চিত প্রমাণ করা যায়নি’। লজিকের ভাষায় একে বলে ‘বার্ডেন অব প্রুফ’।

প্রিয়ো অভিজিৎ, ১ নংএর প্রচেষ্টার অনেক শক্তিশালী যুক্তি থাকলেও আপনার লেখা অনুযায়ী আপনার পক্ষে প্রধান যুক্তি (শঙ্কা) হিসেবে আপনি বলেছেন, পৃথিবীতে বিভিন্ন পরস্পর বিরোধী ধর্মর **অস্তিতের কারন**, অর্থাৎ - যদি এ ধর্ম সত্য না হয়ে অপর টা সত্য হয় তখন !!!
এবং **ঈশ্বেরের** উৎস কি? অর্থাৎ ঈশ্বর তো নিজেই তার ঈশ্বর কে বিশ্বাস করে না। এ সব **ব্যপার।**
আপনার যুক্তি বুদ্ধি (analytical ability) **কোম** হলেও **রোস বোধ** ভাল।

আমার না হয় তাও "রোস বোধ" জাতীয় কিছু একটা ভাল, কিন্ত আপনার বানানের যে অবস্থা তাতে আমার লেখার মর্ম উদ্ধার করাই কঠিন হয়ে পড়ছে। আমি কথ্য ভাষায় প্রবন্ধ লিখেও বানানে আপনার লেখার ধারের কাছে পৌঁছাতে পারলাম না।

আর আপনে যে বিশাল সব "চিন্তাজাগানিয়া প্রশ্নগুলা" আপনের থলি থেকে বের করেছেন, সেগুলোর উত্তর পদার্থবিজ্ঞান আর জীববিজ্ঞানের সাম্প্রতিক গবেষণা আর বইপত্র নাড়াচাড়া করলেই পেয়ে যাবেন। আমাদের সাইটেও বহু আলোচনা হয়েছে এগুলো নিয়ে। আপনার যা করতে হবে সেগুলো খুঁজে দেখা।

"নিশ্চিতই যারা কাফের হয়েছে তাদেরকে আপনি ভয় প্রদর্শন করুন আর নাই করুন তাতে কিছুই আসে যায় না, তারা ঈমান আনবে না।"–সূরা আল বাক্বারাহ, আয়াত ৬

"তাতে কিছুই আসে যায় না, তারা ঈমান আনবে না" -তাই যদি সত্য হয়ে থাকে তাইলে আপনার মত জিহাদী সৈনিকের ঈমান দণ্ড সোজা করে এখানে এসে আমাকে হেদায়েত করার মিশন নিয়ে নামার কোন কারণ তো দেখি না। আফটার অল বুইঝাই তো গ্যাছেন - " তারা ঈমান আনবে না"! হেঃ হেঃ! বাড়ি গিয়ে গুড় দিয়ে মুড়ি খান বরং!

সাগর এর জবাব:

জুন ৩০, ২০১২ at ৮:২৩ পূর্বাহ্ণ

@অভিজিৎ, আসলে হবে যত ই যুক্তি দেখাই না কেন বিশ্বাসিরা ধর্ম ছাড়বেনা , ...আর দাদা অসাধারন লেখেছেন...



অভিষেক এর জবাব:

জুন ২৯, ২০১২ at ৩:৪০ অপরাহ্ণ

@নিখর তাবিক,
ইশ্বর থাকলে অামি খুব-ই খুশি হতাম! অামি তার কাছে পুনর্জন্মের আব্দার করতাম , একটা ভালো বউ এর অাব্দার করতাম, কিন্ত হায় এসব কিছুই হবার নয় ,অামি বেশিদিন ধৈর্য রাখতে পারছিনা, অামি ইশ্বরে বিশ্বাস রাখতে পারছিনা।

নিখর তাবিক এর জবাব:
জুন ৩০, ২০১২ at ১২:০০ পূর্বাহ্ণ
@অভিষেক ভাই, আমার ২য় মন্তব্যটি ছাপানো হয়নি ? দুঃখ পেলাম ?.......
তবে ভাই আপনাকে বলছি, আপনি ধ্যান করুন, আপনাকে আবিষ্কার করুন, ইশ্বর কে না খুজে পেলেও সমস্যা নেই....আমাদের চারপাশের বেশির ভাগ –- আস্তিক এবং নাস্তিক এর মাঝে সমস্যা আছে, দু-পক্ষই গোড়াকে কেন কোন লক্ষ্যে কোন পক্ষে... তা খুব কমই অবগত।

21. 21

গোলাপ
জুন ২৯, ২০১২ সময়: ২:০৬ পূর্বাহ্ণ লিঙ্ক

আপনে যদি ভুল ধর্মের অনুসারী হইয়া মইরা যান , কোন উপায় নাই - দোজখে/নরকে যাইবেন

“মি: বিন” এর সুন্দর একটা ভিডিও আছে:

httpv://www.youtube.com/watch?v=CyaQyuLmUiI
http://www.youtube.com/watch?v=CyaQyuLmUiI
অভিজিত দা,
বরাবরের মতই!
অভিজিৎ এর জবাব:
জুন ২৯, ২০১২ at ৯:২২ পূর্বাহ্ণ

@গোলাপ,

ভিডিওটা মজার। মন্তব্যর জন্য ধন্যবাদ।

22. 22


কাজি মামুন

জুন ২৯, ২০১২ সময়: ১০:১২ পূর্বাহ্ণ লিঙ্ক

অভিজিৎদা,

আপনার লেখার প্রতি আমার মুগ্ধতার বড় কারণ হচ্ছে , আপনার ভাষা, যা যুক্তির শানে মোহনীয় হয়ে উঠে! কিন্তু সেই ভাষা এই লেখাতে নেই! কেন নেই, জানি না! হয়ত আপনি ব্লগীয় ভাষার প্রতি জোর দিয়েছেন! কিন্তু ব্লগীয় ভাষার সাধারণ ধরন হল বিদ্রূপাত্মক বা রসাত্মক, তা অনেক সময় ধারালো যুক্তির মেজাজকে ক্ষুণ্ণ করতে পারে, যেমন করেছে (আমার মতে) নীচের বাক্যগুলোতে:

বিধর্মী গো মুরতাদ আখ্যা দিছে, চোখ বন্ধ কইরা হুমায়ুন আজাদরে কোপাইছে, পৃথিবীডারে আবর্জনার গোডাউন বানায় রাখসে - মহান ঈশ্বর পঙ্গপালের লাহান হেদের গণহারে বেহেস্তে পাঠাইবো, আর যারা যুক্তি বুদ্ধি দিয়া চিন্তা কইরা এই অমানবিকতা আর নাফরমানির বিরোধিতা করছে , তারা নাকি যাইবো দোজখে।

তবে আপনার এই লেখাটির সবচেয়ে আকর্ষণীয় দিক হল, আপনি যুক্তির পথে হেঁটেছেন, যখন অনেকেই কুৎসা রচনার পথে হাটে! কোন ধর্মবেত্তা কত দুশ্চরিত্র , তা দিয়ে বিশ্বাস-অবিশ্বাসের দ্বন্দ্ব মেটানো যায় না, শুধু নতুন ক্ষোভের জন্ম দিতে পারে তা!

পেট মোটা হাতীর শুরওয়ালা মোটা মাথা গণেশ আসল ঈশ্বর হইবারই পারে না, তারচেয়ে আমগো ভার্জিন বার্থ হুইপ্টেল গিরগিটি মার্কা যীশুই প্রকৃত ঈশ্বর

খুব ভাল যুক্তি, অভিজিৎদা! আমার অনেক পরিচিতজনকেই বলতে শুনি, হিন্দুরা পুতুল পূজা করে! পুতুলের কি প্রাণ আছে? কিন্তু তারা এই কথা কি কখনো ভেবে দেখেছেন, তারাও মাটি পুজো করেন, মানে মাটির উপর মাথা রেখে প্রার্থনা করেন হর হামেশাই!

চিন্তা কইরা দেখেন - আইজ যে পোলাডার সুদূর উত্তর মেরুর কাছাকাছি Inuit Religion মানে এস্কিমো পরিবারে জন্ম হৈছে, হেই ব্যাটা ক্যামনে জানব আর বুঝব তার শত সহস্র মাইল দূরে আরব মরুর বুকে চোদ্দশ বছর আগে জন্ম নেওয়া এক বেদুইনের প্রচারি ত ধর্মটার ঈশ্বরই আসল ঈশ্বর?

এর একটা উততর আছে, অভিজিৎদা! ঐ ব্যাটারে একটা ব্রেইন দেয়া হইছে না! সে দুনিয়ার অন্য প্রান্তের খোঁজ রাখবে না? যদি না রাখে, তাইলে সে কি করে দায় এড়াবে?

they must remain Agnostic. Under these conditions, a person can only believe in God if they violate their honesty. And God might punish a lack of honestly more severely than not being able to believe in God.
It can also be argued that if people believe something on insufficient evidence, that the result is the promoting of credulity – something that harms society. Again, that could be a sin that God is particularly concerned about punishing."

তাদের কাছে 'সততা'র সংজ্ঞা ভিন্নতর! বস্তুত, স্বয়ং ঈশ্বরের কথা বিনা বাক্যে মেনে নেয়াই সবচেয়ে বড় সততা, অথবা ঈশ্বরে অপূর্ণাঙ্গ বিশ্বাসই চারিত্রিক গুণাবলী প্রকাশের সব দরজা বন্ধ করে দেয়, সততার পথ সিল-গালা করে দেয়! নইলে একথা কেমন করে বলে যে, একটা শিশুও যদি অ-খ্রিস্টান হয়ে (অথবা বাইবেলিয় ধর্মে বিশ্বাস না করে) মারা যায়, তাহলেও তার নিয়তি আজীবন নরকবাস!

এখন একটা লোক ক্যামন আছিল, কি করল, মানুষের জন্য কি কি ভালা কাজ কর্ছে, হেইগুলান না বিবেচনা কইরা খালি ব্যাটায় সাড়া জীবন ধইরা চাটুকারিতা কর্ছে নাকি আর মহারাজার কাছে ঈমানদন্ড খাড়া কইরা ঈমান আনছে নাকি -এইডাই যদি হয় একমাত্র ক্রাইটেরিয়া - তাইলে কোন সুস্থবুদ্ধির লোক হেই ব্যাডারে পুছব না। অন্ততঃ আমি নাই এইডাতে , কইয়া দিবার পারি।

এইখানেও তাদের যুক্তি আছে! আপনি এত কষ্ট করে একটা রোবট বানালেন , আর তার কাছ থেকে কিছু রেস্পেক্ট আশা করবেন না ? আর তাছাড়া, চাটুকারিতা তো পার্থিব বিষয়, মানুষ সমমানের অন্য মানুষকে কেন চাটুকারিতা করবে ? কিন্তু মানুষ তার ঈশ্বরের চাটুকার হতে পারে যেহেতু ঈশ্বর সমমানের নয়, বরং অনেক উঁচুতে তার অবস্থান!

'আমরা কী হারাবো? আমরা হারাবো বৌদ্ধিক সততা, আত্মসম্মানবোধ, হারাবো একটা চৌকস জীবন-দর্শন। সংক্ষেপে, জীবনকে সুন্দরভাবে সাজাতে যা যা লাগে , সবই হারিয়ে ফেলব আমরা। না প্যাস্কালের ওয়েজার কোন নিরাপদ বাজি নয়, বরং এটি অভীষ্ট জীবন আর সুখ স্বাচ্ছন্দ্যের বিনিময়ে কেনা ছলনা'।

লেখাটার সেরা লাইন! সেরা যুক্তি!

*অভিজিৎ*এর জবাব:
জুলাই ১, ২০১২ at ৪:২৪ পূর্বাহ্ণ
@কাজি মামুন,

আপনার লেখার প্রতি আমার মুগ্ধতার বড় কারণ হচ্ছে , আপনার ভাষা, যা যুক্তির শানে মোহনীয় হয়ে উঠে! কিন্তু সেই ভাষা এই লেখাতে নেই! কেন নেই, জানি না! হয়ত আপনি ব্লগীয় ভাষার প্রতি জোর দিয়েছেন!

আসলে যে সময় লেখাটা দিয়েছিলাম তখন নানা ধরণের ক্যাচাল চলছিল। আমি ভাবছিলাম একটা হাল্কা ধরনের লেখা দেই বরং । আসলে শুদ্ধ-ভাষায় তো অনেক লিখলাম। একটা এক্সপেরিমেন্ট করার শখ হল। অনেকের ভাল লাগলেও দেখলাম আপনার তেমন ভাল লাগেনি। আসলে মানুষের পছন্দ অপছন্দের বিষয়গুলো খুব সাবজেক্টিভ। এখানে সঠিক কিংবা ভুল কিছু নেই। সে জন্যই একই রীতিতে লেখা সাহিত্য একজনের খুব ভাল লাগে অন্যের হয়তো তেমন টানে না। আমারও বহু ক্ষেত্রেই এটা ঘটে।

তবে আপনার এই লেখাটির সবচেয়ে আকর্ষণীয় দিক হল, আপনি যুক্তির পথে হেঁটেছেন, যখন অনেকেই কুৎসা রচনার পথে হাটে !

অনেক ধন্যবাদ। আপনি কুৎসা না পেলেও বেয়াদপ পোলার মত কেউ কেউ প্যাস্কেলের মধ্যেও 'ইসলাম বিদ্বেষ' খুঁজে পেয়েছেন। আমার আর কী করার আছে ? বলাই বাহুল্য সবাইকে সন্তুষ্ট করে কিন্তু আমার পক্ষে চলা সম্ভব নয়।

খুব ভাল যুক্তি, অভিজিৎদা! আমার অনেক পরিচিতজনকেই বলতে শুনি, হিন্দুরা পুতুল পূজা করে! পুতুলের কি প্রাণ আছে? কিন্তু তারা এই কথা কি কখনো ভেবে দেখেছেন, তারাও মাটি পুজো করেন, মানে মাটির উপর মাথা রেখে প্রার্থনা করেন হর হামেশাই!

শুধু তাই নয়। যারা 'পুতুল পূজা' নিয়ে কটাক্ষ করেন, খুব খেয়াল করে দেখবেন যে তাদের ধর্মেও প্রতীক পূজার বহু নিদর্শন রয়ে গেছে। কোরানে আল্লাহ সূর্য , চন্দ্র, গোধূলি নক্ষত্র, ডুমুর, জলপাই, সিনাই পর্বত, দ্রুতগামী ঘোড়া, নিরাপদ নগরী প্রভৃতির নামে শপথ করেছেন (উদাহরণ - ১১৩ : ১, ৮৪ : ১৬-১৯, ৯৫:৩, ৭৭: ১ ইত্যাদি…)। এগুলো প্যাগান হেরিটেজ ছাড়া কিছু নয়। মূর্তি পূজাকে তারা হেয় করেন কিন্তু কাবা শরীফে একটা সামান্য পাথরের চারিদিকে ঘুরে হজ্জ্ব করে সোয়াব কামানো থেকে শুরু করে অদৃশ্য শয়তানকে ঢিল ছোঁড়া সহ সবই করেন কিন্তু। এমনকি আল্লাহ

নামটির মধ্যেও প্যাগান প্রভাব আছে, ইতিহাস ঘাঁটলেই পাবেন। কিন্তু এগুলো তাদের বোঝাবে কে? আমার উদ্দেশ্য অবশ্য হিন্দু ধর্মের পুতুল পূজাকে ডিফেন্ড করা নয় , বরং পরিস্কার করেই বলা যে ত্রুটিগুলো হিন্দু ধর্মে আছে কমবেশি সব ধর্মেই আছে। এখন - মুরগির বিষ্ঠায় দুর্গন্ধ বেশি নাকি ছাগলের বিষ্ঠায় - এ নিয়ে আসলে আলোচনার কোন মানে নেই। বিষ্ঠা বিষ্ঠাই।

আপনার অন্য প্রসঙ্গ গুলো নিয়ে উপরেই বিভিন্ন জনের সাথে আলোচনা করেছি, তাই আর পুনরুক্তি করলাম না।

লেখাটার সেরা লাইন! সেরা যুক্তি!

ধন্যবাদ সঙ্গে থাকার জন্য।

23. 23

বিপ্লব পাল

জুন ২৯, ২০১২ সময়: ৬:১৩ অপরাহ্ণলিঙ্ক

যদি ঈশ্বর থেকেও থাকে, তাহলেও আস্তিক হওয়াটা লস-লস গেম।

কোরান সহ সব পৃথিবীর সব ধর্মগ্রন্থ একটা ব্যাপারে একমত -সেটা হচ্ছে সৎ কাজ এবং সৎ লোকই আল্লার প্রিয়। মূলত সৎ পথে থাকতেই আল্লার স্বরণ নেওয়ার কথা বার বার আসে।

সুতরাং আস্তিক নাস্তিক যেই হোক না কেন , কর্মের ভিত্তিতেই ফলে প্রদানের কথা সর্বত্র লেখা

আর নাস্তিক হয়েই সৎ থাকার সুবিধা বেশী -কারন এক্ষেত্রে নাস্তিকরা সৎ হতে বাধ্য হয় "বাস্তবতা" মেনে-যে সমাজে গ্রহণযোগ্যতা বাড়াতে, এটা ছারা উপায় নেই।

আর ঈশ্বর যদি না থাকে, তাহলেও আস্তিকদের বিরাট লস। শুধু এই জন্যেই যে ঈশ্বরে বিশ্বাস করে অধিকাংশ লোক, নিজেদের ভবিষয়ত নষ্ট করে। একজন নাস্তিক বাঁচার জন্যে যুক্তি খাটাবে -যেটা সব সময় কাজের। বাঁচার জন্যে যে ঈশ্বরের স্বরণাপন্ন হবে, যুক্তি বাদ দিয়ে, তার জীবনে কিছু হবে না।

আমার নিজের অভিজ্ঞতা থেকে একটা গল্প বলি। আমাদের পাড়ায় মহান্তি বলে এক ধণী পরিবার থাকত। ছোট বেলায় দেখেছি, তাদের ২৭ টা বাস লরী ছিল। মুখ্যমন্ত্রীর সাথে ওঠা বসা ছিল। লোকটা প্রতিটা হিন্দু অনুষ্ঠানে পাড়া শুদ্ধ লোক খাওয়াত-এক তান্ত্রিক বাবা তার সব উন্নতি করেছে, এই ভাবে বিশ্বাস করত।

ব্যবসাতে সব দিন সমান যায় না। তার ব্যাবসাও পড়তির দিকে যেতে লাগল। আর লোকটা পাগলের মতন, সেই তান্ত্রিককে দিয়ে পূজো করাতে লাগল। আমাদের বাড়ির পেছনেই সেই কা লী পূজো হত। একটা সময় গেল, মাসে একবার করে কালীপূজা। যত ব্যবসা খারাপ হচ্ছে লোকটা তত পূজা দিচ্ছে। আজ সন্ধ্যা কালী ত কাল বর্ষা কালী। এত কালী হিন্দু ধর্মে আছে জানতাম না (সময় পেলে এটা নিয়ে একটা গল্প বা উপন্যাস লেখার ইচ্ছা আছে)। আস্তে আস্তে একদশকের মধ্যে, তার সব লরী বাস নিলাম হয়ে যায়। লোকটি ভিক্ষুকে পরিণত হয়। একসময় যে ছিল শহর সব থেকে ধণী লোক , ঈশ্বরে বিশ্বাস, তাকে একদম পথে বসিয়ে দেয়। শেষে ৭০ বছর বয়সে লোকটা অন্যের ব্যবসায় খাতা দেখাশোনার কাজ করতে করতে চূড়ান্ত দারিদ্রের মধ্যে মারা যায়

*অভিজিৎ*এর জবাব:
জুলাই ১, ২০১২ at ১২:৪৩ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,

মহান্তির কথা শুনে খারাপই লাগলো। ধর্ম এবং ধর্মগ্রন্থকে আক্ষরিক অর্থে ব্যবহার করে পস্তানোর ঘটনা এতো বেশি, যে আমার ভাবতেই অবাক লাগে যে এগুলো তারা করে কীভাবে। মহান্তির ঘটনা তো তবু মানা যায় - আমি যেখানে বড় হয়েছি সেটা বিশ্ববিদ্যালয় এলাকায়। পরহেজগার এক অধ্যাপকের ছেলের কি সব হরমোনাল ডিস-ব্যালেন্স হয়েছিল বয়োসন্ধিকালীন সময়। উনি সেটাকে 'জ্বিনের আসর' ধরে নিয়ে কোন পীরের কাছে 'চিকিৎসা'য় নিয়ে গেলেন। কাজের কাজ যা হোল, কিছুদিন পরে ছেলেটা মারা গেল। উনি কিন্তু অশিক্ষিত ব্যবসায়ী ছিলেন না, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন।

এই কিছুদিন আগেও একটা ঘটনা পড়েছিলাম -১১ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে, কারণ তার অভিভাবকেরা ডায়াবেটিসের জন্য ডাক্তারের কাছে না গিয়ে প্রার্থনার শরণাপন্ন হয়েছিলেন। কারণ তারা মনে করেছিলেন - বাইবেলের আয়াতেই আছে - প্রার্থনায় রোগ ভাল হয়, তাই ডাক্তারের কাছে নিয়ে যাওয়ার দরকার নেই। বাইবেল তো আর মিথ্যে হতে পারে না! মানুষের ধর্মান্ধতা যে কোথায় নিয়ে যেতে পারে, তার বাস্তব উদাহরণ এগুলো।

24. 24

আঃ হাকিম চাকলাদার

জুন ২৯, ২০১২ সময়: ৭:৪৬ অপরাহ্ণ লিঙ্ক

আমার মনে হয়, যখনই আপনি নিজেকে “নাস্তিক” বলিয়া ঘোষনা দিলেন, তখন আপনি যাই বলেন যত সঠিক যুক্তি দিয়েই বলুননা কেন ধার্মিক দের একটি মাত্রই উত্তর থাকবে যে “যে নাস্তিক সে তো এ কথা বলবেই, এটাই তো স্বাভাবিক।এতে আর অবাক হওয়ার কী আছে? ওরা যা বলে তা বলে যাক। কিন্তু আমরা তো একটা সামাজিক প্রানী।আমাদের তো একটা সমাজ আছে। আমাদেরকে একটা সমাজের মধ্যে বসবাস করতে হয়। সমাজের একটা নিয়ম কানুন আছে ,তা মেনে চলতে হয়। এমনকি জন্ম থেকে আরম্ভ করে বিবাহ শাদী ও মৃত্যু হওয়া পর্যন্ত এই নিয়মের অধিনে থাকতে হয়। আর সেই সমাজে ধর্মের প্রভাব প্রচন্ড। আমাদের পরিবার,বন্ধুবান্ধব,আত্মীয় স্বজন সবই এই প্রচন্ড ধর্ম-প্রাবল্য সমাজে বসবাস রত।
কাজেই রাতারাতি একটা “নাস্তিকে’ রুপান্তরিত এই সমাজ হইতে বাহির হয়ে আসতে পারিনা”
কাজেই সমাজ বদ্ধ জীবন যাপনের প্রভাব ও গুরুত্বের দিকটা বিবেচনায় রেখে নিজেকে সমাজ হতে দুরে না এনে বরং যে কোন পন্থা অবলম্বন করেই হোক সমাজের মধ্যে অবস্থান করে সমাজকে শুদ্ধ করার চেষ্টা চালানো বোধ হয় আরো বেশী প্রয়োজন।

“নাস্তিক” ‘আস্তিক’ ধার্মিক’ যার যার শুধু মনের মধ্যেই থাকুক , অন্যথায় কোনদিন ও সমাজকে শোধরানো যাবেনা।

আমি যদি এখন বলি ধর্ম সব মানুষের তৈরী , একারনে এটা আমি বিশ্বাষ না করে আমি একজন নাস্তিক হয়ে গেলাম।

এতে সমাজের কোনই উপকার হলনা। সমাজের কিছু উপকার করতে হলে সমাজের সংগে মিলে মিশে থেকে করতে হবে।

ধন্যবাদ

*তপোজ্যোতি সরকার*এর জবাব:
জুন ২৯, ২০১২ at ৯:০১ অপরাহ্ণ
@আঃ হাকিম চাকলাদার, ভাই, সমাজ শব্দ টা আপনি জেনারালাইজ করে ফেলেছেন। এই দুনিয়ায় সমাজবদ্ধ মানুষ মাত্রেই কোনো না কোনো ধর্মাবলম্বী তা কিন্তু নয়। আমি চীন দেশে থাকি। এখানে নাস্তিক হওয়াটাই স্বাভাবিক, ধর্মাচরন করাটা নিয়মের ব্যতিক্রম। প্রথম প্রথম আমিও খুব অবাক হয়েছিলাম

*অভিজিৎ*এর জবাব:
জুলাই ১, ২০১২ at ৩:৩৮ পূর্বাহ্ণ
@তপোজ্যোতি সরকার,

খুবই একমত। নাস্তিকেরা সমাজের বাইরের কেউ নন। তারাও ব্যক্তি জীবনে স্নেহময় পিতা , অফিসে দায়িত্ববান কর্মী কিংবা একজন সমাজ সচেতন মানুষ। আসলে আমাদের মত দেশে ধর্মের বিরোধিতা করলেই মনে করে সমাজের বাইরে চলে গেলাম। চীন দেশে না গেলেও আমারো আপনার মতো চীনা বহু ছাত্রের সঙ্গে বন্ধুত্ব করার সুযোগ হয়েছিল আমার পিএইচডির সময়। তাদের সবার কাছেই নাস্তিকতা খুব স্বাভাবিক ব্যাপার ছিল, ধর্ম পরিচয় জিজ্ঞাসা করলে তারা বলিষ্ঠ কণ্ঠে বলত ফ্রিথিঙ্কার। কই তাতে তো কারো মাথায় আকাশ ভেঙ্গে পড়েনি, সমাজের বাইরে চলে যাবার মত ব্যাপারও আসে নি।

আর তাছাড়া সমাজের সব রীতি নীতির প্রতি গড্ডালিকা প্রবাহে গা ভাসিয়ে দিলে এগুনো সম্ভব নাও হতে পারে। সমাজের পশ্চাৎপদ কিছু রীতি কোন কোন সময় ভাঙতেই হবে। এতে যদি সমাজের বাইরে যেতে হয় তাও সই। সবাই সমাজের রীতি মেনে চললে তো আমরা কখনোই পেতামনা রিচার্ড ডকিন্স, ক্রিস্টফার হিচেন্স, আহমদ শরীফ, আরজ আলী মাতুব্বর কিংবা হুমায়ুন আজাদদের। তাই না ?

25. 25

সাফিন আহমেদ অনিক

জুন ৩০, ২০১২ সময়: ১০:২৫ অপরাহ্ণ লিঙ্ক

দাদা আপ্নেরে আপ্নে আমার ফেসবুক বন্ধুত্বের অনুরোধে সাড়া দেন না।

তাছাড়া অন্য কোন সমস্যা নাই আপ্নে আমার অন্যতম প্রিয় লেখক। আপনার অনেক লেখা আমি পরছি। সহজ ভাষায় জটিল জিনিস বুঝায় বলেন দেইখা আপনার লেখা খুব ভালো লাগে।

আর আই লেখাটার জন্য অনেক অনেক ধন্যবাদ।
এখন থেকে এই যুক্তির উত্তর দিতে আর সময় ন ষ্ট করতে হবে না। আপনার লেখার লিঙ্কটা ধরায় দিলেই চলবে।

*অভিজিৎ*এর জবাব:
জুলাই ১, ২০১২ at ৩:৪১ পূর্বাহ্ণ
@সাফিন আহমেদ অনিক,

অনেক ধন্যবাদ আপনার মন্তব্যের জন্য। ভাই, আমার কাছে ছাগল পাগল বহু লোকের কাছ থেকে ফ্রেন্ড রিকোয়েস্ট আসে - ফাত্তাহ, ফারাবী ছাগু গ্রুপ থেকেও আসে। এখন সবাইকে সব সময় এক্সেপ্ট করতে পারি না। জানি না আপনি কি নামে আমাকে রিকোয়েস্ট পাঠিয়েছেন, তবে রিকোয়েস্টের সাথে সাথে যদি আমাকে আপনার পরিচয় দিয়ে একটা ম্যাসেজ পাঠিয়ে দেন, তাহলে উপকার হয়।

আবারো ধন্যবাদ জানাচ্ছি আপনার আগ্রহের জন্য।

26. 26

রাগাদ

জুলাই ১, ২০১২ সময়: ১:৩৬ পূর্বাহ্ণ লিঙ্ক

'আমার ধর্মই যে সঠিক হে তো দ্যাকলেই বুঝা যায় ' এই কথা শুনতে শুনতে কান ঝালাপালা হয়ে গেল। বিশ্বাসীদের প্রধান target হল পরকালে ১টা নিরাপদ প্লট বরাদ্ধ করা। এর জন্য যত ভন্ডামো করতে হয় তারা করে। মনে প্রশ্ন আসা মাত্রই এরা ctrl + alt + del চাপে। পাছে সন্দেহ পোষনের দায়ে বেহেস্তি প্লট খানা হারায়!! প্যাস্কেল সাহেবের কুযুক্তিই এদের যপ। ধর্ম বা ইশ্বর ভক্তিও এদের মূল মন্ত্র না। এদের মূল মন্ত্র হল 'Being in the safe side'.

লেখা পরে অনেক ভাল লাগল

*অভিজিৎ*এর জবাব:
জুলাই ২, ২০১২ at ৪:১৭ পূর্বাহ্ণ
@রাগাদ,

আমারো আপনার মন্তব্য পড়ে খুব ভাল লাগ ল। মুক্তমনায় নিয়মিত আসবেন আশা করছি।

*রাগাদ*এর জবাব:
জুলাই ৩, ২০১২ at ১১:৪৬ পূর্বাহ্ণ
@অভিজিৎ, আবশ্যই

27. 27

সংশপ্তক
জুলাই ১, ২০১২ সময়: ৫:০৯ পূর্বাহ্ণ লিঙ্ক

একটা দরগা শরীফে যখন লুট করার জন্য নগদ এবং ট্যাক্স ফ্রি ২ কোটি টাকা পাওয়া যায় , তখন অন্তত এটা বোধগোম্য যে , ধার্মিক হওয়ার অনেক বানিজ্যিক সুবিধা আছে। নাস্তিকেরাই আসলে বোকা !

আঃ হাকিম চাকলাদার এর জবাব:
জুলাই ১, ২০১২ at ৭:৪৫ পূর্বাহ্ণ
@সংশপ্তক,
ধর্ম জগতে আবার টাকার অভাব হতে যাবে কেন? যেখানে শুধু বেহেশতের এক এক খানা ঘর বিক্রী করাতেই হাজার হাজার ডলার আসে। সেখানে আবার টাকার অভাব থাকতে পারে নাকি?
নিউ ইয়র্কে অন্ততঃ ১০০ মসজিদ। এগুলী অল্প কয়েক বছরেই হয়েছে। এরা প্রথমে কোন রকমে একটু খানি ঘর ভাড়া করে আরম্ভ করা থেকে শুরু করে তারপরে অল্পদিনের মধ্যে ৪ তলা বিল্ডিংএ পরিণত হচ্ছে। পাকিস্তানী, ভারতীয়.এরাবিয়ান, আফ্রিকান মুসলিমেরা মসজিদের নাম শুনলেই বেহেশতে একখানা ঘর পাওয়ার আশায় হাতের মুঠা ভরে ডলার দান করে।
যেখানে বেহেশতে এক খানা ঘর পাওয়ার আশা, সেখানে আবার টাকার অভাব হয় নাকি?
ধন্যবাদ

28. 28

আস্তরিন
জুলাই ১, ২০১২ সময়: ৪:০৩ অপরাহ্ণ লিঙ্ক

অনেক ধন্যবাদ অভিজিৎ , আগে কোখন এভাবে ভাবিনি ।

29. 29

আহমেদ সায়েম
জুলাই ১, ২০১২ সময়: ১১:১৩ অপরাহ্ণ লিঙ্ক

@আঃ হাকিম চালাকদার
বাংলাদেশেও দিন দিন আলিশান মসজিদের সংখ্যা বেড়েই চলছে। ধর্মানুরাগীরা মসজিদের উন্নয়নের জন্য যত আর্থিক সহযোগিতা করছে তেমনটা কিন্ত দারিদ্র্য উন্নয়নের জন্য করছে না।এক্ষেত্রে যদি

তাঁদের ধর্মনাভূতি ঘুরিয়ে দারিদ্র্য উন্নয়নমূখী করা যেত তাহলে দেশের অনেকটা উপকার হত।এখন আবার যোগ হচ্ছে, বাড়ি বাড়ি থেকে প্রতিমাসে
৫০/১০০/২০০টাকা করে সবাইকে দিতে হচ্ছে, সেখান থেকেও বেশ বড় একটা অর্থ তাঁরা সংগ্রহ করছে।

*অভিজিৎ*এর জবাব:
জুলাই ২, ২০১২ at ৪:১৭ পূর্বাহ্ণ
@আহমেদ সায়েম,

ধন্যবাদ মন্তব্যের জন্য।

*আঃ হাকিম চাকলাদার*এর জবাব:
জুলাই ২, ২০১২ at ৪:৪৫ পূর্বাহ্ণ
@আহমেদ সায়েম,

এখন আবার যোগ হচ্ছে, বাড়ি বাড়ি থেকে প্রতিমাসে
৫০/১০০/২০০টাকা করে সবাইকে দিতে হচ্ছে, সেখান থেকেও বেশ বড় একটা অর্থ তাঁরা সংগ্রহ করছে।

মসজিদে টাকা না দিয়ে যাবে কোথায়? এটা যে "ছদকায়ে জারিয়া" অর্থাত এখানে একবার দান করতে পারলেই কেয়ামত পর্যন্ত তার খাতায় পূন্য জমা হতেই থাকবে। অর্থাত পূন্যের কাজ না করেও অসীম পূন্যের অধিকারী হয়ে নিশ্চিত ভাবে বেহশত চলে যাওয়া।
টাকা না দিয়ে কারো উপায় আছে?
ধন্যবাদ

30. 30

ইলুমিনেটি

জুলাই ২, ২০১২ সময়: ৭:২২ অপরাহ্ণ লিঙ্ক

আপনি লিখেছেন,” বলা হয় যে, আল্লাহর অনিচ্ছায় কোন ঘটনা ঘটে না। এমনকি গাছের পাতাটিও নড়ে না। বিশেষত তাঁর অনিচ্ছায় যদি কোন ঘটনা ঘটতে পারে তাহা হইলে তাঁহার ‘সর্বশক্তিমান’ নামের সার্থকতা কোথায়? আর যদি আল্লাহর ইচ্ছায়ই সকল ঘটনা ঘটে তবে জীবের দোষ বা পাপ কি? ”

অতীব যৌক্তিক…
বারট্রান্ড রাসেল কে একবার এক লোক জিজ্ঞেস করলেন, ” আপনি তো নাস্তিক , মৃত্যুর পর যদি দেখেন যে বিশ্ব-ব্রহ্মাণ্ডের সবকিছু ঈশ্বর এর দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছে এবং তার উপর অবিশ্বাস এর কারন জানতে চায় ? ”
রাসেল, ” প্রভু উপযুক্ত প্রমাণের অভাব, প্রভু…”(not enough evidence)
the usual suspects এর একটা ডায়ালগ ছিল, ” the greatest trick devil ever pulled convincing the world that he never exists ”

& the greatest trick prophet ever pulled convincing the world that god exists….

অভিজিৎ এর জবাব:
জুলাই ২, ২০১২ at ৮:৩১ অপরাহ্ণ
@ইলুমিনেটি,

আপনি লিখেছেন,” বলা হয় যে, আল্লাহর অনিচ্ছায় কোন ঘটনা ঘটে না। এমনকি …

এটা আসলে আরজ আলী মাতুব্বরের *সত্যের সন্ধান* বই থেকে নেওয়া। আমি লিখলেও এর প্রকৃত স্বত্বাধিকারী আমি নই। 🙂

বারট্রান্ড রাসেল কে একবার এক লোক জিজ্ঞেস করলেন, ” আপনি তো নাস্তিক , মৃত্যুর পর যদি দেখেন যে বিশ্ব-ব্রহ্মাণ্ডের সবকিছু ঈশ্বর এর দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছে এবং তার উপর অবিশ্বাস এর কারণ জানতে চায় ? ”
রাসেল, ” প্রভু উপযুক্ত প্রমাণের অভাব, প্রভু…”(not enough evidence)
the usual suspects এর একটা ডায়ালগ ছিল, ” the greatest trick devil ever pulled convincing the world that he never exists ”

& the greatest trick prophet ever pulled convincing the world that god exists….

চমৎকার। ভবিষ্যতে মুক্তমনায় আপনার নিয়মিত অংশগ্রহণ আশা করছি।

*আল্লাচালাইনা*এর জবাব:

জুলাই ২, ২০১২ at ৮:৫৩ অপরাহ্ণ

@অভিজিৎ, প্রায় একইরকম একটি বিষয়ে নিল ডি গ্রাসা টাইসনের একটি সুন্দর কথা আছে -

httpv://www.youtube.com/watch?v=afGkv0IT4dU

31. 31

মুসাফির

জুলাই ৪, ২০১২ সময়: ২:০১ অপরাহ্ণ লিঙ্ক

একটা অন্য প্রশ্ন করি ।

ঈশ্বর যদি সত্যিই ন্যায়বিচারক হন তাহলে তার কাছে কোন ব্যক্তি শ্রেষ্ঠ হবে ? যে পরকালে কিছু পাওয়ার লোভে ভালো কাজ করল সে না যে কোন কিছু পাওয়ার আশা না করে বিবেক এর তাড়নায় নিস্বার্থভাবে ভালো কাজ করল সে ?

*আঃ হাকিম চাকলাদার*এর জবাব:

জুলাই ৫, ২০১২ at ২:০৮ পূর্বাহ্ণ

@মুসাফির,

> একটা অন্য প্রশ্ন করি ।
> ঈশ্বর যদি সত্যিই ন্যায়বিচারক হন তাহলে তার কাছে কোন ব্যক্তি শ্রেষ্ঠ হবে ? যে পরকালে কিছু পাওয়ার লোভে ভালো কাজ করল সে না যে কোন কিছু পাওয়ার আশা না করে বিবেক এর তাড়নায় নিস্বার্থভাবে ভালো কাজ করল সে ?

জনাব মুসাফির সাহেব,

অত্যন্ত গুরুত্বপুর্ণ পশ্ন করে ফেলেছেন ভাই। আমার বিশ্বাষ মানুষের জন্য কল্যান কর কাজ করে যাওয়া উচিৎ তার পরিবর্তে পরকালে কিছু পাওয়ার আশা ব্যতিরেকেই।

আর যদি পরকালে কিছু (বেহেশত)পাওয়ার আসায় করতে হয় তাহলে মানুষের মঙ্গল জনক কিছুই করার দরকার হয়না বরং তার বিপরীতে আল্লাহরই সৃষ্ট নিরপরাধ বিরোধী মতালম্বীর লোকজন দের হত্যা করা বা এ উপলক্ষে নিজেই নিহত হইলেই বেহেশত পাওয়ার জন্য সবচেয়ে উপযুক্ত পন্থা বলে অনেকের কাছে বিবেচিত। আর এইটাই নাকি কোন কোন ধর্মের গুরুত্বপূর্ণ নির্দেশ।
ধন্যবাদ

32. 32

রঙ্গতামাশা

জুলাই ৭, ২০১২ সময়: ২:২২ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি সোজা কথার মানুষ তাই একটা কথাই বলব। সেটি হল *বন্দুক, ছুরি চাকু দেখিয়ে টাকা ছিনতাই করা, আর দোযখের ভয় দেখিয়ে বিশ্বাস আদায় করা, দু’টোই ছিনতাইয়ের অন্তর্ভূক্ত।*আল্লাহ যদি চাইত তবে তো আমাদের ও ফেরেশতাদের মত বানাতে পারত যারা কোন পাপ করে না। কেন তাহলে তেমন বানালো না*?????*

33. 33

কৌস্তুভ

জুলাই ৭, ২০১২ সময়: ৭:১১ অপরাহ্ণ লিঙ্ক

এস্কিমোল্লা

দারুণ লেখা। আপনি যদি অনুমতি করেন তবে ফেসবুকে শেয়ার দিই ?

*অভিজিৎ*এর জবাব:

জুলাই ২৩, ২০১২ at ৪:৩৫ পূর্বাহ্ণ

@কৌস্তুভ,

তোমার এই মন্তব্য আগে দেখি নাই। এখন দেখলাম।

লেখা শেয়ার করতে (তাও আবার আমার লেখা) আবার অনুমতি লাগে নি ?

ফেবুতে দেখলাম তুমি কার কার বাড়ি গিয়া মৌজ কইরা বেড়াইতেস...

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/lostindarkblog/28840829

আস্তিকের বিশ্বাসে নাস্তিকের শক্তিশালী হয়ে ওঠা

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:১১ |

দুঃখবিলাস



আস্তিকতা বা নাস্তিকতা আসলে কি, এটা সবাই জানে। আধুনিক সময়ে নতুন করে এর অর্থ বলার কোন মানে নেই। কিন্তু অদ্ভুদ হলেও সত্য, সময়ের সাথে সাথে আস্তিক বা নাস্তিকতা বিষয়ক তীব্রটা সত্যিই বাড়ছে।

সম্পূর্ণ নিরেপক্ষ দৃষ্টিতেই আমার মনে হয় , আস্তিকদের জন্যেই সমস্যাটা আরো ভয়াবহ হচ্ছে। না তাদের বিশ্বাসে নয়, বরং বিশ্বাসের বুলি ব্যক্তকরণেই সমস্যাটা মাথা চাড়া দিয়ে উঠছে।

শুধুমাত্র সা,ই, লক্ষ্য করলেই ব্যাপারটা পরিস্কার হবে।

১। আস্তিক বলে বড়াই:
কিছু ব্লগার আছেন, যারা নিজেদের আস্তিক বলে বড়াই করেন। নিজেকে অন্যদের থেকে মহত ভাবতে সবারই ভালো লাগে। কিন্তু, এই ভালো লাগা কতখানি বাস্তব, সেটাই সন্দেহজনক। মনে রাখা দরকার, আস্তিকতা বা নাস্তিকতার এক কোন পরিমাপক বা একক নেই। মানে, কেই দশ কেজি আস্তিক অথবা সাড়ে আট কেজি নাস্তিক বলা যায় না।

২। নাস্তিকদের ব্যক্তিগত আক্রমন:
আস্তিক মাঝে অনেকেই আছেন, যারা নাস্তিকদের জারজ বা মুরতাদ বা কাফের বলে সম্বোধন করেন। কিন্তু কতগুলো নাস্তিক আছেন, যারা আস্তিকদের আস্তিকতার জন্য এভাবে গালি দিয়ে থাকেন। এখানে, বলা রাখা দরকার ছাগু মানে আস্তিকদের বোঝানো হয় না।

৩। আল্লাহ খোদাকে প্রমাণ করার চেষ্টা:
এটা হলো ভয়াবহ। আস্তিকরা ভালো করেই জানেন, তাদের কাছে আলাদিনের চেরাগ নেই। মানে, আল্লাহ খোদাকে ডাক দেবার সংগে সংগে উনি কিন্তু দৌড়ে চলে আসবেন না।

৪। প্রত্যক্ষ বা পরোক্ষ্যভাবে ভয় দেখানো:
আল্লাহ খোদাকে ভয়ের পাত্র করে দেখানো বা জাহান্নামের ভয় দেখানো কিন্তু হিতে বিপরীতই। কারণ, নাস্তিকরা তো তাতে বিশ্বাস করেনই না, বরং আস্তিকের দেওয়া কথাটি আরো হাস্যকর হয়ে উঠে।

৫। ব্যক্তিগত দৈবিক ঘটনার উদাহরণ হিসেবে উল্লেখ:
সাধারণত নিজের জীবনে ঘটে যাওয়া কোন অদ্ভুদ ঘটনা যা তার কাছে স্বাভাবিক কোন বিশ্লেষণ নাই টাইপ কিছু বলা। এতে স্বভাবতই নাস্তিকদের সামনে আস্তিকদের মানসিক ভারসাম্য নিয়ে প্রশ্ন উঠে।

৬। অতি ভক্তি চোরের লক্ষণ:
এখানে আস্তিকরা সাধারণত অনেক কিছুই মূল অর্থের ভুল বা বানোয়াট অর্থ দিয়ে নিজেসহ অন্য আস্তিকদেরও বিপদে ফেলে।

৭। আস্তিকদের হেরে যাবার ভয়:
একটা প্রছন্ন ভয় সবসময়ই আস্তিকদের তাড়া করে বেরায়। এজন্য তারা সবসময়ই তাদের দলে মানুষদের আনতে চেষ্টা করে। আর , চেষ্টায় ব্যর্থ হলে বিভিন্ন ধরণের শাস্তির ব্যবস্থা হয়ে থাকে। দোররা বা পাথর ছোঁড়া পদ্ধতিগুলো পুরোনো হলেও এখনো বাংলাদেশে এর প্রচলন দেখা যায়।

আমাদের মনে হয়, জীবনের সাথে ধর্মের সহ অবস্থান নিয়ে নতুন করে ভাববার সময় এসেছে।

কমেন্ট

১. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:১৪

অনিন্দিতা ০১ বলেছেন: ++

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:১৬

লেখক বলেছেন: ধন্যবাদ, অনিন্দিতা ০১

২. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:১৮

রাইডার বলেছেন: +++

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২১

লেখক বলেছেন: ধন্যবাদ, রাইডার।

৩. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২০

একলব্য১৯৭১ বলেছেন: ভাই,আস্তিক বা নাস্তিক কারো বিশ্বাস নিয়ে আলোচনা করার মত জ্ঞান আমার নেই কিন্তু আমি আমার ব্যক্তিগত মতামত ব্যাখ্যা করতে পারি।পৃথিবী তে অন্যায় কাজ না করা আর ভালো কাজের সমাহার ঘটাতে একজন মানুষের বিবেকই আমার কাছে যথেষ্ট বলে মনে হয়।নরকের ভয়াবহ শাস্তি বা স্বর্গের অপার আনন্দের লোভকেই মানবিক আচরণের ভিত্তি মনে করাকে আমি মনুষ্যত্বের অবমাননা বলেই মনে করি।ধন্যবাদ।

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২২

লেখক বলেছেন: একলব্য১৯৭১ , আপনার কথায় যথার্থ কারণেই সহমত।

৪. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২২



কুম্ভকর্ণ বলেছেন: পয়েন্ট আকারে লিখব নাকি পয়েন্ট ছাড়া লিখব এ নিয়ে এসএসসি দেওয়ার আগে ব্যাপক ক্যাচাল হত। আপনি পয়েন্ট আকারে উত্তর দিয়েছেন। তাই ১০ এ ৫.৭৮৯

দিলাম। হ্যান্ডনোট করবেন তাহলে আরো ভাল মার্কস পাবেন। বাজারে বিভিন্ন গাইড থেকে নোট করলে হবেনা, স্যারের কাছে প্রাইভেট পড়বেন। স্যারের নোটই আসল।

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২৫

লেখক বলেছেন: আপনাকে অশেষ ধন্যবাদ। আসলে, এসএসসি'র পাট চুকিয়েছি অনেক বছর আগে।তবে, আপনার আইডিয়াটা মনে থাকবে।

৫. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২৩

ত্রিভুজ বলেছেন: আমার মনে হয় আপনার কথাগুলোর ঠিক গোঁড়ায় একটা গলদ রয়েছে... বিষয়টা নিয়ে একটা পোস্ট দেব কিনা ভাবছি.. আপনাকে শুধু একটা ছোট হিন্টস দেই, কোন নাস্তিক নাস্তিকতা ছেড়ে আস্তিক না হলে আস্তিক বা আস্তিকদের সৃস্টিকর্তার কিছু যায় আসে না....

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৩১

লেখক বলেছেন: আস্তিক কারা বলুন তো: যারা সৃস্টি কর্তাকে অন্যের কথায়/বিশ্বাসের সাথে সহমত প্রকাশ করেন, তাই না?

নিশ্চয় জন্মের সাথে সাথে একজন শিশুকে নিশ্চয় আপনি আস্তিক বা নাস্তিক ক্যাটাগরীতে ফেলতে পারেন না।

সুতরাং, কোন নাস্তিক নাস্তিকতা ছেড়ে আস্তিক বা কোন আস্তিক আস্তিকতা ছেড়ে নাস্তিক হলে বা না হলে নিশ্চয়ই সৃস্টিকর্তার কিছু যায় আসে না....

৬. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:২৭



কুম্ভকর্ণ বলেছেন: ধন্যবাদ। আইডিয়াটা মনে রাখবেন আর নেক্সটবার স্যারের হ্যান্ডনোট থেকে লিখবেন। ১০ এ ১০ দিব। পয়েন্ট আকারে লিখতে ভুলবেননা কিন্তু!

৭. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৩৫

প্রশ্নোত্তর বলেছেন:

নারু
পোষ্টের ব্যাপারে মন্তব্য আশা করছি।

৮. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৩৯

ত্রিভুজ বলেছেন:

লেখক বলেছেন: আস্তিক কারা বলুন তো: যারা সৃস্টিকর্তাকে অন্যের কথায়/বিশ্বাসের সাথে সহমত প্রকাশ করেন, তাই না?

নাস্তিকরা তাহলে কিভাবে নাস্তিক হয়? "অন্যের কথা" নামক যে টার্মসের আবির্ভাব করলেন এখানে, সেটা কি নাস্তিকদের জন্যও প্রযোজ্য নয়?

"সুতরাং, কোন নাস্তিক নাস্তিকতা ছেড়ে আস্তিক বা কোন আস্তিক আস্তিকতা ছেড়ে নাস্তিক হলে বা না হলে নিশ্চয়ই সৃস্টিকর্তার কিছু যায় আসে না...."

এখানেও আমার দ্বিমত নেই.... তবে সৃষ্টিকর্তার কিছু যায় আসে না কোন অর্থে বুঝিয়েছি তা সম্ভবত আপনি বুঝতে পারেননি... তাই আপনার জন্য দু 'টো আয়াত-

আমি লোকমানকে প্রজ্ঞা দান করেছি এই মর্মে যে, আল্লাহর প্রতি কৃতজ্ঞ হও। যে কৃতজ্ঞ হয় , সে তো কেবল নিজ কল্যানের জন্যই কৃতজ্ঞ হয়। আর যে অকৃতজ্ঞ হয় , আল্লাহ অভাবমুক্ত, প্রশংসিত।
সূরা: লোকমান, আয়াত: ১২

যে ব্যক্তি কুফরী করে তার কুফরী যেন আপনাকে চিন্তিত না করে। আমারই দিকে তাদের প্রত্যাবর্তন , অতঃপর আমি তাদের কর্ম সম্পর্কে তাদেরকে অবহিত করব। অন্তরে যা কিছু রয়েছে , সে সম্পর্কে আল্লাহ সবিশেষ পরিজ্ঞাত।
সূরা: লোকমান, আয়াত: ২৩

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৪৮

লেখক বলেছেন: দেখুন , অন্যের কথা/বিশ্বাসে আস্তিক হওয়া অনেককেই পাবেন। কিন্তু, অন্যের কথা/বিশ্বাসে নাস্তিক হবার কনসেপ্ট টা আমার কাছে সত্যিই নতুন। কারণটা কি বলি - একজন নাস্তিক নিশ্চয়ই জানেন, বাই চান্স ধর্ম সত্যি হলে জাহান্নামে তার খবর আছে। এতবড় রিস্ক ফ্যাক্টর নিয়ে নিশ্চয় একজন অন্যের কথা/বিশ্বাসে নাস্তিক হতে চাইবেন না।

আর বাই চান্স ফ্যাক্টর অনুসারে ধর্ম যদি সত্যিই না হয় , আস্তিকদের কিন্তু সেই ধরণের জাহান্নামের কোন ভয় নাই।

আয়াতের জন্য ধন্যবাদ

৯. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৪০

আবদুর রাজ্জাক শিপন বলেছেন:

আপনার প্রতিটা পয়েন্ট-ই তো ঘুরিয়ে দিলে নাস্তিকদের বিরুদ্ধে যায় ।

নাস্তিকতাটাও কি একটা বিশ্বাস ? যদি তাই হয়, আপনারও "অবিশ্বাসে বিশ্বাসী "।

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৫১

লেখক বলেছেন: ব্যক্তিগত ভাবে, আমার মনে হয় নাস্তিকতা আসলে আস্তিকতার সীমাবদ্ধতার বাইরে ভাবা।

১০. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৪৩

প্রশ্নোত্তর বলেছেন:

@ত্রিভুজ
আল্লার বাণী দিয়ে আল্লাকে জাস্টিফাই করা - কেমন হইল?

১১. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৪৪

ত্রিভুজ বলেছেন:

@প্রশ্নোত্তর
আল্লাহ'র বাণী দিয়ে আল্লাহকে জাস্টিফাই করিনি। আস্তিকদের মনোভাব ও উদ্দেশ্য সম্পর্কে লেখকের ভুল ভাঙ্গানোর জন্য দিয়েছি...

১২. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৪৮

প্রশ্নোত্তর বলেছেন:

ভুলটা কি?

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৫২

লেখক বলেছেন: প্রশ্নোত্তরের প্রশ্নটির উত্তর কি ত্রিভুজ দিবেন?

১৩. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৫১

ত্রিভুজ বলেছেন:

ভুলটা হলো উনি ধরেই নিয়েছেন যে আস্তিকরা নাস্তিকদের "আস্তিক" বানানোর জন্য বসে আছেন.. নাস্তিকরা আস্তিক না হলে আস্তিকদের কোন শান্তি নেই.... (আমি লক্ষ্য করেছি অনেক মানুষেরই মনোভাব এরকম...)... এটা একটা ভুল ধারনা... ... আরো বিস্তারিত বুঝাতে হলে পোস্ট দিতে হবে...

১৪. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৫৩

ত্রিভুজ বলেছেন:

আপনার ৯ নং মন্তব্যের জবাবে আমার কিছু বলার আছে। আপনি বলেছেন -
লেখক বলেছেন: ব্যক্তিগত ভাবে, আমার মনে হয় নাস্তিকতা আসলে আস্তিকতার সীমাবদ্ধতার বাইরে ভাবা।

একই ভাবে আমি বলতে পারি, আস্তিকতা আসলে নাস্তিকতার সীমাবদ্ধতার বাইরে ভাবা।

ভুল হবে?

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:০৪

লেখক বলেছেন: এটা কিভাবে বললেন? নাস্তিকতার শুরুটা আসলে সৃষ্টিকর্তা নেই বলে।
মানে, যা আস্তিকরা তা ভাবতেই পারে না।
ধারণাগত ভুলটা কোথায় পেলেন?

১৫. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৫৬

ত্রিভুজ বলেছেন:

লেখক বলেছেন: দেখুন , অন্যের কথা/বিশ্বাসে আস্তিক হওয়া অনেককেই পাবেন। কিন্তু, অন্যের কথা/বিশ্বাসে নাস্তিক হবার কনসেপ্ট টা আমার কাছে সত্যিই নতুন। কারণটা কি বলি - একজন নাস্তিক নিশ্চয়ই জানেন, বাই চান্স ধর্ম সত্যি হলে জাহান্নামে তার খবর আছে। এতবড় রিস্ক ফ্যাক্টর নিয়ে নিশ্চয় একজন অন্যের কথা/বিশ্বাসে নাস্তিক হতে চাইবেন না।

আপনার এখানে ছোট একটা ধারনাগত ভুল রয়েছে.. নাস্তিকতাও কিন্তু একটা ধর্ম। সেক্ষেত্রে আমি

বলতে পারি আস্তিকতা থেকে একজন কনভার্ট হয়ে নাস্তিক হয়েছে। কনভার্ট হওয়ার জন্য "অন্যের কথা" বা কারো কাছ থেকে শুনে হওয়াটা একটা প্রসেস। নাস্তিক বলুন আর আস্তিক বলুন , দু'টোই এখানে একই ধরনের প্রসেসের মাধ্যমে তৈরি হচ্ছে।

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:০৭

লেখক বলেছেন: " নাস্তিকতাও কিন্তু একটা ধর্ম। "

আমার আর কিছু বলার নেই।

১৬. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৫৯

প্রশ্নোত্তর বলেছেন:
ত্রিভুজ

এইবার সত্যি হাসালেন। জলজ্যান্ত এলাহী কারবারকে যদি বলেন ভুল, না হেসে উপায় কি!

চোখ মেলে তাকান, চারদিকে দেখুন কি বিপুল আয়োজন চলছে আস্তিকরা নাস্তিকদে র "আস্তিক" বানানোর জন্য - বসেই নেই, দৌড়াচ্ছে! লাফাচ্ছে! কী না করছে!

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:০৫

লেখক বলেছেন: ত্রিভুজ কি এভাবে লক্ষ্য করেছেন?

১৭. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:০১

প্রশ্নোত্তর বলেছেন:

আপনার এখানে ছোট একটা ধারনাগত ভুল রয়েছে.. নাস্তিকতাও কিন্তু একটা ধর্ম।

এই তত্ব কি আপনার আবিস্কার?

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:০৯

লেখক বলেছেন: @ত্রিভুজ , প্রশ্নোত্তর এর প্রশ্নের উত্তর আশা করছি।

১৮. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:০৯

ত্রিভুজ বলেছেন:

@প্রশ্নোত্তর এবং দুঃখবিলাস
তারাবিহর নামাজের জন্য আপাতত আর কন্টিনিউ করা গেল না.. নামাজের পরে একটা পোস্ট দিয়ে আপনাদের পয়েন্টগুলো নিয়ে আলোচনার ইচ্ছে রইলো। আপনারা আমন্ত্রিত!

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:২৩

লেখক বলেছেন: আমার ব্লগে বরাদ্ধকৃত সময় কিছুক্ষণ পরেই শেষ হবে। (বিয়া করলে যা হয়)

চান্স পেলে অবশ্যই আপনার পোস্টে আসবো।

১৯. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:২২

প্রশ্নোত্তর বলেছেন:

মাফ করে দেন, আমার বা আমাদের পয়েন্টে হাত দিয়েন না, আপনার পয়েন্টেই পোষ্ট দিয়েন।

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:২৪

লেখক বলেছেন: হে হে

২০. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:২৩

একলব্য১৯৭১ বলেছেন: " নাস্তিকতাও একটা ধর্ম"
......এই ধর্মের ইশ্বর কে? এর প্রার্থনা পদ্ধতিটাই বা কি?
ত্রিভুজ ভাই, আশা করি এই অধমকে উৎত্র গুল দিয়ে আলোকিত করবেন।

০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:২৫

লেখক বলেছেন: প্রশ্নোত্তর , আমারও একই প্রশ্ন।

২১. ০৯ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ৮:২৬

দুঃখবিলাস বলেছেন: ধন্যবাদ, সকলকে। ভালো থাকুন

২২. ১০ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ১২:০০

ত্রিভুজ বলেছেন: হা হা হা... নাহ, আপনারা আসলেই ছোট মানুষ.. পোস্ট দিয়ে সময় নষ্ট করবো কিনা ভাবছি.. এবিষয়ে করা আমার আগের দু'টো পোস্ট দেখতে পারেন...

Click This Link

Click This Link

তারপরও না বুঝলে বলতে পারেন.. নিউ পোস্ট দেয়া যাবে...

২৩. ১০ ই সেপ্টেম্বর, ২০০৮ রাত ২:৩৬

প্রশ্নোত্তর বলেছেন:

ত্রিভুজ কত বড় হইসেন? মাপ নিসেন রিসেন্টলি?

১০ ই সেপ্টেম্বর, ২০০৮ সকাল ৯:১৪

লেখক বলেছেন: প্রশ্নোত্তর, ছেড়ে দেন ভাই। বেকুব টা ছাগুই রইয়্যা গেল , আর মানুষ আর হইলো না।

সমাপ্ত

https://www.amarblog.com/joddha3/posts/173897

বিখ্যাত নাস্তিকদের সংক্ষিপ্ত তালিকা

তারিখঃ শুক্রবার, ২৭/০৯/২০১৩ - ১৫:৫০

লিখেছেনঃ যোদ্ধা

কিছু কিছু ধার্মিক লোকজন বলে দুনিয়াতে নাকি বিজ্ঞান জগতে সীমিত সংখ্যক মানুষ নাস্তিক। এইসব লোকজন নিজস্ব সীমাবদ্ধ গন্ডিতে বসবাস করে ভাবে নিজের পাত কুয়াই হলো সারা দুনিয়া। তারা যেন এবার তাদের পাত কুয়া থেকে গলা বাড়িয়ে একটু বাইরের দিকে তাকায় আর দেখে কি পরিমান নাস্তিক এই বর্তমান দুনিয়াতে।

দুনিয়ার বিখ্যাত কিছু নাস্তিকের নাম নিচে দেয়া হলো :

সূত্র :http://en.wikipedia.org/wiki/List_of_atheists_in_science_and_technology

• Ernst Abbe (1840-1905): German physicist, optometrist, entrepreneur, and social reformer. Together with Otto Schott and Carl Zeiss, he laid the foundation of modern optics. Abbe developed numerous optical instruments. He was a co-owner of Carl Zeiss AG, a German manufacturer of research microscopes, astronomical telescopes, planetariums and other optical systems.[1]
• Zhores Alferov (1930-): Soviet and Russian physicist and academic who contributed significantly to the creation of modern heterostructure physics and electronics. He is an inventor of the heterotransistor and the winner of 2000 Nobel Prize in Physics.[2][3]
• Hannes Alfvén (1908-1995): Swedish electrical engineer and plasma physicist. He received the 1970 Nobel Prize in Physics for his work on magnetohydrodynamics (MHD). He is best known for describing the class of MHD waves now known as Alfvén waves.[4][5][6]
• Jim Al-Khalili (1962-): Iraqi-born British theoretical physicist, author and science communicator. He is professor of Theoretical Physics and Chair in the Public Engagement in Science at the University of Surrey.[7]
• Philip W. Anderson (1923-): American physicist. He was one of the recipients of the Nobel Prize in Physics in 1977. Anderson has made contributions to the theories of localization, antiferromagnetism and high-temperature superconductivity.[8]
• Jacob Appelbaum (1983-): American computer security researcher and hacker. He is a core member of the Tor project.[9]

• François Arago (1786-1853): French mathematician, physicist, astronomer and politician.[10]

• Svante Arrhenius (1859-1927): Swedish physicist and chemist. He is considered to be one of the founders of physical chemistry. He received the Nobel Prize in Chemistry in 1903.[11][12]

• Emil Artin (1898-1962): Austrian-American mathematician of Armenian descent.

• Peter Atkins (1940-): English chemist, Professor of chemistry at Lincoln College, Oxford in England.[13]

• Julius Axelrod (1912-2004): American Nobel Prize winning biochemist, noted for his work on the release and reuptake of catecholamine neurotransmitters and major contributions to the understanding of the pineal gland and how it is regulated during the sleep-wake cycle.[14]

• Sir Edward Battersby Bailey FRS (1881-1965): British geologist, director of the British Geological Survey.[15]

• Sir Patrick Bateson FRS (1938-): English biologist and science writer, Emeritus Professor of ethology at Cambridge University and president of the Zoological Society of London.[16]

• William Bateson (1861-1926): British geneticist, a Fellow of St. John's College, Cambridge, where he eventually became Master. He was the first person to use the term genetics to describe the study of heredity and biological inheritance, and the chief populariser of the ideas of Gregor Mendel following their rediscovery.[17]

• George Wells Beadle (1903-1989): American geneticist. Along with Edward Lawrie Tatum, he won the Nobel Prize in Physiology or Medicine in 1958 for discovering the role of genes in regulating biochemical events within cells.[18][19]

• John Stewart Bell (1928-1990): Irish physicist. Best known for his discovery of Bell's theorem.[20]

• Charles H. Bennett (1943-): American physicist, information theorist and IBM Fellow at IBM Research. He is best known for his work in quantum cryptography, quantum teleportation and is one of the founding fathers of modern quantum information theory.[21]

• John Desmond Bernal (1901-1971): British biophysicist. Best known for pioneering X-ray crystallography in molecular biology.[22]

• Paul Bert (1833-1886): French zoologist, physiologist and politician. Known for his research on oxygen toxicity.[23]

• Marcellin Berthelot (1827-1907): French chemist and politician noted for the Thomsen-Berthelot principle of thermochemistry. He synthesized many organic compounds from inorganic substances and disproved the theory of vitalism.[24][25]

• Claude Louis Berthollet (1748-1822): French chemist.[26]

• Hans Bethe (1906-2005): German-American nuclear physicist, and Nobel laureate in physics for his work on the theory of stellar nucleosynthesis.[27] A versatile theoretical physicist, Bethe also made important contributions to quantum electrodynamics, nuclear physics, solid-state physics and astrophysics. During World War II, he was head of the Theoretical Division at the secret Los Alamos laboratory which developed the first atomic bombs. There he played a key role in calculating the critical mass of the weapons, and did theoretical work on the implosion method used in both the Trinity test and the "Fat Man" weapon dropped on Nagasaki, Japan.[28]

• Norman Bethune (1890-1939): Canadian physician and medical innovator.[29]

• Patrick Blackett OM, CH, FRS (1897-1974): Nobel Prize winning English experimental physicist known for his work on cloud chambers, cosmic rays, and paleomagnetism.[30]

• Susan Blackmore (1951-): English psychologist and memeticist, best known for her book The Meme Machine.[31]

• Christian Bohr (1855-1911): Danish physician, He is the father of the physicist and Nobel laureate Niels Bohr, as well as the mathematician Harald Bohr and grandfather of another physicist and Nobel laureate Aage Bohr.[32]

• Niels Bohr (1885-1962): Danish physicist. Best known for his foundational contributions to understanding atomic structure and quantum mechanics, for which he received the Nobel Prize in Physics in 1922.[33][34][35][36][37][38]

• Sir Hermann Bondi KCB, FRS (1919-2005): Anglo-Austrian mathematician and cosmologist, best known for co-developing the steady-state theory of the universe and important contributions to the theory of general relativity.[39][40]

• Paul D. Boyer (1918-): American biochemist and Nobel Laureate in Chemistry in 1997.[41]

• Calvin Bridges (1889-1938): American geneticist, known especially for his work on fruit fly genetics.[42]

• Percy Williams Bridgman (1882-1961): American physicist who won the 1946 Nobel Prize in Physics for his work on the physics of high pressures.[43][44]

• Paul Broca (1824-1880): French physician, surgeon, anatomist, and anthropologist. Broca's work also contributed to the development of physical anthropology, advancing the science of anthropometry.[45]

• Rodney Brooks (1954-): Australian-American computer scientist and roboticist.[46]

• Sheldon Brown (1944-2008): Bicycle mechanic and technical authority on almost every aspect of bicycles.[47]

• Ruth Mack Brunswick (1897-1946): American psychologist, a close confidant of and collaborator with Sigmund Freud.[48]

• Robert Cailliau (1947-): Belgian informatics engineer and computer scientist who, together with Sir Tim Berners-Lee, developed the World Wide Web.[49]
• John D. Carmack (1970-): American game programmer and the co-founder of id Software. Carmack was the lead programmer of the id computer games Commander Keen, Wolfenstein 3D, Doom, Quake, Rage and their sequels.[50]
• Sean M. Carroll (1966-): American cosmologist specializing in dark energy and general relativity.[51]
• James Chadwick (1891-1974): English physicist. He won the 1935 Nobel Prize in Physics for his discovery of the neutron.[52]
• Subrahmanyan Chandrasekhar (1910-1995): Indian American astrophysicist known for his theoretical work on the structure and evolution of stars. He was awarded the Nobel Prize in Physics in 1983.[53]
• Georges Charpak (1924-2010): French physicist who was awarded the Nobel Prize in Physics in 1992.[54]
• William Kingdon Clifford FRS (1845-1879): English mathematician and philosopher, co-introducer of geometric algebra, the first to suggest that gravitation might be a manifestation of an underlying geometry, and coiner of the expression "mind-stuff".[55]
• Frank Close OBE (1945-): British particle physicist, Professor of Physics at the University of Oxford and a Fellow of Exeter College, Oxford, known for his lectures and writings making science intelligible to a wider audience, for which he was awarded the Institute of Physics's Kelvin Medal and Prize.[56]
• John Horton Conway (1937-): British mathematician active in the theory of finite groups, knot theory, number theory, combinatorial game theory and coding theory. He is best known for the invention of the cellular automaton called Conway's Game of Life.[57]
• Brian Cox OBE (1968-): English particle physicist, Royal Society University Research Fellow, Professor at the University of Manchester. Best known as a presenter of a number of science programmes for the BBC. He also had some fame in the 1990s as the keyboard player for the pop band D:Ream.[58][59]
• Jerry Coyne (1949-): American professor of biology, known for his books on evolution and commentary on the intelligent design debate.[60]
• Francis Crick (1916-2004): English molecular biologist, physicist, and neuroscientist; noted for being one of the co-discoverers of the structure of the DNA molecule in 1953. He was awarded the Nobel Prize in Physiology or Medicine in 1962.[61][62][63][64][65][66][67]
• George Washington Crile (1864-1943): American surgeon. Crile is now formally recognized as the first surgeon to have succeeded in a direct blood transfusion.[68]

• James F. Crow (1916-2012): American geneticist.[69]
• Pierre Curie (1859-1906): French physicist, a pioneer in crystallography, magnetism, piezoelectricity and radioactivity, and Nobel laureate. In 1903 he received the Nobel Prize in Physics with his wife, Marie Curie, and Henri Becquerel, "in recognition of the extraordinary services they have rendered by their joint researches on the radiation phenomena discovered by Professor Henri Becquerel".[70]
• Jean le Rond d'Alembert (1717-1783): French mathematician, mechanician, physicist, philosopher, and music theorist. He was also co-editor with Denis Diderot of the Encyclopédie.[71][72]
• Sir Howard Dalton FRS (1944-2008): British microbiologist, Chief Scientific Advisor to the UK's Department for Environment, Food and Rural Affairs from March 2002 to September 2007.[73]
• Richard Dawkins (1941-): British zoologist, biologist, creator of the concepts of the selfish gene and the meme; outspoken atheist and popularizer of science, author of The God Delusion and founder of the Richard Dawkins Foundation for Reason and Science.[74]
• Augustus De Morgan (1806-1871): British mathematician and logician. He formulated De Morgan's laws and introduced the term mathematical induction, making its idea rigorous.[75][76][77]
• Jean Baptiste Delambre (1749-1822): French mathematician and astronomer.[78]
• Arnaud Denjoy (1884-1974): French mathematician, noted for his contributions to harmonic analysis and differential equations.[79]
• David Deutsch (1953-): Israeli-British physicist at the University of Oxford. He pioneered the field of quantum computation by being the first person to formulate a description for a quantum Turing machine, as well as specifying an algorithm designed to run on a quantum computer.[80]
• Jared Diamond (1937-): American scientist and author whose work draws from a variety of fields. He is best known for his award-winning popular science books The Third Chimpanzee, Guns, Germs, and Steel, and Collapse: How Societies Choose to Fail or Succeed.[81]
• Paul Dirac (1902-1984): British theoretical physicist, one of the founders of quantum mechanics, predicted the existence of antimatter, and won the Nobel Prize in Physics in 1933.[82][83][84][85][86][87]
• Emil du Bois-Reymond (1818-1896): German physician and physiologist, the discoverer of nerve action potential, and the father of experimental electrophysiology.[88]
• Arthur Eddington (1882-1944): British astrophysicist. He was also a philosopher of

science and a popularizer of science. The Eddington limit, the natural limit to the luminosity of stars, or the radiation generated by accretion onto a compact object, is named in his honor.[89][90][91][92]

• Thomas Edison: American inventor, one of the best inventors of all time. During his career Edison patented more than 1,000 inventions, including the electric light, the phonograph, and the motion-picture camera.[93][94]

• Paul Ehrenfest (1880-1933): Austrian-Dutch physicist. Made major contributions to the field of statistical mechanics and its relations with quantum mechanics.[95][96]

• Thomas Eisner (1929-2011): German-American entomologist and ecologist, known as the "father of chemical ecology".[97]

• Albert Ellis (1913-2007): American psychologist who in 1955 developed Rational Emotive Behavior Therapy.[98]

• Paul Erdős (1913-1996), Hungarian mathematician. He published more papers than any other mathematician in history, working with hundreds of collaborators. He worked on problems in combinatorics, graph theory, number theory, classical analysis, approximation theory, set theory, and probability theory.[99][100]

• Richard R. Ernst (1933-): Swiss physical chemist. He was awarded the Nobel Prize in Chemistry in 1991.[101]

• Hugh Everett III (1930-1982): American physicist who first proposed the many-worlds interpretation (MWI) of quantum physics, which he termed his "relative state" formulation.[102]

এ ধরণের আরো কিছু উদাহরণ জীববিজ্ঞান থেকে হাজির করা যায়। নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম (বৈজ্ঞানিক নাম Spinochordodes tellinii) নামে এক ফিতাকৃমি সদৃশ প্যারাসাইট আছে যা ঘাস ফড়িং-এর মস্তিষ্ককে সংক্রমিত করে ফেললে ঘাস ফড়িং পানিতে ঝাঁপিয়ে পড়ে আত্মহত্যা করে। এর ফলশ্রুতিতে নেমাটোমর্ফ হেয়ার-ওয়ার্মের প্রজননে সুবিধা হয়। অর্থাৎ নিজের প্রজননগত সুবিধা পেতে নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম বেচারা ঘাস ফড়িংকে আত্মহত্যায় পরিচালিত করে। এ ছাড়া জলাতঙ্ক রোগের সাথে আমরা সবাই কমবেশি পরিচিত। পাগলা কুকুর কামড়ালে আর উপযুক্ত চিকিৎসা না পেলে জলাতঙ্ক রোগের জীবাণু মস্তিষ্ক অধিকার করে ফেলে। ফলে আক্রান্ত মস্তিষ্কের আচরণও পাগলা কুকুরের মতোই হয়ে উঠে। আক্রান্ত ব্যক্তি অপরকেও কামড়াতে যায়। অর্থাৎ, ভাইরাসের সংক্রমণে মস্তিষ্ক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে।

আমাদের দীর্ঘদিনের জমে থাকা প্রথাগত বিশ্বাসের 'ভাইরাসগুলোও' কি আমাদের সময় সময় এভাবে আমাদের অজান্তেই বিপথে চালিত করে না কি? আমরা আমাদের বিশ্বাস রক্ষার জন্য প্রাণ দেই, বিধর্মীদের হত্যা করি, টুইন টাওয়ারের উপর হামলে পড়ি, সতী নারীদের পুড়িয়ে আত্মতৃপ্তি পাই, বেগানা মেয়েদের পাথর মারি ...। মনোবিজ্ঞানী ডেরেল রে তার 'The God Virus: How Religion Infects Our Lives And Culture' বইয়ে বলেন, জলাতঙ্কের জীবাণু দেহের ভিতরে ঢুকলে যেমন মানুষের কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র বিকল হয়ে যায়, ঠিক তেমনি ধর্মীয় বিশ্বাসগুলোও মানুষের চিন্তা চেতনাকে আচ্ছন্ন করে ফেলে, তৈরি হয় ভাইরাস আক্রান্ত মননের।

নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম যেমনি ভাবে ঘাস ফড়িংকে আত্মহত্যায় পরিচালিত করে, ঠিক তেমনি আমরা মনে করি ধর্মের বিভিন্ন বাণী এবং জিহাদি শিক্ষা মানব সমাজে অনেকসময়ই ভাইরাস কিংবা প্যারাসাইটের মত সংক্রমণ ঘটিয়ে আত্মঘাতী করে তুলে। ফলে আক্রান্ত সন্ত্রাসী মনন বিমান নিয়ে আছড়ে পড়ে টুইন টাওয়ারের উপর। হিজবুত তাহরীর, আল কায়দার মত জঙ্গি সংগঠনগুলো প্রতি নিয়ত করে এই ভাইরাসের চাষ, এর ফলে প্রতি মুহূর্তে আক্রান্ত হয় বহু তরুণ মনন। ঠিক যেভা বে ব্লগার রাজীবকে হত্যা করার পেছনে হত্যাকারীরা ভেবেছে 'ঈমানী দায়িত্ব' থেকেই তারা হত্যায় অংশ নিচ্ছেন, ঠিক একইভাবে নাইন ইলেভেনের বিমান হামলায় উনিশ জন ভাইরাস আক্রান্ত মনন 'ঈশ্বরের কাজ করছি ' এই প্যারাসাইটিক ধারণা মাথায় নিয়ে হত্যা করেছিলো প্রায় তিন হাজার জন সাধারণ মানুষকে। ইউনিভার্সিটি অফ শিকাগোর অধ্যাপক ব্রুস লিংকন, তার বই "হলি টেররস: থিংকিং এবাউট রিলিজিয়ন আফটার সেপ্টেম্বর ইলেভেন" বইয়ে বিষয়টির উপর আলোকপাত করে বলেন, "ধর্মই, মুহাম্মদ আত্তা সহ আঠারজনকে প্ররোচিত করেছিল এই বলে যে, সংগঠিত বিশাল হত্যাযজ্ঞ শুধুমাত্র তাদের কর্তব্য নয়, বরং স্বর্গ থেকে আগত পবিত্র দায়িত্ব"। হিন্দু মৌলবাবাদীরাও একসময় ভারতে রাম-জন্মভূমি অতিকথনের ভাইরাস বুকে লালন করে ধ্বংস করেছে শতাব্দী প্রাচীন বাবরি মসজিদ। বিগত শতকের আশির দশকে মাইকেল ব্রে নামের কুখ্যাত এক খ্রিস্টান সন্ত্রাসী ওয়াশিংটন ডিসি, মেরিল্যান্ড এবং ভার্জিনিয়ার গর্ভপাত ক্লিনিকগুলোতে উপর বোমা হামলার পর বাইবেলের বানীকে রক্ষাকবচ হিসেবে উল্লেখ করেছিলেন আদালতে। এধরণের অসংখ্য দৃষ্টান্ত ইতিহাস থেকে হাজির করা যাবে, ভাইরাস আক্রান্ত মনন কিভাবে কারণ হয়েছিল সভ্যতা ধ্বংসের। ইতিহাসের পরতে পরতে অজস্র উদাহরণ লুকিয়ে আছে - কিভাবে বিশ্বাসের ভাইরাসগুলো আণবিক বোমার মতই মরণাস্ত্র হিসেবে কাজ করে লক্ষ কোটি মানুষের প্রাণহানির কারণ হয়েছে। ধর্মযুদ্ধগুলোই তো এর বাস্তব প্রমাণ।

চিত্র: বিজ্ঞানীরা দেখেছেন, নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম নামে এক প্যারাসাইটের সংক্রমণে ঘাস ফড়িং পানিতে ঝাঁপিয়ে পড়ে আত্মহত্যা করে (বামে), ঠিক একইভাবে বিশ্বাসের ভাইরাসের সংক্রমণে আক্রান্ত আল-কায়দার ১৯ জন সন্ত্রাসী যাত্রীবাহী বিমান নিয়ে ঝাঁপিয়ে পড়েছিলো টুইন টাওয়ারের উপর ২০০১ সালের ১১ই সেপ্টেম্বর (ডানে)। বিশ্বাসের ভাইরাসের বাস্তব উদাহরণ।



চিত্র: হিন্দু মৌলবাবাদীরা একসময় ভারতে রাম-জন্মভূমি মিথ ভাইরাস বুকে লালন করে ধ্বংস করেছে শতাব্দী প্রাচীন বাবরি মসজিদ।

রাজীবকে হত্যার বিবরণ পড়লে হতবাক হতে হয়, কিভাবে তাদের মস্তিষ্ক ‘ব্রেন ওয়াশড’ হয়েছে প্যারাসাইটিক জিহাদী ধারণা দিয়ে। তারা রাজীবকে হত্যার পরিকল্পনা নিয়ে ‘ইনটেল গ্রুপ’ গঠন করেছিল। এই দলের কাজ ছিল ব্লগ ও ফেসবুক থেকে তাঁর সম্পর্কে নানা তথ্য সংগ্রহ করা ও তাঁর পরিচয় সম্পর্কে নিশ্চিত হওয়া। আর রাজীবকে হত্যার জন্য তারা তৈরি করেছিল ‘এক্সিকিউশন গ্রুপ’। প্রায় এক মাস তাঁরা রাজীবকে অনুসরণ করেছেন। দৈনিক প্রথম আলোতে প্রকাশিত রিপোর্টে বলা

হয়েছে, ইনটেল গ্রুপের সদস্যরা গত ৯ ফেব্রুয়ারি শাহবাগে যায় এবং ব্লগার রাজীবকে খোঁজা শুরু করে। এর এক থেকে দুই দিনের মধ্যে রাজীবের বন্ধুদের চিহ্নিত করার মাধ্যমে তারা রাজীবকে চিনতে পারে। এরপর এই দলের সদস্য এহসান রেজা রুম্মন শাহবাগ থেকে সাইকেলে করে রাজীবকে অনুসরণ করে মিরপুর-১০ নম্বর গোলচত্বর পর্যন্ত গিয়ে বাসা চিহ্নিত করে আসে। ১৫ ফেব্রুয়ারি দলের সদস্যরা সাইকেল ও বাসে চড়ে বিকেল চারটার দিকে পলাশনগরে রাজীবদের বাসার গলিতে অবস্থান নেয় । সন্ধ্যার দিকে রাজীব বাসার গেটের কাছাকাছি পৌঁছার পর এক্সিকিউশন গ্রুপের সদস্য মো. ফয়সাল বিন নাঈম দীপ, মো. মাকসুদুল হাসান অনিক চাপাতি ও ছোরা দিয়ে হত্যাকাণ্ডে অংশ নয় এবং রাজীবকে নির্মম ভাবে কুপিয়ে হত্যা করা হয়।

রাজীবের এই ঘটনা নতুন করে আমাদের কিছু প্রশ্নের সম্মুখীন করে দিয়েছে। পরিষ্কার করে দিয়েছে এই জিহাদী ভাইরাসের প্রকটতা। আমরা কি জানিনা কোন্ সে ভাইরাস যা জলাতঙ্ক রোগীর মতো মস্তিষ্ককে অধিকার করে ফেলছে? আমরা কি জানি না এই উগ্র জিহাদী ভাইরাস কিভাবে ছড়াচ্ছে? এখনো বহু অসুস্থ ভাইরাসাক্রান্ত মনন এভাবে শাহবাগে ওৎ পেতে আছে। সব দেখেও কি আমরা হাত পা গুটিয়ে বসে থাকব? এ ভাইরাস প্রতিরোধ না করতে পারলে এ 'সভ্যতার ক্যান্সারে' রূপ নিয়ে আমাদের সমস্ত অর্জনকে ধ্বংস করবে বলাই বাহুল্য। অর্থাৎ, এ ভাইরাসকে না থামিয়ে বাড়তে দিলে একসময় সারা দেহটাকেই সে অধিকার করে ফেলবে। এ প্রবন্ধের প্রথম দিকে দেয়া ল্যাংসেট ফ্লুক প্যারাসাইট আক্রান্ত পিঁপড়ের উদাহরণের মত মানবজাতিও একসময় করে তুলবে নিজেদের আত্মঘাতী, মড়ক লেগে যাবে পুরো সমাজে। তাই কি আমরা চাই?

না, কোন সুস্থ মস্তিষ্কের মানুষই তা চাইতে পারেন না। তাহলে এই সংক্রমণের হাত থেকে রক্ষা পাওয়ার উপায় কি? এই ভাইরাস সংক্রমণ থেকে বাঁচবার জন্য গড়ে তোলা দরকার 'এন্টিবডি', সহজ কথায় তৈরি করা দরকার ভাইরাস প্রতিষেধকের। আর এই সাংস্কৃতিক ভাইরাসকে প্রতিরোধ করতে পারে আমার-আপনার মত বিবেকসম্পন্ন প্রগতিশীল মানুষেরাই। দরকার সকলের সম্মিলিত প্রচেষ্টার , দরকার খোলস ছেড়ে বেরুনোর মত সৎ সাহসের, দরকার আমার-আপনার সকলের সামগ্রিক সদিচ্ছার। আপনার আমার এবং সকলের আলোকিত প্রচেষ্টাতেই হয়ত আমারা একদিন সক্ষম হব সমস্ত বিশ্বাস-নির্ভর 'প্যারাসাইটিক' ধ্যান ধারণাগুলোকে তাড়াতে, এগিয়ে যেতে সক্ষম হব বিশ্বাসের

ভাইরাস-মুক্ত নীরোগ সমাজের অভীষ্ট লক্ষ্যের দিকে। আর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়কেও দেখতে হবে তাদের এই সুপরিচিত বিশ্ববিদ্যালয়টি যেন 'জঙ্গিবাদের উৎস' হিসেবে জনমানসে প্রতিষ্ঠিত হয়ে না যায়। এ জন্য দরকার বিশ্ববিদ্যালয়টির কাঠামো আমূল পরিবর্তনের। ছাত্ররা যাতে উগ্র সংগঠনের সাথে জড়িত হতে না পারে সে দিকে লক্ষ্য রাখতে হবে। শুধু ছাত্র নয় , হিযু-জামাতি এবং অন্যান্য উগ্রপন্থী শিক্ষকেরা যারা বিশ্ববিদ্যালয়ে পড়তে আসা তরুণ মননকে জঙ্গিবাদের দিকে উস্কে দিচ্ছেন, তাদের সনাক্ত করে বিশ্ববিদ্যালয় থেকে বের করে দেয়া জরুরী। পত্রিকা থেকে জানা গেছে এই কামেল ছাত্রদের তালিকায় কেবল রাজীবই ছিলেন না, ছিলেন আরো আটজন 'নাফরমান' ব্লগার। বোঝাই যাচ্ছে, অপরাধীদের সঠিক সময় না ধরতে পারলে ভাইরাস আক্রান্ত এ মননগুলো আরো প্রাণহানির ক্ষেত্র তৈরি করতে পারতো। তাদের তালিকাভুক্ত ব্লগারদের এই মুহূর্তে সর্বোচ্চ নিরাপত্তা দেয়া ছাড়াও এ ব্যাপারে সবাইকে সচেতন করার প্রয়াস নেয়া বাঞ্ছনীয়।

কমেন্ট

1. সফিক

মার্চ ৫, ২০১৩ সময়: ১০:৩৮ পূর্বাহ্ণ লিঙ্ক

লেখাটি খুবই দরকারী ও সময় উপযোগী হয়েছে। মধ্যবিত্ত -উচ্চবিত্তদের মধ্যে মৌলবাদী ইসলাম এর সংক্রমন, দেশজুড়ে জামাত-ইসলামী ঐক্যজোটের মাদ্রাসা ক্যাডারের বিস্তৃতির চেয়ে অনেক উদ্বেগজনক ডেভেলাপমেন্ট।

লেখাটি নিয়ে একটি মৃদু আপত্তি আছে। যতদূর জানি 'বিশ্বাসের ভাইরাস' একটি খুব উপযোগী উপমা, অনেক সামাজিক, মনস্তাত্তিক ব্যাপারকে এই উপমার মাধ্যমে সুন্দরভাবে তুলে ধরা যায়। কিন্তু বিশ্বাসের ভাইরাস কোনো বিজ্ঞানসম্মত ন্যাচারাল ফেনোমেনন নয়। এটি একটি ভাল উপমাই। এই ক্যাভিয়াট টি উল্লেখ না করলে অনেকে বিভ্রান্ত হতে পারেন।

*অভিজিৎ*এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ৬:১২ অপরাহ্ণ
@সফিক,

মন্তব্যের জন্য ধন্যবাদ। এই 'বিশ্বাসের ভাইরাস' ব্যাপারটি নিয়ে পূর্বে প্রকাশিত প্রবন্ধ এবং আমার একটি বইয়ের ভুমিকাতেই বলেছিলাম। বিজ্ঞানসম্মত ন্যাচারাল ফেনোমেনন এর কোন টার্ম চাইলে অনেকে সেলফিশ জিনে ডকিন্সের উদ্ভাবন 'মিম' ব্যবহার করেন। পাঠকেরা উপলব্ধি করবেন যে, আমরা এই বইয়ে ডকিন্সের 'মিম' এর বদলে ভাইরাস শব্দটিই অনেক বেশি ব্যবহার করেছি। এর

কারণ হচ্ছে, ভাইরাস ব্যাপারটির সাথে সাধারণ পাঠকেরা পরিচিত, 'মিম' এর সাথে তেমনটি নয় এখনো। যে কোনো গতানুগতিক ধর্মে বিশ্বাস যে মানুষের মনে একটি ভাইরাস হিসেবেই কাজ করে সেটা বিস্তৃতভাবে দেখানো হয়েছে এ লেখায়। মানবমনে প্রোথিত বিশ্বাসগুলো আসলে অনেকটাই ভাইরাস কিংবা প্যারাসাইটের মতো কাজ করে সেটা দেখানোই উদ্দেশ্য। শুধু আমি নই , সাম্প্রতিককালে বেশ কিছু গবেষক , বিজ্ঞানী এবং লেখক উগ্র ধর্মীয় বিশ্বাসের সাথে 'ভাইরাস' এবং 'মেমপ্লেক্স' এর সাযুজ্য খুঁজে পেয়েছেন। কিছু উদাহরণ দিলাম -



*সফিক*এর জবাব:

মার্চ ৫, ২০১৩ at ১০:১৩ অপরাহ্ণ

@অভিজিৎ, Memeবা বিশ্বাসের ভাইরাস যেভাবেই বলুন , কোনটাই সাইন্টিফিক্যালি প্রুভেন ন্যাচারাল ফেনোমেনা নয়। এগুলি সুন্দর উপমা মাত্র। ডকিন্স মীম এর কথা ৭০ এর দশকে তোলার পরে এ নিয়ে ৯০ দশকে বেশ কিছু সমাজবিজ্ঞানী - বিবর্তন বিজ্ঞানী উৎসাহী হয়ে অনেক কিছু করতে চেয়েছিলেন। ২০০০ সাল থেকে এই বিষয়ে সবার উৎসাহ কমে আসে। ডকিন্স নিজেও বলেছেন এটি একটি উপমা মাত্র। অনেকে বলেন মীম ধারনাটিই একটি মীম এর উৎকৃষ্ট উদাহরন। ডকিন্স নিজেই বলেছিলেন ,

"My enthusiasm for it was never, ever as a contribution to the study of human culture," he said. "It was always intended to be a way of dramatizing the idea that a Darwinian

replicator doesn't have to be a gene. It can be a computer virus. Or a meme. The point is that a good replicator is just a replicator that spreads, regardless of its material form."

http://www.slate.com/articles/arts/egghead/2004/12/the_man_behind_the_meme.2.html
মীম আিডিয়াটি নিজেই কেমন করে একটি মীম হয়ে উঠল, এটা নিয়ে একটি আর্টিকেল দেখতে পারেন,
The misunderstanding of memes: Biography of an unscientific object, 1976-1999
http://www.mitpressjournals.org/doi/pdf/10.1162/POSC_a_00057

অভিজিৎ এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ১০:২৪ অপরাহ্ণ
@সফিক,
হ্যা মীমের সমালোচনাগুলো সম্বন্ধে আমি ওয়াকিবহাল। 'মীম' বলে সত্যিই কিছু আছে কিনা সেটা আমার প্রবন্ধের মূল অনুসন্ধান নয়। এ নিয়ে পক্ষে বিপক্ষে অনেক লেখাই আছে। সুসান ব্ল্যাকমোর , ডেনিয়েল ডেনেটারা যেমন পক্ষে অনেক কিছু লিখেছেন , ঠিক তেমনি বিপক্ষেও অনেক লেখা আছে। নিঃসন্দেহে মিম ব্যাপারটি প্রমাণিত কিছু নয়। কিন্তু যেটা এখানে গুরুত্বপূর্ণ তা হল , ধর্মীয় এবং উগ্রপন্থি ধ্যান ধারনাগুলো মানুষের মননকে আচ্ছন্ন করে ফেলে , তাদের সংক্রমিত করে অনেকটা ভাইরাসের মতোই, সেটা আমরা স্বীকার করি আর নাই করি। অধ্যাপক ভিক্টর স্টেঙ্গর তার সাম্প্রতিক 'গড - দ্য ফলি অব ফেইথ' বইয়ে ডেরেল রে'র গবেষণা থেকে পাঁচটি বৈশিষ্ট্য লিপিবদ্ধ করেছেন -
১) এটা মানুষকে সংক্রমিত করে
২) অন্য ধারণার (ভাইরাসের) প্রতি প্রতিরোধ এবং এন্টিবডি তৈরি করে
৩) কিছু বিশেষ মানসিক এবং শারীরিক ফাংশনকে অধিকার করে ফেলে , এবং সেই ব্যক্তির মধ্যে এমনভাবে লুকিয়ে থাকে যে সেই ব্যক্তির পক্ষে তাকে সনাক্ত করা সম্ভব হয় না।
৪) বিশেষ কিছু পদ্ধতি ব্যবহার করে ভাইরাসের বিস্তারে।
৫) বাহককে অনেকটা 'প্রোগ্রাম' করে ফেলে ভাইরাসের বিস্তারে সহায়তা করতে।
এগুলো কমবেশি আমরা সমাজে তাকালে চোখের সামনেই দেখতে পাই। এর বাইরে কিছু ইম্পিরিকাল পরীক্ষার উপরেও কিছু জায়গায় কাজ চলছে। দেখা যাক ...

পলাশ এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৮:৩৭ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

আমি আসলে হতাশ আপনার লেখা পড়ে । আপনি সুত্র হিসাবে জনকণ্ঠের নাম উল্লেখ করেছেন। জনকণ্ঠ, আমারদেশ, নয়াদিগন্ত এরা সবাই একপেশে লেখে। আপনি যখন সূত্র হিসাবে জনকণ্ঠ , আমারদেশ, নয়াদিগন্ত এর নাম উল্লেখ করবেন তখন আপনি একটি নির্দিষ্ট দলের ভাবধারায় বিশ্বাসি বলে পরিচিতি পাবেন। ২০০৫ থেকে আপনার লেখা পড়ছি এবং আপনার বিজ্ঞান বিষয়ক লেখার আমি একজন একনিষ্ঠ ভক্ত। কিন্তু ইদানিং আপনার লেখা গুলো একপেশে হয়ে যাচ্ছে। রাজীবের মৃত্যু কোন ভাবেই কাম্য নয়। কিন্তু রাজীব যে ভাষায় ইসলামকে আক্রমণ করত সেটা ও অনেকের কাছে গ্রহণ যোগ্য ছিল না। সেই তুলনায় মুক্তমনায় ইসলাম বিষয়ক লেখাগুলো অনেক যুক্তি সম্পন্ন । জোর করে আপনি কারো বিশ্বাস একদিনে পরিবতন করতে পারবেন না। ৈধয্য নিয়ে , যুক্তি দিয়ে এদেরকে বুঝাতে হবে। আমি নিজে মুক্তমনার কিছু যুক্তি সম্পন্ন লেখা রেফারেন্স হিসাবে ব্যবহার করে অনেকের চিন্তা চেতনার পরিবতন আনতে সক্ষম হয়েছি। আমরা সবাই উগ্রবাদী হয়ে গেলে সামনে এগুবো কি করে। আমরা যদি মনে করি উগ্রবাদীরা ভাইরাসে আক্রান্ত তাহলে তারা ও তো আমাদের সমন্ধে একই ধারনা পোষণ করতে পারে। তাই যুক্তিই হতে পারে এদেরকে ফিরিয়ে আনার এক মাত্র পথ সংঘাত নয় ।

2. 2

বিপ্লব রহমান
মার্চ ৫, ২০১৩ সময়: ১১:০৩ পূর্বাহ্ণ লিঙ্ক

জঙ্গিবাদের প্রয়োজন পড়ে মগজ ধোলাইয়ের জন্য নানান ফ্যান্টাসি ও মিথের। এরমধ্যে সবচেয়ে জনপ্রিয় বোধহয়, ‘মরলে শহীদ, বাঁচলে গাজি’।

পর্যবেক্ষণে দেখেছি, জামাত আগেই দরিদ্রদের শিক্ষাব্যবস্থা [?] মাদ্রাসাগুলো কব্জা করার পর মধ্যবিত্ত-উচ্চবিত্তর শিক্ষা ব্যবস্থাকে ট্রার্গেট গ্রুপ হিসেবে বেছে নেয়। আধুনা নিষিদ্ধ ঘোষিত জঙ্গিগ্রুপ কাজই শুরু করেছিলো বুয়েট, মেডিকেল কলেজ, প্রাইভেট কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো বেছে নিয়ে। কারণ জামাতি গম্যতা সত্ত্বেও সেগুলোতে কর্মী রিক্রুটের ফিল্ড অনেকটাই ফাঁকা ছিলো, মাদ্রাসাগুলো ততোটা নয়। সেখানে জামাতসহ অন্য জেহাদী গ্রুপগুলো আগে থেকেই ঘাপটি মেরে ছিলো। ...

আমার ভাবতে অবাক লাগে, একজন মানুষ উচ্চ শিক্ষা নিতে এসে কি করে বিজ্ঞানের সঙ্গে অবিজ্ঞানকে যুক্ত করে +জামাতি আদর্শে বেড়ে উঠতে থাকে! ...

অভি দা'কে গুরুত্বপূর্ণ বিষয়টি নিয়ে লেখার জন্য ধন্যবাদ।

*বিপ্লব রহমান*এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ১১:০৫ পূর্বাহ্ণ
** টাইপো> আধুনা নিষিদ্ধ ঘোষিত জঙ্গিগ্রুপ ...হিযবুত তাহরীর।

*অভিজিৎ*এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ৬:১১ পূর্বাহ্ণ
@বিপ্লব রহমান,
আপনাকে অনেক ধন্যবাদ পড়ার এবং মন্তব্য করার জন্য।

3. 3


দীপেন ভট্টাচার্য
মার্চ ৫, ২০১৩ সময়: ১১:১৬ পূর্বাহ্ণ লিঙ্ক

Lancet Fluke!! শিশু পিঁপড়া Lancet Flukeএ বোধহয় আরো সংবেদী। লেখাটার জন্য ধন্যবাদ। অনেক কিছু জানলাম।



আফরোজা আলম এর জবাব:

মার্চ ৫, ২০১৩ at ১২:০০ অপরাহ্ণ

প্রথমেই অভিজিত'কে ধন্যবাদ এমন একলেখা সবাইকে উপহার দেবার জন্যে। আমরা অভিভাবকেরা সত্যি উদবিঘ্ন, এই সব খবরে। অন্যান্য বিশ্ববিদ্যালয়ে কী এমন কিছু নাই তাও হলফ করে বলা যায় না যত দিন না তারা ধরা না পড়ে।

ধর্মান্ধতা এমন এক প্যারাসাইট, মানুষ'কে কোথায় নিয়ে যায়-

অভিজিতের এই লেখা পড়ে

ভারতীয় সাধু রজনীশ এর কথা মনে পড়ে গেল।তাদের মতাদর্শ কী ছিল জানিনা , তবে এই মানুষের ক্ষপ্পরে পড়ে অনেকের জীবন ধংস হয়ে গেছে।উল্যেখ্য পারভিন বাবি, বিনোদ কুমার(নাকি মেহরা) আরো অনেকে।

অনেক আগে পত্রিকায় পড়েহিলাম সেই সময় হুলুস্থুল পড়ে গিয়েছিল , পশ্চিমে এক সাধু নাকি কে যেন তার নির্দেশে বিষ পান করে প্রায় ৩০০ জন আত্মহত্যার মত পথ বেছে নিয়েছিল।

কী আশ্চর্য ব্যাপার!

ব্যক্তিগত ভাবে আমি প্রাতঃভ্রমনে বের হই। কারো কারো সাথে (খুব কম) হঠাৎ কথা হলে বিশ্রাম নেবার সময় আমাকেও বলে,

- আগামীকাল আমাদের এক ঘরোয়া আলোচনা আছে ধর্মের উপরে-আপনি আসবেন- আসবেন কিন্ত- এই আহবান এক দিন নয় প্রায়শ করে। হাঁ সুচক মাথা নাড়ি। না বলিনা।

পরে আবার দেখা হলে -

কী আপা আসলেন না?

আমি বলি- খুব ব্যস্ত ছিলাম ভুলে গিয়েছি। এইবার আসব।

এমন করেই ওদের এড়িয়ে চলি। এখন এমন হয়ে গেছে। আমি হন হন করে হাটি। বিশ্রাম নিতে চাইলেও নেই না। সোজা বাসায় চলে আসি।

যে কথা বলার ছিল,

এরা সর্বত্র ছড়িয়ে আছে। এদের কোন সীমা-পরিসীমা নাই। বাচ্চাদের আগলে রাখি। সর্বদা খোঁজ নেই, কার সাথে মিশছে।

যদিও ওরা মোটামুটি বড় হয়ে গেছে। তথাপি ,

সব শেষে সকলেরই সাবধান থাকা দরকার- আপনার , আমার সন্তান কার সাথে মিশছে কী করছে এই সব যেনো মা বাবার নজরে থাকে।

এবং আবার ও একটা ভালো ও সময়োপযোগী লেখা দেবার জন্যে অভিজিত'কে ধন্যবাদ



নাশিদ এর জবাব:

মার্চ ৬, ২০১৩ at ৯:২৮ পূর্বাহ্ণ

@আফরোজা আলম,

আপু, আমাকে কেউ যাইতে বলেনি এ পর্যন্ত। যদি বলতো, তাহলে আমি একদিন গিয়ে দেখতাম যে ওরা মগজ ক্যমনে ধোলাই করে। তবে আমি এটা শুনেছি যে, এই ধরনের গ্রুপরা মানুষের ব্যক্তিগত তথ্য প্রথমে জোগাড় করে। যেমন, কে কতটা বড়লোক, কতটা নিঃসঙ্গ, সন্তান সংক্রান্ত ঝামেলা আছে কিনা ইত্যাদি দূর্বল পয়েন্টগুলো জোগাড় করে। কারন , ঐ ধরনের মানুষগুলোকে সহজেই প্রভাবিত করা যায়।



আফরোজা আলম এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ১১:৪১ অপরাহ্ণ
@নাশিদ,
আহা কি যে বললেন। ধৈর্য ধরুন আপনার কাছেও দাওয়াত আসবে। কি মধুর তাদের ব্যবহার। মুগ্ধ হয়ে যাবেন। এমন মুগ্ধ যে মনে মনে আমাদের ই গালাগাল(ঠাট্টা) করবেন -



নাশিদ এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ১০:৪৩ পূর্বাহ্ণ
@আফরোজা আলম,

হা হা হা......... ভালোই বলেছেন। বেশি ন্যাকামিকে আমার ভন্ডামি লাগে। ঐ যে কথায় আছে না? অতি ভক্তি চোরের লক্ষন। জাগগে, আমি যা জানিনা, তা নিয়ে বেশি কথা না বলাই ভাল। দাওয়াত পেলেই বোঝা যাবে।



Jbbayer এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৩:৫৫ পূর্বাহ্ণ
@আফরোজা আলম, আপা আপ্নি কি মুসল্যান জদি হন তাহলে কি মরে জাবেন সেতা কি ভাবেন। ইস্লাম হল সান্তির ধরম । তাতে অনেক কিসু জানার আসে বজার আসে। আপ্নারা না জেনে ইস্লাম নিয়া কেন মন্তব্ব করসেন বুজলাম না।

নাশিদ এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ১০:৪৫ পূর্বাহ্ণ

@Jbbayer,

ভাই, আমি ইসলাম বোঝার জন্যই কুর আন শরিফের বাংলা পড়া শুরু করেছি। ইসলামিক ফাউন্ডেশন থেকে প্রাপ্ত অনুবাদ।

মুনিয়া মুশতারি এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ১০:৪৬ অপরাহ্ণ

@নাশিদ,



আফরোজা আলম এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ১১:৫২ পূর্বাহ্ণ

@Jbbayer,

বিশ্বাস করুন। আমি একজন খাটি মুসলমান , তাই তো বুখারী হাদিস, সহি মুসলিম, বাংলা সহ কুরান, তিরমিজি হাদিস। কোনটা ফেলে কোনটা পড়া বাকী রাখি বলুন। আমাকে নাফরমান, বেঈমান, মুরতাদ ইত্যাদি মনে করার কারণ নাই , আপনি গোস্যা হইবেন না

মুনিয়া মুশতারি এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ১০:৪৬ অপরাহ্ণ

@আফরোজা আলম,

4. 4

Anwar

মার্চ ৫, ২০১৩ সময়: ১১:৪৭ পূর্বাহ্ণ লিঙ্ক

অভিজিৎ বাবু, আপনার জ্ঞানদানকারী ভাষণ পাঠ করলাম। বাংলাদেশে ইসলামের জন্য জান কোরবান করতে এখনো লোক পয়দা হয় কি করে? ১৯৭১ এর ধর্মনিরেপক্ষ ভারতের সহায়তায় মুক্তিযুদ্ধ, ৭২ এ ধর্মনিরপেক্ষতাকে রাষ্ট্রীয় মূলনীতি করার এক বছর পর দাউদ হায়দার নামক এক কবি তার কবিতায় মুসলমানদের শেষ নবীর নামে একটি কটুক্তিপূর্ণ বাক্য জুড়ে দেয়ায় বাঙ্গালীদের জাতির পিতা তাকে দেশত্যাগে বাধ্য করেছিলেন। তখন জামাত-শিবিরের অস্তিত্ব ছিল না। সালমান রুশদি'র স্যাটানিক ভার্সেস এর কারণে ধর্ম নিরপেক্ষ ভারতে ২৫ জন মুসলিম মরেছিল, তাসলিমা নাসরিনের লিখা পড়ে জামাত-শিবির মিছিল বের করেনি। ব্লগার রাজীব আপনার দৃষ্টিতে বাংলাদেশের মহানায়ক হতেই যাচ্ছিল, কামেলদের দৃষ্টি পড়ায় তাকে অকালে ধরাধাম ত্যাগ করতে হলো। রাজীবের ব্লগের বলে যে লিখাগুলো প্রকাশিত হয়েছে তা রাজীবের নয় বলে সরকারী লোকজন থেকে শুরু করে নতুন করে গজিয়ে উঠা তার ভক্তদের কাছ থেকে শোনা যাচ্ছে, কিন্তু কি অমীয় বাণী লিখতো তার ব্লগে তা অনেকের মতো জানার কৌতুহল আমারো। আপনার লিখা পাঠ করে মনে হলো যে আপনি অন্তর্যামী। রাজীবের মতো মহাজনের মহাবাণী জানতে আমার বড়ই সাধ। হঠাৎ করেই তার বাণীসমগ্র ব্লগ থেকে গায়েব হয়ে গেল এটা মানতে কষ্ট হয়। আপনার গবেষণার ধন হিসেবে কতকিছু ভান্ডারে জড়ো করে রেখেছেন তা যক্ষের ধনের মতো আঁকড়ে না রেখে আমার মত মূর্খকে জানার সুযোগ করে দিন।

এখানে আপনাকে বলে রাখি, মানুষ দু'টি কারণে জীবন দিতে কুণ্ঠিত হয় না , বিশ্বাসের কারণে এবং স্বার্থের কারণে। মানুষের দেশ বদলায় , পতাকা পরিবর্তিত হয়, কিন্তু বিশ্বাসের পরিবর্তন এতো ঘন ঘন হয় না। জামাত-শিবির নির্মূল হোক, ধর্মের কারণে মরার জন্য ভবিষ্যতে অন্য কিছু গজিয়ে উঠবে। যে কোন ধর্মের বেলায় এটা প্রযোজ্য। ফিদা মকবুলের কথা মনে আছে দাদা ? দেবী স্বরস্বতীর নগ্ন রেখাচিত্র এঁকে দেশান্তরী হতে হলো। ভারতের মতো ধর্ম নিরপেক্ষ দেশে শুধুমাত্র নামে মুসলিম একজন খ্যাতিমান শিল্পীর কি পরিণিতি হিন্দু জামাত-শিবিরের হাতে? তাসলিমাকে পশ্চিমবঙ্গ ঠাঁই দিয়ে কি বিপদে আছে। দিল্লি সরকার তো ছ'মাসের বেশী তাকে থাকতেই দেয়নি।

অর্ফিউস এর জবাব:

মার্চ ৫, ২০১৩ at ৫:৩৯ অপরাহ্ণ

@Anwar,

ফিদা মকবুলের কথা মনে আছে দাদা ? দেবী স্বরস্বতীর নগ্ন রেখাচিত্র এঁকে দেশান্তরী হতে হলো। ভারতের মতো ধর্ম নিরপেক্ষ দেশে শুধুমাত্র নামে মুসলিম এ কজন খ্যাতিমান শিল্পীর কি পরিণিতি হিন্দু জামাত-শিবিরের হাতে?

খুব ন্যায্য কথা বলেছেন।

তবে ফিদা মকবুলের উদ্যেশ্য কতখানি মহৎ ছিল সেটা প্রমান হত তিনি যদি মুহাম্মদের স্ত্রীদের অথবা নগ্ন রেখাচিত্র আঁকতেন শিল্পের খাতিরে।
অন্যদের বিশ্বাস কে নিয়ে নিয়ে ছেলেখেলা করাটা হয় শিল্প আর নিজের বিশ্বাস হবে মহা পবিত্র, এই ধ্যান ধারনায় চললে তো এমনটা হতেই পারে।

বিদ্রোহী এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ৮:২৩ অপরাহ্ণ
@অর্ফিউস,

অন্যদের বিশ্বাস কে নিয়ে নিয়ে ছেলেখেলা করাটা হয় শিল্প আর নিজের বিশ্বাস হবে মহা পবিত্র, এই ধ্যান ধারনায় চললে তো এমনটা হতেই পারে।

জটিল মন্তব্য

Anwar এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ৮:৩৯ পূর্বাহ্ণ
@অর্ফিউস, অসংখ্য হিন্দু দেবদেবীর নগ্ন মূর্তি ভারত জুড়ে দেখা যায় , মধ্যপ্রেদেশের খাজোরাহো মন্দির মন্দির সপবরিবারে পরিদর্শন ধর্মপ্রাণ হিন্দুদের জন্যই কঠিণ ব্যাপার।কোনারকসহ আরো অনেক মন্দিরে যে সব মূর্তি তার সবই প্রায় নগ্ন। বস্ত্রধারিনী দেবীদের সাজানো হয় আকষণীয় করে , দেহের সবই পরিস্ফুট। এখানে ফিদা মকবুলের নামটাই সমস্যা। শিল্পীর নাম হরিহরণ হলে নগ্ন স্বরস্বতীর রূপেই ভক্তরা মুগ্ধ হতেন। ইসলাম যেহেতু চিত্র বা মূর্তি অনুমোদন করেনা , অতএব মুহাম্মদের স্ত্রীদের চিত্র ফিদা বা হরিহরণ আঁকলে পরিণতি একই হতো। ফিদার একটি মুসলিম নাম ছাড়া বিশ্বাস নিয়ে মাথা ব্যথা ছিল বলে কখনো শুনিনি। স্বরস্বতীর রেখাচিত্রের আগে তিনি মুসলিমদের চে য়ে হিন্দুদের প্রিয়ভাজন ছিলেন বলেই জানি।

দ

অর্ফিউস এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ১১:১০ অপরাহ্ণ

@Anwar,

স্বরস্বতীর রেখাচিত্রের আগে তিনি মুসলিমদের চেয়ে হিন্দুদের প্রিয়ভাজন ছিলেন বলেই জানি।

আচ্ছা ফিস্ক বা চমস্কি যদি এখন মুসলিমদের বিরুদ্ধে কিছু লেখে তবে আপনার কাছে তার গ্রহনযোগ্যতা কতটুকু থাকবে?মন্তব্যের আগের অংশ নিয়ে আর কিছু বলব না কারন আপনি যেহেতু আপনার কু যুক্তি দ্বারা ইতিমধ্যেই রায় দিয়ে দিয়েছেন।
শুধু একটা প্রশ্ন করি, হিন্দুদের রামকৃষ্ণ পরমহংসদেব নাকি নিজের স্ত্রীকেও মাঝে মাঝে মা ডাকতেন। এখন এ থেকেই যদি আপনি বলেন যে এইটাই হিন্দু ধর্মের আসল জিনিস, আর হিন্দুদের উচিত সব মেয়েকে মায়ের চোখে দেখা এমনকি নিজের বউকেও, সেক্ষেত্রে আমার কিছু বলার নেই।

Anwar এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ১:৫৩ অপরাহ্ণ
@অর্ফিউস, ফিস্ক বা চমস্কি মুসলমানদের পক্ষে কেন কলম ধরেছেন , তা আমার বোধগম্য নয়। কাজেই বিরুদ্ধে লিখলে তাদের গ্রহণযোগ্যতায় কোন রকমফের হবে না। আমি একটি কথার উপর জোর দিচ্ছি, যা জ্ঞানে ঠাসা আপনার মাথায় প্রবেশ করছে না, তা হলো, আমি ধর্মবিশ্বাসের প্রতি মানুষের আবেগের কথা বলেছি, কোন বিশেষ ধর্মের কথা বলিনি। "পরমহংস নাকি নিজের স্ত্রীকেও মাঝে মাঝে মা ডাকতেন," এই ` নাকি' শব্দই প্রমাণ করে যে বিষয়টি বিতর্কিত, অর্থ্যাৎ তিনি স্ত্রীকে মা ডাকতেন কিনা তা নিয়ে সংশয় রয়েছে। অতএব পরমহংস সকল হিন্দুর কাছে গ্রহণযোগ্য নন, তার সকল বাণী হিন্দুদের জন্য অবশ্য পালনীয় কিছু নয়। নারীর মর্যাদা বা নারীর সাথে কেমন ব্যবহার করা উচিত সে সম্পর্কে বেদ কি বলে পড়ুন: "স্বীয় স্ত্রী ভিন্ন বয়স ভেদে নারীকে মা, ভগ্নী ও কন্যা হিসেবে বিবেচনা করিবে।"

*মহন*এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ৮:৫০ অপরাহ্ণ
@অর্ফিউস,

*আদিল মাহমুদ*এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ৮:৩১ অপরাহ্ণ
@Anwar,

আপনার কথায় বেশ কিছু ভাল পয়েন্ট উঠেছে , বিশেষ করে মৌলবাদ জাতীয় সমস্যা সর্বদা যেভাবে এক জামাতের কাঁধে চাপিয়ে মূল বিষয় এড়িয়ে যাওয়া হয় সেটা মনে হচ্ছে এসেছে।

কিন্তু কি অমীয় বাণী লিখতো তার ব্লগে তা অনেকের মতো জানার কৌতুহল আমারো। আপনার লিখা পাঠ করে মনে হলো যে আপনি অন্তর্যামী। রাজীবের মতো মহাজনের মহাবাণী জানতে আমার বড়ই সাধ।

- রাজীব ব্লগার হিসেবে কত মহান ছিল এমন দাবী মনে হয় এ লেখায় করা হয়নি, কিংবা সে কারো কাছেই আপত্তিকর কিছু মনে হতে পারে এমন কিছু কস্মিনকালে লিখে নাই (যেমন দা বী অনেকে অতি উতসাহে বেহুদা করেছেন) এমন দাবী এ লেখায় করা হয়নি। হয়েছে কি? রাজীবের প্রসংশা এখানে করলে করা হয়েছে এভাবেঃ

"'মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধের নকশা' যা মন্ত্রণালয়ের অনুমোদন পেয়েছে বলে আমরা পত্রিকায় জেনেছি। "

একজন ব্লগারকে কেবলমাত্র শুধু আপত্তিকর লেখালেখির কারনে জবাই করে মেরে ফেলতে হবে? সেই হত্যাকান্ডকে নৈতিক সমর্থন দিতে হবে ধর্মানুভূতির দোহাই পেড়ে ? এই মনোভাবেরই আলোচনা মনে হয় এখানে করা হয়েছে, রাজীব কত বড় মহান ব্লগার ছিল সে প্রশ্ন এখানে অবান্তর। কেউ আপত্তিকর, সম্মানহানিকর, অরুচিকর কিছু লিখলে সেটা অবশ্যই নিন্দনীয়, মুক্তবুদ্ধির চর্চার নামে সেটা এবিউজ, সমর্থন করা যায় না। তাই বলে একেবারে খুন ?

আপনার উল্লেখিত মকবুল ফিদা সাহেবকে ভারতের মৌলবাদীরা প্রকাশ্যে জবাই করে ফেললে বাংলাদেশে যারা এখন ধর্মানুভূতির জোশে লাফাচ্ছেন তারা কয়জনে সমর্থন করতেন ? সে হত্যাকান্ড নৈতিক সমর্থন যারা প্রকাশ্যে দিত তাদের সম্পর্কে কেমন ধারনা করা যেত?

Anwar এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ৯:২১ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ, তার নামে ব্লগে যা লিখা হয়েছে বলে কয়েকটি দৈনিকে এবং ফেসবুকে প্রকাশিত হয়েছে, সেগুলো তার নয় বলে দাবী করা হয়েছে অনেক মহল থেকে এবং সে "শহীদ" খেতাব পেয়ে গেছে। কিন্তু "শহীদ থাবা বাবা"র কর্মই যদি কেউ জানতে না পারে তাহলে লোকজনের মতো আমারো প্রশ্ন রয়ে যাবে যে, কি অবদানের জন্য শহীদ। আমি তো দাবী করতেই পারি যে তার ব্লগের সকল লিখার সংকলন রাষ্ট্রীয় অর্থায়নে প্রকাশ করা হোক।
আর জবাইটা কে করলো তা নর্থ-সাউথের জনা পাঁচেকেক ধরে ফেললেই প্রমাণ হয়ে যায় না।সাগর-রুনির হত্যাকারীদের ৪৮ ঘন্টার মধে ধরার প্রতিশ্রুতি স্বরাষ্ট্র মন্ত্রী ফেল মেরেছেন, পুলিশ প্রধানের 'প্রণিধানযোগ্য অগ্রগতি" ছিল ভূঁয়া। শেষ পর্যন্ত প্রধানমন্ত্রী ঘোষণাই দিলেন "কারো বেডরুম পাহারা দেয়া সরকারের দায়িত্ব নয়।" এবং ১ বছরে সন্দেহভাজন ছাড়া কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি, সেখানে চারদিকে এত ডামাডোল সামলাতে পুলিশের নাভিশ্বাস উঠেছে সেখানে রাজীব খুনের ৫ আসামী ধরার মধ্যে আপনি কিছুই আবিস্কার করতে পারেন না ?
যাহোক, এসব আমার মূল বক্তব্য নয়, অভিজিৎ বাবুর লিখা পাঠের পর আমার প্রতিক্রিয়া হলো , নাস্তিক ধর্ম পালন না করুক তা নিয়ে আমার মাথা ব্যথা নেই। কিন্তু কারো ধর্মবিশ্বাসে আঘাত দেয়ার পক্ষে আমি নই। ধর্ম বিশ্বসের জন্য পৃথিবীতে যত মানু ষ জীবন দিয়েছে অন্য কোন কারণে দেয়নি। অতএব ধর্ম বিশ্বাস যেখানে আছে, তা যে ধর্মই হোক না কেন, সেখানে ধর্ম রক্ষার জন্য জামাত-শিবির থাকবেই। যারা এটা মানতে পারবেন না তারা দেশ-জাতির কল্যাণ কোন কালে আনতে পারবেন না। ধর্মের সাথে আপেষ না করে ইউরোপের দেশগুলো পর্যন্ত স্থিতিশীলতা আনতে পারেনি। সেক্ষেত্রে বাংলাদেশ তো হিসেবের মধ্যেই পড়ে না।

আদিল মাহমুদ এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ৭:৪৭ অপরাহ্ণ
@Anwar,

তার নামে ব্লগে যা লিখা হয়েছে বলে কয়েকটি দৈনিকে এবং ফেসবুকে প্রকাশিত হয়েছে , সেগুলো তার নয় বলে দাবী করা হয়েছে অনেক মহল থেকে এবং সে "শহীদ" খেতাব পেয়ে গেছে।

- আপনি পয়েন্ট করার পরেও অপ্রাসংগিকভাবে একই দিকে কথা নিয়ে যাচ্ছেন। কোন মহল থেকে কি দাবী করা হয়েছে, কে রাজীবকে নাস্তিক নাকি শহীদ নাকি সিতারা এ জুররাত দাবী করেছে, সেসবের কোনটা সঠিক কোনটা বেঠিক এসব এখানে আলোচিত হয়নি, মূল প্রতিপাদ্য নয়। আপনার কাছে

রাজীবের যাবতীয় লেখার গুরুত্ব অসীম মনে হলে আপনি অবশ্যই রাষ্ট্রীয় অর্থায়নে রাজীব রচনাবলী প্রকাশের দাবী করতে পারেন, আমার তাতে কোন আপত্তি নাই। আগেই বলেছি যে এ লেখায় রাজীবকে মহান লেখক বা ব্লগার প্রমানের চেষ্টা হয়নি।

রাজীব আস্তিক কি নাস্তিক কি ইসলাম বিদ্বেষী নাকি হিন্দু প্রেমি এসব প্রশ্ন আন্দোলন প্রসংগে গুরুত্বপূর্ন হতে পারে কেবলমাত্র তখনই যখন তার এসব বক্তব্য ব্যাক্তিগত গন্ডি পেরিয়ে আন্দোলনের মঞ্চে চলে আসত। একজন মসজিদের হুজুর যখন কোন চিপায় কোন কুকর্ম করতে গিয়ে ধরা পড়ে তার দায় যেমন ইসলামী আন্দোলন বা মসজিদ মাদ্রাসার সাথে জড়িত যাবতীয় আলেম ইমামের ঘাড়ে পড়ে না তেমনি এক রাজীবের ব্যাক্তিগত ধর্মবিদ্বেষের দায় আন্দোলনের সাথে সম্পর্কহীন। লাদেন বাহিনীর সন্ত্রাস প্রসংগে এই কথা প্রথমেই শোনা যায়, লাদেনের কাজকর্মের দায় কেন ইসলামের ওপর চাপানো হয়? এই সোজা কথা ইচ্ছেকৃতভাবে না বোঝার চেষ্টা অনেকেই করে যাচ্ছে।

শহীদ প্রসংগে প্রথমেই জানতে হয় যে শহীদ বলতে আপনি ঠিক কি বোঝেন সেটা। বিশুদ্ধ ধর্মীয় অর্থে রাজীব অবশ্যই শহীদ নয় কারন সে আমার জানা মতে স্বঘোষিত নাস্তিক ছিল। শহীদ আমাদের সংস্কৃতিতে ধর্মীয় গন্ডি পেরিয়ে সার্বজনীন হয়ে গেছে অনেক আগেই, সে অর্থেই রাজীবকে শহীদ বানিয়ে আন্দোলনকারীরা আন্দোলন বেগমান করতে চেয়েছিল। কারন তাদের কাছে রাজীবের পরিচয় ছিল একজন সহযোদ্ধা, ব্লগ জগতে এদের পরিচয় হল ছাগু ফাইটার যারা জামাত শিবিরের লোকজনের সাথে নেট যুদ্ধ করে। সে ব্যাক্তি জীবনে কি বিশ্বাস করে কি ভালবাসে বা ঘৃনা করে সেটা বিবেচ্য ছিল না। রাজীবের যায়গায় একজন হিন্দু আন্দোলনকারীও সেভাবে নিহত হলে একই ব্যাপারই ঘটত। তাকে শহীদ বানানোর রহস্য এমন কিছু জটিল বা কু টিল নয়।

আপনারা যারা বিশুদ্ধ ধর্মীয় অর্থে রাজীবকে শহীদ বানানোতে আপত্তি করেন তাদের উচিত এই নীতি সংবিধানে যুক্ত করে দেওয়া; কারন মুক্তিযুদ্ধে নিহত বিধর্মীদেরকেও সরকারী বেসরকারী নানান সূত্রে শহীদ হিসেবে উল্লেখ করা হয়। এই ভয়াবহ ভ্রান্তি বা ইসলাম বিদ্বেষের আবর্ত থেকে জাতিকে রক্ষা করুন। সাথে সাথে রাজাকার শব্দটির প্রতিও লোকের ভ্রান্তি দূর করার ব্যাবস্থা করেন। রাজাকারও তো পবিত্র ধর্মীয় শব্দ, সাহায্যকারী, অথচ দেখেন লোকে কি প্রবলভাবে এই শব্দকে ঘৃনা করে। আপনি কাউকে ভাল মনে সাহায্য করলে আপনাকে রাজাকার উপাধি দেওয়া হলে আপনি আনন্দিত হবেন কিনা জানি না তবে অধিকাংশ বাংগালী মুসলমানই অত্যন্ত অপমানিত হবে। শহীদের মত মুক্তিযুদ্ধ বিরোধীতাকারি বিধর্মীদেরও রাজাকার হিসেবেই মাঝে মাজে উল্লেখ করা হয়। এসব নিয়ে সময় মত গোলযোগ পাকানোর অর্থ তেমন জটিল কিছু নয়।

আর জবাইটা কে করলো তা নর্থ-সাউথের জনা পাঁচেকেক ধরে ফেললেই প্রমাণ হয়ে যায় না।সাগর-রুনির হত্যাকারীদের ৪৮ ঘন্টার মধে ধরার প্রতিশ্রুতি স্বরাষ্ট্র মন্ত্রী ফেল মেরেছেন, পুলিশ প্রধানের ‘প্রণিধানযোগ্য অগ্রগতি” ছিল ভূঁয়া। শেষ পর্যন্ত প্রধানমন্ত্রী ঘোষণাই দিলেন “কারো বেডরুম পাহারা

দেয়া সরকারের দায়িত্ব নয়।" এবং ১ বছরে সন্দেহভাজন ছাড়া কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি, সেখানে চারদিকে এত ডামাডোল সামলাতে পুলিশের নাভিশ্বাস উঠেছে সেখানে রাজীব খুনের ৫ আসামী ধরার মধ্যে আপনি কিছুই আবিস্কার করতে পারেন না ?

- রাজীব হত্যার তদন্তে ভুল থাকলে সেটা উপযুক্ত প্রমান সমেত প্রমান করে দিন। আমার কাছে কিছু মূলধারা মিডিয়া যা বলে তার বাইরে আবিষ্কারের তেমন কিছু নয় , আপনার কাছে মনে হচ্ছে আছে, সেসব ফাঁস করে দিন। অমূক মামলায় এই হয়েছে তাই এই মামলায় এটা হতে পারে না ,প্রধানমন্ত্রী কোন যায়গায় কি বলেছে এভাবে চিন্তা করলে থানা পুলিশ আদালত কি ছুই আসলে দেশে রাখার নাই। গত সরকারের আমলে জজ মিয়া নাটক আমরা দেখেছি, চট্টগ্রামে বিশাল অস্ত্র চালান নাটকও দেখেছি, কাজেই আসুন দাবী করি সে সরকারের আমলের সব মামলায় যারা যারা সাজা পেয়ে জেলে আছে তাদের সবার নিঃশর্ত মুক্তি দাবী করি। যে সরকার জজ মিয়া নাটকের মত ঘৃন্য কাজ করতে পারে তাদের আমলের বিচার আচার জেল এসবের মাঝে আপনি কিছুই আবিষ্কার করতে পারলেন না ??? বর্তমান রাষ্ট্রপতি মনে হয় আপনার মতই বিশ্বাস করেন, ওনাকে সুযোগ পেলেই গালিগালাজ করেছি একে তাকে ক্ষমা করার জন্য, এখন মনে হচ্ছে ভুলই করেছি।

আরেক স্বরাষ্ট্র মন্ত্রী তো একবার সবচেয়ে বড় মারফতি কথা বলেই দিয়েছিলেন, "আল্লাহর মাল আল্লাহয় নিয়ে গেছে"। এর পরে আর কথা থাকে বলেন? আল্লাহর মাল আল্লাহর যখন খুশী তুলে নেবেন কারো মাধ্যমে আর সে নিয়ে আমরা বেহুদা থানা পুলিশ আদালত করে কাজিয়া করি , কওমকে বিভক্ত করি।

অতএব ধর্ম বিশ্বাস যেখানে আছে, তা যে ধর্মই হোক না কেন, সেখানে ধর্ম রক্ষার জন্য জামাত-শিবির থাকবেই। যারা এটা মানতে পারবেন না তারা দেশ-জাতির কল্যাণ কোন কালে আনতে পারবেন না। ধর্মের সাথে আপেষ না করে ইউরোপের দেশগুলো পর্যন্ত স্থিতিশীলতা আনতে পারেনি। সেক্ষেত্রে বাংলাদেশ তো হিসেবের মধ্যেই পড়ে না।

- ধর্ম রক্ষার জন্য জামাত শিবির থাকবেই সেটা আপনার ব্যাক্তিগত অভিমত, এ নিয়ে আমার বলার কিছু নেই কারন ধর্ম নিয়ে আমার কোন ফ্যাসিনেশন নেই। তবে জামাত শিবিরের ভোট ব্যাংকের পরিমান আপনার দাবীর সাথে সহমত প্রকাশ করার মত তথ্য দেয় না, সে ফলাফল পরিষ্কার দেখায় যে বাংলাদেশের মত মুসলমান প্রধান ধর্মীয় সংস্কৃতির দেশেও জামাত শিবিরের জনপ্রিয়তা বলতে তেমন কিছু নেই।

ইউরোপ আমেরিকা ধর্মের সাথে আপোষ করেছে? সেই আপোষের দলিল কোথায়? পোপ বেনেডিক্ট রাজকীয় হেলিকপ্টারে চড়ে তাই? আমি যা দেখি তাতে পরিষ্কার বোঝা যায় যে ঘটনা আসলে উল্টাটাই হয়েছে। চার্চ সেখানে বিজ্ঞান, সমাজ, অর্থনীতি এসব নিয়ে মাথা ঘামানো বহু আগে বন্ধ করেছে। বন্ধ করেছে বলেই ধর্ম এখনো পুরোপুরি লোপ পায়নি। হাস্যকর উদ্ভট ধর্মীয় রীতিনীতি কায়েম করার

দাবীতে সেখানকার পাদ্রী পুরুতরা রাস্তায় নামার মত নৈতিক জোর বহু আগেই হারিয়েছে , আর তাদের সমর্থন দেবার মত শিক্ষিত ধর্মোন্মাদের দলের যা কিছু ম্যাতকার তাও চার্চের ভেতরেই হয়।

*অভিজিৎ*এর জবাব:

মার্চ ৬, ২০১৩ at ১০:১৫ অপরাহ্ণ

@Anwar,

এসব আমার মূল বক্তব্য নয়, অভিজিৎ বাবুর লিখা পাঠের পর আমার প্রতিক্রিয়া হলো , নাস্তিক ধর্ম পালন না করুক তা নিয়ে আমার মাথা ব্যথা নেই। কিন্তু কারো ধর্মবিশ্বাসে আঘাত দেয়ার পক্ষে আমি নই।

‘ধর্বিশ্বাসে’ আঘাতের কথা যেটা আপনি বলছেন, সেটা কেবল লেখালেখির মাধ্যমে সমালোচনা কিংবা বড়জোর ঠাট্টা তামাসা ব্যঙ্গবিদ্রুপেই সীমাবদ্ধ (যে ধরণের সমালোচনা, ব্যঙ্গ বিদ্রুপ, ঠাট্টা তামাসা রাজনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান, ক্রীড়া সহ সকল শাখাতেই দেখা যায়)। ধার্মিকদের ভঙ্গুর অনুভূতি সামান্যতেই আঘাতপ্রাপ্ত হয়। ধর্মযুদ্ধের নামে বিধর্মীদের উপর কি ধরণের অত্যাচার করা হয়েছিলো তা বললে তাদের ধর্মানুভূতি আঘাতপ্রাপ্ত হয় , পয়গম্বর-নবী-রসুল আর ধর্মের দেবদূতদের অমানবিক কার্যকলাপ তুলে ধরলে ধর্মানুভূতি আঘাতপ্রাপ্ত হয় , নারীদের অন্তরিন করে তাদের অধিকার হরণ করা হয় তা বললে আঘাতপ্রাপ্ত হয়, ধর্মগ্রন্থ গুলোতে বর্ণিত অবৈজ্ঞানিক আয়াত বা শ্লোক তুলে ধরলেও তারা আহত হন। আর ব্যঙ্গ বিদ্রূপ করা হলে তো কথাই নেই; ঈশ্বর যে ‘খুঁটি ছাড়া আকাশকে ছাদ স্বরূপ ধরে রাখেন’ তা যেন চৌচির হয়ে তাদের মাথায় তৎক্ষণাৎ ভেঙ্গে পড়ে। ধর্ম সব সময়ই কৌতুকের বড় উৎস হলেও ব্যঙ্গ এবং কৌতুকবোধের ব্যাপারটা ধার্মিকদের সাথে সবসময়ই কেন যেন রেসিপ্রোকাল। অথচ, সাহিত্য, রাজনীতি, অর্থনীতি, সমাজনীতি চলচ্চিত্র, খেলাধুলা বা অন্যান্য যাবতীয় বিষয়কে সমালোচনা, ব্যঙ্গ বিদ্রূপ করতে তাদের বিন্দুমাত্র আপত্তি নেই। কেবল ধর্মের বেলাতেই গণেশ উল্টে যায় বরাবরই।

বড় মজা না? আপনারা সব করতে পারবেন, কিন্তু নিজের বিশ্বাসের বেলায় ‘ধর্মবিশ্বাসে আঘাত দেয়ার পক্ষে আমি নই’। কি চমৎকার হিপোক্রেসি।

অন্যের বিশ্বাস কিংবা ধারনার সমালোচনা করতে তো ধার্মিকদের কোন সমস্যা দেখি না। ডারউইনের সাথে বাঁদরের ছবি যোগ করা থেকে শুরু করে ফটোশপের মাধ্যমে ইমরান এইচ সরকারের সাথে পর্ন সাইট থেকে ছবি জোড়া দেয়া, শাহবাগের মিছিলের সাথে থার্টি ফার্স্টের নগ্ন ছবি জোড়া দিয়ে মিথ্যাচার

করা কোন কিছুই তো নেই যা তথাকথিত 'ধর্মবিশ্বাসীরা' করছেন না। তাতেও যখন কুলায় না, 'কাফির অবিশ্বাসীদের গর্দানে আঘাত করার', 'যেখানেই পাওয়া যাক, হত্যা করার' আয়াত আউড়িয়ে কোপানো পর্যন্ত জায়েজ হয়ে যায় কি বলেন?

আপনার জন্য দুটো ছবি -

আর দুই -

বাকি বুঝ আপনের।

*ফারহানা আহমেদ*এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ১:৪৫ অপরাহ্ণ
@অভিজিৎ,

স্যালুট কমেন্টের জন্য। হায় , যার উদ্দেশ্যে এই কমেন্ট তিনি কিছুতেইবুঝবেন না!

*বকধার্মিক*এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ১০:৫০ অপরাহ্ণ
@Anwar,

ধর্ম বিশ্বসের জন্য পৃথিবীতে যত মানুষ জীবন দিয়েছে অন্য কোন কারণে দেয়নি।

নিয়েছে আরো অনেক বেশি - তাই বাড়ীর দরজায় য্যাম্নে লিখা থাকে - '–- হইতে সাব্ধান' - তেম্নে দ্যাশের দরজায় লিখা লাগে ––

থাক কথা বাড়িয়ে কাজ কি? কিন্তু বিশ্বাস যতদিন থাকবে মানুষের মনের টি ও টিকে থাকবে - প্রাণ দেওয়া নেওয়া চলতে থাকবে!!

বিদ্রোহী এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ১২:৩৭ পূর্বাহ্ণ
@Anwar,

রাজিব নাস্তিক হলে তাকে শহিদ বলাটা একটা আহাম্মকি ছাড়া আর কিছু না। ও বেঁচে থাকলে নিশ্চয়ই এটাতে ঘোরতর আপত্তি করত।

ধর্মানুভূতিতে আঘাত বিষয়টা কি ইসলামের একতরফা নাকি ? এই যে জামাত শিবির তারা দাবি করে তারাই প্রকৃত ইসলামের অনুসারী দল। দেলোয়ার সাইদিকে সরকার ধরেছে , বিচারকরা তার ফাসিঁর আদেশ দিয়েছে, হিন্দুদের দোষটা কোথায় ? ইসলামের একমাত্র সোল এজেন্ট জামাত ইসলাম ধর্মঘট করতে গিয়ে অন্যান্য বহু অপকর্মের সাথে তারা গিয়ে হিন্দুদের বাড়ী ঘর পোড়ালো। তাদের মন্দির পোড়ালো । এতে কি হিন্দুদের ধর্মানুভুতিতে আঘাত লাগে না ? এ ব্যপারে আপনার কোন বক্তব্য নেই। নাইজেরিয়াতে শুনি মুসলমানরা গীর্জা পুড়িয়ে দেয়। তাতে খৃষ্টানদের ধর্মানুভূতিতে আঘাত লাগে না ?

Anwar এর জবাব:
মার্চ ১০, ২০১৩ at ৫:৫৩ পূর্বাহ্ণ
@বিদ্রোহী,শহিদ শব্দ নিয়ে এখন আর কেউ আপত্তি করে না। এটি উপমহাদেশে কালচারাল রিকগনিশন পেয়েছে। সেজন্য ভারতেও যারা যুদ্ধে বা কোন আন্দোলনে নিহত হয় তারাও শহীদ খেতাব পায়। আরবি `শহীদ' এর বাংলা অর্থ `সাক্ষী'। নিহত ব্যক্তির `সাক্ষী উপাধিতে কার কি লাভ হয়, জানি না।
সাঈদীর কি রায় বিচারকরা দিল তার আগেই সংঘাত শুরু হয়েছ। বাবরি মসজিদ ভারতের হিন্দু জামাতিরা ভেঙ্গেছিল, কিন্তু বাংলাদেশে হিন্দুরা নিপীড়িত হয়েছিল সকল দলের লোকদের হাতে। এটা সবসময় ঘটেছে। একটা ছুতার প্র য়োজন ছিল, সরকার তৈরী করে দিয়েছে, এখন সরকার সামাল দিক।

Jbbayer এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৪:০৫ পূর্বাহ্ণ

@Anwar, আপনার লিখা এর সাথে আমি এক মত। অনেক ধন্নবাদ আপনাকে।

পলাশ এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৮:৫৯ পূর্বাহ্ণ

@Anwar,

সহ মত

নৃপেন্দ্র সরকার এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ৫:০২ পূর্বাহ্ণ

@Anwar,

ব্লগার রাজীব আপনার দৃষ্টিতে বাংলাদেশের মহানায়ক হতেই যাচ্ছিল

রাজীব শুধু মহানায়ক নন - তিনি ছিলেন মহামানব, বিশ্বমানব। তিনি যদি নাস্তিকই হয়ে থাকেন তবে বাংলাদেশের ইতিহাসে তিনিই প্রথম আলোর পথ দেখাতে যেয়ে অন্ধকারাচ্ছন্ন ভুলপথে বিশ্বাসী দ্বারা নিহত হলেন। যারা "সমতল পৃথিবী এবং সূর্য ঘোলা পানিতে প্রতিদিন ডুবে যায়" বাণীতে বিশ্বাস করে তাদেরকেই আমি ভুলপথগামী বলে সনাক্ত করছি।

হুমায়ূন আজাদ মরতে মরতে বেঁচে গিয়েছিলেন। আরজ আলী মাতব্বুরও পালিয়ে বেঁচেছিলেন। রাজীবের হাতে অনেক আলো ছিল। অকালে নিভে গেল। কিন্তু তিনি সঠিক পথ দেখিয়ে গেছেন। অনেক সময় লাগবে এই **সত্য** আত্মস্থ করতে।

নৃপেন্দ্র সরকার এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ৫:০৪ পূর্বাহ্ণ
@নৃপেন্দ্র সরকার,

যারা “সমতল পৃথিবী এবং সূর্য ঘোলা পানিতে প্রতিদিন ডুবে যায়” বাণীতে বিশ্বাস করে তাদেরকেই আমি ভুলপথগামী বলে সনাক্ত করছি।

এরাই বিশ্বাসের ভাইরাসে আক্রান্ত।



ফারহানা আহমেদ এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ১:৪৮ অপরাহ্ণ
@নৃপেন্দ্র সরকার,

রাজীব কি ছিল তা বোঝার জন্য আনোয়ার আর জোবায়ের সাহেবের আরো অনেক সময় লাগবে। সত্য বলেছেন।

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ১০, ২০১৩ at ৯:৪৬ অপরাহ্ণ
@নৃপেন্দ্র সরকার,



আফরোজা আলম এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ১১:৪৪ অপরাহ্ণ
@Anwar,
ভাই আপনার মধুর কথা শুনে আমি যারপরনাই আমোদ পেলাম। আপনি আরো কিছু বলেন
মন দিয়া সুনতাসি



নাশিদ এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ২:৫২ অপরাহ্ণ
@আফরোজা আলম,



Anwar এর জবাব:
মার্চ ১১, ২০১৩ at ১২:৫২ অপরাহ্ণ
@আফরোজা আলম,বৃদ্ধ মানুষের অতো কিছু বলার থাকে না।

5. 5

আরাফাত

মার্চ ৫, ২০১৩ সময়: ১২:০১ অপরাহ্ণ লিঙ্ক

সমস্যাটা আসলে বহুমাত্রিক। গাছ জন্মানোর জন্য যেমন মাটি লাগে, তেমনি এসব অপরাধ করার জন্য ‘বিশ্বাসের ভাইরাস’ লাগে। বিজ্ঞানে উচ্চশিক্ষা নিলেই যে এসব বিশ্বাসের ভাইরাস থেকে মুক্তি পাওয়া যাচ্ছে না তা তো পরিস্কার। আমাদের শিক্ষাব্যাবস্থা সার্টিফিকেটই দিচ্ছে, ‘বিজ্ঞানের দর্শন’ শেখাচ্ছে না। দলবদ্ধভাবে বিজ্ঞান সংস্কৃতির চর্চা গড়ে না তুললে এ থেকে আশু মুক্তি নেই। দেশের শিক্ষাব্যাবস্থা মুখস্থ কেন্দ্রীক, সেখানে সৃজনশীলতার বিকাশ দুরূহ। যুক্তি দিয়ে চিন্তা করার ক্ষমতা অর্জন করার জন্য দরকার অপ্রাতিষ্ঠনিক পড়াশুনা, জনপ্রিয় বিজ্ঞান সম্পর্কে জানাশুনা, বিজ্ঞানের দর্শন বোঝা। শিবির তাদের মতাদর্শ খুব সাফল্যের সাথে ধৈর্য নিয়ে ছড়িয়ে দিতে পারছে - কারণ তারা অত্যন্ত সংগঠিত। তেমনি এর এন্টিডোট তৈরির জন্যও বিপরীতভাবে সংগঠিত হয়ে বিভিন্নভাবে বিজ্ঞান মনষ্কতা ছড়িয়ে দেয়া প্রয়োজন। বাংলাদেশের বর্তমান পরিস্থিতিতে ধর্ম নিয়ে জনগণের মাঝে মুক্তবুদ্ধির চর্চার কোন মানে হয় না – উপরন্ত তা নেতিবাচক ফলাফল বয়ে আনছে – রাজীবের মৃত্যুর পর জনগণের মধ্যে যে প্রতিক্রিয়া দেখেছি তাতে সেটা বোঝা যায়। আসলে আরো মৌলিক কাজ বাকি রয়ে গেছে। বিজ্ঞান মনষ্কতা ছড়িয়ে দেয়ার আন্দোলনটা হয় নি। এই বিজ্ঞান মনষ্কতার অভাবে সাধারণ মানুষ চাঁদে সাইদীকে দেখার জন্য রাত্রের শেষ প্রহরে ঘর থেকে বেড়িয়ে পড়েছে। ‘বিশ্বাসের ভাইরাসকে’ ধরতে হবে অবশ্যই … কিন্তু তার আগে জনগণের মাঝে সেই জায়গায় যাওয়ার আগের ক্ষেত্রটা তৈরি করতে হবে …।

অর্ফিউস এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ৫:৩৪ অপরাহ্ণ
@আরাফাত,

বিজ্ঞানে উচ্চশিক্ষা নিলেই যে এসব বিশ্বাসের ভাইরাস থেকে মুক্তি পাওয়া যাচ্ছে না তা তো পরিস্কার।

দেখেন যেখানে কোরান খুললেই নাকি বিজ্ঞান পাওয়া যায় সেখানে সেই বিজ্ঞান পড়ে তো আরো ভাইরাস ঢুকে যাবে বেশি করে।

কোরান বিজ্ঞানে ভরা,সব আবিষ্কার নাকি বিজ্ঞানীরা কোরান পড়ে আর বুঝেই করেছে , এইসব পাগলামি চিন্তাভাবনা মানুষের মধ্যে থেকে দূর করতে পারার আগ পর্যন্ত মনে হয় না কোন মুক্তি আছে।

6. 6

মহন
মার্চ ৫, ২০১৩ সময়: ১২:২৫ অপরাহ্ণলিঙ্ক

মূল লেখাটা আগে পড়া ছিলো , আপনার ফেসবুক পোস্ট অনুসরন করে আবার পড়লাম।

অভিজিৎ এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ৬:১১ পূর্বাহ্ণ
@মহন,
ধন্যবাদ এতদূর এসে পড়ার এবং জানিয়ে যাবার জন্য।

7. 7

হাসান মুরাদ

মার্চ ৫, ২০১৩ সময়: ১:১২ অপরাহ্ণ লিঙ্ক

বেশ সময় উপযোগী একটি লেখা দাদা । বেশ কিছু দিন ধরে এই ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়টিতে ধর্মীয় উগ্রবাদী সন্ত্রাসদের গোপন কার্যকলাপ সম্পর্কে বিভিন্ন মিডিয়ায় এসেছে । কিন্তু আজ্ঞাত কারনে বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ সেই বিষয়ে কোন নজরদারি বাড়াই নি যার ফলশ্রুতিতে আবারো এই বিশ্ববিদ্যালয়টি শিরোনামে । সরকারের উচিত সব বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধ ও মুক্তমনা চর্চা কেন্দ্রিক ক্লাব গঠনের জন্য নির্দেশ দেয়া তাহলে এই উগ্র পন্থীরা আর সাধারন ছাত্রদের বিভ্রান্ত করতে পারবে না ।

*অভিজিৎ*এর জবাব:

মার্চ ৬, ২০১৩ at ৬:১৫ পূর্বাহ্ণ

@হাসান মুরাদ,

সরকারের উচিত সব বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধ ও মুক্তমনা চর্চা কেন্দ্রিক ক্লাব গঠনের জন্য নির্দেশ দেয়া তাহলে এই উগ্র পন্থীরা আর সাধারন ছাত্রদের বিভ্রান্ত করতে পারবে না ।

হ্যা। মুক্তবুদ্ধির চর্চার পাশাপাশি সাংস্কৃতিক চর্চা (গান বাজনা, ২২ শে শ্রাবণ, নজরুল জয়ন্তী পালন, বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ ইত্যাদি) মনের জানালা খুলে দেয় বলেই আমার ধারণা। একজন সংস্কৃতিবান লোককে আমি খুব কমই মৌলবাদী হতে দেখেছি।

আপনার মন্তব্যের জন্য ধন্যবাদ।

8. 8

গীতা দাস

মার্চ ৫, ২০১৩ সময়: ৩:৩৩ অপরাহ্ণ লিঙ্ক

বিজ্ঞান, সমাজ, মানব মন আর ধর্মের যৌক্তিক সমন্বয় ঘটেছে এ লেখায়। বরাবরের মতই বিশ্লেষণধর্মী, প্রয়োজনীয় ও দায়িত্বশীল লেখা।

9. 9

সংবাদিকা

মার্চ ৫, ২০১৩ সময়: ৪:৪৬ অপরাহ্ণ লিঙ্ক

১। বাংলাদেশের অনেক বিশ্ববিদ্যালয়েই এমন আছে। শুধু নর্থ সাউথ নয়। অন্যান্য অনেক বিশ্ব - বিদ্যালয়ে এটা আরও প্রাতিষ্ঠানিক ভাবে বেশি। তবে এখন বোদ্ধাদের একটি বিষয় ভাবার সময় হয়ে আসছে, শুধু দারিদ্রতা কিংবা অর্থাভাব জঙ্গিবাদ-চরম পন্থার অন্যতম কারন নয়।

২। ৯০ এর দশকে (আপনার সময়) তখন কি ছিল আমি চাক্ষুষ জানিনা ; কিন্তু এই শতাব্দীর প্রথম দশকটিতে যারা দেশের শ্রেষ্ঠ বিদ্যাপীঠে কিছুদিনের জন্য হ লেও পড়াশুনা করেছেন তারা জানেন ওখানে কিংবা তার পাশের আরও বিখ্যাতটিতে এই সব আরও কত ব্যাপক। তাই বলে প্রতিষ্ঠান মাত্রই এই দোষে দূষিত নয়।

৩। নাফিসের বিষয়টি মনে হয় এখানে অপ্রাসঙ্গিক। তার মগজ ধোলাই এই দেশে হয়নি।

৩। আপনার মত এমন একজন দায়িত্ববান ব্যক্তির লেখার শিরোনাম নির্বাচনে আরও গভীর উন্মেষন আশা করি।

অর্ফিউস এর জবাব:

মার্চ ৫, ২০১৩ at ৫:৩০ অপরাহ্ণ

@সংবাদিকা,

শুধু দারিদ্রতা কিংবা অর্থাভাব জঙ্গিবাদ-চরম পন্থার অন্যতম কারন নয়।

দারিদ্র কোনকালেই জঙ্গিবাদের কারন ছিল না, **জঙ্গিবাদের কারন প্রাচুর্য।**সৌদি পেট্রোডলারের আগে কি মুসলিমদের ভিতর সন্ত্রাসবাদ এত প্রবল ছিল?সমাজে সচেতনতা আসার আগেই সৌদির হাতে এই তেলের খনি চলে আসার দরুনই এই সন্ত্রাসের এত বিস্তার।

*বিদ্রোহী*এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ৮:১১ অপরাহ্ণ
@সংবাদিকা,

৩। নাফিসের বিষয়টি মনে হয় এখানে অপ্রাসঙ্গিক। তার মগজ ধোলাই এই দেশে হয়নি।

কেমনে জানলেন আপনি তার মগজ ধোলাই এই দেশে হয় নি ? নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে কিভাবে কচি ছেলেগুলোর মগজ ধোলাই হচ্ছে তা তো দেখতেই পেলেন, নাসিফও তো সেখানেই পড়ত। তার পর সে আমেরিকায় যাওয়ার একবছরও হয় নি , ফেডারেল রিজার্ভ উড়ানোর চক্রান্ত করে বসল। তার মানে কি ? মানে একটাই সে আমেরিকাতে পড়তে যায় নি। যে কোন ভাবে হোক আমেরিকায় গিয়ে একটা বড় সড় ক্ষতি করবার ভুত তার মাথায় চেপে গেছিল। কারন তার মাথাতে ঢুকানো হয়েছিল আমেরিকা হল শয়তানের দেশ যে ইসলাম ও মুসলমানদের বহু ক্ষতি করছে। লাদেনের আদর্শ ও সাফল্যে উজ্জীবিত হযে সে ছাত্র ভিসা নিয়ে আমেরিকা যায় পড়তে নয় , একটা মহা ক্ষতি করতে। আমেরিকার এফ. বি. আই. এখন এসব জানে , জানে বলেই তারা ইন্টারনেটে ফাঁদ পাতে, ফাঁদ পাতার জন্য তাদের বিরাট সেল আছে। তাদের কাজই হলো কারা ইন্টারনেট ব্যবহার করে আমেরিকার বিরুদ্ধে ঘৃণা ছড়াচ্ছে বা সন্ত্রাসী ঘটনা ঘটানোর পায়তারা করছে। সেই পাতা ফাঁদে পা দেয় নাফিস। আমেরিকায় কিছু নও মুসলিমও আছে যারা আমেরিকাকে ঘৃণা ক রে , নাফিস সেটাও জানত ,তাই একজন আমেরিকান যখন তাকে সাহায্য করতে চায় ধরেই নেয়া যেতে পারে সে নিজেকে নব্য মুসলমান বলে পরিচয় দিয়েছিল। আর তারপর যা ঘটেছে সেটা তো সবাই জানে।

উদোর পিন্ডি বুধোর ঘাড়ে দিয়ে তো কোন লাভ নেই। আগে আমাদের দুর্বলতা ও দোষ স্বীকার করতে হবে তাহলেই সমাধান বেরিয়ে আসবে। আর যদি নিজের দোষ না স্বীকার করে অন্যের ওপর চাপিয়ে পার পাওয়ার চেষ্টা করা হয় , পরিস্থিতি আরও ঘোলাটে হতে বাধ্য। এখন আমাদেরকেই সিদ্ধান্ত নিতে হবে আমরা একটা আধুনিক গণতান্ত্রিক বাংলাদেশ গড়তে চাই নাকি , আফগানিস্তানের মত তালেবানী দেশ চাই। মধ্যবর্তী কোন অবস্থান নেই।

অভিজিৎ এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ১০:৩০ অপরাহ্ণ
@বিদ্রোহী,

ধন্যবাদ আপনার মন্তব্যের জন্য। এ কথাগুলো আমি বলতে চাইছিলাম সংবাদিকাকে, কিন্তু তার আগে আপনিই খুব স্পষ্ট করে দিয়েছেন। আমারও মনে হয় যে ছেলেটি আমেরিকায় এক বছর হলো গিয়েছে , সেখানে গিয়েই রাতারাতি জিহাদী হয়ে উঠল, ব্যাপারটা এত সরল নয়। নাফিসের মননের ক্ষেত্র তৈরি হয়েছিল আমার মতে দেশেই, এবং সম্ভবতঃ নর্থ সাউথে পড়ার সময়ই।

আদিল মাহমুদ এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ১১:০৬ অপরাহ্ণ
@বিদ্রোহী,

আমেরিকায় নাকি বাংলাদেশে ধোলাই পর্ব হয়েছে সেটা কি খুব বড় ব্যাপার ? ধোলাই পর্ব কেবল আমেরিকায় হলে ঘটনা আরো গুরুতর। এটাকে শুধু নর্থ সাউথ এমনকি বাংলাদেশ পরিমন্ডলে চিন্তা করলেও প্রকৃত কার্যকারন বোঝা যাবে না , এক দল চীতকার শুরু করবে সবই জামাত শিবিরের কাজ, জামাত শিবির ফাঁসি দিয়ে নিষিদ্ধ করে দিলেই সব সমাধা হয়ে যাবে।

নাফিস বাদ দিলে এমনকি আমেরিকা ব্রিটেনের মত দেশে জন্মগ্রহনকারী/শিক্ষা লাভকারি লোকজনের ভেতরেও এরকম মগজ ধোলাই প্রবনতা আসার উদাহরন আছে।

সফিক এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ১১:১৫ অপরাহ্ণ
আদিল ভাই, ধোলাই টা কোথায় হয়েছে এটা কিন্তু গুরুত্বপূর্ন। মাসুম ছেলে নাফিস যে মার্কিন শয়তানের সুগভীর ষড়যন্ত্রের শিকার এই বিশ্বাসে তো দেশে বিদেশে আওয়ামী -বিএনপি-জামাতী সবার মধ্যে এক অপূর্ব মতৈক্য দেখেছি। এই পাচটি নর্থ -সাউথে এর ছেলের সাথে এখনো মার্কিন কানেশশন

বের হয় নি মনে হয়। তবে বের হতেও পারে, নর্থ-সাউথতো আবার বাংলাদেশের প্রথম আমেরিকান এফিলিয়েটেড প্রাইভেট ইউনিভার্সিটি।

আদিল মাহমুদ এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ১১:৩২ অপরাহ্ণ
@সফিক,

কাল পাকিস্তানের শিয়া এলাকায় বোমা হামলায় ৪৫ জনের মৃত্যুর পর ইমরান খানও দেখলাম বানী দিয়েছেন এগুলি সবই বিদেশী ষড়যন্ত্রের অংশ।

বনানী থেকে বারিধারা আর কতদুর? সম্পর্ক তো বোঝাই যায়।

জামাত শিবিরও আসলে আমেরিকারই সৃষ্টি সেটাও কি নুতন করে বলে দিতে হবে ? তলোয়ারের জোরে ইসলাম কায়েম করার প্রবক্তা জেহাদী ধর্মগুরু মওদুদী তো মারা গেছিল শেষে সেই শয়তানের দেশ কুফফার শ্রেষ্ঠ আমেরিকাতেই।

অর্ফিউস এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ১১:২৮ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

নাফিস বাদ দিলে এমনকি আমেরিকা ব্রিটেনের মত দেশে জন্মগ্রহনকারী/শিক্ষা লাভকারি লোকজনের ভেতরেও এরকম মগজ ধোলাই প্রবনতা আসার উদাহরন আছে।

ঠিক বলেছেন।আচ্ছা ভাই কানাডাতে মাদ্রাসা কেমন?আমি শুনেছি যে ব্রিটেনে নাকি অলিতে গলিতে মাদ্রাসা আছে?জানি না কথাটার সত্যতা কতখানি।

এইসব পশ্চিমাদেশেও কেন মানুষের মগজ ধোলাই হতে পারে সেটা নিশ্চই আপনাকে বুঝিয়ে বলতে হবে না। আমার দৃঢ় বিশ্বাস যে এর মুল কারন হল অতি উদারতাবাদ।

কিছু কিছু ক্ষেত্রে মাইর দেয়ার দরকার আছে ,দরকার আছে গনপ্রতিরোধের।

এইযে ইউরোপের অনেক দেশে যে হিজাব বিরোধী আইন হচ্ছে, এটা খুবই ভাল বলেই মনে হয় আমার।
(অন্তত ধর্মের নামে জোর করে বা মগজ ধোলাই করে হিজাব পরানো বন্ধ হোক।)

আদিল মাহমুদ এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ১১:৪৩ অপরাহ্ণ
@অর্ফিউস,

কানাডাতে মাদ্রাসা জাতীয় প্রতিষ্ঠান ব্রিটেনের মত অতটা নেই, কিছু আছে। মাদ্রাসা মানেই , এমনকি ধর্মীয় শিক্ষা মানেই মন্দ বা উগ্রবাদী হবে এমন কোন কথা নেই, কথা হল সেখানে ধর্মের কোন দিক গুরুত্ব দেওয়া হচ্ছে। এসব দেশের উদার নৈতিক ব্যাবস্থার সুযোগ নিয়ে প্রায়ই বি ষময় শিক্ষা চালানোর প্রচেষ্টা হয়, আমার সিরিজে তার কিছু উদাহরন আছে।

আমেরিকায় ৯১১ এর আগে লোকে, এমনকি পুলিশ এফবিআইও এসব সাম্প্রদায়িক/জেহাদী কথাবার্তা তেমন পাত্তা দিত না যার কারনে তাদেরকে পরে বহু সমালোচনার মুখে পড়তে হয়েছে। এখনো পলিটিক্যাল কারেক্টনেসের কারনে অনেক সময় এড়িয়ে যাওয়া হয়, বিশেষ করে যেসব এলাকায় এরা সংখ্যাগুরু সেসব এলাকায় ভোটের রাজনীতিরও ব্যাপার এসে পড়ে।

বাংলাদেশের বাইরে সম্ভবত যুদ্ধপরাধী বিচার বাতিলের সবচেয়ে বড় এবং শক্তিশালী ক্যাম্পেন চলে ব্রিটেনে।

বোরখা হিজাব বিরোধী আইন শুধু ইউরোপে নয় , কিছু মুসলমান প্রধান দেশেও হয়েছে। সেসব দেশের মোল্লা আলেমরা কেন তোলপাড় করে জেহাদে নামে না কে জানে।

অর্ফিউস এর জবাব:
মার্চ ৫, ২০১৩ at ১১:৫৩ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

এসব দেশের উদার নৈতিক ব্যাবস্থার সুযোগ নিয়ে প্রায়ই বিষময় শিক্ষা চালানোর প্রচেষ্টা হয় , আমার সিরিজে তার কিছু উদাহরন আছে।

এইটাই আসল কথা।মৌলবাদীরা সূচ হয়ে ঢুকে ফাল হয়ে বেরিয়ে আসতে সিদ্ধহস্ত।এইটাই মানুষ বুঝে না, এমনকি এই মুক্ত মনাতেই এমন কিছু মানুষ আছেন। ভাল কথা আপনার সিরি জটা শেষ হবাএ অপেক্ষায় আছি।তার পর ৪র্থ পর্ব থেকে পুনরায় পড়া শুরু করব।প্রিয় কিছু লেখা মাঝপথে থেমে গেলে , আমার আবার ঘুম আসে না।এজন্যেই আমি কোনদিন টিভিতে ধারাবাহিক কোন নাটক দেখি না শেষ হলে নেট থেকে নামিয়ে একসাথে দেখি !(যতখানি সম্ভব একসাথে!)

বাংলাদেশের বাইরে সম্ভবত যুদ্ধপরাধী বিচার বাতিলের সবচেয়ে বড় এবং শক্তিশালী ক্যাম্পেন চলে ব্রিটেনে।

আর কোন সন্দেহ নাই আমার, সেইদিন আপনার দেয়া লিঙ্কের পর, যেখানে সপ্তম নৌবহরের কারসাজী আসলে ইঙ্গ-মার্কিন যৌথ অভিযান এটা জানার পর।

চ্যাং মাছ চেনেন?আপনার ওই লিঙ্ক পড়ার পর আমার কেন জানি একটা প্রবাদ বার বার মনে হচ্ছে।

সব মাছ গু খায়, চ্যাং মাছের নাম হয়

এখন দেখি যে আমেরিকা যে কাজগুলি করে, তার দোস্তদের সাথে নিয়েই করে যদিও দোষ হয় বেচারা এক আমেরিকার!!!

সেসব দেশের মোল্লা আলেমরা কেন তোলপাড় করে জেহাদে নামে না কে জানে।

বোধহয় সবদেশ বাংলাদেশ না, সেটাই এর কারন।আচ্ছা জানতি হিসাবে আমরা এমন কেন? এটা কি মানসিক সমস্যা নাকি জেনেটিক?বুঝি না আমি। বিজ্ঞান লেখকরা ভাল বলতে পারবেন হয়ত।আপনি জানলে বলে দিন।সত্যি জিনিসটা আমাকে ভাবায়। সব উন্মাদনা কেন এই দক্ষিন এশিয়ায় হয় কে জানে!!

*অর্ফিউস*এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ১২:০১ পূর্বাহ্ণ
@অর্ফিউস,

আচ্ছা জানতি হিসাবে আমরা এমন কেন?

পড়ুন,

আচ্ছা জাতি হিসাবে আমরা এমন কেন?

আদিল মাহমুদ এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ১২:১০ পূর্বাহ্ণ
@অর্ফিউস,

এ মুহুর্তে দেশের সচেতন প্রগতিশীল জনতার সবচেয়ে বড় শত্রু হল জামাত শিবির। ঠিক কিনা ?

এ জামাত শিবির কার বা কাদের টাকায় গায়ে গতরে এত বড় হয়েছে? আমেরিকা নাকি আরবের?

এবার একটু মেলান এ দেশে দলমত নির্বিশেষে আমেরিকাকে গালি দেওয়ার পরিমান কত আর আরব দেশ যারা জামাত শিবিরকে পেলে পুষে বড় করেছে তাদের সমালোচনা করার লোক কয়জন পান। আরবের প্রত্যক্ষ মদদ এবং অর্থ সাহায্যে গোলাম আজম পূর্ব পাকিস্তান পুনরুদ্ধার আন্দো লন পর্যন্ত শুরু করেছিল যা সরাসরি আমাদের দেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনার চেয়ে কম ছিল না। সেই টাকার কিছু চুরি করে সে লন্ডনেও বাড়ি বানায়। এসব কথা আবার বলা যাবে না, আরেক জুজুর ভয় দেখানো হয়, মধ্যপ্রাচ্যের শ্রম বাজার থেকে বাংগালীদের ফেরত পাঠিয়ে দেবে।

আমেরিকানরা এতই খারাপ যে তাদের নামে যতই গালিগালাজ করেন তারা এমন হুমকি দেয় না। নিজেরা খালা বোনঝি মিলে চুরি চোট্টামি করা হবে আর দূর্নীতির অভিযোগ আসলে বাংলাদেশের বিরুদ্ধে আমেরিকার ভয়াবহ ষড়যন্ত্র নিয়ে সুশীলরা বিভোর হবে।

অর্ফিউস এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ১২:২৭ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

এ মুহুর্তে দেশের সচেতন প্রগতিশীল জনতার সবচেয়ে বড় শত্রু হল জামাত শিবির। ঠিক কিনা ?

তাতো অবশ্যই। এমনকি ননজামাতী ধার্মিকরাও সেটা বলে থাকে।

এবার একটু মেলান এ দেশে দলমত নির্বিশেষে আমেরিকাকে গালি দেওয়ার পরিমান কত আর আরব দেশ যারা জামাত শিবিরকে পেলে পুষে বড় করেছে তাদের সমালোচনা করার লোক কয়জন পান।

নাউজুবিল্লাহ।আমেরিকা হল নাসারা মুলুক, আর সৌদি হল দিনের নবীর মুলুক।এই দুইটার নাম একসাথে নেনে এমন সাহস আপনার 😬 ।

অথচ কেউ দেখলই না যে এই নাসারা আমেরিকাকে না হলে মুসলিম সৌদি আরেক মুসলিম ইরানের কাছে অনেকদিন আগেই ডলার পর ডলা খেয়ে শেষ হয়ে যেত।তবু মুসলিম ভাই ভাই , এইটা বুঝা লাগবে না?
ইরাকের উপর যখন ন্যাটো হামলা হল কুয়েত দখল করা নিয়ে ,আমি তখন অনেক ছোট। তবু বাঙ্গালীর আমেরিকা বিরোধী মিছিল আমার মনে আছে।
অথচ দেখেন সিরিয়ায়র মত আমেরিকার জন্ম শত্রুও মনে হয় আমেরিকার পক্ষে যুদ্ধে নেমেছিল তাই না?আচ্ছা তখন জর্জ বুশের(পিতা বুশ) বিরুদ্ধে বাংলাদেশীদের এই বিক্ষোভের কারন কি ছিল ? আমেরিকা তো কুয়েতকে বাচানোর জন্যেই আক্রমন্টা করল। নাকি কুয়েত কে সাদ্দামের কবজায় রেখে দিলেই ভাল হত?

আসলে এইখানে ঘটনা হল যে আমেরিকাকে দোষ দিলে মনে হয় পুন্য হয় তাই এই ব্যবস্থা।

আরবের প্রত্যক্ষ মদদ এবং অর্থ সাহায্যে গোলাম আজম পূর্ব পাকিস্তান পুনরুদ্ধার আন্দোলন পর্যন্ত শুরু করেছিল যা সরাসরি আমাদের দেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনার চেয়ে কম ছিল না।

সেকি এটা কবেকার ঘটনা? আমি জানি না কিছুই!তবে এমন হলে এই জামাত আর তার গুরু গোলাম আজম এখনো বাংলাদেশে আছে কি করে??? 😱

এসব কথা আবার বলা যাবে না, আরেক জুজুর ভয় দেখানো হয়, মধ্যপ্রাচ্যের শ্রম বাজার থেকে বাংগালীদের ফেরত পাঠিয়ে দেবে।

অথচ ভারতীয়রা বাংলাদেশী শ্রমিকদের চেয়ে মেলা টাকা বেশি পায় একই কাজ করে,এইখানে আরবদের কাছে মুসলমান বড় না, তারাই বড় যাদের গায়ে জোর বেশি, এইটাও কাউকে বুঝানো যায় না।

আমেরিকানরা এতই খারাপ যে তাদের নামে যতই গালিগালাজ করেন তারা এমন হুমকি দেয় না। নিজেরা খালা বোনঝি মিলে চুরি চোট্টামি করা হবে আর দূর্নীতির অভিযোগ আসলে বাংলাদেশের বিরুদ্ধে আমেরিকার ভয়াবহ ষড়যন্ত্র নিয়ে সুশীলরা বিভোর হবে।

এইটাই হল ভন্ডামী।অনেক সমাজতন্ত্র মানসিকতার লোকেও দেখি, আমেরিকা থেকেই আমেরিকাকে গালি দিচ্ছে, অথচ সমাজতন্ত্রী দেশে যেমন উত্তর কোরিয়ায় বসে সমাজতন্ত্রের সমালোচনা করলে, অনেকটা ব্লাস্ফেমীর পর্যায়ের অপরাধ হিসাবেই গন্য করবে সেটাকে সমাজতন্ত্রী রা!!

অবাধ পুঁজিবাদ হয়ত ক্ষতিকর, তবে মিশ্র অর্থনিতি সেই সাথে বাক স্বাধীনতাই আসলে সব থেকে ভাল বলেই মনে হয়।
তবে বাক স্বাধীনতা বেশি বেড়ে গেলেই এমনটা হয়।

আদিল মাহমুদ এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ১:০৬ পূর্বাহ্ণ
@অর্ফিউস,

সেকি এটা কবেকার ঘটনা? আমি জানি না কিছুই!তবে এমন হলে এই জামাত আর তার গুরু গোলাম আজম এখনো বাংলাদেশে আছে কি করে???

- এইটা জানেন না তো জানেন কি? তাকে শুধু এই কারনেই রাষ্ট্রদোহিতা মূলক মামলায় ফাঁসানো যায়। কর্নেল তাহেরকে রাষ্ট্রদোহিতা মামলায় ফাঁসি দেওয়া গেলে (হত্যা মামলা না) একে কেন দেওয়া যাবে না?

এই নিয়ে বাংলা ব্লগেই বহু লেখা আছে, আপাতত এইটা পড়েন,
http://www.sachalayatan.com/tanveer/13238 । পিয়াল ভাই এর এক লেখায় পূর্ব পাকিস্তান পুনরুদ্ধারের জন্য তার দল বলের চাঁদা তোলার রশিদের ছবিও আছে , আমার ব্লগে ওনার পুরনো লেখা ঘাঁটলে পাবেন।
আরবদের নিয়ে আমার কিছু বলার নাই, বলার আছে তাদের দেশী দালালদের নিয়ে।

কুয়েত ইরান যুদ্ধের সময়কার আমাদের দেশের ঈমান্দার ভাইদের অদ্ভূত মানবিকতার বিবরন আমার সিরিজে পাবেন। এতে অবাক হবার কিছু নেই , মুসলমানের হাতে মুসলমান মারা পড়লে কোন সমস্যা নাই, যখন কাফের আক্রমনকারি মুসলমানদের কবল থে কে মুসলমানদের বাঁচাতেও আসে তখনই কাফেরদের বিরুদ্ধে ঈমান চাগিয়ে ওঠে। বাপের ব্যাটা সাদ্দাম সমর্থকদের তর্জন গর্জন এখনো মনে আছে।

প্যালেষ্টাইনী ভাইদের জন্য সকলের মন কাঁদে, সাদ্দাম বাহিনী কুয়েত ছাড়ার পর যে সেখানকার রিফিউজি প্যালেষ্টাইনীদের ওপর কুয়েতিরা কি অকথ্য নির্যাতন চালিয়েছিল সে কাহিনীও মুসলমান বিশ্বে অজানা। জেনে কি হবে, আক্রমনকারি/অত্যাচারী কাফের নাছারা ইয়াহুদী কিনা সেটা হল আসল কথা। পুরো চিন্তা চেতনা হল মুসলমান অমুসলমান।

অর্ফিউস এর জবাব:
মার্চ ৬, ২০১৩ at ১:২২ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

এইটা জানেন না তো জানেন কি?

আসলেই ভাই মাঝখানে সব খবর পড়া ছেড়ে দিয়েছিলাম।
সচলায়তনের এই লিঙ্কটা কাল পড়ব নি।এত রাতে আর নতুন টপিক না।তবে সত্যি বুঝতে পারছি যে রাজনৈতিক কাদা ছোড়াছুড়িতে বিরক্ত হয়ে দেশের পড়া বন্ধ করে দিয়ে মারাত্বক ভুল করেছিলাম।বলা চলে নিজের পায়ে কুড়োল মারা।

এ বিষয় নিয়ে আলোচনা করে খুব একটা লাভ আমাদের হবেনা। যেহেতু প্রশ্ন করেছেন তাই সংক্ষেপে শুধু বলবো- মানুষের মন, মনন, চিন্তা শক্তি, আশা আকাংখা সহ এই পৃথিবীর সব কিছুই আপেক্ষিক।

সাইফুল ইসলাম এর জবাব:
মার্চ ১০, ২০১৩ at ৭:৫৪ অপরাহ্ণ
@অর্ফিউস,
বিদ্রোহী নামের উজবুকটাকে(নিক পরিবর্তন করছে শুধু , নইলে এই কাঠবলদ আর রেসিস্টটাকে আপনারা সবাই চেনেন) করা আমার প্রথম প্রশ্নটা দেখেন। তাহলেই বুঝবেন ওর উপ্রে খেপার কারন কী।
আমাকে আপনি প্রশ্ন করলেন, আর আমি শুরু করলাম আপনি মহাজ্ঞ্যানী না পন্ডিত এই বিশেষন দিয়ে। আপনি পারতে পারেন মাথা ঠান্ডা রাখতে ভাই, আমার অত লুতুরপুতুর ধৈর্য নাই। দুঃখিত।
আর ইসলাম সম্পর্কে দৃষ্টিভঙ্গির ব্যাপারে। ইসলাম সম্পর্কে আমার দৃষ্টিভঙ্গি যেই সময়ের কথা বলছেন সেসময় থেকে খুব একটা পরিবর্তন হয় নাই তবে যেটা হয়েছে সেটা খুবই তাৎপর্যপূ র্ন এবং মৌলিক। পরিবর্তনটা হয়েছে কৌশলগত। ভবঘুরের মতন দু চার হাজার মূর্খ মিলে সারাজীবন চেষ্টা করলেও সমাজের গুনগত কোন পরিবর্তন করতে পারবে না কারন ধর্মই সমাজের মূল নয়। ব্লগে ইসলাম বিরোধী লেখা লিখলেই কি সমাজ থেকে ইসলামের খারাপ দিক উঠে যাবে? এত সহজ সমাজ কাঠামো? আমি অন্তত তা মনে করি না। সমালোচনা অবশ্যই দরকার আছে তবে সেটা শুধু ব্লগে হিট আর সমালোচনা করার জন্যে সমালোচনা করে কোন লাভ নাই। আগে ঠিক করতে হবে উদ্দেশ্য, তারপরে কৌশল। ফাও প্যাচাল সবাই পাড়তে পারে নিজের অধিকারের দাবী তুলে(এবং সবার সেই

অধিকার আছেও)কিন্তু তাতে উদ্দেশ্য পূরনে তার মূর্খতা আর বালখিল্যতাই প্রকাশ পায়। সংক্ষেপে বললাম। এই নিয়ে আলোচনা হবে ভবিষ্যতে।



*অর্ফিউস*এর জবাব:

মার্চ ১০, ২০১৩ at ৮:৫২ অপরাহ্ণ

@সাইফুল ইসলাম, ভাল উত্তর দিয়েছেন।না বিদ্রোহী কে আমি ঠিক ধরতে পারিনাই, তবে আপনি কার কথা বলছেন তা আন্দাজ করতে পারছি কিছুটা। আমার আন্দাজ যদি সঠিক হয় তবে বলব যে ওই ভদ্রলোকের বেশিরভাগ লেখা আমি খুব একটা মন দিয়ে পড়ি নাই কোনদিনই।

ভবঘুরের মতন দু চার হাজার মূর্খ মিলে সারাজীবন চেষ্টা করলেও সমাজের গুনগত কোন পরিবর্তন করতে পারবে না কারন ধর্মই সমাজের মূল নয়। ব্লগে ইসলাম বিরোধী লেখা লিখলেই কি সমাজ থেকে ইসলামের খারাপ দিক উঠে যাবে? এত সহজ সমাজ কাঠামো? আমি অন্তত তা মনে করি না। সমালোচনা অবশ্যই দরকার আছে তবে সেটা শুধু ব্লগে হিট আর সমালোচ না করার জন্যে সমালোচনা করে কোন লাভ নাই। আগে ঠিক করতে হবে উদ্দেশ্য, তারপরে কৌশল। **ফাও প্যাচাল সবাই পাড়তে পারে নিজের অধিকারের দাবী তুলে(এবং সবার সেই অধিকার আছেও)কিন্তু তাতে উদ্দেশ্য পূরনে তার মূর্খতা আর বালখিল্যতাই প্রকাশ পায়। সংক্ষেপে বললাম।**

একেবারে শতভাগ একমত।আমি নবযুগ নামের আরেক ব্লগে ভবঘুরের এই লেখাটা দেখেই রেজিস্ট্রি করিয়েছিলাম। আমিও আপনার মত একই কথা বলেছি তবে মনে হয় না যে ওখানকার কারো আমার কথাগুলো মনঃপুত হয়েছে। একবার চোখ বুলিয়ে আসতে পারেন ইচ্ছা করলে।এইখানে মহসিনা খাতুন নামের এক সক্রিয় ব্লগার আছেন যিনি কিনা রেফারেন্স ছাড়া গল্প লিখতে খুবই পারদর্শি।উনার সাথে উনার ধার্মিক বাবার কথপকথন ।পড়ে বেশ মজা পাবেন আশা করি।

এই নিয়ে আলোচনা হবে ভবিষ্যতে।

নিশ্চয়ই আলোচনা হবে,ধন্যবাদ ভাল থাকুন।

*সংবাদিকা*এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ১:০৫ পূর্বাহ্ণ

@অগ্নি,

আপনাকে ধন্যবাদ। আমি যেটা করিনি কিংবা দায় থেকে করতে পারিনি সেটা আপনি করেছেন। সরাসরি নাম বলে দেখিয়ে দিয়েছেন। ঐখানে যেসব আছে, ঐসবের তুলনায় এখানকার আলোচ্যরটি রীতিমত দুধভাত। তবে আপনি এই ধর্মীয় চরমপন্থার আঁতুড়ঘরের নাম উল্লেখ করতে ভুলে গিয়েছেন মানে যেখানে আক্ষরিক অর্থেই জেনারেল হেড-কোয়ার্টারস অবস্থিত। এর অবস্থান দেশের দক্ষিণআঞ্চলের সবচাইতে বিখ্যাতটিতে......

অভিজিৎ এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ৯:২৪ পূর্বাহ্ণ

@সংবাদিকা,

উমম ... আমার মনে হয় না অগ্নি ঠিক সেটা বলতে চেয়েছেন যেদিকে আপনি ব্যাপারটাকে নিয়ে যাচ্ছেন। অনেক বিশ্ববিদ্যালয়ে হিযু থাকার অর্থ তো এই নয় যে নর্থ সাউথে নেই বা এই বিশ্ববিদ্যালয়ের ব্যাপারটাকে আলাদা করে বিশ্লেষণ করা যাবে না। বাঘ, সিংহ, তিমি, বাদুর, মানুষ সবাই স্তন্যপায়ী প্রাণী, কিন্তু তা বলে সবারই আলাদা আলাদা বৈশিষ্ট নেই তা তো নয়। বাদুড়কে নিয়ে বলতে গেলে তার কিছু বিশেষ বৈশিষ্ট (যেমন আল্ট্রাসনিক বা অতিশব্দ তৈরি করে শিকার ধরার এবং পথ চলার ক্ষমতা আছে) উল্লেখ করা যেতে পারে যা মানুষ বা অন্য স্তন্যপায়ী প্রানীর নেই। তিমিরও আলাদা বৈশিষ্ট আছে যা আবার বাদুড়ের নেই।

সব ধর্মেই কমবেশি হিংসা বিদ্বেষ হানাহানি আছে, কিন্তু যখন কোন স্পেসিফিক ঘটনা ঘটে তখন সেটা নিয়ে আলাদা করে আলোচনা তো করতেই হয়। ৯/১১ এর ঘটনার পর সবাই আলকায়দা এবং ইসলামী সন্ত্রাসবাদ নিয়ে বেশি কথা বলবে, বৌদ্ধ কিংবা জৈন সন্ত্রাসীদের নিয়ে নয়, এটাই স্বাভাবিক না? যখন একটি বিশ্ববিদ্যালয়ের একজন প্রাক্তন ছাত্র নিউইয়রককে গিয়ে ফেডারেল রিজার্ভ ভবন উড়িয়ে দেওয়ার প্ল্যান করে, আর আরেক পাঁচ ছাত্র প্ল্যান প্রোগ্রাম করে 'ঈমানী দায়িত্ব' পালন করার জন্য নাফরমান ব্লগারকে চাপাতি দিয়ে কুপিয়ে হত্যা করে , তখন আলাদাভাবে বিশ্লেষণ করা দরকার পরে বই কি। বহু বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব থাকা সত্ত্বেও আদালত আজকে রুলিং দিয়েছে নর্থ সাউথ 'সন্ত্রাসী উৎপাদনের ক্ষেত্র' কি না তা তদন্ত করার, সেখানে 'ঐসবের তুলনায় এখানকার আলোচ্যরটি রীতিমত দুধভাত' বলাটা আপনার স্ববিজ্ঞাপিত। রাজীবের গলায় যখন চাপাতির কোপগুলো পড়ছিল, তার তখন সেটাকে দুধভাত মনে হয়নি বোধ হয়।



অগ্নি এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ৪:৫০ অপরাহ্ণ

@অভিজিৎ,



মুনিয়া মুশতারি এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ১১:৫৪ অপরাহ্ণ

@অভিজিৎ ভাইয়া,

সংবাদিকা এর জবাব:

মার্চ ৮, ২০১৩ at ৪:২৭ পূর্বাহ্ণ

@অভিজিৎ,

বহু বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব থাকা সত্ত্বেও আদালত আজকে রুলিং দিয়েছে নর্থ সাউথ 'সন্ত্রাসী উৎপাদনের ক্ষেত্র' কি না তা তদন্ত করার, সেখানে 'ঐসবের তুলনায় এখানকার আলোচ্যরটি রীতিমত দুধভাত' বলাটা আপনার স্ববিজ্ঞাপিত। রাজীবের গলায় যখন চাপাতির কোপগুলো পড়ছিল, তার তখন সেটাকে দুধভাত মনে হয়নি বোধ হয়।

আমি এখানে সামগ্রিকভাবে প্রতিষ্ঠানের ভেতর চরমপন্থার ব্যাপকতা এবং উৎপাদনের মাত্রা বুঝিয়েছি, কোন একটি ঘটনাকে নয়। রাজীবকে যারা অন্যায়ভাবে হত্যা করেছে তাদের নিজ কৃত কর্মের উপযুক্ত শাস্তি পেতে হবে। আশা করা যাচ্ছে ধৃত আসামীরা তাদের উপযুক্ত ন্যায় বিচার পাবে।

21. 21

আঃ হাকিম চাকলাদার

মার্চ ৬, ২০১৩ সময়: ৫:২৪ অপরাহ্ণ লিঙ্ক

নাফিছ এর মত সোনালী সম্ভাবনাময়ী তরুনদের জীবন নর্থ সাউথ ইউনিভার্সিটি সুশিক্ষার নামে হিংস্রাত্মক জঙ্গী শিক্ষা দিয়ে জীবনটাকে ধংস করে দিচ্ছে, এটা সমাজকে জানিয়ে দেওয়া অত্যন্ত প্রয়োজন। তরুনদেরকে **"জিহাদ কর,মারা গেলেই বেহেশত"** এই টোপদিয়ে তাদেরকে আগুনের মধ্যে ঠেলে দিয়ে ধংশ করা হচ্ছে।
আর কতকাল এভাবে তরুনদের ধোকা দিয়ে দিয়ে ধংশ করা হইবে?

এর গুরুদের কি কখনো বিচার ও শাস্তির আওতায় আনা হইবেনা?

অদ্ভুৎ ব্যাপার!!

"একাত্তরের চিত্রকল্প" কবিতাটি কেহ শুনতে পারেন এখানে।

22. 22

রসি মজুমদার

মার্চ ৬, ২০১৩ সময়: ৬:২৭ অপরাহ্ণ লিঙ্ক

আমাদের দেশের শিক্ষা ব্যাবস্থার ত্রুটি ছাত্রদের মগজে মৌলবাদের চাষ করতে সহায়ক ভুমিকা পালন করে।জামাত শিবির চক্র এবং ধর্মান্ধ রাজনৈতিক গোষ্ঠী একদিকে মাদ্রাসার দরিদ্র ছাত্রদের দারিদ্রতার সুযোগ নিয়ে এবং অপর দিকে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের জিহাদের রোমা ন্টিক মনস্তাত্ত্বিক ফাঁদে ফেলে তদেরকে প্রভাবিত করছে এবং সুপরিকল্পিত ভাবে তাদের মগজ ধোলাই করছে ।আমাদের দেশের শিক্ষা ব্যাবস্থায় ছাত্র ছাত্রীদের যৌক্তিক মনস্তাত্ত্বিক বিকাশ হয় না।ফলে তারা যৌক্তিক বিচার বিশ্লেষণ করার ক্ষমতা হারিয়ে ফেলে।তাই মৌলবাদের বীজকে এ দেশ থেকে সমূলে ধ্বংস করতে হলে প্রথমেই আমাদের শিক্ষা ব্যাবস্থার আমূল পরিবর্তন করতে হবে।

23. 23

মুনিয়া মুশতারি

মার্চ ৬, ২০১৩ সময়: ১০:১৪ অপরাহ্ণ লিঙ্ক

@ অভিজিৎ ভাইয়া,

আপনার চিন্তাভাবনা অগভীর, সবকিছুতে পাকিস্তান/ইসলাম আবিস্কার করার আগে নিজের নামের শেষাংশ বদলে ফেলুন।

ভাইয়া, আমাদের আলোচনার মূল ব ক্তব্য থেকে ১০ হাজার আলোকবর্ষ দূরে অবস্থানকারী জনাব আনোয়ার একটি জটিল মানসিক রোগে আক্রান্ত। রোগটির নাম Identity Erasing Desire Symptoms (IEDS). এই রোগে আক্রান্ত ব্যক্তি তার নিজের জাতিগত পরিচয় বদলের তাগিদ অনুভব করে থাকেন এবং অন্যদেরকেও তাদের নাম ,নামের শেষাংশ,জাতীয় পরিচয় ইত্যাদি বদলের তাগিদ দিয়ে থাকেন। আপনার পরবর্তী লেখায় এই ভাইরাস নিয়ে বিস্তারিত লেখার আহবান জানাচ্ছি।

*বিদ্রোহী*এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ১২:৪৯ পূর্বাহ্ণ
@মুনিয়া মুশতারি,

আপনি বোধ হয় জানেন না , একজন মুসলমানের প্রথম পরিচয় হল সে মুসলমান তারপর সে বাংলাদেশী বা ইন্ডিয়ান বা আমেরিকান। আর তাই বাংলাদেশের একজন খাটি মুসলমান , পড়শী হিন্দু বা খৃস্টান ধর্মের লোকের চেয়ে ফিলিস্তিনী মুসলমানের প্রতি বেশী মহব্বত অনুভব করে।

*নিগ্রো*এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৫:১৭ পূর্বাহ্ণ
@বিদ্রোহী, আপনি মুসলমান হওয়ার আগে প্রথমেই একজন মানুষ অথবা মানুষ ছিলেন তাইনা ? তাহলে কে মুসলমান বা হিন্দু তা না দেখে দেখুন সে মানুষ কিনা । কুনো মানুষকেই পছন্দ করতে দেয়া হয়না সে কুন ধর্ম পালন করতে চায় নাকি আদৌ চায়না ।আমার এখনো মনে আছে খুব ছোট বেলায় আমাকে আর আমার বড় ভাইকে আব্বু মক্তবে না যাবার জন্য প্রচণ্ড মেরে ছিলেন ।পরে বুঝতে পেরিছি আব্বু পিতার ফরজ আদায় করেছেন ।"তুমাদের সন্তানদের প্রয়োজনে বে ত্রাগাত কর তবুও বাধ্যতামুলক আমার দলে সামিল কর ।"হাহাহা.....ধর্মের দৃষ্টিতে না দেখে সবাইকে মানুষ হিসেবে দেখুন দেখবেন পৃথিবী কত সুন্দর।



মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ৩:৩৮ পূর্বাহ্ণ
@নিগ্রো,

misunderstand করে ফেলেছেন ভাইয়া। বিদ্রোহী এবং আমরা আমাদের চারপাশে এরকম বহু ধার্মিক হিপক্রেটকে দেখতে পাই যারা নিজের প্রতিবেশীকে কেবল বিধর্মী হওয়ার জন্য ভালবাসে না কিন্তু সাত সমুদ্র তের নদীর ওপারের অচেনা মুসলমানের জন্য ভালবাসার বন্যা বইয়ে দেয়ার ভাব করে। এসব দেখে যেকোনো বিবেকবান মানুষের মনেই ক্ষোভ হয়। আর বিদ্রোহী নিজের মনের ক্ষোভ প্রকাশ করার জন্যই খানিকটা ঠাট্টাচ্ছলে কমেন্টটা করেছে। এগুলো উনার ব্যক্তিগত মতামত না।

অভিজিৎ এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ১:৪৩ পূর্বাহ্ণ
@মুনিয়া মুশতারি,

আপনার চিন্তাভাবনা অগভীর, (- আনোয়ার)

হ আর উনি আইছে এক জ্ঞানের বাটখারা। জ্ঞানের গভীরতা পাত্র বাইয়া চুয়ায় চুয়ায় পোড়তাছে হের। তারাতারি হাত পাতেন, যদি ছিটা ফোঁটা পান ...

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৩:০৩ পূর্বাহ্ণ
@অভিজিৎ ভাইয়া,
হে হে হে 😄😄😄

24. 24

অভিজিৎ

মার্চ ৭, ২০১৩ সময়: ১:৪০ পূর্বাহ্ণ লিঙ্ক

আজকের খবর-

পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়কে যেভাবে সন্ত্রাসী উৎপাদনের ক্ষেত্র বলা হয়েছে- তার সত্যতা খতিয়ে দেখতে বলেছে হাই কোর্ট।

বিচারপতি এএইচএম শামসুদ্দিন চৌধুরী ও বিচারপতি মাহমুদুল হকের বেঞ্চ বুধবার এ বিষয়ে একটি রুলও জারি করেছে।

স্বরাষ্ট্র সচিব, শিক্ষা সচিব, পুলিশের মহাপরিদর্শক, ঢাকা মেট্রোপলিটন পুলিশের কমিশনার, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিশ্ববিদ্যালয়ের সব ট্রাস্টি সদস্যকে দুই সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে হবে।

পত্রিকায় প্রকাশিত একটি প্রতিবেদন আমলে নিয়ে আদালতের আদেশে বলা হয়, এর আগে ব্লগার আসিফ মহিউদ্দিনের ওপর হামলার ঘটনায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা জড়িত বলে পত্রিকায় প্রতিবেদন প্রকাশিত হয়। কিন্তু ওই ঘটনায় হামলাকারীদের কেউ এখনো গ্রেপ্তার হয়নি।

“আরেক প্রতিবেদনে এমন অভিযোগও রয়েছে যে, *নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় সন্ত্রাসীর উৎপাদন ক্ষেত্র*।” এ দুটি বিষয়ের সত্যতা যাচাই করে ব্যবস্থা নেয়ার নির্দেশ কেন দেয়া হবে না- তা জানতে চাওয়া হয় হাই কোর্টের রুলে।



মুনিয়া মুশতারি এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ৮:২৬ পূর্বাহ্ণ

প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতে কিন্তু পলিটিকাল মুভমেন্ট সম্পূর্ণ নিষিদ্ধ। তাই , ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্র ফ্রন্ট কোন দলেই সম্পৃক্ত হওয়া যায় না এবং এসব দলের কার্যক্রম সম্পর্কেও জানা যায় না। আর প্রতিদ্বন্দ্বী বিহীন এমন একটি ফাকা মাঠই কি শিবিরের কাম্য নয়? সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে শিবির কর্মীদের হাজারো প্রতিপক্ষের হাজারো ঠ্যালা সামলাতে হয়। জঙ্গি মুভমেন্ট করার আগে দশবার ভাবতে হয়। কিন্তু, প্রাইভেট ইউনিভার্সিটিতে তাদেরকে পাল্টা আক্রমনের কেউ নেই, কেউ তাদের বিভ্রান্তিগুলো দেখিয়ে দেয়ার নেই। সরকারি ভার্সিটি এর মতো দশটা দল যাচাই করে নেয়ার সুযোগ প্রাইভেট ভার্সিটিতে নেই। সেখানে শুধুমাত্র জামাত Available এবং এভাবে তারা সেখানে লুকিয়ে একচ্ছত্রভাবে রাজত্ব করে। আমার তো মনে হচ্ছে প্রাইভেট ভার্সিটিগুলোকে উদ্দেশ্য

প্রণোদিতভাবে Anti Student Politics করা হয়েছে জামাত-শিবিরকে জঙ্গি উৎপাদনের একটি নিরাপদ Incubator দেয়ার জন্য।

*ফারহানা আহমেদ*এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ২:০৩ অপরাহ্ণ
@মুনিয়া মুশতারি,

স্টুডেন্ট পলিটিকস সাক্স বলে অভিভাবকদের পাব্লিক ইউনি বাদ দিয়ে প্রাইভেট ইউনিতে ছেলে (এবং মেয়েও) দিয়ে নিশ্চিন্ত থাকার দিন শেষ। আপনার পয়েন্টটা খুবই গুরুত্বপূর্ণ , ছাত্র রাজনীতির হাজার সমস্যা, তা সত্ত্বেও এর প্রয়োজন আছে।



*মুনিয়া মুশতারি*এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৬:০৮ অপরাহ্ণ
@ফারহানা আহমেদ,
সহমত

*বিদ্রোহী*এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৭:১৮ অপরাহ্ণ
@মুনিয়া মুশতারি,

আমার তো মনে হচ্ছে প্রাইভেট ভার্সিটিগুলোকে উদ্দেশ্য প্রণোদিতভাবে Anti Student Politics করা হয়েছে জামাত-শিবিরকে জঙ্গি উৎপাদনের একটি নিরাপদ Incubator দেয়ার জন্য।

একেবারে দুর্দান্ত মন্তব্য করেছেন। বিষয়টা মনে হয় সত্যিও । আবার দেখুন এই সব প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের একটা বড় অংশই কিন্তু ইসলামী আদর্শের ভিত্তিতে। তার মানে সেখানে ১০০% ই জঙ্গী উৎপাদন চলে সরকারের একেবারে নাকের ডগায় বিনা চ্যলেঞ্জে। শুনেছি এসব ইসলামি বিশ্ববিদ্যালয়ে প্রতিটি বিভাবেই ইসলাম বা ইসলাম জাতিয় একটি বিষয় আবশ্যিক। তাহলে বুঝুন ঠেলা। এভাবে একটা দেশে মৌলবাদী তৈরীর বহু কারখানা পয়দা করে পরে যদি বলি দেশ থেকে মৌলবাদ হঠাও

জঙ্গীবাদ হঠাও , আমার তো মনে হয় সে দিন আর বেশী দুরে নাই এই জঙ্গীরাই উদারপন্থীদেরকে হঠিয়ে দেবে আফগানিস্তানের মত।



মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ২:০৭ পূর্বাহ্ণ
@বিদ্রোহী,

জঙ্গী উৎপাদন চলে সরকারের একেবারে নাকের ডগায় বিনা চ্যালেঞ্জে।

বিনা চ্যালেঞ্জে চালানোর জন্য মনে হয় Master plan গ্রহন করা হয়েছিলো। দেখুন, নর্থ সাউথ এবং দারুল ইহসান এই দুটো ইউনিভার্সিটি কিন্তু জঙ্গি তৈরির জন্য বর্তমান সময়ে সন্দেহের তালিকায় একদম প্রথম ও দ্বিতীয় স্থান দখল করে আছে। তাই না? তো এখন আরেকটা জিনিস লক্ষ্য করুন। সেটা হল যে, এই ইউনিভার্সিটিগুলো অনুমোদন পেল কত সালে ? উত্তর হল, নর্থ সাউথ পেয়েছে ১৯৯২ সালে এবং দারুল ইহসান পেয়েছে ১৯৯৩ সালে। ১৯৯১ সালে ক্ষমতায় ছিল বিএনপি আর তার সাথে লেজুড় হিসেবে জামাত। তো জামাতের আবদারে কিছু জঙ্গি ভার্সিটির অনুমোদন দিতে কি তৎকালীন পিপলস রিপাবলিক অফ বাংলাদেশ গভমেন্টের খুব বেশি আপত্তি থাকার কথা ? মোটেই না। এখন কথা হচ্ছে, এতো কিছু থাকতে জামাত প্রাইভেট ভার্সিটির জন্য আবদার করতে যাবে কেন ? জামাত প্রাইভেট ভার্সিটির জন্য আবদার হয়ত করেছিল / অবশ্যই করেছিল বহুমুখী সুবিধা আদায়ের জন্য। সুবিধাসমূহ নিম্নরূপ ,

১) যদি জামাতপন্থিদের নিজস্ব আদর্শ ভিত্তিক নিজস্ব ইউনিভার্সিটি থাকে তাহলে কোনো কারনে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে বিলুপ্ত করা হলে/ মাদ্রাসা শিক্ষা র পাঠ্যসূচীকে আধুনিকায়ন করা হলে তার প্রভাব জামাতের মউদুদি/জঙ্গিবাদভিত্তিক ইসলামি শিক্ষা ব্যবস্থার উপর পরবে না এবং মাদ্রাসায় না পারলে নিজস্ব খোঁয়াড় তথা ভার্সিটিতে আধুনিক শিক্ষার আড়ালে বিনা বাধায় উস্কানিমুলক ধর্মভিত্তিক শিক্ষা দেয়া যাবে।

২) মাদ্রাসা নামের খোঁয়াড়কে উৎপাটন করা হলেও ভার্সিটি নামের খোঁয়াড় বজায় থাকবে। সুতরাং জঙ্গিবাদের প্লাটফর্ম ও দাওয়াত দুটোই বহাল থাকবে।

৩) মাদ্রাসা থেকে পাস করা ছেলেরা টেকনিকাল কাজ যেমন, কম্পিউটার হ্যাকিং, নির্দিষ্ট পরিমান ingredients দিয়ে বোমা তৈরি, প্লেন নেভিগেট করে সন্ত্রাসী হামলা করা ইত্যাদি কাজগুলো করতে একেবারেই অক্ষম। তাই এই কাজগুলো করাতে আধুনিক বিজ্ঞানে শিক্ষিত ছেলেপেলের প্রয়োজন হয়ে

পরে। কিন্তু, সবসময় দরকারমত সময়ে বিজ্ঞান জানা একটি ছেলে পাওয়া নাও তো যেতে পারে। তখন কি হবে? সন্ত্রাসী মিশনগুলো কি তাহলে কমপ্লিট হবে না? অবশ্যই হবে। কিভাবে? জামাতের ভার্সিটি তথা খোঁয়াড়ে ব্যাচেলর কোর্সের নামে কারিগরি বিজ্ঞানের কোর্স প্রণয়ন করে। এই বিজ্ঞান ততটুকুই শিখাবে যতটুকু পড়লে টেকনিক্যাল কাজগুলো করা যায়।

৪) চার বছরের কোর্সে একটি ছাত্রকে ভর্তি করিয়ে তার দক্ষতা, একাগ্রতা, নির্বুদ্ধিতা ইত্যাদি পর্যবেক্ষণ করার জন্য পর্যাপ্ত সময় পাওয়া যাবে।

৫) ক্লাস নেয়ার ছলে একটি লেকচার দেয়া হবে এবং এই একটি লেকচারে বহু সংখ্যক জিহাদি একই সাথে অনুপ্রানিত হবে। জিহাদের দাওয়াত দেয়ার বাড়তি কষ্ট অনেকখানি কমে যাবে।

৬) যদি কোন ছাত্র জিহাদি না হতে চায় তবে তাকে জোর করে জিহাদি বানানো যাবে। কারন, ছাত্রের ঠিকানা, সার্টিফিকেট, ফোন নাম্বার ইত্যাদি ভর্তির দিনই ভার্সিটির কব্জায় চলে আসে এবং এগুলো দিয়ে/এগুলো আটকে রেখে খুব সহজে ছাত্রকে ব্লাক মেইল করে বা ভয় -ভীতি দেখিয়ে জঙ্গি কাজ হাসিল করা যাবে।

৭) জামাতের উচ্চ পর্যায়ের অর্থ যোগান হয়ে থাকে ইংল্যান্ড, আমেরিকাসহ উন্নত দেশগুলো থেকে। তাই এসব দেশে যেয়ে লগ্নিকারককে পটিয়ে অর্থ যোগার করা , জামাতের পক্ষে জনমত গঠন, বিদেশী টাকার হিসাব নিকাশ রাখা, সঠিক জায়গায় টাকা লগ্নি করা, বিদেশি ব্যাংকের সাথে জামাতের হয়ে লেনদেন করা ইত্যাদি গুরুত্বপূর্ণ কাজে জামাত আধু নিক শিক্ষায় পরিমান মতো শিক্ষিত ও বিশ্বাসী লোক চায়। তো এক্ষেত্রে নিজেদের ভার্সিটিতে মগজ ধোলাইকৃত একটি ছাত্রের চেয়ে উপযুক্ত আর কে হতে পারে?

৮) নিজেদের ভার্সিটি থেকে পাস করা ছেলেদের দিয়ে নিজেদের অর্থ প্রতিষ্ঠানগুলো চালানো যাবে।

তো ভেবে দেখলে এরকম আরও বহু কারন খুঁজে পাওয়া যাবে এবং Master plan টা চোখের সামনে খুব স্পষ্ট হয়ে ধরা দেবে। ১৯৭১ এ জামায়াতে ইসলামির সমর্থক ছাত্ররা তাদের উদ্দেশ্য বাস্তবায়ন করতে পারে নি। তাই তারা দীর্ঘ দুই দশক ধরে আবারো প্রস্তুতি নিচ্ছে/নিয়েছে আরও সংগঠিতভাবে তাদের ইবলিশি কর্মকাণ্ড বাস্তবায়িত করার। আর নতুন মগজ ধোলাই করে জিহাদি জন্ম দেয়ার জন্য নিজেদের করায়ত্ত ভার্সিটিকে তারা Maternity Clinic হিসেবে ব্যবহার করে। কিন্তু আঁতুড়ঘরে যে অ্যাবরশন হল ; সরকার তো কোনও অ্যাকশন নিতে পারলো না। নিবে কিভাবে? অ্যাকশন নেয়ার জন্য সুস্পষ্ট প্রমানের অভাব ছিল তো এ তদিন। কিন্তু এখন যেহেতু জিহাদি বাবারা ধরা পরেছে সেহেতু আশা করা যায় কান টানলে মাথা আশার মতো পালের গোদারাও ধরা পরবে। দেখা যাক কি হয়।

রাজেশ তালুকদার এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৯:৩৩ অপরাহ্ণ
@মুনিয়া মুশতারি,

জামাতের রাজনীতি চর্চার জন্য খুব বেশী জায়গার দরকার নেই একটু গায়ে গা ঘেসে দাঁড়িয়ে নামাজের জায়গা পেলেই হয়, তারপর সূচ হয়ে ঢুকে ফাল হয়ে ঠিক বের হয়।



মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ১০:৩৩ অপরাহ্ণ
@রাজেশ তালুকদার,

জামাতের রাজনীতি চর্চার জন্য……একটু গায়ে গা ঘেসে দাঁড়িয়ে নামাজের জায়গা পেলেই হয়

এটা আপনি ঠিকই বলেছেন। আমার মতে যারা জঙ্গি হয় তারা প্রথমত , (ব্যতিক্রম থাকতে পারে) কিছু মেন্টাল প্যারাসাইটের শিকার। দ্বিতীয়ত , তারা ধর্মান্ধ। তৃতীয়ত, তাদের কোন না কোন স্বার্থ জামাতের সাথে জড়িত। এসব কারনে মগজটা ধোলাই করতে খুব বেশি কষ্ট করা লাগে না। একটু গুজ গুজ, ফুস ফুস ই যথেষ্ট। জামাত কে, জামাত কি করে, জামাত কি চায়, জামাতের ইতিহাস কি, জামাতের আদর্শ কি, জামাত মন্দ না ভালো এসব যুক্তি তর্কের এরা ধার ধারে না। যুক্তি দিয়ে কোন কিছু বিশ্লেষণ করে কোন সিদ্ধান্তে আসার চেয়ে বুকে বোমা বেঁধে শহীদ হওয়া এদের কাছে সহজ। এদের মগজ চিন্তা -ভাবনার জন্য না। এদের মগজ প্যারাসাইটের বংশবৃদ্ধি করার হ্যাচারি হিসেবে ব্যাবহার করার জন্য।

25. 25

মুনিয়া মুশতারি
মার্চ ৭, ২০১৩ সময়: ২:০৩ পূর্বাহ্ণ লিঙ্ক

ব্রিটিশ পতাকা বাংলার আকাশে উঠসিল ২৩ শে জুন ১৭৫৭, পাকিস্তানের পতাকা বাংলার আকাশে উঠসিল ১৪ই আগস্ট ১৯৪৭ আর স্বাধীন বাংলার পতাকা স্বাধীন বাংলার আকাশে officially উঠসে ১৭ই জানুয়ারী ১৯৭২। টোটাল দুইশত পনেরো বছর যা কিনা জনাব আনোয়ারের বয়স। কারণ তিনি বলেছেন,

এই জীবনে বঙ্গদেশের গগনে ৩টি পতাকা উড্ডীন হতে দেখলাম।

So, সবার প্রতি আমার অনুরোধ এই Senior/ প্রাচীন ব্যক্তিকে
আর কেউ কিছু বলবেন না। উনাকে নিজের মনে বিড় বিড় করতে দেন।



আঃ হাকিম চাকলাদার এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৩:৫৬ পূর্বাহ্ণ
@মুনিয়া মুশতারি,
হুম্, আমি তিনটা পতাকা দেখার হিসাবটাই মিলাতে পারছিলামনা। মাথাটা তালগোল পাকিয়ে যাচ্ছিল। ধন্যবাদ আপনাকে এইবার হিসাবটা মিলিয়ে দেওয়ার জন্য।
হা,হা,হা,

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৮:৪৮ পূর্বাহ্ণ
@আঃ হাকিম চাকলাদার,

অভিজিৎ এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৪:০৭ পূর্বাহ্ণ
@মুনিয়া মুশতারি,

টোটাল দুইশত পনেরো বছর ... সবার প্রতি আমার অনুরোধ এই Senior/ প্রাচীন ব্যক্তিকে আর কেউ কিছু বলবেন না।

আপনার অনুমান সত্য। সদ্য প্রয়াত আব্দুল জলিল উনার নাতি ছিলেন।

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৬:২২ পূর্বাহ্ণ

@অভিজিৎ ভাইয়া,

সংবাদিকা এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৫:৫৭ পূর্বাহ্ণ

@মুনিয়া মুশতারি,

ব্রিটিশ পতাকা বাংলার আকাশে উঠসিল ২৩ শে জুন ১৭৫৭, পাকিস্তানের পতাকা বাংলার আকাশে উঠসিল ১৪ই আগস্ট ১৯৪৭ আর স্বাধীন বাংলার পতাকা স্বাধীন বাংলার আকাশে officially উঠসে ১৭ই জানুয়ারী ১৯৭২। টোটাল দুইশত পনেরো বছর যা কিনা জনাব আনোয়ারের বয়স। কারণ তিনি বলেছেন,

আপু, আপনি যদি আন্ডারগ্রেড কিংবা হাই স্কুল পর্যায়ের ছাত্রী হোন তাহলে আমার নিম্নের মন্তব্যটি আপনার মন্তব্যর উত্তরে প্রযোজ্য নয়।
তবে এর উপরের হলে -

আপনি উপরোক্ত মন্তব্যটি যেভাবে করেছেন তা অতি আবেগে "আবেগিইয়াইত" যা ঐতিহাসিক কিছু ঘটনার সরলতম এবং খানিকটা "নিষ্পাপ" বহিঃপ্রকাশ; বিশেষভাবে ঐ "১৭৫৭ রোমান্টিসিজম"

১৯৪৭ সালে "বাংলার" আকাশে পাকিস্তান-ইন্ডিয়ার দুই দেশের পতাকাই উঠেছিল।

১৭ই জানুয়ারী ১৯৭২ সালে আমাদের পতাকার "ডিজাইন" আইনের দ্বারা পরিবর্তিত হয় এবং পতাকা সম্পর্কিত নিয়ম কানুন আইন আকারে পাস করা হয়। আমাদের জাতীয় পতাকা "অফিসিয়ালি" উড়ে ১৭ এপ্রিল ১৯৭১ সালে, বাংলাদেশের প্রথম সরকার (অস্থায়ী) যখন গঠন করা হয়। তবে তার আগেই

মার্চেই আমাদের পতাকা গৌরবের সাথেই উড়ে দেশে, ৭ই মার্চের সেই বিখ্যাত দিক নির্দেশনা মূলক ভাষণের সময়ও এই পতাকা অনেকে আনেন, এজন্য আমি বিশ্বাস করি মার্চ মাসেই de facto আমাদের পতাকা উড়ানো হয়।

ধন্যবাদ

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৭:৪০ পূর্বাহ্ণ
@সংবাদিকা,

আপনি উপরোক্ত মন্তব্যটি যেভাবে করেছেন তা অতি আবেগে "আবেগিইয়াইত" যা ঐতিহাসিক কিছু ঘটনার সরলতম এবং খানিকটা "নিষ্পাপ" বহিঃপ্রকাশ; বিশেষভাবে ঐ "১৭৫৭ রোমান্টিসিজম"

আমি ছুডু মানুষ। এই লাইন বুজতাম ফারজি না। বুজাই কন।

আমাদের জাতীয় পতাকা "অফিসিয়ালি" উড়ে ১৭ এপ্রিল ১৯৭১ সালে, বাংলাদেশের প্রথম সরকার (অস্থায়ী) যখন গঠন করা হয়।

আপামনি কি এখানে Officially বলতে বাংলা "দাপ্তরিকভাবে" বুঝিয়েছেন? বাংলায় দপ্তর বলতে কিন্তু আমরা স্কুল কলেজ, অফিস, আদালত ইত্যাদিকে বুঝি। তো ১৭ এপ্রিল ১৯৭১ এ কি এই দপ্তরগুলোতে দাপ্তরিকভাবে পতাকা উড়ান হয়েছিল? নাকি তাজউদ্দিন আহমেদকে প্রধানমন্ত্রী করে ১৯৭১ সালের ১৭ই এপ্রিল মেহেরপুরের বৈদ্যনাথতলার আমবাগানে অস্থায়ী সরকার গঠনকালে শুধু সেই সমাবেশেই জাতীয় পতাকা উড়ান হয়েছিল? দেখেন আপামনি, ব্রিটিশরা তৎকালীন ভারতবর্ষে এসেছিল ১৬১০ সালে। তো ১৬১০-১৭৫৭ এর পলাশী যুদ্ধের আগ পর্যন্ত কিন্তু তারা ভারতবর্ষে দাপ্তরিকভাবে ব্রিটিশ পতাকা ব্যবহার করতে পারে নাই। কিন্তু ১৭৫৭ সালের ২৩ শে জুন থেকে ১৯৪৭ সালের ১৩ই আগস্ট পর্যন্ত দাপ্তরিকভাবে সর্বক্ষেত্রে ব্রিটিশ পতাকা ব্যবহৃত হইসে। এক্ষেত্রে ২৩ শে জুন ১৭৫৭ হচ্ছে Official Adaptation Date of British Flag. তেমনি ১৯৭১ সালের ১৭ এপ্রিল পতাকা উড়ান হইলেও ,তা দাপ্তরিকভাবে হয় নাই। দাপ্তরিকভাবে হইব কেমনে? তখন সরকার গঠিত হইসিল অস্থায়ী ভাবে আর গঠিত সরকারের নিজেরই তো কোন দপ্তর আছিল না। আমবাগানে দরবার হইসে। দাপ্তরিক বা official ভাবে পতাকা উড়াইব কেমনে? আর মুক্তিযুদ্ধ পূর্ববর্তি, মুক্তিযুদ্ধ চলাকালীন এবং মুক্তিযুদ্ধ পরবর্তী সময়ে যে পতাকা ব্যবহৃত হইছে সেই পতাকা থেকে সহজকরনের উদ্দেশ্যে হলুদ মানচিত্রটি বাদ দিয়ে লাল বৃত্ত আর সবুজ জমিনের পতাকা নির্দিষ্ট করা

হয় ১৭ জানুয়ারি ১৯৭১ এ তৎকালীন বাংলাদেশ সরকার দ্বারা আর এই পতাকা আজ পর্যন্ত অপরিবর্তিতভাবে বিদ্যমান। তো Official Adaptation Date of Bangladeshi Flag কি হইব? ১৭ এপ্রিল ১৯৭১ নাকি ১৭ জানুয়ারী ১৯৭২? আপনার বিবেচনা কি বলে? আর ১৭ জানুয়ারি ১৯৭২ যে Official Adaptation Date of Bangladeshi Flag তার প্রমান

হল http://en.wikipedia.org/wiki/Flag_of_Bangladesh

১৯৪৭ সালে "বাংলার" আকাশে পাকিস্তান-ইন্ডিয়ার দুই দেশের পতাকাই উঠেছিল।

ও মাই গুডনেস !!!!!!! ১৭৫৭ তে ব্রিটিশ পতাকা+১৯৪৭ এ ইন্ডিয়ার পতাকা+১৯৪৭ এ পাকিস্তানের পতাকা+১৯৭১ এ বাংলাদেশের পতাকা= ৪ টি দেশের পতাকা। সুতরাং, আমাদের ওল্ড ম্যান সর্বসাকুল্যে ৪ টি পতাকা উড্ডীন হইতে দেখসে। এই গুরুত্বপূর্ণ ইতিহাসটিকে কালের গর্ভে হারিয়ে যাওয়ার হাত থেকে বাঁচাতে আপনি দুকলম লিখে আমাদেরকে ইতিহাস বিকৃতির মতো একটি

গুনাহের হাত থেকে বাচিয়েছেন। আপনার জন্য স্পেশাল

সংবাদিকা এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ৮:০১ অপরাহ্ণ

@মুনিয়া মুশতারি,

আপনার জন্য

মুনিয়া মুশতারি এর জবাব:

মার্চ ৭, ২০১৩ at ১০:০০ অপরাহ্ণ

@সংবাদিকা,

Anwar এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ২:৩১ অপরাহ্ণ
@সংবাদিকা, বৃটিশ পতাকা দেখার জন্য ১৭৫৭ সাল হিসাব করতে হবে কেন? ওই পতাকা তো ১৯৪৭ পর্যন্ত বাংলাদেশে উড়েছে। ১৯৪২ থেকে আমার বয়স ধরলেও বৃটিশ পতাকা আর লাল হাফ প্যান্ট পরা লাল পাগড়ির পুলিশ স্মৃতিতে জ্বলজ্বল। আমি ৩টি পতাকার কথা বলেছি, ৪টি নয়।

ছন্নছাড়া এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ১১:১৬ পূর্বাহ্ণ
@মুনিয়া মুশতারি,
আপনার গানিতিক দক্ষতায় মুগ্ধ হইলাম

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৫:৪৭ অপরাহ্ণ
@ছন্নছাড়া,
তবে আমি নিজেকে ইতিহাসবিদ হিসেবে পরিচয় দিতে বেশি স্বাচ্ছন্দ্য বোধ করি।

26. 26

মুনিয়া মুশতারি

মার্চ ৭, ২০১৩ সময়: ৩:০৮ পূর্বাহ্ণ লিঙ্ক

@বিদ্রোহী,

বাংলাদেশের একজন খাটি মুসলমান, পড়শী হিন্দু বা খৃস্টান ধর্মের লোকের চেয়ে ফিলিস্তিনী মুসলমানের প্রতি বেশী মহব্বত অনুভব করে।

এটাই তো সমস্যা। এটাই বেশিরভাগ বাঙালি মুসলমানের মানসিক সমস্যা। আবার একটা মজার জিনিস দেখেন, এরা সহানুভূতি feel করবে মুসলিম ফিলিস্তিনিদের জন্য কিন্তুক স্বাচ্ছন্দ্য বোধ করবে খ্রিস্টান আমেরিকায় বসবাস করে। হাতি দিয়া টানলেও কিন্তু ফিলিস্তিন যাইব না বা সৌদি আরবের Citizenship এর জন্য আবেদন করবে না। কী কইতাম রে ভাই............আসলেই লেংসেট ফ্লুকের লীলা বুঝা দায়।

*বিদ্রোহী*এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৩:০১ অপরাহ্ণ
@মুনিয়া মুশতারি,

এরা সহানুভূতি feel করবে মুসলিম ফিলিস্তিনিদের জন্য কিন্তুক স্বাচ্ছন্দ্য বোধ করবে খ্রিস্টান আমেরিকায় বসবাস করে। হাতি দিয়া টানলেও কিন্তু ফিলিস্তিন যাইব না বা সৌদি আরবের Citizenship এর জন্য আবেদন করবে না।

এদের মত ভন্ড দুনিয়াতে নাই। নিজেরাই নিজেদের বিশ্বাসের সাথে স্ববিরোধীতা করে সেই জ্ঞানটুকু এদের নাই , মাথার ঘিলু এরা সৌদি বালুর নিচে চাপা দিয়ে রাখছে।

27. 27

আঃ হাকিম চাকলাদার
মার্চ ৭, ২০১৩ সময়: ৪:৪২ পূর্বাহ্ণ লিঙ্ক

দলমত যারযার কিন্তু রাষ্ট্রটি সবার
প্রথম আলো ৩/৭/২০১৩
এরসংগে আর একটু যোগ করা যায়।

ধর্মমত যার যার কিন্তু রাষ্ট্রটি সবার।

একমাত্র এই নীতি প্রবর্তিত হলেই রাষ্ট্রটিতে শান্তি আসতে পারে। অন্যথায় নয়।

বিদ্রোহী এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ২:৫৮ অপরাহ্ণ
@আঃ হাকিম চাকলাদার,

আমার ঐ একই দাবী

আমরা সবাই তালেবান বাংলা হবে আফগান
তোমার নেতা আমার নেতা , সাদ্দাম সাদ্দাম
লাদেন তুমি এগিয়ে চলো আমরা আছি তোমার সাথে
দুনিয়ার মুসলিম , এক হও
নারায়ে তকবির , আল্লাহু আকবর



মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৫:৫৫ অপরাহ্ণ
@আঃ হাকিম চাকলাদার,

28. 28


নিগ্রো
মার্চ ৭, ২০১৩ সময়: ৪:৫৭ পূর্বাহ্ণ লিঙ্ক

মস্তিষ্ক ধৌত করার সূক্ষ্মদর্শিতা বাঙ্গালিদের জন্মগত নাকি ঈশ্বর প্রাপ্ত জানিনা ।যখন কিশোর ছিলাম তবলিগের লোকেরা আমার মস্তিষ্ক ধৌত করে আমাকে এমন নামাজি বানিয়ে ছিল যে, পৃথিবীর আর কুনো কাজেই মন বসতোনা। আশে পাশে সবাইকে বেনামাজি বলে দুঃখ হতো ।মাজে মাজে মনে হত পিটিয়ে সবাইকে নামাজি বানিয়ে ফেলি।যুবক বয়সে পাল্লায় পরলাম ডেস্টিনি ২০০০ এর হাতে। মগজ ধুলায়ে এরাও কম যায়না।মস্তিষ্ক পরিষ্কার করার পর যে সফটওয়ার ঢুকানো হয় সেটাকেই সত্যি , সুন্দর মনে হয়।কিঞ্চিত ইঞ্চির এই মস্তিষ্কই একটি মানুষকে মহামানুষ বানাতে পারে নতুবা

অমানুষ।আমাদের সবার খেয়াল রাখতে হবে কিছুতেই কাউকেই মস্তিষ্কের ১০০ভাগ ধৌত করতে দিবেন না।অন্তত ৫০ ভাগ নিজের দ্বারা পরিচালিত হবেন ।

*ফারহানা আহমেদ*এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ১:৫৬ অপরাহ্ণ
@নিগ্রো,

বাংলাদেশে আরেকটা প্রতিষ্ঠান আছে মগজ ধোলাইয়ে যাদের জুড়ি মেলা ভার যারা এক চিমটি ধর্ম ও এক চিমটি বিজ্ঞানের মিশেলে এমন ঘুটা দেয় যে , যে একবার এর চক্করে পড়ে তার বের হওয়াখুব মুশকিল। এই প্রতিষ্ঠানটার নাম কোয়ান্টাম ফাউন্ডেশন।

*মুনিয়া মুশতারি*এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৫:৫৮ অপরাহ্ণ
@ফারহানা আহমেদ,
এই প্রতিষ্ঠানের নাম শুনেছি বলে মনে হচ্ছে। তবে ঠিক কোথায় শুনেছি তা মনে করতে পারছি না। এটা কি কোন কোচিং সেন্টার?

*অর্ফিউস*এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৯:৩২ অপরাহ্ণ
@ফারহানা আহমেদ,

এই প্রতিষ্ঠানটার নাম কোয়ান্টাম ফাউন্ডেশন।

এদের কবলে আপনি পড়েছিলেন নাকি?আমি এদের একটা বই পড়েছি ও কয়েকটা সিডি শুনেছিলাম।কাজের কাজ কিছুই হয়নি , মানে মনের বাড়ি না কি জানি তৈরি চেষ্টা করেও পারি নি।

আঃ হাকিম চাকলাদার এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৬:৪৩ অপরাহ্ণ
@নিগ্রো,

যখন কিশোর ছিলাম তবলিগের লোকেরা আমার মস্তিষ্ক ধৌত করে আমাকে এমন নামাজি বানিয়ে ছিল যে, পৃথিবীর আর কুনো কাজেই মন বসতোনা। আশে পাশে সবাইকে বেনামাজি বলে দুঃখ হতো ।মাজে মাজে মনে হত পিটিয়ে সবাইকে নামাজি বানিয়ে ফেলি

সঠিক।
মগজ ধোলাইতে পারদর্শী-
১।মসজিদের ইমাম- যখন জুমায় ওয়াজ করেন।আমি জানি একটা হাইস্কুল গামী সোনালী সম্ভাবনাময়ী ছাত্র একদা জুমায় ইমামের কোরানের হাফেজ হওয়ার মর্তবা শুনে সেই দিনই হাইস্কুল ত্যাগ করে হাফেজী মাদ্রাসায় ভর্তী হয়ে যায়। পরে সে অশিক্ষিতই থেকে যায়।
আরব দেশ বাসীরাও কেহ কোরান মুখস্ত করেনা।

বাংগালীরা অ্যারাবিয়ানদের চাইতেও বেশী জোরালো মুসলমান।

নিউইয়র্ক এর মত যায়গায়ও মুসলমান পরিবার হতে প্রতি বৎসর কমপক্ষে ১০০ করে কোরানের হাফেজ বের হয়।

২। তাবলীগ জামাত- নিউ ইয়র্কে অসংখ্য স্কুল কলেজের ছাত্র শিক্ষক মুসলিম তরুনেরা তাবলীগের পিছনে ইছলাম প্রসারের উদ্দেশ্য একটি বিরাট সময় ব্যয় করে।অ্যারাবিয়ানরাও কেহ তাবলীগে যায়না।

৩।মাদ্রাসা-যারা মাদ্রাসায় পড়ে তারাতো পাকাপোক্ত ভাবে ধরে নেয় একমাত্র তাদের দল ছাড়া অন্য কেহ সঠিক মানব জাতির পর্যায়ে পড়েনা, এবং জাহান্নাম বাসী। তারা অমুছলিমদের প্রতি মারাত্বক ঘৃনা পোষন করে,কারন তারা আল্লাহদ্রোহী এবং তাদের ঠিকানা তো জাহান্নামই।

এভাবে ধর্ম একটা মানুষকে সমাজ হতে সমপুর্ণ বিচ্ছিন্ন করে ফেলে এবং যেকোন অমানবিক কাজ যেমন আত্মঘাতি আক্রমণ বা অন্য যে কোন দুর্ঘটনা ঘটিয়ে ফেলাকে পরম পূন্যের কাজ মনে করে যেমনটা বর্তমানে জামাত-শিবিররা ট্রেন-বাসে আগুন দেওয়া,চোরাগোপ্তা আক্রমন,সংখ্যালঘুদের উপসনালয় ধংস করা,তাদের বাড়ীঘর আগুনদিয়ে জ্বালিয়ে দেওয়ার মত হিংস্র ও ধংসাত্বক কাজে লিপ্ত হয়ে পড়েছে,তাতো দেখাই যাচ্ছে।

29. 29

মুনিয়া মুশতারি

মার্চ ৭, ২০১৩ সময়: ৭:৫৯ পূর্বাহ্ণ লিঙ্ক

@সংবাদিকা

আমি বিশ্বাস করি মার্চ মাসেই de facto আমাদের পতাকা উড়ানো হয়।

আবেগায়িত হয়ে বিশ্বাস করলেই হবে? ঐতিহাসিক রেকর্ড ও দলিল পত্র মোতাবেক ইতিহাস উপস্থাপন করতে হবে না? তা নাহলে আপনার মতো আরেক সংবাদিকা কিন্তু আপনার মতামত Official ভাবে পেচাবে।

সংবাদিকা এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৭:৫৬ অপরাহ্ণ
@মুনিয়া মুশতারি,

এজন্যই de facto শব্দটি ব্যবহৃত করা হয়েছে

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৭, ২০১৩ at ৯:৫৩ অপরাহ্ণ
@সংবাদিকা,
২৬ শে মার্চ আমরা de facto (বস্তুত) স্বাধীন হয়েছি। আর ১৬ ই ডিসেম্বর আমরা officially (সরকারী) ভাবে স্বাধীন হয়েছি। এখন, অনেক বাঙালি ৭ই মার্চ ১৯৭১ থেকেই মনে মনে স্বাধীন। কিন্তু ১৬ ই ডিসেম্বর এর আগে কি তারা নির্বিঘ্নে রাস্তায় হাটা চলা করতে পেরেছে? পূর্ণিমা রাতে ছাদে উঠে গলা ছেড়ে গান গাইতে পেরেছে? পারেনি। তেমনি পতাকা de facto ১৭ই এপ্রিল ১৯৭১ উড়ানো হলেও জাতীয় পতাকাকে officially বাংলাদেশের প্রতীকের (আন্তর্জাতিক এবং অভ্যন্তরীণ) পূর্ণ

মর্যাদা দিয়ে নির্বিঘ্নে বাংলার আকাশে উড়ানো হয়েছে ১৭ ই জানুয়ারি ১৯৭২। আর এই জন্যই আমি আমার কমেন্টকে নির্ভুল করতে official date টি কেই গ্রহণযোগ্য মনে করেছি। দেখুন , ব্যক্তিগতভাবে আমার / আপনার অনেক কিছুই বিশ্বাস হতে পারে তবে সম্মিলিত আলোচনায় অংশগ্রহনকালে সেই তথ্যই দেয়া উচিৎ যা সরকারিভাবে সবার কাছে গ্রহণযোগ্য।

সংবাদিকা এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ৪:১৩ পূর্বাহ্ণ
@মুনিয়া মুশতারি,

আমি এখানে মোটেও ব্যাক্তিগত মনোভাব প্রকাশ করছিনা। আপনি যেটাকে প্রথম বলতে চাচ্ছেন সেটা শুধুই ডিজাইন পরিবর্তন এবং আইন প্রনোয়নের ব্যপার , খুব বেশি হলে ২য় সংস্করণ বলতে পারেন।

আর ১৬ ডিসেম্বর আমাদের বিজয় দিবসই। এর সাথে আন্তর্জাতিক ভাবে আরও কয়েকটি দিন গুরুত্বপূর্ন- জাতিসংঘের সদস্য প্রাপ্তি, প্রথম বৈদেশিক রাষ্ট্র দ্বারা স্বীকৃতি প্রাপ্তি এবং যে রাষ্ট্র থেকে স্বাধীনতা প্রাপ্ত সেই রাষ্ট্রের আনুষ্ঠানিক স্বীকৃতি।

১৬ই ডিসেম্বরের কয়েকমাস আগেই দেশের অনেক অঞ্চল সম্পূর্ন শত্রুর ভয় মুক্ত হয়ে গিয়েছিল আবার ১৬ ডিসেম্বরের পরও দেশের অনেক জায়গা নিরাপদ ছিলনা; এমনকি যুদ্ধও চলছিল।

তবে, আপনার ভাবনাকে সম্মান করি।

ধন্যবাদ।

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ২:২২ অপরাহ্ণ
@সংবাদিকা,

আমি বিশ্বাস করি মার্চ মাসেই de facto আমাদের পতাকা উড়ানো হয়।

আমি এখানে মোটেও ব্যাক্তিগত মনোভাব প্রকাশ করছিনা।

আপনার বক্তব্য দুইটি পরস্পর বিরোধী।

আমাদের জাতীয় পতাকা “অফিসিয়ালি” উড়ে ১৭ এপ্রিল ১৯৭১ সালে, বাংলাদেশের প্রথম সরকার (অস্থায়ী) যখন গঠন করা হয়।

প্রমান দিন।

তবে তার আগেই মার্চেই আমাদের পতাকা গৌরবের সাথেই উড়ে দেশে

কবে? কেমনে জানলেন?

৭ই মার্চের সেই বিখ্যাত দিক নির্দেশনা মূলক ভাষণের সময়ও এই পতাকা অনেকে আনেন , এজন্য আমি বিশ্বাস করি মার্চ মাসেই de facto আমাদের পতাকা উড়ানো হয়।

তো official date কোনটা ধরবো? ৭ই মার্চ ১৯৭১? নাকি ১৭ই এপ্রিল ১৯৭১? নাকি মার্চ মাসের কোনও এক তারিখ ১৯৭১?

সংবাদিকা এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ১১:০৭ অপরাহ্ণ
@মুনিয়া মুশতারি,

এটাতো দর্শণ নয়, নিপাট ফ্যাক্ট। আমি ভেবেছিলাম আপনি এসব নিয়ে সামান্য ঘাঁটাঘাঁটি করবেন যার ফলে আপনি আরও অনেক কিছু জানতে পারবেন। যাই হোক আমি এখানে দিয়ে দিচ্ছি , উপকারে আসতে পারে-

১. বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম উত্তোলন - ২রা মার্চ ১৯৭১ (বাংলাদেশের জাতীয় পতাকা দিবস)
২.বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইন পরিবর্তন এবং এর আকার-ব্যবহার বিধি সম্পর্কিত আইন প্রণয়ন - ১৭ জানুয়ারি, ১৯৭২
তাছাড়া অতিরিক্ত -

১. স্বাধীনতার মেনিফেস্টো ঘোষণা - ১ই মার্চ, ১৯৭১
২.কেন্দ্রীয় সরকারের কাছে আল্টিমেটাম - ৭ই মার্চ, ১৯৭১
৩.সরকারের সাথে অসহযোগ আন্দোলনের সূত্রপাত - ৮ ই মার্চ, ১৯৭১
৪.বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা - ২৬ শে মার্চ (স্বাধীনতা দিবস)
৫.বাংলাদেশের প্রথম সরকার গঠন - ১০ই এপ্রিল, ১৯৭১
৬. বাংলাদেশের প্রথম সরকারের শপথ গ্রহণ - ১৭ই এপ্রিল, ১৯৭১
৭.বাংলাদেশের বিজয় দিবস এবং শত্রুবাহিনীর আত্মসমর্পণ - ১৬ই ডিসেম্বর, ১৯৭১
৮. শত্রুবাহিনীর সর্বশেষ আত্মসমর্পণ গ্রহণ (একটি অংশের) - ১৮ ই ডিসেম্বর, ১৯৭১
৯.প্রথম স্বীকৃতি প্রদানকারী বিদেশী রাষ্ট্র - ৬ ই ডিসেম্বর, ১৯৭১ (ভারত)
১০.যুদ্ধের মাধ্যমে যে দেশ হতে স্বাধীনতা প্রাপ্ত , তার স্বীকৃতি - ২২ ফেব্রুয়ারি ১৯৭৪ (পাকিস্তান)
১১.জাতিসংঘের পূর্নাঙ্গ সদস্য পদ লাভ - ১৭ ই সেপ্টেম্বর, ১৯৭৪
এই আলোচনা হাস্যকর ভাবে মূল পোস্টের স্কোপের অনেক বাহিরে চলে যাচ্ছে। এজন্য আমি আর এই বিষয়ে কিছু বলবনা। আমি আপনার আবেগকে সম্মান করি।

ভালো থাকবেন।

মুনিয়া মুশতারী এর জবাব:
মার্চ ৯, ২০১৩ at ৫:১২ পূর্বাহ্ণ
@ সংবাদিকা,

বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম উত্তোলন - ২রা মার্চ ১৯৭১ (বাংলাদেশের জাতীয় পতাকা দিবস)

২ রা মার্চ ১৯৭১ জাতীয় পতাকা দিবস বা National Flag day of Bangladesh . তো National Flag day আর Official adaptation date of flag কি এক জিনিস? আমিতো আপনার কাছে official flag adaptation date জানতে চাচ্ছি। আপনি national flag date দেখাচ্ছেন কেন? আপনি শুধু একটি লিঙ্ক দিয়ে বা যেকোনো প্রমান দিয়ে বলুন যে , আমার দেওয়া তথ্য **১৭ ই জানুয়ারি ১৯৭২ এ official ভাবে পতাকা পরিবর্তন করে, পরিবর্তিত পতাকাকে official পূর্ণ মর্যাদা দিয়ে এবং এই পরিবর্তিত পতাকা কেই প্রতিক হিসেবে চূড়ান্ত করে official ভাবে বাংলার আকাশে উড়ানো হয়েছে** এটি ভুল তাহলেই আমি মেনে নিবো।

এই আলোচনা হাস্যকর ভাবে মূল পোস্টের স্কোপের অনেক বাহিরে চলে যাচ্ছে।

সমস্যা নেই। সব ধরনের আলোচনাই এখানে করা যাবে। আর এখানে আসাই তো হয় ভুল ঠিক করা বা করে দেয়ার জন্য।

30. 30

আকাশ মালিক

মার্চ ৮, ২০১৩ সময়: ১:১৯ পূর্বাহ্ণ লিঙ্ক

বাংলাদেশের একজন খাটি মুসলমান, পড়শী হিন্দু বা খৃস্টান ধর্মের লোকের চেয়ে ফিলিস্তিনী মুসলমানের প্রতি বেশী মহব্বত অনুভব করে।

এটাই তো সমস্যা। এটাই বেশিরভাগ বাঙালি মুসলমানের মানসিক সমস্যা। আবার একটা মজার জিনিস দেখেন, এরা সহানুভূতি feel করবে মুসলিম ফিলিস্তিনিদের জন্য কিন্তুক স্বাচ্ছন্দ্য বোধ করবে খ্রিস্টান আমেরিকায় বসবাস করে। হাতি দিয়া টানলেও কিন্তু ফিলিস্তিন যাইব না বা সৌদি আরবের Citizenship এর জন্য আবেদন করবে না। কী কইতাম রে ভাই............আসলেই লেংসেট ফ্লুকের লীলা বুঝা দায়।

ভাল লাগলো এখানে মুনিয়া মুশতারি, ফারহানা আহমেদ আর বিদ্রোহীর মন্তব্যগুলো পড়ে। কথা যখন বলবেন, বুলস আই টার্গেট করেই বলবেন। নো ত্যানা পাচানি , নো দ্বিধা, নো চুদুর বুদুর। যখন বলা হয়- 'পাঠিয়েছো বাঙ্গালি করে মানুষ করোনি' তখন যারা এই বাক্যটির অর্থ করে যে, এই বাক্য দ্বারা সকল বাঙ্গালিকে অমানুষ বলা হয়েছে, কিংবা যখন বলা হয়- 'হিন্দু পাড়ায় মুসলমান সন্ত্রাসীরা আগুন দিয়েছে' এই বাক্যটির অর্থ করে যে, সকল মুসলমানকেই সন্ত্রাসী বলা হয়েছে, এরা জ্ঞান পাপী। এরা সজ্ঞানেই এই কাজটি করে, বক্তাকে বাঙ্গালি বিদ্বেষী, মুসলিম বিদ্বেষী প্রমাণের লক্ষ্যে। তারা রিলিজিয়াস কনভিকশন থেকে নিরপরাধ মানুষ খুন করা আর নিজের স্বাধিকার আদায়ের সংগ্রামের মধ্যে তালগোল পাকিয়ে মানুষকে বিভ্রান্ত করতে সিদ্ধহস্ত। আমেরিকায় নাফিসের বোমা মারার চেষ্টা , তালেবানদের মালালাকে হত্যার চেষ্টা, শিবিরদের নাস্তিক রাজিবকে হত্যা, হুমায়ুন আযাদকে হত্যা এ সবের সাথে ইহজাগতিক বা পার্থিব কোন স্বার্থের সম্পর্ক নেই। সহাস্যে স্বতস্ফুর্ত ভাবে, ঠান্ডা মাথায়, প্রফুল্লচিত্তে, সানন্দে এরা মানুষ খুন করে শুধুমাত্র রিলিজিয়াস কনভিকশন থেকে আল্লাহকে খুশী করতে, পরজগতে পুরুষ্কৃত হওয়ার লোভে। লোভটা ধর্ম নির্দেশিত , ধর্মগ্রন্থ থেকে পাওয়া। নাস্তিক বিরোধী ডাক দিয়েছিল জামাতে ইসলাম। কই, জামাত বিরোধী কোন ইসলামই তো ঘরে বসে থাকতে পারলোনা। সবাই রাজপথে বেরিয়ে এসে হুংকার শুরু করে দিল।

তামিলদের আত্মঘাতি বোমা বা গাজাকে ইসরাইলের আগ্রাসন মুক্ত করতে আত্মঘাতি বোমা ব্যবহার করা আর বাংলাদেশে মুফতি হান্নান, শায়েখ আব্দুর রহমান ও জামাতিদের আত্মঘাতি বোমা যে সমান নয় তা এরা জেনেও না জানার ভান করে। ইসলামি সন্ত্রাসের জন্যে যখনই কোন মুসলমানের নাম আসবে এরা এক লাফে আন্তর্জাতিক মানের ভদ্র-সুশীল সেজে পশ্চিমের গনতন্ত্র আর ধর্মনিরপেক্ষতার উপমা তুলে ধরবে আর হৈন্যে হয়ে তথ্য -ষড়যন্ত্র খুঁজবে। নাফিস মাসুম! আহ হারে মা -সুম, নিষ্পাপ, কোমল বদন, লাজুক নয়ন, মন কাড়া চেহারা, মায়াবী চোখ কোনদিন পাপ করে নাই, কোনদিন হস্ত মৈথুন করে নাই। আমেরিকা এমন ছাবালটার মগজ ধোলাই করলো। এদের কাছে জাতীয় পতাকা পুড়ানো বাকস্বাধীনতা, খুনীর ফাঁসি শাস্তি অমানবিকতা, যুদ্ধাপরাধীর বিচারের চেয়ে নাস্তিক রাজি বের বিচার আগে জরুরী। তিরিশ লক্ষ মানুষ খুন, দুই লক্ষ নারী ধর্ষণ বড় অপরাধ নয়, বড় অপরাধ মুহাম্মদের সমালোচনা করা। রাতদিন নির্ঘুম রাজিবের লেখা খুঁজে , রাজিবের খুনীর কথা কিছু লিখেনা। এরা কোনদিনই সাতক্ষীরার কান্না, রামুর আর্তনাদ শুনতে পায়না, এক সাথে পাঁচ শো টি বোমার আওয়াজ তাদের কর্ণগোচর হয়না কারণ এ সবের পেছনে মুসলমান নাম জড়িত। এরা জন্ম বধীর। ভারতের মুসলমান, ফিলিস্তিনি মুসলমান, বসনিয়ার মুসলমান, বার্মার মুসলমানদের জন্যে তাদের প্রাণ সর্বদা ব্যাকুল কারণ সেখানে অত্যাচারী অমুসলিম আর বিয়াল্লিশ বছর অতীত হয়ে গেল নিজ দেশের মানুষের কথা তাদের কলমে একবারও ফোটে উঠেনা কারণ এখানে সন্ত্রাসী মুসলমান।

আরেকদল আছে কোরান দিয়ে কোরান রক্ষা করতে চায়। সন্ত্রাসীদের বালটাও এদের ওয়াজ শুনেনা। কেনই বা শুনবে, তোরা কি বালের তাফসির জানিস কোথায় শিখলি কোরানের ভাষা? লাকুম দি নিকুম ওয়ালিয়াদিন এর অর্থ তুমি কাকে শেখাও? মাথায় কাপড় নাই ঘোমটা নাই কপালে লাল টিপ, টেলিভিশনের সামনে বসে ওয়াজ করো কোরানের আয়াত শুনাও। মূর্খ কোথাকার। রাস্তায় কারা মিছিল দিচ্ছে নারায়ে তাকবির বলে গর্জন করছে দেখোনা? কোরান তুমি বেশী বুঝ না তারা বুঝে? মুয়াবিয়া আর আলীর যুদ্ধে দু-দলের কাছেই তো ছিল কোরান। কোরান দিয়েই তো মুয়াবিয়া আলীর সৈন্যদের হত্যা করা জায়েজ করেছিলেন, কোরান দিয়েই তো আলী মুয়াবিয়ার চৌদ্দ গুষ্টিকে গালাগালি করেছিলেন, কোরান দেখিয়েই তো কায়েদে আজম পাকিস্তানকে ভারত থেকে আলাদা করেছিলেন। টেলিভিশনে, টক শোতে, সংসদে, সেমিনারে ভাষণে বক্তৃতায় এদের ওয়াজ শুনলে বমি আসে। এরা চোখ মেলে ঘুমায়। সংসদে দাঁড়িয়ে প্রথমেই বলে বিসমিল্লাহ। এর পর 'আমি মুসলমান, আমার নবীর নাম মুহাম্মদ সল্লাহু আলাইহি অয়া সাল্লাম, আমার নবীর অপমান আমি কোনসময়ই বরদাশ্ত করবোনা'। তোমার মুহাম্মদ আর ইসলাম সংসদের বাইরে রেখে আসতে পারোনা ? তোমার এই বালছাল শুনার জন্যে আমরা ভোট দিয়ে তোমাকে সংসদে পাঠাই নাই। কই তোমার নপুংসক ছাত্র লীগ, যারা দিন দুপুরে হাজার মানুষের সামনে বীরদর্পে মানুষ খুন করে ? পারলোনা সাতক্ষিরার একটা পরিবারের ঘর রক্ষা করতে? পারলোনা একটা ইসলামী সন্ত্রাসীর এক গোছা চুলও ছিড়তে? এখানে দেখি সকল শিয়ালের এক রা। ওরা হিন্দু আমরা মুসলমান ? যতসব ভন্ডের দল। বগলে সন্ত্রাসের দলিল কোরান আর পকেটে মকসুদুল মুমেনিন , রাষ্ট্র চালাইবেন আপনারা? সংবিধানে বিসমিল্লাহ লাগাইয়া

কার কী বুল শিট হইলো? কথায় কথায় তো বিসমিল্লাহ বলেন, রাষ্ট্রের উন্নতি হইছে, মিথ্যাচার চুরি বদমায়েশী কমছে না বরকত বাড়ছে?

চুদুর বুদুর বহুত হইছে, বহুত শুনছি, বাঙ্গালরে ইউনিভার্সিটি দেখাইওনা। সরাও বিসমিল্লাহ, উঠাও রাষ্ট্রধর্ম ইসলাম। লাথি মেরে বের করে দাও ইসলামকে পবিত্র সংসদ থেকে। ইসলামের পাহারাদারি বাদ দেন, দেশ ও দেশের মানুষের পাহারাদার হোন। এক দিকে ধর্মনিরপেক্ষতা অন্য দিকে বিসমিল্লাহ আর রাষ্ট্রধর্ম ইসলাম, এই ভন্ডামী আর কত? একদল বলে আমাদের দেশে তো ইসলামী সন্ত্রাস আগে কোনদিন দেখিনি। আরে ভোদাই, আগে কোরান বাংলায় আছিলনি? আমাদের দেশের মানুষ কোরান বুঝতোনি? ইংরেজি তরজমা, ইন্টারনেট, উই টিউব এ সব ছিল? আরব দেশের মানুষ কোরান বুঝতো, তারা সন্ত্রাস করেছে হাজার বছর, আবু বকর থেকে মুয়াবিয়া বদর থেকে কারবালা পর্যন্ত। ইসলামে সন্ত্রাস নাই, ইসলাম অসাম্প্রদায়িক শান্তির ধর্ম, তো নব্বই পার্সেন্ট মুসলমান থাকতে হিন্দুর ঘর পুড়ে কী ভাবে? একজন মানুষকে নব্বইজন মিলেও ফেরাতে পা রোনা? কী চমৎকার দেখা গেল, সাধু সাধু সাধু!

আদিল মাহমুদ এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ১:৫৭ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,

কয়দিন দেখি আপনার সাড়া শব্দ নাই, ভাবতেছিলাম আপনেও আবার "নাস্তিক শহীদ"দের দলে যোগ হয়ে গেলেন নাকি???

আকাশ মালিক এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ৭:০৫ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

কয়দিন দেখি আপনার সাড়া শব্দ নাই, ভাবতেছিলাম আপনেও আবার "নাস্তিক শহীদ"দের দলে যোগ হয়ে গেলেন নাকি???

শহীদ শব্দ ওদের বাবার সম্পত্তি হয়ে গেছে। রাজিবকে নিয়ে, রাজিবের সবগুলো লেখা তন্ন তন্ন করে খুঁজে বের করে সিরিজ লিখে। বিনা উস্কানিতে অকারণে অপ্রাসঙ্গীকভাবে কথায় কথায় মুক্তমনাকে

টেনে আনে, মুক্তমনাদের গালাগালি করে। ইসলামী সন্ত্রাসীদের বিরোদ্ধে কোনদিন কিছু লিখে ? আমি নব্বই পার্সেন্ট মুসলমানের ভাল মুসলমানদের জিজ্ঞেস করতে চাই , দেশে কত পার্সেন্ট মুসলমান সন্ত্রাসী? ফাইভ পার্সেন্ট? গরীব, নিরীহ, নির্দোষ অমুসলিমদের বাড়ি ঘর পুড়ায় কত পার্সেন্ট মুসলমান? বাকি এইটি ফাইভ পার্সেন্ট কী করে? ৮৫ পার্সেন্ট ভাল মুসলমান ৫ পার্সেন্ট খারাপ মুসলমানকে তো জল বিনেই গিলে ফেলতে পারে। আজ অনেক দেরীতে সুশীলরা স্বীকার করে জামাত সাংঘাতিক শক্তিশালী, ওদের সাথে পারা যাবেনা। বড় আদরে সোহাগে এই ঘৃণ্য মুশিক ছানাদের দীর্ঘ চল্লি শ বছরে সিংহের আসনে বসিয়ে দেয়া হয়েছে। দেখেন বি এন পির অবস্থা। জয় বাংলার ভয়ে শাহবাগ গেলোনা, এখন ৭ মার্চের ভয়ে হরতাল ডেকেছে ঐ দিনই। তবে সব কথার শেষ কথা আমি আশাবাদী হতে পারিনা। জামাত নিষিদ্ধ করা আওয়ামী লীগের রাজনৈতিক বিজয়। এই তান্ডব এই প্রলয় এই ধ্বংস এই ত্যাগ কোন কিছুই আমাদের মুক্তচিন্তা, মুক্তবুদ্ধি চর্চা, কথা প্রকাশের স্বাধীনতা বা সাংস্কৃকিত মুক্তি আনবেনা। এর জন্যে আরেকটা বিপ্লব, আরেকটা গনজাগরণ মঞ্চের প্রয়োজন হবে।

আদিল মাহমুদ এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ৭:২৪ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,

এই তান্ডব এই প্রলয় এই ধ্বংস এই ত্যাগ কোন কিছুই আমাদের মুক্তচিন্তা , মুক্তবুদ্ধি চর্চা, কথা প্রকাশের স্বাধীনতা বা সাংস্কৃকিত মুক্তি আনবেনা

- এসব চিন্তা এখনো আঁতলামি হিশেবে পরিগনিত হবে। ফাঁসী না হয় দেওয়া হল, জামাতও নিষিদ্ধ হল......এরপর? যে বিভাজন দেশের দুই ধারার লোকের মাঝে দেখা গেল এই ধরনের বড় মৌলিক বিভেদ নিয়ে কোন অগ্রগতি সম্ভব নয়, ভিন্নমত আর মূল্যবোধের মৌলিক পার্থক্য এক নয়। সামনে আরো খারাপ দিন আসবে। দেশ নিয়ে আমি এখন আগের চেয়েও হতাশ।

বিদ্রোহী এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ৩:১৬ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,

আপনি তো ভাই একাই খেলা শেষ করে দিলেন। সোজা বোল্ড আউট।

এই আলোচনাতেই দেখা গেল বহু কসরত করে বলার চেষ্টা হচ্ছে - নাফিসকে এখনই মৌলবাদী উন্মাদ বলা যাবে না কারন বিষয়টি আমেরিকায় ঘটেছে, ওটা আমেরিকার ষড়যন্ত্র হতে পারে। অথচ খোদ সেই বাচ্চা ছেলে যে চারিত্রিক দৃঢ়তা দেখিয়েছে তা অকল্পনীয়। আবার বলা হচ্ছে এন এস ইউ - তে ৫ জন কে একই অপরাধে ধরা হয়েছে , তাকে কায়দা করে বলার চেষ্টা হচ্ছে এটা বিচ্ছিন্ন ঘটনা, এমনও বলতে শুনেছি সরকার নাস্তিকদের বিরুদ্ধে যে জামাত আন্দোলনের ডাক দিয়েছে তার মোড় ঘুরাতে নাকি উক্ত ৫ জন নিষ্পাপ ছাত্রদেরকে ধরা হয়েছে। হয়ত খুব তাড়াতাড়ি এর মধ্যে আমেরিকার ষড়যন্ত্র আবিস্কার হতে পারে। সবচেয়ে আজব ঘটনা হলো - কয়দিন আগে পাকিস্তানী একটা শিয়া মসজিদে সুন্নীরা আত্মঘাতী হামলা চালিয়ে ৪৫ জন শিয়াকে হত্যা করেছে, সেখানকার উঠতি রাজনীতিবিদ ইমরান খান বলেছে এটা হলো বিদেশীদের ষড়যন্ত্র। অথচ সুন্নিরা শিয়াদেরকে মুনাফিক বলে গণ্য করে থাকে আর মুনাফিকদের জন্য কি শাস্তি নির্ধারিত তা কোরানে খুবই পরিস্কার করে বলা আছে। যেমন-

তারা চায় যে, তারা যেমন কাফের, তোমরাও তেমনি কাফের হয়ে যাও, যাতে তোমরা এবং তারা সব সমান হয়ে যাও। অতএব, তাদের মধ্যে কাউকে বন্ধুরূপে গ্রহণ করো না, যে পর্যন্ত না তারা আল্লাহর পথে হিজরত করে চলে আসে। অতঃপর যদি তারা বিমুখ হয় , তবে তাদেরকে পাকড়াও কর এবং যেখানে পাও হত্যা কর। তাদের মধ্যে কাউকে বন্ধুরূপে গ্রহণ করো না এবং সাহায্যকারী বানিও না। সূরা নিসা -৪:৮৯

এখানে যাদেরকে কাফির বলছে তারা আসলে মুনাফিক , এরা মদিনায় এসে নবীর কাছে বলত তারা ইসলাম গ্রহন করেছে, মক্কাতে ফিরে গিয়ে বলত তারা ইসলাম ত্যাগ করেছে, এদেরকে বলা হয় মুনাফিক।

হয়ত খুব তাড়াতাড়ি হিন্দুদের বাড়ী ঘরে জামাত শিবির যে আগুন লাগিয়েছে সেটাকেও বিদেশী ষড়যন্ত্র হিসাবে বলা শুরু হবে- কি জানি । কিন্তু কথা সেটা না , কিছু কিছু মুসলমান দেশে দেশে আত্মঘাতী হামলা চালিয়ে যাচ্ছে, এরা আত্মত্যাগের এত বড় দু:সাহসী অনুপ্রেরণা পায় কোথা থেকে ? বলা বাহুল্য ইসলাম তথা কোরান হাদিস থেকে। তথাকথিত মডারেট নামধারী কিছু ভন্ড মুসলমান ছাড়া মৌলবাদী ধর্মোন্মাদদেরকে কখনো বলতে শুনি না যে - **ইসলাম শান্তির ধর্ম**,খুব ঠেকায় না পড়লে তারা এসমস্ত ভগি জগি কথা বলে না, পক্ষান্তরে মডারেটরা **ইসলাম শান্তির ধর্ম** বলতে বলতে মুখে ফেনা তুলে ফেলবে। তারা বলতে থাকে - ইসলাম কাউকে খুন করতে বলে না , কাউকে রগ কাটতে বলে না, কারও ঘরবাড়ী জ্বালিয়ে দিতে বলে না। তখন যদি তাদেরকে কোরান হাদিস থেকে প্রমান করতে বলা হয় তোতা পাখির মত সেই আয়াত দুটি বলে যায়- **দ্বীন নিয়ে বাড়াবাড়ি নেই (কোরান ২:২৫৬) বা তোমার ধর্ম তোমার কাছে আর আমার ধর্ম আমার কাছে (কোরান ১০৯:০৬)** । তখন যদি বলা হয় আল্লাহ তো এ আয়াতদ্বয় পরবর্তীতে অন্য আয়াত দ্বারা বাতিল করে দিয়েছে যার ঘোষণা এখানে - **আমি কোন আয়াত রহিত করলে অথবা বিস্মৃত করিয়ে দিলে তদপেক্ষা উত্তম অথবা তার সমপর্যায়ের আয়াত আনয়ন করি। তুমি কি জান না যে , আল্লাহ সব কিছুর উপর শক্তিমান? সূরা বাকারা ২:১০৬**

কি সেই উত্তম আয়াত ?

অতঃপর নিষিদ্ধ মাস অতিবাহিত হলে মুশরিকদের হত্যা কর যেখানে তাদের পাও , তাদের বন্দী কর এবং অবরোধ কর। আর প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎ পেতে বসে থাক। কিন্তু যদি তারা তওবা করে, নামায কায়েম করে, যাকাত আদায় করে, তবে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয় আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু।সূরা আত তাওবা ৯:০৫

তোমরা যুদ্ধ কর আহলে-কিতাবের ঐ লোকদের সাথে, যারা আল্লাহ ও রোজ হাশরে ঈমান রাখে না, আল্লাহ ও তাঁর রসূল যা হারাম করে দিয়েছেন তা হারাম করে না এবং গ্রহণ করে না সত্য ধর্ম, যতক্ষণ না করজোড়ে তারা জিযিয়া প্রদান করে। সূরা আত তাওবা ৯:২৯

এ আয়াত দুটো দেখালে শুরু হয় যত রকমের ধানাই পানাই , প্রথমে বিশ্বাসই করতে চায় না যে এ ধরনের আয়াত কোরানে আছে, বলে অনুবাদ ভুল, যদি কয়েকটি অনুবাদ থেকে দেখানো হয় তখন বলে এর নিশ্চয়ই কোন কারন আছে , যদি তফসির থেকে কারন দেখানো হয় তখন বলে এটা সেই নবীর আমলের জন্য প্রজোয্য ছিল, তখন যদি বলা হয়, তাই যদি হয় তাহলে ২:২৫৬ ও ১০৯:৬ আয়াতদ্বয়ের শান্তির ক্ষেত্রেও কেন বলা হবে না সে দুটো সেই সময়ের জন্য প্রযোজ্য ছিল? দুই একজন অবশ্য সাহস করে বলে যে আসলে যা মানবিক সেটাই পালন করা উচিত। তখন যদি বলা হয় - তাহলে আর ধর্ম নিয়ে এত চিল্লাচিল্লি করে কি লাভ? তখন জোর করে কথা অন্য দিকে ঘুরায়। বলা বাহুল্য এরা কোরানের আয়াত বাতিলের কথা শোনা তো দুরের কথা জীবনে কোন দিন কোরানটা নিজের মাতৃভাষায় পড়েনি। না পড়েই অত্যন্ত দৃঢ়তার সাথে তার ধর্মকে ডিফেন্ড করে যায়।

অন্য দিকে মৌলবাদীরা কোরানের এসব বানী মনে প্রানে বিশ্বাস ক'রে তা অনুসরণ করার চেষ্টা করে এজন্য মৌলবাদীদেরকে ধন্যবাদ দিতে হয় , তারা অন্তত: ভন্ডামি করে না, তারা তাদের বিশ্বাস ও আদর্শের কাছে সৎ। এজন্য আমি তাদেরকে সম্মান করি । বড়ই পিচ্ছিল প্রাণী এই তথাকথিত মডারেট মুসলমানেরা। তারা ইসলামের নামে নিজের দেশে কোথাও সন্ত্রাসী কান্ড হলে লোক দেখানোর জন্য বলবে সন্ত্রাসীরা ইসলাম নিয়ে ব্যবসা করছে, পক্ষান্তরে আমেরিকা বা পশ্চিমা কোন দেশে সেটা ঘটলে মনে মনে উৎফুল্ল হবে যার বহি:প্রকাশও দেখা যাবে পরিস্কার। জাজ্বল্য প্রমান ২০০১ সালে আমেরিকার বিশ্ব বানিজ্য কেন্দ্র ধ্বংস হলে খুব কম মুসলমানকে দেখা গেছে দু:খ প্রকাশ করতে। অমুসলমানদের সাথে যখন এ বিষয়ে তারা মত বিনিময় করেছে তখন কৃত্রিম দু:খ প্রকাশ করেছে , আর নিজেদের মধ্যে যখন কথা বলেছে তখন খুশীতে আটখানা হ য়েছে। কারন একটাই আমেরিকা মুসলমানদের চিহ্নিত ও প্রমানিত শত্রু। আর তাই মুসলমানদের নৈতিক দায়িত্ব সেখানে যেভাবে পারা যায় সন্ত্রাসী হামলা করা। ওসামা বিন লাদেন তাই অধিকাংশ মুসলমানদের মহানায়ক।

বড় অদ্ভুত দেশ এই বাংলাদেশ। বড় রাজনৈতিক দল যেমন আওয়ামী লিগ, বি এন পি বাংলাদেশ একটা ধর্ম নিরপেক্ষ দেশ বলতে বলতে ফেনা তুলে ফেলে অথচ রাষ্ট্র ধর্ম ইসলাম আর সংবিধান কাউকে পড়তে গেলে আবশ্যকীয়ভাবে বলতে হবে - **বিসমিল্লাহির রহমানির রাহিম।** এর চাইতে

ভন্ডামি দুনিয়ার আর কোন দেশে রাষ্ট্রীয় ভাবে আছে কি না তা জানা নেই। কারও জানা থাকলে বলতে পারেন।

*গোলাপ*এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ৯:৫০ পূর্বাহ্ণ
@বিদ্রোহী,

বলা বাহুল্য এরা কোরানের আয়াত বাতিলের কথা শোনা তো দুরের কথা জীবনে কোন দিন কোরানটা নিজের মাতৃভাষায় পড়েনি। না পড়েই অত্যন্ত দৃঢ়তার সাথে তার ধর্মকে ডিফেন্ড করে যায়।

আপনার মন্তব্যগুলো খুব ভাল লেগেছে। ছোট বেলায় গোপাল ভাঁড়ের এক গল্পে পড়েছিলাম পৃথিবীতে সবচেয়ে বেশী সংখ্যক মানুষ "ডাক্তারী" গ্যান ফলাও করেন। গোপাল ভাঁড় তা প্রমাণ ও করে দিয়েছিলেন রাজাকে। অসুস্থতার ভান করে যখন তিনি রাজ -সভায় উপস্থিত হয়েছিলেন তখন রাজ-সভার সদস্য বৃন্দের তার অসুস্থতার কারন ও নানাবিধ চিকিৎসা পরামর্শের মন্তব্যের মাধ্যমে। পরবর্তীতে বুঝেছি ডাক্তারী গ্যানের চেয়েও যে বিশয়ে আরও বেশী সংখ্যক মানুষ গ্যান দান করেন তা হলো "ধর্ম-সন্ক্রান্ত"। আমার "কুরানে বিগ্যান" এর ২৭তম পর্বের (প্রকাশের অপেক্ষায়)কিছু অংশ:

পর্ব- ২৭: **হুমকি-শাসানী-ভীতি-অসম্মান ও দোষারোপ তত্ব** - দুই (মদিনায় মুহাম্মদ)
–-
370. ৯:৫২ - আপনি বলুন, তোমরা তো তোমাদের জন্যে দুটি কল্যাণের একটি প্রত্যাশা কর; আর আমরা প্রত্যাশায় আছি তোমাদের জন্যে যে, আল্লাহ তোমাদের আযাব দান করুন নিজের পক্ষ থেকে **অথবা আমাদের হস্তে।** সুতরাং তোমরা অপেক্ষা কর, আমরাও তোমাদের সাথে অপেক্ষমাণ।
>>>> মুসলমানদের ক্ষমতা বৃদ্ধির সাথে সাথে শুধু "আল্লাহর আযাব" এর উপর সম্পূর্ণ আস্থা না রেখে তা পরিবর্তন করা হয়েছে, আল্লাহর আযাব অথবা **'আমাদের হস্তে' (৯:৫২)।**" আল্লাহর আযাব অনিশ্চিত বিশ্বাস মাত্র, আর অমুসলিমদের উপর মুহাম্মদ ও তার অনুসারীদের আযাব বাস্তব। মুহাম্মদের সর্বশেষ বানী হল এই সুরা তওবা: "পরবর্তী সময়ে নাযিল কৃত আয়াত পূর্ববর্তী আয়াতকে নাকচ করে (Abrogate)"।
পাঠক, আবারও মনযোগের সাথে খেয়াল করুন! বিফল ও অক্ষম মুহাম্মদের মক্কার আপাত সহনশীল বাণী, "আপনি তাদের উপর জোরজবরকারী নন (৫০:৪৫)। আপনি তো কেবল একজন উপদেশদাতা, আপনি তাদের শাসক নন (৮৮:২১-২২)' - 'ছিল মুহাম্মদের মক্কা-জীবনে। যখন তার বাহুবল ও জনবলের কোনটাই ছিল না তার নিজেরই আত্মীয়, পরিবার, পরিজন ও মক্কাবাসীদের সাথে যুদ্ধ করার। সে সময় 'অবিশ্বাসীদের শাস্তি" আল্লাহর উপর (মৃত্যু-পরবর্তী দোযখ)' ছেড়ে দেয়া ছাড়া মুহাম্মদের গত্যন্তর ছিল না। সেখানেও তিনি পরোক্ষ হুমকি -শাশানী-তাচ্ছিল্য কোন কিছুই বাদ রাখেন নাই।! ঐ সব আপাত সহনশীল/ শান্তির বাণী কর্পুরের মত উধাও হয়ে মদিনায় সফল ও শক্তি মান মুহাম্মদের আসল চেহারায় আত্ম-প্রকাশ! মদিনায় মুহাম্মদের শক্তি-বৃদ্ধির সাথে সাথে অমুসলিমদের ও তাঁর বিরুদ্ধবাদীদের প্রতি কঠিন থেকে কঠিনতর প্রত্যক্ষ হুমকি ও হত্যার নির্দেশ! দোযখের হুমকির

সাথে সাথে তিনি এবং তার অনুসারীরা দুনিয়াতেই ['**আমাদের হস্তে**' (৯:৫২)] সে 'শাস্তি' প্রতিষ্ঠার ব্যবস্থা রেখেছেন!
সুতরাং, জিহাদিরা কেন মানুষ খুন করে তা অতি সহজেই বুঝা যায় কুরান -সিরাত-হাদিসের পর্যালোচনায়। নি:সন্দেহে এই জিহাদিরাই আখেরি নবীর শিক্ষা-আদেশ ও নির্দেশ সহি ভাবে পালনের চেষ্টা করছে। আর ভণ্ড (Hypocrite), ধুরন্ধর ও মতলবি ইসলাম-বাজরা (তথাকথিত মোডারেট) যেখানে যেমন সেখানে তেমন কুরানের অপব্যাখ্যা করে যুগে যুগে সাধারণ মুসলমানদের বিভ্রান্ত করে এসেছে। এই জিহাদিরা তাদের নিষ্ঠা ও আত্মত্যাগের মাধ্যমে যখন যেখানেই "ইসলামী শাসন প্রতিষ্ঠা করেছে", এই ইসলাম-বাজরা রং পরিবর্তন করে সুর পাল্টে তাদের সাথে এক যোগে কাজ করেছে। এটা ইতিহাসের শিক্ষা।

মোডারেট মুসলমান তাদেরকেই বলা হয় যারা বিবেকের তাড়নায় কিংবা প্রতারণার আশ্রয়ে (তাকিয়া) অথবা অজ্ঞতা হেতু ইসলামের কদর্য আদেশ-নিষেধকে পরিহার করে চলেন। ইসলামে কোন কোমল (Mild), মোডারেট অথবা মৌলবাদী শ্রেণী বিভাগ নেই। ইসলাম একটিই! আর তা হলো মুহাম্মদের ইসলাম! বাঁকি সবই "ইসলামী রাজনীতি"।



*বিদ্রোহী*এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ২:৩০ অপরাহ্ণ
@গোলাপ,

কিন্তু আমি একটা বিষয় এখনও বুঝতে পারি নি।
সেটা হলো কোরান ও হাদিসে সুস্পষ্টভাবে নির্দেশ আছে যারা নাস্তিক , মুরতাদ, মুনাফেক, কাফির, মুশরিক তাদেরকে তাদের বাসস্থান থেকে উচ্ছেদ করতে , খুন করতে; তা হলে তারা তো দুনিয়াতেই সাজা পেয়ে গেল।এর পর আখেরাতের মাঠে তাদের আবার বিচার হবে কেন ? একই অপরাধে দুইবার বিচার হয় কেমনে ? নাকি তাদের কোন বিচার হবে না সেখানে ? তারা কি তখন ৭০ (মতান্তরে ৭০,০০০) হুরদের সাথে ফুর্তি করতে সরাসরি বেহেস্তে চলে যাবে নাকি ?
আর যদি একই অপরাধে দুই বার বিচার না হয়ে থাকে , তাহলেও একটা সমস্যা থেকেই যায়। যদি কেউ কাফির নাস্তিক হয় সেই অপরাধটা সে করে আল্লাহর কাছে, দুনিয়ার কারো কাছে নয়। কারন এটা বিশ্বাসের ব্যপার। তাই সে অন্যায়ের শাস্তি দেয়ার একমাত্র মালিক হলো আল্লাহ , দুনিয়ার কেউ নয়। এখন এই যে দুনিয়ার ধর্মোন্মাদরা এদেরকে নির্মমভাবে হত্যা করে সরাসরি শাস্তি দিচ্ছে, সেটা কি আল্লাহর ক্ষমতাকে নিজেদের হাতে নিয়ে নেয়া হলো না ? এটা কি মহা শিরক হয়ে গেল না ?

তাহলে প্রশ্ন হলো - কোরান হাদিসে কাফের নাস্তিকদেরকে খুন করার নির্দেশটা কি পক্ষান্তরে আল্লাহ বা নবী নিজেরাই তার বিশ্বাসী বা অনুসারী মানুষদেরকে শিরক করতে উৎসাহিত করছে না ? অথচ

শিরক হলো ইসলামে সবচাইতে বড় গুনাহ যার কোন মাফ নেই। সব তো কেমন যেন তালগোল পাকিয়ে যাচ্ছে , কিছুই তো বুঝছি না।

কেউ কি আছেন বুঝিয়ে দেয়ার মত ?

গোলাপ এর জবাব:
মার্চ ৯, ২০১৩ at ৯:৪০ পূর্বাহ্ণ
@বিদ্রোহী,

সব তো কেমন যেন তালগোল পাকিয়ে যাচ্ছে , কিছুই তো বুঝছি না।
কেউ কি আছেন বুঝিয়ে দেয়ার মত ?

আপনি ঠিকই ধরেছেন। কুরানে এমন শত শত বানী আছে যার আদৌ কোন "সেন্স" নাই। যাদের চোখে-কানে-মনে "বিশ্বাসের সীল" মারা আছে তারা এ সকল contradiction দেখতে না পেলেও যে কোন মুক্ত-চিন্তার মানুষ তা অতি সহজেই সনাক্ত করতে পারেন। কুরানে বিগ্যানের ২০, ২১ ও ২২ পর্বে এর কিছু নমুনা তুলে ধরেছি।



মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ৩:২৫ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,

কথা যখন বলবেন, বুলস আই টার্গেট করেই বলবেন। নো ত্যানা পাচানি , নো দ্বিধা, নো চুদুর বুদুর।

শিখতেসি।

চুদুর বুদুর বহুত হইছে, বহুত শুনছি, বাঙ্গালরে ইউনিভার্সিটি দেখাইওনা। সরাও বিসমিল্লাহ, উঠাও রাষ্ট্রধর্ম ইসলাম। লাথি মেরে বের করে দাও ইসলামকে পবিত্র সংসদ থেকে। ইসলামের পাহারাদারি বাদ দেন, দেশ ও দেশের মানুষের পাহারাদার হোন। এক দিকে ধর্মনিরপেক্ষতা অন্য দিকে বিসমিল্লাহ আর রাষ্ট্রধর্ম ইসলাম, এই ভন্ডামী আর কত?

চুদুর বুদুর ,মাহমুদুর, ধর্মান্ধ মানুষরূপী কুকুর নিপাত যাক।

একদল বলে আমাদের দেশে তো ইসলামী সন্ত্রাস আগে কোনদিন দেখিনি। আরে ভোদাই, আগে কোরান বাংলায় আছিলনি? আমাদের দেশের মানুষ কোরান বুঝতোনি ? ইংরেজি তরজমা, ইন্টারনেট, উই টিউব এ সব ছিল?

এই কথাডা কইলে কয় কোরানের ইংরাজি তর্জমা পড়া বন্ধ দেয়া হোক, ইন্টারনেট ও ইউটিউব দেশ থেইক্কা উডায়া দেওয়া হোক।

অর্ফিউস এর জবাব:

মার্চ ৯, ২০১৩ at ৪:৫৮ অপরাহ্ণ

@মুনিয়া মুশতারি,

এই কথাডা কইলে কয় কোরানের ইংরাজি তর্জমা পড়া বন্ধ দেয়া হোক, ইন্টারনেট ও ইউটিউব দেশ থেইক্কা উডায়া দেওয়া হোক।

হিব্রু ভাষায় কোরান পড়ার ব্যবস্থা করলে ভাল হইত।একেবারে খাঁটি ইয়াহুদি ভাষা



মুনিয়া মুশতারী এর জবাব:

মার্চ ৯, ২০১৩ at ৯:১৮ অপরাহ্ণ

@অর্ফিউস,

কোরান এর অর্থ না জাইনা অন্ধভাবে বিশ্বাস করলে তো আরও সওয়াব ।

অর্ফিউস এর জবাব:

মার্চ ৯, ২০১৩ at ১০:০৬ অপরাহ্ণ

@মুনিয়া মুশতারী, সে আর বলতে। এইটা না কোরানেই লেখা আছে।

অভিজিৎ এর জবাব:

মার্চ ১০, ২০১৩ at ৫:৪৮ পূর্বাহ্ণ

@মুনিয়া মুশতারী,

এই প্রবন্ধে আলোচনার জন্য ধন্যবাদ জানাচ্ছি। ইমেল চেক করুন, এবং লগ ইন করে মন্তব্য করতে পারেন।

---

31. 31

অভিজিৎ

মার্চ ৮, ২০১৩ সময়: ১:৩৫ পূর্বাহ্ণ লিঙ্ক

ব্রেকিং নিউজ - আজকে আরেকজন ব্লগারকে ছুরিকাহত করা হয়েছে!

পল্লবীতে ব্লগার ছুরিকাহত
নিজস্ব প্রতিবেদক বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

আহমেদ রাজীব হায়দার হত্যাকাণ্ডের ২০ দিনের মধ্যে রাজধানীর পল্লবীতে দুর্বৃত্তের ছুরিকাঘাতে আহত হয়েছেন এক ব্লগার।

আহত সানিউর রহমানকে (২৮) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তিনি আশঙ্কামুক্ত বলে পুলিশ জানিয়েছে।

বৃহস্পতিবার রাত সাড়ে ৮টার দিকে পূরবী প্রেক্ষাগৃহের কাছে সানিউর ছুরিকাহত হন বলে জানান পল্লবী থানার পরিদর্শক (তদন্ত) বিপ্লব কিশোর শীল।

সানিউরের বাসা রূপনগর ইস্টার্ন হাউজিংয়ে। তিনি ওই সময় বাসায় ফিরছিলেন।

পুলিশ কর্মকর্তা বিপ্লব বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, "কে বা কারা সানিউরের মাথায় এবং পায়ে ছুরিকাঘাত করে।"

স্থানীয়রাই সানিউরকে উদ্ধার করে কাছের একটি ক্লিনিকে নিয়ে যায়। পরে তাকে পাঠানো হয় ঢাকা মেডিকেলে।

সানিউর হাসপাতালে সাংবাদিকদের বলেন, “আমি ফার্মগেইট থেকে রওনা হয়ে পূরবী সিনেমা হলের সামনে বাস থেকে নামি। এরপর হেঁটে বাসায় যাওয়ার সময় পাঞ্জাবি পরা দুই যুবক আমাকে আক্রমণ করে। তাদের মুখে দাড়ি ছিল। ” ...

বিস্তারিত এখানে।

অর্ফিউস এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ১:৪৭ পূর্বাহ্ণ
@অভিজিৎদা, খুবই খারাপ খবর সন্দেহ নেই।কিন্তু বেছে বেছে ব্লগারদেরকেই টার্গেট করে এদের লাভটা কি যেখানে বেশিরভাগ ব্লগারই ছদ্মনামে লিখে থাকেন, নিজেদের পরিচয় না জানিয়ে?সত্যি এই অমানুষদের দৈন্যতা খুব চোখে লাগার মত।যাহোক কোন সমালচনাই মৃত মানুষকে জীবিত করতে পারে না, কাজেই শুনে ভাল লাগছে যে ভদ্রলোক বেঁচে আছেন।

আদিল মাহমুদ এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ১:৫৯ পূর্বাহ্ণ
@অর্ফিউস,

সিদ্ধান্ত নেবার মত পর্যায়ে আসার আগে আরেকটু অপেক্ষা করা দরকার ......এই রকম একটা ঘটনাতেও কোন রকমে ছিনতাই বা ব্যাক্তিগত কোন কারনে ঘটেছে এমন বোঝা গেলে কিন্তু সেটাকে কেন্দ্র করে নুতন পর্যায়ে ম্যাতকার শুরু হবে; কিভাবে বিশেষ এক সম্প্রদায়ের লোক এবং বিশ্বাসকে হেয় করার জন্য নাস্তিকের দল অপেক্ষা করে থাকে...।।

অর্ফিউস এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ২:৩৭ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ, হুম আদিল ভাই, কথাটা মন্দ বলেন নি। আপনার এই অসাধারণ দূরদৃষ্টি কে আমি একাধারে অসম্ভব শ্রদ্ধা করি, আর মাঝে মাঝে একটু ঈর্ষাও (ঠাট্টা করলাম আর কি) .কিন্তু ব্যপার যেখানে দাঁড়ি নিয়ে তাই আমার মনে হয়েছিল যে এটাও ওদের কাজ হলেও হতে পারে!যাক ভুলটা ধরিয়ে দেয়ার জন্য ধন্য বাদ।

ভাল কথা ভাই , সেদিনের পর থেকে সচলায়তনের ওই লিঙ্কটা (গো আযমের পুর্ব পাকিস্তানে ফেরার চক্রান্ত) ওপেন হচ্ছে না। এটা ওদের নিজের সমস্যা নাকি, আবার সরকার কিছু করল কে জানে?আপনি কি সহজেই ওপেন করতে পারছেন সচলায়তন?

32. 32

মুনিয়া মুশতারি

মার্চ ৮, ২০১৩ সময়: ৩:৫০ পূর্বাহ্ণ লিঙ্ক

@ অর্ফিউস,

ব্লগারদেরকেই টার্গেট করে এদের লাভটা কি যেখানে বেশিরভাগ ব্লগারই ছদ্মনামে লিখে থাকেন, নিজেদের পরিচয় না জানিয়ে?

বেশিরভাগ ব্লগারই যদি ছদ্মনামে লিখে থাকেন তাহলে জঙ্গিরা ব্লগারদের শনাক্ত করছে কিভাবে?

*অর্ফিউস*এর জবাব:

মার্চ ৮, ২০১৩ at ৪:৩৫ অপরাহ্ণ

@মুনিয়া মুশতারি,

বেশিরভাগ ব্লগারই যদি ছদ্মনামে লিখে থাকেন তাহলে জঙ্গিরা ব্লগারদের শনাক্ত করছে কিভাবে?

আসলে বলা উচিত ছিল যে আমি যাদের লেখা পড়েছি, তাদের মধ্যে বেশিরভাগই ছদ্মনামে লিখে থাকেন অথবা অন্যকিছু?মুক্ত মনাতেই ব্লগার লিস্ট দেখুন না।যারা ইসলাম বিরোধী লেখা লিখেন তাঁরা কয়জন আসল নামে আর কয়জন ছদ্মনামে লিখছেন নিজেই বুঝে যাবেন। তব ইসলাম বিরোধী লেখা না লিখলেই যে মৌলবাদীদের টার্গেট হবেন না সেটা জোর দিয়ে বলা যায় না।ওদের টার্গেটে পরিনত হতে হলে ওদের বিরুদ্ধে কিছু একটা বলাই যথেষ্ট।

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ৮:১৩ অপরাহ্ণ
@অর্ফিউস,

মুক্তমনায় কয়জন বেনামে বা আসল নামে লেখে সেটা তো জানতে চাইনি। আমি তো কৌতূহল বশতঃ জিজ্ঞাস করলাম যে, বেনামে লেখার পরেও জামাতিরা আসল লোককে কি বুদ্ধি খাটিয়ে চিনে ফেলতেসে?



অর্ফিউস এর জবাব:
মার্চ ৮, ২০১৩ at ১১:৩১ অপরাহ্ণ
@মুনিয়া মুশতারি, সেইটা আমি কিভাবে বলি বলেন? আমি তো আর ওদের ভিতরে গিয়ে দেখে আসিনি নি।আমার নিজেরও একই প্রশ্ন। তবে আমি দেখছি যে তারা বেছে বেছে সে সব সাহসী ব্লগার দের ধরছে যারা নিজেদের নাম পরিচয় গোপন করে না।সেক্ষেত্রে তারা যে ধারারই হোক না কেন।এদের কাছে কল্লা দিতে চাইলে মনে হয় না যে বিরাট কোন অপরাধ করা লাগে।

আপনি দেখেন যে আসিফ মহিউদ্দিনের ছবি কিন্তু সবাই দেখেছে আর সবাই চেনে উনাকে।রাজিবের ছবিও দেখেছি আমরা(যদিও আমি রাজিবের ছবি উনার মৃত্যুর আগে দেখিনি এবং উনার নাম শুনিনি)। কাজেই যারা সক্রিয় তাদেরই মৌলবাদী রা ধরছে।
তাদেরকে স্যালুট দেবার পাশাপাশি নিজের সমপর্কে একটা তিক্ত সত্য বলতে চা ই আর তা হল নিজের পরিচয় প্রকাশ করে সরাসরি ইসলামের বিরোধিতা করার মত সাহস আমি অর্জন করতে পারি নি, আর এটাই তিক্ত বাস্তবতা।

মুনিয়া মুশতারী এর জবাব:
মার্চ ৯, ২০১৩ at ৫:১৬ পূর্বাহ্ণ
@অর্ফিউস,

কথা সত্য।

33. 33

আকাশ মালিক

মার্চ ৮, ২০১৩ সময়: ৬:৫৩ অপরাহ্ণলিঙ্ক

নারী জাগরণ সমাবেশের মধ্যেই শাহবাগে গণজাগরণ মঞ্চের কাছে দুটি হাতবোমা বিস্ফোরিত হয়েছে।

34. 34

আকাশ মালিক

মার্চ ৯, ২০১৩ সময়: ৬:৩৫ পূর্বাহ্ণলিঙ্ক

“First they came for the Communists, but I was not a Communist, so I said nothing. Then they came for the Social Democrats, but I was not a Social Democrat, so I did nothing. Then came the trade unionists, but I was not a trade unionist. And then they came for the Jews, but I was not a Jew, so I did little. Then when they came for me, there was no one left to stand up for me.”

ওরা আসছে, ওদের হাত থেকে কারো মুক্তি নেই, এমন কি সেই সুশীলদেরও যারা ইসলামের বিরোদ্ধে কোনদিন কিছু বলেন নি। ইসলামি চেতনার উপরে মুক্তিযোদ্ধের চেতনা , ইসলামি সংস্কৃতির উপরে বাঙ্গালি সংস্কৃতি ইসলাম মানবেনা। সেটা তারা প্রকাশ্যে অনেকবারই বলেছে, আর আমরা চুপ থেকেছি। সর্বশেষ ইসলাম রক্ত পান করলো এক নির্দোষ মেধাবী বালকের।

তানভীর তার পরীক্ষার রিজাল্ট দেখে যেতে পারলোনা।





মুনিয়া মুশতারী এর জবাব:
মার্চ ৯, ২০১৩ at ৯:৩০ অপরাহ্ণ
@আকাশ মালিক,

আচ্ছা তানভীরের অপরাধ কি? তার বাবা নারায়ণগঞ্জ গণজাগরণ মঞ্চের একজন আহবায়ক তাই তো? তো সেটার জন্য তানভীরকে মরতে হয় কেন? আমরা কি কাদের মোল্লার অপরাধের জন্য কাদের মোল্লার ছেলে-মেয়ে, নাতি-পুতিরে ফাঁসি দিসি?

মনজুর মুরশেদ এর জবাব:
মার্চ ১৩, ২০১৩ at ১:০৩ পূর্বাহ্ণ
@মুনিয়া মুশতারী,

এত দ্রুত ত্বকির খুনীদের ব্যাপারে সিদ্ধান্ত নেয়া ঠিক হবেনা। তার বাবা নারায়ণগঞ্জ গণজাগরণ মঞ্চের একজন আহবায়ক-স্বাভাবিকভাবেই জামাত-শিবিরকে সন্দেহের তালিকায় রাখতে হবে। তবে মনে

রাখতে হবে মৌলবাদীদের বাইরেও অন্য কারো খু ন করার মোটিভ থাকতে পারে। দেশে গুপ্তহত্যা চলছে; চলমান অস্থিরতার সুযোগ নিয়ে অনেকেই তাদের ব্যক্তিগত বোঝাপড়া সেরে নিতে পারে।



মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ১৫, ২০১৩ at ৬:১০ অপরাহ্ণ
@মনজুর মুরশেদ,

এত দ্রুত ত্বকির খুনীদের ব্যাপারে সিদ্ধান্ত নেয়া ঠিক হবেনা। তার বাবা নারায়ণগঞ্জ গণজাগরণ মঞ্চের একজন আহবায়ক-স্বাভাবিকভাবেই জামাত-শিবিরকে সন্দেহের তালিকায় রাখতে হবে…………।দেশে গুপ্তহত্যা চলছে; চলমান অস্থিরতার সুযোগ নিয়ে অনেকেই তাদের ব্যক্তিগত বোঝাপড়া সেরে নিতে পারে।

জি আপনার কথায়ও যুক্তি আছে। তানভিরের হত্যাকারীরা ধরা পরলেই বুঝা যাবে যে খুনের পেছনে কাদের হাত ছিল।

সংবাদিকা এর জবাব:
মার্চ ১৭, ২০১৩ at ৭:৩৪ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,

নিষ্পাপ শিশুটিকে কেন হত্যা করলেন? (দৈনিক প্রথম আলো)
এজন্যই prejudice নিয়ে শূন্যর উপর কো ন মন্তব্য করতে নেই! বিশেষ ভাবে যারা ছদ্মনামে ব্লগিং করে তাদের জন্য এটা আরও গর্হিত ব্যাপার - কেননা এটা নিজের গা বাঁচিয়ে দ্বায়িত্বহীনতার ব্যপার চলে আসে। ত্বকীর হত্যাকারী আসলে কারা এটা এখনো ধোঁয়াশার মধ্য। আসল অপরাধী কারা কিংবা কে এটা বের না হওয়া পর্যন্ত কোন মন্তব্য করা উচিত নয়।

আপনার এই মন্তব্য বড় বেশি দৃষ্টিকটু! এবং ত্বকীর বিদেহী আত্মার জন্য অসম্মানজনক। আপনার উচিত সঞ্চালক বরাবর অনুরোধ জানানো তারা যেন আপনার মন্তব্যর এই থ্রেড যেন ডিলিট করে দেয়।

জামাতের অনেক কুকর্ম আছে তবে তারা ছাড়াও আরও অনেকেই কুকর্ম করে। সব কিছুই জামাতের ঘাড়ে চাপাতে গেলে দীর্ঘ মেয়াদে তাদের লাভ বৈ কোন ক্ষতি হবেনা!

*আদিল মাহমুদ*এর জবাব:
মার্চ ১৭, ২০১৩ at ৮:০১ পূর্বাহ্ণ
@সংবাদিকা,

একমত।

*আকাশ মালিক*এর জবাব:
মার্চ ১৭, ২০১৩ at ৯:২৩ পূর্বাহ্ণ
@সংবাদিকা,

ভুল হয়েছে, আমি দুঃখিত। আর এই মর্মে মডারেটর সমীপে অনুরোধ করছি সংশ্লিষ্ট মন্তব্যটি ডিলিট করে দেয়ার জন্যে।

35. 35

বিদ্রোহী
মার্চ ১০, ২০১৩ সময়: ১২:১৫ পূর্বাহ্ণ লিঙ্ক

আমার দৃঢ় বিশ্বাস যদি বাংলাদেশ আফগানিস্তানের মত দেশ কোন দিন হয় তাহলে এই নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ৫ জন ছাত্র - ফয়সাল বিন নাইম, মাকসুদুল হাসান অনিক, এহসানুর রেজা রোমান, নাঈম সিকদার ও নাফিস ইমতিয়াজ- এরা বীর গাজি হিসাবে সম্মানিত হবে যদি বিচারে এদের ফাঁসি না হয়। ফাঁসি হলে হবে মহান শহিদ।

আবার বাংলাদেশ কোনদিন চুড়ান্ত রকম ধর্ম নিরপেক্ষ উদার দেশ হলে রাজিব হবে বীর শহিদ। কিন্তু আসলেই কি শহিদ হবে কারন একজন নাস্তিক তো মনে করে না কেউ শহীদ বা গাজী হতে পারে, এগুলো তে ধর্মীয় টার্ম। তাহলে কি হতে পারে ? এ ব্যাপারে কারও কোন আইডিয়া আছে ?

আকাশ মালিক এর জবাব:
মার্চ ১০, ২০১৩ at ৩:৫০ পূর্বাহ্ণ
@বিদ্রোহী,

একজন নাস্তিক তো মনে করে না কেউ শহীদ বা গাজী হতে পারে, এগুলো তে ধর্মীয় টার্ম। তাহলে কি হতে পারে ? এ ব্যাপারে কারও কোন আইডিয়া আছে ?

কোন ধর্মের টার্ম? হিন্দু মুক্তিযোদ্ধাদের নামের সাথেও তো শহীদ লাগানো হয়।

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ১৫, ২০১৩ at ৭:৪৪ অপরাহ্ণ
@আকাশ মালিক,

হিন্দু মুক্তিযোদ্ধাদের নামের সাথেও তো শহীদ লাগানো হয়।

হে হে 😁। কতিপয় মুছলিম ও তাহাদের সমমনা আরও কিছু মুছলিম হিন্দু মুক্তিযোদ্ধাগনের নামের আগে শহীদ খেতাব মুছিয়া ফেলার ১০১ টি কারন ও উপায় বর্ণনা করিয়া থাকেন। আরও কতিপয় মুছলিম আছেন যাহারা মুখ ফুটিয়া মুছার কথা বলেন না কিন্তু তাহাদের ভাবসাব দেখিলে বুঝা যায় যে এই মুছামুছিতে তাহাদের সমর্থন আছে।



মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ১৫, ২০১৩ at ৬:৪৯ অপরাহ্ণ
@বিদ্রোহী,

কিন্তু আসলেই কি শহিদ হবে কারন একজন নাস্তিক তো মনে করে না কেউ শহীদ বা গাজী হতে পারে, এগুলো তে ধর্মীয় টার্ম। তাহলে কি হতে পারে ? এ ব্যপারে কারও কোন আইডিয়া আছে ?

আচ্ছা , সকল বীর কি ধর্মের সম্পত্তি নাকি? সব মুসলমান তো সাহসী না। তেমনি সব নাস্তিকও সাহসী না। তো দেখা যাচ্ছে যে, ধর্ম মানলেই বা না মানলেই কেউ সাহসী হয় না। সাহসিকতা সম্পূর্ণই ব্যক্তিবিশেষের মানসিক সক্ষমতার উপর নির্ভর করে। একজন মানুষকে তার সৎ সাহসিকতার জন্য খেতাব দেয়া যেতেই পারে। এখানে ধর্ম আসে কিভাবে?
শহীদ এই শব্দটা আরবি ভাষা থেকে এসেছে দেখে এটা শুধু মুসলমানদের জন্য প্রযোজ্য হবে এমন কথা যারা বলে তাদেরকে বলবেন যে, এজন্য তারা যেন মুসলমান মুঘল শাসকসহ আরবদেশ থেকে আগত আরবি ও ফারসিভাষী পীর আউলিয়াদের দায়ী করেন। কারন , তারা আরব দেশ থেকে উড়ে এসে জুড়ে বসেছিলেন আর বাংলাদেশে আরবির আমদানি করেছিলেন। আরবি ফারসি না আনলে আমাদের বাংলা ভাষায় এসব শব্দ ঠাই পেত না আর এখন মালাউন-ইয়াহুদি-নাসারা এর নামের আগে শহীদ শব্দ বসে দেখে মুসলমানদেরকে এতো শোকের বিলাপও করতে হতো না।

মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ১৫, ২০১৩ at ৭:১৭ অপরাহ্ণ
@মুনিয়া মুশতারি,

শহীদ শব্দটার আরবি/ ইসলামিক মানে যাই হোক না কেন আমাদের বাংলা ভাষায় এই শব্দটা গৃহীত হয়েছে শুধু একটা অর্থ বুঝাতেই। সেটা হল , দেশের স্বার্থে / জাতির স্বার্থে যে ব্যক্তি মৃত্যু বরন করে। এখন, দেশের জন্য যদি হিন্দু প্রান দেয়, নাস্তিক প্রান দেয় তাইলে তারা কেন শহীদ হবে না? রাজিব ভাই দেশের পক্ষের একটা আন্দোলনে জড়িত ছিল এবং তাকে তার দেশপ্রমের জন্যই জীবন দিতে হয়েছে বলেই তাকে বাংলা ভাষায় শহীদের প্রচলিত অর্থে শহীদ বলা হয়েছে। এখানে কেমন করে ইসলামিক টার্ম আসলো বুঝলাম না।



বিদ্রোহী এর জবাব:
মার্চ ১৫, ২০১৩ at ৭:৩১ অপরাহ্ণ
@মুনিয়া মুশতারি,

ইসলামি পরিভাষায় শহিদ আসলে কারা জানেন ? দেখুন হাদিস কি বলে এ ব্যপারে -
Abu Hurairah (ra) narrated that Allah’s Apostle (SAW) said: “While a man was going on

a way, he saw a thorny branch and removed it from the way and Allah became pleased by his action and forgave him for that." Then the Prophet (sal-allahu-alleihi-wasallam) said, "Five are martyrs:

1. One who dies of plague,
2. One who dies of an abdominal disease,
3. One who dies of drowning,
4. One who is buried alive (and) dies
5. And One who is killed in Allah's cause."

The Prophet (sal-allahu-alleihi-wasallam) further said, "If the people knew the reward for pronouncing the Adhan and for standing in the first row (in the congregational prayer) and found no other way to get it except by drawing lots they would do so.
And if they knew the reward of offering the Zuhr prayer early (in its stated time), they would race for it.
And they knew the reward for 'Isha' and Fajr prayers in congregation, they would attend them even if they were to crawl'."
Sahih Bukhari, Volume 1, Book 11, Hadith no. 624.

বলা বাহুল্য , এই ৫ প্রক্রিয়ায় শুধুমাত্র মুসলমানরাই পড়বে। কাফের , মুরতাদ, নাস্তিক, ইহুদি, নাসারা, মুশরিক, মুনাফেক পড়বে না। এই ৫ প্রক্রিয়ার মধ্যে কোথাও দেশ বা জাতির জন্য মারা যাওয়ার বিষয় উল্লেখ নাই। উপরোক্ত তালিকার কোনটাতেই তো রাজিবকে রাখা যাচ্ছে না। তাহলে উপায় ? সবচেয়ে বড় কথা সে তো নাস্তিক। তাই তার নাম উক্ত তালিকায় আসার প্রশ্নই ওঠে না।



মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ১৫, ২০১৩ at ৭:৪৮ অপরাহ্ণ
@বিদ্রোহী,
আমার আগের দুটো কমেন্টই আপনার উদ্দেশ্যে। ভুলবশত দ্বিতীয় কমেন্টে নিজেই নিজেকে অ্যাড্রেস করে ফেলেছি।

36. 36

সাইফুল ইসলাম

মার্চ ১০, ২০১৩ সময়: ১০:২৬ অপরাহ্ণ লিঙ্ক

@মুনিয়া
ঐ থ্রেডে উত্তরের অপশন না আসায় আপনার রস ভাং-এ পরিপূর্ন মাতাল করা মন্তব্যের জবাব এখানেই দিতে হচ্ছে।

আমরা এখানে সবাই মিলে রস বানাই,ভাং বানাই আর আপনিই এক পাষাণ বেরসিক লোক যে কিনা অন্য আসর থেকে ভাং/রস খেয়ে এখানে এসে কেবল বমন করতে থাকেন।

কী করি বলুন? জ্যাক ড্যানিয়েলসের পরে যদি চুয়ানির গন্ধ পেতে হয় তাহলে বমনক্রিয়া আসাটাই কি স্বাভাবিক না? তবে আপনি রস ভাং খেয়ে/বানিয়েও নিজেরা যে মাতলামি করছেন সেটা বুঝতে পারছেন এটা আমাকে খুবই নাড়া দিলো আপু। সত্যি বলছি। আপনার/আপনাদের ধুসর কোষগুলো যে একেবারে যায় নি এটাই আমাকে প্রশান্তি দিলো।

বারে…… রস/ভাং খেয়ে আমরা মুক্তমনারা যদি একটু চাপড়া - চাপড়ি, একটু বেলেল্লেপনা না করি তবে আপনি তো বেশিদুর কমেন্ট করতে পারবেন না। আদিরস যার মগজে ভর করেছে সেকি আর বিবর্তনের প্রবর্তন বুঝবে?? তাই আপনার সুবিধার খাতিরেই আমরা রসালো আলাপ করে আপনার পেটপাছা চুলকে আপনাকে উস্কে দেই…।

কিন্তু আপু, সমস্যাটা হল আপনি রস আর মুত্রের মধ্যে পার্থক্য করতে পারছেন না। যেটা খুবই বেদনাদায়ক। চক্ষু এবং নাসিকা দুটোর দূর্বলতাই এর জন্য দায়ী বলে মনে হচ্ছে। ঠিকভাবে পুষ্টিগ্রহন করলে যেটা হত না। 🙂
আর আমার পেটপাছা চুলকে দেয়ার মহান দায়িত্ব আপনি স্বপ্রনোদিত হয়ে নিয়েছেন, আমি আপনার কাছে কৃতজ্ঞ। তবে সেটা আমার দরকার হবে না। যারটা অবিরাম ধারায় আপনি চুলকে যাচ্ছিলেন তারটাই চালিয়ে যান। একটা কথা মনে করিয়ে দিই। যেকোন কাজে সাফল্যের মূল কথা হল ডেডিকেশন। সুতরাং ডেডিকেটেড ভাবে চুলকে যান , আপনি একদিন অবশ্যই কামিয়াব হবেন, ইনশাল্লাহ!

জি অবশ্যই আমি আপনার উপদেশ মতো দুধ খাব এবং এক্ষেত্রে আমি দুধ উৎপাদনশীল নারী গরুর সাহায্য নেব। আপনি নিশ্চয়ই এটি নিজে পরখ না করে আমায় খেতে বলেন নি? তাই না?

ভালো প্রশ্ন আপু। এখানে আপনার বুঝতে হবে পুষ্টিহীনতা সাধারনত বাল্যকাল থেকেই আস্তে আস্তে আঘাত হানতে থাকে। যারা বাল্যকালে পরিমাণমত পুষ্টিগ্রহন করেছে তারা পরিষ্কারভাবে রস এবং মূত্রের মধ্যে পার্থক্য ধরতে পারে যেটা বেদনাদায়কভাবে আপনার মধ্যে অনুপস্থিত দেখা যাচ্ছে।

আর অবশ্যই আমার নিজস্ব অভিজ্ঞতা থেকে বলছি। কোন চুদুরবুদুর নাই এখানে। দুধ খান , এগিয়ে যান। সাথে মলা ঢেলা মাছও বাদ দিয়েন না যেন। চক্ষুর অবস্থা সুবিধার মনে হল না কিন্তু!
আপনার জন্য শুভকামনা রইল।
[বিঃদ্রঃ আপনার সাথে কথা বলে যেহেতু দুনিয়ার এনট্রপি বাড়ানো ছাড়া আর তেমন কোন লাভ হচ্ছে না আপনার অন্য কোন মন্তব্যের আর কোন জবাব দেয়া হবে না। 🙂]

37. 37

বিদ্রোহী

মার্চ ১০, ২০১৩ সময়: ১১:৪৫ অপরাহ্ণলিঙ্ক

প্রতি মুনিয়া মুশতারি

ঐ থ্রেডে মন্তব্য করার সুযোগ না থাকায় এখানেই করলাম।

তাই আপনার সুবিধার খাতিরেই আমরা রসালো আলাপ করে আপনার পেটপাছা চুলকে আপনাকে উস্কে দেই…

হা হা হা , দারুন মন্তব্য করেছেন। ইডিয়টগুলো যে কবে এসব বুঝবে !

আমি জানিনা সাইফুল ইসলাম বলে এই লোকের কোন মানসিক সমস্যা আছে কিনা। কথা নেই বার্তা নেই মানুষের ওপর হামলে পড়ে। হামলে পড়েই ভাবে বিশাল যুদ্ধ জয় করে ফেলেছে। মনোবিজ্ঞানীরা বলেন - পাগল ও উন্মাদরা নাকি এ ধরনের কল্পনায় আচ্ছন্ন থাকে। সত্যি কি না জানি না।



মুনিয়া মুশতারি এর জবাব:
মার্চ ১৫, ২০১৩ at ৬:০৩ অপরাহ্ণ
@বিদ্রোহী,

কথা নেই বার্তা নেই মানুষের ওপর হামলে পড়ে। হামলে পড়েই ভাবে বিশাল যুদ্ধ জয় করে ফেলেছে

একেবারে সহমত। আমি উনাকে গালিগালাজ না করার আহবানও জানালাম। কিন্তু চোরায় না শুনে ধর্মের কাহিনী। যাক, বাদ দেন। বেশি পাত্তা দিয়েন না।

38. 38

ইফতেখার মাহমুদ বুলবুল

মার্চ ১৩, ২০১৩ সময়: ৯:২৬ পূর্বাহ্ণ লিঙ্ক

সব বিষয় তো একটা সায়েন্টিফিক ব্যাখ্যা প্রয়োজন; ধর্ম একটা ভাইরাস এটা কিভাবে বৈজ্ঞানিক ভাবে প্রমানিত। একটা বইয়ের মাধ্যেমে, এমন বই তো যে কেউ লিখে প্রমাণ করে দিতে পারে অঈশ্বর বাদীরা জীবনের সকল চাহিদা উপভোগের জন্য নাস্তিকতার পথ ধরেছে।
আপনি রিপোর্টে নাফিসের কথা বলেছেন; নাফিস নর্থ সাউথ ইউনিভার্সিটিতে পড়তো এবং সে সেখান থেকে এক্সপেল হইছে। সে যদি এত পুতু পুতু জঙ্গীবাদী হবে আপনার কথামত জঙ্গীবাদী ট্রাস্টিরা তাকে এক্সপেল করল কেন জানার ইচ্ছা রইল।
আপনার আর্টিকেলটি পড়লে প্যারাসাইটে আক্রান্ত ঘাস ফড়িং এর কথা মনে পড়ে।

39. 39

ফোবিয়ান যাত্রী

মার্চ ২১, ২০১৩ সময়: ১০:০৮ অপরাহ্ণ লিঙ্ক

আমার যা মনে হয় তাহল,ভাল শিক্ষা প্রতিষ্ঠান বা খারাপ শিক্ষা প্রতিষ্ঠান-এর মধ্যে কোন পার্থক্য নেই। পার্থক্য হচ্ছে মানুষের মানসিকতার মধ্যে। একজন মানুষের ইতিবাচক মানসিকতা তাকে সব বিষয়-বস্তু ভাল চোখে দেখতে সাহায্য করে।আর একজন মানুষের নেতিবাচক মানসিকতা তাকে সব বিষয়-বস্তু খারাপ চোখে দেখায়। যেমন, একজন মেয়ে যদি হাফ প্যান্ট পরে তাহলে যে মানুষের ইতিবাচক মানসিকতা সম্পন্ন সে কখনো সেই মেয়েকে খারাপ চোখে দেখবে না আর কিছু বলবেও না।তার মানে ইতিবাচক মানসিকতা সম্পন্ন মানুষের এতে কিছু আসে যায় না ।আর যে নেতিবাচক মানসিকতা সম্পন্ন সে মেয়েটিকে বলবে “লজ্জাবিহীন নারী”।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=290

বিশ্বাসের ভাইরাস

তারিখ: ১৪ অগ্রহায়ন ১৪১৫ (নভেম্বর ২৮, ২০০৮)

লিখেছেন: অভিজিৎ

ভারতের ৯/১১

যখন এ লেখাটা লিখছি তখন মুম্বাইয়ে সন্ত্রাসবাদী হামলায় দেড়শ জনেরও বেশি লোক মারা গেছে। প্রায় ৫০ জন ফিদাইন জঙ্গী সবমিলিয়ে তাজ হোটেল সহ মুম্বাইয়ের ৫ টা বিখ্যাত ল্যান্ডমার্ক আক্রমন করে আখচার গোলাগুলি করে নিমেষ মধ্যে ত্রাসের রাজত্ব কায়েম করে ফেলল। ডেকান মুজাহিদিন নামের একটি অজানা সন্ত্রাসী গ্রুপ ঘটনার দায়দায়িত্ব স্বীকার করেছে, যদিও আলকায়দা, ভারতীয় মুজাহিদিন এবং সর্বোপরি অন্যান্য পাকিস্তানী টেরর গ্রুপের জড়ি ত থাকার সম্ভাবনাও উড়িয়ে দেয়া যায় না। নিহত ব্যক্তিবর্গের মধ্যে পাঁচজন আমেরিকান সহ পনের জন বিদেশীর মৃত্যুর ব্যাপারটা নিশ্চিত করা গেছে। ঘটনার ভয়াবহতা এতই বেশি যে, অনেকেই ঘটনাটিকে ভারতের ৯/১১ হিসেবে চিহ্নিত করেছেন। সিএন এন সারা দিন ধরে ভারতের ঘটনাবলী সরাসরি সম্প্রচার করে চলেছে এখনো।

একটা প্রশ্ন আমাকে বরাবরই আমাকে উদ্বিগ্ন করে। কেন এই সব তরুন যুবকরা কেন আত্মঘাতি পথ বেছে নিচ্ছে? কেন তারা সন্ত্রাসবাদের পথ বেছে নিচ্ছে? ঘটনা তো একটা দুটো নয়, সারা বিশ্ব জুড়েই ঘটে চলেছে শত শত। শুধু মুম্বাইয়েই ২০০৫ সালের পর সন্ত্রাসবাদী ঘটনা ঘটেছে অন্তত: দশটি, যেগুলোর সাথে ইসলামী সন্ত্রাসবাদের প্রত্যক্ষ যোগাযোগ আছে বলে মনে করা হয়। বিশ্বাস নির্ভর সন্ত্রাসবাদ এত ব্যাপক আকারে মহামারি আকারে ছড়িয়ে পরার পেছনে কোন নৃতাত্ত্বিক, মনস্তাত্ত্বিক কিংবা জীববৈজ্ঞানিক কারণ আছে কিনা তা খুজে দে খাকে আমি আসলেই এখন জরুরী মনে করি।

বিবর্তনবাদ কি এ ব্যাপারে আমাদের কোন পথ দেখেতে পারে? অনেক সামাজিক জীববিজ্ঞানীই কিন্তু মনে করেন পারে। আমরা যতই নিজেদের যুক্তিবাদি কিংবা অবিশ্বাসী বলে দাবী করি না কেন, এটা তো অস্বীকার করার জো নেই - 'বিশ্বাসের' একটা প্রভাব সবসময়ই সমাজে বিদ্যমান ছিলো। না হলে এই বিংশ শতাব্দীতে এসেও প্রাচীণ ধর্মগুলো স্রেফ মানুষের বিশ্বাসকে পুঁজি করে এভাবে টিকে থাকে

কিভাবে? এখানেই হয়ত সামাজিক বিবর্তনবাদের তত্ত্বগুলো গুরুত্বপূর্ণ। এটা মনে করা ভুল হবে না যে, 'বিশ্বাস' ব্যাপারটা মানব জাতির বেঁচে থাকার পেছনে হয়তো কোন বাড়তি উপাদান যোগ করেছিল একটা সময়। মানুষ আদিমকাল থেকে বহু সংঘাত, মারামারি এবং রক্তক্ষয়ী যুদ্ধের মধ্যে দিয়ে গিয়ে আজ এই পর্যায়ে এসে পৌছেছে। একটা সময় সাহসিকতার সাথে যুদ্ধ করাটা ছিল মানব জাতির টিকে থাকার ক্ষেত্রে অনেক বড় নিয়ামক। যে গোত্রে বিশ্বাস ঢুকিয়ে দিতে পারা গিয়েছিল যে যোদ্ধারা সাহসের সাথে যুদ্ধ করে মারা গেলে পরলোকে গিয়ে পাবে অফুরন্ত সুখ , সাচ্ছন্দ্য, হুর পরী উদ্ভিন্নযৌবনা চিরকুমারী অপ্সরা, (আর বেঁচে থাকলে তো আছেই সাহসী যোদ্ধার বিশাল সম্মান আর পুরস্কার) - তারা হয়ত অনেক সাহসিকতার সাথে যুদ্ধ করেছে এবং নিজেদের এই যুদ্ধাংদেহী জীন পরবর্তী প্রজন্মে বিস্তৃত করতে সহায়তা করেছে। মুক্তমনার ইবুক 'বিজ্ঞান ও ধর্ম - সংঘাত নাকি সমন্বয়?'এ রিচার্ড ডকিন্সের একটি চমৎকার প্রবন্ধ অন্তর্ভুক্ত হয়েছে 'ধর্মের উপযোগিতা' নামে। প্রবন্ধটিতে ডকিন্স এ নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন।
ডকিন্সের লেখাটি থেকে একটা গুরুত্বপুর্ণ বিষয় উল্লেখ করি। মানব সভ্যতাকে অনেকে শিশুদের মানসজগতের সাথে তুলনা করেন। শিশুদের বেঁচে থাকার প্রয়োজনেই একটা সময় পর্যন্ত অভিভাবকদের সমস্ত কথা নির্দ্বিধায় মেনে চলতে হয় -এ আমরা জানি। ধরা যাক একটা শিশু চুলায় হাত দিতে গেল, ওমনি তার মা বলে উঠল - চুলায় হাত দেয় না - ওটা গরম! শিশুটা সেটা শুনে আর হাত দিল না, বরং সাথে সাথে হাত সরিয়ে নিলো। মার কথা শুনতে হবে - এই বিশ্বাস পরম্পরায় আমরা বহন করি - নইলে যে আমরা টিকে থাকতে পারবো না, পারতাম না। এখন কথা হচ্ছে - সেই ভাল মা-ই যখন অসংখ্য ভাল উপদেশের পাশাপাশি আবার কিছু মন্দ বা কুসংস্কারাচ্ছন্ন উপদেশও দেয় -'শনিবার ছাগল বলি না দিলে অমঙ্গল হবে',কিংবা 'রসগোল্লা খেয়ে অংক পরীক্ষা দিতে যেও না - গেলে গোল্লা পাবে' জাতীয় - তখন শিশুর পক্ষে সম্ভব হয় না সেই মন্দ বিশ্বাসকে অন্য দশটা বিশ্বাস কিংবা ভাল উপদেশ থেকে আলাদা করার। সেই মন্দবিশ্বাসও বংশপরম্পরায় সে বহন করতে থাকে অবলীলায়। সব বিশ্বাস খারাপ নয়, কিন্তু অসংখ্য মন্দ বিশ্বাস হয়ত অনেক সময় জন্ম দেয় 'বিশ্বাসের ভাইরাসের'। এগুলো একটা সময় প্রগতিকে থামাতে চায়, সভ্যতাকে ধ্বংস করে। যেমন, ডাইনী পোড়ানো, সতীদাহ, বিধর্মী এবং কাফেরদের প্রতি ঘৃণা, মুরতাদদের হত্যা এগুলোর কথা বলা যায়।

বিশ্বাসের ভাইরাস

'বিশ্বাসের ভাইরাস' ব্যাপারটা এই সুযোগে আর একটু পরিস্কার করে নেয়া যাক। একটা মজার উদাহরণ দেই ডেনিয়েল ডেনেটের সাম্প্রতিক 'ব্রেকিং দ্য স্পেল' বইটি থেকে। আপনি নিশ্চয়ই ঘাসের ঝোপে কিংবা পাথরের উপরে কোন কোন পিপড়াকে দেখেছেন - সারাদিন ধরে ঘাসের নীচ থেকে ঘাসের গা বেয়ে কিংবা পাতরের গা বেয়ে উপরে উঠে যায়, তারপর আবার ঝুপ করে পড়ে যায় নিচে, তারপর আবারো গা বেয়ে উপরে উঠতে থাকে। স্বভাবতই প্রশ্ন জাগে - এই বেয়াক্কেলে কলুর বলদের মত পন্ডশ্রম করে পিপড়াটি কিএমন বাড়তি উপযোগিতা পাচ্ছে, যে এই অভ্যাসটা টিকে আছে কেন? কোন বাড়িতি উপযোগিতা না পেলেসারাদিন ধরে সে এই অর্থহীন কাজ করে যাচ্ছে কেন? আসলে সত্যি বলতে কি - এই কাজের মাধ্যমে সে বাড়তি কোন উপযোগিতা তো পাচ্ছেই না, বরং ব্যাপারটি সম্পুর্ণ উলটো। গবেষনায় দেখা গেছে পিপড়ারমগজে থাকা *ল্যাংসেট ফ্লুক* নামে এক ধরনের প্যারাসাইট এর জন্য দায়ী। এই প্যারাসাইট বংশবৃদ্ধি করতে পারে শুধুমাত্র তখনই যখন কোন গরু বা ছাগল একে ঘাসের সাথে চিবিয়ে খেয়ে ফেলে। ফলে প্যারাসাইট টা নিরাপদে সেই গরুর পেটে

গিয়ে বংশবৃদ্ধি করতে পারে। পুরো ব্যাপারটাই এখন জলের মত পরিস্কা র - যাতে পিপড়াটা কোন ভাবে গরুর পেটে ঢুকতে পারে সেই দৃষ্টি আকর্ষনের জন্য ঘাস বেয়ে তার উঠা নামা । আসলে ঘাস বেয়ে উঠা নামা পিপড়ের জন্য কোন উপকার করছে না বরং *ল্যাংসেট ফ্লুক* কাজ করছে এক ধরনের ভাইরাস হিসবে - যার ফলশ্রুতিতে পিপড়ে বুঝে হোক, না বুঝে তার দ্বারা অযান্তেই চালিত হচ্ছে। আমাদের দীর্ঘদিনের জমে থাকা প্রথাগত বিশ্বাসের 'ভাইরাসগুলোও' কি আমাদের সময় সময় এভাবে আমাদের অযান্তেই বিপথে চালিত করে না কি? আমরা আমাদের বিশ্বাস রক্ষার জন্য প্রাণ দেই, বিধর্মীদের হত্যা করি,টুইন টাওয়ারের উপর হামলে পড়ি , সতী নারীদের পুড়িয়ে আত্মতৃপ্তি পাই, বেগানা মেয়েদের পাথর মারি ...।

ছবিঃ ল্যাংসেট ফ্লুক নামের প্যারাসাইটের কারণে পিপড়ের মস্তিস্ক আক্রান্ত হয়ে পড়ে, তখন পিপড়ে কেবল চোখ বন্ধ করে পাথরের গা বেয়ে উঠা নামা করে। ধর্মীয় বিশ্বাসগুলোও কি মানুষের জন্য একেকটি প্যারাসাইট?

ধর্মগ্রন্থের যে অংশগুলোতে জিহাদের কথা আছে (২:২১৬, ২: ১৫৪), উদ্ভিন্নযৌবনা হুরীদের কথা আছে (৫২: ১৭-২০, ৪৪: ৫১-৫৫, ৫৬:২২), 'মুক্তা সদৃশ' গেলমান দের কথা আছে (৫২:২৪) সে সমস্ত 'পবিত্র বাণী'গুলো ছোটবেলা থেকে মাথায় ঢুকিয়ে দিয়ে কিংবা বছরের পর বছর সৌদি পেট্রোডলারে গড়ে ওঠা মাদ্রাসা নামক আগাছার চাষ করে বিভিন্ন দেশে তরুণ সমাজের কিছু অংশের মধ্যে এক ধরণের 'বিশ্বাসের ভাইরাস' তৈরি করা হয়েছে; ফলে এই ভাইরাস আক্রান্ত জিহাদীরা স্বর্গের ৭২ টা হুর-পরীর আশায় নিজের বুকে বোমা বেঁধে আত্মাহূতি দিতেও আজ দ্বিধাবোধ করে না , ইহুদি, কাফের নাসারাদের হত্যা করে 'শহীদ' হতে কার্পন্যবোধ করে না। ল্যাঙ্গফ্লুক প্যারাসাইটের মত তাদের মনও কেবল একটি বিশ্বাস দিয়ে চালিত - অমুসলিম কাফেরদের হত্যা করে সারা পৃথিবীতে ইসলাম কায়েম করতে হবে, আর পরকালে পেতে হবে আল্লাহর কাছ থেকে উদ্ভিন্নযৌবণা আয়তলোচনা হুর-পরীর লোভনীয় পুরস্কার। তারা ওই ভাইরাস আক্রান্ত পিপড়ের মত হামলে পড়ছে কখনো টুইন টাওয়ারে, কখনো রমনার বটমূলে কিংবা তাজ হোটেলে।

কিভাবে বিশ্বাসের ক্ষতিকর ভাইরাসগুলো প্রজন্ম থেকে প্রজন্মান্তরে সঞ্চালিত হয়, তা বৈজ্ঞানিকভাবে বুঝতে হলে আমাদের জানতে হবে আধুনিক মিম তত্ত্বকে। মিম নামের পরিভাষাটি প্রথম ব্যবহার

করেছিলেন জীববিজ্ঞানী রিচার্ড ডকিন্স ১৯৭৬ সালে, তার বিখ্যাত বই 'দ্য সেলফিশ জিন'-এ। আমরা তো জিন-এর কথা ইদানিং অহরহ শুনি। জিন হচ্ছে মিউটেশন, পুনর্বিন্যাস ও শরীরবৃত্তিক কাজের জন্য আমাদের ক্রোমোজমের ক্ষুদ্রতম অবিভাজ্য একক। সহজ কথায়, জিন জিনিসটা হচ্ছে শারীরবৃত্তীয় তথ্যের অখন্ড একক যা বংশগতীয় তথ্যকে এক প্রজন্ম থেকেপরবর্তী প্রজন্মে ছড়িয়ে দেয়। জিন যেমন আমাদের শরীরবৃত্তিয় তথ্য বংশ পরম্পরায় বহন করে, ঠিক তেমনি সাংস্কৃতিক তথ্য বংশপরম্পরায় বহন করে নিয়ে যায় 'মিম'। কাজেই 'মিম' হচ্ছে আমাদের 'সাংস্কৃতিক তথ্যের একক', যা ক্রমিক অনুকরণ বা প্রতিলিপির মধ্যমে একজনের মন থেকে মনান্তরে ছড়িয়ে পড়ে , ঠিক যেভাবে শারীরবৃত্তীয় তথ্যের একক জিন ছড়িয়ে পড়ে এক শরীর থেকে অন্য শরীরে। যে ব্যক্তি মিমটি বহন করে তাদের মিমটির 'হোস্ট' বা বাহক বলা যায়।'মেমেপ্লেক্স' হল একসাথে বাহকের মনে অবস্থানকারী পারস্পরিক সম্পর্কযুক্ত একদল 'মিম', । কোন বিশেষ ধর্মীয় বিশ্বাস, রীতি-নীতি, কোন দেশীয় সাংস্কৃতিক বা কোনো রাজনৈতিক মতাদর্শ -এগুলো সবই মেমেপ্লেক্সের উদাহরণ। সুসান ব্ল্যাকমোর তার 'মিম মেশিন' বইয়ে মেমেপ্লেক্সের অনেক আকর্ষনীয় উদাহরণ হাজির করেছেন। সুসান ব্ল্যাকমোর মনে করেন জিন এবং মিমের সুগ্রন্থিত সংশ্লেষই মানুষের আচার ব্যবহার , পরার্থতা, যুদ্ধাংদেহী মনোভাব, রিতী-নীতি কিংবা কুসংস্কারের অস্তিত্বকে সঠিকভাবে ব্যাখ্যা করতে পারে। 'বিজ্ঞান ও ধর্ম - সংঘাত নাকি সমন্বয়?' ই-বইটিতে দিগন্ত সরকার ধর্মের উৎসসন্ধানে নামের বাংলা প্রবন্ধটিতে মিমবিন্যাসের আলোকে ধর্মের উৎপত্তির ব্যাখ্যা দিয়েছেন, যা মুলতঃ ডকিন্স এবং সুসান ব্ল্যাকমোরের মিম নিয়ে আধুনিক চিন্তাধারারই অনিন্দ্যসুন্দর প্রকাশ।

কোন সাংস্কৃতিক উপাদান কিংবা কোন বিশেষ ধর্মীয় বিশ্বাস কিভাবে মিমের মাধ্যমে জণপুঞ্জে ছড়িয়ে পড়ে? মানুষের মস্তিস্ক এক্ষেত্রে আসলে কাজ করে কম্পিউটারের হার্ড ওয়্যার যেভাবে কাজ করে অনেকটা সেরকমভাবে। আর মিমগুলো হচ্ছে কম্পিউটারের হার্ডওয়্যারের মধ্যে ইন্সটল্ড সফটওয়্যার যেন। যতক্ষণ পর্যন্ত এই সফটওয়্যার গুলো ভালমত চলতে থাকে ততক্ষণ তা নিয়ে আমাদের কোন চিন্তা থাকে না। কিন্ত কখনো কখনো কোন কোন ডাউনলোড করা ইন্সটল্ড সফটওয়্যারগুলো ভাল মানুষের (নাকি 'ভাল মিমের' বলা উচিৎ) ছদ্মবেশ নিয়ে 'ট্রোজান হর্স' হয়ে ঢুকে পড়ে। এরাই আসলে বিশ্বাসের ক্ষতিকর ভাইরাসগুলো। এরা সুঁচ হয়ে ঢুকে , আর শেষ পর্যন্ত যেন ফাল হয়ে বেরোয়। যতক্ষণে এই ভাইরাসগুলোকে সনাক্ত করে নির্মূল করার ব্যবস্থা নেয়া হয় - ততক্ষণে আমাদের হার্ডওয়্যারের দফা রফা সাড়া। এই বিশ্বাসের ভাইরাসের বলি হয়ে প্রাণ হারায় শত সহস্র মানুষ - কখনো নাইন-ইলেভেনে, কখনো বা বাবড়ি মসজিদ ধ্বংসে কখনো বা তাজ হোটেলে গোলাগুলিতে। Viruses of the Mindশীর্ষক একটি গবেষণাধর্মী প্রবন্ধে অধ্যাপক রিচার্ড ডকিন্স দেখিয়েছেন কিভাবে কম্পিউটার ভাইরাসগুলোর মতই আপাতঃ মধুর ধর্মীয় শিক্ষাগুলো কিভাবে সমাজের জন্য ট্রোজান হর্স কিংবা ওয়ার্ম ভাইরাস হিসেবে কাজ করে তিলে তিলে এর কাঠামোকে ধ্বংস করে ফেলতে চায়। আরো বিস্তৃতভাবে জানবার জন্য পাঠকেরা পড়তে পারেন ২০০৪ সালে রিচার্ড ব্রডির লেখা 'Virus of the Mind: The New Science of the Meme' নামের বইটি। এ বইটি থেকে বোঝা যায় ভাইরাস আক্রান্ত মস্তিস্ক কি শান্তভাবে রবোটের মত ধর্মের আচার আচরণগুলো নির্দ্বিধায় পালন করে যায় দিনের পর দিন, আর কখনো সখনো বিধর্মী নিধনে উন্মত্ত হয়ে উঠে; একসময় দেখা দেয় জিহাদ কিংবা ক্রুসেডের মহামারী।



ছবিঃ ভাইরাস অব মাইন্ড - রিচার্ড ব্রডি

ভাইরাস আক্রান্ত মনন

ভাইরাস আক্রান্ত মন-মানসিকতার উদাহরণ আমাদের চারপাশেই আছে ঢের। কিছু উদাহরণ তো দেয়াই যায়। এই ধরণের ভাইরাস-আক্রান্ত মননের সাথে বিতর্ক করার অভিজ্ঞতা আমার খুবই তিক্ত। তার কিছু কিছু বর্ণনা আমি আমার 'নৈতিকতা কি কেবল বেহেস্তে যাওয়ার পাসপোর্ট' সহ আগের বেশ কিছু প্রবন্ধে রেখেছি। আপনি যত ভাল যুক্তি দেন না কেন, পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান, নৃতত্ত্ব এবং সমাজবিজ্ঞান থেকে যত আধুনিক এবং অথেন্টিক গবেষণারই উল্লেখ করুন না কেন , তারা চির আরাধ্য ধর্মগ্রন্থকে মাথায় করে রাখবেন আর আপনার প্রতি গালি গালাজের বন্যা বইয়ে দেবে। এই ধরণের অভিজ্ঞতা শুধু আমার নয়, বোধ হয় অনেক লেখকদেরই আছে। নন্দিনী হোসেন আমার বইয়ের জন্য একটি চমৎকারলেখা লিখেছেন -'পুরুষ রচিত ধর্মেবিকলাংগ নারী'। লেখাটি মুক্তমনায় প্রকাশের পর ইন্টারনেটে গলাবাজি করা এক অতিবিশ্বাসী 'মডারেট মুসলিম'-এর আঁতে ঘা লেগে গেলো। তিনি একটি ইসলামী সাইটে হর হর করে একটি লেখা লিখে ফেললেন -'নন্দিনীও একাধিক স্বামী চান' শিরোনামে। অথচ নন্দিনী কোথাও একাধিক স্বামী চাওয়ার কথা লেখেননি; ধর্মগ্রন্থ থেকে পুরুষ এবং নারীর মধ্যকার অসাম্য এবং বিভেদ সৃষ্টিকারী কিছু আয়াতের উল্লেখ করেছিলেন মাত্র , তাও একেবারেই মানবিক দৃষ্টিকোন থেকে। এর মধ্যে স্বামীর স্ত্রীকে প্রহারের অধিকার , স্বমীর নির্দ্বিধায় তালাকের অধিকার, দাস-দাসী উপভোগের অধিকার, উত্তরাধিকার আইনে নারীকে বঞ্চিত করা, সাক্ষীর ক্ষেত্রে দুইজন নারী একজন পুরুষের সমান বলা সহ বিভিন্ন বিষয় আছে। ব্যাস ওই ধার্মিক ভদ্রলোক এবং তার পোষ্য ইসলামিক সাইটের মডারেটর বলা শুরু করলেন নন্দিনীও একাধিক স্বামী চান। যুক্তির বলিহারি বটে। শুধু তাই নয়, উদ্ভট রিসার্চ থেকে সিদ্ধান্ত নিয়ে নিলেন, নন্দিনীর বাবা মা দুই ধর্মের, তাদের মধ্যে পারিবারিক সমস্যা ছিলো - তাই নন্দিনী এগুলো লিখছে! নন্দিনী অবশ্য প্রতিবাদ করেছেন তার সাইটে- বলেছেন এগুলো ডাহা মিথ্যে কথা। বলেছেন, 'কারো ব্যক্তিগত ব্যাপার

নিয়ে লিখবার আগে ভাল করে জেনে নেওয়া ভাল'। কিন্তু আমার প্রশ্ন তা নয়, আমার প্রশ্ন হল - নন্দিনী তো লেখার মাধ্যমে কাউকে ব্যক্তিগত আক্রমণ করেননি, ধর্মগ্রন্থের কয়েকটি আয়াতকে কেবল সমালোচনার দৃষ্টিতে দেখেছেন মাত্র। অথচ ওই অতি বিশ্বাসী ভদ্রলোক ধর্মের সমালোচনা সইতে না পেরে মাত্রাজ্ঞান হারিয়ে নন্দিনীকে ব্যক্তিগত আক্রমণ করা শুরু করে দিলেন। শুধু নন্দি নীকে আক্রমণ করেই ক্ষান্ত হলেন না, তার বাবা মা চোদ্দগুষ্টি পর্যন্ত চলে গেলেন। এই হচ্ছে ধার্মিকদের তথাকথিত মূল্যবোধ। ভাবখানা যেন, যুক্তি কন্ডন করতে না পেরে ব্যক্তিগত আক্রমণ করলেই তার মত প্রতিষ্ঠিত হয়ে যাবে আর কি। ওই 'ভদ্রলোক'কে কি করে বোঝানো যাবে যে, নন্দিনীর বাবা-মার মধ্যে যদি সমস্যাও থেকে থাকেও, সেটা নন্দিনী ইসলামের যে সমস্যাগুলোর কথা বর্ণনা করেছে তা খন্ডন করার জন্য যথেষ্ট নয়, বরং হাস্যকর রকমের অপ্রসঙ্গিক এবং খেলো। ওই ভদ্রলোক ধর্মের নেশায় এমনই বুঁদ হয়ে গিয়েছিলেন যে , তিনি লেখার জবাব দিতে গিয়ে যে অপ্রাসঙ্গিকভাবে ব্যক্তিগত আক্রমণ করেছেন, সেই বোধটুকুও তার ছিলো না। বোঝা যায়, ভদ্রলোকের মাথা আসলে পুরোটাই ভাইরাস আক্রান্ত।

ওই 'মডারেট' ভদ্রলোক হয়ত ভাইরাস আক্রান্ত মননের খুব ছোট উদাহরণ। কিন্তু ভাইরাস আক্রান্ত মননের চরম উদাহরণগুলো হাজির করলে বোঝা যাবে কিভাবে ধরণের মানসিকতাগুলো সমাজকে পঙ্গু করে দেয়, কিংবা কিভাবে সমাজের প্রগতিকে থামিয়ে দেয় । এর অজস্র উদাহরণ সাড়া পৃথিবী জুড়ে পাওয়া যাবে।কিছু প্রাচীণ সভ্যতার ইতিহাস থেকে দেখা যায় , যখন কোন নতুন প্রাসাদ কিংবা ইমারত তৈরি করা হত,তার আগেসেই জায়গায় শিশুদের জীবন্ত কবর দেওয়া হত - এই ধারণা থেকে যে, এটি প্রাসদের ভিত্তিমজবুত করবে। অনেক আদিম সমাজেই বন্যা কিংবা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের হাত থেকেরক্ষা পাওয়ারজন্য কুমারী উৎসর্গ করার বিধান ছিল ; কেউ কেউ সদ্যজন্মলাভ করা শিশুদেরহত্যা করত, এমনকি খেয়েও ফেলত। কোন কোন সংস্কৃতিতে কোন বিখ্যাত মানুষ মারা গেলে অন্যমহিলা এবং পুরুষদেরও তার সাথে জীবন্ত কবর দেওয়া হত , যাতে তারা পরকালে গিয়ে পুরুষটিরকাজে আসতে পারে। ফিজিতে 'ভাকাতোকা' নামে এক ধরনের বিভৎস রীতি প্রচলিত ছিল যেখানে একজনেরহাত-পা কেটে ফেলে তাকে দেখিয়ে দেখিয়ে সেই কর্তিত অংগগুলো খাওয়া হত। আফ্রিকার বহুজাতিতে হত্যার রীতি চালু আছে মৃত -পূর্বপুরুষের সাথে যোগাযোগ স্থাপনের উদ্দেশ্য।ভারতে সতীদাহের নামে হাজার হাজার মহিলাদের হত্যা করার কথা তো সবারই জানা।এগুলো সবই মানুষ করেছে ধর্মীয় রীতি-নীতিকে প্রাধান্যদিতে গিয়ে, অদৃশ্য ঈশ্বরকে তুষ্ট করতে গিয়ে।এধরনের 'ধর্মীয় হত্যা' সম্বন্ধে আরোবিস্তৃতভাবে জানবার জন্য ডেভিড নিগেলের 'Human Sacrifice: In History And Today'বইটি পড়া যেতে পারে। এগুলো সবই সমাজে 'বিশ্বাসের ভাইরাস' নামক আগাছার চাষ ছাড়া আর কিছু নয়।

অন্ধবিশ্বাস নামক ভাইরাসগুলো কিভাবে সন্ত্রাসবাদী তৈরীর কারখানা হিসেবে ব্যবহৃত হয় - তার কিছুউদাহরণ আমি রেখেছি আমার 'নৈতিকতা কি কেবল বেহেস্তে যাওয়ার পাসপোর্ট' নামের একটি প্রবন্ধে। প্রতিটি ধর্মগন্থের মত কোরানেও বেশ কিছু ভাল ভাল কথাবার্তা আছে যেগুলো নিয়ে ইসলামিস্টরা যারপর নাই গর্ববোধ করে। যেমন, ধর্মে কোন জবরদস্তি নেই (২ : ২৫৬), তোমার ধর্ম তমার কাছে, আমার ধর্ম আমার (১০৯ : ৬), এমনকি কোরানের নির্দেশ আছে শত্রুর প্রতি ভাল ব্যবহার করার (২ : ৮৩) ইত্যাদি। কিন্তু সেই কোরানেই আবার আছে - যেখানেই অবিশ্বাসীদের পাওয়া যাক তাদের হত্যা করতে (২:১৯১,৯:৫), তাদের সাথে সংঘাতে লিপ্ত হতে, কঠোর ব্যবহার করতে (৯:১২৩), আর যুদ্ধ করে যেতে (৮:৬৫)।কোরাণ শেখাচ্ছে বিধর্মীদের অপদস্ত করতে আর

তাদের উপর জিজিয়া কর আরোপ করতে (৯:২৯)।কোরাণ ইহুদী এবং নাসারাদের সাথে বন্ধুত্বটুকু করতে পর্যন্ত নিষেধ করছে (৫:৫১), এমনকি নিজের পিতা বা ভাই যদি আবিশ্বাসী হয় তাদের সাথে সম্পর্ক না রাখতে উদ্বুদ্ধ করছে (৯:২৩, ৩:২৮) ইত্যাদি।
কোরানের পরস্পরবিরোধিতার এর চেয়ে ভাল নমুনা আর কি হতে পারে। কোরান কেন প্রতিটি ধর্মগ্রন্থই ত আসলে এরকম। ভালমানুষেরা ভাল ভাল বানীগুলো থেকে ভালমানুষ হবার অনুপ্রেরনা পায়, আবার সন্ত্রাসবাদীরা ভায়োলেন্ট ভার্সগুলো থেকে অনুপ্রেরণা পায় সন্ত্রাসী হবার। সেজন্যই তো ধর্মগ্রন্থগুলো -একেকটি ট্রোজান হর্স - ছদ্মবেশী ভাইরাস! কি করে হলফ করে বলা যাবে যে ধর্মগ্রন্থ থেকে পাওয়া নীচের ভাইরাসরূপী আয়াতগুলো সত্যই জিহাদী সৈনিকদের সন্ত্রাসবাদে উৎসাহিত করছে না ?

তোমাদের উপর যুদ্ধ ফরয করা হয়েছে... (২: ২২১৬)।

আল্লাহর জন্য যুদ্ধ করতে থাকুন , আপনি নিজের সত্তা ব্যতীত অন্য কোন বিষয়ের যিম্মাদার নন! আর আপনি মুসলমানদেরকে উৎসাহিত করতে থাকুন (৪ : ৮৪)।

হে মুমিণগণ! তোমরা ইহুদী ও খ্রীষ্টানদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করো না ; তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত। আল্লাহ্ জালেমদেরকে পথ প্রদর্শন করেন না (৫: ৫১)।

যে লোক ইসলাম ছাড়া অন্য কোন ধর্ম তালাশ করে, কস্মিণকালেও তা গ্রহণ করা হবে না এবং আখেরাতে সে ক্ষতি গ্রস্ত (৩:৮৫)।

আর তাদের সাথে যুদ্ধ করতে থাক যতক্ষণ না ভ্রান্তি শেষ হয়ে যায় ; এবং আল্লাহর সমস্ত হুকুম প্রতিষ্ঠিত হয়ে যায় (৮:৩৯)।

তোমরা যুদ্ধ কর আহলে-কিতাবের ঐ লোকদের সাথে, যারা আল্লাহ্ ও রোজ হাশরে ঈমান রাখে না, আল্লাহ্ ও তাঁর রসূল যা হারাম করে দিয়েছেন তা হারাম করে না এবং গ্রহণ করে না সত্য ধর্ম, যতক্ষণ না করজোড়ে তারা জিযিয়া প্রদান করে (৯:২৯)।

অত:পর যখন তোমরা কাফেরদের সাথে যুদ্ধে অবতীর্ণ হও , তখন তাদের গর্দার মার, অবশেষে যখন তাদেরকে পূর্ণরূপে পরাভূত কর তখ ন তাদেরকে শক্ত করে বেধে ফেল। অত:পর হয় তাদের প্রতি অনুগ্রহ কর , না হয় তাদের নিকট হতে মুক্তিপণ লও। ... যারা আল্লাহর পথে শহীদ হয়, আল্লাহ্ কখনই তাদের কর্ম বিনষ্ট করবেন না (৪৭:৪) ।

অতএব, তাদের মধ্যে কাউকে বন্ধুরূপে গ্রহণ করো না, যে পর্যন্ত না তারা আল্লাহর পথে হিজরত করে চলে আসে। অত:পর যদি তারা বিমুখ হয়, তবে তাদেরকে পাকড়াও কর এবং যেখানে পাও হত্যা কর। তাদের মধ্যে কাউকে বন্ধুরূপে গ্রহণ করো না এবং সাহায্যকারী বানিও না (৪:৮৯)।

আর তাদেরকে হত্যা কর যেখানে পাও সেখানেই এবং তাদেরকে বের করে দাও সেখান থেকে ... (২:১৯১)

আর তোমরা তাদের সাথে লড়াই কর, যে পর্যন্ত না ফেতনার অবসান হয় এবং আল্লাহ্র দ্বীন প্রতিষ্ঠিত হয় (২:১৯৩)।

আমি কাফেরদের মনে ভীতির সঞ্চার করে দেব| কাজেই গর্দানের উপর আঘাত হান এবং তাদেরকে কাট জোড়ায় জোড়ায় (৮:১২)।

অত:পর নিষিদ্ধ মাস অতিবাহিত হলে মুশরিকদের হত্যা কর যেখানে তাদের পাও, তাদের বন্দী কর এবং অবরোধ কর৷ আর প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎ পেতে বসে থাক (৯:৫)।

যদি বের না হও, তবে আল্লাহ্ তোমাদের মর্মন্তুদ আযাব দেবেন এবং অপর জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন (৯:৩৯)...ইত্যাদি।

ধর্মবিশ্বাসীরা জোর গলায় বলেন, কোরাণ কখনো সন্ত্রাসবাদে কাউকে উৎসাহিত করে না, কাউকে আত্মঘাতী বোমা হামলায় প্ররোচিত করে না, ইত্যাদি। এটা সত্যি সরাসরি হয়ত কোরানে বুকে পেটে বোমা বেধে কারো উপরে হামলে পড়ার কথা নেই; কিন্তু এটাও তো ঠিক যে, কোরাণ খুললেই পাওয়া যায় যে - যারা আল্লাহর পথে শহীদ হয়, আল্লাহ্ কখনই তাদের কর্ম বিনষ্ট করবেন না (৪৭:৪), কোরাণে বলা হয়েছে - আর যারা আল্লাহর পথে নিহত হয়, তাদেরকে তুমি কখনো মৃত মনে করো না (৩:১৬৯); কিংবা বলা হয়েছে - যদি আল্লাহর পথে কেউ যুদ্ধ করে মারা যায় তবে তার জন্য রয়েছে জান্নাত (৯:১১১)।

আর আল্লাহর পথে শহীদদের জন্য জান্নাতের পুরস্কার কেমন হবে? আল্লাহ কিন্তু এ ব্যাপারে খুব পরিস্কার -

তথায় থাকবে আনতনয়ন রমনীগন, কোন জিন ও মানব পূর্বে যাদের ব্যবহার করেনি (৫৫:৫৬)।

তাদের কাছে থাকবে নত, আয়তলোচনা তরুণীগণ, যেন তারা সুরক্ষিত ডিম (৩৭:৪৮-৪৯); সুশুভ্র (wine) যা পানকারীদের জন্যে সুস্বাদু (৩৭: ৪৬)।

আমি তাদেরকে আয়তলোচনা হুরদের সাথে বিবাহবন্ধনে আবদ্ধ করে দেব (৫২:২...

তাঁবুতে অবস্থানকারিণী হুরগণ (৫৫:৭২); প্রবাল ও পদ্মরাগ সদৃশ রমণীগণ (৫৫:-৫৮)।

উদ্যান, আঙ্গুর, পূর্ণযৌবনা (full-breasted) তরুণী এবং পূর্ণ পানপাত্র (৭৮: ৩৩-৩৪)।

তথায় থাকবে আনতনয়না হুরগণ, আবরণে রক্ষিত মোতির ন্যায়, (৫৬: ২২-২৩)।

আমি জান্নাতী রমণীগণকে বিশেষরূপে সৃষ্টি করেছি , অত:পর তাদেরকে করেছি চিরকুমারী (৫৬:৩৫-৩)।

শুধু আয়তলোচনা চিরকুমারীদের লোভ দেখিয়েই আল্লাহ ক্ষান্ত হননি , ব্যবস্থা রেখেছেন গেলমানদেরও।

সুরক্ষিত মোতিসদৃশ কিশোররা তাদের খেদমতে ঘুরাফেরা করবে (৫২:২৪)।

বেহেস্তে সুরা-সাকী-হুর-পরীর এমন অফুরন্ত ভান্ডারের গ্রাফিক বর্ণনা দেখে দেখে আমারই তো শহীদ হতে মন চায়! এ যদি বিশ্বাসের ভাইরাসের সার্থক উদাহরণ না হয়, তবে আর ভাইরাস বলব কাকে, বলুন?

আজকে মুম্বাইয়ে সন্ত্রাসবাদের যে তুঘলকি কান্ড সংগঠিত হয়ে গেল, তা বিশ্বাসের ভাইরাসের রোগ ছড়ানোর জলজ্যান্ত উদাহরণ। তবে একটি জিনিস কিন্তু ভুলে গেলে চলবে না। কাশ্মিরি জনগনের উপর ভারতীয় সেনাবাহিনীর লাগাতার অত্যাচার, বাবড়ি মসজিদ ধবংস কিংবা গুজরাটে সাম্প্রতিক

সময়ে মুসলিমদের উপর যে ধরণের অত্যাচারের স্টিমরোলা র চালানো হয়েছে তা ভুলে যাবার মত বিষয় নয়। মুসলিমরা ভারতের জনগনের প্রায় ১৪ শতাংশ। অথচ তারাই ভারতে সবচেয়ে নিপিরীত, অত্যাচারিত এবং আর্থসামাজিক দিক দিয়ে পিছিয়ে পড়া এক জনগোষ্ঠি। এ বাস্তবতাটুকুও বিশ্লেষনের সময় মাথায় রাখতে হবে।

ভাইরাস প্রতিষেধক

তাহলে এই সন্ত্রাসের ভাইরাস প্রতিরোধ করা যায় কি করে? ভাইরাস যে প্রতিরোধ করতেই হবে - এ নিয়ে কারো সন্দেহ নেই। কারণ এ ভাইরাস প্রতিরোধ না করতে পারলে এ 'সভ্যতার ক্যান্সারে' রূপ নিয়ে আমাদের সমস্ত অর্জনকে ধ্বংস করবে। একই কথা ডঃ বিপ্লব পাল বলেছেন একটু অন্যভাবে তারসাম্প্রতিক প্রবন্ধে -

> রাষ্ট্র, পরিবার, সমাজ ইত্যাদির ধারনা গুলোর বৈপ্লবিক পরিবর্তন হচ্ছে-তখন মধ্যযুগীয় ধর্মগুলির আত্মিক উন্নতির কিছু বানী ছাড়া আর কিছুই আমাদের দেওয়ার নেই। সেই আত্মিক উন্নতির নিদান ধর্ম ছাড়াও বিজ্ঞান থেকেই পাওয়া যায়-তবুও কেও আত্মিক উন্নতির জন্য ধার্মিক হলে আপত্তি করার কিছু নেই। কিন্তু ধর্মপালন যখন তার হিন্দু বা মুসলমান পরিচয়বোধকে উস্কে দিচ্ছে -সেটা খুব ভয়ঙ্কর। ধর্ম থেকে সেই বিষটাকে আলাদা করতে না পারলে, এগুলো আমাদের সভ্যতার ক্যান্সার হয়ে আমাদের সমস্ত অর্জনকে ধ্বংশ করবে।

অর্থাৎ, এ ভাইরাসকে না থামিয়ে বাড়তে দিলে একসময় সারা দেহটাকেই সে অধিকার করে ফেলবে। আমার প্রবন্ধের উপরের দিকে দেয়া ল্যান্সফ্লুক প্যারাসাইট আক্রান্ত পিপড়ের উদাহরণের মত মানবজাতিও একসময় করে তুলবে নিজেদের আত্মঘাতি , মড়ক লেগে যাবে সমাজে। তাহলে এই সংক্রমণের হাত থেকে রক্ষা পাওয়ার উপায় কি? এই ভাইরাস সংক্রমণ থেকে বাঁচবার জন্য গড়ে তোলা দরকার এন্টিবডি, সহজ কথায় তৈরি করা দরকার ভাইরাস প্রতিষেধকের। আর এই সাংস্কৃতিক ভাইরাসকে প্রতিরোধ করতে পারে আমার-আপনার মত বিবেকসম্পন্ন প্রগতিশীল মানুষেরাই। আমি কিন্তু আসলেই মনে করি - এই এন্টিবডি তৈরি করতে কার্যকর ভূমিকা রাখতে পারে আমাদের মুক্তমনার মত বিজ্ঞান মনস্ক, যুক্তিবাদী সাইটগুলো; ভুমিকা রাখতে পারে বিশ্বাসের নিগড় থেকে বেরুনো মানবতাবাদী গ্রুপগুলো এবং মুক্তবুদ্ধির চর্চাকারী ব্যক্তিবর্গ। এই এন্টিবডির কারণেই বিশ্বাসের ভাইরাস থেকে রোগমুক্তি ঘটেছে আমাদের শিক্ষানবিসের , আর রোগমুক্তির সাম্প্রতিক উদাহরণ তো পাবনার রানা ফারুকের মূল্যবান চিঠিটি। আমরা যে ভাইরাসের প্রতিষেধক তৈরি করে রোগমুক্তি ঘটাতে কিছুটা হলেও পারছি, এ বিচ্ছিন্ন উদাহরণগুলোই তার প্রমাণ। কিন্তু তারপরও বলতে হবে সন্ত্রাসবাদের সাংগঠনিক শক্তিকে মোকাবেলা করার জন্য দরকার আরো বৃহৎ কিছুর - দরকার সকলের সম্মিলিত প্রচেষ্টার, দরকার খোলস ছেড়ে বেরুনোর মত সৎসাহসের, দরকার আমার-আপনার সকলের সামগ্রিক সদিচ্ছার। আপনার আমার এবং সকলের আলোকিত প্রচেষ্টাতেই হয়ত আমারা একদিন সক্ষম হব সমস্ত বিশ্বাসনির্ভর 'প্যারাসাইটিক' ধ্যান ধারণাগুলোকে তাড়াতে, গড়ে তুলতে সক্ষম হব বিশ্বাসের ভাইরাসমুক্ত নিরোগ সমাজের।

দেখুন -'বিশ্বাসের ভাইরাস' নিয়ে ডেনিয়েল ডেনেটের একটি চমৎকার আলোচনা (ইউটিউবের সৌজন্যে)

http://www.youtube.com/v/KzGjEkp772s&hl=en&fs=1

কমেন্ট

রফিক

নভেম্বর ২৮, ২০০৮ সময়: ৪:৪৮ অপরাহ্ণ লিঙ্ক

আসলেই তো - এভাবে ভাবিনি কখনো। হুম- ধর্ম জিনিসটাই একটা ভাইরাস- প্যারাসাইটের মত মনকে আচ্ছন্ন করে ফেলে। তখন মানুষ দিক বিদিক হারিয়ে ছুটতে থাকে রঙ্গিন নে শায়। বুকে বোমা বেধে ঝাঁপিয়ে পড়ে বেহেস্তের অপ্সরাদের আশায়।

এই ভাইরাস থেকে সহসা মুক্তি আসবে কি ?

1. 2

naim

নভেম্বর ২৮, ২০০৮ সময়: ৮:০৩ অপরাহ্ণ লিঙ্ক

amar jana mote god ba nature aj porjonto ekjon manush o toiri koreni [apnake chara] jini prithibir sorbo ghane ghani. apner sob gulo likha ami pori. apni somokam theke suru kore prithibir sob opo kamkai manober jonno science ar losic dea jaez kore deachen.
apner moto ekjon manusher pokhe prithibir sob bishashke ar sob manushke evabe jache tai vaba ki somochin hoche ? proshnota apner bibeker kachai rakhlam.

2. 3

অগ্নি

নভেম্বর ২৮, ২০০৮ সময়: ৮:৩০ অপরাহ্ণ লিঙ্ক

হ্যাঁ, ধর্ম আসলে ভাইরাসের মতোই ক্ষতিকর। এই জন্য তো ক্রিস্টোফার হিচেনস বলেছেন 'ধর্ম সবকিছুকে বিষাক্ত করে ফেলে'।
অভিজিতদাকে ধন্যবাদ।

3. 4

Biplab Pal
নভেম্বর ২৮, ২০০৮ সময়: ১১:৪২ অপরাহ্ণ লিঙ্ক

"আমার ধর্ম শ্রেষ্ঠ-তাহাই আসল ঈশ্বর প্রদত্ত-এবং অন্যধর্মে জল আছে" এটাই সব থেকে বড় ভাইরাস। এই ভাইরাসেই ভুগছে সব ধার্মিক লোকেরা। ধর্মে ভালো খারাপ সবই আছে। কিন্ত সমস্যা হচ্ছে রাজনীতিতে ধর্মর ব্যাবহার হবেই। কারন ক্ষমতা আধুনিক কালে কিছু আদর্শবাদ ঘিরেই আবর্তিত হয়। সেটা ধর্ম হলে সস্তায় ক্ষমতা দখলে অনেক বাজিমাত হয়। বাংলাদেশের সংক্ষিপ্ত ইতিহাস ত তাই। সুতরাং এই আদর্শবাদের মূলে আমাদের আঘাত করতেই হবে।

4. 5

অভিজিৎ
নভেম্বর ২৯, ২০০৮ সময়: ১:২৭ পূর্বাহ্ণ লিঙ্ক

এই উত্তরটি naim সাহেবের প্রতি –

> amar jana mote god ba nature aj porjonto ekjon manush o toiri koreni [apnake chara] jini prithibir sorbo ghane ghani. apner sob gulo likha ami pori. apni somokam theke suru kore prithibir sob opo kamkai manober jonno science ar losic dea jaez kore deachen.

মুক্তমনায় এসে মন্তব্য করার জন্য ধন্যবাদ। আপনার সমস্যাটি ঠিক কোথায় তা বুঝলাম না। আমি তো কোথাও দাবী করিনি যে আমি 'সব বিষয়ে জ্ঞানী'। বরং আমি বলি যে, আমি আসলে প্রতিদিনই

শিখছি। আপনার কাছে থেকেও, অন্যদের কাছ থেকেও। আর আমি কোন বিষয়ে লিখব কিংবা না লিখব, সেটা না হয় আমার হাতেই ছেড়ে দিন, স্যার। আর আপনি কি বিষয়ে লিখবেন তা না হয় থাকুক আপনার কাছে। আমার উপর অহেতুক রাগান্বিত না হয়ে কিংবা অর্বাচীন বিশেষণ ব্যবহার না করে আমার লেখার ভুলগুলো ধরিয়ে দিলেই বরং খুশি হব।

apner moto ekjon manusher pokhe prithibir sob bishashke ar sob manushke evabe jache tai vaba ki somochin hoche ? proshnota apner bibeker kachai rakhlam.

আমি কখন 'পৃথিবীর সব বিষয়কে আর সব মানুষকে' যাচ্ছেতাই ভাবলাম? আপনি বরং আপনার বিবেকের কাছেই প্রশ্ন রাখুন - কমেন্ট করতে এসে এ ধরণের ভিত্তিহীন কথাবার্তা একেবারেই অপ্রাসঙ্গিক হয়ে গেল না?

যাহোক তবুও মন্তব্য করার জন্য ধন্যবাদ।

5. 6

জাফর উল্লাহ

নভেম্বর ২৯, ২০০৮ সময়: ৫:১৬ পূর্বাহ্ণ লিঙ্ক

প্রিয় অভিজিত,

শুধু মাত্র ধর্মের দোহাই দিয়ে জিহাদীদেরকে অনুপ্রেরিত করা যাবে না ৯-১১ বা মুম্বাই এর মত হত্যা কান্ডে লিপ্ত হতে। এর মধ্যে একটা missing link রয়েছে। আর সেটি হচ্ছে - social injustice issue. মার্কিন যুক্তরাষ্ট্র ইস্রাইলকে অর্থ, আগ্নেয় অস্ত্র, এবং moral support দিয়ে গত ৬০ বছর ধরে যে ভাবে support করে এসেছে আর যার ফলে ইস্রাইল বেশ কয়েকবার যুদ্ধে জয়ী হয়ে প্যালিস্টাইনের জনগণের self rule concept টাকে দুমড়ে হিচকে বিনাষ সাধনে সচেষ্ট হয়েছে - সেটি আরবী young generation কে উদ্বুদ্ধ করেছে পশ্চিমী বিশ্বের প্রতি ঘৃণিত দৃষ্টিতে তাকাতে। এই কারণে মোহাম্মদ আতার মত জিহাদী খুজে বেড়াতে বিন লাদেনের গোষ্ঠীর কোন কষ্টই হয়নি।

ভারতের বেলায় কাশ্মীর ইস্যুটি অবিকল সে' ভাবে কাজ করেছে। সে জন্য ভারতের বেলায় জিহাদী ব্রিগেডের জন্য স্বেচ্ছাসেবক খুজে বেড়াতে ইস্লামিস্টদের বেশী দূরে যেতে হবে। কাশ্মীর , পাকিস্তান, ও

অন্যান্য মুসলিম দেশে অনেক স্বেচ্ছাসেবক এক পায়ে দাঁড়িয়ে আছে যারা মুম্বাই বা নয়াদিল্লীতে গিয়ে বোম ফাটাতে বা কোমান্ডো স্টাইলে নরহত্যা করতে এক কথায় রাজী।

নিউ ইয়র্ক হচ্ছে আমেরিকার Financial Nerve Center, তাই জিহাদীরা ৯-১১ জন্য WTC Building কে গ্রাউন্ড জীরো হিসাবে গণ্য করেছিল। আর মুম্বাই হচ্ছে ভারতের Financial Nerve Center, তাই জিহাদীরা ভারতের বেলায় মুম্বাই এর তাজ হোটেলকে গ্রাউন্ড জীরো হিসাবে নির্ধারিত করেছিল। আর ইহুদীদের সেন্টার আক্রমণ কেন করেছে সেটা আমাকে আর বুঝিয়ে বলতে হবে না!

আমার একান্ত অনুরোধ হচ্ছে যে, আমরা যেন এত simple-minded না হই যখন আমরা এত complex issue নিয়ে লিখালিখি করি। আমাদের মধ্যে 'one-trick pony' hobar একটা প্রবণতা আছে। তাই ৯-১১ বা মুম্বাইর ১১-২৫ এর হত্যাকান্ড এ'গুলোর পেছনে শুধুমাত্র ধর্মীয় উত্তেজনা ও অনুপ্রেরনা দেখি। Social Injustice issueটাকে গনতির মধ্যে নেই না। মানুষ vacuum এর মাঝে বিচরন করে না। সেই জন্য social, economical, and political context গুলো আমাদের দৃষ্টির মাঝে ধরে রাখতে হবে।

জাফর

6. 7

Biplab Pal

নভেম্বর ২৯, ২০০৮ সময়: ৮:০২ পূর্বাহ্ণ লিঙ্ক

ডঃ জাফর উল্লাহর সাথে ভিন্নমত পোষন করছি। ভারতে গত ছমাসে ১০টা বিষ্ফোরন ঘটেছে। এর মধ্যে কোন কাশ্মীরি বা গুজরাটি মুসলিম ছিল না। মূলত পাকিস্থানের এল এই টি রাই এই কাজ করেছে।

তাহলে ব্যাপারটা কি দাঁড়াল আপনার তত্ত্ব অনুযায়ী ? পাকিস্থানের মুসলিম যুবকরা, ভারতে মুসলিম নির্যতনের প্রতিশোধ নিচ্ছে? এবার ব্যাপারটা ভাবুন। পাকিস্তানে কি এদের ওপর অন্যায় অত্যাচারের শেষ আছে? গোটা দেশটা লুটে খাচ্ছে কিছু পরিবার। সেই অত্যাচার অবিচার (বালুচিস্থান ধরে) চোখে পড়ল না-চোখে পরল কাশ্মীরে মুসলিমরা অত্যাচারিত! সেখানে এবার খুব শান্তিতেই ৬৭% ভোট দিয়েছে কয়েকদিন আগে এবং তাদের জঙ্গী সংগঠনগুলির পালে কোন হাওয়া নেই। অথবা ধরুন এরা তিব্বত বা জাফনায় স্বাধীনতা কামীলোকের ওপর কোন অত্যাচার দেখতে পায় না-পাচ্ছে শুধু যেখানে মুসলিমরা নির্যাতিত। তাহলে ত ব্যাপারটা সেই সাম্প্রদায়িকতা এবং ধর্মীর বিদ্বেশ হয়ে দাঁড়াচ্ছে!

নিজের ধর্মের লোকদের জন্য ফিলিংস থাকতেই পারে-কিন্তু সেটাকে ত ভাইরাস ই বলা যায়-কারন মানুষকে ত আসলেই হিন্দু মুসলমানে ভাঙা যায় না। শুধু বলতেই পারেন ,এ ক্ষেত্রে সাম্রাজ্যবাদি শক্তিগুলির ভূমিকা সেই ভাইরাসকে হোস্ট করার জন্যে। তবে আমাদের দোষটাই কি খুব কম ? আমরা যদি হিন্দু-মুসলামান বিভেদ মানি, সেটাকে আমেরিকার ব্যাবসায়ী গোষ্ঠি কাজে লাগাবেই। আমাদের অবস্থাটা ত সেই পিঁপড়ের মতন ই হল! সেটাকে যারা দূর করতে পারত -সেই বামপন্থীদের ব্যার্থতাটাই আমাদের আগে বিশ্লেষন করতে হবে।

7. 8

অভিজিৎ

নভেম্বর ২৯, ২০০৮ সময়: ৮:০৮ পূর্বাহ্ন লিঙ্ক

আমার একান্ত অনুরোধ হচ্ছে যে, আমরা যেন এত simple-minded না হই যখন আমরা এত complex issue নিয়ে লিখালিখি করি। আমাদের মধ্যে 'one-trick pony' hobar একটা প্রবণতা আছে । তাই ৯-১১ বা মুম্বাইর ১১-২৫ এর হত্যাকান্ড এ'গুলোর পেছনে শুধুমাত্র ধর্মীয় উত্তেজনা ও অনুপ্রেরনা দেখি। Social Injustice issueটাকে গনতির মধ্যে নেই না। মানুষ vacuum এর মাঝে বিচরন করে না। সেই জন্য social, economical, and political context গুলো আমাদের দৃষ্টির মাঝে ধরে রাখতে হবে।

জাফরভাই, আপনার সময়োচিত মন্তব্যের জন্য অশেষ ধন্যবাদ। হ্যা, পলিটিকাল কন্টেক্সটগুলো অবশ্যই আমাদের মাথায় রাখতে হবে, না হলে কোন আলোচনাই সম্পুর্ণ হতে পারে না। সেজন্যই কিন্তু আমি আমার লেখায় উল্লেখ করেছি -'
তবে একটি জিনিস কিন্তু ভুলে গেলে চলবে না। কাশ্মিরি জনগনের উপর ভারতীয় সেনাবাহিনীর লাগাতার অত্যাচার, বাবড়ি মসজিদ ধবংস কিংবা গুজরাটে সাম্প্রতিক সময়ে মুসলিমদের উপর যে ধরণের অত্যাচারের স্টিমরোলার চালানো হয়েছে তা ভুলে যাবার মত বিষয় নয়। মুসলিমরা ভারতের জনগনের প্রায় ১৪ শতাংশ। অথচ তারাই ভারতে সবচেয়ে নিপিরীত, অত্যাচারিত এবং আর্থসামাজিক দিক দিয়ে পিছিয়ে পড়া এক জনগোষ্ঠি। এ বাস্তবতাটুকুও বিশ্লেষনের সময় মাথায় রাখতে হবে। ' এ নিয়ে একটা ভাল লেখা টাইমস ম্যাগাজিনে প্রকাশিত হয়েছে, দেখুন এখানে। না- মুক্তমনা লেখকেরা কখনোই 'one-trick pony' হিসবে লেখা লখেনি - তা নিশ্চয় আপনি এতদিনে জানেন। রাজনৈতিক ব্যাপারগুলো মাথায় রেখেও বলছি - 'বিশ্বাসের ভাইরাস' টেররিজমের অন্যতম প্রধান উৎস। এ বিষয়টি গুরুত্বের সাথে তুলে ধরাই ছিলো আমার প্রবন্ধের মূল উদ্দেশ্য।
অভিজিৎ।

8. 9

adnan lermontov

নভেম্বর ২৯, ২০০৮ সময়: ৮:১৭ পূর্বাহ্ণ লিঙ্ক

Avijit Bhai, khub jobdo uttor diyesen...

thank you

9. 10

আদিল মাহমুদ

নভেম্বর ২৯, ২০০৮ সময়: ৮:৪৬ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি জাফর উল্লাহ সাহেবের সাথে একমত। কোরান বা সব ধর্ম গ্রন্থ কিন্তু একই আছে, অথচ ধর্মের দোহাই দিয়ে নীরিহ মানুষ মারা নিত্যদিনের ঘটনা হওয়া কিন্তু খুব পুরানা না। এমন কি ৮০র দশকেও এ ধরনের ঘটনা খুব কমন ছিল না। হ্যা , ধর্মের নামে মানুষ হত্যার ইতিহাস অনেক পুরানো , কিন্তু সুইসাইড বোম্বিং বা সন্ত্রাস খুব বেশীদিনের না।

আমি যেটা বলতে চাচ্ছি তা হল, এই ধর্ম কেন্দ্রিক সন্ত্রাসের জন্য শুধুই ধর্ম দায়ী না। দায়ী সাম্রাজ্যবাদী শক্তিও, লাদেন বা তালেবানের সৃষ্টি কর্তা কারা তা আমরা সবাই জানি। তাই না ? বিষধর সাপ নিয়ে খেলা করলে তা নিজেকে কামড় কোন না কোনদিন তো দিবেই। ধর্মকে ব্যাবহার করা হচ্ছে, কোন সন্দেহ নেই, কিন্তু যারা ব্যাবহার করছে সেই নেপথ্য নায়কদের সম্বন্ধে উদাস থাকলে এর সমাধান কোনদিন ই হবে না। আমার তো মনে হয় আমেরিকার মানুষ যদি কড়া সুরে তাদের সরকারকে ৯-১১ এর প্র জিজ্ঞাসা করতে যে কেন তালেবানদের সৃষিট করা হয়েছিল তাহলে তাদের আর বিলিয়ন বিলিয়ন ডলার সন্থাস দমনে উড়াতে হত না। নিজেদের দেশে বোমা মারলে সন্ত্রাস আর সেই সন্ত্রাসীদের সৃষ্টি করা আর অন্য দেশে বোমাবাজীতে সরাসরি সাহায্য করা পররাষ্ট্রনীতির অংশ ? আমেরিকার জনগণ তাদের সরকারকে এই প্রশ্ন ও করে না যে তাদের কষ্টার্জিত উপার্জনের ট্যাক্স কেন

ইসরাইলে যাবে? সন্ত্রাসীরা ধরমীয় লেবাসধারী হলেও এই সব সাম্প্রতিক সব সন্ত্রাসের উতস কিন্তু রাজনৈতিক, ধর্মীয় নয়।

ধর্মে হিংসা বা সন্ত্রাস উস্কানোর উপাদান আছে, মানি। আবার ভাল ভাল কথাও কিন্তু আছে। বিজ্ঞানের প্রয়োগ কিন্ত মানুষের চরম ক্ষতিকর কাজেও ব্যাবহার করা যায় , করা হয়েছেও। তাই বলে বিজ্ঞান কিন্তু খারাপ হয়ে যায় নি। ভাল খারাপ নির্ভর করে প্রয়োগের উপর।

আমাকে সব চেয়ে দুঃখিত করে যখন দেখি ধর্মের নামে মানুষ অন্দধ হয় তখন। যেমন , এখনো বহু মুসলমান বিশ্বাস করেন যে লাদেন ৯১১ এর জন্য দায়ী না, সবই ইহুদী চক্রান্তের অংশ। অনেকে মুখে এ ঘটনার প্রতিবাদ করলেও মনে মনে বলেন বেশ হয়েছে। এই দুঃখজনক প্রবণতা সব ধর্মাল্মবীদের মাঝেই দেখা যায়, এমন কি অতি উচ্চ শিক্ষিতদের মাঝেও। এই প্রবণতা হল এই ক্রমবর্ধমান ধর্মীয় সন্ত্রাসের ভিটামিন।

এই ভিটামিন সাপ্লাই বন্ধ না হলে এবং জাফর উল্লাহ সাহেব যা বলেছেন, social/economic injustice বন্ধ না হলে এর কোন সমাধান নেই।

10. 11

takdir

নভেম্বর ২৯, ২০০৮ সময়: ১১:০৬ পূর্বাহ্ণ লিঙ্ক

And I believe this virus is so strong in the society and in the families as well that can easily turn into a believers factory.
As D. Avijit depicts the fierce site I assume this is a very good remedy for the affected society and especilly for the youth whom are now a days very intend to go to fucking HEVEN!

Expect a MUKTO MONA society. Lets looking ahead

And I believe this virus is so strong in the society and in the families as well that can easily turn into a believers factory.
As D. Avijit depicts the fierce site I assume this is a very good remedy for the affected society and especilly for the youth whom are now a days very intend to go to fucking HEVEN!

Expect a MUKTO MONA society. Lets looking ahead

11. 12

ফরিদ

নভেম্বর ২৯, ২০০৮ সময়: ২:৩৬ অপরাহ্ণ লিঙ্ক

যথারীতি প্রবল ঈর্ষা উদ্রেককারী আরেকটি অভিজিতীয় লেখা। মুম্বাই যখন ইসলামী জঙ্গীদের হামলায় রক্তাক্ত, ক্ষত-বিক্ষত, সারা বিশ্ব যখন আতংকিতভাবে নতুনভাবে উ পলব্ধি করার চেষ্টা করছে অন্ধ ধর্ম-বিশ্বাস নামের সভ্যতানাশী, মানব বিনাশী দানবকে, ঠিক তখনই অভিজিত হাজির হয়েছে তার 'বিশ্বাসের ভাইরাস' নামের প্রবন্ধ নিয়ে। এই লেখাটি যে অসাধারণ একটা লেখা সেটা বলার কোন প্রয়োজন আমি দেখছি না। কারণ অভিজিতের প্রবন্ধ মানেই যে অসাধারণ কিছু একটা হয় সেটা আমরা সবাই জানি। শুধু এইটুকু বলা যায় ভয়ংকর রকমের মস্তিষ্ক -উন্মাদণাকর লেখা একটা।

ধর্ম নিয়ে ঢাকঢাক গুড়গুড় করার কোন মানে নেই। ধর্মগুলো সব শান্তশিষ্ট গুডু গুডু বয় কিন্তু কিছু লোক তার ভুল প্রয়োগ করছে বা ধর্মগ্রন্থগুলো সব ফেরেস্তাদের বয়ে আনা ঐশী বাণী, কিন্তু ভুলভাবে ব্যাখ্যা করে মোল্লারা তরুনদেরকে জিহাদ বা ক্রুসেডের দিকে ঠেলে দিয়েছে বা দিচ্ছে এই সমস্ত কূটনৈতিক চালবাজি এবং ফটকাবাজী থেকে সরে আসার সময় হয়ে গেছে এখন। চরম সত্যি কথা হচ্ছে যে, পৃথিবীতে যত হিংসা হানাহানি হয়েছে, যত রক্তপাত হয়েছে, যত প্রাণনাশ হয়েছে তার সিংহভাগই হয়েছে ধর্মের কারণে, ধর্মগ্রন্থের নির্দেশে, ঈশ্বরের নামে আর বিশ্বাসের অজুহাতে। বিশ্বাস নামের এই ভাইরাস ক্রমাগত গ্রাস করে নিচ্ছে মানব সভ্যতা নামের সম্পূর্ণ হার্ডডিস্ককে। এখনই যদি সতর্ক না হওয়া যায়, এখনই যদি প্রতিরোধক নেওয়া না যায় তবে হার্ডিডিস্কটাই ক্রাশ করে যাবে যে কোন সময়।

পৃথিবীতে সবচেয়ে সফলবভাবে হিংসার চাষ যদি কেউ করে থাকে তবে তা হচ্ছে ধর্ম। প্রতিটা ধর্মই ভেবে থাকে যে সেই একমাত্র সত্য ধর্ম। সেই একমাত্র মহান সৃষ্টিকর্তার প্রতিনিধিত্ব করছে। বাকী সব ধর্মই মিথ্যা এবং বুজরকি। ফলে, মুখে যাই বলুক না কেন, অন্তরে অন্তরে সব ধর্মের লোকেরাই ভিন্নধর্মীদেরকে হীন চোখে দেখে, হেয় জ্ঞান করে। পাপী তাপী মানুষ বলে ভেবে থাকে। বিষধর সাপের মত সুযোগ পেলেই ছোবল মারতে ছাড়ে না অবিশ্বাসীদের নধর কপোলে।

নানান হিসাব নিকাশ শেষে সময়ের প্রেক্ষিতে প্রায় সব ধর্মগুলোই এখন বিষথলি লুকিয়ে ঢোঁড়া সাপ সেজে বসেছে। অভিজিতের ভাষায় বকধার্মিক হয়েছে। ব্যতিক্রম হচ্ছে 'শান্তির ধর্ম' নামে পরিচিত ইসলাম ধর্ম। পৃথিবী জুড়ে অশান্তি তৈরি করাই এখন যার একমাত্র কাজ। পেট্রো ডলারের সুবাদে দারুণ ফর্মে আছে সে। বাকী সব সর্পদের অভাব একাই পূরণ করে চলেছে এই সর্পরাজ। এর বিষাক্ত ছোবলে পৃথিবীর মানুষের এখন জান যায় যায় দশা।

Khudiram and Surya sen did not come to Europe, America, Israel, Australia, Indonesia, Spain or in Germany-to blast bombs to kill some school children in the Bus, people in the open market, vacasion resorts or night club in Jerusalem to show their anger against Brit,s occupation of India, I hope! And also Khudiram did not chant by the name of any religion or chant for any God. That is the only difference, only it gets to our brain! Thanks
SKM

40. 41

supa
ডিসেম্বর ৭, ২০০৮ সময়: ১১:৪৩ পূর্বাহ্ণ লিঙ্ক

Can I ask Mr Ullah why he thinks that Kashmiris need independance from India? What makes him believe that India hates Karmiris and enjoys oppressing Kashmiris? Is he suggesting that Bengalis, Tamils, Gujratis all should do the same? What would it take for the Muslims to feel that Kashmir is fine with India and it might be possible to resolve the grievances without seperation?
Ullah is right in one thing: if we are serious about resolving such issues we need to locate the tools used to brainwash the terrorists. Apart from "religious verses", Ullah correctly pointed out the power of "propoganda". People are constantly fed lies by media, leadership and the society. However, these are manifested in people's brain as facts and people get attached emotionally and as result try to do the "right thing in their mind". Here's an article that might be relevant here: http://nobeliefs.com/problemswithbeliefs.htm

41. 42

supa

ডিসেম্বর ৮, ২০০৮ সময়: ৫:২০ পূর্বাহ্ন লিঙ্ক

I agree with Mr Sarker - a lot of good work done by MM is not reaching the vast number of population (around the world - Bengalis and non Bengalis), who I am sure are starving for such information/knowledge/enlightenment. It's a pity.
I have no doubt that if people get a little taste of such alternative way of thinking they will change forever and our children will get a better world than us.

42. 43

supa

ডিসেম্বর ৮, ২০০৮ সময়: ৭:৩৫ পূর্বাহ্ন লিঙ্ক

Let me re-phrase my question to Mr Ullah: Could you please list the ways the Kashmiris are discriminated against with respect to other Indians? Please list your reason why you think they should be Independent or become part of Pakistan? Is it because this is what the Muslims want and if this demand is not met they are going to kill more human lives?

43. 44

জাফর উল্লাহ

ডিসেম্বর ৮, ২০০৮ সময়: ১২:৫৬ অপরাহ্ন লিঙ্ক

To Supa: Are you a serious student of history? If the answer is affirmative, then you should not be asking this question. Just go back to the pages of history and ask what the U.N. mandate was after the ceasefire of 1947-48 war. Was not that a plebiscite mandated? Why Nehru did ignore it? Indian intelligentsia always feared that if a plebiscite be given, the chances were higher that India stands to lose a big chunk of real-estate. India simply wanted to prolong the antiquated "MaRatha-Mughal" fight.

44. 45

supa

ডিসেম্বর ১০, ২০০৮ সময়: ৫:০৫ অপরাহ্ণ লিঙ্ক

To Mr Ullah: Another words, Kashmir needs independance or needs to be part of Pakistan because that was mandated by the UN after the 1947-48 war. There is no other reason.

It seems that the UN may have changed its mind by now. I wonder why Paki is so over zealous about it? They created LET, isn't it? May be Pakis want revenge for losing East Pakistan.

45. 46

Biplab Pal

ডিসেম্বর ১১, ২০০৮ সময়: ৯:৪৮ পূর্বাহ্ণ লিঙ্ক

ধর্মের ভাইরাসের সপক্ষে আরো প্রমান-

অপারেশন চলা কালীন টেরোরিস্টদের ফোনে কোরানের বানী দিয়ে উজ্জীবিত করা হচ্ছিল। ওদের স্যাটেলাইট ফোন ট্যাপিং এ সেটাই জানা গেছে। পুরো খবরঃ

The Crime Branch of the Mumbai police has traced the company that provided the Voice over Internet Protocol (VoIP) service used by the 26/11
terrorists to keep in touch with their bosses. The US-based company, Call Phoenix, has apparently confirmed that the terrorists spoke to someone based in Pakistan. According to the Crime Branch, investigators have taped nearly 60 hours of the conversation that occured between the terrorists and someone in Pakistan during the terror attacks. The person has been identified as their handler Zakiur-Rehman alias Lakhwi, who is an LeT Commander. He was in constant touch with the terrorists while they battled commandos at Hotel Taj, Hotel Trident-Oberoi and Nariman House.

Lakhwi was detained by Pakistani officials on Sunday.

The sleuths learnt that Lakhwi was guiding the terrorists about police and commando movements by following the developments on TV.

He was also giving them pep talks and reading Quranic verses to whoever felt weak or scared.

The investigations have also found that money for the VoIP service was paid through a renowned international money transfer company. Sources said about $300 were transferred to the VoIP company by someone named Zarar Shah. The New Jersey-based company removed its profile from the Internet after finding itself embroiled in a terror conspiracy.

These details could be another crucial piece of evidence linking Pakistan to the November 26 terror attacks.

Crime Branch chief Rakesh Maria said the department is in touch with the company for details of the users of the VoIP.

46. 47

adnan lermontov

ডিসেম্বর ১২, ২০০৮ সময়: ৭:৫৭ পূর্বাহ্ণ লিঙ্ক

apni Farid bhai eto bojhen ar vondo ke ta bojhen na…bapar ta kintu khub shondeho jonok…

banglai ekta kotha ase: "chorer abar boro gola"

dhonnobad

adnan lermontov

47. 48

ফরিদ

ডিসেম্বর ১২, ২০০৮ সময়: ১২:০১ অপরাহ্ণ লিঙ্ক

> apni Farid bhai eto bojhen ar vondo ke ta bojhen na…bapar ta kintu khub shondeho jonok…
>
> banglai ekta kotha ase: "chorer abar boro gola"
>
> dhonnobad
> adnan lermontov

:?

48. 49

 Biplab Pal

ডিসেম্বর ১২, ২০০৮ সময়: ৭:১৪ অপরাহ্ণ লিঙ্ক

More proof for virus..
Father of lone surviving terrorist admitted in Pakistan media that his son has been brainwashed. He left home because he didn't get new cloth in Id! See there was no anti-India anger when he left home. Then he was systematically brainwashed as claimed by his father. Read the news…This will speak for virus theory even more…

>>>
The Lashkar-e-Taiyba and the Jamaat-ud-Dawa might have disowned him, but the father of the lone Pakistani gunman arrested for the Mumbai terror attacks [Images] has admitted that the young man whose photograph was beamed by media across the world, is his son.
Amir Kasab [Images], the father of Ajmal Amir Iman alias Ajmal Kasab, broke down as he made the admission to the influential Dawn newspaper in the courtyard of his house in Faridkot, a village of about 2,500 people in Okara district of Punjab province.

"I was in denial for the first couple of days, saying to myself it could not have been my son… Now I have accepted it. This is the truth. I have seen the picture in the newspaper. This is my son," Amir said in his first interview to the media since his son's arrest.

Britain's Observer newspaper and the BBC had earlier reported that Kasab belonged to Faridkot and had joined the Lashker-e-Tayiba some time ago.

The Observer's correspondent had located Kasab's home and gotten hold of the voters' roll which had the names of his parents Amir Kasab and Noor as well as the numbers on their national identity cards.

External Link: Crackdown hints at Faridkot-Mumbai link

Reports had said that Kasab left home as a frustrated teenager about four years ago and went to Lahore [Images] in search of a job. After a brush with crime in that city, he reportedly joined the LeT.

Amir Kasab, a father of three sons and two daughters, said his son disappeared from home four years ago. "He had asked me for new clothes on Eid that I couldn't provide him. He got angry and left," he said.

As Amir talked to the Dawn's correspondents, Kasab's two sisters and a younger brother stood nearby. Their mother, wrapped in a chador, lay on a nearby charpoy.

"Her trance was broken as the small picture of Kasab lying in a Mumbai hospital was shown around. They appeared to have identified their son. The mother shrunk back in her chador but the father said he had no problem in talking about the subject," the newspaper reported.

Amir said he had settled in Faridkot after arriving from the nearby Haveli Lakha many years ago. He owned the house the family lived in and made a living by selling pakoras in the streets of the village.

He pointed to a hand-cart in one corner of the courtyard and said, "This is all I have. I shifted back to the village after doing the same job in Lahore. My eldest son, Afzal, is also back after a stint in Lahore. He is out working in the fields."

Faridkot is located off a busy road and bears all the characteristics of a lower-middle class locality in a big city, the newspaper reported.

Amir said he has had little say in Kasab's life since the day his son walked out on him. He calls the people who snatched his son from him his enemies, but has no clue who these enemies are, the paper reported.

Asked why he did not look for his son all this while, he said, "What could I do with the few resources that I had?"

Media reports had said that Kasab's handlers had promised him that his family would be compensated with Rs 1,50,000 after the completion of the Mumbai mission.

49. 50

OPU

জুন ২, ২০০৯ সময়: ৩:০৯ অপরাহ্ণ লিঙ্ক

ধমটাই একটা ভাইরাস ! যে ভাইরাস উগ্র হ তে সাহায্য ক রে।

50. 51


SHEIKH

মার্চ ১, ২০১১ সময়: ৩:২০ পূর্বাহ্ণ লিঙ্ক

জনাব অভিজিৎ, অচেনা কেউ একজন আমাকে ফেসবুকে লিঙ্ক দিয়ে মেসেজ পাঠিয়েছে সেখানে আপনার যুক্তি খন্ডনের ব্যাপার স্যাপার দেখলাম এখানে এবং এখানে দেখুন।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=11761

বিশ্বাসের ভাইরাস -২ (বিশ্বাস ও দারিদ্র্য)

তারিখ: ১০ অগ্রহায়ন ১৪১৭ (নভেম্বর ২৪, ২০১০)

লিখেছেন: অভিজিৎ

বিশ্বাসের ভাইরাস নামে একটা প্রবন্ধ লিখেছিলাম ২০০৮ সালের নভেম্বর মাসে। নভেম্বর মাসের ২৬ তারিখে প্রায় ৫০ জন ফিদাইন জঙ্গী সবমিলিয়ে তাজ হোটেল সহ মুম্বাইয়ের ৫ টা বিখ্যাত ল্যান্ডমার্ক আক্রমন করে আখচার গোলাগুলি করে নিমেষ মধ্যে ত্রাসের রাজত্ব কায়েম করেছিল। ঘটনাবহুল ছিলো দিনটি। আমার 'বিশ্বাসের ভাইরাস' প্রবন্ধটি ছিলো সেই ভয়াবহ দিনের ফলশ্রুতি। এর পর গঙ্গা যমুনার উপর দিয়ে অনেক জল বয়ে গেছে , কিন্তু 'বিশ্বাসের ভাইরাস'-এর প্রাসঙ্গিকতা ক্ষুন্ন হয়নি একবিন্দুও। আমার আজকের লেখাটি আগের চিন্তারই আরো পরিবর্ধন বলা যেতে পারে। সে হিসেবে এটি **বিশ্বাসের ভাইরাসের ২য় পর্ব।**

আসলে বিশ্বাসের ব্যাপারটি নিয়ে আমি অনেকদিন ধরেই চিন্তা করছি। বিশ্বাস কখনো একা একা পথ চলে না, বগলদাবা করে বয়ে নিয়ে বেড়ায় প্রাতিষ্ঠানিক ধর্মকে। তাই বিশ্বাসের কথা বলতে গেলে পাশাপাশি অবধারিতভাবে ধর্মের কথাও এসে পড়ে। বিশ্বাস এবং ধর্ম অনেকসময়ই খুব পরিপূরক, আমাদের সমাজে তো বটেই, পাশ্চাত্যেও। আর এ নিয়ে বহু খ্যাতনামা দার্শনিকই চিন্তাভাবনা করেছেন বিভিন্ন সময়ে। স্পিনোজা থেকে ভলতেয়ার, ফুয়েরবাক থেকে মার্ক্স পর্যন্ত অনেকেই ভেবেছেন। রাজনৈতিক, সামাজিক এবং অর্থনৈতিক মডেলও তুলে ধরা হয়েছে অনেক। বাংলা ভাষায়ও খুব বেশি না হলেও বেশ কিছু বই লেখা হয়েছে। আরজ আলী মাতুব্বর লিখেছেন , লিখেছেন হুমায়ূন আজাদ, লিখেছেন আহমদ শরীফ, লিখেছেন প্রবীর ঘোষ কিংবা ভবাণীপ্রসাদ সাহু। প্রাচ্য এবং প্রতীচ্যের দার্শনিকেরা বিভিন্নভাবে ধর্মবিশ্বাস এবং সমাজে এর প্রভাবকে বিশ্লেষণ করলেও রিচার্ড ডকিন্সের 'ভাইরাসেস অব দ্য মাইণ্ড' রচনাটির আগে জৈববৈজ্ঞানিকভাবে ধর্মের মডেলকে বোঝা যায়নি[1]। এই প্রবন্ধ থেকে অনেকটাই পরিস্কার হয়ে যায় যে,ধর্মীয় বিশ্বাস এবং রীতি নীতিগুলো অনেকটা ফ্লু-ভাইরাসের মতোই সংক্রমিত করে। সেজন্যই ধর্মের মোহে আচ্ছন্ন হয়ে মানুষ বহুকিছুই করে ফেলে , যা সুস্থ মস্তিস্কে কল্পনাও করা যায় না। বিখ্যাত বিজ্ঞানের দার্শনিক ডেনিয়েল ডেনেট ডকিন্সের এই ধারণাকেই আরো সম্প্রসারিত করে একটি বই লিখেছেন সম্প্রতি 'ব্রেকিং দ্য স্পেল' শিরোনামে[2]। ডেরেল রে সম্প্রতি লিখেছেন 'গড ভাইরাস[3]'। রিচার্ড ব্রডি লিখেছেন 'ভাইরাস অব দ্য মাইণ্ড'[4] প্রভৃতি। ডকিন্স নিজেও ভাইরাস সংক্রমণের ব্যাপারগুলোকে মিম তত্ত্বের আলোকে বিশ্লেষণ করেছেন, এবং 'সেলফিশ জিন'[5] এবং সাম্প্রতিক 'গড ডিলুশন'[6] বইয়ে তার সে সমস্ত ধারণার প্রতিফলন ঘটেছে।

আমি আমার বিভিন্ন লেখায় দেখিয়েছি যে, মানবমনে প্রোথিত বিশ্বাসগুলো আসলে অনেকটাই ভাইরাস কিংবা প্যারাসাইটের মতো কাজ করে। এদের আক্রমণে মস্তিস্কের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলার বহু উদাহরণ আছে বিজ্ঞানীদের কাছে। যেমন,

-নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম নামে এক ফিতাকৃমি সদৃশ প্যারাসাইট ঘাস ফড়িং -এর মস্তিস্ককে সংক্রমিত করে ফেললে ঘাস ফড়িং পানিতে ঝাপিয়ে পড়ে আত্মহত্যা করে, যার ফলশ্রুতিতে নেমাটোমর্ফ হেয়ারওয়ার্মের প্রজননে সুবিধা হয়। অর্থাৎ নিজের প্রজননগত সুবিধা পেতে নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম বেচারা ঘাস ফড়িংকে আত্মহত্যায় পরিচালিত করে[7]।

-জলাতংক রোগের সাথে আমরা সবাই কমবেশি পরিচিত। পাগলা কুকুর কামড়ালে আর উপযুক্ত চিকিৎসা না পেলে জলাতংক রোগের জীবাণু মস্তিস্ক অধিকার করে ফেলে। ফলে আক্রান্ত মস্তিস্কের আচরণও পাগলা কুকুরের মতোই হয়ে উঠে। আক্রান্ত ব্যক্তি অপরকেও কা মড়াতে যায়। অর্থাৎ, ভাইরাসের সংক্রমণে মস্তিস্ক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে।

- ল্যাংসেট ফ্লুক নামে এক ধরনের প্যারাসাইটের সংক্রমণের ফলে পিঁপড়া কেবল ঘাস বা পাথরের গা বেয়ে উঠা নামা করে। কারণ এই প্যারাসাইটগুলো বংশবৃদ্ধি করতে পারে শুধুমাত্র তখনই যখন কোন গরু বা ছাগল একে ঘাসের সাথে চিবিয়ে খেয়ে ফেলে। ফলে প্যারাসাইট টা নিরাপদে সেই গরুর পেটে গিয়ে বংশবৃদ্ধি করতে পারে[8]।

নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম যেমনি ভাবে ঘাস ফড়িংকে আত্মহত্যায় পরিচালিত করে, ঠিক তেমনি ধর্মের বিভিন্ন বাণী এবং জিহাদী শিক্ষা মানব সমাজে অনেকসময়ই ভাইরাস কিংবা প্যারাসাইটের মত সংক্রমণ ঘটিয়ে আত্মঘাতী করে তুলে। ফলে আক্রান্ত সন্ত্রাসী মনন বিমান নিয়ে আছড়ে পড়ে টুইন টাওয়ারের উপর, কখনো বা সিনেমা হলে, কখনোবা রমনার বটমূলে। নাইন ইলেভেনের বিমান হামলায় উনিশ জন ভাইরাস আক্রান্ত মনন 'ঈশ্বরের কাজ করছি ' এই প্যারাসাইটিক ধারণা মাথায় নিয়ে হত্যা করেছিলো প্রায় তিন হাজার জন সাধারণ মানুষকে। ইউনিভার্সিটি অফ শিকাগোর অধ্যাপক ব্রুস লিংকন, তার বই "হলি টেররসঃ থিংকিং এবাউট রিলিজিয়ন আফটার সেপ্টেম্বর ইলেভেন" বইয়ে বিষয়টির উপর আলোকপাত করে বলেন, "ধর্মই, মুহাম্মদ আত্তা সহ আঠারোজনকে প্ররোচিত করেছিল এই বলে যে, সংগঠিত বিশাল হত্যাযজ্ঞ শুধুমাত্র তাদের কর্তব্য নয় , বরং স্বর্গ থেকে আগত পবিত্র দায়িত্ব"[9]। হিন্দু মৌলবাবাদীরাও একসময় ভারতে রামজন্মভূমি অতিকথনের ভাইরাস বুকে লালন করে ধ্বংস করেছে শতাব্দী প্রাচীন বাবড়ি মসজিদ। এধরণের অসংখ্য দৃষ্টান্ত ইতিহাস থেকে হাজির করা যাবে, ভাইরাস আক্রান্ত মনন কিভাবে কারণ হয়েছিল সভ্যতা ধ্বংসের।

চিত্রঃ বিজ্ঞানীরা দেখেছেন, নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম নামে এক প্যারাসাইটের সংক্রমণে ঘাস ফড়িং পানিতে ঝাপিয়ে পড়ে আত্মহত্যা করে (বামে), ঠিক একইভাবে বিশ্বাসের ভাইরাসের সংক্রমণে আক্রান্ত আলকায়দার ১৯ জন সন্ত্রাসী যাত্রীবাহী বিমান নিয়ে ঝাপিয়ে পড়েছিলো টুইন টাওয়ারের উপর ২০০১ সালের ১১ই সেপ্টেম্বর (ডানে)। বিশ্বাসের ভাইরাসের বাস্তব উদাহরণ।

১১ই সেপ্টেম্বরের সেই ঐতিহাসিক ঘটনার পরে অধ্যাপক রিচার্ড ডকিন্স ফ্রি এনকোয়েরি পত্রিকায় একটি প্রবন্ধ লিখেছিলেন ‘ Design for a Faith-Based Missile‘ নামে। তিনি সেই প্রবন্ধে আত্মঘাতী সন্ত্রাসীদের বিশ্বাস নির্ভর (ভাইরাসাক্রান্ত) বোমা হিসেবে অভিহিত করে লেখেন -

There is no doubt that the afterlife-obsessed suicidal brain really is a weapon of immense power and danger. It is comparable to a smart missile, and its guidance system is in many respects superior to the most sophisticated electronic brain that money can buy. Yet to a cynical government, organization, or priesthood, it is very very cheap.

ভাইরাস আক্রান্ত মনন : ইতিহাসে এবং সভ্যতায়

ভাইরাস আক্রান্ত বিধ্বংসি মননের উদাহরণ কেবল ৯-১১ এর ঘটনাই নয়, এর উদাহরণ রয়েছে বহু। ভাইরাস আক্রান্ত মননের চরম উদাহরণগুলো হাজির করলে বোঝা যাবে কিভাবে ধরণের মানসিকতাগুলো সমাজকে পঙ্গু করে দেয়, কিংবা কিভাবে সমাজের প্রগতিকে থামিয়ে দেয়। এর অজস্র উদাহরণ সাড়া পৃথিবী জুড়ে পাওয়া যাবে। কিছু প্রাচীণ সভ্যতার ইতিহাস থেকে জা না যায়, যখন কোন নতুন প্রাসাদ কিংবা ইমারত তৈরি করা হত , তার আগে সেই জায়গায় শিশুদের জীবন্ত কবর দেওয়া হত - এই ধারণা থেকে যে, এটি প্রাসদের ভিত্তি মজবুত করবে। অনেক আদিম সমাজেই বন্যা কিংবা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য কুমারী উৎসর্গ করার   বিধান ছিল; কেউ কেউ সদ্যজন্মলাভ করা শিশুদের হত্যা করত, এমনকি খেয়েও ফেলত। কোন কোন সংস্কৃতিতে কোন বিখ্যাত মানুষ মারা গেলে অন্য মহিলা এবং পুরুষদেরও তার সাথে জীবন্ত কবর দেওয়া হত , যাতে তারা পরকালে গিয়ে পুরুষটির কাজে আসতে পারে। ফিজিতে ‘ভাকাতোকা’ নামে এক ধরনের বিভৎস রীতি প্রচলিত ছিল যেখানে একজনের হাত-পা কেটে ফেলে তাকে দেখিয়ে দেখিয়ে সেই

কর্তিত অংগগুলো খাওয়া হত। আফ্রিকার বহু জাতিতে হত্যার রীতি চালু আছে মৃত -পূর্বপুরুষের সাথে যোগাযোগ স্থাপনের উদ্দেশ্য। ভারতে সতীদাহের নামে হাজার হাজার মহিলাদের হত্যা করার কথা তো সবারই জানা। এগুলো সবই মানুষ করেছে ধর্মীয় রীতি -নীতিকে প্রাধান্য দিতে গিয়ে, অদৃশ্য ঈশ্বরকে তুষ্ট করতে গিয়ে। এধরনের 'ধর্মীয় হত্যা' সম্বন্ধে আরো বিস্তৃতভাবে জানবার জন্য ডেভিড নিগেলের 'Human Sacrifice: In History And Today' বইটি পড়া যেতে পারে[10]। এগুলো সবই সমাজে 'বিশ্বাসের ভাইরাস' নামক প্যারাসাইটের চাষ ছাড়া আর কিছু নয়। ইতিহাসের পরতে পরতে অজস্র উদাহরণ লুকিয়ে আছে - কিভাবে বিশ্বাসের ভাইরাসগুলো আনবিক বোমার মতই মরণাস্ত্র হিসেবে কাজ করে লক্ষ কোটি মানুষের প্রাণহানির কারণ হয়েছে। ধর্মযুদ্ধগুলোই তো এর বাস্তব প্রমাণ। কিছু নমুনা দেখা যাক[11] -

* ইতিহাসের প্রথম ক্রুসেড সংগঠিত হয়েছিলো ১০৯৫ সালে। সে সময় 'Deus Vult' (ঈশ্বরের ইচ্ছা) ধ্বনি দিয়ে হাজার হাজার মানুষকে জার্মানীর রাইন ভ্যালিতে হত্যা করা হয় এবং বাস্তুচ্যুত করা হয়। জেরুজালেমের প্রায় প্রতিটি অধিবাসীকে হত্যা করা হয় শহর 'পবিত্র' করার নামে।

* দ্বিতীয় ক্রুসেড পরিচালনার সময় সেন্ট বার্নার্ড ফতোয়া দেন, 'প্যাগানদের হত্যার মাধ্যমেই খ্রীষ্টানদের গৌরব ফিরিয়ে আনা সম্ভব'।

* প্রাচীন আরবে 'জামালের যুদ্ধে' প্রায় দশ হাজার মুসলিম নিহত হয়েছিল, তাদের আপন জ্ঞাতিভাই-মুসলিমদের দ্বারাই। ইসলামের প্রতিষ্ঠাতা হজরত মুহম্মদ নিজেও বনি কুরাইজার ৭০০ বন্দিকে একসাথে হত্যা করেছিলেন বলে ইতিহাসে লিপিবদ্ধ আছে।

* বাইবেল থেকে (নাম্বারস ৩১ : ১৬-১৮) জানা যায়, মুসা প্রায় এক লক্ষ লোক এবং আটষট্টি হাজার অসহায় রমনীকে হত্যা করেছিলেন।

* রামায়নে রাম তার তথাকথিত 'রাম রাজ্যে' শম্বুককে হত্যা করেছিলেন বেদ পাঠ করার অপরাধে।

* প্রাচীন মায়া সভ্যতায় নরবলি প্রথা প্রচলিত ছিলো। অদৃশ্য ঈশ্বরকে তুষ্ট করতে গিয়ে হাজার হাজার মানুষকে মাথা কেটে ফেলে, হৃৎপিন্ড উপরে ফেলে, অন্ধকুপে ঠেলে ফেলে দিয়ে হত্যা করা হত। ১৪৪৭ সালে গ্রেট পিরামিড অব টেনোখটিটলান তৈরির সময় চার দিনে প্রায় ৮০,৪০০ বন্দিকে ঈশ্বরের কাছে উৎসর্গ করা হয়েছিলো। শুধু মায়া সভ্যতাতে নয় - সারা পৃথিবীতেই এ ধরনের উদাহরণ আছে। পেরুতে প্রি-ইনকা উপজাতিরা 'হাউজ অব দ্য মুন' মন্দিরে শিশুদের হত্যা করতো। তিব্বতে বন শাহমানেরা ধর্মীয় রীতির কারনে মানুষ হত্যা করতো। বোর্নিওতে বাড়ির ইমারত বানানোর আগে প্রথম গাঁথুনিটা এক কুমারীর দেহ দিয়ে প্রবেশ করানো হত - 'ভুমিদেবতা'কে তুষ্ট করার খাতিরে।

* প্রাচীন ভারতে দ্রাবিড়রা গ্রামের ঈশ্বরের নামে মানুষ উৎসর্গ করতো। কালিভক্তরা প্রতি শুক্রবারে শিশুবলি দিত।

* তৃতীয় ক্রুসেডে রিচার্ডের আদেশে তিন হাজার বন্দিকে - যাদের অধিকাংশই ছিলেন নারী এবং শিশু - জবাই করে হত্যা করা হয়। দ্বিতীয় ক্রুসেডের সময় সেন্ট বার্ণাড ফতোয়া দিয়েছিলেন - ‘প্যাগানদের হত্যার মাধ্যমেই খ্রীষ্টানদের মাহাত্ম্য সূচিত হবে। আর যীশুখ্রীষ্ট নিজেও এতে মহিমান্বিত হবেন ’।

* ইসমাইলী শিয়া মুসলিমদের একটি অংশ এক সময় লুকিয়ে ছাপিয়ে বিধর্মী প্রতিপক্ষদের হত্যা করতো। এগারো থেকে তের শতক পর্যন্ত আধুনিক ইরান , ইরাক এবং সিরিয়ায় বহু নেতা তাদের হাতে প্রাণ হারায়। শেষ পর্যন্ত ইতিহাসের আরেক দস্যুদল মোঙ্গলদের হাতে তাদের উচ্ছেদ ঘটে - কিন্তু তাদের বিভৎস কীর্তি আজও অম্লান।

* কথিত আছে, এগারো শতকের শুরুর দিকে ইহুদীরা খ্রীষ্টান শিশুদের ধরে নিয়ে যেত, তারপর উৎসর্গ করে তাদের রক্ত ধর্মীয় অনুষ্ঠানে ব্যবহার করতো। এই ‘রক্তের মহাকাব্য’ রচিত হয়েছে এমনি ধরণের শত সহস্র অমানবিক ঘটনার উপর ভিত্তি করে।

* ১২০৯ সালে পোপ তৃতীয় ইনসেন্ট উত্তর ফ্রান্সের আলবীজেনসীয় খ্রিষ্টানদের উপর আক্ষরিক অর্থেই ক্রুসেড চালিয়েছিলেন। শহর দখল করার পর যখন সৈন্যরা উর্ধ্বতনদের কাছ থেকে পরামর্শ চেয়েছিলো কিভাবে বন্দিদের মধ্যে থেকে বিশ্বাসী এবং অধার্মিকদের মধ্যে পার্থক্য করা যাবে। পোপ তখন আদেশ দিয়েছিলেন - ‘সবাইকে হত্যা কর।’ পোপের আদেশে প্রায় বিশ হাজার বন্দিকে চোখ বন্ধ করে ঘোড়ার পেছনে দড়ি দিয়ে বেঁধে ছ্যাচরাতে ছ্যাচরাতে একটা নির্দিষ্ট জায়গায় নিয়ে গিয়ে হত্যা করা হয়।

* মুসলিমদের পবিত্র যুদ্ধ ‘জিহাদ’ উত্তর আফ্রিকা থেকে শুরু করে স্পেন পর্যন্ত রক্তাক্ত করে তোলে। তারপর এই জিহাদের মড়ক প্রবেশ করে ভারতে - আর তারপর চলে যায় বলকান (ক্যাথলিক ক্রোয়েশিয়ান, অর্থডক্স সার্ব এবং মুসলিম বসনিয়ান এবং কসোভা) থেকে অস্ট্রিয়া পর্যন্ত।

* বার শতকের দিকে ইনকারা পেরুতে তাদের সাম্রাজ্য প্রতিষ্ঠা করে, যে সাম্রাজ্যের পুরোধা ছিলেন একদল পুরোহিত। তারা ঈশ্বর কর্তৃক আদিষ্ট হয়ে ২০০ শিশুকে জীবন্ত পুড়িয়ে মারে।

* ১২১৫ সালের দিকে চতুর্থ ল্যাটেরিয়ান কাউন্সিল ঘোষণা করে তাদের বিস্কুটগুলো (host wafer) নাকি অলৌকিকভাবে যীশুর দেহে রূপান্তরিত হয়ে যাচ্ছে। এর পর একটি গুজব রটিয়ে দেয়া হয় যে, ইহুদীরা নাকি সে সব পবিত্র বিস্কুট চুরি করে নিয়ে যাচ্ছে। এই গুজবের উপর ভিত্তি করে ১২৪৩ সালের দিকে অসংখ্য ইহুদীদের জার্মানীতে হত্যা করা হয়। একটি রিপোর্টে দেখা যায় ছয় মাসে ১৪৬ জন ইহুদীকে হত্যা করা হয়েছিলো। এই ‘পবিত্র হত্যাযজ্ঞ’ চলতে থাকে প্রায় ১৮ শতক পর্যন্ত।

* বার শতকের দিকে সাড়া ইউরোপ জুড়ে আলবেজেনসীয় ধর্মদ্রোহীদের খুঁজে খুঁজে হত্যার রীতি চালু হয়। ধর্মদ্রোহীদের কখনো পুড়িয়ে , কখনো ধারালো অস্ত্র দিয়ে ক্ষত-বিক্ষত করে কখনো বা শিরোচ্ছেদ করে হত্যা করা হয়। পোপ চতুর্থ ইনোসেন্ট এই সমস্ত হত্যায় প্রত্যক্ষ ইন্ধন জুগিয়েছিলেন। কথিত

আছে ধর্মবিচরণ সভার সংবীক্ষক (Inquisitor) রবার্ট লী বোর্জে এক সপ্তাহে ১৮৩ জন ধর্মদ্রোহীকে হত্যার জন্য পাঠিয়েছিলেন।

* বহু লোক সে সময় নিপীড়ন থেকে বাঁচতে ধর্মত্যাগ করেন, কিন্তু সে সমস্ত ধর্মত্যাগীদের পুরোনো ধর্মের অবমাননার অজুহাতে হত্যার আদেশ দেয়া হয়। স্পেনে প্রায় ২০০০ ধর্মত্যাগীদের পুড়িয়ে মারা হয়। কেউ কেউ ধর্মত্যাগ না করলেও ধর্মের অবমাননার অজুহাতে পোড়ানো হয়। জিওর্দানো ব্রুনোর মত দার্শনিককে বাইবেল-বিরোধী কোপার্নিকাসের সূর্যকেন্দ্রিক তত্ত্ব সমর্থন করার অপরাধে জ্যান্ত পুড়িয়ে মারা হয় সে সময়।

* ইতিহাস খ্যাত 'ব্ল্যাক ডেথ' যখন সাড়া ইউরোপে ১৩৪৮- ১৩৪৯ এ ছড়িয়ে পড়েছিলো, গুজব ছড়ানো হয়েছিল এই বলে যে, ইহুদীরা কুয়ার জল কিছু মিশিয়ে বিষাক্ত করে দেয়ায় এমনটি ঘটছে। বহু ইহুদীকে এ সময় সন্দেহের বশে জবাই করে হত্যা করা হয়। জার্মানীতে পোড়ানো দেহগুলোকে স্তুপ করে মদের বড় বড় বাক্সে ভরে ফেলা হয় এবং রাইন নদীতে ভাসিয়ে দেয়া হয়। উত্তর জার্মানীতে ইহুদীদের ছোট্ট কুঠুরীতে গাদাগাদি করে রাখা হয় যেন তারা শ্বাসরুদ্ধ হয়ে মারা যায় , কখনোবা তাদের পিঠে চাবুক কষা হয়। থারিঞ্জিয়ার যুবরাজ জনসমক্ষে ঘোষণা করেন যে , তিনি তার ইহুদী ভৃত্যকে ঈশ্বরের নামে হত্যা করেছেন; অন্যদেরকেও তিনি একই কাজে উৎসাহিত করেন।

* তের শতকে এজটেক সভ্যতা যখন বিস্তার লাভ করেছিলো, নরবলি প্রথার বিভৎসতার তখন স্বর্ণযুগ। প্রতি বছর প্রায় বিশ হাজার লোককে ঈশ্বরের নামে উৎসর্গ করা হত। তাদের সূর্যদেবের নাকি দৈনিক 'পুষ্টি'র জন্য মানব রক্তের খুব দরকার পড়তো। বন্দিদের কখনো শিরোচ্ছেদ করা হত , এমনকি কোন কোন অনুষ্ঠানে তাদের দেহ টুকরো টুকরো করে ভক্ষণ করা হত। কখনোবা পুড়িয়ে মারা হত , কিংবা উঁচু জায়গা থেকে ফেলে দেয়া হত। বর্নিত আছে, তাদের একটি ধর্মীয় অনুষ্ঠানে এক অক্ষতযোনী কুমারীকে দিয়ে ২৪ ঘন্টা ধরে নাচানো হয়, তারপর তার গায়ের চামড়া তুলে ফেলে ফেলে পুরোহিত তা পরিধান করেন, তারপর আরো ২৪ ঘন্টা ধরে নাচতে থাকেন। রাজা আহুইতজোলের রাজাভিষেকে আশি হাজার বন্দিকে শিরোচ্ছেদ করে ঈশ্বরকে তুষ্ট করা হয়।

* ১৪০০ সালের দিকে ধর্মদ্রোহীদের থেকে চার্চের দৃষ্টি চলে যায় উইচক্রাফটের দিকে। চার্চের নির্দেশে হাজার হাজার রমনীকে 'ডাইনী' সাব্যস্ত করে পুড়িয়ে মারা শুরু হয়। এই ডাইনী পোড়ানো র রী তি এক ডজনেরও বেশি দেশে একেবারে গণহিস্টেরিয়ায় রূপ নেয়। সে সময় কতজনকে এরকম ডাইনী বানিয়ে পোড়ানো হয়েছে? সংখ্যাটা এক লক্ষ থেকে শুরু করে ২০ লক্ষ ছড়িয়ে যেতে পারে। ঠগ বাছতে গা উজাড়ের মতই ডাইনী বাছতে গিয়ে গ্রামের পর গ্রাম উজাড় করে দেয়া হয়েছে। সতের শতকের প্রথমার্ধে অ্যালজাস (Alsace) নামের ফরাসি প্রদেশে ৫০০০ ডাইনীকে হত্যা করা হয়, ব্যাম্বার্গের ব্যাভারিয়ান নগরীতে ৯০০ জনকে পুড়িয়ে মারা হয়। ডাইনী পোড়ানোকে কেন্দ্র করে সৃষ্ট ধর্মীয় উন্মত্ততা সে সময় অতীতের সমস্ত রেকর্ডকে ম্লান করে দেয়।

* সংখ্যালঘু প্রোটেস্টেন্ট হুগেনটস ১৫০০ সালের দিকে ফ্রান্সের ক্যাথলিক খ্রীষ্টানদের দ্বারা নির্মম নিপীড়নের শিকার হয়। ১৫৭২ সালে সেন্ট বার্থোলোমিও দিবসে ক্যাথেরিন দ্য মেদিসিস গোপনে

তাদের ক্যাথলিক সৈন্য হুগেনটসের বসতিতে প্রেরণ করে আক্ষরিক অর্থেই তাদের কচুকাটা করে। প্রায় ছয় সপ্তাহ ধরে এই হত্যা যজ্ঞ চলতে থাকে আর এতে প্রাণ হারায় অন্ততঃ দশ হাজার হুগেনটস। হুগেনটসদের উপর সংখ্যাগুরু খ্রীষ্টানদের আক্রোস পরবর্তী দুই শতক ধরে অব্যাহত থাকে। ১৫৬৫ সালের দিকে একটি ঘটনায় হুগেনটসের একটি দল ফ্লোরিডা পালিয়ে যাবার সময় স্প্যানিস বাহিনীর হাতে ধরা পড়ে - তাদের এলাকার সবাইকে ধরে ধরে হত্যা করা হয়।

* আবার ওদিকে পনর শতকে ভারতে কালিভক্ত কাপালিকের দল মা কালীকে তুষ্ট করতে গিয়ে অন্যদের শ্বাসরোধ আর জবাই করে হত্যা করত। এই কুৎসিৎ রীতির বলি হয়ে প্রাণ হারায় প্রায় ২০ লক্ষ মানুষ। এখনও কিছু মন্দিরে বলি দেওয়ার রীতি চালু আছে - তবে আধুনিক রাষ্ট্রীয় আইন-কানুনের গ্যাড়াকলে পড়ে ব্রাহ্মণ-পুরোহিতরা আর আগের মত মানুষকে বলি দিতে পারে না - সেই ঝাল ঝাড়া হয় নিরীহ পাঠার উপর দিয়ে। দুধের স্বাদ ঘোলে মিটিয়েই আধুনিক যুগে এ ভাবে রক্তলোলুপ মা কালিকে তুষ্ট রাখা হয়।

* ১৫৮৩ সালে ভিয়েনায় ১৬ বছরের একটা মেয়ের পেট ব্যাথা শুরু হলে যীশুভক্তের দল তার উপর আট সপ্তাহ ধরে এক্সরসিজম বা ওঝাগিরি শুরু করে। এই যীশুভক্ত পাদ্রীর দল ঘোষণা করেন যে, তারা মেয়েটির দেহ থেকে ১২,৬৫২ টা শয়তান তাড়াতে সক্ষম হয়েছেন। পাদ্রীর দল ঘোষণা করে যে, মেয়েটির দাদী কাঁচের জারে মাছির অবয়বে শয়তান পুষতেন। সেই শয় তানের কারনেই মেয়েটার পেটে ব্যাথা হত। দাদীকে ধরে নির্যাতন করতে করতে স্বীকারোক্তি আদায় করা হয় যে দাদী আসলে ডাইনী, শয়তানের সাথে নিয়মিত 'সেক্স' করেন তিনি। অতঃপর দাদীকে ডাইনী হিসেবে সাব্যস্ত করে জীবন্ত পুড়িয়ে মারা হয়। এটি তিন শতক ধরে ডাইনী পোড়ানোর নামে যে লক্ষ লক্ষ মহিলাকে পোড়ানো হয়েছিল, তার সামান্য একটি নমুনামাত্র।

* এনাব্যাপ্টিস্টরা এক সময় ক্যাথলিক এবং প্রোটেস্টেন্ট অথোরিটিদের দ্বারা স্রেফ কচুকাটা হয়েছিলেন। জার্মানির মুন্সটারে এনাব্যাপ্টিস্টরা এক সময় শহরের নিয়ন্ত্রণ নিয়ে নেয় আর 'নতুন জিয়ন' প্রতিষ্ঠা করে ফেলে। ওদিকে আবার পাদ্রী মোল্লারা এনাব্যাপ্টিস্টদের বিরুদ্ধে সসস্ত্র সংগ্রাম গড়ে তোলে এবং শহরেরে পতনের পর এনাব্যাপ্টিস্ট নেতাদের হত্যা করে চার্চের চূড়ায় লটকে রাখা হয়।

* প্রটেস্ট্যান্ট এবং ক্যাকথলিকদের রক্তক্ষয়ী যুদ্ধ ১৬১৮ সালে শুরু হয়ে ত্রিশ বছর যাবৎ চলে। এ সময় পুরো মধ্য ইউরোপ পরিণত হয়েছিল বধ্য ভূমিতে। জাম্ম্রানীর জনসংখ্যা ১৮ মিলিয়ন থেকে ৪ মিলিয়নে নেমে আসে। আরেকটি হিসেব মতে, জনসংখ্যার প্রায় ত্রিশ ভাগ (এবং পুরুষদের পঞ্চাশ ভাগ) এ সময় নিহত হয়েছিলো।

* ইসলামের জিহাদের নামে গত বার শতক ধরে সাড়া পৃথিবীতে মিলিয়নের ওপর মানু ষকে হত্যা করা হয়েছে। প্রথম বছরগুলোতে মুসলিম বাহিনী খুব দ্রুতগতিতে পূর্ব ভারত থেকে পশ্চিম মরোক্ক পর্যন্ত আগ্রাসন চালায়। শুধু বিবর্মীদেরি হত্যা করেনি , নিজেদের মধ্যেও কোন্দল করে নানা দল উপদল তৈরি করেছিল। কারিজিরা যুদ্ধ শুরু করেছিলো সুন্নিদের বিরুদ্ধে। আজারিকি রা অন্য স্কল 'পাপীদের' মৃত্যুদণ্ড

দিয়েছিলো। ১৮০৪ সালে উসমান দান ফোডিও, সুদানের পবিত্র সত্ত্বা, গোবির সুলতানের বিরুদ্ধে ধর্মযুদ্ধ শুরু করে। ১৮৫০ সালে আরেক সুদানীয় সুফি উমর-আল হজ্জ প্যাগান আফ্রিকান গোত্রের উপরে নৃশংস বর্বরতা চালায় - গনহত্যা এবং শিরোচ্ছেদ করে ৩০০ জন বন্দির উপর। ১৯৮০ সালে তৃতীয় সুদানীয় 'হলি ম্যান' মুহাম্মদ আহমেদ জিহাদ চালিয়ে ১০,০০০ মিশরীয় লোকজন হত্যা করে।

* ১৮০১ সালে রোমানিয়ার পাদ্রীরা ইহুদীদের বিরুদ্ধে প্রচারণা চালিয়ে ১২৮ জন ইহুদীকে হত্যা করে।

* ভারতে ১৮১৫ থেকে ১৮২৮ সালের মধ্যে ৮১৩৫ নারীকে সতীদাহের নামে পুড়িয়ে হত্যা করা হয় (প্রতিবছর হত্যা করা হয় গড়পরতা ৫০৭ থেকে ৫৬৭ জনকে)।

* ১৮৪৪ সালে পার্শিয়ায় বাহাই ধর্মপ্রচার শুরু হলে কট্টরপন্থি ইসলামিস্টরা এদের উপর চড়াও হয়। বাহাই ধর্মের প্রবর্তককে বন্দি এবং শেষপর্যন্ত হত্যা করা হয়। দুই বছরের মধ্যে সেখানকার মৌলবাদী সরকার ২০,০০০ বাহাইকে হত্যা করে। তেহেরানের রাস্তাঘাট আক্ষরিক অর্থেই রক্তের বন্যায় ভেসে যায়।

* বার্মায় ১৮৫০ সাল পর্যন্ত মানুষকে বলি দেয়ার রেওয়াজ ছিলো। যখন রাজধানী মান্দালায় সরিয়ে নেয়া হয়, তখন নগর রক্ষা করার জন্য ৫৬ জন 'নিষ্কলুষ' লোককে প্রাচীরের নীচে পুতে ফেলা হয়। রাজ জ্যোতিষীরা ফতোয়া দেয় যে নগর বাঁচাতে হলে আরো ৫০০ জন নারী, পুরুষ এবং শিশুকে বলি দিতে হবে। সেই ফতোয়া অনুযায়ী বলি দেয়া শুরু হয় এবং ১০০ জনকে বলি দেয়ার পর ব্রিটিশ সরকারের হস্তক্ষেপে সেই বলিপ্রথা রদ করা হয়।

* ১৮৫৭ সালে উপমহাদেশে ব্রিটিশ শাসনামলে এনফিল্ড রাইফেলের কার্ট্রিজ, যেটাতে শুয়োর আর গরুর চর্বি লাগানো ছিলো বলে গুজব রটানো হয়, তাকে কেন্দ্র করে দাঙ্গা শুরু হয় এবং নির্বিচারে বহু লোককে হত্যা করা হয়।

* ১৯০০ সালে তুর্কী মুসলিমেরা খ্রীষ্টান আর্মেনিয়ানদের উপর নির্বিচারে গণহত্যা চালায়।

* ১৯২০ সালে ক্রিস্টেরো যুদ্ধে ৯০ হাজার মেক্সিকান মৃত্যুবরণ করে।

* ১৯৪৭ সালে ভারত বিভাগকে কেন্দ্র করে দাঙ্গায় প্রায় ১ মিলিয়ন লোক মারা যায়। এমনকি 'মহাত্মা' গান্ধীও দাঙ্গা রোধ করতে সফল হননি, এবং তাকেও অঘোরে হিন্দু ফ্যানাটিক নথুরাম গডসের হাতে মৃত্যুবরণ করতে হয়।

* ১৯৫০ থেকে ১৯৬০ সালের মধ্যে খ্রীস্টান,এনিমিস্ট এবং মুসলিমদের মধ্যে পারস্পরিক দ্বন্দ্বে ৫০০,০০০ লোক মারা যায়।

* ১৯৭১ সালে পশ্চিম পাকিস্তানীরা পুর্বপাকিস্তানের বাঙ্গালীদের উপর গণহত্যা চালায় , নয় মাসে তারা প্রায় ৩ মিলিয়ন লোককে হত্যা করে, ধর্ষণ করে ২ লক্ষ নারীকে। যদিও এই যুদ্ধের পেছনে মদদ ছিলো রাজোনৈতিক, তারপরেও ধর্মীয় ব্যাপারটিও উপেক্ষনীয় নয়। পশ্চিমপাকিস্তানীদের বরাবরই অভিযোগ ছিলো যে, পূর্ব পকাস্তানীরা 'ভাল মুসলমান' নয়, এবং তারা ভারতের দালাল।

* ১৯৭৮ সালে গায়ানার জোন্সটাউনে রেভারেণ্ড জিম জোন্স সেখানে ভ্রমণরত কংগ্রেসম্যান এবং তিনজন সাংবাদিককে হত্যার পর ৯০০ জনকে নিয়ে আত্মহত্যা করে, যা সারা পৃথিবীকে স্তম্ভিত করে দেয়।

* ইসলামী আইন মোতাবেক চুরির শাস্তি হিসেবে হাত কেটে ফেলার রেওয়াজ প্রচলিত আছে। সুদানে ১৯৮৩ থেকে ১৯৮৪ সালের মধ্যে প্রায় ৬৬ জনকে ধরে প্রকাশ্যে হাত কেটে ফেলা হয়। মডারেট মুসলিম নেতা মোহাম্মদ তাহাকে ফাঁসিতে লটকে মেরা ফেলা হয় -কারণ তিনি হাত কেটে ফেলার মত বর্বরতার প্রতিবাদ করেছিলেন।

* সৌদি আরবে ১৯৭৭ সালে কিশোরী প্রিন্সেস এবং তার প্রেমিককে 'ব্যাভিচারের' অপরাধে হত্যা করা হয়। পাকিস্তানে ১৯৮৭ সালে এক কাঠুরিয়ার মেয়েকে 'জেনা' করার অপরাধে পাথর ছুড়ে হত্যার ফতোয়া দেয়া হয়। ১৯৮৪ সালে আরব আমীরাতে একটি বাড়ির গৃহভৃত্য এবং দাসীকে পাথর ছুঁড়ে হত্যার ফতোয়া দেয়া হয়, অবৈধ মেলামেশার অপরাধে।

* নাইজেরিয়ায় ১৯৮২ সালে মাল্লাম মারোয়ার ফ্যানাটিক অনুসারীরা প্রতিপক্ষের শতাধিক লোকজনকে 'কাফের' আখ্যা দিয়ে হত্যা করে, আর তাদের রক্তপান করে।

* ১৯৮৩ সালে উত্তর আয়ারল্যাণ্ডে ক্যাথোলিক সন্ত্রাসীরা প্রোটেস্টেন্ট চার্চে ঢুকে গোলাগুলি করে প্রোটেস্টেন্ট অনুসারীদের হত্যা করে। দাঙ্গায় প্রায় ২৬০০ লোক মারা যায়।

* হিন্দু মুসলিম দাঙ্গা ভারতে নিত্য নৈমন্তিক ব্যাপার। ১৯৮৩ সালে আসামে এরকম একটি দাঙ্গায় ৩,০০০ জন মানুষ মারা যায়। ১৯৮৪ সালে এক হিন্দু নেতার ছবিতে কোন এক মুসলিম জুতার মালা পরিয়ে দিলে এ নিয়ে পুনরায় দাঙ্গা শুরু হয় , সেই দাঙ্গায় ২১৬ জন মারা যায়, ৭৫৬ জন আহত হয়, আর ১৩,০০০ উদ্বাস্তু হয়। কারাবন্দী হয় ৪১০০ জন।

* লেবাননে ১৯৭৫ সালের পর থেকে সুইসাইড বোম্বিং সহ নানা সন্ত্রাসবাদী ঘটনায় ১৩০,০০০ জন লোক মারা গেছে।

* ইরানের মৌলবাদী শিয়া সরকার ঘোষণা করে যে সমস্ত বাহাই ধর্মান্তরিত না হবে, তাদের হত্যা করা হবে। ১৯৮০ সালের প্রথম দিকে প্রায় ২০০ জন 'গোঁয়ার' বাহাইকে হত্য করা হয়, প্রায় ৪০,০০০ বাহাই দেশ ছেড়ে পালায়।

* শ্রীলঙ্কা বিগত শতকের আশি আর নব্বইয়ের দশকে বৌদ্ধ সিংহলী আর হিন্দু তামিলদের লড়াইয়ে আক্ষরিক অর্থেই নরকে পরিণত হয়।

* ১৯৮৩ সালে জেরুজালেমের ধর্মীয় নেতা মুফতি শেখ সাদ ই -দীন এল আলামী ফতোয়া দেন এই বলে যে, কেউ যদি সিরিয়ার প্রেসিডেন্ট হাফিজ আল আজাদকে হত্যা করতে পারে, তবে তার বেহেস্ত নিশ্চিত।

* ভারতে আশির দশকে শিখ জনগোষ্ঠি নিজেদের জন্য পাঞ্জাব এলাকায় আলাদা ধর্মীয় রাজ্য 'খালিস্তান' (Land of the Pure) তৈরির পায়তারা করে আর এর নেতৃত্ব দেয় শিখ চরমপন্থি নেতা জারনাইন ভিন্দ্রানওয়ালা, যিনি তার অনুসারীদের শিখিয়েছিলেন যে, প্রতিপক্ষকে 'নরকে পাঠানো' তাদের পবিত্র দায়িত্ব। চোরাগোপ্তাভাবে পুরো আশির দশক জুড়েই বহু হিন্দুকে হত্যা করা হয়।

* ১৯৮৪ সালে শিখ দেহরক্ষীদের হাতে তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী নিহত হলে সাড়া ভারত জুড়ে শিখদের উপর বীভৎস তাণ্ডবলীলা চালানো হয়।তিন দিনের মধ্যে ৫০০০ শিখকে হত্যা করা হয়। শিখদের বাসা থেকে উঠিয়ে, বাস থেকে নামিয়ে, দকান থেকে তুলে নিয়ে হত্যা করা হয় , কখনো জীবন্ত পুড়িয়ে দেয়া হয়।

* ১৯৮৯ সালে 'স্যাটানিক ভার্সেস' নামের উপন্যাস লেখার দায়ে সালমান রুশদিকে ফতোয়া দেয়া হয় ইরাণের ধর্মগুরু আয়াতোল্লা খোমেনীর পক্ষ থেকে। বইটি না পড়েই মুসলিম বিশ্বে রাতারাতি শুরু হয় জ্বালাও পোড়াও তাণ্ডব। ইসলামকে অবমাননা করে লেখার দায়ে এর আগেও মনসুর আল হাল্লাজ , আলী দাস্তি, আজিজ নেসিন, উইলিয়াম নেগার্ড, নাগিব মাহফুজ,তসলিমা নাসরিণ,ইউনুস শায়িখ, রবার্ট হুসেইন, হুমায়ুন আজাদ, আয়ান আরসি আলী সহ অনেকেই মৃত্যু পরোয়ানা পেয়েছেন। এদের মধ্যে অনেককেই মেরে ফেলা হয়েছে, কেউ বা হয়েছেন পলাতক।

* ১৯৯২ সালের ৬ই ডিসেম্বর রামজন্মভূমি মিথকে কেন্দ্র করে হিন্দু উগ্রপন্থিরা শত বছরের পুরোন বাবড়ি মসজিদ ধ্বংস করে। এর ফলশ্রুতিতে দাঙ্গায় ২০০০ মানুষ মারা যায়, এর প্রভাব পড়ে পার্শ্ববর্তী দেশগুলোতেও।

* ১৯৯৭ সালে আমেরিকার ক্যালিফোর্ণিয়ায় স্বর্গের দ্বার (Heaven's Gate) নামে এক 'ইউএফও' ধর্মীয় সংগঠনের ৩৯ জন সদস্য একযোগে আত্মহত্যা করে, জীবনের 'পরবর্তী' স্তরে যাবার লক্ষ্যে।

* বাংলাদেশে ১৯৪১ সালে হিন্দু জনসংখ্যা ছিলো শতকরা ২৮ ভাগ। ১৯৪৭ সালে ভারত ভাগের অব্যবহিত পরে তা শতকরা ২২ ভাগে এসে দাঁড়ায়। এরপর থেকেই সংখ্যালঘুদের উপর ক্রমাগত অত্যাচার এবং নিপীড়নের ধারাবাহিকতায় দেশটিতে ক্রমশঃ হিন্দুদের সংখ্যা কমতে থাকে। ১৯৬১ সালে ১৮.৫% , ১৯৭৪ সালে কমে দাঁড়ায় ১৩.৫%, ১৯৮১ সালে ১২.১%, এবং ১৯৯১ সালে ১০% এ এসে দাঁড়ায়। সাম্প্রতিক সময়গুলোতে হিন্দুদের শতকরা হার কমে ৮ ভগের নীচে নেমে এসেছে বলে অনুমিত হয়।

* ২০০১ সালের ১১ই সেপ্টেম্বর আমেরিকার টুইন টাওয়ারের উপর আল কায়দা আত্মঘাতী বিমান হামলা চালায়, এই হামলায় টুইন টাওয়ার ধ্বসে পড়ে, মারা যায় ৩০০০ আমেরিকান নাগরিক।

* ২০০২ সালে ভারতের গুজরাটে দাঙ্গায় ২০০০ মানুষ মারা যায়, উদ্বাস্তু হয় প্রায় ১৫০,০০০ মানুষ। নারী নির্যাতন প্রকট আকার ধারণ করে। বহু মুসলিম কিশোরী এবং নারীকে উপর্যুপরি ধর্ষণের পর হত্যা করা হয়।

* ২০০১ সালের নির্বাচনের পর বাংলাদেশে বিএনপি-জামাত বিপুল ভোটে জয়লাভ করে। নির্বাচন পরবর্তী সময়ে বেছে বেছে হিন্দুবাড়ীগুলোতে আক্রমণ চালানো হয়। পূর্ণিমা রানীর মত বহু কিশোরীকে ধর্ষণ করা হয়। নির্বাচন অনুষ্ঠিত হবার প্রথম ৯২ দিনের মধ্যে ২২৮টি ধর্ষণের ঘটনা, এবং পরবর্তী তিনমাসে প্রায় ১০০০টি ধর্ষণের ঘটনা ঘটে, যার মধ্যে শতকরা ৯৮ ভাগ ছিলো হিন্দু কিংবা সংখ্যালঘু সম্প্রদায়ের অন্তর্গত।

* বিএনপি জামাত কোয়ালিয়েশন সরকারের সময় বাংলা ভাই এর নেতৃত্বে জাগ্রত মুসলিম জনতার (জে় এম. জে়) উত্থান ঘটে। তারা পুলিশের ছত্রছায়ায় বাংলাদেশের দক্ষিণাঞ্চলে ত্রাসের রাজত্ব কায়েম করে। একটি ঘটনায় একজন গ্রামবাসীকে হত্যা করে গাছের সাথে উলটো করে বেঁধে ঝুলিয়ে দেয়া হয়। সরকারের পক্ষ থেকে 'বাংলা ভাই মিডিয়ার সৃষ্টি' বলে মিথ্যা প্রচারনা চালানো হয়।

* ২০০৪ সালের ২৭শে ফেব্রুয়ারি বাংলাদেশের প্রথাভাঙ্গা লেখক হুমায়ুন আজাদের উপর হামলা চালায় মৌলবাদী জে়এম.বি। চাপাতি দিয়ে ক্ষত বিক্ষত করে ফেলা হয় তার দেহ, যা পরে তাকে প্রলম্বিত মৃত্যুর দিকে ঠেলে দেয়।

* ২০০৪ সালের ২রা নভেম্বর চিত্র পরিচালক থিও ভ্যান গগকে প্রকাশ্যে রাস্তায় গুলি এবং ছুরিকাহত করে হত্যা করে মুসলিম সন্ত্রাসী মোহাম্মদ বোয়েরি। সাবমিশন নামের দশ মিনি টের একটি 'ইসলাম বিরোধী' চলচিত্র বানানোর দায়ে তাকে নেদারল্যান্ডসের রাস্তায় প্রকাশ্যে নৃশংসভাবে হত্যা করা হয়। একই ছবির সাথে জড়িত থাকার কারণে নারীবাদী লেখিকা আয়ান হারসি আলীকেও মৃত্যু পরোয়ানা দেয়া হয়।

* বাংলাদেশে বিগত তত্ত্বাবধায়ক সরকারের আমলে সামান্য 'মোহাম্মদ বিড়াল' নিয়ে কৌতুকের জের হিসেবে ২১ বছর বয়সী কার্টুনিস্ট আরিফকে জেলে ঢোকানো হয়, বায়তুল মোকারমের খতিবের কাছে গিয়ে প্রথম আলোর সম্পাদকের ক্ষমা প্রার্থনার নাটক প্রদর্শিত হয়।

ইত্যাদি। বলা নিষ্প্রয়োজন, উপরের লিস্টিটি কেবল বিগত শতকের কতিপয় *বিশ্বাসের ভাইরাস সংক্রান্ত সহিংসতা আর নিপীড়নের*আলোকচ্ছটামাত্র, সিন্ধুর বুকে বিন্দুসম। ধর্মীয় সহিংসতার পুরো ইতিহাস লিপিবদ্ধ করতে গেলে তা নিঃসন্দেহে মহাভারতকেও ছাড়িয়ে যাবে।

বিশ্বাস এবং লো- আইকিউ

বহুদিন ধরেই এ ব্যাপারটা প্রচলিত যে, অবিশ্বাসীরা সাধারণতঃ বিশ্বাসীদের চেয়ে অধিকতর বুদ্ধিদীপ্ত এবং ‘স্মার্ট’ হয়ে থাকে। বাংলা ব্লগগুলোতে কেউ বিশ্বাসের সাফাই গাওয়া ‘তালগাছ মার্কা’ নিম্নমানের প্রবন্ধ লিখলে অবধারিত ভাবে ‘ছাগু’ খেতাব প্রাপ্ত হন, এবং তাকে ‘কাঁঠাল পাতা’ চিবানোর পরামর্শ দেয়া হয়। এগুলো আমরা চোখের সামনেই দেখি। কিন্তু সেটার স্বপক্ষে কোন কারণ বা ব্যাখ্যা ছিলো না। সম্প্রতি বিভিন্ন বিবর্তনীয় মনোবিজ্ঞানীদের চালান কিছু জরিপে চাঞ্চল্যকর কিছু ফলাফল এবং ব্যাখ্যা উঠে এসেছে। লণ্ডন স্কুল অব ইকনোমিক্সের বিবর্তন মনোবিজ্ঞানী সাতোসি কানাজাওয়ার চালানো সাম্প্রতিক গবেষণা (Social Psychology Quarterly, Vol. 73, No. 1, 33-57) থেকে জানা গেছে নাস্তিক (Atheist) এবং উদারপন্থিরা (liberal) সাধারণতঃ ধার্মিক (theist) এবং রক্ষণশীলদের (conservative) চেয়ে অনেকবেশী বুদ্ধিসম্পন্ন হয়ে থাকে। সোশাল সাইকোলজি কোয়ার্টারলি জার্নালে ২০১০ সালে প্রকাশিত ‘Why Liberals and Atheists Are More Intelligent’ শীর্ষক গবেষনাপত্রে অধ্যাপক কানাজাওয়া দেখিয়েছেন যে, ধার্মিক হিসেবে দাবীদার ব্যক্তিদের চেয়ে নাস্তিকদের আইকিউ গড়পরতা অন্তত: ৬ পয়েন্ট বেশি থাকে, আর রক্ষণশীল গ্রুপের চেয়ে উদারপন্থি বা প্রগতিশীল গ্রুপের আইকিউ বেশি থাকে অন্ততঃ ১২ পয়েন্ট[12]।



চিত্রঃ ধার্মিকতার প্রকোপ যত বাড়ে পাল্লা দিয়ে কমে আইকিউ। যেমন চরম নাস্তিকদের গড়পরতা আইকিউ পাওয়া গেছে ১০৩.০৯। আর চরম ধার্মিকদের আইকিউ ৯৭.১৪। কাজেই নাস্তিক হিসেবে দাবীদার ব্যক্তিদের চেয়ে আস্তিকদের আইকিউ গড়পরতা অন্ততঃ ৬ পয়েন্ট কম থাকে।



চিত্রঃ রক্ষণশীল গ্রুপের চেয়ে উদারপন্থি বা প্রগতিশীল গ্রুপের আইকিউ অন্ততঃ ১২ পয়েন্ট বেশি থাকে।

ব্যাপারটি অধ্যাপক কানাজাওয়া বিবর্তনীয় দৃষ্টিকোন থেকে ব্যাখ্যা করেছে ন তার প্রকাশিত গবেষণাপত্রে এবং ব্লগে [13],[14]। তিনি তার ব্যাখ্যা বলেছেন, বিশ্বাস ব্যাপারটা একসময় টিকে থাকার ক্ষেত্রে বড় সড় নিয়ামক হিসেবে কাজ করেছিলো, সে জন্য যে কোন সংস্কৃতিতেই ধর্ম এবং বিশ্বাসের অস্তিত্ব খুঁজে পাওয়া যায়, এবং যে কোন সমাজেই ধার্মিকদের সংখ্যাও নাস্তিকদের চেয়ে সাধারণতঃ বেশি (যদিও নাস্তিকদের সংখ্যা আধুনিক বিশ্বে ক্রমবর্ধমান) । আর আদিম ট্রাইবগুলোতে খুঁজলে দেখা যাবে সেখানে যাদু টোনা থেকে শুরু করে নরবলি , কুমারী নিধন সহ হাজারো অপবিশ্বাসের সমাহার। সে দিক থেকে চিন্তা করলে নাস্তিকতা, যুক্তিবাদ, বিজ্ঞানমস্কতা, লিবারেলিজম প্রভৃতি উপাদানগুলো বিবর্তনীয় প্রেক্ষাপটে মানব সমাজের জন্য অপেক্ষাকৃত নতুন সংযোজন (evolutionarily novel phenomenon)। এবং যাদের মস্তিস্ক এই নতুন নতুন পরিবর্তনগুলো ধারণ করার জন্য বেশী নমনীয়, তারাই বুদ্ধিদীপ্ত হিসেবে আবির্ভুত হয়েছে। সে জন্যই নাস্তিকেরা যে কোন সমাজেই আস্তিকদের থেকে বেশি স্মার্ট হিসেবে আবির্ভুত হয়, বিবর্তনীয় মনোবিজ্ঞানের ‘সাভানা অনুকল্প’ অনুযায়ী এটা ঘটে বলে গবেষনাপত্রে দাবী করা হয়েছে। সেজন্যই একজন বিশ্বাসী সারা প্যালিন কিংবা অধুনা ‘উইচ’ হিসেবে খ্যাত ক্রিস্টিন ওডেনেলের চেয়ে বৌদ্ধিক মননে একজন রিচার্ড ডকিন্স কিংবা একজন বিল মার অনেক এগিয়ে থাকেন আজকের দুনিয়ায়।



চিত্রঃ একজন প্রথাগত রক্ষণশীল বিশ্বাসীর চেয়ে অনেক এগিয়ে থাকেন একজন সচেতন লিবারাল নাস্তিক - বৌদ্ধিক মনন, যুক্তি, বাস্তবতা এবং স্মার্টনেসে।

লেখাটা লিখতে গিয়ে একটা মজার বিষয় মনে পড়লো। আমেরিকার প্রচন্ড রক্ষণশীল ফক্স চ্যানেলের নিউজ হোস্ট শন হ্যানিটি আর বিল ও রাইলি প্রতিদিনই মার্কিন জনগণকে মনে করিয়ে দেন যে কিভাবে ‘লিবারেল মিডিয়া’ সবকিছু অধিকার করে মগজ ধোলাই করছে! কথাটা যে খুব বেশি মিথ্যা তা অবশ্য নয়। হলিউড সিনেমা থেকে শুরু করে (ফক্স বাদে) প্রায় প্রতিটি নিউজ চ্যানেলই মোটামোটি লিবারেলদের দখলে বলা যায়। পাশাপাশি শো বিজনেস, ক্রিয়েটিভ রাইটিং, এক্টিভিজম থেকে শুরু করে একাডেমিয়াও মোটামুটি লিবারেলরাই রাজত্ব করছে। আসলে এর কারণ খুব সহজ। মিডিয়া লিবারেলদের হাতে চলে যাচ্ছে কারণ তারা রক্ষণশীলদের চেয়ে তারা বেশি বুদ্ধিমান , চৌকষ, বুদ্ধিদীপ্ত এবং অধিকতর বেশি উদ্ভাবনী শক্তির অধিকারী। বাংলাদেশেও কবি সাহিত্যিক সহ যারা শিল্পকলা এবং সংস্কৃতির সাথে জড়িত থাকেন তাদের মধ্যে উদারপন্থি লোকের সংখ্যা অপেক্ষাকৃত বেশি থাকে , এবং তাদের মধ্যেই অবিশ্বাসী মুরতাদদের সংখ্যা বেশি পাওয়া যায়।

অবিশ্বাসীরা স্মার্ট শুধু নয়, গবেষণায় দেখা গেছে নৈতিক দিক দিয়েও অবিশ্বাসীরা বিশ্বাসীদের চেয়ে অনেক অগ্রগামী। নাস্তিক এবং প্রগতিশীল পরিবারে শিশু নির্যাতন কম হয়, তারা নারী নির্যাতন কম করে থাকে, তাদের পরিবারে বিবাহ বিচ্ছেদের হার কম, তারা একগামী সম্পর্কে আস্থাশীল থাকে, তারা

পরিবেশ সচেতন থাকে ধার্মিকদের চেয়ে ঢের বেশি। সংখ্যালঘুদের প্রতি সহিষ্ণুতা এবং সংখ্যালঘুদের অধিকারের প্রতি সচেতনতাও বিশ্বাসীদের তুলনায় নাস্তিকদের মধ্যে অনেক বেশি[15]। এর কারণ, অবিশ্বাসীরা সাধারণতঃ বৈজ্ঞানিক যুক্তি, মানবতা এবং বাস্তবতার প্রেক্ষাপটে বিষয়গুলো বিবেচনা করেন, কোন অন্ধবিশ্বাসের বলে নয়।

বিশ্বাস ও দারিদ্র্য

বিশ্বাস শুধু মানসিক ভাবেই ব্যক্তিকে পঙ্গু এবং ভাইরাস আক্রান্ত করে ফেলে না , পাশাপাশি এর সার্বিক প্রভাব পড়ে একটি দেশের অর্থনীতিতেও। সাম্প্রতিক বহু গবেষণায়ই বেরিয়ে এসেছে যে দারিদ্রের সাথে ধর্মবিশ্বাসের প্রত্যক্ষ যোগাযোগ আছে। সম্প্রতি প্রকাশিত (অগাস্ট, ২০১০) গ্যালোপ জরিপ থেকে দেখা গেছে পৃথিবী র সবচেয়ে হতদরিদ্র দেশগুলোর মধ্যেই ধর্মীয় বিশ্বাসের প্রভাব সর্বাধিক[16]। আপনার বিশ্বাস প্রাত্যহিক জীবনযাত্রায় কোন প্রভাব ফেলে কিনা, এর ভিত্তিতে ২০০৯ সালে যে জরিপ চালানো হয়, তাতে দেখা যায় পৃথিবীর সর্বাধিক দারিদ্রকিষ্ট দেশগুলো থেকেই 'হ্যা বাচক' উত্তর উঠে এসেছে। আর তালিকাতে প্রথমেই আছে বাংলাদেশের নাম।

Is religion an important part of your daily life?

	Yes
Bangladesh	99%+
Niger	99%+
Yemen	99%
Indonesia	99%
Malawi	99%
Sri Lanka	99%
Somaliland region	98%
Djibouti	98%
Mauritania	98%
Burundi	98%

2009

GALLUP

চিত্র: গ্যালোপ জরিপ থেকে দেখা গেছে পৃথিবীর সবচেয়ে হতদরিদ্র দেশগুলোর মধ্যেই ধর্মীয় বিশ্বাসের প্রভাব সর্বাধিক

সম্প্রতি উপরের এই গ্যালোপ জরিপের উপর ভিত্তি করে নিউইয়র্ক টাইমস পত্রিকায় বিশ্লেষণমূলক একটি সম্পাদকীয় প্রাকশিত হয়েছে[17]। কলামিস্ট চার্লস ব্লো সম্পাদকীয়টিতে বলেন,

একশতটি দেশের মধ্যে ২০০৯ সালে গ্যালোপ জরিপ চালানো হয়েছে এবং দেখা গেছে দারিদ্রের সাথে ধর্মবিশ্বাসের একটি প্রত্যক্ষ যোগাযোগ আছে। ধনী দেশগুলো কম ধর্মপ্রবণ, আর দরিদ্র দেশগুলোতেই ধর্মান্মোদনা বেশি দৃশ্যমান'।

নিউইয়র্ক টাইমসের উক্ত প্রবন্ধটিতে চমৎকার একটি গ্রাফও সংযুক্ত হয়েছে , যেটি নিজেই দারিদ্র্যের সাথে ধর্মবিশ্বাসের সম্বন্ধকে ব্যাখ্যা করার জন্য যথেষ্ট -



চিত্রঃ গ্যালোপ জরিপের উপর ভিত্তি করে নিউইয়র্ক টাইমস পত্রিকায় বিশ্লেষণমূলক একটি সম্পাদকীয় প্রাকশিত হয়েছিলো। গ্রাফটি সেই প্রবন্ধ হতে সংগৃহিত।

উপরে গ্রাফের গড়পরতা পয়েন্টগুলোর ট্রেণ্ড বিশ্লেষণে আনা যেতে পারে। যদি কেউ কোন দেশের ধর্মীয় প্রভাব এবং পার ক্যাপিটা গ্রস ডোমেস্টিক প্রডাক্টের প্লট একটি বক্ররেখার মাধ্যমে তুলে ধরেন তবে রেখচিত্রটি দাঁড়াবে অনেকটা এরকম -



চিত্রঃ দেশের ধর্মীয় প্রভাব বনাম পার ক্যাপিটা জিডিপির প্লট করলে দেখা যায় প্রায় সব দেশের ক্ষেত্রেই দেখা যায় ধর্মীয় প্রভাব বাড়ার সাথে সাথে দেশের অর্থনৈতিক প্রাচুর্য কমছে।

এই গ্রাফটি নিয়ে আমরা মুক্তমনা ব্লগে আগেও অনেক আলোচনা করেছিলাম। এটি অধ্যাপক ভিক্টর স্টেঙ্গরের 'নিউ এথিজম' বইয়ে আছে। ইন্টারনেটেও অনেক সাইটে গ্রাফটি পাওয়া যাবে[18]। গ্রাফটি লক্ষ্য করলেই পাঠকেরা দেখবেন যে, আমেরিকা এবং কুয়েতের মত দু' একটি দেশ ছাড়া বাকী সব কমবেশী দেশই এই গ্রাফের কোরিলেশন সমর্থন করে। আমেরিকা অন্যতম স্বচ্ছল দেশ (গড়পরতা জিডিপি $৪৬,০০০) হওয়া সত্ত্বেও ধর্মের প্রভাব বেশি। ধনসম্পদে শীর্ষস্থানীয় দেশ হওয়া সত্ত্বেও দেশটির ধর্মীয় প্রভাবের পরিমাপ দারিদ্রক্লিষ্ট মেক্সিকো, আর্জেন্টিনা কিংবা চিলির সারিতে রয়ে গেছে। কেন এই ব্যতিক্রম তা ব্যাখ্যা করা যেতে পারে। একটি কারণ তো অবশ্যই সাম্রাজ্যবাদী চেতনার বিকাশ। একটি দেশ যখন ক্ষমতার শীর্ষে উঠে যায়, সামরিকভাবে আগ্রাসী হয়ে উঠে, তখন আভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে প্রগতিশীল বৈশিষ্ট্যগুলো হারাতে থাকে। গ্রীক এবং রোমান সভ্যতার শেষদিকেও একই ব্যাপার ঘটেছিলো। এর বাইরে, আরেকটি বড় কারণ, আমেরিকার পুঁজিবাদ ধর্ম জিনিসটাকেও আভ্যন্তরীণভাবে 'ব্যবসা'র পর্যায়ে নিয়ে যেতে পেরেছে। এখানে চার্চকে কেন্দ্র করে যে সমস্ত উৎসবের আয়োজন করা হয়, তা আসলে ধর্মীয় পরিবৃত্তির বাইরে গিয়েও সাধারন জনগনকে আকৃষ্ট করে। সধারাণ বসন্ত উৎসব (ফল ফের্স্টিভাল) থেকে শুরু করে ছোট ছোট ছেলে -মেয়েদের ক্লাসিকাল পিয়ানো বাজনার বেশিরভাগই এখানে চার্চকেন্দ্রিক। এই 'আমেরিকান এনোমালি' আর অস্বাভাবিক উপায়ে অর্জিত তেল চুকচুকে মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের কথা বাদ দিলে ধর্ম এবং দারিদ্র্যের একটা স্পষ্ট সম্পর্কই পাওয়া যায়। নবায়নযোগ্য শক্তির বিকাশ এবং এ সংক্রান্ত প্রযুক্তির উত্থানের ফলে ভবিষ্যৎ পৃথিবীতে তেলের দাম পড়ে গেলে , মধ্যপ্রাচ্যের দেশগুলোও এভাবে ব্যতিক্রম হিসেবে থাকবে না বলাই বাহুল্য। এই দু একটি এনোমালি তথা 'অস্বাভাবিকতা' বাদ দিলে গ্রাফ থেকে ধর্ম এবং দারিদ্র্যের একটা স্পষ্ট সম্পর্কই কিন্তু পাওয়া যায়। গ্রাফ দেখলে যে কেউ বুঝবে - যে দেশে

ধর্মীয় প্রভাব যত বাড়ছে, সেই সাথে পাল্লা দিয়ে বাড়ছে দারিদ্র্য, আর ধর্মীয় প্রভাব যেখানে কম মানুষের স্বচ্ছলতাও বেশী। ব্যাপার কী ?

ব্যাপার তো সাদা চোখেই বোঝা যাবার কথা। যে সমস্ত দেশ যত দারিদ্রক্লিষ্ট, সে সব দেশেই ধর্ম নিয়ে বেশি নাচানাচি হয়, আর শাসকেরাও সে সব দেশে ধর্মকে হাতিয়ার হিসেবে ব্যবহার করে। সেজন্যই দারিদ্র্যক্লিষ্ট তৃতীয় বিশ্বের দেশগুলোতে ধর্ম খুব বড় একটা নিয়মক হয়ে কাজ করে সবসময়েই। কিংবা ব্যাপারটা উল্টোভাবেও দেখা যেতে পারে - ধর্মকে অতিরিক্ত প্রশ্রয় দেয়া, কিংবা লম্ফ ঝম্ফ করা, কিংবা জাগতিক বিষয় আশয়ের চেয়ে ধর্মকে মাত্রাতিরিক্ত বেশি গুরুত্ব দেয়ার কারণেই সে সমস্ত দেশগুলো প্রযুক্তি, জ্ঞান বিজ্ঞানে পিছিয়ে, এবং সর্বোপরি দরিদ্র। কিছুদিন আগে বাংলাদেশ সরকার মোল্লাদের তোয়াজে রাখতে ফেসবুক বন্ধ করে দিয়েছিলো। যে দেশ জাগতিক বিষয় আশয়ের চেয়ে ঠুনকো বিশ্বাস নিয়েই মত্ত থাকে, সে দেশ অর্থ বৈভব জ্ঞান বিজ্ঞানে উন্নত হয়ে যাবে - এটা কি আশা করা যায়? ধর্মের রশি আমাদের পেছনে টেনে রেখেছে অনেকটাই।বিশ্বাসের ভাইরাসের এর চেয়ে বড় কুফল আর কী হতে পারে!

বিশ্বাসে মিলায় দারিদ্র্য, আর অবিশ্বাসে বহুদূর!

তথ্যসূত্র

[1] Richard Dawkins, Viruses of the Mind, available online: http://cscs.umich.edu/~crshalizi/Dawkins/viruses-of-the-mind.html

[2] Daniel C. Dennett, Breaking the Spell: Religion as a Natural Phenomenon, Penguin, 2007

[3] Darrel W. Ray, The God Virus: How religion infects our lives and culture, IPC Press, 2009

[4] Richard Brodie, Virus of the Mind: The New Science of the Meme, Hay House; Reprint edition, 2009

[5] Richard Dawkins, The Selfish Gene, Oxford University Press, 1976

[6] Richard Dawkins, The God Delusion, Houghton Mifflin Harcourt, 2006

[7] Shaoni Bhattacharya, Parasites brainwash grasshoppers into death dive, New Scientists, August 2005

[8] Daniel C. Dennett, Breaking the Spell: Religion as a Natural Phenomenon, Penguin , 2007

[9] Bruce Lincoln, Holy Terrors: Thinking about Religion after September 11, University Of Chicago Press; 1 edition, 2003

[10] Nigel Davies, Human Sacrifice-In History and Today, William Morrow & Co; 1981

[11] বেশ কিছু উদাহরণ নেয়া হয়েছে Holy Horrors: An Illustrated History of Religious Murder and Madness, James A. Haught, Prometheus Books, 1990 থেকে, সাম্প্রতিক কিছু উদাহরণ বিভিন্ন পত্রপত্রিকা এবং মুক্তমনা সাইট থেকে।

[12] Satoshi Kanazawa, Why Liberals And Atheists Are More Intelligent, Social Psychology Quarterly, Vol. 73, No. 1, 33-57

[13] Satoshi Kanazawa, Why Liberals Are More Intelligent Than Conservatives, Psychology Today, March 21, 2010

[14] Satoshi Kanazawa, Why Atheists Are More Intelligent than the Religious, Psychology Today, April 11, 2010

[15] আমেরিকায় বিভিন্ন গবেষনায় দেখা গিয়েছে নাস্তিকদের চাইতে পুনরুজ্জীবিত খ্রীষ্টানদের মধ্যে বিবাহবিচ্ছেদের হার বেশী (Barna Research Group, 1999 study দ্রঃ); এও দেখা গিয়েছে যে, যে পরিবারের পরিবেশ ধর্মীয়গতভাবে অতিমাত্রায় রক্ষণশীল সে সমস্ত পরিবারেই বরং শিশুদের উপর পরিবারের অন্য কোন সদস্যদের দ্বারা বেশী যৌণ নিপীড়ন হয় । ১৯৩৪ সালে আব্রাহাম ফ্রাঙ্গব্লাউ তার গবেষণাপত্রে দেখিয়েছেন ধার্মিকতা এবং সততার মধ্যে বরং বৈরী সম্পর্কই বিদ্যমান। ১৯৫০ সালে মুরে রসের গবেষণা থেকে বেরিয়ে এসেছে যে , ধার্মিকদের তুলনায় নাস্তিক এবং অজ্ঞেয়বাদীরাই বরং সমাজ এবং মানুষের প্রতি সংবেদনশীল থাকেন, তাদের উন্নয়নের জন্য ত্যাগ স্বীকার করেন। ভারতীয় বিজ্ঞান ও যুক্তিবাদী সমিতি ১৯৮৮ সালে ভারতের জেলখানায় দাগী আসামীদের মধ্যে একটি জরিপ চালিয়েছিল। জরিপের যে ফলাফল পাওয়া গিয়েছিল, তা ছিল অবাক করার মত। দেখা গিয়েছে, আসামীদের শতকরা ১০০ জনই ঈশ্বর এবং কোন না কোন প্রাতিষ্ঠানিক ধর্মে বিশ্বাসী । আমেরিকায়ও এরকম একটি জরিপ চালানো হয়েছিল ৫ ই মার্চ, ১৯৯৭ তারিখে। সে জরিপে দেখা গেছে যে আমেরিকার জনসাধারণের মধ্যে একটা উল্লেখযোগ্য অংশ (৮-১০%) ধর্মহীন হওয়া সত্ত্বেও তাদের মধ্যে অপরাধপ্রবণতা কম (মাত্র ০.২১%), সে তুলনায় ধার্মিকদের মধ্যে শতকরা হিসেবে অপরাধপ্রবণতা অনেক বেশী । এ সংক্রান্ত বেশ কিছু পরিসংখ্যান পাওয়া যাবে মাইকেল শারমারের The Science of Good and Evil: Why People Cheat, Gossip, Care, Share, and Follow the Golden Rule (Times Books; 1st edition (February 2, 2004) গ্রন্থে।

[16] Religiosity Highest in World’s Poorest Nations, Gallup’s global reports, August 31, 2010।

[17] Charles M. Blow, Religious Outlier, The Newyork Times, Published: September 3, 2010 [18] World Publics Welcome Global Trade – But Not Immigration, Summary of Findings, http://pewglobal.org/2007/10/04/world-publics-welcome-global-trade-but-not-immigration/

বি.দ্রঃ লেখাটির কিছু অংশে রায়হান আবীরের গুরুত্বপুর্ণ কিছু ইনপুট আছে। কৃতজ্ঞতা প্রকাশ করছি।

কমেন্ট

1. হোরাস

নভেম্বর ২৪, ২০১০ সময়: ১০:৫৯ পূর্বাহ্ণ লিঙ্ক

ঘুমাতে যাওয়ার ঠিক আগমূহুর্তে লেখাটা চোখে পরলো। আপাততঃ দ্রুত চোখ বুলিয়ে গেলাম পরে সময় নিয়ে পড়ে আবার মন্তব্য করব। তবে এই মূহুর্তে ছোট্ট একটি অনিচ্ছা কৃত “বানান” ভুল চোখে পরল।

রিচার্ড ডকিন্সের ‘**ভাইরাসের** অব দ্য মাইণ্ড’ রচনাটির আগে জৈববৈজ্ঞানিকভাবে ধর্মের মডেলকে বোঝা যায়নি।

*অভিজিৎ*এর জবাব:

নভেম্বর ২৪, ২০১০ at ৮:৫১ অপরাহ্ণ

@হোরাস,

ধন্যবাদ হোরাস। ডকিন্সের লেখাটির নাম ‘**ভাইরাসেস** অব দ্য মাইণ্ড’ হবে।

আপনার মন্তব্যের অপেক্ষায় রইলাম।

2. 2

ইমরান মাহমুদ ডালিম

নভেম্বর ২৪, ২০১০ সময়: ১১:০৭ পূর্বাহ্ণ লিঙ্ক

ঘটনা-১ঃ ঢাকা থেকে চট্রগ্রাম যাচ্ছিলাম।পথে গাড়ি নষ্ট হয়ে গেল।তো এক র্পযায়ে কিছু লোক বলতে শুরু করল-মানুষের জানের-ই যেখানে লাইসেন্স নেই,সেখানে গাড়িকে আর কতটুকু বিশ্বাস করা যায়?কথায় কথায় মৃত্যুর আলোচনা চলে আসল।এক লোক বলল যে কোন ব্যক্তির যদি জানাযা হয়ে যায়,তবে সে মারা যাবে।এক ব্যক্তি নাকি এই পরীক্ষা করতে যেয়ে মারা গেছে।আরেক যাত্রী বলল, নাহ, এগুলো মিথ্যা কথা।সঙ্গে সঙ্গে অন্য যাত্রীরা ক্ষেপে উঠল।বলল,এটা না-কি হাদিসে আছে।এটাই সত্যি।আমি ভাবছিলাম কিছু বলব কি-না।কিন্তু দেখলাম সবাই ঐ লোকটির উপর প্রচন্ড বিরক্ত হয়েছে।ক্ষ্যান্ত দিলাম।

ঘটনা-২ঃহাই স্কুলে প্রথম নাস্তিকতা প্রচার শুরু করি আমি।এতে টিচাররা আমার উপর প্রচন্ড ক্ষেপে যান।এলাকায়ও বদনাম ছড়ায়।তখন এগুলো পাত্তা দিইনি,এখনো দিই না।এস এস সি তে অল্পের জন্য আমার এ* মিস হয়।আমাদের এক হুজুর শিক্ষক প্রচার করতে থাকেন ,আমি না-কি ধর্মে খারাপ করেছি,যদিও ধর্মে আমি এ প্লাস পেয়েছিলাম।আল্লাহ পাক না-কি আমার বিচার করেছেন!!

ঘটনা-৩ঃকলেজে জীববিজ্ঞান ক্লাশে আমাদের টিচার বলছিলেন,কোরান বিবর্তন তত্ত্বকে সাপোর্ট করে না।আমি প্রশ্ন করলাম,ম্যাডাম,কোরান সত্যি না-কি বিবর্তন?ক্লাশে যেন একটি গুঞ্জন শুরু হয়ে গেল।ম্যাডামের চোখে-মুখে বিস্ময়।তিনি বললেন,এগুলো কি বল?অবশ্যই কোরান সত্যি।বিবর্তন তো কাফেরদের প্রচার। এগুলো ঠিক না।

ঘটনা-৪ঃবিশ্ববিদ্যালয়ে ভর্তি হলাম।প্রতিদিন রাতে শিবিরের একদল কর্মী আমার ব্রেন ওয়াশ করতে আসত।একদিন তারা বলল(সবাই বিজ্ঞানের ছাত্র ছিল,জেনেটিক্সের ছিল একজন)-চাঁদের মাটিতে নীল আর্মস্টং আর অলড্রিন না-কি আযানের ধ্বনি শুনতে পেয়ছিল।আমি বললাম,ভাইয়া চাঁদে তো বাতাস নেই,আর শব্দ তো ভ্যাকুযামে চলতে পারে না।তার উত্তর দিয়েছিল ,এটা আল্লা পাকের কুদরত।

ঘটনা-৫ঃ ক্লাশ চলছিল।তো পাশ্চাত্য মিথ নিয়ে আলোচনা কালে অন্যান্য ধর্মের আলোচনা চলে আসল।যে ম্যাডাম ক্লাশ নিচ্ছিলেন তিনি বললেন,সব ধর্মগ্রন্থ-ই পরিবর্তিত হয়েছে।শুধু কোরাণ পরিবর্তিত হয়নি।আমি কথা শুনে হাসছিলাম।ম্যাডাম বললেন,তুমি মনে হয় আমার কথার সাথে একমত নও।আমি বললাম,শুধু লাস্ট বাক্যটার সাথে একমত নই।সবকিছুই পরিবর্তিত হয়েছে।ক্লাশে সবগুলো চোখ যেন আমার উপর এসে আটকে রইল।আমি বললাম,কোরান যে পরিবর্তিত হয়েছে সে সম্বন্ধে আমার কিছু পড়াশোনা আছে ।ম্যাডাম হঠাৎ করে বললেন,ওগুলো কাফিরদের রচনা।তারপর আলোচনা অন্যদিকে ঘুরিয়ে দিলেন।

এই হচ্ছে জীবনে ঘটে যাওয়া কিছু ঘটনার খন্ডিত চিত্র।এর মধ্য দিয়ে কিছুটা হলেও বুঝা যায়,আমাদের মানসিকতার প্রত্যেকটি স্তরে ধর্ম কী রকম আধিপত্য বিস্তার করে আছে।একদম সাধারণ ব্যক্তি-স্তর থেকে এই ভাইরাস ছড়িয়ে আছে একদম উপরের স্তর পর্যন্ত,ব্যক্তি ও সংগঠনের মধ্য দিয়ে।

লীনা রহমান এর জবাব:

নভেম্বর ২৪, ২০১০ at ১:২৪ অপরাহ্ণ

@ইমরান মাহমুদ ডালিম, এ ধরণের পরিস্থিতি প্রতিনিয়তই দেখা যায়। সমাজ রাষ্ট্র সবই এটা দিয়ে নিয়ন্ত্রিত হচ্ছে অধিকাংশ জায়গায়। দুঃখজনক।

আমাদের মানসিকতার প্রত্যেকটি স্তরে ধর্ম কী রকম আধিপত্য বিস্তার করে আছে।একদম সাধারণ ব্যক্তি-স্তর থেকে এই ভাইরাস ছড়িয়ে আছে একদম উপরের স্তর পর্যন্ত,ব্যক্তি ও সংগঠনের মধ্য দিয়ে।

অভিজিৎ এর জবাব:

ডিসেম্বর ১, ২০১০ at ৯:৩৫ পূর্বাহ্ণ

@ইমরান মাহমুদ ডালিম,

শহরে না থাকায় আপনার মন্তব্যের জবাব দিতে অনেক দেরী হল। আপনার বলা প্রতিটি ঘটনাই এতো বাস্তব যে এ নিয়ে আলাদা করে কিছু বলার নেই। বাংলাদেশে এগুলো খুবই বাস্তব ঘটনা। বিশ্বাসের ভাইরাসের চাষ ছাড়া আর কীই বা বলা যায়!

3. 3

Shafiq

নভেম্বর ২৪, ২০১০ সময়: ১২:০২ অপরাহ্ণ লিঙ্ক

কানাজাওয়া' র বিবর্তন সম্পর্কিত তত্ত্ব গুলির ওপরে বেশী নির্ভর না করাই ভালো। বিখ্যাত বিবর্তন প্রচারক ও জনপ্রিয় বিগ্যান ব্লগ Pharyngula র উদ্যোক্তা PZ Myers বলেছেন, "Kanazawa the "great idiot of social science"(১)। এটা তো অনেকটা প্রতিষ্ঠিত যে আস্তিকতাই মানুষের default অবস্থা। একটি উদ্দেশ্যবিহীন বিশ্বে কষ্ট করে একটি সুস্থ জীবন কাটানোর মতো মানসিক শক্তি খুব কম মানুষেরই আছে। যারা বুঝেশুনে নাস্তিক হন তাদে র শিক্ষা বেশী হওয়ারই কথা। শিক্ষার সাথে অর্থের এবং বুদ্ধিমত্ত্বার সম্পর্ক নিয়ে বলার কিছু নেই।

কমুনিস্ট চীনে Christianity ব্যাপকভাবে বাড়ছে। আমার অনেক পরিচিত চাইনিজ কে দেখেছি যারা দীর্ঘদিনের অবিশ্বাসী পরিবার থেকে এসেও নতুন করে ধর্ম গ্রহন করছে।

আমি নীচে দ্যেয়া লিংকটি একটু ঘেটে দেখতে বলছি। এছাড়াও অনেক স্টাডিতে দেখা গ্যিয়েছে যে রক্ষনশীলরা বেশী দানখয়রাত করে ও সমাজের জন্যে বেশী সময় দেয়। একজন পুরনো সংশয়বাদী হিসেবেই বলছি, আস্তিকতার যে evolutionary advantage আছে বিশেষ করে Group Selection এ, তা অস্বীকার করা সহজ নয়। Steven Pinker তার প্রথম বইয়ে Selfish Gene এর দাসত্ব খন্ডন করতে নিজের জিনকে বলেছিলেন go jump in a lake। অপরদিকে সবধর্মের আসন্ন কেয়ামতে বিশ্বাসীরা পূর্নদ্যমে তাদের জিন ছড়িয়ে যাচ্ছেন। বিবর্তনের শেষ কথা হল যে ইনফরমেশন টিকে থাকে।

(১)http://www.alternet.org/belief/145903/controversy_grows_over_study_claiming_liberals_and_atheists_are_smarter

*অভিজিৎ*এর জবাব:

নভেম্বর ২৪, ২০১০ at ৯:১৯ অপরাহ্ণ

@Shafiq,

ধন্যবাদ আপনার সুচিন্তিত মতামতের জন্য। আপনি কানাজাওয়া সম্বন্ধে যেটি লিখেছেন সেটা আমি জানি। উইকিতে দেখেছি আগেই। তবে কী জানেন কে কাকে ইডিয়ট বলল সেটিতে কিন্তু বক্তব্য খণ্ডন

হয় না, সেটি পি জ়ে মায়ার্সই হোক কিংবা ডকিন্সই হোক। এটা বরং এডহোমিনিয়াম এটাক এবং ফ্যালাসি। বক্তব্য খণ্ডন করতে হলে যৌক্তিকভাবেই করতে হবে। কানাজাওয়ার গবেষণার ফলাফল সিএনএন সহ অনেক মিডিয়ায় গুরুত্বের সাথেই প্রচারিত হয়েছে (যেমন দেখুন - এখানে, এখানে, এখানে, এখানে, কিংবা এখানে)। কেবল কানাজাওয়া 'ইডিয়ট' বলে দিয়ে এটাকে খণ্ডন করা যাবে না।

তবে দান খয়রাতের ব্যাপারটা সার্বিকভাবে সত্য, নাস্তিকদের চেয়ে আস্তিকেরা দান খয়রাত বেশি করে থাকে বলে প্রচারিত। সব ধর্মেই আছে দান, খয়রাৎ এবং যাকাতের রমরমা হরেক রকম আয়োজন। আমি যেখানে থাকি , সেখানে চার্চগুলোর তৎপরতা তো আলাদাভাবে উল্লেখ করার মত। তবে এগুলো কতটুকু সত্যিকার আর কতটুকু লোকদেখানো আমার সন্দেহ আছে। হজ্জ করার আয়োজনও দে খি চারপাশে প্রচুর, কিন্তু হজ করলেই হাজি সেলিম বা আলহাজ হুসাইন মুহম্মদ এরশাদ ভালমানুষ হন নাকি? আমার সন্দেহ আছে।



ব্রাইট স্মাইল্ এর জবাব:

নভেম্বর ২৪, ২০১০ at ৯:৩৬ অপরাহ্ণ

@অভিজিৎ,

সব ধর্মেই আছে দান, খয়রাৎ যাকাতের রমরমা হরেক রকম আয়োজন।

দান, খয়রাৎ, যাকাত যারা দিচ্ছেন তাদের বেশীরভাগ লোকই দিচ্ছেন উদ্দেশ্যমুলকভাবে। কারন দান , খয়রাৎ, যাকাত দিয়ে তিনি যে অর্থ ব্যয় করছেন তার থেকে কয়েকগুন হাতিয়ে নিচ্ছেন পরবর্তিতে দেশ ও দশের কাছ থেকে। সুতরাং সবটাই হলো অসৎ বিজিনেস।

4. 4

ক্রান্তিলগ্ন

নভেম্বর ২৪, ২০১০ সময়: ১২:০৮ অপরাহ্ণ লিঙ্ক

5. 5

পৃথিবী

নভেম্বর ২৪, ২০১০ সময়: ১:২০ অপরাহ্ণ লিঙ্ক

আমার মনে হয়না বিশ্বাস হতে মানুষ কখনও মুক্তি পাবে। হয়ত প্রাতিষ্ঠানিক ধর্ম বিলুপ্ত হবে না , কিন্তু কোন না কোন কুসংস্কারের রূপে বিশ্বাস ঠিকই মানুষের মধ্যে রয়ে যাবে।

সৈকত চৌধুরী এর জবাব:
নভেম্বর ২৪, ২০১০ at ১:৫১ অপরাহ্ণ
@পৃথিবী,

আমার মনে হয় মানুষ একদিন অবশ্যই বিশ্বাসের করাল গ্রাস থেকে মুক্তি পাবে। বিশ্বাস বিষয়টা এখনই অনেকটা হাস্যকর হয়ে উঠেছে। কেউ যদি কোনো যুক্তি -প্রমাণ না দিয়ে কোনো কিছুকে “বিশ্বাস” করে এর স্বপক্ষে সাফাই গায় তবে সবাই তার দিকে অবিশ্বাসের দৃষ্টিতেই তাকায়।

আমি বিভিন্ন জায়গায় বিশ্বাসীদের হাতেই বিশ্বাসীদের যেভাবে নাজেহাল হতে দেখি তাতে মনে হয় না বিশ্বাসের দৌরাত্ম খুব বেশি দিন থাকবে।

ইমরান মাহমুদ ডালিম এর জবাব:
নভেম্বর ২৪, ২০১০ at ২:৪২ অপরাহ্ণ
@পৃথিবী, বিশ্বাস থেকে মানুষ মুক্তি পাবে কি পাবে না তা সময়ই বলে দিবে।কিন্তু আমাদের কী উচিত না এই অন্ধ বিশ্বাস থেকে লোকজন যাতে মুক্তি পায় তার চেষ্টা করা ?পেসিমিস্টিক হয়ে লাভ কী!!!

6. 6

লীনা রহমান

নভেম্বর ২৪, ২০১০ সময়: ১:২১ অপরাহ্ণ লিঙ্ক

বিশ্বাসে মিলায় দারিদ্র্য, আর অবিশ্বাসে বহুদূর!

সহমত।
লেখার শুরুটা পড়তে অনেক খারাপ লাগছিল। প্রায় প্রতিটি ধর্মেই মানুষকে শ্রেষ্ঠ জীব বলে মনে করার একটা ধারণা প্রচলিত আছে। আর ধার্মিক মানুষগুলো এটা ভেবে বেশ তৃপ্তিও পায় এবং বিবর্তনের পক্ষে লাখো প্রমাণ থাকা সত্ত্বেও তারা একে স্বীকার করতে চায়না কারণ নিজেদেরকে শ্রেষ্ঠ জীবের পর্যায় থেকে নামিয়ে আনতে তাদের অহংবোধ আহত হয়। তাই ধর্মীয় আচার ঠিকমত পালন করেনা এমন ব্যাক্তিও তার ভেতরে পৈত্রিক ও সামাজিক বিশ্বাসের জোরে বিবর্তন তত্ত্বকে হেসেই উড়িয়ে দেয়। কিন্তু এধরণের হত্যাগুলো এই তথাকথিত শ্রেষ্ঠ জীবগুলোকে কোথায় নামিয়ে আনছে সে সম্পর্কে তাদের বিন্দুমাত্র চিন্তা নেই। আর এটা মনে হয় তাদের ছাগুত্বের অন্যতম উৎকৃষ্ট প্রমান।
আর পরবর্তী অংশও গ্রাফ দিয়ে আলোচনা করায় ভাল লাগল।
সব মিলিয়ে আরেকটি দুর্দান্ত লেখা উপহার দেবার জন্য ধন্যবাদ অভিজিৎ দা।

7. 7

শোয়েব

নভেম্বর ২৪, ২০১০ সময়: ৩:০৫ অপরাহ্ণ লিঙ্ক

এমন ঢালাওভাবে নাস্তিকদের আই.কিউ যে বেশি এটা বলা কি ঠিক?? আমি আমার দৈনন্দিন জীবনে এই কথার অনেক অনেক ব্যতিক্রম দেখেছি। আমার মতে আই.কিউ না, আস্তিকদের বিশ্বাসের মুলে আছে তাদের পুরানো ধ্যান ধারনার প্রতি আনুগত্য। তাদের নৈতিকতার উৎস হচ্ছে ঈশ্বর , সামাজীকিকরনের বিভিন্ন প্রক্রিয়ায় তাদের নৈতিকতার ভিত্তিমুলে ঈশ্বরকে স্থাপনই তাদের বিশ্বাসী হয়ে ওঠার প্রধান কারন। তাদের বুদ্ধিমত্তা বেশি থাকলেও তারা সেই বুদ্ধি ব্যয় করে ঈশ্বরের অস্তিত্বের

সপক্ষের প্রমাণ খোজায়। বুদ্ধিমান বিশ্বাসীরা সর্বদাই বিশ্বাসী থেকে যায় কারন তারা ঈশ্বরের অনস্তিত্বের ধারনাটা ভয় পায়।

*অভিজিৎ*এর জবাব:
নভেম্বর ২৪, ২০১০ at ৯:৩৯ অপরাহ্ণ
@শোয়েব,

আমি বৈজ্ঞানিক সমীক্ষা থেকেই ফলাফল হাজির করেছি, ব্যক্তি বিশ্বাসের পর্যবেক্ষণের উপর নির্ভর করে নয়। আর যখন কোন ট্রেন্ডের কথা বলা হয় গড়পরতা ট্রেন্ডের কথাই আসে। ব্যতিক্রমী উদাহরণ তো আছেই। কিন্তু গড়পরতা নাস্তিকদের বুদ্ধিবৃত্তি বা আইকিউ বিশ্বাসীদের যে কিছুটা বেশি বলে সাম্প্রতিক গবেষণায় পাওয়া গেছে। সেটা বস্তুনিষ্ঠভাবে তুলে ধরাটাই উদ্দেশ্য। তারপরেও আপনি দ্বিমত করতেই পারেন। তবে একটি বিষয় পরিস্কার করা দরকার। আইকিউ নিয়ে মতামত আমার লেখাটির একটি ছোট অংশ। মূল বক্তব্য বিশ্বাসের ভায়োলেন্স এবং দারিদ্রের সাথে বিশ্বাসের সম্পর্কের সাম্প্রতিক ফলাফলগুলো তুলে ধরা।

মন্তব্যের জন্য ধন্যবাদ।



*শোয়েব*এর জবাব:
নভেম্বর ২৪, ২০১০ at ১০:৪১ অপরাহ্ণ
@অভিজিৎ দা,

অবশ্যই আই.কিউ ব্যাপারটা প্রবন্ধটির ছোট একটি অংশ, কিন্তু প্রবন্ধের বাইরের নয়। অন্যান্য বিষয়ে আমি মোটামুটিভাবে একমত।

নাস্তিকেরা একইসাথে চিন্তা-চেতনায় বুদ্ধিমান এবং সাহসী। কিন্তু কোন আস্তিকের বুদ্ধিমত্তা বেশি হলেও সে হয়তোবা চিন্তা-চেতনায় ততোটা সাহসী নয় তাই সে আস্তিক রয়ে যায়। নিম্নবুদ্ধিমত্তার মানুষেরা প্রচলিত বিশ্বাসেই অটল থেকে যায় যার ফলে এ সকল বৈজ্ঞানিক সমীক্ষায় বিশ্বাসীরা গড়পড়তা বুদ্ধিমত্তায় পিছিয়ে পড়ে।

আমি আপনার অনেক লেখাই পড়েছি। মোটামুটি সব বিষয়ে একমত হও য়াতেই এখনো আপনার প্রবন্ধে মন্তব্য করার প্রয়োজন মনে করিনি। বিভিন্ন বিষয়ে আপনার বস্তুনিষ্ঠ আলোচনা অসামান্য কৃতিত্বের দাবি রাখে। কিন্তু বৈজ্ঞানিক সমীক্ষার মাধ্যমে বিশ্বাসীদের পরোক্ষ ও সুক্ষ্মভাবে "নির্বোধ" প্রমাণ করাটা আমার মতে অনুচিত। এতে বিশ্বাসীদের কাছে "মুক্তমনা" গ্রহনযোগ্যতা হারাবে। কোন মতামত প্রচার করার জন্য খেয়াল রাখা উচিত প্রচার মাধ্যমটি যাতে সকলের কাছে গ্রহনযোগ্যতা পায়।

অভিজিৎ এর জবাব:
নভেম্বর ২৫, ২০১০ at ১২:৪৩ পূর্বাহ্ণ
@শোয়েব,

ঠিক আছে। আপনার উপদেশ এবং দ্বিমতের কথা মনে থাকবে ভবিষ্যতে। তবে একটি বিষয় পরিস্কার করব। আমি কিন্তু বৈজ্ঞানিক সমীক্ষার মাধ্যমে বিশ্বাসীদের পরোক্ষ ও সুক্ষ্মভাবে "নির্বোধ" প্রমাণ করার জন্য অনুচ্ছেদটা লিখিনি। আইকিউ সংক্রান্ত অনুচ্ছেদটা এসেছে 'বিশ্বাসের ভাইরাস' এর করোলারি হিসেবে। আমরা স্কুলে জ্যামিতি পড়ার সময় উপপাদ্যের পাশাপাশি করোলারি উপপাদ্য পড়তাম না, অনেকটা সেরকমের! 🙂 । তবে আমি মনে করি ব্যাপারগুলোকে আবেগের বশবর্তী হয়ে না নিয়ে যৌক্তিকভাবে নেয়া উচিৎ। বৈজ্ঞানিক সমীক্ষা নিয়ে আলোচনা করতে গিয়ে 'ঔচিত্য', 'গ্রহণযোগ্যতা' না নিয়ে আসাই শ্রেয়। যেমন একজন মন্তব্যকারী সমীক্ষা উল্লেখ করেছেন নাস্তিকদের চেয়ে আস্তিকেরা দান খয়রাত বেশি করে, আমি ত মেনে নিয়েছি। তাহলে বিপরীতটা মানতে আপত্তি হবে কেন? অনেক সময়ই অতিরিক্ত বিশ্বাসনির্ভরতা যৌক্তিক বিশ্লেষণে বাধা দেয়, বুদ্ধিবৃত্তিকে পঙ্গু করে ফেলে। আইকিউ নিয়ে সমীক্ষার ফলাফল কি সেই সত্যেরই প্রতধ্বনি নয়?

যা হোক আপনার সথে আলোচনা করে ভাল লাগল। মুক্তমনায় আরো লিখুন।



শোয়েব এর জবাব:
নভেম্বর ২৫, ২০১০ at ১০:৩৮ অপরাহ্ণ
@অভিজিৎ দা,

ধন্যবাদ। অবশ্যই মুক্তমনায় আরো লেখা চালিয়ে যাবো।

আমি ব্যক্তিগতভাবে একজন অবিশ্বাসী, আবেগের বশবর্তি না হয়ে যৌক্তিকভাবেই ব্যাপারটি পর্যবেক্ষন করেছি বলে আমার ধারনা। সহজ কথায় আমার বক্তব্য ছিল আপনি যদি কানাকে কানা বা খোড়াকে খোড়া বলেন, কথা সত্যি হলেও সেই কানা বা খোড়ার কাছে আপনি আপনার গ্রহনযোগ্যতা হারাবেন, এবং পরবর্তিতে তাদের সচেতনতা বৃদ্ধির জন্য আপনার সকল প্রচেষ্টাই বৃথা হতে পারে।

বিঃ দ্রঃ আমি বিশ্বাসীদের কানা, খোড়া বলিনি। ব্যাপারটা বোধগম্য করার জন্য এটি আমার উদাহরন মাত্র।

সাইফুল ইসলাম এর জবাব:
নভেম্বর ২৬, ২০১০ at ১:১২ অপরাহ্ণ
@শোয়েব,
আপনি কি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেছেন?
(একটু জানার দরকার ছিল)
saiful_humanist@yahoo.com এটা আমার ইমেইল আইডি। একটু যোগাযোগ করবেন আশা করি।

অভিজিৎ এর জবাব:
নভেম্বর ২৭, ২০১০ at ৭:২৪ পূর্বাহ্ণ
@শোয়েব,

> সহজ কথায় আমার বক্তব্য ছিল আপনি যদি কানাকে কানা বা খোড়াকে খোড়া বলেন, কথা সত্যি হলেও সেই কানা বা খোড়ার কাছে আপনি আপনার গ্রহনযোগ্যতা হারাবেন, এবং পরবর্তিতে তাদের সচেতনতা বৃদ্ধির জন্য আপনার সকল প্রচেষ্টাই বৃথা হতে পারে।

উল্টোটাও হতে পারে। ডায়াবেটিস রোগী যখন তার রোগ সম্বন্ধে সচেতন হবে, তখনই সে সুচিকিৎসার দিকে যাবে, তার কোন রোগ নেই বলে চোখ বুজিয়ে রাখলে নয়। কানাকে আপনি কানা না বলতে চান, দৃষ্টিহীন বলুন। কিন্তু বলতেই হবে, নইলে অন্ধত্বের উপসম করতে রাজীই হবে না। ঠিক একই ভাবে খোড়াকে খোড়া না বলুন , অন্ততঃ খঞ্জ বলুন, নইলে সে পঙ্গুত্ব সাড়াতে যাবে কেন?

যাহোক, আন্তন চেখভের একটা চমৎকার উক্তি আছে এ প্রসঙ্গে -

Man will become better when you show him what he is like.

চেখভের উক্তিটি আরো একবার পড়ুন। আমি এর চেয়ে ভালভাবে মনে হয় আপনাকে ব্যাপারটা বলতে পারবো না।

পাশাপাশি আরো একটা ব্যাপার বলি - আপনার ‘কী বনাম উচিৎ এর হেত্বাভাস (“Is” vs. “Ought” fallacy) সম্বন্ধেও সচেতন হওয়া দরকার। আমি বৈজ্ঞানিক সমীক্ষা থেকেই নির্মোহভাবে বু দ্ধিবৃত্তির ব্যাপারটা দেখিয়েছি, কি হলে কি হওয়া উচিৎ তা নয়। আপনি বার বার - ‘সকল প্রচেষ্টাই বৃথা হতে পারে’ বলে ব্যাপারটাকে যেদিকে নিচ্ছেন সেটা “Ought” fallacy। সাধারণভাবে বিজ্ঞানের কাজ প্রকৃতি, মানুষ বা সমাজ **কি রকম** সেটা ব্যাখ্যা করা, সেগুলো কিরকম **হওয়া উচিৎ** তা নয়।
যা হোক আমরা মনে হয় দু’জনই দুজনের কথা বলে ফেলেছি। বাকিটুকু পাঠকের দায়িত্ব।

8. 8

ভবঘুরে

নভেম্বর ২৪, ২০১০ সময়: ৪:১৩ অপরাহ্ন লিঙ্ক

খুব ভাল লেখা। অনেক কষ্ট করে লেখার জন্য ধন্যবাদ। এ ধরনের লেখা আরও বেশী করে প্রকাশ ও প্রচার করা উচিত। কিন্তু আমার একটা প্রশ্ন- ধর্মের এ ভাইরাসের এন্টি ভাইরাস কি আবিষ্কার করা যায় না ? যদি না করা যায় , তাহলে ধর্মের এ ভাইরাস কি গোটা মানব জাতিকে আক্রান্ত করে মানব জাতির সমূলে বিনাশ ঘটাবে কি ?

অভিজিৎ এর জবাব:

নভেম্বর ২৫, ২০১০ at ৭:৩১ পূর্বাহ্ন

@ভবঘুরে,

কিন্তু আমার একটা প্রশ্ন- ধর্মের এ ভাইরাসের এন্টি ভাইরাস কি আবিষ্কার করা যায় না ?

অবশ্যই। আপনার মত লেখকেরাই তো একেকটি অ্যান্টিভাইরাস। মুক্তমনা সাইটের প্রায় সব লেখকই তাই।

9. 9

সাধারণ মেয়ে

নভেম্বর ২৪, ২০১০ সময়: ৪:৪২ অপরাহ্ণ লিঙ্ক

আমি লিটারেচারের ছাত্রী ছিলাম। ” modern literature” ফাইনাল ভাইভা পরীক্ষায় আমার একটি প্রশ্নের উত্তরে “কোরাণ” বিরোধী সুর থাকায় আমি সেই সময়েই স্যারের কাছে প্রিয় ছাত্রী থেকে একজন বেয়াদব মেয়েতে পরিনত হলাম,(এবং পরবর্তীতে গ্রেড পয়েন্ট জ্যামিতিক হারে কমতে থাকল ওই স্যারের অন্য সাবজেক্ট গুলোতেও)।আমি আমার পরের রোল নম্বরের ছেলেটিকে বল্লাম আমার করুন অভিজ্ঞতার কথা, সাথে সুপরামর্শ দিলাম প্রশ্ন স্যার যাই করে থাকুক না কেন কোরান সুন্নাহ ভিত্তিক উত্তর দিতে।আমি পাশের ঘরেই ছিলাম , আরেকজন স্যারের কম্পিউটারে টাইপ করে দিচ্ছিলাম একটা কালচারাল অনুষ্ঠানের স্ক্রিপ্ট। শুনতে পাচ্ছিলাম আমার পরামর্শে উজ্জীবিত হয়ে আমার সহপাঠী কিভাবে ওয়েস্টারন সমাজের তুলোধুনা করছে। তার বক্তব্যের সারমর্ম হল ইসলাম গ্রহনেই সব সমস্যার মুক্তি। মহান এই আস্তিক বন্ধুটির শেষ কথাটা আপনাদের সবার সাথে শেয়ার না করে পারছিনা।
” স্যার আমার আগে যে মেয়েটি এইখানে ভাইভা দিয়ে গেল ও একটু অন্য রকমের। কথা বার্তা ইসলাম বিরোধী টাইপ। ও ক্লাসেও সবার সামনে নবীজী কে নিয়ে কটুক্তি করেছে। ”

অভিজিৎ এর জবাব:

ডিসেম্বর ১, ২০১০ at ৯:৫৩ পূর্বাহ্ণ

@সাধারণ মেয়ে,

ধন্যবাদ আপনার 'অসাধারণ' মন্তব্যের জন্য। আরো বেশি করে আলোচনায় অংশ নিন। এরকম ঘটনা আরো বেশি করে তুলে ধরুন।

10. 10

রৌরব

নভেম্বর ২৪, ২০১০ সময়: ৫:৫০ অপরাহ্ণলিঙ্ক

@বন্যা আহমেদ,
আপনি লক্ষ্য করে থাকবেন, বুদ্ধিমান বনাম বেকুব চিত্রটিতে বুদ্ধিমান ব্যক্তির উদাহরণ দুজনই পুরুষ , আর রক্ষণশীল তথা বেকুব দুজনই মহিলা।

শাফায়েত এর জবাব:
নভেম্বর ২৪, ২০১০ at ৭:০৮ অপরাহ্ণ
@রৌরব,
কোকাকোলা আর পপকর্ণ নিয়ে বসলাম পিসির সামনে, "জীবন মানে যুদ্ধ যুদ্ধ খেলা" দেখব,রৌরবকে অসংখ্য ধন্যবাদ ।

অভিজিৎ এর জবাব:
নভেম্বর ২৪, ২০১০ at ৮:৪৬ অপরাহ্ণ
@শাফায়েত এবং রৌরব,

সেই গুড়ে বালি মনে হচ্ছে। আমার মনে হয়না বন্যা কিংবা অন্য কোন লিবারাল মেয়ে কেবল মহিলা বলেই উইচক্রাফট করা ক্রিস্টিন ও ডেনেল কিংবা ইদানিংকালের 'রক্ষণশীলদের হার্টথ্রব' স্যারা প্যালিনকে সমর্থন করবে। বরং এই দুইটার সাথে বন্যারে জুড়ে দেয়ায় তোমরাই গালি খাইবা মনে

হচ্ছে। সামলাতে পারো কিনা দ্যাখো। হাসিনা খালেদা যেমন আর মহিলাদের প্রতিনিধিত্ব করে না, ও ডেনেল কিংবা প্যালিনও তাই। তারা বরং রক্ষণশীল বিশ্বাসীদের প্রতিমূর্তি । একজন তো প্রায় উইচক্রাফটই করা শুরু করেছিল, আরেকজন আলাস্কায় বিজ্ঞানের ক্লাসে ক্রিয়েশনিজম পড়াবেন বলে জোরালো ক্যাম্পেন করেছিলেন।

শাফায়েত এর জবাব:
নভেম্বর ২৫, ২০১০ at ৩:৫৭ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

বরং এই দুইটার সাথে বন্যারে জুড়ে দেয়ায় তোমরাই গালি খাইবা মনে হচ্ছে। সামলাতে পারো কিনা দ্যাখো।

আমি কিছু জানিনা,সব দোষ জনাব রৌরবের,আমি নিরীহ দর্শক (দরকারি ইমোটিকনের অভাব অনুভব করছি) । আসল পয়েন্ট হলো আপনার ছবিতে চালাক দুজনই পুরুষ ,বেকুব দুজনই মহিলা। যাই হোক আমি কিছু জানিনা : cake: ।



লীনা রহমান এর জবাব:
নভেম্বর ২৬, ২০১০ at ১১:৩৯ অপরাহ্ণ
@অভিজিৎ,

হাসিনা খালেদা যেমন আর মহিলাদের প্রতিনিধিত্ব করে না, ও ডেনেল কিংবা প্যালিনও তাই। তারা বরং রক্ষণশীল বিশ্বাসীদের প্রতিমূর্তি।

দাদা আমি আপনার সাথে একমত।শত্রুর মুখে ছাই (!) দিয়ে তাদের ষড়যন্ত্র নস্যাৎ করে দিলেন। ওয়েল ডান।
বন্ধুমহলে কিভাবে যেন আমি, এই নিতান্ত নিরীহ ভালমানুষটি নারীবাদী ও প্রতিবাদী নারী নামে একটি বদনাম কামিয়ে ফেলেছি, সেই আমিই যখন আপনার সাথে ঝগড়া করলামনা তার মানে আপনার ভয় নেই

*অভিজিৎ*এর জবাব:
ডিসেম্বর ১, ২০১০ at ৯:৫৭ পূর্বাহ্ণ
@লীনা রহমান,

সেই আমিই যখন আপনার সাথে ঝগড়া করলামনা তার মানে আপনার ভয় নেই

যাক, বাঁচলাম!

ও হ্যা, শাফায়েত কিন্তু আপনার জন্য ‘গার্বেজ বাক্স’ বানিয়ে দিয়েছে, দেখেছেন নিশ্চয়! এখন মনের সুখে গার্বেজের সুগন্ধ নিয়ে থাকুন , আমি ভাগি।

*সৈকত চৌধুরী*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১০ at ২:৪১ পূর্বাহ্ণ
@রৌরব,

দেখেন অভিদা কী সুন্দর ম্যানেজ করে ফেলেছেন। আসলে সঠিক পরিকল্পনাহীন যেকোনো উদ্যোগ বিফল হতে বাধ্য।

11. 11



আকাশ মালিক
নভেম্বর ২৪, ২০১০ সময়: ৭:০৭ অপরাহ্ণ লিঙ্ক

লিস্টিটি কেবল বিগত শতকের কতিপয় বিশ্বাসের ভাইরাস সংক্রান্ত সহিংসতা আর নিপীড়ণের আলোকচ্ছটামাত্র, সিন্ধুর বুকে বিন্দুসম।

ঠিক আছে অন্যান্য ধর্মের কেউ বোধ হয় খুব একটা অবজেকশন করার কিছু পাবেনা , আবার তাদের অনেকে অপরাধ স্বীকার করে ক্ষমাও চেয়েছেন। মুসলমানরা এর একটা ঘটনাকেও সত্য বলে স্বীকার করবেনা। কারণ তাদের ধর্মের নাম তো শান্তি (ইসলাম)। পয়ত্রিশ বছরের ইতিহাসে মাত্র কয়েকটা বছর আংশিকভাবে ক্ষমতায় থেকে জামাত বাংলাদেশের ইতিহাস থেকে মুক্তিযুদ্ধ 'নাই' করে দিয়েছে। দেড় হাজার বছরের ইসলামের ইতিহাস থেকে বিশ্বাসের ভাইরাসে আক্রান্ত কিছু মানুষ 'জামাল যুদ্ধ' সিফফিন যুদ্ধ' নাই করে দিয়েছে।

আচ্ছা বিশ্বাসের ভাইরাসে আক্রান্ত মানুষের মধ্যে তো পার্থক্য আছে। ঐ যে রামকৃষ্ণ, মুতাজিলা, সাধু সন্যাসী, মারেফতি টাইপের মানুষ যারা -

মারে নাকো কাটেনা
করেনা কো ফুস-ফাস / মারেনা কো ঢুস-ঢাস
যাক ওসব।

নাস্তিকেরা যে কোন সমাজেই আস্তিকদের থেকে বেশি স্মার্ট হিসেবে আবির্ভুত হয়, বিবর্তনীয় মনোবিজ্ঞানের 'সাভানা অনুকল্প' অনুযায়ী এটা ঘটে বলে গবেষনাপত্রে দাবী করা হয়েছে।

'সাভানা অনুকল্প' এখানে একটি লিংক যোগ করা চাই।

12. 12

রায়হান আবীর

নভেম্বর ২৪, ২০১০ সময়: ৭:২২ অপরাহ্ন লিঙ্ক

লেখাটা দারুন হইছে। গ্রাফ, ডাটা এবং আপনার চমৎকার প্রাসংগিক আলাপে অনেক কিছুই উঠে এসেছে। নীচের ব্যাপারটা নিয়ে একটু বলি -

এই গ্রাফের কোরিলেশন সর্মথন করে। আমেরিকা অন্যতম স্বচ্ছল দেশ (গড়পরতা জিডিপি $৪৬,০০০) হওয়া সত্ত্বেও ধর্মের প্রভাব বেশি। ধনসম্পদে শীর্ষস্থানীয় দেশ হওয়া সত্ত্বেও দেশটির ধর্মীয় প্রভাবের পরিমাপ দারিদ্রক্লিষ্ট মেক্সিকো, আর্জেন্টিনা কিংবা চিলির সারিতে রয়ে গেছে। কেন এই ব্যতিক্রম তা ব্যাখ্যা করা যেতে পারে। একটি কারণ তো অবশ্যই সাম্রাজ্যবাদী চেতনার বিকাশ। একটি দেশ যখন ক্ষমতার শীর্ষে উঠে যায়, সামরিকভাবে আগ্রাসী হয়ে উঠে, তখন আভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে প্রগতিশীল বৈশিষ্ট্যগুলো হারাতে থাকে। গ্রীক এবং রোমান সভ্যতার শেষদিকেও একই ব্যাপার

ঘটেছিলো। এর বাইরে, আরেকটি বড় কারণ, আমেরিকার পুঁজিবাদ ধর্ম জিনিসটাকেও আভ্যন্তরীণভাবে ‘ব্যবসা’র পর্যায়ে নিয়ে যেতে পেরেছে। এখানে চার্চকে কেন্দ্র করে যে সমস্ত উৎসবের আয়োজন করা হয়, তা আসলে ধর্মীয় পরিবৃত্তির বাইরে গিয়েও সাধারন জনগনকে আকৃষ্ট করে। সধারাণ বসন্ত উৎসব (ফল ফেস্টিভাল) থেকে শুরু করে ছোট ছোট ছেলে-মেয়েদের ক্লাসিকাল পিয়ানো বাজনার বেশিরভাগই এখানে চার্চকেন্দ্রিক।

আমেরিকা ধনী দেশ এবং জিডিপি অনেক বেশি। কিন্তু এইদেশের অনেক নাগরিকরাই কিন্তু হেলথ ইনস্যুরেন্স, চাকরির নিশ্চয়তা সহ অনেক কিছুতে এখনও ইনসিকিউরড। আপনারা সেখানে থাকেন , আরও ভালো বলতে পারবেন। আর যতই জীবনে ইনসিকিউরিটি আসবে ততই যে মানুষ “ল্যাম্পপোস্টের” কাছে প্রার্থণা বেশি করে করবে সেটা তো আর নতুন কোনো ধারণা না।

আরেকটা ব্যাপার হলো, চার্চ কেন্দ্রিক সামাজিকতা নির্ধার্মিক সংখ্যাগরিষ্ট অনেক দেশেই আছে। স্ক্যান্ডিনেভিয়ান দেশগুলোর কথাই ধরা যায়। সেখানে কেউ ধর্ম পালন না করলেও, চার্চ ছাড়া বিবাহ হবে এটা ভাবতেই পারেনা। সামাজিক প্রথা আর কি!

মাহবুব সাঈদ মামুন এর জবাব:
নভেম্বর ২৫, ২০১০ at ৮:৫৯ অপরাহ্ণ
@রায়হান আবীর,

আরেকটা ব্যাপার হলো, চার্চ কেন্দ্রিক সামাজিকতা নির্ধার্মিক সংখ্যাগরিষ্ট অনেক দেশেই আছে। স্ক্যান্ডিনেভিয়ান দেশগুলোর কথাই ধরা যায়। সেখানে কেউ ধর্ম পালন না করলেও, চার্চ ছাড়া বিবাহ হবে এটা ভাবতেই পারেনা। **সামাজিক প্রথা আর কি!**

এরা সামাজিক প্রথা অনুযায়ী বিয়ে করে ঠিক , তবে এসব প্রথার বাইরেও স্ক্যান্ডিনেভিয়ান দেশগুলোর ১৫%-২০% জনস্যংখা বিয়ে করে প্রথাবিহীন যার নাম বোরিয়ারলীগ বিয়ে এবং মারা গেলে মৃতলাশও দাপন করা হয় ধর্ম ও প্রথাবিহীন যার নাম বোরিয়ারলীগ দাপন।

অভিজিৎ এর জবাব:
ডিসেম্বর ১, ২০১০ at ১০:০৭ পূর্বাহ্ণ

@মাহবুব সাঈদ মামুন,

মামুন ভাই, নরওয়ে সুইডেন - এই সব দেশ নিয়ে একটু ডিটেল লেখেন। এদের নামই কেবল শুনে আসলাম, ঘুরে দেখার ইচ্ছে আছে। সম্প্রতি ফিল জুকারম্যানের একটা বই পড়লাম Society without God নামে। লেখক বলেছেন ওই স্ক্যান্ডিনেভিয়ান দেশগুলোতে ঈশ্বরে বিশ্বাসের হার বর্তমানে সর্বনিম্ন পর্যায়ে চলে গেছে। অথচ সেসব দেশে নাকি অপরাধপ্রবণতা সবচেয়ে কম। শুধু তাই না, ডেনমার্ক - যেখানে ঈশ্বরে অবিশ্বাসের হার প্রায় শরকরা ৮০ ভাগের কাছাকাছি - জরিপে দেখা গেছে তারা নাকি এখন পৃথিবীর অন্যতম সুখি দেশ। বেশ কৌতুহল নিয়ে বইটা পড়লাম।

13. 13

ইরতিশাদ

নভেম্বর ২৪, ২০১০ সময়: ৭:৪৮ অপরাহ্ণ লিঙ্ক

আরেকটা অভিজিতীয় ক্লাসিক। অভিনন্দন, অভিজিৎ! আশা করছি, তোমার এই লেখা বিশ্বাসের ভাইরাসের বিরুদ্ধে অবিশ্বাসের ভ্যাকসিন হয়ে কার্যকরী ভূমিকা রাখবে।

অভিজিৎ এর জবাব:
নভেম্বর ২৫, ২০১০ at ৭:৩২ পূর্বাহ্ণ
@ইরতিশাদ,

অনেক ধন্যবাদ ইরতিশাদ ভাই, পঠন এবং মন্তব্যের জন্য।

14. 14

গীতা দাস

নভেম্বর ২৪, ২০১০ সময়: ৮:১৬ অপরাহ্ন লিঙ্ক

অভিজিৎ রায়ের লেখা মানেই অনেক পড়ালেখার ফল। **বিশ্বাসের ভাইরাসও** এর ব্যতিক্রম নয়।

নাস্তিক (Atheist) এবং উদারপন্থিরা (liberal) সাধারণতঃ ধার্মিক (theist) এবং রক্ষণশীলদের (conservative) চেয়ে অনেকবেশী বুদ্ধিসম্পন্ন হয়ে থাকে।

যদিও গবেষণা লব্ধ কথা, তবে চারপাশ তাকালেও তা বুঝা যায়। বুদ্ধিমান বলেই তো নাস্তিক এবং উদারপন্থি। বুদ্ধি আছে বলেই তো বুজরুকিতে অনাস্থা।

এসব লেখা একবার reading পড়লে হয় না। কাজেই শুধু soft copy কপি নয়, hard copy মানে ছাপার অক্ষরে সংগ্রহে রাখতে আমার পছন্দ। তবে ধর্ম যুদ্ধের নমুনা দিতে গিয়ে --

* রামায়নে রাম তার তথাকথিত 'রাম রাজ্যে' শম্বুককে হত্যা করেছিলেন বেদ পাঠ করার অপরাধে।

রামায়ণ থেকে উদ্ধৃতিটি না দিলেই ভাল হত। কারণ অন্যান্য উদাহরণের মত রামায়ণের ঘটনা কিন্তু ঐতিহাসিক সত্য নয়। বাল্মিকী প্রতিভার কল্পনাপ্রসূত। রামায়ণের ঘটনায় বিশ্বাস স্থাপন নাস্তিকদের উচিত নয়।

*অভিজিৎ*এর জবাব:

নভেম্বর ২৫, ২০১০ at ৭:২৯ পূর্বাহ্ন

@গীতা দাস,

ধন্যবাদ গীতাদি। আপনি ঠিকই বলেছেন রামের ব্যাপারটা মিথই। ওটা তালিকাইয় না থাকি উচিৎ।

পড়ার জন্য অনেক ধন্যবাদ।

*অভীক*এর জবাব:

নভেম্বর ২৮, ২০১০ at ৫:২৯ অপরাহ্ন

@গীতা দাস,
অন্যান্য ঘটনাগুলোর মত বাস্তব না হলেও রামায়নের ঘটনাটি উল্লেখের প্রয়োজন আছে। অনেক হিন্দুই আছেন যারা দাবি করেন রাম নাকি বর্ণবাদের উর্ধে ছিলেন।



গীতা দাস এর জবাব:
নভেম্বর ২৮, ২০১০ at ৭:৩৮ অপরাহ্ণ
@অভীক,
বিজ্ঞান নির্ভর এবং ঐতিহাসিক তথ্য উপাত্ত সম্বলিত লেখায় বিষয়টি খাটে না বলে আমি মনে করেছি।

---

15. 15



ব্রাইট স্মাইল্
নভেম্বর ২৪, ২০১০ সময়: ৮:৪৮ অপরাহ্ণ লিঙ্ক

খুবই বাস্তবধর্মী সুন্দর একটি লেখা। নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম প্যারাসাইটের এবং আলকায়দার ১৯ জন সন্ত্রাসীদের আক্রমনের তুলনামুলক চিত্রটি দারু ন।

নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম ঘাস ফড়িং-এর মস্তিস্ককে সংক্রমিত করে, পাগলা কুকুর কামড়ালে জলাতংক রোগের জীবাণু দ্বারা মস্তিস্ক আক্রান্ত হয় , ল্যাংসেট ফ্লুক প্যারাসাইট পিঁপড়াকে সংক্রমিত করে ইত্যাদি উদাহরন জানা গেলো। কিন্তু বিশ্বাসের ভাইরাসের উৎপত্তি কোথা থেকে অর্থাৎ মানুষ ঠিক কি কারনে এই বিশ্বাসের ভাইরাসে আক্রান্ত হয়। মানুষ কি এই ভাইরাস নিজেই নিজের মধ্যে সৃষ্টি করে নাকি এই ভাইরাস সৃষ্টিতে অন্য কোন প্যারাসাইটের ভুমিকা আছে সেটাও ভেবে দেখার মতো। এই বিশ্বাসতো আর কোন জীবানু নয় , এটাকে বলা যেতে পারে মনস্তাত্তিক ভাইরাস যা মানুষের ব্রেইনকে ফিজিক্যালি আক্রান্ত না করে মানষিকভাবে আক্রান্ত করে।

কম্পিউটারের ভাইরাস যেমন এক ধরনের ধংসাত্বক কোডস্ যা কমপিউটারের সিস্টেমটাকে নষ্ট করে ফেলে। তো এই কম্পিউটারের ভাইরাস কাউকে না কাউকে একটি উদ্দেশ্য মাথায় রেখে সৃষ্টি করতে হয়। তেমনি আমার মনে হয় এই বিশ্বাসের ভাইরাসও উদ্দেশ্যপ্রনোদিতভাবে কাউকে সৃস্টি করতে হয়। ধর্মীয় বানীগুলোও এক ধরনের ধংসাত্বক কোডস্ যা মানুষের মাথায় খুব সহজে সংক্রমিত হয়ে

ব্রেইনের স্বাভাবিক চিন্তা করার ক্ষমতাকে নস্ট করে ফেলে এবং মানুষকে ধংসাত্মক কার্য্যকলাপ করতে ইন্ধন জোগায়।

কম্পিউটারে যেমন এন্টি-ভাইরাস ইন্সটল থাকলে ভাইরাস সংক্রমনের পরও কম্পিউটারের কোন ক্ষতি সাধিত হয়না তেমনি মানুষের ব্রেইনে আইকিউ হয়ত কোন সারটেইন লেভেলে থাকলে সেই ব্রেইন বিশ্বাসের ভাইরাসের আক্রমনকে প্রতিহত করার ক্ষমতা রাখে। এমনও হতে পারে মানুষের কিছু বিশেষ ক্যারেক্টারিস্টিকস্ অথবা জিন বিশ্বাসের এই ভাইরাসকে মানুষের মাথায় সংক্রমিত করতে নিয়ামক হিসেবে কাজ করে।

আর একটি কথা,

হলিউড সিনেমা থেকে শুরু করে (ফক্স বাদে) প্রায় প্রতিটি নিউজ চ্যানেলই মোটামোটি লিবারেলদের দখলে বলা যায়। পাশাপাশি শো বিজনেস, ক্রিয়েটিভ রাইটিং, এক্টিভিজম থেকে শুরু করে একাডেমিয়াও মোটামুটি লিবারেলরাই রাজত্ব করছে।

কিন্তু সায়েন্স, টেক্‌নোলোজী ইত্যাদি ক্ষেত্রে এই পরিসংখ্যানটা কি হতে পারে?

*অভিজিৎ*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১০ at ১২:০১ পূর্বাহ্ণ
@ব্রাইট স্মাইল্,

আপনার চমৎকার মন্তব্যের জন্য অনেক ধন্যবাদ। আপনি ঠিকই বলেছেন নেমাটোমর্ফ হেয়ারওয়ার্ম ঘাস ফড়িং-এর মস্তিস্ককে সংক্রমিত করে, পাগলা কুকুর কামড়ালে জলাতংক রোগের জীবাণু দ্বারা মস্তিস্ক আক্রান্ত হয়, ল্যাংসেট ফ্লুক প্যারাসাইট পিঁপড়াকে সংক্রমিত করে, ঠিক তেমনি হয়তো প্রথাগত বিশ্বাসগুলোও বিশ্বাসী মননকে আক্রান্ত করে ফেলে, তারা হয়ে উঠে এক্সট্রিম ধরণের মৌলবাদী বা সন্ত্রাসী। সেজন্যই কখনো তারা টুইন টাওয়ারে হামলে পড়ে , কখনো বেগানা নারীদের পাথর মারে, আর কখনো, ডাইনি মনে করে পুড়ায়, মুরতাদদের হত্যার ফতোয়া দেয়, কিংবা সতীদাহে উৎসাহিত হয়। এগুলো সবই ভাইরাস আত্রান্ত মননের প্রতিফলন। তবে ফড়িং এর মধ্যে কি ঘটে জানা গেলেও, মস্তিস্কে ব্যাপারটা কিভাবে ঘটে তা নিয়ে বিজ্ঞানীদের মধ্যে গবেষণা চলছে এখনো। এ ব্যাপারে একটি গুরুত্বপূর্ণ তত্ত্ব হচ্ছে ডকিন্সের **মিম তত্ত্ব** যা স্বাধীন আলোচনায় এনেছে। মিম নামের পরিভাষাটি প্রথম ব্যবহার করেছিলেন জীববিজ্ঞানী রিচার্ড ডকিন্স ১৯৭৬ সালে, তার বিখ্যাত বই ‘দ্য সেলফিশ

জিন’-এ। পরে সুসান ব্ল্যাকমোর একে ‘মিম মেশিন’ নামে আরেকটি বইয়ের মাধ্যমে তুলে ধরেন। জিন যেমন আমাদের শরীরবৃত্তিয় তথ্য বংশ পরম্পরায় বহন করে, ঠিক তেমনি সাংস্কৃতিক তথ্য বংশপরম্পরায় বহন করে নিয়ে যায় ‘মিম’। কাজেই ‘মিম’ হচ্ছে আমাদের ‘সাংস্কৃতিক তথ্যের একক’, যা ক্রমিক অনুকরণ বা প্রতিলিপির মধ্যমে একজনের মন থেকে মনান্তরে ছড়িয়ে পড়ে , ঠিক যেভাবে শারীরবৃত্তীয় তথ্যের একক জিন ছড়িয়ে পড়ে এক শরীর থেকে অন্য শরীরে। যে ব্যক্তি মিমটি বহন করে তাদের মিমটির ‘হোস্ট’ বা বাহক বলা যায়। এগুলো নিয়ে আমি আমার প্রথম পর্বে লিখেছিলাম। তবে এর বাইরেও অন্য অনেক মডেল আছে। সামনে কিছু লেখার ইচ্ছে আছে।
আর সায়েন্স, টেক্নোলোজী ইত্যাদি ক্ষেত্রে আণুষঙ্গিক পরিসংখ্যানগু লো পেলে জানাবো।

মন্তব্যের জন্য অসংখ্য ধন্যবাদ।

16. 16

স্বাধীন

নভেম্বর ২৪, ২০১০ সময়: ১০:০২ অপরাহ্ণ লিঙ্ক

বরাবরের মত চমৎকার লেখা। যে কোন বিশ্বাসের ভাইরাসকে মানুষের মস্তিষ্ক থেকে সরাতে আমাদেরকে এ রকম বৈজ্ঞানিক গবেষণা নির্ভর লেখাই বেশি বেশি করে দিতে হবে। ভবঘুরে প্রশ্ন করেছেন এই ভাইরাসের এন্টিভাইরাস কি নেই? মুক্তমনা, প্রগতিশীলতা, উদারপন্থা, এগুলোই এই ভাইরাসের এন্টিভাইরাস। এগুলোকেই ছড়িয়ে দিতে হবে বেশি বেশি যেন বিশ্বাসের ভাইরাস আউট নাম্বার হয়ে যায়। অনেক দিন থেকেই আমি এবং আমার সাথে অন্যান্যরা এই কথাগুলো বলে আসছি যে মুক্তমনা সমাজ পাওয়ার জন্য ধর্মবিদ্বেষের প্রয়োজন পড়ে না। কোন নির্দিষ্ট ধর্ম বা বিশ্বাসকে বার বার আঘাত করা হলে সেই বিশ্বাসীরা তাঁদের ভাইরাসকে আরো বেশি আঁকড়ে ধরবে। বিশ্বাসের ভাইরাস যে কোন বিশ্বাসেই হতে পারে। সেটা যেকোন ধর্ম হতে পারে, যে কোন মতবাদ হতে পারে (ফ্যসিজম, নাৎসিবাদ, সাম্যবাদ)। যে বাদই হোক না কেন সেটা যদি বৈজ্ঞানিক ছাঁকুনি পার না হতে চায় তবে সেটাকে ভাইরাস হিসেবে গন্য করা হবে।

অভিজিৎ’দা কে আবারো ধন্যবাদ লেখাটির জন্য। এই সুযোগে একটি অনুরোধ রেখে যেতে চাই। মুক্তমনায় মানব বিবর্তন নিয়ে লেখার অভাব সম্প্রতিকালের লেখাগুলো দিয়ে পূরণ হচ্ছে। কিন্ত এখনো খুব গুরুত্বপূর্ণ একটি বিষয় নিয়ে লেখার অভাব রয়ে গিয়েছে। **তা হচ্ছে মিম**। এই বিশ্বাসের ভাইরাসের সাথে মিম জড়িয়ে। মিম কি, কিভাবে কাজ করে, এই পর্যন্ত কি কি গবেষণা হয়েছে এই বিষয়গুলো

নিয়ে একটি লিটেরাচার রিভিউ থাকলে মুক্তমনার পাঠকদের জন্য ভাল হতো। আশা করি সময় নিয়ে কয়েক পর্বে কিছু লেখা দিবেন। অগ্রীম ধন্যবাদ জানিয়ে রাখলাম সে জন্য।

*স্বাধীন*এর জবাব:
নভেম্বর ২৪, ২০১০ at ১০:০৬ অপরাহ্ণ
@স্বাধীন,

মিম নিয়ে আমি একটি লেখা দাঁড় করিয়েছি, তবে সেটি লিটেরাচার রিভিউর মতো হবে না, বরাবরের মত “ধরি মাছ না ছুঁই পানি” এর মত হবে। লিটেরাচার রিভিউটা আমি আপনার জন্য রেখে দিচ্ছি। তবে লেখাটি দেওয়ার আগে আমার মিম নিয়ে কয়েকটি পাঠ্যবই পড়তে হবে। লাইব্রেরীতে অর্ডার দিয়েছি। আজই পেয়ে যাবো। দেখি এই সপ্তাহে লেখাটি দিবো।

*অভিজিৎ*এর জবাব:
নভেম্বর ২৪, ২০১০ at ১১:০৭ অপরাহ্ণ
@স্বাধীন,

আপনার দুটো মন্তব্যই পড়লাম। মন্তব্যের জন্য অনেক ধন্যবাদ। হ্যা এই লেখায় মিম নিয়ে কিছু লিখিনি। মূলতঃ দুটো কারণে।

১) মিম নিয়ে আমার আগের লেখায় (বিশ্বাসের ভাইরাস -১) বলেছি।
২) ভাইরাস ব্যাপারটির সাথে সাধারণ পাঠকেরা পরিচিত, ‘মিম’ এর সাথে তেমনটি নয় এখনো (এমনকি ইংরেজীতেও) । আর বিশ্বাসের ক্ষেত্রে জীববিজ্ঞানের ভাইরাস অনেকসময়ই সমান্তরাল আলোচনার ক্ষেত্র প্রস্তুত করে অন্য অনেক কিছুর চেয়ে বেশি।

সে হিসেবে একটি জিজ্ঞাসা আছে - **ভবিষ্যৎ বই কিংবা এ ধরণের প্রবন্ধের নাম হিসেবে ‘বিশ্বাসের ভাইরাস’ কেমন?**জানতে চাচ্ছি আপনার মতামত।
আরেকটা ব্যাপার। সুসান ব্ল্যাকমোরের ‘মিম মেশিন’ নামে চমৎকার একটা বই আছে। মিম নিয়ে লেখার আগে পড়ে নিতে পারেন ওটা।

আবারো মন্তব্যের জন্য ধন্যবাদ।

*স্বাধীন*এর জবাব:
নভেম্বর ২৪, ২০১০ at ১১:২৫ অপরাহ্ণ
@অভিজিৎ,

এই লেখা ঠিক আছে। তবে এই লেখা যদি বই হিসেবে চিন্তা করেন তবে মিম নিয়ে আরো বিস্তারিত লেখার প্রয়োজন আছে বলে মনে করি। নাম হিসেবে "বিশ্বাসের ভাইরাস" ঠিক আছে। তবে সে ক্ষেত্রে লেখায় আরো পরিষ্কার করতে হবে কেন সব মিমই ভাইরাস নয়, যেটি এই দু'লেখায় আসে নি। ঠিক এই প্রশ্নটি আগের কোন এক লেখায় জনৈক পাঠক মন্তব্য করেছিলেন। কেন গণতন্ত্র বা প্রগতিশীলতাকে ভাইরাস বলা হবে না, কিন্তু ধর্মকে বলা হবে যেখানে দু'টোর চরিত্রই হচ্ছে ছড়িয়ে যাওয়া। এই বিষয় নিয়ে সম্পূর্ণ একটি লেখাই হতে পারে।

ভাইরাস ব্যাপারটির সাথে সাধারণ পাঠকেরা পরিচিত, 'মিম' এর সাথে তেমনটি নয় এখনো

এ কারণেই আমি বলবো মিম নিয়ে লেখা দেওয়ার জন্য। পাঠক পরিচিত না কারণ সেটা নিয়ে আলোচনা বেশি হচ্ছে না বলে। বিবর্তন নিয়েও মানুষের অনেক ধারণা কম ছিল , কিছু ক্ষেত্রে ভুল ধারণাও ছিল, অন্তত বাংলা ভাষাভাষিদের ক্ষেত্রে। আপনাদের লেখা সেটি কমিয়েছে নিঃসন্দেহে। এখন মিম নিয়েও লেখা হলে পাঠকের কাছে পরিচিতি হয়ে যাবে। আপনার এই প্রবন্ধ বা বইয়েই মিমের বিষয়গুলো সুন্দর ফিট করে যাবে।

17. 17

নাসিম মাহ্মুদ

নভেম্বর ২৪, ২০১০ সময়: ১০:০৭ অপরাহ্ণলিঙ্ক

একটা খুব সুন্দর ও তথ্যবহুল লেখা। লেখার অনেক তথ্যই আমার আগে জানা ছিল না। পড়ে ভাল লাগল। তথ্যসূত্র ১১ হতে যা তুলে ধরা হয়েছে, তাতো ভয়াবহ। তবে এই তথ্যসূত্র কতটা নিরপেক্ষ তা প্রশ্নাতীত নয়। (আমি মূল তথ্যসূত্র নিজে না পড় , শুধু এই লেখাটি পড়ে লিখছি) ইউরোপের নানা ঘটনা এখানে দারুন ভাবে সন তারিখ সহ এসেছে। ১২০০, ১৩০০, ১৪০০, ১৫০০, ১৫৭২, ... এরা সব এসেছে। এই লেখায় এটাও এসেছে,

মুসলিমদের পবিত্র যুদ্ধ 'জিহাদ' উত্তর আফ্রিকা থেকে শুরু করে স্পেন পর্যন্ত রক্তাক্ত করে তোলে। তারপর এই জিহাদের মড়ক প্রবেশ করে ভারতে - আর তারপর চলে যায় বলকান (ক্যাথলিক ক্রোয়েশিয়ান, অর্থডক্স সার্ব এবং মুসলিম বসনিয়ান এবং কসোভা) থেকে অস্ট্রিয়া পর্যন্ত।

কিন্তু এর পরে তারা কিভাবে বিদায় হল তা উল্লেখ না করাটা তথ্যসূত্রের নিরপেক্ষতাকে প্রশ্নবিদ্ধ করেছে। একথা সত্য, ধর্মের নামে হত্যার এই ইতিহাস অনেক দীর্ঘ। তাই বলে দীর্ঘকে ছোট করতে গিয়ে বৃহৎ কিছু বাদ দেয়ে অনেক ছোট উদাহরন রাখাটা সমিচিন নয়।

ব্যাপার তো সাদা চোখেই বোঝা যাবার কথা। যে সমস্ত দেশ যত দারিদ্রক্লিষ্ট, সে সব দেশেই ধর্ম নিয়ে বেশি নাচানাচি হয়, আর শাসকেরাও সে সব দেশে ধর্মকে হাতিয়ার হিসেবে ব্যবহার করে।

সঠিক কথা। আর স্বাধারন জনতা হচ্ছে তার বলি।
সাধুবাদ রইলো।

18. 18

বিপ্লব পাল

নভেম্বর ২৪, ২০১০ সময়: ১০:৩৭ অপরাহ্ণলিঙ্ক

[১] বিবর্তনের পথেই বিশ্বাসের ভাইরাসের জন্ম। এই ভাইরাল স্প্রেড না থাকলে সমাজ বা রাষ্ট্র গঠন অতীতে সম্ভব হত বা। অতীতে রাষ্ট্র ঈশ্বরের নামে, রাজা ঈশ্বরের প্রতিনিধি-এইভাবে চলত। কারন ঈশ্বর বা আল্লা হল একটা ভাইরাল মিম-যা শক্তিশালী সমাজ গঠনে সাহায্য করেছে-তাই সমাজ বিবর্তনে নির্বাচিত হয়েছে।

[২] বর্তমানে এই ভাইরাল মিমের প্রয়োজনীয়তা হারিয়েছে কি না-সেটা নিয়ে ভাবার দরকার আছে। যেসব প্রগ্রেসিভ আইডিয়া নিয়ে আমরা চলছি-যেমন সমকামীতার এক্সপেটান্স, সন্তানহীন থাকা-এগুলি যদি শক্তিশালী উত্তর সমাজের (যেখানে সন্তানেরা শিক্ষাগত এবং রিপ্রোডাক্টিভ ভাবে অনেক বেশী ফিট) জন্ম না দেয়, এই ভাইরাল মিম আরো বেশী দিন টিকবে। কারন যেসব সমাজ বা ফ্যামিলি ভাইরাল মিমগুলোরতে আক্রান্ত তার আরো বেশী শক্তিশালি উত্তর সমাজের জন্ম দেবে। উন্নত চিন্তা অথচ উত্তর পুরুষ নেই-তাতে লাভ নেই। তাতে উন্নত মিম টিকবে না-মিম টেকে উত্তরপুরুষের মাধ্যমে।

[৩] ভাইরাল মিমকে খতম করতে গেলে সেই সব প্রগ্রেসিভ মিম দরকার যা শক্তিশালী আগামী প্রজন্মের জন্ম দেবে। নাস্তিক সমাজ যদি উন্নত সন্তানকুলের জন্ম [উন্নত মানে আরো বেশী সিলেকশন ফিট] না দিতে পারে, একজন নাস্তিক বেশী বুদ্ধি ধরে না কম বুদ্ধি ধরে তাতে কিছু যায় আসে না। একটা লোক যদি কম বুদ্ধি ধরে তার সামাজিক দ্বায়িত্ব বেশী পালন করে , বিবর্তন শেষের টিকেই নির্বাচন করবে।

*শোয়েব*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১০ at ১০:২৮ অপরাহ্ণ
@বিপ্লব পাল,
সহমত। আমরা যতই অবিশ্বাসী হই না কেন আমাদের সমাজ ব্যবস্থা বিশ্বাসকে কেন্দ্র করেই গড়ে উঠেছে। বিশ্বাসহীনতা তখনই প্রতিষ্ঠা পাবে যখন সমাজ তা গ্রহন করবার জন্য প্রস্তুত থাকবে। রাতারাতি কোন ধারনা বা মতবাদের ভিত্তিতে সমাজ কাঠামো গড়ে উঠতে পারে না। সামাজিক বিবর্তনের ধারায় সমাজ ব্যবস্থাকে টিকিয়ে রাখার জন্যই সমাজ বিভিন্ন মতবাদ বা বিশ্বাস গ্রহন করে। যথার্থ মানসিক পরিপক্বতা ছাড়া নাস্তিকতার মতো ধারনাকে সমাজের ভিত্তি হিসেবে ধরা হলে সমাজ কাঠামো টিকিয়ে রাখাটাই দায় হয়ে পড়বে।

*রনি*এর জবাব:
নভেম্বর ২৭, ২০১০ at ১২:২৯ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,
"এই ভাইরাল স্প্রেড না থাকলে সমাজ বা রাষ্ট্র গঠন অতীতে সম্ভব হত না।"
আপনার এই কথাটি ঠিক নয়,অতীতে যারা ধর্মের জন্ম দিয়ে রাষ্ট্র প্রতিষ্ঠা করেছে বা ক্ষমতা দখল করেছে ,তারা এটিকে তাদের অস্ত্র হিসেবেই ব্যাবহার করেছে…।তারা ক্ষমতা লিপ্সু ছিলো বলেই এমন করেছে আর সে যুগেও সংখ্যা য় কম হলেও এমন অনেকেই ছিলেন, যেমন -দার্শনিকগন,যারা অন্যরকম রাষ্ট্র ব্যাবস্থা গড়ে তুলতে চেয়েছিলেন …।
খ্রীষ্টের জন্মের প্রায় ৫০০ বছর পুর্বে কনফুসিয়াস এমন এক রাষ্ট্র গড়তে চেয়েছিলেন যেখানে সাধারন মানুষ-জন কাব্য ,দর্শন,ব্যাবহারিক জ্ঞান ইত্যাদি শিক্ষার সুযোগ পাবে কিন্ত তিনি সফল হননি কারন ততকালীন অভিজাত শ্রেনীর লোক জন তাকে তা করতে দেননি…।কিন্ত তিনি যদি সফল হতেন তবে প্রাচীন চীনে ধর্ম ভিত্তিক যে রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়েছিলো তার চেয়ে শক্তি-শালী সমাজ তথা রাষ্ট্র গঠিত হতো তাতো সহজেই অনুমেয়…।।

19. 19

স্বাধীন

নভেম্বর ২৫, ২০১০ সময়: ১:১৭ পূর্বাহ্ণ লিঙ্ক

“ভাইরাস আক্রান্ত মনন : ইতিহাসে এবং সভ্যতায়” এই অংশে যে উদাহরণগুলো যুক্ত করেছেন তার সাথে আরো বেশ কিছু উদাহরণ যুক্ত করা যেতে পারেঃ নাৎসিবাদ , ফ্যাসিজম, বর্ণবাদ, কমিউনিজম, সাম্রাজ্যবাদ এগুলোর উপর কিছু উদাহরণ ইতিহাস হতে যুক্ত করা যেতে পারে। না হলে এখন শুধু ধর্মের উপর ফোকাসটি বেশি হয়ে যাচ্ছে। যেহেতু জেনেরাল বিশ্বাসের ভাইরাস নিয়ে আলোচনা হচ্ছে তখন সব মতবাদ নিয়েই উদাহরণ আসা উচিৎ।

অভিজিৎ এর জবাব:

নভেম্বর ২৫, ২০১০ at ৭:২৮ পূর্বাহ্ণ

@স্বাধীন,

“ভাইরাস আক্রান্ত মনন : ইতিহাসে এবং সভ্যতায়” এই অংশে যে উদাহরণগুলো যুক্ত করেছেন তার সাথে আরো বেশ কিছু উদাহরণ যুক্ত করা যেতে পারেঃ নাৎসিবাদ , ফ্যাসিজম, বর্ণবাদ, কমিউনিজম, সাম্রাজ্যবাদ এগুলোর উপর কিছু উদাহরণ ইতিহাস হতে যুক্ত করা যেতে পারে।

শুধু তাই না… আপনার মিম তত্ত্ব ঠিক হলে পুঁজিবাদ, গণতন্ত্র এগুলোও লিস্টে চলে আসবে। এগুলোও এক অর্থে ধারণাই, এবং অনেকের মতে ক্ষতিকরই।

তবে আমার টার্গেট আপাততঃ একটু সংকীর্ণ করে রেখেছি। সবকিছু নিয়ে লিখলে প্যাচ খেয়ে যাবে।

স্বাধীন এর জবাব:

নভেম্বর ২৫, ২০১০ at ৯:০২ পূর্বাহ্ণ

@অভিজিৎ,

শুধু তাই না… আপনার মিম তত্ত্ব ঠিক হলে পুঁজিবাদ, গণতন্ত্র এগুলোও লিস্টে চলে আসবে। এগুলোও এক অর্থে ধারণাই, এবং অনেকের মতে ক্ষতিকরই।

দ্বিমত নেই। সব কিছুই ধারণা মাত্র। তবে প্যাচ খেলেও লিখতে হবে , বাদ দেওয়ার সুযোগ নেই। বরং বাদ দিলে লেখাটি নিরপেক্ষতা হারাবে। অনেকের কাছে একচক্ষু মনে হতে পারে 😄।

*অভিজিৎ*এর জবাব:
নভেম্বর ২৬, ২০১০ at ৬:২১ পূর্বাহ্ণ
@স্বাধীন,

জোর করে 'নিরপেক্ষ' সাজার কোন কারণ নেই। পাগল আর শিশু ছাড়া কেউ নিরপেক্ষ নয়! আর তা ছাড়া আমার টার্গেট পরিস্কার। মামুলি জাম জ্বরের ভাইরাস নিয়ে চিন্তিত নই , যতটা চিন্তিত এইচআইভি ভাইরাস নিয়ে। 😄

20. 20

রৌরব
নভেম্বর ২৫, ২০১০ সময়: ২:৪৩ পূর্বাহ্ণ লিঙ্ক

ডেনেটের কোন একটি ভিডিও দেখেছিলাম, যেখানে বিশ্বাসের এই "ভাইরাসীয়" গুণটি উনি গুণ-নিরপেক্ষভাবে বর্ণনা করেছিলেন। অর্থাৎ, এই পর্যায়ে ভাল বিশ্বাস আর মন্দ বিশ্বাসের মধ্যে কোন পার্থক্য নেই। জিহাদী বিশ্বাস আর বাংলাদেশের স্বাধীনতার জন্য জীবন দেয়ার জন্য প্রয়োজনীয় বিশ্বাস একই ভাবে ছড়ায় ইত্যাদি।

উদাহরণ গুলির কোন কোনটিতে সন্দেহের অবকাশ আছে যে ব্যাপারটি নিয়ন্ত্রণহীন বিশ্বাস নয়, রাজনৈতিক প্রয়োজন

ইসমাইলী শিয়া মুসলিমদের একটি অংশ এক সময় লুকিয়ে ছাপিয়ে বিধর্মী প্রতিপক্ষদের হত্যা করতো।

হাশাশিনদের এসব খুন খারাবি ক্ষমতা নিয়ন্ত্রণে রাখবার জন্য, পরে বোধহয় ভাড়াও খেটেছে তারা।

সংখ্যালঘু প্রোটেস্টেন্ট হুগেনটস ১৫০০ সালের দিকে ফ্রান্সের ক্যাথলিক খ্রীষ্টানদের দ্বারা নির্মম নিপীড়নের শিকার হয়।

এই বিখ্যাত ঘটনার কারণ ভূ-রাজনৈতিক।

*অভিজিৎ*এর জবাব:

নভেম্বর ২৫, ২০১০ at ৭:০০ পূর্বাহ্ণ

@রৌরব,

ডেনেটের কোন একটি ভিডিও দেখেছিলাম, যেখানে বিশ্বাসের এই "ভাইরাসীয়" গুণটি উনি গুণ-নিরপেক্ষভাবে বর্ণনা করেছিলেন।

হ্যা, ল্যাংসেট ফ্লুক প্যারাসাইট নিয়ে। আমি আমার লেখার প্রথম পর্বে উল্লেখ করেছিলাম সেটা, সেজন্য এখানে আর দেইনি। ইউটিউব থেকে দেয়া যাক আবারো -

httpv://www.youtube.com/watch?v=KzGjEkp772s

কোনটিতে সন্দেহের অবকাশ আছে যে ব্যাপারটি নিয়ন্ত্রণহীন বিশ্বাস নয়, রাজনৈতিক প্রয়োজন

অবশ্যই। আমাদের স্বাধীনতা যুদ্ধই তো সেরকম। ত্রিশ লক্ষ লোকের মৃত্যু ধর্মীয় কারনে নয় , বরং রাজনৈতিক। কিন্তু তারপরেও ধর্মীয় ব্যাপারগুলো অস্বীকার করা যায় না। গলাম আযম, নিজামী, মুজাহিদেরা স্বাধীনতা যুদ্ধে নাপাক বাহিনীর সহায়তা করেছিল , কারণ তারা ভেবেছিলো ইসলাম বিপন্ন। পশ্চিম পাকিস্তানীরাও ভাবত বাঙ্গালীরা 'প্রকৃত মুসলমান' নয়। এভাবেই ধর্মীয় উপাদান অনেক সময়ই জড়িয়ে পড়ে রাজনীতির সাথে। আমার দেয়া অনেক উদাহরনেই এরকম রাজনীতি-ধর্মের মিশ্রণ পাওয়া যাবে নিঃসন্দেহে।

মন্তব্যের জন্য ধন্যবাদ।

21. 21

শাফায়েত

নভেম্বর ২৫, ২০১০ সময়: ৪:০১ পূর্বাহ্ণ লিঙ্ক

heaven's gate এর তথ্যটি যোগ করতে পারেন।

Heaven's Gate members believed that the planet Earth was about to be recycled (wiped clean, renewed, refurbished and rejuvenated), and that the only chance to survive was to leave it immediately. While the group was formally against suicide, they defined "suicide" in their own context to mean "to turn against the Next Level when it is being offered",

*অভিজিৎ*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১০ at ৭:২৫ পূর্বাহ্ণ
@শাফায়েত,

এটার খবর তো জানতাম না। কত কিসিমের ভাইরাস যে আছে… এইটা তো মনে হচ্ছে ইউএফও রিলিজিয়ন ভাইরাস! 😄

22. 22

ফরিদ আহমেদ

নভেম্বর ২৫, ২০১০ সময়: ১১:২৩ পূর্বাহ্ণ লিঙ্ক

সেজন্যই একজন বিশ্বাসী সারা প্যালিন কিংবা অধুনা 'উইচ' হিসেবে খ্যাত ক্রিস্টিন ওডেনেলের চেয়ে বৌদ্ধিক মননে একজন রিচার্ড ডকিন্স কিংবা একজন বিল মার অনেক এগিয়ে থাকেন আজকের দুনিয়ায়।

তোমারতো মিয়া সাহস কম না। আমি লিখি আমার প্রিয়দর্শিনী পেলিনকে নিয়ে প্রেমগাথা, আর তুমি তারে নিয়া কও আকথা কুকথা।

23. 23

শাফায়েত

নভেম্বর ২৫, ২০১০ সময়: ১:৩৮ অপরাহ্ণ লিঙ্ক

বাম সাইডবারে "শীর্ষ আলোচনা" বিভাগকে ডাইনামিক করা হয়েছে, এখানে এখন থেকে শেষ ৭ দিন সর্বোচ্চ মন্তব্য করা হয়েছে এমন পোস্ট প্রদর্শিত হবে,আগে এটি ম্যানুয়ালি পরিবর্তন করা হতো।

স্বাধীন এর জবাব:

নভেম্বর ২৬, ২০১০ at ৭:২৩ পূর্বাহ্ণ

@শাফায়েত,

24. 24


ফাহিম রেজা

নভেম্বর ২৫, ২০১০ সময়: ৬:৪০ অপরাহ্ণ লিঙ্ক

@ অভিজিত, বিশ্বাসের ভাইরাস নামটা খুবই জব্বর লাগলো। এই টপিকের উপর বই বের করবেন নাকি? 'বিশ্বাসের ভাইরাস' নামেই বইটা বের করে ফেলেন।

25. 25

গোলাপ

নভেম্বর ২৬, ২০১০ সময়: ১২:১১ পূর্বাহ্ণ লিঙ্ক

অভিজিৎ দা,

আপনার অন্যান্য লিখার মতই এ লিখাটিও খুব ভাল লেগেছে। 'বিশ্বাসের ভাইরাস' আক্রান্ত দল /সম্প্রদায়কৃত নিষ্ঠুরতার বহু উদাহরন আপনি উল্লেখ ক রেছেন। এর 'virulence' আগেও যেমন ছিল, এখনো তেমনই আছে। উপযুক্ত পরিবেশ (culture media) পেলে তা আগের চেয়েও অধিক বিপদজক হতে পারে। ধর্মান্ধ মৌলবাদী গুষ্ঠি আনবিক অস্ত্র করায়ত্ত করলে পরিস্থিতি কতটা বিপদজনক হতে পারে তা চিন্তা করতেও ভয় হয়! 'সাধারন ভাইরাস' আক্রান্ত অসুস্থ মানুষ তার রোগের কারন ঐ ভাইরাসটির 'বিষক্রিয়া' সম্ভন্ধে পূর্ণ ওয়াকিবহাল এবং প্রতিকারের জন্য সে চিকিৎসকের পরামর্শ নেয়। পক্ষান্তরে 'বিশ্বাসের ভাইরাস' আক্রান্ত মানুষ তার রোগের কারন ঐ ভাইরাসটিকে তার রোগের 'প্রতিষেধক (cure)' বলে জ্ঞান করে। যত বেশী সে আক্রান্ত হয়, তত বেশী বেশী সে তার 'ভাইরাস' টিকে আঁকড়ে ধরে তৃপ্তি বোধ করে। চিকিৎসাতো দূরের ব্যাপার , সেই ভাইরাসকে "ভাইরাস" বললেও সে তেড়ে আসে তার "স্পর্ষকাতর ধর্মনুভুতিতে" আঘাত হানার মারমুখি অভিযোগ নিয়ে। এমতা পরিস্থিতিতে মানুষের 'ধর্মনুভুতিতে" আঘাত না দিয়ে এর প্রতিষেধক 'anti-virus' তৈরী করা যায়, অনেক মুক্তমনা পাঠকের এমনতর মতের সাথে আমি একমত নই।

ইসলামের জিহাদের নামে গত বার শতক ধরে সাড়া পৃথিবীতে মিলিয়নের ওপর মানুষকে হত্যা করা হয়েছে।

শুধু ভারতেই ৮০ মিলিয়ন হিন্দু ও ১০ মিলিয়ন বৌদ্ধকে হত্যা করা হয়েছে। আফ্রিকাতে ১২০ মিলিয়ন Christians and animists কে জীবন দিতে হয়েছে। বলা হয়, গত ১৪০০ বছরে প্রায় ২৭০ মিলিয়্ন অমুসলীম ইসলামী জিহাদের বলী। জীহাদে নিহত মুসলীমের সংখ্যা (ইসলামী স্বর্গলোকে ' বাসিন্দারা) এ অংকের বাহিরে।উৎসাহী পাঠকরা নীচের দুটো article দেখতে পারেনঃ

http://archive.frontpagemag.com/readArticle.aspx?ARTID=297

http://www.politicalislam.com/tears/pages/tears-of-jihad/

আপনাকে অনেক ধন্যবাদ।

অভিজিৎ এর জবাব:
নভেম্বর ২৬, ২০১০ at ৬:১৮ পূর্বাহ্ণ
@গোলাপ,

চমৎকার এই মন্তব্যের জন্য অনেক ধন্যবাদ। আপনারাই হতে পারেন এক একজন শক্তিশালী এন্টিভাইরাস।

26. 26

সংশপ্তক
নভেম্বর ২৬, ২০১০ সময়: ৭:১০ পূর্বাহ্ণ লিঙ্ক

@অভিজিৎ,

'বিশ্বাসের ভাইরাস' নিয়ে এ মূহুর্তে প্রচুর গবেষনা চলছে। এটা দেখার চেষ্টা চলছে কিভাবে মানুষের জীনে একটা রাজনৈতিক বিশ্বাস বা ভাববাদী ধারনা বাসা বাঁধে , বিকাশ লাভ করে এবং তা পরবর্তী প্রজন্মে ছড়িয়ে পড়ে। এই গবেষণাগুলো মানুষের জীনকে লক্ষ্য করে পরিচালিত হচ্ছে যেহেতু মানুষের অনেক আচরণে জীনের প্রভাব অন্যান্য প্রাণীদের মতই যথেষ্ট ক্রিয়াশীল বলে এপর্যন্ত গবেষনায় প্রমানিত হয়েছে।
সবচেয়ে আশাব্যঞ্জক আবিষ্কারটা এসেছে UCSD এবং হাভার্ডের সাম্প্রতিক একটা যৌথ গবেষণা থেকে যেখানে ডোপামিন নির্ভর DRD4 জীনটাকে (ক্রোমোজোম 11p15.5) চিহ্নিত করা গেছে যার একটা বিশেষ ভ্যারিয়ান্ট উদারপন্থী মানষদের মাঝে দেখা যায়। তবে, এটার সাথে প্রাপ্তবয়স্ক অবস্হায় সামাজিক পর্যায়ে উদারপন্থীদের সাথে নিয়মিত সংশ্রব থাকা জরুরী। আশা করা যায় যে , আগামীতে এ সম্পর্কে আরো তথ্য আমাদের হাতে আসবে।
'বিশ্বাসের ভাইরাস' নিয়ে লেখাটা মুক্তমনায় দেয়ার জন্য আপনাকে অশেষ ধন্যবাদ। পরিশেষে , ডারউনের একটা উক্তি এখানে তুলে দেয়ার লোভ সামলাতে পারলামনা :

"It has often and confidently been asserted, that man's origin can never be known: Ignorance more frequently begets confidence than does knowledge: it is those who know little, not those who know much, who so positively assert that this or that problem will never be solved by science." -
The Descent of Man (1871)

অভিজিৎ এর জবাব:
নভেম্বর ২৬, ২০১০ at ১০:০৮ অপরাহ্ণ
@সংশপ্তক,

আপনার মন্তব্যও যথারীতি খুব চমৎকার লাগলো।

সবচেয়ে আশাব্যঞ্জক আবিষ্কারটা এসেছে UCSD এবং হাভার্ডের সাম্প্রতিক একটা যৌথ গবেষণা থেকে যেখানে ডোপামিন নির্ভর DRD4 জীনটাকে (ক্রোমোজোম 11p15.5) চিহ্নিত করা গেছে যার একটা বিশেষ ভ্যারিয়ান্ট উদারপন্থী মানষদের মাঝে দেখা যায়।

গবেষকদের নাম সহ পেপারটার একটা সম্পূর্ণ রেফারেন্স কি দেয়া যায়?

অনেক ধন্যবাদ।

সংশপ্তক এর জবাব:
নভেম্বর ২৭, ২০১০ at ১:৪২ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

গবেষকদের নাম সহ পেপারটার একটা সম্পূর্ণ রেফারেন্স কি দেয়া যায়?

নিশ্চয়ই। নীচে দিয়ে দিলাম :

Jaime E. Settle, Christopher T. Dawes, Nicholas A. Christakis, James H. Fowler. Friendships Moderate an Association between a Dopamine Gene Variant and Political Ideology. The Journal of Politics, 2010; 72 (04): 1189 DOI: 10.1017/S0022381610000617



পৃথিবী এর জবাব:
নভেম্বর ২৭, ২০১০ at ১২:৪৫ অপরাহ্ণ
@সংশপ্তক,

"It has often and confidently been asserted, that man's origin can never be known: Ignorance more frequently begets confidence than does knowledge: it is those who know little, not those who know much, who so positively assert that this or that problem will never be solved by science." -
The Descent of Man (1871)

অসাধারণ উক্তি। ডিসেন্ট অব ম্যান বইটা শুরু করেছিলাম, অরিজিন অব স্পিসিজটা দ্বিতীয়বার পড়ে এটা ধরব।

সংশপ্তক এর জবাব:
নভেম্বর ২৮, ২০১০ at ২:১৩ পূর্বাহ্ণ
@পৃথিবী,

অসাধারণ উক্তি। ডিসেন্ট অব ম্যান বইটা শুরু করেছিলাম, অরিজিন অব স্পিসিজটা দ্বিতীয়বার পড়ে এটা ধরব।

ভালো সিদ্ধান্ত। অরিজিন অব স্পিসিজটা পড়ার পরেই ডিসেন্ট অব ম্যান পড়লে বিষয়টা অনেক সহজে পরিস্কার হয়। আর আমার ই-মেইল সিগনাচার, অফিসে এবং বাসায় " Ignorance more frequently begets confidence than does knowledge" এই অংশখানি বিভিন্ন জায়গায় ঝোলানো আছে।

27. 27

সাইফুল ইসলাম

নভেম্বর ২৬, ২০১০ সময়: ১:৩০ অপরাহ্ণলিঙ্ক

অভিজিৎ দা,
ব্যাপারটা কি এমন হতে পারে, যেহেতু বিশ্বাসী বেশীরভাগ মানুষই দারিদ্র কবলিত এবং স্বাভাবিকভাবেই জীবনের অত্যাবশকীয় উপাদানগুলো না পাওয়ার কারনে তারা সঠিকভাবে বেড়ে উঠতে পারে নি। তারা পায়নি সঠিকভাবে চিন্তা করার অবকাশ, সঠিক লেখাপড়ার সুযোগ, যার জন্যে খুব স্বাভাবিকভাবেই তারা প্রচলিত কুসংস্কারে বিশ্বাসী থেকেছে। অন্য দিকে আমি বলবনা যে সব নাস্তিক বা উদারপন্থীরাই টাকা পয়সাওয়ালা, তবে মনে হয় বেশীরভাগই নু ন্যতম সুযোগসুবিধা পেয়েছে। এখন যদি বিশ্বাসীদের সাথে অবিশ্বাসীদের তুলনা করা যায় তাহলে কিন্তু অবিশ্বাসীরাই এগিয়ে থাকবে।
আমার ব্যক্তিগতভাবে মনে হয় আই কিউ দিয়ে আসলে বুদ্ধিমত্বার মাপকাঠি নির্নয় করা সম্পুর্নভাবে সম্ভব নয়। হতে পারে এর থেকে ভালো আর কোন উপায়ও আমাদের জানা নেই।
আমার ব্যক্তিগত উপলব্ধির কথাই বললাম। ভুল হলে অবশ্যই মাথা পেতে নেব।
আর লেখার ব্যাপারে কি আর বলব, অভিজিতিয় ক্লাসিক। :)

*অভিজিৎ*এর জবাব:
নভেম্বর ২৬, ২০১০ at ১০:১৪ অপরাহ্ণ
@সাইফুল ইসলাম,

> অন্য দিকে আমি বলবনা যে সব নাস্তিক বা উদারপন্থীরাই টাকা পয়সাওয়ালা, তবে মনে হয় বেশীরভাগই নুন্যতম সুযোগসুবিধা পেয়েছে। এখন যদি বিশ্বাসীদের সাথে অবিশ্বাসীদের তুলনা করা যায় তাহলে কিন্তু অবিশ্বাসীরাই এগিয়ে থাকবে।

আসলে আমি ব্যক্তিগতভাবে দেখার জন্য ডেটাগুলো দেইনি। সার্বিকভাবে দেশের অর্থনীতির সাথে ধর্মীয় বিশ্বাসের সম্পর্ক খোঁজার চেষ্টা করেছি। নিঃসন্দেহে ব্যক্তিগত পর্যায়ে আহমেদ শরীফ, হুমায়ুন আজাদ কিংবা আরজ আলী মাতুব্বরেরা মোটেই বড়লোক ছিলেন না। সেটা তো জানা কথাই। তারা

সচেতনভাবেই নির্লোভ জীবন যাপন করেছেন। তবে, সার্বিকভাবে দেশের অর্থনীতির উপর বিশ্বাসের প্রভাব নেতিবাচক সবসময়ই।

28. 28

রৌরব

নভেম্বর ২৬, ২০১০ সময়: ১০:৫৩ অপরাহ্ণ লিঙ্ক

নিজের থিওরি প্রমাণের জন্য লুঙ্গি তুলে মুক্তকচ্ছ হয়ে ছুটতে থাকা Kanazawa একজন hack, তার একটি গবেষণা প্রবন্ধ এবং একটি popular প্রবন্ধ পড়ে আমার এই ধারণা জন্মেছে।

আমি শুধু একটা উদাহরণ দেব তার "গবেষণা" থেকে। উদারপন্থা বনাম রক্ষণশীলতার যে সংজ্ঞা তিনি খাড়া করেছেন, তা ভুল। তার উপর যে data-র ভিত্তিতে উপসংহার টেনে বেড়াচ্ছেন, তার সাথে তার ভুল সংজ্ঞার আবার কোন সংশ্লিষ্টতা নেই।

(মার্কিন) উদারপন্থার Kanazawa সংজ্ঞা:

> the genuine concern for the welfare of genetically unrelated others and the willingness to contribute larger proportions of private resources for the welfare of such others.

মোটেও না। উদারপন্থার দাবি এই welfare বিতরিত হতে হবে সরকারি আইনের মাধ্যমে। genuine concern উদারপন্থী-রক্ষণশীল সবারি থাকতে পারে। এই paradox জবাব দেয়ার চেষ্টা করেছেন popular প্রবন্ধটিতে, কিন্তু যা লিখেছেন ওটা কোন জবাব না। গবেষণা প্রবন্ধটিতে libertarian liberalism-এর অস্তিত্ব স্বীকার করার আক্কেলটুকু দেখাতে পেরেছেন , কিন্তু libertarianism যে মার্কিন পরিভাষায় conservatism এর মধ্যে পড়ে, সেটাকে স্রেফ ignore করেছেন।

এ পর্যন্ত প্রচন্ড হতাশার হাত থেকে মুক্তির একটা উপায় দেখেছিলাম আমি। ভাবলাম , লেবেলটা বড় কথা নয়, কানাজাওয়া যাকে liberalism বলছেন, তার data-ও হয়ত সেই সংজ্ঞার উপরই নির্ভরশীল। হয়ত কানাজাওয়া লোককে গিয়ে জিজ্ঞেস করেছেন LSE-এর সামনে পিকক থিয়েটারের পাশে দাঁড়িয়ে: আপনি কি এমন একজন লোক যার রয়েছে genuine concern for the we..., এবং আপনার আই, কিউ কত?

কিন্তু তা না কিন্তু। কানাজাওয়া যে মার্কিন ডাটা ব্যবহার করেছে সেখানে লোককে জিজ্ঞেস করা হয়েছে, তুমি উদারপন্থী বা রক্ষণশীল? অর্থাৎ উদারপন্থী বা রক্ষণশীল বলতে তারা যা বোঝে, কানাজাওয়ার কপোল-কল্পিত সংজ্ঞার সাথে যার কোন সম্পর্ক নেই। কি হাস্যকর।

কানাজাওয়া তার গবেষণা পত্রের শেষ দিকে এটা handle করার চেষ্টা করেছেন। সে জায়গাটা সবাইকে পড়বার আহ্বান জানাচ্ছি। নিজের থিসিস নিজেই প্রায় অপ্রমাণ করে ফেলে এটা-সেটা বলে সামাল দেয়ার নিদারুণ চেষ্টা।

সংশপ্তক এর জবাব:
নভেম্বর ২৮, ২০১০ at ২:৪২ পূর্বাহ্ণ
@রৌরব,

নিজের থিওরি প্রমাণের জন্য লুঙ্গি তুলে মুক্তকচ্ছ হয়ে ছুটতে থাকা

career এগুনোর ইঁদুর দৌড়ে আজকাল যে কি হচ্ছে তা চোখে না দেখলে বিশ্বাস করা কঠিন। গবেষণার আসল বিষয়ের চাইতে কে কয়টা গবেষনাপত্র প্রকাশ করেছে তা সিভিতে উল্লেখ করাটাই এখন বড় ব্যপার হয়ে দাড়িয়েছে। যার সিভিতে যত বেশী একটিভিটি (এবং তত কম প্রকৃত রেজাল্ট !) বিজ্ঞানমূর্খ হিউম্যান রিসোর্স তত বেশী খুশী।



ধ্রুব এর জবাব:
নভেম্বর ২৮, ২০১০ at ৭:৫৫ পূর্বাহ্ণ
@সংশপ্তক,

বিজ্ঞানীর কাজ যদি বিজ্ঞানমূর্খ লোকে মূল্যায়ন করে , তাহলে এমন হবেই। এর মাঝেই বিজ্ঞানের প্রচেষ্টা চালু থাকে। সমস্যা হয়ে যায় মিডিয়া আর সাধারণ মানুষের। তারা অধিকাংশ সময়েই বিজ্ঞান না জেনে জানে চটকদার স্টান্টবাজির রূপকথা।

29. 29

রনি

নভেম্বর ২৬, ২০১০ সময়: ১১:৫৮ অপরাহ্ণ লিঙ্ক

অভিজিৎ দা,
আপনার লেখা এবং বিভিন্ন মতামতের জবাব বেশ ভালো লেগেছে……..
আমার তথ্য সুত্রটা ঠিক মনে নেই …কিন্তু ঢাকা শহরের ভীক্ষুকদের উপর চালাণো এক জরীপে দেখা গেছে যে প্রায় ৮০-৮৫% ভীক্ষুক ঈশ্বর বিশ্বাস করেনা তবুও তারা ভীক্ষা পাওয়ার জন্য ঈশ্বরের কথা বলে এবং তারা বিবাহ বা এই জাতীয় আরো সামাজিক বিষয় গুলি মেনে চলেনা।।
এই জরিপের ফলা-ফল ২০০০-২০০৩ সালের মাঝে প্রকাশিত হয়েছিলো…

30. 30

নয়নমুনি

নভেম্বর ২৭, ২০১০ সময়: ১০:২৬ পূর্বাহ্ণ লিঙ্ক

অভিজিৎ দা, শুরুতে শুভেচ্ছা রইল। আমি ও মোটামুটি আপনার লেখাগুলিতে তথ্যবহুল বৈজ্ঞানিক বিশ্লেষন খুইজা পাই। কিন্তু আমার একটা প্রশ্ন থেইকা গেলো , বৌদ্ধ ধর্মে ধর্ম বলিতে গতানুগতিক জনপ্রিয় ধর্মগুলোকে না বুঝাইয়া , অন্য ডেফিনেশন দাঁড় করাইয়া থাকে। তাহারা ধর্ম বলিতে, ” thing as it is” অথবা “the Law of Nature” বলিয়া ব্যাখ্যা করিয়া থাকেন। তাই তাহারা বলিয়া থাকেন যে, “come and see” অর্থাৎ যদি বৌদ্ধ ধর্ম সম্পর্কে জানিতে হইলে আইসা দেইখা যান, পরীক্ষা করিয়া দেইখা নেন। তারপর ও বলা হইয়া থাকে “one must have one own faith on the Buddha, Dhamma & Sangha” অর্থাৎ নির্বাণকে অনুধাবন করিতে হইলে শ্রদ্ধা এবং বিশ্বাস নিয়া কঠিন ভাইবা সমাধিষ্ঠ হইতো অইবো, নাইলে বৃথা সময় নষ্টমাত্র হইয়া যাইতে পারে। আপনাদের লেখাগুলিতে বেশি মাত্রাই মানুষের জৈবিক প্রক্রিয়াকে গুরুত্ব দেয়া হইয়া থাকে। আমাদের জাইনা রাখা ভালো হইবে যে , মনোবিজ্ঞান নামে আরেকটা বিজ্ঞানের শাখা রহিয়াছে। বৌদ্ধরা বইলা থাকেন উনাদের বিশ্বাস কখনো ইসলাম, হিন্দু কিংবা খ্রীষ্টানদের বিশ্বাসগুলির সাথে তুলনা কইরা চলে না। তাই তাহাদের মধ্যেপন্থা নীতিতে “সম্যক দৃষ্টি” নামে এক মনস্তাত্বিক নীতিকে প্রাধান্য দেয়া হইয়াছে। আমি আপনার কাছে এই সম্পর্কিত কিছু তথ্য পাইতে মন্চায়। আপনার লেখা জাঝা।

অভিজিৎএর জবাব:

ডিসেম্বর ৫, ২০১০ at ২:৪৫ পূর্বাহ্ণ

@নয়নমুনি,

আপনার লেখা জাঝা।

জাঝা আপনার মন্তব্যেও

31. 31

আল্লাচালাইনা

নভেম্বর ২৮, ২০১০ সময়: ৪:১০ পূর্বাহ্ণ লিঙ্ক

চমতকার পোস্ট পড়ে পুলকিত হলাম, সুন্দর লেখার জন্য ধন্যবাদ।

32. 32

অভীক

নভেম্বর ২৮, ২০১০ সময়: ৫:৩১ অপরাহ্ণ লিঙ্ক

নভেম্বর মাসের ২৬ তারিখে প্রায় ৫০ জন ফিদাইন জঙ্গী সবমিলিয়ে তাজ হোটেল সহ মুম্বাইয়ের ৫ টা বিখ্যাত ল্যান্ডমার্ক আক্রমন করে আখচার গোলাগুলি করে নিমেষ মধ্যে ত্রাসের রাজত্ব কায়েম করেছিল।

৫০ জন নয়। আমার জানা মতে ১০ জন জঙ্গি হামলা চালিয়েছিল মু

33. 33

আদিল মাহমুদ

নভেম্বর ২৮, ২০১০ সময়: ৭:৫৩ অপরাহ্ণ লিঙ্ক

বিশ্বাসের ভাইরাস কি জিনিস তা বিভিন্ন বাংলা ব্লগে ধর্ম বিষয়ক আলাপ আলোচনা পড়লেই বোঝা যায়, এত জ্ঞানগর্ভ লেখা পড়ার প্রয়োযন হয় না।

ঘাস ফড়িং এর আত্মহত্যার যে উদাহরন দিলেন তাদের ক্ষেত্রে তো মনে হয় যে এই ভাইরাস আক্ষরিক অর্থেই ভাইরাস। মানুষের ক্ষেত্রে তো তা না , বলা যায় মানসিক ভাইরাস।

> আমেরিকায় বিভিন্ন গবেষনায় দেখা গিয়েছে নাস্তিকদের চাইতে পুনরুজ্জীবিত খ্রীষ্টানদের মধ্যে বিবাহবিচ্ছেদের হার বেশী (Barna Research Group, 1999 study দ্রঃ); এও দেখা গিয়েছে যে, যে পরিবারের পরিবেশ ধর্মীয়গতভাবে অতিমাত্রায় রক্ষণশীল সে সমস্ত পরিবারেই বরং শিশুদের উপর পরিবারের অন্য কোন সদস্যদের দ্বারা বেশী যৌণ নিপীড়ন হয়

- এই ফলাফল তোখুবই গুরুত্বপূর্ন। এই বিষয়ের উপর আরো গবেষনা দরকার। আর অন্য কোন গবেষনালব্ধ ফল আছে? নাকি আবার উলটো দিকেও এই রকম গবেষনার ফল পাওয়া যাবে?

দারিদ্রের কারনে মানুষ ধার্মিক হয়, নাকি ধার্মিক হবার কারনে দরিদ্র হয়? কুয়েতের সাথে মধ্যপ্রাচ্যের অন্য দেশগুলি ব্যাতিক্রমের তালিকায় আসেনি কেন?

ইশ্বর বা কোনরকম ধর্মীয় বিশ্বাস যাদের নেই তাদের হাতেও অনেক ভয়াবহ ম্যাসাকার হয়। এদের ব্যাপারে ব্যাখ্যা কি?

*অভিজিৎ*এর জবাব:

নভেম্বর ২৮, ২০১০ at ১০:৩৩ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,

চমৎকার কিছু মন্তব্য করেছেন। উত্তর না দেয়াটাই শোভন হবে। চেষ্টা করছি ক্ষমতার মধ্যে যতটুকু কুলায় দিতে। বিশেষত পরিসংখ্যান গুলো নিয়ে আলাদা ভাবে বলা দরকার।

নাস্তিকদের চেয়ে পুনরুজ্জীবিত খ্রীষ্টানদের মধ্যে বিবাহবিচ্ছেদ বেশি হয় - ব্যাপারটা আমাকেও অবাক করছে। কিন্তু আমি অন্ততঃ দুটো গবেষণার হদিস পেয়েছি যেটার ফলাফল একই দিকে ইঙ্গিত করছে। জর্জ বার্নার ১৯৯৬ এবং ১৯৯৯ সালের স্টাডি আছে এ নিয়ে, আমি তথ্যসূত্রে সেটি উল্লেখ করছি। অন্য গুলো খুব বেশি অবাক করেনি। রক্ষণশীল পরিবারেই যে শিশু নিপীড়ণ বেশি হয় , হনর কিলিং বেশি হয়, এমন কি যৌন নির্যাতনও - সেটি খুব বেশি অবাক হবার মট কিছু নয়। প্রতিদিনের পরিসংখ্যানেই এগুলো উঠে আসে। ১৯৩৪ সালে আব্রাহাম ফ্রান্সব্লাউ তার গবেষণাপত্রে দেখিয়েছেন ধার্মিকতা এবং সততার মধ্যে বরং বৈরী সম্পর্কই বিদ্যমান (Abraham Franzblau, “Religious Belief and Character Among Jewish Adolescents,” Teachers College Contribution to Education, no. 634 (1934)) । ১৯৫০ সালে মুরে রসের গবেষণা থেকে বেরিয়ে এসেছে যে , ধার্মিকদের তুলনায় নাস্তিক এবং অজ্ঞেয়বাদীরাই বরং সমাজ এবং মানুষের প্রতি সংবেদনশীল থাকেন , তাদের উন্নয়নের জন্য ত্যাগ স্বীকার করেন (Religious Beliefs of Youth: A Study and Analysis of the Structure and Function of the Religious Beliefs of Young Adults, Based on a Questionnaire Sample of 1,935 Youth and Intensive Interviews with 100 Young People (Association Press, 1950)ট্রাভিস হার্সির একটি স্টাডিতে দেখা গেছে রক্ষণশীল পরিবারের লোকেরাই অধিকতর অপরাধের সাথে যুক্ত থাকে (Measuring Delinquency. Beverly Hills, CA: Sage. Hirschi, Travis,; Rodney Stark. Hirschi, Travis and Rodney Stark. 1969. “Hellfire and Delinquency”, 1981) । ।প্রবীর ঘোষের স্টাডি আছে আর অলৌকিক নয় লৌকিক বইয়ে ইত্যাদি।

এখন উঠতে হচ্ছে আপনার অন্য মন্তব্যগুলো নিয়ে আলোচনা করছি সামনে ...

আকাশ মালিক এর জবাব:
নভেম্বর ২৮, ২০১০ at ১০:৪১ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

দারিদ্রের কারনে মানুষ ধার্মিক হয়, নাকি ধার্মিক হবার কারনে দরিদ্র হয়?

গবেষণালব্ধ কোন ফলাফল নয়, কোন তথ্য-উপাত্ত্ব থেকে নয়, নিছক আমার মনের ধারনা থেকে বলি- দারিদ্রের কারণে মানুষ ধার্মিক হয় কথাটা সত্য কিন্তু ধার্মিক হবার কারণে দরিদ্র হয় , কথাটার

মাঝে ভেজাল আছে। কারণ আর্থিকভাবে স্বচ্ছল ধনবানদের ধর্মবিশ্বাস, ধর্মচর্চা, ধর্মানুভুতি দরিদ্রের মত নয়।

ধার্মিক মানেই যেমন দরিদ্র নয়, তেমনি দরিদ্র মানেই ধার্মিক নয়। নাস্তিক গরীব আর আস্তিক ধনী কি নেই? সুতরাং এভাবে দেখতে হলে পরিবেশ রাজনীতির সুবিধা প্রাপ্ত , সুবিধা বঞ্চিত এসব ব্যাপার বিবেচনায় আনতে হবে। সংশ্লিষ্ট প্রবন্ধে বোধ হয় তুলনামূলক ফলাফল নয় বরং সার্বিকভাবে মানুষের উপর বিশ্বাসের ফিজিক্যাল এফেক্ট তুলে ধরা হয়েছে। বিশ্বাসের ভাইরাসে আক্রান্ত শুধু মুসলমানই হয়না সকল বিশ্বাসীই হয়। মুম্বের তাজমহল হোটেলে বোমা আর বাবরী মসজিদ ভাঙ্গায় একই ভাইরাসে আক্রান্তের প্রতিক্রীয়া।

ইশ্বর বা কোনরকম ধর্মীয় বিশ্বাস যাদের নেই তাদের হাতেও অনেক ভয়াবহ ম্যাসাকার হয়। এদের ব্যাপারে ব্যাখ্যা কি?

এটা বোধ হয় আলাদা একটি বিষয়। তবু বলি এখানে পার্থিব ও অপার্থিব ইহলোক -পরলোকের লাভ-ক্ষতি, লোভ-ক্ষোভের ব্যাপার আছে।
আমার ধারণা ভুল হতে পারে , বিজ্ঞজন ভাল বলতে পারেন।

34. 34

অভীক

নভেম্বর ২৮, ২০১০ সময়: ১০:৩৪ অপরাহ্ণলিঙ্ক

নভেম্বর মাসের ২৬ তারিখে প্রায় ৫০ জন ফিদাইন জঙ্গী সবমিলিয়ে তাজ হোটেল সহ মুম্বাইয়ের ৫ টা বিখ্যাত ল্যান্ডমার্ক আক্রমন করে আখচার গোলাগুলি করে নিমেষ মধ্যে ত্রাসের রাজত্ব কায়েম করেছিল।

৫০ জন নয়। আমার জানা মতে ১০ জন জঙ্গি হামলা চালিয়েছিল মুম্বাইয়ে। যার ৯ জনকে মেরে ফেলা হয়েছিল।। আজমল কাসভ নামের এক জঙ্গিই শুধু জীবিত আটক হয়েছিল।
লেখার অন্যান্য অংশ সম্বন্ধে আমার যা বলার পূর্বের মন্তব্যগুলোতেই সবাই বলে দিয়েছেন। বিশ্বাসের ভাইরাসের ১ম লেখাটিও খুব ভাল লেগেছিল। যেসকল অঞ্চলে মুক্তচিন্তা ও সহনশীলতাকে প্রাধান্য দেয়া হয় সেসব অঞ্চলের আর্থ-সামাজিক অবস্থা তুলনামূলক গোঁড়া ও রক্ষণশীল অঞ্চলের থেকে উন্নত হয় একথা আমি আমার সহপাঠিদের বোঝানোর চেষ্টা সবসময়ই করি, যদিও কোন ইতিবাচক

ফলের আশা করি না। স্ক্যান্ডিনেভিয়ান দেশগুলো যেখানে ধর্মীয় গোঁড়ামি সবচেয়ে কম সেখানে অপরাধের হারও অনেক কম। সুইডেনে মন্ত্রীদের ব্যক্তিগত সফরে নিরাপত্তা বাহিনী বা প্রটোকলের কোন প্রয়োজন হয় না। ফিনল্যান্ডে শতকরা ৬১ ভাগ নাগরিকের লাইসেন্স করা বন্দুক আছে। যে হার সমগ্র বিশ্বে সবচেয়ে বেশি। অথচ এই দেশেই বন্দুকের গুলির শব্দ সবচেয়ে কম শোনা যায়। ধার্মিকদের ধর্মীয় সহনশীলতার যে তালিকা আপনি দিয়েছেন সেটা বিভিন্ন ক্ষেত্রে কাজে লাগবে। রামায়নের ঘটনাটা বাস্তব না হলেও সেটার প্রয়োজন আছে। যেটা আমি উপরে উল্লেখ করেছি। বিশ্বজুড়ে জিহাদিদের পবিত্র কাজকর্মের পরিসংখ্যান রাখে আমার অন্যতম পছন্দের এই শান্তির ধর্ম সাইটটি। এখানে পাঠকরা আরও তথ্য পেতে পারেন।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=359

বিশ্বাসীদের ধর্ম বিশ্বাস এবং বাস্তবতা

তারিখ: ২৪ অগ্রহায়ন ১৪১৫ (ডিসেম্বর ৮, ২০০৮)
লিখেছেন: আব্দুল্লাহ আল মামুন

==
ধর্মের অলৌকিক বানী বিশ্বাস হয় নাই কখনোই। কিন্তু চারপাশের সবাই এমন অবলীলায় সব বিশ্বাস করে কিভাবে, এই প্রশ্নের উত্তর আজো পাই নাই। মোল্লাদের নাহয় এটা একটা ব্যবসা, কিন্ত সাধারন যারা আছে তারা কেন এই গাজাখুরি বিশ্বাস করে ? সবচেয়ে মজার ব্যাপার হচ্ছে, আমার সাধারন ধার্মিক বন্ধুবান্ধবের সাথে আমার জীবন যাত্রায় কোনো তফাত নাই। এদের প্রায় সবাই বাস্তববাদী, উচ্চশিক্ষিত জীবনমুখী মানুষ। বিশ্বাস এরা যাই করুক , বছরে কয়েকদিন জুম্মাঘরে যাওয়া ছাড়া আচার-আচরনে এবং অন্য সমস্ত ব্যাপারে চিন্তাভাবনায়ও এদের সাথে আমার কোনো তফাত নাই। চারপাশের এই সাধারন মুসলমানদের ধর্মীয় চিন্তাভাবনা , বানী, আদর্শ ও বিশ্বাসের সাথে তাদের আচার-আচরন এবং জীবনযাত্রার পার্থক্য তুলে ধরার আগ্রহ থেকে এ লেখা।
===

ধর্ম নিয়ে মুক্তমনার প্রথম দিকের লেখাগুলোর মধ্যে অনন্তর অনুলিখনে সুমিত্রা পদ্মানাভান এর **মানুষের ধর্ম- মানবতা** তে ধর্মের ধর্ম নিয়ে উনার লেখাটা আজো হৃদয় ছুয়ে আছে। চলন্তিকা বাংলা অভিধানে ধর্ম কথাটার অর্থ করা হয়েছে এভাবে;

প্রথম অর্থেঃ সৎকর্ম, সদাচার, পূন্যকর্ম, কর্তব্যকর্ম, সমাজ হিতকর বিধি

দ্বিতীয় অর্থেঃ পরম্পরাগত সামাজিক আচার-অনুষ্ঠান, উপাসনা পদ্বতি, সংস্কার রীতিনীতি এবং ঈশ্বর পরকাল বিষয়ক মতামত

তৃতীয় অর্থেঃ বস্তু বা ব্যক্তি নির্বিশেষে- স্বভাব, গুন বা শক্তি

ধর্মের এই প্রথম সংগাটি সব ধার্মিকরা আদর্শ হিসাবে মানে। সৎকর্ম, সদাচার, পূন্যকর্ম, কর্তব্যকর্মের কথা সব ধর্মেই বলা আছে। যদিও এই আদর্শ গুলো প্রাতিষ্ঠানিক ধর্মগুলো তাদের পৈত্রিক আদর্শ বলে দাবি করে, বাস্তবতা হচ্ছে, এই আদর্শগুলো বুদ্ধিভিত্তিক সমাজব্যবস্থার। সমস্ত সভ্য সমাজব্যবস্থাই সৎকর্ম, সদাচার, পুন্যকর্ম, কর্তব্যকর্ম, সমাজ হিতকর বিধিকে উৎসাহিত করে। যে কোন সুস্থ, স্বাভাবিক মানুষই সৎকর্ম, সদাচার করে। আর বর্তমান সমাজব্যবস্থায় অসৎকর্ম, অসদাচার রোধের জন্য আছে আইন আদালত। কোন সমাজব্যবস্থাই অসৎকর্ম, অসদাচার উৎসাহিত করে না, ধর্ম যার যাই হোক না কেন। এই আদর্শগুলো ধর্মব্যবসায়ীরা ধর্মের মোড়ক হিসাবে ব্যবহার করে। আর সাধারন ধার্মিকরা এই মোড়কটাকেই সমস্ত ধর্মীয় মিথ্যা আর কুসংস্কারের ঢাল হিসাবে ব্যবহার করে।

ধর্মের দ্বিতীয় সংগাটি হচ্ছে ধর্মের প্রাতিষ্ঠানিক সংগা। ধর্মগুলোর মধ্যে আদর্শগত মৌলিক কোন তফাত না থাকলেও সামাজিক আচার-অনুষ্ঠান, উপাসনা পদ্বতি, সংস্কার রীতিনীতি ও ঈশ্বর পরকাল বিষয়ক মতামতে বয়েছে ব্যাপক পার্থক্য। আদর্শগুলো ধর্মের মুলমন্ত্র হিসাবে প্রচার করলেও এবং আদর্শগত তেমন কোন তফাত না থাকলেও এই বিশ্বজনীন আদর্শগুলো কিন্তু প্রাতিষ্ঠানিক ধর্মগুলোর আসল রূপ নয়। বরং সামাজিক আচার-অনুষ্ঠান, উপাসনা পদ্বতি, সংস্কার রীতিনীতি ও ঈশ্বর পরকাল বিষয়ক মতামত গুলোই হয়েছে ধর্মের মূলরূপ।

তথাকথিত সাধারন ধার্মিক মুসলমানগনও মুখে বলে ধর্মের আদর্শগত রূপের কথা , আর আকরে ধরে ধর্মের প্রাতিষ্ঠানিক রূপটাকেই। আদর্শ ভুলে ধর্মের প্রাতিষ্ঠানিক রূপটাকে আকরে ধরার ফলেই আজকের এই বিভেদ, হিংসা, মারামারি। ধর্মগুলোতে খোদার যে সর্বশক্তিমান, মহানুভব রূপের বর্ণনা দেয়া আছে, যা এই ধার্মিকের দল সকাল বিকাল জিকির করে, তারা কখনো ভাবে না যে এ কেমন মহানুভব খোদা যে সৎকর্ম, সদাচার, কর্তব্যকর্ম, সমাজ হিতকর কর্মের চেয়ে উপাসনা পদ্বতি, সংস্কার রীতিনীতি আর পরকাল বিষয়ক মতামতে বেশি মূল্য দে য়।

মৌলিক বিশ্বজনীন আদর্শগুলাকে এরা ধর্মের লেবেলে মুড়িয়ে এরা যেমন নির্লজ্জ ভাবে প্রচার করে ঠিক তেমনি সামাজিক ভন্ডামির সহিত পালনও করে। উদাহরন??? কুরবানির উদ্দেশ্য নাকি আত্মত্যাগ, এই আত্মত্যাগ হলো ইসলামের আদর্শ। আর এই আত্মত্যাগ এরা করে লোক দেখানো গরু খাওয়ার মত সামাজিক ভন্ডামির মাধ্যমে। রোজা হচ্ছে আত্মসংযম। আর এই আত্মসংযম এরা করে দিনে না খেয়ে। আর ভন্ডামি শুরু হয় মাগরিবের পর। সৎকর্ম, সদাচার এই গুলা নিয়া প্রতিযোগিতা হয় না, প্রতিযোগিতা হয় গরু খাওয়া নিয়া। আর রায়ট হয় গরুখোর আর গরু যারা খায় না তাদের মধ্যে। হায়রে আদর্শ।

ধর্ম বিশ্বাস

বিশ্বাস একটা একান্ত ব্যাক্তিগত অনুভুতি। বিশ্বাস মানুষ তখনি করে , যখন প্রমান করতে পারে না বা প্রমান করতে চায় না। মনে করেন আমি বললাম যে আমার কাছে কোন টাকা নাই এবং আপনি চাইলে পরীক্ষা করে দেখতে পারেন। আপনি যদি পরীক্ষা করে দেখার সিদ্ধান্ত নেন তাহলে পরীক্ষার পর এটা প্রমান হয়ে যাবে আমার কাছে টাকা আছে কি নাই, বিশ্বাসের আর কিছু নেই। আর যদি বিশ্বাস করেন, তার পেছনে যত কারনই থাক না কেন ফাকির একটা সম্ভাবনা থেকেই যাবে। আজকাল শিক্ষিত মুসলমানরা চোখের গঠন, নাকের গঠন মার্কা ভুয়া যুক্তি দিয়া প্রমান করার চে ষ্টা করে যে খোদা আছে। তারা এইটা আমলে নেয় না যে যখন তারা বলে তারা খোদায় বিশ্বাস করে, এই বিশ্বাস শব্দটাই প্রমান করে যে তাদের কাছে কোন প্রমান নাই এবং এই বিশ্বাসটা সত্যি না হওয়ারও একটা সম্ভাবনা সবসময়ই আছে। এই ফাকির সম্ভাবনাটা গ্রহন করার অক্ষমতাটার কারনেই বিশ্বাস হয়ে যায় অন্ধবিশ্বাস। আর এই অন্ধবিশ্বাস তাদের বানিয়ে দেয় ধর্মান্ধ।

বিশ্বাসের আরেকটা ব্যপার হচ্ছে আপনি বিশ্বাস না করেও বলতে পারেন যে আপনি বিশ্বাস করেন। আপনি চাইলে একই সাথে বিশ্বাস এবং অবিশ্বাস দুইটাই করতে পারেন। যখন আমি বলেছি যে

আমার কাছে কোন টাকা নাই এবং আপনি চাইলে পরীক্ষা করে দেখতে পারেন,আপনি হয়তো ভদ্রতা করে পরীক্ষা করলেন না। এই ক্ষেত্রে আপনি বিশ্বাস এবং অবিশ্বাস দুইটা একই সাথে করতে পারেন। আপনার একটা অংশ বিশ্বাস করতে পারে আমার কাছে টাকা নেই,পাশাপাশি আপনারই আরেকটা অংশ বিশ্বাস করতে পারে যে আমার কাছে টাকা আছে আমি শেয়ার করব না। এই ব্যপারটা স্বভাবিক। যেটা স্বাভাবিক না সেটা হচ্ছে আপনি যখন পুরাপুরি বিশ্বাস না করে বলেন বিশ্বাস করেন। এটা হচ্ছে নিজের সাথে প্রতারনা, ভন্ডামির উৎস। যে মানুষ নিজ এর সাথে প্রতারনা করে তার দ্বারা সৎকর্ম, সদাচার ও কর্তব্যকর্ম খুব বেশি হওয়ার কথা না।

চারপাশের উচ্চশিক্ষিত মুসলমানরা

এই মুসলমানের দলের প্রায় সবাই বাস্তববাদী, উচ্চশিক্ষিত জীবনমুখী মানুষ। এরা সবাই গর্বিত মুসলমান। বিশ্বাস এরা যতটুকুই করুক না কেন কথায় পুরা ১০০% বিশ্বাসী। নাকের মিরাকল,চোখের মিরাকল মার্কা সমস্ত ডকুমেন্টারি এদের আয়তে। বিজ্ঞানের সমস্ত ব্যখ্যা যে কোরানে আছে এটা আয়াত সহ ব্যখ্যা করে বুঝিয়ে দিতে পারবে। কোরান হাদিস পুরা ঝাড়াঝাড়া। টেরোরিস্টরা এদের মতে কোরানের ভুল ব্যখ্যাকারী আবার ৯/১১ সম্পর্কে এদের মতামত হচ্ছে আমেরিকার একটা শিক্ষার দরকার ছিল। আমেরিকার ইরাক আক্রমন হচ্ছে মানবতার বিরুদ্ধে আক্রমন আর ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বিন বখতিয়ার খিলযির বাংলা আক্রমন হচ্ছে মানবতার জন্য আক্রমন। এরাই হচ্ছে উচ্চশিক্ষিত মুসলমান।

অবিশ্বাসীদের সম্পর্কে উচ্চশিক্ষিত মুসলমানদের প্রাথমিক ধারনা হচ্ছে এরা কোরান পড়ে না তাই অবিশ্বাসী। কোরান এর আয়াত নিয়ে কথা বললে এরা বলবে শানে-নজুল জানে না তাই অবিশ্বাসী। শানে-নজুল আর আয়াত একত্র করে দেখলে এরা বলে এই আয়াত রূপক অর্থে লেখা , এর আসল ব্যখ্যা জানে আলেমের দল। আর যে আলেমের লেখা তাদের ভালো লাগে না তারা হচ্ছে ভুল ব্যখ্যাকারী। আর এই ভুল ব্যখ্যাকারী আলেমের দল থেকেই হয় টেরোরিস্ট।

আবিশ্বাসীদের সম্পর্কে এদের প্রাথমিক ধারনাটা ভুল। মুসলমান থেকে যারা অবিশ্বাসী হয় ,কোরান পড়েই এদের অবিশ্বাস শুরু হয়। শানে-নজুল, হাদিস আর আলেমদের লেখায়ও যারা বিশ্বাস যোগ্য কিছু খুজে পায় না তারাই হয় অবিশ্বাসী। এই অবিশ্বাস দৃঢ় হয় যখন তারা বিবর্তনবা দ সম্পর্কে জানে, আল্লাহ তাদের দিলে তালা মেরে রেখেছে এই জন্য না। অবিশ্বাসীরা প্রশ্ন করে, জানতে চায়, বুঝতে চায়। এই জানতে চাওয়া, বুঝতে চাওয়া কাউকে ভুল ব্যখ্যাকারী বানায় না , বানায় সত্যসন্ধানী। আর এই মুক্তমনা সত্যসন্ধানীদের মধ্যে যারা পারিবারিক , সামাজিক এবং ধর্মীয় কুসংস্কারের উর্ধ্বে উঠতে পারে তারাই হয় অবিশ্বাসী ,কোরানের ভুল ব্যখ্যাকারী না।

যখন উচ্চশিক্ষিত মুসলমানরা বলে যে তারা নিয়মিত কোরান পড়ে , অবিশ্বাসীরা বরং অবাক হয়, অবাক হয় উচ্চশিক্ষিত মুসলমানদের প্রশ্ন করার , জানতে চাওয়ার এবং বুঝতে চাওয়ার অক্ষমতা দেখে, অবাক হয় তাদের শিক্ষার মান দেখে; পারিবারিক, সামাজিক ও ধর্মীয় সংকীর্নতার জালে জড়িয়ে

পরা দেখে। এই মুসলমানের দল যখন অবিশ্বাসী আর কট্টর বিশ্বাসীদের বলে ভুল ব্যখ্যাকারী , তখন এদের ঠিক-ব্যখ্যা (!!!) সম্পর্কে জানার আগ্রহ একটুতো হয়ই।

এদের ঠিক ব্যখ্যা হচ্ছে কোরান একটি পূর্নাংগ জীবনাদর্শন। এই জীবনে যা জানার আছে তার সবই কোরানে আছে। দৈনন্দিন জীবনযাপনের জন্য যা জানা দরকার তার সবই আছে কোরানে আর হাদিসে। জ্ঞান বিজ্ঞানের চাবিকাঠি এই কোরান। যেহেতু কোরান আল্লাহর বানী এবং হাদিস নবীর বানী , তাই এখানে কোন ভুল থাকতে পারে না। এই ঠিক ব্যখ্যাকারীর দল হচ্ছে স্বঘোষিত বিশ্বাসীর দল।

এই ঠিক ব্যখ্যাকারী উচ্চশিক্ষিত,স্বঘোষিত বিশ্বাসী মুসলমানরা বিশ্বাস করে ঠিকই , কিন্তু কতটুকু। বিশ্বাস মাপার কোন দাড়িপাল্লা নাই, তাই বিশ্বাস মাপতে হয় কর্মকান্ড দেখে। এদের অধিকাংশের কর্মকান্ড দেখে বুঝার কোন উপায় না ই যে এরা বিশ্বাসী। বছরে কয়েকবার জুম্মা পরা আর কয়েকদিন না খেয়ে রোজা থাকা ছাড়া জীবনযাত্রায় এদের সাথে অবিশ্বাসীদের কোন তফাত নাই। এক ওয়াক্ত নামাজ না পরার শাস্তি নাকি ১ লক্ষ ৮৪ হাজার বছর দোযখে পোড়ানো। একটা মানুষ যে বলে সে মনে প্রানে ইসলামে বিশ্বাস করে, সে কিভাবে নামায পরে না। দোযখের শাস্তির বর্ণনা এবং কারন জানার পরও এরা ধর্ম পুরাপুরি পালন করে না। অথচ এই একই লোক আবার দুনিয়াদারীর কোন ব্যপারে বিন্দু মাত্র ছাড় দেয় না। ধর্ম এরা মনমত মানে, কিছু মানে, কিছু মানে না। অথচ ইসলাম ধর্মে এমন ইচ্ছা মত মানার কোন সুযোগের কথা বলা নাই। সব জানার পরেও, ধর্মের কোন কিছু ঠিক ভাবে পালন না করলেও, এরা মুসলমান। এই ঠিক ব্যখ্যাকারী বিশ্বাসীর দলই আবার আবিশ্বাসীদের নৈতিকতা এবং আদর্শ নিয়ে প্রশ্ন তোলে। এরা মনে করে সুপারমলে এরা চুরি করে না খোদায় ভয়ে (!!!), মলকপ এর ভায়ে না।

বিশ্বাসী মুসলমানদের এই কোরান হাদিস না মানার কোন অজুহাত নাই। এরা বলতেও পারেনা যে কোরান মেনে জীবন যাপন সম্ভব না, কারন এইটা বলা আবার ধর্মে নিষেধ আছে। এরা তাই বলে "চেষ্টা করি"। এই চেষ্টা করি বলাটাও তাদের বিশ্বাস করি বলার মত আরেকটা মিথ্যা। এরা দুনিয়াদারীর কোন সামান্য জিনিসের জন্য যতটুকু চেষ্টা করে, তার কানাকড়িও করে না ধর্মের জন্য। এরা হচ্ছে সেই ইমামের মত যে সারাদিন মসজিদে বসে জিকির করে আল্লাহ রাজ্জাক আল্লাহ রাজ্জাক (আল্লাহ রিজিকদাতা), আর মহল্লার মানুষ যখন বলে হুযুর সামনের মাসে বেতন দিতে পারবনা তখন এই মসজিদ বাদ দিয়া অন্য মসজিদে চলে যায়। সারাদিন যে জিকির করল আল্লাহ রিজিকদাতা, সেই আল্লাহ যে রিজিক দিতে পারে এই বিশ্বাস নাই, বিশ্বাস আছে সামনের মাসে এই মহল্লার মানুষ যে বলছে বেতন দিতে পারব না তার উপর , বিশ্বাস আছে নতুন মসজিদের মুসুল্লিদের উপর।

চারপাশের উচ্চশিক্ষিত বিশ্বাসী মুসলমানদের ধর্ম বিশ্বাস আর ধর্ম পালনের চেষ্টারও একই অবস্থা। এরা জানে এদের বিশ্বাসে ঘাপলা আছে, বিশ্বাস এদের যায় যায় অবস্থা, তাই এদের ধর্মানুভুতি খুব বেশি। তাইতো ধর্মের কথায় এর ঝাপিয়ে পরে, সহনশীলতার ধার ধারেনা। কথায় কথায় এরা মনে করিয়ে দেয় ইসলামের ইতিহাস, নবীর উপর ধর্মের কারনে অত্যাচার,আর নবীর সব মাফ করে দেয়া।

আর কেউ "মহাম্মদ কম্বু" নামের কার্টুন ছাপালে শুরু হয় জ্বালাওপোড়াও। ইসলামে বিশ্বাস করি , চেষ্টা করি বলে এরা এদের খোদা, ধর্ম আর নিজের সাথে শুধু প্রতারনাই করে।

এই মুখে খোদায় বিশ্বাসী, এবং কাজ কর্মে খোদার আদেশের ধার ধারিনা মার্কা নিজের সাথে প্রতারনা করা, ভন্ড, নাম- স্বর্বস্ব মুসলমানরাই সংখ্যা গরিষ্ঠ। এরা টেরোরিস্ট না , কারন এরা কোরান হাদিস পুরাপুরি মানে না, এবং আত্মঘাতী হওয়ার মত অসৎ সাহস এদের নাই। এই সংখ্যা গরিষ্ঠ ভন্ড বিশ্বাসীদের আপত দৃষ্টিতে নিরীহ গোবেচারা মনে হলেও এরা তা না। এরাই ধর্মীয় সমস্ত অপকর্মের সামনের সাড়িতে থাকে। অন্ধবিশ্বাসে ধর্মান্ধ এরা নিজের ও তাদের খোদার সাথে বছরের পর বছর প্রতারনার ফলে এদের ভিতর জমতে থাকে ক্ষোভ। এই ক্ষোভ নিয়া ঘাপটি মেরে থাকে এরা, তাই ধর্মীয় রায়টে এরাই সংখ্যা গরিষ্ঠ। আজকে দেশে ধর্মের নামে যে উন্মাদনা, বকের ঠ্যাং ধরে টানাটানি, এই সংখ্যা গরিষ্ঠরাই তার উৎসাহ দাতা। এরা টেরোরিস্টদের কর্মকান্ডে পুলকিত হয়, লজ্জায় কাঠমোল্লাদের সাথে মিছিলে যায় না। কিন্তু এরাই ধর্ম ব্যবসায়ীদের হাতিয়ার। মৌলবাদের মদতদাতা।

প্রতিদিন পত্রিকা খুললেই রাজনীতিবিদদের নির্লজ্জ দুর্নীতির বর্ননা দেখি। এর দায় কিন্তু রাজনীতিবিদদের একার না। গনতন্ত্রে জনগন তেমন সরকারই পায়, তারা যার যোগ্য। এই নির্লজ্জ দুর্নীতিপরায়ন অসৎ রাজনীতিবিদরা যেমন সাধারন মানুষের সহায়তায় প্রতি নির্বাচনে দুর্নীতি করার সুযোগ পায়, তেমনি ধর্ম ব্যবসায়ী, মৌলবাদি আর টেররিস্টরাও সংখাগরিষ্ঠধর্মান্ধ মুসলমানদের প্রত্যক্ষ এবং পরোক্ষ সহায়তায় তাদের কর্মকান্ড চালিয়ে যায়।

আজ সময় এসেছে এই সত্য উপলব্ধি করার, সময় এসেছে নিজের সাথে প্রতারনা বন্ধ করার;ধর্ম ব্যাবসায়ী, মৌলবাদী আর টেররিস্টদের বিরুদ্ধে দাড়ানোর। টেররিস্টদের কোন ধর্ম নাই বা টেররিস্টরা কোরানের ভুল ব্যখ্যাকারী, এই সমস্ত মিথ্যা ঝেড়ে ফেলে মৌলবাদের মূল সহ উপড়ে ফেলার এখনি সময়।

==
পাঠকদের মতামতের উপর ভিত্তকরে পরে এই লেখাটা আরো গুছিয়ে লেখার ইচ্ছা আছে। আপনাদের মতামত জানাবেন আশাকরি।
==
এডিটিং & উৎসাহের জন্য তানবীরাকে অনেক ধন্যবাদ।।
==
মামুন
০৭।১২।২০০৮

কমেন্ট

1. তানবীরা

ডিসেম্বর ৮, ২০০৮ সময়: ৬:১৯ অপরাহ্ণ লিঙ্ক

অনেক দিন পর মামুনের লেখা মুক্তমনায় দেখতে পেয়ে খুব ভালো লাগল। আশাকরছি এখন থেকে রীতিমতো তার লেখা পড়তে পাবো এবং জীবন সম্পর্কে তার ভাবনাগুলোও জানতে পাবো।

2. 2

Adil Mahmood

ডিসেম্বর ৮, ২০০৮ সময়: ১১:৪৭ অপরাহ্ণ লিঙ্ক

Nice writing with lot of bitter truths…..Most of these can't be denied.

Language is also very fluent, clear cut but not typical boring news paper article type.

Also, analogy of the mass corruption of Bd. is 100% correct; we, and almost all of the intelectuals…column writers try to pretend that the majority of us are angels coming from the heaven and only a "handful' politicians and bureacrats are responsible for such naked corruption. This is nothing but another self decepion, whether knowingly or unknowingly.

Waiting to see more frquent columns from Mr. Mamun.

3. 3

ফরিদ

ডিসেম্বর ৯, ২০০৮ সময়: ২:২৬ পূর্বাহ্ণ লিঙ্ক

দারুণ মজা পেলাম এই লেখাটা পড়ে। মামুনতো দেখি উচ্চ শিক্ষিত বাংলাদেশি মুসলমানদের খালি ভণ্ডামির মুখোশ না, একেবারে কাপড় চোপড় সব খুলে দিয়ে দিগম্বর করে ছেড়ে দিয়েছে। এই ভণ্ডগুলার ভণ্ডামিতো আর কম দেখি নাই এই জীবনে। আমার মাঝে মাঝে খুব অবাক লাগে। এত যুক্তিবাদী একেকজন! এত পড়ালেখা একেকজনের। কত কত তত্ত্ব কপচায় এরা ধর্মের গালগল্পের

স্বপক্ষে! এরা কী জীবনে একবারও চিন্তা করে নাই যে, যে ধর্ম নিয়া এত লাফালাফি, সত্য প্রমানের জন্য এত গলাবাজি, বৈজ্ঞানিক লেবাস দেওয়ার জন্য কত কসরত, সেই ধর্মটা কিন্তু পৈত্রিক সূত্রে পাওয়া। বুঝে শুনে তুলনা করে গ্রহণ করা না। কোন কারণে যদি এদের জন্ম হিন্দু পরিবারে হতো , তাহলে কিন্তু এরাই আবার মহা উৎসাহে ওইটারেই একমাত্র সত্য ধর্ম বলে দাবি করে বসতো। ব্যাদে সব আছে বলে হনুমানের মতো লম্ফ ঝম্ফ দিতো। আজকে খ্রীস্টান , নাসারা আর মালুদের গালি দিচ্ছে, সব ষড়যন্ত্রের মূল বলে ভাবছে। হিন্দু হয়ে জন্মালে দেখা যেতো ঠিকই এই ফোরামের কিছু মৌলবাদী হিন্দুর মতই সামান্যতম সুযোগ পেলেই নেড়েদের বেশ একহাত দেখে নিতো।

4. 4

অভিজিৎ

ডিসেম্বর ৯, ২০০৮ সময়: ২:৫৯ পূর্বাহ্ণ লিঙ্ক

জব্বর লেখা। মামুন আবারো মুক্তমনায় নিয়মিত লিখবেন আশা করি।
সুমিত্রাদির লেখার লিঙ্কটা দিয়ে দিলাম মূল লেখায়। একসময় অনন্ত লেখাটা লেখকের অনুমতি সাপেক্ষে মুক্তমনায় পাঠিয়েছিলো।

5. 5

 Biplab Pal

ডিসেম্বর ৯, ২০০৮ সময়: ৪:৩৫ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি একটু ব্যাপারটা উলটো করে ভাবি।
আসলে সদা সত্য কথা বলা বা সৎ পথে থাকা সম্ভব না বলেই লোকে ধর্ম ধর্ম করে-
কারন ওই লেবাস এবং সুগন্ধ দেহের সাথে লাগাতে পারলে সমাজের সামনে নিজের একটা "গ্রহণ যোগ্য" ইমেজ তুলে ধরা যায়। এই নিয়ে আমার প্রচুর গপ্পোর কালেসশন আছে। আর গপ্পোর ই বা কি দরকার-নানান ফোরামে এদের ভাষা, অন্য সম্প্রদায়ের বিরুদ্ধে ঘৃণা ছড়ানো থেকেই লোকের বোঝা উচিত ধার্মিক কারা হয়-
অনেক ক্ষেত্রেই এটা যৌনতার কারনে কমপালসন হতে পারে। যেমন ধরুন নাস্তিক পরিচয় দিলে জীবন সঙ্গী বা সঙ্গীনি পেতে অসুবিধা হতেই পারে -সমাজে ধর্ম যদি তীব্র হয়। আবার আমাদের দিকে

বামপন্থা এমন ছোঁয়াছে রোগ-সবার অর্কুট প্রোফাইলে লেখা লেফট লিব্যারাল। এমন একজনের সাথে পরিচয় হল-দেখলাম ছেলেটা গোঁড়া রামকৃষ্ণ ভক্ত। বল্লাম এটা ত লিব্যারাল রাইট হল। ও বললো ওই হইলো- প্রোফাইলে লেফট না থাকলে কোন বুদ্ধিমতী বাঙালী মেয়ে পাওয়া যায় না। অনেক মেয়ের ই ধারনা স্বামী লেফট লিব্যারাল হলে সংসারে ডিভিশন অব লেবার একটু বেটার পাবে। এটা ধর্মর ক্ষেত্রেও হতে পারে-ধার্মিক হোক বা না হোক, গায়ে ধর্মের ঘেমো গন্ধ না থাকলে অনেক রক্ষনশীল ধার্মিক মেয়ে তাকে পছন্দ নাও করতে পারে। সবটাই বাজার মহারাজের খেলা।

6. 6

Mamun

ডিসেম্বর ৯, ২০০৮ সময়: ৭:২৮ পূর্বাহ্ণ লিঙ্ক

জনাব বিপ্লব পাল, অনেক ধন্যবাদ এই পয়েন্টটা তুলে ধরার জন্য।
"আসলে সদা সত্য কথা বলা বা সৎ পথে থাকা সম্ভব না বলেই লোকে ধর্ম ধর্ম করে; কারন ওই লেবাস এবং সুগন্ধ দেহের সাথে লাগাতে পারলে সমাজের সামনে নিজের একটা "গ্রহণ যোগ্য" ইমেজ তুলে ধরা যায়"

এই গ্রহনযোগ্য ইমেজ অনেক বড় একটা ব্যপার। যারা অপকর্ম করে বেরায়, সপ্তাহে একদিন জুম্মাঘরে হাজিরা দিয়ে সমাজের সবার কাছে "জাত ভাই/ ধর্ম ভাই মার্কা" একটা গ্রহনযোগ্যতা পেয়ে যায়। এই গ্রহন যোগ্যতা তাদের সকল প্রকার সামাজিক সুযোগ সুবিধার রাস্তা খোলা রাখে।

অবশ্বই প্রত্যেকটা ধর্মিয় কর্মকান্ড নিজের সার্থে করে মানুষ। যারা নামাজ পারে তাদের ব্যয়াম হয়, সোয়াব হয়, হাত পা পরিস্কার থাকে, মানুষে ভাল বলে, মড়ার পর বেহেস্তে তারাই যায়, হুর পরী পায়; তাদের আল্লাহর কিছু যায় আসেনা।

আরেকটা ব্যপার, আমার এক অবিশ্বাসী বন্ধু কথায় কথায় সেদিন বলতেছিল
"আমি আগে ছিলাম সম্ভ্রান্ত মুসলিম ঘরে জন্ম নেয়া, মুসলিম প্রধান দেশে বড় হওয়া একজন। অবিশ্বাসী হওয়ার পর প্রথম যে অনভুতিটা আমাকে অবাক করেছে সেটা হচ্ছে, হঠাৎ একদিন আমি বুঝতে পারলাম আমি মাইনরিটি। আমার আগের সামাজিক গ্রহনযোগ্যতার একটা বিরাট অংস এক ঝলকে উধাও"। কি অদ্ভুত একটা ব্যপার।

7. 7



Biplab Pal

ডিসেম্বর ৯, ২০০৮ সময়: ৪:৫২ অপরাহ্ণ লিঙ্ক

মামুনভাই,
এটাকে স্যোশাল ইউটিলিটির তত্ত্ব বলে। সমাজবিজ্ঞানীরা এর ওপর কাজ করেছেন। আমার আগের একটা লেখা ছিল এটার ওপরে দেখতে পারেনঃ

8. 8

ডঃ কেশব অধিকারী

ডিসেম্বর ৯, ২০০৮ সময়: ৫:৪৩ অপরাহ্ণ লিঙ্ক

ধন্যবাদ জনাব মামুন,

একেবারেই খাঁটি কথা। আমার একটু দ্বন্দ্ব আছে। যে, কথিত শিক্খিত বিশ্বাসীরা কি বোঝে আসলে তারা মেকি ? শিক্খা ব্যবস্হার ত্রুটি এর জন্যে দায়ী বলে আমার ধারনা।

9. 9

Talat

ডিসেম্বর ১০, ২০০৮ সময়: ১২:০৩ পূর্বাহ্ণ লিঙ্ক

আব্দুল্লাহ আল মামুনকে অনেক ধন্যবাদ। আসলে উনি আমার মনের গহীন কোণে জমে থাকা কথাগূলোই হুবহুব বলে দিয়েছেন। এসব কথা আমার চারপাশের মানুষগুলোকে খুব বলতে ইচ্ছা করে। কিন্তু বলতে পারি না অজানা এক ভয়ে। আমি জানিনা এই ভয় আমি কবে কাঠিয়ে উঠতে পারবো।

10. 10

নন্দিনী

ডিসেম্বর ১০, ২০০৮ সময়: ৩:১৪ পূর্বাহ্ন লিঙ্ক

অনেকদিন পর একটা লেখা পড়ে খুব হাসলাম ।এমন মজা করে সত্য কথাগুলো তুলে ধরার জন্য মামুন সাহেবকে অনেক ধন্যবাদ ।আমি ব্যক্তিগতভাবে মোল্লাদের চেয়ে বরং এদেরকেই প্রগতির পথে প্রধান অন্তরায় বলে মনে করি।

11. 11

নির্মাণ

ডিসেম্বর ১০, ২০০৮ সময়: ১:৫৪ অপরাহ্ন লিঙ্ক

সত্যি কথাগুলো এভাবে প্রকাশ্যে বলে ফেলার জন্য ধন্যবাদ। লেখাটি সূত্র উল্লেখ সাপেক্ষে কপি পেস্ট করে আমারব্লগ.কমে (http://amarblog.com/nirman) দিতে চাই, আমার ব্যক্তিগত ব্লগেও রেখে দিতে চাই। অনুমতি প্রার্থনা করছি।

12. 12

Mamun

ডিসেম্বর ১০, ২০০৮ সময়: ৯:০৬ অপরাহ্ন লিঙ্ক

to Mr Nirman

লেখাটা মুক্তমনার জন্য লিখেছি, ওনারা অনুমুতি দিলে আমার কোন সমস্যা নাই।

আপনাদের ব্লগটা দেখলামএ। এই ধরনের লেখার তো ভয়াবহ কমেন্ট পাওয়ার কথা। ব্যপারটা যদিও নতুন কিছু না।

13. 13

ফরিদ

ডিসেম্বর ১০, ২০০৮ সময়: ৯:২২ অপরাহ্ণ লিঙ্ক

সূত্র উল্লেখ করা হলে মুক্তমনার দিক থেকে কোন আপত্তি নাই।

14. 14

paul

ডিসেম্বর ১৩, ২০০৮ সময়: ৮:৪১ পূর্বাহ্ণ লিঙ্ক

চমৎকার লেখা, তবে মামুন ভাই এই ভণ্ডামি শুধু উচ্চশিক্ষিত মুসলমান গোত্রের মধ্যেই সীমাবদ্ধ নাই ; সুযোগ আর ক্ষমতা পাইলে দেশের নিরীহ খেরেস্তানরাও কম যাইত না। তারা ভাবে দুনিয়ার সমস্ত অন্যায়, অপকর্ম ইত্যাদির জন্য দায়ী ওই মুচলমানরা। এই গোষ্ঠী না থাকলে তারা আবার স্বর্গে বসবাস করতো। এরা মনে করে বুশ ইরাক আর আফগানিস্তান আক্রমন কইরা বেশ করছে, মুসলমানগো বুজাইয়া দিছে যে খেরেস্তানরা কি মাল! আর কমুকি ভাই , আমার এক উচ্চশিক্ষিত হিন্দু বন্ধু মনে করে দুনিয়ায় হিন্দু ধর্মই একমাত্র সঠিক ধর্ম আর বাকি সব ফাউল।

15. 15

আরিফ খান

মার্চ ২৫, ২০০৯ সময়: ৩:১৩ অপরাহ্ণ লিঙ্ক

ধন্যবাদ মামুন সাহেব, আমার নাস্তিত্বের সূচনা ঘটেছিল অত্যন্ত সরল ভাবে , আদম-হাওয়া থিয়োরী ও সমাজ বইতে পড়া ১০,০০০ বি.সি.'র পূর্বেকার গুহাবাসী মানুষের থিয়োরীর সহজ কনফ্লিকশনের মাধ্যমে। আর বিকাশ সাধিত হল আরও কিছু পরে যখন বিবর্তনবাদকে মুটামুটি জানতে পারলাম। তারপরে ক্রমান্বয়ে আরও অনেক কিছু। ...এবং অবশেষে মুক্তমনা.কম।
মামুন ভাই, আপনি যেভাবে বলেছেন, আমার নিজের গল্পের সাথে তা একদম মিলে গেছে, আমার প্রিয় বনন্ধুরও। আপনার বিশ্লেষণধর্মী রচনাটি আসলে আমাদের মনেরই প্রতিচ্ছবি। অসংখ্য ধন্যবাদ।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=20379

বৈজ্ঞানিক সমাজে বিবর্তনের গ্রহণযোগ্যতা এবং বিবর্তনের সাথে নাস্তিকতার সম্পর্ক

তারিখ: ২১ অগ্রহায়ন ১৪১৮ (ডিসেম্বর ৫, ২০১১)

লিখেছেন: পৃথ্বী

Extraordinary claims require extraordinary evidence- Carl Sagan[১]
What can be asserted without evidence can also be dismissed without evidence- Christopher Hitchens[২]

বিবর্তন তত্ত্বের বিরুদ্ধে একটা বহুল প্রচলিত অভিযোগ হল বিবর্তন তত্ত্ব নাকি নাস্তিকতাকে শক্ত ভিত্তি দিয়েছে। বস্তুত, বিবর্তনের বিরুদ্ধে এটাই সবচেয়ে বড় অভিযোগ। আদালতে গিয়ে বিবর্তনের বিরুদ্ধে বৈজ্ঞানিক "প্রমাণ" হাজির করে কখনও কোন লাভ হয় নাই, বিশেষজ্ঞরা যুক্তি-প্রমাণ সমেত সৃষ্টিবাদীদের অভিযোগ উড়িয়ে দিয়েছেন। বিজ্ঞানের জ্ঞান না রাখা সাধারণ মানুষের কাছে ছদ্ম - বৈজ্ঞানিক ভংচং মারার চেয়ে বিবর্তনকে নাস্তিকতার বৈজ্ঞানিক মুখোস হিসেবে দেখানোটাই বেশি কার্যকরী, পশ্চিম ও প্রাচ্যের সাধারণ মানুষের মধ্যে বিব র্তন নিয়ে ভুল ধারণাও তাই ইঙ্গিত করে। বিবর্তনীয় জীববিজ্ঞানকে নাস্তিক্যবাদী মতবাদ হিসেবে দেখানোর পাশাপাশি সৃষ্টিবাদীরা এও দাবি করে যে আস্তে আস্তে নাকি বিবর্তনের প্রতি সংশয়ী বিজ্ঞানীর সংখ্যা বাড়ছে। এই দু'টো অভিযোগ আমি এই পোষ্টে খন্ডন করার চেষ্টা করব।

বৈজ্ঞানিক সমাজে বিবর্তন তত্ত্বের গ্রহণযোগ্যতা

সত্য অথবা ফ্যাক্ট কখনও গণতান্ত্রিকভাবে নির্বাচন করা যায় না। দুনিয়ার ৭ বিলিওন মানুষ যদি বিশ্বাস করে যে পৃথিবী সমতল(যেমনটা আগে করত) , তাহলে দুনিয়ার ৭ বিলিওন মানুষই ভুল। ৭ বিলিওন মানুষের বিশ্বাস পৃথিবীর আকৃতিকে বদলা তে পারবে না। ৭ বিলিওন মানুষের মাঝে শুধু একজনকে যদি পাওয়া যায় যে পৃথিবীর গোলকত্বকে গ্রহণ করে , তবে আমি বলব যে ৭ বিলিওন মানুষের পৃথিবীতে আসলে মানুষ আছে একজনই , বাকিরা সবাই ছাগল। ৭ বিলিওন মানুষের হাস্যকর বিশ্বাস এবং হাস্যকর অনুভূতিকে আমি সম্মান করার কোন কারণ দে খি না। মানুষের অনুভূতিকে সম্মান করার চেয়ে আমি সম্মান করি মানুষের বুদ্ধিকে , আমি সম্মান করি নিঃস্বার্থভাবে বস্তু জগতকে জানার অদম্য স্পৃহাকে। আমার এই দাম্ভিকতাকে আপনি যাচ্ছেতাই ভাষায় গালাগালি করতে পারেন, তাতে বস্তুজগতের একটা ছোট্ট কণারও কিছু যায় আসবে না।

মিডিওকর বা সাধারণ মানুষ এই নৈর্ব্যক্তিকতাকে আলিঙ্গন করতে পারে না। যেই যৌথ অহম দ্বারা তাড়িত হয়ে একসময় মানুষ পৃথিবীকে সৌরজগতের কেন্দ্রে বসিয়েছিল , সেই একই অহমের কারণে সাধারণ মানুষ প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে বিশ্বাস করে যে সংখ্যাগরিষ্ঠ লোকজন কোন কিছুতে বিশ্বাস

বা অবিশ্বাস করলেই তা ঠিক বা ভুল হয়ে যাবে। মানুষকে এই অহম থেকে মুক্তি দেওয়ার মধ্যেই কেবলমাত্র মানুষের উত্তোরণ সম্ভব। বিজ্ঞান একটা মানবিক এনটারপ্রাইজ বা উদ্যোগ , সেই হিসেবে মানুষের সহজাত খুতগুলো থেকেও বিজ্ঞান মুক্ত নয় , কিন্তু নিজেদের অহম থেকে মুক্তির জন্য বিজ্ঞা নই আমাদের একমাত্র সম্বল। বিজ্ঞানীদের মানুষ হিসেবে অহম থাকতে পারে , কিন্তু একটা উদ্যোগ বা এন্টারপ্রাইজ হিসেবে বিজ্ঞানের কোন অহম নেই। বিজ্ঞানের আত্মসমালোচনার প্রবৃত্তি এবং মিথ্যা - প্রতিপাদনযোগ্যতা ও প্রমানের উপর নির্ভরতা বিজ্ঞানকে আর সবধরণের মানবিক উদ্যোগ থেকে আলাদা করেছে। বিজ্ঞানের এই অস্বাভাবিক প্রকৃতির কারণেই বস্তুজগত ও মানুষের উৎস সম্পর্কিত রহস্যময় প্রশ্নগুলোর উত্তরের জন্য আমরা বিজ্ঞানের উপর নির্ভর করি, দর্শন কিংবা ধর্মের উপর না।

ফ্যাক্ট উন্মোচন ও বিশ্লেষণকারী বিজ্ঞানের কাছে গণতন্ত্রের দু' পয়সা দাম নেই। গণতন্ত্র মানুষের অভিরুচির উপর নির্ভরশীল, যা একান্তই ব্যক্তিনিষ্ঠ। বিজ্ঞান পরীক্ষণের উপর নির্ভরশীল, যা সাধারণত বস্তুনিষ্ঠ হয়। আমি পরীক্ষা করে যে ফলাফল পাব, তা হয়ত আমার ব্যক্তিগত পক্ষপাত কিংবা প্রত্যাশার কারণে নির্মোহভাবে বিশ্লেষণ করতে পারব না। কিন্তু আপনাকে আঁটকে রাখছে কে? আমার পক্ষপাত ও প্রত্যাশা তো আপনি ধারণ করেন না, আপনি করলেও কোন তৃতীয় ব্যক্তি করবে না। আপনার, আমার ও গোটা বিশ্বের সব বিজ্ঞানীর পক্ষপাত ও প্রত্যাশা যেহেতু কখনওই মিলবে না , তাই আমার পরীক্ষার ফলাফল আমার পক্ষে নির্মোহভাবে বিশ্লেষণ করা সম্ভব না হলেও দুনিয়ার বাকি সবার পক্ষে সম্ভব। পৃথিবীর প্রত্যেকটি বিজ্ঞানীর ইন্ডিভিডুয়াল সাবজেকটিভিটি একে অপরকে প্রশমিত করে একটি সম্যক অবজেকটিভিটির জন্ম দেয়। আমি বিষয়টা যেভাবে দেখি- objectivity arises from vying subjectivities। একটি এন্টারপ্রাইজ হিসেবে বিজ্ঞানের নিরপেক্ষতা যেহেতু আমি প্রতিষ্ঠা করলাম, তাই সঠিক-বেঠিক নির্ধারণের ক্ষেত্রেও বিজ্ঞানের ক্ষমতাকে আমি পরম মনে করি(অবশ্য আমি এটাও স্বীকার করি যে দুনিয়ার অনেক কিছুই বিজ্ঞানের আওতায় পড়ে না , উদাহরণ হিসেবে রাজনীতি ও মানুষের পারস্পরিক সম্পর্কের কথা বলা যায়) । বিজ্ঞানের যেহেতু নিরপেক্ষতা আছে আর ফ্যাক্ট আবিস্কার করার পেছনে যেহেতু গণতন্ত্রের কোন ভূমিকা নেই , তাই কোন অনুকল্প(hypothesis) বা তত্ত্বকে আমরা মানুষের অভিরুচি দিয়ে বিচার করতে পারি না।

প্রিন্ট ও অনলাইন মিডিয়ায় প্রায়ই মানুষকে বলতে দেখি যে বিজ্ঞানীদের মধ্যে বিবর্তনের কোন গ্রহণযোগ্যতা নাই। অপেক্ষাকৃত চতুর সৃষ্টিবাদীরা এও দাবি করে যে বিবর্তন নাকি প্রথমে গ্রহণযোগ্য ছিল, কিন্তু বর্তমানে নাকি বিজ্ঞানীরা এই তত্ত্ব নিয়ে সংশয় প্রকাশ করছে। স্বভাবতই প্রশ্ন জাগে, বিবর্তনের পক্ষে প্রথমে কি এমন প্রমাণ ছিল এবং এখনই বা কি এমন প্রমাণ পাওয়া গিয়েছে যে বিজ্ঞানীরা প্রথমে বিবর্তন মেনে নিলেও এখন অস্বীকার করছেন? এই প্রশ্নের কোন সরাসরি উত্তর কখনও সৃষ্টিবাদীদের কাছে পাবেন না। যারা দিনরাত হেত্বাভাসের মধ্যে হাবুডুবু খায় , তাদের কাছে হেত্বাভাসের ব্যাখ্যা জানতে চাওয়া অর্থহীন। বিবর্তন তত্ত্বের বৈজ্ঞানিক গ্রহণযোগ্যতা কতটুকু এই মামুলি আলোচনাটা আমার কখনওই করার ইচ্ছা ছিল না , কিন্তু কাউকে না কাউকে নোংরা কাজটা করতেই হবে, আমিই নাহয় এই দায়িত্বটা নিলাম। নিচে বিবর্তনের গ্রহণযোগ্যতা ও ইন্টেলিজেন্ট

ডিজাইন নিয়ে বিভিন্ন বৈজ্ঞানিক সংস্থার বিবৃতির তালিকা দেওয়া হল। ব লে রাখা ভাল, সৃষ্টিবাদ আর ইন্টেলিজেন্ট ডিজাইনের মাঝে কিছুটা পার্থক্য আছে। সৃষ্টিবাদ একেবারে নগ্নভাবেই ধর্মবাদী। কোন রাখঢাক ছাড়াই খ্রীষ্টান, হিন্দু, মুসলমানরা তাদের ধর্মগ্রন্থের দোহাই দিয়ে বিজ্ঞানের বিরোধীতা করলে সেটাকে সৃষ্টিবাদ বলে। তবে আমেরিকাতে সরকারী শি ক্ষা-প্রতিষ্ঠাণে ধর্ম পড়ানো নিষিদ্ধ, তাই খ্রীষ্টান সৃষ্টিবাদীরা পরে তাদের সৃষ্টিবাদ থেকে বাইবেলের সব রেফারেন্স সরিয়ে সেকুলার মোড়কে সৃষ্টিবাদের প্রচারনা শুরু করে। আইডিপন্থী প্রকাশনাগুলায় স্রষ্টার উল্লেখ থাকে খুবই কম , মূলত বিবর্তন তত্ত্বের কথিত গলদ বের করে সেখানে "ইন্টেলিজেন্ট ডিজাইনার" এর কারসাজি বসিয়ে দেওয়াই এই মতবাদের প্রবক্তাদের কাজ।

১) প্রথমেই InterAcademy Panel(IAP) এর বক্তব্য দেখে নিতে পারেন এখানে- মজার বিষয় হল, এই স্টেটমেন্টে ৬৮টা একাডেমির পাশাপাশি বাংলাদেশ আর পাকিস্তানের বিজ্ঞান একাডেমিও স্বাক্ষর করেছে!

২) আমেরিকার National Academy of Sciences(যার মধ্যে আছে National Academy of Engineering, Institute of Medicine, National Research Council) এর বক্তব্য- http://www.nap.edu/openbook.php?record_id=6024

৩) American Association for the Advancement of Science-

- ২০০২ সালের বক্তব্য
- ২০০৬ সালের বক্তব্য
- প্রশ্নোত্তর

৪) American Association of University Professors-

"The theory of evolution is all but universally accepted in the community of scholars and has contributed immeasurably to our understanding of the natural world. The Ninety-first Annual Meeting of the American Association of University Professors deplores efforts in local communities and by some state legislators to require teachers in public schools to treat evolution as merely a hypothesis or speculation, untested and unsubstantiated by the methods of science, and to require them to make students aware of an "intelligent-design hypothesis" to account for the origins of life. These initiatives not only violate the academic freedom of public school teachers, but can deny students an understanding of the overwhelming scientific consensus regarding evolution.

The implications of these efforts for higher education are particularly troubling to this Meeting. To the degree that college and university faculty in the field of biology would be required to offer instruction about evolution and the origins of life that complied

with these restrictions and was at variance with their own understanding of scientific evidence, their freedom to determine what may be taught and how would be seriously abridged.

This Meeting calls on local communities and state officials to reject proposals that seek to suppress discussion of evolution in our public schools as inimical to principles of academic freedom."

৫) American Chemical Society- এই একাডেমিতে প্রায় ১ লাখ ৫৯ হাজার রসায়নবিদ রয়েছেন। বলা হয়ে থাকে এটি পৃথিবীর সবচেয়ে বড় বৈজ্ঞানিক সংস্থা।

৬) American Astronomical Society- যদিও জীববিজ্ঞানের ফিল্ডে এই একাডেমির মতামত দিয়ে কিছু যায় আসে না, কিন্তু একটা কথা মনে রাখতে হবে যে ইন্টেলিজেন্ট ডিজাইন জীববিজ্ঞানের পাশাপাশি জ্যোতির্বিজ্ঞানের ফিল্ডেও সৃষ্টিবাদের প্রচারনা চালায়। ২০০৫ সালে জর্জ বুশের কাছে প্রেরীত একটি চিঠি আর বিবর্তন পড়ানো সম্পর্কিত একটি বিবৃতি দেখুন। তাছাড়া আইডিকে বিজ্ঞানের পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত করলে সেটা হবে বৈজ্ঞানিক পদ্ধতির প্রতি চপেটাঘাত, তাই আইডির প্রতি বিজ্ঞানের সব ফিল্ডেরই বিতৃষ্ণা রয়েছে।

৭) American Geophysical Union- এটিতে প্রায় ৪৩০০০ বিজ্ঞানী রয়েছেন।

৮) American Institute of Physics- এই একাডেমি মূলত Geophysical Union এর প্রতি পূর্ণাঙ্গ সমর্থন প্রকাশ করেই বিবৃতি দিয়েছে, সাথে Society of Physics Students এর বিবৃতিও আছে।

৯) American Psychological Association

১০) American Society of Agronomy

১১) American Society for Biochemistry and Molecular Biology- এটা অবশ্য কোন অফিসিয়াল বিবৃতি না।

১২) Botanical Society of America- এঁদের বিবৃতিটা খুবই সুন্দর। একটা চুম্বক অংশ তুলে দিলাম ,

"Phylogenetic hypotheses, patterns of ancestral relatedness, based on one set of data, for example, base sequences in DNA, are generated, and when the results make logical sense out of formerly disparate observations, confidence in the truth of the hypothesis increases. The theory of evolution so permeates botany that frequently it is not mentioned explicitly, but the overwhelming majority of published studies are based upon evolutionary hypotheses, each of which constitutes a test of an hypothesis. Evolution has been very successful as a scientific explanation because it has been useful in advancing our understanding of organisms and applying that knowledge to the solution of many human problems, e.g., host-pathogen interactions, origin of crop plants, herbicide resistance, disease susceptibility of crops, and invasive plants."

১৩) Federation of American Societies for Experimental Biology- এটি ২২টা প্রফেসনাল সংস্থার প্রতিনিধিত্ব করে, যার মোট সদস্য সংখ্যা প্রায় ৮৪০০০।

১৪) National Association of Biology Teachers

১৫) National Center for Science Education- এই সংস্থাটার জন্মই হয়েছে আমেরিকার সরকারি স্কুলগুলোতে সৃষ্টিবাদ পড়ানোর বিরুদ্ধে আইনী লড়াই করার জন্য। এই সাইটে বিবর্তন পড়ানোর পক্ষে বৈজ্ঞানিক, ধর্মীয়, শিক্ষাবিদ ও বিভিন্ন সিভিল লিবার্টি সংস্থার তালিকা দেওয়া হয়েছে।

১৬) National Science Teachers Association

১৭) প্রেসিডেন্ট বুশের আইডি পড়ানো সম্পর্কিত মন্তব্যে র প্রতিবাদে তৎকালীন ন্যাশনাল সায়েন্স একাডেমির প্রেসিডেন্ট ব্রুস আলবার্টসের একটা চিঠি।

১৮) এবার আসি সবচেয়ে মজার বিবৃতিতে। Lehigh University এর মাইকেল বিহে আইডির অন্যতম কুখ্যাত প্রচারক। তাঁর জৈবরসায়নের ক্রেডেনশিয়াল দেখি য়ে সৃষ্টিবাদীরা খুব লাফালাফি করে এই বলে যে বিজ্ঞানীদের মধ্যেও নাকি অনেকে বিবর্তন নিয়ে সংশয় প্রকাশ করেন। বিহে অপর্যবসেয় জটিলতা(irreducible complexity) ধারণাটির প্রবর্তক। এই মতবাদ দাবি করে যে কিছু কিছু জৈব সিস্টেম এতই জটিল যে একে বিনির্মাণ করে এর গঠণকারী উপাদানগুলো আলাদা করে ফেললে সেই উপাদানগুলোর কোন কার্যকারীতা থাকে না। অর্থাৎ, উপাদানগুলো কেবল একটা বিশেষ বিন্যাসেই সঠিকভাবে কাজ করে, এগুলোকে যেহেতু অন্য কোন বিন্যাসে সাজানো সম্ভব না তাই এধরণের জটিল জৈব সিস্টেম বিবর্তনের প্রক্রিয়ায় উদ্ভূত হতে পারে না। এই মতবাদ সম্পর্কে আমাদের বিবর্তন আরকাইভে ভুক্তি আছে। উপরোক্ত বিবৃতিতে খোদ Lehigh University এর জীববিজ্ঞান অনুষদ মাইকেল বিহের সমালোচনা করেছে।

১৯) Council of Europe

২০) Elie Wiesel Foundation for Humanity Nobel Laureates Initiative- ২০০৫ সালে আমেরিকার কানসাসের রাষ্ট্রের শিক্ষা বোর্ড স্কুলে আইডি পড়ানোর পদক্ষেপ নিয়েছিল। তখন কানসাস শিক্ষাবোর্ডকে উদ্দেশ্য করে নোবেল বিজয়ীদের এই সংগঠণের ৩৮জন সদস্য একটি চিঠি লিখেন।

২১) Intelligent Design is not Science Initiative- এই ইনিশিয়েটিভ বলতে পারেন গোটা অস্ট্রেলিয়ার সবগুলো বিজ্ঞান একাডেমির সম্মিলিত উদ্যোগ। University of New South Wales এর বিজ্ঞান অনুষদ এই জোট গঠণ করে। Australian Academy of Science, Federation of Australian Scientific and Technological Societies এবং Australian Science Teachers Association মিলিয়ে মোট ৭০০০০ বিজ্ঞানী ও শিক্ষক স্বাক্ষর প্রদান করেছেন।

২২) Royal Astronomical Society of Canada

২৩) Project Steve- Answers in Genesis নামক এক খ্রীষ্টান সৃষ্টিবাদী সাইট বিজ্ঞানীদের একটা তালিকা বানিয়েছিল যারা বাইবেলের সৃষ্টিতত্ত্বে হুবহু বিশ্বাস করে(যেখানে সিংহভাগ আধুনিক শিক্ষিত খ্রীষ্টান বাইবেলের বাণীকে রুপক হিসেবে দেখে)। ডিসকভারি ইন্সটিটিউট নামক একটি আইডি থিংক-ট্যাঙ্কও একই সাথে আইডির পক্ষে স্বাক্ষর গ্রহণ করে যাচ্ছে, ২০০৭ পর্যন্ত স্বাক্ষরকারীর সংখ্যা ছিল ৭০০। এই তালিকায় জীববিজ্ঞানীর চেয়ে জীববিজ্ঞানের বাইরের লোকই বেশি ছিল, এমনকি

কমপিউটার প্রকৌশলী আর আবহাওয়াবিদদের থেকেও স্বাক্ষর নেওয়া হয়েছিল! আরও মজার বিষয় হল, ১৯৯৯ সালে যুক্তরাষ্ট্রে জীববিজ্ঞানীর সংখ্যা ছিল প্রায় ৯৫৫৩০০ এবং ডিস্কভারী ইন্সটিটিউটের তালিকার জীববিজ্ঞানী ছিল মাত্র ১০৫জন, যা মোট সংখ্যার .০১%! এই হাস্যকর উদ্যোগের জবাব হিসেবে ঘোষণা করা হয় "প্রোজেক্ট স্টিভ"। এই বিবৃতিতে শুধু তাঁরাই স্বাক্ষর করতে পারবেন যাঁদের নাম স্টিভ/স্টিভেন/স্টিফেন/স্টিফেনি/এস্টেবান। যুক্তরাষ্ট্রে স্টিভরা মোট জনসংখ্যার ১% এরও কম, কিন্তু তাতেই এই তালিকাতে এই মুহূর্তে ১১৭৯জন স্বাক্ষরকারী আছেন যা যেকোন সৃষ্টিবাদী "বিজ্ঞানী" এর তালিকার চেয়ে বেশি!

এছাড়াও ডিস্কভারী ইন্সটিটিউটের তালিকায় অনেকেই ধর্মীয় কারণে বিবর্তনের বিরোধীতা করেছেন, বৈজ্ঞানিক কারণে না। এছাড়া অন্তত দু'জন তালিকা থেকে পরে নিজেদের নাম সরিয়ে নিয়েছেন। Binghamton University এর Stanley N. Salthe(যিনি আবার নাস্তিক) নাম লিখিয়েছিলেন মূলত বিবর্তনীয় জীববিজ্ঞানীদের এক হাত দেখে নেওয়ার জন্য, কারণ তিনি মনে করতেন বিবর্তনীয় জীববিজ্ঞানীরা নতুন তত্ত্ব গ্রহণ করার ব্যাপারে অতি মাত্রায় রক্ষণশীল। কিন্তু স্ট্যানলি একই সাথে আইডিকেও ঘৃণা করতেন, তাই পরে তিনি তালিকা থেকে নিজেকে প্রত্যাহার করে নেন।[৩] আরেকজন হলেন ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের নেফ্রলজিস্ট রবার্ট ডেভিডসন, যিনি স্বাক্ষর করার আগ পর্যন্ত্য জানতেন না যে ডিস্কভারি ইন্সটিটিউট বিবর্তন তত্ত্বকে "a theory in crisis" দাবি করে বসে আছে। তাঁর মতে আইডি বিজ্ঞান ও ধর্মের মাঝে বৈরীতা বৃদ্ধি করবে।[৪] প্রোজেক্ট স্টিভের বদৌলতে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ড: ব্রায়ান অল্টার্স দাবি করছেন যে বিবর্তন সমর্থনকারী বিজ্ঞানীর সংখ্যা ৯৯.৯৯%।[৫] বিবর্তনবিরোধীতার ব্যাপারে বিজ্ঞানীদের পাশাপাশি করপোরেটদের মধ্যেও উৎকণ্ঠা বেড়েছে।[৬,৭] কানসাসে পাঠ্যসূচী থেকে বিবর্তন উঠিয়ে দিলে কানসাসের জৈবপ্রযুক্তির প্রতিষ্ঠানগুলোতে কাজ করার মত দক্ষ কর্মী পাওয়া যাবে না বলে অনেকে অভিমত প্রকাশ করেছিলেন।

বিবর্তনবিদ্যার সাথে নাস্তিকতার সম্পর্ক কি?

বিবর্তন ঘটার পূর্বশর্ত কি?

১) নিজের প্রতিলিপি তৈরী করতে পারে এমন কিছু সত্ত্বা(entity) থাকতে হবে। একে self-replicating entity বা স্রেফ replicator বলে।

২) প্রতিলিপি তৈরীর প্রক্রিয়ায় কিছু খুত থাকতে হবে যাতে রেপ্লিকেটরগুলো সবাই নিজেদের হুবহু প্রতিনিধি তৈরী করতে না পারে, অর্থাৎ, কমিউনিটিতে যাতে প্রকরণ সৃষ্টি হয়।

৩) সীমিত সম্পদের জন্য রেপ্লিকেটরগুলোর মধ্যে প্রতিযোগীতা থাকতে হবে(এটি অবশ্য প্রাণীদের জন্য প্রযোজ্য)

অত্যন্ত সরলীকরণ করলে এটাকেই বিবর্তনের পূর্বশর্ত বলা যায়। অবস্থা যদি এরকম হয় , তবে দেখা যাবে যে আমাদের এই হাইপোথিটিক্যাল জনপুঞ্জে নিজে থেকেই রেপ্লিকেটরগুলোর মধ্যে পার্থক্যযুক্ত

প্রজনন(differential reproduction) ঘটছে, অর্থাৎ, কোন কোন রেপ্লিকেটর অন্যদের চেয়ে বেশি বেশি করে নিজের বংশধর রেখে যেতে পারছে। এই যে রেপ্লিকেটরগুলোর ফ্রিকোয়েন্সীর মধ্যে একটা পার্থক্য সৃষ্টি হচ্ছে, এই পার্থক্যের প্রতি ইঙ্গিত করেই আমরা বলি যে প্রাকৃতিক নির্বাচন ক্রিয়া করছে। অনেকের মধ্যেই একটা ভুল ধারণা আছে যে প্রাকৃতিক নির্বাচন একধরণের "বল" বা force। জীবনে বিবর্তনের উপর একটাও পাঠ্যবই না পড়া সৃষ্টিবাদীরাও এই বিভ্রান্তিটা ছড়িয়ে যাচ্ছে। আমি যদি বলি যে প্রাকৃতিক নির্বাচন দ্রুত গতির হরিণদেরকে নির্বাচন করছে, তার মানে আমি এটা বলছি না যে কোন একটা অদৃশ্য শক্তি হরিণগুলোকে আগলে রাখছে। আমি বলছি যে যেসব হরিণ শিকারীদের কাছ থেকে দ্রুত দৌড়ে পালিয়ে যেতে পারে, কেবল সেসব হরিণই বেঁচে যাবে এবং পরে বাচ্চা পয়দা করে পরবর্তী প্রজন্মে তার এই বৈশিষ্ট্য ছড়িয়ে দিবে। আরেকভাবে বলতে গেলে, ইকোসিস্টেমে দ্রুত গতির হরিণের ফ্রিকোয়েন্সী বৃদ্ধি পাবে। সাধারণ জ্ঞান আর বংশগতি - এর চেয়ে বেশি কিছু না। উপরোক্ত এলগরিদমটা ক্ষুদ্রাতিক্ষুদ্র অণু কিংবা জিন থেকে শুরু করে প্রজাতির জন্যও প্রযোজ্য , তবে আগেই বলেছি যে বাস্তবে বিবর্তন এত সহজে ঘটে না। বাস্তব দুনিয়ায় অনেক বেশি চলক(variable) থাকে।

বিবর্তনের এই যে বর্ণনা দিলাম, এর সাথে কি নাস্তিকতার কোন মিল পাচ্ছেন? মিল পাওয়ার কথা না, কারণ নাস্তিকতা একটা দার্শনিক অবস্থান। কে কয়টা বাচ্চা রেখে গেল, কার নাতিপুতির সংখ্যা বেশি- এগুলা নাস্তিকতার ডোমেইনে পড়ে না। নাস্তিকতা হল স্রেফ আস্তিকতার প্রত্যাখ্যান। আজকাল নাস্তিকতাকে ধর্ম বানানোর একটা পায়তারা দেখা যাচ্ছে ধার্মিকদের মধ্যে। উপস্থিতি আর অনুপস্থিতিকে যারা গুলিয়ে ফেলে, তারা কেবল গবেট না, পুরোদস্তুর মানসিক ভারসাম্যহীন। প্রাকৃতি ক নির্বাচনের মাধ্যমে বিবর্তন আধুনিক জীববিজ্ঞানের অন্যতম স্তম্ভ। এখানে উল্লেখ্য যে প্রাকৃতিক নির্বাচন একটি *অন্ধ*প্রক্রিয়া, এর কোন সুনির্দিষ্ট দিক কিংবা গতিপথ নেই। বিখ্যাত বিবর্তনীয় জীববিজ্ঞানী ও জীবাশ্মবিদ স্টিভেন জে গুল্ড বলেছিলেন যে প্রাণের ইতিহাস যদি আবার নতুন করে শুরু হয় , তাহলে হয়ত মানুষের মত কোন বুদ্ধিমান সত্ত্বার উৎপত্তি ঘটবে না। বুদ্ধিমত্তা খুবই অসম্ভাব্য(এটা অবশ্য শুধু বিবর্তনের ক্ষেত্রে প্রযোজ্য না :P) একটা ফেনোমেনন, পৃথিবীতে মানুষের মত একটা বুদ্ধিমান প্রাণির উদ্ভবকে একটা দৈব ঘটনাই বলা চলে। তবে প্রাণের ইতিহাস আবার নতুন করে শুরু করলে গরু - ছাগল-মানুষের উদ্ভব ঘটার সম্ভাবনা কম হলেও চোখের উদ্ভব হবার সম্ভাবনা কিঞ্চিত বেশি। সমকেন্দ্রিক বিবর্তনের(convergent evolution) ফলে পৃথিবীতে সম্পূর্ণ স্বতন্ত্র্যভাবে অনেকবার চোখের উদ্ভব ঘটেছে(মেরুদন্ডী প্রাণী আর cephalopod বংশে চোখ সম্পূর্ণ আলাদাভাবে বিবর্তিত হয়েছে), তাই প্রাণের ইতিহাস নতুন করে শুরু করলে চোখের উদ্ভব না ঘটাটাই বরং অস্বাভাবিক হবে।
যাই হোক, বিবর্তনকে একটা অন্ধ প্রক্রিয়া হিসেবে দেখলে ঈশ্বরের আর কোন প্রয়োজনীয়তা থাকে না। কিন্তু একটু চিন্তা করে দেখুন, বিবর্তন না ঘটলেও কি ঈশ্বরের কোন প্রয়োজনীয়তা থাকে? ঈশ্বরকে বস্তুজগত ও প্রাণের উৎপত্তি ব্যাখ্যা করার জন্য সৃষ্টি করা হয়েছে। একটা ভাল ব্যাখ্যাকে অবশ্যই স্বয়ংসম্পূর্ণ হতে হবে। আপনার ব্যাখ্যা নিজেই যদি ব্যাখ্যার দাবিদার হয়, সেই ক্ষেত্রে আপনার ব্যাখ্যার মেরিট শূণ্য হবে। সবকিছুর যদি স্রষ্টা লাগে, তবে স্রষ্টার স্রষ্টা লাগবে না কেন? আপনি যদি স্রষ্টাকে বস্তুজগতের নিয়মের উর্ধ্বে রাখতে চান, তবে আপনি কিসের ভিত্তিতে রাখবেন? আপনি চাইলেই

স্রষ্টাকে "সকল নিয়মের উর্ধ্বে" হিসেবে সংজ্ঞায়িত করতে পারেন না, কারণ তাহলে একইভাবে আমিও বস্তুজগতের সৃষ্টিপ্রক্রিয়াকে প্রাকৃতিক নিয়মের ব্যতিক্রম হিসেবে সংজ্ঞায়িত করতে পারি। ঈশ্বরের প্রকৃতি নিয়ে এসব বিতর্কের একটা মজার দিক হল যেই মানুষ ঈশ্বরকে অতুলনীয় , সর্বশ্রেষ্ঠ, সর্বোত্তম দাবি করছে, সেই অধম মানুষই কিন্তু আবার ঈশ্বরের বৈশিষ্ট্য নির্ধারণ করে দিচ্ছে। নাস্তিক ঈশ্বরকে প্রাকৃতিক নিয়মের অধীনে রাখতে চাচ্ছে , আস্তিক ঈশ্বরকে প্রাকৃতিক নিয়মের উর্ধ্বে রাখতে চাচ্ছে। উভয় ক্ষেত্রে দেখা যাচ্ছে ঈশ্বর তার অস্তিত্বের জন্য মানুষের উপর নির্ভরশীল। ঈশ্বরের মত সর্বব্যাপী কোন সত্ত্বা যদি আসলেই থাকত, তবে এই বিতর্কের কোন অবকাশ থাকত না।

তো দেখা যাচ্ছে যে ব্যাখ্যা হিসেবে "ঈশ্বর" এর ধারণাটা মোটেই উৎকৃষ্ট না, বিবর্তন ভুল হলেও ঈশ্বর ঠিক হবে না। অস্তিমান সবকিছুর কৃতিত্ব যদি ঈশ্বরকে দিতে হয় , তবে ঈশ্বরের পক্ষে স্বতন্ত্র প্রমাণ থাকতে হবে। এক্ষেত্রে দু'টো হেত্বাভাস অবশ্যই এড়িয়ে চলতে হবে,

১) Argument from incredulity- আপনি কোন কিছু বিশ্বাস করতে পারছেন না বলেই সেই ঘটনা মিথ্যা হয়ে যায় না। বিশ্বাসযোগ্যতা একটা সাবজেকটিভ বৈশিষ্ট্য। আপনার কাছে বিবর্তনের মাধ্যমে প্রাণের উদ্ভবকে অবিশ্বাস্য মনে হয়, আমার কাছে হাওয়া থেকে ঈশ্বরের সবকিছু সৃষ্টি একই পরিমাণে অবিশ্বাস্য মনে হয়। কেইস ক্লোজড।

২) God of the gaps argument- বিজ্ঞান কোন কিছু ব্যাখ্যা করতে পারছে না , তার মানে সেটা অবশ্যই ঈশ্বরের কীর্তি হবে এমন কোন কথা নেই। মনে রাখবেন- "ক" ভুল হলে "খ" ঠিক হয় না। আমার কথা ভুল হলে আপনার কথা সঠিক হবে না। আমার বক্তব্যের সত্যতা ঠিক/বেঠিক প্রমাণিত হওয়ার ঘটনা আপনার বক্তব্যের সত্যতার ঠিক/বেঠিক হওয়ার সম্ভাবনাকে বিন্দুমাত্র প্রভাবিত করবে না। সম্ভাব্যতা তত্ত্বে একে বলে mutually independent events।

এই দু'টো হেত্বাভাস এড়িয়ে আপনি যদি ঈশ্বরের অস্তিত্বের পক্ষে স্বতন্ত্র প্রমাণ বের করে ঈশ্বরকে বিবর্তনের উপযুক্ত বিকল্প হিসেবে দাঁড়া করানোর অসম্ভব কাজটা সম্ভব করতে পারেন , তবে আপনাকে নিঃসংকোচে অভিবাদন জানাব।

এখন প্রশ্ন হল, বিবর্তনের সাথে কি ঈশ্বরের ধারণা একদম সামঞ্জস্যহীন? সামঞ্জস্যহীন হয়ত হত, যদি ঈশ্বরের কোন সুনির্দিষ্ট সংজ্ঞা থাকত। পৃথিবীতে যদি ৫ বিলিওন আস্তিক থাকে, তবে দেখা যাবে ঈশ্বরের ৫ বিলিওন সংজ্ঞা পাওয়া যাচ্ছে। একজন উচ্চ শিক্ষিত আধুনিক ধার্মিকের ঈশ্বর বেশ প্রগতিশীল, সেই ঈশ্বর বান্দার জীবনের খুটিনাটি বিষয় নিয়ে মাথা ঘামান না। বান্দা এক ওয়াক্ত নামায মিস করলেও সেই ঈশ্বর তাকে মাফ করে দেন। মৌলবাদীর ঈশ্বর আবার মৌলবাদীর মতই কুৎসিত। সেই ঈশ্বর বান্দার খাদ্যাভ্যাস, হাইজিন, মূত্রত্যাগ থেকে শুরু করে বান্দার যৌনজীবনেও নাক গলাতে বিন্দুমাত্র সংকোচ বোধ করেন না। একজন deist এর ঈশ্বর আবার সবকিছুর ব্যাপারেই উদাসীন , তিনি বস্তুজগত সৃষ্টি করে দিয়ে হাত-পা গুটিয়ে বসে আছেন। আস্তিকের ঈশ্বর দর্শন আসলে তারই চরিত্রের দর্পণ।

ঈশ্বরের ধারণা যখন এরকম নমনীয় হয় তখন ঈশ্বরের অস্তিত্ব কোনভাবেই মিথ্যা প্রমাণ করা যায় না, আবার খুব সহজেই মিথ্যা প্রমাণ করা যায়। আপনি বলছেন যে প্রাকৃতিক নির্বাচন একটি অন্ধ প্রক্রিয়া , জীব বৈচিত্র্য সৃষ্টির পেছনে ঈশ্বরের কোন ভূমিকা নেই। আমি যদি বলে বসি যে প্রাকৃতিক নির্বাচনের ওই অন্ধত্বও আসলে ঈশ্বরই প্রদান করেছেন, তাহলে কি আপনি আপত্তি করতে পারবেন? কিসের ভিত্তিতে করবেন? ঈশ্বর সম্পর্কে আপনার আর আমার ধারণা যে মিলে না!

উপসংহার

সত্যের ব্যাপারে কোন প্রকার গণতন্ত্র সম্ভব না। বৈজ্ঞানিক তত্ত্ব তার নিজ গুণেই প্রতিষ্ঠিত হয়, গোটা মহাবিশ্ব তাকে অস্বীকার করলেও কিছু যায় আসে না। এরপরও যদি আমরা সংখ্যার খাতিরে বিবর্তন তত্ত্বকে বিচার করি, তাহলেও এই তত্ত্ব আইডি থেকে কয়েক আলোকবর্ষ এগিয়ে থাকবে। এরপরও যদি কারও এই ব্যাপারে সংশয় থাকে, তবে সে আসলে নিজেই নিজের সাথে প্রতারণা করছে। বিবর্তনের সাথে নাস্তিকতার কোন মেলবন্ধন নেই। ঈশ্বরের ধারণা প্রত্যাখ্যান করার জন্য বিজ্ঞানের সাহায্য লাগে না, এই ধারণা এতই ছিদ্রযুক্ত যে সে নিজেই নিজেকে পতিত করে। তাছাড়া ঈশ্বরের ধারণাটা এতই নমনীয় যে ভারচুয়ালি যেকোন কিছুর মধ্যেই ঈশ্বরকে খুজে পাওয়া যেতে পারে। আপনি যদি বিবর্তনের সাথে ঈশ্বরকে সংঘাতময় মনে করেন, তবে সেটি ঈশ্বর সম্পর্কে আপনার ব্যক্তিগত বিশ্বাসেরই পরিচায়ক, যা পৃথিবীর ৭ বিলিওন মানুষের সাথে নাও মিলতে পারে। বিবর্তন একটা বৈজ্ঞানিক ফ্যাক্ট, বিশ্বাস করুন আর নাই করুন। আপনি যখন বৈজ্ঞানিক ফ্যাক্টের সাথে নাস্তিকতার মিত্রতা দাবি করেন, তখন ধার্মিক হিসেবে আপনি আসলে ধর্মের উপর নিজেই কুড়ালটা মারছেন।

তথ্যসূত্র

১) “Encyclopaedia Galactica”. Carl Sagan (writer/host). Cosmos. PBS. December 14, 1980. No. 12. 01:24 minutes in.

২) http://www.slate.com/articles/news_and_politics/fighting_words/2003/10/mommie_dearest.html

৩) Kenneth Chang ,Few Biologists but Many Evangelicals Sign Anti-Evolution, The New York Times, 21 February 2006

৪) Westneat D (24 August 2005). “Evolving opinion of one man“. The Seattle Times.

৫) Finding the Evolution in Medicine

৬) Gertzen, Jason; Stafford, Diane (2005-10-08). “Do Scientists See Kansas, Missouri As ‘Anti-Science’?“. The Kansas City Star.

৭) Waging War on Evolution, Paul A. Hanle, Washington Post, Sunday, October 1, 2006; Page B04

কমেন্ট

1. 1

বিনায়ক হালদার

ডিসেম্বর ৫, ২০১১ সময়: ১২:৩৮ অপরাহ্ণ লিঙ্ক

বিবর্তনের সাথে নাস্তিকতার কোন মেলবন্ধন নেই। ঈশ্বরের ধারণা প্রত্যাখ্যান করার জন্য বিজ্ঞানের সাহায্য লাগে না, এই ধারণা এতই ছিদ্রযুক্ত যে সে নিজেই নিজেকে পতিত করে।

আপনার এই কথার সাথে আমার দ্বিমত আছে। এটা সত্য যে বিবর্তনের সাথে নাস্তিকতার সরাসরি কোন মিল নেই কিন্তু বিশ্লেষনী মনকে বিবর্তন মানুষের বানরপ্রায় পূর্বপুরুষ এর সাথে আদম হাওয়া বা মনুর কাহিনীর ফারাক বুঝতে সাহায্য করে। আমি যখন ক্লাস নাইনে পড়ি আমি বুঝতে পারি যে ধর্ম মানুষের সৃষ্ট একটা জিনিস,দৈব কোন কিছু নয় । এর পিছনে ববর্তনের প্রভাব অনস্বীকার্য ।তারপর পদার্থ বিজ্ঞানের বিভিন্ন জিনিষ আমাকে উপলব্ধি করতে সাহায্য করেছে মাহাবিশ্ব সৃষ্টিতে সত্যি ঈস্বরের কোন প্রয়োজন আছে কিনা। আমি তো বলব বিবর্তন বা বিজ্ঞান না থাকলে আমার ধর্মের ওপর অবিশ্বাস জন্মাত না।

অভিজিৎ এর জবাব:
ডিসেম্বর ৫, ২০১১ at ৮:০৯ অপরাহ্ণ
@বিনায়ক হালদার,

যদিও আমি বিবর্তনকে জনমানসে জনপ্রিয় করার প্রয়োজনে পৃথিবীর এই চমৎকার লেখাটির উদ্দেশ্য বুঝতে পারছি, কিন্তু পাশাপাশি আপনার এই অকপটভাবে বলা কথাগুলো কিন্তু সত্যি, স্বীকার করতেই হবে। বিবর্তন আসলে কেবল আদম হাওয়াকেন্দ্রিক সৃষ্টিতত্ত্বকেই প্রশবিদ্ধ করেনি , করেছে, আত্মা, পুনর্জন্ম সহ আরো দশটা সনাতন কুসংস্কারকেও। বলা বাহুল্য , প্রাণের উৎপত্তি আর এর বিকাশ নিয়ে

বৈজ্ঞানিকভাবে আমরা ভাবতে পেরেছি বিবর্তনতত্ত্বের কারণেই। এর আগ পর্যন্ত ধর্মকেন্দ্রিক প্রচলিত মিথগুলোই ছিলো ভরসা। বিবর্তনতত্ত্ব সেই মিথগুলোর বুকে কুঠারের আঘাত হেনেছে। সেজন্যই ডেনিয়েল ডেনেট বিবর্তন তত্ত্বকে 'ইউনিভার্সাল এসিড' হিসেবে চিহ্নিত করেছিলেন।

যা হোক, আপনার ইমেইল করুন, আর লগ ইন করে মন্তব্য করতে পারেন।



আলোকের অভিযাত্রী এর জবাব:
ডিসেম্বর ৫, ২০১১ at ৯:০২ অপরাহ্ণ
@অভিজিৎ,

যদিও আমি বিবর্তনকে জনমানসে জনপ্রিয় করার প্রয়োজনে পৃথিবীর এই চমৎকার লেখাটির উদ্দেশ্য বুঝতে পারছি, কিন্তু পাশাপাশি আপনার এই অকপটভাবে বলা কথাগুলো কিন্তু সত্যি, স্বীকার করতেই হবে। বিবর্তন আসলে কেবল আদম হাওয়াকেন্দ্রিক সৃষ্টিতত্ত্বকেই প্রশ্নবিদ্ধ করেনি , করেছে, আত্মা, পুনর্জন্ম সহ আরো দশটা সনাতন কুসংস্কারকেও। বলা বাহুল্য , প্রাণের উৎপত্তি আর এর বিকাশ নিয়ে বৈজ্ঞানিকভাবে আমরা ভাবতে পেরেছি বিবর্তনতত্ত্বের কারণেই। এর আগ পর্যন্ত ধর্মকেন্দ্রিক প্রচলিত মিথগুলোই ছিলো ভরসা। বিবর্তনতত্ত্ব সেই মিথগুলোর বুকে কুঠারের আঘাত হেনেছে। সেজন্যই ডেনিয়েল ডেনেট বিবর্তন তত্ত্বকে 'ইউনিভার্সাল এসিড' হিসেবে চিহ্নিত করেছিলেন।

১০০% সহমত অভিদা। বিবর্তন হচ্ছে এমন একটা বিজ্ঞান যেটা মোটামুটিভাবে সমস্ত ধর্মীয় মতবাদকে সবচেয়ে কার্যকরভাবে আক্রমণ করেছে। ধর্মের মুখোশ উন্মোচনের জন্য বিবর্তন সবচেয়ে ভাল মাধ্যম। বিবর্তন সর্বশক্তিমান ঈশ্বরকে পরিণত করেছে এক অক্ষম নপুংসক সত্তায় যার চুপচাপ বসে বসে অন্ধ বিবর্তন প্রক্রিয়া দেখে যাওয়া ছাড়া কোন উপায় নেই।

অভিজিৎ এর জবাব:
ডিসেম্বর ৫, ২০১১ at ১১:৪৯ অপরাহ্ণ
@আলোকের অভিযাত্রী,

আপনার নামের মতো আপনার অধিকাংশ মন্তব্যই দুর্দান্ত! :)

আপনাকে সম্ভবতঃ মুক্তমনায় লেখার জন্য লগ ইন ইনফরমেশন পাঠানো হয়েছিল অতীতে। আপনি যে ইলেইলটি ব্যবহার করছেন সেটি চেক করে দেখুন।

কোন কারণে লগ ইন তথ্য না পেলে মডারেটরদের সাথে যোগাযোগ করতে পারেন।



*আলোকের অভিযাত্রী*এর জবাব:
ডিসেম্বর ৬, ২০১১ at ১১:৫৭ পূর্বাহ্ণ
@অভিদা,
আপনি যে আমাকে এত বড় compliment দিলেন এটা আমার জন্য বিশাল পাওয়া। মুক্তমনা হচ্ছে আমার কাছে সেই আলো যা মনের কোনে জমে থাকা সব অন্ধকার, কুসংস্কার আর অপবিশ্বাসকে দূর করে দেয়। এখনও মনে পড়ে গত বছর যখন প্রথম মুক্তমনার খোঁজ পাই তখন পরীক্ষা , খাওয়া দাওয়া বাদ দিয়ে কিভাবে ঘণ্টার পর ঘণ্টা কম্পুর সামনে বসে থাকতাম। সোজা কথায় বলতে গেলে মুক্তমনা আমার পুরনো চিন্তা পদ্ধতিকে আমূল বদলে দিয়েছে। কোন কিছুকে অন্ধভাবে মেনে না নিয়ে যুক্তির আলোকে তার ভালমন্দ বিচার করা এখান থেকেই শিখেছি।আপনি,বন্যাদি,বিপ্লবদা,মালিক ভাই,ফরিদ ভাই এরা সবাই আমার কাছে আইকন টাইপের মানুষ আর আজ আপনার কাছ থেকে আমার প্রশংসা শুনছি! অসাধারণ feelings:)) ভালো থাকবেন আপনারা সবাই আর আবারও ধন্যবাদ জানাচ্ছি আমাকে আপনাদের একজন করে নেবার জন্য।

2. 2

নীল রোদ্দুর

ডিসেম্বর ৫, ২০১১ সময়: ১২:৫১ অপরাহ্ণ লিঙ্ক

যে শতকে সিন্থেটিক লাইফ তৈরী হয় ল্যাবরেটরীতে, জেনেটিকালি মডিফাইড ফুড বাজার থেকে কিনে আনা যায় সেই শতকে বসে যুক্তির সত্যতা প্রমাণে এমন গলা ফাটিয়ে চিৎকার করতে হয়… মেলেনা কিছুতেই।
আস্তিকতার ব্যবসা করে উপাসনালয়, ধনতন্ত্র, সরকার সবাই মিলে, নইলে যে গোটা সমাজ ব্যবস্থা, যা তারা হাজার বছর ধরে গড়ে রেখেছে, তা তাদের মাথাতেই হুড়মুড় করে ভেঙ্গে পড়বে। তারা মানে , ভোটে জিতলে ক্ষমতার যাওয়া যায়, যুক্তি মানলে তা যায় না।
কোথায় আমরা বিজ্ঞানের পিছনে শ্রম দেব, অজানাকে জানবো। জ্ঞানের আলোয় বিদগ্ধ হব, তা না করে বিজ্ঞানের অবস্থানের নিরপেক্ষতা জানান দেবার জন্য এইসব লিখতে হচ্ছে। ভরসার কথা

একটাই, বিজ্ঞানের সত্যতা পুরো পৃথিবী অস্বীকার করলেও সত্যটা মিথ্যে হয়ে যায় না। মিথ্যের ভিত্তি একদিন ধ্বসে পড়বেই।



*পৃথিবী*এর জবাব:
ডিসেম্বর ৫, ২০১১ at ১:৩৭ অপরাহ্ণ
@নীল রোদ্দুর, আমি মনে করি সভ্যতা এখন একটা ট্রানজিশন স্টেট দিয়ে যাচ্ছে। আগে যা অসম্ভব ভাবা হত, এখন তা খুবই সম্ভব প্রমাণিত হচ্ছে। ডিএনএর গঠণ আবিস্কার করার ৫০ বছরের মাথায় মানুষ কৃত্রিম ডিএনএ তৈরী করে ফেলেছে। মানব ক্লোনিংও এখন আর কোন বৈজ্ঞানিক সমস্যা , এটি এখন নৈতিক সমস্যায় পরিণত হয়েছে। আগে ভাবা হত মানুষের অনুভূতি , ভালবাসা, ঘৃণা, মূল্যবোধ, চেতনা বস্তুজগতের নিয়ম দিয়ে ব্যাখ্যা করা যায় না, এখন স্নায়ুবিজ্ঞান একে একে মানুষের অনুভূতিকে ব্যবচ্ছেদ করছে। ধর্ম আর দর্শনের স্কোপ কমে আসছে, বিজ্ঞানের ডোমেইন বিস্তৃত হচ্ছে। বিজ্ঞান এত দ্রুত এগিয়ে যাচ্ছে যে মানুষ আসলে এখন বিজ্ঞানকে ভয় পাওয়া শুরু করেছে। এই ভয়টাকে ভা ঙ্গার জন্যই আমাদেরকে জানা সত্যগুলোও বারবার ব্যাখ্যা করতে হবে।

যারা জোর করে মানুষের তথ্য অনুসন্ধানের ক্ষমতাকে দমিয়ে রাখতে চায় , "মানুষের পক্ষে সব কিছু জানা সম্ভব না" জাতীয় কথা বলে, তারা নিজেরাও হয়ত অবচেতন মনে জানে যে কথাটা খুবই ভুল। জ্ঞানের সীমা বেধে দেওয়ার কোন যৌক্তিক ভিত্তি নেই। আজকে আমরা ভাবছি মানুষের পক্ষে মানুষ তৈরী করা সম্ভব না, কিন্তু কয়েক শত বছর পরে যে মানুষ মানুষ তৈরী করতে পারবে না এমন কোন নিশ্চয়তা কি আছে? নোয়াম চমস্কির মত হেভিওয়েট দার্শনিকরা পর্যন্ত কৃত্রিম বুদ্ধিমত্তার বিরোধীতা করছেন, তাঁরা দাবি করছেন যে মানুষের বুদ্ধি কখনওই ডুপ্লিকেট করা যাবে না , অন্যদিকে কৃত্রিম বুদ্ধিমত্তা বিশ্বাসযোগ্য ছোট গল্প লিখেছে ১, মোৎজার্টের অনুরূপ সিম্ফনি রচনা করেছে ২, মানুষ আর প্রকৃতির দৃশ্য এঁকেছে৩, এমনকি বিজ্ঞাপনের আইডিয়াও উদ্ভাবন করেছে৪।

বিজ্ঞান নিয়ে অস্বস্তি মানুষের মাঝে বাড়তেই থাকবে, ধার্মিকদের পাশাপাশি সেকুলার মহলেও হয়ত বিজ্ঞান নিয়ে উৎকণ্ঠা বাড়বে। মানুষকে বিজ্ঞানের প্রতি অভ্যস্ত করে তোলার জন্য ছোটবেলা থেকেই প্রকৃতিবাদে দীক্ষিত করতে হবে। স্কুল - কলেজে আইডির মত ভাববাদী ও বিজ্ঞান-বিরোধী মতবাদ পড়িয়ে বিশ্ববিদ্যালয়ে বৈজ্ঞানিক প্রশিক্ষণ দিলে বিজ্ঞানীও তৈরী হবে না, ধার্মিকও তৈরী হবে না। বিভ্রান্ত লোকজন ধর্মীয় মৌলবাদীদের চেয়েও বেশি ভয়ংকর, এরা নিজেরা মৌলবাদী না হলেও মৌলবাদীদের বৌদ্ধিক মদদ দেয়।

১- Brutus. 1, by Selmer Bringsjord. S. Bringsjord, "Chess is too easy," Technology Review, March/April 1998, pp. 23-28

২- EMI (Experiments in Musical Intelligence), by David Cope. G. Johnson, "The artist's angst is all in your head," New York Times, November 16,1997, p. 16.

৩- Aaron, by Harold Cohen. G. Johnson, "The artist's angst is all in your head," New York Times, November 16,1997, p. 16.

৪) Goldenberg, Mazursky, & Solomon, 1999 Creative sparks. Science, 285, 1495-1496.

3. 3

আলোকের অভিযাত্রী

ডিসেম্বর ৫, ২০১১ সময়: ১:২৪ অপরাহ্ন লিঙ্ক

ঈশ্বরের ধারণা যখন এরকম নমনীয় হয় তখন ঈশ্বরের অস্তিত্ব কোনভাবেই মিথ্যা প্রমাণ করা যায় না, আবার খুব সহজেই মিথ্যা প্রমাণ করা যায়। আপনি বলছেন যে প্রা কৃতিক নির্বাচন একটি অন্ধ প্রক্রিয়া, জীব বৈচিত্র্য সৃষ্টির পেছনে ঈশ্বরের কোন ভূমিকা নেই। আমি যদি বলে বসি যে প্রাকৃতিক নির্বাচনের ওই অন্ধত্বও আসলে ঈশ্বরই প্রদান করেছেন, তাহলে কি আপনি আপত্তি করতে পারবেন? কিসের ভিত্তিতে করবেন? ঈশ্বর সম্পর্কে আপনার আর আমার ধারণা যে মিলে না!

আপনার সাথে একমত। প্রত্যেক মানুষের ঈশ্বর আসলে আলাদা। ঈশ্বর শব্দের অর্থও একেকজনের কাছে একেকরকম। তবে ধর্মীয় বিশেষ করে আব্রাহামিক ঈশ্বরকে খুব সহজেই মিথ্যা প্রমাণ করা যায় কারণ এই ঈশ্বর বেশ সুসংজ্ঞায়িত। এই ঈশ্বর একজন রাগী পুরুষ যিনি অনন্তকাল ধরে বি শাল এক চেয়ারে বসে আছেন আর সারাক্ষন হিসেব রাখছেন বিশ্বব্রহ্মাণ্ডের খুঁটিনাটি সব কিছুর। যিনি মানুষের কাছ থেকে বিশ্বাস ও আনুগত্য দাবি করেন ও যুগে যুগে নবী ও ধর্মগ্রন্থ পাঠান যেগুলি নাকি ঐশ্বরিক ও অভ্রান্ত। এগুলিকে বিবর্তন তত্ত্ব কিংবা দর্শন যেকোনোকিছুর সাহায্যে ই refute করা যায়। আমি ব্যক্তিগত ভাবে ধর্ম ও ধর্মীয় ঈশ্বরে অবিশ্বাসী। এর বাইরে কোন deist god বা evolutionary god আছে কিনা জানি না বা সেটা নিয়ে চিন্তিতও নই। যাই হোক, লেখাটা খুবই ভাল লেগেছে। তথ্যবহুল ও যুক্তিসমৃদ্ধ।

4. 4

রূপম (ধ্রুব)

ডিসেম্বর ৫, ২০১১ সময়: ২:১৩ অপরাহ্ণ লিঙ্ক

লেখাটা খুবই ভালো লাগলো। বিশেষ করে প্রথম অংশটা।

দ্বিতীয় অংশেরও প্রায় অনেকটাই আলাদা আলাদা করে দেখলে ঠিক আছে, যদিও একসাথে বক্তব্যটা ছেঁকে নিতে কষ্ট হচ্ছে। গোলমালটা কোথায় বলি -

সবকিছুর যদি স্রষ্টা লাগে, তবে স্রষ্টার স্রষ্টা লাগবে না কেন? আপনি যদি স্রষ্টাকে বস্তুজগতের নিয়মের উর্ধ্বে রাখতে চান, তবে আপনি কিসের ভিত্তিতে রাখবেন?

যুক্তিগতভাবে স্রষ্টাকে বস্তুজগতের বাইরে ইম্যাটেরিয়াল এজেন্ট এবং ফলত ম্যাটেরিয়াল রুলের বাইরে কল্পনা করতে কিন্তু কোনো বাঁধা নেই। ফলে এর প্রতিক্রিয়াস্বরূপ আপনিও

বস্তুজগতের সৃষ্টিপ্রক্রিয়াকে প্রাকৃতিক নিয়মের ব্যতিক্রম হিসে বে সংজ্ঞায়িত করতে

পারেন সানন্দে। কিন্তু এতে বিপদ আপনার কারণ আপনি বস্তুবাদী হিসেবে বস্তুজগতের যে নিয়ম সন্ধান করছেন, তাতে ব্যতিক্রম পাওয়া গেলে অবস্তুগত ঈশ্বরবাদীদের বিপরীতে আপনার অবস্থান মোটেও সুদৃঢ হবে না। নিয়মানুগ নির্বোধ প্রকৃতি তথা ঈশ্বর বস্তুবাদী হিসে বে আপনিই প্রস্তাব করছেন আপনার মডেলে ব্যতিক্রম আপনি আনলে ক্ষতি আপনার। অন্যদিকে প্রকৃতির নিয়মোর্দ্ধ অবস্তু জগতে ধারণাকারীর যুক্তিগতভাবে আরবিট্রারি অস্তিত্ব কল্পনা করতে বাঁধা নেই। ফলে এই আর্গুমেন্টে দুইজনের দ্বন্দ্বটা ঠিক সমাধান হচ্ছে না।

সমাধানের পথ হচ্ছে যাচাই বা ভেরিফিকেশানে।

যেই মানুষ ঈশ্বরকে অতুলনীয়, সর্বশ্রেষ্ঠ, সর্বোত্তম দাবি করছে, সেই অধম মানুষই কিন্তু আবার ঈশ্বরের বৈশিষ্ট্য নির্ধারণ করে দিচ্ছে।

অর্থাৎ মানুষ তার ঈশ্বরের প্রকৃতি নির্ধারণ করছে। তবে এই পথে ব্যাপারটা খুব পরিষ্কার হলো না। ঈশ্বরের ধারণাটা মানুষের উদ্ধার করার সমস্যাটা কোথায়? আপনি বলছেন -

ঈশ্বরের মত সর্বব্যাপী কোন সত্ত্বা যদি আসলেই থাকত, তবে এই বিতর্কের কোন অবকাশ থাকত না।

এটা কিন্তু ঠিক নেসেসারিলি ট্রু না। আপনার যুক্তিমতে - বিতর্কের যেহেতু অবকাশ রয়ে গেছে, ফলে সর্বব্যাপী সত্তার অস্তিত্ব আসলেই নেই। কিন্তু এই যুক্তিটা ঠিক বোধগম্য হচ্ছে না। কথাটা মনে হয় এখানে এটাই যে, যেহেতু কেউই তার তর্কের বিষয় নিয়ে কিছুই দেখে নি, তাই প্রত্যেক পক্ষকেই তার নিজের সংজ্ঞা দ্বারা বিষয়ের স্বরূপ প্রদান করতে হচ্ছে। সমস্যাটা তাহলে দেখতে না পারায়। অনটলজিক্যালি দেখতে না পারা মানে নাই, সেটা বলা মনে হয় যায় না। তবে এটা নিশ্চিতভাবে বলা যায় যার (সরাসরি বা অসরাসরি) কোনো পর্যবেক্ষণগত আলামত নেই, তার সংক্রান্ত বক্তব্য যাচাইও করা যায় না।

মূল সমস্যা অন্য জায়গায়। অদেখা বস্তু (বা অবস্তু) দেখা জগতে প্রভাব ফেলছে কিনা। যদি না ফেলে বলা যায়, তাহলে দেখার অযোগ্য অবস্তু ঈশ্বর হলেও তাকে ইগনোর করা যায়। সেটা বলা আর ঈশ্বরের অস্তিত্ব নাই বলার মধ্যে তখন অনটোলজিতে তর্ক থাকলেও বস্তুগতভাবে কোনো প্রকার পার্থক্য থাকে না।

কথা হলো আমাদের আশেপাশের জগত অনেকটা সেরকমই হয়ে উঠেছে আমাদের কাছে। আমাদের দৈনন্দিন বস্তুগত জীবনে অনিশ্চয়তা বা অব্যাখ্যার তেমন উপাদান কই? এখন কেউ যদি বলতে চায় এই নিয়মই ঈশ্বর প্রদত্ত, তাহলে সেটা হার্মলেস। তাদের ঈশ্বর তাহলে নিয়মের দাস। সেটা নিয়ে তো আর মাথা ব্যাথারও কিছু নেই। সেটা আপনিও কিছুটা বলেছেন -

আমি যদি বলে বসি যে প্রাকৃতিক নির্বা চনের ওই অন্ধত্বও আসলে ঈশ্বরই প্রদান করেছেন, তাহলে কি আপনি আপত্তি করতে পারবেন? কিসের ভিত্তিতে করবেন?

ঈশ্বরের ধারণাটা এতই নমনীয় যে ভারচুয়ালি যেকোন কিছুর মধ্যেই ঈশ্বরকে খুজে পাওয়া যেতে পারে।

এই লাইনটা পড়ে মনে হলো একটা নতুন ধর্ম প্রচার করি -

‘নিয়মানুগ নির্বোধ বস্তুগত প্রকৃতিই ঈশ্বর। অবস্তুগত কোনো অস্তিত্বের প্রভাব বস্তুতে নেই। ঈশ্বরকে জানাই ঈশ্বরের উপাসনা। লক্ষ্য করে যদি দেখেন - এই ধর্মে একমাত্র ঈশ্বরঘনিষ্ঠ আমল হলো বিজ্ঞান চর্চা করা। প্রকৃতিকে নিজের উপর আপতিত পর্যবেক্ষণ দিয়ে জানার চেষ্টা করা । এভাবে ঈশ্বরকে জানার মাধ্যমেই একমাত্র প্রার্থনা পূরণ হওয়া সম্ভব, অর্থাৎ যা চাই সেটা পূরণ করা সম্ভব প্রকৃতির নিয়ম জানার মাধ্যমেই। এর বাইরে ধ্যান করে বা তোষণ করে ঈশ্বর লাভের চেষ্টা নিষ্ফল।’ এই ধর্মের সাথে নাস্তিকতার পার্থক্য কেবল ঈশ্বর নামটা ঢুকিয়ে দেয়ার মধ্যে।
কিন্তু এটাও ভালো নয়। যারা বিজ্ঞান চর্চা করতে চান না, তাদের হীন মনে করার একটা ঐশ্বরিক

উপায় বাতলে দিবে এই প্রাতিষ্ঠানিকীকরণটা। বিজ্ঞান চর্চাটা আমি নিজে একটা কলিংই মনে করি। কিন্তু যে করে না, তার প্রতি হেয়ভাব পোষণ করি না।

আপনি যখন বৈজ্ঞানিক ফ্যাক্টের সাথে নাস্তিকতার মিত্রতা দাবি করেন, তখন ধার্মিক হিসেবে আপনি আসলে ধর্মের উপর নিজেই কুড়ালটা মারছেন।

চমৎকার! মানুষের ভাবনার স্পেসে আপনার এই অভিযানটা বেশ ভালো লাগলো।



*পৃথিবী*এর জবাব:
ডিসেম্বর ৫, ২০১১ at ২:৩৬ অপরাহ্ণ
@রূপম (ধ্রুব),

কিন্তু এতে বিপদ আপনার কারণ আপনি বস্তুবাদী হিসেবে বস্তুজগতের যে নিয়ম সন্ধান করছেন, তাতে ব্যতিক্রম পাওয়া গেলে অবস্তুগত ঈশ্বরবাদীদের বিপরীতে আপনার অবস্থান মোটেও সুদৃঢ় হবে না।

প্রকৃতিবাদের একটা মৌলিক অনুমিতি হল যে প্রাকৃতিক নিয়মের কোন ব্যতিক্রম নেই। কিন্তু এখন যদি দেখা যায় যে বস্তুজগত সৃষ্টির প্রতিক্রিয়াটা একটা ব্যতিক্রম , তাহলে আমাদেরকে প্রকৃতিবাদের সংবিধান সংশোধন করতে হবে। সেক্ষেত্রে আমার আমার স্ববিরোধীতা লুপ্ত হবে

তবে আমি আসলে

তবে এটা নিশ্চিতভাবে বলা যায় যার (সরাসরি বা অসরাসরি) কোনো পর্যবেক্ষণগত আলামত নেই, তার সংক্রান্ত বক্তব্য যাচাইও করা যায় না।

এটাই বলতে চেয়েছি। যার কোন পর্যবেক্ষণগত আলামত নেই, তার অস্তিত্ব নিয়ে তর্ক করতে গেলে ইচ্ছেমত গোলপোষ্ট সড়ানো যায়, উপরে আমি যেটা করে দেখালাম। এসব তর্ক অর্থহীন, কিন্তু এই তর্ক যখন রাষ্ট্রের ইহজাগতিক পলিসিকে প্রভাবিত করে, তখন আইভরি টাওয়ার থেকে মাটিতে নেমে আসা ছাড়া কোন উপায় থাকে না।



*রূপম (ধ্রুব)*এর জবাব:
ডিসেম্বর ৮, ২০১১ at ১০:০৩ পূর্বাহ্ণ

@পৃথিবী,

আপনি যখন বৈজ্ঞানিক ফ্যাক্টের সাথে নাস্তিকতার মিত্রতা দাবি করেন, তখন ধার্মিক হিসেবে আপনি আসলে ধর্মের উপর নিজেই কুড়ালটা মারছেন।

আপনার কথাটির সাথে গাজ্জালির এই কথা তুলনীয়ঃ

Whoever objects to them (that are based on the observation of nature and on sound mathematical proofs) with reference to the literal meaning of a Qur'anic verse or a hadith does a disservice to religion

5. 5

সৈকত চৌধুরী

ডিসেম্বর ৫, ২০১১ সময়: ৩:২৮ অপরাহ্ণ লিঙ্ক

অ-সা-ধা-র-ণ!!

(৪ ও ১২ নম্বরের উদ্বৃতি অনুবাদ করে দিলে ভাল হত। আমরা যখন বাংলায় লেখি তখন ইংরেজি যতদূর সম্ভব পরিহার করাই উচিত।)

6. 6

ভবঘুরে

ডিসেম্বর ৫, ২০১১ সময়: ৪:১৩ অপরাহ্ণ লিঙ্ক

সময়োপযোগী ও সুখ পাঠ্য।তবে কিছু কিছু বিষয় লিংক বাদ দিয়ে নিবন্ধে দিলেই ভাল হতো। লিংক থেকে তথ্য বের করা অনেকসময় বেশ বিরক্তিকর। সে ক্ষেত্রে পর্ব সংখ্যা বাড়ালেও খারাপ হতো না।

7. 7

অভিজিৎ

ডিসেম্বর ৫, ২০১১ সময়: ৭:৩১ অপরাহ্ণ লিঙ্ক

8. 8

ডারউইনের ভুত

ডিসেম্বর ৫, ২০১১ সময়: ১০:২৯ অপরাহ্ণ লিঙ্ক

1. সন্ন্যাসী

ডিসেম্বর ৫, ২০১১ সময়: ১০:৫৫ অপরাহ্ণ লিঙ্ক

সত্যের ব্যাপারে কোন প্রকার গণতন্ত্র সম্ভব না। বৈজ্ঞানিক তত্ত্ব তার নিজ গুণেই প্রতিষ্ঠিত হয়, গোটা মহাবিশ্ব তাকে অস্বীকার করলেও কিছু যায় আসে না।

সৃষ্টিবাদীরা শুধু বিবর্তনবাদ নিয়েই গণতন্ত্র খাটাতে চায় না , ধর্মের প্রত্যেকটা বিষয়েই তারা পাবলিক সেন্টিমেন্টের কথা বলে। পাবলিক সেন্টিমেন্টের মূল্য দিতে হয় আমাদেরও। সত্যকে তো আমরাও জোর গলায় বলতে পারি না। অথচ অনার্স মাস্টার্স উদ্ভিদবিজ্ঞান/প্রাণীবিজ্ঞান বইয়ের লেখকরা বিবর্তনবাদ বিষয়ের শেষে বি:দ্র: কয়েকডজন কোরানের আয়াত দিয়ে লিখে দেয় যে বিবর্তনবাদ একটা হাইপোথিসিস মাত্র, এটা প্রমাণিত সত্য নয়; সুতরাং বিবর্তনবাদ কেবল পরীক্ষায় মার্কস পাওয়ার জন্য

পড়তে হবে। আমরা তার প্রতিবাদও করতে পারি না; যে ছাত্র বইটি পড়ছে সেও কোরানের আয়াতে বর্ণিত সৃষ্টিতত্ত্বকে মনে প্রাণে বিশ্বাস করে। বিজ্ঞানের বইতে কোরানের আয়াত! ভেবে দেখেন , দেশ কোথায় গিয়েছে।

সেসব লেখকদের ঘাড় ধরে আমার জিজ্ঞেস করতে ইচ্ছে হয় যে কোরানের আয়াতে বর্ণিত সৃষ্টিতত্ত্বের প্রমাণ তার কোন তালগাছে পাইছে।

2. 10

নিটোল

ডিসেম্বর ৬, ২০১১ সময়: ১২:৩১ পূর্বাহ্ণ লিঙ্ক

দারুণ!

3. 11

শুভজিৎ ভৌমিক

ডিসেম্বর ৬, ২০১১ সময়: ২:০৯ পূর্বাহ্ণ লিঙ্ক

আচ্ছা, ধর্মগুলোতো প্রায়ই বাচ্চা-কাচ্চাদের দিয়ে ধর্মগ্রন্থ ইত্যাদি মুখস্থ করিয়ে "মিরাকল অফ ইসলাম", "মিরাকল অফ হিন্দুইজম" জাতীয় ব্যাপারস্যাপার প্রচার করে। আমরা পৃথিবীর অসাধারণ লেখাগুলোকে নিয়ে "মিরাকল অফ নাস্তিকতা" জাতীয় কিছু ইউটিউবে আপলোড করতে-টরতে পারি কি ?

4. 12

হেলাল

ডিসেম্বর ৬, ২০১১ সময়: ৭:২৫ পূর্বাহ্ণ লিঙ্ক

@সন্নাসী,

অনার্স মাস্টার্স উদ্ভিদবিজ্ঞান/প্রাণীবিজ্ঞান বইয়ের লেখকরা বিবর্তনবাদ বিষয়ের শেষে বি:দ্র: কয়েকডজন কোরানের আয়াত দিয়ে লিখে দেয় যে বিবর্তনবাদ একটা হাইপোথিসিস মাত্র, এটা প্রমাণিত সত্য নয়;

এটা সত্যি হলে তো ভয়ঙ্কর। রেফারেন্স দেয়া যাবে কি?

*সন্ন্যাসী*এর জবাব:

ডিসেম্বর ৬, ২০১১ at ৯:০০ অপরাহ্ণ

@হেলাল,

অনার্স থার্ড ইয়ারের উদ্ভিদ বিজ্ঞানের একটি বইয়ে এরকম দেখেছিলাম। বইটির লেখকের নাম মনে করতে পারছি না। তবে বইটির খোঁজ পেলে এখানে জানাব।

*সন্ন্যাসী*এর জবাব:

ডিসেম্বর ৬, ২০১১ at ৯:০৪ অপরাহ্ণ

@হেলাল,

বইটির লেখকদ্বয়ের নাম সম্ভবত ওয়াহিদুজ্জামান শেখ ও সেলিম। আমি দু'একদিনের মধ্যে লাইব্রেরীতে খোঁজ নিয়ে নিশ্চিত হয়ে আপনাকে জানাব।

5. 13

রণদীপম বসু

ডিসেম্বর ৬, ২০১১ সময়: ২:৫৮ অপরাহ্ণ লিঙ্ক

খুব ভালো লেখা ! চমৎকার !!

6. 14

Syed K. Mirza

ডিসেম্বর ৭, ২০১১ সময়: ৬:৫৩ পূর্বাহ্ণ লিঙ্ক

Many many thanks for the very good article on the subject of evolution by Mr. Prithivi. Article has been written very meticulously having plenty of very good and strong references and the author has put very many highly logical arguments too! I fully agree with the author. Darwin's theory of evolution is standing tall today! Evolution theory is the basis of all biological science and widely accepted by the world's scientific community, as this article had referenced heavily on that! One can not talk about biological science at all if he/she denies evolution, period. All religious creation theories are ridiculously superstitious and only a blind belief in unseen, unproven, illogical, and full of contradictions between them.

Science will make belief system in Allah/God totally obsolete soon. All the bio-medical miracles are happening today only by human manipulations of biological process by new scientific innovations and research. More scientific miracles will keep happening– because THERE IS NO SUCH THING CALLED "INTELLIGENT DESIGNER" or any personal God who really has any sort of control over the natural or biological world. The miracles of our biological world and all natural phenomena happening around us can only be understood and explained on the basis of Darwin's revolutionary theory of evolution.

Only a few hypocritical scientists still pretend to believe in personal deity at home, but in the laboratory they never can believe in the creation (religious) theory and do believe in evolution theory. I call them helpless and hypocrites who bluff their own conscience. Readers can peruse my article on this subject of evolution here: http://www.faithfreedom.org/one/evolutionary-science-vs-creation-theory-and-intellectual-hypocrisy/
Syed K. Mirza

7. 15

মুরশেদ
ডিসেম্বর ৭, ২০১১ সময়: ৩:৫৫ অপরাহ্ন লিঙ্ক

এখন প্রশ্ন হল, বিবর্তনের সাথে কি ঈশ্বরের ধারণা একদম সামঞ্জস্যহীন? সামঞ্জস্যহীন হয়ত হত, যদি ঈশ্বরের কোন সুনির্দিষ্ট সংজ্ঞা থাকত। পৃথিবীতে যদি ৫ বিলিওন আস্তিক থাকে, তবে দেখা যাবে ঈশ্বরের ৫ বিলিওন সংজ্ঞা পাওয়া যাচ্ছে। একজন উচ্চ শিক্ষিত আধুনিক ধার্মিকের ঈশ্বর বেশ প্রগতিশীল, সেই ঈশ্বর বান্দার জীবনের খুটিনাটি বিষয় নিয়ে মাথা ঘামান না। বান্দা এক ওয়াক্ত নামায মিস করলেও সেই ঈশ্বর তাকে মাফ করে দেন। মৌলবাদীর ঈশ্বর আবার মৌলবাদীর মতই কুৎসিত। সেই ঈশ্বর বান্দার খাদ্যাভ্যাস, হাইজিন, মূত্রত্যাগ থেকে শুরু করে বান্দার যৌনজীবনেও নাক গলাতে বিন্দুমাত্র সংকোচ বোধ করেন না। একজন deist এর ঈশ্বর আবার সবকিছুর ব্যাপারেই উদাসীন , তিনি বস্তুজগত সৃষ্টি করে দিয়ে হাত-পা গুটিয়ে বসে আছেন। আস্তিকের ঈশ্বর দর্শন আসলে তারই চরিত্রের দর্পণ।

মনে রাখবার মত কথা। নানা মুনির নানা ঈশ্বর নিয়েই ঈশ্বরবাজদেরযে কী উচ্চ লম্ফ , ভাবতে অবাক লাগে। জাকির নায়েক যে ঈশ্বরের হোলসেলার, অন্য ঈশ্বর ভক্ত তার কাস্টমার। হয়ত একজনের ঈশ্বর নিরাকার, অন্য জনের টা আদমের মত! অথচ লেনদেন ভালই চলছে, চলছে বাণিজ্য।

আমার স্বর্গীয় নানীর কথা খুব মনে পড়ে। মাঝে মাঝে তিনি খুব জ্ঞানের কথা বলতেন। তিনি বলতেন - আকাশের তারাগুলি খালি চোখে যেমন দেখা যায়, বাস্তবে তার চাইতে অনেক বড়। তারাগুলি আসলে এক একটা ছাগলের মত সাইজের। চাঁদ আমাদের ধলা গরুটার সমান।

নানী এখন নেই। তার বিশ্বাস এখনও টিকে আছে। টিকে আছে বলেই ডিসকভারির পাশাপাশি পীস টিভিও চলে।

8. 16

ভবঘুরে

ডিসেম্বর ৮, ২০১১ সময়: ১০:২৯ পূর্বাহ্ণ লিঙ্ক

অতীতে সকল সভ্যতায় একটা পর্যায়ে দেখা গেছে, জ্ঞান অনুসন্ধিৎসায় একটা পর্যায়ে স্থবিরতা এসেছে। তার ফলে পতন হয়েছে তাদের। আমরা বর্তমানে কি সে ধরণের কোন পর্যায়ে উপনীত হলাম? মানব জাতি কি এখন জ্ঞান সাধনা করতে করতে ক্লান্ত ?

9. 17

তামান্না ঝুমু

ডিসেম্বর ৯, ২০১১ সময়: ৮:০৬ পূর্বাহ্ণ লিঙ্ক

দারুণ

10. 18

বেয়াদপ পোলা

ডিসেম্বর ৯, ২০১১ সময়: ১১:১৬ পূর্বাহ্ণ লিঙ্ক

বৈজ্ঞানিক প্রেক্ষাপটে বিবর্তনবাদ নিয়ে প্রশ্ন করে এমন অনেক বড় মাপের বিজ্ঞানী রয়েছেন । এদের মধ্যে অনেকে খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ের বায়োলজির প্রফেসর ও প্রফেসর এমেরিটাস আছেন।

ব্রাইট স্মাইল্ এর জবাব:
ডিসেম্বর ৯, ২০১১ at ৮:৩৫ অপরাহ্ণ
@বেয়াদপ পোলা,
দেশে বিদেশে অনেক বড় মাপের বিজ্ঞানী, অনেক খ্যাতনামা প্রফেসর রয়েছেন যাঁরা তন্ত্র-মন্ত্র, ঝাঁড়-ফুক, যাদু-টোনা ইত্যাদি উজবুক জিনিষে বিশ্বাস করেন। তাই বলেতো তাঁদের আজগুবী বিশ্বাস দিয়ে এই দুনিয়াটা আর চলছেনা তাইনা?



বেয়াদপ পোলা এর জবাব:
ডিসেম্বর ৯, ২০১১ at ১১:৩৭ অপরাহ্ণ
@ব্রাইট স্মাইল্, বলেন কি, তাই নাকি? আনেক বিজ্ঞানীরা ঝাঁড়-ফুক বিশ্বাস করে? কয়টা এমন বড় বিজ্ঞানী এর নাম বলেন তো যাঁরা তন্ত্র-মন্ত্র, ঝাঁড়-ফুক, যাদু-টোনা ইত্যাদি বিশ্বাস করে ।



ব্রাইট স্মাইল্ এর জবাব:
ডিসেম্বর ৯, ২০১১ at ১১:৫২ অপরাহ্ণ
@বেয়াদপ পোলা,

> কয়টা এমন বড় বিজ্ঞানী এর নাম বলেন তো যাঁরা তন্ত্র-মন্ত্র, ঝাঁড়-ফুক, যাদু-টোনা ইত্যাদি বিশ্বাস করে ।

ঐ সব বড় বিজ্ঞানীদের নাম বলে বিপদে পড়ব নাকি? দেশেই খোঁজ নিয়ে দেখুন, অবশ্যই মিলে যাবে, আর বাইরে থাকলে দেশের লোকদেরকে একটু খোঁজ নিতে বলুন! সন্ধান পেয়ে যাবেন।



পৃথিবী এর জবাব:
ডিসেম্বর ৯, ২০১১ at ১০:৫৭ অপরাহ্ণ
@বেয়াদপ পোলা, আপনি আমার পোষ্ট পড়ার প্রয়োজন বোধ করেননি, আপনি কিভাবে আশা করেন যে আমি আপনার মন্তব্য পড়ার প্রয়োজন বোধ করব?

আকাশ মালিক এর জবাব:

ডিসেম্বর ১০, ২০১১ at ৫:৪৩ পূর্বাহ্ণ

@বেয়াদপ পোলা,

আরো কিছুদিন আমাদের সাথে থাকেন ল্যাঞ্জা এমনিতেই বেরি য়ে আসবে। বিকজ, কোথায় যেন পড়েছিলাম একজন বলেছিলেন- ল্যাঞ্জা ইজ এ টাফ থিং টু হাইড।

বেয়াদপ পোলা এর জবাব:

ডিসেম্বর ১০, ২০১১ at ২:৩১ অপরাহ্ণ

@আকাশ মালিক, ল্যাঞ্জা আইতা আবার কি?

আকাশ মালিক এর জবাব:

ডিসেম্বর ১১, ২০১১ at ৯:০৯ পূর্বাহ্ণ

@বেয়াদপ পোলা,

ল্যাঞ্জা আইতা আবার কি?

ল্যাঞ্জা কিন্তু স্পষ্টই দেখতে পাচ্ছি, যদিও আমি এডমিনের কেউ নই। কিন্তু এখানে আপনি আমাদের মেহমান তাই চুপ রইলাম। স্ক্রিনশট নেয়া, মুখোশ উম্মোচন করা কিংবা প্রতিশোধে আমার কোন আনন্দ নেই।

তামান্না ঝুমু এর জবাব:

ডিসেম্বর ১১, ২০১১ at ৯:৪৪ পূর্বাহ্ণ

@বেয়াদপ পোলা,

ল্যাঞ্জা আইতা আবার কি?

ভাই বেয়াদপ, বায়াদপী নিয়েন না। ল্যাজের কথা শুনে এত খুশি হয়ে গেলেন কেন ?

রূপম (ধ্রুব) এর জবাব:
ডিসেম্বর ১০, ২০১১ at ৭:৫০ পূর্বাহ্ণ
@বেয়াদপ পোলা,

পৃথিবী এই লেখাতেই লিখেছে দেখেছেন বোধহয়

সত্য অথবা ফ্যাক্ট কখনও গণতান্ত্রিকভাবে নির্বাচন করা যায় না।

এক হাজার বিজ্ঞানী একমত হলেও একটা বৈজ্ঞানিক তত্ত্বের পর্যবেক্ষণগত প্রতিষ্ঠিত ভিত্তিকে নাকচ করা যায় না।

Careful examination of the evidence for Darwinian theory should be encouraged

কথাটা সকল বৈজ্ঞানিক তত্ত্বের ক্ষেত্রেই প্রযোজ্য। সেটা নিয়ে হৈ চৈ করার কিছু হয় নি। বিস্তারিত এখানে জানুনঃ

http://en.wikipedia.org/wiki/A_Scientific_Dissent_From_Darwinism

ভবঘুরে এর জবাব:
ডিসেম্বর ১০, ২০১১ at ২:৩৮ অপরাহ্ণ
@বেয়াদপ পোলা,

বৈজ্ঞানিক প্রেক্ষাপটে বিবর্তনবাদ নিয়ে প্রশ্ন করে এমন অনেক বড় মাপের বিজ্ঞানী রয়েছেন

প্রশ্ন করে বলেই তো বিবর্তনবাদ আরও মার্জিত ও শুদ্ধ হচ্ছে। প্রশ্ন না করলেই এটা হতো কোরানের মত একটা বিশ্বাস ভিত্তিক তত্ত্ব। কিন্তু বিজ্ঞান তো কোন বিশ্বাস ভিত্তিক তত্ত্ব হতে পারে না।

*বেয়াদপ পোলা*এর জবাব:
ডিসেম্বর ১০, ২০১১ at ৩:৪২ অপরাহ্ণ
@ভবঘুরে, বিজ্ঞান সেই বিষয় নিয়েই গবেষনা করে যা আজও বৈজ্ঞানিক সত্য হিসেবে প্রতিস্ঠিত হয়নি। কাজেই বিজ্ঞান আবিষ্কার করতে পারেনি বলেই - বেহেস্ত, দোযোখ, জ্বিন, ফেরেস্তা কিছুই নেই এমনকি আল্লাহও নেই এ'কথা বলা নিতান্তই অবৈজ্ঞানিক।

*যাযাবর*এর জবাব:
ডিসেম্বর ১০, ২০১১ at ৭:৪৬ অপরাহ্ণ
আমার মনে হয় এই মন্তব্যের উত্তর দেবার আগে সবার মার্ক টোয়েনের বিখ্যাত উক্তির কথা স্মরণে রাখলে ভাল হবেঃ
"Never argue with an idiot, people will not be able to tell the difference"
ডঃ জাকির নায়েক বা ডঃ মরিস বুকায়েল ও আমার সাথে এই ক্ষেত্রে একমত হবেন এই বলে আমার বিশ্বাস

*ব্রাইট স্মাইল্*এর জবাব:
ডিসেম্বর ১০, ২০১১ at ৮:১৪ অপরাহ্ণ
@বেয়াদপ পোলা,

> কাজেই বিজ্ঞান আবিষ্কার করতে পারেনি বলেই - বেহেস্ত, দোযোখ, জ্বিন, ফেরেস্তা কিছুই নেই এমনকি আল্লাহও নেই এ'কথা বলা নিতান্তই অবৈজ্ঞানিক।

স্বীকার করি বেহেস্ত, দোযখ, জ্বীন, ফেরেস্তার কথা বিজ্ঞানে নেই, কিন্তু বেহেস্ত, দোযখ, জ্বীন, ফেরেস্তা এইসব ধারনা বা শব্দগুলো আপনি ১৪০০ পুর্বে লিখিত একখানা কিতাব থেকে আবিষ্কার করে , এগুলোর সত্যতা যাঁচাই-বাছাই না করে, কিছু না বুঝে না জেনে, বিনা বাক্য ব্যয়ে এগুলোর অস্তিত্ব আছে ১০০% স্বীকার করে নিলেন, আর সেটা বুঝি খুব বৈজ্ঞানিক হলো?

একটু চিন্তা করে দেখুন, এগুলোতে বিশ্বাস করা আর তন্ত্র-মন্ত্র, ঝাঁড়-ফুক, যাদু-টোনাতে বিশ্বাস করার মধ্যে কোন পার্থক্য আছে কি?

বেয়াদপ পোলা এর জবাব:
ডিসেম্বর ১০, ২০১১ at ১০:০৩ অপরাহ্ণ
@ব্রাইট স্মাইল্, আমি বলতে চেয়েছি যেহেতু ১৪০০ পুর্বে লিখিত একখানা কিতাব এ লেখা বেহেস্ত , দোযখ, জ্বীন, ফেরেস্তার কথা এগুলা প্রমান করা যাবে না, তাই এগুলা সত্য না মিথ্যা এটা জানার উপায় নাই, তাই কেও যদি বলে মিথ্যা তাইলে এর বিজ্ঞানিক প্রমান দিতে হবে, আর যদি বলে সত্য তাও তাকে প্রমান দিয়ে বলতে হবে। এটাই আমি বলতে চেয়েছি।

ব্রাইট স্মাইল্ এর জবাব:
ডিসেম্বর ১১, ২০১১ at ২:১৫ পূর্বাহ্ণ
@বেয়াদপ পোলা,

> তাই কেও যদি বলে মিথ্যা তাইলে এর বিজ্ঞানিক প্রমান দিতে হবে, আর যদি বলে সত্য তাও তাকে প্রমান দিয়ে বলতে হবে।

আপনার যুক্তির দ্বিতীয় অংশটুকু সত্যি, প্রথম অংশটুকু নয়। যুক্তিটা একটু বুঝার চেষ্টা করুন।

কেউ যদি এসে বলে যে সে একটি পরীকে আকাশে উড়তে দেখেছে, তখন সেটা প্রমান করার দায়িত্ব কার বলে আপনার মনে হয়? আপনি কি মনে করেন অন্য লোক যাদের কাছে এটাকে হাস্যকর মনে হবে (বাস্তবের পরিপ্রেক্ষিতে এটা শুধু হাস্যকরই নয় অবাস্তবও বটে!) তা রা এই কথাটা প্রমান করার প্রয়োজন বোধ করবে? তাদের এমন কি গরজ পরলো যে ঘরের খেয়ে বনের মোষ তাড়াবার মতো বাস্তবিক আজগুবী একটা ঘটনা ঘটেছে কিনা তা প্রমান করার জন্য উঠে পরে লেগে যাবে?

এখন কেউ যদি বলেন যে পরী আকাশে উড়তে দেখার ঘটনাটি যেহেতু কেউ মিথ্যা প্রমান করতে প্যারে নাই তাই ঘটনাটি সত্যি ঘটেছে, এই উদ্ভট দাবীটা আপনার কাছে কেমন মনে হয়? যুক্তির কথা হলো, ঘটনাটি যে প্রত্যক্ষ করেছে, যে মনে করে বা বিশ্বাস করে যে বাস্তবে এটা সম্ভব বা এমনটা ঘটতে পারে তারই কি উচিৎ নয় ঘটনাটি প্রমান করা? ঠান্ডা মাথায় চিন্তা করে দেখুন।

আর কেউ যদি বলেন যে ঘটনার প্রমান-ট্রমানে কোন দরকার নাই, ঘটনাটি বিনা দ্বিধায় মেনে নিয়ে আমি বিশ্বাস স্থাপন করলাম। তা হলেতো ল্যাঠা চুঁকে গেলো, আমারও আর কোন কথা রইলোনা।

11. 19

গোলাপ

ডিসেম্বর ১০, ২০১১ সময়: ৯:১৭ পূর্বাহ্ন লিঙ্ক

সৃষ্টিবাদ একেবারে নগ্নভাবেই ধর্মবাদী।

১০০% সহমত।

@পৃথিবী,
লিখাটি খুব ভাল লাগলো! সময়োপযোগী , তথ্যবহুল।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=9988

ধর্ম বিষয়ে বোকামেয়ের ৬০টি জিজ্ঞাসা

তারিখ: ৬ ভাদ্র ১৪১৭ (আগস্ট ২১, ২০১০)

লিখেছেন: বোকামেয়ে, ঢাকা

কোরআনের বাংলা অনুবাদ, হাদিস ও ইসলাম ধর্মবিষয়ক অনেক বই পড়তে গিয়ে বিভিন্ন জিজ্ঞাসা মাথায় আসে, যার জবাব পাচ্ছি না। এই জিজ্ঞাসাগুলো আমার এক সিনিয়র আপার মাধ্যমে দেশব্যাপী সুপরিচিত আলেমের নিকট পাঠিয়েছিলাম। তিনি আমাকে দেখা করতে বলেছিলেন। আমি লিখিত জিজ্ঞাসার লিখিত জবাব চেয়েছিলাম। আরেক আলেম বলেছিলেন এসব প্রশ্ন করা যাবে না? বিশ্বাস করতে হবে। কিন্তু এ যুগে জিজ্ঞসার জবাব না পেয়ে বিশ্বাস করা মুশকিল। তাই জানার আগ্রহ নিয়ে ষাটটি জিজ্ঞাসা নিম্নে প্রদান করলাম।

১। আল্লার ইচ্ছাতেই যদি সবকিছু হয় তবে মানুষের পাপপূণ্যও তার ইচ্ছাতেই হয়। আল্লার ইচ্ছাতেই যদি মানুষ পাপ-পূণ্য করে তবে মানুষের অপরাধ কোথায়? জন্মের আগেই ভাগ্য নির্ধারিত হলে মানুষের করণীয় কি?

২। আত্মা স্বাধীন নয়। সর্বশক্তিমান আল্লাহ তাকে নিয়ন্ত্রণ করে। তাহলে পরাধীন আত্মার পাপপূণ্যের বিচার কার বিরুদ্ধে হওয়া উচিৎ, নিয়ন্ত্রণকারীর না নিয়ন্ত্রিত ব্যক্তির বিরুদ্ধে?

৩। আল্লাহর ইচ্ছাতেই যদি সব কিছু হয় তবে ফেরেস্তার দরকার কি ? আজরাইলের জান কবজ করতে আল্লাহর কাছ থেকে অনুমতি নিতে যে সময় ব্যয় হয় , সেই সময়ে আল্লাহ নিজেই কাজটি করতে পারেন কিনা?

৪। সূর্যোদয়, সূর্যাস্ত ও মধ্যাহ্ন সর্বত্র স্থির নয়। ঢাকাতে যখন ঠিক সূর্যোদয় তখন মক্কায় রাত্রি , কলকাতায় সুবহে সাদেক। অর্থাৎ এক স্থানের নামাজের জন্য নিষিদ্ধ সময়ে অন্য স্থানে নামাজ পড়া হচ্ছে। তাহলে নামাজের সময় নিষিদ্ধ থাকল কিভাবে?

৫। সূর্যকে ৭০ হাজার ফেরেস্তা পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত টেনে নিয়ে যায় সোনার নৌকায় করে। সূর্য রাত্রে আশের নিচে বসে জিকির করে, পুনরায় ভোরে পূর্বাকাশে দেখা দেয়। অথচ প্রকৃত সত্য যে , পৃথিবীর আহ্নিক গতির কারণেই দিবারাত্র হয় এবং সূর্যের বসে থাকা বলতে কিছু নেই। এ ভুল ব্যাখ্যার কারণ কি?

৬। সূর্যের সাত মুখ নাকি উল্টা দিকে। হাশরের ময়দানে সূর্যের সাত মুখ দেখা যাবে অথচ সূর্য আপন অক্ষের উপর ঘুরছে বলে স ব পিঠই দেখা যায়। তাহলে ধর্মগ্রন্থের বর্ণিত সাতমুখ কোথায় গেল ?

৭। হাওয়া গন্ধম খাওয়াতে গন্ধম গাছের অভিশাপে তার রজস্রাব ও সন্তান প্রসবের কষ্ট হয়। অন্য প্রাণীরা গন্ধম খায় নাই তাহলে একই কষ্ট তাদের কেন হয়? আদম যদি গন্ধম না খাইত তাহলে স্বর্গেই থেকে যেত। তাহলে আল্লাহ বেহেস্ত দোজখ কেন সৃষ্টি করেছিলেন ? আদমের আগেই নাকি হযরত মুহম্মদকে সৃষ্টি করেছেন মানুষকে হেদায়েতের জন্য। আদম গন্ধম না খেলে মুহম্মদের সৃষ্টির প্রয়োজন কেন? তাহলে আদম কি আল্লহর ইচ্ছাতেই গন্ধম খেয়েছে? আদমকে সৃষ্টি করার উদ্দেশ্য পৃথিবীতে মানুষের পদচারণা ঘটানো, তাহলে তাকে স্বর্গে রাখল কেন?

৮। সমাজবিজ্ঞান মতে আদিম মানুষ কথা এবং ভাষা জানত না। কিন্তু ধর্ম মতে আদম কথা বলতে পারত। সমাজবিজ্ঞানের ধর্মবিরোধী প্রচারণা মেনে নিচ্ছেন কেন? প্রতিবাদ করলে তার যুক্তি কি?

৯। ছয় দিনে কিভাবে সবকিছু সৃষ্টি সম্ভব ? সূর্য সৃষ্টির আগে কিভাবে দিন হত বা কাউন্ট হত? পৃথিবীর বাইরে সময় কি? এসব স্পষ্ট বুঝা না গেলে কোরানে লেখা হয়েছে কেন ?

১০। চন্দ্রকে নূরের তৈরি এবং সূর্যকে প্রদীপ বা আগুণ বলা হয়েছে । চন্দ্র নূরের তৈরি নয় এবং সূর্যের পুরো অংশ আগুন নয়। তাহলে কোরানের একথা কিভাবে সত্য হল। [৭১:১৫-১৬; ২৫:৬১] আয়াতে বলা হয়েছে চন্দ্র আলো প্রদান কারী উৎস। বর্তমানে স্পষ্টতই দেখা গিয়েছে চন্দ্রের নিজস্ব আলো নেই। অর্থাৎ চন্দ্র আলোর উৎস নয়। এর ব্যাখ্যা কি?

১১। দিনকে মানুষ সাত ভাগে ভাগ করেছে। যদি ছয় বা আট ভাগে ভাগ করত তাহলে পরের শুক্রবার সাতদিন পর আসত না। তাহলে মানুষের ভাগ করা দিনের এত গুরুত্ব আল্লাহর কাছে কেন ?

১২। সাত আসমানের বর্তমান ব্যাখ্যা কি হবে? [৭৮:১২-১৩] আসমানের তারাগুলোকে সৌন্দর্যতার জন্য সৃষ্টি করা হয়েছে। অথচ তারাগুলোর ব্যবধান কোটি কোটি মাইল এবং পৃথিবী ও সূর্যের চেয়ে লক্ষগুণ বড়ও আছে। শুধু সামান্য শোভা বৃদ্ধির জন্য এত বিশাল সৃষ্টি কে ? [২৩:৮৬;২:২৯; ২৩:১৭; ৬৭:৩ ইত্যাদি]

১৩। আসমান ও জমিনের হিসাবটা কেমন? পৃথিবী গোল হলে এর চার দিকেই মহাবিশ্ব। এই ক্ষুদ্র পৃথিবীটাই কি জমিন? তাহলে আসমান ছাদ হয় কিভাবে?[৭৮ঃ১২-১৩] জমিন ও আসমানের মাঝখানে চন্দ্র, সূর্য, তারকা থাকলে আকাশ কি? আকাশ কি কঠিন পদার্থ? তা না হলে ধরে রাখার কি আছে? [৫০:৬; ৩১:১০; ১৩:২; ৫৫:৭; ২২:৬৫ ইত্যাদি]

১৪। পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে কোরানের ব্যাখ্যা এর বিপরীত কে ? [২১:৩৩, ৩৬:৪, সুরা ইয়াসিন]

১৫। মক্কার ঠিক উপরে আরশ বা বায়তুল মোকাদ্দাছ। যেহেতু পৃথিবী ঘুর্ণায়মা ন ও সূয়ের চারিদিকে ঘুরে এবং সূর্যও তার গ্রহ-উপগ্রহদের নিয়ে দূর লক্ষ্যকে কেন্দ্র করে ঘুরছে তাহলে মক্কার ঠিক উপরে বায়তুল মোকাদ্দাস সব সময় কি করে ঠিক থাকবে ? কোথায় থাকবে?

১৬। দশই রমজান শুক্রবার কেয়ামত। বাংলাদেশে যখন শুক্রবার তখন আরেকিায় শুক্রবার নয়: মক্কায় বাংলাদেশের একদিন বা দুইদিন আগেই দশই রমজান হয়ে থাকে। তাহলে কিয়ামত সর্বত্র কিভাবে দশই রমজান হবে?

১৭। সবেরবাত আরে ও বাংলাদেশে একদিনে হয় না। সবেবরাতের আগের দিন বাংলাদেশ থেকে দ্রুতগামী বিমানে সৌদি আরব গেলে দেখা যাবে সেখানে সবেবরাত একদিন আগেই হয়ে গেছে। তাহলে সে কিভাবে সবে বরাত পালন করবে? উল্টা ঘটলে দুবার সবেবরাত পাবে কে?

১৮। কিছু কিছু দিন বেহেস্তের দরজা খোলা থাকে। ঐ দিনটা সারা পৃথিবীতে একে স্থানে একেদিন হলে বেহেস্তেও দরজা কদিন খোলা থাকবে?

১৯। মেরুতে ছয়মাস দিন ও ছয় মাস রাত থাকে। সেখানে কিভাবে নামাজ রোজা পালন করবে?

২০। কেন বেহেস্থে যাব? আল্লাহর ইচ্ছায়, নবীর সুপারিশে, হোসেনের সুপারিশে নাকী পূণ্যের জোরে ? সীমার কেন বেহেস্তে যাবে? বর্তমান রূপে নামাজ না পড়ে অন্য নবীরা কিভাবে বেহেস্থে যাবে?

২১। আল্লাহ যদি নবীর সুপারিশ গ্রহণ করেন তাহলে নিজের ইচ্ছা পূর্ণ করবেন কিভাবে ? ব্যাখ্যা কি? তাহলে নির্বাহী প্রধান কে?

২২। যারা কোনদিন ইসলামের দাওয়াত পায়নি এবং কোন অপরাধ করেনি তারা কেন বেহেস্তে যাবে না? গোলাম আজম কোন দিন না কোনদিন বেহেস্তে প্রবেশ করবে মুসলিম বলে অথচ মাদার তেরেসা প্রবেশ করবেন না অমুসলিম বলে এটা কি ন্যায় বিচার ?

২৩। বিধর্মী শিশুরা কেন মুসলমান শিশুদের মত বেহেস্ত পাবে না ? শিশুরা নিষ্পাপ নয় কি?

২৪। পুরুষ বেহেস্তে কমপক্ষে ৭০টি হুরী ও তার স্ত্রীকে পাবে এবং নারী বেহেস্তে গোলেমান ও তার স্বামীকে পাবে। তাহলে পুণ্যবান পুরুষের পাপিষ্ঠা স্ত্রী এবং পূণ্যবতী নারীর পাপী স্বামীও কি বেহেস্তে যাবে?

২৫। সব ধর্মই বলে সেই ধর্মপন্থী ছাড়া অন্য কেউ বেহেস্তে যেতে পারবে না এবং সেই ধর্ম বিরোধী প্রশ্ন করা যাবে না। পৃথিবীতে সহস্রাধীক ধর্ম এখনো জীবিত আছে। ইসলামের অনেকগুলো ভাগ আছে। আবার উপভাগও আছে। যেমন আমরা সুন্নী ভাগের হানাফী উপভাগের। আমাদের মতে শুধু হানাফিরাই সঠিক পথে আছেন। এরকম প্রত্যেকের মনোভাব একই। তাহলে অন্য কোন ধর্মও সত্য হতে পারে অথবা মিথ্যা হতে পারে সবগুলোই।

২৬। মানুষের জান খতম করে আজরাইল। তাহলে একজনকে খুন করার অপরাধে কোন ব্যক্তি দায়ী হবে কেন? অথচ খুনের বদলে খুনের কথা কোন কোন নবীও বলেছেন। পাপের শাস্তি যদি পরকালেই হয় তাহলে ইহকালে শাস্তির বিধান কেন? এক অপরাধে শাস্তি দুবার হবে কেন?

২৭। আত্মা বা প্রাণ বা রুহু এবং মন আলাদা জিনিস। মানুষ যা কিছু করে তার জন্য দায়ী মন। তাহলে আত্মার শাস্তি কেন? তাহলে আত্মা ও মন কি এক জিনিস? অজ্ঞনাবস্থায় বা ঘুমন্ত অবস্থায় মনের অস্তিত্ব না থাকলেও প্রাণ থাকে। তাহলে দুটো আলাদা এর ব্যাখ্যা কি?
২৮। কৈ মাছ কাটলেও তার মধ্যে অনেকক্ষণ আত্মা বা প্রাণ থাকে। আবার টিকটিকির লেজ খসে পড়েও নড়াচড়া করে অর্থাৎ প্রাণ আছে। এ লেজে প্রাণ না থাকলে নড়ে কেন? কিছু কিছু গাছের ডাল কেটে বিভিন্ন স্থানে রোপন করলে প্রায় সবগুলোই স্বতন্ত্রভাবে বেঁচে যায়। ক্লোনিং করেও একটি কোষ থেকে প্রাণী সৃষ্টি করা হচ্ছে। তাহলে কি আত্মার বিভক্তি হল ? নাকি নতুন আত্মা আসল ? আত্মা বীজে না এসে ডালে আসল কেন? বা ক্লোনিং শেষে এক আত্মা দুই দেহে প্রবেশ করে কি করে?
২৯। পৃথিবীতে প্রায় ৬শ কোটি মানুষ। রহিমের একটি ভাল কাজের জন্য আল্লাহ খুশি হলেন , ঠিক একই সময়ে করিমের খারাপ কাজে তিনি ক্রুদ্ধ হলেন। একই সময়ে এ দুটো বিপরীতমুখী কাজ কিভাবে সম্ভব।

৩০। বলা হয় আল্লাহ ন্যায়বান ও দযালূ। বিচার ক্ষেত্রে ন্যায় ও দয়ার একত্র সমাবেশ অসম্ভব। তাহলে বিচার কার্যে তিনি একই সময়ে ন্যায়বান ও দয়ালু কিভাবে হবেন ?

৩১। যেহেতু মানুষের পক্ষে চার স্ত্রীর দিকে সমান দৃষ্টি দেয়া সম্ভব নয় , তাহলে এরকম বিধান কেন?

৩২। মুহম্মদের ছয় বছরের শিশু এবং ধর্ম পুত্রবধুসহ এতগুলো (১২-১৪টি) বিবাহের ব্যাখ্যা কি কি? এবং কতটুকু যুক্তিসঙ্গত এবং প্রয়োজন কি ছিল? ইসলামী বিবাহ তালাক ও হিল্লার চেয়ে অনৈসলমিক সভ্য আইনগুলো ভাল নয়কি? কেন?

৩৩। ডাইনোসরসহ বিলুপ্ত প্রাণীদের সম্পর্কে কোরানে কোন তথ্য নেই। এছাড়া বিজ্ঞান আবিস্কৃত প্রাচীন সভ্যতার কথাও লেখা নেই। পৃথিবীর বিভিন্ন দেশ ও তাদের অবস্থান সম্পর্কেও কিছু বলা নেই। কোরানে সেসব কথাই রয়েছে যা তৎকালীন সময়ে আরবের মানুষ জানতো বা অনুমান করতে পারত। এর কারণ কি?

৩৪। হোসেনের পরজয়ের পর হোসেন ও তার বংশধরদের হত্যাকারীরা প্রায় ৬শ বছর রাজত্ব চালায়। এরাই প্রকৃতপক্ষে ইসলামের প্রসার ঘটায়। মুহম্মদের বংশধরদের রক্তে যাদের হাত রঞ্জিত তাদে র হাতে যারা মুসলমান হয়েছে তারা কি প্রকৃত মুসলমান হবে ?

৩৫। মুসলমানদের মধ্যে অনেকগুলো ভাগ ও উপভাগ রয়েছে। এদের মধ্যে কারা প্রকৃত মুসলমান এবং কেন? অন্যরা কি মুসলমান নয় ?

৩৬। কোরান নাকি বিজ্ঞান গ্রন্থ। একে রিসার্চ করে ইসলামী বিজ্ঞানীরা কি কি আবিষ্কার করেছে? রাইট ভ্রাতৃদ্বয় কোরান না জেনেও উড়োজাহাজ কি করে আবিষ্কার করল ?

৩৭। আধুনিক সভ্যতা সৃষ্টিতে মুসলমানদের অবদান খুবই নগণ্য কেন ? এরা বিপথে থাকলে ইহুদী ও খ্রীষ্টানদের অবদান এত বেশ কেন? তারা কি বিপথগামী নয়? বর্তমান পৃথিবীতে মুসলামনদের সংখ্যা মাত্র ২১% খ্রীষ্টান ৩৪ %, নাস্তিক/ ধর্মহীন ২১% এর মত। পৃথিবীর বেশিরভাগ মুসলমান নয়। অমুসলিম মানুষগণ জ্ঞানবিজ্ঞানেও এগিয়ে আছে। এই সংখ্যা গরিষ্ঠ মানুষরাই ভুল পথে আছে তার প্রমাণ কি?

৩৮। কোরানে দাসীদের ভোগ করার অধিকার দেয়া হয়েছে। একাটি ধর্ষণ ও মানবতাবিরোধী নয়? এছাড়া হাদিসে স্ত্রীকে জোর করে সহবাস করার অধিকারের কথা বলা হয়েছে- এটা কি ধর্ষণ নয়? তাহলে নারীর অধিকার কি ক্ষুন্ন করা হয় নাই ?

৩৯। ইসলাম নারীদের ক্ষমতা গ্রহণ মেনে নেয় না কেন? আপনারা নারীদের ভোট দিতে দিচ্ছেন কেন? মেনে নিচ্ছেন কেন? অথচ জননাঙ্গ ছাড়া নারী পুরুষে কোন পার্থক্য নেই একথা সত্য ন য় কি?

৪০। উসমানের ইসলাম বিরোধী কাজের প্রতিবাদ করায় সাহাবা আবুজর গিফরীকে নির্বাসন দেয়া এবং তারা নিজের পছন্দসই কোরান বাদে বাকীগুলিকে পুরিয়ে ফেলার পরও সে কিভাবে আমাদের খলিফা ? এছাড়া আলী বুদ্ধি, কৌশল এবং শেষে পেশিতে মোয়াবিয়ার কাছে পরাস্ত হলেন সে কিভাবে আল্লার তরবারী এবং খলিফা হওয়ার যোগ্যতা রাখেন? এছাড়া আবু বক্কর ও ওমরকে শ্বশুর এবং জামাতা অর্থাৎ আত্মীয়ার বন্ধনে আবদ্ধ করা কি ক্ষমতা টিকিয়ে রাখার কৌশল নয়? চার খলিফাই একই বংশভূক্ত এবং কেউ জামাতা কেউ শ্বশুর এটা স্পষ্টতই পারিবারিককরণ নয় কি?

৪১। বিজ্ঞানীরা টেষ্ট টিউবে বিভিন্ন পদার্থের সংমিশ্রণ ঘটিয়ে ভাইরাস জাতীয় প্রাণী সৃষ্টি করতে সক্ষম হয়েছেন। বিজ্ঞানীরা চলাচল সক্ষম ভাইরাস আত্মা ছাড়া কিভাবে বানালেন? সম্প্রতি কৃত্রিমভাবে তৈরি ডিএনএ মৃত ব্যাক্টিরিয়ার খোলসে প্রবেশ করিয়ে জীবিত করে তুলেছেন বিজ্ঞানীরা। এখানে আত্মা কে বানালো?

৪২। নূহের নৌকায় এত প্রকারের ডাইনোসর , হাতি, সিংহ, বাঘ, গণ্ডার ছাড়াও কোটি কোটি প্রাণী ও বীজ কি করে রাখলেন? না রাখলে এরা বাঁচলো কি করে? সারা পৃথিবী জুড়ে পাহাড়ের সমান উচ্চতার বন্যার পানিগুলো কোথায় গেল?

৪৩। স্ত্রী ছাড়া শয়তানের বংশবৃদ্ধি কিভাবে হচ্ছে ? শয়তানের স্ত্রী নাই অথচ একসাথে ১০টি সন্তান হচেছ কিভাবে? অমুসলিম দেশে শয়তানের অস্তিত্ব নাই কেন ?

৪৪। জ্বিন কোথায়? থাকে অমুসলিম দেশে এর আভাস নাই কেন ?

৪৫। ইমাম মেহেদী এত অস্ত্রের মুখে কেন তরবারী দিয়ে যুদ্ধ করবে এবং ঘোড়ায় করে সংবাদ পাঠাবে।

৪৬। হাতের মুঠোয় পৃথিবী, অথচ সাদ্দাদেও বেহেস্ত পৃথিবীর কোথায় রয়েছে এবং ইমাম মেহেদীর পরবর্তী কালের দানবরা কোথায় লুকিয়ে আছে জানা যাচ্ছে না কেন ?

৪৭। বর্তমানে কোন বুজুর্গ মাজেজা দেখাতে পারছে না কেন ? সঠিক কোন মুসলামান নেই কি ?

৪৮। মানুষ মাটি দিয়ে সৃষ্টি। অন্য প্রাণীরা মাটির সৃষ্টি নয়। অথচ মানুষে র কোষের সাথে অন্য প্রাণীর কোষে প্রচুর মিল রয়েছে। এমনকি গঠন পরিপাক, জনন প্রনালী অনেকটাই এক রমক অর্থাৎ তারা একই ভাবে সৃষ্টি। এর কারণ কি ?

৪৯। ঈমানদারদের চেয়ে বেঈমানদাররা বেশি সৎ কাজ করছেন কেন? আল্লাহর রহমত মুসলমানদের উপর কি করে গেছে? মুসলমানদের সাফল্য এত কম কেন? মুসলমানরা অনেক ক্ষেত্রেই বিধর্মীদের দয়ায় বেঁচে থাকে কেন? তাহলে বিধর্মীরা কি আল্লাহর বেশি প্রিয় হয়ে যাচ্ছে?

৫০। চোর ডাকাতদের রেজেক কে দেয়? যদি আল্লাহই চোর ডাকাতদের রেকেজ এভাবেই দেয় তবে তাদেও করার কি আছে? জারজ সন্তানদের রুহ্ যদি আল্লাহই সৃষ্টি করে থাকেন তাহলে শয়তান এখানে কি করেছে? মানুষের ভাগ্য ও হেদায়েত আল্লাহর হাতে থাকলে শয়তানের গুরুত্ব কি ?

৫১। স্রষ্টা ছাড়া যদি কিছু সৃষ্টি না হয়। অর্থাৎ বলা হয় আল্লাহ না থাকলে এত সৃষ্টি হল কিভাবে এবং সুনিয়ন্ত্রিত হচ্ছে কিভবে? তাহলে স্রষ্টা ছাড়া আল্লাহর নিজের সৃষ্টি কিভবে হল?

৫২। ধর্ম মানুষকে বলে দিচ্ছে এটা ঠিক ওটা বেঠিক, অর্থাৎ মানুষের জীবন যাপনের পথ নির্দিষ্ট করে দিয়েছে। আইনতো বদলায় কিন্তু কোরআন তো কোনভাবেই বদলাবে না? তাহলে কি মানব জাতির বুদ্ধির বিকাশকে বন্ধ করে দেয়া হচ্ছে না ?

৫৩। মানুষকে লোভ দেখিয়ে কোন কাজ করানো বা ভয় দেখিয়ে কোন কাজ করানো অবশ্যই ঠিক নয়। তাহলে বেহেস্ত-দোজখের লোভ বা ভয় দেখিযে তাকে ধর্মের পথে আনানো কি সঠিক?

৫৪। ধর্মগ্রন্থে বলা হয়েছে পৃথিবীর চারদিকে রয়েছে কোহেক্বাফ নামক পর্বত। বর্তমানে পৃথিবীর কোথায় কি আছে সব কিছুই মানুষের জানা। দূর্ভেদ্য সেই কোহেক্বাফ পর্ব ত বর্তমান পৃথিবীতে খুঁজে পাওয়া যাচ্ছে না কেন?

৫৫। মুসলমাদের জন্য কচ্ছপ ও শুকর খাওয়া নিষিদ্ধ । অথচ এদের মাংসের মধ্যে কোন কোন খারাপ উপাদান দেখা যাচ্ছে না বরং প্রায় অন্যান্য খাদ্যোপযোগী মাংসের মতোই। এদের খেতে না দেওয়ার প্রকৃত কারণ কি? তাহলে আল্লাহ এদের সৃষ্টি ই করেছেন কেন?

৫৬। বৃষ্টিপাত নাকি মিকাইল ফেরেস্তা নিয়ন্ত্রন করেন। বৃষ্টিপাতের সিস্টেম আজ মানুষের জানা সেই সিস্টেমে মিকাইল ফেরেস্তার প্রয়োজন কোথায়? মানুষ বর্তমানে কৃত্রিম ভাবেও বৃষ্টি নামাচ্ছে। এটাকি মিকাইল ফেরেস্তার কাজে হস্তক্ষেপের সামিল নয়? তারপরেও তিনি নীরব কেন?

৫৭। মানুষের অনিষ্টকারী এবং অপ্রয়োজনীয় অনেক প্রাণী পৃথিবীতে আছে। যেমন মশা , মছি, বিভিন্ন প্রকার জীবানু ইত্যাদি। এদের সৃষ্টি করার কারণ কি ?

৫৮। ধর্মগ্রন্থে বলা হয়েছে পৃথিবীতে আঠারো হাজার মাখলুকাত আল্লাহ তায়ালা সৃষ্টি করেছেন। ডাইনোসরসহ কিছু প্রাণী বিলুপ্ত হওয়াতে এদের সংখ্যা কমে যাওয়ার কথা। অথচ দেখা যাচ্ছে এক অর্থোপোডা গোত্রই এদের চেয়ে বেশি সংখ্যক মাখলুকাত রয়েছে। অর্থাৎ পৃথিবীতে আঠারো হাজারের অনেক বেশি মাখলোকাত রয়েছে। বাকীরা এল কোথা থেকে?

৫৯। প্রায় সমস্ত ধর্মেই দেখা যাচ্ছে একজন আদিম পিতা ও মাতা রয়েছে। বিভিন্ন ধর্মগ্রন্থে এদের নাম বিভিন্ন। অন্য ধর্ম যদি মিথ্যা হয় তাহলে তারা ইসলাম ধর্মগ্রন্থ আবির্ভাবের পূর্বে আদি পিতামাতার কথা জানল কি করে? বিভিন্ন ধর্মগ্রন্থে স্রষ্টার নাম ভিন্ন কেন?
৬০। মুসা নবীর হাতের লঠির আঘাতে নীল নদের মধ্য দিয়ে পানি শুকিয়ে রাস্তা হয়ে গিয়েছিল। নদীর স্রোত থাকায় এঘটনার প্রভাব ব্যাপকভাবে পরার কথা? পানি উপচে বন্যা হওয়ার কথা। প্রভাব পড়েছিল কি? আবার হযরত মুহম্মদের মেরাজ নিয়ে দুটি মত রয়েছে ? বেশি প্রচলিত মতটি মতে সে সশরীরে মেরাজে গিয়েছিল। এটা সত্যি হতে হলে সারাবিশ্বব্যাপী তাপ, আলো, শৈথ্য, আবহাওয়া আনবিক অবস্থা, বায়ু ইত্যাদির ব্যাপক পরিবর্তন প্রয়োজন যার প্রভাব পৃথিবীতে ব্যাপকভাবে পড়ার কথা অথচ তার যাত্রার কথা সে না বলা পর্যন্ত আর কেউ জানতেও পারে নি। মেরাজ স্বশরীরে কিভাবে সম্ভব?

কমেন্ট

1. Mehedi Hasan

জুলাই ৬, ২০১১ সময়: ১২:৫৫ পূর্বাহ্ণ লিঙ্ক

সূর্যকে আমরা যদি Multi-Dimensional কোন Object চিন্তা করি যার একটা Space আমরা দেখতে পারি। অর্থাৎ, সূর্যের 3-Dimensional projection-ই হয়তো আরা দেখি। সেক্ষেত্রে, সাত মুখ বলতে এগুলই বোঝানো হতে পারে।
ভাল থাকুন।

2. 2

Nafees Sobhan

জুলাই ২৫, ২০১১ সময়: ৩:২৫ অপরাহ্ণ লিঙ্ক

the writing is very much interesting. does general bangladeshi muslim people have the courage to question like these to their religious leader to get the answers?
at first we have to change the minds, to change the minds we have to literate the population, so as they become courageous to ask.

3. 3

মাসুদ রানা

আগস্ট ১৩, ২০১১ সময়: ৯:৩০ পূর্বাহ্ণ লিঙ্ক

প্রশ্নগুলো ভাল

4. 4

রুমন

সেপ্টেম্বর ১৬, ২০১১ সময়: ৪:৪৪ অপরাহ্ণ লিঙ্ক

আমার কিছু প্রশ্ন ছিল, লিস্টে পেলাম না তাই এডাইয়ে দিলাম...
মৃত্যুর পর হিসাব নিকাশের পর বেহেশত দোযখ বরাদ্দ হবে , তাহলে কবরের আযাব কি জিনিশ? ঐখানে কিসের বেসিসে পানিশম্যান্ট দেয়া হবে? যদি মৃত্যুর পরপরি কাউকে বেহশত এর সুখ আর দোযখের কষ্ট ভোগ করান শুরু হয়ে যায় তাহলে শেষবিচারের দরকার টা কি?
পাপীরা পুলসেরাতের উপর দিয়ে যেতে পারবেনা , কিন্তু আমার কথা হল, আল্লহ বিচারের পর আমাদের ধরে দোযখ আর বেহেশত এ পাঠিয়ে দিলেই ত হয়, পুলসেরাতের আইডিয়াটা কেন ?

শব ই বরাতের রাতে শয়তান কে আল্লাহ আটকে রাখেন। তাহলে কি ঐ রাতে দুনিয়াতে কোন খারাপ কাজ হয় না কি?

*আকাশ মালিক*এর জবাব:
জুন ৩, ২০১২ at ৬:২১ অপরাহ্ণ
@রুমন,

মৃত্যুর পর হিসাব নিকাশের পর বেহেশত দোযখ বরাদ্দ হবে , তাহলে কবরের আযাব কি জিনিশ? ঐখানে কিসের বেসিসে পানিশম্যান্ট দেয়া হবে? যদি মৃত্যুর পরপরি কাউকে বেহশত এর সুখ আর দোযখের কষ্ট ভোগ করান শুরু হয়ে যায় তাহলে শেষবিচারের দরকার টা কি? পাপীরা পুলসেরাতের উপর দিয়ে যেতে পারবেনা, কিন্তু আমার কথা হল, আল্লহ বিচারের পর আমাদের ধরে দোযখ আর বেহেশত এ পাঠিয়ে দিলেই ত হয়, পুলসেরাতের আইডিয়াটা কেন?

মুহাম্মদের ভাষা জ্ঞান দূর্বল হলেও তিনি ভাল গল্পকার নাট্যকার ছিলেন - কোরানের এই সুরার শেষের দিকটা পড়েন।
আর এখানে দেখুন তার গল্প শোনার শ্রোতারা কেমন বুদ্ধিমান ছিলেন।

The Foot of Allaah:

Translation of Sahih Bukhari, Volume 6, Book 60, Number 373:
Narrated Abu Huraira:
The Prophet said, "Paradise and the Fire (Hell) argued, and the Fire (Hell) said, "I have been given the privilege of receiving the arrogant and the tyrants.' Paradise said, 'What is the matter with me? Why do only the weak and the humble among the people enter me?' On that, Allah said to Paradise. 'You are My Mercy which I bestow on whoever I wish of my servants.' Then Allah said to the (Hell) Fire, 'You are my (means of) punishment by which I punish whoever I wish of my slaves. And each of you will have its fill.' As for the Fire (Hell), it will not be filled till Allah puts His Foot over it whereupon it will say, 'Qati! Qati!' At that time it will be filled, and its different parts will come closer to each other; and Allah will not wrong any of His created beings. As regards Paradise, Allah will create a new creation to fill it with.
Sahih Bukhari.Volume 3, Book 43, Number 620
Sahih Bukhari.Volume 9, Book 93, Number 532

5. 5

Shohayel

অক্টোবর ৭, ২০১১ সময়: ২:১০ অপরাহ্ণ লিঙ্ক

I request you to read the Quran which can answers your all questions.

পলাশ এর জবাব:

এপ্রিল ২১, ২০১২ at ৪:২৬ অপরাহ্ণ

প্রশ্নগুলো ভাল

6. 6

মুনির উদ্দিন আহমেদ

ডিসেম্বর ৪, ২০১১ সময়: ১১:১২ পূর্বাহ্ণ লিঙ্ক

বোকা মেয়ে খোলা মন নিয়ে উত্তর খুজলে উনি নিজে নিজে পেয়ে যাবেন , এই ইণ্টারনেট , গুগল এর যুগে। এর জন্য উনাকে ধর্ম বিরোধী আর ধর্মের পক্ষের লেখাই খোলা মনে পড়তে হবে।



মেহেদী এর জবাব:

ফেব্রুয়ারি ২০, ২০১২ at ৩:৪৩ অপরাহ্ণ

@মুনির উদ্দিন আহমেদ, ভাই অনেক খুজছি পাই নাই ....। দয়া কইরে আর্টিকেলের 22 নাম্বার প্রশ্নটার উত্তর গুগল এ সার্চ মাইরা আমারে লিঙ্ক দেন

বাদল এর জবাব:

ফেব্রুয়ারি ২২, ২০১২ at ১২:১৯ অপরাহ্ণ

@মেহেদী, http://www.somewhereinblog.net/blog/babuks/29240999



মেহেদী এর জবাব:

ফেব্রুয়ারি ২৪, ২০১২ at ৪:১৪ অপরাহ্ণ

@বাদল,ভাই হাসবো না কাদবো বুঝতে পারতেছিনা । যেই লিঙ্কটা দিছেন তার নিচের কমেন্ট গুলা একটু দেখেন ।

7. 7

শিশির

ডিসেম্বর ১৮, ২০১১ সময়: ৫:৪৭ অপরাহ্ণ লিঙ্ক

বুঝলাম না, মন্তব্য দেখাচ্ছে ৬ টি কিন্তু লেখা আছে ২৬৪ টি মন্তব্য!!! বাকি মন্তব্যগুলো কোথায় গেল?

8. 8

প্রিতম

জানুয়ারি ১৭, ২০১২ সময়: ৭:৪২ অপরাহ্ণ লিঙ্ক

আজাইরা পোস্ট, পয়সা খাইয়া নাস্তিকতা, মানুষ দলে দলে ইসলাম গ্রহণ করছে আর ইনি আইছেন নাস্তিকতা প্রচার করতে।

Himu এর জবাব:
ফেব্রুয়ারি ১৮, ২০১৩ at ৮:২৪ অপরাহ্ণ
manusher bibek dharona ekhn eto ta shadhin hote hote aj tara nastiker cheye odhom…. tara ekhn tader keo bishash kore kina seta o doubt ase….. aj manusher jibone tar nijer kormer fole tara nijerai vog kore…. r dhormo ek jinish ja ondho bishwas….. manush jemon opor manush ke valobashe tar ke proman ase??? keno valobashe???? sob kisur uttor ke manusher kase ase??? kisu kotha odrissho hoye thake…. ja dekha jaina….. bishwash korte hoi…. sei bishwasher maddhome tar onk apon hoi

পরবর্তীতে বাঙরেজি কিংবা ইংরেজি মন্তব্য প্রকাশ করা হবে না।
-মুক্তমনা মডারেটর

9. 9

মেহেদী
ফেব্রুয়ারি ২০, ২০১২ সময়: ৩:৪০ অপরাহ্ণ লিঙ্ক

প্রশ্নগুলোর জন্য ধন্যবাদ …..এই প্রশ্নগুলো অনেকদিন ধরেই আমার মাথায় ও ঘুরছিল ।…….আস্তিকদের কাছে এই প্রশ্নগুলা করে করে যে টাইপের উত্তরগুলা পেয়েছি -
1. আল্লাহ সব জানেন তুমি জানোনা - আমার কথা হল যা আমরা জানি ই না তার জন্য ক্যানো আমাদের শাস্তি হবে …:O
2. ধর্মগ্রন্থ পড়ে দেখ সব উত্তর আছে - পড়ছি । কোনও উত্তর পাই নাই । আপনি পইরে উত্তর জেনে থাকলে জানান …কেউ ই জানায় নাই :|

10. 10

নীল

মার্চ ১০, ২০১২ সময়: ৭:২৬ অপরাহ্ণ লিঙ্ক

মহান আল্লাহ্‌ কুরাআন শরীফে নিজের এত প্রশংসা করেছেন কেন ? উনিএ তো বলেছেন অহংকার করা ঠিক নয়। উনি মানুষ কে শুধু ভাল কাজ করার জন্য সৃষ্টি করলেই পারতেন , তাহলেই তো বোঝা যায় বান্দা উনার কথা মত কাজ করছে কিনা। উনার ইবাদাত এর জন্য সৃষ্টি করলেন কেন ? আমরা উনার ইবাদাত করলে উনার কি লাভ?

নাদিম এর জবাব:
সেপ্টেম্বর ৫, ২০১২ at ১২:৩৮ অপরাহ্ণ
@নীল, আপনি কি মুসলমান না অমুসলিম প্রথমে তা জানা দরকার , যদি মুসলমান হয়ে থাকেন তাহলে আল্লাহকে নিয়ে প্রশ্ন করার দুঃসাহস কোথায় পেলেন?। আর যদি অমুসলিম হয়ে থাকেন থাহলে শুনুন আল্লাহ একমাত্র সেই সত্তা যিনি নিজের প্রশংসা করতে পারেন এটা অহঙ্কার নয় ! কারণ তিনি সমস্ত জাহানের প্রতিপালক, যদি তিনি নিজের প্রশংসা না করেন তবে কে করবে? আর এটা বাস্তব সত্য যে যদি কোন মানুষ নিজে কিছু তৈরি করে তবে
সে জিনিস নিয়ে সবার কাছে নিজের গৌ্রব দেখাতে থাকে, আপনি নিজেও তো এর ব্যতিক্রম নয়। আর তিনি তো নিখিল ধরণীর পালনকারী, তবে তিনি কেন নিজের প্রশংসা করতে পারেন না? আপনি আরও জানতে চেয়েছেন যে আল্লাহ আমাদেরকে উনার ইবাদতের জন্য সৃষ্টি করলেন কেন ? উত্তরঃ প্রথমেই আপনাকে বলতে চাই এটা হয়তো আপনার জানা নয় যে আল্লাহ কুন(হও) ফায়াকুন(তা হয়ে জায়) এর মালিক অর্থাৎ যদি আল্লাহ ভাল কাজের জন্য সৃষ্টি করতেন তবে মানুষ ভাল কাজ ছাড়া মন্দ কাজ করত না আর তাতে বোঝা যেতনা যে, বান্দা আল্লাহর আদেশ পালন করছে কি করছেনা।তাই আল্লাহ মানুষকে ভালোর সাথে সাথে মন্দ গুণ দিয়েছেন। আশা করি আপনার উত্তর পেয়ে গেছেন।

জহুরুল হক এর জবাব:
নভেম্বর ৩০, ২০১২ at ৬:১৯ পূর্বাহ্ণ
মুসলমান হলেই অন্ধের মত যা শুনব তাই বিশ্বাস করতে হবে ? মনে প্রশ্ন আসতেই পারে, প্রশ্ন আসাটা কি খুবই দোষনীয়? আমার তো মনে হয় প্রশ্নের উত্তর দিতে না পারাটাই দোষের। যখন মোল্লারা প্রশ্নের জবাব দিতে পারে না তখন বলে, এই চুপ চুপ, আল্লা নিয়ে কোন প্রশ্ন করবি না। কঠিন গুনাহ হবে।

অর্ফিউস এর জবাব:

ফেব্রুয়ারি ১৮, ২০১৩ at ৯:৩৬ অপরাহ্ণ

@নাি দম,

যদি মুসলমান হয়ে থাকেন তাহলে আল্লাহকে নিয়ে প্রশ্ন করার দুঃসাহস কোথায় পেলেন?

কি দুর্দৈব!

11. 11

manchu

মে ৫, ২০১২ সময়: ১০:০৪ পূর্বাহ্ণ লিঙ্ক

12. 12

সোহরাব মিলন

মে ২৪, ২০১২ সময়: ৯:৫৫ পূর্বাহ্ণ লিঙ্ক

নিশ্চিত থাকুন শুধু আপনার নয় , মানুষের সব প্রশ্নের জবাব ইসলামে আছে। যা আপনি খোলা মন নিয়ে খুঁজলে ইন্টার্নেটেই পেয়ে যাবেন। কিন্তু নাকি অনেকেই পায় নি। তাই আমি আপনাদের সুবিধার্তে খুব শীঘ্রই প্রশ্ন গুলোর উত্তর দেবো। আশা করি তখন আপনার ভুল বুঝতে পারবেন।

পার্থ এর জবাব:

জুন ১৩, ২০১২ at ১১:১৩ অপরাহ্ণ

আপনি যে জবাব দেবেন সেটি দয়া করে শিশুদের নাগালের বাইরে রাখবেন।

13. 13

Suman

জুন ৩, ২০১২ সময়: ১:০১ অপরাহ্ণ লিঙ্ক

যিনি এই ৬০ টি প্রশ্ন করেছেন তাবে বিশেষ ভাবে ধন্যবাদ জানাই। এই রূপ প্রশ্ন করাই হলো প্রকৃত মানুষের লক্ষণ। যাদের মধ্যে এই প্রশ্নের উদয় হয়েছে তারা সাধারণ মানুষ অপেক্ষা বুদ্ধিমান। কেননা বিশ্বাস কখনো সত্য নয়। যে কোন সময় বিশ্বাস পরিবতর্ন হতে পারে। তাই বিশ্বাসের কোন মূল্যই নেই। এখানে যে প্রশ্ন গুলো করা হয়েছে তার সব প্রশ্নেই জবাব রয়েছে। কিন্তু আপনি ভূল জায়গায় উত্তর খুজছেন। একমাত্র বৈদিক শাস্ত্র গুলোতে এর সব প্রশ্নের যথাযথর্ উত্তর পাবেন। অবশ্য কুরানেই কিছু প্রশ্নের উত্তর য়েছে। তবে সব প্রশ্রের উত্তরের জন্য আপনাকে বৈদিক শাস্ত্রে কাছে যেতে হবে। আপনার সব প্রশ্নে উত্তর গুলি দেয়ার ইচ্ছা আমার রয়েছে। সময় বের করে এর উত্তর দিন।
ধন্যবাদ

অচেনা এর জবাব:

জুলাই ২৭, ২০১২ at ৭:৩৬ অপরাহ্ণ

@Suman,

একমাত্র বৈদিক শাস্ত্র গুলোতে এর সব প্রশ্নের যথাযথর্ উত্তর পাবেন।

ভাইজান/দাদা, বৈদিক সাহিত্যের মধ্যে আমি শুধু মাত্র ঋগ্বেদের মন্ত্র মানে সংহিতা অংশটা পড়েছি।কই আমি তো তেমন কোন উত্তর পেলাম না!**মন্ত্রে তো খালি খাই খাই ভাব! খালি দেবতাদের উদ্দেশ্যে এইটা দাও, ঐটা দাও।আমাদের দাও, ওদের দিও না!** ভাল যন্ত্রনা!

14. 14

ami muslim

জুন ৮, ২০১২ সময়: ১০:৫৭ অপরাহ্ণলিঙ্ক

আরে আহাম্মক,তোরা আল্লাহর ক্ষমতা নিয়া প্রশ্ন করছিস,অথচ আল্লাহ তোদেরকে শুক্রাণু থেকে সৃষ্টি করেছেন। সমস্ত প্রশ্নের জবাব আজরাঈলকে দেখার সাথে সাথে মিলে যাবে। কিন্তু তখন আর সময় থাকবে না

*অচেনা*এর জবাব:

জুলাই ২৭, ২০১২ at ৭:২৮ অপরাহ্ণ

@ami muslim,

আরে আহাম্মক,তোরা আল্লাহর ক্ষমতা নিয়া প্রশ্ন করছিস,অথচ আল্লাহ তোদেরকে শুক্রাণু থেকে সৃষ্টি করেছেন। সমস্ত প্রশ্নের জবাব আজরাঈলকে দেখার সাথে সাথে মিলে যাবে। কিন্তু তখন আর সময় থাকবে না

আল্লাহুম্মা আমীন। একটু আজরাইল বেটারে আসতে কন বস। মানুষ দেখতে দেখতে ক্লান্ত হয়া পড়সি , এইবার ইট্টু ফেরেশতা দেখনের বড়ই শখ চাপসে।



*আকাশ*এর জবাব:

সেপ্টেম্বর ৬, ২০১২ at ৩:১৪ পূর্বাহ্ণ

@ami muslim, মানুষ সৃষ্টি করতে একমাত্র ডিম্বাণুই যথেষ্ট । শুক্রাণু ছাড়া মানুষ তৈরি সম্ভব ।

*অর্ফিউস*এর জবাব:

ফেব্রুয়ারি ১৮, ২০১৩ at ৯:৪১ অপরাহ্ণ

@ami muslim, সত্যি তো, এই জিনিস তো আগে বুঝিনাই। তা ভাইজান আজরাইল আসার আগে কষ্ট করে একটু বইলা দিয়েন, তৌবা করে আল্লাহর রাস্তায় ফিরা আসব, ইনশাল্লাহ।

15. 15

সমীর চন্দ্র বর্মা ।

জুন ২৩, ২০১২ সময়: ১০:৪৯ পূর্বাহ্ণ লিঙ্ক

অনেক ভাল প্রশ্ন । এখানে কিছু অন্ধবিশ্বাসী কমেন্ট করছেন । তাদেরকে বলছি মুক্তমনায় যা কিছু বলবেন যুক্তি দিয়ে বলবেন । কারন আপনাদের মত বোকার জন্য আজ দেশের এই অবস্থা । ধর্মের নাম দিয়ে আপনারা রাজনীতি করেন , সেই নেতারা যখন তখন খুন খারাবি করছেন । ৫ ওয়াক্ত নামাজ পরছে আর নামাজ শেষে তলয়ার নিয়ে চলে যাচ্ছে রাস্তায় । এমিনিতেই তো একটা অন্ধ কুসংস্কার এর পেছনে বসবাস করছেন , তার উপর আবার সেই অন্ধ বিশ্বাস দিয়ে নানা রকম অকাজ কুকাজ করে বেরাচ্ছেন ।

আর বোকা মেয়ের মত কিছু মানুষ এরকম পোস্ট করলে মাথায় আগুন লাগে তাইনা ?

16. 16

স্বপ্ন

জুলাই ১৬, ২০১২ সময়: ১:৪৯ পূর্বাহ্ণ লিঙ্ক

অসাধারন জিজ্ঞাসা আপনার। লেখাটা পড়ে খুবই ভালো লাগলো । আপনার এই অনুসন্ধিৎসু মন আপনাকে আরও জ্ঞানের আলোয় উদ্ভাসিত করুক এই কামনা করি।

17. 17

রায়হান হোসেন রানা

জুলাই ২৭, ২০১২ সময়: ৯:৫৩ পূর্বাহ্ণ লিঙ্ক

এই সব গুলা প্রশ্নের উত্তর দিতে পারে সূফীবাদ ইসলাম।
আমাদের ইসলাম সত্য। কিন্তু কিছু লুকের জন্য আমাদের ইসলামের এই দশা ,
আপনি এই সবগুলা প্রশ্নের জবাব পাবেন, কিন্তু তার জন্য কোন নামদারি আলেমএর কাছে না, সত্যি কারি আওলিয়ার কাছে জান, সব জানতে পারবেন।

*ভবঘুরে*এর জবাব:
জুলাই ২৭, ২০১২ at ১১:৩৩ পূর্বাহ্ণ
@রায়হান হোসেন রানা,

এই সব গুলা প্রশ্নের উত্তর দিতে পারে সূফীবাদ ইসলাম।

কোরান হাদিস মোতাবেক সুফিবাদ কোন ইসলাম না। আওলিয়ারা সব ভন্ড ও কাফির। আপনি কোরান হাদিস পড়েন নি, বোঝাই যায় আপনার কথা শুনে। এভাবে না জেনে আর কতকাল আপনারা মন্তব্য করবেন ?



*রায়হান হোসেন রানা*এর জবাব:
জুলাই ২৭, ২০১২ at ৫:৫০ অপরাহ্ণ
@ভবঘুরে, সূফীবাদ ইসলামে নাই, কথা সত্যি। কিন্তু সুফিবাদ অর্থ কি আপনি জানেন??? স্রষ্টাকে ,সৃষ্টির সাথে মিলিয়ে দেওয়াই হল সুফিবাদের একমাত্র সংজ্ঞা ।কিন্তু আমাদের সমাজে এতাকে ইস্লামের সাথে জরিয়ে রাখা হয়েছে, তাই আমি সুফিবাদ ইসলাম বলছি। তবে ,আমি মনে করি, এই প্রশ্ন গুলার সঠিক উত্তর কেবলমাত্র পির-আওলিয়ার কাছেই পাওয়া সম্ভব।

18. 18

MAHNK

আগস্ট ১৬, ২০১২ সময়: ৭:০৬ পূর্বাহ্ন লিঙ্ক

আমি আমার ক্ষুদ্র জ্ঞানে আপনার প্রশ্নের জবাব দিতে চেষ্টা করছি। জা নি না আপনাদের মনে ধরবে কি না…।

১। আল্লাহর ইচ্ছাতে সব কিছু হয় , কথাটা আপেক্ষিক। দুনিয়ার তাবত বস্তু বা জীবের ক্ষেত্রে কথাটা সত্য কিন্তু মানব জাতির ক্ষেত্রে কথাটা এক্টু ভিন্ন। মানুষকে চিন্তা করার জন্য উন্নত মস্তিস্ক দান করা হয়েছে। মানুষকে ভাল-মন্দ বিচার করার স্বাধীনতা দেয়া হয়েছে। এখানে মানুষের জন্য পরীক্ষার বিষয়। এর দ্বারাই মানব জাতির বিচার করা হবে। আর জন্মের আগে মানুষের অবস্থা নির্ধারিত হয় , যেমনঃ সে ধনি হবে না গরিব হবে কিন্তু সে পৃথিবীতে এসে ভাল কাজ করবে না খারাপ কাজ করবে তা তার নিজের ওপর নির্ভর করে।

২। আত্মা স্বাধীন নয় বলতে বুঝায় আত্মা যাই করুক না কেন তাকে তার নির্দিষ্ট গন্তব্যে একদিন পৌছাতেই হবে।
ঘুড়ি আকাশে তার স্বাধীন মত উড়তে পারে কিন্তু সুতা ঘুড়ির মালিকের হাতেই থাকে। আর আল্লাহ নিয়ন্ত্রণ করেন বলতে আল্লাহ তার পরিপার্শ্বিক অবস্থা নিয়ন্ত্রণ করেন, যেমনঃ পানি, বাতাস, খাদ্য, আয়ুস্কাল ইত্যাদি।
৩। আল্লাহ নিজেই সব করতে পারেন এবং করেনও। ফেরেস্তারা তারই তৈরি। তারা তা ই করে আল্লাহ তাদের যা আদেশ করেন। আল্লাহ এই পৃথিবীর পরিচালক , তার মর্যাদা অসীম। আল্লাহ তার প্রভুত্ব বজায় রাখতে ফেরেশতা তৈরি করেছেন।
(দেশের প্রধানমন্ত্রী নিজেই অনেক কাজ করতে পারেন কিন্তু তারও অধিনস্ত লোকের অভাব নেই, কারন তার সম্মান অনেক।)
আজরাইল যেই সময়ের মধ্যে আল্লাহর কাছে অনুমতি নিয়ে জান কবজ করে , আপনি আপনার চোখের পলক ফেলতে ও এর চেয়ে বেশি সময় নেন।
৪। একই সময়ে পৃথিবীর সর্বত্র নামাজের সময় নিসিদ্ধ হতে পারে না। প্র তিটি মুহূর্তে কোথাও না কোথাও নামাজ পরা হয় বা আল্লাহর নাম নেয়া হয়। আর যে দিন তা হবে না সে দিন ই কেয়াময় হবে।

৫। এটা কোথায় বলা হইসে উল্লেখ করলে ভাল হত।

৬। বিজ্ঞান দ্বারা স্বীকৃত যে এখনও সূর্যের সবদিক দেখা সম্ভব হয় নি। তাই আপনার কথা পুরপুরি গ্রহন যোগ্য না।

৭। হাওয়া একবার গন্ধম খাওয়াতে তার এরুপ হয়েছে, কারন তা জান্নাতি খাবার ছিলো না, যা ছিল পৃথিবীর খাবারের ন্যায়। আর অন্যরা প্রতিদিনই পৃথিবীর খাবার খাচ্ছে। তো তাদের কষ্টটা এজন্য করতে হয়।
আল্লাহ সবকিছুতে আনুষ্ঠানিকতা পছন্দ করেন। সরাসরি দুনিয়াতে পাঠালে তার কোন তাৎপ র্য থাকতো না।
৮। সমাজ বিজ্ঞানের অনেক কিছুই আমাদের ধর্মের সাথে যায় না। ধর্ম যা জানে সমাজ বিজ্ঞান তা জানে না কারন ধর্ম সৃষ্টিকর্তা হতে এসেছে আর সমাজ বিজ্ঞান মানুষের তৈরি মতবাদ।

৯। যিনি অসীম ক্ষমতার অধিকারী তার দ্বারা সব ই সম্ভব। ৬ দিন না , তিনি চাইলে এক মুহুরতেই সম্ভব। সূর্য না থাকলে সময় কাউন্ট হবে না এই কথার কোন অর্থ আমার কাছে নাই।

*জহুরুল হক*এর জবাব:
নভেম্বর ৩০, ২০১২ at ৬:৪৭ পূর্বাহ্ন
@MAHNK, ধর্ম সৃষ্টিকর্তা হতে যদি এসে থাকে তাহলে এতগুলো ধর্ম কেন ? তাঁর যখন যে ধর্ম বানাবার শখ হয়েছে তখন সেই ধর্ম বানিয়েছেন আর তাঁর নিজের বানানো অন্য ধর্ম গুলোকে হারাম করে দিয়েছেন? ইসলাম ধর্মে বলেছেন মুসলমান ছাড়া আর কেউ বেহেস্তে যেতে পারবেনা আবার হিন্দু ধর্মে বলেছেন হিন্দু ছাড়া বাকীরা সব নরকে যাবে। কোনটা ঠিক? ধর্ম যে বিভিন্ন যুগে বিভিন্ন মানুষে লিখেছে তা পরিষ্কার বোঝা যায় আর তা বুঝতে হলে ধর্মান্ধতা ছেড়ে দিয়ে মুক্ত মনে চিন্তা করুন।

*MAHNK*এর জবাব:
ডিসেম্বর ৭, ২০১২ at ৯:৪০ অপরাহ্ণ
@জহুরুল হক,

ধর্ম একটাই। তা হল ইসলাম। বাকি গুলু মানুসের তইরি

*জহুরুল হক*এর জবাব:

ডিসেম্বর ২৭, ২০১২ at ৩:৩৪ পূর্বাহ্ণ

@MAHNK, আপনি যদি মুসলমানের সন্তান না হতেন তাহলেও কি তাই বলতেন ? আপনি জন বা গ্রেগরী বা স্যামুয়েল হলে বলতেন খ্রিষ্টান ধর্ম আল্লার তৈরি , আর বাকী সব ধর্ম মানুষের তৈরি - তাই না? অন্য ধর্মের বইগুলো যদি একটু মন দিয়ে পড়েন তাহলে দেখতে পাবেন কোরআনের চেয়ে যেসব ধর্মগ্রন্থ গুলো পুরাতন সেগুলোতেও কোরআনের কথাই লেখা আছে। বাইবেল পড়ে দেখুন - সেখানে লেখা আছে আল্লার একত্বের কথা, আদম-হাওয়ার কথা, বিবাহের কথা, পশু জবাই করার কথা। আপনার কথামত ইসলাম ছাড়া বাকী ধর্মগুলো যদি মানুষের তৈরি হয়ে থাকে তাহলে কি আল্লা মানুষের তৈরি ধর্মকে নকল করে ইসলাম ধর্ম বানিয়েছেন ? মানুষের লেখা বাইবেল, গীতার কথা আল্লার লেখা কোরআনের বাণীর সাথে মিলে যায়, তাহলে কি মানুষের লেখা বই নকল করে কোরআন লেখা হল?



*Niloy*এর জবাব:

ডিসেম্বর ১৫, ২০১২ at ৩:৪৫ অপরাহ্ণ

@MAHNK, আল্লহ সময় কে সৃষ্টি করলেন কোন সময়ে ? স্থান কে সৃষ্টি করলেন কোন স্থানে থেকে ?



*Niloy*এর জবাব:

ডিসেম্বর ১৫, ২০১২ at ৪:০২ অপরাহ্ণ

@MAHNK, 'নিশ্চিতই যারা কাফের হয়েছে তাদেরকে আপনি ভয় প্রদর্শন করুন আর নাই করুন তাতে কিছুই আসে যায় না, তারা ঈমান আনবে না। আল্লাহ তাদের অন্তকরণ এবং তাদের কানসমূহ বন্ধ করে দিয়েছেন, আর তাদের চোখসমূহ পর্দায় ঢেকে দিয়েছেন। আর তাদের জন্য রয়েছে কঠোর শাস্তি।'-(সূরা আল বাক্বারাহ -06/07)

যদি আল্লাহই কাফেরদের অন্তকরণ এবং তাদের কানসমূহ বন্ধ করে দিয়ে থাকেন , আর তাদের চোখসমূহ পর্দায় ঢেকে দিয়ে থাকেন তাহলে তাদের দোষ কি ? তাদেরকে কঠোর শাস্তি দেয়ার যুক্তি কি ?

19. 19

ড্যামরাইট

আগস্ট ২৫, ২০১২ সময়: ২:৫৯ অপরাহ্ণ লিঙ্ক

বোকা মেয়ে , তুমি তো বোকা নও । তুমি আসলে সত্যিকারের বুদিধমতী । তোমার প্রশন জাল ছিড়ে ফেলুক সমসত অঙগানতার অনধকার ।
বিঃ দ্রঃ অভ্র দিয়ে বাংলা লিখতে অসুবিধা হয় ।

20. 20

আকাশ

সেপ্টেম্বর ৬, ২০১২ সময়: ৩:১৭ পূর্বাহ্ণ লিঙ্ক

(Y

1. কুরআনের শিক্ষার্থী

সেপ্টেম্বর ২৬, ২০১২ সময়: ১২:২৯ পূর্বাহ্ণ লিঙ্ক

২২ নং প্রশ্নের উত্তর হল যারা ইসলামের দাওয়াত পায়নি তাদের শাস্তি হবে না (১৭:১৫)।

*জহুরুল হক*এর জবাব:
নভেম্বর ৩০, ২০১২ at ৬:৩৭ পূর্বাহ্ণ
@কুরআনের শিক্ষার্থী, বাঃ তাদের কি মজা, তারা ইচ্ছামত জেনা করবে মদ পান করবে অথচ আল্লার ইসলামের দাওয়াত পায়নি বলে তাদের কোন সাজা হবে না!! আমি যে কেন দাওয়াত পেতে গেলাম ?

আসলে দাওয়াত পাইনি। বাপ মা মুসলমান ছিল বলেই জন্মসুত্রে মুসলমান হয়ে গেছি।
আপনারা বলতে পারেন কতজন জন্মসুত্রে মুসলমান না হয়ে নিজে নিজে মুসলমান হয়েছেন ?
আপনার বাবা নগেন পাল হলে আপনি হতেন খগেন পাল জাতীয় কিছু একটা - তাই না?

2. 22

তারা

অক্টোবর ১১, ২০১২ সময়: ৮:০৩ অপরাহ্ণ লিঙ্ক

ভবঘুরে ভাই এর ব্লগ পরেন বোকা মেয়ে

3. 23

মোঃ কামাল

অক্টোবর ১৯, ২০১২ সময়: ৭:৩৯ পূর্বাহ্ণ লিঙ্ক

সন্মানি লেখক,
আপনার উপর আল্লাহর রহমত বর্ষিত হউক। আপনার প্রশ্নগুলো আপনারই ভিন্ন চিন্তার ফসল। একটি দূরবীন দিয়ে দূরের বস্তুকে কাছে দেখা যায়। আ র যদি তা উল্টো করে দেখি তবে কাছের বস্তুকে দূরে দেখা যাবে। আপনার পরিবেশ, আপনার শিক্ষা, আপনার ধ্যান এবং আপনার জ্ঞান আপনাকে এমন এক অবস্থানে নিয়ে গেছে যেখান থেকে আপনি আর সহজ এবং সত্য উপলব্দি আপনার আসবে কিনা সন্দেহ। আপনার মত অনেকই আছেন যারা তথাকথিত মুক্তমনা সমা জে বসবাস করছেন আর সময় নষ্ট করে ইসলামের বিরুদ্ধে কলম ধরেছেন। একাজ করে আপনারা একধরনের আনন্দ ,বাহবা, পাচ্ছেন। আমি একজন নতুন পাঠক। আপনাদের লেখা আমার মন মস্তিস্ককে এমনই বিগড়ে দিচ্ছে যে...............
মাপ করবেন। আমাকে মুক্তমনার দলে ফেলবেন না আমি জানি। তবে মুক্ত মনে ই আমি আপনাদের লেখার বিপক্ষে অবস্থান নিচ্ছি। আপনাদের মত বিলাসি জীবন যাপন করে নিজ ধর্মের অথবা অন্য ধর্মের ভূল খোজায় নিজেকে আত্মনিয়োগ করে নিজেকে মুক্তমনা পরিচয় যে আত্মতৃপ্তির ঢেকুর তুলছেন তা যে কতটা ভয়বহ ধর্মীয় দৃষ্টিতে তা আপনাদের জানা আছে। আপনাদের মেধার প্রশংসা না

করে পারি না। আপনাদের সব লেখা তুলনা করলে বলা যায় ~ **Religion without faith.** Dear writer, you must engage yourself in revealing the truth. Not criticize. It is not a good work. From today I will try to find out the answers of the questions one by one. Pls mail me. May Allah give you the necessary insight to understand HIM and HIS mystery of creation of this earth and human.

zazakallahu khair.

Md.Kamal

Asstt.Teacher

Chittagong City Corp.

Chittagong.

4. 24

মুহাঃ আবুল কালাম আজাদ

অক্টোবর ২১, ২০১২ সময়: ১০:১০ পূর্বাহ্ণ লিঙ্ক

এই সাইটের পরিচালকরা মানুষ তো ?

ইহইয়াউল্ উলুমুদ্দীন বইখানা পড়ুন। হেদায়েত লাভ করতে পারেন।

*অর্ফিউস*এর জবাব:

ফেব্রুয়ারি ১৮, ২০১৩ at ৯:৪৪ অপরাহ্ণ

@মুহাঃ আবুল কালাম আজাদ,

এই সাইটের পরিচালকরা মানুষ তো ?

জিনা, পরিচালক, লেখক, পাঠক সবাই জ্বিন।ইনসান কেউ নাই।আপনিই প্রথম ইনসান এইখানে আসলেন।

5. 25

Niloy

নভেম্বর ২০, ২০১২ সময়: ৫:০০ অপরাহ্ণলিঙ্ক

mokka ki prithibir kendre obosthito???

পরবর্তীতে আর বাঙরেজি মন্তব্য প্রকাশ করা হবে না।
-মুক্তমনা মডারেটর

6. 26

কামরুল হাসান

ডিসেম্বর ৮, ২০১২ সময়: ১২:২২ পূর্বাহ্ণলিঙ্ক

৪১ নং এর রেফারেন্স দিন প্লীজ।

7. 27

প্রতিবাদ

ফেব্রুয়ারি ১৩, ২০১৩ সময়: ১:১০ পূর্বাহ্ণলিঙ্ক

আপনার ১ নং প্রশ্নের উত্তর হচ্ছে
বুখারী শরিফ এর ১ নং হাদিস এ আছে
“হুমায়দী (র) …..’আলকামা ইবন ওয়াক্কাস আল-লায়সী (র) থেকে বর্ণিত,আমি উমর ইবনুল খাত্তাব (রা)- কে মিম্বরের ওপর দাড়িয়া বলতে শুনেছি : আমি রসুলুল্লাহ সাল্লাল্লাহী ওয়া সাল্লাম এরশাদ করতে শুনেছি :প্রতেক কাজ নিয়তের সাথে সম্পর্কিত ।আর মানুষ তার নিয়ত অনুযায়ী ফল পাবে

।তাই যার হিজরত হবে দুনিয়া লাভের অথবা কোন নারীকে বিয়ে করার উদ্দেশে- সেই উদ্দেশ্যই হবে তার হিজরতের প্রাপ্য”।
-(ওহীর সূচনা অধ্যায়,বুখারী শরিফ)

8. 28

মুনিয়া মুশতারী

ফেব্রুয়ারি ১৩, ২০১৩ সময়: ৪:০৭ পূর্বাহ্ণ লিঙ্ক

@ প্রতিবাদ,

আমি রসুলুল্লাহ সাল্লাল্লাহী ওয়া সাল্লাম এরশাদ করতে শুনেছি :প্রতেক কাজ নিয়তের সাথে সম্পর্কিত ।আর মানুষ তার নিয়ত অনুযায়ী ফল পাবে ।

যদি একজন বিধর্মীর কাজ নিয়তের সাথে সঙ্গতিপূর্ণ হয় এবং তার নিয়তও ভালো হয় তাহলে কি একজন বিধর্মীও আল্লাহ এর কাছ থেকে পুরস্কার পাবে ?

9. 29

মুনিয়া মুশতারী

ফেব্রুয়ারি ১৩, ২০১৩ সময়: ৪:২০ পূর্বাহ্ণ লিঙ্ক

@ মুহাঃ আবুল কালাম আযাদ/বাচ্চু রাজাকারের মিতা ,
আপনি এই সাইটের পরিচালকদের মানব পরিচয় নিয়ে সন্দেহও দেখালেন আবার কি একটা বইও পড়তে বললেন। আপনি যদি মনে করেন যে এরা মানুষ না তাইলে আর হেদায়েতের ডাক দিতেসেন কেন? আর মানুষ না হইলে তারা সাইট চালায় কিভাবে ? আপনার প্রশ্ন শুনে হাসবো না কাঁদবো বুঝতেসি না।

10. 30

মুনিয়া মুশতারী

ফেব্রুয়ারি ১৩, ২০১৩ সময়: ৪:২৯ পূর্বাহ্ণ লিঙ্ক

@ মোঃ কামাল,

আপনার প্রশ্নগুলো আপনারই ভিন্ন চিন্তার ফসল।

আমরা তো শুনি ইসলামে সকল প্রশ্নের জবাব আছে। তাইলে লেখকের প্রশ্ন যতই ভিন্ন চিন্তার হোক, ইসলাম কি তার জবাব দিতে অক্ষম?

আপনাদের মত বিলাসি জীবন যাপন করে নিজ ধর্মের অথবা অন্য ধর্মের ভূল খোজায় নিজেকে আত্মনিয়োগ করে নিজেকে মুক্তমনা পরিচয় যে আত্মতৃপ্তির ঢেকুর তুলছেন

আপনি কি লেখককে ব্যক্তিগতভাবে চিনেন? না চিনলে কিভাবে বললেন যে লেখক বিলাসী জীবন যাপন করে? আর কোনও ধর্মে যদি ভুল/মিথ্যা কথা বলা থাকে তাহলে সেই ভুল/মিথ্যাটা লোকচক্ষুর সামনে আনা কি পাপ? নাকি মিথ্যাটা লুকিয়ে রাখা পাপ ?

11. 31

মোঃ আতিকুর রহমান

জুন ২৬, ২০১৩ সময়: ২:১৩ অপরাহ্ণ লিঙ্ক

আপনি খুবই ভালো এবং উচ্চমানের প্রশ্ন করেছেন। যেহেতু আল্লাহর ইচ্ছাতেই সব কিছু হয়ে থাকে তাহলে আপনার অন্তরের প্রশ্নগুলিও নিশ্চয় আল্লাহর ইশারাতেই হয়েছে। তাই এগুলোর সঠিক উত্তর এবং বাস্তবতা দেখার একটা উপায় নিশ্চয়ই আছে.......। আ + ম = আম ....আপনি যদি সারাজীবন এভাবে পড়েন তাহলে তাকে আমরা থিওরিই বলব.......কিন্তু যখন আমি আপনাকে একটা বাস্তব আম দিব তখন আপনি ঐ থিওরির সত্যতা বুঝে পাবেন। ঠিক তেমনি আপনি যে প্রশ্ন গুলি করেছে ন তারও বাস্তব দেখার ব্যবস্থা আছে... আশা করি যদি কখনও চট্টগ্রাম আসেন তাহলে আমাদের দরবারে

একদিন আসিয়েন ....ইনশাআল্লাহ প্রতিটি প্রশ্নের উত্তর আপনার অন্তচক্ষু দিয়েই দেখতে ও বুঝতে পারবেন.........

সমাপ্ত

ধর্ম বিশ্বাষের আগে আমার যে সব প্রমান দরকার

ধর্মে বিশ্বাসের পূর্বে আমার যেসব প্রমাণ দরকার.....

শাফায়েত

লিখেছেন: শাফায়েত|বিভাগ: দর্শন, ধর্ম, বিজ্ঞান, ক্রুসেড, মুক্তমনা, যুক্তিবাদ, শিক্ষা, সংস্কৃতি, সমাজতারিখ: ২৯ অগ্রহায়ন ১৪১৬ (ডিসেম্বর ১৩th, ২০০৯)
(মন্তব্য করুন অথবা পৃষ্ঠার নিচে যান)
(সরাসরি মন্তব্য অংশে যান)

মনে করুন কোন ধার্মিক মানুষকে প্রশ্ন করলেন "আপনাকে কিভাবে বুঝালে আপনি মানবেন যে আপনার ধর্ম ভুল? কিভাবে বুঝালে আপনি নাস্তিক হবেন?" ১০০ বারের ভিতর ৯৭ বার আপনি উত্তর পাবেন "কোন ভাবে না, আমি আমার স্রস্টার উপর আস্থা রাখি। অনেক ধার্মিক লোক সাথে এটাও বলে যে শত যুক্তি প্রমাণ দেখালেও সে তার বিশ্বাস থেকে এক চুলও নড়বেনা এবং তাদের বিশ্বাস যে যুক্তিহীন সেটাও তারা মেনে নেয়, "বিশ্বাসে মিলায়ে বস্তু, তর্কে বহুদুর" এই তাদের সেরা যুক্তি। অন্ধবিশ্বাসী হতে শিক্ষা তাদের জন্ম থেকে প্রদান করা হয়েছে, সেখান থেকে বের হয়ে সে আসতে পারছেনা ।

নাস্তিকদেরও প্রায়শই ধার্মিকরা যুক্তিহীন, অন্ধবিশ্বাসী, ডগমাটিক ইত্যাদি বলে অভিহিত করে। নাস্তিকরাও নাকি কোন যুক্তি ছাড়া গো ধরে থাকে। আমার কিন্তু মনে হয় যেসব মানুষ ধর্মের গন্ডি ছেড়ে বেরিয়ে আসতে পারে তাদের যুক্ত দিয়ে বিচার করার ক্ষমতা অনেক বেশী, তাদের বাস্তবতা মেনে নেবার সাহস বেশী, তা নাহলে কখনোই তারা ধর্ম ছেড়ে বের হতে পারত না।

যাই হোক মুল কথায় আসি, নাস্তিকরা কি সত্যিই অন্ধবিশ্বাসী? কিভাবে একজন নাস্তিককে ধার্মিকে রূপান্তরিত করা যেতে পারে? সেটি নিয়েই এখানে আলোচনা করতে চাই।(সব নাস্তিকের জন্য এটি প্রযোজ্য নাও হতে পারে)।

ধর্মে আমি বিশ্বাস আনব যদি আমি কোন ধর্মের সপক্ষে যথেষ্ট প্রমাণ পাই। "যথেষ্ট প্রমাণটা" কি? প্রমান দুই ক্যাটাগরীর হতে পারে। ১ম ক্যাটাগরীতে থাকবে প্রত্যক্ষ বা সরাসরি প্রমাণ । যেমন:-

- ধর্মগ্রন্থে যদি নিখুত ভবিষ্যতবাণী করা হয়:

কল্পনা করুন কোন প্রাচীন ধর্মগ্রন্থে বর্ণিত হয়েছে "২০১০ সালের ১০ই মে রাত ৮টায় ঢাকা শহরে জোরালো ভূমিকম্প হবে" এবং বাস্তবেই সেটা ঘটল। তাহলে আমি অবশ্যই সে ধর্ম মেনে নিব কিন্তু এখানে কিছু কথা আছে

ভবিষ্যতবাণীটি ঘোরানো, প্যাচানো, অপরিস্কার হওয়া চলবেনা, অবশ্যই পরিস্কারভাবে ব্যাখ্যা করা হতে হবে
ভূমিকম্প হবার পর গ্রন্থটির কোন অংশ থেকে প্যাচানো অর্থ বের করে যদি বলা হয় "গ্রন্থে এটা আগেই বলা ছিল", তাহলে সেটা মেনে নেবার প্রশ্নই উঠেনা।
যে কেও আন্দাজ করে বলতে পারে যে পরের বর্ষাকালে বন্যা হবে অথবা গ্রীষ্মে ঝড় হবে, এ ধরনের ফালতু ভবিষ্যতবাণী গড এর সপক্ষে যথেষ্ট প্রমাণ নয়
অনেক ভবিষ্যতবাণীর ভিতর একটি ফলে গেল, বাকিগুলো ব্যর্থ হল- এই অবস্থায় ভবিষ্যতবাণীটিকে কাকতালীয় ধরে নেয়া ছাড়া উপায় নেই

সব মিলিয়ে বলা যায় ভবিষ্যতবাণীটি অবশ্যই পরিস্কার, সরাসরিভাবে বর্ণিত হতে হবে এবং ভবিষ্যতবাণীটি সত্য প্রমাণ এর জন্য কিছু লোক প্রতরণার আশ্রয় নিচ্ছেনা এ ব্যাপার এ নিশ্চিত হতে হবে।

বাস্তবতাঃ কোন ধর্মগ্রন্থ এসকল শর্ত মেনে নিখুত ভবিষ্যতবাণী করতে পেরেছে বলে শোনা যায়না। যা দুই-একটি শোনা যায় সেগুলো অস্পষ্ট ও বেশীভাগই প্রতারনা

- ধর্মগ্রন্থে যদি এমন বৈজ্ঞানিক সত্য বর্নিত থাকে যা সেই যুগের মানুষ জানত না

২০০০ বছর আগের গ্রন্থে সঠিকভাবে কসমলজি, কোয়ান্টাম মেকানিক্স এর কোন সূত্রের উল্লেখ থাকে তাহলে ধার্মিক হতে আমার আপত্তি নেই। কিন্তু এক্ষেত্রেও বর্ণনা পরিস্কার হতে হবে। "আসমান-জমিন একসময় একত্রে ছিল, আমি এদের পৃথক করেছি" এ ধরনের আয়াত থেকে কেও বিগ-ব্যাঙ খুজে পেলে পেতে পারেন কিন্তু নাস্তিকদের কাছে এটি যথেষ্ট প্রমাণ নয়। কল্পনা করুন ২০০০ বছর পুরানো কোন গ্রন্থে লেখা আছে "আলোর বেগ শুণ্য মাধ্যমে ৩০০০০০০০০ মি/সে প্রায়'', এরকম লেখা থাকলে আধুনিক বৈজ্ঞানিকরাও গ্রন্থটি ঈশ্বরপ্রেরিত বলে মেনে নিতেন। চিন্তা করুন এ ধরনের কথা ধর্মগ্রন্থে বলা হলে কতগুলো প্রাণরক্ষা পেত, কত যুদ্ধ বন্ধ হত! (এখানে unit বা এককের ব্যাপারে আপত্তি আসতে পারে, কিন্তু বিজ্ঞানের অনেক সূত্রই একক ছাড়া ভালভাবেই বর্ণনা করা যায়)

বাস্তবতাঃ ধর্মগ্রন্থগুলোতে যেসব বিজ্ঞান খুজে পাওয়া যায় সেগুলো খুব অস্পষ্ট, বেশীভাগ ক্ষেত্রেই অর্থ বিকৃত করা। আবার অনেক ক্ষেত্রে সেগুলো পূর্ববর্তী দার্শনিকদের চিন্তার ফসল কিন্তু এ ব্যাপারটি সাধারণ মানুষকে ধর্মপ্রচারকরা জানায় না অথবা তারা নিজেরাই জানেনা।

- প্রার্থনার মাধ্যমে কোন মিরাকল ঘটলে

প্রার্থনা করার কোন ফলাফল বাস্তব জগতে দেখা যায় না। সারা পৃথিবীর ধার্মিকরা প্রতিনিয়ত কত কিছুর জন্য প্রার্থনা করছে, তাদের ১০০টা প্রার্থনার মধ্যে ১০টি মিললেই তাদের ধর্ম বিশ্বাস আরো জোরদার হচ্ছে, অথচ বাকি ৯০ টির কথা তারা ভুলে যাচ্ছে। যে ১০টি মিলে গেছে সেটি তারা প্রার্থনা না করলেও মিলত। এমন যদি হত যে ধার্মিকরা আন্তরিকভাবে প্রার্থনা করার পর মিরাকলের মত ফলাফল পায় তাহলে আমি ধার্মিক হব নাকি সেটা চিন্তা করে দেখতাম

বাস্তবতাঃ প্রার্থনা করে কারও এইডস রোগ ভালো হয়েছে কি? দুর্ভিক্ষপীড়িত মানুষ আন্তরিকভাবে প্রার্থনা করলে কি খোদা খাবার পাঠিয়ে দেন? এমন ঘটনা থাকলে জানান। প্রার্থনার ক্ষেত্রে ধার্মিকরা নিজের অজান্তেই count the hits, forget the misses নামক কু-যুক্তি প্রদর্শন করেন

তবে প্রশ্ন থেকে যায়, প্রার্থনার মাধ্যমে কোন মিরাকল ঘটলে আমি কোন ধর্মটি গ্রহন করব? ঈশ্বরের স্বপক্ষে প্রমাণ মানেই কিন্তু ধর্মের স্বপক্ষে প্রমাণ নয়

- ঈশ্বর সরাসরি যোগাযোগ করলে

কি বলতে চাই নিশ্চয় বুঝতে পারছেন। তবে হ্যালুসিনেসন ধরনের কিছু যেন না হয়, এবং সবথেকে ভালো হয় যদি ঈশ্বর অনেক মানুষ এর সাথে একই উপায়ে যোগাযোগ করলে।

বাস্তবতাঃ প্রাচীনকালে নাকি নবীদের সাথে ঈশ্বরের সরাসরি যোগাযোগ ছিল কিন্তু এর কোনো প্রমাণ কেও দেখাতে পারেনি।

• অন্য গ্রহের প্রাণী মানুষের মত একই ধর্ম মেনে চললে
ধরুন বৃহস্পতি গ্রহে এক ধরনের বুদ্ধিমান প্রাণী পাওয়া গেল যারা ইসলাম/হিন্দু ইত্যাদিধর্মের কোন একটি মেনে চলে! তাহলে আমি সবার আগে ধর্ম মেনে নিব।

বাস্তবতাঃ এখনো অন্য গ্রগে প্রাণের অস্তিত্ব পাওয়া যায়নি, তাই পয়েন্টটি স্থগিত রাখা হলো।

২য় ক্যাটাগরী: পরোক্ষ প্রমাণ

• একঠি নির্ভূল ও অসংগতিহীন ধর্মগ্রন্থ..........

কোন ধর্মগ্রন্থে যদি কোন ভুল পাওয়া না যায়,গ্রন্থে আরোপিত জীবনবিধান যদি সকল যুগের মানুষের জন্য মঙ্গলময় হয়, গ্রন্থটি যদি অন্ধবিশ্বাস দাবী না করে বরং মুক্তচিন্তাকে অনুপ্রাণিত করে তাহলে সেই ধর্মকে সত্য মানতে খুব কম মানুষের আপত্তি থাকবে।

বাস্তবতাঃ সকল ধর্ম দাবি করে তাদের গ্রন্থ নির্ভূল কিন্তু বাস্তবে প্রতিটি অসংগতিতে ভরা এবং অস্পষ্ট। ধর্মগ্রন্থে একটি ভুল পাওয়া গেলেই সে ধর্ম বাতিলের খাতায় যাবে।

• অভ্যান্তরীণ দ্বন্দহীন ধর্ম

প্রচলিত ধর্ম গুলোর অনুসারীরা অনেক ভাগে বিভক্ত। আমরা মুসলিমদের ভিতর অসংখ্য ভাগ দেখতে পাই। এর কারণ হলো ধর্মগ্রন্থের অস্পষ্টতা। কেন ঈশ্বর অস্পষ্ট করে গ্রন্থ প্রেরণ করবেন? কেন তার প্রেরিত গ্রন্থ এমন হবে যার অর্থ উদ্ধার করতে গিয়ে বিশ্বাসীরা নিজেদের ভিতরেই বিশাল ঝামেলা পাকিয়ে ফেলবে? অথচ এটাই বাস্তবতা

• বিশ্বমান ও সকল যুগে গ্রহণযোগ্যতা
প্রচলিত কোন ধর্মের নিয়ম বিশ্বমান রক্ষা করেনা। ইসলাম/খ্রিস্টি ধর্মের অনেক নিয়ম বর্তমান যুগের মানুষের কাছে পাশবিক মনে হয়। এমন কোন ধর্ম কি আছে যা সময়ের সাথে বিবর্তিত হয়ে সকল যুগে গ্রহণযোগ্যতা পেয়ে আসছে?

বাস্তবতাঃ নৈতিকতার অর্থ যুগে যুগে পাল্টে যায়, কোনো ধর্মের সাধ্য নেই এর সাথে তাল মিলিয়ে চলে। কোনো ধর্মকে শান্তি প্রতিষ্ঠায় সফল বলা যায় কি?

নাস্তিকদের লিস্টে আরো পয়েন্ট যোগ করতে আহবান করছি। আস্তিকদের বলছি, একটি ধর্ম গ্রহণ করার আগে এইটুকু কি আমরা দাবি করতে পারিনা?

(Ebon Musing ওয়েবসাইট হতে অনুপ্রাণিত)

https://www.amarblog.com/paradiselost/posts/165403

ধর্ম প্রচারকদের দৃষ্টিতে স্রষ্টার অস্তিত্ব প্রমানের প্রধান প্রধান ভুল যুক্তিগুলো

তারিখঃ রবিবার, ২১/০৪/২০১৩ - ১৩:৫১

লিখেছেনঃ মুক্ত মন

মাঝে মাঝে ধর্মীয় চ্যানেল গুলো দেখি। না আমি ধার্মিক না যে ধর্ম জানার জন্য দেখি। আমি দেখি যে ধর্ম প্রচারক রা কত টুকু অযুক্তিক যুক্তি দিতে পারেন আর মানুষ কিভাবে ওই অযুক্তিক যুক্তি গুলো গ্রহণ করে। ধর্ম প্রচারক রা আজকাল ধর্মকে বিজ্ঞান সম্মত প্রমান করার জন্য মরিয়া হয়ে উটেছেন। কে কতটুকু বিজ্ঞান সম্মত প্রমান করতে পারেন তা নিয়া তাদের মাঝে প্রতিযুগিতা চলছে। আর এ কেতরে তাদের প্রধান হাতিয়ার হলো বিজ্ঞানের সীমাবদ্ধতা। আমরা জানি যে আজ বিজ্ঞান সব রহস্সের সমাধান করতে পারে নাই। বিজ্ঞান আজ অনেক অনেক কিছু জানে না। আর এটাকেই ধর্ম প্রচারক রা তাদের কাজে লাগান। আজ বিবর্তনবাদ যদিও পরীক্কিতভাবে প্রমানিত যে প্রকৃতির সবকিছু ক্রমবিবর্তন এর মাধ্যমে সহজ অবস্তা থেকে এই জটিল অবস্থায় এমনি এমনি এসেছে। কোনো স্রষ্টার সাহায্য ছাড়াই। তারপর ও সুশ্রিন্ক্ষল প্রকৃতির দিকে তাকালে আর প্রকৃতির এই জটিল সৃষ্টিগুলোকে দেখলে সত্যি এমনি এমনি হয়েছে তা মেনে নিতে কষ্ট হয়। হয়তবা আর একটা কারণ আছে যা আজও অজানা। আর আমরা জানি বা কতটুকু। আমরা শুধু জগতের সেই অংশটুকু কে জানি যেখানে বস্তুর আকার, আয়তন, ওজন ইত্যাদি আছে। এই জগতের আরেকটা অংশ কি থাকতে পারে না যে অংশে বস্তুর আকার, আয়তন, ওজন ইত্যাদি নাই? যাই হোক, আপনি খেয়াল করলে দেখবেন যে যখনি বিবর্তনবাদ আমাদের সব প্রশ্নের উত্তর এখন দিতে পারছে না তখনি ধর্ম প্রচারক রা স্রষ্টা কে খুঁজে পান। আমরা কোনো কিছুর কারণ পুরোপুরি না জানলেই কি একজন স্রষ্টা কে অনুমান করা উচিত? কই যুগ যুগ ধরে মানুষ কত কিছু অনুমান করত। কিন্তু মানুষের অনুমান কি সটিক হয়েছে ? একসময় তো অনুমান করা হত প্রথিবী মহাবিশ্বের কেন্দ্রে অবস্তিত। যদিও এই অনুমান টা ধর্ম ধারা প্রভাবিত ছিল। তা কি সটিক হয়েছে? সব ধর্মে মহাবিশ্বের যে প্রতিরূপ আমরা পাই টা তো এখন ভুল প্রমানিত।

আবার বিজ্ঞানের যে আবিস্কার গুলো সরাসরি ধর্মে বিপরীতে সেগুলোর কেতরে ধর্ম প্রচারক রা প্রচার করে যে ওগুলো ভুল। যেমন বিবর্তনবাদ এখন পরীক্ষিত সত্য এবং আমার জানা মতে সব বিজ্ঞানী রা বিবর্তনবাদ কে সটিক বলে মেনে নিয়েছেন। কিন্তু ধর্ম প্রচারক রা বলে এটা নাকি ভুল। তার পক্ষে তারা যুক্তি দেখায় যে আজ পর্যন্ত কেহ দেখে নাই কোনো প্রাণী বিবর্তিত হয়ে অন্য প্রাণী হয়ে যেতে। এটা দেখা কি সম্ভব? ছুট্ট একটা পরিবর্তন হতে যেখানে হাজার হাজার বছর লাগে। বেপার টা একটু অন্যভাবে বলি। ধরেন আপনি সাদা পানির মাঝে খুব সামান্য পরিমানে লাল রং মিশাচ্ছেন অনেক সময়ের বেবধানে। অকেত্রে ছুটো একটা পরিবর্তন কি আপনি বুজতে পারবেন ? অনেক সময় পরে যখন পরিবর্তন টা বেশি হবে তখন হয়ত বুজতে পারবেন। আমা দের চেনা পরিবেশ ও খুব অল্প পরিমানে আসতে আসতে পরিবর্তন হচ্ছে। আমাদের সল্প সময়ের অভিজ্ঞতায় টা বুজা যাবে না। তাহলে কি

বিবর্তন ধারা যে পরিবর্তন হচ্ছে টা কি সাভাবিকভাবে আমরা দেখতে পারা উচিত?
আপনার সামান্য একটা ভুল জ্ঞান আপনার নিজের জন্য ক্ষতিকর, আপনার নিজের পরিবারের জন্য ক্ষতিকর, আপনার সমাজের জন্য ক্ষতিকর, আপনার দেশের জন্য ক্ষতিকর। আর হ্যা আপনি নিশ্চয় মনে করবেন না দুনিয়ার যেসব বিজ্ঞানী রা বিবর্তনবাদ কে সঠিক মনে করে তারা আপনার চাইতে কম জ্ঞানী। যেমন স্টিফেন হকিং। উনিও কিন্তু তার সর্বশেষ বইয়ে স্রষ্টাকে মেনে নেন নাই।

কমেন্ট

রবিবার, ২১/০৪/২০১৩ - ১৪:০৪ তারিখে এসিপিরসাহেব বলেছেন

আপনি বলবেন-

কোরআন আজ থেকে ১৪০০ বছর আগে বলেছে আসমানের ও জমিনের সাতটি স্তর।বিজ্ঞান এ বিষয়ে কি বলেছে?

কোরআন বলেছে বিবর্তন বা পূণঃ জন্মের কথা।বিজ্ঞান এ বিষয়ে কি বলেছে।

রবিবার, ২১/০৪/২০১৩ - ১৪:৩৫ তারিখে মুক্ত মন বলেছেন

দেখেন আমার আলোচনা তা বিজ্ঞান আর ধর্মের মধ্যে। আমি স্পেসিফিক কোনো ধর্ম গ্রন্থ নিয়া আলোচনা করছি না। অকেত্রে ধর্মগ্রন্থ নিয়া আলোচনা করলে আপনি যে কোনো সময় বলবেন আমি আপনার ধর্মীয় অনুভুতি তে আঘাত করেছি। তাহলে হয় আমাকে খুন হতে হবে অথবা জেলে যেথে হবে। আমি জেলে যেতে চায়না আর খুন হতেও চাইনা। আপনি কি বিজ্ঞানের কুথাও পেয়েছেন যে সাত আসমান আছে? আসমান বলতে কি কিছু আছে ? যাকে আসমান বলছেন সেটা বাতাসের রঙের কারণে নিল দেখায়। আর মহাবিশ্বের কোনো শুরু এবং সীমা নাই। সো আপনি সাত আসমান কই পাবেন?ইসলাম ধর্মমতে আমার জানা মতে বিবর্তনবাদ বলে নাই। মানুষ যে বানর থেকে এসেছে তা কোনো ধর্মের বলে নাই। ইসলাম ধর্ম অনুসারে আল্লাহ মানুষ বানিয়ে মানুষ কে পৃতিবীতে পাটায়ছেন। ধন্যবাদ।

মুক্ত মন

{ এই মহাবিশ্বের স্থানে কোনো কিনারা নেই, কালে কোনো শুরু কিম্বা শেষ নেই এবং স্রষ্টার করার মত কিছু নেই।}

রবিবার, ২১/০৪/২০১৩ - ১৫:৩৫ তারিখে এসিপিরসাহেব বলেছেন

এখানেই বিজ্ঞান আর ধর্মের সাংঘর্ষিকতা।কারণ ধর্ম বলছে আসমান ও জমিন সাতটি করে আর বিজ্ঞান বলছে মহা বিশ্বের কোন সীমা পরিসীমা নাই।

এখন ধর্ম বলছে-

আসমান অর্থ-মহাশুণ্য।এই মহাশুণ্য পানি ময় বা তরল পদার্থের।আর এই মহাশুণ্যের স্তর আছে সাতটি।প্রথম স্তরের পানি বা তরল পদার্থের মান হতে দ্বিতীয় স্তরের পানি বা তরল পদার্থের ভীন্ন।ধর্মে এভাবেই সাত আসমান বা মহাশুণ্যের শ্রেনি বিন্যাস করা হয়েছে।যা বিজ্ঞান স্বীকার করে না।আর

বিজ্ঞান স্বীকার করে না বলে ইহা মিথ্যা হবে তাও নয়।একদিন এই বিজ্ঞান অন্য কায়দায় এই কথাকেই সত্য বলবে এবং সেদিনও তারা ধর্মকে অস্বীকার করে নিজের আবিস্কার বলে চালিয়ে দিবে।এবং যুগে যুগে বিজ্ঞান তাই করেছে।

আর আপনি বলছেন ধর্মে বিবর্তন বিশ্বাস করে না।

যদি তাই হয়,তাহলে ধর্ম বলেছে আল্লাহর নূরে নবি সৃষ্টি নবির নূরে সারা জাহান সৃষ্টি।এটা কি বিবর্ততেনর কথা নয়?

শেষ কথা-ধর্ম জীব কল্যাণে যাহা দিয়ে গেছে,বিজ্ঞান যুগে যুগে শুধু তাহা প্রমান করে চলেছে।

অর্থাৎ ধর্মই বিজ্ঞান আর যারা আবিস্কার করছেন তারা টোকাই।ধর্ম হতে টুকিয়ে টুকি য়ে প্রকাশ করছেন মাত্র।

রবিবার, ২১/০৪/২০১৩ - ২০:৪৬ তারিখে মুক্ত মন বলেছেন

আপনি ভাবতে পারেন যে আজ বিজ্ঞান শিকার করে নাই একদিন করবে। এটা আপনার নিজস্সো বেপার। কিন্তু অতীত থেকে দেখা গেছে যে বিজ্ঞান যা অসসিকার করেছে তা সাধারনত আর শিকার করে নাই। আর বর্তমান যুগে বিজ্ঞান কিছু অসসিকার করলে তার শিকার করা আরো কটিন। কারণ অতীতের চাইতে এখন বিজ্ঞান যা বলে তা আরো শক্ত ভিত্তির উপর থেকে বলে। বর্তমানে বিগ বাং থেকে শুরু করে বর্তমান অবস্তান পর্যন্ত দেখলে দেখা যায় সাত আসমান পাবার সম্ভাবনা নাই। আর যদি ও আপনি আগুন থেকে সৃষ্টি কে বিবর্তন মনে করে তারপর ও বিজ্ঞানের সাথে মিলবে না যদিও আগুন থেকে সৃষ্টি আর বিবর্তনকে এক বলে কেহ মনে করবে না আপনি ছাড়া। কারণ বিজ্ঞান বলে মানুষ বানর থেকে বিবর্তিত। বিজ্ঞান যে বলছে বানর থেকে মানুষ সৃষ্টি তা কোনো ধর্মে সিক্রিত না। আপনি জোর করে উভয়তারে সমান মনে করতে পারেন। কয়লা কে কালো না মনে করে আপনি লাল মনে করতে পারেন। আপনার বেপার সেটা। আর কোনো ধর্ম মহাবিশ্বের সবকিছুর বিবর্তন কে শিকার করে না। সব ধর্ম মনে করে মহাবিশ্শ এর সবকিছু স্রষ্টার সৃষ্টি থেকে আজ পর্যন্ত একই অবস্তায় আছে। আর মানুষ ও। কিন্তু বিজ্ঞান বলে মানুষ সহ সবকিছুর এখনো পরিবর্তন হচ্ছে আর হবে।
মুক্ত মন
{ এই মহাবিশ্বের স্থানে কোনো কিনারা নেই, কালে কোনো শুরু কিম্বা শেষ নেই এবং স্রষ্টার করার মত কিছু নেই।}

রবিবার, ০৯/০৬/২০১৩ - ১৮:৪৩ তারিখে হাসিনুর বলেছেন

বিবর্তনবাদ কোন প্রতিষ্ঠিত সত্য না, এটা কী জানেন ? এটাকে বিশ্বাস করার কোন যৌক্তিকতা নাই।

____

যবে উৎপীড়িতের ক্রন্দন-রোল আকাশে বাতাসে ধ্বনিবে না
অত্যাচারীর খড়গ কৃপাণ ভীম রণ-ভূমে রণিবে না
বিদ্রোহী রণক্লান্ত
আমি সেই দিন হব শান্ত ------বিদ্রোহি কবি

রবিবার, ০৯/০৬/২০১৩ - ১৯:০৭ তারিখে মুক্ত মন বলেছেন

ভাই আপনার কোন প্রতিষ্টিত সত্য বক্তা বিরন্তন্বাদ কে প্রতিষ্টিত সত্য না বলেছেন? যিনি বলেছেন শুধু তিনি অনুমতি দিলেই কোনকিছু প্রতিষ্টিত সত্য হয়। ভাইরে আপনার জ্ঞানের এত অভাব কেন? বিবর্তনবাদ একন প্রতিষ্টিত সত্য আর এখন অনেক অ্যাডভান্সড লেভেল এ আছে। আমাদের দেশের ভার্সিটি থেকে শুরু করে দুনিয়ার সব ভার্সিটি তে বিবর্তন্বাব পরানো হয়। কোনো ভার্সিটি বই এ বলা হয় নাই যে ওটা ভুল। তবে হা ধর্মীয় বই হলে ভিন্ন কথা। আপনার জন্য wiki দিলাম http://en.wikipedia.org/wiki/Evolution . আবার মনে করেন না যে আপনি wiki থেকে ও বেশি জানেন। আর হা দুনিয়ার বড় বড় বিজ্ঞানী রা বিশ্বাস করে কারণ ওরা আপনার চাইতে কম জ্ঞানী আর অযৌক্তিক।
মুক্ত মন
{ এই মহাবিশ্বের স্থানে কোনো কিনারা নেই, কালে কোনো শুরু কিম্বা শেষ নেই এবং স্রষ্টার করার মত কিছু নেই।}

মঙ্গলবার, ০৪/০৬/২০১৩ - ০৩:২৫ তারিখে নাম কাটা বলেছেন

আপনার বিশ্বাশ আপনি আদি বানরের ভবিষ্যৎ প্বজন্ম।
নাম নাই

রবিবার, ০৯/০৬/২০১৩ - ১৮:৪২ তারিখে মুক্ত মন বলেছেন

শুধু আমার না রে ভাই, দুনিয়ার বেশিরভাগ মানুষের বিশ্শাশ। দুনিয়ার বড় বড় বিজ্ঞানীদের বিশ্বাস। তবে হা আপনি যদি মনে করেন যে ওসব বিজ্ঞানীরা কিছুই জানে না আর ওরা আপনার জ্ঞানের কাছে

কিছুই না তাহলে ভিন্ন কথা। আ মরা ও অপেক্কা করব দুনিয়া ফাটানো আপনার মত একজন বিজ্ঞানী দেকার জন্য।
মুক্ত মন
{ এই মহাবিশ্বের স্থানে কোনো কিনারা নেই, কালে কোনো শুরু কিম্বা শেষ নেই এবং স্রষ্টার করার মত কিছু নেই।}

রবিবার, ০৯/০৬/২০১৩ - ১৯:১৬ তারিখে সরকার পায়েল বলেছেন
যে ধর্মই হোক বিজ্ঞানের সাথে কোন ধর্মেরই কোন সম্পর্ক নেই । যারা বিজ্ঞানের সাথে ধর্মের তুলনা করে তা নিতান্তই ছেলে মানুষী। ধর্ম একটি বিধান বা আইন অপরদিকে বিজ্ঞান তথ্যভিত্তিক নানা প্রমানে নানা যুক্তিতে বের করা বিষয় । বিজ্ঞানের ভালো কিছু যুক্তি থাকে কিন্তু তা চির সত্য নয় , পরিবর্তনশীল। ধর্মের বিধানের সাথে আইনের তুলনা করা যায় যা জীবন যাপনের রীতি নীতি তৈরিতে সহায়ক। কিন্তু কোন কিছু প্রমানে বা আবিস্কারের জন্য নয়। যে মানবে মানবে যে মানবেনা মানবেনা ।

কিন্তু বিজ্ঞান দিয়ে ধর্ম প্রমাণ বা ধর্ম দিয়ে বিজ্ঞান প্রমাণ অবশ্যই হাস্যকর এবং বোকামির চূড়ান্ত পরিচয় । এখন এই প্রচেষ্টা যেই বা যত বড় ব্যাক্তি করুক।
____*l i l*_____
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

বুধবার, ১৯/০৬/২০১৩ - ১৬:০৭ তারিখে মুক্ত মন বলেছেন
@সরকার পায়েল ....
ওই ধর্ম প্রচারক রা হাস্যকরভাবে ধর্মকে বিজ্ঞানসম্মত প্রমান করতে মরিয়া। ওরা বিজ্ঞানসম্মত প্রমান করতে গিয়ে কত হাস্যকর যুক্তি দিচ্ছে। ওরা big bang theory তে ও ওদের ইশ্বরকে পেয়ে যায় যেখানে বিগ বাং তত্ত্বের প্রতিস্টাতারাও ঈশ্বর কে না বলে দিয়েছেন। এতই যদি তুমাদের জ্ঞান তাহলে কেন তুমরা অন্যের তত্তের মাঝে নিজের যুক্তিহীন তত্ত্ব দাও ? আবার ভাবতে অভাখ লাগে এক শ্রেনীর মানুষ ওদের যুক্তিহীন যুক্তিগুলো কে কত মূল্যায়ন করে ওই ধর্মপ্রচারকদের কে মহা পন্ডিত মনে করে । ধন্যবাদ পায়েল আপনার সুন্দর কমেন্ট এর জন্য।
মুক্ত মন
{ এই মহাবিশ্বের স্থানে কোনো কিনারা নেই, কালে কোনো শুরু কিম্বা শেষ নেই এবং স্রষ্টার করার মত কিছু নেই।}

রবিবার, ০৯/০৬/২০১৩ - ১৯:৩৭ তারিখে খলিফা সাজ্জাদ বলেছেন

@হাসিনুর, @সরকার পায়েল দের বলছি এই সমস্ত লেখাগুলোকে গুরুত্ব হীন করে দেখুন। এই লেখাগুলোকে গুরত্ব দিয়েই এদের আমরা থাবা বাবা, আসিফ মহিউদ্দিন হয়ে উঠতে সাহায্য করছি।

পাইসে অনলাইনে ফ্রি লেখার সুযোগ , লেখুক না। দেখবেন আর মজায়িত হবেন। গুরুত্ব দেবেন না প্লিজ।

HOMI PATHATIC HOMOSAPIEN (sazzad)

Mahmudur Rahman · Top Commenter · St. Xaviers

কোরানের মত পুরনাঙ্গ একটি গ্রন্থ পুরা অনুমানের উপর লেখা হলে তার ভুলের সম্ভাবনা ছিল অনেক বেশি। কিন্তু কোরানের অনেক বিষয় আজ সন্দেহাতীত ভাবে প্রমানিত হয়েছে।.

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=9289

আহারে! ধর্মবাদীদের ধর্মানুভুতি

তারিখ: ২১ শ্রাবণ ১৪১৭ (আগস্ট ৫, ২০১০

লিখেছেন: আনাস

আব্বু, আকাশ নীল কেন?

-এমনি।

এমনি হবে কেন? বল না আকাশ কেন নীল?

-আল্লাহ আকাশ কে নীল বানিয়েছেন।

তাহলে আল্লাহকে কে বানিয়েছেন?

-আল্লাহ কে কেউ বানায়নি। তিনি সব কিছু বানিয়েছেন।

ওহ! তিনি কোথায় থাকেন?

-সাত আকাশের উপর।

সাত আকাশের উপর কোথায় থাকেন?

-সাত আকাশের উপর আল্লাহর সিংহাসন আছে। সেখানে থাকেন।

আচ্ছা... উনি কি খান? কখন ঘুমান?

-তিনি খান না, ঘুমান না।

উনি খান না, ঘুমান না, তাহলে বসে বসে করেনটা কি?

-আল্লাহ কে নিয়ে এত প্রশ্ন করতে নেই! চুপ থাক।

কেন প্রশ্ন করতে নেই?

-কারণ তুমি বুঝনা। না বুঝে উলটাপালটা প্রশ্ন করছ। এরকম প্রশ্ন করলে আল্লাহ রাগ করবেন।

আল্লাহ রাগ করলে কি করবেন?

-আগুনে পোড়াবেন! এরকম যারা প্রশ্ন করে, আল্লাহ তাদের জন্যে অনেক বড় একটা জায়গায় আগুন জ্বালিয়ে রেখেছেন। সেখানে যাদের উপর আল্লাহ রাগ করেছেন, তাদেরকে পোড়াবেন!

ও! আল্লাহ তাহলে মামদোভূতের মত! মা কাল রাতে বলেছে, না ঘুমালে মামদোভূত এসে ধরে নিয়ে যাবে, তারপর আগুনে পুড়িয়ে তার বাচ্চাদের খাওয়াবে!

-চুপ! আর একটা কথা বলবা না আল্লাহ কে নিয়ে! আল্লাহ আর মামদোভূত এক না।

আমি চুপ হয়ে গেলাম। কিন্তু আমার প্রশ্নগুলো মাথায় ঘুরতে থাকল। কেন মামদোভূত আর আল্লাহ এক না। বড় হতে থাকলাম উত্তর না পেয়ে। আস্তে আস্তে জানতে লাগলাম। আল্লাহ কে, জান্নাত কী, জাহান্নাম কী ইত্যাদি। সেই সাথে বড় হতে লাগল আমার প্রশ্ন। কাউকে জিজ্ঞাসা করতে পারলাম না। পারলাম না বলতে আমার অনুভূতিগুলো। কারণ সবার তুলতুলে ধর্মানুভূতিতে আঘাত লাগে যে! সেই সাথে আল্লাহও এ তুচ্ছ মানুষের প্রশ্নে আঘাত প্রাপ্ত হন। কিন্তু তিনি বা তার অনুসারীরা কি করেন অন্যের অনুভূতির বেলায়? যে মানুষটিকে মুসলিমরা তাদের জাতির পি তা মনে করেন, তাকেই তারা কিভাবে অনুসরণ করছেন? ইসলামের সুত্রগুলো দেখা যাক।

আমরা সকলেই ইব্রাহীম এর কথা জানি। কুরানে তাকে মুসলিম জাতির পিতা বলা হয়েছে। তার মনেও মুর্তি পুজো নিয়ে জেগেছিল নানান প্রশ্ন। সুরা (৬) 'আন আ'ম'এ স্রষ্টা সম্পর্কে ইব্রাহীমের ভাবনার কথাগুলো লেখা আছে। নিজের যুক্তিবোধকে কাজে লাগিয়ে তিনি যখন বুঝতে পারলেন যে , এ সকল মুর্তির কোন শক্তি নেই, তখন তিনি তার পিতার সাথে তর্কে লিপ্ত হলেন, যার বর্ণনা সুরা(১৯) মারইয়ামে রয়েছে। যে সকল বস্তু শুনতে পারে না, কথা বলতে পারে না ইব্রাহীম এমন সব বস্তুর পূজা করার সমালোচনা করেছেন, এবং তার পিতা ধর্মাবিরোধী এসব প্রশ্নের কারণে তাকে হুমকি দিয়েছেন। ইব্রাহীম তার চিন্তা নিয়ে এখানেই থেমে ছিলেন না, তিনি তার সম্প্রদায় এর কাছে গিয়েছেন, প্রশ্ন করেছেন, এবং তাদের ধর্মীয় অনুভূতিতে সরাসরি আঘাত করেছেন। সুরা (২১) আম্বিয়ায় তার চমৎকার বর্ণনা এসেছে।

যখন তিনি তাঁর পিতা ও তাঁর সম্প্রদায়কে বললেনঃ এই মূর্তিগুলো কী , যাদের তোমরা পূজারী হয়ে বসে আছ।
তারা বললঃ আমরা আমাদের বাপ-দাদাকে এদের পুজা করতে দেখেছি।

তিনি বললেনঃ তোমরা প্রকাশ্য গোমরাহীতে আছ এবং তোমাদের বাপ-দাদারাও।

তারা বললঃ তুমি কি আমাদের কাছে সত্যসহ আগমন করেছ, না তুমি কৌতুক করছ?

তিনি বললেনঃ না, তিনিই তোমাদের পালনকর্তা যিনি নভোমন্ডল ও ভূমন্ডলের পালনকর্তা, যিনি এগুলো সৃষ্টি করেছেন; এবং আমি এই বিষয়েরই সাক্ষ্যদাতা।

আল্লাহর কসম, যখন তোমরা চলে যাবে, তখন আমি তোমাদের মূর্তিগুলোর ব্যাপারে একটা ব্যবস্থা অবলম্বন করবো।
অতঃপর তিনি সেগুলোকে চূর্ণ-বিচূর্ণ করে দিলেন ওদের প্রধানটি ব্যতীতঃ যাতে তারা তাঁর কাছে প্রত্যাবর্তন করে।

তারা বললঃ আমাদের উপাস্যদের সাথে এরূপ ব্যবহার কে করল? সে তো নিশ্চয়ই কোন জালিম। কতক লোকে বললঃ আমরা এক যুবককে তাদে র সম্পর্কে বিরূপ আলোচনা করতে শুনেছি; তাকে ইব্রাহীম বলা হয়।

তারা বললঃ তাকে জনসমক্ষে উপস্থিত কর, যাতে তারা দেখে।

তারা বললঃ হে ইব্রাহীম তুমিই কি আমাদের উপাস্যদের সাথে এরূপ ব্যবহার করেছ ?

তিনি বললেনঃ না এদের এই প্রধানই তো একাজ করেছে। অতএব তাদেরকে জিজ্ঞেস কর, যদি তারা কথা বলতে পারে।

অতঃপর মনে মনে চিন্তা করল এবং বললঃ লোক সকল; তোমরাই বে ইনসাফ।

অতঃপর তারা ঝুঁকে গেল মস্তক নত করে, তুমি তো জান যে, এরা কথা বলে না

তিনি বললেনঃ তোমরা কি আল্লাহর পরিবর্তে এমন কিছুর এবাদত কর , যা তোমাদের কোন উপকার ও করতে পারে না এবং ক্ষতিও করতে পারে না ?

ধিক তোমাদের জন্যে এবং তোমরা আল্লাহ ব্যতীত যাদেরই এবাদত কর, ওদের জন্যে। তোমরা কি বোঝ না?

তারা বললঃ একে পুড়িয়ে দাও এবং তোমাদের উপাস্যদের সাহায্য কর , যদি তোমরা কিছু করতে চাও। (সুরা আম্বিয়া ২১, আয়াত ৫২-৬৮)
ইব্রাহীমের এ ঘটনাসমুহ সাধারণ কিছু সত্যের দিকে আকৃষ্ট করে। মানুষের মৌলিক বৈশিষ্টই এসকল ঘটনায় প্রকাশিত হয়েছে। মানুষ প্রশ্ন করে জানার জন্যে। নিজে নিজে চিন্তা করে। অযৌক্তিক , অসার দাবীকে আঘাত করে চরম ভাবে। ইব্রাহীম তার সময়ের জ্ঞান অনুযায়ী দেখিয়ে ছেন মানুষের অমুলক দাবী, ধর্মীয় অনুভুতির আড়ালে রাখা অজ্ঞানতা, ভিত্তিহীন অযৌক্তিক দাবী সমুহের প্রতি সম্দ্য হবার কোন প্রয়োজন নেই। তুলতুলে ধর্মানুভূতিতে আঘাত করার দাবী যুক্তির তরবারী থেকে বাঁচার ঢাল মাত্র। কিন্তু মুসলিমরা কি তা বোঝেন? এক্ষেত্রে মুসলিমরা আসলে কার অনুসারী? ইব্রাহীম না

নমরুদের? আজ আমি যদি দাবী করি যে, কুরান আল্লাহর বাণী নয়। মুহাম্মাদ নবী ছিলেন না। যমযম কূপের কোন অলৌকিকত্ব নেই। মক্কা মদীনাকে প্রত্নতাত্বিক এলাকা হিসেবে ঘোষনা করুন। আমি কাবা ভেঙ্গে পাথরগুলোর পরীক্ষা করে দেখতে চাই এটি কত পুরনো। মদীনার কবরগুলো খুঁড়ে দেখতে চাই ওখানের মৃত মানুষের দেহগুলো সাধারন মানুষের মত কঙ্কাল হয়ে গেছে কি না ? সেগুলোর ডি এন এ টেস্ট করে দেখতে চাই দেহগুলো কার? যমযম কুপ খুঁড়ে দেখতে চাই এর উৎস কোথায় ? আমি ঐ কাবাকে বুলডোজার দিয়ে গুড়িয়ে দিতে চাই , সেটা বাঁচাতে আল্লাহ আর আবাবীল পাখি পাঠান কিনা? আল্লাহ ও আল্লাহর অনুসারীগণ আমাকে সেই অনুমতি দিবেন ? যদি আপনাদের ধর্ম সত্য হয়, তাহলে সত্যের মুখোমুখি হতে আপনাদের ভীত হওয়ার কথা নয়। ইব্রাহীম তার জ্ঞানানুযায়ী সমাজকে প্রশ্ন করে মূর্তি পুঁজোর যুক্তিহীনতা দেখিয়েছেন। সেই সময়ের মানুষের ধর্ম নিয়ে ইব্রা হীমের প্রশ্ন করা যদি তাদের ধর্মানুভুতিতে আঘাত করা না হয় , তাহলে আজ আমি যখন যুক্তির মাধ্যমে আল্লাহর অস্তিত্ব নিয়ে, ১৫০০ বছরের পুরনো ঘটনার সত্যতা নিয়ে প্রশ্ন তুলতে চাই , আপনারা একে আপনাদের ধর্মানুভূতিতে আঘাত বলবেন কেন ? সত্যের মুখোমুখী হতে যুক্তির বদলে আপনাদে র হাতে খুনের অস্ত্র কেন? কেন আপনাদের মুখের ভাষা এত নোংরা ? এর উত্তর ইসলামের ইতিহাসেই আছে।

প্রথমেই দেখে নেই অন্যের ধর্মানুভূতিতে আঘাতের ব্যাপারে কুরান কি বলে ...

তোমরা তাদেরকে মন্দ বলো না, যাদের তারা আরাধনা করে আল্লাহকে ছেড়ে...
অতীব সুন্দর কথা। এ কথার উদ্দেশ্য কি? এটা জানানো যে অপরের ধর্মীয় অনুভুতিতে আঘাত দেয়া ঠিক না? তা জানতে আয়াতের পরের অংশ দেখা যাক।

তাহলে তারা ধৃষ্টতা করে অজ্ঞতাবশতঃ আল্লাহকে মন্দ বলবে ... (সুরা ৬ আন'আম, আয়াত ১০৮)
এতক্ষণে বুঝা গেল, কেন মুহাম্মাদ তার অনুসারীদেরকে অন্য ধর্মের উপাস্যদের মন্দ বলতে নি ষেধ করেছেন। তিনি নিষেধ করেছেন কারণ ইট মারলে পাটকেলটি খেতে হয়। আর ইসলামের প্রথম যুগে বাপ-দাদার ধর্মকে আঘাত করায় এমনিতেই মুসলমানগণ সুবিধাজনক অবস্থানে ছিলেন না। আরবের লোকেরা তাদের উপাস্যদের মন্দ বলা সহ্য করতে না পারায় মুহাম্মদকে একটি প্রস্তাব দেন। সুচতুর মুহাম্মাদ ভেবে দেখলেন যে এটি তার রাজনৈতিক উদ্দেশ্য পূরণের অনুকূল হবে। তখনই তিনি এ হুকুম জারী করলেন। সেই হুকুম সংক্রান্ত আয়াতটির শানে নুযুল মা 'রেফুল কুরান থেকে পাঠকদের উদ্দেশ্যে তুলে দিচ্ছি।

"কতিপয় কোরাইশ সর্দারের পরামর্শে আবু তালেবের কাছে যাওয়ার জন্যে একটি প্রতিনিধিদল গঠন করা হল। আবু সুফিয়ান, আবু জেহেল, আমর ইবনে আছ প্রমুখ সর্দার এ প্রতিনিধিদলের অন্তর্ভুক্ত ছিলেন। সাক্ষাতের সময় নির্ধারণের জন্যে মুত্তালিব নামক এক ব্যক্তিকে দায়িত্ব অর্পণ করা হল। সে আবু তালেবের কাছ থেকে অনুমতি নিয়ে প্রতিনিধিদলকে সেখানে পৌছে দিল।
'' তারা আবু তালেবকে বললঃ আপনি আমাদের মান্যবর সর্দার। আপনি জানেন , আপনার ভ্রাতুষ্পুত্র মুহাম্মদ আমাদেরকে এবং আমাদের উপাস্যদেরকে ভীষণ কষ্টে ফেলে রেখেছেন। আমাদের অনুরোধ এই যে, তিনি যদি আমাদের উপাস্যদেরকে মন্দ না বলেন, তবে আমরা তার সাথে সন্ধি স্থাপন

করবো। তিনি যেভাবে ইচ্ছা নিজ ধর্ম পালন করবেন, যাকে ইচ্ছা উপাস্য করবেন, আমরা কিছুই বলব না।"

আরবের লোকদের আত্মসম্মানবোধ অনেক বেশী ছিল। তারা তাদের উপাস্যদের মন্দ বলায় মুসলিমদের উপর ক্ষুব্ধ ছিলেন। তারা ভেবেছিলেন এ কষ্ট দূর করতে মুহাম্মাদকে হত্যা করবেন। তবে আবু তালিবের সম্মানার্থে তারা এ কাজ থেকে বিরত ছিলেন। তাদের আত্মসম্মানবোধ এত বেশী ছিল যে তাদের মধ্যে কয়েকজন আবু তালিবের মৃত্যুর পর মুহাম্মাদকে হত্যা করার প্রস্তাব করলে তারা এই বলে ফিরিয়ে দেন যে, এটি তাদের কাপুরুষতা প্রমাণ করবে। তাই তারা মুহাম্মাদকে সন্ধির প্রস্তাব দেন। তারাই আগে মুহাম্মাদের ধর্ম পালনের অধীকার মেনে নেন। শানে নুযুলেই দেখুন , আরবের লোকেরা মুহাম্মাদকে বলেছেন যে তাদের উপাস্যদের আঘাত না করে মুহাম্মাদ নিজের মত করে তার ধর্ম পালন করুক। মুহাম্মাদ ভেবে দেখলেন তার জন্যে প্রস্তাবটি বেশ সুবিধাজনক। তবে যেহেতু তিনি সমস্ত আরবের নেতা হবার সপ্ন দেখতেন, তাই তিনি তাদেরকে প্রথমে অন্য প্রস্তাব দিয়ে দেখলেন।

" আবু তালেব রাসুলুল্লাহ (সাঃ) কে ডেকে বললেনঃ এরা সমাজের সর্দার , আপনার কাছে এসেছেন। রাসুলুল্লাহ (সাঃ) প্রতিনিধিদলকে সম্বোধন করে বললেন আপনারা কি চান ? তারা বললেনঃ আমাদের বাসনা, আপনি আমাদেরকে এবং আমাদের উপাস্যদেরকে মন্দ বলা থেকে বিরত থাকুন। আমরাও আপনাকে এবং আপনার উপাস্যকে মন্দ বলবোনা, এভাবে পারস্পারিক বিরোধের অবসান হবে। রাসুলুল্লাহ (সাঃ) বললেনঃ আচ্ছা, যদি আমি আপনাদের কথা মেনে নেই, তবে আপনারা কি এমন এক বাক্য উচ্চারণ করতে সম্মত হবেন, যা উচ্চারণ করলে আপনারা সমগ্র আরব জাহানের প্রভু হয়ে যাবেন এবং অনারবরাও আপনাদের অনুগত করদাতায় পরিণত হয়ে যাবে ?"

এটি কি একজন সত্য প্রকাশকারীর চরিত্র? সত্যের প্রকাশক কি সত্য গ্রহনে প্রতিদানের প্রস্তাব করেন? উপরের বক্তব্যে মুহাম্মাদের সমস্ত আরবের নেতা হওয়ার তীব্র বাসনার কথাই ফুটে উঠেছে। তিনি আরবের নেতাদেরকে প্রলোভন দেখালেন যে, যদি তারা মুহাম্মাদকে তাদের নেতা হিসেবে মেনে নেয় , তবে তারা সমগ্র আরবের প্রভু তো হবেনই, এমনকি অনারবরাও তাদেরকে কর দিবে। তিনি কি সত্য প্রচার করতে এসেছিলেন, না কি মানুষকে একটি গোষ্ঠীর করদাতায় পরিণত করার জন্যে এসেছিলেন? আসলে মুহাম্মাদ আরব নেতাদের একটু নাড়ায়ে দেখলেন।

যাহোক, মুল আলোচনায় আবার ফিরে আসি। মুহাম্মাদের এ প্রস্তাবে আরবের লোকেরা তার কুটচাল বুঝতে পারলেন। তারা বুঝতে পারলেন যে , মুহাম্মাদ তাদের উপাস্যদেরকে মন্দ বলা থেকে বিরত থাকবেন না। তখন তারা হুমকি দিলেন যে, যদি তিনি এ ধরনের কাজ বন্ধ না করেন, তাহলে মুহাম্মাদ যার উপাসনা করেন, তাকে তারাও মন্দ বলবেন। মক্কার লোকেরা আল্লাহকে বিশ্বাস করতেন (সুরা ২৯: আয়াত ৬১,৬৩)। ফলে তারা বলেন নি যে, তারা আল্লাহকে গালি দিবেন। বরং তারা বলেছিলেন যে, সেই সত্তাকে গালি দিবেন যে সত্তাকে মুহাম্মাদ বিশ্বাস করেন। মুহাম্মাদ যখন দেখলেন তার চালটা কাজে আসলোনা, তখন তিনি ভেবে দেখলেন, কাফেরদের এ প্রস্তাব মেনে নিলে ধর্ম প্রচার তার জন্যে বরং সুবিধের হয়। তখন তিনি তার অনুসারীদের এ নির্দেশ দিলেন। কিন্তু মনেমনে ঠিকই তাদের প্রতি শত্রুতা পোষন করতে থাকলেন। এবং তার অনুসারীদেরও নির্দেশ করলেন , যতক্ষণ না তারা মুসলিম হবে, ততক্ষণ তাদের প্রতি শত্রু মনোভাব বজায় রাখতে (সুরা ৬০: আয়াত ৪)।

রাজনৈতিক কারণে মুহাম্মাদ আপাতত অন্যের ধর্মানুভূতিতে আঘাত দেয়ার প্রতি নিষেধাজ্ঞা জারি করলেও শক্তি বৃদ্ধির সাথে সাথে তিনি তার সমালচোনাকারী ও তার উপাস্যের সমালচোনাকারীদের হত্যা করার আয়াত নাজিল করেন। ইতিহাসে আমরা দেখতে পাই মুহাম্মাদ ও তার অনুসারীরা কাপুরুষের ন্যায় রাতের অন্ধকারে অথবা ঘুমন্ত অবস্থায় নারী পুরুষ নির্বিশেষে সকল সমালচোনাকারীদের নিষ্ঠুরভাবে হত্যা করেছেন। এ কারণেই আজকেও আমরা দেখি সভ্য জগতে মুসলিমরা যুক্তির বদলে তরবারীর কথা বলেন, খুন হত্যার হুমকি দেন। 'ইসলামীক প্রশ্ন উত্তর' নামক ওয়েব সাইটের এমন একটি ফতোয়া দেখুন...

The ruling on one who insults the Prophet (peace and blessings of Allaah be upon him) The scholars are unanimously agreed that a Muslim who insults the Prophet (peace and blessings of Allaah be upon him) becomes a kaafir and an apostate ***who is to be executed****.*
http://www.islam-qa.com/en/ref/22809/insult%20muhammad

http://www.islam-qa.com/en/ref/12930

কিন্তু এই মুহাম্মাদের অনুসারীরাই অন্যের ধর্মানুভুতির কোন পাত্তা দেন না। তারা মানুষের ধর্মানুভুতিকে অত্যন্ত বাজে ভাষায় আঘাত করেন।

অমুসলিমদের প্রতি ইসলামের প্রথম ও দিতীয় খলিফা হজরত আবুবকর ও হজরত ওমরের পবিত্র মুখে উচ্চারিত কিছু কথা শুনা যাক...

*"Urwah went to the Prophet and began speaking to him. The Prophet spoke as he had spoken to Budayl. Then Urwah said: "Muhammad, tell me: if you extirpate [i.e. exterminate] your tribesmen, have you ever heard of any of the Arabs who destroyed his own race before you? And if the contrary comes to pass, by God I see both prominent people and rabble who are likely to flee and leave you." Abu Bakr said, "***Go suck the clitoris of al-Lat!*** *Would we flee and leave him?" (History of al-Tabari, Volume 8, p. 76)"*
"Hind [a Meccan woman who had lost her father, son, and brother to Muhammad's raiders at Badr] stopped to mutilate the Muslim dead, cutting off their ears and noses until she was able to make anklets and necklaces of them. Then she ripped open Hamzah's body for his liver and chewed it. Then she climbed a high rock and screamed rajaz poetry at the top of her voice, taunting us. 'We have paid you back for Badr. A war that follows a war is always violent. I could not bear the loss of Utba nor my brother, his uncle, or my first-born son. I have slaked my vengeance and fulfilled my

vow.' Umar recited these verses back to her: 'The vile woman was insolent, and she was habitually base with disbelief. May Allah curse Hind, she with the large clitoris. ...Her backside and her genitals are covered with ulcers as a result of spending too much time in the saddle... '" (Ibne Ishaq:385)

কি মধুর ভাষা রাসুলের সংগী সাথীদের! স্বজনহারা একজন নারীর ক্ষোভের জবাবে এটি হল সর্বকালের শ্রেষ্ঠ মানুষদের মুখের ভাষা! এ কারণেই মুসলামনারা যখন তরবারী দিয়ে আঘাতের সুযো গ পান না, তখন তাদের মুখের ভাষাও এরকম জঘন্য , নোংরা, অশ্লীল হতে দেখা যায়। আর তাদের নেতা মুহাম্মাদ কি কম যান? তার ব্যক্তি আক্রোশের প্রমাণ সুরা লাহাব আজো বহন করে চলেছে। আবার তিনিই তার কবি সাহাবীকে নির্দেশ দিয়েছিলেন...

Narrated Al-Bara: The Prophet said to hassan, "abuse them (with your poems), and Gabriel is with you (i.e, supports you)." (Through another group of sub narrators) Al-Bara bin Azib said, "On the day of Quraiza's (besiege), Allah's Apostle said to hassan bin Thabit, 'abuse them (with your poems), and Gabriel is with you (i.e. supports you).' " (Bukhari; Book #59, Hadith #449)

নিরস্ত্র, নিরপরাধ অসহায় মানুষগুলোকে বন্দী করে গালিগালাজের আদেশ দিলেন মুহাম্মদ। এটা একজন উচ্চাভিলাষী সামরিক নেতার কাছ থেকে অপ্রত্যাশিত কিছু নয় , কিন্তু একজন নবী কি তা করতে পারেন? আজকের গুয়ান্তানামো সহ পৃথিবীর জঘন্য বন্দী শিবিরে সামরিক জান্তা কর্তৃক অমানুষিক নির্যাতন, যুদ্ধ-বন্দীদের প্রতি আশালীন অভদ্রে আচরণ আর মুহাম্মদ ও তার সামরিক বাহিনীর ভাষা ও আচরণে মূলত কোন পার্থক্য আছে কি ? আজ তথ্য-প্রযুক্তি, ইন্টারনেটের কল্যাণে মুসলমানদের কালো অধ্যায় প্রকাশ হয়ে পড়েছে। সভ্যতার চাকা সামনের দিকে এগিয়ে নিতেই মুহাম্মদের আসল রূপ ও ইসলামের কুৎসিত ইতিহাস সমাজের সামনে তুলে ধরতে হচ্ছে। প্রাচীন সব নৈতিকতা মানবিকতা আজকের বোধের সাথে বেমানান হয়ে পড়েছে। যুদ্ধবন্দীদের সাথে আচরণের যে ব্যাবস্থাটি পনেরো-শত বছর আগে সম্পুর্ণ ঠিক মনে করা হত। তা আজকের পৃথিবীর যে কেউ করলে আমরা নিন্দা করি, প্রতিবাদে ফেটে পড়ি মিছিলের মাধ্যমে, টেলিভিশনে বলার মাধ্যমে, লিখার মাধ্যমে। সে কাজ করতে যেয়ে যে কারো ভালবাসার বিষয়কে সমালচোনায় আনতেই হয়। যেমন বুশের কর্মকান্ডের সমালোচনা করতে হলে বুশের চরিত্র আলোচনায় আসতে পারে। এতে করে বুশের ভক্তদের কষ্ট হতে পারে। তা থেকে বাঁচতে ভালবাসার বস্তুকে আঘাতের দোহাই তোলা অথবা ধর্মানুভূতির দোহাই তোলা কাপুরুষতার শামিল।

ইসলামের সুত্রগুলো থেকেই আমরা দেখলাম যে মুসলিমদের জাতীর পিতা ধর্মানুভূতির আড়ালে কুসংস্কার ও কুপমন্ডুকতাকে প্রশ্রয় দেন নি। নিজের যুক্তিগুলো বলিষ্ঠভাবে উপস্থাপন করেছেন। মুহাম্মাদও তার ধর্ম প্রচার করতে গিয়ে প্রথমে ইবরাহীমকে অনুসরণ করলেও পরবর্তীতে নিজের স্বার্থে অনুসারীদেরকে ধর্মানুভুতিতে আঘাত করতে নিষেধ করেছেন। তারপরেও কুরানে সে সকল আয়াত রহিত হয়নি এবং শক্তিশালী হবার পর তিনি ও তার অনুসারীরা আগের চেয়ে ভয়ংকর রুপ ধারন

করেন। তারা অন্যের অনুভুতিতে আঘাত করেছেনই , আবার যারা তাদের সমালচোনা করেছে, তাদেরকে হত্যা করা হয়েছে। এভাবেই তিনি যুক্তি ও সমালচোনার দ্বারকে ধর্মানুভুতির ঢাল দিয়ে প্রতিহত করতে চেয়েছেন এবং তার অনুসা রীদের জন্যে জ্ঞানের দুয়ার রুদ্ধ করে দিয়েছেন চিরদিনের জন্যে।

কমেন্ট

1. ভবঘুরে

আগস্ট ৫, ২০১০ সময়: ১০:১১ অপরাহ্ণ লিঙ্ক

৭৭ বার পাঠ করে ফেললো দেখি নিবন্ধটি কিন্তু কারো কোন মন্তব্য নেই, বিষয় কি ? দারুন আকর্ষণীয় নিবন্ধ নি:সন্দেহে । কিন্তু খারাপ লাগছে এই ভেবে যে , লেখক সাহেবের জন্যেও মনে হয় এতোক্ষনে জাহান্নামে একটা সীট বুক হয়ে গেছে।



আনাস এর জবাব:
আগস্ট ৬, ২০১০ at ৯:৫৭ পূর্বাহ্ণ
@ভবঘুরে,

জাহান্নামেই সিট বুক? আমিতো করি নাই। অন্য কেউ আমার নামে করছে নাকি?

2. 2

মাহফুজ

আগস্ট ৫, ২০১০ সময়: ১০:৪০ অপরাহ্ণ লিঙ্ক

পিতার সাথে সন্তানের কথোপকথনে আমারও একটি বাস্তব কথোপকথন মনে পড়লো।
কন্যা: আচ্ছা মা, আল্লাহর কাছে সব চাইলে আল্লাহ কি সব দেন?
মা: হ্যা, তা তিনি দিতে পারেন।

কন্যা: আমার দুধ খেতে পছন্দ। আচ্ছা মা আল্লাহর কি গরুর মত বড় বড় দুধ আছে?
মা: এস

মাহফুজ এর জবাব:
আগস্ট ৫, ২০১০ at ১০:৪৫ অপরাহ্ণ
@মাহফুজ,
মন্তব্য পুরোটা এলো না কেন? মন্তব্য করার অধিকার কি হরণ করা হচ্ছে? কী জানি, হতেও পারে। নিজেকে সন্দেহের দোলায় দোলায়িত করছি।

অভিজিৎ এর জবাব:
আগস্ট ৬, ২০১০ at ১২:৩৫ পূর্বাহ্ণ
@মাহফুজ,
আপনার কোন অধিকারই হরণ করা হয়নি। কমেন্ট ঠিকমত করতে পারেননি বলেই কমেন্ট আসেনি। আবার চেষ্টা করেন। ট্রাই দেয়ার সময় বেশি দোলাদুলি না করাই ভাল হবে মনে হয়। :)

ব্রাইট স্মাইল্ এর জবাব:
আগস্ট ৬, ২০১০ at ১:১৪ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

ট্রাই দেয়ার সময় বেশি দোলাদুলি না করাই ভাল হবে মনে হয়।

:D

মাহফুজ এর জবাব:
আগস্ট ৬, ২০১০ at ১১:৫৫ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

ট্রাই দেয়ার সময় বেশি দোলাদুলি না করাই ভাল হবে মনে হয়।

বাক্যটির অর্থ বুঝতে পারছি না। প্লিজ একটু বুঝিয়ে দিবেন। এখানে ট্রাই শব্দের অর্থই বা কী ?

শাফায়েত এর জবাব:

আগস্ট ৭, ২০১০ at ১২:২৮ পূর্বাহ্ণ

@মাহফুজ,

নেট স্লো হলে কমেন্ট করার সময় অন্য সাইটে গুতানো,ড্াউনলোড করা বন্ধ রাখেন। ঠিকমত না আসলে আবার পোস্ট করেন,পুরোনোটা মুছে দেয়া হবে।



মাহফুজ এর জবাব:

আগস্ট ৭, ২০১০ at ১২:৫২ পূর্বাহ্ণ

@শাফায়েত,

নেট স্লো হলে কমেন্ট করার সময় অন্য সাইটে গুতানো,ড্াউনলোড করা বন্ধ রাখেন।

এইবার মুক্তমনায় ঢুকে আমি অন্য কোনো সাইটে গুতাতে কিম্বা কোনো কিছু ডাউনলোডও করিনি।

ট্রাই দেয়ার সময় বেশি দোলাদুলি না করাই ভাল হবে মনে হয়।

বোল্ডকৃত বাক্যটির অর্থ বুঝতে পারছি না। প্লিজ একটু বুঝিয়ে দিবেন। এখানে ট্রাই শব্দের অর্থই বা কী?

3. 3

যাযাবর

আগস্ট ৫, ২০১০ সময়: ১০:৪৫ অপরাহ্ণ লিঙ্ক

খুবই যুক্তিপূর্ণ ও প্রাসঙ্গিক বিশ্লেষণ। এই রাজনৈতিক শুদ্ধিতার যুগে যখন মুসলিমরা ইসলামের যে কোন সামান্যতম সমালোচনার বিরুদ্ধে ধর্মীয় অনুভূতিতে আঘা ত লাগার জিগির তোলে আর

প্রাণনাশের চেষ্টা করে, তখন সবাইকে এটা স্মরণ করিয়ে দেয়া উচিত যে ইসলামের সূচনাই হয়েছে অন্য ধর্মের প্রতি আঘাত হানার মাধ্যমে । আকাবার দ্বিতীয় চুক্তিতে মোহাম্মদ তাঁর অনুসারীদের এই প্রতিজ্ঞাই দিয়েছিলেন যে তিনি পৃথিবীর সকল কাফিরদের বিরুদ্ধে লড়বেন। এটাতেই পরিস্কার যে শুধু নিজের ধর্ম প্রচারই নয় অন্য ধর্মের বিনাশ সাধন করে ইসলামী একনায়কতন্ত্র প্রতিষ্ঠাই তাঁর উদ্দেশ্য ছিল। লেখাটার জন্য আনাস ধন্যবাদার্হ। এরকম লেখা বারে বারে আসুক।



আনাস এর জবাব:

আগস্ট ৬, ২০১০ at ৯:৫৮ পূর্বাহ্ন

@যাযাবর,

ধন্যবাদ 🙂

shan এর জবাব:

আগস্ট ৬, ২০১০ at ৩:৪৯ অপরাহ্ন

@যাযাবর, আমি কুরান এবং বাইবেলে দেখেচি প্রথম দিকে পর ধরম সহনশিল কিন্তু যখন নিজের শক্তি হয় তখনআঘাত করে, আমার কাছে তাই মনে হয়

4. 4

আদিল মাহমুদ

আগস্ট ৫, ২০১০ সময়: ১০:৫৫ অপরাহ্ন লিঙ্ক

ভবঘুরের মন্তব্য না দেখলে হয়ত এ লেখাটি দেখতামই না। আমার ধারনা ছিল যে এটি একটি কবিতা , কারন ফ্রন্ট পেজে শুধু ওপরের ক লাইনই দেখা যায়।

কোরানকে ইতিহাসের সাথে মিলিয়ে এ রকম বিশ্লেষন প্রসংশার দাবী রাখে। কোরানের ব্যাখায়ই সবসময় স্কলাররা বলেন যে কন্টেক্সট বুঝতে হবে। তা র প্রয়োযন অবশ্যই আছে।

আনাস এর জবাব:
আগস্ট ৬, ২০১০ at ১১:১৫ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

@আদিল মাহমুদ,

ভালই! এরপর থেকে আনাস নামীয় কোন ব্লগার এর লেখা দেখলে নিশ্চিত জানবেন সে কবিতা লিখে নাই। কারন সাইফুল ভাই এর মত কবিতা শক্তির ক ও তার মাঝে নাই!

সম্প্রতি এক হিন্দুর মামলা, নাস্তিকদের মন্তব্য ও মুহাম্মদের কার্টুনকে কেন্দ্র করে মুসলিমদের ধর্মানুভুতির যুক্তি শুনতে শুনতে এ নিবন্ধটি লিখলাম। ভেবেছিলাম অন্য কোথাও প্রকাশ করব। কিন্তু সেই নোংরা ভাষা শোনার ভয়ে আর তা করলাম না। সবচেয়ে পরিচ্ছন্ন মুক্তমনাতেই প্রকাশ করলাম।

আর কন্টেক্সট থেকে লিখা প্রায় ভুলে যেতেই বসেছিলাম কুরান অনলিদের কারণে। পরে দেখলাম তারা ছাড়া অন্য মুসলিমদের কাছে কন্টেক্সট এর গুরুত্ব আছে। সময় করে পড়ার জন্যে ধন্যবাদ।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৬, ২০১০ at ৫:৩৬ অপরাহ্ণ
@আনাস, 🙂

ধর্মানুভূতিতে আঘাত লাগলে আপত্তি হতেই পারে , তাতে কোন ভুল নেই।

মুশকিল হল ধর্মানুভূতিতে আঘাত লাগতে দেখি যখনই কোন রিচুয়ালের ব্যাপারে কেউ সন্দেহ পোষন করে বা নবী রসূলের নওবুওত্ব বা চরিত্র নিয়ে সন্দেহ করে তখন।

কিন্তু ধর্মের নামে চোখের সামনে হাজার ভন্ডামী, অমানবিক কার কারবার এসব চললে তখন কারো ধর্মানভূতিতে কোন রকম সমস্যা হয় না।

ধর্মের নামে অনার কিলিং? ফতোয়া দিয়ে কাউকে দোররা মারা বা উলংগ করে গ্রাম ঘোরানো? এসবে ঈমান্দার ভাইদের ধর্ম পালনের কোন সমস্যা হয় না। এসব নিয়ে তাদের কোনদিন তেমন চিন্তিত হতে দেখি না।



*আনাস*এর জবাব:
আগস্ট ৬, ২০১০ at ৬:১৯ অপরাহ্ন
@আদিল মাহমুদ,

লিখায় আরো কিছু যোগ করতে চেয়েছিলাম। যেমন যুক্তিবাদীদের অনুভুতি। যারা বৈজ্ঞা নিক দৃষ্টিভংগি অনুসরণ করেন। তাদেরকে যখন মেরাজ নিয়ে ইমামের অবৈজ্ঞানিক কথা শুনতে হয়। তখন তাদেরও কষ্ট হয়। সে পরিস্থিতে এ লোকটি যদি প্রতিবাদ করেন তবে তার যে কি দশা হবে তা বলার অপেক্ষা রাখে না। আবার আমি যেমন মক্কা মদিনার প্রচলিত অলৌকিক বিষয়গুল নিয়ে সন্দেহ প্রকাশ করেছি, এ বিষয়টি সাধারণ কোন ব্লগে প্রকাশ করলে এত আরামে থাকতে পারতাম না।

প্রত্যেকেরই অনুভুতির বা ভালবাসার বস্তু আছে। ক্ষেত্রে বিশেষে সমালোচনায় তা আসতেই পারে। তখন যৌক্তিকভাবেই তা মোকাবেলা করতে হবে। এক্ষেত্রে মুহাম্মাদের দ্বিমুখী নীতিও তুলে ধরেছি।

5. 5

সৈকত চৌধুরী
আগস্ট ৬, ২০১০ সময়: ১২:৩৫ পূর্বাহ্ন লিঙ্ক

অসাধারণ বিশ্লেষণ। এরকম লেখার জন্য প্রচুর পরিশ্রম ও ধৈর্যের প্রয়োজন হয়।

6. 6

ভবঘুরে

আগস্ট ৬, ২০১০ সময়: ১২:৫৩ পূর্বাহ্ণ লিঙ্ক

আগে দেখতাম পশ্চিমা দেশ সমূহে ধর্মীয় উদারতা আর গনতন্ত্রের নামে ধর্ম নিয়ে খুব তীব্র সমালোচনা হতো না। ইদানিং সে ট্রেডিশনের পরিবর্তন ঘটেছে বলে মনে হচ্ছে। ইউরোপ আমেরিকাতে বেশ কিছু রাজনীতিবিদ এখন সোচ্চার হয়েছে ইসলামকে সে সুযোগ দেয়া উচিত কিনা। তারা খুব উচ্চ কণ্ঠে কোরানের সন্ত্রাসী ও হিংসামূলক আয়াতগুলো উল্লেখ করে সমালোচনা করছে দেখলাম। বোঝাই যাচ্ছে, পশ্চিমা দেশসমূহে ইসলাম ধর্মের স্বাধীনতা বোধ হয় বেশীদিন থা কবে না। তার পরেও নিউইয়র্কের জিরো পয়েন্টে ১০০ মিলিয়ন ডলারের মসজিদ তৈরীর প্রজেক্ট কিভাবে বা কেন হচ্ছে ঠিক বোধগম্য নয়। কেউ কি এ বিষয়ে কিছু বলবেন ?

*অনন্ত নির্বাণ*এর জবাব:

আগস্ট ৬, ২০১০ at ৬:১৫ পূর্বাহ্ণ

@ভবঘুরে,

মেয়র ব্লুমবার্গ এর নাম জানেন কিনা জানি না। নিউ-ইয়র্কের এক নম্বর মাস্তান বলা যেতে পারে এই লোকটাকে। সে তার রাজনৈতিক ফায়দা হাসিল করার জন্য যেকোন কিছু করতে পারে , রিপাব্লিকান ও হতে পারে আবার ওবামার জুতা পরিস্কার করে দিতে পারে। আরো মজার ব্যাপার হলো , সবাই জানে যে সে মেয়র হিসেবে সিটি থেকে এক পয়সাও বেতন নেয় না।

মেয়র সাহেব বলেছেন, ঐ বিল্ডিং এর মালিক যা ইচ্ছা তা বানাতে পারে, আর সেই বিল্ডিং এর মালিক সম্ভবত এক ইমাম... তাই তেনার কাজ তিনি করছেন এখানে সিটির কিছু করার নেই। আসলে নিউ - ইয়র্কে খুব বড় ধরনের একটা মুসলিম ভোট ব্যাংক আছে ব্লু মবার্গের এইটাকে ঠিক রাখার জন্য ব্লুমবার্গ অনেক জায়গায় অনেক মসজিদ বানানোর অনুমতি দিয়েছে , আর সেইসবের কিছু মসজিদে মাইক লাগিয়ে আজান দেওয়া হয়। এইসবের অবশ্যম্ভাবী পরিনতি হলো এই গ্রাউন্ড জিরো মসজিদ। আমি মোটেও অবাক হই নি এটা শুনে, যতদিন নিউ-ইয়র্কে ব্লুমবার্গ আছে ততদিন আরো অনেককিছু হতে পারে।

Truthseeker এর জবাব:
আগস্ট ৬, ২০১০ at ৭:০৩ পূর্বাহ্ণ
@ভবঘুরে,

এ শম্পরকে নিচের দুটো আরটিকেল দেখতে পার।

http://www.nytimes.com/2010/08/04/opinion/04friedman.html?_r=1
http://www.psychologytoday.com/blog/side-effects/201008/the-manhattan-mosque-tale-two-islams

আকাশ মালিক এর জবাব:
আগস্ট ৭, ২০১০ at ৮:২৬ অপরাহ্ণ
@ভবঘুরে,

নিউইয়র্কের জিরো পয়েন্টে ১০০ মিলিয়ন ডলারের মসজিদ তৈরীর প্রজেক্ট কিভাবে বা কেন হচ্ছে ঠিক বোধগম্য নয়।

যে ছাগলের গায়ে হঠাৎ করেই ঘি মাখানো তৈলাক্ত লোম গজায়, আমরা অনুমান করি এটাকে কোরবানীর আগে স্পেশিয়েল খানা-পিনা সরবরাহ করে বিশেষ ভাবে যতন করা হচ্ছে। মুসলমানের কুরবানীর চাঁদ উঠেছে। গীর্জা বন্ধ করে সেখানে মসজিদ (কসাই খানা) বানানো হচ্ছে , মুসলমানকে কোরবানী দেয়ার লক্ষ্যে। পশ্চিমের পোষা সাদ্দাম ও বিন লাদেনের কোরবানী দেখেও মুসলমান তা বুঝতে পারছেনা।

7. 7

সাইফুল ইসলাম
আগস্ট ৬, ২০১০ সময়: ১:০০ পূর্বাহ্ণ লিঙ্ক

চলুক।

8. 8

আ. হা. মহিউদ্দীন

আগস্ট ৭, ২০১০ সময়: ১২:১৮ পূর্বাহ্ণ লিঙ্ক

প্রত্যেকটা বিষয় বা বস্তুর নিজস্ব ধর্ম বা বৈশিষ্ট বিদ্যমান। যেমন পানির ধর্ম হলো উপর থেকে নীচে গড়ানো। তেমনি পুজিবাদের বৈশিষ্ট হলো টাকা কামানো । মসজিদ নির্মানের জন্য একজন কন্সট্রাকশন কনট্রাকটরের প্রয়োজন হবে। নির্মান কাজে সর্বনিম্ন মুনফা ২৫%। ১০০ মিলিয়নে মুনফা ২৫ মিলিয়ন। পুজিবাদী রাষ্ট্রএর বৈশিষ্ট হলো মুনফা নিশ্চিত করা । অতএব কে মসজিদ বানালো তা দেখার এবং অর্থের উৎস খোঁজার দায়ীত্ব রাষ্ট্র বা কনট্রাকটরের নয়।

আদিল মাহমুদ এর জবাব:

আগস্ট ৭, ২০১০ at ৭:৪৫ অপরাহ্ণ

@আ. হা. মহিউদ্দীন,

দেশের প্রচলিত আইন মেনে মসজিদ বা চার্চ মন্দির বানানলে তাতে আপত্তির কিছু থাকতে পারে না।

তবে ইসলাম বিদ্বেষীদের প্রান কেন্দ্রে এই রকম প্রচেষ্টা খুবই কৌতুককর।

9. 9

Anik

আগস্ট ৭, ২০১০ সময়: ১২:৪২ অপরাহ্ণ লিঙ্ক

যতক্ষন না বাস্তবিক, পার্থিব, পদার্থিক কোন ক্ষতিসাধন হইতেছে ততক্ষন আপনি যতই ফিলিংস্‌এ হিট খান না কেন, আপনাকে Guiter মারিয়া নিরস্ত থাকিতে হইবে..................

10. 10

আসিফ মহিউদ্দীন
আগস্ট ৭, ২০১০ সময়: ১০:০৫ অপরাহ্ণলিঙ্ক

পড়েছি আগেই, আজকে মন্তব্য করলাম। দুর্দান্ত লিখেছেন, বলার অপেক্ষা রাখে না।

এ কারণেই মুসলামনারা যখন তরবারী দিয়ে আঘাতের সুযোগ পান না , তখন তাদের মুখের ভাষাও এরকম জঘন্য, নোংরা, অশ্লীল হতে দেখা যায়।

মাঝে মাঝেই বেশ কিছু ইমেইল/ফেইসবুক মেসেজ পাই , জঘন্য গালাগালিতে ভরা। কয়েকদিন ফোনেও হুমকি দিয়েছে। কি আশ্চর্য ব্যাপার!

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৮, ২০১০ at ১২:২২ পূর্বাহ্ণ
@আসিফ মহিউদ্দীন,

এ নিয়ে অবাক হবার কিছু নেই , ধার্মিক ভাইয়েরা ধর্মের সমালোচনাকে ব্যাক্তিগত আক্রমন হিসেবে ধরে নেন। সেভাবেই তারা জবাব দেন।

যদিও তারাই আবার তাদের ধর্মের উদারতা,সহিষ্ণুতা এসব সম্পর্কে খুব উচ্চ ধারনা পোষন করেন ও গর্ব করেন।



আসিফ মহিউদ্দীন এর জবাব:
আগস্ট ৮, ২০১০ at ১২:৪২ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

ধর্মপ্রবর্তকেরা মানব জাতির অংশ, প্রত্যেকেই রক্তমাংশের মানুষ ছিলেন। তারা তো তাদেরকে একদম বাপদাদার সম্পত্তি বানিয়ে ফেলেছেন।

মানুষ হিসেবে আমি প্রতিটা মানুষ সম্পর্কে নিজের মতামত তুলে ধরতে পারি।একটা স্বাধীন দেশে এটা আমার অধিকার হওয়া উচিৎ, এই সাধারন ব্যাপারটা তারা কেন ধরতে পারেন না আমি জানি না। মুহাম্মদ যীশু বুদ্ধ প্রত্যেকেই আমার মতই মানুষ , তাদের সম্পর্কে বস্তুনিষ্ঠ আলোচনায় তাদের ভীতিই প্রমান করে তারা কতটা অসহায়, নিজেদের ধর্ম সম্পর্কে তারা কতটা হীনমন্যতায় ভোগেন।

আদিল মাহমুদ এর জবাব:
আগস্ট ৮, ২০১০ at ৭:২৭ পূর্বাহ্ণ
@আসিফ মহিউদ্দীন,

ধর্মবাদীদের কাছে ধর্মের ব্যাপারে স্বাধীন মতামত দেবার অধিকার কারো নেই। ওনারা অবশ্য মুখে স্বীকার করবেন না, কারন তাহলে আবার তারা বা তাদের ধর্ম উদার নয় এই অভিযোগ উঠবে, সেটাও আবার মানতে তাদের বাধা। মুখে বলবেন যে তাদের ধর্মে মুক্তচিন্তায় কোন সমস্যা নেই , যেকোন বিষয় নিয়েই আলোচনা সমালোচনার দ্বারা সবসময়ই খোলা। তবে যেটা বলেন না সেটা হল যতক্ষন না এই আলোচনা তাদের প্রচলিত বিশ্বাসের চুল পরিমান বিরুদ্ধে যায়। অন্য কথায়; আলোচনা সমালোচনা সবই হতে পারে তবে তা হতে হবে ওনাদের মন মত। এর বাইরে গেলেই আসল চেহারা বেরিয়ে যাবে। তখন মুক্তচিন্তা খোলা আলোচনা সব উদারতার পথ বন্ধ।

শুরু হয়ে যাবে ব্যাক্তিগত আক্রমন। এসব উন্মাদের সাথে আলোচনা চালানোরও উপায় থাকে না। অদ্ভূত অদ্ভূত অভিযোগ আর যুক্তির মোকাবিলা করতে হয় যা স্বাভাবিক মানুষ হিসেবে বোঝা যায় না। যেমন, আপনি কোন হাদিসের রেফারেন্স দিয়ে মহানবীর চরিত্র বিষয়ক প্রশ্ন তুললেন। তার প্রতিক্রিয়া হবে আপনি কত বড় ইসলাম বিদ্বেষি। যিনি এই হাদীস লিখেছেন এবং হাজার বছর ধরে লালন পালন করা হচ্ছে তাদের কিন্তু কোনই দোষ নেই। ওনাদের কথায় একমত হতে না পারলেই অবশ্যম্ভাবী পরিনতি।

দোষ হবে আপনার, আপনি কেন এটার কথা বলতে গেলেন? চেপে গেলেন না কেন? চেপে গেলেই ভাল ধার্মিক, পাক্কা ঈমান্দার। এর নাম কি ধর্ম বা এতে কি কল্যান নিহিত থাকতে পারে তা আমি বুঝি না।

*আনাস*এর জবাব:
আগস্ট ৮, ২০১০ at ১০:৩১ অপরাহ্ণ
@আসিফ মহিউদ্দীন,

এ বিষয়ে আপনার লিখাটি বেশী ভাল লেগেছে। পড়ার জন্যে ধন্যবাদ

11. 11


সংশপ্তক

আগস্ট ৮, ২০১০ সময়: ৩:৩৪ পূর্বাহ্ণ লিঙ্ক

শুধুমাত্র যুক্তি-তর্ক দিয়ে ধর্মবাদীদের বদলানো সম্ভব নয় । যুক্তি-তর্ক সাধারনত: তাদের এক কানে প্রবেশ করে আবার অন্য কান দিয়ে বেরিয়ে যায় । শেষ পর্যন্ত এই যুক্তি-তর্ক একজন পাড় নাস্তিকের কাছে পুনরায় নাস্তিকতা প্রচারে পর্যবেশিত হবে ।
ধর্মবাদীদের মন থেকে ধর্মের ধূয়া পরিষ্কার করতে হলে আমাদের প্রথমেই ধর্মকে বিবর্তনীয় মনোবিজ্ঞানের আতশি দি্য়ে বিচার করতে হবে । ধর্মের বিকাশকে কোন বিচ্ছিন্ন ঘটনা হিসেবে ধরলে চলবে না । হাজার হাজার বছর আগে আমাদের আদিম পূর্বপুরুষদের কিছু স্বাভাবিক সীমাবদ্ধতার কারনেই প্রথমে সমাজ প্রথা এবং পরে ধর্মের আবির্ভাব ঘটে । এখন ধর্মের এই অতীতকে অস্বীকার করে মানুষের মন থেকে ধর্মকে বিদায় করার চিন্তা বিলাসিতাই মাত্র । আমাদের প্রথমেই মানুষের মন থেকে এই অতীত ছেটে ফেলে সেখানে ধর্মের চেয়েও আকর্ষণীয় মাদকের বীজ বপন করতে হবে যা কেবল কথার ফুলঝরি নয় , পঞ্চ ইন্দ্রিয় দিয়ে সহজে অনুভব করা যায় ।

*অভিজিৎ*এর জবাব:
আগস্ট ৮, ২০১০ at ৩:৫২ পূর্বাহ্ণ
@সংশপ্তক,

ধর্মবাদীদের মন থেকে ধর্মের ধূয়া পরিষ্কার করতে হলে আমাদের প্রথমেই ধর্মকে বিবর্তনীয় মনোবিজ্ঞানের আতশি দি্য়ে বিচার করতে হবে। ধর্মের বিকাশকে কোন বিচ্ছিন্ন ঘটনা হিসেবে ধরলে চলবে না।

আমি সেজন্যই ইদানিং বিবর্তনীয় মনোবিজ্ঞানের ব্যাখ্যাকে প্রাধান্য দিয়েই লেখা লিখতে চেষ্টা করি। এই বিবর্তনীয় মনোবিজ্ঞানের বিশ্লেষণগুলো এ পর্যন্ত কেবল একাডেমিক লেভেলেই সীমাবদ্ধ ছিল। বাংলাতে তো বটেই এমনকি ইংরেজীতেও খুব বেশি বিশ্লেষণ চোখে পড়ে না। এটার প্রয়োজনীয়তা যে ধীরে ধীরে প্রকাশিত হতে শুরু করেছে এটা দারুণ আশার ব্যাপার।

কিন্তু তারপরেও বলব, বিবর্তনীয় মনোবিজ্ঞানের ব্যাখ্যা থাকুক আর নাই থাকুক , আনাসের এ লেখাগুলোর গুরুত্বও অপরিসীম। সাধারণ পাঠকেরা এই লেখাগুলো দিয়েই সংশয় শুরু করতে পারেন, পরে এক সময় অর্থনৈতিক, সামাজিক কিংব বৈজ্ঞানিক বিশ্লেষণে যাওয়া যেতে পারে। সবকিছুরই দরকার আছে।

*রৌরব*এর জবাব:
আগস্ট ৮, ২০১০ at ৬:৩৯ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

আলোচনা একাডেমিক অর্থে সফিসটিকেটেড হলেই খু ব সফল হবে, এ ধারণা অদ্ভুত ঠেকে। যারা যুক্তি-তর্কে হার মানবেন না, তারা বিবর্তনীয় মনোবিজ্ঞান দেখলেই থমকে দাঁড়াবেন কেন? একেক জনের একেক ধংয়ের আলোচনায় একটি বহুমাত্রিকতা অর্জনই তো কাঙ্খিত বলে মনে হয়।

*যাযাবর*এর জবাব:
আগস্ট ৮, ২০১০ at ৭:০১ পূর্বাহ্ণ

@সংশপ্তক,

ধর্মবাদীদের মন থেকে ধর্মের ধূয়া পরিষ্কার করতে হলে আমাদের প্রথমেই ধর্মকে বিবর্তনীয় মনোবিজ্ঞানের আতশি দি্য়ে বিচার করতে হবে

যারা যুক্তি মানে না তারা বিবর্তনের তত্বই বা মানবে কেন? ধর্মবাদীরা তো বিবর্তনেই বিশ্বাস করে না তা আবার বিবর্তনীয় মনোবিজ্ঞান! আবার অনেক ধর্মবাদীরা আবার বিবর্তনেও বিশ্বাস করে। তারা বিবর্তনের সাথে কুরাণেরে কোন বিরোধ নেই এটাও বিশ্বাস করে! আর বিবর্তনীয় মনোবিজ্ঞান দিয়ে এখানে তো শুধু ধর্ষণ, প্রেম ইত্যাদি আলোচনা হচ্ছে। তাতে তাদের মন থেকে ধর্মের ধূয়া পরিষ্কার হবে কেমন করে? কুরাণ, হাদিস এগুলিই ইসলাম ধর্মের ভিত। কুরাণের অসারতা প্রমাণ করতে ম্যাট্রিক লেভেল জ্ঞান ও লাগে না, বড় বড় পেপার এর রেফারেন্স লাগে না। সাধারণ যুক্তি দিয়েই সহজে তা বোঝান যায়। আর যারা এই যুক্তি পড়ে ইসলামে বিশ্বাস হারায় তারা অতি সহজেই বিবর্তন মেনে নিতে পারে। কিন্তু উল্টোটা সত্য নয়। ইন্টার্নেটের বদৌলতে এখন নতুন প্রজন্মের অনেক মানুষই প্রথম বারের মত ইসলামের সত্যিকার রূপের সাথে পরিচিত হচ্ছে। যত বেশী এই ধরণের লেখা প্রকাশিত হবে ততই এটা অনেকের কাছে পৌঁছাবার সম্ভাবনা বেড়ে যাবে। বিবর্তনের শিক্ষা একই সাথে চলুক। সেটাও অনেকের কাছে জীবন/বিশাস পরিবর্তনকারী। দুটোরই গুরুত্ব আছে। তবে আমার মনে হয় প্রথম পথেই বেশি মানুষকে নড়ান সম্ভব।

12. 12


সংশপ্তক

আগস্ট ৮, ২০১০ সময়: ৪:৩৭ পূর্বাহ্ণ লিঙ্ক

@অভিজিৎ ,
এ ব্যপারে আমি একমত যে , "বিবর্তনীয় মনোবিজ্ঞানের ব্যাখ্যা থাকুক আর নাই থাকুক , আনাসের এ লেখাগুলোর গুরুত্বও অপরিসীম"। আনাস সহ সকলের উচিৎ কিছুটা কম করে হলেও ধর্মের বৈজ্ঞানিক বিশ্লেষণ তাদের লেখায় টেনে আনা । সংশয়কে জমাট বাঁধতে এটা যথেষ্ট সহায়ক হবে বলে আমার বিশ্বাস ।

13. 13

সংশপ্তক

আগস্ট ৮, ২০১০ সময়: ৭:৩২ পূর্বাহ্ণ লিঙ্ক

@যাযাবর,
মানুষকে বিবর্তন তত্ত্ব শোনানোর কথা আমরা এখানে বলছি না । ধর্ম বাদীদের এপ্রোচ করার সময় শুধু মনস্তাত্ত্বিক ব্যপার গুলো মাথায় রাখতে বলছি । এছাড়া বিড়ালের রং কোন বিষয় নয় । ইঁদুর ধরাই যেহেতু আসল ।

14. 14

গোল্লা আবুল বাশার

ফেব্রুয়ারি ২৪, ২০১১ সময়: ১০:২৯ অপরাহ্ণ লিঙ্ক

অন্ধের হাতি দেখার মত বিশ্লেষণ বলতে পারেন অনেকে।
প্রথম প্রস্তাবঃ ধুমপান খারাপ। এটা ছেড়ে দিন।
প্রতিক্রিয়াঃ ধুমপানকে খারাপ বলবেন না। তাহলে আমরাও আপনাকে খারাপ বলবনা।
দ্বিতীয় প্রস্তাবঃ যদি আপনার প্রস্তাব মেনে নেই তাহলে কি ধুমপান ছেড়ে জীবনের ঝুঁকি কমাবেন ???
একই রকম হতে পারে পরের ব্যাখ্যাটিঃ

" আবু তালেব রাসুলুল্লাহ (সাঃ) কে ডেকে বললেনঃ এরা সমাজের সর্দার , আপনার কাছে এসেছেন। রাসুলুল্লাহ (সাঃ) প্রতিনিধিদলকে সম্বোধন করে বললেন আপনারা কি চান ? তারা বললেনঃ আমাদের বাসনা, আপনি আমাদেরকে এবং আমাদের উপাস্যদেরকে মন্দ বলা থেকে বিরত থাকুন। আমরাও আপনাকে এবং আপনার উপাস্যকে মন্দ বলবোনা, এভাবে পারস্পারিক বিরোধের অবসান হবে।

রাসুলুল্লাহ (সাঃ) বললেনঃ আচ্ছা, যদি আমি আপনাদের কথা মেনে নেই, তবে আপনারা কি এমন এক বাক্য উচ্চারণ করতে সম্মত হবেন, যা উচ্চারণ করলে আপনারা সমগ্র আরব জাহানের প্রভু হয়ে যাবেন এবং অনারবরাও আপনাদের অনুগত করদাতায় পরিণত হয়ে যাবে ?"

প্রশ্ন হলো সৃষ্টিকর্তা আছে না নেই ? ধর্ম কেনো? এত ধর্মের কি দরকার? ধর্ম পালনে কি লাভ? কোন ধর্ম পালনে লাভ বেশি? মানুষের কাজ কি? বিজ্ঞানে প্রমাণ খুঁজে না পেলে তাকে কি ভ্রান্ত বলা হয় ???

<u>সমাপ্ত</u>

https://www.amarblog.com/susupto-pathok/posts/171974

ধর্মবিহীন আস্তিকতা

তারিখঃ শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৭:২২

লিখেছেনঃ সুষুপ্ত পাঠক

ঈশ্বর আছেন আসুন এটা মেনে নিয়ে ই ধর্ম নিয়ে আলোচনা করি। আমি নিজে অবশ্য মনে করি ধর্ম নিয়ে আলোচনা করতে হলে ঈশ্বরকে বাদ দিয়েই করতে হবে। কেউ হয়ত বলবেন, এটা তো রামকে বাদ দিয়ে রামায়ন নিয়ে আলোচনা করার মত হবে। তাদের বলি, মোটেই তা হবে না। ঈশ্বর অনেক ব্যাপক বিতর্কের বিষয়। এর ব্যাপ্তিও বিশাল। পৃথিবীতে এমন মানুষের সংখ্যা অনেক আছে যারা ঈশ্বর বিশ্বাস করে কিন্তু প্রচলিত কোন ধর্ম মানে না। তারা নিজেদের আস্তিক বলে পরিচয় দেয়। বেহেস্ত-দোযগের মত স্ফূল কোন বিষয় নিয়ে মাথা ঘামায় না।

যখন বয়স অল্প ছিল তখন ঈশ্বরের অস্তিত্ব নিয়ে তর্ক করতে খুব ভাল লাগতো। বৈজ্ঞানিকভাবে ঈশ্বরকে ন্যাৎসাত করতে খুব ভাল লাগতো। যুক্তি দিয়ে ঈশ্বর ও আত্মাকে অবাস্তব প্রমাণ করাও যেতো। যেমন আত্মা নিয়ে আত্মা বিশ্বাসীদের প্রশ্ন করতাম, আচ্ছা আত্মা যদি থেকেই থাকে তাহলে পানির নিচে দম আটকে রাখতে হয় কেন আমাদের? অক্সিজেন ছাড়া বাঁচতে পারি না কেন? অক্সিজেন বলে যে একটা গ্যাস আছে পৃথিবীর বায়ুমন্ডলে এটা আবিষ্কারের আগে আমরা জানতাম না যে অক্সিজেন ছাড়া কোন প্রাণীর পক্ষে বেঁচে থাকা সম্ভব। আত্মা অবিনশ্বর। তাহলে সে অক্সিজেন নামক একটা গ্যাসের অভাবে ওমন ছটফট করে উঠে কেন? আল্লাই বা অক্সিজেন নামক একটা বাতাসের ব্যবস্থা করতে গেলেন কেন? আত্মারাম তো স্বর্গ-মর্ত সবখানে চলতে ফিরতে পারে কোন অক্সিজেন সিলিন্ডার ছাড়াই!
তবু ঈশ্বর আছে বা নেই এই বিতর্ক কোনদিন শেষ হবার নয়। সত্যি বলতে কি ঈশ্বরকে নিয়ে আদৌ আমার কোন মাথা ব্যথাও নেই। বেচারা থাকুক বেচারার মত। তি নি যদি থেকেই থাকেন থাকুন না তার মত। আমাদের তো তিনি কোন অসুবিধা করছেন না। আমাদের তিনি সাতেও নেই , পাঁচেও নেই। আমাদের ব্যবস্থা আমাদেরই করে নিতে হয়। নদীতে বাঁধ দিয়ে নগর তৈরি করেছি আমরা নিজেরাই। সেচের ব্যবস্থা করে ফসল ফলিয়েছি আমরাই। আমাদের ভাগ্য বিধাতা আমরাই হয়ে উঠেছি। ঈশ্বর যদি গরু দিয়ে থাকেন আমাদের জমি চাষ করা জন্য তাহলে আমরা ট্রাক্টর তৈরি করে এখন তার চাইতে বেশি কার্যকর ও সমোপযোগী ব্যবস্থা করে নিয়েছি। ঈশ্বর আর তার গরুর কোন প্রয়োজন এখন আমাদের নেই। তবে কেউ যদি মনে করে গরুর দুধ বাছুরের অধিকার না হয়ে তার তা হলে বলার কিছু নেই।

গরু আর ঘোড়ার আমাদের এখন প্রয়োজন নেই (পরিবহন অর্থে)। আমরা ঘোড়ার বদলে মটরগাড়ি তৈরি করে নিয়েছি। তবে একটা বুনো ঘোড়াকে বশে এনে তার পিঠে সওয়ার হওয়াটা কিন্তু মানুষকে নিজেই করে নিতে হয়েছে। ঈশ্বরের কোন টেকনিশিয়ান এসে ঘোড়াসওয়ার হওয়ার কায়দা বা ঘোড়া শিকার করা আমাদের শিখিয়ে দেয়নি। মানুষের সামাজিক -রাজনৈতিক-অর্থনৈতিক কোন জীবনের সঙ্গে

অদৃশ্য অলৌকিক কোন শক্তির প্রভাব নেই। কাজ না করলে খেতে পাওয়া যায় না। মানুষের শিক্ষা - দীক্ষার উপর তার জীবিকা নির্ভর করে। একটা দেশের সামগ্রীক অর্থনীতির উপর সেদেশের মানুষের অর্থনৈতিক ভাগ্য পুরোপুরি নির্ভরশীল। আরবের মাটির নিচে তেলের স্রোত না বইলে ওরা এখনো ভিক্ষুকের মত জীবনযাপন করতো। ৬০-৭০ বছর আগে ওরা বিদেশী হজ্বযাত্রীদের লুন্ঠন করে জীবিকা নির্ভর করতো। কেউ যদি এখন বলেন আরব মরুর নিচে তেলের সাগর বইয়ে দিয়েছেন স্বয়ং আল্লাহতালা, তার সঙ্গে আর যাই হোক তর্ক করা চলে না।

এখন জীবন বিধান নিয়ে আলোচনা করা যেতে পারে। ঈশ্বর মানুষকে জীবন বিধান দিলে সেটা সারা বিশ্বের জন্যই গ্রহণীয় হবে। হাঁটুর উপর কাপড় তোলা যেখানে নিষেধ সেই বিধি বাংলার পাট চাষির জন্য গ্রহণীয় নয়। পায়জামা পরে পাট জাঁক দেয়ার কথা আর যাই হোক কোন জ্ঞানী ঈশ্বর কখনই বলবেন না। আরবের জীবনযাত্রা গড়ে উঠেছে মরুভূমি এবং সেখানকার জলবায়ুর উপর। এই সত্য পৃথিবীর সমস্ত ভূখন্ডের জন্যই। বাংলায় কোন নবী এলে তিনি নিশ্চিত কৃষক ঘরের সন্তানই হতেন। নয়ত বাংলার রাখাল। বাংলার মাঝি, গাড়োয়ান...। আমার খুব কৌতূহল সেই নবী ও তার ঈশ্বর কেমন হতো?

পৃথিবীতে প্রচলিত সমস্ত ধর্মগুলোর সত্যিই কি কোন ভিত্তি আছে ? যেখানে জন্মসূত্রে আমরা ধর্মগুলোকে পাই সেখানে ঈশ্বর মনোনীত ধর্ম পাওয়া স্রেফ ঐ ঈশ্বর মনোনীত ধর্মের একজন পুরুষের সন্তান উৎপাদনের সঙ্গে যোগসূত্র। আমি নিজে মুসলিম ঘরে জন্মের সূত্রে ইসলাম ধর্মের সংস্পর্শে এসেছি। ইসলাম ধর্মের সংস্পর্শে আসার জন্য আমার নিজের ও ঈশ্বরের কোন কেডিট নেই। তেমনি একজন হিন্দু, খ্রিস্টান, বৌদ্ধ আর ইহুদী হওয়ার মধ্যে জন্মসূত্রই প্রধান। মহান ঈশ্বরের মনোনীত ধর্মের ডাকে সাড়া দেয়ার অন্য কোন উপায় নেই। ঈশ্বর যে কোন ধর্ম পৃথিবীতে পাঠাননি সমগ্র পৃথিবীর জন্য এটা একটা প্রধান প্রমাণ।

পৃথিবীতে যদি ঈশ্বর কোন ধর্ম পাঠিয়ে নাই থাকেন , তিনি যদি আদৌ আমাদের নিয়ে কোন চিন্তাভাবনা নাই করেন তাহলে একজন ঈশ্বর আছেন এটা বিশ্বাস করেই বা কি লাভ? লাভ লোকশান জানি না। তবে ঈশ্বর যে মানুষের প্রত্যহিক জীবনে কোন ভূমিকা রাখেন না , এটা যত তাড়াতাড়ি মানুষ বুঝবে তত তাড়াতাড়ি মানুষের সামাজিক ও রাজনৈতিক জীবনে কথিত ঈশ্বর প্রেরিত ধর্মের প্রভাব থেকে দূরে থাকবে। রাষ্ট্রীয় জীবনে ধর্মের ব্যবহারের মারাত্মক দিকটি থেকে চির রেহাই পাওয়া যাবে। ইংলেন্ডের রানীর মত থাকুক না একজন ঈশ্বর শোভাবর্ধন করে। এই আস্তিকতা যত তাড়াতাড়ি পৃথিবীতে প্রসার লাভ করবে আমাদের কাঙ্খিত শান্তির পৃথিবীর আশা ততই বাড়তে থাকবে।

কমেন্ট

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৭:৪৪ তারিখে ফারমার বলেছেন

যেমন আত্মা নিয়ে আত্মা বিশ্বাসীদের প্রশ্ন করতাম, আচ্ছা আত্মা যদি থেকেই থাকে তাহলে পানির নিচে দম আটকে রাখতে হয় কেন আমাদের? অক্সিজেন ছাড়া বাঁচতে পারি না কেন?

এখানে একটা ভুল আছে: আত্মা মানুষকে বাঁচিয়ে রাখে না, প্রাণ মানুষকে জীবিত রাখে; বাংলাতে অনেকই এই শব্দগুলোকে সমার্থক করে ফেলেছে; আসলে এগুলো আলাদা; আত্মা (Soul বা Mind), মানুষের ভাবনা শক্তি, আর প্রাণ (Life) ফজিওলোজিক্যাল এনটিটি।

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৭:৪৮ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

ফারমার, যাদের সঙ্গে সেই অল্প বয়েসে তর্ক করতাম তারা আদতে সেরকমই ভাবতো। আত্মাই সব। দেহটা মাটির একটা খোলস।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৮:১০ তারিখে ফারমার বলেছেন

মোল্লারা অবশ্য এখনো সেখানেই আছে!

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৮:১৯ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

সংখ্যাগরিষ্ট মানুষই। আফসোস।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৮:১৬ তারিখে সরকার পায়েল বলেছেন

খুবই যুক্তিসঙ্গত পোস্ট।আরও বেশী যুক্তিসঙ্গত মনে হয়েছে , ঈশ্বরকে বাদ দিয়ে ধর্ম নিয়ে ভাবতে হবে । এই কথাটি । আমি নিজে যদিও ঈশ্বরে বিশ্বাসী ।

ঈশ্বর নিয়ে মানুষের জ্ঞান খুবই কম । এত কম জ্ঞান নিয়ে কোন বিষয়ে সঠিক সিদ্ধান্ত নেয়া অসম্ভব । বরং বিষয়টিকে কাল্পনিক বলে দিলে অনেক সহজ উত্তর হয়। কিন্তু ভাবলে তা ভাবার বিষয় ।

ধর্মকে দেখা উচিৎ প্রয়োজনীয়তার দিক থেকে । মানবতার জন্য সমাজে শান্তির জন্য ধর্মের প্রয়োজন কত টুকু ?

আত্মার বিষয়ে ভিন্নমত। মানুষ যা যা পেরেছে পৃথিবীর অন্য কোন প্রাণী পারেনি। এটা কি নিতান্তই প্রকৃতির আর দশটা বিষয়ের মতই না অন্য কোন উত্তর আছে ?

মানুষ বুদ্ধিমান প্রাণী না সবচেয়ে বোকা প্রাণী ?মৃত্যুর পর সব শেষ মানুষ জানে তারপরেও প্রাণপণ চেষ্টা ভালো থাকার। হয়ত অন্য প্রাণী মানুষের এই লড়াইয়ে হাসে। দেখ বোকা প্রাণী কি করে ?তাই ওরা কোন চেষ্টাই করেনা।

ভাবতে চাইলে ভাবা যায় না চাইলে এক কথায় উত্তর শেষ সব প্রাকৃতিক বিষয়।
_____*। i ।*_____
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৮:২০ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন
আপনার মধ্যে আমি স্ববিরোধীতা দেখতে পাই।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৮:৩০ তারিখে সরকার পায়েল বলেছেন
> ব্যাখ্যা করুন। এই জন্য বললাম তাহলে আলোচনায় সুবিধা হবে। আপনার প্রশ্নের উত্তর আমার কাছে আছে। কিন্তু তার আগে জানতে চাই আপনি কোন বিষয়টি জানতে চাচ্ছেন।
_____*। i ।*_____
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২২:৫৪ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন
আপনি যে ধরনের লেখা লেখেন বা কমেন্ট করেন অন্যের লেখায় তাতে আমার এই লেখাকে যুক্তিসঙ্গত বলাটাকে মনে হয়েছে স্ববিরোধীতাপূর্ণ।

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০৫:০৮ তারিখে সরকার পায়েল বলেছেন

> ঠিক ধারণা করেছিলাম । এমনই ভাবার কথা । প্রচলিত ধারনাটি এমন , যে ইসলাম বা ঈশ্বরে বিশ্বাসী সে জামাত , হেফাজত সমর্থন করবে । কথায় কথায় কোরআন হাদিস বলবে । কোরআনের আয়াত আর হাদিস দিয়ে সব যুক্তি দিবে ।
কিন্তু আমার ধারণা আমি প্রচলিত ধারনার বাইরে চলে আসতে পেরেছি । আমি জামাত ঘৃণা করি হেফাজতকে মনে করি অপরিপক্ক একটি সংগঠন যার হাত পা মাথা কিছুই নাই । সফি বদমাইশ একটা ধর্ম ব্যবসায়ী । এক লাখ এক হাজার একশ যুক্তি আছে বলে বিরক্ত না করি । এবার আসি কোরআন হাদিসে । সব যদি কোরআন হাদিস দিয়ে মানতে আর বিশ্বাস করতে হয় তাহলে মাথার ভিতর ঘিলুটার কাজ কি ?

কোরআন হাদিস আমিও বিশ্বাস করি কিন্তু তা আমার যুক্তি দিয়ে আমার মত করে । খেয়াল করবেন অন্য যে পোস্ট গুলোতে আমার মন্তব্যের কথা বলেছেন তার ২/১ টায় কোন হাদিস বা আয়াত থাকতে পারে । বাকী সবই ছিল আমার যুক্তি কোরআন হাদিসের খুব একটা দরকার হয় নাই । যদিও পোস্ট গুলোতে কোরআন হাদিসের বিকৃত অর্থ ও ব্যখ্যা করে ইসলামকে খাটো করা হয়েছে।যা অর্থহীন।

ইসলাম বিশ্বাস করা মানেই ইসলামের নামে সব বদমাইশি মেনে নেয়ার কোন কারণ নাই।

কোরআন ও হাদিসের যে ব্যখ্যাগুলো আছে তা যুগ ও সময়ের তুলনায় অপ্রতুল আরও বিশদ ও বিস্তারিত আলোচনা ও ব্যখ্যা প্রয়োজন । কিন্তু কে করবে ধর্মের কাণ্ডারিরা তো ধর্ম বেচতে ব্যস্ত । তাই আমার কথা বা ব্যখ্যাগুলো ঠিক বুঝে ওঠা যায় না। ইসলামের নতুন ব্যখ্যার প্রয়োজন খুব বেশী প্রয়োজন ।

আমি ধর্ম বিশ্বাসী কিন্তু ধর্মান্ধ নই। নাস্তিক সব লেখাতেই ঢালাও মন্তব্য আমি করিনা । কিন্তু ধর্ম বিদ্বেষী পোস্টে বিরক্ত হই । আপনি নাস্তিক কোন সমস্যা নাই আপনি আপনার যুক্তি সুন্দরভাবে তুলে ধরেছেন আংশিক আমি মেনেও নিয়েছি । সমস্যা তো হয় নাই , তাহলে ঐ পোস্ট গুলোতে কি সমস্যা হল ? এখন ভাবনার হাল আপনার হাতে আপনিই ঐ পোস্টগুলোর এবং আপনার পোস্টের পার্থক্য বের করুন। তাহলেই বুঝবেন সমস্যা কোথায়।

এবার বলি আপনার লেখার কথা , সেখানে যুক্তি সঙ্গত বলেছি কারণ আপনি বলেছেন ঈশ্বরকে বাদ দিয়ে ধর্মকে দেখতে তাহলে আসলেই সমস্যা অনেক কমে যায় । কিন্তু আমি বলিনি ঈশ্বরকে মানিনা । তাও বলেছি।

আরও যুক্তিসঙ্গত বলেছি এই কারণে কারণ আমার মনে হয় সমাজে শান্তির জন্য সকল ধর্মেরই প্রয়োজন। এখন তা যেভাবেই মানা হোক ।

আমার মন্তব্যের মূল কথা ছিল , সত্য মিথ্যা বাদ দিয়ে প্রয়োজনের দৃষ্টিতে ধর্মকে দেখতে ।
____*।i।*_____
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

রবিবার, ০৪/০৮/২০১৩ - ২২:২৬ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

সরকার পায়েল, আপনার কথা আমি বুঝেছি। কিন্তু এই ব্লগে যখন বিতর্ক উঠে , আপনি জানে এখানে পরিস্কার একটা গ্রুপ তৈরি হয়ে গেছে। এক গ্রুপে আমরা মুক্তিযুদ্ধের প ক্ষের (এর মধ্যে আমরা যারা নাস্তিক তারা আছে, বাকী যারা আছে তারা নাস্তিক নয়) আর এক গ্রুপের পরিস্কারভাবে স্বাধীনতার বিপক্ষের। এই গ্রুপটি ইসলাম নিয়ে পোষ্ট দেয়। আমার যদি ভুল না হয়, আপনি এই পক্ষের হয়েই কণ্ঠ মেলান। নাস্তিক্য পোষ্টে আপনি ধর্মের পক্ষ নিয়ে সমালোচনা করুন। কিন্তু যখন কোন ব্রগার (তথাকথিত ইসলামিস্ট) আমাদের মুক্তিযুদ্ধকে হেয় করে , মুক্তিযুদ্ধাদের কুলাঙ্গার বলার সাহস দেখায় তখন আপনার তো আমাদের পক্ষাবলম্বন করাই উচিত। আমার ভুল না হলে, আপনাকে আমরা তো আমাদের পক্ষে পাইনি।

সোমবার, ০৫/০৮/২০১৩ - ০৪:৩৬ তারিখে সরকার পায়েল বলেছেন

> যে কোন ভাবেই যে কোন অবস্থাতেই আমি স্বাধীনতার পক্ষে । ধর্ম মানি আমি মুসলমান কিন্তু কোন দিনই রাজাকারের পক্ষে না । হয়ত ঐ পোস্টটি খেয়াল করিনি । কিন্তু দেশের প্রশ্নে এক বিন্দু ছাড় নাই । বরাবরই আমার পরিষ্কার উচ্চারণ এই দেশে কোন সত্যিকারের ধর্মীয় দল নেই । যা আছে সব ধর্ম ব্যবসায়ী মোনাফেকের দল।

এবার বলি বিদেশের কথা মধ্যপ্রাচ্যেই কি সত্যিকারের ইসলাম পালন করা হয় ? মোটেও না । নবী (স) এর ওফাতের পর তার বংশের কেউ কি খলীফা হয়েছে ? কোন খলীফা মৃত্যুর পর তার কোন বংশধর খলীফা হয়েছে ? ইসলামের কোথায় বলা কেবল রাজার বংশ বা রক্তই রাজা হবে ? কোন দেশ অনুসরণ করে যেভাবে খলীফা নির্বাচন করা হত ?

অথচ মধ্যপ্রাচ্যের দিকে তাকান ২/১ তা দেশ বাদে বাকী সব মুসলিম দেশে বংশ পরম্পরায় রাজা হয় আমির নির্বাচিত হয় । সব শালা দালাল কুত্তার বাচ্চা । একটাও ইসলাম মানেনা । এই শুয়োরের পালের জন্যই আজ ইসলাম কলুষিত ।

_____*|i|*______
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৯:২৫ তারিখে আদিল মাহমুদ বলেছেন

ঈশ্বরের অস্তিত্ব ও প্রচলিত ধর্ম বিশ্বাস ওতপ্রোতভাবে জড়িত হলেও এক নয়। ঈশ্বর আছে কি নেই তার সাথে ধর্ম সঠিক না বেঠিক বিতর্কের সংযোগ সামান্য।

ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাসী এবং একই সাথে প্রচলিত কোন ধর্ম বিশ্বাস অনুসরন করেন না কিংবা কিংবা ধার্মিক হিসেবে পরিচয় দেন না এমন শ্রেনীর লোক কম হলেও আছেন, এদের ডিইষ্ট বলা হয়। স্বাভাবিকভাবেই আমাদের দেশের লোকে এই ধরনের বিশ্বাসের সাথে পরিচিত নয়। ধর্ম সমালোচক মানেই আমাদের সমাজে অবধারিতভাবে নাস্তিক কিংবা অন্য ধর্মের ছদ্মবেশী এজেন্ট।

ঈশ্বর আছে কি নেই এ নিয়ে বিতর্ক একেবারেই সময় নষ্ট বলে মনে হয়। বৈজ্ঞানিকভাবে যার অস্তিত্ব প্রমান কোনদিন সম্ভব নয়, আর অন্যদিকে প্রমান করা যাচ্ছে না বলেই নেই প্রমান হয়ে যায় না এমন ধরনের বিতর্ক কোনদিন শেষ হবার নয়।

চুড়ান্তভাবে ঈশ্বর আছে কি নেই এসব চিন্তা করে পেটের ভাত আসে না। গুহা গর্তে বসে বাতাস খেয়ে চোখ বুঁজে জিন্দেগী ভর ধ্যান করে গেলেও (ধরে নিলাম বাতাস খেয়ে জীবন ধারন সম্ভব) ঈশ্বর মোটেও আসমান থেকে রাজভোগের থালা পাঠাবে না। রোগ বালাই আল্লাহ ঈশ্বরেই দেয় তার ইচ্ছাতেই ভাল হয় যিনি বলে বেড়ান তিনিও নিশ্চয়ই অসুখ বিসুখ হলে আল্লাহর ভরসায় বিজ্ঞানের অবদান ঔষধ পত্র সেবন ছেড়ে আল্লাহর অনুগ্রহের আশায় বসে থাকেন না।

ঈশ্বর বিশ্বাস মানসিক শান্তির জন্য দরকার হতে পারে, তাতে কোন সমস্যা নেই। তার বাইরে এ নিয়ে খুব বেশী টানা হ্যাঁচড়া করা এক সময় স্ববিরোধীতায় দাঁড়ায়। ঈশ্বর থেকে থাকলেও নিশ্চিত ভাবে আমার নিত্য দিনের চাহিদা মেটাতে চুড়ান্তভাবে সেই আমাকেই কষ্ট করতে হয়, উনি সরাসরি তেমন কিছু করেন এমন প্রতীয়মান হয় না। কাজেই তার পেছনে সময় শ্রম দেওয়ার চাইতে আমাকে নিত্যদিনের কাজে কর্মেই সময় শ্রম বেশী দিতে হয়।

স্বাধীনতার ৪০ বছর পরেও কি স্বাধীন বাংলাদেশের বিরুদ্ধাচারণ করার কেউ আছে?..আমার তো মনে হয় না কোন পাগল ছাড়া কেউ এখন স্বাধীন বাংলাদেশের বিরুদ্ধাচারণ করতে পারে! - ফারুক ভাই

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২২:৩৫ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

মানুষকে এই কথাটা বুঝাতেই ধর্ম নিয়ে ব্লগে আমার লেখালেখি। আপনি আদিল ভাই কি চমৎকারভাবে কথাগুলো বললেন। অশেষ ধন্যবাদ আপনাকে।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২৩:৫৬ তারিখে দ্বিতীয়নাম বলেছেন

আদিলভাই আপনি অঅনেকদিন পর দেইখ্যা ভাল লাগল <:-P মিস করি আপনারে

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৯:৩৭ তারিখে ধ্রুবতারা বলেছেন

ঈশ্বর যদি থাকেও আমার ধারনা সে কোনদিন বলবে না যে কাম কাজ বাদ দিয়া সারা দিন রাত তার জিকির করতে , তাকে রুটিন মাফিক দৈনিক তোষামোদ করতে (যেমন নামাজ)। তাই হলে আমাদের এত শক্তিশালি একটা ব্রেইন দিত না। এই ব্রেইন দেয়া হয়েছে বিশ্ব জগতের রহস্য উন্মোচন পূর্বক তাকে জয় করতে। আমরা নিজেরা ঈশ্বরের সন্তানতূল্য ধরে নিলে এর একটা ব্যখ্যা দেয়া যায়। পিতা যেমন চায় তার সন্তান তার সমকক্ষ বা তাকে ছাড়িয়ে যাক, সন্তান যদি সেটা করতে পারে , তাতেই পিতার আনন্দ। ঈশ্বরও তেমনি চাইবে তার সন্তানেরা সৃষ্টি শীলতায় তার সমকক্ষ হয়ে উঠুক। তাহলেই তার সৃষ্টি সার্থকতা লাভ করে ও তার আনন্দ হয়। এখন আমরা ব্রেইন চর্চা বাদ দিয়ে যদি সারাদিন কল্পিত দোজখের ভয়ে কাপতে থাকি বা বেহেস্তে হুরদের সাথে কেলী করার লোভে জিহ্বায় শফির মত তেতুল তত্ত্ব প্রয়োগ করি , আর তার জন্য পাগলের মত কাম কাজ ফেলে মসজিদে সারাদিন রুটিন করে দৌড়া দৌড়ি করি বা রমজানে সারা মাস রোজা রাখায় ব্যস্ত থাকি , নিশ্চিতভাবেই আমাদের দ্বারা কোন সৃষ্টিশীল কাজ সম্ভব নয় আর সেটা যে সম্ভব নয় তা দেখা যায় মুসলিম দুনিয়ার দিকে তাকালেই। মনে হয় না , এতে ঈশ্বর খুশী হয় , বরং আরও ক্ষিপ্ত হওয়ার সম্ভাবনাই বেশী। তার মনে হবে যে তার সৃষ্টি ব্যর্থ হয়েছে।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২১:১৭ তারিখে মানকচু বলেছেন

ধ্রুবতারা আপনার কমেন্টটি একেবারেই পোষ্টের সাথে সামন্জস্যপুর্ন নয়।সৃষ্টিকর্তা থাকে থাক আর নাই থাক নামাজ মসজিদে যাওয়া এগুলো খারাপ কাজ না।আমরা মানুষ কতকি করি।প্রত্যেকটা ধর্মই মানুষের মঙ্গলের জন্য তৈরী হয়েছে সেটা আপনি অস্বীকার করবেন ?

আপনি অনেক মেধাবী কিন্তু এ ধরনের কমেন্ট করে নিজেকে ছোট করবেন না।

ধর্ম নিয়ে আপনার সাহসী সমালোচনা কেও করতে চাবে না কারন ধর্ম আলটিমেট ট্রুথ এটাকে ঘাটতে গেলে কল্লা কাটা যাবে।
পৃথিবীতে সব কিছুর সমালোচনা করা যাবে কিন্তু ধর্মের নয় কারন সেটা সৃষ্টিকর্তা প্রদত্ত।তাই আমরা কেও আমাদের কথা বলতে পারি না বললেও নিরপেক্ষ প্রথম আলোর মতো হয়ে যায়।কল্লা কাটার ভয় কার না আছে বলেন।

মানুষ যখন নিজের ইতিহাস ভুলতে শুরু করে তখন তার ক্ষয়ে যাওয়া শুরু হয় ------ প্রীতম

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২২:৩৭ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন
ধ্রুবতারা, এই কথাগুলোই লেখায় বলতে চেয়েছি।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৯:৪০ তারিখে শামীম আরেফীন বলেছেন
@ আদিল মাহমুদ

ঈশ্বর বিশ্বাস মানসিক শান্তির জন্য দরকার হতে পারে, তাতে কোন সমস্যা নেই। তার বাইরে এ নিয়ে খুব বেশী টানা হ্যাঁচড়া করা এক সময় স্ববিরোধীতায় দাঁড়ায়। ঈশ্বর থেকে থাকলেও নিশ্চিত ভাবে আমার নিত্য দিনের চাহিদা মেটাতে চুড়ান্তভাবে সেই আমাকেই কষ্ট করতে হয়, উনি সরাসরি তেমন কিছু করেন এমন প্রতীয়মান হয় না। কাজেই তার পেছনে সময় শ্রম দেওয়ার চাইতে আমাকে নিত্যদিনের কাজে কর্মেই সময় শ্রম বেশী দিতে হয়।

অনেক কিছু শিকলাম/জানলাম

আপনার প্রসংশা করার মত ভাষা আমার জানা নেই,ধন্যবাদ
অনেক দিন পরে দেখলাম আপনাকে,আছেন কেমন?

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২০:০৭ তারিখে আদিল মাহমুদ বলেছেন

আছি ভালই, ব্যাস্ত থাকি আজকাল।

এর মাঝে নুতন কি শিখলেন? নুতন কিছু কি বলেছি? আমার কথাগুলিতে যে কোন বিশ্বাসের লোকে আপত্তি করতে পারে কি? তাহলে ওনাকে প্রমান করে দেখাতে হবে যে শুধু ঈশ্বর ভগবান ডাকাডাকি করলেই নিত্যদিনের প্রয়োজন মিটে যাচ্ছে, এবং অন্যদিকে যারা ঈশ্বরের অস্তিত্বে একেবারেই বিশ্বাসী নয় তাদেরই বা ঠিক কোন ধরনের বিকল্প ঈশ্বর খানা খাদ্য যোগাচ্ছে।

সুস্থ মাথার লোকে হলে দুই উদাহরন থেকেই একই কনক্লুশনেই আসতে হ বে, তা হচ্ছে নিত্যদিনের চাহিদা মেটাতে ঈশ্বরের ভূমিকা যুক্তিগ্রাহ্য নয়।

স্বাধীনতার ৪০ বছর পরেও কি স্বাধীন বাংলাদেশের বিরুদ্ধাচারণ করার কেউ আছে?..আমার তো মনে হয় না কোন পাগল ছাড়া কেউ এখন স্বাধীন বাংলাদেশের বিরুদ্ধাচারণ করতে পারে! - ফারুক ভাই

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৯:৫০ তারিখে অ্যাথিস্ট বলেছেন

বান্দীর বাচ্চাগুলা তাদের আতেলীয় মনোভাবের মাধুরী মিশিয়ে যুক্তিহীন প্রলাপের অ বতারণা করছে ////////////// ইসলামের বিপক্ষে কোনো সুস্পষ্ট যুক্তি থাকলে তা উপস্থাপন কর ! এইসব ভাড়ামির কি মানে ////////////

/////////////////Morons ///////////////////

Aethist

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২২:৫১ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

দেখ, তুই যেদিন মুক্তিযুদ্ধাদের কুলাঙ্গার বলছিস সেদিন থেকেই তোকে আমার একটা ঘৃণ্য জীবের বেশি কিছু মনে হয় না। আর আমার মনে হয় তুই পোষ্ট না পড়ে ই মন্তব্য করিস। ধর ইসলামের কথাই, ইসলামী দেশের কথাই, আফগানিস্তানীরা গাঁজা আর পপি চাষ করে পেট চালায়। আল্লাহ একটা হালাল পথে রোজগার বের করার মুরোদ রাখে না। এইরকম ইশ্বর আর তার মনোনীত ধর্ম থাকলেই কি না থাকলেই কি? তাতে মানুষের পেটের ভাত কি জুটে? এটা বুঝার মত তোর জ্ঞান আছে? বোধহয় নেই। কারণ তুই একটা ধর্মান্ধ ছাগল!

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২৩:২৩ তারিখে অ্যাথিস্ট বলেছেন

ছাগল হওয়া ভালা কিন্তু জলাতঙ্কসমৃদ্ধ চেতনাধারী পাগলা কুত্তা হইলে মুশকিল ////////////// স্বাধীনতার পরে মুক্তিরা কেমনে পেট চালাইছে তা না কইলাম , তর বাপরে জিগাইস, অবশ্য বাপ নাও থাকবার পারে///////////// তয় মহান নেতা বঙ্গবন্ধুর কথা না কইলেই না ! তার দুই পোলার দুইডাই আছিল সেই বেডা////////////// একজনে তো ব্যাঙ্ক চুরি করতে গিয়া ধরা খাইল //////////// আরেকজনে বউ চুরি ! তাও আবার আর্মি পার্সোনেল এর বউ //////////////অবশ্য শেখ সাহেব পরিস্থিতি স্বাভাবিক করতে গিয়া বইল্লা ফালায়চিলেন, "বঙ্গবন্ধুর ছেলে, একটু আকটু দুষ্টামি তো করবই " ////////////////// সত্যি, বঙ্গবন্ধুর প্রশংসাই করতে হয় //////////////////

Aethist

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০০:০৯ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

তোর দেখি সিরিয়াস সমস্যা দেখা দিছে ফ্যাসিষ্ট! এর মধ্যে তুই বঙ্গবন্ধুরে নিয়া আনলি ক্যান ? তোর সমস্যা কি? তুই তোর বাপের দেশ ফাকিস্তানে যা গিয়া।



সোমবার, ০৫/০৮/২০১৩ - ০২:৪৯ তারিখে মাসুদ আলম বলেছেন

ওই বেটা খাটাস বঙ্গবন্ধুরে এইখানে জড়াইলি কে?

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২০:১৩ তারিখে আকাশ মালিক বলেছেন

ইংলেন্ডের রানীর মত থাকুক না একজন ঈশ্বর শোভাবর্ধন করে। এই আস্তিকতা যত তাড়াতাড়ি পৃথিবীতে প্রসার লাভ করবে আমাদের কাঙ্খিত শান্তির পৃথিবীর আশা ততই বাড়তে থাকবে।

কিংবা লালন, রবি ঠাকুর, নজরুল, রাম কৃষ্ণ, ফরিদ উদ্দিন আত্তার, মনসুর হাল্লাজ, জালালুদ্দিন রুমীর ঈশ্বর। এই মণীষীরা সারাটা জীবন মানবধর্ম প্রতিষ্ঠার চেষ্টায় উৎসর্গ করেছেন। বিনিময়ে পেয়েছেন লাঞ্চনা, বঞ্চনা, নিপীড়ন, নির্যাতন, ধিক্কার আর ঘৃণা। নজরুল তো পরিষ্কার বলেই দিয়েছেন- 'মূর্খরা সব শুনো- মানুষ আনিয়াছে গ্রন্থ, গ্রন্থ আনেনি মানুষ কোনো'। ধর্ম কবে, কী ভাবে, কেন মানুষের মনে উদয় হয়েছিল আর কী ভাবে টিকে আছে, তার সুফল ও কুফল নিয়ে, সীমাহীন গবেষণা হয়েছে, অগণিত নিবন্ধ-প্রবন্ধ, লেখা হয়েছে। এক কথায় ধর্ম মানুষের তৈরী , আল্লাহ, ভগবান, জেহুভা, ঈশ্বর বলতে কোন কিছুর অস্তিত্ব নেই , যেমন নেই রাক্ষস-খোক্ষস, ভুত-প্রেত, ইউনিকর্ণ,

চাঁদের বুড়ির।

লেখা চালিয়ে যান, রাগ-ক্ষোভ দমন করে, হতাশ নিরাশ না হয়ে, কুতর্ক-বিতর্ক এড়িয়ে। এই পথটাই দুর্গম, কণ্টকাকীর্ণ।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২২:৪২ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

আকাশ মালিক, কি সৌভাগ্য আমার! একই লেখায় আপনি ও আদিল মাহমুদ মন্তব্য করলেন। আমার সৌভাগ্য। না রাগ-ক্ষোভ নেই। ওই ব্যাপারটা চুকে গেছে। কিছু ভুল বুঝাবুঝি হয়েছিল। যাই হোক , ওখানে বোধহয় ভবিষ্যতে গল্প লিখবোও।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২৩:৫০ তারিখে আকাশ মালিক বলেছেন

@ সুষুপ্ত পাঠক,

থ্যাংক ইউ। গল্প লিখবেন জেনে খুশী হলাম। আপনি আমি বিশ্বাসীদেরকে কী যুক্তি দেখাবো , যাদের কাছে আরজ আলী মাতুব্বর, আহমেদ শরিফ, হুমায়ুন আযাদ ফেইন্ড? সৃষ্টি-তর্কের শেষ প্রশ্ন বা সৃষ্টির প্রথম প্রশ্নে এসে দেখা মিলবে দুটো বস্তু বা পদার্থের। একটি আর এন এ, ওপরটি ডি এন এ। পাবেন পদার্থ বিজ্ঞানের সুত্র, স্ট্রীং তত্ব, অণু-পরমাণু। এ গুলোকে অস্বীকার করার কোন উপায় নেই , এরা ছাড়া কোন কিছুর অস্তিত্ব বা জন্ম এক্সিস্টে ন্স নেই। এখানে এসে বিশ্বাসীরা আবারও প্রশ্ন করবে, পদার্থ বিজ্ঞানের সুত্র বা শক্তি কার সৃষ্টি , 'আর এন এ', 'ডি এন এ'র সৃষ্টিকর্তা কে? কিন্তু প্রশ্ন করবেনা সৃষ্টিকর্তার স্রষ্টা কে? এর জন্যে ব্যক্তি মানুষটিকে পুরোপুরি দোষ দেয়া যায়না। বিভিন্ন দেশ থেকে বিভিন্ন ভাষার, বিভিন্ন ধর্মের ব্যাকগ্রাউন্ডের ফ্যামিলি থেকে দশটা তিন বছর বয়সের শিশু রিমোর্ট নির্জন কোন জায়গায় এনে বড় করুন। আপনার সকল প্রশ্নের উত্তর পেয়ে যাবেন। প্রত্যেকটা শিশু সেই ভাষার সেই ধর্মের সেই কালচারের সেই বিশ্বাসে বিশ্বাসী হবে, যে ধর্মের, ভাষার, কালচারের মানুষটি তাদেরকে বড় করেছে। যদি এদেরকে কোন ধর্ম শিক্ষা দেয়া না হয় তারা সবাই নাস্তিক হবে। আসলে জগতের সকল মানুষই জন্মগতভাবে নাস্তিক , যেমন আমাদের জীবজগতের অন্যান্য প্রাণীরা। আমরা তাদেরই দলের ভিন্ন একটি প্রজাতি মাত্র।

এখানে সদালাপের ভয়ানক কিছু কুতার্কিকের (ভিন্ন নিকে) উপস্থিতি আমি স্পষ্টই দেখতে পাচ্ছি। সুতরাং--------

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০০:০৬ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

আকাশ মালিক, রবীন্দ্রনাথের "গোড়া" উপন্যাসটা পড়া আছে নিশ্চয়। ইংরেজের ছেলে হয়ে বাঙালি হিন্দুর ঘরে মানুষ যে কিনা কট্টর হিন্দুবাদী হয়ে উঠে। ঐ উপন্যাসের এক জায়গায় রবীন্দ্রনাথ একটা চরিত্রকে দিয়ে বলান- " ছোট্ট শিশুকে যখন কোলে তুলে নেই তখনই টের পাই মানুষ জাত নিয়ে জন্মায় না"। মালিক ভাই, ওখানে যেমন লিখতে হয় এখানেও লিখতে হয়। আপনি সদালাপের যাদের কথা বললেন, তারা আরো দশজনকে নষ্ট করার প্লান নিয়েই এসেছে। আপনি, আদিল মাহমুদ ভাইরা যদি মাঝে মাঝে এখানে না লেখেন তাহলে হয় না। আর ওখানে বিপ্লব পালের একটা লেখা বেরিয়েছে। বলুন তো, এখন বিপ্লব পালকেই ইসলাম বিদ্বেষী সংজ্ঞায় ফেলা যায় কিনা!

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২০:২২ তারিখে মহাকাব্য বলেছেন

দুটি প্রশ্নের উত্তর যতদিন না যানা যাবে ততদিন এ ধরনের পোস্টকে আবেগপুর্ন যুক্তিহী ন কথাবার্তা হিসেবেই ধরে নেয়া হবে।

১/ এই সিমাহীন সমন্বিত সৃষ্টি কিভাবে সম্ভব হল ???
২/ জড় থেকে জীবের উৎপত্তি কিভাবে সম্ভব??

কেউ যদি বলে গরু বাদে ট্রাক্টর ব্যবহারের কারনে সৃষ্টার অস্তিত্বে সন্দিহান হয়ে উঠে তবে তাকে বলব --
ট্রাক্টর তৈরী করতে লাগে লোহা, কাঠ, রাবারে টায়ার, আর ট্রাক্টর চালাতে লাগে তেল--- তো এই উপকরন গুলো কি মানুষ পয়দা করেছে না পৃথিবী থেকে সংগ্রহ করেছে।
পৃথিবীতে বিদ্যমান উপকরন মানুষ পরিবর্তন ,পরিমার্জন করে নিজের ব্যবহার উপযুগী করে মাত্র , নতুন কিছু সৃষ্টি করার ক্ষমতা তার নেই।
যারা সৃষ্টাকে নানা ভাবে অশ্বিকার করার পায়তারা করেন তাদেরকে আমি প্রায়ই বলি-- যখন তোমার ব্রেইন,হাত, পা, হার্ট, লিভার, কিডনি মাতৃগর্ভে তৈরী হচ্ছিল তখন কোন আইনস্টাইন সেখানে ছিলেন বল তো??

সুষুপ্ত পাঠক এর সঠিক উত্তর কি আপনার জানা আছে ??

দেখুন--- কেন ঈশ্বর আছেন

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২২:৪৬ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

জ্বি আমি আপনার ঈশ্বরকে মেনেই নিলাম, যান। এবার বলুন, তিনি আমাদের কি কাজে আসে? দয়া করে একটা প্রয়োজন দেখান পার্থিব জীবনে। আজন্ম শেখা তিনি আমাদের লালনপালন করেন এই জাতীয় ভাবালুতা বাদে বাস্তব প্রমাণ দেখান। যদি না পারেন ক্ষতি নেই। আপনার ঈশ্বরকে তো আমি মেনেই নিয়েছি। কিন্তু তিনি মানুষের আদৌ কোন কাজেই আসে না। এইরকম ঈশ্বরকে আপনি শোকেসে সাজিয়ে রাখতে পারেন বড় জোর।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২৩:৫৬ তারিখে মহাকাব্য বলেছেন

সুষুপ্ত পাঠক,আকাশ মালিক, আদিল মাহমুদ

ও তার মানে ঈশ্বর যদি মুখে তুলে খাইয়ে দেন ,জামা-কাপড়,রুজী-রোজগারের ব্যবস্থা করে দেন তবেই তিনি আছেন!!!
আর তা না হলে তিনি নেই!!! কি অদ্ভুত যুক্তি ??

মানুষ আর পশুর মধ্যে পার্থক্য কি জানেন ? পশুসমাজকে আদৌ কোন বুদ্ধি-বিবেচনা শক্তি ঈশ্বর দেননি।মানুষ ছাড়া সব জন্তু-জানোয়ার আর পশু-পাখীকে কিন্তু ঈশ্বর কোন চাকরী ,টাকা-পয়সা,শিক্ষা ছাড়াই পেট পুরে খাওয়ান।
হাতী-নীলতিমি থেকে শুরু করে এক কোষী ভাইরাস -ব্যাকটেরিয়াকে ঈশ্বর প্রতিনিয়ত প্রতিপালন করে চলেছেন।

তো পশুসমাজকে ও মানুষের মধ্যে পার্থক্য হচ্ছে মানুষকে ঈশ্বর দিয়েছেন বুদ্ধি -বিবেচনা শক্তি , যা ব্যবহার করে মানুষ তার দৈনন্দিন প্রয়োজন মেটাবে ঈশ্বরপ্রদত্ত জিনিস -পত্র দিয়েই।তাই রাস্তা-ঘাট ব্রীজ-কালভার্ট মানুষকেই বানাতে হবে ঈশ্বরপ্রদত্ত বুদ্ধি শক্তি দিয়েই।

ঈশ্বরকে বাদ দিতে চাইলে আগে মানুষকে ঈশ্বর হয়ে উঠতে হবে।যদি বলা হয় বানাওতো এক -কোষী এমিবা, অন্তত একটি ভাইরাস, তখনই কিন্তু বিজ্ঞান খাটের তলায় লুকোবে।

সুষুপ্ত পাঠক, আপনাকে যদি বলি ঈশ্বরপ্রদত্ত ১০৫ টি মৌলিক পদার্থ বাদ দিয়ে বানানতো একটিও বালুকনা,পারবেন???
পারবে তাবদ মানব জাতী???

এখন আপনিই বলুন ঈশ্বর আমাদের কি কাজে আসেন ???

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০০:৫৩ তারিখে পিলাচ মাইনাচ তূর্য্য বলেছেন

মহাকাব্য ভাইডি,
এইডা কি কইলেন? "পশুসমাজকে আদৌ কোনো বুদ্ধি-বিবেচনা শক্তি ঈশ্বর দেননি।" -মনোযোগ দিয়ে লাইনটি পড়ে বলুন তো কথাটা থিক আছে কি ?

আর আপনি যে যুক্তি দেখিয়ে ঈশ্বরকে মহান রিযিকদাতা বানিয়েছেন সে যুক্তি একেবারে "বালসুলভ!" এ যুক্তি অসংখ্যবার খণ্ডানো হয়েছে।
শর্টলি বলছি- বাঘ ভু সাধনা করে, বাবা-মা কে দেখে ও জিনগত সহজাত প্রবৃত্তির সমন্বয়ে শিকার করা শেখে এবং একসময় ভু পরিশ্রমের পর শিকার করে হরিণ খায়। এখানে লক্ষ্য করুন-
আপনি বলবেন- ঈশ্বর বাঘটিকে রিযিক দিয়েছে
আর
আমি বলবো- ছোটবেলা যদি বাঘশাবকটি তার বাবা-মাকে হরিণ শিকার করতে না দেখতো তবে সেও কিন্তু ঐ হরিণটার মতই নিরীহ হতো; জিংত বৈশিষ্টের জন্য কিছুটা ব্যাতিক্রম থাকতো। এজন্যই বৃদ্ধ বয়সে বাঘটি দুর্বল হয়ে শিকারের অযোগ্য হলে আপনার ঈশ্বরও তার খাবারের যোগান দিতে পারবো না।

আর আরেকটা কথা, সকল প্রাণিরই যেহেতু ঘিলু আছে সুতরাং তাদেরও বু দ্ধি-বিবেচনা আছে কিন্তু সেটা নিম্নমানের। যদি নাই থাকতো তাইলে পোষা পশু-পাখি তার মনিবকে চিনতে পারতো না, গরু-ছাগল বেছে বেছে আঁশ জাতীয় খাবার খেত না।

, ,
` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` ` `

জয় বাঙলা, জয় বঙ্গবন্ধু

, ,

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০২:২০ তারিখে অ্যাথিস্ট বলেছেন

কিরে ভাই ,উদাহরণ ডা কি নিজের মনমত বানায়া দিলা নাকি ? genetics সম্বন্ধে ধারণা আছে তো
////////////
আমি বলবো- ছোটবেলা যদি বাঘশাবকটি তার বাবা-মাকে হরিণ শিকার করতে না দেখতো তবে সেও কিন্তু ঐ হরিণটার মতই নিরীহ হতো; জিংত বৈশিষ্টের জন্য কিছুটা ব্যা তিক্রম থাকতো।

এখানে কি বুঝাইতে চাইছ আল্লাহ পাকই ভালো জানেন /////////// সেল গঠনের সময়ই যা হবার তা হয়, অর্থাত বাবা মা থেকে প্রাপ্ত জিনদ্বয়ের যেকোনো একটা প্রকট আরেকটা প্রচ্ছন্ন হয় //////////// কাজেই বাপ মা কে হরিন স্বীকার করতে না দেখলে বাঘের মধ্যে হিংস্রতার বৈশিষ্ট develop করবে না এটা ঠিক না/////////////

আরেকটা বেপার দৃষ্টিকটু লাগলো ;

এইডা কি কইলেন? "পশুসমাজকে আদৌ কোনো বুদ্ধি-বিবেচনা শক্তি ঈশ্বর দেননি।" -মনোযোগ দিয়ে লাইনটি পড়ে বলুন তো কথাটা থিক আছে কি ?

///////////মহাকাব্য পশু পাখির জ্ঞান নাই বলে খুব সম্ভব বুঝাইতে চাইছেন মানুষের সাথে তুলনার ভিত্তিতে তাদের জ্ঞান অতি নিম্ন পর্যায়ের //////////////

Aethist

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০১:০৬ তারিখে আদিল মাহমুদ বলেছেন

মহাকাব্য ভাই জান,

ঈশ্বর আছে না নাই এইসব তর্কে নষ্ট করার মত সময় আমার নাই। কারন এই তর্ক আসলে সাধারন যুক্তিবোধের মধ্যে পড়ে না। বিশ্বাস আর যুক্তিতর্কের জগত আলাদা , দুইটাকে মিলানো যায় না, মিলাতে গেলেই ভজগট বাধতে বাধ্য।

ও তার মানে ঈশ্বর যদি মুখে তুলে খাইয়ে দেন ,জামা-কাপড়,রুজী-রোজগারের ব্যবস্থা করে দেন তবেই তিনি আছেন!!!
আর তা না হলে তিনি নেই!!! কি অদ্ভুত যুক্তি??

- এমন যুক্তি আমি অন্তত দেই নাই। এই পোষ্টেও মনে হয় না ঈশ্বর নেই এমন কোন আর্গুমেন্ট করা হয়েছে বলে। আপনার এত উত্তেজিত হবার কি হল বুঝলাম না। আমি শুধু এই প্রসঙ্গে এইটাই বলছি যে ঈশ্বর আছে নাই দিয়ে আমার বা জগতের কারো জাগতিক চাহিদা মেটানোর প্রশ্ন আসে না। মানসিক শান্তির জন্য ঈশ্বর জাতীয় সত্ত্বা চিন্তা করা যেতে পারে। কেউ যদি দিনভর পরিশ্রম করে খাদ্য যোগাড় করে ভাবে যে এতে তার কোনই কৃতিত্ব নাই , ঈশ্বরই তাকে খাওয়া দিয়েছে সেটাও তার ব্যাক্তিগত ব্যাপার। এই ধরনের বিশ্বাস থেকে সে মানসিক শান্তি পায়। তাই বলে কি একই লোকে ঈশ্বরই খাওয়া দিবেন তাই ঘরে বসে ইশ্বর ঈশ্বর জপ করতে থাকবে? অবশ্যই থাকবে না। সে নিজেও

ভালই জানে যে ঈশ্বর তাকে যতই তোয়াজ করা হোক খানা খাদ্য দেবে না। বেঁচে থাকার জন্য তাকে প্রথম দৈনন্দিন প্রয়োজন মেটানোর প্রায়োরিটিই দিতে হয়, ঈশ্বর আছে কি নেই বা কিভাবে কোন তরিকায় তাকে ডাকাডাকি করা যায় সেসব চিন্তা নয়। এটা অস্বীকার করতে চাইলে আমার বলার কিছু নাই। আমি নিজে সাধারন মানুষ, তাই এ দলেই পড়ি।

মোদ্দা কথা হল ঈশ্বর জাতীয় সত্ত্বার দৌড় মানসিক শান্তির মধ্যে সীমাবদ্ধ। জাগতিক বা বস্তু জগতে তিনি প্রভাব রাখেন সেটা একান্তই বিশ্বাসের ব্যাপার, কোন রকম যুক্তিতর্কের ব্যাপার নয়। আশা করি কিছুটা পরিষ্কার হয়েছে।

স্বাধীনতার ৪০ বছর পরেও কি স্বাধীন বাংলাদেশের বিরুদ্ধাচারণ করার কেউ আছে?..আমার তো মনে হয় না কোন পাগল ছাড়া কেউ এখন স্বাধীন বাংলাদেশের বিরুদ্ধাচারণ করতে পারে! - ফারুক ভাই

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০০:৫৮ তারিখে ধ্রুবতারা বলেছেন

তা ভাই , ঈশ্বরের কামটা কি? কি করে সে ? কি খায়? কোথায় থাকে ? সে কি পুরুষ নাকি নারী নাকি হিজড়া ? সে কি আনন্দে থাকে নাকি দু:খে থাকে? তাকে গালি মারলে সে কি খেপে যায় ? তারে তোষামোদ করলে কি খুশী হয়? তার কোন অভাব বোধ আছে ? তাকে কে সৃষ্টি করছে ? যদি কেউ সৃষ্টি না করে থাকে , তাইলে সে অস্তিত্ববান হলো কেমনে ?

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০৬:০৬ তারিখে আকাশ মালিক বলেছেন

@ ধ্রুবতারা,

তা ভাই, ঈশ্বরের কামটা কি? কি করে সে ? কি খায়? কোথায় থাকে ? সে কি পুরুষ নাকি নারী নাকি হিজড়া ? সে কি আনন্দে থাকে নাকি দু:খে থাকে? তাকে গালি মারলে সে কি খেপে যায় ? তারে তোষামোদ করলে কি খুশী হয়? তার কোন অভাব বোধ আছে ?

জ্ঞানীগুনীজন এ সব প্রশ্নের উত্তর এক কথায় প্রকাশ করে গেছেন অনেক আগেই। তন্মদ্ধে একটি হলো-

'গরু যদি ঈশ্বর বিশ্বাস করতো তখন তাদের ঈশ্বরের চারটি পা, দুটো শিং একটি লেজ অবশ্যই থাকতো'।

বলুন তো কে বলেছিলেন?

হ্যাঁ, আল্লাহর যে অনুভুতি, দুঃখ-সুখ, আনন্দ-বেদনা, ক্ষোভ-মমতা, লোভ-লালসা, হিংসা-ঘৃণা, পাওয়ার আনন্দ, না পাওয়ার দুঃখ আছে তা কোরানে আল্লাহ বহুবার বলেছেন।

তাকে কে সৃষ্টি করছে ?
মানুষ।

সে কি পুরুষ নাকি নারী নাকি হিজড়া ?
পুরুষ।

হিজড়া শব্দটার জায়গায় নপুংসক শব্দ ব্যবহার করলে ভাল হতো।

একজন মণীষী বলেছিলেন-
'যে মানুষ সর্বপ্রথম ঈশ্বরের ধারণার জন্ম দিয়েছিল সে জগতের শ্রেষ্ট বাটপার '
কে বলেছিলেন বলুন তো দেখি?

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২৩:১৯ তারিখে মূর্খ চাষা বলেছেন
পাঠক ভাই, খুব ভাল লেগেছে। আরও লিখেন। আমার একটা লেখা আছে " আস্তিক , নাস্তিক, ধর্ম , রাস্ট্র ধর্ম " (লিঙ্ক দিতে পারিনা) কষ্ট করে পড়ে আপনার মন্তব্য আশা করি।
আদিল মাহমুদ, আকাশ মালিক ভাইদের মন্তব্য খুব ভাল লেগেছে।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২৩:৫৭ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন
মূর্খ চাষা, লেখাটা অবশ্যই পড়বো। লিঙ্ক দিতে পারি না মানে কি? কোন টেকনিক্যাল প্রবলেম নাকি?

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২৩:৫২ তারিখে চারবাক বলেছেন

" আল্লাহ/ইশ্বর আছেন, সুতরাং আমার ধর্ম সত্য" অনেকেরই ধর্ম বিশ্বাস এর উপরেই প্রতিস্ঠিত। দুটি ব্যাপার যে আলাদা অনেকেই তা স্বীকার করতে চায় না।

ধর্ম হচ্ছে বিশ্বাস। বিশ্বাসে কোন যুক্তি প্রমাণের প্রয়োজন পড়েনা।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ২৩:৫৫ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

স্বীকার করতে চায় না। একমত।

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০০:১৫ তারিখে মূর্খ চাষা বলেছেন

পাঠক ভাই, কিভাবে লিঙ্ক দিতে হয় জানিনা ।

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০০:২৭ তারিখে অ্যাথিস্ট বলেছেন

এই জ্ঞান লয়া তুমি আইজ বিজ্ঞানী সাজছ ! সত্যিই দুক্ষ লাগে //////////////// যাই হোক ,,,,যে পোস্টের লিংক দিতে চাও, সে পোস্টের শিরোনামে **right click** মারবা//////////যে **অপসনগুলা** দেওয়া আছে তার মধ্যে থেকে **copy link address** অপসন এ লেফট ক্লিক করবা এতে করে লিংক তা কপি হইল/////////// এবার কমেন্ট place এ **right click** কর এবং প্রাপ্ত অপসন গুলার মধ্য থেকে **pest** অপসনএ লেফট ক্লিক করবা ///////////// ক্লিক করার সাথে সাথে যেই **অর্থহীন শব্দের সিরিজ** পাবা ঐটাই লিংক////////// অতপর ঐটারে পোস্ট করলেই কাম শেষ ////

Aethist

রবিবার, ০৪/০৮/২০১৩ - ২২:৫০ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

অ্যাথিষ্ট, একজন ভাল লেখকের সঙ্গে লিঙ্ক দেয়ার কোন সম্পর্ক নাই। এটা একেবারে টেকনিক্যাল বিষয়। মূর্খ চাষা, এই ব্লগে অতান্ত ভাল একজন লেখক। তার সহজসরল ভাষার যুক্তি একেকটা হয় খুব সাংঘাতিক। ইন্টারনেটে লেখালেখির জন্য আমাদের কিছু টেকনিক্যাল বিষয় জানতে হয় , এর মধ্যে জ্ঞানী হওয়ার কিছু নাই। লেখাটা কেমন আর লেখক কেমন সেটাই আসল কথা। এই যেম ন তুই আর

মূর্খ চাষা। তুই টেকনিক্যালি খুব ফাস্ট হয়ত বা , কিন্তু লেখার দিক দিয়ে, তুই মূর্খ চাষার ধারে কাছেও নেই!

রবিবার, ০৪/০৮/২০১৩ - ০১:০২ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

ঈশ্বর যে মানুষের প্রত্যহিক জীবনে কোন ভূমিকা রাখেন না, এটা যত তাড়াতাড়ি মানুষ বুঝবে তত তাড়াতাড়ি মানুষের সামাজিক ও রাজনৈতিক জীবনে কথিত ঈশ্বর প্রেরিত ধর্মের প্রভাব থেকে দূরে থাকবে। রাষ্ট্রীয় জীবনে ধর্মের ব্যবহারের মারাত্মক দিকটি থেকে চির রেহাই পাওয়া যাবে।

সহমত। এটাই মূলকথা।

রবিবার, ০৪/০৮/২০১৩ - ২২:৫২ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

মানুষকে এসব বুঝানোর জন্য যতসামান্য লেখালেখি করি। ফেল্টু স্টুডেন্টকে ধন্যবাদ।

সোমবার, ০৫/০৮/২০১৩ - ০২:১৯ তারিখে মূর্খ চাষা বলেছেন

ধন্যবাদ পাঠক ভাই ।

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/bdmukto/28948190

জ্ঞানের সীমাবদ্ধতা নিয়ে স্বগতোক্তি এবং বিক্ষিপ্ত প্রশ্ন

০৯ ই মে, ২০০৯ রাত ১২:১১ |

সোজা কথা

মস্তিস্ক নামক অঙ্গটি ১৫ সেন্টিমিটারের ব্যাসের একটা গোলকের চেয়েও ক্ষুদ্রাকার। সেই সীমাবদ্ধ যন্ত্রে অসীম জগত্‌ যে আঁটবেনা তা ধরে নেয়া সমীচিন। মহাবিশ্বের এক প্রান্তে অতিকায় গ্যালাক্সি, কৃষ্ণ গহ্বর আর অন্যদিকে অণুপরমাণু কোয়ার্কের ধারণায় আমাদের চিন্তা আটকে আছে।

যত সময় যায় জ্ঞান বিজ্ঞানের উৎকর্ষ সত্বেও সীমাবদ্ধতার কথাটি প্রকট ভাবে উঠে আসে, আমরা ভাবি কতদুর আমাদের বোধক্ষমতার আওতায়।বিজ্ঞানী নিউটন একবার সমুদ্রেতটে নুড়ি কুড়ানোর কথা বলেছিলেন। বাস্তব যেন তাকেও হার মানায়।

শুধু মস্তিস্ক কেন ৫/৬ ফুট লম্বা মানুষ নামক এই দ্বিপদী জন্তুটির সীমাবদ্ধতা সব কিছুতেই। চোখের কথাই ধরি। অনেক মেঠো সাপ স্বল্পতরঙ্গের আলো দেখতে পায়। মানুষ দেখা দুরের কথা এর অস্তিত্বই টেরই পায়না। অনেক পতঙ্গ নিজের দেহের চারপাশ দেখতে পায়, আমরা দেখি একদিক। আলোর ওঠানামা পর্যবেক্ষণে আমরা অতিশয় দুর্বল। সেকেন্ডে ১০ টি বল চোখের সামনে উড়ে গেলে তাদের আলাদা করে দেখার ক্ষমতা আমাদের নেই। তিন পাখার সিলিং ফ্যান ঘুরছে উপরে । কিন্তু মনে হচ্ছে যেন গোল চাকতি। অবশ্য চিত্রপরিচালকেরা চোখের এই মধুর অক্ষমতার সুযোগ নিচ্ছেন। ঐশ্বরিয়ার যে নাচ দেখে শীষ দিয়ে উঠতি যুবক বেরিয়ে গেল সিনেমা হল থেকে সে আসলে কয়েক লক্ষ নির্জীব ছবি দেখেছে ঐশ্বরিয়ার, শুধু দ্রুত টেনে নেয়া হয়েছে এই যা। সামান্য আলোতে দেখায় আমাদের বদনাম অনেক। মাছির চোখ আমাদের চেয়ে অনেক বেশী স্মার্ট, নচ্ছার তেলাপোকাও সামান্য অন্ধকারে চোখের জ্যোতি হারায় না আমাদের মত।

শুধু তাই না, কান নামক যে শব্দযন্ত্রটির উপর এত আস্হা। তার ক্ষমতা তো আরো হাস্যকর। আমাদের কানে সেকেন্ডে ২০ বারের কম বাতাসের দোলা মানে নিরবতা। ঝিঁঝিঁ পোকার চেয়ে একটু কড়া আওয়াজ হলেও কর্ণকুহরের বেল নাই। অথচ অবলা বাদুর এক্সপার্টের মত সেসব শব্দ শুনছে। রেডারীয় পদ্ধতিতে পথও খুঁজে নিচ্ছে তা দিয়ে। এমন কি পায়ের ধারে লেজ নাড়ছে যে বিড়াল তার কানটিও আমাদের লজ্জা দেবে।

অন্যান্য প্রাণীর সঙ্গে দেহকাঠামোতে, শক্তিতে খুব গর্ব করার মত কিছু নেই। চিতাবাঘের এমন কি বুনো কুকুরের ক্ষিপ্রতার ধারে কাছে নেই মানুষ। আকারে হস্তীর সঙ্গেও পাল্লা দেয়ার উপায় নেই। পরিবেশে বদলে গেলে তেলাপোকারা টিকে থাকবে আমরা মরে যাব। জীবন কাল বা আয়ুতে কচ্ছপ বা কুমিরের সঙ্গে তুলনা করলে অসহায় মনে হবে । এমন কি প্রজনন ক্ষমতায়ও খরগোশ আমাদের লজ্জা দেবে।

সীমাবদ্ধতার মধ্যে অতিসীমিত পরিসরে আমাদের অবস্হান। গড়ে ৬০/৭০ বছরের এর ড্রাইসেল ব্যাটারীর মত ওয়ান টাইম চার্জের জীবনে, পুর্ণবয়স্ক হতেই লাগে ১৮/২০ বছর। তারপর ৩০

পেরোতে পেরোতে চোখ, কান, ত্বক, চিন্তাক্ষমতা, স্মরণ শক্তি লোপ পেতে থাকে। সুতরাং সীমায় পেরোনোর দৌড়ে খুব বেশী কিছু করার উপায় থাকে না।

কিন্তু তার পরও অন্য প্রাণীর চেয়ে নিজেদের সর্বশ্রেষ্ঠ ভেবে আত্মতুষ্টি লাভ করি। একমাত্র মস্তিস্কের কারণে।

২০ বিলিয়ন নিউরোকর্টিয়াল নিউরনের শক্তিশালী সিস্টেমের বদৌলতে সীমাবদ্ধতা সত্ত্বেও আমাদের সান্ত্বনা যে, এটি সর্বাধিক শক্তিশালী কম্পিউটারের চেয়ে জটিলতর বিশ্লেষণী ক্ষমতার অধিকারী। ১.৩ কেজির এই ছোট মগজে পেচিয়ে রয়েছে ২.৫ বর্গমিটারের কর্টেক্স যা বিছিয়ে দিলে একটি টেনিস মাঠের কাছাকাছি এলাকা দখল করবে। শরীরকে সামলাতে, বাঁচিয়ে রাখতে আমৃত্য ব্যস্ত সে । চিন্তাকোষগুলোতে চলে পটাশিয়াম, সোডিয়াম, ক্যালসিয়াম আদান প্রদানের এক নিরবিচ্ছিন্ন খেলা। ২৫০ মাইল বেগে শরীরের এমাথা ওমাথা সঙ্কেত পৌছে দিতে প্রস্তত থাকে এই অবিশ্বাস্য গতির স্নায়ুর নেটওয়ার্ক।

বলাবাহুল্য মস্তিস্ক তথা স্নায়ুজালিকার জটিলতার প্রধান দুটো আদিম দায়িত্ব হলো আত্মরক্ষা এবং জীবন ধারণ। কিন্তু মানুষ এই মৌলিক চাহিদা অতিক্রম করে নিজেকে প্রশ্ন করে নানান প্রশ্ন। প্রশ্ন করা যেন মানুষের জন্মগত বৈশিষ্ট্য।

অবশ্য মগজের কম বেশী অস্তিত্ব পাওয়া যায় অন্যান্য অনেক প্রাণীতে। খাদ্যগ্রহণ এবং বংশবৃদ্ধিতে যখন অন্য সব প্রাণী তুষ্ট, তখন(সব না হলেও অন্তত: কিছু)হয়তো মানুষই প্রথম প্রাণী যারা জানতে চেয়েছে জগতের রহস্য?জানতে শেখার পর তার মৌলিক প্রশ্ন হলো, আমি কে? আমি কোথা থেকে এসেছি? আমি কোথায় যাব?ইত্যাদি?এ এক বড় বিরাট জিজ্ঞাসা কেন কোন কারণ ছাড়াই জ্ঞানার্জনের জন্য আগ্রহী হয় মানুষ ? বৃষ্টি, বজ্রপাতের মধ্যে দাড়িয়ে প্রকৃতির বিদ্যুৎকে বন্দী করতে চায়?কেন রাতের পর রাত ঘষা লেন্সের দুরবীনে চেয়ে রয় আকাশের দিকে?কেন মৃত মানুষের দেহ কেটে দেখতো চায় দেহ রহস্য?কেন দিনের পর কেন সমাজ সংসার ধর্মের রীতিনীতি ভেঙে আবিষ্কারের নেশায় ছুটে চলে দেশ দেশান্ত রে?সে যেন তার সীমাকে পেরিয়ে উঁকি দিতে চায় জটিলতম উত্তর জানতে।

প্রাচীন দার্শণিকরা এই নেশাটির এক সরল সংজ্ঞা দিয়েছিল, অন্ধকার ঘরে একটি অন্ধ মানুষ একটি কালো বেড়ালের সন্ধান পাওয়ার জন্য হাতড়িয়ে মরছে। কিন্তু কেন ধরে নিচ্ছে একটি বেড়াল আছে সেখানে?যদি অন্ধ হয় তবে এটি যে একটি ঘর তারই বা নিশ্চয়তা কী?বিড়ালই অন্ধ লোকের হাতের নাগালে থাকবে কেন?যদি হয় দেয়ালহীন অসীম মাঠ, তবে কী কোনদিন বেড়াল থাকলেও জানা

যাবে?

সীমাবদ্ধ জ্ঞান সত্ত্বেও সমষ্টিগত জ্ঞান বংশ পরম্পরায় প্রবাহিত করার জন্য মানুষ জ্ঞানকে লিপিবদ্ধ করেছে। এই জ্ঞানের সমাহার কে সে নাম দিয়েছে বিজ্ঞান। বিজ্ঞান যেন একটি সাময়িক বিশ্বাস। চিরন্তন কিছুর জন্য অপেক্ষা না করে, যে সব তত্ত্ব দিয়ে চলমান ঘটনাকে ব্যাখ্যা করা যায় তাকেই স্থান দেওয়া হয় বিজ্ঞানে। ধরেই নেয়া হয় সব তত্ত্ব পরিবর্তনশীল। ভুল না ধরা পড়লে ভুলেই চলতে থাকতে হবে এই যেন জ্ঞানের একমাত্র উপায়। যখন ভুল ধরা পড়বে ছুড়ে ফেলে দেয়া হবে পুরনো তত্ত্ব এবং সাদরে গ্রহণ করা হবে নতুন তত্ত্ব।

জ্ঞানের অন্যতম সীমাবদ্ধতা হলো মানুষের ইন্দ্রীয়গ্রাহ্য অভিজ্ঞতার বাইরে আমাদের চিন্তা করার উপায় নেই। এ বিষয়ে একটি মজার কাহিনী আছে। প্রথম যখন টেলিফোনের আবিস্কার হয় তখন অনেকে এর বিষয়ে নানান কথা তুলছিল। লোকজনকে বিশ্বাসই করানো যাচ্ছিল না যে যাদু টোনা ছাড়া অনেক মাইল দুরে শব্দ পৌছানো যাবে। তখন বলা হয়েছিল ধরুন, একট কুকুর পাওয়া গেছে যার লেজ বোষ্টনে আর মাথা নিউজার্সিতে । বোষ্টনে লেজে টান দিলে কুকুরটি নিউজার্সিতে ডেকে ওঠবে না ? তখন সঙ্গে সঙ্গে সবাই সেটা সহজে বুঝতে পারলো। কিন্তু সমস্য বাধলো যখন ওয়্যারল্যাস ফোন এল। তখন আবারো বলা হল অবশেষে এমন একটি কুকুর পাওয়া গেছে যেটি অদৃশ্য।

অভিজ্ঞতালব্ধ সংস্কারের একটি উদাহরণ হলো শুরু এবং শেষ জানতে চাওয়া। আমরা জানি ১, ২, ৩, ৪, ৫.. এভাবে এক করে যোগ করতে থাকলে তা শেষ হয় না। আবার ০.১, ০.০১, ০.০১ এভাবে ছোট করতে থাকলে তারও শেষ নেই। তবুও প্রশ্ন জাগে সবচেয়ে বড় এবং সবচেয়ে ছোট সংখ্যা কত। গণিত বলছে সংখ্যার কোন সীমা নেই। শেষ শুরু ভাবতে চাওয়ার মানে নেই। কিন্তু মন সায় দেয়না । তাই ইঞ্চি দিয়ে, মাইল দিয়ে, আলোক বর্ষ দিয়ে মেপে হলেও জগতের সীমা খুঁজতে থাকি , হয়তো অযথাই। (অবশ্য আফ্রিকার বুশম্যানরাই আরামে, তারা তিনটি সংখ্যা নিয়ে সন্তুষ্ট: ১,২ এবং অনেক। চিন্তা না করলে আসলেই আরাম।))।

"সৃষ্টি" শব্দটি আরেক অদ্ভুত টার্ম। জন্ম থেকেই দেখে আসছি আমরা বিদ্যমান এক বস্তুময় বিশ্বে। যদিও আমরা কাজের প্রয়োজনে গাছ কেটে আসবাব সৃষ্টি করেছি , খনির লোহা তুলে ইস্পাতের অস্ত্র সৃষ্টি করেছি। কিন্তু সবই এক বস্তু থেকে অন্য বস্তুতে রূপান্তর ছাড়া কিছু না। আমরা নতুন কাঠামোয় রুপান্তরের কৃতিত্ব দিয়েছি নিজেদের। প্রকৃতির মধ্যে যখনই কিছু দেখি আমরা যেন নিজের অজান্তেই খুঁজে ফিরি কেউ না কেউ সেই সৃষ্টির জন্য দায়ী ।

সৃজনশীলতা আমাদের নিত্যসঙ্গী, হয়তো সৃষ্টির পিছনে কাউকে না পেলে মন ধাক্কা খায়। তবে কি এই

কর্তা খোঁজার চেষ্টাটিও নিছক সংস্কার? নাকি সত্যিই সৃষ্টিকর্তা ছাড়া জগতের রহস্যের ব্যাখ্যা দেয়া সম্ভব নয়?যদি সৃষ্টিকর্তা শ্বাশ্বত একটি প্রশ্ন হয় তা কি স্পিনোজার মডেলের মত নিরীহ হবে যে সমগ্র বিশ্বকে নিজের অংশ বলে মনে করে কিন্তু শাস্তি বা পু রষ্কারের জন্য নিয়োজিত করে না। নাকি সেই সৃষ্টিকর্তাই সঠিক যার অস্বীকারে কঠোর শাস্তির বিধান , যার দাসত্বে অসীম চিরস্হায়ী দেহসুখের নিশ্চয়তা? নানান ভাবে মানুষ স্হান-কাল-পাত্র ভেদে নিজেদের কে এই প্রশ্নগুলোর উত্তর দিচ্ছি নানান কায়দায়।


The question of scientific determinism gave rise to questions about Einstein's position on theological determinism, and whether or not he believed in a God. In 1929, Einstein told Rabbi Herbert S. Goldstein "I believe in Spinoza's God, who reveals Himself in the lawful harmony of the world, not in a God Who concerns Himself with the fate and the doings of mankind. (Brian, Dennis (1996), *Einstein: A Life*, New York: John Wiley & Sons, pp. 127)

আইনস্টাইন বলতেন, I am deeply religious non-believer

কেউ বলবে এখনও উত্তর খুঁজছি, কোনদিন অবশ্যই পাবো । কেউ গভীরে না গিয়ে গোজামিল কোন তত্ত্বে বিশ্বাস করতে থাকবে। কেউ বলবে উত্তর কোনদিনই জানা সম্ভব হবে না - কেননা সীমিত মগজ, সীমিত জ্ঞান, সীমিত জীবনকাল।

পুনশ্চ: শৈশব থেকে একটি সরল প্রশ্ন মাথায় ঘুরপাক খেত, ধরা যাক সীমিত জ্ঞানের কারণে সৃষ্টিকর্তাকে খুঁজতে ব্যর্থ হই, যদি মনে বিশ্বাস আনতে চেয়েও বিশ্বাস খুঁজে না পাই তবে এর জন্য কি ভয়াবহ দন্ড প্রাপ্য হওয়া উচিত?যদি হয় তবে এ যেন কুকুরের মগজে ক্যালকুলাস ঢুকবেনা জেনেও কুকুরকে গণিত অকৃতকার্য বলে উত্তম মধ্যমের সিদ্ধান্ত!

গতপরশু নিরাপদ ঘোষিত হওয়ার পর এটি আমার প্রথম পোষ্ট। সামহোয়ারের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ!

সমাপ্ত

ঈশ্বর বা আল্লা আছে কিনা এবং পরকালে ওরা কি আমাদের ফ্রাই বানিয়ে ফেলবে ? প্যাসকেলের ওয়েজার খন্ডন

by chinkumofiz

///যদি বেহশত দোযখ না থাকে তাহলে তো নাস্তিকরা বেচে গেলো আস্তিকরাও বেচে গেলো আর যদি থাকে তাহলে কি হবে। ধরলাম থাকা না থাকার সম্ভাবনা হলো ৫০% ৫০%///

এই প্রশ্নের উত্তর অনেক সময় অনেক নাস্তিকদের দিতে হয় এবং তারা আটকে যান। এইজন্য লেখাটার উত্তর দেওয়ার প্রয়োজন অনুভব করছি।

দুইদিন বাইরে খুব ব্যস্ত ছিলাম । তাই এই প্রশ্নর উত্তর দিতে দেরী হয়ে গেলো /https://www.facebook.com/groups/chagulover/permalink/602342339825164/

উত্তর দিতে এসে পোস্ট খুজে পাচ্ছিলাম না । পরে দেখি বিড়াল ভাই আর শাফিন ভাই দুই জনই পুরা ফাটায় ফেলছেন।

আমি আর কি কমু? রাকিব ভাই এর এই পোস্টটায় এল্ল্যারে প্রমান করার চেষ্টা বেশ জোড়ালো (শুধু এল্ল্যা, ভোদাবান না কিন্তু)। আমি উত্তর গুলো মুক্তমনার অভিজিত ভাইয়ের প্যাস্কেলের ওয়েজার নিয়ে লেখাটার থেকে সারাংশ নিয়ে তৈরী করেছি। অভিজিত ভাইকে এত্ত এত্ত ধইন্যাপাতা। বিস্তারিত জানতে চাইলে অভিজিত ভাইয়ের লেখাটা পড়তে পারেন লিংক https://www.google.co.uk/url?sa=f&rct=j&url=http://mukto-mona.com/bangla_blog/%3Fp%3D26947&q=&esrc=s&ei=A1RsUqX8JbqX1AWF6YG4DQ&usg=AFQjCNEA5ymgnryyQH63Hmjg645TeBqEIQ

ফরাসী দার্শনিক এবং গণিতবিদ ব্লেইজ প্যাস্কেল (১৬২৩ - ১৬৬২) নাকি এই যুক্তিটা একসময় দিয়েছিলেন, তাই একে বলে প্যাস্কেলের ওয়েজার বা প্যাস্কেলের বাজি। বলা হয়, যে সমস্ত অবিশ্বাসীরা ঈশ্বরের অস্তিত্বের প্রথাগত 'যুক্তি'গুলোতে সন্তুষ্ট নন, তাদের জন্য সম্ভাবনার গনিত ব্যবহার করে যুক্তি সাজিয়েছিলেন ঈশ্বর-বিশ্বাসী প্যাস্কেল। ভেবেছিলেন এটা হবে নাস্তিকদের কফিনে শেষ পেরেক। প্যাস্কালের ভাষাতেই -

"If you believe in God and turn out to be incorrect, you have lost nothing – but if you don't believe in God and turn out to be incorrect, you will go to hell. Therefore it is foolish to be an atheist."

কিন্তু তার গণিতের ফাঁকি তিনি ধরতে না পারলেও অন্যরা ঠিকই ধরে ফেলেছিল। আসলে তার সম্ভাবনার সূত্রে ফাঁক ফোকর এতই বেশি যে একে গণিত না বলে গোঁজামিল বলাই ভাল।

এই কার্টুন ভিডিওটা দেখলে অনেকটা ক্লিয়ার হয়ে যাবে
Ihttp://www.youtube.com/watch?v=NMk2kHZUrAc

অন্যতম একটি কথা হলো কোন্ ধর্ম সত্য ধর্ম? আর সত্যিকার ঈশ্বরটাই বা কোন্টা?

প্যাস্কাল নিজে ছিলো রোমান ক্যাথলিক। তার কাছে ক্যাথলিক ধর্মের ঈশ্বরই ছিলেন সত্যিকার ঈশ্বর। তার ক্যাথলিক ধর্মের ঈশ্বরকে সত্য প্রমাণের জন্য কষ্ট করে যে যুক্তি সাজিয়েছিলেন , তা দেদারসে এখন ব্যবহার করেন ইসলাম হিন্দু বৌদ্ধ সহ অন্য ধর্মের লোকেরা । আর এরা সবাই নিজ নিজ ধর্মের ঈশ্বরকে সত্যিকারের ঈশ্বর মনে করেন।

কোরআন অনুযায়ী : 'যে লোক ইসলাম ছাড়া অন্য কোন ধর্ম তালাশ করে, কস্মিনকালেও তা গ্রহণ করা হবে না এবং আখেরাতে সে ক্ষতিগ্রস্ত।' (৩: ৮৫)

কাজেই বোঝা যাইতেসে যে, খ্রিষ্টান , হিন্দু, বৌদ্ধ সব অন্য ধর্মের লোক দোজখের আগুনে বেগুন-পোড়া হবে -নাস্তিক হওয়ার জন্য না, বরং না জেনে ভুল একটা ধর্ম পালন করার জন্য।

মুসলমানরা খুশি হয়ে গেছে । খুশি টা এখনই উড়ে যাবে ।

বাইবেলে আছে John 12:47-48 And if any man hear my words, and believe not, I judge him not: for I came not to judge the world, but to save the world. He that rejecteth me, and receiveth not my words, hath one that judgeth him: the word that I have spoken, the same shall judge him in the last day.

অর্থাৎ খ্রিষ্টান ধর্মের দেওয়া ঈশ্বরকে আপনি না মানলে আপনি যতই ধর্ম মানেন, পাঁচ ওয়াক্ত নামাজ পড়া মুসলমান হন না কেন, আগুনে পুড়বেন কোন সন্দেহ নাই - তাদের গড সত্য হলে । খ্রিস্টানদের গড এবং মুসলমানদের আল্লা যে এক না সেটা পড়তে আমার লেখা এই পোস্টটি পড়ুন । লেখাটার নাম হলো আল্লাহর পরিচয় নভেম্বর ২০১০ এ প্রকাশিত ।

মুসলিমদের সেরকম লজিক:

কোরান যে খাঁটি তা কিভাবে জানি আমরা?
কারণ আল্লাহ বলেছেন যে।

আল্লাহ যে মিথ্যে বলছেন না বুঝবো কি করে?
কারন মোহাম্মদ (খা:পু:) বলেছেন যে।

মোহাম্মদ (খা:পু:) যে সত্যি বলছে তারই বা নিশ্চয়তা কি?
কোরান সাক্ষী দিয়েছে না।

কোরানই যে সত্যি কথা বলছে সেটাই বা কে বললো?
আল্লাহইতো বলেছেন যে কোরান সত্যি।

মুমিন মুসলমানদের দেখেন এর বাইরে কোন লজিক আপনাদের কিন্তু কিছু নাই ।

প্যাস্কালের বাজির আরেকটা বড় ত্রুটি হল – যদি ধরেও নেয়া হয় মৃত্যুর পরে পরকাল বলে কিছু একটা আছে, তারপরেও প্রমাণিত হয় না যে একটা নির্দিষ্ট ধর্মই (religion-X) প্রকৃত ধর্ম। যেহেতু ঐ ধর্মের বাইরেও আরো ধর্ম (religion-Y, Z etc..) আছে আর সেগুলো ও তাদের মত করে পরকালকে নির্দেশ করে, কাজেই যে কোন একটা ধর্মকে সত্য মনে করে সার্বজনীন ভীতি তৈরি করা আর এর প্রেক্ষিতে মনের মাধুরী মিশিয়ে যুক্তি সাজানো আসলে প্রতারণার নামান্তর। '

এই টাইপের আস্তিকদের অভিজিত ভাইয়ের ভাষায় বলা হয় আল্লামা তালগাছবাদী!

ঈশ্বর খালি অন্ধবিশ্বাসী হওনের কারণে কোন মোল্লারে বেহেস্তে পাঠায়, আর অবিশ্বাসীদের কঠিন শাস্তি দেয়, সেই ঈশ্বর তো আসলে স্তাবকতাপ্রিয় ঈশ্বর। ইনি চাটুকারিতা পছন্দ করেন। এখন একটা লোক কেমন ছিলো, কি করল, মানুষের জন্য কি কি ভালো কাজ করছে, সেগুলো না বিবেচনা কইরা সাড়া জীবন ধরে চামচামি করছে আর বিনা বাক্যব্যয়ে বিশ্বাষ -এইটা যদি হয় একমাত্র ক্রাইটেরিয়া - তাইলে কোন সুস্থবুদ্ধির লোক সেই ইশ্বরকে মানবে না ।

আচ্ছা এবার ওনার পয়েন্ট গুলোর উত্তর দেই :

// (১) ওনার প্রথম পয়েন্ট টা হলো ওনার পোস্টে শুধুমাত্র আল্লা আছে কি নাই এটা নিয়ে তর্ক করবেন যুক্তির খাতিরে যেহেতু উনি মুসলিম তাই অন্য ধর্মের দেব দেবী নিয়ে ওনার মাথা ব্যা থা নাই ।//

রাকিব ভাই আপনি যেমন অন্য দেব দেবতাদের নিযে মাথা ব্যাথা নাই আমাদের তো শুধু আল্লারে নিয়ে মাথা ব্যাথা করলে চলে না । হিসাব করতে হলে অংক যখন নিযে আসছেন তখন অংকের সব মেটেরিয়াল আনতে হবে । অংক দিয়েই দেখতে হবে কাদের কে রাখা যায় আর কাদের কে রাখা যায় না । আল্লাহ যে সঠিক সৃষ্টিকর্তা এটা যদি আমি আগেই ধরে নেই তাহলে তো আর কোন সমস্যাই থাকে না । দুর্ভাগ্যবশত সেটা সম্ভব নয় ।

//(২) ২য় পয়েন্ট এ উনি বলেছেন সৃষ্টিকর্তা একজন থাকাটা বেশি জরুরী নাকি বেশি সৃষ্টিকর্তা থাকাটা জরুরী ? তারপর আবার বলেছেন এত নক্ষত্র সৃষ্টি হয়ে ছে সেগুলো এক বিন্দুতে আঘাতের ফলেই হয়েছে । সুতরাং সৃষ্টিকর্তা একজন হওয়াই যুক্তির । এবং খেলতে হলে একজন সৃষ্টি কর্তার সাথেই খেলতে হবে । অর্থাৎ একজন সৃষ্টিকর্তা থাকার সম্ভাবনা ৫০% এবং সে না থাকার সম্ভাবনা ৫০%//

আমারতো এখানে বলা উচিত সৃষ্টিকর্তা মানে ইশ্বর একে র অধিক থাকাটা বেশ যুক্তির । আগের যত গুলো ধর্ম ছিলো মানে প্যাগান টাইপের বুলশিট গুলো সেই সব ধর্মে কিন্তু একজন প্রধান দেবতা

থাকতেন এবং সেই দেবতা পৃথিবীর সকল কাজ অন্য দেবতাদের বন্টন করে দিতেন । প্রধান দেবতাকে অন্য সকল দেবতাদের মান্য করে চলতে হতো কারন প্রধান দেবতা ছিলো সর্বশক্তিমান । যেমন গ্রীক দেবরাজ জিউস সর্বশক্তিমান কিন্তু তবুও আরও অনেক দেবতা ছিলো যেমন পানি এবং বৃষ্টি বর্ষনের দেবতা পোসাইডন, প্রধান দেবতার দূত হলো দেবতা হার্মিস এবং মৃত্যুর দেবতা হলো হেডস । আব্রাহামিক রিলিজিয়ন এর আল্লার বিবর্তন দেখি তাহলে এখানে দেখতে পারবো আল্লা সর্বশক্তিমান কিন্তু মৃত্যুর ফেরেশতা হলো আযরাঈল , আল্লাহর স্বর্গীয় দূত হলো জীবরাঈল , জিব্রাঈল এর হার্মিস এর মতো আবার পাখা আছে, পানি , মেঘ খাদ্য বন্টনের দায়িত্ব হলো মিকাঈল এর উপর , দোযখের ফেরেশ্তা হলো মালিক । তাহলে প্রাচীন প্যাগান ধর্মের সাথে ইসলাম ধর্মের পার্থক্য কোথায় হলো ?

//(৩) রাকিব ভাইয়ের কথা অনুযায়ী ইসলাম সত্য কারন কোরআন । কোরআন উনিশ নামক গানিতিক বন্ধনে আবদ্ধ ।//

বহুবার এই উনিশ তত্ত্ব খন্ডন করে লেখা লিখেছি। আমার লেখা 'পাইয়াছি আমি কোরআনের মধ্যে উটের ডিম্ব নয় অশ্বডিম্ব পাইয়াছি', সেপ্টেম্বর ২০১৩ এর এই লেখাটা পড়লে মুমিন মুসলিমরা আশা করি ১৯ তত্ত্ব নিয়ে আর মানুষকে বিভ্রান্ত করবেন না ।

//(৪) উনি আরও দাবী করেছেন খ্রিস্টানরা যে গড এর কথা বলেন সেই গড আর ইসলামের আল্লা এক জন ।//

খ্রিস্টান ইহুদীরা যে গড এর কথা বলে আর ইসলাম যে আল্লা বলে সেই আল্লা আসলে এক লোক না এটা নিয়েও বহুবার আগে উত্তর দেওয়া হয়েছে । লেখাটার নাম হলো আল্লাহর পরিচয় । আল্লাহ সম্পর্কে অনেক কথার উত্তর মিলে যাবে এখানে ।

//(৫) আরও বলেছেন মক্কার একটা রাখালের কি ঠেকা ছিলো এরকম একটা ধর্ম গ্রন্থ বানানোর । এই কোরআনের উনিশের আবদ্ধ হওয়ার কথা আবার বলেছেন । উনি জিজ্ঞেস করেছেন মুহাম্মদের কি লাভ হয়ে ছিলো এরকম একটা গ্রন্থ তৈরী করে? মুহাম্মদ গরীব জীবন যাপন করার কথা বলেছেন , একটা কারন দেখাতে বলেছেন উনি মুহাম্মদ এর এরকম একটা বই লেখতে বলার জন্য ।//

মুহাম্মদ একজন সিজোফ্রেনিয়ার রোগী ছিলো । ছোটবেলার নিদারুন অবহেলা কষ্ট থেকে তার মধ্যে তৈরী হয়েছিলো ক্ষোভ । মানুষের অবহেলা থেকে বাচার জন্য সে ইসলাম নামক নতুন ধর্মর প্রবর্তন করে । আর মুহাম্মদ তার নিজের প্রশংসা পছন্দ করতো এই কারনে আযানের দোয়াতে পর্যন্ত তার নামে প্রশংসা করতে বলেছে । : এই বিষয়ে আমার লেখা : ইসলাম, আল্লাহ এবং মুহাম্মদকে করুনা করা , অপমান করা, প্রয়োজনে গালি দেওয়া এবং এদের নির্মূল করা শুধু আমার নয় পৃথিবীর সকল বিবেকবান মস্তিস্ক সম্পন্ন মানুষের অধিকার । লেখাটি আগস্ট ২০১৩ তে প্রকাশিত । পড়তে পারেন তাহলে মুহাম্মদ কত বড় মানসিক রোগী ছিলো তা মুমিন বান্দারা নিজেরাই দেখবেন ।

অংক দিয়ে যদি দোযখ বেহেশত থাকার সম্ভাবনার হিসাব করেন মানে গড আছে কি নাই তার সম্ভাবনার হিসাব করেন তাইলে তো আমাদের আরও কিছু হিসাব করে নিতে হবে। অংক শাস্ত্র বলে কথা। 50% এর সরল অংক হলে তো সমস্যাই ছিলো না।

এখন আপনার হিসাব অনুযায়ী গড থাকার সম্ভাবনা হলো 50% আর না থাকার সম্ভাবনা 50%। আমরা বেচে গেলাম যদি গড না থাকে। কিন্তু যদি থাকে তাহলে কি হবে ?

ওহহো খুব ভয় পাইছি। দোযখে আমাদের নিয়ে ফ্রাই করে ফেলবে। চামড়ার মধ্যে সাপ দিয়ে কামড় দেওয়াবে। যাক্কুম ফল খাওয়াবে পূজের নদীতে ফেলে দেবে অনেক ভয় পায়ে গেছি আর বলবেন না প্লিজ।

এখন http://www.godchecker.com/ এই সাইট অনুযায়ী ৩৭০০ গড আছে। আরও থাকতে পারে তবে বেশি হবে কম হবে না। দেখছেন কত গুলো গড। বিশ্বাষ না করে যাবো কোথায় হে নাস্তিকগন তোমরা গড বিশ্বাষ না করে কোথায় যাবে। এতগুলো গড দেখার পরেও তোমাদের বিশ্বাষ হয় না ?

যদি গড থাকে তাহলে অর্থাৎ ধর্ম গুলোর গড থাকার সম্ভাবনা হলো 50% = 50/100=1/2=0.5

আচ্ছা তাইলে গড থাকার সম্ভাবনা কত ?

1/3700= 0.00027027 [যেকোন গড থাকার সম্ভাবনা, ওহহো এটা কি হলো 0 এর পরে মাত্র 3 টা শূন্য কাম সারছে]

আচ্ছা তাইলে এই 50% এর মধ্যে যেকোন একজন গড থাকার সম্ভাবনা হলো 0.5 0.00027027 = 0.000135135*

ওহহো এটা কি হলো যেকোন ধর্মের একজন গড থাকার সম্ভাবনা হলো 0.013514% . এইটা কিছু হইলো ?

তার মানে অন্য ধর্মের গড থাকার সম্ভাবনা হলো 3666/3700= 0.99972973

আচ্ছা তাইলে এই 50% এর মধ্যে অন্য ধর্মের গড থাকার সম্ভাবনা হলো 0.5 0.99972973 = 0.499864865*

অন্য ধর্মের গড থাকার সম্ভাবনা হলো 49.98649% [যে যে ধর্ম ফলো করেন সেই ধর্ম ছাড়া বাকি ধর্ম থাকার সম্ভাবনা : আহারে]

আচ্ছা এবার আরও একটু চমক দেই । মনে করেন মরে যাওয়ার পরে দেখলেন কিছু নাই । তাইলে তো সবাই বেচে গেলো। কিন্তু যদি দেখেন আফ্রিকান দেবতা উল্লা গুল্লা বং আপনার সামনে দাড়িয়ে আছে। তখন কি হবে ? আপনার তো আর দোযখে যাওয়া ছাড়া আর গতি নাই। আমরা

নাস্তিকেরা তো কমু হে পরম শক্তিমান পরম করুনাময় উল্লা গুল্লা বং এই যে দেখ এই সেই লোকেরা যারা তোমারে মানে নাই । এইল্ল্যা / ভোদাবান [মুমিন হলে এইল্ল্যা আর মালু হলে ভোদাবা ন নিজ দায়িত্বে পড়ে নেবেন] নামের কাল্পনিক কিছুরে মানছে । ওরা খুন খারাপি করছে । মানুষরে মানুষ মনে করে নাই। তোমার সৃষ্টি করা মানুষ আমরা ওদের আমি মানি নাই এই জন্য ঘৃনা করছে , গালাগালি করছে, তোমার দেওয়া এই অপরুপ জীবন কেড়ে নিতে চাইছে । হ্যা আমি তোমারেও মানি নাই কিন্তু আমি দুনিয়ায় কোন খারাপ কাজ করি নাই । এই যে এখন তোমারে দেখছি আমি এখন থেকে তোমারে মানমু । তুমিই আমার সব ।

একটা জিনিষ চিন্তা করেন তো দোযখে এখন কে ফ্রাই হবে? সম্ভাবনা কার বেশি ? ইশ পুরাই শিক কাবাব । আহারে শিক কাবাব খেতে ইচ্ছা করছে । হে হে হে

উপরের লেখা গুলো পড়লে বোঝা যাবে যে মুহাম্মদ এর ধর্ম ইসলাম আসলে একটা মানসিক রোগীর দ্বারা প্রচারিত ধর্ম । আমি আশা করবো লেখা গুলো মমিন মুসলমান সহ মালুগনও পড়বেন এবং এই ঈশ্বর, পরকালে থাকলে কি হবে, কেমনে দোযখে ফ্রাই করবে এরকম আজগুবি কথাবার্তা এগুলো নিয়ে ত্যানা পেচানো বন্ধ করবেন ।

https://www.amarblog.com/susupto-pathok/posts/172333

যারা লড়ছেন অন্ধকারের বিরুদ্ধে

তারিখঃ বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৫:৫৭

লিখেছেনঃ সুষুপ্ত পাঠক

অল্প বয়েসে "আরজ আলী মাতুব্বর" "হুমায়ূন আজাদ" "প্রবীর ঘোষ" মুক্তচিন্তার খোরাক জুগিয়ে ছিলেন। কুসংস্কারকে ঝেটিয়ে বিদায় করে বৈজ্ঞানিক যুক্তিতর্কের মাধ্যমে সব কিছুকে ব্যাখ্যা করার চর্চা শুরু হয়েছিল তখন থেকেই। জগতের ভেদ বুঝতে একদিন ব্রত নিয়েছিলাম। জীবনের দশ দশটি বছর লাইব্রেরী আর ফুটপাথের বইয়ে দোকানে দোকানে ঘুরে ঘুরে দর্শন , ধর্ম, ইতিহাসের বই খুঁজে খুঁজে পড়েছি। কেন মানুষ মানুষকে বিভক্ত করে , কেন মানুষ কেবল মাত্র জন্ম দোষে বৈষম্যের কোপে পড়ে এই হিসাব মিলাতে বসতাম।

দরিদ্রকে সাহায্য করো- এটা ধর্মের কথা। শুনতে কি সুন্দর লাগে। কিন্তু এরমধ্যেই আছে চরম সাম্প্রদায়িকতা! আছে মানুষকে মানুষ হিসেবে অস্বীকার করার বিষ! এই দরিদ্র মানে আপনার স্বধর্মীয় দরিদ্র! মানুষ আর মানুষ থাকেনি। মানুষ হয়েছে রাম রহিম জন। কেন এই বিভেদ ? সত্যিই কি এসব সঠিক? সমস্যাটা কি আমার একার? এইরকমই হবে, এইরকমই নিয়ম? আমার সীমিত জ্ঞানে, ইন্টারনেটের অদক্ষতা, ভাষা সমস্যা সত্যকে আরো দূরীভূত করে তুলল।
কিন্তু যারা আঁধারের পথে আলো নিয়ে চলছেন পথিককে সঠিক পথ দেখানোর জন্য, যারা নিজের খেয়ে বনের মোষ তাড়াচ্ছেন, জীবনের একটা বড় অংশ ব্যয় করছেন মানুষকে সত্য জানানোর জন্য তারা তো আমাদের মত পথ হারা, দিশাহারাদের জন্য আলো হাতে বসে আছেন...।

একদিন খুঁজতে খুঁজতে দেখা পেলাম আকাশ মালিক , ভবঘুরে নামক দুজন লেখককে। তখন ব্লগ লিখি না শুধু পড়ি। সর্বনাশ কোথায় ছিলাম এতদিন! আকাশ মালিকের বই "যে সত্য বলা হয়নি" ডাউন লোড করলাম। তাঁর সিরিজ "হযরত আয়েশার সঙ্গে এক রজনী" একটি উৎকৃষ্ট সাহিত্যমান সম্পন্ন লেখা। ভবঘুরের "ইসলাম ও মোহাম্মদ" সিরিজটি প্রিন্ট আউট করে সংরক্ষণ করলাম। অতিতে যেমন সা'দ উল্লাহ'র লেখা পেপার কাটিং সংরক্ষণ করতাম, এই সা'দ উল্লাহর লেখায় প্রথম পাই কাবাঘর এর আগে বহুবার প্রাকৃতিক দূর্যোগে ভেঙ্গে খান খান হয়ে যায়। কাবাঘরে রাখা কালো পাথর আগুনে পুড়ে যাওয়া, লুট হয়ে যাওয়ার পর ফেরত এবং ঐতিহাসিকদের মধ্যে ঘোর সন্দেহ ফেরত পাওয়া পাথর আসলটি কিনা ইত্যাদি বিষয় সা'দ উল্লাহর লেখার মাধ্যমে প্রথম পাই। তিনি তখন "ভোরের কাগজে" কলাম লিখতেন। তার লেখা অনুবাদ অনেক বই এখনো আমার সংগ্রহে আছে। তার মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ বই "এরিয়ান সান-মাইথ দ্য অরিজিন অব রিলিজিয়নস"। এই বইয়ের লেখকের নাম অজ্ঞাত। কারণ খ্রিস্টান মৌলবাদীদের ভয়ে লেখক নাম প্রকাশের কোন সুযোগ নেননি। এই বইয়ে দেখা যায় খ্রিস্টান চার্চ জানতো যীশু বলতে আসলে কেউ নেই। আর্যদের সূর্য পুরানই হচ্ছে আব্রাহামিক ধর্মের আদি ধারনা বা ভিত্তি। আর্যদের সূর্য দেবতার মা ধারিত্রী কুমারী। সূর্যের জন্মদিন ২৫শে ডিসেম্বর। আর্যরা যাযাবর জাতি। তারা নানা প্রান্তে ছড়িয়ে পড়ে। যেখানে তারা গিয়েছে সেখানেই

তাদের ধর্মকেও নিয়ে গেছে। স্থানীয়দের ধর্মবিশ্বাসের সঙ্গে মিশে গেছে তাদের ধর্ম বিশ্বাস। সূর্য মেষ রাশি পরিভ্রমন করে আসে ২৫ ডিসেম্বর, জানা যায় অতিতে যীশুর পরিবর্তে একটা ভেড়াকে পূজা করা হতো। পরবর্তীতে একজন মানুষের অবয়ব গঠন করে। যিনি প্রথমে দেখতে ছিলেন কালো। আজকের যীশু দেখতে ইউরোপীয়ানদের মত। পুরো ব্যাপারটাই কাল্পনিক। যীশুকে নিয়ে যারা লিখেছেন তারা কেউ যীশুকে চামড়ার চোখে দেখননি। বাইবেল যারা লিখেছে তারা কেউ যীশুকে জীবনেও দেখেনি। ইসলাম ধর্ম এই যীশুকে নবী বলে স্বীকার করেছে। যীশু মাতা মরিয়মকে নিয়ে একটা সূরা আছে কোরআনে। যীশু আছে এটা প্রমাণ করা খ্রিস্টানদের চাইতে মুসলিমদেরই মাথাব্যথা বেশি। সা ’দ উল্লাহর লেখা আরো একটি গুরুত্বপূর্ণ অনুবাদ বই ”দ্য টিচিংস অব দ্য কোরআন”। আমার জিজ্ঞাসার উত্তর হিসেবে এসবই তখন পর্যন্ত ছিল সম্বল।

আকাশ মালিকের ”হযরত আয়েশার সঙ্গে এক রজনী” ও ভবঘুরের ”ইসলাম ও মোহাম্মদ” সিরিজ অনেক অজানা দুয়ারকে খুলে দিবে জ্ঞান অন্বেষিকে। আমি ঋণী এইসব মানুষের কাছে। ঋণী আমি আরো অনেক মানুষের কাছে। যারা এখনো মানুষকে অসাম্প্রদায়িক হতে, মুক্তমনা হতে সাহায্য করছে। লিখে যাচ্ছেন অবিরাম।

আজ হঠাৎ ধ্র“বতারাকে নিয়ে ভাবতে ভাবতে অনেক কথাই মনে পড়ে গেলো। এই লেখাটা লিখে ফেললাম তখন। ধ্র“বতারা ব্যান হয়েছে জেনেছি। তার কতটুকু দোষ , কতটা বাড়াবাড়ি করেছেন জানি না। তবে তিনিও যোদ্ধা অন্ধকারের বিরুদ্ধে। জামাতী-হেফাজতী অপপ্রচার-মিথ্যাচার, ফটোশপ জ্বালিয়াতির বিরুদ্ধে ব্লগে তিনি একাই লড়াই করেছেন। তাকে জানি সাহসী হিসেবে। নিশ্চয় তিনি আবার লিখবেন। তার লেখা অবশ্যই আমরা পড়লে বুঝতে পারবো , চিনতে পারবো। হয়ত আমার মত কেউ, আজকের কোন নতুন প্রজন্ম তার লেখা পড়ে উপকৃত হচ্ছে। মিটাতে পারছে জানার তৃষ্ণা।... এই লেখাটি তাই ধ্র“বতারাকে উৎসর্গ করলাম।

কমেন্ট

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৬:০৪ তারিখে শামীম আরেফীন বলেছেন

সুষুপ্ত পাঠক ধন্যবাদ লেখাটার জন্য।

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৮:২৭ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

শামীম ভাই লেখাটা পড়ার জন্য ধন্যবাদ।

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৬:১৭ তারিখে বিপ্লবী বার্তা বাহক বলেছেন

ধ্রুবতারা অক্কা পাইছে তো কি হইছে। এরকম হাজারও ধ্রুবতারা এখন আকাশে বিরাজমান। তারাই আলো দেখাবে। তবে পথটা বড়ই কঠিন।

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৮:২৭ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

বিপ্লবী বার্তা বাহক, জানি ধ্রুবতারারা আছে থাকবে। ধন্যবাদ আপনাকে।

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৬:৪২ তারিখে বেক্কল বলেছেন

আমি কোনো এক সময় ওকালতি করতাম। এজন্য এই অভ্যাসটা গড়ে উঠেছে। আসামী যখন লম্বা বক্তৃতা দেয়, তখন একটা পয়েন্টে বলতাম : দিস পয়েন্ট টু বি নোটেড ইয়রঅর্ণার

অজ্ঞাত কোনো এক যিশু যা কিনা পৃথিবীতেই ছিল না , জাষ্ট কাল্পনিক এক যিশুকে নিয়ে ধর্ম যাজকেরা বাইবেল বানিয়ে ফেললো। **যিশু আছে এটা প্রমাণ করা খ্রিষ্টানদের চাইতে মুসলিমদের মাথা ব্যাথা বেশী।**

বিষয়টা ঠিক এরকম দাড়ায় না যে : জাতির পিতা বঙ্গবন্ধুকে আওয়ামী লীগরাই মানে না, কিন্তু বিএনপিদের মাথা ব্যাথা বঙ্গবন্ধুকে জাতির পিতা হিসাবে স্বীকৃতি দেয়ার।

যিশুকে বা যিশুর পূর্বে অন্য যারা ধর্ম প্রচারক ছিল বা ছিল না , কোরআন ওদের সাপোর্ট দিয়ে, লাভ কি?**একটু বুঝাতে পারবেন?**

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৭:০৪ তারিখে বিপ্লবী বার্তা বাহক বলেছেন

বেশকিছু দিন ধরে ব্লগে বিচরন করে নানা জনের বিশেষ করে ইসলাম বিদ্বেষী ও ইসলাম প্রেমীদের লেখা পড়ে যা মনে হয়েছে , আসলেই যীশু খৃষ্টকে প্রমানের জন্যে এখন খৃষ্টানদের চাইতে মুসলমানদেরই গরজ বেশী। কোরান ও হাদিসে যাকে ঈশা নবী বলা হয়েছে , সকল মুসলমান আলেমরাই তাকে যীশু হিসাবেই স্বীকার করেছেন। এই যীশু যে নাকি মুহাম্মদের আগে দুনিয়াতে আল্লাহর বার্তা নিয়ে এসেছিলেন। যার বর্ণনায় কোরানের সূরা মরিয়ামই নাজিল হয়েছে তা ছাড়া বিক্ষিপ্ত ভাবে বিভিন্ন সূরাতেও ঈশা নবির বর্ণনা আছে। এখন যদি কোন কায়দায় প্রমান করা যায় যে উক্ত যীশু বা ঈশা নামের কোন লোকেরই অস্তিত্ব ছিল না , তাহলে পুরো কোরানই মিথ্যা হয়ে যায় , কোরানের বানীগুলো হয়ে যায় সেই মধ্য যুগের কিছু আরবের সম্মিলিতভাবে তৈরী করা বানী যার সাথে আল্লাহর কোনই সম্পর্ক নেই। তার অর্থ
ইসলামটাই মিথ্যা হয়ে যায়। ঠিক সেকারনেই ইসলামের অস্তিত্বের গরজেই ইসলামকে যীশুর প্রমান দিতে হবে।

এই অতি সাধারন বিষয়টা আপনার মাথায় খেলল না ?

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৮:৫৬ তারিখে ইজ্জত আলি বলেছেন

বিপ্লবী বার্তা বাহক সাহেব-

মনে হয় আপনি সত্য জানেন না অথবা গোপন করছেন।

জেনে নিন- কোরআনের সূরা আনআম ১৬১ নম্বর আয়াতে বলা হয়েছে-

বলুন আমার প্রভু আমাকে সরল পথ প্রদর্শন করিয়েছেন।ইহা একটি সু -দৃঢ় ধর্ম। যাহা ইব্রাহিমের তরিকা।

তার মানে মহাম্মদ সাঃ যে ধর্ম পেয়েছেন বা নবি হয়েছেন তাহা ইব্রাহিম এর টাই। তাহলে ইসাকে নবি প্রমানের প্রয়োজন কি। দয়া করে বলবেন।

সত্য সহায়।গুরুজী।।

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

বুধবার, ১৪/০৮/২০১৩ - ২২:১২ তারিখে বিপ্লবী বার্তা বাহক বলেছেন

ভাই,

ইব্রাহিমকে নিয়ে আমার মাথা ব্যথা না্ই। আমার মাথা ব্যথা হলো ঈশাকে নিয়ে যার কথা সূরা মারিয়ামে বলেছে। এই ঈশাটা কে ? এটা কি যীশূ ? আপনি তো একবার বলেছিলেন ঈশা নাকি মুহাম্মদের মত একদল লোক নিয়ে ডাকাতি করে বেড়াত আর তাই তৎকালীন জেরুজালেমের শাসক হেরোড তাকে ধরার জন্য সৈন্য পাঠায় , ধরে তখনকার পদ্ধতি অনুযায়ী শূলে চড়ায়।

যীশুর ভাগ্য খারাপ সে একটা কেন্দ্রিয় শাসকের রাজ্যে ডাকাতি করতে গিয়ে ধরা খায়, মুহাম্মদের ভাগ্য ভাল যে সে যেখানে ডাকাতি করত জিহাদের নামে , সেখানে কোন কেন্দ্রিয় শাসক বা তাদের সেনাবাহিনী ছিল না, তাই ধরা খেয়ে শূলে চড়েনি।

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

বুধবার, ১৪/০৮/২০১৩ - ২২:৩৮ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

যীশু এক মিথ। আব্রাহামিক ধর্ম আর্যদের সূর্য পুরান থেকেই উৎস।

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

বুধবার, ১৪/০৮/২০১৩ - ২১:০৩ তারিখে মেলবোর্ন বলেছেন

সুষুপ্ত পাঠক পোস্টের সাথে সম্পকিত কিনা বুঝতে পারছিনা তবে যেহেতু আপনি পড়তে পছন্দ করেন এখনে একটু ঢু মেরে আসতে পারেন

10 Christ-like Figures Who Pre-Date Jesus

http://listverse.com/2009/04/13/10-christ-like-figures-who-pre-date-jesus/

ভিডিওটা খুজে পাচ্ছিলাম না পরে পেয়েছি Zeitgeist দিয়ে সার্চ মেরে

আর যীশুর ব্যপারে প্রচলিত মুসলমানদের ধারনা যে ভুল সেই বিষয়ে জটিল একখান ছোট বই

WHEN IS THE MESSIAH COMING? By Shabbir Ahmed,
M.D. http://www.ourbeacon.com/wordpress/?page_id=21
"Religion becomes a hollow shell of its former self when ritual remains and thoughtful reflection disappears." Nouman Ali Khan

বুধবার, ১৪/০৮/২০১৩ - ২২:১১ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

মেলবোর্ন, অশেষ ধন্যবাদ। ভিডিও ও ব্ইয়রে লিঙ্ক দেয়ার জন্য। আপনিও আকাশ মালিক ও ভবঘুরের লেখাগুলো পড়ে দখতে পারেন। আমার নিজের ধারনা পড়ার ও জানার ব্যাপারে কোন বাছবিচার থাকা উচিত না। আবারো আপনাকে ধন্যবাদ।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৮:৩৬ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

বেক্কল, রআনে মুসা ও ঈসাকে নবী বলে স্বীকার করার মানে হচ্ছে ইহুদী ও খ্রিস্টানদের দলে ভেরানো। প্যাগন রীতি হ্বজ, কাবাঘর ইত্যাদিকে গ্রহণ করাও সে উদ্দেশ্য। কাবাঘরের আল্লার তিন কন্যাকেও সেই উদ্দেশ্য নবী মুহাম্মদ প্রথমে স্বীকার করে নেন। কিন্তু পৌত্তলিক দেবীকে স্বীকার করে নেয়াকে তার নিরাকার ঈশ্বরের সঙ্গে সাংঘর্ষিক বিধায় পরে ত্যাগ করেন। আরব বিভিন্ন গোত্র, বহুঈশ্বরবাদ, একেশ্বরবাদ ইত্যাদি সব কিছুকে নিয়ে নবী মুহাম্মদ এক পতাকা তলে এসে দাঁড়াতে চেয়েছিল। ভেবেছিলেন ঈসা ও মুসাকে নবী বলে মেনে নিলে, তাদের ধারাবাহিক ধর্ম ইসলাম বললে দলে দলে ইহুদী খ্রিস্টান নতুন ধর্ম ইসলামে এসে জয়েন করবে। বাস্তবে তা হয়নি। কারণ পৈত্যতিক ধর্ম কেউ ছাড়তে পারে না। যদি হতো তাহলে নবীর চাচাই সর্ব প্রথম আদরের ভাতিজার ধর্মকে মেনে নিতেন। আশা করি এবার ভেবে চিন্তে বুঝতে পারবেন।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৬:৫৮ তারিখে বেক্কল বলেছেন

২য় প্যারাগ্রাফ প্রথম লাইন

শুনতে কি সুন্দর লাগে। কিন্তু এরমধ্যেই আছে চরম সাম্প্রদায়িকতা !

বাংলাদেশে বাস করে ৪ প্রজাতির প্রাণী

১. মুসলিম (সংখ্যাগুরু)

২. হিন্দু (সংখ্যালঘু)
৩. খ্রিষ্টান (সংখ্যালঘু)
৪. বৌদ্ধ (সংখ্যালঘু)

১৯৭১ এ জান।
৭১ থেকে ২০১৩ পর্যন্ত, অনেক ঘটনা ঘটছে বাংলাদেশে। প্রাকৃতিক দুর্যোগ , ভূমিকম্প, হরতাল, রমনার বটমূলে বোম ফাটা, ৭৪ এ দূভিক্ষ, লগি-বৈঠা, হেফাজত শাপলা চত্বর, আর কি --- অনেক অনেক।
১৯৭১
১৯৭২
১৯৭৩
-
-
২০১৩

হিসাব করেন ক্যালকুলেটর দিয়া।

হরতালে যে মারামারি হয়, সেটাও কি সাম্প্রদায়িক দাঙ্গা?
ভোট কেন্দ্র দখল, সেটাও কি সাম্প্রদায়িক দাঙ্গা?

সাম্প্রদায়িকতার কারণে কত লোক প্রাণ হারাইছে আর বাকি সবগুলির জন্য কত লোক প্রাণ হারাইছে ক্যালকুলেটার দিয়া হিসাব করেন।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৭:৪১ তারিখে শামীম আরেফীন বলেছেন
@ বেক্কল

৭১ এর পর এই দেশে কোন সাম্প্রদায়িক দাঙ্গা হয়নি,যা হইছে একতরফা,আমরা হাফ সাটরা(মোসলমান)ফুল সাটগোরে(যাদেরকে মালাউন বলেন)কচু কাটা করছি ,এইটার সনখাও কিনতু কম না।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৮:৩৭ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

শামীম ভাই, আপনার পাটকেলের টিপ নিখুত!

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৭:০৫ তারিখে মূর্খ চাষা বলেছেন

পাঠক ভাই, আমি মূর্খ চাষা হতে পারি কিন্তু জহুরী চিনতে যে ভুল করিনি তা আপনার লেখাতে নিজের কাছে প্রমান দিলাম। জ্ঞানী না হলে কেউ এমন লেখা লিখতে পারে না । মুখস্তের দৌড় বেশী দূর হয় না। কত বই পড়ার সৌভাগ্য আপনার হয়েছে ভাবলেই ইর্ষা হয়। আসলেই আমি ভাগ্যবান যে আপনার মত ব্যক্তির সান্যিধ্যে আসতে পেরেছি। আপনাদের লেখা ও মন্তব্যই আমার জ্ঞান ও চিন্তা চেতনাকে সমৃদ্ধি করবে এটা নিশ্চিত । লিখতে থাকুন জানাতে থাকুন । সব শেষে ভাল থাকুন । ধ্রুবতারার এবারের বিদ্যাসাগর রূপ দেখতে পাব এই আশায় আছি।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৮:৪০ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

মূর্খ চাষা, ধ্রুবতারাকে যে চিনতে পেরেছেন দারুণ লাগছে। এখন ধ্রুবতারাকে বুঝান , একটু হিসাব-নিকাশ করে এগুতে।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৭:৫০ তারিখে মহাকাব্য বলেছেন

সুষুপ্ত পাঠক

আপনার সাথে আমার দারুন মিল , আমিও সত্যকে হাতরে ফিরছিলাম। দেখলাম ব্লগে একদল ইসলাম বিদ্যেষী পাগলের মত মিথ্যাচার করছে।

খুবই অবাক হলাম , ভাবলাম--ফেরআউন, আবু জেহেল কি এখনও মরে নাই। ঠিক তখনই পেয়ে গেলাম সত্যের সন্ধানী কিছু মানুষকে , যারা কিছুটা হলেও সত্য প্রকাশ করছেন। পড়লাম

হযরত আয়েশা রা: নিয়ে মিথ্যাচার

নবী মুহাম্মদ সা কে নিয়ে মিথ্যাচার এই পোস্টগুলো।

আবার দেখলাম এইসব আবু জেহেলদের পরিচয়ও কেউ কেউ তুলে ধরেছেন সুন্দর ভাবে --

একালের আবু জেহেল

একালের আবু জেহেল

আরো পড়লাম--

বিবর্তনের নামে ফাতরামী

এসব পোস্ট পড়ে খুবই ভাল লাগল। বুঝলাম সুর্যের আলোকে কালো কাপড়দিয়ে কেউই ঢে কে দিতে পারবে না।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৮:১০ তারিখে বিপ্লবী বার্তা বাহক বলেছেন

ভাই , আপনার কথা মত অনেক আশা নিয়ে আপনার উল্লেখিত সাইট গুলোতে গেলাম। কিন্তু সেখানে তথাকথিত ইসলাম বিদ্বেষীদের একটা পয়েন্টও কেউ খন্ডন করেছে বলে তো দেখা যায় না। কিসের লিংক দিলেন?

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৮:৪৭ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

মহাকাব্য, আপনার লঙ্ক গুলোতে গিয়ে দেখলাম এগুলো আমি আগ্ই পড়েছি। আয়েশাকে বিয়ে করার পক্ষে যে তিন-চারটি কারণ দেখানো হয়েছে তা খুবই দুর্বল। হাস্যকর। আর শুনুন , শুধু লিঙ্ক না দিয়ে সরাসরি যুক্তি খন্ড করুন।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৯:২৪ তারিখে বিপ্লবী বার্তা বাহক বলেছেন

মহাকাব্য ভাবছে , লিংক দিয়ে দিলেই বোধ হয় যে কোন অভিযোগ খন্ডন হয়ে গেল। সেই লিংকে কি বাল ছাল লেখা আছে , সেটা পাগলের প্রলাপ কি না , সেটা দেখার কোন দায় নেই। এরা হলো তথাকথিত ইসলাম প্রেমিক মানুষ।

@ মহাকাব্য ,

হাতি ঘোড়া গেল তল , ছাগলে কয় কত জল।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৯:০০ তারিখে ফারমার বলেছেন

সময়ের সাথে তাল মিলায়েছে মানুষ, অনেক কিছু নিজেই সৃস্টি করেছে নিজের প্রয়োজনে , আবার ফেলে দিয়েছে অপ্রয়োজনীয় অনেক কিছু।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৯:১৮ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

ফারমার, কিন্তু পথটা এত মসৃন নয়। মুতাজিলাদের কচুকাটা হতে হয়েছে। ভিন্ন মতের মানুষকে ভুগতে হয়েছে সব যুগেই। তাদের ত্যাগের উপরই ভাবীকালের মানুষ অপ্রয়োজনীয়টা বুঝতে পেরে ফেলে দিয়েছে। ভাবীকালের মানুষদের জন্য আমরা সেই কাজটাই করছি। যেমন আপনিও লিখছেন একটা পরিবর্তনের জন্য। কাদের জন্য? ভবিষ্যতের মানুষের জন্য।

বুধবার, ১৪/০৮/২০১৩ - ১৯:০৫ তারিখে মূর্খ চাষা বলেছেন

ফারমার ভাই, অপ্রয়োজনীয় অংশের কুফল ভোগ করতে হয় অনেককেই । অপ্রয়োজনীয় অংশ ফেলার আগ মুহূর্ত যে বেদনা তা অনেকেই সহ্য করতে পারে না ।

বৃহঃ, ১৫/০৮/২০১৩ - ০১:৩৬ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

সুষুপ্ত পাঠক, লেখা খুব ভাল লাগলো।
তরুনদের র্ধমের কুসংস্কার/অন্ধকার থেকে মুক্তির পথ দেখানোর জন্য ধ্রুবতারা 'র ফিরে আসা উচিৎ।

বৃহঃ, ১৫/০৮/২০১৩ - ০৯:৩৩ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

ফেল্টু স্টুডেন্ট, আপনার সঙ্গে পুরোপুরি একমত।

বৃহঃ, ১৫/০৮/২০১৩ - ১২:২৮ তারিখে পিলাচ মাইনাচ তূর্য্য বলেছেন

মাঝে মধ্যেই ভাবি আমার জানার পরিধি কতটা সীমিত! ব্লগোস্ফিয়ারে না আসলে এটা হয়তো আমার জানাই হতো না!
আপনাদের মতো লেখক আছেন বলেই এখনো ভরসা পাই- দেরিতে হলেও বাঙালী সত্যিকার জ্ঞানের আলোয় উদ্ভাসিত হবে...
সময়োপযোগি লেখাটির জন্য ধইন্যা লন...

, ,
` ` `

জয় বাঙলা, জয় বঙ্গবন্ধু

, ,

বৃহঃ, ১৫/০৮/২০১৩ - ১৭:১০ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন
নিলাম তূর্য ভাই। পড়ছেন জেনে খুশী হইছি।

বৃহঃ, ১৫/০৮/২০১৩ - ১২:৪১ তারিখে পিলাচ মাইনাচ তূর্য্য বলেছেন
অফ টপিকঃ আমার নিম্মোক্ত পোস্টে আপনার সাদর আমন্ত্রণ রইলো... দেখুন তো এই অধমকে কষ্ট করে কোনো সল্যুশন দিতে পারেন কিনা ...
অগ্রিম ধইন্যা...

http://www.amarblog.com/plus-minus-tourzoo/posts/172350

, ,
` ` `

জয় বাঙলা, জয় বঙ্গবন্ধু

, ,

বৃহঃ, ১৫/০৮/২০১৩ - ১৭:২৫ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন
ভাই তূর্য, একটা কথা বলি, আমি অকারণে কাউকে মুখ রাখার জন্য প্রশংসা করি না। আপনার লেখাটা লিঙ্কে গিয়ে পড়লাম। অনেক লেখাই সময় মত পড়তে পারি না। এই ব্লগে লেখা পড়ে বেশি, দ্রুত প্রথম পাতা থেকে লেখা হারায় যায়, আপনার এই লেখাটা আমার চোখ এড়ায় গেছে। লেখা পড়ে

মনে হইছে, আপনাদের মাঝে যে আমি আছি এটা একটা ভাগ্য ও সম্মানের ব্যাপার। আপনার মত আমারও একই উপলব্ধি যে, ব্লগ দুনিয়ায় না আসলে আমার জীবন পুরাই অন্ধকারাচ্ছন্ন থাকতো। আপনার পোষ্টে দেখলাম, আপনি বলছেন এই জাতীয় লেখা আর লেখবেন না। ভাই, মাঝে মাঝে দুই-একটা ছাইড়েন। সমাজ গোড়ামীতে ভইরা গেছে। এই লেখা দরকার আছে। যাক কেমনু আছেন এইবার বলেন। আপনার অন্য একটা লেখায় জানতে পারছিলাম আপনার স্ত্রীর অসুস্থতার কথা। ঈদের সময় অফিসের ডিউটির কথা। সব ভাল তো? ঐ লেখায় কমেন্ট করতে গিয়ে সমস্যা হচ্ছিল তাই তখন জিজ্ঞেস করতে পারিনি।

<u>সমাপ্ত</u>

http://www.dhormockery.com/2012/06/blog-post_6305.html

কারা যাবে নরকে?

বুধবার, ২৭ জুন, ২০১২

লিখেছেন ঈসা নবী

পৃথিবীর মোট জনসংখ্যা আনুমানিক ৬.৯ বিলিয়ন।
এর মাঝে -
খ্রিষ্টান = ২.১ বিলিয়ন।
মুসলিম = ১.৬ বিলিয়ন।
নাস্তিক = ১.৫ বিলিয়ন।
হিন্দু = ১ বিলিয়ন।
চৈনিক = ৪০০ মিলিয়ন (চাইনিজ ট্রেডিশনাল ধর্ম)
বৌদ্ধ = ৩৮৫ মিলিয়ন।
অন্যান্য = ৫০০ মিলিয়ন (আনুমানিক)

পৃথিবীর মাঝে এতগুলো ধর্মের মাঝে কোনটা সত্যি ধর্ম? স্বাভাবিকভাবে যে যার ধর্মটাকে সত্যি বলবে। এখন যদি খ্রিষ্টানরা দাবী করে তাদের ধর্ম সত্যি, তাহলে ২.১ বিলিয়ন লোক সত্যের পথে আছে। এর মাঝে সবাই যে স্বর্গে যাবে, তা কিন্তু নয়। তাও ধরে নিলাম সবাই যাবে। তাহলে নরকে যাচ্ছে -
খ্রিষ্টান সত্যি হলে নরকে যাচ্ছে = ৪.৮ বিলিয়ন মানুষ।
ইসলাম সত্যি হলে নরকে যাবে = ৫.৩ বিলিয়ন মানুষ।
হিন্দু সত্যি হলে নরকে যাবে = ৫.৯ বিলিয়ন মানুষ।
এছাড়া অন্য যে কোনো ধর্ম যদি সত্যি হয়, তাহলে বুঝে দেখুন কতগুলো মানুষ নরকে যাবে শুধুমাত্র ভুল বিশ্বাসটা বুকে ধারণ করার জন্য!! সৃষ্টিকর্তা যদি মানুষ সৃষ্টি করে থাকেন, তাহলে তার সৃষ্টি মানুষের বেশীর ভাগ নরকবাসী । বাহ, নিজের সৃষ্টির প্রতি কী দয়া তার!!!! এই সকল বিভেদ দূর করতে পারেন তিনিই (যদি থেকে থাকেন), হাজির হোক মানুষের সামনে বলে দিক - আসলে সত্যি কী?

অনেকেই বলতে পারেন, সৃষ্টিকর্তা তার বাণী বিশেষ মানুষের মাধ্যমে প্রচার করেছে পৃথিবীর মাঝে। আমি বলবো সেই সব বিশেষ মানুষগুলো চূড়ান্ত রকমের প্রতারক। নিজেদের স্বার্থসিদ্ধির জন্য বানিয়েছে মনগড়া কাহিনী। সেই বিশেষ মানুষগুলো আমরা যাদের ধর্মগুরু মানি। তাদের প্রত্যেকের নিয়ম কানুনের মাঝে এত ফারাক কেন? কেউ শুয়োর হালাল করেছে, কেউ করেছে হারাম। তাদের সবার দাবী তার কথা মানলে স্বর্গ না মানলে নরক। মৃত্যু-পরবর্তী জীবনকে পুঁজি করে তারা করেছে ধর্মব্যবসা। যে যত বেশী প্রতারণা করতে পেরেছে তার ব্যবসায়িক সাফল্য তত বেশী। তারা সাধারণ মানুষকে তার অনুসারী করেছে আবেগকে পুঁজি করে, ভয় দেখিয়ে, মৃত্যু পরবর্তী জীবনের স্বর্গের লোভ দেখিয়ে। মোট কথা, ছলচাতুরীর সকল পন্থায় তারা মানুষকে তার দলে ভিড়িয়েছে নিজের স্বার্থসিদ্ধির জন্য।

আমরা সাধারণ মানুষ সেই সব মহাপ্রতারকের মিথ্যা ছলচাতুরী বুকে ধারণ করে মানুষের মাঝে তুলে দিয়েছি বিভেদের দেয়াল। প্রতারকদের তৈরি করা ধর্মের নামে অতীতে যেমন বহু মানুষকে হত্যা করা হয়েছে, এখনও সেই ধর্মের নামে মানুষ মরছে। ধর্মের পদতলে পিষ্ট হয়েছে মানবতা।

পৃথিবীর প্রতিটি মানুষের পরিচয় হোক মানুষ হিসাবে, ধর্ম দিয়ে নয় । ধর্ম নয়, জয় হোক মানবতার

http://www.dhormockery.com/2012/01/blog-post_4379.html

কৃষ্ণ আর মহা উন্মাদের কথপোকথন

শনিবার, ১৪ জানুয়ারী, ২০১২

লিখেছেন অজাতশত্রু

স্বর্গের উদ্যানে কৃষ্ণ বিমর্ষ হয়ে বাঁশি বাজাচ্ছে যাতে ইন্দ্রের অপ্সরীরা আর মহা উন্মাদের কুমারী হুরেরা তার কাছেই ঘুর ঘুর করে। এমন সময় এক (ভদ্র না অভদ্র কিছু একটা হবে) তার পাশে এসে বসে। তখন কৃষ্ণ বলে ওঠে, “আমি কৃষ্ণ, আপনি?” মহা উন্মাদ বলে, “আমি মোহাম্মদ।”

কৃষ্ণ বলে ওঠে, "পৃথিবীতে কী করতেন?'

মহা উন্মাদ বলে, "আমি শেষ নবী।"

কৃষ্ণ: মানে?

মহা উন্মাদ নতুন ধর্ম তৈরি করে তার শেষ নবী হিসেবে ঘোষণা করে গেছি নিজেকে। আর আপনি কী করতেন?

কৃষ্ণ: আমি তো অবতার। মানে আমি সৃষ্টিকর্তার মানুষরূপ হিসেবে নিজেকে ঘোষণা করেছিলাম।

মহা উন্মাদ: খাইছে!!! আমার মতোই।

কৃষ্ণ: হুঁ। একই রকম মানুষ আমরা মনে হচ্ছে, জমবে ভালো।

মহা উন্মাদ: চলেন, সামনের দিকে হাঁটি আর কথা বলি। কোরান নামের একটা ধর্ম বই লেখে ফেলেছিলাম আমি। সবাইকে বলেছিলাম এটা ঐশ্বরিক কিতাব। জিব্রাইল নামক আল্লাহর দূত আমাকে এই বইয়ের কথাগুলো বলে যেত। ব্যস, বিশ্বাস করে নিল সবাই।

কৃষ্ণ: আমারও ছিল একটা। গীতা নামের। আপনার সঙ্গী কে ছিল ?আমার কাছে আসতো নারদ নামের একজন। তবে সে বইয়ের সাথে যুক্ত না।

মহা উন্মাদ: আবু বক্কর। বক্কর না তো, একটা বকরি। ক্ষমতার লোভ দেখিয়েছিলাম। এরপর যা বোঝাতাম, তাই বুঝতো। ওর ছয় বছরের মেয়েকেও বিয়ে করেছিলাম। একেবারে অনুগত থাকত। সে আমার চাঁদ দুই টুকরা করার কাহিনীকে অনেক এগিয়ে দিয়েছিলো।

কৃষ্ণ: আমার ছিল পাণ্ডবেরা। মূলত অর্জুন নামের পাঁঠা। যার মাথায় কিচ্ছু ছিল। আমার কথা ছাড়া এক চুলও নড়ত না। আমার বোনের সাথে বিয়ে দিয়ে হাত করে ফেলেছিলাম। সে-ই সবাইকে বলল যে, সে কুরুক্ষেত্রে আমার বিশ্বরূপ দেখেছে। মানে ঈশ্বরের রূপ দেখেছে।

মহা উন্মাদ: হুম। আপনার বইয়ে কী লেখা ছিল?

কৃষ্ণ: সব আমার মানে ঈশ্বরের বাণী। যারা আমার ধর্মের পথে চলবে না , সবাই অধার্মিক। হত্যা কর সবাইকে। আপনার?

মহা উন্মাদ: সব সৃষ্টিকর্তার বানী। কেউ আমার ধর্ম না মানলে মেরে ফেলো।

কৃষ্ণ: আরে, একই তো!!!

মহা উন্মাদ: হুম। আপনার সবচেয়ে ভালো লাগতো কী?

কৃষ্ণ: যুদ্ধ আর নারী। কত যুদ্ধ করাইলাম!!! আপনার ?

মহা উন্মাদ: একই অবস্থা!!! কত মানুষ মারলাম আর নারীদের সাথে মজা করলাম। সব নবী হবার লাভ।

কৃষ্ণ: প্রেম-টেম করতেন নাকি?

মহা উন্মাদ: ওইরকম চেহারা ছিল না। তাই আমার ছবি আঁকা হারাম করে গিয়েছিলাম। আপনি?

কৃষ্ণ: অভাব ছিল নাকি!

মহা উন্মাদ: কী বলেন? আপনার নাম জানতে পারলে আমি আপনার রেকর্ড ভেঙে ফেলতাম। বিয়ে কয়টা করেছিলেন?

কৃষ্ণ: ওইটা একটাই থাক।

মহা উন্মাদ: আমি এগারোটা। দাসী, যুদ্ধবন্দিনীর অভাব ছিল না। আমার উম্মতের মানে অনুসারীদের চারটা পর্যন্ত বিয়ে অনুমোদিত। এরা আমার উপর খুশি।

কৃষ্ণ: আপনার সম্পর্কে জানলে আমি আপনার রেকর্ড ভেঙে দিতাম।

এবার ঈশ্বর নিজেই ক্ষেপে গিয়ে বললেন, "চুপ!!! যা করে এসেছিস, এবার পৃথিবীতে গিয়ে দেখ, মাইর মাটিতে পড়বে না। এখানে থাকতে দিলাম এটাই অনেক। এখানে বেশি ঝামেলা করলে সোজা পৃথিবীতে পাঠাবো। আমার নাম ভেঙে অনেক মজা করেছিস। মানুষ আমারে প্যাঁদানোর জন্য খুঁজে যাচ্ছে। আর সবচেয়ে বড় কথা কৃষ্ণ মহা উন্মাদ ভুলে দুইজন সৃষ্টি করে ফেলেছিলা ম। এটা একই মানুষের রূপ। একদম চুপ!!!"

অপমানিত হয়ে কৃষ্ণ আর মহা উন্মাদ যে যার দিকে চলে গেলো।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=14998

মিরাকল ও ব্যাক্তিগত অভিজ্ঞতা থেকে অতিপ্রাকৃত শক্তিতে বিশ্বাস

তারিখ: ৮ চৈত্র ১৪১৭ (মার্চ ২২, ২০১১)

লিখেছেন: অভীক

এমন কথা অনেক মানুষের মুখেই শোনা যায় , "আমি অতিপ্রাকৃত শক্তিতে বিশ্বাস করি কারণ আমি এমন অনেক ঘটনার প্রত্যক্ষদর্শী যা পুরোপুরি অলৌকিক। আমার জীবনে এমন অনেক ঘটনা ঘটেছে যার ফলে আমি ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ পেয়ে গিয়েছি"। ভূত, জ্বিন, প্রেতাত্মা ইত্যাদির সাক্ষাৎ দর্শন পেয়েছেন, বা রাতের অন্ধকারে গায়েবি আওয়াজ শুনতে পেয়েছেন এমন মানুষের সংখ্যা মোটেও কম নয়। আমার অনেক বন্ধুই আছে যারা আমাকে অলৌকিক সব ঘটনার কাহিনী শোনায় এবং জিজ্ঞাসা করে, 'এর কি কোনো ব্যাখ্যা তোমার কাছে আছে?' সব মিরাকলের ব্যাখ্যা খুঁজতে যাওয়াটা সময় ও শ্রমের অপচয়। কিন্তু তারপরও কিছু মিরাকলের ব্যাখ্যা খুঁজে যেতে হয়। কোনো মিরাকল ঘটার পর সেটাকে এমন একটি সত্তার অস্তিত্বের প্রমাণ হিসেবে ব্যবহার করা হয় যেটি কিনা সর্বময় ক্ষমতার অধিকারী।

মিরাকলের ধরণের উপর ভিত্তি করে অনেকসময় কোনো নির্দিষ্ট ও অপ্রমাণিত সত্তা সম্পর্কে এমন সিদ্ধান্তও নেয়া হয় যে ওই সত্তাটি তার অনুসারীদের দুরারোগ্য ব্যাধি পর্যন্ত নিরাময় করে দিতে পারে (যেমন, অন্ধের দৃষ্টি ফিরে পাওয়া, বন্ধ্যার সন্তান জন্ম দেয়া, এমনকি মৃতের জীবিত হয়ে ওঠা)। যেহেতু প্রকৃতির কোনো নিয়মেই এইসব ঘটনার ব্যাখ্যা প্রদান করা সম্ভব হয় না , সেজন্য এগুলোকে মিরাকল বলে ধরে নেয়া যায়। আর যেহেতু মিরাকল শুধুমাত্র অতি প্রাকৃতিক শক্তির কারণেই ঘটা সম্ভব হয় এবং সেক্ষেত্রে যা প্রমাণিত হয় তা হল ঈশ্বরের অস্তিত্ব।

ড. রিচার্ড ডকিন্স তার 'দ্য গড ডিলুশন' বইয়ে তার এক ধার্মিক সহপাঠির এক অলৌকিক অভিজ্ঞতার কথা বর্ণনা করেছেন। ঘটনাটি তার ভাষায় পড়া যাক,

". . . সে একবার স্কটিশ দ্বীপপুঞ্জে ক্যাম্পিংএ গিয়েছিল। কোনো এক মাঝরাতে সে ও তার সঙ্গিনী স্বয়ং শয়তানের আওয়াজ শুনে তাদের তাঁবুর ভিতরেই জেগে উঠে। তার মতে ওই গায়েবি আওয়াজ পুরোপুরি শয়তানের (Satan or devil) মতই ছিল। এই ভীতিকর অভিজ্ঞতা আমার ওই বন্ধু জীবনে কখনোই ভুলতে পারে নি এবং এই ঘটনা তাকে আরো বেশি ধার্মিক ও সুশৃঙ্খল করে দেয়। ঘটনাটি আমার তরুন স্বত্ত্বাকে বেশ মুগ্ধ করে। আমি এই ঘটনা অক্সফোর্ডের Rose and Crown Inn এ অবস্থানরত কয়েকজন প্রাণিবিজ্ঞানীকে শোনাই। যাদের মধ্যে দুইজন বিখ্যাত ও অভিজ্ঞ পক্ষীবিশারদও সামিল ছিলেন। তারা এই ঘটনা শুনে অট্টহাসিতে ফেটে পড়েন আর গলা বড় করে বলেন, 'ওটার নাম আসলে Manx Shearwater!'। তাদের একজন সাথে আরও যোগ করেন যে, এই প্রজাতির পাখি ওই রকম কর্কশ স্বরে শিস বাজাতে পারে। আর ওইরকম গগনবিদারী দানবীয় আওয়াজের কারণে স্থানীয়ভাবে অনেক এলাকায় ওই পাখিকে ডাকা হয়, 'Devil Bird'"।

বেশ মজার অভিজ্ঞতা বলা যায়। মানব মস্তিস্কের ভিতরে একটি প্রথম শ্রেণীর সিমুলেশন সফটওয়্যার কাজ করে। আমাদের চোখ আমাদের মস্তিস্ককে সবসময় সঠিক চিত্রটা দেখায় না। এটাকে আমরা optical illusion বা দৃষ্টিবিভ্রম বলে জানি। মস্তিস্ক যখন কোন তথ্য পায় তখন তার বেশ কয়েকটি সদৃশ অল্টারনেটও তার কাছে চলে যায়। ঠিক সেসময় মস্তিস্কের কাছে কোনো গ্রহণযোগ্য মানদণ্ড থাকে না যে কিসের ভিত্তিতে সে এতগুলো অপশন থেকে কোনটিকে গ্রহণ করবে। এক্ষেত্রে সঠিক তথ্যের স্থলে যদি মস্তিস্ক অন্য কোন তথ্য নির্বাচন করে ফেলে তখন মানুষ অন্য কিছু দেখতে থাকে যেটা আসলে বাস্তব নয়। আর এভাবেই দৃষ্টিবিভ্রম ঘটে যায়। আর আরেকটি গুরুত্বপূর্ণ ব্যাপার হল মস্তিস্কের এই সিমুলেশন সফটওয়্যার সবচেয়ে পারদর্শী মানুষের মুখাবয়ব ও কণ্ঠস্বর তৈরি করতে। মহাকাশবিজ্ঞানী অধ্যাপক কার্ল স্যাগান মেঘে, কচ্ছপের খোলে, গাছের বাকলে মানুষের মুখাবয়ব খোঁজার প্রবণতাকে বিবর্তনের দৃষ্টিতে ব্যাখ্যা করেছেন এভাবে -

‘কোনো শিশু যখন প্রথম দেখতে শুরু করে তখন থেকেই সে মুখ চিন তে শুরু করে। এই ক্ষমতাটা আমাদের মস্তিস্কে রয়েছে। কয়েক মিলিয়ন বছর আগে যেসব শিশু মুখ এবং মুখের ভাষা বুঝতে পারত না তারা তাদের বাবা-মাকে আকৃষ্ট করতে পারত না। একইভাবে তাদের এগিয়ে যাওয়ার সম্ভাবনাও অনেক কমে যেত। বর্তমান যুগে শিশুরা খুব সহজেই অন্যদের মুখ চিনতে পারে এবং বাঁকা হাসির মাধ্যমে তার জবাবও দিতে পারে’।

বেশিরভাগ মানুষই তাদের সাধারণ ধারণা থেকেই এই সব ইলুশনকে ধরে ফেলতে পারে কিন্তু অপরদিকে একটা বড় অংশই এই ইলুশন থেকে ডিলুশনের মধ্যে চলে যায়। একটু যুক্তিসহকারে চিন্তা করলেই এই ধরণের ইলুশন থেকে কোনো অতিপ্রাকৃতিক শক্তি র কথা চিন্তা করাটা কত বড় বোকামি তা ন্যূনতম যুক্তিবোধসম্পন্ন যেকোনো ব্যাক্তিই বুঝতে পারবেন।

এবার ফিরে আসা যাক মিরাকল বিষয়ক আর্গুমেন্টে। মিরাকলের সাধারণ সংজ্ঞায় স্কট দার্শনিক ডেভিড হিউম বলেছেন,

“A miracle is a transgression of a law of nature by a particular volition of the Deity or by the interposition of some invisible agent”

ব্যাক্তিগত অভিজ্ঞতা যাদের হয়েছে বলে দাবি করা হয় তাদের অনেকের কাছেই এর পিছনে অতিপ্রাকৃতিক শক্তির হাতের অবস্থানের দাবি যৌক্তিক বলে মনে হয়। তবে অন্য যে কেউ , যাদের মধ্যে মনোবিজ্ঞানের সামান্য জ্ঞানও রয়েছে তাদের নিকট এমন দাবি খুব একটা যৌক্তিক কিছু মনে হয় না। কোনো স্বীকৃত জার্নালই কোনো লেখকের কোনো রচনাকে যৌক্তিক এবং গ্রহণযোগ্য ধরবে না যদি ওই রচনায় কোনো প্রকার মিরাকল বিষয়ক দাবির ছিঁটেফোঁটাও বর্তমান থাকে। আধুনিক বিজ্ঞানে এই ধরণের সকল দাবিকে হয় মিথ্যা না হলে কালেক্টিভ হ্যালুসিনেশন (collective hallucination) বলে উড়িয়ে দেয়া হয়।

এখানে এই কালেক্টিভ হ্যালুসিনেশন সম্পর্কে জানিয়ে রাখা দরকার। এটা হল সে ধরণের হালুসিনেশন যেটা কোনো রকম চিন্তার শক্তির মাধ্যমে ঘটে থাকে। এটা সাধারণত ঘটে যখন কেউ কোনো বিষয়ে তীব্রভাবে আবেগপ্রবণ হয়ে থাকে। এবং এটা সবচেয়ে বেশি ঘটে অতিরিক্ত ধার্মিক ব্যাক্তিদের মধ্যে। মিরাকুলাস বা অলৌকিক কোনো ঘটনার মুখোমুখি হওয়ার তীব্র আশা -আকাঙ্খা নিয়ে যখন কেউ বসে থাকে তখন এমন হ্যালুসিনেশনের অভিজ্ঞতা হওয়াটা খুবই স্বাভাবিক। একারণেই হিন্দুরা চাঁদে বা বা লোকনাথের মুখ দেখতে পায়, গণেশ ও গোপালের মূর্তিও তখন দুধ খেতে থাকে। একইভাবে কুকুরের ঘেউ ঘেউ করার মধ্যেও মুসলিমরা আল্লাহর নাম শুনতে পায় (এখানে দেখুন)। চার্চে মাতা মেরির মূর্তির চোখ থেকেও তখন অশ্রু ঝরতে থাকে। ১১ সেপ্টেম্বরে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে হামলার সময় অনেক ব্যাক্তিই আগুনের কুণ্ডলীর মধ্যে শয়তানের মুখ দেখতে পেয়েছিল। আগুন এবং ধোঁয়ার মাঝে ভেসে ওঠা শয়তানের মুখের অনেকগুলো ছবি তখন বেশ আলোচিতও হয়েছিল। ধর্মগ্রন্থে বর্ণিত বিভিন্ন অলৌকিক ঘটনাবলীর কথা না হয় উল্লেখ নাই করলাম। আর যারা এসবে অলৌকিক কিছু খুঁজে পায় না তারা তাদের মত প্রকাশ করলে তাদের বিরুদ্ধে অবিশ্বাসের "অভিযোগ" এনে চুপ করিয়ে দেয়া হয়। চাঁদে লোকনাথ বাবার মুখ আমার বংশের প্রায় সবাই দেখেছে। ওই ঘটনা এমন এক সময়ের ছিল যখন আমি ঠিক নাস্তিক হই নি, সংশয়বাদীর পর্যায়ে রয়েছি। আমার মা ও বোন দুজনেই যেখানে চাঁদে লোকনাথ বাবার মুখ দেখে আনন্দে আটখানা হয়ে পড়েছে আমি তখনও শুধু খুঁজেই চলেছি। শেষে মাকে সন্তুষ্ট করতে আমি অতি কষ্টে পূর্ণিমার চাঁদে একজন শ্বেতশ্মশ্রুমণ্ডিত এক বৃদ্ধের মুখ কল্পনা করে জানালাম, 'আমি দর্শন পেয়েছি'। যদিও পরে আমি পূর্ণিমার চাঁদে বিভিন্ন সময় বি ভিন্ন ব্যক্তি ও প্রাণীর প্রতিকৃতিও দেখতে পেয়েছি। সেগুলোকে কেউ অবশ্য অলৌকিক দাবি করে না।
কালেক্টিভ হ্যালুসিনেশন যে সবসময় ধর্মীয় কারণেই ঘটে তা কিন্তু নয়। ১৮৯৭ সালে এডমন্ড প্যারিশ তার Hallucinations and Illusions: a study of the fallacies of perception বইয়ে এক ঘটনার কথা বর্ণনা করেছিলেন যেখানে একটি জাহাজের কয়েকজন নাবিক তাদের জাহাজের সদ্য প্রয়াত বাবুর্চির আত্মাকে দেখতে পেয়েছিল। তারা শুধু আত্মাটিকেই দেখেনি , তারা স্পষ্টভাবে সেটাকে পানির উপর দিয়েও হাঁটতে দেখতে পেয়েছিল। যেখানে তার হাঁটার ধরণ পর্যন্ত ঠিক ওই বাবুর্চির মত ছিল। পরে জানা যায় সেটা ছিল ঢেউয়ের তোড়ে উঠানামা করতে থাকা একটা ভাসমান ভাঙ্গা জাহাজের টুকরা।

কালেক্টিভ হ্যালুসিনেশনের মতই আরেকটি ঘটনা লক্ষ্য করা যায় যেটি হল Pareidolia।এর অর্থ হল, এক ধরণের মনস্তাত্ত্বিক বিষয় যা অস্পষ্ট ও এলোমেলো উদ্দীপনার কারণে ইলুশন সৃষ্টি করে। ইন্দ্রিয়গ্রাহী উদ্দীপকের প্রভাবে প্রত্যক্ষণ বা উপলব্ধি হয় বলে আমাদের ৫টি ইন্দ্রিয়ের যেকোনো একটির জন্য ইলুশন হতে পারে। তবে এই ইলুশনের জন্য আমাদের ইন্দ্রিয় দায়ী নয় , স্নায়ুসংকেত বিশ্লেষণে মস্তিস্কের অক্ষমতাই এই ধরণের বিভ্রম সৃষ্টি করে। মানব মনের একটি লক্ষ্যণীয় বৈশিষ্ট্য হচ্ছে, আমরা যা দেখি তা তৎক্ষণাৎ (অনেক সময় অজান্তেই) আমাদের চেনা জগতের সাথে মিলিয়ে নেয়ার চেষ্টা করি। এই ধরণের বিভ্রমের অনেক নিদর্শনই আমরা দেখতে পেয়েছি। ২০০৬ সালে এক পাকিস্তানি মৎসজীবি এক ধরণের সামুদ্রিক মাছের পেটের মধ্যে আরবি অক্ষরে আল্লাহর নাম দেখতে পান। ২০০৭ সালের অক্টোবরে অ্যালেন স্টোন নামের এক ব্যাক্তি একটি কুড়িয়ে পাওয়া পাথরে খাঁজকাটা দাগের মধ্যে জেসাসের প্রতিকৃতি খুঁজে পেয়েছিলেন। মাসকয়েক আগে ব্রাজিলের এক ধর্মযাজক ইউএসবি কেবলের লোগোকে শয়তানের প্রতীকের মত দেখতে বলে দেশে ইউএসবি কেবল

নিষিদ্ধ করার দাবি জানিয়েছিলেন। এই ঘটনাগুলোর সবই Pareidolia অথবা কালেক্টিভ হ্যালুসিনেশনের উদাহরণ। মানুষের দুর্বল অনুভুতির স্থান বলে ধর্মীয় বিষয় নিয়ে গুজব ছড়ায় বেশি। আর ধর্মীয় অনুভুতিতে আঘাত লাগার অজুহাতে বেশিরভাগ স ময় এই সব গুজবের বৈজ্ঞানিক অনুসন্ধান করতে দেয়া হয় না। ধার্মিকরা রণে , বনে, জলে, জঙ্গলে সর্বত্র সবকিছুর মধ্যেই তাদের স্রষ্টা ও তাদের ধর্মের প্রবর্তকের নাম খুঁজে চলেছে। গাছের ডালে , ফলের খোসা থেকে শুরু করে পশুর কাটা মাংসে এমনকি মাছের আঁইশের মধ্যেও তারা তাদের ঈশ্বরের নাম খুঁজে বের করেছে। নিজেদের ধর্মের প্রচারে তারা এগুলোকে তাদের ঈশ্বরের অস্তিত্বের পক্ষে অকাট্য প্রমাণ হিসেবে ব্যবহার করে। ধর্মভীরু সাধারণ মানুষেরা এসব দাবি অবিশ্বাস তো দূরের কথা সামান্যতম সন্দেহ করার কথাও ভাবতে পারে না। বিভিন্ন ফলে ঈশ্বরের নামের ছবি দেখেই তারা উদ্বেলিত হয়ে উঠে অথচ একবারও ভেবে দেখে না ওগুলো যে ফটোশপের কারসাজিও হতে পারে, এমনকি কোনো মানুষ নিজের হাতেও ওই নামগুলো লিখতে পারে। এই Pareidolia এর উদাহরণ বিশ্বের সব জায়গাতেই দেখা যায়। প্রায় সব ক্ষেত্রেই কোনো না কোনো ধর্মের গ্রহণযোগ্যতার পক্ষে একটি প্রমাণ হিসেবে উল্লেখ করা হয়। নিচের ছবিটিতে একটি মৌমাছিরা তাদের মৌচাকে আল্লাহর নাম লিখে রেখেছে বলে একবার দাবি করা হয়েছিল।

কিন্তু নিচের এই ছবিটিতেই দেখুন কিভাবে ফটোশপের মাধ্যমে মৌচাকের উপর "Wodan rules" কথাটা লিখা হয়েছে।

আবার নিচের ছবির মাধ্যমে অনেকে দাবি করেছে আকাশে মেঘের মধ্যেও আল্লাহর নাম দেখা গেছে। মেঘের আকার এবং অবস্থান প্রতি মূহুর্তেই পরিবর্তিত হয় এবং কত রকমের ডিজাইন তৈরি হতে পারে তার গণনা করাই সম্ভব নয়। ছবিটিকে যে অ্যাঙ্গেল থেকে তোলা হয়েছে সে দিক থেকে এমন মনে হলেও অন্য অ্যাঙ্গেল থেকে মেঘরাশিটি অন্যরকম দেখাবে।

এই ছবিটিকেও খুব সহজেই ফটোশপে তৈরি করা যাবে। তাছাড়া আমরা মৌচাকে যেমন লেখা দেখেছি, এখানে লেখাটি সম্পূর্ণ ভিন্ন আঙ্গিকে লেখা। একই লেখক দুই জায়গায় স্বাক্ষর করলে নিশ্চয় দুই রকম স্বাক্ষর দিবেন না।
খ্রিস্টানরাও বিভিন্ন সময় মেঘে কিংবা জানালার শার্সিতে মেরির ছবি দেখতে পায়। বলা বাহুল্য এক্ষেত্রেই উপরের কথাগুলোই প্রযোজ্য

এবার দেখুন, কি ভাবে এক ফালি বেগুনের মধ্যেও আল্লাহর নাম খুঁজে বের করা হয়েছে। কয়েকটা বেগুন নিয়ে আপনি যদি বারবার কাটতে থাকেন তবে কোনো না কোনো সময় আপনার কল্পনার চিত্রটি আপনি বেগুনের মধ্যেই পেয়ে যাবেন।

অর্থাৎ সব ধর্মেই বিভিন্ন রকমের অলৌকিকতার হাস্যকর দাবি রয়েছে। যেসব অলৌকিকতার দাবির সাথে আবার ধর্মীয় বিশ্বাসের সম্পর্ক রয়েছে সেগুলোর ব্যাখ্যা দেয়াটা ধার্মিকদের কারণে অনেক সময় বেশ বিপজ্জনক হয়ে উঠে এবং তারা এ ধরণের ঘটনার উপযুক্ত ব্যাখ্যা কেউ যাতে না দিতে পারে তার জন্য সর্বশক্তি নিযুক্ত করে।

মিরাকলের পিছনে ঈশ্বরের হাতের দাবি

কোন সভ্যতা যতই বিজ্ঞানমনস্ক বা যুক্তিনির্ভর হয়ে উঠুক না কেন , অলৌকিক ঘটনাপ্রবাহে বিশ্বাসকে পুরোপুরি নিঃশেষ করে দেয়া যায় না। মানুষের প্রকৃতিই এমন যে আমরা অবিশ্বাস্য ও অস্বাভাবিকতাকেই বেশি ভালবাসি। সাধারণ ভাষায় বলে দেয়া যায় মিরাকল বলতে সেসব ঘটনাকে বোঝায় যেগুলোকে প্রকৃতির স্বাভাবিক নিয়ম দ্বারা ব্যাখ্যা করা যায় না। অর্থাৎ প্রকৃতির নিয়মের লংঘনই হল মিরাকল। তাহলে এখন আমরা এই মিরাকলের গ্রহণযোগ্যতা নিয়ে আলোচনা শুরু করছি। আমরা দেখব কোনো মিরাকল ঘটলে তা ঈশ্বর নামক হাইপোথিসিসকে দাঁড়াতে কতটুকু সাহায্য করতে পারে। ঈশ্বর না হোক, অন্য কোনো অতি প্রাকৃতিক শক্তির পক্ষেই বা সেটা কত বড় প্রমাণ হতে পারে সেটাও আমরা দেখব।

ধরা যাক, E (evidence of miracle) সমর্থন করে H (hypothesis of god's existence) কে। এখন,

(1) P(H/E&K) > P(H/K) [যেখানে K হল background knowledge about concept of god এবং P(x/y) বলতে বোঝায় এর y কারণে x এর সম্ভাব্যতা]

আবার,

(2) P(H/E&K) > P(~H/K)

এখন (1.) সত্য হবে যদি এবং কেবল যদি

(3) P(E/H&K) > P(E/K) সত্য হয়

যখন P(H/K) ≠ 0 তখন (3) কে লেখা যায়

(4) P(E/H&K) > P(E/~H&K)

এখন আমরা (4) এ একটা দূর্বলতা দেখতে পাচ্ছি। একজন মানুষ ঠিক কোন কারণে (4) কে সত্য বলে মেনে নিবে তা স্পষ্ট নয়। কারণ ~H কে ব্যাখ্যা করা যায় H এর প্রতিদ্বন্দী হাইপোথিসিসগুলোর একটি ডিসজাঙ্কশন হিসেবে। এখানে মিরাকল হিসেবে আসা হাইপোথিসিসগুলোর সাপেক্ষে E এর সম্ভাব্যতা 1 হতে পারে। কিন্তু এই ডিসজাঙ্কশনের অন্য সকল সদস্যের সাপেক্ষে E এর সম্ভাব্যতা 0 থেকে 1 এর মধ্যে ওঠানামা করে। তাছাড়া এমন কোনো গ্রহণযোগ্য কারণ নাই যে এই সমস্ত ডিসজাঙ্কশনের সাপেক্ষে E এর সম্ভাব্যতা, H এর সাপেক্ষের E এর সম্ভাব্যতার তুলনায় কম হতে পারে। আর এটাও গুরুত্বপূর্ণ যে

P(E/H&K) ≠ 1

কাজেই দেখা যায়, মিরাকল ঘটলেও সেটা ঈশ্বরতত্ত্বের হাইপোথিসিসকে খুব একটা সাহায্য করে না।

সব ধর্মেই কোনো না কোনো ধরণের মিরাকলের কথা বর্ণনা করা হয়েছে। সব ধর্ম যদিও অনেকটা একই ছাঁচে তৈরি হয়েছে তবুও এক ধর্মের মিরাকলের প্রমাণকে অন্য ধর্মের বিরুদ্ধে প্রমাণ হিসেবেও কিন্তু ব্যবহার করা যায়। বলা যায় কোনো মিরাকলের অস্তিত্ব (যেটি হয়তো কোনো ধর্মের সপক্ষে প্রমাণ হিসেবে ব্যবহৃত হয়) অন্য যে কোনো মিরাকলের বিরুদ্ধেও একটি প্রমাণ হিসেবে ব্যবহৃত হতে পারে (যেটি আবার আরেকটি ধর্মের সপক্ষে ব্যবহৃত কোনো প্রমাণ)। হিউমের ভাষায় উল্লেখ করা যায়,

1. E, H অপেক্ষা H` এর সম্ভাব্যতাকে বাড়িয়ে দেয়
2. H এবং H` পরস্পরবিরোধী

সুতরাং বলা যায় E, H এর সম্ভাব্যতাকে কমিয়ে দেয়

আরেকটি আর্গুমেন্ট দেখানো যায়

1. E এমন একটি প্রমাণ যেটি H এর পক্ষে এবং H` এর বিপক্ষে
2. E` এমন একটি প্রমাণ যেটি H` এর পক্ষে এবং H এর বিপক্ষে
3. H এবং H` পরস্পরবিরোধী

সুতরাং E, E` এর বিপক্ষে একটি প্রমাণ এবং ভাইস ভার্সা।
আমরা স্বাভাবিকভাবেই ভেবে দেখতে পারি যদি ইসলামিক গড সত্য হয় তবে তিনি কখনোই এত মানুষ থাকতে চাঁদে শিবের অবতার লোকনাথ বাবার মুখ বসিয়ে দিবেন না। আবার হিন্দু গড সত্য হলে তারও কোনো দায় পড়েনি কুকুরের মুখ দিয়ে আল্লাহর নাম উচ্চারন করানোর। কোনো মুসলিম যেমন কোনো হিন্দু মিরাকলের দাবি দেখে সেটাকে হাস্যকর ছাড়া অন্যকিছু ভাবতে পারে না , হিন্দুদের কাছেও ইসলামিক মিরাকলগুলোকে ঠিক ততটাই হাস্যকর মনে হয়। এবং এসব কথা অন্য সকল ধর্মের ক্ষেত্রেও প্রযোজ্য। সোজা ভাষায় এক ধর্মের অনুসারীর কাছে তার নিজ ধর্মের মিরাকলগুলো ব্যতীত অন্য সব ধর্মের মিরাকলের দাবিগুলোকে গ্রহণযোগ্য মনে হয় না (সংশয়বাদীরা অবশ্য ব্যতিক্রম)। ঠিক একইভাবে যদি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি তে বিচার করা যায় তবে সব মিরাকল সম্পর্কে মোটামুটি একই ধারণা পাওয়া যায়।

আধ্যাত্মিক অভিজ্ঞতা

এই ধরণের অভিজ্ঞতার কথা প্রায়ই শোনা যায়- " 'আমি যখন আমার সৃষ্টিকর্তার কথা চিন্তা করি , যখন তার কাছে প্রার্থনা করি তখন আমার মনে এক অন্যরকম শান্তি অনুভূত হয়। এই মানসিক শান্তি আমি অন্য কোনোভাবেই অনুভব করি না। এর পরও কি তুমি বলবে ঈশ্বর নেই ?'" এই ধরণের আধ্যাত্মিক বা মরমী অভিজ্ঞতাকে অবশ্য কোনো ভাষায় ব্যাখ্যা করা যায় না। এই অনুভূতি পরিমাপ করার মত কোনো পদ্ধতিও মনে হয় আবিষ্কৃত হয় নি। কাজেই এই ধরণের অনুভূতির অভিজ্ঞতা কাউকে অন্য কোনোভাবে প্রদান করা সম্ভব কিনা তাও বলা যায় না। আধ্যাত্মিক অভিজ্ঞতাকে ব্যাখ্যা করা যায় নিউরোসাইকোলজির মাধ্যমে। এই রকম চিন্তা মাথায় আসে মস্তিস্কের কজাল অপারেটরের (causal operator) মাধ্যমে। এই কজাল অপারেটর যখন বাস্তবতাকে বিশ্লেষণ করতে যায় তখন স্বয়ংক্রিয়ভাবেই মানুষের মন পরিবেশকে ব্যাখ্যা করতে গিয়ে তার কল্পনাশক্তির মাধ্যমে বিভিন্ন অবাস্তব ধারণাকে নিয়ে আসে। এগুলো ব্যক্তিগত ক্ষেত্রে আসতে পারে, (যেমন স্বপ্ন, দিবাস্বপ্ন এবং আরও অনেক ধরণের কল্পনা) তেমনি একটি সমাজেও প্রভাব বিস্তার করে ফেলতে পারে। মানুষ যতদিন পৃথিবীতে তাদের টিকে থাকা নিয়ে সচেতন থাকবে হয়ত ততদিন তারা তাদের চারপাশের সকল বস্তুকে নিয়ে আনমনেই এই ধরণের অবাস্তব ধারণা তৈরি করতে থাকবে এবং এইভাবেই তারা দৈত্য, দানব, ভুত-প্রেত, দেবদূত, ফেরেশতা, ঈশ্বরসহ আরও অনেক অতিপ্রাকৃতিক সত্তার জন্ম দিতে থাকবে। এই ধরণের আধ্যাত্মিক অভিজ্ঞতার দাবি আস্তিকদের কাছে অকাট্য ও অখণ্ডনীয় বলে মনে হলেও বৈজ্ঞানিক দৃষ্টিতে এগুলো অগ্রহণযোগ্য । যেমন , ঈশ্বরকে অনেকে বর্ণনা করেন এভাবে, "...the dazzling obscurity of the secret silence, outshining all brilliance with the intensity of their darkness". এখন এই ধরণের বিবরনকে কিভাবে যাচাই করবেন। আধ্যাত্মিকতা সম্পর্কিত এই ধরণের দাবি কখনোই বাস্তবমুখী হতে পারে না। এধরণের উক্তির অসংলগ্নতা মাপারও কোন গ্রহণযোগ্য ব্যবস্থা নাই। তাই এই ধরণের সাইকোলজিকাল হাইপোথিসিসকে প্রত্যাখ্যান করাটা মোটেও অযৌক্তিক হয় না।

আরেক ধরণের আধ্যাত্মিক অভিজ্ঞতা হয় নিজের আবেগের মাধ্যমে। বাইবেলে যেমন দেখা যায়, স্বপ্নে জোসেফের সাথে ফেরেশতা এসে কথা বলে। আমার আরেক নিকটাত্মীয়ের (মাসি বা খালা) অভিজ্ঞতার কথা এখন বর্ণনা করা যাক। ভারতের দূরদর্শন চ্যানেলে সবসময় ধর্মীয় সিরিয়াল দেখানো হয়। অনেকেই ভারতে হিন্দু মৌলবাদের উত্থানের অন্যতম কারণ হিসেবে এই ধরণের টিভি অনুষ্ঠানগুলোকে চিহ্নিত করে থাকেন। আমার সেই আত্মীয়ের অন্যতম প্রিয় একটি সিরিয়াল ছিল ডিডি বাংলায় প্রচারিত 'মহাপ্রভু'। শ্রীচৈতন্যদেবের জীবনীনির্ভর নাটকটি তখন বেশ জনপ্রিয়তা পেয়েছিল। একদিন সেই মাসি সকালে উঠে সবাইকে জানালেন তিনি রাতে স্বপ্নে দেখেছেন শ্রীচৈতন্য মহাপ্রভু তার বাড়িতে আসছেন। তিনি দেখেছেন নিমাই চরিত্রের অভিনেতা যীশু সেনগুপ্তকে তার সমস্ত দলবল সাঙ্গপাঙ্গ নিয়ে কীর্তন করতে করতে তার গৃহে পদার্পন করতে। এরপর তিনি সম্ভাব্য সব বিজ্ঞজনের সাথে শলাপরামর্শ করে সিদ্ধান্ত নিলেন যে 'মহাপ্রভূকে স্বাগত' জানাতে বা বরণ করে নিতে বাড়িতে এক বড় ধরনের হরিলুটের বা কীর্তনের আয়োজন করা হবে। যা ভাবা হল তাই করা হল। একবারের জন্যও কেউ ভেবে দেখল না যে, প্রিয় চরিত্রের প্রিয় অভিনেতাকে স্বপ্নে দেখাটা অতি স্বাভাবিক একটা ঘটনা। ধর্মীয় বা আধ্যাত্মিক অভিজ্ঞতা আসলে যে এমনই হয়, স্বাভাবিককে তখন আর স্বাভাবিক মনে হয় না, সাধারণকে সাধারণ বলে মনে হয় না একইভাবে লৌকিককেও লৌকিক বলে মনে হয় না তখন। আমি নিজে কতবার স্বপ্নে দেখি নিজেকে স্পাইডারম্যানের সাথে কথা বলতে, এক্স ম্যানদের মধ্যে ঢুকে যেতে। এক্ষেত্রে আমার কি রকম আয়োজন করা উচিত আমাকে কেউ বলে দিবেন কি??

বিভিন্ন ধর্মগ্রন্থে বর্ণিত মিরাকল বা ধর্মগ্রন্থের অলৌকিকতার উপরে মুক্তমনাসহ বিভিন্ন ওয়েবসাইটে আলোচনা করা হয়েছে। বাইবেলে বর্ণিত আরেকটি মিরাকলের দিকে এখন চোখ রাখা যাক। লক্ষ করলে দেখা যায় এই গসপেলের কাহিনীগুলো বর্ণনার সময়ের দিক থেকে যতই এগিয়ে নেয়া যায় কাহিনী আরো বেশি চমকপ্রদ হতে থাকে। জেসাসের রোগী নিরাময়ের ভার্সগুলি দেখুন। প্রথমে থাকছে সবচেয়ে পুরনো মার্কের বর্ণনাঃ

That evening, at sundown, they brought to him all who were sick or possessed with demons. ... And he healed many who were sick with various diseases, and cast out many demons. ... (1:32-34)

এখন একই ঘটনাকে পরবর্তী দুই রচয়িতা ম্যাথু এবং লিউকের বিবরণে পড়া যাক। প্রথমে ম্যাথুঃ

That evening they brought to him many who were possessed with demons; and he cast out the spirits with a word, and healed all who were sick. (8:16)

এখন পড়ুন লিউকের বর্ণনাঃ

Now when the sun was setting, all those who had any that were sick with various diseases brought them to him; and he laid his hands on every one of them and healed them. (4:40)

দেখা যাচ্ছে, মার্কের মতে সকল রোগীকে জেসাসের নিকট আনা হয়েছিল এবং তাদের অনেকেই আরোগ্য লাভ করেছিল। ম্যাথুর মতে রোগীদের অনেককে আনা হয়েছিল এবং তাদের সবাই আরোগ্য লাভ করেছিল। সবশেষে লিউকের মতে দেখা যায় সকল রোগীকেই আনা হয়েছিল এবং তাদের সকলেই আরোগ্য লাভ করেছিল। ধর্মীয় মিরাকলগুলো সব এভাবেই বিবর্তিত হতে থাকে। আর্চিবল্ড রবার্টসনের ভাষায় "আমরা একটা কিংবদন্তীর প্রগতিশীল পদচারনার সাক্ষী হতে পারছি"।

আবার মিরাকলের সাধারণ সংজ্ঞায় ফিরে আসা যাক। প্রকৃতির সাধারণ নিয়মের লঙ্ঘনই হল মিরাকল। কিন্তু এই সংজ্ঞাতেই পরস্পরবিরোধী বক্তব্য পাওয়া যায়। উদাহরণস্বরূপ, প্রকৃতির নিয়মে পানি কখনো ওয়াইনে পরিণত হতে পারে না। এখন একটি রিপোর্ট যদি করা হয় যে, 'কিছু পানি ওয়াইনে পরিণত হয়েছে' তবে সমস্যা দানা বাঁধে। প্রকৃতির নিয়ম 'পানি কখনো ওয়াইনে পরিণত হতে পারে না' যদি সত্য হয় তবে 'কিছু পানি ওয়াইনে পরিণত হয়েছে' এই দাবিটি মিথ্যা বলে বিবেচিত হয়। আর যদি ওই অলৌকিক দাবিটিই সত্য হয় তবে প্রকৃতির নিয়মকেই ('পানি কখনো ওয়াইনে পরিণত হতে পারে না') মিথ্যা বলে ধরে নিতে হবে।

প্রকৃতির নিয়ম সম্পর্কে মানুষের ধারণা বিভিন্ন সময় বিভিন্নভাবে পরিবর্তিত হয়েছে। যেভাবেই এগুলো পরিবর্তিত হয়েছে সেভাবেই ঈশ্বরকে এই নিয়মগুলোর সাথে সংযুক্ত রাখার প্রয়াসও সমান তালে চলেছে। প্রাকৃতিক নিয়মগুলো সম্পর্কে আধুনিক ধারণার সূত্রপাত হয় সপ্তদশ শতকের দিকে। আধুনিককালে প্রাকৃতিক নিয়ম বা প্রকৃতির নিয়ম বলতে কী বোঝায় সেটা নিয়ে দার্শনিকরা সুদীর্ঘ বিতর্ক করেছেন, এবং প্রথম দেখায় যতটা মনে হয় প্রশ্নটা আসলে তার চেয়েও সূক্ষ্ম। আধুনিক বিজ্ঞানে প্রাকৃতিক নিয়মগুলোকে সাধারণত গণিতের ভাষায় লেখা হয় , নিয়মগুলো হতে পারে একদম পূর্ণাঙ্গ অথবা প্রায় কাছাকাছি, কিন্তু তাদেরকে অবশ্যই কোনো ধরণের ব্যতিক্রম ছাড়াই কাজ করতে হবে- সার্বিক ভাবে না হলেও অন্তত নির্ধারিত কিছু শর্ত সাপেক্ষে। এই মহাবিশ্ব যেহেতু প্রকৃতির নিয়ম দ্বারাই পরিচালিত হয় ধর্মবাদীরা যুক্তি দেখায়, 'সবকিছু যখন একদম নিয়ম মোতাবেক চলছে তখন নিশ্চয়ই ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছে এবং নিয়ন্ত্রণও করে চলেছে '। আবার কোন অনিয়ম বা নিয়মের লঙ্ঘন ঘটলেও বলা হয়, 'ঈশ্বর আছে, কারণ ঈশ্বরই একমাত্র নিয়মভঙ্গের কারণ হতে পারে'। বিষয়টি একজন যুক্তিবোধ সম্পন্ন মানুষের কাছে শুধু কৌতুক উদ্রেককরই হতে পারে।

ব্রিটিশ দার্শনিক ও অর্থনীতিবিদ জন স্টুয়ার্ট মিল এ বিষয়ে বেশ সুন্দর করেই সারমর্ম টেনেছেন , 'আমরা কোন উক্তিকেই প্রকৃতির নিয়ম বলে মেনে নিতে পারি না। আবার এর সাথে পুরোপুরি সাংঘর্ষিক কোন দাবিকেও সত্য বলে ধরে নিতে পারি না। অপ্রমাণিত কোন দাবিকে হয় অবিশ্বাস করা উচিত অথবা সংশয় প্রকাশ করা উচিত, নতুবা ওই দাবি যথাযথভাবে তুলে ধরা হয় নি বলে মেনে নেয়া উচিত'।

প্রকৃতির নিয়ম কিভাবে লঙ্ঘিত হতে পারে এর কোন যৌক্তিক ব্যাখ্যা আমরা এখনও পাই নি। আমরা এখন আলোচনা করব এই প্রকৃতির নিয়ম কি আদৌ লঙ্ঘন করা সম্ভব ? প্রকৃতির নিয়মকে দুই প্রকারে ভাগ করা হয়েছে। একটি হল Descriptive Law বা বর্ণনামূলক নিয়ম এবং অপরটি Prescriptive Law বা নির্দেশমূলক নিয়ম। আমরা উদাহর ন হিসেবে এখানে বয়েলের সূত্রটিকে ব্যবহার করছি।

বয়েলের সূত্র অনুসারে-
'স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের কোন গ্যাসের আয়তন ওই গ্যাসের উপর প্রযুক্ত চাপের ব্যস্তানুপাতিক। ' অর্থাৎ, গ্যাসের উপর চাপ বাড়লে আয়তন কমে, চাপ হ্রাস পেলে আয়তন বাড়ে। এই নিয়মটি একটি বর্ণনামূলক নিয়ম, নির্দেশমূলক নয়। এটি নির্দেশ করে না গ্যাসের কি রকম আচরণ করা উচিত। এটি শুধু বর্ণনা করে গ্যাসের আচরণ সবসময় কিরকম হয়। এখন যদি কখনও এমন দেখা যায় কোনো গ্যাসের আচরণ এই নিয়মকে ভেঙ্গে দিয়েছে তখন এই স্বীকৃত নিয়মটিই ভুল বলে প্রমাণিত হবে এবং এই নিয়মকে আবার নতুন করে সংজ্ঞায়িত করতে হবে। তখন ওই নিয়মের লঙ্ঘনকে আর মিরাকল বলে মনে হবে না কারণ নতুন নিয়ম অনুসারে কোনো নিয়মই লঙ্ঘিত হয় নি।
এ থেকে বোঝা যায় এই নিয়ম লঙ্ঘনের ধারণাটি বর্ণনামূলক ও নির্দেশমূলক দুই ধরণের নিয়মের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করে। এই প্রকৃতি কি রকম আচরন করে , বর্ণনামূলক নিয়ম তার বর্ণনা দেয় মাত্র। আর যেহেতু এগুলো শুধুই বিবরণ , ফলে নিয়ম ভাঙ্গার ধারণা এক্ষেত্রে খাটে না। যেটা ভাঙ্গতে পারে সে হল নির্দেশমূলক নিয়ম। প্রকৃতির ক্ষেত্রে নির্দেশমূলক নিয়ম প্রযোজ্য নয়। কারণ - নির্দেশমূলক নিয়ম মনুষ্যসৃষ্ট একটি ধারণা। আর সংজ্ঞা নুসারে যেহেতু মিরাকল হল এমন কোন নিয়মের লঙ্ঘন যেটিকে লঙ্ঘন করা অসম্ভব, ফলে প্রকৃতিতে সংঘটিত মিরাকলের পরস্পরবিরোধী সংজ্ঞা আমাদের কাছে প্রতীয়মান হয়ে ওঠে । কাজেই এই ধরণের দাবিকেও অসার বলে সিদ্ধান্ত নেয়া যায়।

কাকতালীয় ঘটনাসমূহ

মিরাকল হিসেবে যেসব ঘটনার দৃষ্টান্ত আনা হয় তার অনেকগুলোকেই উড়িয়ে দেয়া যায় স্রেফ কাকতালীয় বা coincidence হিসেবে। কিন্তু দাবিদাররা এক্ষেত্রে বলে, 'কোনো ঘটনা কাকতালীয় হওয়ারও একটা সীমা আছে। কিন্তু এতগুলো ঘটনার একসাথে ঘটে যাওয়াটাকে কোনোমতেই কাকতালীয় বলা যায় না। এর পিছনে অবশ্যই কোনো অতিপ্রাকৃতি ক শক্তির হাত আছে'। এখন আমি আমার জীবনে ঘটে যাওয়া একটি ঘটনা আপনাদের শোনাই। প্রথমে সকল আস্তিকদের উদ্দেশ্যে আমার একটি প্রশ্ন আছে। আপনাদের মধ্যে কতজন আছেন যারা 'নজর লাগা'তে বিশ্বাস করেন? মানে একথা বিশ্বাস করেন যে, কারও মালিকানায় থাকা কোন পণ্য যদি অন্য কারো খুব পছন্দ হয় বা অন্য কেউ যদি সেটার প্রশংসা করে তবে সেই পণ্যটি যেকোনভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে। এ নজর অবশ্য মানুষের উপরেও লাগতে পারে। এ ধরণের কুসংস্কার ব্যাপকভাবে পৃথিবীর নানা জায়গায় ছড়িয়ে আছে। এরকম বিশ্বাস করার মত মানুষ এখন অবশ্য বেশ কমে গেছে। বিশেষ করে শিক্ষিত ও মডার্ন ধার্মিকরা অবশ্য এদেরকে কুসংস্কার বলে উড়িয়ে দেয়। যা হোক , এখন সেই ঘটনাটা বলি,

স্কুলে থাকতে প্রায়ই আমার পিসির (ফুফু) গ্রামের বাসায় বেড়াতে যেতাম। এমনই একবার গ্রামে গিয়ে বিকালে ঘুরতে ঘুরতে পরিচিত এক বৃদ্ধার সাথে দেখা হল। বিভিন্ন কথার সাথে ও ই বৃদ্ধা আমার পরনে থাকা টিশার্টটির খুব প্রশংসা করে। আমিও তাকে ধন্যবাদ জানিয়ে গ্রামের আরও অনেক জায়গা ঘুরে

সন্ধ্যায় ঘরে ফিরে আসি। আমার পিসতুতো বোন তখন কিছু একটা লিখছিল। হঠাৎ তার কলমের কালি উপচে পড়ায় সে কলমটি আমাকে জানালা দিয়ে বাইরে ফেলে দিতে বলে। জানালাটি আমার কাছেই ছিল। কলমটি সাবধানে ধরে আমি জানালার দিকে ছুঁড়ে দিলাম। জানালায় কোন গ্রিল ছিল না। ছিল কতগুলো শিক বা রড। শিকগুলোর ব্যাস হয় ১-১.৫ সে.মি. এর মত। একেকটি শিকের মধ্যে ব্যবধান থাকে ৯-১০ সে.মি.। আমি কলমটিকে ছুঁড়ে দিয়েছিলাম আনুভুমিক ভাবে। এবং কলমটি বিন্দুমাত্র দিক পরিবর্তন না করে সোজা একটি শিকের উপরে মুখোমুখিভাবে গিয়ে পড়ে। যেখানে শিকগুলোর মধ্যে পড়ার সম্ভাবনা ছিল প্রায় ১০ গুণ। কথা এখানেই শেষ নয়। শিকগুলো ছিল সিলিন্ডার আকৃতির। এখন কোন কলম যদি আনুভুমিকভাবে গিয়ে উল্লম্ব কোনো সরু সিলিন্ডার আকৃতির শিকের উপর গিয়ে আঘাত করে তবে সেই কলমটি দিক পরিবর্তিত হয়ে যেকোনো দিকে যেতে পারে। কিন্তু কলমটি শিকে লেগে সম্পূর্ণ বিপরীত দিকে ফিরে এসে আমার টিশার্টের উপর পড়ে টিশার্টের বারটা বাজিয়ে দেয়।

আস্তিকরা যেসব ঘটনাকে শুধু কাকতালীয় বলে মেনে নিতে পারে সেগুলোর তুলনায় আমার এই ঘটনাকে অনেক বড় মিরাকল বলা যায়। তারা সেই মিরাকলের পিছনে অতিপ্রাকৃতিক কারণ দাঁড় করিয়ে ঈশ্বরের অস্তিত্বের দাবি করে বসে। এখন তারা কি আমার এই ঘটনার কারণ হিসেবে 'নজর লাগা'য় বিশ্বাস করবেন?

গত ফুটবল বিশ্বকাপে জার্মানির অক্টোপাস পল জার্মানির প্রত্যেকটি ম্যাচের ফল আগে থেকেই ঘোষণা দিয়ে রেখে সারা বিশ্বে হৈ চৈ ফেলে দিয়েছিল। জার্মানির মত একটি আধুনিক শিক্ষায় শিক্ষিত রাষ্ট্রের সাধারণ মানুষ সেটাকে শুধু বিনোদনের খোরাক হিসেবেই দেখেছিল। কিন্তু একবার ভেবে দেখুন ওই অক্টোপাস যদি আরবীয় কোন রাষ্ট্রে বা ভারতে থেকে অমন কাজ করত তবে সেদেশের জনগণ সেই অক্টোপাসকে কি বানাত! হয় সেটা হত আল্লাহর কুদরতের এক উজ্জ্বল নিদর্শন অথবা হিন্দুধর্মের কল্কিকে একাদশ অবস্থানে ঠেলে দিয়ে দশম অবতার হিসেবে 'অষ্টপদাবতার' এর আবির্ভাব হত। [হয়ত কিছুটা অপ্রাসঙ্গিক মনে হবে তবে একটি তথ্য আমি সংযোজন করছি। ইরানের প্রেসিডেন্ট মাহমুদ আহমেদিনেজাদ অক্টোপাস পলকে নিয়ে উন্মাদনাকে চিহ্নিত করেছিলেন পশ্চিমা বিশ্বের 'কুসংস্কারাচ্ছন্ন ধ্যান-ধারণার নিদর্শন' হিসেবে। যদিও তিনি কয়েকদিন আগে একবার দাবি করেছিলেন, 'ইসলামের শত্রু রাষ্ট্রগুলো (ইংল্যান্ড, যুক্তরাষ্ট্র, ফ্রান্স) তাদের পাপের খেসারত দিয়ে বিশ্বকাপ থেকে আগে আগে বিদায় নিয়ে নিয়েছে'। যদিও তার নিজের দেশ বিশ্বকাপেই কোয়ালিফাই করেনি। নিজের বিশ্বাসকে সমর্থন করে এমন মিরাকল ছাড়া অন্য সব ধরণের অলৌকিকতার দাবিকে সবাই কেমন দৃষ্টি নিয়ে দেখেন তারই একটা উদাহরণ আনলাম এখানে।]

মানুষ কেন তাহলে এই মিরাকলের অভিজ্ঞতা লাভ করে? জন হস্পার্স এ ব্যাপারে মন্তব্য করেন, 'বিষয়টা আশ্চর্যজনক যে মানুষ যে কোনো অস্বাভাবিক ঘটনাকেই মিরাকল বলে বিশ্বাস করে ফেলে যদি ওই ঘটনা তাদের অনুকূলে ঘটে থাকে। বিমান দূর্ঘটনায় একশ ' যাত্রী মারা গেলে এবং একজন বেঁচে গেলে জীবিতের পরিবার সে ঘটনাকে বলে মিরাকল। কিন্তু বাকি একশজন নিহতের পরিবার সেটাকে কি বলে?'

সোজা ভাষায় যে সব মানুষ তাদের বিশ্বাসের ব্যাপারে অত্যন্ত আবেগপ্রবন তারা খুব সহজেই কোনো ঘটনাকে অলৌকিক বলে বিশ্বাস করে নেয়। কোনো ঘটনার কারণ তার খুঁজে পেতে ব্যর্থ হলে কিংবা খুঁজে বের করার ইচ্ছা না থাকলে তারা সেই ঘটনার পিছনের কারণ হিসেবে অতিপ্রাকৃতিক শক্তির (যেমন ঈশ্বর) কথা টেনে আনেন। যেমনটি ভারতবর্ষের অন্যতম কিংবদন্তী দার্শনিক রাহুল সাংকৃত্যায়ন বলেছিলেন, 'অজ্ঞানতার অপর নাম হল ঈশ্বর। আমরা আমাদের অজ্ঞানতাকে স্বীকার করতে লজ্জা পাই এবং তার জন্য ভারী গোছের কোনো নামের আড়ালে আত্মগোপন করি। এই ভারী আড়ালটিই হল ঈশ্বর'।

যে প্রশ্নটি থেকে যায় সেটা হল, 'মিরাকল কখনও যদি নাই ঘটে তবে এর মানে কি ভবিষ্যতেও কখনো ঘটবে না?' এই প্রশ্নের জবাবে সংশয়বাদীও থাকা যায় আবার চাইলে নিয়ম ভঙ্গের মিরাকলের আর্গুমেন্টটি আবার ব্যবহার করা যায়। এখন কারও জীবনে এমন অলৌকিক সব অভিজ্ঞতা যদি হয়েই থাকে তিনি নিজে সেটাকে সত্যি সত্যি অলৌকিক হিসেবে বিশ্বাস হয়তো করতে পারেন, তিনি সেটাকে তার যুক্তি দিয়ে যাচাই করবেন, না অন্ধভাবে ঈশ্বরের লীলা বলে মেনে নিবেন এটা তার ব্যাক্তিগত ব্যাপার। তবে সেটা অন্যরাও যে একইভাবে নিবে এমনটা চিন্তা করা নির্বুদ্ধিতা। কাজেই কেউ কোনো ঘটনাকে মিরাকল মনে করলেও তার পিছনে ঈশ্বর বা এই জাতীয় অতিপ্রাকৃতিক শক্তির কারসাজি খোঁজার চেষ্টা করা আক্ষরিক অর্থেই অর্থহীন।

সবশেষে যে প্রশ্ন আসে সেটা হল যে, 'এই সব মিরাকল থেকে আমরা কি সিদ্ধান্ত নিতে পারি'? নিম্নোক্ত কারণে এ প্রশ্নের উত্তর হবে 'কিছুই না'। এ ধরণের মিরাকল থেকে ঈশ্বরের অস্তিত্বের সিদ্ধান্তগ্রহণ তখনই গ্রহণযোগ্য হবে যদি ওই মিরাকলের জন্য সবচাইতে উপযুক্ত ব্যাখ্যায় ঈশ্বর বর্তমান থাকে। অথবা বলা যায়, আমরা যদি ধরেই নিই ঈশ্বর নিজ হাতে ওই মিরাকলটি ঘটিয়েছেন। যেখানে আর কোনো ব্যাখ্যায় ওই কাকতালীয় মিরাকলটি বর্ণনা করা যায় না, সেক্ষেত্রে আমরা ঈশ্বরের অস্তিত্বের সপক্ষে উপসংহার টেনে দিতে পারি। তবে সেটা শুধুই আরেকটি হাইপোথিসিস থেকে যাবে। যেহেতু কাকতালীয় মিরাকল ঘটতে প্রকৃতির কোনো নিয়ম ভঙ্গেরও প্রয়োজন হয় না , আবার এইসবকে প্রাকৃতিকভাবে ব্যাখ্যাতীতও বলা যায় না। কারণ এ ধরণের ঘটনার পূর্ণাঙ্গ ব্যাখ্যা প্রকৃতির সাধারণ নিয়ম থেকেই প্রদান করা যায়।]

সহায়ক গ্রন্থপুঞ্জিঃ

- Enquiries Concerning the Human Understanding - David Hume
- The Demon-Haunted World - Carl Dagan
- Atheism - A Philosophical Justification - Michael Martin
- The Skeptic's Dictionary - Robert Todd Carroll
- The Existence of God - Richard Swinburne
- The Non-Existence of God - Nicholas Everitt
- The God Delusion - Richard Dawkins
- The Grand Design - Stephen Hawking & Leonard Mlodinow
- Atheism: The Case Against God - George H. Smith

• Handbook of the psychology of religion – Raymond F. Paloutzian & Crystal L. Park
• The Neuropsychology of Religious and Spiritual Experience – Andrew B. Newberg and Stephanie K. Newberg
• মিরাকল ১৯ এর উনিশ বিশ, পার্থিব - অনন্ত বিজয় দাশ ও সৈকত চৌধুরী

• তোমার ক্ষয় - রাহুল সাংকৃত্যায়ন

1. সংশপ্তক

মার্চ ২২, ২০১১ সময়: ৩:৪৬ পূর্বাহ্ণ লিঙ্ক

চমৎকার লেখা। অতিপ্রাকৃত শক্তিকে বিজ্ঞান সর্বসম্মতভাবে বর্জন করলেও বিবিধ ভাববাদী দার্শনিকদের কাছে সেটা এখনও গ্রহনযোগ্য হওয়ায় এটার অস্তিত্ব মানব মনস্তত্ত্বে এখন পর্যন্ত ক্রিয়াশীল আছে। তার ফলে , মানব সম্প্রদায়ের সংখ্যাগরিষ্ট অংশ এখনও মিরাকলে বিশ্বাস করে। আমি মনে করি যে , মানুষ যা দেখতে চায় তাই সে দেখতে পায়। কোনটা সঠিক চিত্র , সেটার চুড়ান্ত সমাধান কেবলমাত্র বস্তুনিষ্ট এবং পর্যবেক্ষক নিরপেক্ষ বৈজ্ঞানিক প্রক্রিয়ার মাধ্যমেই পাওয়া সম্ভব। সেই সাথে প্রাচীন ভাববাদী দর্শনের সাথে আধুনিক বিশ্লেষণ নির্ভর বৈজ্ঞানিক দর্শনের মাঝে যে রেষারেষি চলছে তারও একটা সুরাহা হওয়া প্রয়োজন।
[[মন্তব্যটির জবাব দিন]]



*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৪ অপরাহ্ণ
@সংশপ্তক,

চমৎকার লেখা।

ধন্যবাদ।

সেই সাথে প্রাচীন ভাববাদী দর্শনের সাথে আধুনিক বিশ্লেষণ নির্ভর বৈজ্ঞানিক দর্শনের মাঝে যে রেষারেষি চলছে তারও একটা সুরাহা হওয়া প্রয়োজন।

কবে যে সেই সুরাহা হবে

[[মন্তব্যটির জবাব দিন]]

2. 2

আসরাফ

মার্চ ২২, ২০১১ সময়: ৯:২৫ পূর্বাহ্ণ লিঙ্ক

কি সৌন্দর্য ছবি দিছেন।
আল্লাহ আপনারে অচিরেই বেহেস্ত নসিব করুন। আমিন..।
[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৬ অপরাহ্ণ
@আসরাফ,
আমি বেহেস্তের যোগ্য নই। আমার স্থান দোযখের অগ্নিকুণ্ডে। ৭২ হুর আর আনলিমিটেড শরবতের প্রতিও আমার মোহ নেই। তবে দোয়ার জন্য ধন্যবাদ
[[মন্তব্যটির জবাব দিন]]

3. 3

কাজী রহমান

মার্চ ২২, ২০১১ সময়: ৯:৪১ পূর্বাহ্ণ লিঙ্ক

কোনো ঘটনার কারণ তার খুঁজে পেতে ব্যর্থ হলে কিংবা খুঁজে বের করার ইচ্ছা না থাকলে তারা সেই ঘটনার পিছনের কারণ হিসেবে অতিপ্রাকৃতিক শক্তির (যেমন ঈশ্বর) কথা টেনে আনেন।

[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৬ অপরাহ্ণ
@কাজী রহমান,
ধন্যবাদ
[[মন্তব্যটির জবাব দিন]]

4. 4

লীনা রহমান

মার্চ ২২, ২০১১ সময়: ১১:১৩ পূর্বাহ্ণ লিঙ্ক

• The Demon-Haunted World - Carl **Dagan**

ভাইয়া, এই বানানটা এক্ষুনি ঠিক করে দেন।

দারুণ লিখেছেন

এক্ষনি প্রিয়তে নিলাম আর ফেসবুকে শেয়ার দিলাম।

[[মন্তব্যটির জবাব দিন]]

অভীকএর জবাব:

মার্চ ২২, ২০১১ at ১০:০৮ অপরাহ্ণ

@লীনা রহমান,

• The Demon-Haunted World - Carl Dagan

এই Dagan রে Sagan বানাতে গিয়ে সমস্ত পোস্টই নষ্ট হইতে বসছিল। আর এডিট করলাম না।

দারুণ লিখেছেন

গুরুর স্মাইলি দিয়ে আমাকে একটু বেশি উঁচুতেই তুলে দিয়েছেন। ধন্যবাদ শেয়ার করার জন্য।

[[মন্তব্যটির জবাব দিন]]

5. 5

আবুল কাশেম

মার্চ ২২, ২০১১ সময়: ১২:৩৮ অপরাহ্ণ লিঙ্ক

হায় হায় একি মারাত্মক কথা লিখেছেন।

আমাদের নবীজি যে হেরা পর্বতের গুহায় ফেরেশতা জিব্রাইলের দেখা পেলেন আর তার কাছ থেকে কোরান পেলেন–এ কথা যে আমরা জন্ম থেকে জেনে আসছি। এখন তার কি হবে? বিশ্বের ১৫০ কোটি উম্মার কি হবে?

আল্লাহ পাকের বিরুদ্ধে আপনি লিখছেন-মনে হচ্ছে আপনার দিন ঘনিয়ে এসেছে।

[[মন্তব্যটির জবাব দিন]]

অভীক এর জবাব:

মার্চ ২২, ২০১১ at ১০:০৮ অপরাহ্ণ

@আবুল কাশেম,

আল্লাহ পাকের বিরুদ্ধে আপনি লিখছেন-মনে হচ্ছে আপনার দিন ঘনিয়ে এসেছে

ভাই, হার্টবিট বাড়ায় দেয়ার মত কথা বলেন কেন। আমি অত্যন্ত ভীতু মানুষ। আমার হার্ট এইসব সইতে পারে না।

[[মন্তব্যটির জবাব দিন]]



আবুল কাশেম এর জবাব:

মার্চ ২৩, ২০১১ at ৪:০৫ পূর্বাহ্ণ

@অভীক,

আমি অত্যন্ত ভীতু মানুষ। আমার হার্ট এইসব সইতে পারে না।

আচিরেই টের পাবেন যখন আল্লাহ পাক আজ্রাইল (যমদূত) পাঠাবেন আপনার কলিজা কবজ করে নিতে।

এখনও সময় আছে। আস্তাগফেরুল্লাহ করে নিন। আল্লাহ পাক হয়ত আপনাকে ক্ষমা করে দিতে পারেন।

[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:
মার্চ ২৫, ২০১১ at ৩:৪৩ অপরাহ্ণ
@আবুল কাশেম,
আস্তাগফিরুল্লাহ নাউযুবিল্লাহ। আপনিও আমার জন্য দোয়া করবেন আশা করি।
[[মন্তব্যটির জবাব দিন]]

6. 6

শাফায়েত
মার্চ ২২, ২০১১ সময়: ৪:০৭ অপরাহ্ণলিঙ্ক

চমতকার লেখা। উচ্চ শিক্ষিতদেরও দেখা যায় অনেক আজগুবি মিরাকলে বিশ্বাস করতে। যাচাই না করেই শোনা কথায় বিশ্বাস করে বসে। এ লেখাটি হয়তো অনেককেই ভাবাতে সক্ষম হবে।

লেখা সম্পাদনা করার সময় allow comments অপশনটা অনেক সময় উঠে যায়। এ ব্যাপারে একটু সতর্ক থাকবেন :),এখন আমি ঠিক করে দিয়েছি।

[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৯ অপরাহ্ণ
@শাফায়েত,

এ লেখাটি হয়তো অনেককেই ভাবাতে সক্ষম হবে।

আশা করতে আসলেই দোষ নেই।

লেখা সম্পাদনা করার সময় allow comments অপশনটা অনেক সময় উঠে যায়। এ ব্যাপারে একটু সতর্ক থাকবেন :),এখন আমি ঠিক করে দিয়েছি।

এই কাজটি করে দেয়ায় আপনাকে অনেক ধন্যবাদ। বড় ধরণের টেনশনে পড়ে গিয়েছিলাম।

[[মন্তব্যটির জবাব দিন]]

7. 7

রৌরব

মার্চ ২২, ২০১১ সময়: ৬:০২ অপরাহ্ণ লিঙ্ক

লেখাটি ভাল লাগল। বিশেষত "বর্ণনামূলক নিয়ম" বিষয়ে আলোচনাটি।

[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:

মার্চ ২২, ২০১১ at ১০:০৯ অপরাহ্ণ

@রৌরব,

ধন্যবাদ

[[মন্তব্যটির জবাব দিন]]

8. 8

অভিজিৎ

মার্চ ২২, ২০১১ সময়: ৬:১৩ অপরাহ্ণ লিঙ্ক

আসলেই চমৎকার একটি লেখা, অভীক। এ ধরণের লেখা আরো অনেক বেশি করে মুক্তমনায় আসা দরকার।

আমার মনে আছে, ২০০৪ সালে যখন প্রচন্ড সুনামী হয়েছিলো মহীউদ্দীন নামের এক ব্যক্তি সুনামীর ঢেউয়ে আল্লাহর বানী দেখার সৌভাগ্যের কথা নিয়ে মুক্তমনায় এসেছিলেন। তার কাছে মনে হয়েছিল ব্যাপারটা অলৌকিক, এবং আল্লাহর অস্তিত্বের বাস্তব প্রমাণ! আমি এ নিয়ে একটা লেখা লিখেছিলাম তখন ইংরেজীতে। লেখাটা আছে এখানে -

The Glorious Name "ALLAH" Appeared on the Waves of Tsunami! : A response

[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:১০ অপরাহ্ণ
@অভিজিৎ,

আসলেই চমৎকার একটি লেখা, অভীক। এ ধরণের লেখা আরো অনেক বেশি করে মুক্তমনায় আসা দরকার।

অনেক ধন্যবাদ দাদা।

২০০৪ সালে যখন প্রচন্ড সুনামী হয়েছিলো মহীউদ্দীন নামের এক ব্যক্তি সুনামীর ঢেউয়ে আল্লাহর বানী দেখার সৌভাগ্যের কথা নিয়ে মুক্তমনায় এসেছিলেন।

আল্লাহর নাম কোথায় দেখা যায় না, সেটা একটা মিলিয়ন ডলারের প্রশ্ন হতে পারে।

[[মন্তব্যটির জবাব দিন]]

9. 9

অভীক
মার্চ ২২, ২০১১ সময়: ১০:১১ অপরাহ্ণলিঙ্ক

পোস্ট একবার এডিট করতে গিয়ে উচিত শিক্ষা হয়েছে। শেষে সৈকত ভাইয়ের পরামর্শে কোনমতে রক্ষা পেয়েছি।
তাই সকল প্রশংসা উনার
[[মন্তব্যটির জবাব দিন]]

*আকাশ মালিক*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ৯:১৯ পূর্বাহ্ণ
@অভীক,

চমৎকার একটি লেখা বেশ ভাল লাগলো।

এইতো যিশুকে স্পষ্ট দেখতে পাচ্ছি, ঈমান লাগে ভাই ঈমান-

[[মন্তব্যটির জবাব দিন]]

অভীক এর জবাব:

মার্চ ২৩, ২০১১ at ২:৩৬ অপরাহ্ণ

@আকাশ মালিক,

ধন্যবাদ।

এইতো যিশুকে স্পষ্ট দেখতে পাচ্ছি, ঈমান লাগে ভাই ঈমান-

সত্যিই সবার উপরে ঈমান সত্য, তাহার উপরে নাই

[[মন্তব্যটির জবাব দিন]]

কেশব অধিকারী এর জবাব:

মার্চ ২৪, ২০১১ at ১২:৩৮ অপরাহ্ণ

@অভীক,

দূত্তোরি, বহুবার চেষ্টা করলাম, কাজ হলোনা। বুঝলাম ঈমান নাই! ওটা একটা ছবিতো ? এতেই সন্তুষ্ট। রণে ভঙ্গ দিলাম আপাতত।

[[মন্তব্যটির জবাব দিন]]

অভীক এর জবাব:

মার্চ ২৪, ২০১১ at ৩:০১ অপরাহ্ণ

@কেশব অধিকারী,

ঈমান কোন ছেলের হাতের মোয়া না, এটা হেলাফেলারও জিনিস না। এর জন্য প্রয়োজন দীর্ঘ সাধনার। একাগ্রচিত্তে ঈশ্বরকে ডাকুন তিনি অবশ্যই দর্শন দিবেন। হোক সেটা চাঁদে বা মেঘে , লাউয়ে বা কদুতে।

[[মন্তব্যটির জবাব দিন]]

10. 10

সুজয় আহমেদ

মার্চ ২৩, ২০১১ সময়: ১২:১৬ পূর্বাহ্ন লিঙ্ক

দারুন যুক্তি দেখিয়েছেন। যুক্তি যুক্ত লেখা ভাল লাগে।ধন্নবাদ আপনাকে।

[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:

মার্চ ২৩, ২০১১ at ২:৫০ পূর্বাহ্ন

@সুজয় আহমেদ,

আপনাকেও ধন্যবাদ

[[মন্তব্যটির জবাব দিন]]

11. 11

তামান্না ঝুমু

মার্চ ২৩, ২০১১ সময়: ১২:১৭ পূর্বাহ্ন লিঙ্ক

অলৌকিক ব্যাপারগুলো যারা দেখেছেন বা শুনেছেন বলে দাবি করেন তারা কখনো তা অন্যদের কাছে প্রমাণ করতে পারেননি এবং সেগুলো অন্য কারো সামনে কখনো ঘটেনি।যুক্তি -প্রমাণ ছাড়া অনেক আজগুবি ব্যাপার এখনো পৃথিবীতে বেশ দৃঢ় ভাবে মানুষের বিশ্বাসে প্রতিষ্ঠিত আছে , সেটিই দুঃখের বিষয়।

[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:

মার্চ ২৩, ২০১১ at ৩:০৩ পূর্বাহ্ন

@তামান্না ঝুমু,

সমস্যাটা তো ওইখানেই। বিশ্বাস করতে আর বিশ্বাসকে দাঁড় করাইতে যে যুক্তি বা প্রমাণ লাগে না।

[[মন্তব্যটির জবাব দিন]]

অ

*কেশব অধিকারী*এর জবাব:

মার্চ ২৪, ২০১১ at ১২:৪৮ অপরাহ্ন

@তামান্না ঝুমু,

কাকরাইল মসজিদে জীন দেখতে বহু রাত ব্যায় করেছিলাম কার্জনহলের ছাত্রজীবনে। কোনদিন-ই কোন টু-টা শব্দও শুনিনি। শুধু সিঁড়ির পাশদিয়ে ছুঁচোর দৌড় দেখেছিলাম একদিন! আমার মিরাক ল দেখার অভিজ্ঞতা তাই আজও শূণ্য!

[[মন্তব্যটির জবাব দিন]]

অভীকএর জবাব:

মার্চ ২৪, ২০১১ at ৩:০৩ অপরাহ্ণ

@কেশব অধিকারী,

ঈশ্বর ছুঁচোর রূপ ধরে আপনার সামনে এসে আপনার ঈমানের পরীক্ষা নিতে চেয়েছিলেন। কিন্তু আপনি চিনতে পারেননি। তাই আপনার অভিজ্ঞতা শূণ্যই রয়ে গেছে।

[[মন্তব্যটির জবাব দিন]]

12. 12

নিটোল

মার্চ ২৩, ২০১১ সময়: ১:৩৬ পূর্বাহ্ণ লিঙ্ক

দারুণ লাগলো পুরো লেখাটা। এমন লেখা লেখকের কাছ থেকে আরো আশা করি।

ভিন্ন একটি বিষয় আমি টেনে আনছি,তবে এই লেখাটির সাথে কিছুটা হলেও যুক্ত। আমার মনে হয় আমাদের কথাসাহিত্যও,বাংলা কথাসাহিত্য, মিরাকল কিংবা অলৌকিক ঘটনার ভারে ভারাক্রান্ত।সাধারণ একটি ঘটনাকেও অলৌকিকতার রঙ লাগিয়ে উপস্থাপন করতে আমাদের উপন্যাসিকদের জুড়ি মেলা ভার। এ বিষয়ে কোনো লেখা পেলে ভালো হতো।

[[মন্তব্যটির জবাব দিন]]

অভীকএর জবাব:

মার্চ ২৩, ২০১১ at ৩:০৬ পূর্বাহ্ণ

@নিটোল,

দারুণ লাগলো পুরো লেখাটা

ধন্যবাদ।

আমাদের কথাসাহিত্যও,বাংলা কথাসাহিত্য, মিরাকল কিংবা অলৌকিক ঘটনার ভারে ভারাক্রান্ত।সাধারণ একটি ঘটনাকেও অলৌকিকতার রঙ লাগিয়ে উপস্থাপন করতে আমাদের উপন্যাসিকদের জুড়ি মেলা ভার

কাটতি বাড়ানোর জন্য নাটকীয়তা বাড়াতে গিয়ে তারা লৌকিক জগতেরই বাইরে চলে যান। পাঠকরাও সেধরণের রচনাই বেশি খায়

[[মন্তব্যটির জবাব দিন]]

13. 13

সৈকত চৌধুরী

মার্চ ২৩, ২০১১ সময়: ৫:১৪ পূর্বাহ্ণ লিঙ্ক

একদম চমৎকার। অনায়াসে আগাগোড়া পড়ে ফেলা যায়।

এরকম লেখা আরো আসা দরকার মুক্ত-মনায়।

[[মন্তব্যটির জবাব দিন]]



*অভীক*এর জবাব:

মার্চ ২৩, ২০১১ at ২:৩৭ অপরাহ্ণ

@সৈকত চৌধুরী,

আপনাকেও অসংখ্য ধন্যবাদ

[[মন্তব্যটির জবাব দিন]]

14. 14

রনবীর সরকার

মার্চ ২৩, ২০১১ সময়: ৫:৩৭ পূর্বাহ্ণ লিঙ্ক

দারুন লাগল লেখাটা।
আসলে অধিকাংশ ক্ষেত্রেই অনেক কাকতালীয় ব্যাপার ঘটে যায়, আর মানুষ তাকে অলৌকিক/অতিপ্রাকৃত আখ্যা দিতে ভালবাসে। তবে মাঝে মাঝে এমন কিছু ঘটনা ঘটে যায় যে অলৌকিক আখ্যা না দিয়েও পারে না। (বিশেষত যার জীবনে ঘটেছে তার ক্ষেত্রে তো ব্যাপারটা আরও বেশি প্রযোজ্য)।
যাহোক একবার নেটে হঠাৎ করে একটা লিংক চোখে পড়ে গেল। ভদ্রলোক সত্যি বলেছেন না গল্প লিখেছেন সেটাও বুঝতে পারছি না। তবে উনার ব্লগের বাকি কি ছু আর্টিকেল পড়ে দেখলাম যে আসলে উনি উনার জীবনে যা ঘটেছে তাই বলতে চেয়েছেন।
লিংকটা শেয়ার করলাম:
[[মন্তব্যটির জবাব দিন]]

*রনবীর সরকার*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ৫:৩৯ পূর্বাহ্ণ
@রনবীর সরকার,
[[মন্তব্যটির জবাব দিন]]

*রনবীর সরকার*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ৫:৩৯ পূর্বাহ্ণ
@রনবীর সরকার,
লিঙ্ক বাটনে সমস্যা আছে। দুই বার লিঙ্ক আসল না।
http://www.rafiqphd.org/component/content/article/45-religion/122-jota
[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ২:৪০ অপরাহ্ণ
@রনবীর সরকার,

দারুন লাগল লেখাটা।

ধন্যবাদ

ভদ্রলোক সত্যি বলেছেন না গল্প লিখেছেন সেটাও বুঝতে পারছি না। তবে উনার ব্লগের বাকি কিছু আর্টিকেল পড়ে দেখলাম যে আসলে উনি উনার জীবনে যা ঘটেছে তাই বলতে চেয়েছেন।

যারা এই ধরণের ঘটনায় অন্ধভাবেই বিশ্বাস রাখতে চায় তাদের জীবনে এমন ঘটনা ঘটবেই।

[[মন্তব্যটির জবাব দিন]]

15. 15

ফালগুন

মার্চ ২৪, ২০১১ সময়: ১০:১৮ পূর্বাহ্ণ লিঙ্ক

অভিক,

দারুণ।এতদিন পর মনে হলো, আমার মনের কথাগুলো বলে দিয়েছেন।আমার মনের কথাগুলো কিভাবে বুঝতে পারলেন?

[[মন্তব্যটির জবাব দিন]]

অভীকএর জবাব:

মার্চ ২৫, ২০১১ at ৩:৪০ অপরাহ্ণ

@ফালগুন,

ধন্যবাদ

অন্য ব্লগাররাও দেখেছি কিভাবে যেন আমার মনের কথাগুলো জেনে পোস্ট দিয়ে দেয়। আর আজ দেখছি আমিই…

[[মন্তব্যটির জবাব দিন]]

16. 16

পাপিয়া চৌধুরী

মার্চ ২৪, ২০১১ সময়: ১১:০৬ পূর্বাহ্ণ লিঙ্ক

খুব ভাল লাগলো লেখাটি। একদমে পড়ে গেলাম। বিশেষ ভালো লেগেছে গাণিতিক সম্ভাব্যতার সাহায্যে প্রমাণটি।
এইসব মিরাকল আমার জীবনের বারোটা-চোদ্দটা বাজিয়ে দিচ্ছে। সম্প্রতি প্রকাশিত সেমিস্টার পরীক্ষার ফলাফল পরিবারকে ফোনে জানাতে গেলাম। আমার মা ভীষণ রকম আনন্দিত। সেইদিনই কাকতালীয়ভাবে আমার মাতৃকূলে যজ্ঞেয় এবং আগ্নেয় ধুমধামের সাথে একখানা বিপত্তারিনী পূজা সম্পাদন হয়েছে।
মায়ের মতে আমার সাফল্য এই পূজায় পাওয়া ঈশ্বরের আশীর্বাদ। তিনি তাঁর মা এবং বোন সহকারে আরও বেশী ভক্ত হয়ে উঠেছেন। তাঁদের বিশ্বাস আমিও এই ঘটনার পর বদলে গেছি। এখন সকলে মিলে আমার চতুর্দশী, সংশয়বাদী বোনটির জীবন দুর্বিষহ করে তুলেছেন। সকাল বিকাল এই একই উদাহরণ- "তোর বোনও বুঝেছে, তুইও বুঝবি"।
ভাবছি আপনার এই লেখাটি যদি তাঁদের পড়তে দেই, লাভ হবে কিনা।
[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:
মার্চ ২৪, ২০১১ at ৩:০৭ অপরাহ্ণ
@পাপিয়া চৌধুরী,

খুব ভাল লাগলো লেখাটি। একদমে পড়ে গেলাম। বিশেষ ভালো লেগেছে গাণিতিক সম্ভাব্যতার সাহায্যে প্রমাণটি।

আপনাকেও ধন্যবাদ।

মায়ের মতে আমার সাফল্য এই পূজায় পাওয়া ঈশ্বরের আশীর্বাদ।

এই ধরণের কথা শুনলে পড়াশোনাই ছেড়ে দিতে ইচ্ছা করে।

ভাবছি আপনার এই লেখাটি যদি তাঁদের পড়তে দেই, লাভ হবে কিনা।

চেষ্টা করতে দোষের কি? অন্তত আশা তো করাই যায়, না কি?

[[মন্তব্যটির জবাব দিন]]



*আফরোজা আলম*এর জবাব:
মার্চ ২৪, ২০১১ at ৭:২১ অপরাহ্ণ

একদম গড়গড়িয়ে পড়ে গেলাম, এবং রুদ্ধশ্বাসে। দুর্দান্ত

[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:
মার্চ ২৫, ২০১১ at ৩:৪০ অপরাহ্ন

@আফরোজা আলম,
আপনাকেও ধন্যবাদ

[[মন্তব্যটির জবাব দিন]]

17. 17


ফারুক

মার্চ ২৬, ২০১১ সময়: ৪:৪১ অপরাহ্ন লিঙ্ক

হুমায়ুন আহমেদের বলপয়েন্ট উপন্যাসটি পড়তে যেয়ে এখনি পেলাম নিম্নের লাইন কটি -

> “আমি এখন পর্যন্ত এমন কাউকে পাইনি যার ঝুলিতে কোনো ভৌতিক অভিজ্ঞতা নেই। নাস্তিকরা এই বিষয়ে অনেক এগিয়ে। তারা ভূত বিশ্বাস করে না , কিন্তু তাদের ভৌতিক অভিজ্ঞতা সবচেয়ে বেশি। ” পৃষ্ঠা-৯৬

আছে কি এই ব্লগে কোন নাস্তিক যার কোনো ভৌতিক অভিজ্ঞতা নেই? আওয়াজ দিলে খুশি হব।

[[মন্তব্যটির জবাব দিন]]

*পাপিয়া চৌধুরী*এর জবাব:
মার্চ ২৬, ২০১১ at ১০:০৩ অপরাহ্ন

@ফারুক,
ভৌতিক অভিজ্ঞতা অতিঅবশ্যই সংস্কারাচ্ছন্ন, ধর্মভীরু ও অবাস্তব-অতীন্দ্রিয় সত্ত্বায় বিশ্বাসী মানুষের কল্পনাপ্রসূত। জন্মের পর থেকে সমাজ ও পরিবার হতে যে ইনডক্ট্রিনেশন আমরা পেয়ে থাকি তাই মূলত আমাদের কল্পনাশক্তিকে বাড়িয়ে দেয় কিম্ভূত ও অদ্ভুত কিছুতে বিশ্বাস করতে। সেই কল্পনাশক্তি

প্রয়োগ করে আমরা কখনো ভূত দেখি বা কখনো ঈশ্বর দেখি। নিজের বিশ্বাস বা মতবাদ দিয়ে অন্যকে প্রভাবিত করার বায়োলজিক্যাল কারণই তখন উদ্বুদ্ধ করে আরো বেশী রঙ চড়িয়ে ব্যাখ্যা করতে। এইভাবে ভূতের গল্পের ঝুলি ভারী হতে থাকে।
এখন ব্যাপার হল, নাস্তিকতা চিন্তালব্ধ ধারণা, জেনেটিক নয় যে বংশগতিতে পাওয়া যাবে। সেই হিসেবে আজকের কোনো নাস্তিকই ভ্রূণাবস্থায় নাস্তিক বা ধার্মিক ছিলেন না। বর্তমান সামাজিক প্রেক্ষাপটে এও বলা যায়না যে জন্মের পর তাঁদের ধর্মীয় ইনডক্ট্রিনেশন হয়নি। হয়েছে, কিন্তু স্বশিক্ষিত ব্যক্তিত্ব বা অনুসন্ধানপ্রসূত প্রশ্ন প্রমাণহীন রূপকথার ব্যাপারে তাঁদেরকে সংশয়ী ও উদাসীন এবং ক্রমে নাস্তিক করে তুলেছে। প্রশ্নহীন, বিশ্বাসী অবস্থায় ধর্মের ওপর নির্ভরতা থেকে তাঁদের কেউই কখনো ঈশ্বর বা ভূতের ইল্যুশন তৈরী করেননি, এমন কি কেউ দাবী করেছে? এই পোস্টের লেখক নিজের সংশয়বাদী পর্যায়ে, মায়ের দ্বারা প্রভাবিত হয়ে চাঁদের গায়ে "লোকনাথ বাবা'র" মুখের ইল্যুশন তৈরী করেছেন। তো?
ফ্যাক্ট হল, উনি সেই পর্যায়ে থেকে যাননি, প্রশ্ন ও অনুসন্ধিৎসা তাঁকে আজকের নাস্তিক করে তুলেছে।
এখন হুমায়ুন আহমেদ যদি উনার ইল্যুশনের গল্পেই সব ফোকাস দিয়ে থাকেন তাহলে কি বলার থাকবে? আশা করি, আপনার ডাকে কোনো নাস্তিকই আওয়াজ দিতে আসবেননা। তাঁরা অবশ্যই জানেন, এই জায়গাটা পয়েন্টলেস, হোপলেস, যুক্তিহীন বিতর্কের।
[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:
মার্চ ২৭, ২০১১ at ১:১৬ পূর্বাহ্ণ
@ফারুক,
লাম্পট্যের জাতীয় চ্যাম্পিয়নকে আমার পোস্টে অকারণে এনে আমার এই পোস্টের পরিবেশ দূষিত করেছেন। আমি এর তীব্র নিন্দা জানাচ্ছি।
যা হোক ভুতের অভিজ্ঞতা আমার হয়েছে কিনা তার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ অলৌকিক কোন অভিজ্ঞতা হয়েছে কি না। আমি পোস্টেই তা উল্লেখ করে দিয়েছি। এর পরও ত্যানা পেঁচানোর কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। তবে আপনার অলৌকিক অভিজ্ঞতার কথা জানাতে পারেন। চাইলে বল পয়েন্টের মত ব্যাট পয়েন্ট নামেও বই লিখে হেলতে পারেন। আমার দোয়া আপনার সাথে আছে।
[[মন্তব্যটির জবাব দিন]]

*সিদ্ধার্থ*এর জবাব:
মার্চ ২৭, ২০১১ at ১:৫০ পূর্বাহ্ণ

@ফারুক,
আর কারো কথা জানি না, তবে মুক্তমনা ব্লগে আপনার কমেন্টগুলো পড়লেই আমার ভৌতিক অভিজ্ঞতা হয়ে যায়।
[[মন্তব্যটির জবাব দিন]]

18. 18

রায়হান আবীর
মার্চ ২৭, ২০১১ সময়: ১:৩৬ পূর্বাহ্ণ লিঙ্ক

অভীক, আপনার এই অসাধারণ লেখাটা যখন দিসেন তখনই মোবাইল দিয়ে পড়ছি। মন্তব্য করা হয় সীমাবদ্ধতায়। এই লেখাটা রেফারেন্স হিসেবে এবং কিছু নির্বোধ আমজনতার মাঝে আলো জ্বালাতে অনেক অনেক কাজে আসবে। অনেক শুভকামনা। এমন গবেষনাধর্মী লেখা বলবৎ থাকুক

[[মন্তব্যটির জবাব দিন]]

*অভীক*এর জবাব:
মার্চ ২৭, ২০১১ at ১:৪৫ পূর্বাহ্ণ
@রায়হান আবীর,
(ভুলে অন্য জায়গায় জবাব দিয়ে দিয়েছিলাম)
ধন্যবাদ। আপনার মন্তব্য পেয়ে খুশি হলাম।

> এই লেখাটা রেফারেন্স হিসেবে এবং কিছু নির্বোধ আমজনতার মাঝে আলো জ্বালাতে অনেক অনেক কাজে আসবে।

আমজনতার মধ্যেও সবার ভিতরে কিন্তু আলো জ্বালানো যায় না। যাদের সলতেই নাই তাদের আলো জ্বালাবেন কোথায়? লেজে??
তাহলে কিন্তু আবার হনুমানের মত সারা রাজ্যই ওরা জ্বালি য়ে দিবে।
[[মন্তব্যটির জবাব দিন]]

http://www.dhormockery.com/2012/08/blog-post_2552.html

মিতকথন

মঙ্গলবার, ২৮ আগস্ট, ২০১২

লিখেছেন Myforbidden Kingdom

মুমিনরা নাস্তিকদের নিয়ে সবচাইতে বড় যে অপপ্রচারটা চালায় , তা হল - নাস্তিকরা মা-বোনের সাথে অবাধে সেক্স করার জন্য ঈশ্বর বা আল্লায় অবিশ্বাস করে ।

নাস্তিকের উত্তর: প্রথমত যাদের মাথায় এ ধরনের কুচিন্তা আসে , তাদেরকে মুমিন বলা হয়। এ ধরনের মুমিনরা কামুক প্রকৃতির হয় এবং তাদের মাথায় সবসময় বিকৃত যৌনাচার ঘোরপাক খায়।

প্রশ্ন হল - কেন মুমিনরা এ জঘন্য অপপ্রচারটি চালায় ?

উত্তর: সাধারণত মুমিনরা বিবর্তনে বিশ্বাস করে না। তারা বিশ্বাস করে , আদম-হাওয়া তাদের পূর্বপুরুষ এবং তাদের বংশবৃদ্ধি ঘটেছে অশালীন অজাচার (incest) পদ্ধতিতে। তাই ঐ ধরনের কুচিন্তা তাদের মাথাতেও ঘোরপাক খায়। নাস্তিকদের ওপর অপবাদ দিয়ে তাদের বংশবৃদ্ধি পদ্ধতির লজ্জাটা ঘোচাতে চায়। আর যে-ব্যক্তি তার পূত্রবধুর সৌন্দর্য দেখে কাম সংবরণ করতে পারে না , তার অনুসারীদের কাছে থেকে ভাল ব্যবহার আশা করাটাই অন্যায় ।

লিখেছেন Al Hadis (এটা কিন্তু নিক! খিয়াল কৈরা!)

আল্লাহর ঘর ‘কাবা’ (Quran 3:90) মুহাম্মদের মৃত্যুর পর কয়েকবার ধ্বংস হয়! কাবার কালো পাথর (Black stone) বিদীর্ণ হয় বহু খন্ডে, Qarmatians -রা সেটা চুরি করে এবং কয়েক বছর পর তার বিনিময়ে মুক্তিপণ আদায় করে!

সর্বশক্তিমান আল্লাহ কেন সমগ্র মুসলিম জাহানের এই পবিত্র ঘর এবং কাবা শরীফের পাথর বাঁচাতে কোনো ধরনের পদক্ষেপ নিলেন না?

সূত্র: http://en.wikipedia.org/wiki/Kaaba#After_Muhammad

লিখেছেন জোবাইর ইসলাম

কল্পনা করুন:

এক ভণ্ড পাগল স্কিৎজোফ্রেনিয়া রোগী দাবি করছে: সে রাসুল ; তাকে ঈশ্বর পাঠিয়েছে। সে ইহুদিদের তাওরাত, খ্রিষ্টানদের বাইবেল ইত্যাদি থেকে কপি-পেস্ট করে একটা ধর্মগ্রন্থ বানিয়ে ফেলল আর বলল এটা ঈশ্বর তার ওপর নাজিল করেছে। গ্রন্থটির নাম দিল, ধরুন, বুরান। সেখানকার স্থানীয় পৌত্তলিকদের দলে টানার জন্য তাদের দেবতা বাল্-লাহ্-এর নামে তার বানানো ঈশ্বরের নাম রাখল বাল্লাহ। মনে করুন, সেই পাগলটির নাম তালাব। যার বাংলা অর্থ হল পাতিশিয়াল।

এরপর দিন গেল, বছর গেল, তালাবের উম্মতের সংখ্যা বাড়তে লাগল। একদিন তিনি পটল তুললেন।

এরপর আরো হাজার বছর কেটে গেল, কিন্তু তালাবের উম্মতরা তাকে ভুলল না। তারা পৃথিবীর যাবতীয় বই, ছেঁড়া কাগজ, চটি বই, সেক্স ম্যাগাজিন যা-ই দেখুক না কেন, সেখানে যদি "পাতিশিয়াল" লেখাটা দেখে, তাহলে তারা ধরে নেয় ওটা তালাবের নাম। হাজার বোঝালেও তারা বোঝে না যে, প্রপার নাউনের ভাষান্তর হয় না। যদি তালাবের নাম লেখা থাকত, তাহলে তালাবই লেখা থাকত, পাতিশিয়াল লেখা থাকত না।

(জীবিত বা মৃত বা সামনে জন্মাবেন এমন কারো সাথে এই ঘটনাটি মিলে গেলে শুধু আমি কেন দুনিয়ার কেউ দায়ী থাকবেনা)

http://mukto-mona.com/bangla_blog/?p=2380

নাস্তিক থেকে আস্তিক, আস্তিক থেকে নাস্তিক!

তারিখ: ৩০ ভাদ্র ১৪১৬ (সেপ্টেম্বর ১৪, ২০০৯)

লিখেছেন: বিপ্লব পাল

(১)
গোকুর নাথ। না তিনি বাঙালী নন। ফ্লোরিডা স্টেট বিশ্ববিদ্যালয়ের গণিতের ছাত্র ছিলেন - অতীতে নিজেকে র‍্যাশানালিস্ট বলে দাবী করতেন। গত দুই দশক ধরে ইস্কনের শিষ্য। আজ তিনি আমাকে বোঝানোর চেষ্টা করলেন, কেন তিনি, ধর্মে বিশ্বাস হারিয়ে আবার ধর্মে ফিরে এলেন। এখানে আস্তিকতা বা নাস্তিকতা অপ্রাসঙ্গিক। কারন বৈষ্ণব ধর্ম ও এক ধরনের অদ্বৈতবাদ-তাই ঈশ্বর বিশ্বাস ফিরে পাওয়া কথাটা ব্যাবহার করাটা টেকনিক্যালি ভুল। কিন্তু ব্যাবহারিক দিক দিয়ে ঠিক। আগে বাংলাদেশী ফোরামে কিছু ধার্মিকের সাথে পরিচয় হয়েছিল। যারা এক সময়ে র‍্যা শানিলিস্ট ছিলেন, কিন্ত আবার ইসলামে আস্থা ফিরে পেয়েছেন। একাধিক উদাহরন আমি নিজেই দেখেছি।

সুতরাং দেখা যাচ্ছে, বিজ্ঞান ভিত্তিক, যুক্তি ভিত্তিক একটা জীবন শুরু করেও অনেকে আবার সেই ধর্মের কোলেই ফিরে যাচ্ছে। যুক্তিবাদ কি তাহলে অসার ? প্রবীর ঘোষের সংঠন সেই মুষ্টিমেয় কজন। তার থেকে রাম-শ্যাম যদু মার্কা গুরুদের ও অনেক বেশী বড় সংগঠন। ব্যাপারটাকে আমরা যুক্তিবাদিরা -ভাল জিনিসের কদর কম, বা খুব কম লোক বোঝে ইত্যাদি দিয়ে আত্মশান্তনা দিয়ে থাকি।

কিন্ত কেন লোকে ধর্ম ছাড়ছে না?

আমরা কি ঠিক বুঝছি? ঈশ্বরের সপক্ষে যুক্তিগুলো এতই হাস্যকর -সেটা আমি একদম প্রাথমিক বিদ্যালয় থেকে বুঝে আসছি। আমার মাথার ওপর ঈশ্বরের দশমনি বোঝা কেও চাপায় নি ছোটবেলা থেকে। ফলে জ্ঞান হওয়ার পর থেকে আদৌ কোন দিন আমি ঈস্বরে বিশ্বাস করতাম কিনা জানি না। ফলে আমার জীবনে ঈশ্বরের বিশ্বাস হারানোর হ্যাপা পোহাতে হয় নি কোনদিন-কারন ঈশ্বর বাবাজী কোনদিনই আমার বুদ্ধির প্রাচীর ভেদ করে ঢুকতে পারলেন না। ঈশ্বরের অনস্তিত্বের এই সামান্য যুক্তিগুলো সংখ্যা গরিষ্ঠ লোকে বুঝবে না -এটা কোন যুক্তিতে বুঝবো? বেঁচে থাকতে গেলে যথেষ্টই বুদ্ধির দরকার হয়। সাধারন মানুষের বুদ্ধি এত কম না , যে তারা বুঝবে না ঈশ্বরের অস্তিত্ব নেই। এতবড় গোজামিল, চোখে না পড়ার কিছু নেই।

তারপরেও কিছু কিছু যুক্তিবাদি আবার ধর্মে ফিরে আসছে কি করে ? প্রশ্নটা নিয়ে আমাদের গভীরে ভাবা উচিত।

(২)
মানুষের নির্মানের মূলে যৌক্তিকতা না অযৌক্তিকতাবাদ ? না মানবতাবাদ? শুধু যুক্তিবাদ দিয়ে কি জীবন

ধারন করা সম্ভব? পৃথিবীর সেরা সেরা গান, সাহিত্য-সব কিছুই ত ঈশ্বরকেন্দ্রীক। যার পেছনে কোন যুক্তি নেই। অঙ্কুর নাথ যেমন বললেন, আমি হরে কৃষ্ণ নাম উচ্চারন করি হাজার বার -তাতে নাকি আষাঢ়ের বর্ষন ধারার মতন নেমে আসে পরম শান্তি। দুঃখ নেই। সে নাকি সচ্চিদানন্দ (সদাই যে আনন্দে থাকে) । ধর্মপ্রান মুসলমানদের কাছেও, নামাজটা সেই সিগারেট বিড়ি টানার মতন অভ্যেস। একটু টান দিলে, মনটা চাঙ্গা থাকে। তার কি যাই আসে, ঈশ্বর আছে কি নেই? সেত প্রাণে খুশী। আর মৃত্যুত সবারই নিয়তি। সে যদি খুশী মনে মর তে পারে-ক্ষতি কি। মঠে থাকে, কোন কেলেঙ্কারী নেই জীবনে, নিষ্ঠাবান ব্রক্ষচারী। আমি যুক্তিবাদি, সে সচ্চিদানন্দ-আলটিমেটলি দুজনেই মারা যাব। ১৩ বিলিয়ান বছরের মহাবিশ্বে কি পার্থক্য হবে এতে? জীবনের উদ্দেশ্য যদি অন্যমানুষের ক্ষতির কারন না হয়, তাহলে কেন তার জীবনের উদ্দেশ্যে যুক্তিবাদ আসবে ?

ইয়াং জেনেরাশনে অধিকাংশই যুক্তিবাদি হয় তাদের জীবনের স্বাধীনতার ওপর ধর্মের খবরদারি দেখে। কয়েকজন ব্রিলিয়ান্ট ইরানিয়ান ছাত্রকে চিনতাম-তারা যথেচ্চার মদ্যপান করত, আর শুয়োরের মাংস খেতে খেতে মোল্লাদের গালাগাল দিত। অনুমান করি , তাদের মূল ক্ষোভের কারন, মোল্লা ব্যাটাদের জন্যে তাদের রাজনৈতিক স্বাধীনতা ছিল না-যৌবনে প্রেমটেম করাও ছিল রাষ্ট্রের চোখে ভয়ংকর। অর্থাৎ ধর্মের কুপ্রভাবে, তারা যৌবন ধর্ম ঠিকটঠাক পালন করতে পারে নি বলে রাগ। দক্ষিন ক্যালিফোর্নিয়াতে বেশ কিছু বাংলাদেশী মেয়ে ধর্মকে গুলি মেরে আমেরিকান মেয়েদের মতন জীবন যাপন করত। তারা আস্তিক না নাস্তিক জানি না-তবে মোল্লাদের খপ্পর থেকে বেড়তে পেরে খুব খুশী।আবার ইন্টারনেটের কিছু পৌঢ় ধার্মিক দাবী করেন -তারা এককালে বামপন্থী যুক্তিবাদি প্রগতিশীল ছিলেন-ইদানিং ইসলামের মাহাত্ম্য বুঝে, আবার হাড়িকাঠে গলা দিয়েছেন। এর মধ্যে তারা নাকি পরম শান্তির সন্ধান পাচ্ছেন! হিন্দু বামপন্থীদের মধ্যেও এমন আকছার ঘটে। যৌবনে মার্ক্সিট (অবশ্য সেটা মাছভাতের থেকে কি আলাদা জিনিস তা অধিকাংশ বাঙালী কমিনিউস্টই জানে না) , মধ্যযৌবনে সেনর্স্ট্রিস্ট, সেখান থেকে বার্ধক্যে রক্ষনশীল জ্যাঠামশাইদের সর্বত্রই দেখি।

ধর্ম সংক্রান্ত এই পরিবর্তনগুলো আমাদের জীবনে কেন আসে?

(৩)

এর সাথে ঈশ্বরের অস্তিত্ব অনস্তিত্বের সম্পর্ক নেই। আসলে সবাই একটা বস্তুবাদি ‘কমফর্ট জোন’ বা সুখের সন্ধানে। এর মূলে অবশ্যই আমি কে বা জীবনের উদ্দেশ্যকি এই প্রশ্নগুলি। তবে এইসব প্রশ্ন বিদ্ধ হয়ে কোন প্রানী কিছু করে না। সমাজ আর পরিবেশ এর উত্তরগুলো আমাদের জোর করে গিলিয়ে দিয়ে থাকে। মৌমাছিদের জৈবচক্রে “জীবনের উদ্দেশ্য কি” তাই নিয়ে নিশ্চয় প্সশ্ন ওঠে না। হাজারে হাজারে সবাই যা করছে, তারাও তাই করে। ক্যানোনিক্যাল ধর্মগুলো-মানে যে ধর্ম গুলো কখন কি করিতে হইবে তাহা লিপিবদ্ধ করিয়াছে-তাদের অনুসারিরা আচরনে পুরুষ মৌমাছি। “ব্যাক্তি-স্বাতন্ত্রের” প্রশ্ন সেখানে নেই-স্বাধীন অস্তিত্বের কথা সেখানে ভাবা নিষিদ্ধ-পুরুষ মৌমাছির মতন আচরনই সেখানে সিদ্ধ।

শিল্প বিপ্লবের আগে এসব নিয়ে সমস্যা ছিল না। নাস্তিক ছিল না যে তা না-কিন্ত যুথবদ্ধ জীবন ছাড়া একাকী বেঁচে থাকা ছিল অসম্ভব। অথচ আজ আমেরিকার যেকোন শহরে ৩০ বছরের নীচে অধিকাংশ নারী বা পুরুষ একাই থাকে। সবারই প্রায় একাধিক যৌন সঙ্গী। তাই নিয়ে কেও চিন্তিতও নয়। এবং এইসমস্ত দেশ সমূহ, প্রোডক্টিভিটিতে পৃথিবীর সবার ওপরে। পাশ্চাত্যের এই সব দেশ সমূহের সমস্যা হল-জন সংখ্যা হ্রাস। কারন, অনেক মেয়েরাই সন্তান ধারনে অনিচ্ছুক। তবে রাশিয়ার অভিজ্ঞতা থেকে

দেখা গেছে সেটাও সমস্যা না। মূল কথা ফার্টালিটি রেট ২ এর ওপরে থাকা দরকার। রাশিয়াতে ১৯৯৫ সালে ১ এর নীচে নেমে গিয়েছিল। বর্তমান রাশিয়ান সরকার, মা হওয়ার জন্যে বিভিন্ন ইনসেন্টিভ চালু করে। তিন সন্তান হলে এস ইউ ভি, চার সন্তান হলে বিনা পয়সায় ফ্ল্যাট-এসব করে, বর্তমানে রাশিয়াতে ফার্টিলিটি রেট আবার দুই এর কাছাকাছি। সুতরাং ধর্মের ভয় দেখিয়ে , শুধু রক্ষনশীলতার মাধ্যমেই রিপ্রোডাক্টিভ ফিটনেস ধরে রাখা যায়, তা ঠিক না। মেয়েদের দোখজের ভয় না দেখিয়ে, শরিয়ার চাবুক না মেরে, লোভ দেখিয়েও রাষ্ট্রের জন সংখ্যা ধরে রাখা যায়।

তবে সন্তানের জন্ম দিলেই ত হল না-তাদের মানুষ করার ব্যাপারও আছে। রক্ষনশীলদের ধারনা , শক্তিশালী পরিবার থেকেই ভবিষ্যতের শক্তিশালী নাগরিক বেড়োবে। কথাটা আংশিক সত্য। ভারত বা চীনের দিকে তাকালে দেখা যাবে, এখান কার ছাত্রদের সাফল্যের মূল কারন, তাদের পরিবার ছেলে মেয়েদের শিক্ষা নিয়ে অনেক বেশী যত্নবান। সেই তুলনায় পাশ্চাত্য সমাজ অনেক পিছিয়ে পড়েছে। আমেরিকার সেরা বিশ্ববিদ্যালয় গুলিতে এশিয়ানরা এখন সংখ্যাগরিষ্ঠ।

কিন্তু এর সাথে ধর্মের সম্পর্ক কোথায়? চীনারা ত ধর্ম মানে না। ভারতের সেরা ছাত্ররা-[যারা বিজ্ঞান বা প্রযুক্তিতে নিজেদের ছাপ রেখেছে] -তারা হয় নাস্তিক বা নাস্তিক্য হিন্দুধর্মের অনুসারী। আমি অবশ্য ভারতীয় সফটোয়ার ইঞ্জিনিয়ারদের এই ক্যাটেগরীতে রাখছি না-এদের অধিকাংশই বৌদ্ধিক বিষয়গুলিতে নিরক্ষর। মোদ্দাকথা পারিবারিক রক্ষনশীলতাকে ধর্মের সাথে গোলানো উচিত না। ধর্মহীন মানেই রক্কনশীলতার বিরোধিতা-এই ধারনাকে আমি ভূল বলে মনে করি। নাস্তিক চীনারাও রক্ষনশীল-আমি নিজেও ব্যাক্তিগত জীবনে রক্ষনশীল। কারন মূল কারন অনেক -

(১) আমাদের দেহ-মনের সিস্টেমটা একটা মেশিন-যা বিবর্তনের ফলে এসেছে। এবং আমাদের বিবর্তন হয়েছে সমাজবদ্ধ ডিসিপ্লিন্ড জীব হিসাবেই। ফলে দেহ বা মনের সঠিক যত্ন না নিলে-বা ডিসিপ্লিনড জীবন, যেমন অত্যাধিক মদ্যপান না করা, ধূমপান বা নেশা না করা, যথেষ্ঠ নিদ্রা, ঠিক ঠাক আহার-শারীরিক কসরৎ -ইত্যাদি না করলে, আমরা শীঘ্রই অসুস্থ হয়ে পড়ব। এর সাথে সাথে অহঙ্কারহীন, ক্ষমাশীল জীবন পালন করলে, আমাদের রক্তচাপটাও ঠিক থাকে। এতে কেও ধর্মের গন্ধ পেলে মুশকিল। আবার কেও যদি মনে করে এর জন্যে ধর্মে ফিরে যেতে হবে সেটাও মুর্খামি। খুব স্বাভাবিক বৈজ্ঞানিক যুক্রিতেই আসে আমাদের অহঙ্কারহীন থাকা উচিত। কারন , আমরা যে 'আমি' 'আমি' করছি-সেটা ত স্বতন্ত্র কিছু না। বাবা-মা-বন্ধু-শিক্ষক-পুস্তক-লেখক-সমাজ-পরিবেশ আমাদের যা শিখিয়েছে তার থেকে একটা 'আমি' তৈরী হয়েছে। তাছারা সেই 'আমি' বাঁচেই বা কদ্দিন? ১০০ বছর? ১৩ বিলিয়ান বছরের মহাবিশ্বের কাছে, তা কতটুকু সময়? পলকের ও কম।

(২) অনেক লিব্যারালদের ধারনা-অন্যের ক্ষতি না হলে বা অন্যের অধিকার ক্ষুন্ন না হলে , আমাদের সব কিছু করার স্বাধীনতা আছে। এটি সম্পূর্ণ ভুল ধারনা। কারন এখানে ভাবা হচ্ছে ব্যাক্তি আমির স্বতন্ত্র অস্তিত্ব আছে। অর্থাৎ আমি বা আপনি সমাজ থেকে পৃথক এক স্বতন্ত্র সামাজিক জীব। এটি সম্পূর্ণ বস্তুবাদ বিরোধি আদর্শবাদি ধারনা-কারন সকালে উঠে ব্রেকফাস্ট খাওয়া থেকে রাতে শুতে যাওয়ার আগে পর্যন্ত আমার প্রতিটি কাজের জন্যে সমাজ এবং রাষ্ট্রকে দরকার হয়। আমার খাদ্য, শিক্ষা, চাকরি, বাসস্থান-এই ইন্টারনেট-সব কিছুই সমাজ বা রাষ্ট্রের উৎপাদন থেকে এসেছে। আমি নিজেও এই উৎপাদন ব্যাবস্থার অংশ-তার বাইরে আমার অস্তিত্বই নেই। সুতরাং এই উৎপাদন

ব্যাবস্থাকে ক্ষতি করে, এমন কিছু করার স্বাধীনতা আমার থাকতে পারে না। এই উৎপাদন ব্যাবস্থাকে ক্ষতি না করে, সব কিছুই আমরা করতে পারি।
এই প্রসঙ্গে যেসব দম্পতি ইচ্ছা করে চাইল্ডলেস বাই চয়েস থাকেন বা সন্তান নিচ্ছেন না-তাদের স্বাধীনতার বিশ্লেষনে আসা যেতে পারে। এর অধিকার কি থাকা উচিত? কারন তারা এই উৎপাদন ব্যাবস্থার শরিক হয়েও, নিজেদের কর্তব্য করছেন না। লিব্যারালদের মতে, এই স্বাধীনতা থাকা উচিত পূর্ণাঙ্গ। এখন ভারত বা বাংলাদেশে দম্পতিরা এমন করলে , তাদের ট্যাক্স মকুব করা উচিত -কারন তারা জনসংখ্যা কমিয়ে রাষ্ট্রের সেবা করছেন। অন্যদিকে ইউরোপে এমন করলে, তাদের ওপর প্রচুর ট্যাক্স চাপানো উচিত। কারন সেখানে জনসংখ্যা হ্রাস হচ্ছে। বাস্তবে সেটাই হচ্ছে-ইউরোপে সন্তান না থাকলে প্রচুর ট্যাক্স দিতে হয়-স্বাধীনতা থাকলেও, পেনল্টি দিতে হয়। অর্থাৎ দেখা যাচ্ছে এই স্বাধীনতার ব্যাপারটা ভীষন ভাবে পোষ্ট-মডার্ণ। ধার্মিকদের মতন কোরান বা বাইবেলের ম্যানুয়াল ধরে এ খর্ব করা যায় না-আবার স্থান কাল পাত্র না বিবেচনা করে-এই নিয়ে সিদ্ধান্ত নেওয়া যায় না। ভারতের মতন জন বহুল দেশে, মুসলিমদের জন্মহার খুবই বেশী-যে কারনে-তারা সন্তান ঠিক ঠাক মানুষ করতে পারেন না। এবং বর্তমানে ভারতীয় মুসলিমদের মধ্যে শিক্ষার হার ভারতের আদিবাসিদের থেকেও খারাপ। আমেরিকান মুসলিমদের মধ্যেও এই ধরনের গোঁড়া মুসলিম আছে -তবে তারা ব্যাতিক্রম। সেই জন্যে আমেরিকাতে মুসলিমরা , সাদা আমারিকানদের থেকেও ভাল করছে। কিন্ত ইউরোপ বা ভারতে তারা নিদারুন ভাবে পিছিয়ে। একই ধর্মের লোকেরা দুই দেশে দুই ধরনের পার্ফমান্স দিচ্ছে-কারন, ধর্মের আসলেই কোন ভূমিকা নেই। মূল কথা হল দেশ -কাল-পরিস্থিতি বুঝে লোকেরা সঠিক সিদ্ধান্ত নিচ্ছে কি না। সেটাই আসল কথা।

অর্থাৎ এই রক্ষনশীলতার ব্যাপারটা আমরা আমাদের সমাজের রিপ্রোডাক্টিভ সিস্টেমের ফিটনেসের জন্য উত্তরাধিকার সূত্রে পেয়েছি। সেটাকে ত্যাগ করা বা গ্রহন করাটা -সম্পূর্ণ ভাবেই পরিস্থিতি নির্ভর সিদ্ধান্ত হওয়া উচিত। সার্বজনীন সর্বকালীন ধর্ম বা উদারপন্থা-এর কোনটারই কোন বাস্তব অস্তিত্ব নেই। যেকারনে কোরান বা বাইবেল, বর্তমান মানুষের জীবনে অর্থহীন-ঠিক একই কারনে উদারনৈতিক চিন্তাধারা বা লিব্যারালিজমও অর্থহীন। কারন প্রতিটি পরিস্থিতি স্থান কাল পাত্র ভেদে আলাদা। তাদের জন্যে কোন সার্বজনীন, সর্বকালীন আইন বা গাইডেন্স থাকতে পারে না।

কিন্তু তাহলে রাষ্ট্রের আইন কি হবে? সেখানে ত এই পোষ্টমডার্ন দর্শন চলবে না। তাহলে আইনের বই এর সাইজ, বহুতল বাড়ির সাইজকে ছাড়িয়ে যাবে! সেখানে কিছু গাইডেন্স আনতেই হবে। অর্থাৎ কিছুটা এম্পিরিসিজম বা সমাজবিজ্ঞানের গবেষনাকে কাজে লাগিয়ে , রাষ্ট্রকে তার স্বার্থের জন্যে পজিশন নিতেই হবে। সামাজিক আইনগুলি থেকে ধর্মের বিসর্জন একান্ত ভাবেই দরকার। সেখানে বিজ্ঞানের গবেষনা আসুক। আমাদের উদ্দেশ্যত নাগরিক এবং রাষ্ট্রের মঙ্গল।সেখানে পাশ্চাত্যের আইন , শরিয়া আইন এসব না বলে, সমাজ বিজ্ঞানের গবেষনার ওপর ভিত্তি করে আইন আনা হৌক। আমেরিকাতে আস্তে আস্তে তাই হচ্ছে। গোটা বিশ্বের যেকোন উন্নত দেশেই তাই হচ্ছে আস্তে আস্তে। সেখানে আল্লার আইনের নামে এক অন্ধকারযুগকে আনার কোন মানে নেই। অথচ মুসলীম বিশ্বে এই ভাবেই পুরুষের হাতে নিগৃহীত হচ্ছে অসংখ্য নারী। বিয়ার খাওয়ার জন্য যদি কোন নারীকে বেত্রাঘাত মারা হয়-তাহলে মানতেই হবে, মেয়েদের জন্যে শরিয়া আইনের চেয়ে জঙ্গলে গিয়ে বাস করা ভাল। সেখানে স্বাধীনতাটুকুত আছে। ভারতে হিন্দু পুরুষের হাতেও একই ব্যাপার আগে হত -কিন্ত রাষ্ট্র

যেহেতু নারী পক্ষে, গত দুই দশকে শহরের কিন্ত অনেক পরিবর্তন এসেছে। গ্রামে অবশ্য এসব প্রগতি অনেক দূর। মৌলবাদিরা পাশ্চাত্যের আইন , পাশ্চাত্যের নগ্ন নারী-নারীর যৌনতার স্বেচ্ছাচারিতা ইত্যাদি ধুয়ো তুলে, শরিয়া আইনকে টেকাতে চাই। কিন্ত বাস্তব সত্য হচ্ছে পাশ্চাত্যে আইন গুলি আস্তে আস্তে সমাজ বিজ্ঞান নির্ভর হচ্ছে। এটা ঠিকই নারী স্বাধীনতার সাথে সাথে নারীদের মা হওয়ার ইচ্ছা কমেছে। কিন্ত তাতে ধর্মের মতন অন্ধযু গকে ফেরাতে হবে কেন? রাশিয়ার মতন ইন্সেন্টিভ স্কীম চালু করলেই ত মিটে যায়। আবার এটাও দেখা গেছে, কিছু কিছু আমেরিকান পরিবার , নিজেদের স্বার্থের জন্যে ছেলে মেয়েদের যথেষ্ট যত্ন নিচ্ছেন না। ওবামার বাবা ওবামাকে ছেড়ে পালিয়েছিলেন। আমেরিকায় বাবা-মা ছেড়ে পালানো খুব সাধা রন ব্যাপার। কিন্ত এই ব্যাপারে মিডিয়া খুব সরব এবং আইনও সেই সব বাবা মাদের কঠোর শাস্তি দিয়ে থাকে, যদি দোষী প্রমানিত হয়। এর জন্যে কি ধর্মের আইন লাগে? জীবনের একটা পরিস্কার উদ্দেশ্য থাকলেই এসব এমনিতেই আসে। ধর্মের আফিং খাইয়ে দিয়ে এইসব করানো অর্থহীন। তাতে সাইড এফেক্ট অনেক বেশী।

(৪)

যাইহোক এবার কিছু ব্যাক্তিগত সমস্যার কথায় আসি। আমাদের উপমহাদেশে নাস্তিক হিসাবে পরিবার পরিজনদের মধ্যে বেশ অসুবিধায় থাকি প্রায় সকলেই। কোন মাসিমা পুজোর প্রসাদ দিলে , আমি নাস্তিক, তাই প্রসাদ খাই না-এমন সাধারনত আমি বা কোন বোধ সম্পন্ন নাস্তিকই বলবে না-কারন আমরা তাকে আঘাত করতে চাই না। কোন ধার্মিক মুসলমান বন্ধু যারা পাঁচ ওয়াক্ত নামাজ পড়ছে , তাদেরকেও নিশ্চয় বলা ঠিক না, আল্লা নেই, তুমি বোকামো করছ। হ্যা, সে যদি আল্লার সপক্ষে প্রমান দিতে চাই, আমি তাকে পরিস্কার ভাবেই গাধা বলব। কিন্ত সে যদি মানসিক শান্তির জন্যে বা তার নিত্য কাজের মধ্যে স্বস্তির জন্যে নামাজ পড়ে, তাকে যেচে গিয়ে গাধা নিশ্চয় আমরা কেওই বলি না। উচিত ও না। পূজোর ব্যাপারটাও তাই। তিথি নক্ষত্র মেনে অনেকে পুজো করেন -আমেরিকায় যে এতটা হিন্দু রয়েেন, সেই নিয়েও অনেকে গর্ব করেন। আমি হাঁসি। হ্যাঁ বা না বলি না। কি বলব? এসব অনর্থক তর্কে জড়ানো অর্থহীন। এত ধেড়ে বয়সে যাদের বুদ্ধি হয় নি , তার বুদ্ধি কোনদিন হবে বলে আমার মনে হয় না। সে যদি তার তিথি নক্ষত্র নিয়ে সুখে থাকে , থাকুক। সুখী থাকাটাই যখন জীবনের ধর্ম, তথন কেও বোকামো করে সুখে আছে না বুঝে সুখে আছে -তা দেখে কি হবে? শুধু তার সুখের কারনে অন্যের দুঃখ না হলেই হল।

তবে হ্যাঁ কেও যদি তার ধর্ম পৃথিবীর সেরা বলে গর্ব করে , আনন্দ পেয়ে থাকে, তাতেও আমার আপত্তি নেই। যতক্ষন সেই আনন্দ, ব্যাক্তিটি নিজের মনের মধ্যে রাখতে পারবেন। যখন সে নিজের ধর্ম সেরা-এইসব নিয়ে বলতে আসবে, তাকে পরিস্কার বলা উচিত, আপনার বিষ্টার গন্ধ শুঁকে আপনি সচ্চিদানন্দ হোন-সেই দুর্গন্ধ আর বেশী ছড়াবেন না, তাহলেই হল। আমার ধর্ম আপনার ধর্মের চেয়ে ভাল-এই ধরনের যুক্তিগুলোর ভিত্তি আমার বিষ্ঠা আপনার থেকে ভাল -এই স্তরের। এইসব অর্থহীন সময় নষ্ট না করে, ধর্ম বা বিজ্ঞান, বিষয় যাই হোক না কেন-তা কি করে আরো মানব কল্যানে লাগানো যায়, সেই নিয়েই চর্চা করা উচিত।

কমেন্ট

1. সাইফুল ইসলাম

সেপ্টেম্বর ১৬, ২০০৯ সময়: ২:১০ অপরাহ্ণ লিঙ্ক

বিপ্লবদা,
যে ধরনের লেখা আমাকে ভাবায় ঐ ধরনের লেখা আমার ভাল লাগে।সেই দিক থেকে আপনার লেখাও আমার খুব পছন্দের।আমি আপনার সাথে তর্ক করার সাহস দেখাব না।আমার তা নেইও।কিন্তু একটা ব্যাপার এ আপনার মতামত জানতে চাই।”
একজায়গায় আপনি বললেন, ” অনেক লিব্যারালদের ধারনা-অন্যের ক্ষতি না হলে বা অন্যের অধিকার ক্ষুন্ন না হলে, আমাদের সব কিছু করার স্বাধীনতা আছে। এটি সম্পূর্ণ ভুল ধারনা। কারন এখানে ভাবা হচ্ছে ব্যাক্তি আমির স্বতন্ত্র অস্তিত্ব আছে। অর্থাৎ আমি বা আপনি সমাজ থেকে পৃথক এক স্বতন্ত্র সামাজিক জীব।”
আমার কেন যেনো ঠিক মনে হয় নি।কারন,আমি যদি নিজেকে সমাজের অংশ না ভাবি তাহলে অন্যের ক্ষতি করতে আমার সমস্যা কোথায়?আমি নিজেকে সমাজের অংশ ভাবি বলেই তো অন্যের ক্ষতি যাতে না হয় সেই কাজ করব।তাই না?আমার নিজের যদি কোনো স্বতন্ত্র অস্তিত্ব না থাকে তাহলে তো সমাজেরই কোনো অস্তিত্ব থাকার কথা না।কারন সমাজ বলতে আমরা তো সমাজের মানুষকেই বুঝি তাই না?এখন আমি যদি মনে করি যে সমাজে কারো কোনো স্বতন্ত্র অস্তিত্ব নেই তো আমি কার জন্য কাজ করব?
অধিকন্তু,লেখার শেষের দিকে আপনি বলছেন যে,কারো মনে আঘাত হানা ঠিক নয়।আমার প্রশ্ন, কেন?আপনি যদি সমাজের ভাল চান তাহলে আপনাকে অবশ্যই তার ভুলটা ধরিয়ে দিতে হবে।(আমি এখানে অবশ্যই ধর্মানুভুতির কথা বলছি)আপনি কেন তাকে বলবেন না ?কারন আপনি জানেন যে তার একটা স্বতন্ত্র ব্যক্তি স্বত্তা আছে।তার ভাল মন্দ তাকেই বুঝতে দেওয়া উচিত।
আপনার এই কথাগুলো কি স্ববিরোধী হয়ে গেল না?
সবার শেষে বলি আমার এই কথাগুলি লিখলাম শুধুমাত্র আপনার লেখাটা ভালভাবে বোঝার জন্য।
ধণ্যবাদ
সাইফুল ইসলাম।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০০৯ at ৬:৪৭ অপরাহ্ণ
@সাইফুল ইসলাম, নিশ্চয় আপনার প্রশ্ন গুলি খুবই ভ্যালিড। কিন্ত যে নামাজ পরে কিছুটা মানসিক শান্তির জন্যে তার সাথে আস্তিক, নাস্তিক বিতর্কে কি লাভ হবে যদি না সে তার আল্লার কথা প্রচার না করে বেড়ায়? আমাদের লড়াইটা প্রচারকদের বিরুদ্ধেই থাকা উচিত। অধিকাংশ মুসলমান বা হিন্দুই আসলে ঈশ্বর স্বরন করে, একটু স্বস্তি পেতে।

আগন্তুক এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০০৯ at ১:১৮ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

হ্যাঁ।এ নিয়ে কলেজ লাইফে একটা 'অকবিতা' লিখেছিলাম।নৃতত্ত্বও তাই বলে।যেখানেই অজ্ঞানতা সেখানেই ঈশ্বর।আক্ষরিক অর্থেই

"অন্ধকারে দু' চোখ আলোয় ভরাও প্রভু" - তা সে আলো যতই অলীক হোক না কেন!

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০০৯ at ৭:৪৮ অপরাহ্ণ
@সাইফুল ইসলাম,

না।কারন সমাজ বলতে আমরা তো সমাজের মানুষকেই বুঝি তাই না?এখন আমি যদি মনে করি যে সমাজে কারো কোনো স্বতন্ত্র অস্তিত্ব নেই তো আমি কার জন্য কাজ করব?

আমরা কি আদৌ অন্য কারুর জন্য কাজ করি-না নিজেদের জেনেটিক পুল বাঁচাতে কাজ করি ? আলট্রুইজমের আধুনিক তত্ব বলে স্বার্থহীন আলট্রুইজম বলতে কিছু হয় না। আলটিমেটলি আমরা নিজেদের জীনপুলের সেবাতেই নিয়োজিত।



মুক্তমনা এডমিন এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০০৯ at ৯:৪৪ অপরাহ্ণ
@সাইফুল ইসলাম,

আপনার ইমেইলে ব্লগ একাউন্ট-এর তথ্য পাঠানো হয়েছে। দয়া করে দেখুন পেলেন কিনা। আমাদের ডেটাবেস থেকে দেখলাম যে, আপনি মন্তব্য করার সময় দুটো ইমেইল ব্যবহার করেছেন। দুটোতেই লগ-ইন এর তথ্য পাঠানো হয়েছে। লগ ইন সংক্রান্ত কোন সমস্যা বোধ করলে আমাদের জানাবেন।

2. 2

বিপ্লব পাল

সেপ্টেম্বর ১৬, ২০০৯ সময়: ৭:৪৪ অপরাহ্ণলিঙ্ক

,আমার নিজের যদি কোনো স্বতন্ত্র অস্তিত্ব না থাকে তাহলে তো সমাজেরই কোনো অস্তিত্ব থাকার কথা না।কারন সমাজ বলতে আমরা তো সমাজের মানুষকেই বুঝি তাই না ?

মানুষের স্বতন্ত্র অস্তিত্ব বিতর্কিত বিষয়। হিন্দু দর্শন (আস্তিক বা নাস্তিক) , ইসলাম দর্শন, মার্ক্সবাদ, এমন কি আধুনিক ডারুইনিয়ান ঐতিহাসিক বস্তুবা দ সমাজ ব্যাতীত মানুষের স্বতন্ত্র অস্তিত্ব স্বীকার করে না। যেমন ধরা যাক "আমি খাচ্ছি" -আপাত দৃষ্টিতে এই কাজটি স্বতন্ত্র। কিন্ত কেন খাচ্ছি ? যাতে সামাজিক ভাবে আমি কাজে লাগতে পারি। আবার অন্য কেও ভাবতেই পারে, নিজের প্রান ধারনের জন্যে খাচ্ছি? কিন্ত প্রান ধারন করি কেন? শুধু শুধু ১০০ বছর বেঁচে থাকতে? নাকি কিছু উদ্দেশ্য থাকে ? যদি ধরে নিই কিছু উদ্দেশ্য থাকে বেঁচে থাকার , সেটা কি এমন হতে পারে, শুধু এই 'আমি' অস্তিত্ব টেকাতেই আমরা বেঁচে থাকি? প্রানবিজ্ঞান তা ত বলে না। প্রানী জগত বলে, সন্তানকুল, অর্থাৎ একটা জেনেটিক পুল কে বাঁচাতে আমরা বাঁচি। বা এই খাওয়া দাওয়া করছি। যাতে সন্তানদের বাঁচাতে পারি। বা খাওয়াতে পারি। তাদের পরিবেশের জন্যে মানুষ করতে পারি। তাহলে যেখানে স্বতন্ত্রে কাজের সুযোগ নেই, সেখানে মানুষের স্বতন্ত্র মডেলের সুযোগ কোথায় ?

3. 3

আদিল মাহমুদ
সেপ্টেম্বর ১৬, ২০০৯ সময়: ৮:০৬ অপরাহ্ন লিঙ্ক

খুবই চিন্তা জাগানিয়ে লেখা যা আস্তিক নাস্তিক সবারই বোঝা উচিত।

নাস্তিক কিছু মানুষ কেন বুড়ো বয়সে এসে আবার আস্তিক হয়ে যায় এটা জানা মনে হয় খুব কঠিন কিছু না। কারন মানসিক দুর্বলতা। মানুষের বয়স বাড়ার সাথে সাথে শরীর মন দুইই দূর্বল হয় , তখন মানুষ অনেকটা নিরুপায় হয়ে কন বিশ্বাসের মাঝে শান্তি খুজে বেড়ায়। একই কারনে কিছু ঘোর নাস্তিক জীবনের কোন সঙ্কটময় সময়ে যেমন কঠিন রোগে পড়লে বা কোন ভয়াল দূর্ঘটনা থেকে অলৌকিকভাবে বেচে উঠলে রাতারাতি আস্তিক হয়ে উঠেন। যিনি জন্ম থেকে নাস্তিক তার জন্য মনে হয় এ পরিবর্তনের সম্ভাবনা অনেক কম। আবার যিনি আস্তিক-নাস্তিক-আস্তিক তার জন্য এর সম্ভাবনা অনেক বেশী, ষ্ট্যাট নিলে নিশ্চয়ই দেখা যাবে যে তিনি শেষ বয়সে আবার আস্তিক হলে তার পুরানো ধর্মে ফিরে যাবার সম্ভাবনাই নিশ্চয়ই অনেক বেশী। কারন তার মাঝে ধর্মের বীজ সবসময়ই ছিল যা খুব ছোটবেলায় তার মাথায় খুব ভালভাবে গেড়ে দেওয়া হয়েছে , মাঝখানে কিছুদিন শুধু সুপ্ত অবস্থায় ছিল। তবে পাশ্চাত্যের অনেক মানুষ পারিবারিক মূল্যবোধের সংকট, অতি মাত্রায় আত্মকেন্দ্রিক জাগতিক জীবনের জ্বালা জাতীয় কারনে প্রাচ্য দেশী কালচারের প্রতি আকৃষ্ট হন , এভাবেই কিছু নাস্তিক-আস্তিক বা ধর্ম পরিবর্তন হয়।

“অনেক লিব্যারালদের ধারনা-অন্যের ক্ষতি না হলে বা অন্যের অধিকার ক্ষুন্ন না হলে , আমাদের সব কিছু করার স্বাধীনতা আছে। এটি সম্পূর্ণ ভুল ধারনা।” - এতে আমি পুরোপুরি একমত এবং মনে করি এই সহজ এবং অতি গুরুত্বপূর্ণ পয়েন্টটি সব লিবারেলদের বোঝা উচিত। এটা বুঝতে না পারার কারনে অনেক সময় যেমন ধার্মিকদের এক এক্সট্রীমে দেখা যায় তেমনি লিবারেলদের দেখা যায় আরেক এক্সট্রীমে। যেকারনে অতি লিবারেলিজমকে কিছু সময় ভন্ডামির মত লাগে। যেমন ধরা যাক ; আমাদের ইসলামী বাংলাদেশে ষ্ট্রীপ বা ন্যুড ক্লাব নিষিদ্ধ , পাশ্চাত্য আমেরিকায় আইনসিদ্ধ। আইনসিদ্ধ করার কারন পাশ্চাত্য মতে এতে কাউকে জোর করে ঢোকানো হচ্ছে না, যার ইচ্ছে যাবে যার ইচ্ছে যাবে না। তাই কারো ক্ষতি করা হল না। এ জাতীয় যুক্তির মাঝে আসলে বড় ফাক আছে। আমি আপনি আস্তিক নাস্তিক লিব্বারেল কনজারভেটিভ যেই হই না কেন আমরা কোনদিন চাইব আমাদের ছেলেমেয়েরা ওইসব যায়গায় যাক? লিব্রারেল (ধরে নিলাম এখানে নাস্তিক) হলে ছেলেমেয়ে মন্দির মসজিদে পড়ে যাক যেমন চাইবেন না তেমনি নিশ্চয়ই চাইবেন না ওইসব ন্যুড বা ষ্ট্রীপ ক্লাবে যাক। বিদেশেও কোন ভদ্রলোকে শখ করে পরিবার নিয়ে ওসব যায়গার ধারে কাছে থাকে না। আল্টিমেটলি দেখা যায় গরীব শ্রেনীর মানুষদেরই সেসব যায়গায় থাকতে হয়। কাজেই যে হয়ত কোনদিন এসব যায়গায় যাবে না তারও মাশুল গুনতে হচ্ছে।

এটাও সবার মানা উচিত যে কেউ যদি ব্যক্তিগত জীবনে আল্লাহ/ভগবান/কালী যাকেই ডাকাডাকি করে যদি মানসিক শান্তি পেতে পারেন তবে তার সেই সুখ কেড়ে নেওয়ার অধিকার কারো নেই। আল্লাহ আছে কি নেই সেই ভুলে যদি অন্য কারো কোন ক্ষতি না হয় তবে তার বিশ্বাসে অন্যের কি সমস্যা? আজকাল উগ্র ধার্মিকদের মানুষ গালাগালি করে তারা ঈশ্বর বিশ্বাস করে এ জন্য নয় , তারা ধর্মের নামে মানুষ মারে বা অন্যের ক্ষতি করে এই জন্য। তবে ধার্মিকদের দায়িত্ব এখানে অনেক বেশী , তাদের বুঝতে হবে যে তার ধর্ম চর্চা হতে হবে সম্পূর্ণ ব্যাক্তি পর্যায়ে , কোনভাবেই রাষ্ট্রীয় বা গোষ্ঠী পর্যায়ে নেওয়া উচিত না। মুশকিল হল ধর্মবাদীরা এটা মেনে নিতে পারেন না , তারা নিজ ধর্ম প্রচার ও অক্ষরে অক্ষরে মেনে চলাকে পবিত্র দায়িত্ব বলে মনে করেন।

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০০৯ at ৮:৫৮ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

যেমন ধরা যাক; আমাদের ইসলামী বাংলাদেশে ষ্ট্রীপ বা ন্যুড ক্লাব নিষিদ্ধ , পাশ্চাত্য আমেরিকায় আইনসিদ্ধ। আইনসিদ্ধ করার কারন পাশ্চাত্য মতে এতে কাউকে জোর করে ঢোকানো হচ্ছে না, যার ইচ্ছে যাবে যার ইচ্ছে যাবে না। তাই কারো ক্ষতি করা হল না।

স্ট্রিপ ক্লাবে গেল ক্ষতি হবে কন? নোবেল রিচার্ড ফেইনম্যানস্ট্রীপ ক্লাবে বসেই অনেক তত্ত্ব উদ্ভাবন করেছেন। যে যায় তার ক্ষতি হয় না। ক্ষতি হচ্ছে মেয়েগুলোর। কারন এরা অধিকাংশই ছাত্রী। কাঁচা টাকার লোভে এ পথে আসে। কেও তাদের জোর করে নি। কিন্ত পরবর্তী কালে এদের অধিকাংশই ড্রাগের নেশায় ভুগে আত্মহত্যা করে। এই কারনেই স্ট্রীপ ক্লাব বন্ধ করা উচিত। মেয়েরা দেহ দেখালেই সমাজ উচ্ছন্নে যাবে এমন ভাবার কারন নেই। কোন প্রমানও নেই। কিন্ত টাকা পয়সা নিয়ে সেক্সের সাথে জড়ালে,
অন্য সমস্যা আছ। সেই জন্যেই টাকা-পয়সা নিয়ে সেক্স বা দেহ প্রদর্শন বন্ধ করা উচিত। কিন্ত দেহ দেখাচ্ছে বলে বীচে বিকিনি পড়া বন্ধ করা উচিত-এমন যুক্তি ঠিক না। কারন তাতে সমাজের কোন ক্ষতি হয় না বরং ভাল হয়। বিকিনি পড়ার জন্যে মেয়েগুলো শরীর চর্চা করে। আর আমাদের মহিলারা সেসবের বালাই নেই বলে, মোটা হয় এবং নানান রোগে ভোগে।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০০৯ at ৯:৫১ অপরাহ্ন
@বিপ্লব পাল,

আমি কার ক্ষতি হয় বা ক্ষতি কম বেশী সে পয়েন্টে যেতে চাইনি, শুধু বলতে চেয়েছি যে সমাজে অনেক সময় অতি উদারতার নামে ক্ষতিকর কাজকারবার করা হয়। আপনি নিজেই বললেন এগুলিতে আসলে মেয়েদের ক্ষতি হয় বেশী, পুরোপুরি সত্য। আমি আপনি মাসে দুয়েকবার ওসব যায়গায় ঢু মারলে আমাদের কিছুই হবে না , বাড়ির লোকেও জানলে আমাদের ত্যাজ্য পুত্র করবে না , বাঙ্গালী বউ শুধু এজন্য আমাদের ছেড়ে পালাবে এমন সম্ভাবনা খুবই স্কীন। কিন্তু যে মেয়ে একবার এসব যায়গায় গেছে তার আর বাকি জীবনে সুস্থ পথে আসাটা অত্যন্ত দুরূহ ব্যাপার। তবে অনেক জ্ঞানী গুনী নিয়মিত গনিনাকলয়েও গমন করেন, তার মানেই এই দাড়ায় না যে তাদের মেধার বিচ্ছুরন সেখান থেকে ঘটে।

যাই হোক, এসব হিপোক্রিটিক অতি লিবারেল কাজকারবারের অবশ্যম্ভাবী
ফলাফল হল ধর্মবাদী লোকজন পাশ্চাত্য সমাজ নারী অধিকারের নামে নারীকে পণ্য করে.....কেবল মাত্র অমুক ধর্মই নারীকে প্রাপ্য মর্যাদা দেয় এ জাতীয় প্রচারনা চালাতে পারে। আমাদের বাংগালী বা অন্য সব মোসলমান কমিউনিটির অনেকে তাদের ছেলেপুলে টিন এজে যাবার সময় কয়েক বছর দেশে পাঠায়। তাদের চোখে পাশ্চাত্য সমাজ মানেই মদ নারী উশৃংখলতা , এখানে শুধু টাকাই আছে আর কিছুই নেই।
ড্রেস কোডের সাথে উচ্ছনে যাওয়ার সম্প্ররক আসলেই নেই, তাই বীচে বিকিনি পরায় আমি যেমন কোন সমস্যা দেখি না তেমনি অফিসে বিকিনি পরায় আমার আপত্তি আছে।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০০৯ at ৯:৫৭ অপরাহ্ন
@আদিল মাহমুদ,

তেমনি অফিসে বিকিনি পরায় আমার আপত্তি আছে।

সেত আমেরিকাতেই আছে। অফিসে বিকিনি কেন, একটু রিভিলিং ড্রেস পড়ে আসার জন্যে , বাড়ি ফেরত পাঠানো দেখেছি ক্যালিফোর্নিয়ায় খোদ আমাদের অফিসে। সুতরাং এখানেও লোকজন স্থান -

কাল-পাত্র বুঝেই এসব মাত্রা নির্নয় করে। অতি লিব্যারালদের নিয়ে আমি বিরক্ত। কারন তারাই ধর্মের মৌলবাদিদের বলার সুযোগ করে দিচ্ছে।



তৃতীয় নয়ন এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০০৯ at ১:০৯ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

ড্রেস কোডের সাথে উচ্ছনে যাওয়ার সম্প্ররক আসলেই নেই, তাই বীচে বিকিনি পরায় আমি যেমন কোন সমস্যা দেখি না।

কিন্তু সমস্যা হচ্ছে বীচে বিকিনি পরাতেও আমাদের দেশের লোকজন চরম সমস্যা দেখবে। তাদের এই sense টি গড়ে উঠে নাই যে স্থান-কাল-পাত্র- পরিস্থিতি ভেদে পোশাক-পরিচ্ছদে ভিন্নতা আসতে পারে। বোধকরি এটি পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত হওয়া সত্বেও বাংলাদেশের কক্সবাজা র সি বীচের আন্তর্জাতিক মানের সি বীচে উন্নীত না হওয়ার অনেকগুলি কারণগুলির মধ্যে একটি। যেখানে নিকটবর্তী দেশ থাইল্যান্ডের সি বিচগুলোতে প্রচুর বিদেশী পর্যটক এবং ভারতের গোয়াতেও নির্বিঘ্নে অনেক পর্যটক বিকিনি পরছে সেখানে কক্সবাজারের অবস্থা একবারে লেজেগবরে।

@বিপ্লব পাল,

বিকিনি পড়ার জন্যে মেয়েগুলো শরীর চর্চা করে। আর আমাদের মহিলারা সেসবের বালাই নেই বলে, মোটা হয় এবং নানান রোগে ভোগে।

আপনিই বলুন বাঙালী সমাজে কয়টা মেয়েকে ছোটবেলা থেকে দৌড়ঝাপ , লাফালাফি, খেলাধুলা, শরীরচর্চা করার সুযোগ দেয়া হয়? তাদেরকে ছোটবেলা থেকেই এমন পোশাক পরানো শুরু করানো হয় যাতে তাদের এসবের সমস্ত পথ বন্ধ হয়ে যায়। তাদেরকে পঙ্গু হওয়ার শিক্ষা দেয়া হয়। অথচ একটা ছেলেকে এসব হ্যাপার কোনটাই পোহাতে হয় না। ঢাকা শহরে এমন একটি খেলার মাঠও খুজে পাওয়া যাবে না যেখানে মেয়েরা খেলে। সমস্ত মাঠ, খোলা ফাঁকা জায়গায় সবসময় ছেলেদের দখলে থাকে। খেলাধূলা যেন শুধুই ছেলেদের জন্যই। মেয়েরা যে খেলতে পারে এটা কেউ ভেবেই দেখেনা। মেয়েদের খেলা নিয়ে বাঙ্গালী সমাজ বিদ্রুপ করে।বাঙ্গালী সংস্কৃতিই বাঙ্গালী মেয়েদের পঙ্গু করে রাখে। সংস্কৃতিই লিঙ্গবৈষম্যের অন্যতম সূতিকাগার।

মুশফিক এর জবাব:
ডিসেম্বর ৪, ২০১০ at ৩:০৩ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল, খুব ভাল লিখেছেন

তৃতীয় নয়ন এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০০৯ at ১২:০৮ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

আমি আপনি আস্তিক নাস্তিক লিবারেল কনজারভেটিভ যেই হই না কেন আমরা কোনদিন চাইব আমাদের ছেলেমেয়েরা ওইসব যায়গায় যাক? লিব্রারেল (ধরে নিলাম এখানে নাস্তিক) হলে ছেলেমেয়ে মন্দির মসজিদে পড়ে যাক যেমন চাইবেন না তেমনি নিশ্চয়ই চাইবেন না ওইসব ন্যু ড বা ষ্ট্রীপ ক্লাবে যাক। বিদেশেও কোন ভদ্রলোকে শখ করে পরিবার নিয়ে ওসব যায়গার ধারে কাছে থাকে না। আল্টিমেটলি দেখা যায় গরীব শ্রেনীর মানুষদেরই সেসব যায়গায় থাকতে হয়।

এটা আপনি কি বললেন? আমেরিকাতে নাকি শুনেছি হাজার হাজার গোগোবার, স্ট্রীপ ক্লাব। বিপ্লব পালের একটি লেখাতে পড়েছিলাম এক লস্এঞ্জেলসেই নাকি ত্রিশ হাজারের মত গোগোবার। এসব জায়গায় শুধু গরীব লোকজনই যায় ? কেমন জানি খটকা লাগছে। তাহলে যারা ওখানে যাচ্ছে তাদেরর পরিবার পরিজন কি ভাবছে?

আপনি ন্যুড ক্লাব, স্ট্রীপ ক্লাব নিয়ে যতই রক্ষণশীল হননা কেন, ওসব জায়গায় যাওয়ার অদম্য কৌতুহল অধিকাংশ মানুষের মধ্যেই আছে। ওখানে যদি কেউ যেতে না চাইত তবে ওসব গড়ে উঠতো না।

ন্যুড ক্লাব , স্ট্রীপ ক্লাবের মত তো সাধারণ নাইট ক্লাব সম্পর্কেও একই কথা বলা যায়। একজন নাস্তিক লিবারেল তার ছেলেমেয়েদের সাধারণ নাইট ক্লাবে যেতেও যদি বাঁধা দেন তাহলে আপনি কি বলবেন?আপনার কাছে নাইট ক্লাব ভাল আর ন্যুড ক্লাব , স্ট্রীপ ক্লাব খারাপ জায়গা হতে পারে, কিন্তু বাংলাদেশ থেকে পরিবার পরিজন নিয়ে নতুন আগত একজন ভদ্রলোক তো সাধারণ নাইট ক্লাব দেখেই রি রি করে উঠবেন। সেক্ষেত্রে আপনি কি বলবেন? আপনার ছেলেমেয়েকে কি অন্তত নাইট ক্লাবে যেতে দিবেন?

বাঙালীরা জাতিগত রক্ষণশীলতার জন্য নাইট ক্লাব, স্ট্রীপ ক্লাব , ন্যুড বার ইত্যাদির নাম শুনে রি রি করে উঠে। ভাবখানা এমন এসব জায়গায় গেলে তাদের চোদ্দ পুরুষের অর্জিত সমস্ত নৈতিক মূল্যবোধ, মানমর্যাদা সব নষ্ট হয়ে যাবে। কিন্তু বাস্তবে তাদেরও এসব জায়গাইয় যাওয়ার অদম্য কৌতুহল রয়েছে। সমাজের ভয়ে সবাই মুখ বন্ধ করে রাখে। কেউ নিজের ইচ্ছার কথা প্রকাশ করতে সাহস পায় না।

এই ক্লাব সংস্কৃতি পৃথিবীর অধিকাংশ দেশেই জায়গা করে নিয়েছে। আপনাকে স্বীকার করতেই হবে পশ্চিমে (এবং প্রাচ্যেরও অনেক দেশে) তরুণ প্রজন্মের বিনোদনের অন্যতম জায়গা হলো এই নাইট ক্লাব। আমরা বাঙালীরা যতই নাক সিটকাই না কেন।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০০৯ at ৩:৩৬ পূর্বাহ্ণ
@তৃতীয় নয়ন,

আমেরিকাতে ঠিকই হাজার হাজার ষ্ট্রীপ ক্লাব ইত্যাতি হেনতেন আছে। তবে তার মানে এই না যে সেগুলি শহরের সব যায়গায় সমানভাবে ছড়িয়ে থাকে।

সেগুলিতে শুধু গরীব লোকজন যায় তেমন আজব দাবী আমি করিনি। আপনি ভুল বুঝেছেন , যদিও আমার ধারনা বিপ্লব ঠিকই বুঝেছেন কারন তিনি সেখানে থাকেন। তিনিও একমত হয়েছেন যে অতি মাত্রায় লিবারেলিজম উগ্রবাদ বা রক্ষনশীলতাকেই আসলে সাহায্য করে।

আপনাকে একটু আগে বুঝতে হবে যে আমেরিকায় মানুষ যখন পরিবার নিয়ে থাকে তখন তারা কি কি ক্রাইটেরিয়ায় বাড়ী খোজে। তারা প্রথমে দাম, ক্ত বড় বাড়ি, কাজের যায়গা থেকে কতদুরে সেটা দেখে, তারপর ভাল স্কুল এরিয়া খোজে, নেইবোরহুডের আশে পাশের এলাকা কেমন দেখে, ক্রাইম ষ্ট্যাট দেখে। সাধারনতঃ নাইট ক্লাব, ষ্ট্রীপ ক্লাব এসব যায়গার আশে পাশে ক্রাইম রেট হয় অনেক বেশী। তাছাড়াও ভদ্রলোকরা পরিবার নিয়ে কোন ন্যুড বার এর কাছে স্রেফ রুচির কারনেই কোনদিন থাকতে চায় না। বিদেশের পরিবেশ অনেক উন্মুক্ত খোলামেলা হলেও যতটা মনে হয় ততটা নয়। বিশেষ করে যারা এখানে প্রফেশনাল তাদের অফিসে যদি কেউ শুনে যে মিঃ আদিল নিয়মিত ন্যুড ক্লাবে যায় তবে তারা মুখে কিছু কোনদিন বলবে না ঠিকই তবে ব্যাপারটা মোটেও ভাল চোখে দেখবে না। আমাকে তারা লম্পট হিসেবেই দেখবে, যতই মুখে বলুক না আমরা ন্যুড ক্লাবের বিরুদ্ধে নই।

বিষয়টা আসলে কারা সেখানে যায় সেটা নয়, বিষয়টা হল এসব এয়্যডাল্ট ক্লাব শহরের যেসব এলাকায় থাকে (সাধারনত ডাউন টাউনের এক ধারে) সেসব যায়গার আশে পাশের আবাসিক এলাকাগুলিতে ভদ্রলোকে শখ করে থাকতে চায় না, যেহেতু ডিমান্ড কম তাই সেসব যায়গায় বাড়ির দাম বা ভাড়া তূলনামূলকভাবে কম থাকে। তা ই সাধারনতঃ গরীব মানুষদের এসব যায়গার আশে পাশে থাকতে হয়। ব্যাতিক্রম কিছু থাকতেই পারে।

মানূষের কৌতূহল বা ইচ্ছে হলেই যে সব কিছু জায়েজ করে দেওয়া উচিত বলে মনে করেন ? ধরুন, কয়টা পুরুষ মানুষ আছে যার পরস্ত্রীর সাথে লটর পটরের জন্য জীবনের অন্তত কিছু সময় ইচ্ছে করেনি? এখন কি আমরা এই ব্যাপারটাকে সহজভাবে নেওয়া শুরু করব? এই ব্যাপারটাকে এখনো আমরা ভাল চোখে দেখি না বলেই মানুষে কাপড় বদলানোর মত স্বামী স্ত্রী বদল করে না। এ জাতীয় বহু কিছু আছে।

আমি সাধারণ ভাবে আমাদের উপমহাদেশীয় কালচার থেকে পাশ্চাত্য কালচার বহুগুলে পছন্দ করি, তার মানে এই না যে সে কালচারে খারাপ কিছুই নেই , উদারতার নামে তারা যা যা করে তার সবই ভাল। যারা ন্যুড ক্লাব ষ্ট্রীপ ক্লাবের সমর্থক তারা নিজের ১৮ বছর বয়সী ছেলে মেয়ে সেখানে যাওয়া শুরু করেছে শুনলে খুব খুশী হবে বলে মনে করেন ? প্রশ্নটা আগেও করেছিলাম। ধরেন না আপনার ১৫ বছরের মেয়ে তার এইম ইন লাইফ ঠিক করল ন্যুড ক্লাবে নাচা , তারপর ১৮ বছর হলেই ব্যাস, আর পায় কে, একেবারে কর্মে পরিনত করে দেখালো। আপনি দায়িত্ববান বাবা কি উদারতার পরিচয় দিয়ে তাকে বাহবা দেবেন নাকি ১৫ বছর বয়সেই কষে দুই ধমক দিবেন?

পশ্চীমের কত ভাল ভাল পরিবারের ভাল ভগাল ছেলেমেয়ে যে অতি উদারতার জন্য ঝরে পড়ে তার হিসেব কি কেউ রাখে?

নিজেকে উদার প্রমান করার জন্য আমরা অনেক কিছুই মুখে বলি কিন্তু মানি না।

পশ্চীমে ক্লাব সংস্কৃতি খুবুই জনপ্রিয় , ঠিক। তার মানে এই না যে ন্যুড ক্লাব জাতীয় যায়গাগুলি খুব সুস্থ বিনোদনের উপায়। এইসব জিনিস জনপ্রিয় করার মূল কারন পয়সা, এসব ব্যাবসাযাবাভ লাভ মারাত্মক। ব্যাবসায়ীরা যেখানে লাভ দেখে সেটাকেই জনপ্রিয় করে তুলে , আর এসব আদি রসাত্মক বিষয়ের প্রতি তো মানূষের নিষিদ্ধ কৌতূহল থাকেই। এখানে তো ইলেক্ট্রনিক গেইম ও খুব জনপ্রিয় , অনেক ছেলে মেয়ে এসব ইলেক্ট্রোনিক গেমের আকর্ষনে কোনরকম দৈহিক পরিশ্রম জাতীয় খেলায় আগ্রহ বোধ করে না। এটা বলা যায় একটা সামাজিক ব্যাধি হয়ে দড়িয়েচছে। জনপ্রিয় হলেই যে উপকারী বা দরকারী এমন কোন কথা নেই।

নাইট ক্লাব পাশ্চাত্য সমাজের জন্য অনেকতা দরকার, কারন নাইট ক্লাব তাদের সোসালাইজেশনের জন্য তাদের কালচারে খুব দরকারী, যা আমাদের বাংলা কালচারে দরকারী না। কারন আমাদের সোসালাইজিশনের অন্য কিছু উপায় আছে। শুধু নাইট ক্লাবে যাওয়াকে কেউ এখানে খারাপ চোখে দেখে না, আমিও দেখি না। তাই নাইট ক্লাব আমি খারাপ চোখে না দেখলেও আমার প্রথম জেনারেশনের ছেলেকে সেখানে যেতে দেখলে খুব দূঃখ ই পাব। এ জাতীয় সমস্যা এখানে খুবই প্রকট।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০০৯ at ৯:৪৪ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
যারা ন্যুড ক্লাব ষ্ট্রীপ ক্লাবের সমর্থক তারা নিজের ১৮ বছর বয়সী ছেলে মেয়ে সেখানে যাওয়া শুরু করেছে শুনলে খুব খুশী হবে বলে মনে করেন ? প্রশ্নটা আগেও করেছিলাম। ধরেন না আপনার ১৫ বছরের মেয়ে তার এইম ইন লাইফ ঠিক করল ন্যুড ক্লাবে নাচা , তারপর ১৮ বছর হলেই ব্যাস, আর পায় কে, একেবারে কর্মে পরিনত করে দেখালো। আপনি দায়িত্বান বাবা কি উদারতার পরিচয় দিয়ে তাকে বাহবা দেবেন নাকি ১৫ বছর বয়সেই কষে দুই ধমক দিবেন?
:
>>Actually I did come across an American father who was proud of the fact that his daughter is a stripper. He was open about it. He was liberal. His argument is-her life is her life-she had freedom to do things as long as it is not harmful or illegal. What he missed is last part-
being a GoGo dancer is harmful to the girls because they tend to commit suicide due to unbalanced life thanks to raw money.

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০০৯ at ১০:১৩ অপরাহ্ণ
@বিপ্লব,

ব্যাতিক্রম সবখানেই আছে। সাধারণভাবে বিদেশেও কেউ, বিশেষ করে শিক্ষিত বা প্রফেশনাল ক্লাসের লোকজন চাইবে না যে তার সন্তান ন্যুড ড্যান্সার হোক।

আপনি নিজে কি চাইবেন আপনার ছেলে জেন্টেলম্যান্স ক্লাবে উদম হয়ে নাচছে??স্ত্রী সন্তান নিয়ে থাকার সময় কি এসব অঞ্চল থেকে শতহাত দূরে থাকেন না ? ন্যুড ক্লাব তো বহু দুরের ব্যাপার , একটা এডাল্ট ভিডীও ষ্টোর ও গলির মাথায় থাকলে ওই গলিতে ভদ্রলোকে থাকতে চায় না।

উত্তর আমেরিকায় আছি ১০ বছরের উপর হল, এদেশের কালচার মোটামুটি এখন বুঝি। ইউরোপের কথা জানি না, সবসময় শুনি তারা আরা বেশী লিবারেল।

আজ যদি আমি প্রস্তাব দেই যে আমাদের দেশের মাদ্রাসাগুলি বন্ধ ঘোষনা করা হোক তাহলে মোটামুটি ৯০% লোক রে রে করে তেড়ে আসবেন, কিন্তু নিজের ছেলেমেয়েকে কি তারা সেইসব মাদ্রাসায় পাঠাবেন? কোনদিন না। মাদ্রাসায় পরবে দরিদ্র শ্রেনীর লোকেরা। ভদ্রলোকেরা নিজেদের ছেলেমেয়েকে পাঠাবেন না, কিন্তু বন্ধ করার প্রস্তাব ও কিছুতেই মানবেন না। উত্তর আমেরিকাতেও এসব এডাল্ট ক্লাব সমপর্কে মানুষের মানসিকতা প্রায় একই।

সমকামিদেরকেও কি এদেশের সমাজ সহজভাবে নেয়? আমার কোনদিন মনে হয় না এখনো নেয় বলে। আমি যে বছর প্রথম আসি তার মাত্র কিছুদিন আগে আমার সেই ছোট শহর যেখানে অনেক বছর পর পর এক আধটা ক্রাইম ঘটে সেখানে এক সমকামী ছেলেকে ইন্টারনেটে সমকামীতার লোভ দেখিয়ে আর ২ জন ছেলে পৈশাচিক কায়দায় খুন করে। এ ঘটনা হয়ত এক্স ট্রীম, কিন্তু সমকামীদের মারধোর গালিগালাজের স্বীকার হওয়া মোটেও আনকমন না। কেউ ধরে নেবেন না আমি আবার সমকামীদের ঘৃণা করি। তবে সমকামীদের সাথে নিজের ছেলের বন্ধুত্ব হোক এটাও বেশীরভাগ বাবা মাই মনে হয় চাইবেন না।

*অভিজিৎ*এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০০৯ at ১২:৫২ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

সমকামীদের সাথে নিজের ছেলের বন্ধুত্ব হোক এটাও বেশীরভাগ বাবা মাই মনে হয় চাইবেন না।

আমার মনে হয় সময়ের সাথে সাথে এ সব ছুৎমার্গ চলে যাবে। বাংলা দেশে এমন অনেক অভিভাবক আছেন যারা নিজের ছেলেকে বিধর্মীদের সাথে মিশতে দিতে চান না। আমেরিকায় কিছুদিন আগেও সাদা চামড়ার লোকেরা তাদের ছেলেমেয়েদের কালোদের সাথে মিশতে দিতে চাইতো না - ভাবতো সন্তান নষ্ট হয়ে যাবে। সমকামীদের প্রতি নেতিবাচক মনোভাবের সাথে মানে 'সমকামীদের সাথে

নিজের ছেলের বন্ধুত্ব হোক এটাও বেশীরভাগ বাবা মাই মনে হয় চাইবেন না' - এই বক্তব্যের সাথে উপরের উদাহরণগুলো মিলিয়ে দেখুন - দেখবেন ব্যাপারটা আপনার চোখেই খেলো বলে মনে হবে। আসলে কোন বিশেষ ধর্মের উপর যেমন মানুষের ভাল খারাপ খুব বেশি নির্ভর করে না - তেমনি সেক্সুইয়াল ওরিয়েন্টেশনের উপরও নয়। সমকামীদের যেমন সমকামিতার লোভ দেখিয়ে খুন করা হয় , তেমনি আবার অনেক মেয়েকেও পয়সা প্রতিপত্তি কিংবা বিয়ের নাম করে ধর্ষণ করা হয়, এমন উদাহরণও কিন্তু আছে। কাজেই বিচ্ছিন্ন ভাবে কাউকে একঘরে করার কোন যুক্তি নেই। আমি জানিনা সমকামী কারো সাথে আপনার কখনো মোলাকাৎ হয়েছে কিনা, আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে দেখেছি তারা আমার আপনার মতই ভাল মানুষ। তারা নিজেরা সংখ্যালঘু বলে মানুষের প্রান্তিক অধিকারগুলো নিয়েও তারা অনেক বেশি সচেতন থাকে। আমার অফিসের অনেক মহিলা কর্মীই মনে করেন সমকামী পুরুষদের সাথে বরং তারা অনেকেই বেশি সচ্ছন্দ্যে কাজ করতে পারে - কারণ কোন যৌন হ্যারাসমেন্টের ভয় থাকে না। স্নিগ্ধা একটা লেখা লিখেছিলো অনেক আগে নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে - আপনিও পড়ে দেখতে পারেন -

সমকামীতা সম্পর্কিত কিছু ব্যক্তিগত মতামত
এ প্রসঙ্গে আপনার মতামত পেলে ভাল লাগবে।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০০৯ at ৫:১৫ পূর্বাহ্ণ
@অভিজিত,

আমি একমত যে একসময়ে সমকামীদের সম্পর্কেও মানুষের রিজার্ভেশন অনেক কমে যাবে। রিজার্ভেশন এখনো আছে এই কারনে যে সমকামীদের সম্পর্কে ধর্মওয়ালাদের মদদে জোর অপপ্রচার চালানো হয়। তাদের নরকের কীট, বর্বর অসভ্য পশুরও অধম এসব কথাবার্তা চালানো হয়। তবে মানুষ এখন দ্রুত বুঝতে পারছে ব্যাপারটা আসলে তা না। এখনো যেমন কালোদের সম্পর্কে চালানো হয়; প্রমান করার চেষ্টা করা হয় যে কালো মানেই বর্বর, সব কালোই ক্রিমিনাল। আমি পাশ্চাত্য কালচারকে অনেক দোষ ত্রূটি থাকার পরেও পছন্দ করি তার একটা বড় কারন এই কালচারে আমাদের মত মোটামুটিভাবে শিশুকাল থেকেই মানুষে মানুষে ভেদাভেদের বিষমন্ত্র দেওয়া হয় না এই জন্য। এ কারনে মানুষ শুধু মানুষ হিসেবেই এ কালচারে সম্মান পেতে পারে।

হ্যা, আমি আমার ক্ষুদ্র অভিজ্ঞতায় দুয়েকজন সমকামীর সাক্ষাত পেয়েছি , তবে তাদের সাথে অই পর্যায়ের ঘনিষ্টতা হয়নি যে এ বিষয়ে কথা বলি। তাদের দেখেছি এভারেজ থেকে অনেক নম্র ভদ্র ও ঠান্ডা মেজাজের। হতে পারে এটার কারন তাদের জীনের গঠানগত বা সংখ্যালঘূ মানুষ বলে হয়ত

একটা জানা শংকায় ভোগেন তাও হতে পারে। কিছুটা তিক্ত হলেও আমার একই ধরনের অবজার্ভেশন আছে বাংলাদেশের হিন্দুদের সম্পর্কেও। তারাও বেশীরভাগঈ খুব নম্র ভদ্র , গলা তুলে কথা বলেন এমন হিন্দু মনে হয় না তেমন দেখেছি বলে। মোটামুটিভাবে জা নি যে প্রায় বেশীরভাগ পুরুষ সমকামীই এমন। তবে লেসবিয়ানদের সম্পর্কে আমি নিশ্চিত না তেমন কিছু বলরে পারি বলে , ধারনা নেই।

তবে সমকামীদের সাথে বাবা মা ছেলে মেয়ে মিশতে দিতে চায় না মনে হয় সমকামী মানেই খারাপ এই ধারনা থেকে না; বরং তাদের আশংকা থাকে যে নিজের ছেলেমেয়েকেও যদি আবার না সম বানিয়ে দেয়।

তৃতীয় নয়ন এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০০৯ at ১১:১৯ অপরাহ্ন
@আদিল মাহমুদ,

ধরেন না আপনার ১৫ বছরের মেয়ে তার এইম ইন লাইফ ঠিক করল ন্যুড ক্লা বে নাচা, তারপর ১৮ বছর হলেই ব্যাস, আর পায় কে, একেবারে কর্মে পরিনত করে দেখালো। আপনি দায়িত্ববান বাবা কি উদারতার পরিচয় দিয়ে তাকে বাহবা দেবেন নাকি ১৫ বছর বয়সেই কষে দুই ধমক দিবেন?

খুবই জটিল প্রশ্ন। এখনো তো বাবা হই নাই। এসব অনেক দূরের ব্যাপার।দেখি কি করা যায়।

সময়ই বলে দিবে কি করতে হবে।

ইউরোপের সমাজ আরো বেশী লিবারেল এটা আমিও শুনেছি। ওখানে তো সমকামীদের বিয়ে হচ্ছে। অবশ্য তা উত্তর আমেরিকাতেও হচ্ছে।

4. 4

আদিল মাহমুদ
সেপ্টেম্বর ১৬, ২০০৯ সময়: ১০:৪৫ অপরাহ্ন লিঙ্ক

ঠিক একথাটিই আমি বলতে চাইছি।

শুধুমাত্র পোষাকের জন্য মানুষ নষ্ট হয়ে যায় এমন উদ্ভট ধারনা আমার বহু আগেই ভেঙ্গেছে।

আমাদের দেশে অতি রক্ষনশীলতার নামে ছেলে মেয়েদের স্বাভাবিক মেলামেশারই বলতে গেলে পথ নেই। আমি নিজে ১-১০ পর্যন্ত কো-এডে পড়েছি, এই দীর্ঘ ১০ বছর জীবনে মনে হয় হাতে গোণা দুয়েকবার সহপাঠিনীদের সাথে ভাব বাচ্যে হ্যা/না গোছের কথা হয়েছে। তাতে কি মানুষ সত চরিত্রবান হচ্ছে? মোটেও না। ফলাফল হল অধিকাংশ ছেলের প্রথম যৌন অভিজ্ঞতা হয় হয় কাজিন না হয় বাড়ির ঝি চাকরের সাথে।

তর্ক হতে পারে কোনটা তবে ঠিক? পাশ্চাত্য মত অতি উদারতা নাকি অতি রক্ষনশীলতা? আমার মতে দুয়ের মাঝামাঝি। তবে এই লাইন নির্নয় করা সহজ নয়।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০০৯ at ১১:০২ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

ফলাফল হল অধিকাংশ ছেলের প্রথম যৌন অভিজ্ঞতা হয় হয় কাজিন না হয় বাড়ির ঝি চাকরের সাথে।

আর এটা নিয়ে লিখতে গিয়েই তসলিমা ভিলেন হয়ে গেলেন। নিকটাত্মীয় বা পারিবারিক বন্ধুদের হাতে মলেস্টেড হয় নি এমন মেয়ে বাংলাদেশে বা ভারতে বিরল। আমেরিকাও অবশ্য কম যায় না। কিন্ত এখানে ঘটনা প্রকাশিত হয়, দোষিরা অনেক ক্ষেত্রেই শাস্তি পায়।

আমাদের দেশে অতি রক্ষনশীলতার নামে ছেলে মেয়েদের স্বাভাবিক মেলামেশারই বলতে গেলে পথ নেই। আমি নিজে ১-১০ পর্যন্ত কো-এডে পড়েছি, এই দীর্ঘ ১০ বছর জীবনে মনে হয় হাতে গোণা দুয়েকবার সহপাঠিনীদের সাথে ভাব বাচ্যে হ্যা/না গোছের কথা হয়েছে।

আমি বয়েজ স্কুলে পড়েছি আগাগোড়া ৫-১২। রামকৃষ্ণ মিশনের হোস্টেল চত্তরে সোম -শনি পর্যন্ত মেয়েদের প্রবেশ পর্যন্ত নিশিদ্ধ ছিল। আই আই টিতে গিয়ে বান্ধবীদের সাথে মিশতে সমস্যা হত। এটা

খুবই অস্বাভাবিক জীবন। আমাদের ধ্যান করে কামনা প্রশমিত করার উপদেশ দেওয়া হত। সেটা করা যায় ঠিকই-কিন্ত তা অস্বাভাবিক জীবনের জন্ম দেয়।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০০৯ at ১১:২৮ অপরাহ্ণ
@তৃতীয় নয়ন,

কানাডায় খুব সম্ভব ২০০৩ সালে থেকে গে ম্যারেজ আইনসিদ্ধ করা হয়েছে, তখন আমেরিকায় এর কড়া প্রতিবাদের ঝড় উঠে, বুশ নিজেও এর বিরুদ্ধে কিছু কথা বলেছিলেন। তবে এখন শুনি যে কিছু ষ্টেট এ মনে হয় আইন আছে। কানাডা সাধারনভাবে এসব ব্যাপারে আমেরিকা থেকে অনেক এগিয়ে।

তবে কল্পিত মেয়ের ভবিষ্যত ক্যারিয়ার প্রশ্ন সম্ভবত আপনি ইচ্ছে করে এড়াচ্ছেন, এখনো বাবা নাহলেও এ প্রশ্নের জবাব আপনার কাছে মনে হয় না অজানা। বিশেষ করে আমরা যারা বাংলাদেশী তাদের পক্ষে নিজের মেয়ের অমন পেশা কল্পনা করে সহজভাবে মেনে নেওয়াটা হবে অত্যন্ত বিস্ময়কর। পাশাত্যের লোকেরাই চাইবে না, তো আমরা কোন ছার, আস্তিক নাস্তিকে তেমন কিছু ইতর বিশেষ হবে না।

তৃতীয় নয়ন এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০০৯ at ১১:৫৪ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

পাশাত্যের লোকেরাই চাইবে না, তো আমরা কোন ছার, আস্তিক নাস্তিকে তেমন কিছু ইতর বিশেষ হবে না।

পাশ্চাত্যে এসব পেশায় যারা আসছে তাদের বাবা-মা অথবা পরিবারের অন্যান্য সদস্যদের কি মতামত? তারা কি সব সম্পর্ক ছিন্ন করেছে? কেউ কি স্বেচ্ছায় এই পেশায় আসে? আমি শুনেছি ন্যুড বারে কাজ করে অনেক স্বামী-স্ত্রী। হয়তো স্ত্রী স্ট্রীপার। আর স্বামী অন্য কোথাও কাজ করে। অথবা vice versa. এতে তাদের দাম্পত্য জীবনে কোন সমস্য হচ্ছে না। আমি শুধু কৌতুহলের কারণেই এসব জিজ্ঞাসা করছি। লিবারেল হওয়া মানেই যে সংগীকে ন্যু ড বারে কাজ দিতে হবে তা বলছিনা।

এও শুনেছি পাশ্চাত্যে বিশ্ববিদ্যালয়ে পড়াশুনার অনেক খরচ বলে অনেক মেয়ে দেহব্যবসা করে সেই খরচ মেটায়। এবং এসব মেয়ের মধ্যে বেশীরভাগই বিদেশী। আই মিন এশিয়া, মধ্যপ্রাচ্য আফ্রিকা থেকে আগত।

Biplab Pal এর জবাব:
সেপ্টেম্বর ১৯, ২০০৯ at ১:২৭ পূর্বাহ্ণ
@তৃতীয় নয়ন,

পাশ্চাত্যে এসব পেশায় যারা আসছে তাদের বাবা-মা অথবা পরিবারের অন্যান্য সদস্যদের কি মতামত?

>> খুব বেশী ভাবে বলে ত মনে হয় না। কিন্ত তারা ত আমাদের থেকে জীবন সংগ্রামে অনেক ব্যার্থ। তাদের ব্যার্থতা অনুসরন করতে যাব কি দুঃখে ?

তারা কি সব সম্পর্ক ছিন্ন করেছে?

না-স্ট্রীপার হওয়ারজন্যে কোন বাবা-মা তার কন্যাকে তাজ্যকন্যা করেছে এমন জানা নেই। তবে সেই আমেরিকান সমাজ মেইন স্ট্রিম আমেরিকান সমাজ না।

কেউ কি স্বেচ্ছায় এই পেশায় আসে? আমি শুনেছি ন্যুড বারে কাজ করে অনেক স্বামী -স্ত্রী। হয়তো স্ত্রী স্ট্রীপার। আর স্বামী অন্য কোথাও কাজ করে। অথবা vice versa. এতে তাদের দাম্পত্য জীবনে কোন সমস্য হচ্ছে না।

হ্যা, সবাই স্বেচ্ছাতেই আসে। মুলত কলেজ ছাত্রীরাই এই কাজ করে -কাঁচাটাকার লোভে। এবং তাদের বয়ফ্রেন্ড বা স্বামী অনেক ক্ষেত্রেই আছে। কিন্ত আমেরিকান পুরুষদের জীবনে গড়ে ৮ টি বিয়ে (গড়ে ৫৬ জন যৌন সঙ্গীনী)-মেয়েদের ও কাছাকাছি স্টাটিস্টিক্স। আমি সেই জীবন চাইব কেন? আমি ত ওদের চেয়ে অনেক ভাল আছি-অনেক বেশী প্রোডাক্টিভ সমাজ এবং আমার জন্যে। বিবর্তন মানলে আমার সাফল্যের চাবিকাঠি আমি সারা জ়ীবন কজন মেয়ের সাথে শুয়েছি তা না-আমার সন্তানেরা মানুষ হল কি না-সেটাই আসল।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৯, ২০০৯ at ৬:৫৯ অপরাহ্ণ
@তৃতীয় নয়ন,

আশা করি বিপ্লবের জবাব থেকে পাশাত্য বিশ্বের দৃষ্টিভংগী অনেকটা বুঝতে পেরেছেন।

আমি আরো পরিষ্কার বলি যে; এদেশে আপনি হয়ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, আপনার পাশের ফ্ল্যাটের প্রতিবেশী হিসেবে আপনি হয়ত একজন মোটর মেকানিক বা এমনকি বাথরুম পরিষ্কারকারী মেঈডকেও মেনে নিবেন, কিন্তু যেই মাত্র জানবেন যে পাশের ফ্ল্যাটে কোন ন্যুড ড্যান্সার এসে ভাড়া নিয়েছে অই মাত্র আপনি সেখানে থেকে পালাবেন। ফলাফল? যারা এসব প্রফেশনে আছে তাদের আসলে ভদ্রস্হ কোন যায়গায় ঠাই হয় না। তাদের ছেলেমেয়েও থাকলেও অন্য দশটা মানুষের ছেলেমেয়ের মত ভাল স্কুল কলেজে পড়ার সুযোগ খুব কমই পায়।

পাশ্চাত্যে যতই চেচাই না কেন যে সব পেশাই সমান, ন্যুড ড্যান্সার ও প্রফেসর সবারই অধিকার সমান তার পরেও আকাশ পাতাল পার্থক্য আছে। সমান এই অর্থে যে রাষ্ট্রীয় বা আইনের চোখে এদেশে আসলেই পার্থক্য নেই। কোন সরকারী অফিসে, মলে বা হাসপাতালে এই দুইয়ের কেউ গেলে দুজনকেই একই লাইনে দাড়াতে হবে, অধ্যাপক সাহেব বা সেনাবাহিনীর ব্রিগেডিয়ার বলে কোন স্যার স্যার বা হুজুর হুজুর নেই। কোন ন্যুড ড্যান্সার থানায় গিয়ে ধর্ষনের মামলা দিতে চাইলে পুলিশ কোনদিন হেসে খুন হবে না বা ধমকিয়ে বিদায় দেবে না , অন্য দশটা কেসের মতই সমান গুরুত্ত্ব দেবে। আমাদের দেশে যেমন অনেকে ধর্ষিতা হলে পুলিশ প্রমান করার চেষ্টা করে যে মেয়েটির আসলে চরিত্র খারাপ এখানে কোনদিন তেমন কিছু হবে না। প্রফেশনাল পতিতাও রেপকেস দিতে পারে। এখানেই আমার কাছে পাশ্চাত্য কালচারের মহত্ত্ব।

তবে এত কিছুর পরেও বলতে হবে যে আইনের চোখে সমান অধিকার ব্যাহারিক অর্থে পেলে ও সামাজিকভাবে তারা আসলেই মূল সমাজ থেকে অনেকটাই বিচ্ছিন্ন থাকে। এদের থাকতে হয় শহরের কিছু চিহ্নিত কিছু এলাকায়, জীবন সঙ্গী হিসেবে কোন ভদ্রলোকে (মানে পেশায়) এদের খুব কমই বেছে নেবে, হয়ত আড়ালে আবডালে দুদিন মজা লুটবে। কোন ইঞ্জিনিয়ার বা ডাক্তারের জীবন সংগী/সংগিনী ন্যুড বা জেন্টেলম্যান ড্যান্সার এমন উদাহরন পাওয়া গেলেও তা তবে ব্যাতিক্রম , সাধারন নয়। এদের জীবন সংগী বা বন্ধুবান্ধব সাধারণত হয় অপরাধ জগতের সাথে সম্পর্কযুক্ত লোকজন। তাই মানুষজন এদের প্রতিবেশী হিসেবে না চাইলে তাদের যে খুব দোষ দেওয়া যায় তা নয়।

আমিও শুনেছি কলেজ় বিশ্ববিদ্যালয়ের কিছু মেয়ে টিউশন ফি বা খরচ মেটাতে এই পেশা পার্ট টাইম হিসেবে বেছে নেয়। এসব পেশার সুবিধা হল পয়সা অনেক বেশী , সাধারণ পেশায় হয়ত ঘণ্টায় বড়জোর ১০ ডলার পাওয়া গেলে এসব পেশায় ৫০ ডলার কোন ব্যাপার না। আমি প্রথম আসার পরেই

এক বন্ধু বলেছিল যে মেয়ে তোমার সাথে একই ক্লাসে আছে রাতে হয়ত দেখালে সেই তোমার বাড়ি আসছে ল্যাপ ড্যান্স দিতে। আমি দুবার আমেরিকা/কানাডা দুদেশেই বিশ্ববিদ্যালয়ে গেছি, কোনদিন মনে হয়নি আমার ক্লাসের কোন মেয়ে এসব পেশায় আছে। অবশ্য তার মানে এই না যে কেউ নেই। অবশ্যই আছে। তবে তার অন্যদিন হল এসব পেশায় একবার নামলে আবার ভদ্রপেশায় বা জীবনে ফিরে যাওয়াটা খুব কঠিন। এমন বহু কাহিনী শুনেছি।

আর এদেশে মনে হয় আমাদের দেশের মত ঘোষনা করে ত্যাজ্য পুত্র/কণ্যা করার রেওয়াজ নেই। বাবা মা মেয়ে ন্যুড ড্যান্সার হল বলে যেমন হয়ত খুশী হবে না তেমনি ঘরের দরজা তার জন্য সারা জীবনের জন্য বন্ধ হল তেমন ঘোষনাও দেবে না। এর মূল কারন এদেশের কালচারে ১৮ বছরের পর ছেলেমেয়েকে অনেকটা ভিন্ন সত্ত্বার ধরে নেওয়া হয়। যেহেতু ব্যক্তি স্বাধীনতাকে অনেক বেশী দাম দেওয়া হয় তাই এ নিয়ে কেউ আর বাড়াবাড়ি করে না। বাবা মা ছেলেয়ের সম্পর্ক তখন হয়ে যায় অনেকটা ফরমাল।

5. 5

তৃতীয় নয়ন

সেপ্টেম্বর ১৭, ২০০৯ সময়: ১২:৩৩ পূর্বাহ্ণ লিঙ্ক

@ আদিল মাহমুদ ,

তর্ক হতে পারে কোনটা তবে ঠিক? পাশ্চাত্য মত অতি উদারতা নাকি অতি রক্ষনশীলতা? আমার মতে দুয়ের মাঝামাঝি। তবে এই লাইন নির্নয় করা সহজ নয়।

আসলে এর কোন সমাধান নেই। এই বিতর্ক অনন্তকাল ধরে চলতেই থাকবে। এই নিয়ে ভাবাই অর্থহীন। আপনি ঠিকই বলেছেন এই লাইন নির্ণয় করা সহজ নয়।

@ বিপ্লব পাল,

আমি বয়েজ স্কুলে পড়েছি আগাগোড়া ৫-১২। রামকৃষ্ণ মিশনের হোস্টেল চত্তরে সোম -শনি পর্যন্ত মেয়েদের প্রবেশ পর্যন্ত নিশিদ্ধ ছিল। আই আই টিতে গিয়ে বান্ধবীদের সাথে মিশতে সমস্যা হত।

আমিও ক্লাস ফাইভ পর্যন্ত কো এডুকেশনের পড়লেও হাইস্কু ল এবং কলেজ পুরা বয়েজ । যার ফলে এখন বিশ্ববিদ্যালয়ে এসে আমারো আপনার মত সমস্যা হচ্ছে। আমি যতই সহজ হওয়ার চেষ্টা করি না কেন, ছোটবেলা থেকে মেয়েদের সাথে একেবারেই না মেশার কারণে এখন বিশ্ববিদ্যালয়ে এসে অনেক মেয়ের মধ্যে পরে আমিও মাঝে মাঝে অস্বস্তি বোধ করি।

এখনো বাংলাদেশের সমাজে ছেলেমেয়ে বন্ধুত্ব নিয়ে সংস্কার রয়েছে। ভাবতে অবাক লাগে। বেশীরভাগ অভিভাবক, পিতামাতাই এখনো বিপরীত লিঙ্গের সাথে বন্ধুত্ব মেনে নিতে পারেনা। আমি বুঝিনা এর কারণ কি। শোনা যায় এখন যুগটা নাকি খুব আধুনিক। নতুন প্রজন্ম বিপরীত লিঙ্গের সাথে বন্ধুত্ব করছে। অথচ এই নতুন প্রজন্মেরই অনেকের মধ্যেই যখন তাদের বাড়িতে বিপরীত লিঙ্গের বন্ধু নিয়ে যাওয়ার ব্যাপারে টাবু কাজ করতে দেখি তখন আমি বিস্মিত হই!

---

1. *আদিল মাহমুদ* এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০০৯ at ৫:৪৫ অপরাহ্ণ

@তৃতীয় নয়ন,

এই ব্যালেন্স লাইন খোজা আসলেই অত্যন্ত কঠিন; এটা শেষ পর্যন্ত অনেকটা ব্যক্তিগত রুচি যা যার যার কালচার বা ধর্ম দ্বারা চরম ভাবে প্রভাবিত তার উপর নির্ভর করে। দেশ, কাল ভেদে এই দৃষ্টিভংগীর আকাশ পাতাল পার্থক্য হবে। তাই ২০০ বছর পরে আমাদের দেশেও যে নাইট ক্লাব/ন্যুড বার পাশ্চাত্যের থেকেও আরো বেশী হবে না তেমন নিশ্চয়তা দেওয়া যায় না।

তাই আমাদের বাংগালীর চোখে আজ যা অশালীন পাশ্চাত্যের মানুষের কাছে তা অত্যন্ত স্বাভাবিক। মাত্র ৩ হজার বছর আগেও ভাই-বোনের বিয়ে ছিল খুব স্বাভাবিক ব্যাপার। আজ আমাদের শুনলে কেমন মনে হয়? দক্ষিন ভারতে শুনেছি মামা এবং আপন ভাগ্নীর বিয়ে এখনো সামাজিক রেওয়াজ, আমাদের শুনলে অত্যন্ত কুরুচিপূর্ন মনে হয় না ?

তবে ভারতীয় বই পুস্তক পড়ে আমার নিশ্চিত ধারনা হয়েছে যে ছেলে -মেয়ের স্বাভাবিক মেলামেশা ভারতের সামগ্রীকভাবে তো বাংলাদেশ থেকে অনেক বেশী বটেই, এমনকি পশ্চীম বংগেও বেশী। তবে আমাদের দেশের এখনকার প্রজন্ম মনে হয় এদিক দিয়ে একটু ভাল অবস্থায় আছে।

ছেলে মেয়েদের স্বাভাবিক মেলামেশায় বাধা দেওয়ায় যে শুধু মেয়েদের সাথে মেলামেশায় জড়তা আসে তা নয়, এটার অন্য অনেক এফেক্ট ও আমার মনে হয় আছে যা আমরা সাদা চোখে দেখি না। এটা

আসলে আমাদের মানসিতা পুর্ণ করার প থে একটা বাধা, যার কারনে আমাদের দেশের বেশীরভাগ ছেলেময়ের ম্যাচুওরিটি আসতে দেরী হয়।

2. 6


Biplab Pal

সেপ্টেম্বর ১৭, ২০০৯ সময়: ৪:৫২ পূর্বাহ্ণ লিঙ্ক

মেয়েদের পোষাক নিয়ে হিন্দুদের মধ্যে আস্তে আস্তে জড়তা কাটছে ভারতে-তবে মুসলিমদের মধ্যে বাড়ছে। আগে বোরখা পড়া মেয়ে আমাদের ওদিকে ছিল বিরল প্রজাতি-এখন তারাই প্রধান উপজাতি। আবার জ্যাঠামশাইদের প্রতিবাদ ও আসছে-স্কুলে দিদিমনিদের সালোওয়ার পড়া নিয়ে বেশ কিছু ঝামেলা হয়েছে, যা পেপারে এসেছে। এমনকি মিশনের স্কুলগুলোতে সাদা কাপড়ের যায়গায় রঙীন শাড়ি পড়া নিয়েও আগের বছরই বিতর্ক হয়েছে। এগুলো ভাল লক্ষন। গনতন্ত্রে বিতর্ক চলু ক।

তবে আমাদের দিকের এই রামকৃষ্ণ মিশন স্কুলগুলো হচ্ছে সব থেকে গোঁড়া -ভাবা যায়-আমাদের সপ্তাহে ছদিন মেয়েদের মুখ দর্শন বন্ধ ছিল। টিভিতে খেলা আর সংবাদ ছাড়া অন্যকিছু দেখার অনুমতি নেই! তাও ১৬-১৮ বছর বয়সে। যেহেতু এগুলো সব থেকে ভাল রেসিডেন্সিয়াল স্কুল -সেহেতু ক্যারিয়ারের জন্যে না পড়ে উপায়ও থাকে না। ফলে আমার বন্ধুদের মধ্যে একটা বড় অংশই ধর্মের এইসব বাজে দিকের সাথে খুব ভালো করেই পরিচিত। আবার দর্শন চর্চা ওখানে ভাল রকম হত -তাই সেই ভাবে পুরোপুরি কেও ধর্মমুক্তও হতে পারে নি। কারন ওই ট্রেনিংগুলো জীবনে কাজে আসে।

3. 7


Akash Malik

সেপ্টেম্বর ১৭, ২০০৯ সময়: ৯:৩৩ পূর্বাহ্ণ লিঙ্ক

সমস্ত প্রবন্ধটি পড়ে শিরোনাম থেকে উপসংহার উদ্ধার করতে পারি নাই। মনে হয় প্রশ্নটি ছিল, একজন মানুষ প্রথমে আস্থিক তারপর নাস্থিক হয়ে আবার আস্থিকে কেন ফিরে যায় ? একটি কথা মনে

রাখা ভাল, নাস্থিক আর অবিশ্বাসী শব্দদুটোর অর্থ সমান নয়। এখানে যে অর্থে নাস্থিক শব্দ ব্যবহার হয়েছে সে অর্থে একজন মানুষ একইসাথে বিশ্বাসী আবার নাস্থিকও হতে পারে। *আমি ভুতে বিশ্বাস করি কিন্তু আল্লাহ বিশ্বাস করিনা।* ভুতের অস্থিত্বে বিশ্বাস করেও আমি নাস্থিক। দুনুটাই অন্ধ বিশ্বাস , এর জন্যে যুক্তি-প্রমান বা বস্তুবাদী জ্ঞানের কোন প্রয়োজন হয়না। পক্ষান্তরে অবিশ্বাসী হতে হলে কার্য-কারণ নির্ণয় বা বস্তুবাদী যুক্তিবাদী জ্ঞা ন অর্জন অত্যাবশ্যকীয়। বার্ধক্যতা, মানসিক বা দৈহিক দূর্বলতা, মৃত্যু বা পরকালের ভয় এর কোনটিই নাস্থিক্য থেকে আস্থিক্যে ফিরে যাওয়ার কারণ নয়। একজন মানুষ প্রথমে আস্থিক তারপর নাস্থিক হয়ে আবার আস্থিকে ফিরে যায় কারণ সে উল্লেখিত জ্ঞান অর্জন করে নাস্থিক হয়নি অর্থাৎ সে কোনদিনই (সংশয়বাদী/অবিশ্বাসী) নাস্থিক ছিলনা। সংশয়বাদী/ অবিশ্বাসী কোনদিন আস্থিক হতে পারেনা বা আস্থিক্যে ফিরে যেতে পারেনা।
ন্যুড ক্লাব ও তার সুপ্রভাব/ কুপ্রভাব নিয়ে যে শালীনতার -ভদ্রতার প্রশ্ন উঠেছে, কালের বিবর্তনে সুদুর ভবিষ্যতে প্রশ্নটিই অবান্তর-হাস্যকর হয়ে যাবে।

বিপ্লব পাল এর জবাব:

সেপ্টেম্বর ১৭, ২০০৯ at ৫:৪৩ অপরাহ্ণ

@Akash Malik,

@Akash Malik,

ন্যুড ক্লাব ও তার সুপ্রভাব/ কুপ্রভাব নিয়ে যে শালীনতার -ভদ্রতার প্রশ্ন উঠেছে, কালের বিবর্তনে সুদুর ভবিষ্যতে প্রশ্নটিই অবান্তর-হাস্যকর হয়ে যাবে।

কালের বিবর্তনে এই মানব গোষ্ঠি বা ধর্ম ও হারিয়ে যাবে। আল্লা যাবে আস্তাকুড়ে। সেসব সত্য। কিন্ত সাম্প্রতীক অতীতে তাকালে দেখা যায় বর্তমানে আমেরিকান মিউনিসিপালিটিগুলি নুড ক্লাবের ছাড় পত্র দিতে চাইছে না। শহরের বাইরে গিয়ে ক্লাব করতে বলছে। এটা ঠিকই ফ্যামিলি ব্যাপারটাই হয়ত আগামী ২০০ বছরের মধ্যে ইতিহাস হয়ে যাবে। ছেলে মেয়েরা কম্যুনিটিতে মানুষ হবে -বাবা মায়ের কাছে না। হতে অনেক কিছু পারে। সেসব আমরা জানি না। আমরা শুধু আমাদের কালে সমাজ ও সভ্যতাকে কি করে আরো উন্নত করা যায় সেই বিতর্কে নিয়োজিত।

লোকের নাস্তিকতা থেকে আস্তিকতায় ফেরার একটা মূল কারন হচ্ছে , বয়স বাড়ার সাথে সাথে মানসিক দুর্বলতাও বাড়ে-আসলে নানান টানা পোড়েনের মধ্যে থেকে সে নিজেকে বোঝায় যে আল্লার নামে সব ছেড়ে দিয়ে কাজ করলেই, মনে বেশ শান্তি আসছে-ব্যার্থতার জন্যে নিজেকে দোষারোপ

করতে হচ্ছে না। তাছাড়া পারিপার্শিক সমাজের সাথেও মিশতে সুবিধা - মিঠুন চক্রবর্তী এই কারনে নাস্তিকতা থেকে পরম আস্তিকতায় ফিরে যান।

আসলে এরা কেওই বস্তুবাদি দর্শন পড়ে নাস্তিক হয় নি।

তাছাড়া আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল মৃত্যুর ভয়। মৃত্যুভয় জয় করলে, নাস্তিক হওয়া এবং থেকে যাওয়া খুবই সহজ। নিৎসের মতন মরনে কি যায় আসে , জীবন ক্ষনিকের এক্সিডেন্টাল বাতিকা- এই মর্মে কেও ঢুকলে, নাস্তিকতা থেকে কেও বেড়োয় না। সমস্যা হচ্ছে, নিৎসের মতন জীবনের উদ্দেশ্য অর্থহীন ভাবলে দৈনন্দিন জীবন পালন ও কঠিন হয়।

মামুন এর জবাব:

সেপ্টেম্বর ১৮, ২০০৯ at ৩:১৪ অপরাহ্ণ

@Akash Malik,

১০০% সহমত পোষন করছি। :music:

ধন্যবাদ।

4. 8

রনি

সেপ্টেম্বর ১৭, ২০০৯ সময়: ১১:১৯ অপরাহ্ণ লিঙ্ক

নাহ লেখাটা পড়ে মজা পেলাম না। লেখার ধার কমে যাচ্ছে বিপ্লব দা।

5. 9

বিপ্লব পাল

সেপ্টেম্বর ১৮, ২০০৯ সময়: ১০:২৯ পূর্বাহ্ণ লিঙ্ক

কিছুটা তিক্ত হলেও আমার একই ধরনের অবজার্ভেশন আছে বাংলাদেশের হিন্দুদের সম্প র্কেও। তারাও বেশীরভাগঈ খুব নম্র ভদ্র, গলা তুলে কথা বলেন এমন হিন্দু মনে হয় না তেমন দেখেছি বলে।

হ্যা-এই অস্বাভাবিক ব্যাপারটা আমি ও লক্ষ্য করেছি। বাংলাদেশের হিন্দুরা কি এতই ভয়ে থাকে যে তাদের ব্যাবহার একদম মেয়েলী হয়ে গিয়েছে?

সংখ্যালঘু এবং গুরুর ব্যাপারটা আপেক্ষিক। আমেরিকাতে আমরাত সংখ্যালঘু -তবুও কখনোই সেটা এখানে আমরা অনুভব করি না। অবশ্য আজকাল এখানে যা অবস্থা -চাকরী, এপার্টমেন্ট, কন্ডো /টাউন হাউস কম্পপ্লেক্স, পার্ক-সর্বত্রই দেখি ভারতীয়রা সংখ্যাগুরু। তাই সংখ্যালঘুদের মানসিক অবস্থা কেমন হয়-জানার সৌভাগ্য হল না।

বাংলাদেশী হিন্দুরাই এই ব্যাপারে সত্য তথ্য আমাদের জানাতে পাড়বে।

আগন্তুক এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০০৯ at ৫:৪৬ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

আমি নিজেকে ‘হিন্দু’ বলি না তবে,হিন্দু উত্তরাধিকার আমার রক্তে আছে।বিবেকানন্দের লেখা পড়ে আমি প্রথাগত ধর্মে জলাঞ্জলি দিই ক্লাস সেভেন এ,আর রাহুল সাংকৃত্যায়নের মতের সাথে যৌক্তিক আন্তরিকতা খুঁজে পেয়ে ধর্ম ব্যাপারটিকে তাকে তুলে দিই স্কুল ছাড়ার আগেই! অজ্ঞেয়বাদী জীবনের পদে পদে অত্যন্ত তিক্ত সব অভিজ্ঞতা আমার হয়েছে।এবং এর প্রায় সবই ছিল আমার বাবা-মা’র ধর্ম-প্রীতির জন্য।

হ্যাঁ বাংলাদেশের হিন্দুরা রহস্যজনকভাবে অত্যধিক নম্র।এর কারণটা বোধহয় তসলিমাই ঠিক বলেছিলেন...

“ভারতে হয় দাঙ্গা,আমাদের এখানে হয় খুন”

বাবরি মসজিদ যখন ভাঙ্গা হয় আমি তখন শিশু।দেখেছি বাবা-মা'র চোখে অন্ধকার।দিনরাত আশঙ্কায় থাকতেন বাবা মা।স্কুলে যখন গেলাম ,অনেকেই বিব্রত করত 'চাঁড়াল' বলে,কারণ মামারা 'সাহা'।তখনো ধর্ম ,জাত মানতাম।বাবাকে জিজ্ঞেস করলাম বৈশ্য সাহা হওয়া সত্ত্বেও এই 'মণ্ডল' উপাধির মোড়লিপনা টিকিয়ে রাখতে 'চাঁড়াল ' গাল খাওয়া কেন?উত্তরে বাবা বললেন,ভারতে চলে যেতে হলে এই টাইটেল থেকে কিছু সুবিধা পাওয়া যাবে।অবস্থা তখন এতই খারাপ।আমি তখনকার কথা বলছি যখন আমারই শহরের মেয়ে এবং আমার বাবার জুনিয়র তসলিমার মুন্ডুর দাম নির্ধারিত হয়েছে।

না আমার বাবা ভারতে পালান নি।আমার দুই পিসি থাকা সত্ত্বেও ভারতে একটি টাকাও বাবা পাচার করেননি।কোন হিন্দু ভারত-প্রীতি দেখালে আমার গা জ্বালা করে।কিন্তু আসলেই কি তারা অন্যায় করে?

তসলিমা তার 'লজ্জা' তে বৈষম্যের যে ছবি এঁকেছেন তা এক জ্বলন্ত সত্যি।ভারতে এ,পি,জে,আবুল কালাম রাষ্ট্রপতি হন।আর বাংলাদেশে স্বাস্থ্যবিভাগের শ্রেষ্ঠতম অফিসারদের মধ্যে একজন হয়েও শুধুমাত্র হিন্দু হবার 'অপরাধে' আমার বাবাকে 'সিভিল সার্জন' না করে সমপর্যায়ের 'এসিস্ট্যান্ট ডিরেক্টর' করা হয়!কারণ একটা শহরের স্বাস্থ্যের সর্বময় ক্ষমতা একটা হিন্দুর হাতে দিতে পারত না বি,এন,পি-জামাত সরকার!বাবা বলেছিল যে,ওই সময় বাংলাদেশে একজনও হিন্দু সিভিল সার্জন ছিল না।যাহোক চাকরির শেষ পর্যায়ে বাবা ডিরেক্টর হয়েছেন।কিন্তু কোনদিন কি তিনি পারবেন এই বঞ্চনা ভুলে যেতে?

আমাদের শহরের বিখ্যাত গায়িকা মিতালি মুখার্জির ভাই মুসলিম বিয়ে করার পর তার ওপর মৌলবাদীদের হামলা হয়েছিল বলে মা'র কাছে শুনেছিলাম।শাহরুখ খান যেদিন পালিয়ে গৌরীকে বিয়ে করেছিলেন সেদিন তিনি আজকের 'বাদশাহ' খান হন নি।তিনি এতই দরিদ্র ছিলেন যে মায়ের জানাজার খরচটাও খুব কষ্টে যোগাড় করতে হয়েছিল তার।গৌরী ছিল সেনাকর্মকর্তার মেয়ে।

বাংলাদেশের কোন হতভাগ্য হিন্দু যুবক যদি কোন মুসলিম সেনাকর্মকর্তার মেয়ের সঙ্গে এহেন কীর্তি করে,তবে পরের দিনই তাঁর বুলেটে ঝাঁঝরা দেহ পাওয়া যাবে কোন ডাস্টবিনে।

আমি দুঃখিত যদি আমি একটুও আবেগপ্রবণ হয়ে থাকি।তবে কাঠখোট্টা যুক্তিবাদী মানুষ হিসেবে আমার বদনাম আছে।হিন্দু নামের জন্য আমিও অজস্রবার 'মালাউন' গাল খেয়েছি।আমি 'নম্র' ছিলাম না।তাই সেকেন্ডারি স্কুলে উঠে পালটা 'যবন' ডাকতে ছাড়তাম না।
ব্যক্তিগতভাবে অজ্ঞেয়বাদী হওয়া সত্ত্বেও ব্যাপারটা নিয়ে লিখলাম শুধু বিপ্লবদা 'র জন্য।অন্যথায় আস্তিক্যবাদী হিন্দুধর্মকে আমি তীব্রভাবে ঘৃণা করি।

আগন্তুক এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০০৯ at ৬:০১ অপরাহ্ণ
ইন্টারনেটের ভুতুড়ে আচরনের কারণ (যা মুলত গদাইলস্করী চালের ফলে উদ্ভুত) মাঝে মাঝে গলায় দড়ি দিতে ইচ্ছে করে।এডিট করতে পারছি না।কারণ পেজ আসছে না।ক্বোটেশন পড়বে শুধু তসলিমার লাইনে।


মুক্তমনা এডমিন এর জবাব:
সেপ্টেম্বর ১৯, ২০০৯ at ১১:৫৮ অপরাহ্ণ
@আগন্তুক,

আপনার মন্তব্যটি ঠিক করে দেয়া হয়েছে।

কোটেশন উদ্ধৃত করার সময় অনেকেরই এখনো ভুল হচ্ছে। যারা এখনো পারছেন না, তারা আরেকবার নীচের লিঙ্কটি দেখে নিন -

উদ্ধৃতি দিবো কিভাবে?
এ ছাড়া দেখুন প্রায়শ জিজ্ঞাস্য বা সাহায্য পাতাটি।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০০৯ at ৬:২১ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

বাংলাদেশে নন-মুসলিম নাম ধারন করার কি জ্বালা তা আমি জানি , খুব ছোটবেলা থেকেই দেখেছি , হিন্দু হবার কাফফারা ত আরো ব্যাপক, তবে তখন মনে হয় ব্যাপারটাকে আসলে এনজয় করতাম। শুনলে আজব মনে হবে, তবে শিশু অবস্থায় মানুষের মধ্যে অনেক নিষ্ঠুরতা দেখা যায়। ক্লাসের দুয়েকজন হিন্দু সহপাঠীকে কতভাবেই না নাস্তানাবুদ করতাম সেই শিশুকাল থেকেই। শিশুদের মনোবিকাশ তো তার পারিপার্শিক থেকেই হয়। যে শিশুদের মাথায় ঢোকানো হয় হিন্দু মানেই নোংরা, আল্লাহর শত্র্‌ নিশ্চিত দোযখে যাবে সেই শিশুদের আর কি দোষ? ময়মুরুব্বীদের দেখেছি, এখনো দেখি কারো হিন্দু নাম শুনলেই কিভাবে প্রথমেই তিতা অষুধ খাবার পর মুখ বিকৃত করেন। আড়ালে জাতপাত তুলে গালিগালাজের তো কথাই নেই। আমাদের অঞ্চলে হিন্দুদের কোড নাম “ড্যান্ডা”, আমি

জানি না এই নামেই উতস কি। তবে এখনো এই নাম মামা চাচাদের মাঝে চলে। মালাউন শব্দটা শুনেছি অনেক পরে।

আমি কিন্তু গ্রাম অঞ্চলে থাকিনি কখনোই, সারা জীবন ঢাকায় মানুষ, পড়েছি দেশের সেরা শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে। স্কুলের বাধ্যতামূলক ইসলাম ধর্ম ক্লাসে বেচারাদের যে কি বিব্রতকর অবস্থায় পড়তে হত সে এক করূন কাহিনী। দেশের সেরা বিশ্ববিদ্যালয়ে পড়ার সময়ও দেখেছি হিন্দু সহপাঠিরা কোনভাবেই আমাদের সাথে সহজ হতে পারে না, তাদের হোষ্টেল আলাদা, চলাফেরাও নিজেদের মধ্যে।

যেই ছেলে শিশুকাল থেকেই এমন পরিবেশে বড় হয় তার মানসিক বিকাশ আর কেমন হবে? সর্বক্ষনিক একটা অজানা ভীতির মধ্যে থাকবে।

ভারতীয়দের মধ্যে এই মানসিকতা তূলনামুলকভাবে কম থাকবে এটাই স্বাভাবিক। কারন ভারতে আধুনিক শিক্ষার ছাপ পড়েছে আমাদের থেকে অনেক আগে। টোল তুলে আধুনিক বিদ্যালয় না করলে যে এগুনো যাবে না তা তারা বুঝেছে ১০০ বছর আগে, আর আমরা এখনো উত্তরত্তর মাদ্রাসা শিক্ষায় বাজেট বাড়িয়ে চলেছি।

6. 10

আগন্তক

সেপ্টেম্বর ১৮, ২০০৯ সময়: ৬:১৮ অপরাহ্ণলিঙ্ক

ইতিমধ্যে কয়েক রাউন্ড তীব্র বকুনির স্বীকার হলাম এই সত্যগুলো লেখার জন্যে।মা-বাবাকে না বললেই হত।তাঁরা ভয়ে আছেন কারো রোষে পড়ি নাকি!আমিও ভয় পাই তাদের কথা ভেবে।তাই ছদ্মনাম! নইলে শিবির ইতিমধ্যে তিনবার আমায় হত্যার হুমকি দিয়েছে!

ভাইজানেরা মুক্তমনার নিরাপত্তার ব্যবস্থা কি ?মনে রাখবেন আমাদের প্রতিপক্ষ কিন্তু খালি তর্ক করে না,বোমাও মারে!!

7. 11

তৃতীয় নয়ন
সেপ্টেম্বর ১৮, ২০০৯ সময়: ১১:৩৮ অপরাহ্ন লিঙ্ক

আদিল মাহমুদ এবং আগন্তুকের কাছ থেকে বাংলাদেশে হিন্দুদের বঞ্চনার কাহিনী পড়ে খুব কষ্ট পেলাম। যদিও আমি নিজেও বাংলাদেশে থাকি কিন্তু এসব বিভৎস সাম্প্রদায়িকতার কাহিনী কতটুকুই বা আমাদের কানে আসে? এসব শুনে মাঝে মাঝে নিজের দেশের মানুষের উপর চরম ক্ষোভ হয়। ভাবতে অবাক লাগে যে এখনো এই সমাজে এই পরিমানে সাম্প্রদায়িকতা থাকতে পারে।

বলা হয় বাংলাদেশের মানুষ নাকি খুব অসাম্প্রদায়িক। এই কি তার নমুনা ? ঈদ আর দূর্গাপুজা পাশাপাশি পালিত হলেই দেশ অসাম্প্রদায়িক হয়ে যায় না। সত্যি সত্যিই যদি অসাম্প্রদায়িক কোন মানসিকতা আমরা অর্জন করতে না পারি তাহলে কেন মিছি মিছি নিজেদের অসাম্প্রদায়িক বলে আস্ফালন করা দরকার? কেন এই ভন্ডামি?

আসলে মধ্যপ্রাচ্য অথবা আফগানস্তান, পাকিস্তানের মুসলমানদের থেকে বাংলাদেশের মুসলমানরা গোঁড়ামী এবং ধর্মান্ধতায় খুব একটা পিছিয়ে নাই।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৯, ২০০৯ at ৪:০৮ পূর্বাহ্ণ
@তৃতীয় নয়ন,

আমি যেসব বলেছি সেগুলিকে কেউ মনে হয় আমাদের দেশে সাম্প্রদায়িকতা বলে মনে করবে না। সাম্প্রদায়িকতার সংজ্ঞা বেশীরভাগ মানুষের কাছে মানে হল বাবড়ি মসজিদ বা গুজরাট টাইপের দাঙ্গা। সেজন্য সাম্প্রদায়িক সমস্যা ভারতের যতটা না চোখে পড়ে আমাদেরগুলি পড়ে না। আমাদের দেশে আসলেই দাঙ্গা হয় না, হলে হয় একচেটিয়া অত্যাচার।

সাম্প্রদায়িকতা নেই কোনদিন বলা যাবে? যেদিন মানুষের ধর্মীয় পরিচয় গৌণ হয়ে যাবে সেদিন , যেদিন সংখ্যালঘু বলে কেউ থাকবে না সেদিন।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ১৯, ২০০৯ at ৪:২০ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
একমত। ধর্মের উচ্ছেদ না হলে, সাম্প্রদায়িকতা যাবে না।

8. 12

Biplab Pal
সেপ্টেম্বর ১৯, ২০০৯ সময়: ১:১৯ পূর্বাহ্ণ লিঙ্ক

আগন্তক
অনেক ধন্যবাদ। হিন্দুদের মধ্যেও রেসিজম পুরোমাত্রায় আছে-তবে ওরা আড়ালে আবডালে করে। ঘরের মধ্যে বলে। বাংলাদেশের মুসলমানদের অনেকেই সেই চক্ষুলজ্জাটুকুরও বালাই রাখে না। আসলে যারা নিজেদের হিন্দু বা মুসলমান ভাবে , তাদের দুটো গোত্র-ধান্ধাবাজ নইলে অজ্ঞ বা মূর্খ। এটা আমি প্রকাশ্যেই বলি। আমরা সবাই মানুষ এই ক থাটার মশাল বাতিকা চারিদিকে ছড়িয়ে দিতে হবে। এই নিয়ে আমার একটা ইউ টিউব ছিল

9. 13

আতিক রাঢ়ী
সেপ্টেম্বর ১৯, ২০০৯ সময়: ৪:৫৩ অপরাহ্ণ লিঙ্ক

উপাসনা ও তা থেকে প্রাপ্ত শান্তিতে যদি কোন আস্তিক তার কর্মকান্ড সীমাবদ্ধ রাখে তবে কারো কোন সমস্যা হবার কথা না। কিন্তু মানুষ দেয়াল না , তার উন্নতি ও অবনতি আছে। অনুশীলন থেকে উৎকর্ষতা জন্মায়। উপাসনাকারি ধীরে ধীরে আচার নিষ্ঠ হয়ে উঠে। তার পক্ষে স্বাধীন চিন্তা বজায় রাখা সম্ভব হয়ে উঠেনা।

জালালউদ্দিন রুমি বা রামকৃ্ন মধ্যে যে ভক্তি ও উদারতার প্রকাশ দেখা যায় তা আসলে সাম্প্রদায়িকতার গন্ডি ছাড়িয়ে বিশ্ব মানবতাবাদের জগতে উত্তরনের নমুনা।
যার পিছনের প্রেক্ষাপট তৈরি করে আবার যুক্তিবাদ।
এখন কথা হচ্ছে, ভক্তি ও যুক্তির মধ্যে কোনটা চর্চা করা ব্যাক্তি ও সমাজ জীবনে অধিকতর কাম্য হওয়া উচিৎ ? ভক্তের সবচেয়ে বড় সমস্য ও সুবিধা যে ,সে দেখে, কেবল মাত্র যেটুকু সে দেখতে চায়। আর যুক্তির সমস্যা ও সুবিধা হলো , তার দেখার কোন শেষ নেই। ফলে মানব সভ্যতার যা কিছু উন্নতি তা যুক্তিবাদের ফসল।
তাই সবাইকে বলবো একটি বিজ্ঞান মনস্ক ও যুক্তি নির্ভর সমাজ ব্যাবস্থা তৈরিতে সকলকে সাধ্যমত অবদান রাখতে কাজ করে যাওয়া উচিৎ।ভক্তিবাদ প্রচারের লোকের অভাব নেই।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৯, ২০০৯ at ৬:২৪ অপরাহ্ণ
@আতিক রাঢ়ী,

ধার্মিক হয়েও যে অন্যের ক্ষতি না করে বিশ্বমানবতার বানী ছড়ানো যায় সেটা জালালউদ্দিন রুমি বা রামকৃষ্ম দেখিয়ে গেছেন। তাই জঞ্জালমুক্ত বিশ্ব গড়তে অতি আবশ্যিকভাবে ধর্ম ঝেড়ে ফেলতে হবে তা মনে নয় ঠিক না।

তবে এর সাথে আরেকটি আবশ্যিক শর্ত থাকা উচিত, তাহল ধর্ম চর্চা হতে হবে সম্পূর্ণভাবে ব্যক্তি পর্যায়ে, রাষ্ট্রীয় পর্যায়ে বা যেখানেই অন্য মতের মানুষের আনাগোনা হতে পারে সেসব যায়গায় যেমন বিদ্যালয়, অফিস আদালত এসব যায়গায় ধর্মের চর্চা (সে যতই বিশ্ব মানবতার উদাত বাণী বা ভাল ভাল কথা হোক না কেন) কড়াভাবে নিষিদ্ধ করতে হবে। এই নিয়মটা মোটামুটিভাবে মেনে চলার কারনেই পাশাত্য বিশ্বেও বেশীরভাগ মানুষ ধার্মিক হলেও ধর্মের আনুসংগিক সমস্যাগুলি অনেক কম।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ২০, ২০০৯ at ১২:২৯ পূর্বাহ্ণ
@আতিক রাঢ়ী, এবং আদিল মাহমুদ

আপনারা সবাই একটু ভাবাবেগে অতিসরলীকরন করলেন।

রামকৃষ্ণ বা জালালুদ্দিনের ভক্তিভাব কিন্ত মানুষের মধ্যে বিব র্তনের পথেই এসেছে-কারন আমাদের সবার জীনেই আছে আলট্রুইজম-ওটা ত বাঁচার জন্যে ভীষন ভাবে দরকার।

তাহলে জীনের মধ্যে এত প্রেম গেল কোথায়? কেন হিন্দু মুসলমান দাঙ্গা হয়?

আমাদের জীনের মধ্যে ভালবাসা আর হিংসা দুটোই আছে। এবং বাঁচার প্রয়োজনে দুটোর ব্যাবহার হয়।

ভেবে দেখুন। যদি এমন হত এক বাংলাদেশী মুসলমান কৃষকের ৩০ একর জমি আর দুজন ছেলে মেয়ে আছে, সেকি তার পাশের বাড়ির হিন্দু কৃষক , ধরা যাক তার ৫০ একর জমি আছে-তাকে ভারতে পাঠাতে বাধ্য করত? সমস্যা হচ্ছে ঐ মুসলিম কৃষকের ৩ বিঘা জমিও নেই-আর ১০টা ছেলে মেয়েকে প্রতিপালন করতে হয়। সর্বদাই তারা অর্ধভুক্ত-দিনে একবেলা খেয়ে থাকে। দাঙ্গা হলে, সে ওই হিন্দু কৃষককে তাড়িয়ে, ৫ বিঘা দখল করে-বেঁচে থাকার সম্ভাবনা কিছু বাড়াতে পারে আর কি। ভালোবাসা আর হিংসা-দুটোই শ্রেফ সারভাইভাল গেম। আমি মশাই আমেরিকায় ভাল খাই দায় ঘুরে বেড়ায় - আমার পক্ষে -"সবাই মানুষ-হিংসা করোনা, ভালবাস এই সব বড় বড় কথা বলা এবং মানা সম্ভব"। কারন বেঁচে থাকার জন্যে আমাকে হিংসার সাহায্য নিতে হচ্ছে না। কিন্ত আমি যদি আজ আমেদাবাদের হকার হতাম, এবং দেখতাম দাঙ্গার ফলে কোন মুসলমান দোকানীর ঘর দখল করে ব্যাবসাটা আরেকটু ভালো করা সম্ভব , আমি হয়ত তাই করতাম। কারন পেটের জ্বালায় মানুষ মোটেও যুক্তিবাদি থাকে না-তখন যুক্তি একটাই সারভাইভাল।

ধর্ম মানুষকে কি শেখায় তাতে কিছু যায় আসে না। আসল বাস্তব হচ্ছে বিবর্তনের ফলে আমরা হিংসা এবং ভালবাসা দুটোরই উতরাধিকার পেয়েছি এবং চাই বা না চাই-বেঁচে থাকার জন্যে আমাদের এই উভয় নীতিরই প্রয়োগ করতে হয়। সুতরাং চাই এমন রাজনৈতিক সিস্টেম যেখানে সাপ্লাই থাকবে আমাদের ডিমান্ডের থেকে বেশী-এবং সবার হাতে তা ঠিক ঠাক পৌছানোরও দরকার।
মুসলিম দেশগুলিতে হিংসা এবং র‍্যাডিকালিজমের উত্থানের পেছনে ধর্মের চেয়েও আমি জনসংখ্যার বর্ধিত চাপকেই দায়ি করব বেশী। বাংলাদেশ, ভারত, পাকিস্থানে ধর্মীয় দাঙ্গার মূল কারন, বেঁচে থাকার রসদের অপ্রতুলতা-জনসংখ্যার অত্যাধিক বৃদ্ধি।
আমেরিকাতে আমরা সাদাদের চেয়ে অনেক বেশী উপায় করি-তাদের থেকে ভাল জায়গায় থাকিও। সেই জন্যে কি নিম্ন মধ্যবিত্ত সাদা চামরার লোকেরা আমাদের প্রতি হিংসাত্মক আচরন করবে? মোটেও না। কারন ২৫০০ ক্যালোরি খাবার আর সেক্স পেতে তাকে কোন কষ্ট করতে হয় না। এটাই বাংলাদেশে হয় না। ওখানে হিন্দুরা একটু ভাল করলে , মুসলিমরা হিংসাত্মক হতেই পারে-ধর্মের জন্যে ঠিক না-ওটা ওপরের কারন-জাস্ট এই ভেবে যে ওরা আমাদের রিসোর্স কেড়ে নিচ্ছে। বেসিক শ্রেনী দ্বন্দ। সেটাই ধর্মীয় দাঙ্গার রূপ নিয়ে থাকে।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ২০, ২০০৯ at ৯:২৪ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,

আপনার কথায় কঠিন যুক্তি আছে। সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা আসলেই বাধানো হয় কোন কায়েমি স্বার্থ হাসিলের জন্যই। উন্নত বিশ্বে তাই সাম্প্রদায়িক দাঙ্গা বাধানো এত সহজ নয়। তাই আমাদের দেশের সাথে পাশ্চাত্য বিশ্বের তূলনা আসলেই অনেকটা অসার। তারপরেও অবশ্যই বলতে হবে যে পাশ্চাত্যে যদি মানুষের ধর্মীয় পরিচয় এত বড় করে দেখা হত তবে নিশ্চিতই জীবন এত সহজ হত না। বিশেষ করে রাষ্ট্র কোন ধর্মের স্পনসর হলে অবস্থার অবনতি হবে জ্বিপি হারে।

তবে যে বেটা কোন সংখ্যালঘুর সম্পত্তি মেরে খাবার তাল করে সে অন্য যেকোন ছল চাতূরী করেই মনে হয় তা করবে। এক্ষেত্রে সহজ উপায় ধর্ম। যেমনি যে স্ত্রীকে পেটায় শরীয়তি আইনের দোহায় দিয়ে সেকি শরিয়া না থাকলে নেহায়েত ভাল মানুষ হয়ে যেত? মনে হয় না। আমি জাষ্টিফাই করছি না, শুধু সাধারণ ভাবনায় যা আসে বলছি।

তবে যাই বলেন সাম্প্রদায়িক সমস্যা যে শুধু সম্পত্তির লোভ থেকে হয় তা মোটেও নয়। বাবড়ি মসজিদ ভাংগতে যে হাজার হাজার হিন্দু জড় হয়েছিল তারা নিশ্চয়ই সবাই সম্পত্তি হাত করতে যায়নি। তাদের মতে কোন আদর্শ প্রতিষ্ঠার স্বার্থেই তারা জড় হয়েছিল। বলতে পারেন যে স্বার্থবাদী নেতারা তাদের ব্রেনওয়াশ করেছিল, তবে এরাও নেহায়েত সাধু নয়। পাশ্চাত্য বিশ্বে এভাবে মানুষের ব্রেনঅয়াশ মনে হয় না এত সহজ, কারন ধর্মের বিষদাত সেখানে গজাতেই দেওয়া হয় না।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ২০, ২০০৯ at ১২:০৯ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

তবে যাই বলেন সাম্প্রদায়িক সমস্যা যে শুধু সম্পত্তির লোভ থেকে হয় তা মোটেও নয়। বাবড়ি মসজিদ ভাংগতে যে হাজার হাজার হিন্দু জড় হয়েছিল তারা নিশ্চয়ই সবাই সম্পত্তি হাত করতে যায়নি। তাদের মতে কোন আদর্শ প্রতিষ্ঠার স্বার্থেই তারা জড় হয়েছিল। বলতে পারেন যে স্বার্থবাদী

নেতারা তাদের ব্রেনওয়াশ করেছিল, তবে এরাও নেহায়েত সাধু নয়। পাশ্চাত্য বিশ্বে এভাবে মানুষের ব্রেনঅয়াশ মনে হয় না এত সহজ, কারন ধর্মের বিষদাত সেখানে গজাতেই দেওয়া হয় না।

দুটো কারনে সহমত না
(১) গুজরাত ভারতের ধনীতম প্রদেশ হওয়া সত্ত্বেও ওখানে দাঙ্গা বেশী-তাই মনে হতে পারে, এটা ধর্মগত তফাত। কিন্ত সেটা ঠিক না। মুসলিমরা আমেদাবাদ এবং সুরাটের প্রাইম স্পটগুলোর আদি বাসিন্দা-কারন এগুলো মুঘল শহর ছিল এককালে। এখন রিয়াল এস্টেটের ওখানে আকাশ ছোয়া দাম। বাংলাদেশের হিন্দুদের যেমন করে কম দামে সম্পত্তি বেচে ভারতে আসতে হয় ওখানেও সেই ভাবে দাঙ্গার ছায়া ফেলা হচ্ছে, যাতে করে মুসলিমরা তাদের চোদ্দপুরুষের সম্পত্তি ফেলে পালাতে বাধ্য হয়।
(২) ভারতে মুসলিমদের বিরুদ্ধে হিন্দুদের গনরাগের কারন হল -সেই বস্তবাদি। অধিকাংশ মুসলিমই গরীব প্রান্তিক শ্রমিক-তাদের ধর্মের বিরুদ্ধে আবার রাগ কেন? না শুধু ধর্ম না। এখানে ব্যাপারটা হচ্ছে অধিকাংশ ভারতীয় মুসলিমরাই ৫-১০ জন ভাইবোনের সাথে জীবন যুদ্ধ করতে করতে বড় হয়ে ছে- কঠিন আর্থ সামাজিক কারনের জন্যে, তাদের অধিকাংশই অপরাধি জীবনে ঢুকেছে। ভারতের ২০% মুসলমান কোন কোন রাজ্যে ৭০% অপরাধী। এবার ভারতে হিন্দুরাও ত গরীব। ফলে তাদের মনে একটা ভয় ঢোকানো এবং দেখানোও খুব সহজ মুসলমানরা তাদের সম্পত্তি এবং ব্যাবসার দখল নেবে আস্তে আস্তে কারন তাদের দ্রুত হারে বংশ বৃদ্ধি হচ্ছে। এবং মুসলমানরাও ত তাদের ধার্মিক পরিচয়ে এত মশগুল, যে, এই ধারনাকে তারা নিজেদের ব্যাবহার দিয়ে আরো প্রশয় দিয়ে থাকে। ফলে এখন গোটা দেশটাই আগুনের ওপর আছে। কংগ্রেস যদ্দিন ক্ষমতাই আছে কিছু হবে না। বিজেপি একক ক্ষমতা হাতে পেলে, কি হবে কিছু বলা যাচ্ছে না।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ২০, ২০০৯ at ১০:৩০ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

আপনার ১ নং পয়েন্ট নিয়ে আপনারই একটা লেখা আগে পড়েছিলাম।

তবে ২নং পয়েন্টেঃ

ভারতে মোসলমানরা ক্রাইম বেশী করে এমন কোন ষ্ট্যাটিষ্টিক্যাল ট্রেন্ড আছে?

ভারতের মোসলমানরা খারাপ অবস্থায় আছে এটা জানি, তবে ভারতীয় কিছু মোসলমানদের মতে এর কারন ভয়াবহ রেসিজম। আমাদের দেশেরও প্রচলিত ধারনা সেটাই। আর কি করান হতে পারে?

ভারতে মোসলমানরা কেমন আছে এটা আমার কাছে কিছুটা ধাধার মত লাগে। একদিকে কয়েকজন মোসলমান প্রেসিডেন্ট, মন্ত্রী মিনিষ্টার…।আরেকদিকে অন্যকিছু বিপরীত ভয়াবাহ উদাহরন।

গত বছর আমাদের একটা ডানপন্থী পত্রিকায় ধর্মনিরপেক্ষ ভারতের আসল চেহারা বিষয়ক একটা লেখা পড়েছিলাম। তাতে একটা উদাহরন ছিল শাবানা আজমী নাকি মোসলমান বলেই বোম্বেতে বাড়ি পাচ্ছেন না। অবস্থা কি এতই খারাপ? এহেন সুপারষ্টারদের এই হাল হলে সাধারণ মোসলমানদের কি হয়?

http://sheddy73.wordpress.com/2008/08/18/racism-against-muslim-actors-in-india/
http://www.india.com/entertainment/movies/was_emraan_hashmi_a_victim_racism_5679

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ২১, ২০০৯ at ৫:৫৫ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ, সাবানা আজমীর ঘটনাটা সত্য। ভারতে হিন্দু-মুসলমানরা একই কমিনিউটিতে থাকে না। প্রফেশনাল মুসলিমদের সাথে হিন্দুদের কোন পার্থক্য নেই ভারতে -ধর্ম বা সংস্কার কোন কিছুতেই না। সবাই সেই বলিউডি আর ক্রিকেট কালচার এ মগ্ন -ক্রিকেট , বলিউড আর জব চেঞ্জ করা ভারতের আধুনিক মিডল ক্লা সের ধর্ম। এরা কুসংস্কারাচ্ছন্ন সবাই ষোলআনা। তবে বাকী গরীব মুসলিমদের কে শোষন করে না কে ? রাষ্ট্র, রাজনীতিবিদ, তাদের নিজের ধর্মের বড়লোক- সবাই। শোষন এবং বঞ্চনার ক্ষেত্রে ধর্ম আনা হাস্যকর। আসলে ধর্মটা উপসর্গ মাত্র। শুধুত ধর্মে মানুষে আলাদা হয় না-ভাষা বা অনেক কিছুতেই আলাদা হয়। লিমিটেড রিসোর্স থাকলে সেটাকেই কাজে লাগানো হয়।

মুসলিমদের মধ্যে বেশী অপরাধের হারের লিস্ট স্যাচার কমিটির রিপোর্টে ছিল।

http://www.faithfreedom.org/2009/05/02/sachar-committee-report-uncovered-backwardness-of-indias-muslims-part-5/

10. 14

Akash Malik

সেপ্টেম্বর ২০, ২০০৯ সময়: ৪:১৯ পূর্বাহ্ণ লিঙ্ক

জঞ্জালমুক্ত বিশ্ব গড়তে অতি আবশ্যিকভাবে ধর্ম ঝেড়ে ফেলতে হবে তা মনে নয় ঠিক না।

জানতে ইচ্ছে করে, ধর্ম ঝেড়ে ফেলে দিলে বিশ্বের বা মানব জীবনের ক্ষতিটা কি হবে?

জঞ্জালযুক্ত বই পড়ে, চর্চা করে অনুসরণ করে জঞ্জালমুক্ত পৃথিবী কি আশা করা যায়? পর্ণোগ্রাফিক বই স্কুলে ঘরে, খোলা বাজারে থাকবে আর বেশ্বালয় থাকবেনা এ কি হয়?

জালালউদ্দিন রুমি বা রামকৃষ্ণের মধ্যে যে ভক্তি ও উদারতার প্রকাশ দেখা যায় তা আসলে সাম্প্রদায়িকতার গন্ডি ছাড়িয়ে বিশ্ব মানবতাবাদের জগতে উত্তরনের নমুনা। যার পিছনের প্রেক্ষাপট তৈরি করে আবার যুক্তিবাদ।

যুক্তিবাদ আর ধর্মের সহাবস্থানের অপর নাম প্রতারণা। তাই যে দেশে জালালউদ্দিন রুমি বা রামকৃষ্ন এর জন্ম সে দেশেই মানবতার বাণী নিভৃতে কাঁদে আর সে দেশে আজও একজন ডারউইন, গ্যালিলিও, আইন্সটাইন, কোপার্নিকাসের জন্ম হয়নি।

11. 15

বিপ্লব পাল

সেপ্টেম্বর ২০, ২০০৯ সময়: ৯:২৩ পূর্বাহ্ণ লিঙ্ক

যুক্তিবাদ আর ধর্মের সহাবস্থানের অপর নাম প্রতারণা। তাই যে দেশে জালালউদ্দিন রুমি বা রামকৃষ্ন এর জন্ম সে দেশেই মানবতার বাণী নিভৃতে কাঁদে আর সে দেশে আজও একজন ডারউইন, গ্যালিলিও, আইন্সটাইন, কোপার্নিকাসের জন্ম হয়নি

ধার্মিকের ও যুক্তি আছে। সেটাকে ধর্মীয় অস্তিত্ববাদ (Theist existentialism) বলে.-সেটা হচ্ছে আমি ওই ভাবে 'বেটার' থাকি- আনন্দে থাকি। তাই যুক্তিবাদ কথাটা না বলে , বৈজ্ঞানিক দৃষ্টিভংগী কথাটা ব্যাবহার করা ঠিক।

তবে তার পরেও যুক্তিটা মানা গেল না।
(১) আমেরিকাতে সব থেকে বেশী নবেল লরিয়েট এই মুহূর্তে। আমেরিকা বেশ ধার্মিক দেশ। যে দেশে মাত্র ৩০% লোক ডারউইনে বিশ্বাস করে-তাদের দেশেই সব বিজ্ঞান-একে কি বলবেন? ভারতে শিক্ষিত অংশের মধ্যে এত % ডারুইন বিরোধি পাবেন না।
(২) বৌদ্ধ দর্শন এবং ভারতীয় বিজ্ঞান একই সাথে শ্রেষ্ট অবস্থানে পৌছে ছিল।
আর্যভট্ট, বরাহমিহির এরা বিজ্ঞানী ছিলেন না? শুধু ডারউইন আর আইনস্টাইনই বিজ্ঞানী ছিলেন ? আল জাবর বিজ্ঞানী ছিলেন না? ৭০০-১৩০০ শতাব্দিতে বিজ্ঞানের চর্চা আরবেই টিকে ছিল।
আরো ভাল করে ইতিহাস পড়ুন। দেখুন বিজ্ঞানের আবিস্কারের সাথে ধর্মের না -সম্পর্ক্ষী সাম্রাজ্যবাদের। আরব সাম্রাজ্যবাদ যখন শীর্ষে-তখন আরব বিজ্ঞান ও শীর্ষে। ইউরোপ এবং আমেরিকার জন্যেও এক কথা খাটে। সামরিক শক্তিতে বলিয়ান হতেই মূলত বিজ্ঞানের আবিস্কার এবং বিজ্ঞানীদের সামাজিক গুরুত্ব বাড়তে থাকে। আজকের আমেরিকাও তাই-৭০% বিজ্ঞানের গবেষনার পেছনে সামরিক উদ্ভাবনা কাজ করছে। ডারউইন বিগিউলে বেড়িয়েছিলেন-সেটা কোন ভারতীয়র পক্ষে সেদিন সম্ভব ছিল না। তাও ১৯১১-১৯৩০ সাল পর্যন্ত ভারতও বিজ্ঞান জগতে সিভি রমন, মেঘনাদ সাহা, সত্যেন বোস এবং জগদীশ চন্দ্রবোস কে আনতে পেরেছে। রেডিওর জন্যে মার্কনি নোবেল পেলেন, কিন্ত জগদীশ চন্দ্র পেলেন না। অথচ আজকে এটা ইতিহাস স্বীকৃত , জেসিবোসই প্রথম আবিস্বারক। মেগনাদ সাহা ৫ বার নমিনেটেড হয়েছেন-কিন্ত সব বারেই, তার জন্যে লবি করা জন্যে কেও ছিল না। সত্যেন বোসকে নোবেল না দিয়ে ভুল হয়েছে, সেটা শীর্ষ স্বানীয় সব পদার্থবিদই বলেছেন-ফের্মি, ডিরাকের সাথে তার এক সারিতেই বসার কথা। এর পর থেকে ভারতের বিজ্ঞান চর্চার মান নেমে গেছে-সেটা অন্য কথা। কিন্ত ওই কুড়ি বছর ভারতের বিজ্ঞান শত অসুবিধার মধ্যেও ইউরোপের সাথে পাল্লা দিয়েছে। এবং মনে রাখবেন সিভিরমন নিজে নাস্তিক বা নাস্তিক্য হিন্দু ধর্মে বিশ্বাস করলেও, নিজে ছিলেন চূড়ান্ত রক্ষনশীল। আব্দুস সালামও ধার্মিক ছিলেন। যদিও আজকের আমেরিকাতে বিজ্ঞানীদের মধ্যে অধিকাংশই নাস্তিক-তার মানে কিন্ত এই নয় কেও ধর্মে বিশ্বাস করলে বড় বিজ্ঞানী হতে পারবেন না। হিন্দু ধর্মে নাস্তিক্য ধর্মের স্বীকৃতি থাকায় ধর্মের সাথে ব্যাক্তিজীবনের সংঘাত হিন্দু বিজ্ঞানীদের মনে খুব একটা আসে না-বিশেষ করে যারা ছাপ রেখে যাওয়ার মতন কাজ করার ক্ষমতা রাখে। আমার প্রিয় একজন ভারতীয় অধ্যাপক, যাকে আমি নিজের দেখা সেরা পদার্থবিদ্যার শিক্ষক বলব-তিনিও নাস্তিক্য হিন্দু ধর্মের অনুসারী ছিলেন। এই দক্ষিন ভারতীয় শিক্ষকটি কপালের তিলক কেটে ক্লাস নিতেন -উনার মতন গভীর জ্ঞান খুব কম লোকেরই আছে! সত্যেন বোসের ছাত্র ছিলেন! সত্যেন বোস নিজেও নাস্তিক্য হিন্দুধর্মেরই অনুসারী ছিলেন। তবে মেঘনাদ সাহা যাকে বলে একদম মুক্তমনা স্টাইলের কট্ট্রর নাস্তিক মানুষ ছিলেন।
সুতরাং ধার্মিক হলেই ভাল বিজ্ঞানী হতে পারবেন না -সেটা ভুল ধারনা। ধর্ম বলতে তিনি কি বুঝছেন সেটাই গুরুত্বপূর্ন। ধর্ম=ধৃ+অনট -যা আমাদের ধরে রাখে। বা যে দর্শন আমাদের ধারন করে। কেও ঈশ্বর মানুক বা না মানুক, প্রথাগত দর্শন মানুক বা না মানুক, একটা ব্যক্তিগত দর্শন সবাইকে ধরে রাখে। সেটাই ধর্ম। আমার নিজস্ব দর্শন আছে বাঁচার জন্যে-সেটাই আমার ধর্ম। সেটা প্রথাগত ধর্ম হতে হবে-তার কোন মানে নেই। এবং এটাই বাস্তব ৬০০ কোটি লোকের আসলেই ৬০০ কোটি ধর্ম আছে।

12. 16

বিপ্লব পাল

সেপ্টেম্বর ২০, ২০০৯ সময়: ৯:২৮ অপরাহ্ণ লিঙ্ক

একটা অফ বিট পোষ্ট করছি। পরের বছর জানুয়ারী বা ফেব্রুমাসে কয়েক দিনের জন্যে বাংলাদেশ ঘুরতে যেতে চাই। ঢাকা দেখার ইচ্ছে নেই -আমি বরিশাল, ময়মনসিংহ,নোয়াখালি- এই সব জায়গা গুলো ঘুরতে চাই। আরো দক্ষিনের দুর্গম নদী দ্বীপগুলোতে যেতে পারলে আরো ভাল লাগবে। আসলে আমাদের ইতিহাসের সাথে এই সব জায়গাগুলো এত জড়িয়ে গেছে, নিজের চোখে দেখার খুব ইচ্ছা আছে। ঢাকা থেকে গাড়ি ভারা করে বেড়িয়ে পড়লে সেটা কি সেফ হবে? নাকি ট্রেনে গিয়ে লোক্যালি গাড়ি ভাড়া করা ভাল? না কি নৌকা ছাড়া অনেক জায়গায় উপায় নেই?

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ২০, ২০০৯ at ১০:১৪ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

ধণবাদ আপনার আমাদের দেশের প্রতি আগ্রহের কারনে (আমাদের কথাটা আসলে রাজনৈতিক অর্থে, জাতিগত অর্থে এর কোন মানে নেই)। দূঃখজনকভাবে আমাদের দেশের পর্যটন অত্যন্ত দূর্বল , ভারতের তূলনায় কিছুই না। ঢাকা চিটাগাং এর বাইরে থাকার ব্যাবস্থাও খুব বাজে। পর্যটনের কিছু মোটেল আছে, সেগুলি আগে বুকিং দিলে ভাল।

আমি উত্তর আমেরিকায় গাড়ি চালাই প্রায় ১০ বছর, কিন্তু আমাদের দেশে চালাতে সাহস করব না। ঢাকা/চিটাগাঙ্গের বাইরে মনে হয় না গাড়ী রেন্ট পাবেন, গাড়ি রেন্ট ঢাকায় আছে খুব সীমিত আকারে , তাও মনে হয় ড্রাইভার সমেত করতে হয়। আপনাকেও তেমনি করতে হবে, ঢাকার বাইরে যেতে হলে আপনি তেমন গাড়ি রেন্ট করে যেতে পারেন, দিনে ৩-৫ হাজার টাকা মনে হয় লাগবে।

শস্তা উপায় হবে ট্রেন/বাসে গিয়ে রিক্সা, বেবী টেক্সী ভাড়া করা। বেবী টেক্সী (এখন মনে হয় সব সিএনজি) খুব ভাল উপায় হতে পারে , ট্রেন/বাস ষ্টপ থেকে সরাসরি ভাড়া পাবেন, দিন হিসেবে নিতে

পারেন। তবে, এদের সাথে অনেক সময় প্রফেশনাল ছিনতাইকারীদের যোগ থাকে, এ ব্যাপারে খুব সাবধান। বুড়ো কিসিমের চালক ভাড়া করা মনে হয় কিছুটা সেফ।

শীতকালে বেশীরভাগ যায়গায় নৌকা চলে না। ময়মনসিং ঢাকা থেকে ট্রেনে ঘন্টা দুয়েক লাগে বাকীটা রিক্সা/সিএনজি তে কাভার করতে পারবেন।

নোয়াখালী ঘন্টা ৪ লাগবে, তবে চিটাগাং থেকে গেলে আরো কম সময়।

বরিশাল লঞ্চে যেতে পারেন, সেটাই বেটার। তবে শীতকালে আমাদের নদী নালা বেশীরভাগই শুকনো থাকে, তাই নৌপথ বড় নদীগুলি ছাড়া বন্ধ।

মিঠুন এর জবাব:
সেপ্টেম্বর ২০, ২০০৯ at ১০:৩৮ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

বিপ্লব দা, বরিশাল এলে শুধু আমাকে একবার জানাবেন। আপনার guidance এর পুরো দায়িত্ব আমার। আমি আপনাকে নদীর দেশের এমন সৌন্দর্যের সন্ধান দেব যে আপনি আর তাকে ছেড়ে ফিরে যেতে চাইবেন না।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ২১, ২০০৯ at ১:২৮ পূর্বাহ্ণ
@মিঠুন,
ভারতে আমার বাড়ির সামনে নদী-ঠিক এই নদীদের সন্ধানেই যেতে চাইছি, আদিল চাই ভয় দেখাচ্ছেন! ১৯৯৯ সালে যখন গিয়েছিলাম ঢাকায় তখন চারিদিকে শুধু জল সেপ্টেম্বর মাসে। উনি বলছেন শীত গ্রীষ্মে গেলে নদীগুলো দেখায় যাবে না-সবাই শুকিয়ে যায়। মানে নভেম্বর মাস ঘোরার জন্যে ঠিক হবে বোধ হয়।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ২১, ২০০৯ at ১:৩৮ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,

ঠিক ভয় না, সাবধান করছি আরকি। আপনি নদীর সৌন্দর্য দেখতে চাইলে আগষ্ট সেপ্টেমবর মনে হয় বেষ্ট। ওই সময় সবচেয়ে ভরা থাকে। তাহলে চাদপুর যেতে কিন্তু কোনভাবে ভুল করবেন না , ওখানে পদ্মা-মেঘনা-যমুনা সব এক হয়ে সাগড়ে পড়ে। ঢাকা থেকে লঞ্চ আছে ডিরেক্ট যা বরিশাল খুলনাতেও যায়।

13. 17

তৃতীয় নয়ন
সেপ্টেম্বর ২১, ২০০৯ সময়: ১:১৭ অপরাহ্ণ লিঙ্ক

@বিপ্লব পাল,

ঢাকার প্রতি এত depressed কেন? ঢাকায় একদিনও থাকবেননা তা কি হয়? যদি প্লেনে আসেন তাহলে তো ঢাকাতেই নামতে হবে। আমার বাসায় দাওয়াত রইলো।

দুর্ভাগ্যজনকভাবে ঢাকার বাইরে বাংলাদেশের অন্যান্য অঞ্চলের যাতায়াত ব্যবস্থা সম্পর্কে আমার জ্ঞান একেবারেই সীমিত। তাই ঢাকার বাইরের ব্যাপারে আপনাকে সাহায্য করতে পারছিনা। আসলেই ছোটবেলা থেকেই ঢাকাতেই বড় হয়েছি তো। গ্রামগঞ্জের ব্যাপারে আমি এক্কেবারেই আনাড়ী। তবে ঢাকাতে এলে আমি আপনাকে গাইড করবো।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ২১, ২০০৯ at ৫:৩৩ অপরাহ্ণ

@তৃতীয় নয়ন, আরে না না কোন অনীহা না-আগে ঢাকা দেখেছি। তাছাড়া বাংলাদেশের প্রান ত গ্রামেই-তাই না। আমি পশ্চিম বঙ্গে গেলেও কলকাতায় থাকি না দু একদিনের বেশী। ভারত বা বাংলাদেশকে চিনতে হলে, তার গ্রামে যেতেই হবে।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ২১, ২০০৯ at ৭:২২ অপরাহ্ন
@বিপ্লব পাল,

আপনি নদীর বিরল সৌন্দর্য দেখতে চাইলে পার্বত্য চট্টগ্রামে কিছু জনবিরল এলাকা আছে সেগুলতে যেতে পারেন। বান্দরবন, রাঙ্গামাটি এসব শহর থেকে নৌকা ভাড়া করে কয়েকদিনের জন্য বেরিয়ে যেতে পারেন পুরোপুরি ক্যাম্পিং ষ্টাইলে। নো বাথরুম , নো কিচেন নো বেডরুম। সবই নৌকোয় আর আশে পাশের জংগলে।

Biplab এর জবাব:
সেপ্টেম্বর ২১, ২০০৯ at ৮:১৫ অপরাহ্ন
@আদিল মাহমুদ,

Yes, I very much do that in India and USA...But in USA it is always organized. Being back to nature in most natural way, is always a gift you enjoy..

সমাপ্ত

https://www.amarblog.com/Tariq-Saleh/posts/171726

নাস্তিকের প্রকারভেদ

পৃথিবীতে প্রচলিত ধর্মগুলোতে মানুষের যুক্তিবোধ ও বিবেকবোধ ছোটবেলা থেকেই নষ্ট করে দেয়া হয় । আসলে যুক্তিবোধ ও বিবেকবোধের অভাবকে ধর্ম দ্বারা প্রতিস্থাপিত করা হয় । ধর্ম টিকে থাকার এটি একটি প্রধান অবলম্বন । একারণে ধার্মিকতাপ্রধান সমাজের মানুষের ভেতর বিচারবুদ্ধি ও সহজাত নীতিবোধ কম থাকে । এসব দেশে শুধু রাষ্ট্রযন্ত্র নয় বরং সাধরণ মানুষও সুযোগ পেলে দুর্নীতি করে । অন্যদিকে বিচারবুদ্ধি সম্পন্ন মানুষের ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ বেশি থাকে এবং ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ সম্পন্ন মানুষের বিবেকবোধ বেশি থাকে। প্রচলিত ধারনা মতে সাধারণত: যে ব্যক্তি কোন ধর্মে বিশ্বাসী নন তিনিই "নাস্তিক" বলে বিবেচিত হন । কিন্তু ব্যক্তিভেদে এই বিশ্বাস-অবিশ্বাস বিষয়টি অনেক জটিল।
যেমন:
ধর্মবিহীন আধ্যাত্মবাদী(Spiritual But Not Religious): যাঁরা প্রচলিত ধর্মবিশ্বাসে এবং প্রচলিত ধর্মগ্রন্থবর্ণিত ঈশ্বরে বিশ্বাসী নন, কিন্তু আধ্যাত্মিকতায় বিশ্বাসী, অর্থাত্ বস্তুবাদী নন, এঁদেরকে ধর্মবিহীন আধ্যাত্মবাদী বলা হয়।
গোঁড়া অজ্ঞেয়বাদী(Strict Agnostic): যাঁরা মনে করেন কোন ঐশ্বরিক শক্তি আছে কি নেই সে বিষয়ে কখনোই জানা সম্ভব নয় তাঁদের বলা হয় গোঁড়া অজ্ঞেয়বাদী।
আস্তিক অজ্ঞেয়বাদী(Agnostic Theist): যাঁরা মনে করেন কোন ঐশ্বরিক শক্তি আছে কি নেই সে বিষয়ে কখনোই জানা সম্ভব নয় কিন্তু ধর্মপালন করেন এঁদেরকে আস্তিক অজ্ঞেয়বাদী বলা হয় ।
অ্যাপাথিস্ট(Apatheist): ঈশ্বর থাকুক কিংবা না থাকুক এতে কিছুই এসে যায় না এঁদের বলা হয় অ্যাপাথিস্ট।
বস্তুবাদী(Materialist): যাঁরা কোন অলৌকিকতা ও আধ্যাত্মিকতায় বিশ্বাসী নন এবং যে কোন প্রশ্নে বিজ্ঞানপন্থী ও যুক্তিবাদী তাঁরা হচ্ছেন বস্তুবাদী ।
মূলত বস্তুবাদী চিন্তা-ভাবনাই আধুনিক বিজ্ঞান ও যুক্তিবাদের উৎস্য । বস্তুবাদীরাই বিজ্ঞান ও যুক্তির সবচেয়ে বড় সমর্থক এবং তাই বস্তুবাদী অবস্থাই মনের সবচেয়ে স্বাভাবিক অবস্থা ।

কমেন্ট

রবিবার, ২৮/০৭/২০১৩ - ০৪:২১ তারিখে দ্বিতীয়নাম বলেছেন

এইখানে আরো বিস্তারিত

সোমবার, ২৯/০৭/২০১৩ - ০২:৪৭ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

ধন্যবাদ।

রবিবার, ২৮/০৭/২০১৩ - ০৪:২৫ তারিখে সরকার পায়েল বলেছেন

নিজেকে আপনি কি মনে করেন বস্তু বা ঐশ্বরিক কোন কিছু ?

আমি যদি জিজ্ঞাস করি আপনি কোথায় আপনি বলবেন আমি এখানে কিন্তু আপনি আপনার দৃশ্যমান যে অংশেই ইঙ্গিত করবেন তা আপনার শরীরের কোন না কোন অংশ। যদি আপনার শরীরের ভেতরে যাই সেখানেও আপনার শরীরের অংশ। উত্তর আসে আমার শরীর বা শরীরের অংশ আপনাকে কোথাও পাইনা। আবার যখন আপনার শরীরে আপনি না থাকেন আপনার শরীর হয়ে যাবে নিথর। এই কথাগুলো এইজন্য বললাম কারণ আমার প্রশ্নটি এই দৃষ্টিকোণ থেকে করা।

আপনার প্রকারভেদ গুলো ভালো হয়েছে। তবে আরও কিছু ব্যখ্যা থাকলে আরও জানা যেত।

_____*l i l*______

মানুষ* মাত্রই জ্ঞানী

আমি মানুষ

আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

সোমবার, ২৯/০৭/২০১৩ - ০৩:০০ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

আমি নিজেকে পৃথিবীর লক্ষ-লক্ষ প্রজাতি প্রানীর মতই একটি ক্ষুদ্র প্রানী মনে করি। আমি পৃথিবীর অন্যপ্রজাতির প্রানীদের থেকে সভ্য, কিন্তু শ্রেষ্ঠতর নই।

মন্তব্যের জন্য ধন্যবাদ।

সোমবার, ২৯/০৭/২০১৩ - ০৪:০৬ তারিখে সরকার পায়েল বলেছেন

একটি মজার বিষয় কি জানেন , একমাত্র ধর্মই (সব ধর্ম) কোন কারণ ও যুক্তি ছাড়াই মানুষকে সৃষ্টির শ্রেষ্ঠ জীব ঘোষণা করে। আপনার যুক্তি হতে পারে সব ধর্মই মা নুষের সৃষ্টি তাই । এখন যদি আমি বলি মানুষ সৃষ্টির সবচেয়ে বোকা বা অসভ্য প্রাণী এবং তার যুক্তি যদি এভাবে দেখাই , মানুষ যে সংসার বা সংসারের মায়া নিয়ে সারা জীবন যুদ্ধ করে মরে গেলেই তা শেষ। মানুষ বা প্রাণী মাত্রই মৃত্যু হবে এটা সত্য । কিন্তু এই সত্য জানার পরেও মা নুষ জীবনের সংসারের মায়ায় যা করে অন্য একটি প্রাণীও তা করেনা । হয়ত অন্য সকল প্রাণী এই সত্যকে বহু আগেই মেনে নিয়েছে তাই সংসার নিয়ে তাদের তেমন মাথা ব্যথা নেই । অন্য একটি প্রাণীও সংসারের মায়ায় জড়ায় না । অন্য সকল প্রাণী আয়ত্ত করে ফেলেছে **মায়া ত্যাগের জ্ঞান।** তাহলে কি তা খুব ভুল বলা হবে ?

_____*I i I*_____

মানুষ* মাত্রই জ্ঞানী

আমি মানুষ

আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০১:৪০ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

মানুষ যে সংসার বা সংসারের মায়া নিয়ে সারা জীবন যুদ্ধ করে মরে গেলেই তা শেষ। মানুষ বা প্রাণী মাত্রই মৃত্যু হবে এটা সত্য । কিন্তু এই সত্য জানার পরেও মানুষ জীবনের সংসারের মায়ায় যা করে অন্য একটি প্রাণীও তা করেনা । হয়ত অন্য সকল প্রাণী এই সত্যকে বহু আগেই মেনে নিয়েছে তাই সংসার নিয়ে তাদের তেমন মাথা ব্যথা নেই । অন্য একটি প্রাণীও সংসারের মায়ায় জড়ায় না। অন্য সকল প্রাণী আয়ত্ত করে ফেলেছে "মায়া ত্যাগের জ্ঞান"। তাহলে কি তা খুব ভুল বলা হবে ?

আমার ধারনা আপনি হয়ত "পারপাস অফ লাইফ" নিয়ে অনেক চিন্তা করেন । কিন্তু আমি "পারপাস অফ লাইফ" নিয়ে খুব একটা চিন্তা করি না । কারন আমার মতে ,পৃথিবীতে এখন পর্যন্ত যত প্রজাতি এসেছে তাদের ৯৯.৯% ই যেহেতু বিলুপ্ত হয়ে গিয়েছে , তাদের কোন পারপাস নিশ্চয়ই ছিলনা। নিজেকে যদি শুধুই একটি প্রজাতির অংশ বলে মনে করতে আপনার আপত্তি না থাকে , তাহলে এটিও স্বীকার করতে হবে হোমো স্যাপিয়েন্সেরও একদিন বিলুপ্ত হয়ে যাবার প্রবল সম্ভাবনা আছে , সুতরাং এই প্রায় নিশ্চিত ভবিষ্যৎ বিলুপ্ত প্রজাতির পারপাস অফ লাইফ খোঁজা নিতান্তই বাতুলতা।
আমার এই ক্ষদ্র পোস্টে আপনার মূল্যবান সময় নষ্ট করার জন্য ধন্যবাদ ।

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০১:৫০ তারিখে সরকার পায়েল বলেছেন

> ঠিক বলেছেন বিষয়টি নিয়ে ভাবি । মানুষ হিসেবে আর কাজ কি ? উত্তর খোজা কেন আসলাম ? আপনার বিশ্বাস বা মত অনুযায়ী হয়ত এক সময় বিলুপ্ত হয়ে যাব । যুক্তিসঙ্গত কিন্তু তাই বলে ভাবনার দরজাটা বন্ধ করে দেয়ার পক্ষে আমি না। ধন্যবাদ।

____*। i ।*_____
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

সোমবার, ২৯/০৭/২০১৩ - ০৯:২৮ তারিখে হাসিনুর বলেছেন

পায়েল ভাই আপনার প্রথম কমেন্টটা খুব ভালো হইছে। আপনার চিন্তাশিলতার প্রমাণ। শুভ কামনা।

____
যবে উৎপীড়িতের ক্রন্দন-রোল আকাশে বাতাসে ধ্বনিবে না
অত্যাচারীর খড়্গ কৃপাণ ভীম রণ-ভূমে রণিবে না
বিদ্রোহী রণক্লান্ত
আমি সেই দিন হব শান্ত ------বিদ্রোহি কবি

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০১:২১ তারিখে সরকার পায়েল বলেছেন

> হাসিনুর ভাই ধন্যবাদ ।
____*। i ।*_____
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

সোমবার, ২৯/০৭/২০১৩ - ১৪:০৭ তারিখে ধ্রুবতারা বলেছেন

আপনার কথা শুনে মনে হচ্ছে বিজ্ঞান শব্দটার অর্থই জানেন না।

বিজ্ঞানের অর্থই হলো বিশেষ জ্ঞান। সেই বিশেষ জ্ঞানের কাজ কি ?

কাজ হলো - সত্য আবিস্কার করা। বিজ্ঞান বহু রকম। তার মধ্যে যেমন পদার্থ বিদ্যার কাজ হলো- প্রকৃতি রাজ্য কোন ভৌত বিধি দ্বারা চালিত হয় তা খুজে বের করা। জীববিজ্ঞানের কাজ হলো - জীব জগত কিভাবে বেঁচে থাকে ও বিবর্তিত হয় তা বের করা।

এখন এই সব কাজ করতে গেলে নিত্য নতুন সমস্যা দেখা দেয় তখন পূর্ব বর্তী কোন বিধান দ্বারা এ সমস্যাটাকে ব্যখ্যা করা না গেলে বিধানটা সংস্কার করা হয়। এভাবে বিজ্ঞান ক্রমাগত আমাদেরকে অধিকতর সত্য জ্ঞান দিয়ে চলেছে।

তাই বিজ্ঞানের সাথে ধর্মের কোন তুলনাই চলে না। কারন ধর্মের ভিত্তিটাই হলো বিশ্বাস। সেখানে কোন কিছু পরীক্ষা নিরীক্ষা করা যায় না। তাই প্রকৃত সত্য তো দুরের কথা সত্যের ধারে কাছে যাওয়াও সম্ভব নয় ধর্মের মাধ্যমে। যেমন - মুহাম্মদ হঠাৎ এক সকালে দাবী করল সে গত রাতে গাধার পিঠে চড়ে সাত আসমান ঘুরে এসেছে। এটা সত্য প্রমানের কোন সম্ভাবনা কোন দিন নাই। এখন যদি কোনদিন দেখা যায় যে মানুষ সত্যি সত্যি বিজ্ঞান ও প্রযুক্তির কল্যানে সাত আসমান ঘুরে আসতে পারছে তাহলেও মুহাম্মদের এই কিচ্ছা কোনদিন প্রমান করা যাবে না। তখন বিষয়টা হবে কাকতালীয়। যে কোন পাগল বা উন্মাদ-ও স্বপ্ন দেখে বলতে পারে যে সে পরীর ডানায় ভর করে বেহেস্তে গেছিল বেড়াতে। আর সেটা কোনদিন বিজ্ঞান ও প্রযুক্তির কল্যানে সম্ভব হলেও উক্ত পাগল বা উন্মাদকে বলা যাবে না যে সে এই ভবিষ্যদ্বানী করেছিল কোন এক দিন।

বর্তমানের অনেক তথাকথিত শিক্ষিত লোকও এটা বোঝে না , কারন বিশ্বাসের দ্বারা তাদের স্বাধীন বিচার বুদ্ধি জমাট বেধে গেছে।

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০১:২৪ তারিখে সরকার পায়েল বলেছেন

> বিজ্ঞানের খুব ভালো কিছু যুক্তি আছে । কিন্তু বিজ্ঞান চিরন্তন সত্য নয় ।

চিরন্তন সত্য অর্থ শেষ অর্থাৎ এর বাইরে জানার কিছু নাই । কি ন্তু বিজ্ঞান "এর বাইরে জানার কিছু নাই" এই তত্ত্বে স্থির নয় । বিজ্ঞানের জিজ্ঞাসা অনেক গভীর , অনেক প্রশ্ন । বিজ্ঞানে শেষ বলে কিছু নেই।

_____*l i l*_____

মানুষ* মাত্রই জ্ঞানী

আমি মানুষ

আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০২:০৮ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

সহমত।
মন্তব্যের জন্য ধন্যবাদ ।

রবিবার, ২৮/০৭/২০১৩ - ১৪:৩৬ তারিখে মূর্খ চাষা বলেছেন

খুব ভাল উপলব্ধি ।

সোমবার, ২৯/০৭/২০১৩ - ০৩:০০ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

ধন্যবাদ।

রবিবার, ২৮/০৭/২০১৩ - ১৪:৪৮ তারিখে অ্যাথিস্ট বলেছেন

Materialist রা বিজ্ঞানের সমর্থক বটে , বিজ্ঞানের উৎকর্ষে তেমন ভুমিকা না থাকায় Disturbing বোঝা হিসাবে বিবেচিত

Aethist

সোমবার, ২৯/০৭/২০১৩ - ০৩:০৪ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

বস্তুবাদী চিন্তাধারাই আধুনিক বিঙ্গান ও যুক্তিবাদের উৎস ।

সোমবার, ২৯/০৭/২০১৩ - ০৪:১৩ তারিখে সরকার পায়েল বলেছেন

আধুনিক বিজ্ঞান কি ? চিরন্তন কোন সত্য কি ? না । বিজ্ঞান কোন চিরন্তন সত্য নয় , প্রতি নিয়ত পরিবর্তন শীল একটি বিষয় বিজ্ঞান । যা কোন কিছুর মাপকাঠি বা যাচা ইয়ের কষ্টি পাথর হতে পারেনা । কারণ বিজ্ঞান নিজেই কোথাও স্থির না সে পরিবর্তনশীল। আজ বিজ্ঞান যেটাকে ঠিক বলে কাল তা ভুল বলে এবং নতুন কোন তথ্য দেয়। যারা বিজ্ঞানের উপর ভিত্তি করে বিশ্বাস করে তাদের বিশ্বাসের ভিত্তি বেশ দুর্বল কারণ বিজ্ঞান নিজেই নিজেকে বিশ্বাস করেনা বা চির সঠিক বা চিরন্তন সত্য এই রায় দেয়না।

_____*। i।*_____
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০২:০৫ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

আধুনিক বিজ্ঞান কি ? চিরন্তন কোন সত্য কি ? না । বিজ্ঞান কোন চিরন্তন সত্য নয়, প্রতি নিয়ত পরিবর্তন শীল একটি বিষয় বিজ্ঞান।

সহমত ।
কিন্তু, র্ধমগুলো কি ঐশ্বরিক, নাকি ইসলামী সাম্রাজ্যবাদ/ খ্রীষ্টান সাম্রাজ্যবাদ গঠনের জন্য কোন সুদক্ষ নেতা কিংবা রাজনীতিবিদের মাথা থেকে বের হওয়া কোন বিধান ???

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০২:১৪ তারিখে সরকার পায়েল বলেছেন

> ভালো যুক্তি । এক কথায় উত্তর দেয়া কঠিন আমিও ঠিক একই কথাই ভাবছি ।চেষ্টা করব একটি পোস্ট দেয়ার । কতটা সঠিক তা হয়ত আপনাদের ভবনা ও যুক্তি বলে দিবে।

_____*। i।*_____
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

সোমবার, ২৯/০৭/২০১৩ - ১০:৫১ তারিখে মূর্খ চাষা বলেছেন

পায়েল ভাই, বিজ্ঞানের উদ্ভাবন বা তত্ত্বে কত % ভুল হয় বা পরিবর্তন হয় ? পাশাপাশি ধর্মে কত % ভুল / বিতর্কিত বিষয় আছে ? ধর্ম যদি স্বয়ং আল্লাহর বানী হয়ে থাকে, উনি যদি সর্ব শক্তিমান , সর্ব জ্ঞানী হন তাহলে তো তার বানীতে ০।০০০০০০১% ও ভুল থাকার কথা না । তাইলে কেমনে কি ?

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

সোমবার, ২৯/০৭/২০১৩ - ১৩:১৯ তারিখে দ্বিতীয়নাম বলেছেন

আপনি মিসআন্ডারস্টান্ডিং বুঝতাছেন। বাইবেল , তোরাহ, বেদ, ত্রিপিটকে ভুল থাকতেই পারে কিন্তু কোরানে কুন ভূল নাই।

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০১:১৯ তারিখে সরকার পায়েল বলেছেন

> মূর্খ ভাই ঈশ্বরের বাণী বুঝতে হলে আগে জানতে হবে ঈশ্বর কি ? কিন্তু মানুষ ঈশ্বর বিষয়ে কেবল এইটুকু জানে ঈশ্বর সব কিছু পারেন সব কিছুর মালিক । খুব অস্প ষ্ট ধারণা । আবার কারও মতে ঈশ্বর নাই।বিশ্বাসের এত পার্থক্যের মাঝে সঠিক উত্তর বের করা শুধু কঠিন নয় , অসম্ভব । আগে স্থির হতে হবে কি জানতে চাই অথবা জানতে চাই কি না । তারপর ভুল শুদ্ধের বিচার ।

_____*।।।*______

মানুষ* মাত্রই জ্ঞানী

আমি মানুষ

আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০১:৩৩ তারিখে মূর্খ চাষা বলেছেন

সরকার ভাই, অন্ধের দেখা ও সাধারনের দেখার মধ্যে পার্থক্য আছে । যে যাই দেখুক বা বিশ্বাস করুক না কেন তাতে কারও কিছু যায় আসে না । যখন কেউ নিজের বিশ্বাসকে অন্যকে বিশ্বাস করতে বাধ্য করতে চায় , তখনই সমস্যা সৃস্টি হয় । আপনি নিজেই যা বুঝেন না তা কেন অপরকে বুঝাতে চান ? ব্লগে যেহেতু এসেছেন সেহেতু আপনাকে যুক্তিবাদী হতে হবে । কে কি জানতে চায় অথবা জানতে চায়

কিনা তা তার নিজের বিষয় । কিন্তু আপনি যখন আমাকে কিছু জানাতে বা শিখাতে যাবেন তখন তা আমার মত করেই শিখাতে হবে মানে আমার প্রশ্নের উত্তর টু দ্যা পয়েন্ট দিতে হবে । যদি সেই যোগ্যতা না থাকে তাহলে কাউকে শিখাতে আসাটা কি বুদ্ধিমানের পরিচয় বহন করে ?

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০১:৪৬ তারিখে সরকার পায়েল বলেছেন

> ক্ষমা করবেন । আমার কথার কোথাও কাউকে জ্ঞান দেয়ার বিষয়টি স্পষ্ট নয় । কারণ আমার নিজেরই অনেক প্রশ্ন । কাউকে কোন জ্ঞান দেয়ার মত কোন ধরনের বিন্দু মাত্র ইচ্ছা বা জ্ঞান আমার নেই । যা বলি নিজের কিছু কথা ব্যাস । কারও বিশ্বাস নিয়ে আমার কোন মাথা ব্যথা নাই । আপনার বিশ্বাস আপনার কাছে , ঈশ্বর নিয়ে কি ভাবেন তাও আপনার বিষয়। আমি শুধু আমার ধারনার কথাই বলেছি । স্থির বা অবশ্যই মানতে হবে এমন কিছু আমার মন্তব্যে নেই।

____*I i I*_____

মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ০২:০৫ তারিখে মূর্খ চাষা বলেছেন

সরকার ভাই, আমার বক্তব্য কিন্তু আপনাকে উদ্দেশ্য করে না । আমার বক্তব্যে যদি আপনি দুঃখ পান তাহলে আমি সরি । আমার কথা গুলো কিন্তু সার্জনিন , আমার জন্যেও প্রযোজ্য । সরি এগেইন । আমার আগের মন্তব্য ছিল যে গ্রন্থে সামান্যতম ভুল ভ্রান্তি আছে তাহা ঈশ্বরের বানী হতে পারে না । কারন ঈশ্বরের কোন ভুল হতে পারে না ।

http://mukto-mona.com/bangla_blog/?p=4470

নাস্তিকতাও একটি ধর্ম (কিংবা বিশ্বাস) হলে -

তারিখ: ৩০ পৌষ ১৪১৬ (জানুয়ারি ১৩, ২০১০)

লিখেছেন: অভিজিৎ

ভাবছি দর্শন শাস্ত্রের প্রচলিত কিছু শব্দার্থ বিশ্লেষণ করে গুটি কয় হাল্কা ধরনের পোস্ট দেব সামনে। আমি দেখছি মুক্তমনায় লেখেন অথচ দর্শনের প্রান্তিক কিছু ব্যাপারে খুব অস্পষ্ট ধারনা রাখেন আমাদের অনেকেই। অনেকেই জানেন না আদি কারণ সম্বন্ধে, অক্কামের ক্ষুর কিংবা প্যাস্কালের ওয়েজার সম্বন্ধে, কিংবা গুলিয়ে ফেলেন নাস্তিকতাও একটি ধর্ম কিনা এ বিষয়ে। আমি এর আগে মেসবাহউদ্দিন জওহের নামে এক ভদ্রলোকের সাথে বিতর্ক করতে গিয়ে এগুলো নিয়ে বিচ্ছিন্নভাবে কিছু লিখেছিলাম। ভাবছি ছোট আকারে দু চারটি লেখায় বিষয়গুলো আবারো তুলে আনবো। মুক্তমনা ব্লগে বিষয়গুলোর আলাদা উপস্থিতি দাবী করে বলে আমার ধারণা।

আমি দেখেছি অনেকেই বুঝে হোক, না বুঝে হোক, এই ব্যাপারটি মাঝে মধ্যে এভাবেই আউরে দেন যে, আস্তিক্যবাদের মত নাস্তিক্যবাদও একধরনের বিশ্বাস। আস্তিকরা যেমন 'ঈশ্বর আছে' এই মতবাদে বিশ্বাস করে, তেমন নাস্তিকরা বিশ্বাস করে 'ঈশ্বর নেই' - এই মতবাদে। দুটোই নাকি বিশ্বাস। যেমন, এই ব্লগে শামীম সাহেব রায়হানকে উত্তর দিতে গিয়ে বলেছেন -

'নাস্তিক মানেই বিশ্বাসী। তারা বিশ্বাস করে যে "ঈশ্বর নেই"। কিন্তু "ঈশ্বর নেই" এটি প্রমানিত সত্য নয়। শুধু যুক্তি দিয়েই বুঝানো সম্ভন "ঈশ্বর নেই" বিবৃতিটি আসলে ফাকিবাজি। '

নাস্তিক মানেই বিশ্বাসী, কিংবা নাস্তিকতাবাদও একটি বিশ্বাস - এগুলো ঢালাওভাবে আউরে দিয়ে নাস্তিক্যবাদকেও এক ধরনের 'ধর্ম' হিসেবে হাজির করার চেষ্টাটি আমি বহু মহলেই দেখেছি। নাস্তিকদের এভাবে সংজ্ঞায়ন সঠিক কি ভুল, তা বুঝবার আগে 'নাস্তিক' শব্দটির বুৎপত্তিগত অর্থটি আমাদের জানা প্রয়োজন। 'নাস্তিক' শব্দটি ভাংগলে দাঁড়ায়, নাস্তিক + কন বা নাস্তি+ক। 'নাস্তি' শব্দের অর্থ হল নাই, অবিদ্যমান। 'নাস্তি' শব্দটি মূল সংস্কৃত হতে বাংলায় এসে 'ক' বা 'কন' প্রত্যয় যোগে নাস্তিক হয়েছে যা তৎসম শব্দ হিসেবে গৃহীত। ন আস্তিক = নাস্তিক - যা ন ঞ তৎপুরুষ সমাসে সিদ্ধ এবং আস্তিকের বিপরীত শব্দ। আরো সহজ করে বাংলায় বললে বলা যায়, না + আস্তিক = নাস্তিক। খুবই পরিস্কার যে, সঙ্গত কারণেই আস্তিকের আগে 'না' প্রত্যয় যোগ করে নাস্তিক শব্দটি তৈরী করা হয়েছে। আস্তিকরা যে ঈশ্বর/আল্লাহ/খোদা ইত্যাদি পরম সত্ত্বায় বিশ্বাস করে এ তো সবারই জানা। কাজেই নাস্তিক হচ্ছে তারাই, যারা এই ধরণের বিশ্বাস হতে মুক্ত। তাই সংজ্ঞানুযায়ী নাস্তিকতা কোন বিশ্বাস নয়, বরং 'বিশ্বাস হতে মুক্তি' বা 'বিশ্বাসহীনতা'। ইংরেজীতে নাস্তিকতার প্রতিশব্দ হচ্ছে 'Atheist'। সেখানেও আমরা দেখছি theist শব্দটির আগে 'a' প্রিফিক্সটি জুড়ে দিয়ে Atheist শব্দটি

তৈরী করা হয়েছে। নাস্তিকতা এবং মুক্তচিন্তার উপর বহুল প্রচারিত গবেষণাধর্মী একটি ওয়েব সাইটে শব্দটির সংজ্ঞায়ন করা হয়েছে এভাবে -

Atheism is characterized by an ***absence of belief*** in the existence of gods. This absence of belief generally comes about either through deliberate choice, or from an inherent inability to believe religious teachings which seem literally incredible. It is not a lack of belief born out of simple ignorance of religious teachings.
সহজেই অনুমেয় যে, 'absence of belief' শব্দমালা চয়ন করা হয়েছে 'বিশ্বাস হীনতা'কে তুলে ধরতেই, উলটোটি বোঝাতে নয়। Gordon Stein তাঁর বিখ্যাত 'An Anthology of Atheism and Rationalism' বইয়ে নাস্তিকতার (Atheism) সংজ্ঞায়ন করতে গিয়ে বলেন,

'When we examine the components of the word 'atheism,' we can see this distinction more clearly. The word is made up of 'a-' and '-theism.' Theism, we will all agree, is a belief in a God or gods. The prefix 'a-' can mean 'not' (or 'no') or 'without'. If it means 'not,' then we have as an atheist someone who is not a theist (i.e., someone who does not have a belief in a God or gods). If it means 'without,' then an atheist is someone without theism, or without a belief in God'. (*Atheism and Rationalism, p. 3. Prometheus, 1980*)
আমরা যদি atheist শব্দটির আরো গভীরে যাই তবে দেখব যে, এটি আসলে উদ্ভুত হয়েছে গ্রীক শব্দ 'a' এবং 'theos' হতে। গ্রীক ভাষায় 'theos' বলতে বোঝায় ঈশ্বরকে, আর 'a' বলতে বোঝায় অবিশ্বাস বা বিশ্বাসহীনতাকে। সেজন্যই Michael Martin তাঁর 'Atheism: A Philosophical Justification' বইয়ে বলেন, 'According to its Greek roots, then, atheism is a negative view, characterized by the absence of belief in God.' (*Atheism: A Philosophical Justification", p. 463., Temple University Press, 1990*) ।
আসলে নাস্তিকদের বিশ্বসী দলভুক্ত করার ব্যাপারটি খুবই অবিবেচনাপ্রসুত। ব্যাপারটাকে আরেকটু পরিস্কার করা যাক। ধরা যাক, এক মুক্ত-মনা যুক্তিবাদী ব্যক্তি ভুতে বিশ্বাস করেন না। তবে কি সেজন্য তিনি 'না-ভুতে' বিশ্বাসী হয়ে গেলেন? শামীম সাহেবদের যুক্তি অনুযায়ী তাই হবার কথা। এভাবে দেখলে, প্রতিটি অপ-বিশ্বাস বিরোধিতাই তাহলে উলটোভাবে 'বিশ্বাস' বলে চালিয়ে দেওয়া যায়, তা সে ভুতই হোক, পঙ্খিরাজ ঘোড়াই হোক, অথবা ঘোড়ার ডিমই হোক। যিনি পঙ্খিরাজ ঘোড়া বা চাঁদের চড়কা-বুড়ীর অস্তিত্বে বিশ্বাস করেন না, তিনি আসলে তাঁর সংশয় এবং অবিশ্বাস থেকেই তা করেন না, তার 'না-বিশ্বাসে' বিশ্বাসী হবার কারণে নয়। যদি ওই ব্যক্তিটিকে জিজ্ঞাসা করা হয়, কেন ওগুলোতে তিনি বিশাস করেন না, তিনি হয়ত জবাবে বলবেন, ওগুলোতে বিশ্বাস করার মত যথেষ্ট তথ্য প্রমাণ পাওয়া যায় নি বলে। কিংবা হয়ত বলতে পারেন, এখন পর্যন্ত পরীক্ষা নিরীক্ষা করে ওগুলো সত্ত্বার বাস্তব অস্তিত্ব কেউ প্রমাণ করতে পারেন নি, তাই ওসবে বিশ্বাস করার প্রশ্ন ওঠে না। এটি পরিস্কার যে, এই বক্তব্য থেকে তার মনের সংশয় আর অবিশ্বাসের ছবিটিই আমাদের সামনে মুর্ত হয়ে ওঠে, বিশ্বাসপ্রবণতাটি নয়। ঈশ্বরে অবিশ্বাসের ব্যাপারটিও কিন্তু তেমনি। নাস্তিকেরা তাদের সংশয় আর অবিশ্বাস থেকেই 'নাস্তিক' হন, 'না-ঈশ্বরে' বিশ্বাস থেকে নয়। সে জন্যই মুক্ত-মনা Dan Barker তাঁর

বিখ্যাত 'Losing Faith in Faith: From Preacher to Atheist' গ্রন্থে পরিস্কার করেই বলেছেন - 'Basic atheism is not a belief. It is the lack of belief.' (পৃঃ ৯৯)। আসলে সত্যি বলতে কি, 'বিশ্বাস' ব্যাপারটিই দাড়িয়ে আছে একটি 'অপ-বিশ্বাসমূলক' প্রক্রিয়ার উপর। আমি একবার একজনের সাথে বিতর্কের সময় ড. হুমায়ুন আজাদের সাক্ষাৎকার থেকে একটি প্রাসঙ্গিক উক্তি উদ্ধৃত করেছিলাম। উক্তিটি এখানেও খুব প্রাসঙ্গিক। ড. হুমায়ু ন আজাদ তাঁর একটি সাক্ষাৎকারে বলেছিলেন,

'যে বিষয়ে আমরা নিশ্চিত নই, যার কোন অস্তিত্ব নেই যা প্রমাণ করা যায় না, তাতেমানুষকে বিশ্বাস করতে হয়। মানুষ ভুতে বিশ্বাস করে, পরীতে বিশ্বাস করে বা ভগবানে, ঈশ্বরে বা আল্লায় বিশ্বাস করে। এই বিশ্বাস সত্য নয়, এগুলোর কোন বাস্তব রূপ নেই। মানুষ বলে না, আমি গ্লাসে বিশ্বস করি বা পানিতে বিশ্বাস করি, মেঘে বিশ্বাস করি। যেগুলো নেই সেগুলোই মানুষ বিশ্বাস করে। বিশ্বাস একটি অপবিশ্বাসমূলক ক্রিয়া। যা সত্য, তাতে বিশ্বাস করতে হয় না; যা মিথ্যে তাতে বিশ্বাস করতে হয়। তাই মানুষের সব বিশ্বাস ভুল বা ভ্রান্ত, তা অপবিশ্বাস।'

নাস্তিকেরা সঙ্গত কারণেই এই সমস্ত প্রথাগত অপবিশ্বাসের বাইরে। "ঈশ্বর নেই" বিবৃতিটি যদি শামীম সাহেবের কথামত 'ফাঁকিবাজি' হয়, তবে অশ্বত্থামা, ট্যাশ গরু, বকচ্ছপ, থর জিউস, জলপরী, ফ্লাইং স্পেগেটি মন্সটার - এগুলো নেই বলাও একধরণের 'ফাঁকিবাজি'। নয়?

যা হোক শেষ করি ধর্মকারী সাইটে বর্ণিত *একজন নিধর্মীর* কিছু অমৃত বচন উল্লেখ করে - নাস্তিক্যবাদকে ধর্মের সঙ্গে যারা তুলনা করে থাকে , তাদের বলতে ইচ্ছে করে:

১. নাস্তিক্যবাদ ধর্ম হলে "অফ" বাটনকে টিভি চ্যানেল বলতে হয়।
২. নাস্তিক্যবাদ ধর্ম হলে টাককে বলতে হয় চুলের রং।
৩. নাস্তিক্যবাদ ধর্ম হলে স্ট্যাম্প না জমানোকে হবি বলতে হয়।
৪. নাস্তিক্যবাদ ধর্ম হলে বাগান না করাও একটি শখ, ক্রিকেট না খেলাও একটি ক্রীড়া, কোকেইন সেবন না করাও একটি নেশা।
এই চমৎকার উপমাগুলোর পাশাপাশি আমিও অনুরূপ কয়েকটি উল্লেখ করে তালিকার শ্রীবৃদ্ধি করি -

নাস্তিকতাও একটি বিশ্বাস হলে বোবা লোককে 'ভাষাবিদ' হিসেবে ডাকতে হয়।
নাস্তিকতাও একটি বিশ্বাস হলে দন্তহীন ব্যক্তিকে 'দাঁতাল' আখ্যা দিতে হয়।

নাস্তিকতাও একটি বিশ্বাস হলে উপোস থাকাকেও এক ধরনের 'খাদ্যগ্রহণ' বলতে হয়।

নাস্তিকতা একটি বিশ্বাস কিংবা ধর্ম হলে চাকরী না করাটাও একটি পেশা।

নাস্তিকতা একটি ধর্ম হলে বই না পড়াকেও বলতে হয় 'পাঠাভ্যাস'।

নাস্তিকতা বিশ্বাস হলে পোষাক খুলে ফেলাটাও এক ধরনের পোষাক পরিধা ন।

নাস্তিকতা ধর্ম হলে চশমা না পরাটাও এক ধরনের সানগ্লাসের ফ্যাশান।

নাস্তিকতা একটি বিশ্বাস হলে চিরকৌমার্যও বিবেচিত হওয়া উচিৎ এক ধরনের ‘বিবাহ’ হিসেবে।

নাস্তিকতা একটি বিশ্বাস হলে নির্লোভী থাকার চেষ্টাকেও এক ধরনের ‘লোভ’ বলতে হয়।

নাস্তিকতা একটি ধর্ম হলে নিরোগ স্বাস্থ্যের অধিকারী হওয়াটাও এক ধরনের রোগ!
পাঠকেরা কি বলেন?

কমেন্ট

আদিল মাহমুদ

জানুয়ারি ১৩, ২০১০ সময়: ২:৪২ পূর্বাহ্ন লিঙ্ক

“পাঠকেরা কি বলেন?”

- হাম্বাঃ

1. 2

সৈকত চৌধুরী

জানুয়ারি ১৩, ২০১০ সময়: ৩:০৭ পূর্বাহ্ন লিঙ্ক

আমি তাকে ছোটখাটো একটা জ়বাব দিয়ে এসে দেখি আপনি লিখছেন…।
আপনার সাথে আমারটা মিলছে ভালো।

*অভিজিৎ*এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ৩:৩৬ পূর্বাহ্ন
@সৈকত চৌধুরী,

দেখলাম। আপনার উত্তরটা তো ভাল হয়েছে। টু দ্য পয়েন্ট। আপনে জবাব দিবেন জানলে তো আর এই পোস্ট দেওয়ার দরকার ছিলো না।

এর চেয়ে ঘুমালে ভাল ছিলো। তাই করি গা ... লেখা অপেক্ষা ঘুম উত্তম।

2. 3

বিপ্লব পাল

জানুয়ারি ১৩, ২০১০ সময়: ৪:১৭ পূর্বাহ্ণ লিঙ্ক

ব্যাপারটা গণিতিক ভাবে এই ভাবে দেখা যেতে পারে।

সমগ্র মানবজ্ঞান বা এপিস্টমলজী একটা ইনফাইনাইট [আসীম] সেট।

সেখানে ধর্মীয় জ্ঞান A একটা ফাইনাইট সেট।

সুতরাং অধার্মিক জ্ঞান A* (কম্লপ্লিমেন্টারী) একটা ইনফাইনাইট [অসীম] সেট।

এবার

A==A*

হতে গেলে A কে একটি অসীম সেট হতে হয়। অর্থাৎ মেনে নিতে হবে মানুষ্যকৃত আবিষ্কৃত এবং অনাবিষ্কৃত সব জ্ঞানও ধর্মীয় জ্ঞান। কিন্ত ঈশ্বর বা আল্লারা যা হেগে ছড়িয়ে গেছেন, সেটাত খুবই সীমাবদ্ধ কোরান বা গীতার নর্দমায়। নতুন জ্ঞান [শ্লোক বা আয়াত] সেখানে ঢোকার সুযোগ নেই -তাই তা অসীম জ্ঞান হতে পারে না।

মানুষের জ্ঞান যদি আবার ধর্মীয় জ্ঞান বলে মানা হয় -তাহলে একটা বিতর্ক হতে পারে। কিন্ত কোরান বা গীতা মানুষের লেখা, তাই মানবজ্ঞানই ধর্মীয় জ্ঞান-এমনটাত কোন ধার্মিক বলে না।

সামান এর জবাব:

জানুয়ারি ১৬, ২০১০ at ৩:৫৩ পূর্বাহ্ণ

@বিপ্লব পাল, মার্জনা করবেন,কোরান মানুষের লেখা নয়। এটা সৃস্টিকর্তার বানীসমৃদ্ধ একটি পবিত্র গ্রন্থ।

সৈকত চৌধুরী এর জবাব:
জানুয়ারি ১৭, ২০১০ at ৩:০৩ পূর্বাহ্ণ
@সামান,
কিভাবে বোঝলেন?



জাকারিয়া এর জবাব:
ফেব্রুয়ারি ১, ২০১৩ at ৮:০৮ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল, so bad idea. but you have to keep in mind religion will be stay in this world. bcz man find peace in religion.

পরবর্তীতে ইংরেজিতে করা মন্তব্য প্রকাশিত হবে না।
-মুক্তমনা মডারেটর

3. 4

আদিল মাহমুদ
জানুয়ারি ১৩, ২০১০ সময়: ৪:২১ পূর্বাহ্ণ লিঙ্ক

” ধরা যাক, এক মুক্ত-মনা যুক্তিবাদী ব্যক্তি ভুতে বিশ্বাস করেন না। তবে কি সেজন্য তিনি ‘না-ভুতে’ বিশ্বাসী হয়ে গেলেন?”

- এই উদাহরনটা অনন্য হয়েছে।

আকাশ মালিক এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ৮:১৭ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আরে সাহেব, ধাঁধাঁটা ধরতে পারলেন না। শামীম সাহেব সংশয়বাদী হতে রাজী, কিন্তু নাস্তিক হতে রাজী নয়। এটা নিছক **সংশয়বাদীতা ও নাস্তিক্যবাদীতা** শব্দ দুটোর সংজ্ঞা বা অর্থ নিয়ে তর্ক বলে আমার মনে হয়না, এর অন্তরালে আল্লাহ লুকায়ীত আছেন। যে আল্লাহর কারণে এত কথা , তার মন্তব্যও শুনা উচিৎ। আল্লাহর কাছে নাস্তিক/ সংশয়বাদী তো, যেই লাউ সেই কদু।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ৮:৫১ অপরাহ্ণ
@আকাশ মালিক,

জি না স্যার। ব্যাপারটা মনে হয় অত সোজা না। আপনি ধরেই নিচ্ছেন কেন যে শামীম সাহেব ইসলাম মানেন?

এখন যদি তিনি দাবী করেন যে তিনি কোরানে কি লেখা আছে না আছে তার গুরুত্ব দেন না কারন তিনি সংশয়বাদী তাহলে যাবেন কই?

সংশয়বাদী মানে যদি ৫০-৫০ তেমন কিছু বোঝায় (মানে প্রমান পাওয়ার আগে বিশ্বাস অবিশ্বাস কোনটাই করবেন না) সে অর্থে একজন আদর্শ সংশয়বাদীকে একই সাথে আল্লাহ, মা কালী, ভীম ভবানি, রাম লক্ষন সীতা মা, থর, জিউস, ভুত প্রেত, পরী, জীনদের রাজ্য ওকাব দেশ সব কিছুর ব্যাপারেই সংশয়বাদী হতে হবে।

কোন সংশয়বাদী যদি বলেন যে তিনি আল্লাহর ব্যাপারে সংশয়বাদী, কিন্তু মা কালীর ব্যাপারে পূর্ণ অবিশ্বাসী তাহলে তার যুক্তিবোধে গুরুতর সমস্যা আছে।

শামীম এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ১০:৩৭ অপরাহ্ণ
@আকাশ মালিক,

শব্দ দুটোর সংজ্ঞা বা অর্থ নিয়ে তর্ক বলে আমার মনে হয়না, এর অন্তরালে আল্লাহ লুকায়ীত আছেন , যে আল্লাহর কারণে এত কথা...

আপনি তো ভাই দেখছি অন্তর্যামী। আপনার কাছে কোন কিছু আসলেই লুকানো মুশকিল। ভাই দয়া করে এর পর থেকে আমার কমেন্টগুলি আপনিই করে দেন না। আমি টাইপিং করার কষ্ট থেকে বেচে যাই। (জোক, সিরিয়াস নেবার দরকার নেই)

4. 5


শামীম

জানুয়ারি ১৩, ২০১০ সময়: ৭:৪২ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি কস্মিন কালেও নাস্তিক্যবাদকে ধর্ম বলিনি। সুতরাং আমি যা বলিনি তার দায় আমার না।

সংশয় এবং অবিশ্বাস থেকেই তা করেন

আপনার লিখার চালাকিটা হলো আপনি সংশয় আর অবিশ্বাসকে এক করে ফেলেছেন। সম্ভবতঃ আপনি সংশয়বাদী (Skeptic/agnostic) আর নাস্তিকদের (Atheist) একই মনে করেন।

সংশয় (Skepticism) আর অবিশ্বাস(non-belief) কি একই জিনিষ? আপনি অবিশ্বাসী/নাস্তিক বলতে কি বুঝায় তার সংজ্ঞা দিয়েছেন। দয়া করে সংশয়বাদ কি তার সংজ্ঞাটা দিবেন কি।

কোন কিছুর নিশ্চয়তার ধারনার উপর ভিত্তি করে আমরা দুইটি ভাগে বিভক্ত করতে পারি। নিশ্চিত ও সংশয়ী।
সংশয়ীরা 'ভুত আছে' বা 'ভুত নাই' এর কোনটির উপর তারা আস্থাবান নন (কারন গবেষনাগারে তারা ভূত নিয়ে পরিক্ষানিরিক্ষা করতে পারেন নাই)। তাই তারা ভূত নিয়ে কোন সিদ্ধান্ত দানে বিরত থাকেন। নিশ্চিত দলে আস্তিক ও নাস্তিক দুই গ্রুপই আছেন। তারা তাদের ভুত সংক্রান্ত স্ব-স্ব ধারনার উপর নিশ্চিত ভাবেই বিশ্বাস করেন (যদিও ভুত কে নিয়ে তারাও কোন পরিক্ষা নিরিক্ষা করতে পারেনি)। এই ভূত নিয়ে কোন গবেষনা করতে না পারার পরও ভূত-বিশ্বাসীরা ঘোষনা দিল 'ভূত আছে'। আবার একই ভাবে ঐ ভুত নিয়ে গবেষনা না করার পরও শুধু ভূত বিশ্বাসীদের দাবী পরিক্ষা -নিরিক্ষা করে ভূত-অবিশ্বাসীরা সিদ্ধান্ত দিল 'ভূত নেই'।

ধরা যাক এখন ভূত নিয়ে অবিশ্বাসীরা তারা তাদের নিজের ঘোষনা বা সিদ্ধান্তকে বিশ্বাস করেনা। কারন তারা চায়না তাদের কোন কিছুতে 'বিশ্বাসী' টাইটেল জুটুক। তাহলে তাদের কি বলা যাবে ? নাস্তিকরা ঘোষনা / সিদ্ধান্ত দিলঃ 'ঈশ্বর নেই' (ঈশ্বর নিয়ে গবেষনা না করেই নয় শুধু আস্তিকদের দাবী পরিক্ষা-নিরক্ষা করে)। কিন্তু হঠাৎ দাবী করে বসল আমরা আমাদের সিদ্ধান্তে (ঈশ্বর নেই) বিশ্বাসী নই। কারন বিশ্বাসী শব্দ আমাদের জন্য নয়। তবে তাদের কি বলা যাবে?

এক মুক্ত-মনা যুক্তিবাদী ব্যক্তি ভুতে বিশ্বাস করেন না। তবে কি সেজন্য তিনি 'না-ভুতে' বিশ্বাসী হয়ে গেলেন? শামীম সাহেবদের যুক্তি অনুযায়ী তাই হবার কথা।

বাজে কথা। এই না-ভুত আপনাদেরই আবিস্কার। একটি গ্লাসে যখন পানি থাকেনা আমরা বলি গ্লাসে পানি নেই, বা গ্লাশটি শুন্য। শামীম সাহেবেরা কখোনো বলেনা গ্লাশে অ-পানি আছে। কোন কিছু নেই বললেই নেগেটিভ কনোটেশন আসে আপনাদের মাথায় কারন আপনারা শুন্যের ধারনার সাথে পরিচিত নন। 'রহিম উত্তরে যায় নাই' - এর মানে আপনারা করেন 'তবে নিশ্চই রহিম দক্ষিনে গিয়াছে' কিন্তু আদতে রহিম হয়তো কোথাউ যায় নাই, তার স্ব-স্থানেই স্থীর আছে। শামীম সাহেবেরা শুন্যের ধারনার সাথে পরিচিত, তাই ভুতে অবিশ্বাস বলতে 'ভূত যে নেই' তাই বুঝে তাদের নতুন করে নেগেটিভ কিছু তৈরী করতে হয়না।

*অভিজিৎ*এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ৯:৪৭ পূর্বাহ্ণ
@শামীম,

আমি কস্মিন কালেও নাস্তিক্যবাদকে ধর্ম বলিনি। সুতরাং আমি যা বলিনি তার দায় আমার না।

আমি বলিনি যে আপনি নাস্তিক্যবাদকে ধর্ম বলেছেন। কিন্তু নাস্তিকতাকে বিশ্বাস বলে চালাতে চেয়েছিলেন সেটা তো সত্য, সেই যুক্তি খন্ডন করা হয়েছে। উপরন্তু যারা নাস্তিকতাকে ধর্মের সাথে তুলনা করেন, সেইটাও বাতিল করা হয়েছে।

সংশয়ীরা 'ভুত আছে' বা 'ভুত নাই' এর কোনটির উপর তারা আস্থাবান নন (কারন গবেষনাগারে তারা ভূত নিয়ে পরিক্ষানিরিক্ষা করতে পারেন নাই)। তাই তারা ভূত নিয়ে কোন সিদ্ধান্ত দানে বিরত থাকেন।

যুক্তির বলিহারি! এই মহান যুক্তি অনুসারে আমরা এখন থেকে শুধু ঈশ্বর কিংবা ভুত নয় , সেই সাথে বক-রাক্ষস, অশ্বথামা, ট্যাশ গরু, বকচ্ছপ, থর জিউস, জলপরী, ফ্লাইং স্পেগেটি মন্সটার সহ যে কোন কিছুর প্রসঙ্গ উঠলেই কেবল বলব - আমরা এগুলো আছে কিংবা নেই - কোনটির উপরই আস্থাবান নই। তাই না? তা বলুন। সে আপনার মত 'সংশয়ী'র জন্য ঠিক আছে। কিন্তু যতক্ষন না ওগুলোর অস্তিত্বের স্বপক্ষে প্রমাণ পাওয়া যাচ্ছে, ততক্ষন আমি ওগুলোতে নিজেকে অবিশ্বাসীই বলব, তা আপনার যতই গাত্রদাহ ঘটাক না কেন। আর দর্শন শাস্ত্রের 'বার্ডেন অফ প্রুফ' এবং অন্যান্য প্রেক্ষিত বিবেচনায় আমার অবস্থানটি মোটেই ভুল কিছু নয়।



শামীম এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ৫:২৫ অপরাহ্ণ
@অভিজিৎ,

সেই যুক্তি খন্ডন করা হয়েছে। উপরন্তু যারা নাস্তিকতাকে ধর্মের সাথে তুলনা করেন , সেইটাও বাতিল করা হয়েছে

আপনার প্রতিভার প্রশংসা না করে পারছিনা। আপনিই বিতর্ক করবেন আবার বিচারও করবেন আপনি। তাহলে বুঝা যাচ্ছে যেহেতু বিষয়টি আপনার মাধ্যমে সমাধা হয়ে গেল (এর আগে হয় নি) তাই আপনার নাম কোন রেকর্ড বুকে যাওয়া উচিত। 😄

ততক্ষন আমি ওগুলোতে নিজেকে অবিশ্বাসীই বলব

কারো ব্যাক্তিগত বিশ্বাস কি হবে সেটা আমি নির্ধারন করতে পারবনা চাইও না। আমার এত কথা বলার উদ্দেশ্য, সংশয়াবাদী ও নাস্তিক্যবাদে যে পার্থক্য আছে সেটা তুলে ধরা। আমি যেহেতু সংশয়বাদী, তাই আমি আপনার মতো নিশ্চিত করে বলতে পারছিনা যে, আমি প্রমান করে ফেলেছি, শুধু বলব আমি চেষ্টা করেছি।

তা **আপনার** যতই গাত্রদাহ ঘটাক না কেন

আপনার সাথে আমার ব্যাক্তিগত কোন সমস্যা নেই। আমরা এখানে যুক্তির খাতিরেই যুক্তি দেই। গ্রহন করা না করা ব্যাক্তিবিশেষের উপর নির্ভর করে। তাই কোন বিষয় পারসোনালি নিবেননা বলেই আশা করি।

আর দর্শন শাস্ত্রের '**বার্ডেন অফ প্রুফ**' এবং অন্যান্য প্রেক্ষিত বিবেচনায় আমার অবস্থানটি মোটেই ভুল কিছু নয়

যেহেতু এটা দর্শনশাস্ত্রের কোন ফোরাম নয় তাই সবাইকে দর্শন শাস্ত্রে বোদ্ধা ভাবা ঠিক নয়। তাছাড়া দর্শন শাস্ত্র কোন চটি বই নয় যে নিমিষেই সব জানা হয়ে যাবে। তাই কোন টার্মিনলজি উল্লেখ করলে অন্তত সংক্ষিপ্ত ব্যাখা দিলে পাঠকের বুঝতে সুবিধা হয়।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ৬:৩০ অপরাহ্ণ
@শামীম,

আমি দর্শন ও তত্ত্বীয় কথাবার্তা তেমন বুঝি না। তবে এইটুকু বুঝি যে (আপনার ব্যাপার জানি না) নাস্তিক বলতে আমরা যারা বুঝি তাদের সাথে সংশয়বাদীদের পার্থক্য আসলেই নেই।

অন্তত এখানকার নাস্তিকেরা কিন্তু একটি কথা সবসময়ই বলেন যে ঈশ্বর আছে তেমন কোন যুক্তিগ্রাহ্য অকাট্য প্রমান পাওয়া গেলে তারা মেনে নিবেন। আস্তিকে পরিনত হবেন। তারা কিন্তু আস্তিকদের কায়দায় গো ধরে বসে নেই যে তুমি ঈশ্বররে পক্ষে যত যাই যুক্তি দাও না কেন আমার বিশ্বাস টলাতে পারবে না। শুধু বর্তমানে প্রমানের অভাবে মেনে নিতে পারছেন না।

সংশয়বাদ ব্যাপারটাও কি একই না? সংশয়বাদীরা কোন বিষয়ে সংশয় প্রকাশ করেন কারন তারা সেই বিষয়ে কোন যুক্তিগ্রাহ্য প্রমান এখনো পাননি বলেই। পেলেই মেনে নিবেন। হতে পারে সেটা ভুতপ্রেত বা ইয়েতী, কিংবা খোদ ঈশ্বরের অস্তিত্ব।

আপনার কি মনে হয়?

তরু তাকাদ্দুস এর জবাব:
ফেব্রুয়ারি ১৭, ২০১২ at ৪:২৬ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,
Religious skepticism is a type of skepticism relating to religion, but should not be confused with atheism. Religious skeptics question religious authority and are not necessarily anti-religious but are those skeptical of a specific or all religious beliefs or practices. Some are deists, believing in a God but rejecting mainstream religions. Socrates was one of the first religious skeptics of whom we have records; he questioned

the legitimacy of the beliefs of his time in the existence of the various gods.

http://en.wikipedia.org/wiki/Religious_skepticism

আপনার বিশ্বাস আপনার ব্যাক্তিগত। কিন্তু মনে রাখবেন নাস্তিক কখনোই আস্তিক হতে পারে না। আপনি যদি যা বলেছেন তাই যদি আপনি মনে করেন, তাহলে বলতে হয় আপনি নাস্তিক না সংশয়বাদী তা নিয়েও আপনি সংশয়ে আছেন, আর এখনকার অধিকাংশ নাস্তিকও যদি মনে করে যে তারা বিশ্বাস করবে প্রমাণ পেলে, তাহলে বলতেই হয়, এরা সবাই দুর্বল প্রকৃতির নাস্তিক।

মিঠুন এর জবাব:

জানুয়ারি ১৩, ২০১০ at ৭:২৫ অপরাহ্ণ

@আদিল ভাই,

সহমত। স্রস্টার অস্তিত্বে যারা সংশয় প্রকাশ করেন তারাই নাস্তিক।

সংশয়বাদী আর অবিশ্বাসীর মধ্যে হয়ত সংজ্ঞাগত পার্থক্য আছে। কিন্তু তাই বলে তারা দুই বিপরীত মেরুর নয়। বরং একের সাথে অন্যের গভীর সম্পর্ক রয়েছে। কারন অবিশ্বাসী হতে হলে আগে বোধ হয় সংশয়বাদী না হওয়া ছাড়া উপায় নেই।

কিন্তু সংশয়বাদী হয়ে কোন ভাবেই আস্তিক হওয়া যায়না। আস্তিক হতে হলে সংশয় ঝেড়ে ফেলতেই হবে। তাই বলা যায় সংশয়বাদ এবং বিশ্বাস দুই বিপরীত মেরুর এবং সংশয়বাদ হল অবিশ্বাসের পূর্বশর্ত আর এক্ষেত্রে এই দুটিকে এক করে দেখলে বোধ হয় কোন চালাকি করা হয়না।

এখানে অভিজিতদার লেখার মূল সুর হল নাস্তিক্যবাদ যে কোন বিশ্বাস না , তা শামীম সাহেবকে বোঝানো; কারন এই ব্লগে উনি এর আগে নাস্তিক্যবাদও যে এক ধরনের বিশ্বাস তার প্রচার করেছিলেন। অভিজিতদা ওনাকে ওনার ভুলটা ধরিয়ে দিলে উনি সেদিকে না গিয়ে অযথাই সংশয়বাদ আর অবিশ্বাস এর মধ্যের পার্থক্য নিয়ে উঠে পড়ে লাগলেন, যেখানে একটি সাধারন কমন সেন্স বলে যে দুইয়ের মধ্যে আসলে বেসিক কোন বৈপিরিত্ব তো নেইই বরং রয়েছে এক সেতু বন্ধন। শামীম সাহেব আশা করি এদিক সেদিক কাদা না ছুড়ে নিজের বোঝার ভুলে মনোনিবেশ করবেন।

ধন্যবাদ।



শামীম এর জবাব:

জানুয়ারি ১৩, ২০১০ at ১১:১৩ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,

আপনি আমার মনের কথা বলতে বলেছেন বলে বলছি, আশা করি কেউ এটা নিয়ে চ্যালেঞ্জ করবেননা, করলেও আমি প্রমান করতে পারবনা।

আমার মনে হয়, এখানকার বেশীরভাল লোকই আসলে নাস্তিক নয়, সংশয়বাদী, কিন্তু তারা সেটা নিজেও জানেনা। বিশ্বের বেশীরভাগ লোকই আস্তিকতার আড়ালে বা নাস্তিকতার আড়ালে আসলে সংশয়বাদী। আমার কেন জানি মনে হয় এখানকার বেশীরভাগ লোকই বারট্রান্ড রাসেল, আইনষ্টাইনকে নাস্তিক হিসাবেই জানেন কিন্তু আসলে উনারা নিজেদের সংশয়বাদী হিসাবেই দাবী করেছেন।

ছুনিয়ার বেশীরভাগ লোকই মধ্যপন্থী (পরিসংখ্যানে যাকে বলে কেন্দ্রিয় প্রবনতা বা সেন্ট্রাল টেন্ডেন্সি)। এই ব্লগের বেশীর ভাগও এর ব্যাতিক্রম নয়। তবে আমি স্বীকার করি 'আমি নাস্তিক' এটি বলা, 'আমি সংশয়ী'-বলার চেয়ে অনেক বেশী সেক্সি। তাই আমি তাদের দোষ দেই না। কিন্তু আমিতো এক নাদান আসল কথা বলে ফেসে গেছি।

আস্তিক –- সংশয়বাদী–- নাস্তিক। এটি একটি চলমান প্রক্রিয়া। আস্তিককে নাস্তিক বা নাস্তিককে আস্তিক হতে হলে সংশয়বাদী প্রক্রিয়ার মধ্য দিয়েই যেতে হয়। এবং বেশীরভাগ লোকই সংশয়বাদে একবার প্রবেশ করলে এর থেকে বের হওয়া কষ্টকর হয়ে দাঁড়ায়। আস্তিক-সংশয়বাদী-নাস্তিক এই বিভাজন সাদা কালোর মতো অনেক সহজ নয়। এর মাঝখানে কিছু গ্রে এরিয়া থাকে , কিন্তু এই জন্য তো সাদাকে সাদা আর কালোকে কালোই বলতে হয় নাকি?

সত্যিকারের নাস্তিকদের সংখ্যা কম হওয়াতে আমাদের মনে হতে পারে এরা গোয়াড় নয়। কিন্তু যে ব্যাক্তি নাস্তিক অবস্থায় জন্মেছে এবং অশিক্ষিত, এদের সাথে তর্ক করলে বুঝা যাবে এরাও আসলে গোয়াড়। বেশিরভাগ আস্তিকই আস্তিক হিসাবে জন্ম নেয় (কারন তাদের পিতা-মাতা আস্তিক ছিল) এবং শিক্ষার অভাবে এদের গোয়ার্তুমি হয়। এই ব্লগের বা বেশীরভাগ তথাকথিত নাস্তিক , আসলে আস্তিক অবস্থা থেকে (শিক্ষার মাধ্যমে) সংশয়বাদী প্রক্রিয়ায় (প্রায়) নাস্তিক হয়েছে। তাই তারা (অতটা) গোয়াড় নয় (তার পরও তারা যে বিশ্বাস করে 'ঈশ্বর নেই' এই বিশ্বাসটি তাদের মধ্যে নেই, কারন তারা মনে করে তারা চিরকালের জন্য অবিশ্বাসী, যাই বিশ্বাস করতে বলা হবে, এরা বলবে বিশ্বাস করিনা)।



শামীম এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ১১:২৫ অপরাহ্ণ
@মিঠুন,

শামীম সাহেব আশা করি এদিক সেদিক কাদা না ছুড়ে নিজের বোঝার ভুলে মনোনিবেশ করবেন

এই ব্লগে আমি নতুন। তাই আমার জানা ছিলনা এখানেও কিছু এলিট লেখক আছেন যাদের সমালোচনা করতে নেই। সমালোচনা যাই হোক, এদের সমালোচনা করাই যে ভূল- আমি জানতাম না। এখন আপনার কথায় হুশ হলো, এখন থেকে কঠিন ভাবে আমার এই ভূল সংশোধনে মনোনিবেশ করবো। দুখঃ হলো, কাদা খেলাম আমি, দোষও হলা আমার!!

সাধারন কমন সেন্স বলে যে দুইয়ের মধ্যে আসলে বেসিক কোন বৈপিরিত্ব তো নেইই বরং রয়েছে এক সেতু বন্ধন

আসলেই আমি এক নাদান, 'কমন সেন্স'-এ থাকার পরও যুক্তি দিতে গেলাম! সেতুর দিকে না তাকিয়ে আমি তাকালাম তার নীচে, যেখানে বিরাট ফাক তাতে!

সৈকত চৌধুরী এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ২:০৯ পূর্বাহ্ণ
@শামীম,

আপনার প্রতিভার প্রশংসা না করে পারছিনা। আপনিই বিতর্ক করবেন আবার বিচারও করবেন আপনি। তাহলে বুঝা যাচ্ছে যেহেতু বিষয়টি আপনার মাধ্যমে সমাধা হয়ে গেল (এর আগে হয় নি) তাই আপনার নাম কোন রেকর্ড বুকে যাওয়া উচিত।

বিচার করলেন কোথায়। তিনি এখানে যুক্তি খণ্ডন করেছেন বলে দাবি করেছেন যে অধিকার সবার আছে।

কিন্তু যে ব্যাক্তি নাস্তিক অবস্থায় জন্মেছে এবং অশিক্ষিত, এদের সাথে তর্ক করলে বুঝা যাবে এরাও আসলে গোয়াড়। বেশিরভাগ আস্তিকই আস্তিক হিসাবে জন্ম নেয় (কারন তাদের পিতা-মাতা আস্তিক ছিল) এবং শিক্ষার অভাবে এদের গোয়ার্তুমি হয়। এই ব্লগের বা বেশীরভাগ তথাকথিত নাস্তিক ,

আসলে আস্তিক অবস্থা থেকে (শিক্ষার মাধ্যমে) সংশয়বাদী প্রক্রিয়ায় (প্রায়) নাস্তিক হয়েছে। তাই তারা (অতটা) গোয়াড় নয় (তার পরও তারা যে বিশ্বাস করে 'ঈশ্বর নেই' এই বিশ্বাসটি তাদের মধ্যে নেই, কারন তারা মনে করে তারা চিরকালের জন্য অবিশ্বাসী, যাই বিশ্বাস করতে বলা হবে, এরা বলবে বিশ্বাস করিনা)।

মানুষ তো নাস্তিক হয়েই জন্মে। দয়া করে বোঝেন -ঈশ্বরে বিশ্বাস না করাই নাস্তিকতা। নাস্তিকরা গোয়ার হওয়ার কোনো কারণ আছে নাকি? কি লিখলেন তা কি আবার দয়া করে পড়ে দেখবেন? আর অভিজিৎ দার লেখাটাও দয়া করে আবার পড়েন।

5. 6

শিক্ষানবিস

জানুয়ারি ১৩, ২০১০ সময়: ১১:৫২ পূর্বাহ্ন লিঙ্ক

আসলেই নাস্তিক বলে আলাদা করে দেয়ার মত কিছু আছে বলে মনে হয় না। নাস্তিক , নির্ধার্মিক, অজ্ঞেয়বাদী, সংশয়বাদী- এদের মাঝে এমন কোন প্রথাগত বিভেদ নেই, যা আছে সব বুদ্ধিগত এবং অহিংস। এরা সবাই একই গ্রুপের অন্তর্ভুক্ত। আমাকে এই ৪ বিশেষণের যেকোন একটি বললেই চলে, কোনটাতেই আমার আপত্তি নেই। আমি বোধহয় একইসাথে নাস্তিক, সংশয়বাদী, অজ্ঞেয়বাদী, নির্ধার্মিক।

6. 7

আসরাফ

জানুয়ারি ১৩, ২০১০ সময়: ১২:৩৯ অপরাহ্ন লিঙ্ক

না ভুতে বিশ্বাসী?
না খোদায় বিশ্বাসী?
মজার কথা।
হা হা হা.....

7. 8

অ কেশব অধিকারী
জানুয়ারি ১৩, ২০১০ সময়: ১:৩৮ অপরাহ্ন লিঙ্ক

শামীম,

নাস্তিকতা কিংবা সংশয়বাদিতাকে বিশ্বাস কিংবা ধর্ম এই ধরনের উক্তি দিয়ে প্রকাশ করাটা ভুল। আমার কাছে মনে হয় নাস্তিকতা শব্দটির একটা সীমাবদ্ধতা আছে। অর্থাৎ শুধুমাত্র ঈশ্বরের অস্তিত্বে সংশয় পোষনকারীরাই নাস্তিক। অনেক নাস্তিক বিশেষ কোন সামাজিক কিংবা রাজনৈতিক দর্শনে সংশয় প্রকাশ নাও করতে পারেন। যেমন, লেনিনিজমে, ভাগ্যে কিংবা অ্যাস্ট্রলজির মতো কোন বিষয়ে। আর সংশয়বাদিরা যেকোন বিষয়েই সংশয় পোষন করতে পারেন, যেটা শুরুই হয় ঈশ্বরের অস্তিত্বের ব্যাপারে সংশয়ের মধ্যদিয়ে। তার অভিজ্ঞতালব্ধ জ্ঞান, অনুভব এবং সত্য-নিষ্ঠ যুক্তির নিক্তিতে চুলচেড়া বিচার-বিশ্লেষনের পরেই শুধুমাত্র তা তার কাছে গ্রহন -যোগ্য বা পরিত্যাজ্য হবে। এখানে বিশ্বাসের প্রশ্নটা অবান্তর এই জন্যে যে, জ্ঞান কিংবা অভিজ্ঞতা এবং যুক্তির ক্রমবিবর্তনে কোন বিষয় গ্রহন -ত্যাগের মাত্রাটি নির্ভর করে। সেই জন্যেই কোন সংশয়বাদী ঠিক কতোটা সংশয়ী সেই মাত্রাবোধটিও কখনো সখনো বিবেচনার দাবী রাখে। কাজেই সকল সংশয়বাদীই প্রকারান্তরে নাস্তিক।

বিশ্বাস জিনিসটি এক্ষেত্রে একেবারেই ভিন্ন। এর ব্যাপ্তী অনেক বেশী। বিশ্বাস যুক্তি , জ্ঞান এবং অভিজ্ঞতা নির্ভর হতেও পারে নাও হতে পারে। তবে সাধারনতঃ যেখানে মানুষ অন্ধকার দেখে , যেখানে বিষয়টি লব্ধ জ্ঞান, যুক্তি কিংবা অভিজ্ঞতার অতীত সেখানেই দুর্বল চিত্তের মানুষ কখনো কখনো বিশ্বাসের আশ্রয় নিয়ে থাকে। কাজেই অধিকাংশ ক্ষেত্রেই বিশ্বাসের কোন ভিত্তি নেই। সংশয়বাদীরা অস্পস্ট ক্ষেত্রে কখনো কখনো ধারনার আশ্রয় নিয়ে থাকেন, তারা এটিকে বিশ্বাস বলতে নারাজ। কারন, বিশ্বাস এবং ধারনার মাঝে বিস্তর ব্যাবধান। ধারনাকে কেউ স্বতঃসিদ্ধ ধরে নিলে সেটি হবে বিশ্বাসের নামান্তর। বিশ্বাসের বিবর্তন ঘটেনা তবে ধারনার বিকাশ কিংবা পরিবর্তন বা পরিবর্ধন ঘটতে পারে। সেই জন্যে আজকাল যারা ধর্মকে বিজ্ঞানে পেঁচিয়ে যুগপোযোগী করার চেষ্টা করে তারা আসলে আমার দৃষ্টিতে বিশ্বাসী নয়। কারন ধর্ম একটি মধ্যযুগীয় বিশ্বাস নির্ভর সা মাজিক দর্শন। তারা আসলে একধরনের কপট বিশ্বাসী, ছদ্মধার্মিক কিংবা প্রতারক। যেমন জাকির নায়েক!

আবার মনুষ্য সমাজে বিশ্বাস জিনিসটি পুরোপুরি পরিত্যাজ্য নয়। যেমন , রবীন্দ্রনাথের ভাষায় “মানুষের প্রতি বিশ্বাস হাড়ানো পাপ”। খুবই তাৎপর্যপূর্ণ বাণী। মানুষকে বিশ্বাস করে ঠ কা ভালো, বিশ্বাস হাড়ালে

নিজেরই অস্তিত্ব বিপন্ন হয়। কারন মানুষ পরস্পরের মস্তিষ্কের খবর জানে না। আবার ইতিহাস বলে মোহাম্মদ সত্যবাদী ছিলেন এই জন্যে সবাই তাকে বিশ্বাস করতো। এই বিস্বাসটি সত্যতা এবং যুক্তি নির্ভর। তবে যখন মানুষ পরস্পরের মস্তিষ্কের খবর রাখার মতো পর্যায়ে আসবে (যেমন বিপ্লব পালের “উত্তরপুরুষ”-এর তিন্নির মতো) তখন সম্ববতঃ রবীন্দ্রনাথের ঐ বাণীটি তাৎপর্য হাড়াবে। অবশ্য তখন তিন্নিরা তাদের হোমোস্যাপিয়েন্স না বলে ভিন্ন ডিজিটাল প্রজাতির প্রাণী বলে দাবীও করতে পারে!

*শামীম*এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ৬:১১ অপরাহ্ণ
@কেশব অধিকারী,

আপনার কথাতে অনেকটা একমত। তবে সমস্যা হলো নাস্তিকেরা সবসময়ই সংশয়বাদীদের সমগোত্রীয় ভাবেন। কিন্তু সংশয়বাদীরা নাস্তিকদের নিয়ে কি ভাবে এটা বলতে গেলেই যত সমস্যা।

সংশয়বাদীদেরও আস্তিক, নাস্তিকদের নিয়ে নিজস্ব একটা ভাবনা থাকতে পারেতো, নাকি তাও পারেনা? কিন্তু মজার ব্যাপার হলো সংশয়বাদীরা নাস্তিক, আস্তিক এই দুই পক্ষ থেকেই বুলির (bully) স্বীকার।

কাজেই সকল সংশয়বাদীই প্রকারান্তরে নাস্তিক

আপনার এই দাবী মানতে পারলামনা। আস্তিক্যবাদ ও নাস্তিক্যবাদ এরা হলো নিশ্চিত ক্লাবের সদস্য (যদিও তার বিপরিত মেরুর) কিন্তু সংশয়বাদীরা অনিশ্চিত ক্লাবের মেম্বার। সংশয়ের প্রকার অনুসারে সংশয়বাদীরা কয়েক ভাগে বিভক্তঃ যেমন
দৃঢ় সংশয়ী (Strong agnosticism)ঃ এরা বলে, চরম সত্য যেমন আমার পক্ষে কোনদিন জানা সম্ভব নয়। তেমনি তোমার পক্ষেও নয়।
মৃদু সংশয়ী(Weak agnosticism)ঃ চরম সত্য এখন জানা সম্ভব নয়, তবে ভবিষ্যতে (জ্ঞান-বিজ্ঞানের উন্নতিতে) জানা সম্ভব হতে পারে। তত দিন আমি মন্তব্য স্থগিত রাখবো।
প্রগতিশীল সংশয়ী(Pragmatic agnosticism)ঃ চরমসত্যকে প্রমান বা অপ্রমান করা যায়না, তাই এ নিয়ে মাথা ঘামানোর কোন দরকার নেই।
নাস্তিক্যবাদী সংশয়ী(Agnostic atheism)ঃ এরা মনে করে সাধারন ভাবে চরম সত্য নাই। কিন্তু তার প্রমান সম্ভব নয়।
আস্তিক্যবাদী সংশয়ী(Agnostic theism)ঃ এরা সাধারন ভাবে মনে করে চরম সত্য আছে, কিন্তু

প্রমান সম্ভব নয়।
(সুত্রঃ উইকিপিডিয়া)
এখানে দেখা যাচ্ছে, নাস্তিক্যবাদি সংশয়ীরা, সংশয়বাদের একটা ক্ষুদ্র অংশ কিন্তু এরা আদতে নাস্তিক নয়, শুধু মিলগত কারনে এদের এই গ্রুপে ফেলা হয়। আবার আস্তিক্য বাদী সংশয়বাদীরাও আছেন যারা আস্তিক নন, কিন্তু তাদের সাথে ধারনা গত কিছু মিল আছে।

তাই সংশয়বাদীদের নাস্তিকদের কাতারে ফেলা একপেশে। তবে যদি নাস্তিকরা তাদের সংশয়বাদী মনে করতে পারেন তবে তাদের স্বাগতম। শুধু সংশয়বাদীদের নাস্তিক বলবেননা এটাই আবদার (সংশয়বাদীরা নিশ্চিত ক্লাবের মেম্বার হতে চায় না)।

বারট্রান্ড রাসেলের একটি মন্তব্য দিয়ে শেষ করছিঃ That sort of God (non-anthropomorphic) is, I think, not one that can actually be disproved, as I think the omnipotent and benevolent creator can।

আকাশ মালিক এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ৭:১৫ অপরাহ্ন
@শামীম,

শুধু সংশয়বাদীদের নাস্তিক বলবেননা এটাই আবদার

কোরানের সর্বপ্রথম সুরার সর্বপ্রথম আয়াত - *জালিকাল কিতাবু ফি লারাইবা ফিহ*, **এই সেই বই যে বইয়ে কোন সংশয় নেই।**
সংশয়বাদীদের কোরানের ভাষায **কাফির** বলা হয়।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ৭:২৪ অপরাহ্ন
@আকাশ মালিক,

“কাফির”

নাস্তিক বলা হয় এটা কিন্তু দেখাতে পারলেন না। এইবার ধরা 🙂 ।



ব্রাইট স্মাইল্ এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ৮:৪৫ অপরাহ্ণ
@আকাশ মালিক,
আমি একটু কনফিউসড্, তিনি কি কোথাও বলেছেন যে তিনি ধর্ম মানেন? সংশয়বাদী হলে কি ধর্ম মানা যায়? এখানে সম্পর্কটা কি?



শামীম এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ১০:৩১ অপরাহ্ণ
@ব্রাইট স্মাইল্,

আমি একটু কনফিউসড্, তিনি কি কোথাও বলেছেন যে তিনি ধর্ম মানেন?

আমি নিজেই কনফিউসড, আমিকি কোথাও বলেছি আমি ধর্ম মানি?

আর আমি কি কোন ধর্ম বলতে কি কোন বিশেষ ধর্ম কে বুঝিয়েছি ?

কিন্ত আমার ব্যাক্তিগত বিষয় নিয়ে অনেকের আগ্রহ দেখে আমি যারপরনাই ভিষন খুশী। আমার যদি এই ব্লগে পোষ্ট দেবার ক্ষমতা থাকত তবে আমি এই আগ্রহের জন্য সবাইকে কৃতজ্ঞতা জানিয়ে একটা পোষ্ট দিতাম।

সৈকত চৌধুরী এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ১:৩১ পূর্বাহ্ণ
@শামীম,

সংশয়ের প্রকার অনুসারে সংশয়বাদীরা কয়েক ভাগে বিভক্তঃ যেমন
দৃঢ় সংশয়ী (Strong agnosticism)ঃ এরা বলে, চরম সত্য যেমন আমার পক্ষে কোনদিন জানা সম্ভব নয়। তেমনি তোমার পক্ষেও নয়।

মৃদু সংশয়ী(Weak agnosticism)ঃ চরম সত্য এখন জানা সম্ভব নয়, তবে ভবিষ্যতে (জ্ঞান-বিজ্ঞানের উন্নতিতে) জানা সম্ভব হতে পারে। তত দিন আমি মন্তব্য স্থগিত রাখবো।
প্রগতিশীল সংশয়ী(Pragmatic agnosticism)ঃ চরমসত্যকে প্রমান বা অপ্রমান করা যায়না, তাই এ নিয়ে মাথা ঘামানোর কোন দরকার নেই।
নাস্তিক্যবাদী সংশয়ী(Agnostic atheism)ঃ এরা মনে করে সাধারন ভাবে চরম সত্য নাই। কিন্তু তার প্রমান সম্ভব নয়।
আস্তিক্যবাদী সংশয়ী(Agnostic theism)ঃ এরা সাধারন ভাবে মনে করে চরম সত্য আছে, কিন্তু প্রমান সম্ভব নয়।
(সুত্রঃ উইকিপিডিয়া)

ভাই, আপনি একটু ধৈর্য্য ধরে নাস্তিকতা , সংশয়বাদ, অজ্ঞেয়বাদ এগুলো সম্পর্কে সময় নিয়ে জানেন এবং তারপর তর্ক করেন তাহলে আপনার ও আমাদের সুবিধা হয়। এখানে আপনি সংশয়বাদকে(SCEPTICISM) অজ্ঞেয়বাদের(AGNOSTICISM) সাথে গুলিয়ে ফেলেছেন।

8. 9


পৃথিবী

জানুয়ারি ১৩, ২০১০ সময়: ৬:৫৭ অপরাহ্ন লিঙ্ক

গাধামি আসলে এক প্রকার চালাকি! রাত হইল অন্ধকারাচ্ছন্ন দিন! দিন হইল আলোকিত রাত!

"নাস্তিকতাও একটা ধর্ম" কথাটা কাউকে বলতে শুনলে আমার মনে হয়, "মানুষ আসলে দ্বিপদী গরু"।

মিঠুন এর জবাব:

জানুয়ারি ১৩, ২০১০ at ৭:৩৩ অপরাহ্ন

@পৃথিবী, 😄



*শামীম*এর জবাব:
জানুয়ারি ১৩, ২০১০ at ১০:২৩ অপরাহ্ণ
@পৃথিবী,

আপনি যদি আস্তিক হন তবে প্রমান করুনঃ “ঈশ্বর আছে”

আপনি যদি নাস্তিক হন তবে প্রমান করুনঃ “ঈশ্বর নাই”

কিন্তু শর্ত হলোঃ আপনি আরেক পক্ষের কাছ থেকে সংজ্ঞা, বৈশিষ্ঠ, যুক্তি ইত্যাদি নিতে পারবেননা অর্থাৎ স্বাধীন ভাবে আপনাকে প্রমান করতে হবে। আপনি যেটি প্রমান করতে পারবেন, আমি সেটিই বিশ্বাস/স্বীকার (আস্তিক / নাস্তিক) করব।

আমাকে প্রমান করতে বলবেননা কারন আমি কোনটিই প্রমান করতে পারবনা।



*পৃথিবী*এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ১২:১৪ পূর্বাহ্ণ
@শামীম, “ব্‌র্ডেন অব প্রুফ” এর কথা কিন্তু আগেই বলা হয়েছে। আমি যেহেতু স্রষ্টার অস্তিত্বের কথা দাবি করিনি, তাই প্রমানের দায়বদ্ধতাও আমার নেই।

ব্যক্তিগতভাবে আমি মনে করি স্রষ্টার ধারণাটাই অপ্রয়োজনীয়, স্রষ্টাকে ছাড়াই বিজ্ঞানীরা বস্তুজগত সম্পর্কে জ্ঞান অর্জন করছেন। “আল্লাহ সৃষ্টি করেছেন” আর “আমি জানি না” আমার দৃষ্টিতে একই পরিমানে শিক্ষণীয়। অক্কামের রেজর দিয়ে এই অনাবশ্যক তত্ত্বকে ঝেড়ে ফেলাই উচিত।

> কিন্তু শর্ত হলোঃ আপনি আরেক পক্ষের কাছ থেকে সংজ্ঞা, বৈশিষ্ঠ, যুক্তি ইত্যাদি নিতে পারবেননা অর্থাৎ স্বাধীন ভাবে আপনাকে প্রমান করতে হবে।

কোন কিছুর নৈর্ব্যক্তিক অস্তিত্ব থাকলে তা প্রমান করা লাগে না , কোন কিছু প্রস্তাব করলেই তা প্রমান করা লাগে। কোন প্রস্তাবনা প্রমান করতে গেলে তো কারও না কারও সংজ্ঞা আপনাকে গ্রহন করতেই হবে। অশ্বডিম্বের কথাই ধরুন।

পৃথিবী এর জবাব:

জানুয়ারি ১৪, ২০১০ at ১২:১৯ পূর্বাহ্ণ

@শামীম, তাছাড়া আমার কমেন্টটা আপনাকে উদ্দেশ্য করে করা হয়নি, প্রশ্নবানে বিধ্বস্ত ডেসপারেট আস্তিকদের উদ্দেশ্যে করা হয়েছে। আমি জানি আপনি নাস্তিকতাকে ধর্ম বলেননি, “বিশ্বাস” বলেছেন। দয়া করে ব্যক্তিগতভাবে নিবেন না।



শামীম এর জবাব:

জানুয়ারি ১৪, ২০১০ at ১২:৩৮ পূর্বাহ্ণ

@পৃথিবী,

নারে ভাই, ব্যাক্তিগত ভাবে নেই নাই।

গাধামি আসলে এক প্রকার চালাকি! রাত হইল অন্ধকারাচ্ছন্ন দিন! দিন হইল আলোকিত রাত

আপনি গাধামি-চালাকি, রাত-দিন এর সম্পর্ক উল্লেখ করলেন তো তাই এটাই দেখাতে চাইলাম, আস্তিক-নাস্তিক অনুরূপ একটা সম্পর্ক আছে। (সংজ্ঞানুসারে) নাস্তিকদের অস্তিত্বের জন্যই আস্তিকদের দরকার।

আমার ধারনা আর আপনার সুত্র ধরেঃ নাস্তিক রা হলো অবিশ্বাসী-আস্তিক।

9. 10

ব্রাইট স্মাইল্

জানুয়ারি ১৩, ২০১০ সময়: ১১:৪৯ অপরাহ্ণ লিঙ্ক

@শামীম:

কিন্ত আমার ব্যাক্তিগত বিষয় নিয়ে অনেকের আগ্রহ দেখে আমি যারপরনাই ভিষন খুশী।

আপনার ধারনা ভুল, আপনার ব্যাক্তিগত বিষয় নিয়ে আমার মনে হয়না কারো আগ্রহ আছে যতক্ষন না আপনাকে কেউ ব্যাক্তিগত পর্যায়ে চিনে। এখানে কথা হচ্ছে 'কোন এক ব্যাক্তি' নিয়ে, সে আপনিও হতে পারেন বা আপনার মতাদর্শে বিশ্বাসী অন্য কেউ হতে পারে, এটা কোন বিষয় না।

10. 11

ব্রাইট স্মাইল্

জানুয়ারি ১৪, ২০১০ সময়: ১২:২১ পূর্বাহ্ণ লিঙ্ক

@শামীম,

যাই বিশ্বাস করতে বলা হবে, এরা বলবে বিশ্বাস করিনা

নাস্তিকদের সম্পর্কে এই মুল্যায়ন কি সঠিক হলো , এই মন্তব্য করাটি কি একধরনের গোয়ার্তুমী নয় ? আমার মনে হয়, আমরা যতই উদার হই না কেন মনের অজান্তে গোড়ামী ভাবটা চলে আসে। 'সংশয়বাদীরা নাস্তিক নয়' এটা প্রমান করায় কি এমন ফায়দা আছে আমি বুঝিনা। শিক্ষানবিস ঠিক কথা বলেছেন "আমি বোধহয় একইসাথে নাস্তিক, সংশয়বাদী, অজ্ঞেয়বাদী, নির্ধার্মিক"।



শামীম এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ১:০৬ পূর্বাহ্ণ
@ব্রাইট স্মাইল্,

'সংশয়বাদীরা নাস্তিক নয়' এটা প্রমান করায় কি এমন ফায়দা আছে আমি বুঝিনা।

১)সমাজে কিছু ষ্টেরিওটাইপ আছে। সেটা ভাঙ্গা। নাস্তিক্যবাদকে কেউ চ্যালেঞ্জ করলেই ভেবে বসে যে সে আস্তিক এমন কি ধার্মিক। নিচের উদৃতিটি খেয়াল করুনঃ

শব্দ দুটোর সংজ্ঞা বা অর্থ নিয়ে তর্ক বলে আমার মনে হয়না, এর অন্তরালে আল্লাহ লুকায়ীত আছেন, যে আল্লাহর কারণে এত কথা...

-লিখক আকাশ মালিক, উৎসঃ বর্তমান প্রবন্ধ

২) মধ্যপন্থাই সর্বোৎকৃষ্ঠ পন্থা। ঈশ্বর আছেন কি নাই - তা নিয়ে আমার কোন মাথা ব্যাথা নাই। 'ঈশ্বর নাই', 'ঈশ্বর নাই' করে চেচালে আরেক দল একই ভাবে বা আরো জোরে চেচাবে 'ঈশ্বর আছে' । মানুষের অমুল্য সম্পদ সময়। তাকে আরো ভালো কাজে ব্যাবহার করা উচিত।

আমি বোধহয় (একইসাথে নাস্তিক,) **সংশয়বাদী, অজ্ঞেয়বাদী** (, নির্ধার্মিক)

সংশয়বাদী জগতে আপনাকে স্বাগতম। এই জগতে কিছু আস্তিক পন্থী সংশয়বাদীদের (Agnostic theism, ৮ নং কমেন্টে আমার উত্তর দেখুন) দেখা পেলেও পেতে পারেন, আপত্তি নেই তো ?

মিঠুন এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ১:২২ পূর্বাহ্ণ
@শামীম,

সংশয়বাদী জগতে নাস্তিকরা শুরু থেকেই আছে। তাকে স্বাগতম জানানোর কিছু নেই।
নাস্তিকরা সংশয়বাদ আর নাস্তিক্যবাদ কে আলাদা করে দেখেনা।আপনার ভুল ধারনা পরিত্যাগ করুন।
ধন্যবাদ।



ব্রাইট স্মাইল্ এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ১:৪৪ পূর্বাহ্ণ
@শামীম,

না কোন আপত্তি নাই, আপনি যত গভীরে যেয়ে বিষয়টাকে ক্লাসিফাই করার চেস্টা করছেন (যেমন আস্তিক, আস্তিকপন্থী সংশয়বাদী, নাস্তিকপন্থী সংশয়বাদী, নাস্তিক) এত গভীরে যেয়ে জীবন দুর্বিষহ করার ইচ্ছা আমার নাই।

মিঠুন এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ১:০৮ পূর্বাহ্ণ
@ব্রাইট স্মাইল্,

আমারও একই প্রশ্ন। নাস্তিক হতে হলে সংশয়বাদী হতেই হবে। কেউ যদি সংশয়বাদী না হয়ে শুধুমাত্র গোয়াড়ের মত নাস্তিক হতে চান তবে তিনি আর নাস্তিক থাকেননা, বিশ্বাসী হয়ে যান। সংশয়বাদ থেকেই নাস্তকিতার জন্ম। তাই সংশয়বাদ আর নাস্তিকতাকে কখনও আলাদা করা যায়না। নাস্তিকতা হল বিশ্বাস থেকে মুক্তি। সংশয়বাদী মন হতে হলে বিশ্বাস থেকে মুক্তি পেতেই হবে। এ কারনেই নাস্তিকতাও যে এক ধরনের বিশ্বাস - শামীম সাহেবের এ দাবী গ্রহনযোগ্য নয়। নাস্তিকতার ব্যুৎপত্তিগত অর্থ বিশ্লেষন করে অভিজিতদা প্রথমেই তা পরিস্কার করে দিয়েছেন। এর পরেও শামীম সাহেব নাস্তিকতাকে বিশ্বাস বলে প্রচার করায় অবাক না হয়ে পারছিনা।

হ্যা, সকল সংশয়বাদী হয়ত নাস্তিক নন, তবে সকল নাস্তিক অবশ্যই সংশয়বাদী। আমাদের আদিল মাহমুদ ভাইও কিন্তু সংশয়বাদী কিন্তু তিনি নিজেকে নাস্তিক বলে দাবী করেন না। একারনেই শিক্ষানবীসের সাথে আমি সম্পুর্ন সহমত যে- “আমি বোধহয় একইসাথে নাস্তিক, সংশয়বাদী, অজ্ঞেয়বাদী, নির্ধার্মিক”।

ধন্যবাদ।

11. 12

আদিল মাহমুদ
জানুয়ারি ১৪, ২০১০ সময়: ১২:৫১ পূর্বাহ্ণ লিঙ্ক

শামীম,

ধন্যবাদ আপনার দীর্ঘ জবাবের জন্য। আপনি আমার মূল প্রশ্নের জবাব যদিও সরাসরি দেননি। আপনার চোখে সংশয়বাদী আর নাস্তিকের পার্থক্য কি তা পরিষ্কার হল না।

ছুনিয়ার বেশীরভাগ লোকে মধ্যপন্থী হয় এটা মানি, তাই বলে নাস্তিকতা একটি বিশ্বাস বা নাস্তিক আর সংশয়বাদীতে কোন তফাত আছে বলে মনে হয় না। গ্রে এরিয়া আছে তাও ঠিক। তবে আমার মনে হয়

এই গ্রে আরিয়া আস্তিকদের মাঝেই বেশী। যেমন, কাল আরেকজন অন্য একটা ব্লগে তিনি কেন আস্তিক তার সহজ কারন বললেন। তার মতে ঈশ্বর যদি আসলেই না থাকে তাহলে তো কোন ঝামেলাই নেই, কিন্তু যদি থেকেই থাকে তাহলে তো পরকালে বিরাট ঝামেলায় পড়ে যাবেন। কি দরকার বাপু নাস্তিক ঘোষনা দিয়ে সেই ঝুকি নেবার ? তার চেয়ে সেফ সাইডে থাকার জন্য আস্তিক হওয়াই ভাল। আমার ধারনা বেশীরভাগ আস্তিকই আসলে এমন কিছু একটা চিন্তা করেন। এই ভদ্রলোক সরাসরি বলে ফেলেছেন।

"নাস্তিককে আস্তিক হতে হলে সংশয়বাদী প্রক্রিয়ার মধ্য দিয়েই যেতে হয়।"

- এটা মনে হয় ঠিক হল না। বহু নাস্তিক আস্তিক হয়েছেন, অহরহই হচ্ছেন। তবে তারা কিন্তু সংশয়বাদ ত্যাগ করে বিশ্বাসের জগতে পদার্পন করছেন বলেই আস্তিক হচ্ছেন। কারন আস্তিকতা হল তর্কের অতীত পুরোপুরি বিশ্বাস। আস্তিকতা তো বিবর্তনবাদের মতন কোন বৈজ্ঞানিক বিষয় না যে সংশয়ী মন নিয়ে নানান রকম পরীক্ষা নীরিক্ষা করে তবেই যাচাই করা যায়। আস্তিকতা হল বিশ্বাসের ব্যাপার। সংশয়বাদের কোন অস্তিত্ত্ব নেই।

1. হতে পারে কিছু নাস্তিক মুখে যা বলেন আসলে তা না। হতে পারে যে তারা ঈশ্বরের অস্তিত্ত্বের নিশ্চিত প্রমান পেলেও না মেনে নেবেন না, নাস্তিকই থেকে যাবেন। কিন্তু সবাইকে সেই কাতারে ফেলা তো ঠিক না। বিশেষ করে আস্তিকতার পক্ষে নিশ্চিত কোন প্রমান যখন এখনো পাওয়া যায়নি তাই এই তত্ত্বের যথার্থতা সম্পর্কে বলা যায় না। "কারন তারা মনে করে তারা চিরকালের জন্য অবিশ্বাসী, যাই বিশ্বাস করতে বলা হবে, এরা বলবে বিশ্বাস করিনা"। এটা কিন্তু পুরোপুরি আপনার ব্যাক্তিগত বিশ্বাসের কথা। ভুল হলে মাফ করবেন, তবে আপনার এ বাক্যের মধ্যে কেমন যেন ব্যাক্তিগত রেষারেষির গন্ধ পাওয়া যায়। আমি আগেই আপনাকে বলেছি যে এই ব্লগের প্রায় সব নাস্তিকই একাধিকবার বলেছেন যে নিশ্চিত প্রমান পাওয়া গেলেই তারা আস্তিকতা মেনে নেবেন।

আমার কাছে নাস্তিক আর সংশয়বাদীতে কোন পার্থক্য এ কারনেই নেই। তবে যেসব নাস্তিক পণ করে আছেন যে যত শক্ত বা যুক্তিগ্রাহ্য প্রমান দেখানো হোক তারা আস্তিকতা মেনে নেবেন না তাদের কথা ভিন্ন।

মিঠুন এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ১:১৬ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

‘বহু নাস্তিক আস্তিক হয়েছেন, অহরহই হচ্ছেন। তবে তারা কিন্তু সংশয়বাদ ত্যাগ করে বিশ্বাসের জগতে পদার্পন করছেন বলেই আস্তিক হচ্ছেন। কারন আস্তিকতা হল তর্কের অতীত পুরোপুরি বিশ্বাস। ’

ঠিক বলেছেন। সংশয়বাদী হলে আবার বিশ্বাসী হয় কেমন করে?

“নাস্তিককে আস্তিক হতে হলে সংশয়বাদী প্রক্রিয়ার মধ্য দিয়েই যেতে হয়।“ - তাই এটা একটা পুরোপুরি ফাউল কথা।

‘তবে যেসব নাস্তিক পণ করে আছেন যে যত শক্ত বা যুক্তিগ্রাহ্য প্রমান দেখানো হোক তারা আস্তিকতা মেনে নেবেন না তাদের কথা ভিন্ন’।

আদিল ভাই এরা আর তখন নাস্তিক থাকেনা, গোয়াড় বিশ্বাসীতে পরিনত হয়। শামীম ভাই আসলে নাস্তিকতা বলতে যা বুঝছেন তা বিশ্বাস বৈকি কিছু নয়।

ধন্যবাদ।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ১:৩৮ পূর্বাহ্ণ
@মিঠুন,

শামীম সাহেব আসলেই ধরে নিয়েছেন যে সব নাস্তিক আসলেই ঐ শেষোক্ত শ্রেনীর; মানে যত শক্ত বা যুক্তিগ্রাহ্য প্রমান দেখানো হোক তারা আস্তিকতা মেনে নেবেন না। পরিষ্কার বলেও দিয়েছেন। তবে এটা যেহেতু ওনার বিশ্বাসের ব্যাপার সেহেতু এ নিয়ে তর্ক করা বৃথা। ঈশ্বরের অস্তিত্ত্বের হাতে নাতে প্রমান পাওয়া গেলে এটা ভেরিফাই করা যেত।

তার আগ পর্যন্ত আমি নাস্তিকদের সংশয়বাদী নাস্তিক হিসেবেই বিশ্বাস করব, আর উনি হয়ত সব নাস্তিকদের “বিশ্বাসী নাস্তিক” ধরে রাখবেন।

তবে নাস্তিকতা থেকে আস্তিকতায় সংশয়ের মাধ্যমে আসতে হয় ওনার এই কথা মনে হয় মারাত্মকভাবে ভ্রান্ত।

সৈকত চৌধুরী এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ১:৩৮ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

হতে পারে যে তারা ঈশ্বরের অস্তিত্ত্বের নিশ্চিত প্রমান পেলেও না মেনে নেবেন না, নাস্তিকই থেকে যাবেন।

আদিল ভাই, ঈশ্বরের অস্তিত্ত্বের নিশ্চিত প্রমান পেলে তা কি কারও বিশ্বাসের জন্য বসে থাকতো?

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ১:৪৩ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

ওটা আমার কথা নয়, শামীম সাহেবের তেমনি বিশ্বাস। আমার তেমন মনে হয় না তা আগেই ওনাকে বলেছি। উনি তা মোটেও মানতে রাজী নন। উনি ধরেও নিয়েছেন যে নাস্তিকতাও আস্তিকতার মতই একটি অন্ধ বিশ্বাস। এমনকি যারা জেনে বুঝে পড়াশুনা করে নাস্তিক হয় তারাও আসলে কোন যুক্তিগ্রাহ্য প্রমান পেলেও আস্তিক হবেন না। গো ধরে নাস্তিকই রয়ে যাবেন।

এমন ধারনা ওনার এডভাঙ্গড কেমন করে হল তা উনিই ভাল জানেন। উনি আসলে এই বিশ্বাসের ওপরেই তর্ক চালিয়ে যাচ্ছেন।



শামীম এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ৩:৫২ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

আসলে ম্যালা কথা অলরেডি হয়ে গেছে, এবং সত্যি বলতে কি আমার ধৈর্যচ্যুতি ঘটেছে। তাই এই পোষ্টে এটাই আমার লাষ্ট কমেন্ট।

নাস্তিককে আস্তিক হতে হলে সংশয়বাদী প্রক্রিয়ার মধ্য দিয়েই যেতে হয়

একজন নাস্তিক (তর্কের খাতিরে ধরুন, গোয়াড় আজন্ম নাস্তিক), হঠাৎ সিদ্ধান্ত নিল যে সে আস্তিক ফলে সে আস্তিক হয়ে গেল- এভাবেতো বিষটি ঘটেনা। প্রক্রিয়াটি একটি ধীর এবং ক্রমাগত। ধরাযাক ঐ নাস্তিক আস্তিক্যবাদের উপর জ্ঞানার্জন শুরু করে ফলে প্রাথমিক ভাবে তার প্রচলিত বিশ্বাসে (নাস্তিক্যবাদে) সে সন্দেহ পোষন করতে থাকে। একই সাথে তার নতুন ধারনাও তার কাছে ধোয়াশা মনে হয়। কিছুদিন সে সংশয়ী ভাবে দোদুল্যমান অবস্থায় থাকে অবশেষে সে যখন আস্তিক্যবাদে নিশ্চিত হয় (যতদিন না হয় ততদিন সংশয়ে চলতেই থাকে) তখন সে সকল সন্দেহ ঝেরে ঝুরে আস্তিকে পরিনত হয়, অথবা তার পূরাতন মতবাদে ফেরত যায়।

বিশ্বাস সম্পর্কেঃ

আসুন দেখি বিশ্বাস কি, Faith is in general the persuasion of the mind that a certain statement is true।

নাস্তিকদের চুড়ান্ত সিদ্ধান্ত কিভাবে প্রকাশ করে ? 'ঈশ্বর নেই'। যদিও নাস্তিক শব্দটি না-বোধক, যেমন প্রবন্ধের লেখক বলেছেন। কিন্তু 'শুন্যের' ধারনা দিয়ে হা-বোধক হিসাবে এভাবে তাদের সিদ্ধান্তটি এভাবে প্রকাশ করাযায়ঃ 'জগত ঈশ্বর শুন্য' (না-ঈশ্বর আছে এই ধরনের উদ্ভট হা-বোধক বিবৃতির দরকার পরেনা)। এখন উক্ত বিবৃতিটিকে সত্য মেনে নিলে সংজ্ঞানুসারে এটি একটি বিশ্বাস । আমি শুধু এই কথাই বুঝিয়েছি এর চেয়ে বেশী কিছু নয়।
আমার মনে হয় আমাদের বিরোধ যতনা 'নাস্তিক' সংজ্ঞার সাথে যুক্ত তার চেয়ে 'বিশ্বাস'-এর সংজ্ঞার সাথে যুক্ত।
আমি আগেই বলেছি যে এখানকার বেশীরভাগ ব্লগার আসলে সংশয়বাদী যদিও তারা নিজেদের নাস্তিক দাবী করছে। এই কারনেই তারা নাস্তিক আর সংশয়বাদকে গুলিয়ে ফেলছে। কারন আপনার নিচের বিবৃতিটি লক্ষ করুনঃ

আমি আগেই আপনাকে বলেছি যে এই ব্লগের প্রায় সব নাস্তিকই একাধিকবার বলেছেন যে নিশ্চিত প্রমান পাওয়া গেলেই তারা আস্তিকতা মেনে নেবেন

'পাওয়া গেলে মেনে নেব'-একটি অসম্পুর্ন বাক্য (এক ধরনের হেয়ালি)। পরের প্রশ্নটিতে বুঝা যাবে তারা আসলে আস্তিক/নাস্তিক/সংশয়বাদী। প্রশ্নঃ আপনার কি মনে হয় পাওয়া যাবে? হা / না / জানিনা।

তারা আস্তিকতা মেনে নেক বা না নেক এ ব্যাপারে আমার কোন মাথা ব্যাথা নেই সে ব্যাপারে তারা নিজেরাই সিদ্ধান্ত নিবেন।

সংশয়বাদ ও নাস্তিকতাবাদঃ

এ নিয়ে অনেক কথা হয়ে গেছে। সংক্ষেপে শুধু এটুকুই বলি , নাস্তিকতাবাদ যদি হয় lack of belief তবে সংশয়বাদ doubt of belief।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ৮:১৪ পূর্বাহ্ণ
@শামীম,

"আসলে ম্যালা কথা অলরেডি হয়ে গেছে"

- আমারো তাই মনে হয়। ধণ্যবাদ আপনার ব্যাখ্যার জন্য।

মিঠুন এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ২:২৪ অপরাহ্ণ
@শামীম,

আসলেই হুদাই প্যাচাল পারছি আপনার লগে।

'এই ব্লগে আমি নতুন। তাই আমার জানা ছিলনা এখানেও কিছু এলিট লেখক আছেন যাদের সমালোচনা করতে নেই। সমালোচনা যাই হোক, এদের সমালোচনা করাই যে ভূল- আমি জানতাম না। এখন আপনার কথায় হুশ হলো, এখন থেকে কঠিন ভাবে আমার এই ভূল সংশোধনে মনোনিবেশ করবো। দূখঃ হলো, কাদা খেলাম আমি, দোষও হলা আমার!!'

আপনি মোটেও কাদা খাননি। আপনি নাস্তকিতাকে বিশ্বাস মনে করেন, এটা আপনার ভুল ধারনা। অভিজিতদা আপনার ধারনা ভুল দেখালেও আপনি তা স্বীকার করছেন না। নাই করতে পারেন- আপনার ব্যাক্তিগত বিশ্বাস নিয়ে কারও কিছু বলার নেই (সংশয়বাদীরাও দেখি বিশ্বাস থেকে মুক্ত নয়!!)। কিন্তু আমি আপনাকে কখন বললাম যে সমালোচনা করতে নেই? এখানে সবাই আপনার

কথার সাথে দ্বিমত পোষন করছে। তা করতেই পারে, কিন্তু তাত আপনার এমন গাত্রদাহ হল যে উল্টোপাল্টা বকা শুরু করলেন!! কাদা কে ছুড়ছে তা বোধ হয় যথেষ্ঠ পরিস্কা র।

ধন্যবাদ।

12. 13


ব্রাইট স্মাইল্

জানুয়ারি ১৪, ২০১০ সময়: ২:০৮ পূর্বাহ্ণ লিঙ্ক

এই তর্ক চলতেই থাকবে, ঈশ্বর মনে হয় কোন দিনই এই জগতে ধরা দিয়ে তর্কের অবসান ঘটাবেননা, আর মানুষও যুগ যুগ ধরে এই তর্ক চালিয়ে যেতে থাকবে।

সৈকত চৌধুরী এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ৩:১৫ পূর্বাহ্ণ
@ব্রাইট স্মাইল্,
না, যদিও আমরা এখনো ঈশ্বরের অস্তিত্ব নিয়ে বিতর্ক করছি, তিনি আসলে অনেক আগে নিৎশের আমলেই মারা গেছেন।

13. 14

একজন নির্ধর্মী

জানুয়ারি ১৪, ২০১০ সময়: ৭:৫৮ পূর্বাহ্ণ লিঙ্ক

শামীম-এর কয়েকটি মন্তব্য পড়ে (সবগুলো পড়ার প্রবৃত্তি হলো না) মনে হলো , **যুক্তিহীনতাও এক ধরনের যুক্তি**

*তানভী*এর জবাব:

জানুয়ারি ১৪, ২০১০ at ৮:৪৭ অপরাহ্ণ

@একজন নির্ধর্মী,

ধুর মিয়া বুজেন না ক্যন!! তিনার কথা হইল ,

“যাহাই হউক, শেষতক তালগাছখানি আমাকেই দিতে হইবে,(নাইলে খেলুম না!!!)”

14. 15

ফরহাদ

জানুয়ারি ১৪, ২০১০ সময়: ১২:৪৯ অপরাহ্ণ লিঙ্ক

একজন নাস্তিক (তর্কের খাতিরে ধরুন, গোয়াড় আজন্ম নাস্তিক), হঠাৎ সিদ্ধান্ত নিল যে সে আস্তিক ফলে সে আস্তিক হয়ে গেল- এভাবেতো বিষটি ঘটেনা। প্রক্রিয়াটি একটি ধীর এবং ক্রমাগত। ধরাযাক ঐ নাস্তিক আস্তিক্যবাদের উপর জ্ঞানার্জন শুরু করে ফলে প্রাথমিক ভাবে তার প্রচলিত বিশ্বাসে (নাস্তিক্যবাদে) সে সন্দেহ পোষন করতে থাকে। একই সাথে তার নতুন ধারনাও তার কাছে ধোয়াশা মনে হয়। কিছুদিন সে সংশয়ী ভাবে দোদুল্যমান অবস্থায় থাকে অবশে ষে সে যখন আস্তিক্যবাদে নিশ্চিত হয় (যতদিন না হয় ততদিন সংশয়ে চলতেই থাকে) তখন সে সকল সন্দেহ ঝেরে ঝুরে আস্তিকে পরিনত হয়, অথবা তার পূরাতন মতবাদে ফেরত যায়।”

মিথ্যা কথা। একজন নাস্তিক তখনই আস্তিক হয় যখন সে কোন বিপদে পড়ে,তার কোন প্রিয়জন মারা যায় তখন।মানুষের দুর্বল মন তখন তৃণ খন্ড ধরে হলেও শান্তি পেতে চায় , সে আস্তিক হয় এই জন্য নয় যে সে এতদিন যে সমস্ত প্রশ্ন করছিল তার সমস্হ উত্তর পেয়ে গেছে।

*আদিল মাহমুদ*এর জবাব:

জানুয়ারি ১৪, ২০১০ at ৬:৪১ অপরাহ্ণ

@ফরহাদ,

এটা খুবই সত্য কথা।

নাস্তিক টু আস্তিক হবার একটা বড় কারন এটাই। জীবনে কোণ তীব্র সংকটে পড়লে এটা হতে পারে। এর মাঝে কোন সংশয়বাদ বা গবেষনা করে কোন বিশেষ ধর্মগ্রন্থের সত্য আবিষ্কারের কোন সম্পর্ক নেই।

পাশ্চাত্য বিশ্বে আজকাল বেশ কিছু লোকে ইসলাম ও বৌদ্ধ ধর্ম গ্রহন করছে। এদের মধ্যে বেশ বড় সংখ্যক মানুষ পাশ্চাত্যের অতিমাত্রায় বস্তুগত জীবন , পারিবারিক জীবনে আশান্তি, বর্ণবাদের স্বীকার এ সমস্ত কারনে মানসিক শান্তি খোজার জন্যই ধর্মের আশ্রয় নিচ্ছে। এর মাঝে কোন গবেষনালব্ধ সত্য আবিষ্কারের সম্পর্ক নেই।

আকাশ মালিক এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ৯:১৪ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আজকাল একদল নতুন প্রকারের তথাকথিত শিক্ষিত আস্তিকের আবির্ভাব হয়েছে ইন্টারনেটে , যারা নিজেকে সংশয়বাদী মানতে রাজী কিন্তু নাস্তিক বলতে রাজী নয়। এদের কেউ কেউ আবার এও দাবী করেন যে, তারা আরজ আলী মাতব্বরের **সত্যের সন্ধানে,** হুমায়ুন আযাদের **আমার অবিশ্বাস,** ও **নারী,** আখতারুজ্জামানের **বিবর্তনবাদ,** আহমেদ শরীফের **বিচিত্র ভাবনা,** এ সকল বই পড়ে সংশয়বাদী নাস্তিক থেকে বিশ্বাসী আস্তিক হয়েছেন। কারণ তারা তাদের গবেষণালব্ধ জ্ঞান দ্বারা বুঝতে পেরেছেন ঐ সকল বইয়ে যা কিছু বলা হয়েছে তা ভুল , এর উল্টোটাই সত্য।
তাদের গবেষণালব্ধ জ্ঞানটা কি, প্রক্রিয়াটা কি? একজন সংশয়বাদী বলছেন-

প্রক্রিয়াটি একটি ধীর এবং ক্রমাগত। ধরা যাক ঐ নাস্তিক আস্তিক্যবাদের উপর জ্ঞানার্জন শুরু করে, ফলে প্রাথমিক ভাবে তার প্রচলিত বিশ্বাসে (নাস্তিক্যবাদে) সে সন্দেহ পোষন করতে থাকে।

এখানে **আস্তিক্যবাদের উপর জ্ঞানার্জন** এর প্রক্রিয়াটি কি ব্যাখ্যা করা হয় নাই। এই প্রকারের মানুষ সাধারনত প্রথমাবস্থায় নিজেকে আস্তিক রূপে প্রকাশ করেন না। যৌবনে রক্ত গরম অবস্থায় হুজুগের বসে যারা নাস্তিক হয়, তারাই পরবর্তিতে বার্ধক্যে আস্তিকে ফিরে যায়। জ্ঞান, যুক্তি, প্রশ্ন, গবেষণার মাধ্যমে নাস্তিক হয়ে কেউ কোনদিন কোন অবস্থায় আস্তিকে ফিরে যাবেনা।
যদি বলা হয়, আমার **বিশ্বাস** আমার স্ত্রী আমাকে ভালবাসেন। কথাটা ঠিকই আছে। জ্ঞান এখানে সীমিত।

আমার **মনে হয়** (সংশয়বাদী) আমার স্ত্রী একজন মানুষ, কথাটা কেমন হয়? অথবা
আমার **বিশ্বাস** আমার স্ত্রী একজন মানুষ, এখানে বিশ্বাস শব্দের কোন অর্থ হয়?
অজ্ঞানতার অপর নামই বিশ্বাস। আর বিশ্বাসের উপরই ধর্ম প্রতিষ্ঠিত।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ৯:৩৭ অপরাহ্ণ
@আকাশ মালিক,

যার উক্তি কোট করলেন ওনার সাথে আমার আরেক যায়গাতেও একই বিষয়ে তর্ক হচ্ছে। যদিও এবার ক্ষেমা দিচ্ছি।

এখানে দেখতে পারেন।

মিঠুন এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ৯:৪৫ অপরাহ্ণ
@আকাশ মালিক,

'আজকাল একদল নতুন প্রকারের তথাকথিত শিক্ষিত আস্তিকের আবির্ভাব হয়েছে ইন্টারনেটে , যারা নিজেকে সংশয়বাদী মানতে রাজী কিন্তু নাস্তিক বলতে রাজী নয়।'

সে যা বলেছেন... 😆

মিঠুন এর জবাব:
জানুয়ারি ১৪, ২০১০ at ৯:৫৯ অপরাহ্ণ
@আদিল ভাই,

ভাই আপনে পারেনও। শামীম সাহেব এর সাথে এই বিতর্ক আরেক ব্লগে গিয়ে শুরু করলেন!! একবারও বুঝলেন না উনি ওনার বিশ্বাসে গো ধরে আছেন। আপনি যতই স্পেসিফিক প্রশ্ন করেননা কেন উনি সোজা কথায় উত্তর দিবেননা। তর্ক করাটাই তো বৃথা।

আপনাকে সেলাম...

15. 16

opu

জানুয়ারি ১৪, ২০১০ সময়: ৩:১০ অপরাহ্ণ লিঙ্ক

অভিজিত দা, মেজবাহ উদ্দিন জওহের সাহেবের সাথে আপনার বিতর্কের লেখা গুলো কোথায় পাবো? পড়তে ইচ্ছুক। প্লিজ...।

*ফরিদ আহমেদ*এর জবাব:

জানুয়ারি ১৬, ২০১০ at ১০:১৯ পূর্বাহ্ণ

@opu,

মেজবাহউদ্দিন জওহের এর প্রবন্ধের লিংক নিচে দিলাম।

আস্তিকতা বনাম নাস্তিকতা - মেজবাহউদ্দিন জওহের

এর প্রত্যুত্তরে অভিজিত লিখেছিল ‘আস্তিকতা বনাম নাস্তিকতার’ প্রত্যুত্তরে।

16. 17

অনন্ত বিজয় দাশ

জানুয়ারি ১৪, ২০১০ সময়: ৯:৩১ অপরাহ্ণ লিঙ্ক

সময় হলে আমার একটি পুরানো লেখা পড়ে দেখতে পারেন ঃ **ঈশ্বরের অস্তিত্ব সংক্রান্ত দার্শনিক যুক্তি খন্ডন** 1 2 3

17. 18


ব্রাইট স্মাইল্

জানুয়ারি ১৪, ২০১০ সময়: ১০:৫০ অপরাহ্ণ লিঙ্ক

শামীম সাহেব আসলে ঈশ্বর-ধর্ম এসবেই বিশ্বাস রাখেন, কিন্তু বিশ্বাসকেতো আর জোর করে মন থেকে সরানো যায়না, আর উনি মনে হয় ঈশ্বর-ধর্মে বিশ্বাস করাটাকে একটু আনস্মার্টও মনে করেন যদিও এটা সঠিক না। তাই মুক্ত-মনায় আলোচনায় এসে নিজকে একটু আলাদাভাবে উপস্থাপন করে এটার নাম দিয়েছেন “সংশয়বাদী আস্তিক”। সংশয়বাদীতার জন্য মুক্ত-মনায় বিতর্কে অংশগ্রহন করাটা সুবিধাজনক ছিল।

18. 19


ফুয়াদ

জানুয়ারি ১৫, ২০১০ সময়: ৬:৩১ অপরাহ্ণ লিঙ্ক

আমি এতসব নিয়ে না-যাই।
অক্সফোর্ড ডিকশনারিতে লেখা আছে, the **belief** in the existence of God and Gods, and the activities that are connected with the worship of them.
আর এথিইজম সম্পর্কে লিখা আছে, the **belief** that God does not exist
কথা হইলো অক্সফোর্ডের গাধা গুলোর মুক্তমনা আইসা ক্লাস করা উচিত । না -জানে , তারা নাস্তিকতারে বিলিফ কয় ।

আমি ভাবতাছি , মুক্তমনায় অক্সফোর্ডের টিচার রা কোন পদ্ধতিতে শিক্ষা নিব তা নিয়া । এ ব্যাপারে আদিল মাহমুদ ভাইয়ের মতামত জানতে চাইতেছি ।

শামীম এর জবাব:
জানুয়ারি ১৫, ২০১০ at ৮:১৩ অপরাহ্ণ
@ফুয়াদ,

Dictionary.com -এ atheism এর সংজ্ঞাঃ

the doctrine or belief that there is no God

http://www.merriam-webster.com -এ atheism এর সংজ্ঞাঃ
the doctrine that there is no deity (doctrine:a principle or position or the body of principles in a branch of knowledge or system of belief)

dictionary.cambridge.org -এ atheist এর সংজ্ঞাঃ

someone who believes that God or gods do not exist

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৫, ২০১০ at ৮:৩০ অপরাহ্ণ
@ফুয়াদ,

অবশ্যই আমার মত পেতে পারেন।

বিনা পয়সায় উপদেশ দিতে সবসময় ভাল লাগে, আর চাইলে তো কথাই নেই! যাকে বলে গাটের পয়সা খরচ করেও দিতে রাজী। আপনাকে যদিও কোন কথা বলা মানে বৃথা সময় নষ্ট তাও জানতে চেয়েছেন বলেই বলা।

দয়া করে মনে কিছু নেবেন না , একটু ঠান্ডা মাথায় চিন্তা করবেন। belief শব্দটা দেখেই কি আনন্দে উদ্বাহু নৃত্য করা শুরু করা উচিত হয়েছে ?

এটা আসলে এমন একটা পয়েন্ট যা নিয়ে কথা বলা মানে সময় নষ্ট। এর কিছুটা তুলনা করা যায় সাধারনভাবে তত্ত্ব বলতে যা বোঝায় আর বিজ্ঞানের চোখে তত্ত্ব বলতে যা বোঝায় এই দুইটা জিনিস এক নয় এই আর্গুমেন্ট থেকে। যে ভুলটা সব বিবর্তন বিরোধী শুরু করেন। “বিবর্তন শুধুই তত্ত্ব, কোন প্রমানিত সত্য না”। তারা গুলিয়ে ফেলেন যে সাধারন মানুষের চোখে হয়ত “হাইপোথিসিস” আর “থিয়োরী” এই দুয়ের মাঝে কোন বিভেদ নেই, কিন্তু বিজ্ঞানের চোখে বিরাট পার্থক্য আছে। যাক সে কথা, আরেক দিকে চলে যাচ্ছি মনে হয়।

বিশ্বাস কি প্রাকটিক্যালী এমন কিছু বোঝায় যার মানে কোন যুক্তিপ্রমান ছাড়া কিছু আকড়ে বসে থাকা? অক্সফোর্ড বই দর্শনের বই নয়। তারা সাধারনভাবে যা বোঝায় তাই লিখেছে। এতে কোন বড় ভুল নেই।

কিছু উদাহরন দেইঃ

আপনি আইনষ্টাইনের আপেক্ষিকতাবাদে “বিশ্বাস” করেন। তাই না? আচ্ছা, অত জটিল দরকার নেই, কারন ও জিনিস আমি নিজেই বুঝি না। ধরা যাক , নিউটনের ৩ সূত্র “বিশ্বাস” করেন”। করেন কিনা? আবার গডের অস্তিত্ত্বেও “বিশ্বাস” করেন। তাই না? এই দুই শ্রেনীর বিশ্বাসের কি তুলনা হয় ? কোন পাগলে বলবে যে গড, মা কালী, দেব দেবীতে বিশ্বাস আর বিজ্ঞানের কোন তত্ত্বে বিশ্বাস একই ব্যাপার? শব্দগত কারনে অক্সফোর্ড এই দুইকে এক করে লিখেছে। বিশ্বাস বা belief সাধারন অর্থে দুটোই বোঝাতে পারে। এক, কোন প্রমানিত সত্যে বিশ্বাস; যেমন বিজ্ঞানের তত্ত্ব (এই বিশ্বাস সবার কাছে এক হবে)। আবার বিশ্বাস বলতে এমন কিছুও বোঝানো হতে পারে যার কোন যৌক্তিক ভিত্তি নেই, শুধুমাত্র ব্যাক্তিগত বিশ্বাস। অক্সফোর্ড এই দুই বিশ্বাসকেই এক করে একটি belief ব্যাবহার করেছে।

এখন এই দুই শ্রেনীর বিশ্বাসের ভিত্তীতে মিল বেশী নাকি অমিল বেশী? যেকোন নাস্তিককে যদি গডের ব্যাপারে জিজ্ঞাসা করা হয় তাহলে প্রথমেই বলবেন যে আমি গডে বিশ্বাস করি না। আসলেই তো তাই। এতে তো কোন ভূল নেই। তিনি বিশ্বাস শব্দটা ব্যাবহার করতে বাধ্য, কারন তার আর বিকল্প শব্দ নেই। সেটাই অক্সফোর্ড ডিক্সনারীতে লেখা আছে। এখন অতি আস্তিকেরা এর মানে দারুন মেধার সাহায্যে ইন্টারপ্রেট করেন যে “নাস্তিকতা আস্তিকতার মতোই একটি অন্ধবিশ্বাস, নাস্তিকেরা আস্তিকদের মত যতই যুক্তিপ্রমান দেওয়া হোক না কেন কোনদিনই তাদের বিশ্বাস ত্যাগ করবে না ”। এই ইন্টারপ্রেটেশন সম্পুর্ণ ভুল, এবং বলতে বাধা নেই এই ইচ্ছাকৃত ভুলটা করা হয় পুরো নাস্তিক

প্রজাতির উপর একটা জাতিগত বিদ্বেষ থেকে। নিজেরা যেহেতু অন্ধবিশ্বাসী , তাই নাস্তিকদেরও একই দোষে অভিযুক্ত করলে দায়ভার অনেকটা কমে। আর কোন কারন নেই এহেন উদ্ভট তর্ক শুরু করার।

আমি বিশ্বাস করি যে ভীন গ্রহের মানুষ বলে কিছু নেই। কেন করি না ? খুবই সংগত কারন। এখনো বিজ্ঞানের দৃষ্টিতে কোন প্রমানিত যুক্তিপ্রমান পাইনি বলেই করি না। কোনদিন পাওয়া গেলেই মেনে নেব। এখন কি বলা যায় যে আমার এই belief "that Alliens do not exist" শুধুই একটি অন্ধবিশ্বাস যার কোন যুক্তি নেই? আমি সম্পূর্ণ অযৌক্তিকভাবে অন্ধবিশ্বাস বশত এই বিশ্বাস আকড়ে বসে আছি? নাকি বলা যাবে যে যারা এলিয়েনে বিশ্বাস করেন তারাই কল্পকাহিনীর জগতে পড়ে আছেন? আর, খেয়াল করেন, এটা বোঝা খুব গুরুত্বপূর্ণ; আমি তো কোনদিন বলছি না যে প্রমান পাওয়া গেলেও আমি কোনভাবেই ভিন গ্রহের মানুষের অস্তিত্ব মেনে নেব না। এখানেই বিশ্বাস আর অন্ধবিশ্বাসের পার্থক্য যা আপনারা কিছুতেই ইচ্ছাকৃতবাহবে বুঝতে চান না।

আপনি বিশ্বাস শব্দটা নিয়েই পড়ে আছেন। শামীম সাহেবের সাথে যেই বিতর্ক হয়েছে তার মূল প্রতিপাদ্য শব্দ ছিল না। আপনি মনে হয় সেটাই বোঝেননি। মূল প্রতিপাদ্য ছিল যে শামীম সাহেবের মতে নাস্তিকতা শুধুমাত্র একটি বিশ্বাস নয়, অন্ধবিশ্বাস, কারন নাস্তিকেরা কোনদিন গডের অস্তিত্বের প্রমান পাওয়া গেলেও তা মেনে নেবেন না।

অক্সফোর্ড ডিক্সনারী বিজ্ঞান বা দর্শনের বই না। তারা সাধারন মানুষের বোঝার জন্য সব জিনিসই সহজভাবে লিখে। তাই বিশ্বাস আর অন্ধবিশ্বাসে তফাত করেনি।

মিঠুন এর জবাব:
জানুয়ারি ১৫, ২০১০ at ৮:৫১ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

পৃথিবীতে তিন কিসিমের লোক আছে। একদল বুইঝা লাফায় , আরেকদল কিছু না বুইঝাই লাফানি দেইখা লাফায় আর শেষের দল সবার লাফানি দেখে।

ফুয়াদ ভাইয়ের লাফানি দেখতে কিন্তু খারাপ লাগেনা , যথেষ্ঠ বিনোদনের যোগান দেয়। 😂 😂 😂

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৫, ২০১০ at ৮:৫৯ অপরাহ্ন
@মিঠুন,

যা নগদ তাই হাত পেতে নেন।



শামীম এর জবাব:
জানুয়ারি ১৫, ২০১০ at ৮:৫৩ অপরাহ্ন
@আদিল মাহমুদ,

শামীম সাহেবের মতে নাস্তিকতা শুধুমাত্র একটি বিশ্বাস নয় , অন্ধবিশ্বাস, কারন নাস্তিকেরা কোনদিন গডের অস্তিত্ত্বের প্রমান পাওয়া গেলেও তা মেনে নেবেন না

দুঃখিত আবার ফিরে আসতে হলো। আপনি দয়া করে আপনার ব্যাখা আমার উপর চাপাবেনা না। আমি কস্মিন কালেও বলিনি যে নাস্তিকেরা প্রমান পেলেও তা মেনে নেবেনা। আমি এর আগে অন্যত্র আপনাকে বলেছি, প্রমানিত সত্য পেলে বিশ্বাস লাগেনা। পানিকে বিশ্বাস করতে হয় না বা পানিযে শুন্য ডিগ্রী তাপমাত্রায় বরফে পরিনত হয় এটি পরিক্ষিত সত্য এটা নিয়ে দুনিয়ার মানুষ বিশ্বাসী আর অবিশ্বাসীতে বিভক্ত হয় নি। যা প্রমান করা যায়নি বা যায়না তা নিয়েই মানুষের বিভাজন। ঈশ্বরের বিষয়ে (পক্ষে/বিপক্ষে) প্রমানিত সত্য এসে গেলে নাস্তিক বা আস্তিকের কোন বিভাজনই থাকবেনা। ইশ্বর সংক্রান্ত প্রমান আসার আগে একদল মানুষ কি বিশ্বাস করে সেটা নিয়েই আমি বলেছি , নাস্তিকতা একটি বিশ্বাস।

অক্সফোর্ডওয়ালারা শব্দ খুজে না পেয়ে belief ব্যাবহার করে ফেলেছে, কিন্তু মারিয়াম-ওয়েবষ্টার বা Dictionary.com ওয়ালারা যে Doctrine শব্দটি ব্যাবহার করেছে এ সম্পর্কে আপনার কি বিশ্বাস?

ফুয়াদ এর জবাব:
জানুয়ারি ১৫, ২০১০ at ৯:৩৭ অপরাহ্ন
@আদিল মাহমুদ,

যাইহোক আদিল ভাই,

কষ্ট করে কমেন্টের জন্য ধন্যবাদ।

বিশ্বাস কি প্রাকটিক্যালী এমন কিছু বোঝায় যার মানে কোন যুক্তিপ্রমান ছাড়া কিছু আকড়ে বসে থাকা? অক্সফোর্ড বই দর্শনের বই নয়। তারা সাধারনভাবে যা বোঝায় তাই লিখেছে। এতে কোন বড় ভুল নেই।

কেয়ারফুল আদিল ভাই , কি বলতেছেন বুঝতেছেন তো। ডিকশনারী যারা লেখে তারা প্রতিটি শব্দের মূলগত অর্থের দিকে লক্ষ্য রেখেই লেখে। আমরা কোন শব্দের অর্থ তা বিজ্ঞানের বা অর্থনি তির বা সমাজ নিতির বা ইতিহাসের ই হোক না কেন , না বুঝলে আমরা ডিকশনারীর আশ্রয় নেই। ডিকশনারী প্রতিটি বিষয় যতদূর সম্ভব হিসাব নিকাশ করেই লিখা। ফিলসফির ছাত্র যদি ফিলসফির কোন ট্রাম না বোঝে , তাহলে সে ও ডিকশনারীর আশ্রয় নেয়। আর অক্ষফোর্ডের টিচার রা যে না বুঝে লিখে নাই , তা আপনি ভাল করেই জানেন। তারা ফিলসফির ব্যপারটি নিশ্চিত হয়েই লিখেছে।

আর দেখেন ডিকশনারী তে ডিসবিলিভ শব্দটা ইয়ুজ করতে পারত। তারা তাও করে নি , একদম পরিষ্কার করে লিখেছে the belief that

God does not exist

। তবে, এটা বলতে পারেন আপনি অক্সফোর্ডের কথা মানেন না , এই কথা ঠিক আছে।

আমি একটি গল্প বলি, আপনি রাগ করিয়েন না, অফেন্সিভ হিসাবেও নিয়েন না , নিন্দুক হিসাবে নিয়েন , আপনি তো জানেন ই কবির কথা "নিন্দুকেরে বাসী আমি সবার চেয়ে ভাল, যুগজনমের বন্দু আমার আধার ঘরের আলো"। যাইহোক, পারার বড় ভাই, কবিতা লিখে , ভালই লিখে ,খুব ই ভাল। তাই পারার ছোট ভাইয়েরাও তার কাছে কবিতা নিয়ে আসে। সে দেখে শুনে কাটা কাটি করে ঠিক করে দেয়। একদিন এক ছেলে কি করেছে , রবিন্দ্রনাথ ঠাকুরের এক অপ্রচলিত কবিতা এনে তাকে দিয়ে বলেছে, আমি লিখেছি একটু দেখে দিবেন। তো বড় ভাই কেটে কুটে নুতুন শব্দ দিয়ে ঠিক করে দিল। তখন ঐ ছেলে বলল এটা তো রবি ঠাকুরের কবিতা।

আপনিও ঐ বড় ভাইয়ের মত হয়ে গেছেন। নাস্তিকদের সাথে থাকুন। আরো বড় হবেন।

শাফায়েত এর জবাব:

জানুয়ারি ১৫, ২০১০ at ১০:১১ অপরাহ্ণ

ফুয়াদ ভাই আদিল মাহমুদের পোস্টটা পড়েছেন তো ? আপনার উপরের পোস্টের জবাব সেখানেই আছে, আবার পড়ে দেখুন

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৫, ২০১০ at ১০:৫১ অপরাহ্ণ
@ফুয়াদ,

আপনার কোন কথাই আমি অফেন্সিভ হিসেবে নেই না, কাজেই চিন্তা ও দুশ্চিন্তা করবেন না। খোলা মনে যা আসে বলে যাবেন। আমি আস্তিক নাস্তিক এসব তেমন বুঝতে চাই না , যার কথায় যুক্তি আছে তার সাথে আছি। কাজেই অযাচিত পরামর্শের কোন কারন দেখি না। টিপিক্যাল আস্তিক সাইট বলে যেগুলো আছে সেগুলো আমার কাছে অর্থহীন সময় নষ্ট ছাড়া কিছুই মনে হয় না তাই নাস্তিকদের সাইটেই আপাতত লেগে আছি।

আপনি ভাল যুক্তি দেখানে সে আপনি কোরান হোক আর রিচার্ড ডকিন্সই হোক আমি মেনে নেব। বাস্তবিকতার বিচারে আপনি আমি আমরা সবাই আস্তিক নাস্তিক দুই গ্রুপের সাথেই আছি, আপনি হয়ত নানান কথার বেড়াজালে স্বীকার করবেন না এই আরকি।

আপনাকে এই বিষয়ে যা বলার আগেই বলেছি, কাজেই আর বলার কোন কারন দেখি না। তবে যেনে রাখুন যে অক্সফোর্ড কোন স্পেসিফিক বিষয়ের ডিকশনারী নয়। যেকোন বিষয়ের স্পে সিফিক টার্ম জানতে হলে আপনাকে সেই বিশেষ বিষয়ের ডিকশনারীর সাহায্য নিতে হবে। অক্সফোর্ড আকড়ে ধরে থাকলে হবে না। কারন একই, অক্সফোর্ড হল পুরোপুরি ভাষাগত, এখানে খুব বেশী গভীরে যাবার উপায় নেই। উদাহরন হিসেবে মেডিক্যাল ডিক্সনারী, ইঞ্জিনিরারিং ডিক্সনারীর কথা বলা যায়।

আপনি নিজেকে প্রশ্ন করেন (যদি ঠাণ্ডা মাথায় পারেন আর কি) বিশ্বাস আর অন্ধবিশ্বাস দুইটি টার্ম এক কিনা? তাহলে ধরতে পারবেন।

আর আপনি রাগের মাথায় কি লিখেছেন নিজেই জানেন না।

“বিশ্বাস কি প্রাকটিক্যালী এমন কিছু বোঝায় যার মানে কোন যুক্তিপ্রমান ছাড়া কিছু আকড়ে বসে থাকা? অক্সফোর্ড বই দর্শনের বই নয়। তারা সাধারনভাবে যা বোঝায় তাই লিখেছে। এতে কোন বড় ভুল নেই”

এতে আমি অক্সফোর্ডের ভুল কোথায় আছে বলেছি? আমার মুখ দিয়ে বের করতে চাচ্ছেন যে অক্সফোর্ড ওয়ালারা ভুল, নাস্তিক আর তাদের দালাল পাতি নাস্তিকেরা অক্সফোর্ডকেও মানে না। "এতে কোন বড় ভুল নেই" এই বাক্য তাই আপনার চোখে পড়েনি, তাই না? আপনি নিজে কিছুতেই বিশ্বাস আর অন্ধবিশ্বাসের তফাত ধরবেন না পণ করে আছেন, আপনাকে বোঝাবে কে?

সাধারনভাবে আমরা অনেক শব্দই নিত্য ব্যাবহার করি যেগুলি আসলে বিষয়ের গভীরে না গেলে ভুল ধরা যায় না। যেমন, বাংলাদেশে সাধরনত আমরা প্রায়ই বলি, আমি মার্কেটিং এ যাচ্ছি (বাজার করা)। যদিও বিদেশে সবাই বলে আমি শপিং এ যাচ্ছি, কারন বানিজ্যের ভাষায় এটাই সঠিক। আগেই উদাহরন দিয়েছি THEORY HYPOTHESIS এর। মাইক্রোস্ফট ওয়ার্ডে HYPOTHESIS লিখে Synonym সার্চ করুন। দেখবেন THEORY এসেছে! এখন কি আমি ধরে নেব যে এই ডিক্সনারীওয়ালারা ভুল লিখেছে? না, তারা খুব ভুল লিখেনি। কারন তারা সাধারন মানুষের বোঝার জন্য সহজভাবে লিখেছে। বিজ্ঞানের ভাষায় যা ভুল সাহিত্যের ভাষায় সেই ভুল ত গুরুতর নয় যে ঐ ধরে চেচামেচি করতে হবে। তবে বিজ্ঞানের জগতে আলোচনা হলে অবশ্যই এই দুয়ের তফাত বুঝতে হবে।

আগে ডিক্সনারীতেই দেখেন না BELIEF বা বিশ্বাসের মানে আসলে কি। BELIEF মানেই BLIND BELIEF কোন ডিক্সনারীতে আছে? DOES NOT BELIEVE আর DISBILIEVEএর অর্থগত পার্থক্য কি? DISBILIEVE THAT GOD EXISTS হলে কোন সমস্যা থাকত না?

বিশ্বাসের একটি অর্থ পাবেন OPINION, আরো অনেক SYNONYM পাবেন; যেমন আইডিয়া, কন্সেপ্ট, ট্রাষ্ট, কনফিডেন্স, কনভিকশন। এত কথা বলার মানে BELIEF কথাটার মানে অন্ধবিশ্বাস ছাড়া যে আরো অনেক অর্থে বোঝানো হতে পারে তা আগে বোঝার চেষ্টা করেন যদি পারেন। সেজন্যই বৈজ্ঞানিকভাবে প্রমানিত নিউটনের সূত্রে আস্থা আনাকেও যেমন BELIEF বলা যায় তেমনি মা কালীর অস্তিত্ব বিনা প্রমানে মেনে নেওয়াকেও একই শব্দ BELIEF বলা যায়। এই সোজা কথার ব্যাখ্যা না দিয়ে কেবল লেগে গেছেন নাস্তিক তুলে গালাগালি করতে। তবে আমাকে জিজ্ঞাসা করা হলে আমি এই দুই শ্রেনীর বিশ্বাসে পার্থক্য আনব। প্রথম শ্রেনীকে বিশ্বাস বলব, আর দ্বিতীয় শ্রেনীকে অন্ধবিশ্বাস বলব। মুশকিল হল, জগতে যেহেতু আস্তিকের সংখ্যা অনেক অনেক বেশী , আর "অন্ধবিশ্বাস" বা "ব্লাইড ফেইথ" শুনতে অনেকটা গালির মতন শোনায় তাই কেউ আর অপ্রমানিত বিষয়ে অন্ধভাবে বিশ্বাস আনাকে প্রকাশ্যে ব্লাইন্ড ফেইথ বলতে চান না। অনেকটা কানাকে যেমন প্রকাশ্যে কানা বলা যায় না তেমন আর কি। ব্যাক্তিগত অভিজ্ঞতা থেকেও দেখেছি যেকোন আস্তিককেই অন্ধবিশ্বাসী বলা হলে তারা প্রচন্ড রেগে যান। ব্যাক্তিগত অপমান হিসেবে ধরে নেন।

এর পর যদি না বোঝেন তো কে আপনাকে বোঝাবে?



শাফায়েত এর জবাব:

জানুয়ারি ১৫, ২০১০ at ১০:০৯ অপরাহ্ণ

নিজেরা যেহেতু অন্ধবিশ্বাসী, তাই নাস্তিকদেরও একই দোষে অভিযুক্ত করলে দায়ভার অনেকটা কমে।

আমার মনের কথাটা বলেছেন। সব ধার্মিক ব্যাক্তি(আস্তিক মাত্রই ধার্মিক নয়) খুব ভালো করে জানে যে সে অন্ধবিশ্বাসী, সেটা নিয়ে তারা মনে হয় কিছুটা বিব্রতও থাকে তাই সবার ঘাড়ে এটা চাপাতে চায়।

মিঠুন এর জবাব:

জানুয়ারি ১৫, ২০১০ at ১০:২৪ অপরাহ্ণ

@শাফায়েত,

হক কথা বলেছেন। ফুয়াদ ভাইয়ের লেজ কাটা পড়েছে। এখন তিনি চান নাস্তিকদেরও লেজ কাটা এটা প্রমান করতে।

ফুয়াদ ভাই অন্যের লেজ কাটার থেকে নিজেরটা আবার জোড়া লাগাতে পারেন কি না সেই চেষ্টা করুন।

ফুয়াদ এর জবাব:

জানুয়ারি ১৫, ২০১০ at ১০:৪২ অপরাহ্ণ

@শাফায়েত,

আপনার উপরের পোস্টের জবাব সেখানেই আছে, আবার পড়ে দেখুন

তার আগে আপনি, আদিল মাহমুদ ভাই আমার যে কমেন্টের ব্যপারে জবাব দিতে চাইছেন সেই কমেন্ট টি পড়ে দেখুন । তার পর আমার জবাব টি বুঝবেন । আমি জাস্ট বিলিভ শব্দকে হিলাইট করেছি । যা দিয়ে পুরো পুরি সব ধরনের বিলিভ কাভার করে । এর মানে এই নয় যে , অন্ধবিশ্বাস বলে , বিষয়কে অন্য দিকে টেনে নেওয়া ।

*মিঠুন*এর জবাব:
জানুয়ারি ১৫, ২০১০ at ১০:৫২ অপরাহ্ণ
@ফুয়াদ,

“তার আগে আপনি, আদিল মাহমুদ ভাই আমার যে কমেন্টের ব্যপারে জবা ব দিতে চাইছেন সেই কমেন্ট টি পড়ে দেখুন। তার পর আমার জবাব টি বুঝবেন। ”

ভাই অনেক চেষ্টা করেও বুঝতে ব্যার্থ হলাম। আপনি ভয়ানক দুর্বোধ্য - আপনাকে বোঝে সাধ্য কার!!!



*শামীম*এর জবাব:
জানুয়ারি ১৫, ২০১০ at ১০:৩৬ অপরাহ্ণ
@আদিল মাহমুদ, আচ্ছা যেহেতু যুক্তি বা ডিকশনারীর সংজ্ঞা আপনার পছন্দ নয় এইবার কিছু এনসাইক্লোপিডিয়া থেকে উদাহরন দিচ্ছিঃ
Atheism, as defined by the Stanford Encyclopedia of Philosophy and the Routledge Encyclopedia of Philosophy, is the denial of the existence of God (সুত্র)
এই অংশটি একটু খেয়াল করুনঃ

Attempts to Dilute the Definition of Atheismঃ

Charles Bradlaugh, in 1876, proposed that atheism does not assert “there is no God,” and by doing so he diluted the traditional definition of atheism. Since 1979, many atheists have followed Bradlaugh’s thinking further and stated that atheism is merely a lack of belief in any god.[7][8] The motive for such a shift in meaning appears to be to an attempt to shift the burden of proof regarding the existence of God to the theism side.[7]

In the article, Is Atheism Presumptuous?, atheist Jeffery Jay Lowder, a founder of Internet Infidels which owns and operates the Secular Web. The Secular Web is one of

the principle websites for atheists, agnostics and skeptics on the internet, states that "I agree (with Copan) that anyone who claims, "God does not exist," must shoulder a burden of proof just as much as anyone who claims, "God exists."[7] In short, the attempt to redefine atheism is merely an attempt to make no assertions so no facts need be offered.[7] The attempt to redefine atheism, however, is not in accordance with the standard definitions of atheism that encyclopedias of philosophy employ which is that atheism is a denial of the existence of God or gods

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৬, ২০১০ at ৮:০৭ পূর্বাহ্ণ
@শামীম,

দেখুন, এনসাইক্লোপিডিয়া বা ডিক্সনারীর টিপিক্যাল সংজ্ঞা নিয়ে তেমন মাথা ঘামাই না।

আরিফ সাহেবের এক লাইনের কমেন্টের অর্থ কিন্তু অনেক ব্যাপক।

আমার কাছে মূল ব্যাপার হল , নাস্তিকদের "বিশ্বাস" বলতে যা সংজ্ঞায়িত করা হচ্ছে সেটা কি অন্ধবিশ্বাস কিনা সেটা। শুধু বিশ্বাস দিয়ে তো কোন কথা হচ্ছে না। যেকোন নাস্তিকই তো গড নেই তাতে "বিশ্বাসী"। এখন আসল কথা হচ্ছে এই "বিশ্বাসী" হবার কারন কি সেটা।

এখানেই আপনার সাথে এখানকার সবারই মতভেদ হচ্ছে বড়দরে। আপনি কোন এক কারন বশত; ধরে নিয়েছেন যে জগতের সব নাস্তিকই অন্ধবিশ্বাসী। কেমন যেন ভবিষ্যতবক্তার মত অমোঘ বানী দিয়ে দিয়েছেন যে এদের কিছুটা উদার মনে হলেও আসলে এরা তা নয় , এরা উপযুক্ত যুক্তিপ্রমান পেলেও গডে বিশ্বাস করবে না, কারন এরা অন্ধবিশ্বাসী। শুধু আপনি নন , প্রায় সব বিশ্বাসীই এমনি বিশ্বাস এবং প্রচার করেন। ফুয়াদ সাহেবকে এর কারন বলেছি।

একজন নাস্তিক কি বলল তাতে কি সবাইকে বিচার করা যায় বা নাস্তিকতার ভিত্তি বদল হয়ে যায়? আপনার দেওয়া কোটের শেষ লাইনেই বেশ কনফিউজিং কথা আছে। "The attempt to redefine atheism, however, **is not in accordance with the standard definitions of atheism that encyclopedias of philosophy employ** which is that atheism is a denial of the existence of God or gods "

19. 20

আরিফ
জানুয়ারি ১৫, ২০১০ সময়: ৮:৫০ অপরাহ্ন লিঙ্ক

অবকুর্স... কোকেইন না সেবন করা একটি সখ্ত নেশা..

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৬, ২০১০ at ৮:০৮ পূর্বাহ্ন
@আরিফ,

এক লাইনের অর্থ ব্যাপক।

20. 21

শাফায়েত
জানুয়ারি ১৫, ২০১০ সময়: ১০:২০ অপরাহ্ন লিঙ্ক

মনে হচ্ছে অনেক ধার্মিকের ধারণা যে নাস্তিকরা স্রষ্টার অস্তিত্বের প্রমাণ পেলেও বিশ্বাস আনবে না। আমি এ প্রসঙ্গে নিচের উক্তিটি পোস্ট করার লোভ সামলাতে পারছিনা:

Truth does not demand belief. Scientists do not join hands every Sunday, singing, "Yes, gravity is real! I will have faith! I will be strong! I believe in my heart that what goes up, up, up must come down, down, down. Amen!" If they did, we would think they were pretty insecure about it.

- Dan Barker

যাইহোক ধর্মে বিশ্বাস আমি আনব শুধুমাত্র অকাট্য প্রমাণ পেলে

21. 22

আদিল মাহমুদ
জানুয়ারি ১৫, ২০১০ সময়: ১১:২৮ অপরাহ্ণ লিঙ্ক

মিঠুন,

ফুয়াদ ভাইকে আর বেশী কিছু বলা ঠিক নয়। এরপর উনি ধরে নেবেন ও বলা শুরু করবেন সব নাস্তিকে মিলে ওনার পেছনে লেগেছে। সাদা চোখে ব্যাপারটা তো অনেকটা তেমনি।



ফুয়াদ এর জবাব:
জানুয়ারি ১৫, ২০১০ at ১১:৫৩ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

বিশ্বাস আর অন্ধবিশ্বাস দুইটি টার্ম এক কিনা

আপনি যদি বিশ্বাস কে যুক্তিকবিশ্বাস আর অন্ধবিশ্বাস বলে আলাদা করেন , তাহলে আমার কোন সমস্যা নেই। এখানে কাছাকাছি বিষয়ের একটি পোষ্ট দেখতে পারেন ।
যাইহোক,

ফুয়াদ ভাইকে আর বেশী কিছু বলা ঠিক নয়। এরপর উনি ধরে নেবেন ও বলা শুরু করবেন সব নাস্তিকে মিলে ওনার পেছনে লেগেছে। সাদা চোখে ব্যাপারটা তো অনেকটা তেমনি

এ জন্য ধন্যবাদ ।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৬, ২০১০ at ১২:০৮ পূর্বাহ্ণ
@ফুয়াদ,

প্রশ্নের জবাব কি প্রশ্নে হয়?

বিশ্বাসকে আমি অবশ্যই যুক্তিগ্রাহ্য বিশ্বাস আর অন্ধবিশ্বাস এই দুই ভাগে ভাগ করব। দুয়ের পার্থক্য আগে কয়েকটা উদাহরনে বোঝাবার চেষ্টা করেছি।

তবে ন্য ধরনের কিছু বিশ্বাসও আছে যেগুলি মানসিক , যেমন আমি বিশ্বাস করি যে অমুকে আমকে ভালবাসে এধরনের।

মিঠুন এর জবাব:
জানুয়ারি ১৬, ২০১০ at ১:১৭ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

ok, এইবারে ক্ষেমা দিচ্ছি।



ফুয়াদ এর জবাব:
জানুয়ারি ১৬, ২০১০ at ৯:৫৩ পূর্বাহ্ণ
@মিঠুন,

আপনার যা ইচ্ছে তাই বলুন, আপনাকে কেউ না করতেছে না । বরং এখন যা লিখেছেন তা আপত্তিকর , তাও আমি আপত্তি করব না । খুশি মনে লিখে যান ।

22. 23

মিঠুন

জানুয়ারি ১৭, ২০১০ সময়: ৫:৩৯ অপরাহ্ন লিঙ্ক

ফুয়াদ,

গত দুইদিন ধরে মুক্তমনায় ঢোকার চেষ্টা করে বিফল হয়েছি। জা নিনা কি সমস্যা ছিল।

আপনি অক্সফোর্ডের রেফারেন্স দিয়ে দেখিয়েছেন যে নাস্তিকতার ভিত্তিও বিশ্বাস।

আমি আপনাকে Encyclopedia Britannica এর রেফারেন্স দিচ্ছি, সেখানে নাস্তিকতা সম্পর্কে লেখা আছে-

"a disbelief in the existence of deity"

A. T. DEV এর ডিকসনারিতেও disbelief শব্দটি লেখা আছে।

আশাকরি এবার আদিলমাহমুদ ভাই এর ব্যাখ্যা বুঝতে পারবেন। তাও যদি না বোঝেন তাহলে আমি পরাজয় মেনে নিচ্ছি...

শাফায়েত এর জবাব:
জানুয়ারি ১৭, ২০১০ at ৫:৫২ অপরাহ্ন
আমিও গত দুইদিন ঢুকতে পারিনি

atheist= somebody who does not believe in God or deities
Microsoft® Encarta® 2009.
Wiki-Pedia এর ব্যাখ্যাটা ভাল করে দেখুন:

Atheism can be either the rejection of theism,[1] or the position that deities do not exist. In the broadest sense, it is the absence of belief in the existence of deities.(Wiki-Pedia)

এবার আশা করি ফুয়াদ ভাইয়ের কনফিউসন দূর হবে।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৭, ২০১০ at ৯:০৬ অপরাহ্ণ
@মিঠুন,

আমি আসলে বুঝি না ডিক্সনারীর শাব্দিক অর্থ নিয়ে পেচানোর কি মানে আছে। এটা আরো অনেক কিছু নিয়েই হয়। সেক্যুলার কথাটার মানে কি এই নিয়েও কিছুদিন পর পরই ব্লগে ব্লগে তর্ক হয়। মূল উপজীব্য থাকে কোন ডিক্সনারীতে কি অর্থ লেখা আছে। আরে, ডিক্সনারীর অর্থ বাদ দিয়ে বাস্তবের নিরিখেই চিন্তা কর না।

মিঠুন এর জবাব:
জানুয়ারি ১৭, ২০১০ at ৯:৩৯ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

মানেটা তো এখন পুরো স্পষ্ট আদিল ভাই। ঐ যে নিজেদের লেজ কাটা গেছে বলে অন্যদেরটাও কাটতে হবে!!

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৭, ২০১০ at ৯:৫০ অপরাহ্ণ
@মিঠুন,

সেটা আমি জানি, অনিচ্ছাসত্ত্বেও বলতে বাধ্য হয়েছিলাম। যদিও জানি না ধার্মিকেরা কেন নিজেকে অন্ধবিশ্বাসী স্বীকার করতে এত হীনমন্যতায় ভোগেন। যেখানে ধর্মের মূলেই আছে বিশ্বাস , যেখানে যুক্তিতর্ক প্রমানের কোন অবকাশ নেই সেখানে তারা তাদের দাবীর স্বপক্ষে যুক্তি বের করতে কোমর বেধে লেগে যান। হাস্যকর।

সৈকত চৌধুরী এর জবাব:
জানুয়ারি ১৮, ২০১০ at ১:২৩ পূর্বাহ্ণ
@আদিল ভাই,

oxford dictionary তে godless এর অর্থ করা হয়েছে wicked, দেখুন কারবার।
dictionary তে অর্থ করার সময় সাধারণ মানুষ কি বুঝে বা সাধারণত একে কি অর্থে নেয়া হয় এর উপর জোর দেয়া হয়, বাস্তবে এর অর্থ কি হওয়া উচিত তা অনেক সময়ই বিবেচনায় আনা হয় না।
ভালো থাকুন।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ১৮, ২০১০ at ১০:১১ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

সেটাই তো আমি সোজা বাংলায় বোঝাতে চেয়েছি, ডিক্সনারিগুলি অক্সফোর্ড হোক আর বেহেশতি হোক; যতটা সম্ভব সহজ ভাষায় লিখতে চেষ্টা করে। এজন্য অনেক সময় অতিসরলিকরন হয়ে যায়। হাইপোথিসিস আর থিয়োরী হয়ে যায় সমার্থক। নুডলসের বাংলা কোন এক ডিক্সনারী তে একবার পড়েছিলাম "এক প্রকার শিমাই জাতীয় খাদ্য"। সাধারন বর্ণনায় হয়ত ভুল নয়, তাই বলে নুডলস আর শেমাই মিল থেকে তো অমিল বেশী।

বিশ্বাস আর অন্ধবিশ্বাসের পার্থক্যও একই কারনে ডিক্সনারী করে না। এ নিয়ে এর সময় নষ্ট করার কোন মানে নেই। পুরো মিনিংলেস।

23. 24

অপার্থিব

জানুয়ারি ১৮, ২০১০ সময়: ৭:৩৫ পূর্বাহ্ণ লিঙ্ক

একটা কথা পরিস্কার করা দরকার যে দর্শনের বিষয়ে সঠিক ব্যখ্যার জন্য অভিধান বা Wikipedia র আশ্রয় নেয়াটা ঠিক হবেনা। কারণ এগুলো দর্শন শাস্ত্রে পন্ডিত দের দ্বারা লেখা নয়। এ নিয়ে তর্ক করতে হলে যুক্তি শাস্ত্রের নিয়ম মেনে চলাটাই মুখ্য আর পেশাগত দার্শনিক (অর্থাৎ দর্শন শাস্ত্রের অধ্যাপক বা স্নাতক ছাত্র এদের লেখাই বেশি নির্ভরযোগ্য হবে, যদি রেফারেন্স দিতেই হয়। যুক্তির নিয়মের জন্য আপনাদের "যুক্তিবিদ্যা পরিচিতি" নামে মুক্তমনায় প্রকাশিত আমার লেখাটা প ড়তে অনুরোধ করছি। নীচে বাংলা ব্লগে আমার পূর্বে প্রকাশিত "যুক্তি, বিশ্বাস ও অভিমত" লেখাটির কিছু প্রাসঙ্গিক অংশের পুনোরুক্তি করলাম।

প্রথমেই যেটা খেয়াল করা দরকার সেটা হল কোন বাক্যে যদি অস্পষ্ট বা অসংজ্ঞায়িত কোন ধারণার অবতারণ করা না হয় আর তা যদি সুস্পষ্টভাবে হয় সত্য না হয় মিথ্যা হয় তাহলে তাকে যুক্তির পরিভাষায় বচন (Proposition) বলে। অনেক বিশ্বাস বাক্যে কিছু অস্পষ্ট বা অসংজ্ঞায়িত ধারণা বা শব্দের অবতারণা করায় বাক্যটির বস্তুনির্ভর কোন অর্থ হয় না যার দরুণ সেই সব বিশ্বাসবাক্যের পরম সত্য বা মিথ্যা গুণ থাকতে পারেনা। তাই সেই সব বাক্য বচন হিসেবেও গণ্য করা যাবে না। এই ধরণের বাক্যকে অনবধারণযোগ্য বাক্য বা ধারণা (Non-Cognitive) বলা হয়। এর উদাহরন হলঃ (১) ইশ্বর আছেন। (২) আত্মা আছে। এই দুটো বাক্য যতই আমাদের কাছে খুব স্বাভাবিক এবং অর্থবহ মনে হোক না কেন কিন্তু এটা যুক্তির কঠোর বিচা রে ব্যক্তিগত অনুভূতির প্রকাশ মাত্র। এর কোন বস্তুনির্ভর অর্থ নেই "ইশ্বর" ও "আত্মা" শব্দ দুটির কারণে। এর কোনটিই সুসংজ্ঞায়িত নয়। এ দুটো শব্দের জনপ্রিয় বা বহুল প্রচলিত "সংজ্ঞা"র সবগুলি যুক্তির চূড়ান্ত বিচারে ভ্রান্তিপূর্ণ এবং স্ববিরোধপূর্ণ। বিদগ্ধ দার্শনিক মহলে (যারা যুক্তিশাস্ত্রে পারদর্শী) এই ভ্রান্তির কথাটা সুপরিচিত ও সুস্বীকৃত। এ দুটো বাক্যকে সত্য বলাটা ভুল ত বটেই অসত্য বলাটাও যুক্তির বিচারে ভুল , কারণ এই বাক্যদ্বয়ের বস্তুগত সত্যতা বা অসত্যতা কোনটাই নেই বা অর্থবহ নয়। অবশ্য ইশ্বরের এমন সংজ্ঞা দেয়া সম্ভব যা সু স্পষ্ট, সে ক্ষেত্রে ইশ্বর আছে বলাটা যুক্তি বিরুদ্ধ হবেনা , যদিও সে ইশ্বর আছে কিনা সেটা হয় হয়ত জানা সম্ভব হবেনা। বলাই বাহুল্য এই ধরণের সংজ্ঞা বহুল প্রচলিত বা জনপ্রিয় নয়। এর উদাহরণ এভাবে দেয়া যায়ঃ বিজ্ঞানের সাম্প্রতিকতম অভিজ্ঞানের দরুণ এটা এখন বলা যায় যে মহাবিশ্ব ও প্রাণের সৃষ্টি হয়েছে পদার্থবিজ্ঞানের নিয়মের অভিব্যক্তির পরিণামে। কিন্তু পদার্থবিজ্ঞানের নিয়মের উৎপত্তির কোন আদি কারণ কি আছে নাকি পদার্থবিজ্ঞানের নিয়ম আসলে সদা বিরাজমান, স্বয়ম্ভূ এর কোন আদি কারণ নেই, এই প্রশ্নের উত্তর জানা নেই এবং কখনও জানা যাবে না। লক্ষ্য করার বিষয় যে এই প্রশ্নের সুস্পষ্ট সত্যতা মিথ্যাত্ব আছে , যদিও আসলে কোনটা তা আমাদের জানা নেই। দুটো সম্ভাবনার কোনটাই যুক্তবিরুদ্ধ নয়। তাই যদি ইশ্বরের সংজ্ঞা হিসেবে কেউ বলেন সে ইশ্বর হল পদার্থবিজ্ঞানের নিয়মের আদি কারণ এবং বলেন যে সেই আদি কারণ আসলেই আছে তাহলে তা এক অবধারণযোগ্য বচনবাক্য হিসেবে গণ্য হবে ও গ্রহণযোগ্য হবে। আবার এটাও বলা যায় যে একই সংজ্ঞায় ইশ্বর নেই সেটা বলাটাও গ্রহণযোগ্য হবে। এখানে প্রসঙ্গের বাইরে গিয়ে বলি কি কারণে "ইশ্বর আছেন" এই বাক্যটি অধিকাংশের কাছে স্বাভাবিক ও অর্থবহ মনে হয়। পূর্বেই উল্লে খ করেছি যে পদার্থবিজ্ঞানের নিয়মের উৎপত্তির কোন আদি কারণ আছে কি নেই বা থাকলে সেটা কি তা মানুষের জানা নেই। সাধারণ মানুষের কাছে পদার্থবিজ্ঞানের নিয়মের দ্বারা মহাবিশ্ব ও প্রাণের সৃষ্টির সূক্ষ্ম ও জটিল তথ্য

জানা বা বোঝা সম্ভব নয় তাই তাদের দৃষ্টিতে মহাবিশ্ব ও প্রা ণের সৃষ্টিটাই রহস্য । যেহেতু দৈনন্দিন জীবনের অনেক উপকরণই মানুষের সৃষ্টি সেহেতু প্রকৃতির সবকিছু ই কাহার বা কোন কিছুর দ্বারা সৃষ্ট এই বিশ্বাস সহজাত ভাবে তাদের মনে আসে। পদার্থবিজ্ঞানের নিয়মের উৎপত্তি বা সৃষ্টিই যে আসল রহস্য সেটা তাদের পক্ষে হৃদয়ঙ্গম করা সম্ভব নয়। পদার্থবিজ্ঞানের নিয়মের উৎপত্তি অজানা থাকায় সৃষ্টির মূল কারণটাই অজানা। এই অজানা সব মানুষের মধ্যে এক বিশেষ অনুভূতির সৃষ্টি করে। সাধারণ মানুষের কাছে অজানাটা হল মহাবিশ্ব সৃষ্টির কারণ আর বিজ্ঞান সচেতন মানুষের কাছে অজানাটা হল মহাবিশ্ব সৃষ্টির কারণের কারণ (অর্থাৎ পদার্থ বিজ্ঞানের সূত্রের সৃষ্টির কারণ) । যাহোক এই পরম অজানাটা যে বিশেষ অনুভূতির সৃষ্টি করে তাকেই মানুষ নানা ভাষায় নানাভাবে ব্যক্ত করার চেষ্টা করেছে। এই অনুভূতিই মরমীয়াবাদের (Mysticism) জন্মদাতা। মরমীয়াবাদ আসলে কোন মতবাদ নয়। এই অজানার অনুভূতির এক প্র কাশ মাত্র। মরমীয়ারা(Mystics) এমন কোন গভীর সত্য বা তথ্য সম্পর্কে অবগত নন যা বিজ্ঞানীরা জানেন না। অজানার অনুভূতিকে তাঁরা কাব্যিক ভাষায় ব্যক্ত করে এবং সেই সঙ্গে তাঁদের নিরাসক্ত জীবন যাপনের দ্বারা সম্মান অর্জন করে সাধারণ্যের কাছে এক আবেপূর্ণ ভক্তির সৃষ্টি করে ন। আইনসটাইনও এই অজানার অনুভূতির কথা স্বীকার করেছিলেন। সব বৈজ্ঞানিকেরাই এই অজানার কথা বলেন বা অনুভব করেন। আসলে দার্শনিক সংজ্ঞায় নাস্তিক তাকেই বলা যায় যিনি দাবী করেন যে পদার্থ বিজ্ঞানের নিয়ম স্বয়ম্ভূ, এর কোন আদি কারণ নেই, কাজেই তাদের কাছে কোন অজানা নেই আর সেহেতু অজানার কোন অনুভূতিও নেই। এরকম নাস্তিকের সঙ্খ্যা অবশ্য খুবি কম। এখানে এটা জোর দিয়ে বলা দরকার যে যারা পদার্থবিজ্ঞানের নিয়মের উৎপত্তি অজানা বলে স্বীকার করেন তাদের অনেকেও পদার্থ বিজ্ঞানের নিয়ম স্বয়ম্ভূ, এর কোন আদি কারণ নেই এই সম্ভাবনাকে নাকচ করে দেন না। কিন্তু আদি কারণ থাকতে পারে এই সম্ভাবনাকেও নাকচ করেন না। এদেরকে দার্শনিক অজ্ঞেয়বাদী বলা যায়। আবার অনেকে পদার্থবিজ্ঞানের নিয়মের উৎপত্তির আদি কারণ অজানা বলে স্বীকার করলেও আদি কারণ যে আছে সে ব্যাপারে নিশ্চিত। এরা দার্শনিক অর্থে আস্তিক হিসেবে শ্রেণিভুক্ত হবেন। তবে এই দার্শনিক আস্তিক, নাস্তিক আর অজ্ঞেয়বাদীদের সঙ্গে আনুষ্ঠানিক ধর্মের আস্তিক , নাস্তিক আর অজ্ঞেয়বাদীদের কোন মিল নেই। আনুষ্ঠানিক ধর্মের আস্তিক , নাস্তিক আর অজ্ঞেয়বাদীরা সবাই কম বেশী হেত্বাভাসের(Logical Fallacy) স্বীকার। কারণ ধর্মীয় বিশ্বাসবাক্যগুলি অবচনবাক্য। অবচনবাক্যজনিত মত বা বিশ্বাসের অস্তিত্ব, অনস্তিত্ব বা অজানা হওয়া, এর কোনটারই যৌক্তিক ভিত্তি নেই।

এবার আসি অভিমতের প্রসঙ্গে। অনেক অভিমতই ব্যক্তিগত রুচি বা আদর্শের প্রতিফলন মাত্র, এর কোন পরম সত্যতা বা মিথ্যাত্ব থাকতে পারেনা। আর তাই সেটা বচন হতে পারে না। আর বচন নয় বলে সেইরকম অভিমতকে কেউ সত্য বলে দাবী করলে তা যুক্তির নিয়ম লঙ্ঘন করবে। একই কথা বলা যায় বিশ্বাসের বেলায়ও। এটা পরিস্কার করা দরকার যে অভিমত বা বিশ্বাস থাকলেই যে সেটা যুক্তির পরিপন্থী হতে হবে তা নয়। যদি বিশ্বাসের বস্তু স্পষ্ট ও বস্তুনির্ভরভাবে সং জ্ঞায়িত হয় ও বিশ্বাসবাক্যটি বচনবাক্য হয় তাহলে সেই বিশ্বাস যুক্তির পরিপন্থী হবে না , বিশ্বাসবাক্যটি আসলে সত্য না মিথ্যা সেটা অবশ্য অন্য ব্যাপার। এর উদাহরণ হল পৃথিবীর বাইরে মহাবিশ্বে প্রাণের অস্তিত্বে

বিশ্বাস করা। প্রাণের ধারণা জীব বিজ্ঞানে সুসংজ্ঞায়িত। মহাজ গতে প্রাণের অস্তিত্বে বিশ্বাস করা যুক্তিবিরুদ্ধ নয়, যদিও বিশ্বাসের সত্যতা বা মিথ্যাত্ব এখনও অজানা। আরেকটা উদাহরণ হল পক্ষীরাজ ঘোড়া আছে এটা বিশ্বাস করা। পক্ষীরাজ ঘোড়ার সুস্পষ্ট সংজ্ঞা দেয়া যায় , ঘোড়ার মত দেখতে প্রাণী যার পাখা আছে ও উড়তে সক্ষম। যদি ঘোড়ার আকৃতি র প্রাণীর পাখা দিয়ে উড়াটা পদার্থবিজ্ঞান (সঠিক ভাবে বলতে হলে বায়ুগতিবিজ্ঞানের) কোন নিয়ম লঙ্ঘন না করে তাহলে এই বিশ্বাস যুক্তির নিয়ম বিরুদ্ধ হবে না, কারণ এটা হয় সত্য নয় মিথ্যা অর্থাৎ বচন বাক্য। সেই বিশ্বাসই যুক্তির নিয়মবিরুদ্ধ যে বিশ্বাসের বস্তু অস্পষ্ট বা যার সর্বগ্রহণযোগ্য সংজ্ঞা নেই বা যে বিশ্বাসবাক্যের কোন সুস্পষ্ট সত্য বা মিথ্যা মূল্য নেই(অর্থাৎ বচন নয়) আগেই বলেছি কোন ব্যক্তিগত মত যদি বৈজ্ঞানিক সত্যকে বা যুক্তির নিয়মকে লঙ্ঘন না করে তাহলে সেই মত যুক্তিবিরুদ্ধ নয়। কিন্তু যুক্তিবিরুদ্ধ নয় মানেই যৌক্তিক বা নির্ভুল নয়। আধুনিকোত্তরবাদীরা (Post Modernists) , ধর্মবাদীরা ও কিছু অধ্যাত্ম্যবাদীরা সুকৌশলে তাদের কোন কোন মতবাদকে নির্ভুল বলে দাবী করেন এই যুক্তি দেখিয়ে যে তাদের বিশ্বাস ত যুক্তিবিরুদ্ধ নয়। একটা সাধারণ ভ্রান্ত উক্তি (কখনো পরোক্ষ ভাবে) হল "যেহেতু ভুল প্রমাণিত হয়নি অতয়েব তা নির্ভুল"। এই ধরনের উক্তি হল পূর্বোক্ত হেত্বাভাসের (Logical Fallacy) একটা উদাহরণ। এই বিশেষ উদাহরণের হেত্বাভাসকে অজ্ঞতার যুক্তি(Argument from Ignorance) বলা হয়। কিন্তু প্রকৃতপক্ষে সাক্ষ্য প্রমাণ দ্বারা যাচাই না হওয়া পর্যন্ত যুক্তিবিরুদ্ধ নয় এমন যে কোন বিশ্বাস বা মতবাদ অপ্রমাণিত, ঝুলমান বা অনিশ্চিত হিসেবে শ্রেণিভুক্ত হবে। এই অপ্রমাণিত , ঝুলমান বা অনিশ্চিত অবস্থার যথার্থ অবধান আমাদের সংস্কৃতিতে অবর্তমান। আমাদের সংস্কৃতিতে যুক্তি ও সাক্ষ্যের অভাব হলেও কোন উক্তি বা মতবাদকে হয় সঠিক বা ভ্রান্ত বলে তাৎক্ষণিক রায় দেয়া হয় । যারা কোয়ান্টাম বলবিদ্যার বিখ্যাত শ্রোডিঙ্গারের বিড়ালের কথা জানেন ও বোঝেন তারা এই ঝুলমান বা অনিশ্চিত অবস্থার ব্যাপারটা হৃদঙ্গম করতে পারেন। বিড়ালটি হয় জীবিত নয় মৃত বটে , কিন্তু পর্যবেক্ষণের পূর্বে জীবিত বা মৃত কোনটাই বলা যাবে না। এখানে স্মরণ করিয়ে দেয়া দরকার যে ভুল/নির্ভুল বা সত্য মিথ্যা বচন বাক্যের বেলায় প্রযোজ্য। কিন্তু দৈনন্দিন বিতর্কে দেখা যায় যে বিতর্কের বিষয়বস্তু হল অবচনবাক্যকে নিয়ে। আগেই বলেছি যে অবচনবাক্যকে নিয়ে সত্য না মিথ্যা এই তর্ক অবান্তর। এই ক্ষেত্রে একজন সুতার্কিক বিতর্কের বিষয়বস্তুটা যে অবচনবাক্য এবং সেহেতু সত্য না মিথ্যা কোনটা বলা ঠিক নয়, অথবা অপরপক্ষ বাক্যটি সত্য বা মিথ্যা প্রমাণ করার জন্য যে যুক্তি দেখাচ্ছেন সেটা যে ভ্রান্ত তার প্রতি অঙ্গুলি নির্দেশ করবেন। কিন্তু দুর্ভাগ্যবশত দেখা যায় যে একপক্ষ বাক্যটিকে সত্য আর অন্য পক্ষ উক্তিকে মিথ্যা প্রমাণ করার আপ্রাণ চেষ্টায় রত। আর যদি তর্কের বিষয়বস্তু বচনবাক্যই হয় তাহলেও উপযুক্ত সাক্ষ্য প্রমাণের আগে তা সত্য না মিথ্যা তর্ক করাটা অবান্তর। এক্ষেত্রে অবশ্য তর্কে লিপ্ত না হয়ে সত্য বা মিথ্যার সপক্ষে উভয় পক্ষ নিজ নিজ সম্ভাব্য যুক্তি অভিমত হিসেবে পেশ করতে পারেন মাত্র। তবে হ্যা যদি কোন পক্ষের কাছে বিষয়ের পক্ষে বা বিপক্ষে অকাট্য (ও অবশ্যই বস্তুনির্ভর) যুক্তি বা সাক্ষ্য প্রমাণ থাকে তাহলে সেটা পেশ করে সত্য বা মিথ্যা চূড়ান্ত রায় আবশ্যই দিতে পারেন সেই পক্ষ।

24. 25

অভিজিৎ

জানুয়ারি ১৯, ২০১০ সময়: ৯:৩৪ পূর্বাহ্ণ লিঙ্ক

নাস্তিক্যবাদকে ধর্মের সঙ্গে যারা তুলনা করে থাকে, তাদের বলতে ইচ্ছে করে:

১. নাস্তিক্যবাদ ধর্ম হলে "অফ" বাটনকে টিভি চ্যানেল বলতে হয়।
২. নাস্তিক্যবাদ ধর্ম হলে টাককে বলতে হয় চুলের রং।
৩. নাস্তিক্যবাদ ধর্ম হলে স্ট্যাম্প না জমানোকে হবি বলতে হয়।
৪. নাস্তিক্যবাদ ধর্ম হলে বাগান না করাও একটি শখ, ক্রিকেট না খেলাও একটি ক্রীড়া, কোকেইন সেবন না করাও একটি নেশা।

এই চমৎকার উপমাগুলোর পাশাপাশি আমিও অনুরূপ কয়েকটি উল্লেখ করে তালিকার শ্রীবৃদ্ধি করি -

নাস্তিকতাও একটি বিশ্বাস হলে বোবা লোককে 'ভাষাবিদ' হিসেবে ডাকতে হয়।
নাস্তিকতাও একটি বিশ্বাস হলে দন্তহীন ব্যক্তিকে 'দাঁতাল' আখ্যা দিতে হয়।

নাস্তিকতাও একটি বিশ্বাস হলে উপোস থাকাকেও এক ধরনের 'খাদ্যগ্রহণ' বলতে হয়।

নাস্তিকতা একটি বিশ্বাস কিংবা ধর্ম হলে চাকরী না করাটাও একটি পেশা।

নাস্তিকতা একটি ধর্ম হলে বই না পড়াকেও বলতে হয় 'পাঠাভ্যাস'।

নাস্তিকতা বিশ্বাস হলে পোষাক খুলে ফেলাটাও এক ধরনের পোষাক পরিধান।

নাস্তিকতা ধর্ম হলে চশমা না পরাটাও এক ধরনের সানগ্লাসের ফ্যাশান।

নাস্তিকতা একটি বিশ্বাস হলে চিরকৌমার্যও বিবেচিত হওয়া উচিৎ এক ধরনের 'বিবাহ' হিসেবে।

নাস্তিকতা একটি বিশ্বাস হলে নির্লোভী থাকার চেষ্টাকেও এক ধরনের 'লোভ' বলতে হয়।

নাস্তিকতা একটি ধর্ম হলে নিরোগ স্বাস্থ্যের অধিকারী হওয়াটাও এক ধরনের রোগ!

*বকলম*এর জবাব:
জানুয়ারি ২০, ২০১০ at ১০:৩৩ অপরাহ্ণ
@অভিজিৎ দা,

এই যুক্তি অনুসারে তাহলে কি ঈশ্বর বিশ্বাস এক ধরণের নাস্তিকতা?

*অভিজিৎ*এর জবাব:
জানুয়ারি ২১, ২০১০ at ১:০০ পূর্বাহ্ণ
@বকলম,
বুঝলাম না। এই যুক্তি অনুসারে তাহলে কি ঈশ্বর বিশ্বাস এক ধরণের নাস্তিকতা হয় ক্যামনে ?
আমি তো বললাম, নাস্তিকতা হল বিশ্বাসের অভাব!

*বকলম*এর জবাব:
জানুয়ারি ২১, ২০১০ at ১:০৮ পূর্বাহ্ণ
@অভিজিৎ দা,
তেমন কিছু না
যে রকম উলটা পালটা ব্যাপার দেখছি তাতে তো তাই মনে হচ্ছিল।

*আদিল মাহমুদ*এর জবাব:
জানুয়ারি ২০, ২০১০ at ১০:৩৯ অপরাহ্ণ
@অভিজিৎ,

শূন্যর ধারনাকে এর সাথে কিভাবে মেলানো যায় ?

শূন্য যদিও মানে শুণ্য , কিন্তু এর অস্তিত্ব তো অস্বীকার করা যায় না।

মিঠুন এর জবাব:
জানুয়ারি ২১, ২০১০ at ১২:৪৩ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

শূন্যতা আসলে কেমন? চিন্তা করেও একুল ওকুল পাইনা। কিছুদিন আগেও ভাবতাম যে বোধ হয় ভ্যকুয়াম মানেই পরম শুণ্য। কিন্তু তার তো একটা অস্তিত্ব আছে। তাহলে সেটা তো পরম শুণ্যতা হতে পারেনা। পরম শুণ্যতা আমি তাকেই বলব, তখনই বলব যখন আমাদের এই সম্পুর্ন মহাবিশ্ব উধাও হয়ে যাবে অর্থাত সবকিছুর অস্তিত্ব অনস্তিত্বে বিলীন হয়ে যাবে। তাই যদি হয় তাহলে পরম শুণের অস্তিত্বকে আমরা কিভাবে ব্যাখ্যা করব? আমার মনে হয় এই সব কিছুর অনস্তিত্বে আমাদের কোন অভিজ্ঞতা নেই বিধায় পরম শুন্যকে অনুধাবন করা আমাদের জন্য খুবই কঠিন। যখনই চেষ্টা করি পাগল পাগল লাগে...

বকলম এর জবাব:
জানুয়ারি ২১, ২০১০ at ১২:৪৮ পূর্বাহ্ণ
@মিঠুন, আদিল ভাই,

পরম শুণ্যের ধারণা আমার আছে, মাঝে মাঝেই হয়। পকেট খালি (অর্থাৎ শুণ্য) হয়ে গেলে।
সরি একটা সিরিয়াস ব্যাপারের মধ্যে একটু ফা ইজলামি করে বসলাম।

মিঠুন এর জবাব:
জানুয়ারি ২১, ২০১০ at ১২:৫৯ পূর্বাহ্ণ
@মিঠুন,

সে ধারনা আমারও হয় ভাই, বোধ করি সবারই হয়।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ২১, ২০১০ at ১:১৪ পূর্বাহ্ণ
@মিঠুন,

মহাবিশ্বের সব কিছুই উধাও, মানে পরম শূন্যের ধারনা আসলেই অসম্ভব।

প্রচলিত যে শূন্য বা ভ্যাকুয়াম সেটা যে আদতে শূণ্য নয় তা জানতে পেরেছি এই মাত্র কিছুদিন আগে। সেটাও এখনো হজম করে উঠতে পারিনি।

ব্রাইট স্মাইল এর জবাব:
জানুয়ারি ২১, ২০১০ at ১:৩৬ পূর্বাহ্ণ
@মিঠুন,
পরম শুণ্যতার যদি অস্তিত্ব থাকে তবে অনস্তিত্বেরও অস্তিত্ব আছে।
যখনই চেষ্টা করি পাগল পাগল লাগে…

বেশী চেষ্টা না করাই ভাল, বিপদের সম্ভাবনা আছে।

অভিজিৎ এর জবাব:
জানুয়ারি ২১, ২০১০ at ১:৩৬ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

শূন্যের ধারনা আসলেই জটিল। এরিস্টটল কিংবা পিথাগোরাসদের সময় শূন্যতার ধারনা এক রকম ছিলো, নিউটনের সময় এক রকম, আর আইন্সটাইনের রিলেটিভিটি রঙ্গমঞ্চে আসার পর দেশ কাল (space-time) সব মিলিয়ে শূন্যতা প্যাচ খেয়ে গেছে। আর স্ট্রিং থিওরী তো বলছে এর হিডেন মাত্রাও আছে। আর কোয়ান্টাম পদার্থবিজ্ঞান আসার পরে বিজ্ঞানীরা জেনেছেন - যে শুন্যকে শুন্য বলে মনে করা হয় এর অভ্যন্তরে ঘটে চলেছে নানা প্রক্রিয়া - উৎপন্ন হচ্ছে ভার্চুয়াল পার্টিকেল, আবার তা

নিমেষমধ্যেই বিলীন হয়ে যাচ্ছে। কাজেই শূন্য আসলে সে অর্থে শূন্য নয়। পুরো ব্যাপারটাই আসলে জটিল গবেষণার বিষয়। সম্প্রতি একটা বই পড়েছিলাম The Void নামে - সেটাতে খুব চমৎকারভাবে এ সব কিছু বর্ণনা করা হয়েছে। দেখি যদি সময় পাই মুক্তমনায় লিখব এগুলো নিয়ে। হাল্কা কিছু আওয়াজ দিয়েছিলাম যদিও আগে এখানে।

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ২১, ২০১০ at ২:২৩ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

লেখাটা পড়লাম। বলা যায় এক নিঃশ্বাসেই পড়লাম। শূন্যের ধারনা হজম করা আসলেই খুব কঠিন। আমি নিজে সামান্য কিছু পড়াশুনার ব্যার্থ চেষ্টা করেছিলাম , সবই বদহজম হয়েছিল বলা যায়। মনে হয় শক্তি থেকে পদার্থ সৃষ্টি হচ্ছে E= MC* * 2 জাতীয় কিছু হবে।

আমি তো সরল ব্যাখ্যার জন্য ঈশ্বরের দ্বারস্থ হওয়া ছাড়া আর কোন গতি দেখি না।

দেখি, পূর্নাংগ লেখা লিখেন।

25. 26

অপার্থিব
জানুয়ারি ২১, ২০১০ সময়: ৪:৩৯ অপরাহ্ণ লিঙ্ক

নাস্তিকতা একটি বিশ্বাস কি না সেটা নিয়ে বেশ তর্ক বিতর্ক হল। বিলম্বে হলেও আমি সহজ ভাবে এর একটা নিষ্পত্তি করতে চেষ্টা করছি (হয়ত বেশী আশা করছি)। যেটা নাস্তিকতা একটি বিশ্বাস এর দাবীদাররা ভুলে যান বা গুলিয়ে ফেলেন সেটা হল ইশ্বর অবশ্যই আছেন এই দাবীকে মেনে না নেয়া আর ইশ্বর অবশ্যই নেই এই দাবী করা দুটো এক জিনিষ নয়। প্রথমটাকে নাস্তিকতার সংজ্ঞা হিসেবে মেনে নিলে তা কখনই বিশ্বাস হতে পারেনা। দ্বিতীয়টিকে নাস্তিকতার সংজ্ঞা হিসেবে মেনে নিলে তা কখনও কখনও বিশ্বাস হতেও পারে। সেটাই বোঝাতে চাই এখানে।

আমার এই বিলম্বিত বক্তব্য একটি মূল লেখা হলে শিরোনাম দিতাম “নাস্তিকতা কখন একটি বিশ্বাস হয়”। স্পষ্টতই আস্তিকতা বা নাস্তিকতার সংজ্ঞায়ন নির্ভর করে ইশ্বরের সংজ্ঞায়নের উপর। ইশ্বর যদি

সুসংজ্ঞায়িত হত তাহলে ইশ্বর আছেন বা ইশ্বর নেই দুটোই গ্রহণযোগ্য বচন হত ও বস্তুনির্ভর সাক্ষ্য প্রমাণ পেলে এই দুটো বচনের সত্যতা বা মিথ্যাত্ব নিরূপন করা যেত। বলাই বাহুল্য (যদিও অনেকে এখনো তা উপলব্ধি করতে পারেন নি) যে ইশ্বরের প্রচলিত সংজ্ঞা যুক্তিশাস্ত্র নির্ভর দর্শনের নিরীখে সুসংজ্ঞায়িত নয়। কাজেই ইশ্বরের প্রচলিত সংজ্ঞা মেনে নিলে ইশ্বর আছেন বা ইশ্বর নেই এই দুটো বক্তব্য ই যুক্তিশাস্ত্র নির্ভর দর্শনের নিরীখে অর্থহীন বাক্য । যুক্তির নিয়ম লঙ্ঘন না করে ইশ্বরের সংজ্ঞা দেয়া অবশ্যই সম্ভব। তার সাথে অবশ্য ইশ্বরের প্রচলিত ধারণার কোন মিল নেই। কিন্তু এইরকম সংজ্ঞা মেনে নিলে নাস্তিকতা একটি বিশ্বাস হতেও পারে। এমন একটি সংজ্ঞা হল ইশ্বর হল প্রকৃতির নিয়মের (অর্থাৎ পদার্থ বিজ্ঞানের নিয়মের) আদি কারণ। পদার্থ বিজ্ঞানের নিয়মের আদি কারণ আছে বা নেই দুটোই সাক্ষ্য প্রমাণহীন গ্রহণযোগ্য বিশ্বাস। একটা উদাহরণ দিয়ে বোঝান যাক। প্রাণ সুসংজ্ঞায়িত একটি ধারণা। তাই পৃথিবীর বাইরে মহাবিশ্বে প্রাণ আছে বা নেই দুটো বলাটাই গ্রহনযোগ্য বিশ্বাস।

যখন কেউ বলেন নাস্তিকতা একটি বিশ্বাস তখন তিনি সজ্ঞানে বা অজ্ঞানে ইশ্বর একটি সুসংজ্ঞায়িত ধারণ বলে ধরে নেন আর নাস্তিকতার দ্বিতীয় সংজ্ঞাটিকে বেছে নেন।

*অভিজিৎ*এর জবাব:
জানুয়ারি ২১, ২০১০ at ৯:২৯ অপরাহ্ণ
@অপার্থিব,

অনেকদিন ধরেই কিছু লিখছেন না। মুক্তমনার পক্ষ থেকে জোর দাবী জানাচ্ছি নতুন লেখা লিখবার , এবং নিয়মিত হবার। মুক্তমনা এখন নতুন সদস্যদের প্রানচঞ্চল পদচারণায় মুখরিত থাকে। বাংলাদেশেও নিয়মিত বেরুচ্ছে যুক্তি আর মুক্তান্বেষার মত পত্রিকা - মুক্তমনা সদস্যদের দ্বারাই। এই সময় আপনার কাছ থেকে বেশি করে লেখা চাচ্ছি।

*অভিজিৎ*এর জবাব:
জানুয়ারি ২৩, ২০১০ at ১২:৪৫ পূর্বাহ্ণ

অপার্থিবের চমৎকার উক্তিটির সূত্র ধরে কিছু মন্তব্য করা যাক। উনি ঠিকই বলেছেন - যেটা নাস্তিকতা একটি বিশ্বাস এর দাবীদাররা ভুলে যান বা গুলিয়ে ফেলেন সেটা হল ঈশ্বর অবশ্যই আছেন এই দাবীকে মেনে না নেয়া আর ঈশ্বর অবশ্যই নেই এই দাবী করা দুটো এক জিনিষ নয়। নাস্তিকেরা আসলে আস্তিকদের দেয়া ঈশ্বরের যুক্তিগুলোকেই খন্ডন করেন , কিংবা অভিমত দেন যে যুক্তিগুলো ঈশ্বরের অস্তিত্বের পেছনে আসলে জোরালো কোন যুক্তি নয়। কাজেই অপার্থিবের দেয়া প্রথম সংজ্ঞা অনুযায়ী নাস্তিকতা যে কোন বিশ্বাসের ব্যাপার নয় , তা নিয়ে বোধ হয় কেউই সন্দেহ পোষণ করবে না।

এবার দ্বিতীয় সংজ্ঞায় আসি। অপার্থিব বলেছেন,

ইশ্বর যদি সুসংজ্ঞায়িত হত তাহলে ইশ্বর আছেন বা ইশ্বর নেই দুটোই গ্রহণযোগ্য বচন হত ও বস্তুনির্ভর সাক্ষ্য প্রমাণ পেলে এই দুটো বচনের সত্যতা বা মিথ্যাত্ব নিরূপন করা যেত। বলাই বাহুল্য (যদিও অনেকে এখনো তা উপলব্ধি করতে পারেন নি) যে ইশ্বরের প্রচলিত সংজ্ঞা যুক্তিশাস্ত্র নির্ভর দর্শনের নিরীখে সুসংজ্ঞায়িত নয়। কাজেই ইশ্বরের প্রচলিত সংজ্ঞা মেনে নিলে ইশ্বর আছেন বা ইশ্বর নেই এই দুটো বক্তব্য ই যুক্তিশাস্ত্র নির্ভর দর্শনের নিরীখে অর্থহীন বাক্য ।

প্রচলিত সনাতন দর্শনের দৃষ্টিকোন থেকে এই উক্তি খুবই সঠিক। কিন্তু বিগত কয়েক দশকে দর্শনশাস্ত্রেরও বিবর্তন ঘটেছে। ঈশ্বর সংজ্ঞায়িত নন, কিংবা ঈশরকে প্রমাণ বা অপ্রমাণ কোনটাই করা যায় না - এগুলো বক্তব্যকে আর ঢালাওভাবে পতাকার মত বহন করা হয় না। যেমন জুডিও -খ্রিস্টান-ইসলামিক গডের অনেক এট্রিবিউট যে সুসংজ্ঞায়িত তা ধর্মগ্রন্থ থেকে পাওয়া যায়। যেমন , সেই ঈশ্বর একজন ব্যক্তি ঈশ্বর - তিনি রাগ ক্ষোভ ঘৃণা প্রকাশ করেন, অবিশ্বাসীদের শাস্তি দেন, তার জন্য আরশ বা সিংহাসন রয়েছে, ইত্যাদি। এখন এধরণের গড যদি মহাবিশ্ব তৈরি করে থাকেন, জীবন তৈরির পরিকল্পনা এবং নকশা প্রণয়ন করে থাকেন, প্রার্থনায় সাড়া দিয়ে থাকেন তবে কিন্তু সেদাবীগুলো আমাদের পরীক্ষা করে যাচাই করতে পারার কথা। এবং অনেকে কিছুই যাচাই করে ভুল প্রমাণিত হয়েছে। বিজ্ঞানীরাই তা করেছেন। বিবর্তন তত্ত্বই প্রমাণ করেছে জেমস আশারের ৪০০৪ খ্রীষ্টপূর্বাব্দে ঈশ্বরের বিশ্বসৃষ্টির কেচ্ছা কাহিনী কিংবা ২৩৪৮ খ্রীষ্টপূর্বাব্দে নূহের প্লাবনের কেচ্ছা মিথ্যা। ঈশ্বর থাকলেও তিনি যে প্রার্থনায় কোন সাড়া দেন না তা মায়ো ক্লিনিকের উপর রোগীদের সার্ভে থেকে বেরিয়ে এসেছে।

আসলে ঈশ্বর প্রার্থনায় সাড়া দেন কিনা কিংবা সত্যিকার গড কে - এই হাইপোথিসিসগুলো কিন্তু সহজেই পরীক্ষা করে নির্ণয় করা যায়। যেমন মৃত্যুপথযাত্রী হিন্দু , মুসলিম, বৌদ্ধ বা খ্রীষ্টান রোগীর জন্য আলাদা করে প্রার্থনার ব্যবস্থা করা হল। দেখা গেল ইসলামী প্রার্থনাতেই রোগী কেবল ভাল হচ্ছে - কিংবা মুসলিম রোগী প্টাপট সেরে উঠছে, আর বাকিরা পটল তুলছে, তাহলে সাথে সাথে আমরা বুঝে নিতাম ইসলামী আল্লাহই সত্যিকার গড। কিন্তু এ ধরণের ঘটনা ঘটেনি। বরং মায়ো ক্লিনিক

ডিউক ইউনিভার্সিটির স্টাডিগুলো প্রার্থনার সাথে রোগির ভাল হওয়ার কোন সম্পর্ক খুঁজে পায়নি। আসলে আব্রাহামিক গড হিসবে চিত্রিত অনেক এট্রিবিউটই যে পরীক্ষা করে ভুল প্রমাণ করা যায় তা পদার্থবিজ্ঞানী ভিক্টর স্টেংগর দেখিয়েছেন তার God: The Failed Hypothesis বইয়ে। তিনি বলেন , "I detailed in my books - God: The Failed Hypothesis that evidence of God such as Abrahamic God fails all tests".

আবার, ঈশ্বরকে সংজ্ঞায়িত করতে যে ধরণের গুনাবলী আরোপ করা হয় পরীক্ষা করে দেখা যেতে পারে সেগুলো পরষ্পর বিরোধী কিনা। যেমন, কেউ যদি চারকোনা বৃত্তের অস্তিত্ব দাবী করে , সেটা যুক্তি দিয়ে প্রমাণ করা যাবে এই ধারনাটি পরষ্পর বিরোধী। ধর্ম-দর্শন নির্বিশেষে যে বেশিষ্ট্যগুলো দিয়ে ঈশ্বরকে সচরাচর মহিমান্বিত করা হয় সেগুলো সবই দেখা গেছে যুক্তির কষ্ঠিপাথরে খুবই ভঙ্গুর। যেমন, ঈশ্বরকে বলা হয় 'পরম দয়াময়' (all-loving) এবং সর্ব শক্তিমান (all-powerful or omnipotent), নিখুঁত (perfect), সর্বজ্ঞ (omniscient) ইত্যাদি। কিন্তু সর্বশক্তিমত্তা (omnipotence) এবং সর্বজ্ঞতা (omniscience) যে একসাথে প্রযোজ্য হতে পারে না তা যুক্তিবাদীদের দৃষ্টি এড়া য়নি। আমি এই লেখায় কিছুটা আলোকপাত করেছিলাম। ভিক্টর স্টেঙ্গর তার বইয়ে Omniscient, omnibenevolent এবং Omnipotent God থাকাটা যে যোউক্তিকভাবে অসম্ভব তা দেখিয়েছেন। একই কথা বলেছেন, মাইকেল মার্টিন এবং রিকি মনিয়ার তাদের The impossibility of God বইয়ে। কাজেই ঈশ্বরের কোন এট্রিবিউট পরীক্ষা করে কিংবা যৌক্তিকভাবে পরীক্ষা করে বাতিল করে দেয়া যাবে না - তা নয়। রিচার্ড ডকিন্সও মনে করেন ধার্মিকদের দেয়া ঈশরের অনেক সংজ্ঞাই টেস্টেবল হাইপোথিসিস, এবং তিনি গড ডিলুশন বইয়ে অনেকগুলোই খন্ডন করেছেন।

এরকম অনেক হাইপোথিসিস কিছু কিছু ক্ষেত্রে পরীক্ষা এখনই করা যায় , কিছু কিছু হয়তো প্রযুক্তি উন্নত হলে করা যাবে। সেজন্যই ভিক্টর স্টেঙ্গর তার **নিউ এথিজম** বইয়ে বলেন -

The new atheists firmly assert that the personal, abrahamic God is a scientific hypothesis that can be tested by the standard method of science. And we have seen that it has failed the test.

তারপরেও যে ঈশ্বরের প্রোপার্টির কথা উপরে বলা হল তার বাইরেও ঈশ্বরের অজস্র সংজ্ঞা থাকতে পারে। কবি সাহিত্যিক থেকে শুরু করে ভাবুক দার্শনিকটি পর্যন্ত যে যার মত ঈশ্বরকে সংজ্ঞায়িত করেন। কেউ প্রেমিকার চোখে, কেউ বা রাত্রির জ্যোৎস্নায়, কেউ কবিতায়, কেউবা গানে, কেউ সুরা-সাকীতে, কেউ জনসেবায়, কেউ প্রকৃতিতে কিংবা কেউবা আবার সচিন তেন্ডুলেকরের ব্যটিং -এ ঈশ্বরকে খুঁজে পান। এধরনের অব্যক্ত মানবিক আবেগ, উপমা, মনের ভাবগত প্রতিরূপকে সঠিক বা ভুল প্রমাণ করার কিছু নেই , বিজ্ঞান ওসব নিয়ে কাজও করে না।

26. 27

অপার্থিব

জানুয়ারি ২৩, ২০১০ সময়: ৯:০৩ পূর্বাহ্ণ লিঙ্ক

অভিজিৎ,

লেখার অনুরোধ করারা জন্য ধন্যবাদ। সময়ের অভাবে নিয়মিত লেখা সম্ভব হয়ে উঠেনা। ভিক্টর স্টেঙ্গর আসলে ইশ্বরের ধর্মবাদীদের সংজ্ঞাকেই বেছে নিয়েছেন। সেই সংজ্ঞা বেছে নিলে তা যে যুক্তির নিয়মকে ভংগ করে সেটা ত নতুন কোন ব্যাপার নয়। আমি আমার স্বাধীন , ইচ্ছা, মন্দ ও ইশ্বরের অস্তিত্ব লেখায় সেটাই দেখিয়েছিলাম।

সমস্যাটা হল স্টেঙ্গর ও ধর্মবাদীদের ওই সংজ্ঞাটাই ত যুক্তির নিয়মকে লংঘন করে। উনি (আর আমাই আমার স্বাধীন, ইচ্ছা, মন্দ ও ইশ্বরের অস্তিত্ব লেখায়) এটাই যুক্তির দ্বারা শুধু প্রমাণ করি যে ইশ্বরের (যদিও ভুল ভাবে সংজ্ঞাইত) ধর্মসমূহ পরস্পর বিরোধী। যে ধর্মগুলি বলা হয়েছে সেগুলো ত যুক্তির নিয়ম লংঘন করে না। ইশ্বরের একটা স্বংসম্পূরণ সংজ্ঞা দিয়ে তারপর সেই ইশ্বরের ধর্মগুলির বর্ণনা দেয়া যেতে পারে বাড়তি ক্লজ হিসেবে। শুধু ধর্মগুলির বর্ণনা দিলেই ইশ্বর সংজ্ঞায়িত হয়ে যায় না। যেটা স্টেঙ্গর can be tested by the standard method of science বলছেন সেটা হল সেই ধর্ম বা properties গুলি। ইশ্বরের সংজ্ঞা নয়।

অভিজিৎ এর জবাব:

জানুয়ারি ২৪, ২০১০ at ১২:৩৮ পূর্বাহ্ণ

@অপার্থিব,

ভিক্টর স্টেঙ্গর আসলে ইশ্বরের ধর্মবাদীদের সংজ্ঞাকেই বেছে নিয়েছেন। সেই সংজ্ঞা বেছে নিলে তা যে যুক্তির নিয়মকে ভংগ করে সেটা ত নতুন কোন ব্যাপার নয়।

ঈশ্বর যেহেতু নিজে এসে তার অস্তিত্বের কোন প্রমাণ দিচ্ছেন না কিংবা সংজ্ঞা বাৎলে দিচ্ছেন না , সেক্ষেত্রে ধর্মবাদীদের দেয়া সংজ্ঞাগুলোকে যুক্তির কষ্টিপাথরে যাচাই করে বিশ্লেষণ করায় আমি কোন দোষ দেখি না।

আমি আমার স্বাধীন, ইচ্ছা, মন্দ ও ইশ্বরের অস্তিত্ব লেখায় সেটাই দেখিয়েছিলাম। সমস্যাটা হল স্টেঙ্গর ও ধর্মবাদীদের ওই সংজ্ঞাটাই ত যুক্তির নিয়মকে লংঘন করে।

হ্যা আপনি আপনার লেখায় স্বাধীন ইচ্ছার কষ্টিপাথরে ঈশ্বরের কর্মকান্ড এবং অস্তিত্বকে বিশ্লেষণ করেছিলেন। কিন্তু একটু ভিতরে ঢুকলে আপনি দেখবেন যে , আপনিও অস্তিক এবং ধর্ম্বাদীদের দেয়া সংজ্ঞাগুলোই বিশ্লেষনে এনেছিলেন। যেমন, আপনি মন্দের যুক্তি শুরুই করেছিলেন এই বলে - আস্তিকদের দাবি ঈশ্বর সর্বশক্তিমান, সর্বকরুণাময় এবং সর্বজ্ঞ …। এখানে "আস্তিকদের দাবি"… শব্দগুলোর ব্যবহার লক্ষনীয়। ঈশ্বর এসে তার কোন সংজ্ঞা দিয়ে যাননি, সেহেতু আমাদের ধার্মিকদের দেয়া সংজ্ঞার উপরেই নির্ভর করতে হয়।

আরো একটি ব্যাপার আমার মনে হল (যদিও সেটা ভিন্ন প্রসঙ্গ), আপনি যে "স্বাধীন ইচ্ছা"র যুক্তি দিয়ে ঈশ্বরকে খন্ডন করেছিলেন, তার সাথে আপনার পরবর্তী লেখা যেটাতে ফ্রি উইলকে ইল্যুশন বলে অভিহিত করেছিলেন - সেটার সাথে সাংঘর্ষিক। ফ্রি উইল বা স্বাধীন ইচ্ছা বলে যদি কিছু না থাকে , তবে সেটাকে ঈশ্বরের অস্তিত্বের বিপক্ষে জোরালো যুক্তি হিসেবে হাজির করা যায় না কিন্তু 🙂

যেটা স্টেঙ্গর can be tested by the standard method of science বলছেন সেটা হল সেই ধর্ম বা properties গুলি। ইশ্বরের সংজ্ঞা নয়।

এটা আমি এর পরের মন্তব্যে বিশ্লেষণ করছি।

27. 28

অপার্থিব

জানুয়ারি ২৩, ২০১০ সময়: ৯:৫৭ পূর্বাহ্ণ লিঙ্ক

আমার আগের মন্তব্যের কিছু ঢিলা অংশ মেরামত করা যাক। আমি লিখেছিঃ
যে ধর্মগুলি বলা হয়েছে সেগুলো ত যুক্তির নিয়ম লংঘন করে না ।
যুক্তির নিয়ম লংঘন করে না বলতে বোঝাতে চেয়েছি যে ধর্মগুলির বর্ণনাগুলি অবচনবাক্য নয়, বচনবাক্য। যুক্তির আলোচনায় বচন আর অচনবাক্য খুবই গুরুত্বপূর্ণ। কোন উক্তি বচন না অচনবাক্য সেটা হিল্লে না করে যুক্তিতে এগুনো অনুচিত। কিন্তু স্টেঙ্গর ও ধর্মবাদীদের ইশ্বরে সংজ্ঞা বচনবাক্য নয়। তাই তার অস্তিত্ব বা অনস্তিত্ব cannot be tested by the standard method of science.

অভিজিৎ এর জবাব:
জানুয়ারি ২৪, ২০১০ at ১:২৪ পূর্বাহ্ণ
@অপার্থিব,

একটা উদাহরণ দিয়ে শুরু করি। সবাই জানে ঘোড়ার অস্তিত্ব আছে। ইউনিকর্ণের অস্তিত্ব নেই। কিন্তু তার মানে এই নয় ইউনিকর্ণ সুসংজ্ঞায়িত নয়। ইউনিকর্ণের শিংওয়ালা কাল্পনিক ছবি বহু সাইটেও পাওয়া যাবে। ইউনিকর্ণের অস্তিত্বে অবিশ্বাসী হওয়া মানে দর্শনগত ফ্যালাসিতে পড়া বলে আমি মনে করি না।

ব্যাপারটা পুরোপুরি না হলেও আংশিকভাবে ঈশ্বরের ক্ষেত্রেও প্রযোজ্য। যুগ যুগ ধরে ধর্মবাদীরা এবং আস্তিকেরা বিভিন্নভাবে ঈশ্বরের সংজ্ঞা দিয়ে এসেছেন, বৈশিষ্ট বা গুণ আরোপ করেছেন। তাদের দেওয়া সংজ্ঞা এবং বৈশিষ্ট বিচার করলে কিছু এট্রিবিউট অবশ্যই পরষ্পরবিরোধী। কিন্তু এট্রিবিউটে র পরষ্পর বিরোধিতা এড়িয়েও সংজ্ঞা দেয়া সম্ভব হতে পারে। যেমন গড ডিলুশন বইয়ে রিচার্ড ডকিন্স (গড হাইপোথিসিস চ্যাপ্টার দ্রঃ) যে সংজ্ঞা দিয়েছেন সেটা বিবেচনা করা যাক। তিনি বলেছেন,

"I shall define the God Hypothesis more defensibly: there exists a super-human, supernatural intelligence who deliberately designed and created the universe and everything in it, including us."

উপরের স্টেটমেন্টটি অনেকদিক থেকেই একটি টেস্টেবল হাইপোথিসিস, এবং সংজ্ঞায়িত করা হয়েছে পরষ্পরবিরোধিতা এড়িয়েই । ডকিন্স তার বইয়ে এই টেস্টেবল হাইপোথিসিসটি নিয়ে বৈজ্ঞানিক দৃষ্টিকোন থেকেই আলোচনা করেছেন , এবং এ ধরণের গড যে নেই তা তার বইয়ে দেখানোর চেষ্টা করেছেন। আমার মনে হয়না এতে কোন দার্শনিক যুক্তি লঙ্ঘিত হয়েছে। স্টেংগরের উক্তিটিও এই প্রেক্ষিতে বিবেচনা করতে হবে।

সৈকত চৌধুরী এর জবাব:
জানুয়ারি ২৪, ২০১০ at ২:১৭ পূর্বাহ্ণ
@অভিজিৎ দা,

আমরা যেমন বলতে পারি বকচ্ছপ, ভুত বলতে আসলে কিছু নেই ঠিক তদ্রুপ বলতে পারি ঈশ্বর বলতে আসলে কিছু নেই। শুধু সনাতন যুক্তির কাটামো ঠিক রাখার জন্য বকচ্ছপ, ভুত , ঈশ্বর এগুলোর অস্তিত্ব নেই - একথা না বলতে দেয়া বাস্তবতার সাথে প্রতারণার সামিল। যুক্তিকে অবশ্যই বাস্তবতার সাথে সংগতিপূর্ণ হতে হবে।
আপনাকে ধন্যবাদ।

28. 29

অপার্থিব

জানুয়ারি ২৪, ২০১০ সময়: ১১:০০ পূর্বাহ্ণ লিঙ্ক

অভিজিৎ,
স্টেংগরের সংজ্ঞা আর ডকিন্স এর সংজ্ঞা এক নয়। ডকিন্সের সংজ্ঞাও যুক্তিভি ত্তিক দর্শনের নিরীখে নির্ভুল নয়। স্টেংগর বা ডকিন্স কেউ মনে হয় না যুক্তিশাস্ত্র যত্ন সহকারে পড়েছেন। তারা দুজনই ব্যবহারিক বিজ্ঞানী। যুক্তির সূক্ষ দিক নিয়ে হয়ত চিন্তা করেন না।
"super-human", "supernatural intelligence" who deliberately designed and created the universe " এই বাক্য যুক্তির আলোকে ভ্রান্তপূর্ণ। সংজ্ঞার টার্গেটের অস্তিত্ব বা অস্তিত্ব প্রমাণ করেতে হলে সংজ্ঞকে অবশ্যই বস্তনির্ভর হতে হবে। উপরের বাক্যের শব্দগুলির কোন বস্তুগত অর্থ নেই যাকে নিয়ে যৌক্তিক ভাবে বিশ্লেশণ (মধ্যান্য স আসছে না কী বোর্ডে কেন জানি) করা যায়। এই শব্দগুলির কোন সার্বজনীন অর্থও নেই। যে যার খুশি মত অর্থ করতে পারেন। তাহলে সেটা নিয়ে কি করে যৌক্তিক আলোচনা হতে পারে। যুক্তির নিয়ম নিছক বিনোদনের জন্য আসেনি। যুক্তি (অর্থাৎ তর্ক বা ডিবেট)এর জন্য এর প্রয়োজন। যুক্তির নিয়মকে খাট করে দেখা র কোন কারণ নেই। যুক্তি মানেই বাস্তবতার সংগে বিরোধ নয়। এইরকম উক্তি করাটা ও নাস্তিকতা একটা ধর্ম বলার মত হেতুদোশ। যেমন টি একজন করেছেন। ইশ্বরের কোন যুক্তিসম্মত সংজ্ঞা যে নেই সেটা কোন খবর হবার কথা নয়। পেশাদার দার্শনিক (যারা যুক্তিশাস্ত্র পড়েন ও বোঝেন) তারা এটা ঠিকই জানেন। জনপ্রিয় বা প্রচলিত সংজ্ঞা যুক্তির আলোকে ভ্রান্ত হলেও সেই সংজ্ঞা কে ভিত্তি করে যে ধর্মগুলি ব্যক্ত করা হয় সেগুলো যুক্তির নিয়ম দ্বারা স্ববিরোধপূর্ণ প্রমাণ করা যায় যেটা আমি , স্টেংগার আর ডকিন্স দেখিয়েছেন। ইশ্বরের জনপ্রিয় বা প্রচলিত সংজ্ঞা যুক্তিশাস্ত্রএ নিয়মের পরিপন্থী বলা আর সেই সংজ্ঞা কে ভিত্তি করে যে ধর্মগুলি ব্যক্ত করা হয় সেগুলো যুক্তির নিয়ম দ্বারা স্ববিরোধপূর্ণ প্রমাণ করা এই দুটর মধ্যে যে কোন বিরোধ নেই সেটা অভিজিৎ বুঝতে পারেছেনা ,এটাই আমাকে অবাক করছে।

*অভিজিৎ*এর জবাব:
জানুয়ারি ২৪, ২০১০ at ৭:৫৯ অপরাহ্ণ
@অপার্থিব,

স্টেংগরের সংজ্ঞা আর ডকিন্স এর সংজ্ঞা এক নয়। ডকিন্সের সংজ্ঞাও যুক্তিভিত্তিক দর্শনের নিরীখে নির্ভুল নয়। স্টেংগর বা ডকিন্স কেউ মনে হয় না যুক্তিশাস্ত্র যত্ন সহকারে পড়েছেন। তারা দুজনই ব্যবহারিক বিজ্ঞানী। যুক্তির সূক্ষ দিক নিয়ে হয়ত চিন্তা করেন না।

এটা বোধ হয় ঢালাওভাবে বলে দেয়া ঠিক হল না। ভিক্টর স্টেঙ্গর যেমন একজন পদার্থবিজ্ঞানী (Professor Emeritus of Physics and Astronomy, University of Hawaii), ঠিক তেমনি তিনি দার্শনিকও। না হলে তিনি University of Colorado র Adjunct Professor of Philosophyর পদে আসীন থাকতে পারতেন না। আর, ডকিন্স দর্শশাস্ত্র না পড়ালেও বিশ্বের খ্যাতনামা চিন্তাবিদদের একজন হিসেবে গৃহীত। স্টিভেন ওয়েনবার্গ এবং অন্যান্যদের মত তিনিও বিজ্ঞানের দার্শনিক। তার ব্লাইন্ড ওয়াচমেকার, গড ডিলুশন প্রভৃতি বইগুলোতে প্রান্তিক বিজ্ঞানের পাশাপাশি দার্শনিক চিন্তাধারারও সমন্বয় ঘটেছে। কাজেই তারা ” যুক্তিশাস্ত্র যত্ন সহকারে পড়েননি ”, কিংবা “যুক্তির সূক্ষ দিক নিয়ে চিন্তা করেন না” বলাটা নিতান্তই আপনার ব্যক্তিগত অভিমত। একই বিশেষণ বা অভিমত যে কেউ অপার্থিব বা অভিজিতের উপরও প্রয়োগ করে তাদের উড়িয়ে দিতে পারে। কিন্তু সেটা বোধ হয় আলোচ্য বিষয় হওয়া উচিৎ হবে না।

“super-human”, “supernatural intelligence” who deliberately designed and created the universe ” এই বাক্য যুক্তির আলোকে ভ্রান্তপূর্ণ। সংজ্ঞার টার্গেটের অস্তিত্ব বা অস্তিত্ব প্রমাণ করেতে হলে সংজ্ঞকে অবশ্যই বস্তুনির্ভর হতে হবে। উপরের বাক্যের শব্দগুলির কোন বস্তুগত অর্থ নেই যাকে নিয়ে যৌক্তিক ভাবে বিশ্লেষণ করা যায়।

আসলে ডকিন্সের বাক্যটির মোদ্দা কথা হল - কোন সর্বোত্তম পরিকল্পনাকারী (God is a being than which no greater being can be thought), যাকে ঈশ্বর নামে অভিহিত করা হচ্ছে, তার দ্বারা এই মহাবিশ্ব এবং জীবনের সৃষ্টি এবং ডিজাইন করা হয়েছে কিনা। আমি আগেই বলেছি এটি একটি টেস্টেবল হাইপোথিসিস। তারা মহাবিশ্ব ও জীবজগতের প্রকৃতি , বিবর্তনের বৈশিষ্ট্যগুলো আলোচনায় এনে এই হাইপোথিসিস অনেকেই টেস্ট করেছেনও, সেজন্যই ডকিন্স এবং স্টেঙ্গর দু’জনেই উপসংহারে পৌছেঁছেন - “The Universe and life do not look at all designed, they look just as they would be expected to look if they were not designed at all”. কেবল তারা “দর্শনশাস্ত্র যুক্তি সহকারে পড়েননি ” বলে এড়িয়ে গেলে হবে না!

ইশ্বরের জনপ্রিয় বা প্রচলিত সংজ্ঞা যুক্তিশাস্ত্রএ নিয়মের পরিপন্থী বলা আর সেই সংজ্ঞা কে ভিত্তি করে যে ধর্মগুলি ব্যক্ত করা হয় সেগুলো যুক্তির নিয়ম দ্বারা স্ববিরোধপূর্ণ প্রমাণ করা এই দুটর মধ্যে যে কোন বিরোধ নেই সেটা অভিজিৎ বুঝতে পারেছেনা ,এটাই আমাকে অবাক করছে।

আমি কিন্তু বুঝতে পারছি। আমি কেবল বলতে চেয়েছি , আপনার দেওয়া দ্বিতীয় সংজ্ঞানুসারেও নাস্তিকতা বিশ্বাসের ব্যাপার হয় না। এই দ্বিতীয় সংজ্ঞার গোত্রভুক্তরা "গড"কে (প্রচলিত সংজ্ঞার ভিত্তিতেই হল না হয়) একটি হাইপোথিসিস হিসেবে বিবেচনায় এনে তার অস্তিত্ব পরীক্ষা করেছেন এবং পরিশেষে বাতিল করেছেন। দর্শনশাস্ত্রের পরবর্তী এই এডভান্সমেন্টগুলো হয়তো আপনার চোখে পড়ছে না। 🙂

আপনার "অবাক লাগলেও" আমার কিন্তু বেশ ভাল লাগছে এই দেখে যে, অনেকদিন পর অপার্থিবের কন্ট্রিবিউশন দেখা যাচ্ছে মুক্তমনার পাতায়! এটাই বা কম কিসে! 😀

29. 30

অপার্থিব

জানুয়ারি ২৪, ২০১০ সময়: ১০:১৫ অপরাহ্ণলিঙ্ক

অভিজিৎ,
তুমি যে আমার বক্তব্য বুঝতে পারছনা সেটা মোটামুটি আমার কাছে (তোমার কাছে নয়) পরিস্কার। হয়ত আমার ভাষার দুর্বলতার জন্য। আমি যা বলছি বা বোঝাতে চাইছি সেটা wikipedia's ignosticism এ সুন্দর ভাবে ব্যক্ত করা হয়েছে। এতে অন্তত এটাও প্রমাণ হবে যে শূধু আমি একাই এই কথা বলছিনা। নীচে wikipedia's ignosticism এর প্রাসংগিক অংশ উধৃত করলাম (ড্রেঞ্জ এর বক্তব্য বিশেষ করে প্রণিধান যোগ্য, ড্রেঞ্জ একজন পেশাদার দার্শনিক) ঃ
Ignosticism and theological noncognitivism are generally synonymous,[2] but the relationship of ignosticism to other nontheistic views is less clear. While Paul Kurtz finds the view to be compatible with both weak atheism and agnosticism,[3] other philosophers consider ignosticism to be distinct.
In a chapter of his 1936 book Language, Truth, and Logic, A. J. Ayer argued that one could not speak of God's existence, or even the probability of God's existence, since the concept itself was

unverifiable and thus nonsensical.[4] Ayer wrote that this ruled out atheism and agnosticism as well as theism because all three positions assume that the sentence "God exists" is meaningful.[5] Given the meaninglessness of theistic claims, Ayer opined that there was "no logical ground for antagonism between religion and natural science",[6] as theism alone does not entail any propositions which the scientific method can falsify.
Like Ayer, Theodore Drange sees atheism and agnosticism as positions that accept "God exists" as a meaningful proposition; atheists judge it to be "false or probably false" and agnostics consider it to be inconclusive until further evidence is met.[7] If Drange's definitions are accepted, ignostics are neither atheists nor agnostics. A simplified maxim on the subject states "An atheist would say, 'I don't believe God exists'; an agnostic would say, 'I don't know whether or not God exists'; and an ignostic would say, 'I don't know what you mean when you say, "God exists" '."
Ignosticism is not to be confused with apatheism, a position of apathy toward the existence of God. An apatheist may see the statement "God exists" as meaningless, yet they may also see it as meaningful, and perhaps even true.[8]

*অভিজিৎ*এর জবাব:
জানুয়ারি ২৫, ২০১০ at ৩:৫২ পূর্বাহ্ণ
@অপার্থিব,

ড্রেঞ্জ-এর Ignosticism কিংবা Non-Cognitivism আর্গুমেন্টগুলোর সাথে আমি পরিচিত, কিন্তু আমি বলতে চাই যে, ঢালাওভাবে যেভাবে বলে দেয়া হয় - An atheist would say, 'I don't believe God exists'; an agnostic would say, 'I don't know whether or not God exists'; and an ignostic would say, 'I don't know what you mean when you say, "God exists" '." - এই প্রপোসিশনের বাইরেও ইদানিং অনেক কাজ হচ্ছে। যেমন, don't know what you mean by God - এটা পতাকার মত বহন করা হয়না, অন্ততঃ অনেক দার্শনিকই করেন না। তারা মনে করেন- গড

সংক্রান্ত অনেক সংজ্ঞাই (যেমন আব্রাহামিক গড কিংবা মহাবিশ্বের পরিকল্পণাকারী ইত্যাদি) সংজ্ঞায়িত, এবং টেস্টেবল। সেজন্যই 'গড ডিলুসন' বইয়ে মন্তব্য করা হয়েছে, This becomes an important theme in the book, which he calls the God Hypothesis.[15] He maintains that this idea of God is a valid hypothesis, having effects in the physical universe, and like any other hypothesis can be tested and falsified.[The God Delusion, page 50.] আপনি এ প্রসঙ্গে উইকিতেও দেখতে পারেন। এই অনুকল্পের উপর বিগত কয়েক বছরে খুব ভাল কাজ হয়েছে। স্টেঙ্গরের সর্বশেষ বইটিতে এ নিয়ে বেশ কিছু গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়েছে।

30. 31

অপার্থিব

জানুয়ারি ২৫, ২০১০ সময়: ৯:০৯ অপরাহ্ণ লিঙ্ক

অভিজিৎ,
বার বার স্টেংগার আর ডকিন্সস কে টেনে আনার কি দরকার। নিজের বিচার বুদ্ধির উপর ভিত্তি করেই যুক্তি দেয়াটাই ভাল। তা ছাড়া স্টেংগার আর ডকিন্সস এর বিশ্লেষোণের সংগে আমি ত দ্বিমত পোষণ করছি না। কতবারি না বললাম যে ডকিন্স, স্টেংগার আর আমি আমার স্বাধীন ইচ্ছা মন্দ ও ইশ্বরের অস্তিত্ব রচনায় এটাই দেখাতে চেয়েছি যে ধর্মবাদীদের দেয়া ইশ্বরের ধর্মগুলি পরষ্পর বিরোধী। সেখানে ডকিন্স, স্টেংগার আর আমি ধর্মবাদীদের দেয়া ইশ্বরের সংজ্ঞাকেই ধরে নিয়েছি, সংজ্ঞার ভুল বা নির্ভুলতা যাচাই না করে। "গুণ" ও "সংজ্ঞা" এক ব্যপার নয়। এই ব্লগে আমার ফোকাসটা হল সংজ্ঞার উপর। আমার আপত্তি টা সংজ্ঞায়। ধর্মবাদীদের দেয়া ইশ্বরের সংজ্ঞা যুক্তির বিশ্লেষণে অসংগতিপূর্ণ। কিন্তু ধর্মবাদীদের দেয়া ইশ্বরের সংজ্ঞা যুক্তির বিশ্লেষণে অসংগতিপূর্ণ বলে তাদের ই দেয়া সেই সংজ্ঞা অনুযায়ী তাদের দেয়া ধর্মগুলি যে পরস্পর বিরোধী সেটা প্রমাণ করতে দোষ কোথায় ? ধর্মবাদীদের দেয়া সংজ্ঞার যৌক্তিক ভুল এক স্বতন্ত্র টপিক হিসেবে লিখব আশা করি।

অভিজিৎ এর জবাব:
জানুয়ারি ২৫, ২০১০ at ৯:৩৫ অপরাহ্ণ

@অপার্থিব,
আপনার মন্তব্যের কোথায় যেন আমি উষ্মার ছোঁয়া পাচ্ছি। ঠিক আছে আপনার বক্তব্য আমি শুনলাম। আপনিও আমার বক্তব্য শুনেছেন। এবার বোধ হয় আমরা ইস্তফা দিতে পারি।

বার বার স্টেংগার আর ডকিন্সস কে টেনে আনার কি দরকার।

টেনে আনা দরকার কারণ, গডকে যারা সায়েন্টিফিক হাইপোথিসিস ধরে ব্যাপারটাকে ফলসিফায়েবল মনে করেন, এবং বাতিল করেন - এই দৃষ্টিভিঙ্গীটাকে ঠিকমত গোনায় ধারা হচ্ছিলো না। সেজন্যই আপনার দ্বিতীয় সংজ্ঞা অনুযায়ী নাস্তিকতা বিশ্বাসের পর্যায়ভুক্ত মনে হচ্ছিলো। এই বিষয়ের উপর দর্শনের কাজগুলো উল্লেখ করাটাই ছিলো মূখ্য।

নিজের বিচার বুদ্ধির উপর ভিত্তি করেই যুক্তি দেয়াটাই ভাল।

হুমম 🙂। মন্তব্যটা একটু রূঢ় হয়ে গেলো না ? নিজের বিচার বুদ্ধির উপর ভিত্তি করেই আমি যুক্তি দিচ্ছি বলে মনে করি। উপরন্ত সেই যুক্তির সাপোর্ট হিসেবে বা রেফারেন্স হিসেবে ডকিন্স , স্টেঙ্গর এবং অন্যান্য "নিউ এথিস্ট" মুভমেন্ট-এর দর্শনগত অভিব্যক্তির কথা বয়ান করেছি। আপনিও নিজস্ব যুক্তি দিয়েছেন এবং সেটার সাপোর্ট হিসেবে ড্রেক্সের উল্লেখ করেছেন। আমি কিন্তু বলছি না যে, আপনি নিজের বিচার বুদ্ধির উপর ভিত্তি করেই যুক্তি দিচ্ছেন না 🙂।

তা ছাড়া স্টেংগার আর ডকিন্সস এর বিশ্লেষোণের সংগে আমি ত দ্বিমত পোষণ করছি না।

তা হলে তো ঝামেলা মিটে গেল। আমার আর কিছু বলার নেই। আপনিই প্রথমে বলেছিলেন , *স্টেংগর বা ডকিন্স কেউ মনে হয় না যুক্তিশাস্ত্র যত্ন সহকারে পড়েছেন। তারা দুজনই ব্যবহারিক বিজ্ঞানী , ইত্যাদি।* সেটা নিয়ে আলোচনা করতেই তো আমার এত কথা বলতে হল। আমি জযদি জানতাম - আপনি স্টেংগার আর ডকিন্সস এর বিশ্লেষোণের সংগে দ্বিমত পোষণ করেছেন না - তবে কি আমি এত ভ্যাজ ভ্যাজ করতাম, বলেন?
এনিওয়ে - লিখবেন জেনে ভাল লাগলো। আপনার লেখার প্রত্যাশায় রইলাম। আপনার সুস্বাস্থ্য কামনা করছি। আপনার সাথে আলোচনা করতে সব সময়ই ভাল লাগে।



aparthib এর জবাব:
জানুয়ারি ২৫, ২০১০ at ১১:৫১ অপরাহ্ণ
@অভিজিৎ,
উষ্মা নয়, যুক্তির আলোচনা রসিয়ে লিখিনা বলে কাঠখোটটা শোনায় সেটাই হয়ত। কিছুটা ধৈর্য্যচ্যুতি

ঘটেছে স্বীকার করব একই কথা বার বার বলতে আর শুনতে গিয়ে। ডকিন্স আর স্টেংগারের সংগে আমার একটাই ইস্যু সেটা হল যে ধর্মবাদীদের ইশ্বরের সংজ্ঞাকে valid বলা। এরপরের বাদ বাকী সব কিছু ত যুক্তিপূর্ণ বিশ্লেষণ। ঠিক আছে এখানেই ইস্তফা দিতে পারি আমরা।ইশ্বরের সংজ্ঞা নিয়ে একটু পরে লিখব ইচ্ছে আছে।

31. 32

ডাইস

মার্চ ১০, ২০১২ সময়: ৮:১১ অপরাহ্ণ লিঙ্ক

নাস্তিক্যবাদ একটি ধর্ম হলে নাসা একটি গোয়েন্দা সংস্থার নাম
নাস্তিক্যবাদ একটি ধর্ম হলে ফেসবুক মহাকাশ গবেষণা সংস্থা
নাস্তিক্যবাদ একটি ধর্ম হলে কেজিবি একটি সোশাল নেটওয়ার্ক

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/digantablog/28773065

নাস্তিকতার বিরুদ্ধে কিছু মিথ

২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫৯ |

দিগন্ত

নাস্তিক আর আস্তিক নিয়ে অনেক লেখা পড়ে ফেললাম। সেদিন স্যাম হ্যারিসের একটা লেখা খুব ভাল লাগল। অনেকেই নাস্তিকতাকে দেশের ও সমাজের পক্ষে সর্বনাশা বলে মনে করেন। তার অনেকগুলো কারণও তারা দর্শান। তবে যেহেতু আমাদের সমাজে সামগ্রিকভাবে ধার্মিক লোকের প্রাধান্য সেহেতু এই যুক্তিগুলো খন্ডানোর মত লোকজনের যথেষ্ট অভাব বলে মনে করি। যার ফলে, নিত্যনতুন অভিযোগ শোনা যায় নাস্তিকদের বিরুদ্ধে। এই নাস্তিকদের বিরুদ্ধে অভিযোগগুলোর অধিকাংশই এরকম - অমুকে নাস্তিক ছিল সে এই ওই করেছে, সুতরাং নাস্তিকেরা খারাপ। কিন্তু আরো দশজন নাস্তিক যদি উপকার করে থাকেন তাহলেও সে নিয়ে কোনো বিশেষ উচ্চবাচ্য নেই।

কিছুদিন আগেও এক ধর্মব্যবসায়ীর ভিডিওতে দেখলাম যে তিনি বলছেন নাস্তিকদের কোনো জীবনদর্শন থাকে না। যে জীবনদর্শন মানুষ ধর্মগ্রন্থ পাঠ করে আয়ত্ত করে , বা যে আধ্যাত্মিক অভিজ্ঞতা ধার্মিকেরা অর্জন করে থাকে - নাস্তিকেরা তাকে অপছন্দ করে। কিন্তু আমার বক্তব্য হল নাস্তিকেরাই প্রকৃত জীবন-দর্শন অর্জন করে থাকে। আস্তিকদের জীবন তো পরকালের জন্য প্রস্তুতি-মাত্র। তাহলে সে জীবনে মানে কি? যদি জীবন-দর্শনের মানে এই হয় যে নিজেকে পরলোকে ভাল অবস্থানের বা স্বর্গলাভের জন্য প্রস্তুত করা - তবে তাকে জীবন-দর্শন না বলে তো পরলোক দর্শনই বলা ভাল - তাই না? আর আধ্যাত্মিকতার সাথে ঈশ্বরে বিশ্বাস করার কোনো সম্পর্ক নেই। বুকভরা ভালবাসা , চমকে ওঠার আনন্দ, বিষাদভরা কান্না -এইসব আবেগও নাস্তিকদের আর দশটা মানুষের মতই থেকে থাকে । শুধু নাস্তিকেরা কোনো কাল্পনিক বা পূর্বপরিকল্পিত সর্বশক্তিমানের সাহায্য নেয় না সেই অভিজ্ঞতা ব্যাখ্যার জন্য। তারা তাকে বাস্তবের সীমার মধ্যে রেখে পর্যবেক্ষণলব্ধ সূত্র থেকে ব্যাখ্যার চেষ্টা করে। এটাই পার্থক্য। তাই অভিজ্ঞতায় কোনো ভেদাভেদ নেই, বিভেদ শুধু আছে ব্যাখ্যায়।

মানুষের বোধশক্তির বাইরেও যে কিছু আছে - তা নিয়েও নাস্তিক আস্তিক বিবাদ দেখি। অনেক সময়েই আস্তিক ঈশ্বর-পন্থীরা দাবী জানান যে যেহেতু আমরা অমুক -তমুক জানি না, তাই আমাদের প্রচলিত ধারণা মেনে চলতেই হবে যতদিন না ওগুলো আবিষ্কার হয়। বকলমে বক্তব্য হল ঈশ্বরের অস্তিত্ব ভুল প্রমাণ করার দায়িত্ব নাস্তিকদেরই। সেখানে নাস্তিকদের অবস্থান অনেক সহজবোধ্য - তারা যেটা জানেননা - সেটাকে জানিনা বলতেই অভ্যস্ত। পরীক্ষার দ্বারা যা প্রতিষ্ঠিত হয় না, তারা তাকে মেনে

নেন না। অন্যভাবে বললে - যেকোনো বিষয়ে নাস্তিকদের তিনরকম অবস্থান সম্ভব - ঠিক, ভুল ও জানিনা। কিন্তু আস্তিকদের ক্ষেত্রে - ঠিক আর ভুল। কারণ তাদের ঠিক-ভুলের গন্ডীটা কেটে দিয়ে যায় ধর্ম।

আমার আত্মীয়স্বজনের অনেকেই বলেন নাস্তিকেরা ধর্মকে ও তার অবদানকে তুচ্ছজ্ঞান করে। এটা আরো একটা ভুল ধারণা। ধর্মকে তুচ্ছজ্ঞান করা আর ঈশ্বরকে অবিশ্বাস করা একই ব্যাপার নয়। এটা সত্যি যে কোনো একটা বিশেষ ধর্মের সমস্ত কিছু নাস্তি কেরা মেনে চলে না, বরং নিজস্ব বিবেক বা চিন্তাই তাদের পরিচালিত করে। কিন্তু আমাদের সমাজে অনেক ভালো কাজের পেছনে যে ধর্মের বড় ভূমিকা আছে তাকে অস্বীকার করার কোনো কারণ নেই। আবার উল্টোদিকে ধার্মিকেরা তাদের ধর্মের প্রতিটি পঙতিকে সঠিক ও নির্ভুল বলে দাবী জানিয়ে প্রতিনিয়ত নতুন ব্যাখ্যা এনে তার সত্যতা প্রতিষ্ঠার যে ব্যর্থ প্রচেষ্টা করে - নাস্তিকেরা তা থেকে বিরত থাকে।

প্রচলিত আরেকটি ভুল ধারণা হল নাস্তিকতার সাথে বিজ্ঞানের কোনো সম্পর্ক নেই। কথাটা আক্ষরিক অর্থে সত্যি হলেও বাস্তবে এর ব্যতিক্রম খুব কমই দেখা যায়। আমেরিকা ও ব্রিটেন - এই দুটি দেশই বর্তমানের আধুনিক বিজ্ঞানকে এগিয়ে নিয়ে যেতে সবথেকে বেশী সাহায্য করছে। আমেরিকার ন্যাশনাল অ্যাকাডেমি অব সায়েন্সের মধ্যে ভোটে ৯৩%-ই দাবী জানিয়েছেন যে তারা নাস্তিক। যেখানে আমেরিকার জনসংখ্যার ৯০%ই আস্তিক। তাহলে, বিজ্ঞানী হওয়ার সাথে নাস্তিকতাবাদের সম্পর্ক খুবই গভীর - নব্বই শতাংশ আস্তিকের জনতা থেকে বিজ্ঞানীদের মধ্যে উলটো নব্বই শতাংশ নাস্তিক হওয়া এই দৃঢ় সম্পর্কেরই পরিসংখ্যান।

আমি ব্লগে সাধারণভাবে দেখে এসেছি অনেক ধার্মিকই নাস্তিক বলতেই হিটলার, স্ট্যালিন, মাও আর পল পটের মত দাম্ভিক ডিক্টেটরের কথাই বলে থাকেন। এখানে একটা ব্যাপার বলে রাখা ভাল, ব্যক্তির ব্যাপারে পরিসংখ্যান কখোনো সামগ্রিক পরিসংখ্যানের জায়গা নিতে পারে না। দক্ষিণ এশিয়ায় মহিলা রাষ্ট্রপ্রধানের সংখ্যা বিশ্বের অন্য জায়গার থেকে বেশী বলে দক্ষিণ এশিয়ার মেয়েরা অন্য জায়গার থেকে বেশী অগ্রসর - এটাও যেমন ভুল ধারণা, তেমনই কয়েকজন বিচ্ছিন্ন নাস্তিক ডিক্টেটরের আচরণ থেকে বাকি নাস্তিক বিজ্ঞানীদের মাপা যায় না। নিজ দেশ বা জাতির শ্রেষ্ঠত্বে অন্ধ অনেক ডিক্টেটর যেমন অন্য দেশ বা জাতির ওপর অত্যাচার চালিয়েছেন তেমনই নিজ ধর্মের শ্রেষ্ঠত্ব প্রমাণে অন্য ধর্মাবলম্বীদের ওপর অত্যাচারের নমুনাও ইতিহাসে কম কিছু নেই। তাই আলাদা করে নাস্তিকদের এ জন্য দায়ী করার কোনো কারণ দেখি না।

সবশেষে আসা যায় বিবেকের কথায়। এটা খুব প্রচলিত যে নাস্তিকেরা বিবেকদংশনে জর্জরিত হন না। কারণ নাস্তিকদের কাছে তাদের নৈতিকতার জন্য কোনো ভিত্তি নেই - আস্তিকদের কাছে ধর্মগ্রন্থ

যেমন। এমন ভাব যেন - খুন, জখম বা ডাকাতির অভিযোগে যারা অভিযুক্ত হয় তারা অধিকাংশই নাস্তিক। বাস্তবে, যে নাস্তিকেরা কোনো বইকে ধর্মগ্রন্থ স্বরূপ গণ্য করে নিজ মত প্রতিষ্ঠা করতে ঝাঁপিয়ে পড়েছে, তারাই বরং অনৈতিক কাজ করে এসেছে। আস্তিকদের দাবীমত যদি ধর্মগ্রন্থই তাদের নৈতিকতার ভিত্তি হয় - তাহলে সময়ে সময়ে ধর্মগ্রন্থের ব্যাখ্যা পরিবর্তিত হয় কেন? কেনই বা সমস্ত ধর্মপরিচালিত সমাজেও দাসপ্রথা, জাতিভেদ আর লিঙ্গবৈষম্য জায়গা করে নেয়? নাস্তিকদের নৈতিকতার ভিত্তি মানুষের স্বতস্ফূর্ত বিবেক, যে পরিবেশে বড় হয় তার শিক্ষা আর জাতিগত চেতনা। তাই একই ধর্মের বিভিন্ন রূপ দেখা যায় বিভিন্ন অঞ্চলে। আমার নৈতিকতার একটা বড় ভিত্তি আছে আমাদের জিনে - তাই বিচ্ছন্নভাবে বা একাকী বেড়ে ওঠা মানুষও অনৈতিক না হতেই পারে - যতটা একজন তথাকথিত নৈতিক বা ধার্মিক মানুষ হতে পারে।

সামগ্রিকভাবে দেখলে ভাল আর খারাপ এই দুটো বিশেষণ নাস্তিক আর আস্তিকতার সাথে জুড়ে দেওয়াটা ঠিক নয়। ধর্মের অন্ধ সমর্থকেরা নিজের ধর্ম আর বিশ্বাস বাঁচিয়ে রাখতে সদা-সচেষ্ট বলে তারাই এই ভাল-খারাপ ধার্মিকতা দিয়ে বিচার করার স্কেলটা আবিষ্কার করেছেন। নাস্তিকেরা বেশী প্রশ্ন করে বলে দুর্নাম আছে। আমি নাহয় কয়েকটা প্রশ্নের উত্তরই দেবার চেষ্টা করলাম। আমার ব্যক্তিগত মতামতে মানুষকে বিচার করতে গেলে তার মানবিক গুণাবলীর দিকে তাকানোই ভাল - বিশ্বাস নিজস্ব। নাস্তিকদের ঈশ্বর-অবিশ্বাস যদি নতুন নতুন বিজ্ঞানের তত্ত্ব উদ্ভাবনে সাহায্য করে তাহলে ঈশ্বর অবিশ্বাস করে ক্ষতিটা কি হয়?

১. ২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ বিকাল ৫:০৯

শফিউল আলম চৌধূরী বলেছেন: Click This Link এইটা পড়ে দেখেন।

২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ বিকাল ৫:১২

লেখক বলেছেন: পড়ে কমেন্ট লেখাও হয়ে গেছে। যাহোক, সরকারিভাবে ধর্ম জানতে চাওয়ার বিরোধিতা করি আমি, সুতরাং আপনার সাথে আমার মতে মেলে না। জন্ম -নিবন্ধনের সময় কেন ধর্ম থাকবে?

তাহলে অনাথ আর ফেলে যাওয়া শিশুদের ধর্ম কি হবে? আর তাদের ধর্ম তারা নিজেরা নির্বাচন করবে।

২. ২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ বিকাল ৫:১০

মানব মানিক বলেছেন: বন্ধুবর দিগন্ত

ভালো লাগল এমন সুন্দর একটা বক্তব্যনিষ্ঠ পোস্টের জন্য।
আপনাকে অশেষ ধন্যবাদ।
প্রিয়তে রাখলাম আরো ভালো করে পড়ার জন্য।
এমন তথ্যবহুল আরো পোস্ট চাই।

ভালো থাকবেন
ভালোবাসা নিয়ে।

৩. ২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ বিকাল ৫:১৯

জ্বিনের বাদশা বলেছেন: তবে তাকে জীবন-দর্শন না বলে তো পরলোক দর্শনই বলা ভাল - তাই না? --- ঠিক কথা

৪. ২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ বিকাল ৫:৩৯

আরিফুর রহমান বলেছেন: চমৎকার লেখা।

ধন্যবাদ লেখককে।

৫. ২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ বিকাল ৫:৪৯

সু-শান্ত বলেছেন: চমৎকার লেখা।+

২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ সন্ধ্যা ৬:৫৯

লেখক বলেছেন: ধন্যবাদ।

৬. ২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ সন্ধ্যা ৭:২১

কোবরা বলেছেন:
এত সুন্দর করে লেখার জন্য ধন্যবাদ দিগন্ত ভাই।

৭. ২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ রাত ১০:২২

নাজিম উদদীন বলেছেন: চমৎকার লেখা।

এরকম লেখা আরও চাই।

৮. ২২ শে ফেব্রুয়ারি, ২০০৮ রাত ১০:৩২

নেমেসিস বলেছেন: এমন চমৎকার বিশ্লেষনধর্মী লেখা আরও চাই ।

৯. ২৩ শে ফেব্রুয়ারি, ২০০৮ রাত ১২:৪৮

উদাসী স্বপ্ন বলেছেন: গুরু আপনের পোস্টে আমি প্রথমে পোস্ট টা পড়ি, তারপর মেজাজ মর্জি ভালো থাকলে শোকেসে টিপ মারি তারপর একটা প্লাসে।

আপনের লেখায় আমি কিছু শেয়ার করতে চাই!

একটা পরীক্ষা করা হইছিলো মেলাকাল আগে নাম ২২ গ্রাম পরীক্ষা। যদিও এই পরীক্ষায় কিছু প্রমানিত হয় নাই, কিন্তু একটা কথা উঠছিলো আত্মার ওজন নাকি ২২ গ্রামের মতোন। জিনিসটা বেশ ভালোই লাগছিলো আমার। এখন আমি একটা জিনিস বলি ধরেন একটা পিচকিকে আমি রাস্তায় কুড়িয়ে পেলাম। তাকে আমি চিন্তা করলাম এরে এরশাদ সিকদার বানাবো। পেইনের উপর রাখলাম। দেখা গেলো পিচকিটা বড় হয়ে তার সব মেধা এরশাদ সিকদার হওনে লাগালো। আবার যদি ধরা যায় একে আমি মহা জ্ঞানী বানাবো, তাহলে সেটাও সম্ভব। আসলে একটা পিচ্চি হলো একদলা নরম কাদা, যাকে একটু পানি দিয়ে হাতাহাতি করলেই যে শেপ দিতে চাই সে শেপ হবে।

অনেক ধার্মিক লোকের এক নির্দেশে পুরো একটা জনপদ সহসা ধুলোয় মিশতে পারে , অথবা এক

নাস্তিকের সামান্য একটা কাজে দেখা গেলো বিশ্ব একটা সমূহ ক্ষতির হাত থেকে বাচতে পারে। এই কথাটা আপনেও জানে না আমিও জানি কিন্তু কিছু লোক জেনেও কিছু বলবে কা রন এটাই তাদের পেশা!

বস আরো লেখেন!

০৫ ই মার্চ, ২০০৮ সকাল ৯:০৬

লেখক বলেছেন: ভাল বলেছেন উদাসী ভাই।

১০. ২৩ শে ফেব্রুয়ারি, ২০০৮ রাত ১:৩৪

আমি বাঙ্গালি বলেছেন: ধন্যবাদ পোস্টের জন্য। আমি আরো কিছু যোগ করি।

আস্তিকতা আসলে জন্মসূত্রে পাওয়া। এটা অর্জনের জন্য মানুষকে কিছুই করতে হয়না। জন্ম নেয়ার সঙ্গে সঙ্গে পরিবারের ধর্ম আরো সঠিকভাবে বললে পিতার ধর্মকে সন্তানের ওপর অজান্তেই চাপিয়ে দেয়া হয়।

কিন্তু নাস্তিকতা মানুষকে অর্জন করতে হয়। উত্তরাধিকার সূত্রে পাওয়া নিজের বিশ্বাস, পরিবারের সংস্কার, প্রচলিত ধ্যান-ধারণাকে অস্বীকার করার মতো যুক্তি একজন মানুষকে প্রকৃতই শিক্ষিত করে তোলে। বিজ্ঞানের চর্চা যারা প্রকৃতই করেন , নিজের পর্যবেক্ষণকে যারা ব্যাখ্যা করতে পারেন তারা কোনোকিছুকে অন্ধভাবে মেনে নিতে পারেন না।

নাস্তিকরা নিজের যুক্তিকে অন্যের ওপর কখনোই চাপিয়ে দেন না , যেমনটা করেন আস্তিকরা। নাস্তিকরা তর্ক করেন, যুক্তি দেন, বিশ্লেষণ করেন- আর আস্তিকরা জ্ঞান-যুক্তির অভাবে অন্ধভাবে নিজের বিশ্বাসকে আঁকড়ে ধরে থাকেন। নিজের মত ও বিশ্বাসের প্রাধান্য প্রতিষ্ঠায় আস্তিকরা রক্তপাতেও দ্বিধা বোধ করেন না। এভাবে দুই পক্ষকে দেখা যায়।

১১. ২৩ শে ফেব্রুয়ারি, ২০০৮ রাত ২:২৪

পুতুল বলেছেন: ভাল পোস্ট।+

১২. ০৬ ই মার্চ, ২০০৮ রাত ৯:১৬

মৈথুনানন্দ বলেছেন: নাবালক

০৭ ই মার্চ, ২০০৮ রাত ১২:৫৮

লেখক বলেছেন: হবে হয়ত ...

১৩. ০৬ ই মার্চ, ২০০৮ রাত ৯:২৩

লাইটহাউজ বলেছেন: আমি বাঙ্গালি বলেছেন:
নাস্তিকরা নিজের যুক্তিকে অন্যের ওপর কখনোই চাপিয়ে দেন না , যেমনটা করেন আস্তিকরা। নাস্তিকরা তর্ক করেন, যুক্তি দেন, বিশ্লেষণ করেন- আর আস্তিকরা জ্ঞান-যুক্তির অভাবে অন্ধভাবে নিজের বিশ্বাসকে আঁকড়ে ধরে থাকেন।

একমত।

+

১৪. ০৪ ঠা এপ্রিল, ২০০৮ রাত ১২:২১

হার্টবিট বলেছেন: দিগন্ত কে thanks এরকম post এর জন্য।
"তবে তাকে জীবন-দর্শন না বলে তো পরলোক দর্শনই বলা ভাল - তাই না?' --- ঠিক কথা।
আস্তিকেরা হলো লোভী...কেননা তারা পরলকালের লোভে যাতা করে।

১৫. ০৪ ঠা এপ্রিল, ২০০৮ রাত ৯:১৪

শামস শামীম বলেছেন:

আমি বিবেকশাসিত। এই পথে চললে যে যাই বলুক...

ধন্যবাদ ভালো পেস্টের জন্য।

১৬. ০৫ ই এপ্রিল, ২০০৮ দুপুর ১২:০৬

দিগন্ত বলেছেন: "আমি বিবেকশাসিত। " --- একদম সঠিক পথ, আমার শুভেচ্ছা রইল।

১৭. ০৫ ই এপ্রিল, ২০০৮ দুপুর ১২:১৪

সামী মিয়াদাদ বলেছেন:

নীরব + দিয়া গেলাম

১৮. ০৫ ই এপ্রিল, ২০০৮ দুপুর ১২:২৩

অন্যমনস্ক শরৎ বলেছেন: নাস্তিকের চরিত্র নিয়া যেসব আস্তিক মাথা ঘামান তাদের পথ হইল চরিত্র দিয়া নিজের রাস্তারে শ্রেস্ঠ কওনের।
হাস্যকর লাগে এইটাই যে চরিত্র মতবাদের চাইতে গুরুত্বপূর্ণ হইয়া গেছে। কি আর করা এই চরিত্র নিয়াই তারা বড় হইছেন।

পুরান কাল হইলে এই পোষ্ট নিয়া একসময় খুব উচ্ছসিত হইতে পারতাম কিন্তু এখন পারিনা। কারণ.....

তবে বিজ্ঞানীবাদীতা বা যুক্তিবাদীতা কোনটাই বস্তুনিরপেক্ষ না। কেননা এটাতে মানুষ সম্পৃক্ত। নাস্তিকেরও যখন নিজের চিন্তার জন্য ডারউইনই একমাত্র আশ্রয় হয় সেটা অনেক বড় পরিসরকে ছোট করে ফেলে।

তবে আমি আশাবাদী যে যুক্তির ঐতিহাসিকতারেও আপনি বিবেচনায় আনবেন একসময়। যদি না পইড়া থাকেন, তাইলে একটু ফুকো পইড়েন।

০৫ ই এপ্রিল, ২০০৮ রাত ১০:৪১

লেখক বলেছেন: যুক্তির ইতিহাসটাতেও অনেক ফাঁজ চলে আসে। সবথেকে বড় ফাঁক আমার মতে ইউজেনিক্স ... আপনি আমার ডারউইন থেকে ডাবল হেলিক্স সিরিজটা পড়ে দেখতে পারেন - http://www.sachalayatan.com/diganta

ছ'টা পর্ব লিখেছি এখনো আশা করছি দুটো আসবে।

১৯. ১৪ ই এপ্রিল, ২০০৮ সকাল ৮:৪৬

মেহরাব শাহরিয়ার বলেছেন: লেখাটা ভালো লাগলো ।

তবে আরেকটু যোগ করতে চাই , আস্তিকরা ধর্ম আর তার বিশ্বাসের ব্যাপারে অনেকটা প্যাশনেট থাকে , তাদের বিশ্বাস নিয়ে যদি প্রতিনিয়ত আক্রমণ হতে থাকে অন্য পক্ষ থেকে স্বাভাবিকভাবে তাঁদের অনেকেই সংযত হওয়ার শক্তি হারিয়ে ফেলেন।

তবে সব নাস্তিকরা কেবল এমনটাই করে থাকেন , এমন জেনেরালাইজেশন করাটা বোকামি ।অজস্র অবিশ্বাসী আছেন , যারা নিষ্ঠা আর সততার পরীক্ষায় বিশ্বাসীদের চাইতে অগ্রগামী।

আপনাকে নববর্ষের শুভেচ্ছা

২০. ২৬ শে এপ্রিল, ২০০৮ রাত ১০:৫৩

দ্বিধা বলেছেন: প্রায় সব নাস্তিকই একসময় আস্তিক থাকে...

২১. ২৪ শে জুন, ২০০৮ সকাল ৮:৫৫

শয়তান বলেছেন: কেমন আছেন?

২২. ২১ শে আগস্ট, ২০০৮ বিকাল ৪:৫১

আমিই স্রোত বলেছেন: নাস্তিকতার বিরুদ্ধে কিছু মিথ
মিথ্যই

২৩. ১২ ই নভেম্বর, ২০০৮ সকাল ১০:২৩

দুরের পাখি বলেছেন: স্যালুট ।

তবে দীর্ঘদিন কিছু লিখছেন না । অভিমান ? নাকি ব্যস্ততা।

২৪. ০৫ ই মে, ২০০৯ রাত ৩:৪৭

তনুজা বলেছেন: +

২৫. ১৬ ই সেপ্টেম্বর, ২০০৯ রাত ৯:৩৭

তানভীর চৌধুরী পিয়েল বলেছেন: সবার উপরে মানুষ সত্য...

২৬. ১১ ই জুলাই, ২০১০ ভোর ৪:৪৬

ফাহরুখ খান বলেছেন: "নাস্তিকদের অবস্থান অনেক সহজবোধ্য - তারা যেটা জানেননা - সেটাকে জানিনা বলতেই অভ্যস্ত। পরীক্ষার দ্বারা যা প্রতিষ্ঠিত হয় না, তারা তাকে মেনে নেন না"
পরীক্ষার দ্বারা প্রমাণ হয়নি যে সৃষ্টিকর্তা নেই তারপরো নাস্তিকরা মানেন যে সৃষ্টিকর্তা নেই ।
মুলত নাস্তিকতাও একধরনের বিশ্বাস।

১৩ ই জুলাই, ২০১০ ভোর ৪:৫৩

লেখক বলেছেন: পরীক্ষার দ্বারা প্রমাণিত হয়নি যে পরী, জ্বিন, ভূত বা রূপকথার চরিত্রেরাও নেই, তাই সেগুলোতেও সমানভাবে বিশ্বাস করা উচিত, কি বলেন? বিশ্বাসীরা কেন সেগুলোতেও বিশ্বাস করেনা?

২৭. ৩০ শে সেপ্টেম্বর, ২০১০ রাত ১২:৫২

মিটুলঅনুসন্ধানি বলেছেন: চমৎকার লেখা। এটা আমার আগামী পাঠচক্রে পাঠ করবো, যদি আপনার আপত্তি না থাকে।

শুভ কামনা।।।

০৫ ই অক্টোবর, ২০১০ ভোর ৪:১৮

লেখক বলেছেন: নিশ্চয়ই।

সমাপ্ত

http://www.dhormockery.com/2012/02/blog-post_4728.html

নাস্তিক্যবাদ ধর্ম নয় কেন

শনিবার, ২৫ ফেব্রুয়ারী, ২০১২

লিখেছেন ধর্মপ্রাণ প্লেবয়

বহু মানুষের মতে নাস্তিকতা একটি ধর্ম। কিন্তু প্রকৃতপক্ষে ধার্মিকরা ধর্ম দ্বারা এতই প্রভাবিত যে, কোনোপ্রকার ধর্মবিশ্বাসহীন একজন মানুষ কল্পনা করা তাদের বোধশক্তির বাইরে। যারা নাস্তিক্যবাদকে ধর্ম বলে দাবী করে, তাদের নাস্তিক্যবাদ সম্পর্কে কোনো ধারণাই নেই এবং যখন ধর্মের সংজ্ঞা দ্বারা এটিকে সংজ্ঞায়িত করার চেষ্টা করা হয়, তখন সেটি একটি হাস্যকর চেষ্টা হয়ে দাঁড়ায়।

নাস্তিক্যবাদ কোনো কাঠামোবদ্ধ বিষয় নয়। সাধারণভাবে বলা যায় স্রষ্টা, দেবতা বা অতিপ্রাকৃত কোনো কিছুতে অবিশ্বাসই নাস্তিক্যবাদ। নাস্তিক্যবাদ সব ক্ষেত্রে এক রকম নয় এবং এটা কোনো জীবনদর্শন ও নয়। কারো ইউনিকর্নে অবিশ্বাস যেমন জীবনদর্শন নয়, তেমনি স্রষ্টায় অবিশ্বাসও জীবনদর্শন হতে পারেনা। নাস্তিক্যবাদ আস্তিক্যবাদের মত কিছু সুনির্দিষ্ট নিয়ম ও নির্দেশের সমাবেশ নয়। একজন নাস্তিকের দর্শন যে আঙ্গিকেই হোক না কেন, ঈশ্বরে অবিশ্বাস করলেই সে নাস্তিক্যবাদের আওতাভুক্ত। এটি আস্তিক্যবাদের মত প্রমাণ ছাড়া কিছু বিশ্বাস করতে বলে না, এখানে যে কোনো বিষয়ে প্রশ্ন করা যায়, প্রমাণ চাওয়া যায়।

আস্তিক্যবাদ ও নাস্তিক্যবাদের মধ্যে কিছু তুলনামূলক বৈশিষ্ট্য ও পার্থক্যসমূহ:

১. আস্তিকরা স্রষ্টা/দেবতা ও অতিপ্রাকৃত বিষয় ও ঘটনাবলিতে বিশ্বাস করে, কিন্তু নাস্তিকরা এ ধরনের কোনো কিছুতে বিশ্বাস করে না।

২. ধর্মগুলোয় কিছু অন্ধবিশ্বাসের বিষয় থাকে, যে-ব্যাপারগুলো সম্পর্কে প্রশ্ন করা নিষিদ্ধ, কিন্তু নাস্তিক্যবাদে এমন কোনো অন্ধবিশ্বাসের স্থান নেই।

৩. ধর্মগুলোয় 'পবিত্র' ও 'অভিশপ্ত' এ দুই ভাগে বস্তুসমূহ ও প্রাণিজগৎকে ভাগ করা হয়, কিন্তু নাস্তিক্যবাদে এমন কিছু নেই।

৪. ধর্মগুলোয় স্রষ্টার উদ্দেশ্যে নিত্যপালনীয় কিছু কাজ থাকে, যা নাস্তিক্যবাদে অনুপস্থিত।

৫. নাস্তিকরা যৌক্তিক চিন্তা ও বৈজ্ঞানিক তথ্য দ্বারা ধর্মের অযৌক্তিক বিষয়গুলো নিয়ে চিন্তা করতে ও তা তুলে ধরতে পারে, কিন্তু আস্তিকরা ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ খোঁজার ব্যর্থ চেষ্টায় প্রাণপাত করে থাকে।

৬. আস্তিকরা বিশ্বাস করে, তাদের প্রধান কাজ - স্রষ্টার উপাসনা করা, কিন্তু নাস্তিকরা এ ধরনের বিশ্বাস থেকে মুক্ত।

৭. আস্তিকরা অস্বাভাবিক ঘটনায় স্রষ্টার প্রভাব খুঁজে পায়, আর নাস্তিকরা খুঁজে পায় বাস্তব কারণ।

৮. নাস্তিকরা আস্তিকদের মত কোনো বইকে ঈশ্বরপ্রদত্ত ও সম্পূর্ণ নির্ভুল দাবী করে না।

৯. আস্তিকদের নির্দিষ্ট উপাসনার স্থান ও ধর্মীয় সঙ্গীত/প্রার্থনাবাণী থাকে, থাকে পবিত্র তীর্থস্থান, যা নাস্তিকদের জন্য অবান্তর।

১০. আস্তিকদের নির্দিষ্ট ধর্মগুরু (পাদ্রী, ইমাম, পুরোহিত ইত্যাদি) থাকে। কিন্তু নাস্তিকদের এমন কেউ নেই, যার মত বা বাণী তাদের জন্য শিরোধার্য। অবশ্য যদি

অন্যদের সাথে নিজমত বিনিময় করলে তাকে প্রচারক বলা হয়, তবে প্রত্যেক নাস্তিকই প্রচারক। কিন্তু প্রকৃত অর্থে তাদেরকে ধর্মপ্রচারকদের সাথে তুলনা করা যায় না। কারণ ধর্মপ্রচারকরা সুনির্দিষ্ট একটি মত প্রচার করে যেখানে ভিন্ন মতের কোন মূল্য নেই,কিন্তু নাস্তিকরা শুধুমাত্র নিজ মত অন্যদের সাথে বিনিময় করে, ধার্মিকদের মত অন্যের ওপর নির্দিষ্ট মত চাপিয়ে দেয় না।

১১. আস্তিকদের বাধ্যতামূলকভাবে ধর্ম সম্পর্কিত কিছু অতিপ্রাকৃত ঘটনা বিশ্বাস করতে হয়, কিন্তু নাস্তিকদের এমন কিছু বিশ্বাস করতে হয় না।

১২. আস্তিকরা তাদের কল্পিত স্রষ্টার সাথে যোগাযোগের জন্য বিভিন্ন রীতি-নীতি পালন করে, কিন্তু নাস্তিকরা যেহেতু স্রষ্টায় বিশ্বাসই করে না, সেহেতু এমন যোগাযোগের চেষ্টার প্রশ্নও নেই।

১৩. নির্দিষ্ট ধর্মে সকল ভৌগোলিক অঞ্চলের জন্য একই এবং সুনির্দিষ্ট সংস্কৃতি পালন করতে বলা হয়। কিন্তু নাস্তিক্যবাদ ভিন্ন ভিন্ন অঞ্চলে ভিন্ন ভিন্ন আঙ্গিকে গড়ে ওঠে এবং সে অঞ্চলের সভ্যতা ও সংস্কৃতিকে যথাযথভাবে মূল্যায়ন করে,ধর্মের মত একটি নির্দিষ্ট সংস্কৃতিকে সর্বজনীন বলে জোর করে চাপিয়ে দেয় না।

সুতরাং দেখা যাচ্ছে যে নাস্তিক্যবাদ ধর্মের সবকটি বৈশিষ্ট্যকে অমান্য করে। কাজেই নাস্তিক্যবাদকে কোনোভাবেই ধর্ম বলা যায় না। আস্তিক্যবাদ ও নাস্তিক্যবাদ সম্পূর্ণ ভিন্ন শ্রেণীর, ভিন্ন প্রকৃতির ও বস্তুত বিপরীতমুখী। নাস্তিক্যবাদ হল একটি নির্দিষ্ট বিষয়কে (স্রষ্টা ও অতিপ্রাকৃত বিষয়) অবিশ্বাস, যেখানে আস্তিক্যবাদ হল কিছু রীতিনীতি, প্রাচীন কিছু ঘটনাবলির কাল্পনিক রূপ ও ঈশ্বরবিশ্বাসের সংমিশ্রণ। এদের মধ্যে সামান্যতম মিলও নেই। প্রকৃতপক্ষে আস্তিকদের অজ্ঞতা ও ধর্ম বিষয়ে ধারণার অভাবই নাস্তিক্যবাদকে ধর্ম হিসাবে দাবী করার কারণ।

(পাঠকদের কেউ ধর্মের সঙ্গে নাস্তিক্যবাদের আমূল পার্থক্য বিষয়ে আরও কিছু যুক্তির অবতারণা করতে পারলে সেসবও এই পোস্টে সংযোজন করা হবে)

প্রাসঙ্গিক আরেকটি পোস্ট।

সোমবার, ৭ ডিসেম্বর, ২০০৯
নাস্তিক্যবাদ ধর্ম নয় কেন?

নাস্তিক্যবাদকে ধর্মের সঙ্গে যারা তুলনা করে থাকে, তাদের বলতে ইচ্ছে করে:

১. নাস্তিক্যবাদ ধর্ম হলে "অফ" বাটনকে টিভি চ্যানেল বলতে হয়।
২. নাস্তিক্যবাদ ধর্ম হলে টাককে বলতে হয় চুলের রং।
৩. নাস্তিক্যবাদ ধর্ম হলে স্ট্যাম্প না জমানোকে হবি বলতে হয়।
৪. নাস্তিক্যবাদ ধর্ম হলে "বাগান না করাও একটি শখ, ক্রিকেট না খেলাও একটি ক্রীড়া, কোকেইন সেবন না করাও একটি নেশা।" *(ইনভার্টেড কমাবদ্ধ অংশটির সূত্র : জুবায়ের অর্ণব)*

http://mukto-mona.com/bangla_blog/?p=4695

নাস্তিকতার পথে বিবর্তন

তারিখ: ৯ মাঘ ১৪১৬ (জানুয়ারি ২২, ২০১০)

লিখেছেন: সূর্য

(১) আধুনিক বিশ্বে প্রতিটা মানুষই জন্মের সাথে সাথে কিছু লেবেল নিয়ে আসে , আমিও জন্মের সাথে সাথে বিনামূল্যে কতগুলো লেবেল পেয়ে গিয়েছিলাম - বাঙালি, বাঙলাদেশি, আস্তিক, হিন্দু, ব্রাহ্মণ, ইত্যাদি। বেশির ভাগ মানুষই জন্মসূত্রে পাওয়া লেবেলগুলো থেকে মুক্ত হতে পারে না , বিনা প্রশ্নে এগুলোকে মেনে বড় হতে থাকে। তবে কিছু মানুষের সন্দেহপ্রবণতা জন্ম দিতে থাকে অসংখ্য প্রশ্নের , ফলশ্রুতিতে এক বা একাধিক লেবেলকে তারা ছিন্ন করতে বাধ্য হয়।

একটা শিশুর কোন ধর্ম থাকতে পারে না, কারণ একটা শিশুর পক্ষে ধর্ম কি তা উপলব্ধি করা সম্ভব নয়। কিন্তু শিশুরাও ধর্ম পালন করে, কারণ তাদেরকে ধর্ম পালন করতে বাধ্য করা হয়।আমি কোন মুসলিম শিশুকে দেখিনি খুশিমনে, স্বইচ্ছায় নামাজ পড়তে; বরং ধর্মীয় আচারাদি পালনে শিশুদের মধ্যে তীব্র বিরক্তিবোধই বেশি দেখা যায়। তবে শৈশবে শিশুদের মধ্যে যে শিক্ষার সঞ্চার করা হয়, তা থেকে পরিণত বয়সেও তারা মুক্ত হতে পারে না। তাই শৈশবে যে শিশু বাধ্য হয়ে ধর্মীয় কর্ম পালন করে, বড়কালে সে স্বইচ্ছায় সেই কর্ম পালন করে যেতে থাকে। নাস্তিক হওয়ার প্রথম ধাপ হচ্ছে শৈশবের শেখানো শিক্ষাগুলো থেকে মুক্ত হতে পারা , বলা বাহুল্য এটাই সবচেয়ে কঠিন ধাপ।

(২) আমার জন্ম হয়েছে না রক্ষণশীল না উদারপন্থী এরকম একটা পরিবারে।
আমার মা-বাবা দু'জনেই ধার্মিক, তবে গোঁড়া নন। আমার বড় ভাইকে কখনোই ধর্মকর্ম তেমন একটা পালন করতে দেখিনি। তাই পারিবারিক আবহটা খুব একটা গোঁড়া ছিল না , যা আমাকে নাস্তিক হতে ব্যাপকভাবে সাহায্য করেছে। অবশ্য আমার ছোটবেলার বন্ধুদের প্রায় সবাই ছিল মুসলিম। তারা বেশ কঠিন রকমের ধার্মিক ছিল! তারা নিয়মিত রোজা রাখত, নামাজ পড়ত, হুজুরের কাছে কোরান ও আরবি পড়তে যেত। এরকম কোন ধর্মীয় কর্মের মধ্য দিয়ে আমাকে যেতে হয়নি, শুধু বিশেষ পুজোগুলোতে মন্দিরে প্রার্থনা করতে যেতে হত।
আমার উপনয়ন (যে অনুষ্ঠানে ব্রাহ্মণ সন্তানরা আনুষ্ঠানিকভাবে ব্রাহ্মণত্ব লাভ করে ; পৈতাধারণ) হয় নয় বছর বয়সে। এরপর থেকে আমাকে নিয়মিত পুজো দিতে হত। সত্যি কথা বলতে কি, পুজো দেওয়াটা তখন আমি বেশ উপভোগই করতাম! পুজো কেন দিচ্ছি বা কাকে দিচ্ছি এরকম প্রশ্ন নিয়ে ভাবার বয়স তখনও হয় নি, সংস্কৃত মন্ত্রগুলো সজোরে পাঠ করার যে মজা সে মজা নেওয়াটাই ছিল আমার পুজো দেওয়ার মূল উদ্দেশ্য!

এভাবেই কেটে গিয়েছিল অনেকগুলো বছর। মনের মধ্যে ন্যূনতম সন্দেহ না রেখে ধর্ম পালন করে যাওয়া- এটাই হয়ত চলতে থাকত যদি না আমার হাতে আসত রাহুল সাংকৃত্যায়নের 'ভোলগা থেকে গঙ্গা' বইটি। সম্ভবতঃ উচ্চ মাধ্যমিক প্রথম বর্ষে পড়ছি তখন, বই পড়ার নেশাটা হয়ে উঠেছিল

দুর্দমনীয়। মধ্যবিত্ত পরিবারে জন্ম নেওয়ায় বই কেনার জন্য হাতে তেমন টাকা থাকত না। কলেজে বাসের পরিবর্তে হেঁটে গিয়ে যে কয়টা টাকা বাঁচাতাম তার সবকটাই ব্যয় হত পুরোনো বই কিনতে। রাহুলের পাইরেটেড বইটাও এভাবেই কেনা।

যে মুনি-ঋষিদেরকে (ব্যাসদেব, বশিষ্ঠ) ছোটবেলা থেকেই অসীম শ্রদ্ধা করে আসছিলাম, রাহুলের বইতে তাদের স্বরূপটা দেখে রাতারাতি হিন্দু ধর্মের প্রতি আমার বিশ্বাস চলে গেল। আমার ধার্মিক থেকে অধার্মিক হওয়ার প্রক্রিয়াটা হয়েছে খুব দ্রুত। রাহুলের 'ভোলগা থেকে গঙ্গা' সচেতনভাবে পড়ার পরও যদি কোন হিন্দু অধার্মিক না হয়ে ওঠে সে জন্মান্ধ ছাড়া আর কিছুই না ।

যে গোহত্যাকে বর্তমানকালে হিন্দু ধর্মে মহাপাপ বলে গণ্য করা হয়, তা ছিল প্রাচীনকালে মুনি-ঋষিদের প্রধান আহার্য; নতুন ধর্মমতের (প্রধানতঃ বৌদ্ধ) আগ্রাসন থেকে হিন্দুধর্মকে রক্ষা করার জন্যই মূলতঃ গোহত্যাকে নিষিদ্ধ করা হয় - এই তথ্যটা আমার কাছে একটা ধাক্কার মত এসেছিল! হিন্দুধর্মের অপরাপর অসঙ্গতিগুলোও ক্রমশঃ চোখে ধরা পড়তে লাগল। অন্যান্য ধর্মের মত হিন্দুধর্মের নেই কোন নির্দিষ্ট গ্রন্থ, এমনকি এক গ্রন্থের সাথে অন্য গ্রন্থের রয়েছে চরম বৈপরীত্য- এই ব্যাপারটাও আমার মনে প্রশ্নের উদ্রেক ঘটাল। একই ধর্মের দু'টো গ্রন্থে দু'রকম বক্তব্য থাকবে কিভাবে?- এই প্রশ্নের উত্তর একটাই হতে পারে, ধর্মটাতেই সমস্যা আছে! হিন্দুধর্মকে তাই পুরোপুরি বাতিল করে দিলাম।

অতঃপর পড়া শুরু করলাম প্রবীর ঘোষের 'অলৌকিক নয়, লৌকিক'। অলৌকিকত্ব বলে সত্যিই কিছু আছে- আর সবার মত আমিও তা বিশ্বাস করতাম, কিন্তু প্রবীরের বইটা পড়ে এই বিশ্বাসটাও কেমন যেন টলে গেল।

প্রতিটা ধর্মের পবিত্র ধর্মগ্রন্থগুলোই অলৌকিকত্বের কাহিনীতে ভরপুর। দুর্গা দেবী কতৃক মহিষাসুর বধ , নূহের নৌকা দ্বারা সমগ্র জীবকূলকে বাঁচানো , কুমারী মেরীর গর্ভে যীশুর জন্ম- এগুলো ধর্মপ্রাণ মানুষ বিনাপ্রশ্নই মেনে নেয়, কিন্তু সন্দেহপ্রবণ মানুষকে এসব কাহিনী বিশ্বাস করাতে গেলে প্রমাণ দিতে হয়। রাহুল আর প্রবীরের বই পড়ে আমে হয়ে পড়েছিলাম পুরোদস্তুর সন্দেহবাদী , তাই এহেন অলৌকিকত্বকে আমার কাছে ঘটনার বদলে রটনা বলেই মনে হল।

অতএব আমি হয়ে উঠলাম পুরোপুরি অ-ধার্মিক। আমি বুঝতে পারলাম, ধর্ম বলে আসলে কিছুই নেই , সবগুলো ধর্মই মানুষের হাতে তৈরী। তবে অ-ধার্মিক হওয়ার পরও ঈশ্বর যে আছেন তা নিয়ে তখনও আমার মনে কোন সন্দেহ দেখা দেয়নি।

প্রবীরেরই আরেকটা বই 'আমি কেন ঈশ্বরে বিশ্বাস করি না' যখন আমার হাতে আসল, তখন আমার মধ্যে একরকম ভয় কাজ করছিল! আমার মনে হচ্ছিল, যদি এই বই পড়ার পর আমি ঈশ্বরে অবিশ্বাসী হয়ে যাই! আমি চাচ্ছিলাম না ঈশ্বরে অবিশ্বাসী হতে, কিন্তু বইটা পড়ার ইচ্ছা ঈশ্বরে অবিশ্বাসী না হতে চাওয়ার ইচ্ছা থেকে বড় হয়ে উঠল।

বইটা শেষ করার পর তাই আমি হয়ে গেলাম নাস্তিক।

আমার ঈশ্বর হয়ে ওঠার কারণটা খুবই সোজাসাপ্টা। যেহেতু ধর্মগুলো সব মানুষের তৈরী , ধর্মীয় ঈশ্বরও মানুষের তৈরী- তাই প্রচলিত ঈশ্বরগুলো (আল্লাহ্, গড, ভগবান ইত্যাদি) এমনিতেই বাতিল হয়ে যায়। ধর্মনিরপেক্ষ একজন সৃষ্টিকর্তা তারপরও থাকতে পারেন , তবে এখন পর্যন্ত তিনি বৈজ্ঞানিকভাবে অনাবিষ্কৃতই রয়ে গেছেন। আর যৌক্তিকভাবে তাকে ছাড়াও মহাবিশ্বের অস্তিত্ব বর্ণণা করা যায়, তাই তাকে যৌক্তিকভাবে বিশ্বাস করাটা এখন পর্যন্ত অপ্রয়োজনীয়।

তখন আমার যৌক্তিক মনের পক্ষে তাই ঈশ্বরে অবিশ্বাসী না হয়ে আর কোন উপায় ছিল না।

(৩) ব্যক্তিগতভাবে আমি এমন কোন মানুষের সংস্পর্শে আসিনি যে আমাকে নাস্তিকতার পথে যেতে উৎসাহ যুগিয়েছে; আস্তিক থেকে নাস্তিক হওয়ার পথে কিছু বইয়ের দ্বারাই বরং আমি অনুপ্রাণিত হয়েছি।

আমার নাস্তিকতার গুরু মূলতঃ তিনজন: রাহুল সাংকৃত্যায়ন , প্রবীর ঘোষ, এবং হুমায়ুন আজাদ। এদের মধ্যে হুমায়ুন আজাদ দ্বারা আমি সবচেয়ে বেশি অনুপ্রাণিত হয়েছি, তার কারণ বোধহয় তাঁর মত আমিও প্রথাবিরোধিতাকে বেশ পছন্দ করি। হুমায়ুন আজাদের 'আমার অবিশ্বাস' আমার কাছে বাইবেলের মত, যদিও তাঁর অনেক বক্তব্যের সাথেই আমি একমত হতে পারি না।

(৪) উচ্চ মাধ্যমিক শেষ করতে করতে আমি ঈশ্বরে অবিশ্বাস করা শুরু করা দিয়েছি, তবে তখনও কতগুলো ব্যাপারে আমি নিশ্চিত হতে পারছিলাম না। ছোটবেলা থেকেই বিজ্ঞানের সাথে ধর্মগ্রন্থগুলোর মিলের কথা শুনে আসছিলাম। প্রতিটা ধর্মগ্রন্থেরই নাকি এমন কিছু বক্তব্য আছে যা বিজ্ঞানের আবিষ্কারের সাথে মিলে যায়! বইয়ের দোকানগুলোতে প্রায়ই দেখতাম 'কোরআন ও বিজ্ঞান', 'বাইবেল ও বিজ্ঞান', 'বেদ ও বিজ্ঞান' জাতীয় বইগুলো। এর মধ্যে এক বিশিষ্ট পন্ডিতের নাম ঘন ঘন শোনা যেতে লাগল। ভদ্রলোকের নাম ডঃ জাকির নায়েক! লোকমুখে শোনা যেতে লাগল , ইনি অসাধারণ এক পন্ডিত, সবগুলো ধর্মগ্রন্থই যার পড়া রয়েছে; বিজ্ঞানের সাথে কোরআনের একটার পর একটা সম্পর্ক নাকি তিনি আবিষ্কার করে চলেছেন!

আমি ধর্মগ্রন্থগুলোকে আগেই বাতিল করে দিয়েছিলাম, তাই আমি প্রায় নিশ্চত ছিলাম এগুলো বুজরুকিই হবে। কিন্তু বুজরুকিটা যে কোথায় তাই ধরতে পারছিলাম না।

তাছাড়া লোকমুখে আরও যেটা শুনতাম সেটা হচ্ছে বিবর্তনবাদ (যেটা এক চপেটাঘাতে সমস্ত ধর্মগ্রন্থগুলোকে বাতিল করে দিয়েছে) নাকি এখনও অপ্রমাণিত, এটা একটা অনুকল্প (hypothesis) মাত্র।

এইসব ব্যাপারে নিঃসন্দেহ হওয়ার জন্য কোন মাধ্যম তখন আমার কাছে ছিল না, তাই আমাকে একরকম নিরুপায় হয়েই বসে থাকতে হয়েছিল।

অবশেষে আলোকবর্তিকা নিয়ে হাজির হল আধুনিক বিশ্বের সর্বশ্রেষ্ঠ আবিষ্কার আর্ন্তজাল (Internet)। আমি আর্ন্তজাল নিয়মিত ব্যবহার করছি মাত্র এক বছর ধরে, কিন্তু এই এক বছরের মধ্যেই একে পাগলের মত ভালোবেসে ফেলেছি। নাস্তিক হওয়ার পরও আমার মধ্যে যে গুটিকয়েক সন্দেহের বীজ ছিল তা নিমেষে দূর হয়ে গেল মুক্তমনার হাত ধরে। মুক্তমনার হাত ধরেই আমি ডঃ জাকির নায়েকেসহ অন্যান্য ছদ্মবিজ্ঞানী ও ধর্মব্যবসায়ীদের বিজ্ঞানের সাথে ধর্মকে মেলানোর দাবির অসারতা সম্পর্কে জানতে পারলাম, জানতে পারলাম বিবর্তন বিজ্ঞানে এখন মাধ্যাকর্ষণের মতই প্রমাণিত সত্য। যতই জানতে থাকলাম, ততই নিঃসন্দেহ হতে থাকলাম ধর্মগুলোর অসারতা সম্পর্কে।

এ প্রসঙ্গে ফেইসবুকের কথাও বলতে হয়। ফেইসবুকের 'Atheist Bangladesh' গ্রুপটা প্রথম যখন আমার নজরে আসল, আমি তখন বিশ্বাসই করতে পারছিলাম না যে বাংলাদেশেও এরকম 'Hardcore' নাস্তিক রয়েছে। এদের অনেকের সাথেই পরবর্তীতে আমার 'Virtual' বন্ধুত্ব গড়ে উঠল। মুক্তমনা আমাকে দিয়েছে একটি 'Clarified concept', আর ফেইসবুক দিয়েছে কিছু 'Conceptual friend' (যার অভাব বোধ করছিলাম অনেক দিন ধরে)। আমরা ফেইসবুক এর বন্ধুরা মিলে সম্ভবতঃ বাঙলাদেশী নাস্তিকদের প্রথম সঙ্ঘ (Atheist Association of Bangladesh) গড়ে তুলেছি (যার কার্যক্রম এখনও পর্যন্ত শুধুমাত্র ফেইসবুকেই সীমাবদ্ধ রয়েছে)। আমার নাস্তিকতার ধারণাটা পোক্ত করতে এদের অবদানও কম নয়।

(৫) মাঝখানে আমি কয়েকদিন অজ্ঞেয়বাদী (Agnostic) ছিলাম, আমার মনে হয়েছিল সৃষ্টিকর্তা সম্পর্কে মানুষ হয়তো কোনদিনই কিছু জানতে পারবে না। কিন্তু আমি এখন আগের চেয়ে কিছুটা আশাবাদী। মানুষ হয়তো কোনও একদিন মহাবিশ্বের আদিম রহস্য উন্মোচিত করতে পারবে - এই আশাবাদই আমাকে আবার নাস্তিকতায় ফিরিয়ে এনেছে।

আমি 'Weak atheism' এ বিশ্বাসী। Weak atheist রা ঈশ্বরকে পুরোপুরি বাতিল করে দেয়নি , তাদের মধ্যে শুধু ঈশ্বরে বিশ্বাসের ব্যাপারটা অনুপস্থিত (Absence of the belief in the existence of God) । 'Strong atheist' রা ঈশ্বরকে পুরোপুরি বাতিল করে দিয়েছে (Denial in the existence of God)।

আমি সর্বদাই প্রস্তুত নতুন চিন্তাধারা গ্রহণ করতে, যদি সে চিন্তাধারার পেছনে পর্যাপ্ত প্রমাণ অথবা যুক্তি থাকে। একজন যুক্তিবাদীর সর্বশেষ গন্তব্য বলে কিছু আছে বলে আমার মনে হয় না , বরং চিরন্তন সন্দেহবাদিতাই হওয়া উচিত তার চিরকালের পথ।

আমি নিজেকে সেই অনন্তপথের এক যাত্রী বলেই মনে করি।

(জানুয়ারি ৪ থেকে জানুয়ারি ৬, ২০১০)

কমেন্ট

1. অভিজিৎ

জানুয়ারি ২২, ২০১০ সময়: ৯:৪২ অপরাহ্ণ লিঙ্ক

প্রবীর ঘোষের বইগুলো আমাদের অনেকেরই বিশ্বাসের জগত পরিবর্তনে সহায়ক ভূমিকা পালন করেছে, তা বলাই বাহুল্য। আমারও মনে আছে - অলৌকিক নয় লৌকিক পড়ার পরই বিশ্বাসের একটা বড় অংশ টলে গিয়েছিলো। যদিও তার অনেক আগেই রাহুল সংকৃত্যায়নের ‘নতুন মানব সমাজ’ পড়ে আমার অবিশ্বাসের যাত্রা শুরু। পরে একই ধারাবাহিকতায় পড়েছি আরজ আলী মাতুব্বরের সত্যের সন্ধান, শফিকুর রহমানের ‘পার্থিব সমাজ’ কিংবা বার্ট্রান্ড রাসেলের ‘হোয়াই আই এম নট এ খ্রিষ্টান’ ইত্যাদি। এখন আমি অবশ্য বিজ্ঞান নির্ভর বই পত্রেই আগ্রহী। ডকিন্সের **গড ডিলুশন** কিংবা ভিক্টর স্টেঙ্গরের **নিউ এথিজম** - যেগুলো আধুনিক পদার্থবিজ্ঞান বা জীববিজ্ঞানের দৃষ্টিকোন থেকে ঈশ্বর নামক দার্শনিক অভিব্যক্তিটিকে বিশ্লেষণ করা । সত্যই অবিশ্বাসের বন্ধুর পথ যেন আমাদের বিবর্তনেরই ধারাবাহিক ইতিহাস।
আসলে আমাদের সবারই এ ধরণের গল্পের ইতিহাস আছে। এবার বাংলাদেশে গিয়ে রায়হানের সাথে আলাপ করে জানলাম - একদিন হঠাৎ রাত তিনটায় আমার ‘বিজ্ঞানময় কিতাব’ পড়ে নাকি তার মনে হল - এনাফ ইজ এনাফ! সেই দিন থেকে তার ধানাই পানাই বাদ। আরেক ভদ্রলোকের কথা জানলাম - তিনি ছিলেন মাদ্রাসার একজন ছাত্র পরে মসজিদের ইমাম। তিনি মুক্তমনার সংস্পর্শে এসে পুরোপুরি নাস্তিক। মুশকিল হল - এই আকর্ষনীয় কাহিনীগুলো সংকলিত করা হয়ে উঠে না। অথচ এ জবানবন্দী গুলো গুরুত্বপূর্ণ। নবীন মুক্তমনা এবং সংশয়ীদের জন্য তো বটেই । আমি একটা সংকলনের কথা ভেবেছিলাম এখানে। সবাই রাজী থাকলে আমরা এই সংকলের ব্যাপারে চিন্তা করতে পারি। আপাততঃ ইসংকলনের কথাই ভাবি। পরে সময় সুযোগ মত ছাপার অক্ষরের দিকে যাব।
আমি জীবনভিত্তিক এই লেখাগুলোকে আপাতত একটা ক্যাটাগরিতে রাখছি - অবিশ্বাসের জবানবন্দী। আরো অনেক লেখা সাইটে ছড়িয়ে ছিটিয়ে আছে। সেগুলোকে একসাথে করা প্রয়োজন। সময় সুযোগমত সদস্যদের কাছ থেকে এ ধরনের বিষয়বস্তুর উপর লেখার আহবান জানাবো। আলসেমির কারণে হয়ে উঠছে না। কিন্তু শুরু করবো শিগগীরই। দেখা যাক কি হয়।

রায়হান আবীর এর জবাব:
জানুয়ারি ২২, ২০১০ at ১১:১৭ অপরাহ্ণ
@অভিজিৎ দা,

আমি আমার লেখার কাজ শুরু করেছি। তবে একটা ফরম্যাল এপ্রোচ নেওয়া যেতে পারে মুক্তমনার উদ্যোগে। সম্পাদকমণ্ডলী ঠিক করে একটা পোস্ট। শুধু মুক্তমনায় নয় , সচলায়তনেও জানানো যেতে পারে। এই কাজটি করতে পারেন আপনি, আমি কিংবা মুহাম্মদ।

খুব দারুন একটা সংকলন হবে এটা। আশায় রইলাম।

সৈকত চৌধুরী এর জবাব:
জানুয়ারি ২৩, ২০১০ at ৩:৩৮ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

শফিকুর রহমানের 'পার্থিব সমাজ'

'পার্থিব সমাজ' না বোধহয় 'পার্থিব জগত'। আচ্ছা, শফিকুর রহমান মানুষটি এখন কোথায় আছে বা কি করছে জানেন কি? উনি আর লেখালেখি করলেন না কেনো জানি না। তাঁর লেখাগুলো বেশ চমৎকার।

2. 2

আরিফ

জানুয়ারি ২২, ২০১০ সময়: ১০:৪৪ অপরাহ্ণ লিঙ্ক

আপনার বর্ননাভঙ্গি চমৎকার! আমি সবসময়ই লিখে ফেলতে চেয়েছি, কি করে আমি নাস্তিক হলাম... আপনার লেখা পড়ে উদ্বুদ্ধ হলাম।

সৈকত চৌধুরী এর জবাব:
জানুয়ারি ২৩, ২০১০ at ৩:৫৪ পূর্বাহ্ণ

@আরিফ,
আপনি মুক্তমনায় নিয়মিত হবেন আশা করি।



সূর্য এর জবাব:
জানুয়ারি ২৩, ২০১০ at ৩:১৩ অপরাহ্ণ
@আরিফ,

আপনাকে কিছুটা হলেও উদ্বুদ্ধ করতে পেরেছি জেনে ভাল লাগল।

খুব শীঘ্রই আপনার লেখাটা পাব আশা করছি।

3. 3

সূর্য
জানুয়ারি ২২, ২০১০ সময়: ১০:৪৭ অপরাহ্ণ লিঙ্ক

এরকম একটা সংকলন অচিরেই করা দরকার। নাস্কিকতার প্রথম ধাপ সন্দেহবাদিতা। অনেক ধার্মিক ব্যক্তির মধ্যেই সন্দেহবাদিতা দেখা দেয়, কিন্তু তারা সন্দেহবাদিতাকে এগিয়ে নিয়ে যেতে ভয় পায়।

নাস্তিকদের নাস্তিক হয়ে ওঠার কাহিনী শুনে হয়ত তারা এই ভয়কে জয় করার প্রেরণা পেতে পারে।

আরিফ এর জবাব:
জানুয়ারি ২২, ২০১০ at ১১:১৮ অপরাহ্ণ
@সূর্য,
নাস্তিকের ধর্মকথা একটা সংকলনের কাজ করেছেন কিছুদিন আগে। এখানে পাওয়া যাবে।



সূর্য এর জবাব:

জানুয়ারি ২৩, ২০১০ at ৩:০৯ অপরাহ্ণ

@আরিফ,

মূলতঃ না.ধ. ভাইয়ের অনুপ্রেরণাতেই এই লেখাটা লিখতে পেরেছি। উনি facebook এ আমাদেরকে এই ধরণের লেখা লিখতে উদ্বুদ্ধ করে যাচ্ছেন।

4. 4

বিপ্লব পাল

জানুয়ারি ২২, ২০১০ সময়: ১১:৪৩ অপরাহ্ণ লিঙ্ক

একমত। সবার নিজের অভিজ্ঞতা লেখা উচিত। এতে অন্যেরা যার দোটানাতে আছে, তাদের সুবিধা হবে।

5. 5


শাফায়েত

জানুয়ারি ২৩, ২০১০ সময়: ২:১৫ পূর্বাহ্ণ লিঙ্ক

ধন্যবাদ সূর্যকে তার অভিজ্ঞতা শেয়ার করার জন্য

6. 6


শাফায়েত

জানুয়ারি ২৩, ২০১০ সময়: ১০:৪৯ পূর্বাহ্ণ লিঙ্ক

ফেইসবুকের 'Atheist Bangladesh' গ্রুপটা প্রথম যখন আমার নজরে আসল, আমি তখন বিশ্বাসই করতে পারছিলাম না যে বাংলাদেশেও এরকম 'Hardcore' নাস্তিক রয়েছে। এদের অনেকের সাথেই পরবর্তীতে আমার 'Virtual' বন্ধুত্ব গড়ে উঠল।

Atheist Bangladesh কে অনেকে facebook গ্রুপ বলে অবহেলা করে। কিন্তু আমার এবং আরো অনেকের মতে এটা একটি সাধারণ গ্রুপের থেকে অনেক বেশী কিছু। এ গ্রুপে এ সে আমার মত অনেক নিঃসঙ্গ নাস্তিক অসাধারণ কিছু বন্ধুর সন্ধান পেয়েছে যার গুরুত্ব কোনো কিছু দিয়ে পরিমাপ করা যাবে না। এ গ্রুপে এসে আমরা আমরা বুঝতে পেরেছি যে আমরা একা নই , অন্ধ বিশ্বাস ছেড়ে বের হতে পেরেছে এমন মানুষের সংখ্যা কম নয়। গ্রুপটি গোড়া ধার্মিক বিশেষ করে মুসলিমদে বেশ বড় ধাক্কা দিতে সক্ষম হয়েছে, আমাদের থামাতে তারা সরাসরি হুমকি, গালিগালাজ, অ্যাডমিনদের নামে ফেক-আইডি খুলে অশ্লিল পোস্ট দেয়া, ফেসবুকের কাছে রিপোর্ট করা সহ সব রকমের চেষ্টা তারা করেছে।

(admin-atheist bangladesh)



*সূর্য*এর জবাব:

জানুয়ারি ২৩, ২০১০ at ৩:৩২ অপরাহ্ণ

@শাফায়েত,

//Atheist Bangladesh কে অনেকে facebook গ্রুপ বলে অবহেলা করে। //

বাঙলাদেশে আর্ন্তজাল ব্যবহারকারীদের প্রায় সবারই facebook এ account রয়েছে, এবং বাঙলাদেশের নাস্তিকদের সবচেয়ে বড় facebook গ্রুপ 'Atheist Bangladesh'। এ কারণে AB গ্রপের প্রয়োজনীয়তাকে কিছুতেই খাটো করে দেখার যো নেই। Facebook হচ্ছে এমন একটা মাধ্যম যার মাধ্যমে আমরা অনেক বেশি সংখ্যক মানুষের কাছে পৌছতে পারি , এবং AB এই কাজটাই করে যাচ্ছে।

কোন আন্দোলনই পরিপূর্ণতা পায় না যদি না তা সাধারণ মানুষের কাছে পৌছতে পারে। আমি ব্যক্তিগতভাবে বিশ্বাস করি আমরা facebook এর মাধ্যমে দেশে ও বিদেশে বসবাসরতঃ বাঙলাদেশী মুক্তমনাদের 'যুক্তি'-র আন্দোলনে কিছুটা হলেও সাধারণ মানুষদেরকে শরিক করতে পারব।

এবং আমি এটাও বিশ্বাস করি, খুব শীঘ্রই পুরো বিশ্বে একটা বিপ্লব আসছে। বিপলবটা হঠাৎ করে হবে না, এটা হবে ধীরে ধীরে। পুরো বিপ্লবটা হবে আর্ন্তজাল কেন্দ্রিক , আর বিপ্লব শেষে জয় হবে 'যুক্তিবাদ'-র।

শাফায়েত এর জবাব:

জানুয়ারি ২৩, ২০১০ at ৪:১৩ অপরাহ্ন

Facebook হচ্ছে এমন একটা মাধ্যম যার মাধ্যমে আমরা অনেক বেশি সংখ্যক মানুষের কাছে পৌছতে পারি, এবং AB এই কাজটাই করে যাচ্ছে।

7. 7

বকলম

জানুয়ারি ২৩, ২০১০ সময়: ৪:১০ অপরাহ্ন লিঙ্ক

সবার উৎসাহ দেখে আমিও ভাবলাম যে এরকম একটা লেখা লিখব। কিন্তু আমি কিছুতেই মনে করতে পারছিনা আমি কেন নাস্তিক হলাম। আমার কাছে প্রকৃয়াটা খুব ই সহজ এবং স্বাভাবিক ভাবে ঘটেছে। কোন চমৎকারিত্বই নেই আমার নাস্তিক হবার ঘটনায়। কোন হুজুরের পিটানি , কিংবা পারিবারিক সংকট, কিংবা কারো দ্বারা ভয়ানক উদ্বুদ্ধ হওয়া এসব। আরে, একটা রোমাঞ্চকর কাহিনী না থাকলে মানুষ সেটা পড়বেই বা কেন? কি যে মুশকিল। তবু ডাল ভাত খাওয়ার গল্পের মত কারো যদি ভালো লাগবে বলে মনে হয় তাহলে হয়ত লিখব।

শাফায়েত এর জবাব:

জানুয়ারি ২৩, ২০১০ at ৪:১৪ অপরাহ্ন

@বকলম,

আমারো একই অবস্থা

অভিজিৎ এর জবাব:
জানুয়ারি ২৩, ২০১০ at ৬:৫৮ অপরাহ্ণ
@বকলম,

তবু ডাল ভাত খাওয়ার গল্পের মত কারো যদি ভালো লাগবে বলে মনে হয় তাহলে হয়ত লিখব।

লিখা ফেলেন। পাঠকের দাবী। আমার মনে হয় আপনার কমেন্টেই যেই টক-ঝাল-মিষ্টির স্বাদ পাই, পূর্ণাঙ্গ লেখা আরো মজাদার কিছু হবে ...

আদিল মাহমুদ এর জবাব:
জানুয়ারি ২৩, ২০১০ at ৮:৫১ অপরাহ্ণ
@বকলম,

দূর মিয়া, অত বোরিং হলে হবে নাকি!

তার চেয়ে আবার আস্তিক হয়ে নাস্তিক টু আস্তিক অভিজ্ঞতা লিখেন। দুদিকের কথাই শুনি।

অভিজিৎ এর জবাব:
জানুয়ারি ২৪, ২০১০ at ৫:১৬ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

তার চেয়ে আবার আস্তিক হয়ে নাস্তিক টু আস্তিক অভিজ্ঞতা লিখেন।

তাহলে বোধ হয় আপনার বকলম না, বরং হয়রান সাহেবের কাছে ধর্ণা দিতে হবে। 🙂

8. 8

শিক্ষানবিস

জানুয়ারি ২৩, ২০১০ সময়: ৭:৪৯ অপরাহ্ন লিঙ্ক

আপনার বিবর্তন বেশ লিনিয়ার। সবকিছু পরিষ্কার বোঝা যায়। আপনার নাস্তিক হয়ে ওঠার কাহিনীটাও খুব যৌক্তিক, বৌদ্ধিক নিয়ম কানুন মেনেই আপনি সব করেছেন। ভাল লাগল পড়ে।

মুক্তমনা এ ধরণের অভিজ্ঞতামূলক লেখা নিয়ে একটি কালেকশন করবে বলেছে। আমিও তাই অচিরেই শুরু করছি লেখাটা। মাথার মধ্যে অবশ্য অনেকটা তৈরি হয়ে আছে। লেখা শুরু করলে বেশি সময় লাগবে না। তবে আমারটা একেবারেই লিনিয়ার না, অনেক অনেক চড়াই-উৎরাই, কখনও এতো বেশি যে আমার ট্রান্সফরমেশনটাকে যৌক্তিক উপায়ে ব্যাখ্যা করাটাও কষ্টকর হয়ে ওঠে।

9. 9

নাস্তিকের ধর্মকথা

জানুয়ারি ২৪, ২০১০ সময়: ৪:১৫ অপরাহ্ন লিঙ্ক

@সূর্য, আপনাকে অসংখ্য অসংখ্য ধন্যবাদ। দেখা যাক, অন্যরা যারা কথা দিয়েছেন- তারা আপনার এই লেখায় কতটুকু উৎসাহিত হচ্ছেন।

@অভিজিৎ, মুক্তমনা এমন একটা সংকলন বের করবে জেনে খুব ভালো লাগলো। সামু ব্লগে আমরা প্রায় ২০ টার বেশী লেখা যোগাড় করেছিলাম। ফেসবুকের বিভিন্ন মুখচোরা নাস্তিকদেরও লেখার জন্য উৎসাহিত করছি। অনেকেই আছেন- যারা পড়তেই পছন্দ করেন এবং লেখালেখির ঝামেলা থেকে নিরাপদ দূরত্বে থাকতে চান। এরকম কয়েকজনকে নিজের অভিজ্ঞতা নিয়ে লিখতে উৎসাহিত করতে পেরেছিলাম এবং পরে দেখা গিয়েছে- তারা দারুন দারুন সব লেখা লিখে যাচ্ছে ..

আপনাদের পক্ষ থেকে এরকম একটা সংকলন বের করার উদ্যোগ নেয়া হলে- সেটা হবে বিশাল একটা এচিভমেন্ট। ফেসবুকের Atheist Association Of Bangladesh গ্রুপ (http://www.facebook.com/group.php?gid=166865632873) এর ডিসকাশন বোর্ডে আলোচ্য পোস্টের লেখক Sujan Chakraborty Surjo একটা টপিক দিয়েছেন- How I became Atheist (http://www.facebook.com/group.php?v=app_2373072738&gid=166865632873#/topic.php?uid=166865632873&topic=12077)। সেখানে সকলকে নাস্তিক হওয়ার ইতিহাসটা/অভিজ্ঞতাটা

শেয়ার করার জন্য আহবান করা হয়েছে। অনেকে কথাও দিয়েছেন - লিখবেন। এছাড়া ফেসবুক মেসেজ/চ্যাটে আরো বেশ কয়েকজন কথা দিয়েছেন- তারা এই বিষয়ে লিখবেন। সামুব্লগেও আরো কয়েকজন বলেছিলেন যে তারা লিখবেন- আরেকবার নক করতে হবে। একইভাবে অন্যান্য ব্লগে যারা সময় কাটায়- তারাও উদ্যোগ নিতে পারেন।

পরিশেষে- ফেসবুকের Atheist Association Of Bangladesh গ্রুপে যেটা বলেছিলাম- সেটা এখানে কপি - পেস্ট করছি:

" বিভিন্ন নাস্তিকদের নাস্তিক হওয়ার গল্পগুলো সংগ্রহ করার একটা উদ্যোগ নিয়েছিলাম সামু ব্লগে - সাড়া মোটামুটি ভালোই পাওয়া গিয়েছিলো। http://www.somewhereinblog.net/blog/nastikerdharmakathablog/28914659- এই লিংকে গেলে ১৮ জনের গল্প জানা যাবে। নেটে একটা বই দেখেছিলাম- ৫০ নাস্তিকের নাস্তিক হওয়ার গল্প নিয়ে একটা সংকলন (বিভিন্ন পেশার: ডাক্তার-ইঞ্জিনিয়ার-বিজ্ঞানী-আইনজীবী-সাংবাদিক প্রভৃতি লোকদের নিজেদের জীবনের গল্প)। ঐ বইয়ের রিভিউ তে পড়েছিলাম- এটা এমন একটা বই যেটা একজন সামান্য বুদ্ধিবিবেক অ'লা মানুষ পড়লে তার পক্ষে আগের মতো ধর্ম-কর্মে ইনভলভড থাকা সম্ভব না, এমনকি গোড়া আস্তিকের মনে এটা কিছু না কিছু প্রশ্ন উদ্রেক করবে। আমার কাছে এই প্রশংসাসূচক কথাগুলো বাড়তি বলা কিছু বলে মনে হয় নি। একেকজন মানুষের ব্যক্তিজীবনের অভিজ্ঞতা যখন কেউ পড়বে- ক্ষণে ক্ষণে তার মনে হবে- এসমস্তই তার নিজের জীবনেও তো ঘটেছে, আচ্ছা এ ঘটনায় সে এমন করে ভেবেছে- আমি তো ভাবিনি..... ইত্যাদি। আমার মনে হয়- এরকমংল্পের সংকলন খুব খুব একটা শক্তিশালী ভূমিকা রাখতে পারে। আমার স্বপ্ন: আমি/আমরাও বাংলায় এমন একটি বই বের করবো একদিন: শুধু ৫০ না- ৭৫ থেকে ১০০ জনের অভিজ্ঞতা নিয়ে একটা বই হবে সেটা। নিজেদের নাস্তিক হওয়ার অভিজ্ঞতা, অথবা এই মুহুর্তে সে ব্যক্তিগতভাবে ধর্মে/ঈশ্বরে আস্থা/বিশ্বাস রাখতে পারছে না- সে আলোচনা নিয়ে অবিশ্বাসীদের একটা বই......

10. 10

নাস্তিকের ধর্মকথা

জানুয়ারি ২৪, ২০১০ সময়: ৪:৪২ অপরাহ্ন লিঙ্ক

এই বিষয়ে আমার লেখাটার শিরোনাম: আমার অবিশ্বাসের সূত্রপাত। মুক্তমনায় পাঁচ পর্বে দিয়েছিলাম , লিংকগুলো দিচ্ছি:

১ম পর্ব: http://mukto-mona.com/banga_blog/?p=867

২য় পর্ব: http://mukto-mona.com/banga_blog/?p=1210

৩য় পর্ব: http://mukto-mona.com/banga_blog/?p=1567

৪র্থ পর্ব: http://mukto-mona.com/banga_blog/?p=1576

৫ম পর্ব: http://mukto-mona.com/banga_blog/?p=1602

11. 11

নাস্তিকের ধর্মকথা

জানুয়ারি ২৪, ২০১০ সময়: ৪:৪৯ অপরাহ্ণ লিঙ্ক

“অবিশ্বাসের জবানবন্দী” বিভাগে গিয়ে তিন নাস্তিকের গল্পই পাইলাম (তার একটা অনুবাদ)। আশা করবো- অচিরেই সবার লেখাই সেখানে পাবো ….

বিশেষ করে মুক্তমনার মূল আকর্ষণ যারা- তাদের উপর ডিক্রি জারি করে দেয়া উচিৎ বলে মনে করছি। আমি একটা তালিকা দিচ্ছি- যাদের এই সংক্রান্ত লেখা দেয়ার জন্য একটা টাইম লাইন বেঁধে দেয়া উচিৎ:

১। বন্যা
২। অভিজিৎ
৩। ফরিদ আহমেদ
৪। শিক্ষানবিশ
৫। আকাশ মালিক
৬। রায়হান
৭। কেশব অধিকারী
৮। পৃথিবী
৯। দিগন্ত
১০। বিপ্লব পাল
১১। অনন্ত
১২। সৈকত
১৩। …………..
(নাম তো দেখি শেষ হওয়ার নয় …)

12. 12

তানভী

জানুয়ারি ২৫, ২০১০ সময়: ১১:০৪ অপরাহ্ণ লিঙ্ক

আমার কাহিনী খুব বড় না। প্রাইমারী স্কুল ভালো ভাবেই পার হয়েছে , বইটই পড়তাম ভালই।আর ক্লাস ফাইভে বেশ কয়েকদিন টানা নামাজও পড়েছি। সেই সুবাদেই প্রাইমারী র শেষের দিকে বেশ কিছু

ধর্মীয় ঘটনা ভিত্তিক বই(আদমের সৃস্টিতত্ত্ব , নবীদের মজেজা, বেহেশ্ত-দোজখ ইত্যাদি)। তখনও সংশয় আসেনি।

হাইস্কুলে ভর্তির পর খেলাধুলা ইক্টু কমে গেল। তখন চিন্তা করার কিছু সময় পেলাম। তখনই চিন্তার ভেতরে হঠাৎ চিন্তা এল যে, আমাদের সৃস্টিকর্তা একজন আছে,কিন্তু তার সৃস্টিকর্তা কে?(অর্থাৎ সৃস্টি কর্তার পেছনে কে?) কিন্তু এই চিন্তা বেশি দূর যায়নি। কারন তখন কাউকে প্রশ্ন করতে পারিনি। এরপর ব্যাপারটা ভূলে গেলাম। মাঝে মধ্যে ইসলাম শিক্ষা স্যারদের সাম্প্রদায়িক কথা শুনে মনে হত, "*হারামজাদা!! মাদার তেরেসা বেহেশতে যাবেনা আর তুই যাবি!!*"? এটা দ্বিতীয় ধাপ। তারপর বেশ কিছু সময় পড়ালেখা নিয়ে স্যারদের প্রেসারের কারনে বই পড়া ছেড়ে দিয়েছিলাম। কিন্তু এসবের মধ্যেই বিবর্তন, বিজ্ঞান, মহাকাশ এসব বিষয়ে কিছু কিছু ধারনা পেতে থাকি। বিবর্তনটা আমাকে অনেক ভাবিয়েছিল, তবে সেটা ছিল স্পেঙ্গারীয় ও ল্যমার্কিয় ভূল চিন্তা ভাবনা। তবে সেটাও কম না। এটা তৃতীয় ধাপ। এর সাথে সমাজের মানুষদের দূর্দশা , গরীবদের নিরন্তর সংগ্রাম, পাপ পূন্য এসব বিষয় মাথায় অল্প বিস্তর কাজ করত। তবে সেগুলো খুব একটা কার্যকর ছিলনা।
এরপর এইচএসসি বা ইন্টার লেভেলে আসলাম। কলেজ ছিল বিরক্তিকর। ক্লাসে যেতাম না। ম্যাট্রিকের পরের তিন মাসের ছুটি আবার আমার মাথায় বইয়ের পোকা ঢুকিয়েছিল। সেই সুবাদে ইন্টার লাইফে ক্লাসে বসে লুকিয়ে মাসুদ রানা পড়তাম , নয়তো ক্লাস ফাঁকি দিয়ে বইয়ের দোকানে গিয়ে বই ঘাটতাম, নইলে ক্লাসেই যেতামনা। ঘরে বসে কম্পিউটার ঘাটাতাম।

এরই মাঝে মেঝ ভাই তার ভার্সিটি থেকে এসে একবার একগাদা কম্পিউটার বই ও ই-বুক ঘরের পিসিতে দিয়ে যায়। ওগুলোই ঘাটতে ঘাটতে প্রথমে চোখ পড়ল প্রবির ঘোষের "যুক্তিবাদীদের চ্যালেঞ্জারেরা" এর ২টি বই। পড়লাম,ভালো লাগলো। তারপর পেলাম অভিজিৎ ভাইয়ের ই-বুক "আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী"। এটা পুরোটা পরলাম। এরকমই একদিন ঘাটতে ঘাটতে পেয়ে গেলাম "আরজ আলি মাতুব্বর"। এক পাতা, দুপাতা করে বেশ কয়েক পাতা পড়লাম। আমার মাথা ধরে গেল। প্রায় পরদিনই আমি বইটার হার্ডকপি কিনে নিয়ে আসলাম। পড়ে সব শেষ!! তবে এত সহজে শেষ হতো না। শেষ হয়েছে তার পিছনের একমাত্র কারন হল যে, আমি আগেই ধর্ম বিষয়ক অনেক বই পড়েছিলাম, তাই আরজ আলি যা ই মার্ক করেছিলেন আমি তার সবটুকুই সোজাসুজি ধরতে পারছিলাম, নাইলে এই বইকেও আমি বাতিলের খাতায় ফেলে দিতাম। আগে পিছের ছোটখাট জানা অজানা আমাকে অনেকটুকু এগিয়ে দিয়েছে। আর শেষমেষ আরজ আলি এক লাথি দিয়ে আমার বালির বাধ ভেঙে দিয়েছে।

এইতো, প্রায় সবটুকুই বলে দিলাম। তবে মজার ব্যপার হচ্ছে যে আমি নাস্তিক হবার সাথে সাথেই ঘরের মোটামুটি সবাইকেই ধারনা দিয়ে দিয়েছি , এবং খোলাখুলিই সবাইকে বলে দিয়েছি। আর তখনই টের পেয়েছি যে আমার বড় দুভাই আগে থেকেই সংশয়বাদী ছিল!!! কিন্তু তারা এত দিন কাউকেই বলেনি!!! যেন আমার জন্য বসে ছিল!!!

তবে ব্যাপারটা ভালই হয়েছে, নাইলে আমি আর নিজে থেকে এত কিছু জানতে পারতাম না , আর আমার অবিশ্বাসের ভিত এত পোক্তও হত না।

*অভিজিৎ*এর জবাব:
জানুয়ারি ২৬, ২০১০ at ১:২৭ পূর্বাহ্ণ
@তানভী,মন্তব্যে নয়, পরে এক সময় পোস্ট হিসেবে দিন ” অবিশ্বাসের জবানবন্দী” ক্যাটাগরি সিলেক্ট করে। তাহলে আমাদের আর্কাইভে লেখাগুলো থেকে যায়।

*নাস্তিকের ধর্মকথা*এর জবাব:
জানুয়ারি ২৬, ২০১০ at ১০:৪৯ পূর্বাহ্ণ
@তানভী,
ধন্যবাদ। তবে মনে হলো- বেশ শর্টকাট মেরেছেন। অভিজিতের মত বলি লেখাটা স্বতন্ত্র পোস্ট আকারেই দিয়ে দেন, আর সম্ভব হলে- আরেকটু কষ্ট করে লেখাটাকে বড় করেন। মানসিক দ্বন্দ্বগুলো আনার চেষ্টা করেন। কোন প্রশ্ন আপনাকে আপনাকে স্ট্রাইক করে, টানাপোড়েনটা কেমন ছিল, ফাইনালি কিভাবে সব কিছু মাথা থেকে ঝেড়ে ফেললেন - এগুলোও যদি আলোচনা করেন- বেশ ভালো হয়। অর্থাৎ- কেবল বই এর নাম আসলে- কিছু বই এর নাম হয়তো একজন জানতে পারবে, কিন্তু ঠিক কোন প্রশ্ন- কোন যুক্তি আপনার বিশ্বাসের মূলে আঘাত করলো - সেগুলো অজানাই থেকে যাবে। সম্ভব হলে- মূল যুক্তি/প্রশ্নগুলো উল্লেখ করে আরেকটু কলেবরে বাড়িয়ে আপনার লেখাটা দিয়েন ....

13. 13

অভিষেক খান
জানুয়ারি ২৬, ২০১০ সময়: ২:২৬ অপরাহ্ণ লিঙ্ক

ভালো লাগলো। আমারও ইচ্ছা করছে নিজের গল্পটা লিখতে, কিন্তু মুক্তমনায় রেজিস্ট্রেশন কীভাবে করব কেউ বলতে পারেন?

মুক্তমনা এডমিন এর জবাব:
জানুয়ারি ২৮, ২০১০ at ৯:০৫ অপরাহ্ণ
@অভিষেক খান,

আপনি মুক্তমনায় মন্তব্য করতে থাকুন। একসময় দেখবেন রেজিস্টার্ড সদস্য হয়ে গেছেন। আলাদা ভাবে রেজিস্ট্রেশনের অপশন এখনো রাখা হয় নি। কাজেই মন্তব্য করে যাওয়াই সদস্য হবার পূর্বশর্ত। মন্তব্য করার সময় অবশ্যই একটি ভ্যালিড ইমেইল ব্যবহার করবেন।

আর সদস্য হবার আগ পর্যন্ত লেখা পাঠাতে চাইলে mukto-mona-owner@yahoogroups.com এই ঠিকানায় লেখা পাঠান।

14. 14

নাস্তিকের ধর্মকথা
জানুয়ারি ২৮, ২০১০ সময়: ৪:৫২ অপরাহ্ণ লিঙ্ক

সামু ব্লগে এই সংকলনের উদ্যোগ নেয়ার পরে - সামু ব্লগের কয়েকজন নাস্তিক বন্ধু মিলে সেগুলোকে একত্রিত করা শুরু করেছিলাম- ঐ সময় যতগুলো লেখা জমা পরেছিল- সেগুলো নিয়ে একটা ওয়েবসাইটও খাড়া করা হয় (লিংক: http://spostakkhor.gofreeserve.com/wp) - মূলত ব্লগার ক-খ-গ একক প্রচেষ্টায় ঐটা তৈরি করে। পরে অবশ্য- নিয়মিত আপডেট করা হয়নি। ভাবছি- আমার আপডেট করতে হবে (সামু ব্লগে আরো বেশ কয়েকজন লিখেছে - যেগুলোকে আপডেট করে নেয়া হয়নি)। মুক্তমনার গল্পগুলোও এই ওয়েব সাইটে যুক্ত করলে আশা করি , কারো কোন দ্বিমত থাকবে না ....

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=16649

নাস্তিক্য কি একটা ফ্যাশন ?

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪১৮ (জুন ১, ২০১১)
লিখেছেন: শুভজিৎ ভৌমিক

যখন ধর্ম এবং ঈশ্বরে বিশ্বাসী কোনও মানুষ, ধর্ম বা ঈশ্বরে বিশ্বাস নিয়ে অন্য কাউকে প্রশ্ন করেন, এবং উত্তরে যদি শুনতে পান যে উত্তরদাতা নাস্তিক, তবে বেশির ভাগ ক্ষেত্রেই প্রশ্নকর্তার ঠোঁটে একধরণের তাচ্ছিল্যের হাসি খেলা করে। এই হাসি দেয়ার পর অনেকেই যে মন্তব্যটি করেন তা হচ্ছেঃ

“হেহ ! নাস্তিক্য ! এটা তো আজকাল একটা ফ্যাশনে পরিণত হয়েছে।”
এমন নাস্তিক সম্ভবত একজনও পাওয়া যাবে না, যিনি এই কথাটি জীবনে একবারও শোনেননি। প্রয়াত হুমায়ুন আজাদ তার “আমার অবিশ্বাস” বইয়ের “বিশ্বাসের জগৎ” প্রবন্ধে লিখেছেনঃ

> “একটা কিছু বিশ্বাস করতে হবে মানুষকে, বিশ্বাস না করা আপত্তিকর। আপনার পাশের লোকটি স্বস্তি বোধ করবে যদি জানতে পারে আপনি বিশ্বাস করেন, তার বিশ্বাসের সাথে আপনার বিশ্বাস মিলে গেলে তো চমৎকার; আর খুবই অস্বস্তি বোধ করবে, কোনো কোনো সমাজ আপনাকে মারাত্মক বিপদে ফেলবে, যদি জানতে পারে আপনি বিশ্বাস করেন না। বিশ্বাস কয়েক হাজার বছর ধ’রে দেখা দিয়েছে মহামারী রূপে; পৃথিবীর দীর্ঘস্থায়ী মহামারীর নাম বিশ্বাস।”

বলাই বাহুল্য, এই বিশ্বাসটি হচ্ছে ধর্ম এবং ঈশ্বরে বিশ্বাস, এবং মহামারীটি হচ্ছে ধর্ম বা ঈশ্বরে বিশ্বাসের রোগ। ভাবটা এমন যে, সবাইকে এই রোগে আক্রান্ত হতেই হবে, সবাইকে একই গোয়ালের গরু হতেই হবে। কেউ যদি এই রোগে আক্রান্ত না হয়, তাহলেই তার আরোগ্য, অর্থাৎ নাস্তিক্য, হয়ে যায় বাকী সবার চোখে ফ্যাশন, বা শো-অফ করার উপায়।

নিচের কার্টুনটা দেখলে বিষয়টা আরও পরিষ্কার হবে। আপনি ধর্মের নামে গাছ -পালা, মূর্তি-পাথর বা গরু-ছাগল কিংবা কালো-সাদা ঘরবাড়ির সামনে দাঁড়িয়ে শারীরিক কসরৎ করলে সেগুলো অস্বাভাবিক হয়না, আর কেউ যদি সেগুলো না করে, তবেই সে অস্বাভাবিক হয়ে যায়।

কী কারণে নাস্তিক্যকে শো-অফ বলা হচ্ছে ? বিশ্বাসীরা উত্তর দেনঃ “এটা সবার চেয়ে আলাদা হতে চাওয়ার একটা প্রবণতা। ধর্ম নিয়ে উলটাপালটা কিছু বললেই বিখ্যাত হওয়া যায় , বিতর্কিত হওয়া যায়। আর বিখ্যাত হওয়ার এই সহজ পথ কে ছাড়বে ?”

ধর্ম এবং ঈশ্বর বিশ্বাসীদের বড় সমস্যা হচ্ছে, যে মাপকাঠিতে তারা নাস্তিক্য সম্পর্কে মন্তব্য করেন, সেই একই মাপকাঠিতে তারা নিজেদের একবারও মেপে দেখেন না। যদি দেখতেন, তাহলে হয়তো

বিষয়গুলো তাদের কাছে আরও আগে ধরা পড়তো এবং তারা প্রশ্ন তুলতেন না। আসুন এবার তাদের তোলা সেই প্রশ্নের মাপকাঠিতেই তাদের বিচার করা যাক।

নাস্তিক্য তো একটা ফ্যাশন !

মানুষের বিশ্বাস যদি হয় ফ্যাশন বিচারের মাপকাঠি , তাহলে ইসলাম একটা ফ্যাশন, হিন্দুধর্ম একটা ফ্যাশন এবং পৃথিবীর যাবতীয় বিশ্বাস হচ্ছে ফ্যাশন। সেই অনুযায়ী, আপনি যদি ধর্ম পালন করে ফ্যাশন দেখাতে পারেন, তাহলে আমি ধর্ম পালন না করে ফ্যাশন দেখাতে পারবো না কেন ?

না মানে, বলতে চাইছি এটা বাকী সবার চেয়ে আলাদা হওয়ার একটা চেষ্টা, তাই না ?

নির্দিষ্ট ধর্ম পালনই হচ্ছে আসলে মানুষের চেয়ে আলাদা হওয়ার চে ষ্টা। আপনি একটি ধর্ম গ্রহণের সাথে সাথে ওই ধর্মটি বাদে পৃথিবীর বাকী ধর্মাবলম্বী জনগোষ্ঠী থেকে আলাদা হয়ে গেলেন , তাই নয় কি ? শুধু তাই নয়, এটা আপনাকে একেবারেই আলাদা করে দেবে। এক ধর্মের বিশ্বাসের সাথে আরেক ধর্মের বিশ্বাসে আকাশ-পাতাল পার্থক্য। এক ধর্ম অন্য ধর্মকে বাতিল করে দেয় এবং অন্য ধর্মাবলম্বীকে ভালো চোখে দেখে না। তাই আপনাকে অন্যান্য ধর্মাবলম্বী থেকে শত হাত দূরে থাকতে হবে। তার মানে কী দাঁড়াচ্ছে ? ধর্ম পালন হচ্ছে বাকী সবার চেয়ে আলাদা হওয়ার চেষ্টা।

এটা আসলে হুমায়ুন আজাদ বা তসলিমার মত বিখ্যাত হওয়ার চেষ্টা !

তাহলে ইসলাম পালন হচ্ছে জাকির নায়েকের মত বা হিন্দু ধর্ম পালন করা হচ্ছে সাঁই বাবার মত বিখ্যাত হওয়ার প্রচেষ্টা। একজন হুমায়ুন আজাদ বা তসলিমা বাংলাদেশে বিখ্যাত হয়েছেন বটে, কিন্তু ধার্মিক হয়ে তো আরও ব্যাপক লাভ। বিশ্বজুড়ে খ্যাতি ছড়িয়ে পড়ছে। বিশ্ববিখ্যাত ধার্মিক জাকির নায়েকের মত কোনও বিশ্ববিখ্যাত নাস্তিকের নাম বলুন তো , যাকে সাধারণ মানুষ এক নামে চিনবে ! পারবেন কি ?

তো নাস্তিক্যের হাত ধরে যদি জনপ্রিয়তা না-ই আসে, তাহলে নাস্তিক্য আর জনপ্রিয় হওয়ার হাতিয়ার থাকলো কীভাবে ? আমি তো বরং বলতে পারি, জনপ্রিয় হওয়ার নয়, বরং নাস্তিক্য হচ্ছে ধর্ম-সংবেদনশীল দেশে বেঘোরে নিজের প্রাণটা হারানোর হাতিয়ার। জনপ্রিয় হুমায়ুন আজাদ বা জনপ্রিয় তসলিমার পরিণতি আপনাদের মত ধার্মিকেরাই কী করেছে, তা কি আমরা দেখিনি ? C.T.V.N. চ্যানেলের অনুষ্ঠানে ভারতীয় যুক্তিবাদী প্রবীর ঘোষকে খুনের হুমকি দিয়েছিলেন পশ্চিমবঙ্গে র সেরা ধনী জ্যোতিষী “আচার্য্য সত্যানন্দ”।

কে চায় অযথা জনপ্রিয় হতে গিয়ে নিজের গলা “বিসমিল্লাহ” বা “ওঁ” লেখা ছুরির নিচে পেতে দিতে ?

না ঠিক আছে, নাস্তিক তুমি, ভালো কথা। কিন্তু আজকাল তো অনেকে না জেনেই নাস্তিক হয়। কিছুই জানে না, অথচ বলছে আমি নাস্তিক। ফেসবুকে রিলিজিয়াস ভিউ দিয়েছে এথিস্ট। এগুলো আসলে ভাঁওতাবাজী এবং লোক-দেখানো কাজ।

নাস্তিক হওয়ার জন্য যে অনেক কিছু জানতেই হবে , এটা কে বলেছে ? আপনি যখন নিজেকে ধার্মিক হিসেবে পরিচয় দেন, তখন কি কেউ জানতে চায়, যে আপনি আপনার ধর্মের যাবতীয় বিষয়

পুঙ্খানুপুঙ্খভাবে জানেন কিনা ? ফেসবুকে যখন আপনি রিলিজিয়াস ভিউ থিস্ট লেখেন , তখন কি কেউ ভ্রু কুঁচকে বলে, আপনি কেন থিস্ট ? যে কোনও বিষয় সম্পর্কেই জানা ভালো, কিন্তু জানা বিষয়টাকে আপনি শর্ত হিসাবে দিতে পারেন না। আপনি যেমন সবকিছু জেনে ধার্মিক হতে বাধ্য নন , আমিও সবকিছু জেনে নাস্তিক হতে বাধ্য নই।

ধর্মকারী ওয়েবসাইটের পরিচালক একজন ধর্মপচারকের মতেঃ

যদি গুটিকয়েক বালক-বালিকা নিজেদের পরিচয় দেয় নাস্তিক হিসেবে “জাস্ট ফ্যাশন” বলে, তাতেও তো ক্ষতিকর কিছু নেই। ফ্যাশন মানেই খারাপ , তা তো নয়! বরং ধার্মিক হবার ফ্যাশন, এটাই সত্যিকারের ফ্যাশন। কারণ, অধিকাংশ পাবলিক কিছু না জেনে ধর্মবিশ্বাস নামের গড্ডলিকা প্রবাহে গা ভাসায়।

যারা পারিবারিক সূত্রে কোনও একটা ধর্ম পেয়েছে এবং লালন করে চলেছে , তারা কিন্তু না জেনেই ধার্মিক। বেশির ভাগ ধার্মিকই না জেনে ধার্মিক। একটা শিশুর জন্মের সাথে সাথেই সে পরিবারের ধর্মটা পেয়ে যায়। তখন কিন্তু কেউ প্রশ্ন করে না যে, এই শিশু জেনে ধার্মিক, নাকি না জেনে ধার্মিক।

তাই, না জেনে ধার্মিক, আর না জেনে নাস্তিক সমান কথা। এটা একজন মানুষের ব্যক্তি স্বাধীনতার ওপরে নির্ভর করে যে সে কী মানবে বা মানবে না। সে যদি না জেনেই কিছু মানে, তাহলে যদি ভ্রু কোঁচকানোর কিছু না থাকে, তাহলে যদি কেউ না জেনেই কিছু না মানে , তাহলেও ভ্রু কোঁচকানো যাবে না।

এখন প্রশ্ন হচ্ছে, **এই ভ্রু কোঁচকানোর কারণটা কী ?**

মানুষ সব সময়ই চায় দলে ভারী হতে। যেমনঃ আপনার পাশের লোকটি আপনার কোনও কথার সাথে একমত হলে আপনি তাকে স্বাভাবিকভাবেই নিজের মত একজন লোক বলে মনে করেন, এবং নিজের পায়ের তলায় মাটি খুঁজে পান, একটা সমর্থন বা সাপোর্ট পান। মানুষের সাইকোলজিকাল ক্যারেক্টারই এরকম। যে কেউ নিজের মতের পক্ষে সমর্থন পেলে সুখী বোধ করে।

তা ধার্মিকেরা সুখী বোধ করুন, সমস্যা নেই। তাদের মতের সমর্থন দেয়ার জন্য পৃথিবীতে মানুষের অভাব পড়ে যায়নি। তবে নাস্তিকদের সেই সমর্থনটা দরকার হয় না। কেউ সমর্থন করবে না জেনেই নাস্তিকেরা নাস্তিক হয়। পরিবারের সমর্থন বেশির ভাগ ক্ষেত্রেই থাকে না, থাকে না বন্ধু-বান্ধবদের সমর্থন।

শুধু নাস্তিক্যের কারণেই যে পরিমাণ বিরূপ মন্তব্য শুনতে হয়, তাতে নাস্তিকদের কেমন লাগে ? ভালো নিশ্চয়ই লাগে না ! অ্যাকটিভ নাস্তিকদের সম্পর্ক নষ্ট হতে থাকে ধার্মিক প্রিয় মানুষগুলোর সাথে। কিন্তু এটা কি হওয়া উচিত ? নাস্তিক্যকে ফ্যাশন বা একধরনের অপরাধ হিসেবে চিহ্নিত করে ধার্মিকেরা যে ক্রমাগত নাস্তিকানুভূতিতে আঘাত দিয়ে যাচ্ছেন, সেটা কি মেনে নেয়া যায় ?

অথচ, এই নাস্তিকেরাই যখন ধর্মের সমালোচনা করেন, তখন ধার্মিকেরা চিৎকার করতে থাকেন, "অন্য মতের ওপর শ্রদ্ধা থাকা উচিত।" এই শ্রদ্ধাটা ধার্মিকরা নাস্তিকদের মতের ওপর দেখাচ্ছেন না কেন ?

বিচার কি সবার জন্য একই মাপকাঠিতে হওয়া উচিত নয় ?

1

সৈকত চৌধুরী

জুন ১, ২০১১ সময়: ৩:৫১ পূর্বাহ্ণ লিঙ্ক

তাই, না জেনে ধার্মিক, আর না জেনে নাস্তিক সমান কথা।

না সমান কথা না। নাস্তিক হতে হলে কিছু না জানলেও চলবে। অর্থাৎ একজন সদ্যজাত শিশুকেও আমরা নাস্তিক বলতে পারি কিন্তু আস্তিক হতে হলে জানতে হবে। জানতে হবে আল্লাহ কি? সে কিভাবে বা কোন পদ্ধতিতে তৈরী হল? মানুষের উপাসনা দিয়ে সে কি করে ? কেন মানুষকে বিপদে ফেলে পরীক্ষা করতে হয়? সে কি শুভকর কিছু নাকি অশুভ নাকি দুটোর মিশ্রণ ? আর বিশ্বাসীরাই বা তার সম্পর্কে এত কিছু জানে কিভাবে ইত্যাদি। কিন্তু বাস্তবে ঘটে উলটো। একজন মানুষ জেনে (বা জানলে) হয় নাস্তিক আর না জানলে হয় আস্তিক।

নাস্তিকতা মানে হল 'ঈশ্বরের অস্তিত্বে অবিশ্বাস/বিশ্বাসহীনতা' । এর মানে এই না যে নাস্তিক হতে হলে আপনাকে বলতে হবে 'ঈশ্বর বলতে কিছু নেই'। 'ঈশ্বর বলতে কিছু নেই মনে করা' এবং ' ঈশ্বরে অবিশ্বাস করা' এর মধ্যে পার্থক্যটা একটু বলি। যেমন, আপনি কোনোদিনও ভুতের নাম শুনেন নি। তাহলে আপনি নিশ্চয়ই ভুতের অস্তিত্বে বিশ্বাস করবেন না অর্থাৎ অবিশ্বাস করবেন কিন্তু এ সম্পর্কে না জেনে বলতে পারবেন না ওটার অস্তিত্ব আছে কিনা('অবিশ্বাস' মানে 'বিশ্বাস না করা' , অবিশ্বাস=অ+বিশ্বাস)। তবে একটা কথা মনে রাখা জরুরী, যারা ঈশ্বর বলতে কিছু নেই বলেন তারাও নাস্তিক তবে তারা নাস্তিক ঈশ্বর বলতে কিছু নেই তা মনে করার জন্য না বরং তা কেবলমাত্র ঈশ্বরে বিশ্বাসহীনতার জন্য।

আরেকটি প্রাসঙ্গিক লেখা

নাস্তিকতাও একটি ধর্ম (কিংবা বিশ্বাস) হলে

ছবিঃ "ধর্মকারী" ওয়েবসাইট থেকে নেয়া।

কোন পোস্ট থেকে নিয়েছে এর লিংক দেওয়া জরুরী ছিল। একটু খেয়াল রাখবেন।

আশা করি নিয়মিত আলোচনায় অংশগ্রহণ করবেন ও লেখবেন। আপনাকে অনেক ধন্যবাদ।
-

শুভজিৎ ভৌমিক এর জবাব:
জুন ১, ২০১১ at ৬:৩১ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

এখানে “জানা” কথাটা একটু বৃহদার্থে ব্যবহার করতে চেয়েছিলাম। যেমন ধরুনঃ “সে কিছুই জানে না” - এধরনের কোনও মন্তব্য যদি আপনি শোনেন, তাহলে সাদা চোখে কী ধরনের পার্সেপশন আসতে পারে ? সে বিষয়টি **কী**, তা জানে, তবে বিষয়টি **সম্পর্কে** পর্যাপ্ত ধারণা তার নেই - এরকম একটা পার্সেপশন আমি ব্যক্তিগতভাবে পাই।
ধর্মকারীর এই পোস্ট থেকে ছবিটা নেয়া হয়েছে। স্মরণ করিয়ে দেয়ার জন্য ধন্যবাদ।
লিংকের জন্য রীতিমত কপাল চাপড়াতে ইচ্ছা করছে। ৫০০ টাকা দিয়ে “অবিশ্বাসের দর্শন” কিনে খালি খালি অভিজিৎ’দা আর রায়হান ভাইকে বড়লোক বানালাম। কিনে দেখি মুক্তমনাতে লেখাগুলো আগেই পড়েছিলাম।



দীপেশ দেওয়ান এর জবাব:
জুন ১, ২০১১ at ৯:০৬ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,
আপনার মন্তব্যের দ্বিতীয় প্যারার একাংশ অগোছালো লাগলো। আপনি বলেছেন, ভূতের নাম না শুনে থাকলে কেউ ‘ভূতের অস্তিত্বে বিশ্বাস’ করবে না। যে নাম আমাদের মস্তিষ্কে থাকে না, তাতে বিশ্বাস/অবিশ্বাসের কিছু এসে যায় না। যখনই কোন নাম বা বিষয় আমাদের মস্তিষ্কে থাকে , তখন আমরা তাতে বিশ্বাস বা অবিশ্বাস করার সুযোগ পাই।
‘নাস্তিক হতে হলে কিছু না জানলেও চলবে ’ এ যুক্তি আমি আংশিক সমর্থন করলাম। কিন্তু এ যুক্তির ভিত্তিতে আপনি একজন শিশুকে নাস্তিক বললেন। এটা গ্রহণযোগ্য মনে হল না। আস্তিকতা, নাস্তিকতা বা এ ধরনের চিন্তাগুলোর বাইরে হল একজন শিশু। শিশু বড় হবার সময় যখন এ বিষয়টা সামাজিকীকরণের মধ্য দিয়ে সে জানতে পারবে এবং এ বিষয়ে একটা মত পোষণ করবে, তখনই বলা যাবে সে আস্তিক বা নাস্তিক কিনা। আস্তিক বা নাস্তিক হতে হলে কাউকে ‘ঈশ্বর’ শব্দটার সাথে হালকা

পাতলা পরিচিত থাকতে হবে এবং বিশ্বাস-অবিশ্বাসের উপর ভিত্তি করে ঈশ্বরসংক্রান্ত অন্তত একটা চিন্তা থাকতে হবে 'আছে/নেই'। সে সম্পর্কে বিশদ কিছু জানা বা না জানা পরের ব্যাপার।

আফরোজা আলম এর জবাব:

জুন ৪, ২০১১ at ৫:০৯ অপরাহ্ণ

@সৈকত চৌধুরী,

বক্তব্যটা বেশ ভালো লাগল। সুন্দর বিশ্লেষণ।

 2

রৌরব

জুন ১, ২০১১ সময়: ৪:০১ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি "নাস্তিকতা একটি ফ্যাশন" এর সাথে হুমায়ুন আজাদের উদ্ধৃতিটির যোগসূত্র খুঁজে পেলাম না। অভিযোগটি তো মনে হচ্ছে অনেকটা এরকম যে – নাস্তিকতাও এখন একটি ফ্যাশন-সুলভ গড্ডালিকা প্রবাহে পরিণত হয়েছে।

শুভজিৎ ভৌমিক এর জবাব:

জুন ১, ২০১১ at ৬:২১ পূর্বাহ্ণ

@রৌরব,

বোঝার ভুল অথবা আমার বোঝানোর ভুল। হুমায়ুন আজাদের উদ্ধৃতির নিচেই ব্যাখ্যাটা দিয়েছিঃ

বলাই বাহুল্য, এই বিশ্বাসটি হচ্ছে ধর্ম এবং ঈশ্বরে বিশ্বাস, এবং মহামারীটি হচ্ছে ধর্ম বা ঈশ্বরে বিশ্বাসের রোগ। ভাবটা এমন যে, সবাইকে এই রোগে আক্রান্ত হতেই হবে, সবাইকে একই গোয়ালের গরু হতেই হবে। কেউ যদি এই রোগে আক্রান্ত না হয়, তাহলেই তার আরোগ্য, অর্থাৎ নাস্তিক্য, হয়ে যায় বাকী সবার চোখে ফ্যাশন, বা শো-অফ করার উপায়।

 3

স্বাধীন

জুন ১, ২০১১ সময়: ৮:৩৬ পূর্বাহ্ণ লিঙ্ক

এই শ্রদ্ধাটা ধার্মিকরা নাস্তিকদের মতের ওপর দেখাচ্ছেন না কেন ?

ভীষণ রকমের সহমত। পরিচিত অনেক ধার্মিককেই দেখেছি ভিন্ন ধর্মের লোকের প্রতিও তাদের এক ধরণের সহানুভুতি থাকে যেটা একজন নাস্তিকের জন্যে থাকে না। এখানেই সকল বিশ্বাসী এসে এক হয়ে যায়।

মাহফুজ এর জবাব:
জুন ১, ২০১১ at ৮:৪৯ পূর্বাহ্ণ
@স্বাধীন,

পরিচিত অনেক ধার্মিককেই দেখেছি ভিন্ন ধর্মের লোকের প্রতিও তাদের এক ধরণের সহানুভুতি থাকে যেটা একজন নাস্তিকের জন্যে থাকে না।

আপনি ঠিকই বলেছেন। কেন যে থাকে না তার জবাব আহমদ শরীফ সুন্দরভাবে বলেছেন:

আস্তিকের সবচেয়ে বড়ো দোষ দলছুট বলে তারা নাস্তিকের প্রতি সক্রিয় কিংবা নিষ্ক্রিয়ভাবে অসহিষ্ণু। তারা সমাজে চোর-ডাকাত-গুণ্ডা-লম্পট-মাতাল-জালিয়াত-প্রতারক প্রভৃতি যে কোনো আস্তিক দুষ্ট-দুর্জন-দুর্বৃত্ত-দুষ্কর্মাকে সহ্য করতে এমনকি কৃপা-করুণা বশে ক্ষমা করতেও রাজি, কিন্তু নাস্তিকের প্রতি ঘৃণা-বিদ্বেষ পরিহার করতে অক্ষম। যদিও নাস্তিক এমন কোনো নুতন পাপ বা অপরাধ করে না যা আস্তিকে দুর্লভ। বাস্তবে নাস্তিকের ন্যায়-নীতি-আদর্শনিষ্ঠা ও বিবেকানুগত্য বেশিই থাকে। (এবং আরও ইত্যাদি, আহমদ শরিফ)

□ 4

আদিল মাহমুদ

জুন ১, ২০১১ সময়: ৯:০৭ পূর্বাহ্ণ লিঙ্ক

শুভজিতকে অবশেষে এখানেও দেখা গেল।

লেখা ভাল হয়েছে, ছবিটা দেখে অট্টহাসি সাইট বাধ্য হয়েছি 🙂 ।

শুভজিৎ ভৌমিক এর জবাব:
জুন ১, ২০১১ at ১১:২৯ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

ধন্যবাদ আদিল ভাই। কিন্তু “অট্টহাসি সাইট” কী জিনিস ?

আদিল মাহমুদ এর জবাব:
জুন ২, ২০১১ at ১:৩৬ পূর্বাহ্ণ
@শুভজিৎ ভৌমিক,

ওসব নাস্তিকেরা বুঝবে না। বিশ্বাস আনলেই বোঝা যাবে। নাস্তিকেরা আছেই কেবল ত্রুটি বের করে কূট তর্ক বাধাতে।

শুভজিৎ ভৌমিক এর জবাব:
জুন ২, ২০১১ at ১২:৫৪ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আপকো দেখকে তো ইহুদী-নাছারা-কাফির-নাস্তিক-মালাউন-মুশরিক-মুর্তাদ বলে মনে হোতা হ্যায়। আপনি সিআইএ, মোসাদ সহ বেশ কিছু গোয়েন্দা সংস্থার এজেন্ট লাগতা হ্যায়। আপ লোগোকে লিয়েই আজকে ইসলামের এই অবস্থা।

তবে টেনশন মাত লেনা, সত্যের সেনানীরা নেবেনাকো বিশ্রাম, তাদের জিহাদ চলবেই অবিরাম

আদিল মাহমুদ এর জবাব:
জুন ৪, ২০১১ at ৭:৫৩ অপরাহ্ণ
@শুভজিৎ ভৌমিক,

সত্যের নয়, এখন ধমাধম সেনানীরা নেবা নাকো বিশ্রাম

shahin এর জবাব:
জুন ৩, ২০১১ at ৯:০৪ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

ওসব নাস্তিকেরা বুঝবে না। বিশ্বাস আনলেই বোঝা যাবে। নাস্তিকেরা আছেই কেবল ত্রুটি বের করে কূট তর্ক বাধাতে।

নাস্তিকেরা কার উপর বিশ্বাস আনবে ? বিষয়টি পরিষ্কার করে বুঝিয়ে বললে ভালো হতো । নাস্তিকেরা অনেক কিছু জানে বলেই তর্ক করে ।

আদিল মাহমুদ এর জবাব:
জুন ৪, ২০১১ at ৭:৫৪ অপরাহ্ণ
@shahin,

সে আপনি বুঝবেন না ভাই , মেলা কথা।

পূর্ন ঈমান আনলেই অনেক কিছু বোঝা যায় , কারন তখন আর মনে তেমন কূট প্রশ্ন আসে না। প্রশ্ন আসলেও যা তা বলে মনকে প্রবোধ দেওয়া যায়।

আলোরসন্ধানী এর জবাব:
জুন ৪, ২০১১ at ৩:২৫ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

ওসব নাস্তিকেরা বুঝবে না। বিশ্বাস আনলেই বোঝা যাবে। নাস্তিকেরা আছেই কেবল ত্রুটি বের করে কূট তর্ক বাধাতে।

মওলানা সাহেবদের বয়ান শুনলে বুঝা যায় বিশ্বাসীদের কি অবস্থা।

গন্ডমুর্খের মতো ভূত পেত্নী পূজা করার থেকে ত্রুটি বের করা অনেক ভাল।

 5

নিটোল

জুন ১, ২০১১ সময়: ১১:৫৬ পূর্বাহ্ণ লিঙ্ক

লেখাটি সম্ভবত ফেসবুক নোট হিসেবে লেখা হয়েছিল। ফেসবুকে একবার দেখেছি। ভালো লেগেছে। ওখানে যথেষ্ট আলোচনাও হয়েছে লেখাটি নিয়ে। প্রাসঙ্গিক লেখাটি এখানে দেখেও ভালো লাগল। লিখতে থাকুন। মুক্তমনায় স্বাগতম।

শুভজিৎ ভৌমিক এর জবাব:
জুন ১, ২০১১ at ১১:২৮ অপরাহ্ণ
@নিটোল,

ধন্যবাদ আপনাকে।

 6

ফারুক

জুন ১, ২০১১ সময়: ৫:৫৭ অপরাহ্ণ লিঙ্ক

নাস্তিক্য কি একটা ফ্যাশন ?

নির্ভর করে কে কিভাবে নিজেকে ও অন্যকে মূল্যায়ন করে। সমস্যাটা মনে হয় সংখ্যাগরিষ্ঠ ও সংখ্যালঘু মানসিক দ্বন্দের মাঝেই সীমাব্দ্ধ। নাস্তিক আস্তিক প্রশ্ন এখানে অবান্তর। মেইনস্ট্রীম বিশ্বাসের বাইরে যেয়ে ভিন্ন যে কোন বিশ্বাস বা অবিশ্বাস পোষণকারীকেই আপনার পোস্টে বর্ণীত সমস্যার মুখোমুখি হওয়া লাগে।

শুভজিৎ ভৌমিক এর জবাব:
জুন ১, ২০১১ at ১০:৪৬ অপরাহ্ণ
@ফারুক,

মেইনস্ট্রিম বিশ্বাস কী বস্তু ?

ফারুক এর জবাব:
জুন ২, ২০১১ at ১:৫০ পূর্বাহ্ণ
@শুভজিৎ ভৌমিক,কোন জনপদের বেশির ভাগ মানুষ যে ধর্মে/অধর্মে বিশ্বাস করে , তাকেই মেইনস্ট্রিম বিশ্বাস বলে। বাংলাদেশে এটা সুন্নি ইসলাম , ভারতে হিন্দু আর স্টালিনের সোভিয়েট রাশিয়ায় নাস্তিক্যবাদ।

আদিল মাহমুদ এর জবাব:
জুন ২, ২০১১ at ২:৫৫ পূর্বাহ্ণ
@ফারুক,

সেটা না হয় বোঝা গেল।

এবার বলেন তো সব “মেনষ্ট্রিম” সমাজে কি সমস্যার মুখোমুখি হতেই হয় , বা অন্তত ধর্ম বিশ্বাস ভেদে এর মাত্রা কেন ওঠা নামা করে?

ফারুক এর জবাব:
জুন ২, ২০১১ at ১০:২৮ অপরাহ্ণ
@আদিল মাহমুদ, হ্যা , সব “মেনষ্ট্রিম” সমাজেই **কম বেশি** সমস্যার মুখোমুখি হতে হয়। সমস্যাটা কম নাকি বেশি সেটা ও ব্যাক্তি নির্ভর। কেউ তিলকে তাল করে , আবার কেউ তিলকে উপেক্ষা করে। ধর্ম বিশ্বাস ভেদে এর মাত্রা ওঠা নামা করে না। মাত্রা ওঠা নামা করে সমাজ কতটা শিক্ষিত , তার উপরে। গত মাসে নাইজিরিয়ায় প্রেসিডেন্ট নির্বাচন পরবর্তি সহিংসতার দিকে খেয়াল করুন। যেখানে মুসলমান সংখ্যাগরিষ্ট সেখানে খৃষ্টানরা নিগৃহিত হয়েছে (খুন , ধর্ষন , বাড়ি পোড়ানো) , আর যেখানে খৃষ্টানরা সংখ্যাগরিষ্ট সেখানে মুসলমানরা নিগৃহিত হয়েছে (খুন , ধর্ষন , বাড়ি পোড়ানো)। মাত্রা ধর্মভেদে একি।

আদিল মাহমুদ এর জবাব:
জুন ২, ২০১১ at ১১:০২ অপরাহ্ণ
@ফারুক,

দুনিয়ায় তো নাইজেরিয়া বাংলাদেশ ছাড়াও আরো বহু যায়গা আছে, নাকি?

ধর্মীয় ভিত্তিতে দেখা হলে কোন অঞ্চলের লোকের মাঝে অসহিষ্ণুতার পরিমান বেশী বলে মনে করেন, এবং তার কারনটা কি?

ফারুক এর জবাব:
জুন ২, ২০১১ at ১১:১৩ অপরাহ্ণ
@আদিল মাহমুদ, সমাজের সার্বিক শিক্ষার লেভেলের সাথে ধর্মীয় অসহিংনুতা ব্যস্ত/বিপরীত আনুপাতিকভাবে জড়িত। এর সাথে বিজ্ঞান শেখার কোন যোগ নেই।

আদিল মাহমুদ এর জবাব:
জুন ৩, ২০১১ at ২:২৮ পূর্বাহ্ণ
@ফারুক,

আপনি যে ধরা দেবেন না সে আমি জানি।

ফারুক এর জবাব:
জুন ৩, ২০১১ at ৩:০৩ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ, আপনার কাছে ধরা দিতে আমার আপত্তি নেই। কী বল্লে আপনার মনঃপুত হবে ও আপনার মনে হবে আমি ধরা দিয়েছি , সেটা লিখে জানান । গ্রস ভুল না হলে স্বীকার করে নেব।

ফারুক এর জবাব:
জুন ৩, ২০১১ at ৩:১৪ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,আপনার কাছে ধরা দিতে আমার আপত্তি নেই। কি বল্লে আপনার মনঃপুত হবে ও আপনার মনে হবে আমি ধরা দিয়েছি , সেটা লিখে জানান। গ্রস ভুল না হলে স্বীকার করে নেব।

আদিল মাহমুদ এর জবাব:
জুন ৩, ২০১১ at ৩:২৮ পূর্বাহ্ণ
@ফারুক,

এটা মনঃপূত হওয়া না হওয়ার বিষয় না , এটা সাহিত্য বা আর্ট কালচার কিছু নয়।

আমি আপনাকে যদি প্রশ্ন করি যে এ পর্যন্ত কোন কোন দেশ চাঁদে মানুষ নামিয়েছে তবে কি আপনি জবাব দেবেন যে যারা মহাকাশ বিদ্যায় উন্নতি করেছে তারাই নামিয়েছে?

নাকি সরাসরি বলবেন যে আমেরিকা রাশিয়া নামিয়েছে?

আপনার প্রতি প্রশ্ন ছিল সরল, যার জবাব হবার কথা কোন একটি ধর্মাবলম্বীদের নামে।

ফারুক এর জবাব:

জুন ৩, ২০১১ at ৪:১০ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ,আপনি যতটা মনে করছেন , আপনার প্রশ্নটি এত সরল নয়। আবারো দেখি আপনার প্রশ্নটি-

ধর্মীয় ভিত্তিতে দেখা হলে কোন অঞ্চলের লোকের মাঝে অসহিষ্মুতার পরিমান বেশী বলে মনে করেন, এবং তার কারনটা কি?

অসহিষ্মুতার পরিমানের মাপকাঠি কী? কত বছর আগে থেকে গণনা শুরু করব? এগুলোর উত্তর না জানলে আপনার সরল(?) প্রশ্নের উত্তর দেয়া তো অসম্ভব। সেকারনেই “যারা মহাকাশ বিদ্যায় উন্নতি করেছে ” এমন উত্তর দিলে সত্যের বরখেলাপ করা হয় না।

বাসার এর জবাব:

জুন ৪, ২০১১ at ১:০০ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,

আপনার প্রতি প্রশ্ন ছিল সরল, যার জবাব হবার কথা কোন একটি ধর্মাবলম্বীদের নামে। কোন একিট ধর্ম কেন হেব? সব ধর্মই এেক্ষত্রে সমান।এছাড়া শিক্ষার ভুমিকাই বা অস্বীকার করেছন কিভাবে? তেব শিক্ষিত লোক চরম সাম্প্রদায়িক হেত পারে। আসেল এটা এত সহেজ বলা সম্ভব নয়।



হোরাস এর জবাব:

জুন ৩, ২০১১ at ২:৪৩ পূর্বাহ্ণ

@ফারুক,

সমাজের সার্বিক শিক্ষার লেভেলের সাথে ধর্মীয় অসহিꦒনুতা ব্যস্ত/বিপরীত আনুপাতিকভাবে জড়িত।

সমাজ নিয়ে পরে কথা বলি, ব্যক্তির শিক্ষা লেভেলের সাথে এটার অনুপাত কেমন। ধরেন , বিন লাদেন, জাকির নায়েক, বিলাল ফিলিপস উচ্চ শিক্ষিত। এরা কেন বই লেখে, ভাষণ দেয় সমকামী কিংবা ইসলাম ত্যাগীদের শাস্তি মৃত্যুদন্ড ? এই অসহিষ্মুতার উৎস কোথায় ?

ফারুক এর জবাব:

জুন ৩, ২০১১ at ৩:৪০ পূর্বাহ্ণ

@হোরাস,

ব্যক্তির শিক্ষা লেভেলের সাথে এটার অনুপাত কেমন।

যদিও আমি সমাজবিজ্ঞানী নই তবুও কমনসেন্স বলে , যখন কোন শিক্ষিত ব্যক্তি ধর্মীয় সহিংসতাকে উষ্কে দেয় , তখন বুঝতে হবে ব্যক্তির মোটিভ বা ব্যক্তি স্বার্থের (অর্থ , ক্ষমতা , নেতা হওয়ার বাসনা…) সাথে এটা আনুপাতিক হারে জড়িত।

ধর্ম বা অধর্মকে এরা হাতিয়ার হিসাবে ব্যাবহার করে। এরা জ্ঞান পাপী। সকল ধর্মে এমনকি নাস্তিকদের মাঝে ও এদের দেখা পাবেন।

আদিল মাহমুদ এর জবাব:

জুন ৩, ২০১১ at ৫:৪৬ অপরাহ্ণ

@ফারুক,

আপনি কূটনীতিবিদ হিসেবে খুব ভাল করতে পারতেন আগেও লক্ষ্য করেছি জানি না আপনার পেশা কি।

ফারুক এর জবাব:

জুন ৩, ২০১১ at ৬:০৪ অপরাহ্ণ

@আদিল মাহমুদ, হেঃ হেঃ আমি কূটনীতিবিদ না বা আমার ১৪ পুরুষে ও কেউ কূটনীতিবিদ ছিল না। আমারে কূটনীতিবিদ কইলে কূটনীতিবিদরা মাইন্ড খাইব।

আলোরসন্ধানী এর জবাব:

জুন ৪, ২০১১ at ৩:৩৩ অপরাহ্ণ

@আদিল মাহমুদ, আপনার মনে হয় এতগুলো মানুষের সামনে বাঁদর নাচ দেখতে ভাললাগে , দেখান আমরাও দেখি, মাঝে মাঝে এন্টারটেইনমেন্টের দরকার আছে।

7

প্রত্যয়

জুন ১, ২০১১ সময়: ৭:৪৪ অপরাহ্ন লিঙ্ক

নাস্তিক্য নিয়ে ধর্মবিশ্বাসীদের আক্রমন করা নিয়ে এই লেখাটি খুব -ই চমৎকার হয়েছে। ধন্যবাদ

শুভজিৎ ভৌমিক এর জবাব:
জুন ১, ২০১১ at ১০:৪৭ অপরাহ্ন
@প্রত্যয়,

নাস্তিক্য নিয়ে ধর্মবিশ্বাসীদের আক্রমন করা নিয়ে এই লেখাটি নিয়ে আপনার মন্তব্য খুব -ই চমৎকার হয়েছে। ধন্যবাদ।

8

শাফায়েত

জুন ১, ২০১১ সময়: ৭:৪৫ অপরাহ্ন লিঙ্ক

মুক্তমনায় স্বাগতম :)। লেখাটা অনেক ভালো লেগে ছে।

শুভজিৎ ভৌমিক এর জবাব:
জুন ১, ২০১১ at ১০:৪৮ অপরাহ্ণ
@শাফায়েত,

স্বাগতম জানানোর জন্য আপনাকে মাইনাস

 9

বাদল চৌধুরী
জুন ১, ২০১১ সময়: ১০:০১ অপরাহ্ণ লিঙ্ক

অথচ, এই নাস্তিকেরাই যখন ধর্মের সমালোচনা করেন, তখন ধার্মিকেরা চিৎকার করতে থাকেন, “অন্য মতের ওপর শ্রদ্ধা থাকা উচিত।” এই শ্রদ্ধাটা ধার্মিকরা নাস্তিকদের মতের ওপর দেখাচ্ছেন না কেন ?

প্রত্যেক ধর্মের অনুসারীদের শিক্ষা হচ্ছে নিজেদের মত বা ধর্মকে সর্বশ্রেষ্ঠ ভাবা। এই শ্রেষ্ঠত্বের দাবীদাররা কখনো অপরের মতকে শ্রদ্ধা জানাতে পারবে না। সচরাচর যে আচরণগুলোর মুখোমুখি হতে হয়, তা আলোচনায় আনার জন্য ধন্যবাদ জানাচ্ছি। লেখাটি ভাল লেগেছে। মুক্তমনায় আপনাকে স্বাগতম।

শুভজিৎ ভৌমিক এর জবাব:
জুন ১, ২০১১ at ১১:০২ অপরাহ্ণ
@বাদল চৌধুরী,

প্রত্যেক ধর্মের অনুসারীদের শিক্ষা হচ্ছে নিজেদের মত বা ধর্মকে সর্বশ্রেষ্ঠ ভাবা। এই শ্রেষ্ঠত্বের দাবীদাররা কখনো অপরের মতকে শ্রদ্ধা জানাতে পারবে না।

তাহলে ধার্মিকদের এই “পরধর্ম সহিষ্ণুতার” বুলি কপচানোর কারণ কী ? আমার তো মনে হয় এগুলো অনেক বড় বড় ধাপ্পাবাজি। মুখে যে ধার্মিক যাই বলুক না কেন , মনে মনে তো সে নিজের মতকেই সর্বশ্রেষ্ঠ বলে মনে করে।

নিচের ছবিটা দেখুন, অনেক কিছু পরিষ্কার হয়ে যাবেঃ

আমারব্লগে লেখা একটা পোস্টে নাস্তিকের ধর্মকথা লিখেছিলেনঃ

আমার বা আমাদের যাদের কোন ধর্মের প্রতি শ্রদ্ধাবোধ নেই- ধর্ম প্রবর্তকের প্রতিও শ্রদ্ধাবোধ নেই- ধর্মগ্রন্থের প্রতিও শ্রদ্ধাবোধ নেই; তাদের আলোচনায় সেই শ্রদ্ধাবোধ জোর করে কি আনতেই হবে? কেন? না আনা হলে- সেটা কি বিদ্বেষ বা ঘৃণা বলে বিবেচিত হবে ?

কী মনে হয় আপনার ?

 10

আল্লাচালাইনা

জুন ২, ২০১১ সময়: ১২:৪১ পূর্বাহ্ণ লিঙ্ক

পোস্টটা এখানে দেখে ভালো লাগলো। আমার মন্তব্য আগের মতোই থাকছে। মোচের কারণে ব্র্যান্ডন ফ্লাওয়ারকে স্মার্ট লাগে হাইপথেসাইজ করে কেউ যদি মোচ রাখা শুরু করে নিজেও স্মার্ট হবার জন্য, সেটাতে আমি যেমন কোন আপত্তিকর কিছু খুঁজে পাইনা ; একইভাবে আইনস্টাইন, ফাইনম্যান, ক্রিক, হকিঙ্গ, ডকিন্স প্রমুখেরা (যারা কিনা মানবো ইতিহাসের প্রিটি স্মার্ট ব্যক্তি হিসেবেই সাধারনভাবে বিবেচিত) নাস্তিক বিধায় তাদের দেখাদেখি কেউ যদি মননে নাস্তিকতা লালন করা শুরু করে সেটাতেও কোন সমস্যা দেখি না। আমি ব্যক্তিগতভাবে নাস্তিকতাকে একটি ইন্টেলেকচুয়ালি সুপিরিয়র এবং প্রিটি স্মার্ট অবস্থান বলেই মনে করি। ভবিষ্যতে আমার মনে যদি কখনও এমনকি আস্তিকতার বীজ পুনরায় বাসা বাঁধে বার্ধক্যের কারণে খাঁজা হযরত হয়রানের মতো, আমি হবো রিলুক্টেন্ট নিজেকে আস্তিক

ঘোষণা দেওয়ার ক্ষেত্রে, খুব সম্ভবত in course of this জনমানসে নিজেকে একটি অনস্মার্ট ক্ষেত হিসেবে প্রমানিত করে ফেলার ভয়ে কিংবা লজ্জায়! শুভজিতকে মুক্তমনায় স্বাগতম।

শুভজিৎ ভৌমিক এর জবাব:
জুন ২, ২০১১ at ১২:৫৮ অপরাহ্ণ
@আল্লাচালাইনা,

ধন্যবাদ আপনাকে। আশা করি নিয়মিত লিখবো। আপনি বেশ সময় নিয়ে ফেসবুকে একটা দীর্ঘ মন্তব্য করেছিলেন, সেটা তুলে দিচ্ছিঃ

নাস্তিক্যবাদ একটি ফ্যাশনই যদি হয়ে থাকে, আমার অন্তত কোন সমস্যা নেই তাতে। আমাদের ইতিহাস যারা নিজ হাতে গড়েছে, সেইসকল মানুষদের একটি সিজ্ঞভাগইতো নাস্তিক। শতকরা ৯৫% সায়েন্টিস্ট নাস্তিক, সবচেয়ে সফল অভিনেতা-অভিনেত্রীরা নাস্তিক, সবচেয়ে ভালো কবি-সাহিত্যিকেরা নাস্তিক, সবচেয়ে সফল এক্টিভিস্টরা নাস্তিক, সবচেয়ে সফল ব্যাবসায়ী যেমন- বিল গেইটস, ওয়ারেন বাফেটরা নাস্তিক। উচু আইকিউ এবং নাস্তিকতা সিগনিফিকেন্সসহ স্ট্যাটিস্টিকালি কোরিলেট করে, নাস্তিকতা কোরিলেট করে উঁচু আয় এবং অর্থনৈতিক অবস্থানের সাথে। বেশীদুরে যাওয়া নিস্প্রয়োজন, বাংলা ব্লগস্ফিয়ারেই- যাদের লেখা সবচেয়ে বেশী মানুষ পড়ে , যাদেরকে সবচেয়ে বেশী মানুষ চেনে , যারা সবচেয়ে আলোচিত এবং সবচেয়ে বেশী আলোড়ণ তুলতে সক্ষম - এইরকম সবচেয়ে আলোচিত ব্যক্তিত্বগুলিই কি নাস্তিক নয়? একই চিত্র দেখা যায় সত্যিকারের একাডেমিয়াতেও! জগতের যা কিছু পজিটিভ তার সবকিছুই যদি নাস্তিকতার সাথে এইরকম বন্ধুত্বপুর্ণভাবে কোরিলেট করে চলে , তাহলে নাস্তিকতাকে একটি ফ্যাশন হিসেবে কেউ অনুসরণ করলেই বা সমস্যা কোথায় ? আফটারঅল, উচ্চাকাঙ্কার বশে উঁচু একটি অবস্থানকে অনুসরণ করাইতো ফ্যাশন নাকি ? ফ্যাশন করে মানুষ ভিন্টেইজ ইন্ডিগো ডাইড বুট ফিট ডেনিম পড়ে কেননা সে মনে করে এটা পড়লে তাকে আগের চেয়ে আরও স্মার্ট দেখাবে তাই না? দোষেরতো না কিছু সেটা ?

আস্তিকতা কোন উল্লেখযোগ্য অবদান রাখতে পারেনাই আমাদের সভ্যতার কর্মকান্ডে, বরং রক্ত ঝড়িয়েছে এবং যন্ত্রনাদায়কভাবে পিছে টেনে রেখেছে অগ্রগতিকে। আস্তিকতা সময় পেয়েছে হাজার জাহার বছর, অথচ এই বিশাল সময়ে তারা উপস্থান করতে পারেনাই একটা সিঙ্গেল অভিডেন্সও তাদের অবস্থানের সপক্ষে, বরং বিপক্ষেই এভিডেন্স জমা হয়েছে পাহাড় সমতুল্য। তাদের ফাঁদা প্রস্তরযুগীয় যাদুটোনার গল্প যেমন- ছয় দিনে পৃথিবী সৃষ্টি, পৃথিবীব্যাপ বন্যা, একজোড়া জীব থেকে সম্পুর্ণ জনপুং সৃষ্টি, পিতা দ্বারা পুত্রকে জবাই করানর ধ্যাষ্টামো- এইসব বলাই বাহুল্য একজন নুন্যতম কান্ডজ্ঞানসম্পন্ন মানুষের কাছে হাস্যকর রকম স্থুল ও অগ্রহনযোগ্য এবং যায়গা বিশেষে

অসুস্থ এবং অসুস্থতা উদ্রেককারী। আস্তিক্যবাদকে আমি একটি বুদ্ধিবৃত্তিক নীচুস্তরীয় অবস্থান বলেই মনে করি। আমার অবস্থানও নীচুস্তরে, উপরেতো উঠতে পারিনি এখনও খুব বেশী। তবে পা আমার নীচে হলেও চোখটা কিন্ত অনেক অনেক উপরে, এখন পর্যন্ত না পারলেও ভবিষ্যতে কোন একটা সময় উপরে উঠতে চাই, অনেক অনেক উপরে। তাই একটি ইস্যুতে আমার অ বস্থান রিজোনেট করবে সেইসকল ব্যক্তিদের অবস্থানই, যারা কিনা বুদ্ধিবৃত্তিকভাবে বাস্তবেই অবস্থান করছে আমার চেয়ে উঁচুতে। এইটা যদি ফ্যাশনেবল নাস্তিকতা হয়, then so be it!!!

আদিল মাহমুদ এর জবাব:

জুন ৪, ২০১১ at ৭:৫৮ অপরাহ্ন

@শুভজিৎ ভৌমিক,

শতকরা ৯৫% সায়েন্টিস্ট নাস্তিক

- এর কি কোন তথ্য প্রমান কারো আছে? মানে ৯৫% এর?

 11

বুনো বিড়াল

জুন ২, ২০১১ সময়: ১:১১ পূর্বাহ্ন লিঙ্ক

ফেসবুকে এটা নিয়ে আলোচনা করেছি।এখানেও এসে পড়লাম শুভজিৎ।

ফেসবুকে ধর্ম বিরোধী একটা স্ট্যাটাস দিয়েছিলাম।

god is just a concept by which we can measure our pain

i dont blv in jesusu

i dont blv in mohammod

i dont blv in karma…

i just blv in me…

its d real thing…

john lenn একটি গানের লাইনকে কিছুটা বিক্ররতি করে দেয়া।

এতেই ধার্মিকদের আতে ঘা লেগে গেলো।একজন বলল এভাবে বলা নাকি উচিৎ হয় নি।মুসলমানেরা ক্ষতিগ্রস্থ হতে পারে!!!বলার আগে নাকি আমার ধার্মিকদের কথা ভাবা উচিৎ ছিল।

মানে কি ধার্মিকেরা কি ছোট বাচ্চা যাদের নাক টিপলে দুধ বের হয়। আমার একটি স্ট্যাটাস ওদের

ক্ষতি করবে।ধার্মিকেরা যখন ধর্মের বানী দিয়ে স্ট্যাটাস দেয় তখন নাস্তিকদের কথা মনে করে লেখে!!! আজব!!!যেনো সব সম্মান আস্তিকদের প্রাপ্য।নাস্তিকেরা কদর্য পদের কোনো প্রাণী!

শুভজিৎ ভৌমিক এর জবাব:
জুন ২, ২০১১ at ১:১১ অপরাহ্ণ
@বুনো বিড়াল,

ধরুন গোলাম আজমের কথা, তার অনেক ভক্ত আজকের স্বাধীন বাংলাদেশেই আছে, তাদের অনুভুতিতে আঘাত না দিয়ে তার বিচার চাওয়া কি সম্ভব?

গোলাম আযমের ভক্তের সংখ্যা নিতান্ত নগন্য এবং সরাসরি প্রতিবাদ করার সাহস নাই বলেই এটা নিয়ে তেমন কোনো উচ্চবাচ্য হয় না। ধর্মের ভক্ত সংখ্যা বেশী বলেই কি তার সম্পর্কে সত্য কথাও বলা যাবে না ?

সত্যি সেলুকাস, কী বিচিত্র এই দেশ !!

 12

আ হা মহিউদ্দীন
জুন ২, ২০১১ সময়: ৩:৪৮ পূর্বাহ্ণ লিঙ্ক

মস্তিষ্কের ক্রিয়ার নাম হলো চিন্তা। চিন্তা আবার এক মেরু কেন্দ্রিক হয় না। তার জন্য প্রয়োজন দ্বিতীয় মেরুর।
আস্তিকতা হলো মানব চিন্তার ফসল। আস্তিকতা আবার একক ভাবে থাকতে পাড়ে না। তার জন্য প্রয়োজন বিপরীত ধর্মী চিন্তার। আর এই বিপরীত ধর্মী চিন্তা হলো নাস্তিক্য। তাই আস্তিকতা ও নাস্তিক্য হলো একই দন্ডের বিপরীত দিক।

 13

সংশপ্তক

জুন ৩, ২০১১ সময়: ৪:৫৫ পূর্বাহ্ণ লিঙ্ক

পান চিবাতে চিবাতে ধর্মের পিক ফেলা ধার্মিক মানুষের অভাব নেই বাংলাদেশে। তেমনি অভাব নেই দুই চারটা চটি বই পড়ে হেপাটাইটিস ভাইরাসে সংক্রমিত পানিতে ধোয়া চায়ের কাপে আর্সেনিক মেশানো পানিতে বানানো চায়ে চুমুক দিতে দিতে সদ্য জাতে ওঠা 'নাস্তিকদের যাদের অনেকে আবার নিজেদের নিরশ্বরবাদী 'দার্শনিক' ভাবতে বেশী পছন্দ করেন। ঈশ্বর বাদ দিলে ধার্মিকদের সাথে এদের পার্থক্য অল্পই। এরাও এক ধরনের পরম সত্যে , উদ্দেশ্যে, আধ্যাতিকতায় বিশ্বাস করেন। তথাকথিত 'নৈতিকতা' নিয়ে ধর্মের খুব কাছাকাছি অবস্থান এসব নাস্তিকদের।

কথা হচ্ছে যে , কিছু অস্বীকার করার অর্থই দাড়ায় সেটার পরোক্ষ অস্তিত্ব স্বীকার করে নেয়া , মনস্তত্বিক অস্তিত্ব হলেও।

এই দুই ধারার বাইরে বিজ্ঞানের অবস্থান। প্রকৃত বিজ্ঞানের চর্চাকারীরা এসবে নিজেদের জড়ান না । হাওয়ায় ঝাড়ু দেয়ার চাইতে অনেক গুরত্বপূর্ন কাজ রয়েছে যেগুলো কোটি কোটি মানুষে র জীবনে বস্তুনিষ্ট অর্থ বহন করে । বিজ্ঞান বুঝলে আস্তিক - নাস্তিক এসব নিয়ে ভাবার অবকাশ থাকে না।

বাসার এর জবাব:
জুন ৪, ২০১১ at ১:০৭ অপরাহ্ণ
@সংশপ্তক,
আমার মেন হয়, আল্লাহ আেছ নাকি নেই? এই প্রশ্নর উত্তের আিস্তক বেল আেছ, নাস্তিক বেল নেই। আর আিম বিল জানিনা।

http://mukto-mona.com/bangla_blog/?p=11124

নাস্তিকতা ও বাস্তবতাঃ কিছু বিক্ষিপ্ত ভাবনা

তারিখ: ৩১ আশ্বিন ১৪১৭ (অক্টোবর ১৬, ২০১০)

লিখেছেন: সূর্য

১.

বাঙলাদেশের মত একটা রক্ষণশীল দেশে যেখানে সমাজ একজন ব্যক্তির জীবনে খুব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, সেখানে একজন নাস্তিকের পক্ষে সমাজের বাকি দশ জনের সাথে মিলিয়ে চলা মাঝে মাঝে বেশ কষ্টকরই হয়ে পড়ে। এখানে ভিন্ন মতের প্রতি শ্রদ্ধাবোধ তো নেইই, বরং আছে ভিন্ন মতাবলম্বীদের প্রতি অসহনীয় মানসিক নির্যাতন, কখনো কখনো যা আবার শারীরিক পর্যায় পর্যন্ত চলে যায়! নাস্তিকরা এখনো এখানে প্রকাশ্যে তাদের বিশ্বাসের কথা বলতে পারে না (ব্যতিক্রম আছে বইকি), ঈশ্বরে বিশ্বাস না করা সত্ত্বেও তাদেরকে অনেকসময় ধর্মীয় আচার অনুষ্ঠানে অংশ নিতে হয়। এখানেই একটা বড় প্রশ্নের সম্মুখীন হতে হয় আমাদেরকে, নাস্তিকদের পক্ষে ধর্মীয় আচার অনুষ্ঠানে অংশ নেওয়া কতটা যুক্তিযুক্ত? অথবা, যে নাস্তিক ধর্মীয় আচার অনুষ্ঠানে অংশ নেয়, তাকে কি আমরা আদৌ নাস্তিক বলতে পারি?

সংকীর্ণভাবে চিন্তা করতে গেলে, যেহেতু নাস্তিকতা মানে 'স্রষ্টায় অবিশ্বাস', সেহেতু কোন ব্যক্তি ধর্মীয় কোন অনুষ্ঠানে অংশ
নিলে তত্ত্বগতভাবেই তাকে 'নাস্তিক' বলা ঠিক হবে না। যে ব্যক্তি 'স্রষ্টা'য় অবিশ্বাস করছে, সে আবার কিভাবে সেই
'স্রষ্টা'রই আরাধনা করছে? - এই পরস্পরবিরোধীতার কারণেই আমাদের সমাজের গুটিকয়েক নাস্তিকদের এক বিশাল
অংশকেই আর 'নাস্তিক' বলা যাবে না।
কিন্তু, বাস্তবতাকে বিবেচনায় নিলে ব্যাপারটা একটু অন্যরকম হয়ে যায়। আমি একটা ব্যক্তিগত উদাহরণ দিয়ে ব্যাপারটা
পরিষ্কার করছি।
দুই বছর আগের কথা। তখন আমি পুরোদস্তুর নাস্তিক। আমার পরিবারের অন্যান্য সদস্যদেরও ব্যাপারটা জানা
হয়ে গিয়েছে। কিন্তু তারপরও তারা (বিশেষ করে আমার মা) ধর্মীয় অনুষ্ঠানগুলোতে অংশ নিতে পীড়াপীড়ি করত।
আমি স্বভাবতই রাজি হতাম না, কিন্তু রাজি না হওয়ার মানে হচ্ছে একপ্রকার লঙ্কাকান্ড হয়ে যাওয়া (এ প্রসঙ্গে বলে রাখি,
আমার পরিবার বেশ রক্ষণশীল)! তাই কখনো তাদের রোষানল থেকে বাঁচার জন্য, কখনো বা তাদের মনে কষ্ট না দেওয়ার
জন্য, ধর্মীয় অনুষ্ঠানে প্রায়ই অংশ নিতাম। তত্ত্বগতভাবে, তখন আমি নাস্তিক ছিলাম না!

আমি কিন্তু মনে করি তখনও আমি নাস্তিকই ছিলাম। নাস্তিকতা বলতে আমি বিশ্বাসগত ব্যাপারটাকেই (স্রষ্টায় অবিশ্বাস) বুঝি, আচরণগত ব্যাপারটাকে আমার কাছে গৌণই মনে হয়। একজন ব্যক্তিকে, আমার মতে, আমরা তখনই 'নাস্তিক' বলব যখন তার মধ্যে 'স্রষ্টায় বিশ্বাস' ব্যাপারটা অনুপস্থিত থাকবে; সে যদি পাঁচ ওয়াক্ত নামাজ পড়ে বা দুবেলা পূজা -আহ্নিক করে তারপরও সে বিশ্বাসী হয়ে যাবে না!

এখন প্রশ্ন উঠতে পারে, তাহলে একজন বিশ্বাসীর সাথে একজন নাস্তিকের পার্থক্য আর থাকল কোথায়? পার্থক্য আছে ঠিকই,
তবে এই পার্থক্য তাদের আচরণে নয়, পার্থক্য তাদের আচরণের পেছনের কারণে। একজন বিশ্বাসী নামাজ পড়ে কারণ সে
বিশ্বাসকরে নামাজ পড়লে তার জান্নাতপ্রাপ্তির সম্ভাবনা বর্ধিত হবে; অন্যদিকে একজন নাস্তিক কখনোই জান্নাতপ্রাপ্তির সম্ভাবনায়
নামাজ পড়বে না, তার কারণটা হবে সামাজিক।
২.
এখন, একজন নাস্তিকের পক্ষে নামাজ পড়া অথবা পূজা দেওয়া কতটুকু যৌক্তিক- এই প্রশ্নের উত্তর খোঁজার জন্য আমাদের আলোচনাকে একটু ভিন্নদিকে সরিয়ে নিতে হবে। এখনও পর্যন্ত অন্তত বাঙলাদেশের নাস্তিকরা সমাজের চাপের কাছে নতি স্বীকার করে আসছে, তাদের বেশির ভাগই নিতান্ত অনিচ্ছাসত্ত্বে হলেও ধর্মীয় কার্যকলাপে অংশ নিচ্ছে।এটা কিন্তু মোটের উপর নাস্তিকদের অবস্থার উন্নতি করছে না, বরং তাদেরকে আরো দীর্ঘকালের জন্য পর্দার আড়ালে রেখে দিতেই সাহায্য করছে। আমি ব্যক্তিগতভাবে মনে করি, নাস্তিকদের উচিত ধর্মীয় আচার-অনুষ্ঠানগুলো পুরোপুরি বর্জন করা , সমাজের রক্তচক্ষু উপেক্ষা করে হলেও। যেকোন নতুন ধারণা সমাজে প্রতিষ্ঠিত হতে প্রচুর সময় নেয় , কিন্তু সেই নতুন ধারণার ধারকেরাই যদি 'সামাজিক' হয়ে ওঠে, তাহলে সেই ধারণা অন্তত নিকট ভবিষ্যতে প্রতিষ্ঠা হওয়ার সম্ভাবনা হারায়। ধর্মীয় অনুষ্ঠানগুলো বর্জন করার পাশাপাশি আমাদের উচিত নিজেদের মধ্যে বন্ধন সুদৃঢ় করা, যাতে আমরা পুরোপুরি 'অসামাজিক' না হয়ে উঠি!
তাহলে কি আমরা ঈদ বা পূজার মত সার্ব্বজনীন হয়ে ওঠা উৎসবগুলোকেও পুরোপুরি বর্জন করব ?
এখানে আবার আমি একটু দ্বিমত পোষণ করি। ঈদ -উল-ফিতর কিংবা শারদীয় দুর্গোৎসবকে আমি শুধু ধর্মীয় নয়, বরং সাংস্কৃতিক উৎসব হিসেবেও দেখি। ছোটবেলা থেকেই এই দুটো উৎসবেই আমি ইচ্ছেমত মজা করে এসেছি, আমি চাইনা আমি আমার আদর্শের জন্য এইসব মজা থেকে বঞ্চিত হই!

আমার বক্তব্যগুলোকে পরস্পরবিরোধী বলে মনে হতে পারে। ব্যাপারটা পরিষ্কার করছি।

আমি ধর্মীয় আচার অনুষ্ঠানের (rituals) বিরোধিতা করলেও অসাম্প্রদায়িক বৈশিষ্ট্যের অধিকারী ধর্মীয় উৎসবের (festivals) বিপক্ষে নই। পহেলা বৈশাখ একসময় পুরোপুরি ধর্মীয় একটা ব্যাপার ছিল , কিন্তু কালের বিবর্তনে এখন এর সামাজিক এবং সাংস্কৃতিক ব্যাপারটাই মুখ্য হয়ে উঠেছে। আমরা দুই দিনে সবাইকে অবিশ্বাসী করে ফেলতে পারব না, কিন্তু চেষ্টা করলে যেকোন মানুষ কিছুদিনের মধ্যেই অসাম্প্রদায়িক হয়ে উঠতে পারে। অসাম্প্রদায়িকতা একসময় মানুষকে অবিশ্বাসের দিকেই নিয়ে যাবে ,

আর আমি মনে করি ঈদ-উল-ফিতর বা শারদীয় দুর্গোৎসবের মত উৎসবগুলো আমাদেরকে জাতিহিসেবে ক্রমশঃ অসাম্প্রদায়িকতার পথেই নিয়ে যাচ্ছে।

পরিশেষঃ
তবে, সব কথার শেষ কথা, নাস্তিকরা স্বাধীন। প্রত্যেক নাস্তিক, আমার বিশ্বাস, স্বাধীনভাবে চিন্তা করতে পারে; তাই
নাস্তিকদেরকে কোন বাঁধা গন্ডির মধ্যে আটকে ফেলা যাবে না। আমরা বড়জোর বলতে পারি, নাস্তিকদের এটা করা
উচিত কিংবা ওটা করা উচিত না; কিন্তু কখনোই 'তুমি নামাজ পড়, তুমি তো নাস্তিক নও'- এরকম কিছু বলতে পারি
না। নাস্তিক হতে হলে অন্য কোন যোগ্যতাই লাগে না, কেবল ঈশ্বরে অবিশ্বাসী হলেই চলে।
(এই লেখাটার অনুপ্রেরণাটা এসেছে ফেইসবুকে "অ্যাথিয়েস্ট বাঙলাদেশ" গ্রুপে অন্যান্য কিছু নাস্তিকদের সাথে আলোচনার
ফলস্বরূপ।)
(অক্টোবর ষোল, ২০১০)

কমেন্ট

1

মোঃ জানে আলম

অক্টোবর ১৬, ২০১০ সময়: ১:৪৭ অপরাহ্ন লিঙ্ক

ধর্ম কেবল বিশ্বাসের ব্যাপার নয়,ধর্মীয় বিশ্বাসকে ধর্মীয় আচরণ দিয়ে সমর্থন করতে হয়। নাস্তিকতা প্রমাণে কোন আচরণ লাগেনা। ঈশ্বরে যারা বিশ্বাস করেনা তারাই নাস্তিক। তাই কেবল ধর্মীয় আচরণ করলে যেমন কেউ ধার্মিক হয়না, তেমনি ধর্মীয় আচরণ না করলে তাকে নাস্তিক বলা যায়না।সমাজে ধর্মীয় আচরণ করেনা এমন ধার্মিকের সংখ্যা এখনো অঢেল। দীর্ঘ দিন চলতে চলতে ধর্মীয় আচরণ সংস্কৃতিতে রূপান্তরিত হয়ে গেছে। তা পালন করে সমাজের সবার সাথে নির্মল আনন্দ পেতে কোন ক্ষতি নেই।

*সূর্য*এর জবাব:
অক্টোবর ১৬, ২০১০ at ২:০৩ অপরাহ্ন
@মোঃ জানে আলম,

একমত।

 2

সংশপ্তক

অক্টোবর ১৬, ২০১০ সময়: ১:৫৫ অপরাহ্ন লিঙ্ক

উপসংহারে লিখলেন ,”নাস্তিক হতে হলে অন্য কোন যোগ্যতাই লাগে না, কেবল ঈশ্বরে অবিশ্বাসী হলেই চলে।” তার আগে লিখেছেন , “নাস্তিকরা স্বাধীন। প্রত্যেক নাস্তিক, আমার বিশ্বাস, স্বাধীনভাবে চিন্তা করতে পারে।”
এখন স্বাধীন হওয়া এবং স্বাধীনভাবে চিন্তা করতে পারাটা কি তাহলে আপনার দৃষ্টিতে নাস্তিক হওয়ার ক্ষেত্রে যোগ্যতা হিসেবে বিবেচিত নয় ? আর কোন কিছু বিশ্বাস বা অবিশ্বাস করতে তো জ্ঞানের প্রয়োজন হয় না। একজন মূর্খ ব্যক্তিও তো যে কোন কিছু বিশ্বাস বা অবিশ্বাস করতে পারে। কোন কিছু জানা এবং বিশ্বাস করার মধ্যে নিশ্চয়ই পার্থক্য আছে ।
নাস্তিক একটা সংস্কৃত শব্দ যার অর্থ বেদে বিশ্বাস না করা। জৈন এবং বৌদ্ধ ধর্মের অনুসারীরা সেই অর্থে নাস্তিক বা হেটেরোডক্স (heterodox) । আস্তিক বা অর্থোডক্স (orthodox) অর্থ বেদে বিশ্বাস করা। ঐতিহাসিকভাবেই আস্তিক বা নাস্তিক হওয়ার সাথে স্বাধীন হওয়া এবং স্বাধীনভাবে চিন্তা করতে পারার কোন সরাসরি সম্পর্ক নেই। স্বাধীনভাবে চিন্তা করতে হলে আস্তিক বা নাস্তিকের বদ্ধ গন্ডী থেকে মুক্ত হয়ে পৃথকভাবে স্বাধীন চিন্তার চর্চা করতে হবে যার জন্য জ্ঞান প্রয়োজন। শুধুমাত্র বিশ্বাস বা অবিশ্বাস যথেষ্ট নয়।



সূর্য এর জবাব:
অক্টোবর ১৬, ২০১০ at ২:১১ অপরাহ্ন
@সংশপ্তক,

//প্রত্যেক নাস্তিক, আমার বিশ্বাস, স্বাধীনভাবে চিন্তা করতে পারে।//

কথাটাতে একটু অসম্পূর্ণতা রয়ে গিয়েছে। ‘প্রত্যেক’ এর পরিবর্তে ‘বেশির ভাগ’ ব্যবহার করা দরকার ছিল। স্বাধীনভাবে চিন্তা করতে পারা অবশ্যই আস্তিকতা-নাস্তিকতার উপর নির্ভর করে না, তবে

নাস্তিকেরা সাধারণতঃ স্বাধীনভাবে চিন্তা করার ফলস্বরূপই নাস্তিকে পরিণত হন। প্রাচীন ভারতের দার্শনিকরা যারা স্বাধীনভাবে চিন্তা করেছেন (বেদের গন্ডি থেকে বের হয়ে) তারা বেশির ভাগই কিন্তু নাস্তিক (ঈশ্বরে অবিশ্বাসী অর্থে) ছিলেন। তারপরও এটা মানছি যে স্বাধীনভাবে চিন্তা করার সাথে ঈশ্বরে অবিশ্বাসের সরাসরি কোন সম্পর্ক নেই।

ধন্যবাদ ভুল সংশোধন করার সুযোগ দেওয়ার জন্য।

 3

বিপ্লব পাল

অক্টোবর ১৬, ২০১০ সময়: ৭:০৭ অপরাহ্ণ লিঙ্ক

ধুস। এত ভাবেন কেন? আমি কালী মন্দিরে কাল মহাষ্ঠমীতে যোগ দিয়ে আসলাম। হাজার দুই লোক ছিল। এত লোকের আনন্দের মধ্যে সামিল না হওয়াটা আরেক ধরনের নাস্তিক মৌলবাদ হত। তবে আমি পূজো দিতে বা প্রনাম করতে অবশ্যই যায় না - সবার সাথে দেখা হওয়া, আড্ডা- এক সাথে খাওয়া দাওয়া এগুলো দরকার আছে।

কোন দিদিমা বা বৌদি যদি প্রসাদ দিতে আসে-আমি বলবো আমি নাস্তিক, তাই প্রসাদ খাই না? সেটাত আরেক ধরনের ছেলে মানুষি হবে যা ক্লাস ফাইভ সিক্সে করেছি।

রাষ্ট্র এবং তার উৎপাদনশীলতা-অথবা মানবতা বিরোধি কাজ না করলে ধর্ম বা ধার্মিকদের ধর্মানুভূতিতে অহেতুক আঘাত করার কোন কারন নেই।

নিটোল এর জবাব:

অক্টোবর ১৬, ২০১০ at ৮:৩৭ অপরাহ্ণ

@বিপ্লব পাল,

আমি কালী মন্দিরে কাল মহাষ্ঠমীতে যোগ দিয়ে আসলাম। হাজার দুই লোক ছিল। এত লোকের আনন্দের মধ্যে সামিল না হওয়াটা আরেক ধরনের নাস্তিক মৌলবাদ হত। তবে আমি পূজো দিতে বা প্রনাম করতে অবশ্যই যায় না- সবার সাথে দেখা হওয়া, আড্ডা- এক সাথে খাওয়া দাওয়া এগুলো দরকার আছে।

একমত। ঠিক এমনই কিছু আমি গত ঈদে আমার এক আস্তিক বন্ধুকে বোঝাতে ব্যর্থ হয়েছি। তার একটাই কথা- আমি যদি নাস্তিক হয়ে থাকি তাহলে আমি ওদের সাথে ঈদ উদযাপন কেনো করছি। আমি তাকে এটা বোঝাতে ব্যর্থ হয়েছি যে, আমি ঈদকে সামাজিক উৎসব/ মিলনমেলা হিসেবে দেখছি; ধর্মীয় আচার হিসেবে নয়।

আকাশ মালিক এর জবাব:

অক্টোবর ১৬, ২০১০ at ৯:২৬ অপরাহ্ণ

@নিটোল,

ঈদকে সামাজিক উৎসব/ মিলনমেলা হিসেবে দেখছি; ধর্মীয় আচার হিসেবে নয়।

খৃষ্টধর্ম থেকে ইসলামের জন্মে যত বৎসরের ব্যবধান , তত বৎসর (৬১০ বৎসর) পরে বেশিরভাগ মুসলমানেরা ঈদকে সামাজিক উৎসব/ মিলনমেলা হিসেবে দেখবে ; ধর্মীয় আচার হিসেবে নয়।



সূর্য এর জবাব:

অক্টোবর ১৬, ২০১০ at ১০:৫৫ অপরাহ্ণ

@আকাশ মালিক,

খৃষ্টধর্ম থেকে ইসলামের জন্মে যত বৎসরের ব্যবধান , তত বৎসর (৬১০ বৎসর) পরে বেশিরভাগ মুসলমানেরা ঈদকে সামাজিক উৎসব/ মিলনমেলা হিসেবে দেখবে ; ধর্মীয় আচার হিসেবে নয়

শর্ত প্রযোজ্যঃ তত দিনে যদি ধর্ম জিনিসটা টিকে থাকে 😀 😀



ব্রাইট স্মাইল্ এর জবাব:

অক্টোবর ১৬, ২০১০ at ১০:০৭ অপরাহ্ণ

@বিপ্লব পাল,

ধুস। এত ভাবেন কেন? আমি কালী মন্দিরে কাল মহাষ্ঠমীতে যোগ দিয়ে আসলাম। হাজার দুই লোক ছিল। এত লোকের আনন্দের মধ্যে সামিল না হওয়াটা আরেক ধরনের নাস্তিক মৌলবাদ হত। তবে

আমি পূজো দিতে বা প্রনাম করতে অবশ্যই যায় না - সবার সাথে দেখা হওয়া, আড্ডা- এক সাথে খাওয়া দাওয়া এগুলো দরকার আছে।

হ্যা জীবনটাকে নির্ঝঞ্ঝাট করে আরামে আয়েশে কাটিয়ে দেবার জন্য এই সবের অবশ্যই দরকার আছে যা আমরা প্রায় সবাই প্রতিনিয়ত করে যাচ্ছি। কিন্তু আবার এটাও ঠিক যে পৃথিবীতে কিছু লোক এই আরামকে পরিত্যাগ করে সমাজের জন্য বৃহত্তর ত্যাগ স্বীকার করেছে বিধায় পৃথিবীটা আজও বসবাস যোগ্য হয়ে আছে।

বিপ্লব পাল এর জবাব:
অক্টোবর ১৭, ২০১০ at ১২:৫৮ পূর্বাহ্ণ
@ব্রাইট স্মাইল্,

কিন্তু আবার এটাও ঠিক যে পৃথিবীতে কিছু লোক এই আরামকে পরিত্যাগ করে সমাজের জন্য বৃহত্তর ত্যাগ স্বীকার করেছে বিধায় পৃথিবীটা আজও বসবাস যোগ্য হয়ে আছে।

পৃথিবী বসবাসযোগ্যতর হয়েছে প্রযুক্তির উদ্ভাবনে। উ ন্নত মানবিক আইন ও এসেছে উন্নত প্রযুক্তির হাত ধরে-শিল্প বিপ্লব না হলে আধুনিক সমাজ আইন কিছুই আসত না। চার্চের ডানা ছাটার পেছনেও শিপ্ল বিপ্লব। এর সাথে আস্তিকতা নাস্তিকতার কি সম্পর্ক?



সূর্য এর জবাব:
অক্টোবর ১৬, ২০১০ at ১০:৫৩ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

// এত লোকের আনন্দের মধ্যে সামিল না হওয়াটা আরেক ধরনের নাস্তিক মৌলবাদ হত।//

এ ধরণের কিছু নাস্তিক মৌলবাদী আসলেই আছে। তাদের মতে , নাস্তিকদের কোন ধরণের ধর্মীয় উৎসবে যোগ দেওয়া উচিত না! তারা সম্ভবতঃ নাস্তিকতার মূল স্পিরিটটাই ধরতে পারে নাই , যেটা হচ্ছে ‘ধর্মীয় গোড়ামি’ থেকে স্বাধীনতা।

 4

আদিল মাহমুদ

অক্টোবর ১৬, ২০১০ সময়: ৯:৩০ অপরাহ্ণ লিঙ্ক

সমাজে চলতে গেলে ভাল লাগুক আর না লাগুক অনেক কিছুই পালন করতে হয়। বিশেষ করে যা পালন না করলে বৃথা ঝামেলা বাড়ে গোয়ার্তুমি দেখিয়ে তা পালন করে ঝামেলা এড়ানোই বুদ্ধিমানের কাজ।

ঈদ, পূজা, ক্রিসমাস এগুলি ধর্মীয় সূত্রের উতসব হলেও এগুলি এখন সার্বজনীন উতসব হয়ে গেছে। এসব আনন্দে শরিক না হওয়টা বড় ধরনের বোকামির লক্ষন। এসব আনন্দে যোগ দেওয়া মানেই সেসব ধর্মে বিশ্বাসী হতে হবে এমন কোন কথা নেই। উতসবের একটা আমেজ থাকে যা পারিপার্শ্বিক পরিবেশ থেকে আসে। যে সমাজে যে ধর্ম সংখ্যাগুরু সে সমাযে সেই ধর্মের উতসব প্রাধান্য বিস্তার করবে এটাই স্বাভাবিক। তার মানেই এই না যে অন্য ধর্মের লোকেরা সেই আনন্দের ভাগ পাবে না। ভারতে পূজো নবরাত্রির উতসব মুখর পরিবেশ নিশ্চয়ই মুসলমান বা খৃষ্টান এরাও উপভোগ করে। তেমনি বাংলাদেশের ঈদের আমেজ হিন্দুরাও উপভোগ পায়। এর মানে কি সেই ধর্মে বিশ্বাসী হয়ে যাওয়া নাকি? নাস্তিকেরাই বা তাহলে বাদ থাকবে কেন? এই আনন্দ কেউ পায় না দাবী করাটা স্বাভাবিক নয়।

তবে টিপিক্যাল আস্তিক নাস্তিক বিতর্কে আস্তিকেরা একসময় নাস্তিকদের উদ্দেশ্যে এই প্রশ্ন ছুড়ে দেন। ধর্ম এত খারাপ লাগলে ঈদ কেন পালন কর? হুমায়ুন আজাদেরও নামাজে জানাজা পড়া হয়েছিল এসব টেনে আনেন।


*সূর্য*এর জবাব:
অক্টোবর ১৬, ২০১০ at ১১:০৬ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

সমাজে চলতে গেলে ভাল লাগুক আর না লাগুক অনেক কিছুই পালন করতে হয়।

তা তো আছেই, এর চেয়ে বড় কথা হচ্ছে আমার যেটা করার ইচ্ছে করবে আমি সেটাই করব, এখানে ধার্মিকরা কথা বলার কে?

 5

আনোয়ার রানা

অক্টোবর ১৬, ২০১০ সময়: ১০:৫৮ অপরাহ্ণলিঙ্ক

এইবার দেশে সকাল সকাল বকা খেয়ে ঈদ এর নামাজ পড়তে যাওয়ার কথা মনে পরে গেল। খেলার মাঠে সস্তা চটে সিজদা দিয়ে ৩ দিন কপালে দাগ নিয়ে ঘুরলাম আর সবার টিটকারি শুনলাম । ।নাস্তিক হওয়ার কারনে নাকি এমন হলো আমার সাথে।
তবে সকাল সকাল সবার সাথে সুন্দর একটা সময় কাটানোর লোভ আটকাতে পারিনি।অন্য কিছু না। লেখাটি ভাল হয়েছে।খুব মনোকষ্ট নিয়ে লিখলেন ।ধন্যবাদ।



*সূর্য*এর জবাব:
অক্টোবর ১৬, ২০১০ at ১১:১১ অপরাহ্ণ
@আনোয়ার রানা,

আপনাকেও ধন্যবাদ সস্তা চটে সেজদার অভিজ্ঞতা শেয়ার করার জন্য

 6

রাজেশ তালুকদার

অক্টোবর ১৭, ২০১০ সময়: ৭:০২ পূর্বাহ্ণলিঙ্ক

প্রতিটি ধর্মীয় উৎসব সূচনার পেছনে অবশ্যই কোন না কোন ধর্মীয় সংকীর্নতা বোধ কাজ করেছিল সে সময়, কিন্তু বর্তমানে কিছু কিছু ধর্মীয় অনুষ্ঠান সার্বজনীন উৎসবের রূপ লাভ করেছে ধর্মীয় সংখ্যাধিক্যের প্রচার প্রসারের ভিত্তিতে। সংখ্যাধিক্য কথাটা এই জন্য বললাম কেননা বৌদ্ধদের বৈশাখী পূর্ণিমা বা খ্রীষ্টানদের বড়দিন আমার মনে হয় ঈদ বা দূর্গা পূজার মত মোটেই সার্বজনীন রূপ লাভ

করতে পারে নি এখনো আমাদের দেশে। এক জন ধার্মিকের উৎসব পালনের আনন্দ আর এক জন নিধার্মিকের উৎসব পালনের আনন্দে সামিল হওয়ার মধ্যে মূলত কোন পার্থক্য নেই। আনন্দ এখানে দু"জনের কাছেই সমান তবে পার্থক্য চেতনা গত।এক জন ধার্মিক ধর্মীয় উৎসবের আয়োজন করে সম্পূর্ণ ধর্মীয় মূল্যবোধ সুরক্ষায় থেকে আর নিধার্মিক সেখানে সামিল হয় সামাজিক মূল্যবোধ সুরক্ষায়।



*সূর্য*এর জবাব:
অক্টোবর ১৭, ২০১০ at ৯:৩৪ পূর্বাহ্ণ
@রাজেশ তালুকদার,

আনন্দ এখানে দু"জনের কাছেই সমান তবে পার্থক্য চেতনা গত।

এটাই আসল ব্যাপার।

 7

Russell
অক্টোবর ১৭, ২০১০ সময়: ৯:১৩ পূর্বাহ্ণলিঙ্ক

আজকে একজন কোথায় যেন লিখেছিলেনঃ

"ধর্ম হোক যার যার, উৎসব হোক সবার।"

এই "অনুষ্ঠান" ধর্মের একটি বহিরাবরন মাত্র। এই অনুষ্ঠান থাকা অবশ্যই প্রয়োজন। ধর্ম গুরুরা সত্যকে সাগর মনে করেন, আর সর্ব সাধারনের জন্য সেই সাগর থেকে একটি অনুষ্ঠানের বিন্দু সর্বসাধারনের জন্য দিয়ে দেন পালন করিবার জন্য। এই অনুষ্ঠান থেকেই যুগে যুগে দুই একজন সেই সত্যের ঘ্রানে ছুটে যান। অনুষ্ঠানকে যারা আসল ধর্ম মনে করেন তারা বোকা।
এই সকল আস্তিক থেকে নাস্তিক থাকাটাই ভাল। অত্যন্ত এই অনুষ্ঠান (নামাজ , রোজা, হজ্ব, যাকাত, পুজো, উপোস ইত্যাদি) এর দোহাই দিয়েত আর মানুষকে মানুষ থেকে ভাগাভাগি করেনা , হত্যা করেনা, ঘৃনা করে।

যাইহোক তবে নাস্তিক হতে সাধনার প্রয়োজন আছে, আস্তিক হতে সেই সাধনার দরকার হয়না বলে মনে হয়। শুধু মগজে ঘিলু থাকলেই আস্তিক হওয়া যায় , অনুষ্ঠান পালন করতে জ্ঞানের দরকার হয়না। তবে অনেকেই আছে যারা আজকাল দেখা যায় নিজেকে নাস্তিক বলতে খুব পছন্দ করেন , কিছু না বুঝেই, বা যুগের সাথে তাল মিলাতে অনেক সময় নিজেকে নাস্তিক বলতে খুব পছন্দ করেন , এবং বলেও বেড়ান ...তাদের জন্যেও হাসি পায়, সাথে দুঃখও হয়।

লেখাটার ভিতর আপনাকে অনেক দ্বিধায় পড়তে দেখা গেছে। যাইহোক ভাল থাকবেন

ধন্যবাদ

8

সূর্য

অক্টোবর ১৭, ২০১০ সময়: ৯:৩২ পূর্বাহ্ণ লিঙ্ক

লেখাটার ভিতর আপনাকে অনেক দ্বিধায় পড়তে দেখা গেছে।

সম্ভবতঃ আমি আস্তিক হয়ে যাব

যাই হোক, কোন জায়গাগুলোতে দ্বিধান্বিত লেগেছে তা যদি একটু বলতেন ?

9

আতিক রাঢ়ী

অক্টোবর ১৭, ২০১০ সময়: ১:১৮ অপরাহ্ণ লিঙ্ক

এইটা অনেক জটিল ব্যপার। প্রথম প্রথম নাস্তিক হবার পরে, কেউ পাত্তা দিত না। নামাজ বা ঈদ উৎসব এসব পালন করার জন্য জোরাজুরি করত। ভাবত , এসব পাগলামি, আস্তে আস্তে ঠিক হয়ে যাবে। ঈদে বন্ধুরা নতুন পাঞ্জাবি পড়তো আর আমি পুরাতন জামা পড়ে ঘুরতাম। মনে আছে , নিজেকে কেমন জানি বেকুব বেকুব লাগতো। এখন সবার সাথে মিশে যাই , কি ঈদে, কি পূজোয়, ভালই লাগে, হবার হাসি হাসি মুখ দেখতে ভালতো লাগারই কথা।

তবে, মোহাম্মদ বা গৌতম এর কথা ধরুন, মোহাম্মদ যখন থেকে নিরাকার স্রষ্টায় বিশ্বাসী হয়ে উঠলো তার পর থেকে সে বা তার অনুসারীরা আর প্রতিমার সামনে মাথা নত করেনি। গৌতমও তাই। তারা অনুসারী ত্রৈরী করেছে, ভিন্ন সমপ্রদায় গড়েছে। আমরা যদি অনুরূপ নাস্তিক সম্প্রদায় গড়তে চাই তবে এসব ধর্মীয় আচার থেকে দুরে থাকতে হবে। তানা হলে অনুসারী ত্রৈরী হবে না।

আমার চারপাশে অনেক ক্ষুদে নাস্তিক ত্রৈরী হয়েছে। আমি তাদের আদর্শ। আ মাদের সময় খারাপ যায় না। আমরা নামাজ পড়ি না, কিন্ত ভাল প্রটিনের প্রস্তাব প্রত্যাক্ষানো করি না। মানে কেউ আল্লার নামে আমাকে দাওয়াত করলে খেতে আমার কোন আসুবিধা হয়না।

আসলে আমি চাই সমমনা লোক তৈরী হোক। ফলে বিচ্ছিন্নতা কে এড়িয়ে চলি। আমি যদি না মিশি তবে আমার চিন্তা দ্বারা আমি কাউকেই প্রভাবিত করতে পারব না।

 10


সূর্য

অক্টোবর ১৭, ২০১০ সময়: ১:২১ অপরাহ্ণ লিঙ্ক

আমি যদি না মিশি তবে আমার চিন্তা দ্বারা আমি কাউকেই প্রভাবিত করতে পারব না।

ঠিক।

 11


পৃথিবী

অক্টোবর ১৭, ২০১০ সময়: ২:৫১ অপরাহ্ণ লিঙ্ক

আমি ভাই হেডোনিস্ট। সবার সাথে একসাথে জুমার নামায পড়ে রাস্তায় দাঁড়িয়ে আড্ডা দিয়ে জীবনটাকে উপভোগ করার ব্যাপারেই আমি আগ্রহী, এতে করে আমার নাস্তিকতা চলে গেলে আমার কিছু যায় আসে না। বাংলাদেশের রক্ষণশীল সমাজ কেন , আমেরিকার উদার সমাজেও আমি এই কাজ করব যদি সেখানে সেটার স্কোপ থাকে। নাস্তিকতা একটা দর্শন। সচেতনভাবে কেউ যদি এই দর্শনকে প্রত্যাখ্যান করে, তখনই কেবল তাকে আস্তিক বলা যায়।

 12

সুমিত দেবনাথ

অক্টোবর ১৭, ২০১০ সময়: ৫:৫৫ অপরাহ্ণ লিঙ্ক

আমি কোনদিন পুজা করি না ্েউ আমাকে জোরও করে না। কেউ পূজায় নেমন্ত্রন করলে যাই কারণ মানুষের সঙ্গে ভাবের আদান প্রদান করতে , সঙ্গে খাওয়া দাওয়া করতে(আপনারা আবার পেটুক ভাববেন না আমাকে)। পুজা হল উপলক্ষ্য মাত্র আসল কথা সমাজের মানুষ একত্রিত হওয়া।তাতে নাস্তিকতা হারানোর কিছু আসে যায় না । তাতে কেউ মুর্ত্তিকে প্রণাম করার জন্য আমাকে অনুরোধ করে না । কারণ তারা জানে আমি নাস্তিক। গত দূর্গাপুজায় বের হয়েছি মাটির মুর্তি দেখতে নয়। মানুষের সাথে মিলিত।

 13

সাইফুল ইসলাম

অক্টোবর ১৭, ২০১০ সময়: ৯:৫২ অপরাহ্ণ লিঙ্ক

নাস্তিকতার সংজ্ঞা হল ঈশ্বরে অবিশ্বাস করা। এর সাথে ঈদ পু জোর কোন সম্পর্ক মনে হয় নাই। এগুলো বর্জন করলে মৌলবাদীদের সাথে মনে হয় কোন পার্থক্য থাকে না। :)

 14

কৌতূহলী

অক্টোবর ১৯, ২০১০ সময়: ১:৫৪ পূর্বাহ্ণ লিঙ্ক

সাইফুল ইসলাম বলেছেন, নাস্তিকতার সংজ্ঞা হল ঈশ্বরে অবিশ্বাস করা। এর সাথে ঈদ পুজোর কোন সম্পর্ক মনে হয় নাই। এগুলো বর্জন করলে মৌলবাদীদের সাথে মনে হয় কোন পার্থক্য থাকে না।

আমার বক্তব্য -

তাই? পুজা-ঈদে অংশ নিই না, আমি তো তাহলে রীতিমতো মৌলবাদী!

এবার বলুন, ঈশ্বর নামের ধারণা না থাকলে ঈদ-পুজা থাকতো আমাদের জীবনে? থাকতো না। এর মানে, ঈশ্বর-অবিশ্বাস মানে ধর্মহীনতাও। কারণ কেউ ঈশ্বর-অবিশ্বাসী বলেই সে সঙ্গত কারণে ধর্মহীনও। অর্থাৎ ঈশ্বর-অবিশ্বাসের সঙ্গে ধর্মীয় উৎসবে অংশ না নেওয়ার সম্পর্ক আছে।

অথচ আপনি বলছেন, ধর্মীয় উৎসবে অংশ না নিলেই নাস্তিকরা (ধর্মহীনরা) মৌলবাদী বনে যায়? এই ধরনের ঢালাও মন্তব্যগুলোই বরং মৌলবাদী মনে হয়।

আমি ধর্মসংশ্লিষ্ট আচার-প্রথা-উৎসব পরিত্যাজ্য বলেই জ্ঞান করি। প্রথা মানবো না, তবে উৎসবে আছি ষোল আনা, এই রকম অবস্থানটা একটু সুবিধাবাদী বলে মনে হয় না ?

না মনে হলে চলুন নাস্তিক ভাই ও বোনেরা , আসন্ন কুরবানিতে একটা করে পশু জবাই দিই , পুজা-পার্বনে পশুবলি দিই, আশুরার রক্তাক্ত উৎসবে যোগ দিই... উৎসবে অংশ নেওয়া বলে কথা!

*আতিক রাঢ়ী*এর জবাব:
অক্টোবর ১৯, ২০১০ at ১০:৩৬ পূর্বাহ্ণ
@কৌতূহলী,

একই ব্যাক্তি যখন পুজা ও ঈদের মিষ্টান্ন ভোজে অংশ নেন তাকে আসলে মৌ্লবাদি বলা যায় কি ?

দেখুন ঈদের দিন অনেক আত্মীয়-বন্ধু বাসায় আসে। বাবা বেঁচে নেই, আমি ভাই, বোনদের মধ্য বড়। সবার নতুন জামা, ভাল খাবার এসবের আয়োজনের টাকা আমাকেই জোগাড় করতে হয়। আমি যদি বলি আমি নাস্তিক, আমি এইসব ধর্মীয় অনুষ্ঠানের জন্য টাকা দিতে পারবনা , এটা নাস্তিকতার বহিপ্রকাশ হতে পারে তবে মানবতা লুপ্ত হয়ে যায়।

নাস্তিকতা আর মানবতার মধ্যে কোনটা আমাদের আরাধ্য তা আমাদেরকেই ঠিক করতে হবে। আমি দ্বিতীয়টার উপরে জোর দেই।

 15

রঞ্জন

অক্টোবর ১৯, ২০১০ সময়: ৩:১৬ অপরাহ্ণ লিঙ্ক

টপিকটা ভাল লেগেছে...
নাস্তিকতা আসলেই কি মানবতাবোধকে আনবে না? না কি আনবে?
আমার মতে আনবে। কারন একজন নাস্তিক হলে যে শুধু ঈশ্বরের অবিশ্বা সের পাশাপাশি যুক্তিনির্ভর হবে। তার বুদ্ধিমত্তারও বিকাশ ঘটাবে।

 16

মোজাফফর হোসেন

অক্টোবর ১৯, ২০১০ সময়: ১০:০৪ অপরাহ্ণ লিঙ্ক

লেখকের সাথে একমত জ্ঞাপন করছি।

 17

কৌতূহলী

অক্টোবর ২০, ২০১০ সময়: ১২:২৩ পূর্বাহ্ণ লিঙ্ক

আতিক রাঢ়ী লিখেছেন -

"একই ব্যাক্তি যখন পুজা ও ঈদের মিষ্টান্ন ভোজে অংশ নেন তাকে আসলে মৌ্লবাদি বলা যায় কি ?"

আমি তো তেমন কথা কোথাও বলিনি! বরং আমি অংশ নিচ্ছি না বলে মৌলবাদীর খেতাব পেয়ে গেলাম।

আপনার পরিবারের যে কাহিনী বললেন, তা খুবই পরিচিত এবং এক্ষেত্রে আপনার এই আচরণটাই সবচেয়ে স্বাভাবিক ও কাঙ্ক্ষিত। আপনার জায়গায় আমি থাকলে তেমনটিই করতাম।

আমার কাছেও প্রথমে মানবিকতা। কিন্তু কিন্তু কারুর কোনো ক্ষতি না করে ধর্মীয় উৎসবে অংশ না নেওয়াটা কি অমানবিকতার পর্যায়ে পড়ে? এবং তেমন কাউকে মৌলবাদী বলা চলে?

*আতিক রাঢ়ী*এর জবাব:
অক্টোবর ২০, ২০১০ at ৪:২৯ অপরাহ্ণ
@কৌতূহলী,

আমার কাছেও প্রথমে মানবিকতা। কিন্তু কিন্তু কারুর কোনো ক্ষতি না করে ধর্মীয় উৎসবে অংশ না নেওয়াটা কি অমানবিকতার পর্যায়ে পড়ে? এবং তেমন কাউকে মৌলবাদী বলা চলে?

ধর্মীয় উৎসবে অংশ নেয়া আর পালন করা মনে হয় এক ব্যাপার না। তবে এই ব্যাপারে নাস্তিক মহলে ভাল একটা বিতর্ক বা মতাদর্শিক সংগ্রাম হওয়া প্রয়োজন।

আমার ব্যাক্তিগত মত হচ্ছে, আমি কিছুটা কনফিউজড। আমরা যারা ধর্মীয় আনুষ্ঠানে কম -বেশী আংশ নেই, তারা সুবিধাবাদী নাকি যারা অংশ নেন না তারা মৌলবাদি। কেমন না ব্যাপারটা , হয় আপনি/আমি মৌ্লবাদি না হয় সুবিধাবাদি। বাস্তবতা যাই হোক পরস্পরের প্রতি আমাদের ধারনা এমনই।
আমরা নিজেদেরকে যদিও মোটাদাগে আদর্শ নাস্তিকই মনে করি।
এমন বিভাজন আস্তিকদের মধ্যেও আছে এবং অমিমাংশিত। দেখা যাক যুক্তি আমাদেরকে কোন সমাধানে পৌছায় কিনা ? মানে ধর্মীয় আনুষ্ঠানাদিতে আমাদের যৌক্তিক আচরন নির্ধারন করা সম্ভব কিনা ?

ধরুন আমার কাহিনী, আমার বাস্তবতা হলো আমাকে আংশ নিতে হচ্ছে। আপনিও আস্বী্কার করছেন না যে আমার আচরন যৌক্তিক। প্রত্যেকে যারা ধর্মীয় অনুষ্ঠানে কোন না কোন ভাবে অংশ নিচ্ছেন তাদেরও কাহিনী আছে।
মানুষের জীবনে কাহিনীতো থাকবেই। কিন্তু অনমনীয় ভাবে , কোন ব্যাতিক্রম ছাড়া, ধর্মীয় অনুষ্ঠানে অংশ নেয়া থেকে বিরত থাকাকে আমার কাছে মৌলবাদি আচরনই মনে হয়।
কিন্তু আপনি যেহেতু আমার কাহিনীকে যৌক্তিক ও মানবিক বলছেন , ফলে আপনাকে মৌ্লবাদি বলা যাচ্ছে না। কারন প্রয়োজনে আপনিও যৌক্তিক আচরন করবেন এটা নিশ্চই আশা করা যায়।

<u>সমাপ্ত</u>

http://mukto-mona.com/bangla_blog/?p=8874

অবিশ্বাসের চরমপন্থা!

তারিখ: ৫ শ্রাবণ ১৪১৭ (জুলাই ২০, ২০১০)

লিখেছেন: তানভী

অবিশ্বাস নিয়ে অনেক তামাশা মশকরাতো হল। এবার কিছু চরম বিষয় নিয়ে আসুন ঝগড়া বাধানোর চেষ্টা করি। আগের পোস্ট দুটোতেই অনেক গালগল্প হয়েছে। আর না। গালগপ্পো শেষ করে আসুন ইকটু চিৎকার করে গলা ফাটাই। ধর্ম ,কোরান, বেদ, বাইবেল নিয়ে হাজারো পয়েণ্ট মাথায় খেলা করে। কিন্তু সেগুলো আমি যথা সম্ভব উহ্য রাখার চেষ্টা করব। কারন ওসব বাল্যশিক্ষার বইয়ের কোন গুরুত্ব আমার কাছে নেই।

এবার আমি চিৎকার করতে চাই, জবাব চাই। তাই এবার আর "হাবিজাবি" নয়, এবার 'চরমপন্থা'!

প্রশ্ন-

১- পুরোনোটা আবার দিয়েই শুরু করি। হিজড়া সম্প্রদায় সৃষ্টির পেছনে সৃষ্টিকর্তার গূঢ় উদ্দেশ্য কি ? তাদের কে এরূপ সীমাহীন কষ্ট ও দূর্ভোগের ভেতর ফেলানোর উদ্দেশ্যই বা কি! ?

২- বিকলাঙ্গ ও অসুস্থ মানুষ সৃষ্টির উদ্দেশ্য কি ? ডিসকভারি চ্যানেলে একটা প্রোগ্রাম দেখায় 'My Shocking Story' শারীরিক অস্বাভাবিকতা (বিকলাঙ্গতাতো বটেই, বরং তার চেয়েও বেশি কিছু) নিয়ে। কারো মাথার সাইজ বেঢপ,কোন মহিলার পুরো শরীর (মুখ সহ) অবাঞ্ছিত লোমে ভর্তি , কারো গা দিয়ে যেন মাংস গলে গলে পরছে!! একজন সুস্থ মস্তিস্কের সৃষ্টিকর্তা কি ভাবে এধরনের সৃষ্টি করেন ? মানুষ গুলোকে সারা জীবন কি পরিমান ভয়াবহ জীবন যাপন করতে হয় তার কি কোন সীমা আছে ?!

৩- বুদ্ধি প্রতিবন্ধী সৃষ্টির পেছনেই বা সৃষ্টিকর্তার উদ্দেশ্য কোথায় ? অনেকে বলে বাবা-মায়ের পাপের ফল নাকি এই সব শারীরিক ও মানসিক প্রতিবন্ধী মানুষ!! আরো মজা র কথা পড়েছি 'মোকসেদুল মোমেনিন' বা 'বেহেশতি জেওর' এ!! ওখানে 'স্বামী-স্ত্রীর সম্পর্ক' অংশে লেখা আছে যে, স্ত্রীকে উপরে রেখে (!!!) রাত্রী যাপনে নাকি বিকলাঙ্গ সন্তান হয় (আসলে এটা লিখতে চাইনি। কিন্তু এত ফানি একটা ব্যখ্যা এড়াতেও পারলাম না। এই অংশের জন্য ক্ষমাপ্রার্থী)!!!! স্ত্রীর-সাথে স্বামীর আরো যৌন সঙ্গমের আরো বহু নিয়ম কানুন ঐ বইতে দেয়া আছে , ওগুলো না মানলে নাকি সন্তান আন্ধা, কালা, বোবা, খোঁড়া এরকম হয়!! (আরো অতিরিক্ত ফানি টাইপ কিছু কথা ঐসব বইতে লেখা ছিল , কিন্তু বেশি পরিমান খোলামেলা হয়ে যায় বলে দিতে সাহস পাচ্ছি না!!!!) এসব কথার আদৌ কি কোন অর্থ আছে? বাবা-মা যাই করুক না কেন, সন্তান কে কি হিসাবে তাদের পাপের বোঝা বহন করতে হয়? তাও আবার এই অমানবিক কায়দায়?

৪- বাংলাদেশে প্রতি বছর বন্যায় ভেসে যাচ্ছে, আর আফ্রিকার মরুভূমি, সুদানের দারফুর এসব জায়গায় মানুষ পানির অভাবে মারা যাচ্ছে! এটা কোন ধরনের সুন্দর সৃষ্টি ? পরিকল্পিত সৃষ্টির এই দশা!! আমরা পানির যন্ত্রনায় মারা যাচ্ছি, আর তারা পানি না পেয়ে শুকিয়ে মারা যাচ্ছে!! হায়রে আমার বুদ্ধিমান সৃষ্টিকর্তা!

৫- মানুষ সৃষ্টির সেরা জীব! ভালো কথা, তাহলে মানুষেরও কেন অন্যান্য প্রাণীর মতই সব কি ছু করতে হয়? মানুষের বর্জ্য পরিত্যাগের ব্যপার না থাকলে কি কোন অসুবিধা ছিল ? এই যে বর্জ্য পরিত্যাগের পেছনে আমাদের খাদ্যের বিশাল একটা অংশ মাঠে মারা যাচ্ছে, এর কি কোন অর্থ আছে? বর্জ্য পরিত্যাগ করতে না হলে মানুষকে তুলনা মুলক কম খেতে হত , তাতে খাদ্যের অপচয় কি কিছু টা হলেও কমত না?

৬- আসলে ৫নম্বর পয়েন্টটার মূলত কোন অর্থ নেই। কারন মানুষকে গাছের মত নিজের খাদ্য নিজেকেই উৎপাদন করতে দিলে ব্যপারটাকি আরো ভালো হত না? তাতে খাদ্যের অভাবে অন্তত কাউকে মরতে হত না। খাদ্যের দখল নিয়ে মারামারিও হত না। খাদ্যে ভেজাল দেয়ারও কোন ব্যপার থাকতো না!!!

৭- ৬নম্বর পয়েন্ট দেখে অনেকেই হয়ত বলবেন যে, এসব রেখে আসলে সৃষ্টিকর্তা মানুষকে পরীক্ষা করছেন!! কোন মানুষের অনেক সম্পত্তি আছে , তার খাওয়া পড়ার কোন অসুবিধা নেই। সে তার পাশের ক্ষুদার্ত মানুষটাকে সাহায্য করছে কিনা সেইটা পরীক্ষা করার জন্যই সৃষ্টিকর্তা ক্ষু দার্ত মানুষ রেখেছেন!!!(কি ভয়াবহ ধরনের আজব যুক্তি!! আরে ভাই , একজনকে পরীক্ষা করতে যেয়ে আরেকজনকে চরম কষ্টে রাখার অর্থটা কোথায়!!!!) এ প্রশ্নের জবাব কি আছে?

৮- সৃষ্টিবাদীরা বলেন সৃষ্টিকর্তা কতই না সুন্দর করে এই পৃথিবী সৃষ্টি করেছেন!! কতই না পরিকল্পিত তার সৃষ্টি!! কত গোছানো সাজানো! এই ফুল , পাখি কত সুন্দর সুন্দর সব জীব! কি সুন্দর প্রকৃতি!! আর আমি বলি, sorry!! আমায় ক্ষমা করবেন। আগে বুঝুন যে সৌন্দর্য ব্যপারটা আসলে কি ? সৌন্দর্য মূলত নির্ভর করে যার যার দেশের সমাজ ব্যবস্থার উপর। যেমন ইংল্যান্ড আমেরিকায় বিকিনি পরা সৌন্দর্যের ব্যাপার হলেও আমাদের দেশের গ্রামাঞ্চলে এখনো সেটা ভয়াবহ অসৌন্দর্যের ব্যপার। আবার ধরেন ময়না টিয়া পাখি কে আমরা সুন্দর বলছি এবং কাক শকুনকে বলছি অসুন্দর , কারন আমাদের সমাজ আমাদের কে ওভাবেই বড় করেছে। আবার ধরেন একজন মানুষ সুট্যেড বুটেড হয়ে চললে আমরা তাকে সুন্দর বলছি আর রাস্তায় লুঙ্গি পরে খালি গায়ে শুয়ে থাকা মানুষটার দিকে আমরা ঘৃণার চোখে তাকাচ্ছি, যদিও আমরা জানি যে তার সামর্থ নেই বলে সে আজ খালি গায়ে। এই ঘৃণা বোধটাও সমাজেরই সৃষ্টি। অর্থাৎ সমাজ যা শেখাচ্ছে আমরা তাই ঠিক টিয়া পাখির বুলির মত প্রজন্ম থেকে প্রজন্মান্তরে পার করে চলেছি।
এবার নিজেকে প্রশ্ন করুন। মরুভূমিতে খেজুর গাছ , ক্যকটাস গাছ থাকার অর্থ কি? ওখানে ভালো কোন বড় সড় ফলের গাছ (আমাদের কাঠাল গাছের মত) হলে কি সেখানকার মানুষরা ভালো খেতে পারত না? একজন ক্ষুদার্ত মানুষের কাছে কি ফুল গাছের সৌন্দর্যের কোন অর্থ আছে ??
৯- প্রাকৃতিক দূর্যোগের অর্থ বা প্রয়োজনীয়তা কোথায় ? ঝড়, বন্যা, ভূমিকম্প, দাবানল এসবের অর্থ কি? এত এত মানুষ, পশু পাখি মেরে ঈশ্বর আসলে কি বোঝাতে চান? তিনি কি এসব দিয়ে তার হিংস্র ক্ষমতার বহিপ্রকাশ দেখান!!!? তিনি সর্বশক্তিমান এই কথা বোঝানোর জন্যই কি তিনি এত এত মানুষ মারেন!! তার ক্ষমতার এতই দাপট!! তাহলে সৃষ্টিকর্তার সাথে হিটলারের বা জর্জ বুশের পার্থক্য কোথায়?? সবচেয়ে বড় ব্যপার হল , যে সৃষ্টিকর্তা তার সৃষ্টির জীবন মৃত্যুর নিশ্চয়তা দেয়ার ক্ষমতা

রাখেনা, তাকে পূজো করে কি আদৌ কোন লাভ আছে ? সে নিজেই তো হত্যাকারী!! একজন খুনিকে পুজো করার কোন অর্থ কি আদৌ আছে!!

১০- এই প্রশ্নটাকে আমি বলি ভাগ্যের খেল!! ধরেন একটা দেশে যুদ্ধ লেগেছে। সেখানে যেকোন একটা মুসলিম পরিবারের সব সদস্য যুদ্ধে নানা ভাবে মারা গিয়েছে। শুধুমাত্র ঐ পরিবারের এক বছর বয়সের একটা শিশু কোন ভাবে বেঁচে গেছে। এখন একটা মানবাধিকার সংস্থার কর্মীরা ঐ শিশুকে কুড়িয়ে নিয়ে ভারতের কোন এক হিন্দু পরিবারে দত্তক দিয়ে দিয়েছে। এবং সে পরবর্তী জীবনে হিন্দু হিসাবেই জীবন যাপন করেছে। তাহলে ঘটনা কি দাড়াল? তার ভাগ্য (যেটা কিনা আবার নিয়ন্ত্রণ করেন সৃষ্টিকর্তা!!!) তাকে এক ধাক্কায় কাফের বানিয়ে দিয়েছে!!! দারুন না!!?? তার মানে দাড়াচ্ছে এই যে, সৃষ্টিকর্তার ইচ্ছায় মানুষ কাফেরে পরিনত হয়!!!

১১- সৃষ্টিকর্তা তো সব দেখেন, তাই না!! অন্তত ধর্মবাদীরা তাই দাবি করেন! সৃষ্টিকর্তা সর্বজ্ঞ,সর্বজ্ঞানী, সবজান্তা,ভবিষ্যতদ্রষ্টা!! তাহলে এবার খেল দেখি। ধরেন একটা সন্ত্রাসী একটা ভালো মানুষকে গুলি করে হত্যা করেছে। এখন সৃষ্টিকর্তা যেহেতু ভবিষ্যতদ্রষ্টা ,সেহেতু তিনি আগে থেকেই জানতেন যে এই লোক গুলি করে আরেকজন কে হত্যা করবে। সৃষ্টিকর্তা যেহেতু সব দেখছেন তাহলে গুলি করার মুহূর্ত হতে গুলি ঢোকার মূহর্ত পর্যন্ত তিনি সবটুকু তামাশা ই দেখেছেন তাহলে তিনি কিছু করলেন না কেন? তিনি কি চাইলেই ঐ ভালো লোকটাকে বাঁচাতে পারতেন না? তাহলে বাচালেন না কেন?? আপনারা হয়তো বলবেন যে ঐ সন্ত্রাসীকে পরীক্ষা করার জন্য সৃষ্টিকর্তা তখন কিছু বলেন নাই। পরকালে তাহার শাস্তি হইবেক!! পরীক্ষা যদি করতেই হয়, তাহলে গুলি করা পর্যন্ত অপেক্ষা কর। গুলি করার পরে গুলিটা সরায়ে দাও। একজনকে পরীক্ষা করতে গিয়ে আরেকজনের জীবনের বারোটা বাজানোর অর্থ কি?

১২- কোন শিশুর জন্মের আগে তার পিতা মাতা কে হবে তা নিশ্চই সৃষ্টিকর্তা আগে থেকেই নির্ধারন করে থাকেন? সৃষ্টিকর্তা নিশ্চই কোন শিশুকে পিতামা তা ঠিক করার আগেই আন্তাজে অর্থহীন ভাবে কারো গর্ভে নিক্ষেপ করেন না? তাই যদি হবে, তাহলে পরকীয়ায় বা ব্যভিচারে বা ধর্ষণে দোষ কি? ধর্ষণের ফলে বা পরকীয়ার ফলে যে সন্তানের জন্ম হয় তাতে নিশ্চই সৃষ্টিকর্তার ইচ্ছা বা সম্মতি আছে! তাহলে পরোক্ষ ভাবে পরকীয়া বা ধর্ষনেও সৃষ্টি কর্তার সম্মতি আছে?!

১৩- কারো এইডস হলে ধর্মবাদীরা বলেন যে," কোথায় কি আকাম কুকাম করে আসছে, সৃষ্টিকর্তা তার শাস্তি দিচ্ছেন"!!! আরে ভাই অন্য আরেকজন থেকে রক্ত নিতে গিয়েও এইডস হতে পারে তো নাকি? আবার সামান্য নাপিতের দোকানের ব্লেড থেকেও নাকি এইডস হবার সম্ভাবনা থেকে যায়! অথবা এইডস আক্রান্ত পিতা মাতার শিশুও এইডসে আক্রান্ত হতে পারে। তাহলে এখানে এ্কজনের দোষে আরেকজনের বারোটা বাজানোর অর্থটা কি?
সব ক্ষেত্রেই দেখি একই অবস্থা!! একজনের দোষে আরেকজনকে অবিরাম শাস্তি পেতে হচ্ছে!! এটা কি কোন বিবেচকের মত কাজ? মহাজ্ঞানী সৃষ্টিকর্তার মহাজ্ঞানের এই দশা!!!
ধর্ম ও বুদ্ধিমান ঈশ্বরে বিশ্বাস ছাড়ার জন্য এর থেকে বেশি আর কোন কারন আদৌ দরকার আছে কিনা আমার জানা নেই। আমি ধর্ম ছাড়ার পরেও বেশ কয়েকবার ফিরে যেতে চেয়েছিলাম (অবিশ্বাস্য

শোনালেও মিথ্যা না) কিন্তু এসব প্রশ্ন আমাকে দূর থেকে বহু দূরে নিয়ে গেছে এবং যাচ্ছে, যেখান থেকে ফিরে আসার আর কোন রাস্তা আছে কিনা আমার জানা নেই। এমনকি প্রতি নিয়তই নতুন নতুন ভ্রান্তিময় প্রশ্ন যুক্ত হচ্ছে আমার তালিকায়। সব হাবিজাবি না হয় না -ই জানলেন।
এই পোস্টের মধ্যদিয়েই মাথার ভেতরের সব গ্যাঞ্জাম যেমন বের করে দিলাম, তেমনি আগামীতে যাতে কেউ ঝগড়া বাধালে তাকে সরাসরি আমার অবিশ্বাসের কারন দেখাতে পারি তারও ব্যবস্থা করে রাখলাম। এসব ব্যপারে (আসলে কোন ব্যপারেই-) আমি ঝগড়া ঝাটি মোটেও পছন্দ করিনা!!

কমেন্ট

1. তানভী

জুলাই ২০, ২০১০ সময়: ৩:৩৫ অপরাহ্ণ লিঙ্ক

এই লেখাতেও বেশ কিছু গুরুত্বহীন পয়েন্ট চলে এসেছে। আসলে এই লেখাটা আরো কয়েকদিন চিন্তা ভাবনা করে গুছিয়ে দেয়ার ইচ্ছা ছিল। কিন্তু দূর্ভাগ্যক্রমে আ মার ভার্সিটি খুলে যাওয়ায় (!!) পোস্টটা দিয়ে দিতে হল। ভার্সিটিতে পিসি নেট কিছুই নেই। বড় ভাইদের কম্পু থেকে এ ব্লগে আসা ভয়াবহ বিপদজনক!!

হয়তো কোন কমেন্টের উত্তর দিয়ে যেতে পারব না। আশা করব আমার হয়ে ব্লগে আমার সহযোদ্ধারা কাজ টুকু করে দিবেন।

আর এ ব্যপারে এটাই আমার শেষ পোস্ট। ফ্রয়েড নিয়ে আরেকটা লেখা শুরু করতে যাচ্ছিলাম, কিন্তু আর হল না। যা হোক, ওটা পরে হবে।

আর আশা করব ধর্মবাদীরা ইকটু সরব হবেন। একই প্রশ্ন এটা নিয়ে আমি তিনটা পোস্টে করলাম। আগের দুপোস্টে কোন জবাব পাইনি। এবারও কি একই অবস্থাই হবে!!?



মাহফুজ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৩:৫৩ অপরাহ্ণ
@তানভী,
আপনার পোষ্ট করা বিষয়টি আগে না পড়েই আপনার দেয়া মন্তব্যটি পড়ছি।
আর আশা করব ধর্মবাদীরা ইকটু সরব হবেন।

ধর্মবাদীরা সব সময়ই সরব। আর সেই সরব বিশ্বাসের সরব। যুক্তিহীন সরব। মিছিলের সরব। বোমার সরব। এরপরও সবর হতে বলছেন ভাই, দেশটা তাহলে এবারই গোল্লায় যাবে।
এসবের চেয়ে দেশটাকেই ওদের হাতে তুলে দেন। তখন দেখবেন সর্বোচ্চ সরব কাকে বলে!
যাই এবার আপনার হাবিজাবি পড়ি। যদিও এবার সেই শব্দ উচ্চারণ করেন নাই।

একজন নির্ধর্মী এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১২:৫৯ পূর্বাহ্ণ
@মাহফুজ,

ধর্মবাদীরা সব সময়ই সরব। আর সেই সরব বিশ্বাসের সরব। যুক্তিহীন সরব। মিছিলের সরব। বোমার সরব। এরপরও সবর হতে বলছেন ভাই, দেশটা তাহলে এবারই গোল্লায় যাবে।

ঠিক কথা। যুগ যুগ ধরে অগণ্য অনায্য কল্কে তারা স -কলরবে উপভোগ করে এসেছে প্রায় বাধাহীনভাবে। আর কতো!

2. 2

ফরহাদ
জুলাই ২০, ২০১০ সময়: ৩:৫০ অপরাহ্ণ লিঙ্ক

@তানভী
"মাথায় কত প্রশ্ন আসে দিচ্ছে না কেউ জবাব তার, সবাই বলে মিথ্যে বাজে,বকিস্ নে আর খবরদার।"
(কসম! ৫ আর ৬ নং পয়েন্ট গতকাল বাথরুমে বসে ভাবছিলাম!! "কেমনে বেটা পারিল সেটা জানতে"!!!)

*তানভী*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৬:১৫ অপরাহ্ণ
@ফরহাদ,
বাথরুমই সকল জ্ঞানের মূল!!!

3. 3

মাহফুজ
জুলাই ২০, ২০১০ সময়: ৪:১৪ অপরাহ্ণ লিঙ্ক

@ তানভী,
আপনি একজন আনলাকি মানুষ। কারণ আপনার এই নিবন্ধে আনলাকি ১৩ পয়েন্ট দিয়েছেন। আর সেজন্যই হয়তো এতসব প্রশ্নের জবাব পাচ্ছেন না।
আপনি বলেছেন-

আমি ধর্ম ছাড়ার পরেও বেশ কয়েকবার ফিরে যেতে চেয়েছিলাম (অবিশ্বাস্য শোনালেও মিথ্যা না) কিন্তু এসব প্রশ্ন আমাকে দূর থেকে বহু দূরে নিয়ে গেছে এবং যাচ্ছে , যেখান থেকে ফিরে আসার আর কোন রাস্তা আছে কিনা আমার জানা নেই।

ভাইরে, ধর্মবাদীরা আপনাকে এসব প্রশ্নের উত্তর দিবে ঠিকই, কিন্তু তাতে কোন কাজ হবে না। কারণ আপনি মুরতাদ হয়ে গেছেন। আল্লাহ আপনার দিলে মোহর মেরে দিয়েছেন। এখন তো কোনো ফেরার পথই নেই। অতএব এসব প্রশ্নের উত্তর জানারও দরকার নেই।

*তানভী*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৬:০৯ অপরাহ্ণ
@মাহফুজ,
ভাই! ভালো পয়েন্ট ধরেছেন দেখি!! ১৩টা পয়েন্ট!! আমার জন্ম তারিখও ১৩! মিলটা তাহলে ভালই হল!!

তাও অবশ্য কথা! যে আল্লাহ আগেই জানেন যে কে বেহেশতে যাবে, কে দোজখে যাবে!! তিনিই তো সর্বজ্ঞ সর্বজ্ঞানী সবজান্তা!!! আমার কপালে দোজখ লেখা থাকলে আমার আর কিই বা করার বলেন!!

মাহফুজ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:০৪ অপরাহ্ণ
@তানভী,

ভাই! ভালো পয়েন্ট ধরেছেন দেখি!! ১৩টা পয়েন্ট!! আমার জন্ম তারিখও ১৩! মিলটা তাহলে ভালই হল!!

একেই বলে সংখ্যাতাত্বিক মোজেজা। এতদিন তো ১৯ এর কারবার দেখলাম। এবার দেখবো ১৩ এর কারবার।

আমার কপালে দোজখ লেখা থাকলে আমার আর কিই বা করার বলেন!!

কোনই অসুবিধা নাই। ঐ দোযখটারে আপনার বুদ্ধি দিয়ে বেহেস্ত বানায়ে ফেলবেন। অবশ্য বেহেস্ত দোযখ বলে যদি কিছু থাকে।

4. 4

আদিল মাহমুদ
জুলাই ২০, ২০১০ সময়: ৫:৫৭ অপরাহ্ণ লিঙ্ক

ফারুক ভাই এর সূত্র মাহফুজ সাহেবের কথাই সমর্থন করে। যিনি অবিশ্বাসী হতে চান আল্লাহই অবিশ্বাসী হতে সাহায্য করেন, আবার যিনি বিশ্বাসী হতে চান তাকেও আল্লাহ বিশ্বাসী হতে সাহায্য করেন। তবে যারা সংশয়বাদী, মানে নিরপেক্ষ মনে কোরান পড়ে সিদ্ধান্ত নিতে চান তাদের ব্যাপারে এই সূত্র কি বলে জানা যায়নি।

কাজেই, আল্লাহ তোমাকে দারুনভাবে অবিশ্বাসী হতে সাহায্য করেছেন দেখা যাচ্ছে। হৃদয়ে সীলগালা ভালই মেরে দিয়েছেন। আল্লাহ যা করেন ভালর জন্যই করেন, আমরা তার কাজের কি বুঝি - এটা মনে রাখলেই এই ধরনের শয়তানী চিন্তা আর মাথায় আসবে না।

৩ নং পয়েন্টের মত একটি হাদীস দেখেছি যাতে সন্তানের চেহারা কেন কখনো বাবা আবার কখনো মায়ের মত হয় তার বৈজ্ঞানিক ব্যাখ্যা দেওয়া আছে। জানি না তুমি সেটাই বিকৃত করে বানিয়ে দিয়েছো কিনা। তোমাদের মত ইসলাম বিদ্বেষীদের পক্ষে সবই সম্ভব। খালি তালে থাকো আপঝাপ কথা বইলা ইসলাম পচাইতে। এইখানে পড়ঃ হাদীস ৫৪৬
তোমার খাদ্য সমস্যার সমাধা কল্পের পয়েন্টটা কিঞ্চিত দূর্গন্ধযুক্ত হলেও ভেবে দেখার অবকাশ আছে। এ ছাড়া লেখায় নেগেটিভ, যেসব পয়েন্ট ধরে লাফাচ্ছো ধর্মজগতে সেগুলো শিশুতোষ প্রশ্ন।

*তানভী*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৬:১৩ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
মামা, আমি ৩ নম্বর পয়েন্ট মোটেও বিকৃত করি নাই!! সোজাসুজি 'মোকসেদুল মোমেনিন' থেকে দেয়া। ওখানে এধরনের আরো মজার মজার কিছু নিয়ম কানুন দেয়া আছে!! যেমন ধরেন অমাবশ্যা রাতে স্ত্রী সঙ্গমেও নাকি সন্তান বিকলাঙ্গ হয়!! 😂 তাইলে বোঝেন ঠ্যলা!!

*আদিল মাহমুদ*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৬:৫৩ অপরাহ্ণ
@তানভী,

হাঃ হাঃ হাঃ!

৫ টাক দামী বই পড়ে এসেছো ইসলামের সমালোচনা করতে??? সাহস তো কম নয়!

মোকসুদুল মোমেনিন কি কোরান, নাকি হাদীস??? তাতে কি লেখা আছে না আছে তাই দিয়ে ইসলাম যাচাই করবা??? পাগল নাকি পেট খারাপ?

আসল কোরান হাদীস পড়।

আমি তো এ সম্পর্কিত হাদীসের সূত্র দিয়েছি। অথেন্টিক সূত্র পড় , বিজ্ঞান দর্শন সবই পেয়ে যাবে।

*তানভী*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৮:০৮ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
উক্কে উক্কে!! ঐ ব্যখ্যা বাতিল বলিয়া গন্য করিলাম!!
যদিও বাংলাদেশের বেশিরভাগ লোক এখনো ঐ মোকসেদুল মোমেনিন ধরিয়াই নামাজ-কালাম শিখিয়া থাকে! তবুও মামা যখন কহিয়াছেন!! মামার আদেশ শিরোধার্য!!
ব্যখ্যা বাতিল হলেও, প্রশ্নটাতো আর বাতিল হচ্ছে না! ব্যখ্যা আমার নিজের দেয়া, তাই সেটা বাদ দিতে কোন সমস্যা নাই। উপরওয়ালার ব্যখ্যার অপেক্ষায় থাকলাম!!!

*রৌরব*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৯:০৪ অপরাহ্ণ
@তানভী,
মামা-ভাগনে দেখি যথাক্রমে ? আর ! এর ব্যবহারে অতিশয় দড়। ব্যাপারটা কি?!?!!??!!?

*তানভী*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১২:৫১ পূর্বাহ্ণ

@রৌরব,
অতিশয় পারহেজগার (!!) মামা তাহার পোংটা ভাগিনার উল্টা পাল্টা কথা শুনিয়া রাগে গজগজ করিতে করিতে ঝাড়িবার জন্য যথাযোগ্য শব্দ খুঁজিয়া না পাইয়া উপরোক্ত প্রশ্নবোধক চিহ্নের অতিমাত্রায় ব্যবহার করিয়াছেন।
আর তাহার পোংটা ভাগিনা তাহার ঝাড়িতে বিরক্ত হইয়া বিরক্তি প্রকাশ করার সাহস না পাইয়া আশ্চর্যবোধক চিহ্নের অতিমাত্রায় ব্যবহারের মাধ্যমে মামার মস্তিস্কে বিরক্তির উদ্রেক ঘটাইবার অপ প্রয়াস চালাইতেছে!!

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১২:৫৯ পূর্বাহ্ণ
@তানভী,

আগেই বলিয়াছি, তোমার হৃদয়ে সীলগালা ভালই মারা হইয়াছে। আল্লাহই যাহা মারিয়া দিয়াছেন বান্দা হইয়া আমি কিরুপে উহা খুলিবার সাহস করি ?

দুই দিনের দুনিয়ায় হাসি নিতেছ দাও।

সহসাই আমি বেহেশত হইতে ভিডিওতে তোমাদের আগুনে জ্বলিয়া কয়লা হইবার লাইভ দৃশ্য দেখিয়া অট্টহাসি দিব। সুরার পাত্র হস্তে সাকীর বাহুলগ্না হইয়া হেলান দিয়া বসিয়া নির্দেশ দিব ; ব্যাটার টেম্পারেচার আরো কয়েক হাজার ডিগ্রী বাড়াইয়া দেও। ব্যাটা বুঝুক অবিশ্বাসী হইবার মজা।

তোমার কপাকে তো যা বুঝি দুনিয়াতেও রমনী জুটিতেছে না , আর পরকালের কথা তো বা বলাই ভাল। ইহাতেও যদি হুশ না হয়......

একজন নির্ধর্মী এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১:০৪ পূর্বাহ্ণ
@তানভী,

মোকসেদুল মোমেনিন’-এ যতো রসময় কথা গুপ্ত আছে, তাতে সেটাকে অনেকে (কারা, বুইঝা লন) হালাল চটি হিসেবে ব্যবহার করতে পারে

রৌরব এর জবাব:

জুলাই ২১, ২০১০ at ১:১৫ পূর্বাহ্ণ

@একজন নির্ধর্মী,

রসময় কথা গুপ্ত

হাহাপগেকেধ

আপনি তো শিবরাম চক্রবর্তীকেও হার মানালেন

আকাশ মালিক এর জবাব:

জুলাই ২০, ২০১০ at ৭:১২ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,

আপনার দেয়া সুত্র ধরে সহিহ বোখারি শরিফে পেলাম -

Volume 4, Book 55, Number 543:

Narrated Abu Huraira:

The Prophet said, “Allah created Adam, making him 60 cubits tall………

60 cubits বাংলায় কত গজ কত ইঞ্চি?

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:২৪ অপরাহ্ন
@আকাশ মালিক,

খুবই ইন্টারেষ্টিং প্রশ্ন। প্রথমেই বলি যে ইসলামী কোন বিষয়ে যে আপনাকে জ্ঞান দিতে পেরেছি তা জেনে নিদারুন গৌরব বোধ করছি । আবার ব্যাখ্যা জিজ্ঞাসা করছেন আমাকে! আমি সম্মানিত।

কিউবিট আমি জানতাম না। একটু গুগল মারলাম। ধরাবাধা কিছু পেলাম না। তবে মনে হয় প্রাচীনকালে একহাত যা মোটামুটি দেড় ফিট তাকে কিউবিট ধরা হত। আপনি মূল আরবী হাদীস দেখে আরবী শব্দ ধাওয়া করলে মনে হয় নিশ্চিত হওয়া যায়।

সে হিসেবে আমাদের বাবা আদম দেখা যাচ্ছে ৯০ ফুটি (মিনিমাম ৬০) ছিলেন। অভিজিত বন্যা এনাদেরই জয় হল। কারন, এই হাদীস থেকে প্রমান হয় যে বিবর্তন স্পষ্টতই হচ্ছে। নয়ত ৯০ ফুট আদমের বংশধর আমরা আজ ৬ ফুট কাউকে দেখলেই হিংসার চোখে তাকাই ? ৭ ফুট পেলে বিশ্বরেকর্ড খোজ করি?

রৌরব এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:২৭ অপরাহ্ন
@আকাশ মালিক,
উইকিপিডিয়া অনুযায়ী মনে হচ্ছে এক cubit মানে এক হাত।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:৫৮ অপরাহ্ন
@রৌরব,

এক হাত ১৮ ইঞ্চি বা দেড় ফুট ধরা হয়।

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৮:১৩ অপরাহ্ণ
@রৌরব,

উইকিপিডিয়া অনুযায়ী মনে হচ্ছে এক cubit মানে এক হাত।

উল্লেখিত হাদিসটি নিয়ে আমার যে সত্য বলা হয়নি বইয়ের শেষভাগে আলোচনা করেছি। বেশকিছু যায়গায় খোঁজ নিয়ে আমি ধরে নিয়েছিলাম এক cubit মানে দেড় হাত।

হ্যাঁ আদিল ভাই, আল্লাহর কোরানে বিবর্তন নিয়ে বলা হবেনা এ একটা কথা হলো? কোরানে মানুষের বিবর্তন নিম্নরূপ-

পুরুষ থেকে নারীর জন্ম।
বানর থেকে মানুষ নয় বরং মানুষ থেকে বানরের জন্ম।
বাবা আদম থেকে ৪৫/ ৪৮ ফুট লম্বা দিয়ে মানুষের বিবর্তন শুরু হয়ে মুহাম্মদ পর্যন্ত ৭ / ৮ ফুটে এসে শেষ হয়ে গেছে।
রমজান মাস দুয়ারে হাজির, কপাল পোড়া নিরপরাধ ইবলিশের পুরো একমাস কারাদন্ড শুরু হতে আর বেশী বাকি নেই। আপনারা তার জন্যে খাস দিলে দোয়া করবেন। আল্লায় যেন তাকে সহি সালামতে সু-সাস্থ্যে জেলখানা থেকে ফিরিয়ে আনেন। আমিন।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৮:৩৪ অপরাহ্ণ
@আকাশ মালিক,

কোরানে বিজ্ঞান বিষয়ে জাকির নায়েকেরা না লিখে আপনি লিখলে অনেক বেশী নাম করতে পারতেন।

শয়তান এক মাস সাগরের তলে শিকল বন্দী থাকলে রোজার মাসে মানুষকে শয়তানী কাজের কুমন্ত্রনা যোগায় কে?

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৭:০১ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

শয়তান এক মাস সাগরের তলে শিকল বন্দী থাকলে রোজার মাসে মানুষকে শয়তানী কাজের কুমন্ত্রনা যোগায় কে?

ছয় রিপুর নাম শুনেন নাই? আহহারে মুসলমান, আপনাদেরকে নিয়ে আমি কোথায় যে যাই! নফস, নিজের ভিতরের নফস আছে না, এই শয়তান তো জেলে যায় না। ডায়াবেটিক্স এর মত মুসলমানের ঈমান কুড়ে কুড়ে খায়।

আচ্ছা আপনার ডর ভয় নাই, আপনি যে বলেন-
আল্লাহ নাকি কোরানকে নিজে হেফাজতের দায়িত্ব নিয়েছেন ও করে যাচ্ছেন। হতে পারে। তবে তাতে লাভ কি হচ্ছে সেটা প্রশ্নবিদ্ধ। হেফাজত হওয়া গ্রন্থ যদি মানুষ পরিষ্কারভাবে বুঝতেই না পারে তাহলে আর হেফাজতের লাভ কি হল?

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৯:২২ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,

ভয়ডর তেমন থাকলে কি আর আপনাদের সাথে দোস্তি করি (প্রকারন্তে শয়তানের সাথে হাত মেলাই)?

মানুষের ভেতর ছয় রিপু কি শয়তানেরই কন্ট্রিবিউশন না? ইসলামী মতে যাবতীয় কুকাজের শলা দেয় শয়তান। সেই শয়তানে যদি রোজার মাসে কর্মক্ষম না থাকে তাহলে বেচারাকে অন্তত রোজার মাসের জন্য গালপাড়া কেন?

ছয় রিপুর জন্য মানুষ দায়ী হলে আর শয়তানের ভূমিকা কি থাকল ?

রৌরব এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৯:০৮ অপরাহ্ণ
@আকাশ মালিক,

> বেশকিছু যায়গায় খোঁজ নিয়ে আমি ধরে নিয়েছিলাম এক cubit মানে দেড় হাত।

মোটেও না, মোটেও না

আপনাকে পেলে এক cubit দেখে নিতাম

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৯:২৬ অপরাহ্ণ
@রৌরব,

আচ্ছা তাহলে বাবা আদম ছিলেন ৬০ হাত লম্বা। নিজের চোখে দেখি নাই তবে এক ওয়াজে শুনেছি আদমের ৬০ হাত লম্বা কবর নাকি কোথায় আছে। ঐ কবরটা খুঁড়ে আদি মাতা আদি পিতার হাড় - ফসিল কেউ খুঁজে মেপে দেখেনা , খুঁজে লুসি আর্ডি প্রাইমেট আরো কত কী ?

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৯:৩৪ অপরাহ্ণ
@আকাশ মালিক,

বাবা আদমের ৬০ হাতি ফসিল নেই আপনাকে কে বলল?

তবে আপনার মত নাস্তিক অবিশ্বাসী সেটা দেখতে পাবে না কোনদিন। আগে বিশ্বাস আনতে হবে, তারপর দেখতে পাবেন।

5. 5

আনাস

জুলাই ২০, ২০১০ সময়: ৬:৩২ অপরাহ্ণ লিঙ্ক

ভাই। এ পৃথিবী হল পরীক্ষার হল। হলে খোদা তায়ালার কোন হস্তখেপ নাই। তবে নকল টকল ধরা পরলে গজব নামের বহিস্কারাদেশ আসে। আমরাতো আর তা বুঝিনা। তাই আমাদের কাছে ছন্নছাড়া মনে হয়। চিন্তা কইরেন না। সবকিছু প্ল্যান করা। আপনার সময় শেষের আগেই ভাল হয়ে যান। নইলে জাক্কুম ফল খাওনো হবে।

6. 6

নিটোল

জুলাই ২০, ২০১০ সময়: ৮:৩৫ অপরাহ্ণ লিঙ্ক

আস্তিক বন্ধুদের সাথে তর্কের সময় প্রায়ই আমার অবিশ্বাস নিয়ে ওরা প্রশ্ন তোলে আর আমি বেশিরভাগ ক্ষেত্রেই এসব প্রশ্ন এবং এগুলো ছাড়াও আমার পছন্দের কিছু প্রশ্ন পালটা ছুড়ে দেই। ইটের বদলে পাটকেল আরকি! তখন ওরা আমতা আমতা করে কিছু যুক্তি খন্ডানোর চেষ্টা করে , কিন্তু নিজের যুক্তিকে নিজেই মানতে না পেরে শেষ পর্যন্ত সেই পুরোনো রেকর্ডে ফিরে যায় - 'আল্লাহ আসলে কী চান(?) সেটা শুধুমাত্র উনি ছাড়া আর কেও জানেনা। আর মানুষ কতটুকুই বা জানে(!!)'। তবে ওদের এই প্রচেষ্টা যে একেবারে মাঠে মারা গেছে তা ওরা আমার মুচকি হাসি দেখেই বুঝতে পারে !

7. 7

ভবঘুরে

জুলাই ২০, ২০১০ সময়: ৮:৩৮ অপরাহ্ণ লিঙ্ক

কোরানে এত শত ভুল থাকা সত্ত্বেও যারা নিজেদের জ্ঞানী গুনি বলে দাবী করে তারা এই ভুল জিনিস নিয়ে কেন সারা জীবন পড়ে থাকে সে বিষয়ে গবেষণা করাটা জরুরী হয়ে পড়েছে। আশা করি এ বিষয়ে সত্ত্বর মুক্তমনা সাইটে লেখা পাব।

8. 8

ফারুক

জুলাই ২১, ২০১০ সময়: ১২:১৭ পূর্বাহ্ণ লিঙ্ক

প্রশ্নগুলো মানুষ যখন থেকে প্রশ্ন করা শিখেছে , সেই আদি যুগ থেকেই এ প্রশ্ন নিজেকে ও অন্যকে করে আসছে। দেখা যাচ্ছে এর উত্তর খুজে না পেয়ে এই পোস্টের লেখকের মতো অনেকেই ঈশ্বর বা আল্লাহ অবিশ্বাসীর খাতায় নাম লিখিয়েছে। প্রশ্নগুলোর উত্তর জানা তাদের জন্য কতটুকু জরুরী বা উত্তর জানার জন্য তারা কি পরিমান কষ্ট স্বীকার করেছেন আমার জানা নেই। **তবে আল্লাহ বা ঈশ্বর অবিশ্বাসের ভিতর তারা নিশ্চয় তাদের উত্তর খুজে পেয়েছেন , নইলে কেন তারা অবিশ্বাসী হবেন?**তারা যুক্তিবাদী মানুষ। যুক্তি দিয়ে আমাকে কি কেউ বোঝাতে পারেন আল্লাহ বা ঈশ্বরে অবিশ্বাস করলে কিভাবে হিজড়া সম্প্রদায় সৃষ্টি হবে না বা বিকলাঙ্গ ও অসু স্থ মানুষ সৃষ্টি ও হবে না বা পৃথিবীতে বুদ্ধি প্রতিবন্ধী আর একটাও জন্মাবেনা বা বাংলাদেশে প্রতি বছর বন্যায় আর কেউ ভেসে যাবে না বা আফ্রিকার মরুভূমি, সুদানের দারফুর এসব জায়গায় মানুষ পানির অভাবে আর মারা যাবে না ইত্যাদি ইত্যাদি। উত্তরগুলো কি?



*পৃথিবী*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ২:২৪ অপরাহ্ণ
@ফারুক, ভাইজানের ঈমানে মনে হয় ভালই আঘাত লেগেছে, নইলে এরকম অদ্ভুত একটা প্রশ্ন কেমনে করলেন! ধর্ম দাবি করে ঈশ্বর তাঁর সুনিপুণ দক্ষতায় সবকিছু সৃষ্টি করেছেন। অবিশ্বাসীরা এই দাবিকে প্রত্যাখ্যান করে। ফলাফলে অবিশ্বাসীরা এও প্রত্যাখ্যান করে যে বস্তুজগত পরিকল্পনা করে বানানো হয়েছে। কোন পরিকল্পনা নাই দেখেই তো হিজড়া সম্প্রদায় বা বিকলাঙ্গদের মত মানুষ কোন দোষ না করা সত্ত্বেও অন্যদের থেকে আলাদা হয়ে জন্মাচ্ছে না।

আপনার প্রশ্নের ধরণটা এরকম যে “অবিশ্বাস করে লাভ কি?”। এই প্রশ্নটা তো আপনাদেরকেই আমাদের করার কথা- বিশ্বাস করে লাভ কি? বিশ্বাস করলে কি,

“কিভাবে হিজড়া সম্প্রদায় সৃষ্টি হবে না বা বিকলাঙ্গ ও অসুস্থ মানুষ সৃষ্টি ও হবে না বা পৃথিবীতে বুদ্ধি প্রতিবন্ধী আর একটাও জন্মাবেনা বা বাংলাদেশে প্রতি বছর বন্যায় আর কেউ ভেসে যাবে না বা আফ্রিকার মরুভূমি, সুদানের দারফুর এসব জায়গায় মানুষ পানির অভাবে আর মারা যাবে না ইত্যাদি ইত্যাদি।”

সমস্যাগুলোর সমাধান হবে? দুনিয়ায় তো বিশ্বাসীর অভাব নাই, বিশ্বাসীরা তো বিশ্বাস করতে কত মানুষরেই খুন করে ফেলল, বিশ্বাসীদের বিশ্বাস এত শক্ত হওয়া সত্তেও তো পৃথিবীতে কোন ইতিবাচক পরিবর্তন দেখছি না।

আরেকটা কথা মনে রাখবেন, প্রয়োজনীয়তা দিয়ে বস্তুজগত সম্পর্কে কোন সিদ্ধান্তে উপনীত হওয়া যাবে না, অতএব, একটি বিশ্বাস অতীব গুরুত্বপূর্ণ হলেও তা কোন ক্রমেই স্বতঃসিদ্ধ হবে না। একটা অনাথ শিশু বিশ্বাস করতে পারে তার অনেক টাকা আছে, তাই বলে তো আর আসমান থেকে তার অস্তিত্বহীন ব্যাংক একাউন্টে টাকা নাযিল হবে না।



পৃথিবী এর জবাব:

জুলাই ২১, ২০১০ at ২:২৫ অপরাহ্ণ

@পৃথিবী,

কোন পরিকল্পনা নাই দেখেই তো হিজড়া সম্প্রদায় বা বিকলাঙ্গদের মত মানুষ কোন দোষ না করা সত্ত্বেও অন্যদের থেকে আলাদা হয়ে জন্মাচ্ছে না।

“না” টা বাদ যাবে। মুক্তমনায় অতি সত্তর মন্তব্য সম্পাদনা করার অপশন যোগ করা দরকার।

ফারুক এর জবাব:

জুলাই ২১, ২০১০ at ৩:০৭ অপরাহ্ণ

@পৃথিবী,আমার ঈমান এ আঘাত লাগার সম্ভাবন থাকলে , জেনেশুনে খোলামেলা ধর্মবিরোধী এই সাইটে নিশ্চয় আসতাম না। আমার জানার ইচ্ছা কোন সে জ্ঞান , যা মানুষগুলোকে অবিশ্বাসী করে তুলেছে।



*পৃথিবী*এর জবাব:

জুলাই ২১, ২০১০ at ৮:১১ অপরাহ্ণ

@ফারুক,

১) আপনার ঈমান অক্ষত আছে জেনে খুশি হলাম। বাঙ্গালী তিনবেলা না খেতে পেলেও মোটামুটি ঠিক থাকে, কিন্তু ঈমান না থাকলে বাঙ্গালী বাঁচবে না। আমি চাই না ঈমানের অভাবে বাঙ্গালী মারা যাক।

২) আমার যুক্তির জবাব দিলেন না যে?

৩)

আমার জানার ইচ্ছা কোন সে জ্ঞান , যা মানুষগুলোকে অবিশ্বাসী করে তুলেছে।

যেই "জ্ঞান" এর কারণে মানুষ পঙ্খীরাজ গরুর অস্তিত্বে অবিশ্বাস করে , ঠিক সেই "জ্ঞান" এর কারণেই মানুষ ঈশ্বরের অস্তিত্বে অবিশ্বাস করে। আপনি দাবি করেন আপনার আল্লাহর ব্যাপক ক্ষমতা , আমিও দাবি করি যে আমার পঙ্খীরাজ গরুর অনেক ক্ষমতা। আমি সবজায়গাতেই আমার পঙ্খীরাজ গরুর অস্তিত্ব দেখতে পারছি। আমি কেন আমার গরু বাদ দিয়ে আপনার আল্লাহয় বিশ্বাস করব? অক্সফোর্ডের বিখ্যাত নাস্তিক বিজ্ঞানী রিচার্ড ডকিন্স পঙ্খীরাজ গরু অথবা ইউনিকর্ন, কোনটির অস্তিত্বেই বিশ্বাস করেন না। মুক্তমনার সদস্য অতি সাধারণ এই ব্লগারের তাঁর মত বড় বড় ডিগ্রী না থাকলেও পঙ্খীরাজ গরু অথবা ইউনিকর্নের অস্তিত্বে আমিও বিশ্বাস করি না(খুব সম্ভবত আপনিও করেন না)। পঙ্খীরাজ গরু আর ঈশ্বরের মাঝে ঠিক কি কি পার্থক্য আছে বলে মনে করেন?

অঃটঃ- মুক্তমনায় মন্তব্য করতে থাকলে একসময় আপনার জন্য একাউন্ট সৃষ্টি করে আপনার মেইল একাউন্টে আপনার তথ্য পাঠিয়ে দেওয়া হতে পারে, তখন আপনি লগিন করে মডারেশন ছাড়াই মন্তব্য করতে পারবেন। ইতিমধ্যে যদি এরকম কোন মেইল না পেয়ে থাকেন, তবে আপাতত মন্তব্য করে তার একটি স্ক্রীনশট নিয়ে রাখতে পারেন। জানেন নিশ্চয়, মন্তব্য সাবমিট করার পর টেক্সটবক্সের ঠিক উপরেই মডারেশন সম্পর্কিত একটি বার্তা দেওয়া থাকে। এরপর থেকে অন্যত্র "আমার মন্তব্য মডারেট করে দিয়েছে" মার্কা দাবির স্বপক্ষে জোড়ালো প্রমাণ দেখাতে পারবেন, আপনাদের সদালাপও *অনিচ্ছাকৃতভাবে* শঠালাপে পরিণত হবে না।

*ফারুক*এর জবাব:

জুলাই ২১, ২০১০ at ১০:৫৬ অপরাহ্ণ

@পৃথিবী,১) আপনি ও তো বাঙালী। ঈমান না থাকার কারনে আপনি যখন মরেন নাই , তখন অন্যরা ও মরবে না। সুতরাং অহেতুক ভয় পাচ্ছেন।

২) আমি একটি পরিস্কার প্রশ্ন আপনাদের সামনে রেখেছিলাম। তার উত্তর কই?

৩)

যেই "জ্ঞান" এর কারণে মানুষ পঙ্খীরাজ গরুর অস্তিত্বে অবিশ্বাস করে , ঠিক সেই "জ্ঞান" এর কারণেই মানুষ ঈশ্বরের অস্তিত্বে অবিশ্বাস করে।

সেই জ্ঞানটা কি? সেটাইতো জানতে চাই।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৫:৪৫ অপরাহ্ণ
@ফারুক,

আপনি লেখকের মূল যুক্তি ভুল বুঝেছেন। আপনার প্রশ্নগুলির সাথে লেখকের সমস্যা সামঞ্জস্যহীন। এর কারনও আমি বুঝি। কারন ঈশ্বর আছেন এটা প্রমান করতে আপনি প্রায়ঈ মানুষের পক্ষে প্রান সৃষ্টি সম্ভব হয়নি, কখনো হবেও না এই ধরনের যুক্তি দেন। তাই আপনার চিন্তাও সেই লাইনেরই।

তানভী দাবী করেনি যে অবিশ্বাসবাদ বা না-ঈশ্বর নামক কারো কাছে সে উত্তর খুযে পাবার পরেই সে তাদের মুরিদ হয়েছে।

তার পয়েন্ট হল ঈশ্বরবাদের মুল একটা যে যুক্তি; সুশৃংখল পৃথিবী সেই সুশৃংখলাতার মাঝে অনেক ফাঁক আছে যেগুলি চিন্তা করলে শৃংখলার যুক্তি আর তেমন শক্ত মনে হয় না।

অফ টপিক, কোরানে নারী পুরুষেরর সীমা, অধিকার এসব পরিষ্কার ভাষায় বিভক্ত করা আছে (সেটা কেমন তা এখানে অবান্তর)। হিজড়াদের তৃতীয় লিংগই বলা যায়। এদের সম্পর্কে কোরানিক নির্দেশাবলী কি?



ফারুক এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১১:৩১ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

কারন ঈশ্বর আছেন এটা প্রমান করতে আপনি প্রায়ঈ মানুষের পক্ষে প্রান সৃষ্টি সম্ভব হয়নি , কখনো হবেও না এই ধরনের যুক্তি দেন।

এইটা আপনি কই পাইলেন? ঐ ধরনের যুক্তি আমি কোথাও দিয়েছি বলে মনে পড়ে না , আর আপনি বলছেন আমি প্রায়-ই এই ধরনের যুক্তি দিয়ে থাকি। মনে হয় আপনার ভুল হচ্ছে।

তানভী দাবী করেনি যে অবিশ্বাসবাদ বা না-ঈশ্বর নামক কারো কাছে সে উত্তর খুযে পাবার পরেই সে তাদের মুরিদ হয়েছে।

আমরা তো অনেক কিছুরি উত্তর জানিনা। তাই বলে কি উত্তর না জানলেই তার অস্তিত্বকে অস্বীকার করি। সাধারনত উত্তর না পেলে আমরা তার উত্তর খোজার চেষ্টা করি। যদি কোনদিন ETI (extra terrestrial intelligence) খুজে না পাওয়া যায় , তাহলে কি আমরা চরমপন্থা নিয়ে বলতে পারব , ETI নেই?

তার পয়েন্ট হল ঈশ্বরবাদের মুল একটা যে যুক্তি; সুশৃংখল পৃথিবী সেই সুশৃংখলাতার মাঝে অনেক ফাঁক আছে যেগুলি চিন্তা করলে শৃংখলার যুক্তি আর তেমন শক্ত মনে হয় না।

সুশৃংখল বলতে কি বোঝায়? একটু ব্যাখ্যা করবেন। তাহলে আলোচনা করা যেত ।

আপনার অফ টপিক প্রশ্নের উত্তর জানা নেই। পেলে জানাব।

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:০৫ পূর্বাহ্ণ
@ফারুক,

আমরা তো অনেক কিছুরি উত্তর জানিনা। তাই বলে কি উত্তর না জানলেই তার অস্তি ত্বকে অস্বীকার করি। সাধারনত উত্তর না পেলে আমরা তার উত্তর খোজার চেষ্টা করি। যদি কোনদিন ETI (extra

terrestrial intelligence) খুজে না পাওয়া যায় , তাহলে কি আমরা চরমপন্থা নিয়ে বলতে পারব , ETI নেই?

আপনি একটা জায়গায় খুব ভুল করছেন। বিষয়টা ঠাণ্ডা মাথায় চিন্তা করেন। আমরা অনেক কিছু জানি না। আর জানি না এর মানেই এই নয় কিন্তু ঈশ্বর বা এধরণের কিছুর অস্তিত্ব আছে। যতক্ষণ না ঈশ্বর বা এরকম কিছুর প্রমাণ না পাওয়া যাবে ততক্ষণ এর অস্তিত্ব কেন মেনে নেব ? আর বার বার বলি, যারা ঈশ্বরের অস্তিত্ব দাবি করেন প্রমাণ করার দায়িত্ব তাদেরই, তাই না? আরো সমস্যা আছে, আপইনার কাছে ঈশ্বর বিষয়টা যদি বোধগম্য না হয় তবে ওটা যে দয়াময়, করুণাময় এগুলোও কিন্তু বলতে পারেন না। নাস্তিকরা বলেন না 'ঈশ্বর নেই" তারা ঈশ্বরের অস্তিত্ব ও বৈশিষ্ট্য কোনোটাই প্রমাণিত নয় বলে তাতে বিশ্বাস করেন না।

আমি কোনো যুক্তি ছাড়া যদি বলে উঠি অংবং বলে কেউ মহাবিশ্ব বানিয়েছে তাহলে আপনি কি তা মেনে নিবেন?? আপনার জন্য নিচের বাণী -

"That which can be asserted without evidence, can be dismissed without evidence."
– Christopher Hitchens

ফারুক এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:৫৮ পূর্বাহ্ন
@সৈকত চৌধুরী,
The majority of men live without being thoroughly conscious that they are spiritual beings.
- Soren Kierkegaard
Your vision will become clear only when you look into your heart. Who looks outside, dreams. Who looks inside, awakens. - Carl Jung

There are two kinds of truth, small truth and great truth. You can recognize a small truth because its opposite is falsehood. The opposite of a great truth is another great truth. - Niels Bohr

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:১২ পূর্বাহ্ণ
@ফারুক,

"এইটা আপনি কই পাইলেন? ঐ ধরনের যুক্তি আমি কোথাও দিয়েছি বলে মনে পড়ে না , আর আপনি বলছেন আমি প্রায়-ই এই ধরনের যুক্তি দিয়ে থাকি। মনে হয় আপনার ভুল হচ্ছে। "

- আমার মনে হয় না আমার এত বড় ভুল হচ্ছে। মাত্র কিছুদিন আগেই আমার ব্লগে আপনার সাথে এই নিয়ে বিরাট আলোচনা হয়েছে। "নাস্তিকদের সুখানুভূতি" নামে আপনার লেখায়। সেই লেখা আপনি শেষ করেছিলেন নীচের প্রশ্ন দুটি দিয়ে। এরপরে আপনার সাথে এই অজ্ঞানতার কবল থেকে বাঁচতে ঈশ্বরের অস্তিত্ব আবিষ্কার - এই যুক্তি নিয়ে বহু কথা হয়েছে, শুধু আমার সাথেই নয়, অন্য আরো ক'জনার সাথে। আপনার মনে না থাকলে এখানে দেখে নিতে পারেন।

") শুন্য থেকে পদার্থ/শক্তি কিভাবে সৃষ্টি হলো ? আমরা বিগ ব্যাঙ থিওরি , the quasistatal theory, the continuous generation theory, the planetessimal theory এরুপ অনেক থিওরির কথাই শুনতে পাই। কেউ কি বলবেন , কোন থিওরিটি সকলের কাছে সর্বাপেক্ষা গৃহিত ও সবচেয়ে সুন্দরভাবে ব্যাখ্যা করেছে শুন্য থেকে পদার্থ/শক্তি সৃষ্টির রহস্য এবং কেন ?

২) কোন প্রক্রিয়ার মাধ্যমে প্রথম জীবনের বা জীবিত কোষের উন্মেষ ঘটেছিল পৃথিবীতে ? জীবন বা কোষের প্রজনন ও টিকে থাকার জন্য প্রয়োজনীয় প্রথম বা আদি ডিএনএ'র সংশ্লেষন বা synthesis কিভাবে হয়েছিল?

কারো যদি এর উত্তর সন্দেহাতীতভাবে জানা থাকে , তবে তার কাছে অনুরোধ আত্মপ্র তারনা না করে , নিশ্চিত হোন , আপনি নিজেই সন্তুষ্ট কিনা এই উত্তরে।

- আপনি প্রমান করার চেষ্টা করছিলেন যে যেহেতু মানুষ উপরের কারন দুটি এখনো ব্যাখ্যা করতে পারছে না তাই ঈশ্বর আছে।

"আমরা তো অনেক কিছুরি উত্তর জানিনা। তাই বলে কি উত্তর না জানলেই তার অস্তিত্বকে অস্বী কার করি। সাধারনত উত্তর না পেলে আমরা তার উত্তর খোজার চেষ্টা করি। যদি কোনদিন ETI (extra terrestrial intelligence) খুজে না পাওয়া যায় , তাহলে কি আমরা চরমপন্থা নিয়ে বলতে পারব , ETI নেই?"

- ঠিক। মানি। ঠিক একই কারনে কেয়ামত পর্যন্তই আমাদের মেনে নিতে হবে যে এখনো মা কালি, মামদো ভুত, খোক্কসের ছাও, এই জাতীয় চরিত্রদের অস্তিত্ব প্রমান করতে না পারলেও অপ্রমানও করতে পারিনি। কাজেই সম্ভাবনার বিচারে তারা বহাল তবিয়তে বিরাজমান - এই তথ্য হজম করেই আমাদের পরপারে পাড়ি দিতে হবে। আপনি নিশ্চয়ই আপনার নিজের যুক্তিতেই চরমপন্থী হবেন না।

সুশৃংখলা বলতে কি বোঝাও বোঝেন না ? তাও আবার ধর্মবাদী হিসেবে? এটা তো ঈশ্বরের অস্তিত্বের স্বপক্ষে গ্রাম্য মোল্লা মাওলানারাও আকছার বলে বেড়ায়।

কি সুন্দর দুনিয়া, কি সুন্দর সব নিয়মের উপর চলছে...দিন আসে রাত নামে, সব নিয়মে বাধা ২৪, সূর্যের চারদিকে পৃথিবী ঘুরে...এইবার আশা করি বুঝতে পারছেন।

9. 9

একজন নির্ধর্মী

জুলাই ২১, ২০১০ সময়: ১:১৩ পূর্বাহ্ণ লিঙ্ক

ফ-তে ফান।
কিন্তু এমন পোস্টে ফ-দ্বয় (ফরহাদ সাহেব, আপনেরে কই নাই!) অনুপস্থিত কেনু ? :-/

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৭:৩৫ পূর্বাহ্ণ
@একজন নির্ধর্মী,
না না, ফ তে ফায়ার, আপনারা আসুন

10. 10

সৈকত চৌধুরী

জুলাই ২১, ২০১০ সময়: ৭:৫৩ পূর্বাহ্ণ লিঙ্ক

তানভী তো জটিল করে ফেলছে।

শুধু বিনোদনের জন্য দুটো আয়াত পড়েন-

আমি নূহ্ কে তাঁর সম্প্রদায়ের নিকট প্রেরণ করেছিলাম। সে তাদের নিকট অবস্থান করেছিলো পঞ্চাশ কম হাজার বছর।(২৯ : ১৪)

অর্থাৎ নূহ ৯৫০ বৎসরের বেশি সময় বেচেছিলেন।

আর তিনি(আল্লাহ) সমস্ত আসমান ও জমিন সৃষ্টি করিয়াছেন ছয় দিনে , তখন তাহার আরশ(সিংহাসন) পানির উপর ছিল। (১১ : ৭)

যারা আরবি জানেন তারা আরো বেশি বিনোদন পাবেন।

*ফরহাদ*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৯:৪৯ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

তখন তাহার আরশ(সিংহাসন) পানির উপর ছিল।

পানি কিসের উপর ছিল?

*সৈকত চৌধুরী*এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:১৮ পূর্বাহ্ণ
@ফরহাদ,

পানি দিয়া তিনি কি করিতেন ঠিক জানি না, তবে আমার মনে হয় তিনি পানিতে নামিয়া মাঝে মাঝে আপন মনে সাঁতার কাটিয়া বেড়াইতেন।

আর পানির সাথে তার একটা যোগ রহিয়াছে, কোরান হইতে জানা যায়- তিনি পানি হইতেই মানুষকে সৃষ্টি করিয়াছেন।

পানি কিসের উপর ছিল?

তানভীর শপথ, উক্ত পানি ছিল মহান কুদরতের উপরে। যাহাতে রহিয়াছে ঈমানদের জন্য বিশেষ নিদর্শন।

অভিজিৎ এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:২৮ পূর্বাহ্ন
@ফরহাদ,

> পানি কিসের উপর ছিল?

অবস্থাদৃষ্টে মনে হচ্ছে পানিই আদি কারণ। কোয়ান্টাম ফ্লাকচুয়েশন থেকে যে ফোম তৈরি হয়েছিল... সেটাই আসলে পানি। আপনারা কিছু বোঝেন না।

সৈকত, লালপানি পেটে পড়লে বুঝবা ... আরশ(সিংহাসন) পানির উপর থাকে, আর পানি কিসের উপরে থাকে!

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২৩, ২০১০ at ৭:৩২ অপরাহ্ন
@অভিজিৎ,

> **লালপানি পেটে পড়লে বুঝবা** ... আরশ (সিংহাসন) পানির উপর থাকে, আর পানি কিসের উপরে থাকে!

আল্লাহই জানে দোজখে আমাদের ডিনারের লিষ্টে কী কী আছে। শুনেছি বেহেস্তিদের ডিজার্ট মেনুতে :cigarette: এমন কি হুক্কাও থাকবে। মাশাল্লাহ, মাশাল্লাহ।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২৩, ২০১০ at ৮:৩২ অপরাহ্ন

@আকাশ মালিক,

বেহশতে কিন্তু সুরাও আছে বলে একটি আয়াত নাকি হাদীসে দেখেছি।

11. 11

সৈকত চৌধুরী

জুলাই ২১, ২০১০ সময়: ৩:১৯ অপরাহ্ণলিঙ্ক

আরেকটা প্রশ্ন - আল্ল্যা জানেন কাকে কি প্রবৃত্তি দিয়া বানাইলে কে কি করবে। তাহলে তিনি কেন এমন প্রবৃত্তি দিয়া সকল মানুষকে বানালেন না যাতে তারা হন্য হইয়া আল্ল্যা খোঁজে। তা না , মানুষকে দেখা যায় সাধারণত পারিবারিক ভাবে যে ধর্ম পায় ওইটা নিয়া বসে থাকতে। কোন মানুষ কি করবে তা যদি আল্লুয়া জানেন তাহলে যারা অকর্ম করিয়া বেড়াইবে তাদেরকে বানালেন কোন যুক্তিতে ? :-/

আল্লা পরম করুণাময়, অসীম দয়ালু। আবাল না হইয়া এ কথাটি মেনে নেয়া আদৌ সম্ভব কি না জানি না। আল্ল্যা বেশির ভাগ মানুষকে দোজখে অনন্ত কাল জ্বালানোর ব্যবস্থা করেছেন। মানুষ পূড়ে মরলে , ডুবিয়া মরলে এমনকি হজ্জ্বে গিয়ে পদতলে পিষ্ট হয়ে মরলেও আল্লা ক্ষমতা থাকা সত্ত্বেও সাহায্য করে না। তাহলে কোন যুক্তিতে তারে লোকেরা 'পরম করুণাময়, অসীম দয়ালু' বলিয়া প্রচার করে? যারা এরকম বলিয়া বেড়ায় এদের কি লজ্জা-শরম নাই? খালি পিডাইতে মন চায়!

আর ভাই একখান দুঃখের কথা কই। ক্লাস এইটের পরীক্ষায় গণিতে সামান্যের জন্য লেটার(A+) মার্ক মিস হয়ে যাচ্ছে দেখে আমি তো আর মসজিদ থেকে আসি না। মা বারবার লোক পাঠাইয়া ব্যর্থ হইলেন। শেষে আব্বা গিয়া ইমাম সাহেবের সহযোগে আমাকে উদ্ধার করিলেন। কিন্তু বাসায় এসেও নামাজ কালাম তো আর বন্ধ হয় না। শেষে ৩ মার্কের জন্য লেটার আর পেলাম না । তখন সর্ব প্রথম বুঝতে পেরেছিলাম যে আল্লারে পিডানোর দরকার কোনো সময় হইতেও পারে।

12. 12

ভবঘুরে
জুলাই ২২, ২০১০ সময়: ১২:৪৩ পূর্বাহ্ণ লিঙ্ক

আসলে বিশ্বাসের সাথে যে যুক্তি তর্ক চলে না তা আমরা অনেক সময় বুঝতে পারি না। বিশ্বাস আর যুক্তি তর্ক একে অন্যের বিপরীত। যেমন ভাল এর বিপরীত মন্দ। আমি বিশ্বাস করলাম যে বাংলাদেশের মাটীর পাচ শ কিলোমিটার নীচে বিশাল সোনার খনি আছে। এখন এটা প্রমান বা অপ্রমান কোনটাই করা যায় না। কারন অত নীচে সোনার খনি যে নেই তা কেউ প্রমান করতে পারবে না , মাটীর অত নীচে যাওয়ার মত প্রযুক্তি এখনও আবিষ্কার না হওয়ার কারনে। তবে যুক্তি বিদ্যা বলে কেউ কোন কিছু প্রস্তাব করলে তা প্রমানের দায়ীত্ব তার। সুতরাং এটা আমারই দায়ীত্ব প্রমান করা যে আমার প্রস্তাবটা সত্য বা যুক্তি যুক্ত। কিন্তু আমি সেটা করতে যাবো না তার কারন আমি তো বিশ্বাস করি। তবে একটা অদ্ভুত মানসিকতা আমরা আস্তিকদের মধ্যে প্রত্যক্ষ করি, তা হলো তারা যুক্তি বিদ্যার সম্পূর্ন বাইরে গিয়ে তাদের প্রস্তাব বা বিশ্বাস টি প্রমানের দায়ীত্ব অন্যদের ওপর চাপিয়ে দেয় , তা করে তারা যে যুক্তিবিদ্যার প্রধান শর্ত লংঘন করছে তা তাদের মাথায় আসে না। তাদের মাথায় আসে না এটা আস্তিকদেরই দায়ীত্ব প্রমান করা যে সৃষ্টি কর্তা আছে। যে কারনে বিশ্বাসী লোকদের সাথে যুক্তি তর্ক করা এক কথায় অর্থহীন। আর সেটাকে ঠিক যুক্তি তর্ক বলাও যায় না। তবে মনে হয় তাদেরও তেমন দোষ দেয়া যায় না। কারন কোরানে বার বার হুশিয়ার করে দেয়া হয়েছে আল্লাহ ও তার রসুলকে বিশ্বাস না করলে দোজখে কি পরিমান আগুনে পুড়ে যন্ত্রনা পেতে হবে। যে কারনে খোদ নবী পর্যন্ত বেশী প্রশ্ন না করতে বলে গিয়েছেন। ইমান বা অন্ধ বিশ্বাস তাই ইসলামের প্রধান স্তম্ভ। আসলে মোহাম্মদ সত্যি খুব বেশী বুদ্ধিমান ও দুরদর্শী ছিলেন একথা স্বীকার করতেই হবে। তিনি খুব ভালই জানতেন মানুষকে বেশী প্রশ্ন করার সুযোগ দিলে একসময় তার প্রচারিত ইসলাম ও আসমানী কিতাবের জারিজুরি সব ধরা পড়ে যাবে। আর তাই তিনি মানুষকে বেশী প্রশ্ন না করে অন্ধ ও নি:শর্ত বিশ্বাস করার জন্য কঠোর ভাবে নির্দেশ দিয়ে গেছেন।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২৩, ২০১০ at ৬:৪৪ অপরাহ্ণ
@ভবঘুরে,

আমি নিজে আস্তিক হলেও আস্তিক নাস্তিক বিতর্কে এই একটিমাত্র কারনেই নাস্তিকদের মত কথাবার্তা বলতে হয়।

আস্তিকেরা যখন ঈশ্বর অ-প্রমানের দায় নাস্তিক বা বিজ্ঞানীদের উপর চাপিয়ে বিজয়ীর হাসি হাসেন তখন দুটি কথা বলা উচিত বলে মনে করি।

আস্তিকেরা কোন এক অবোধ্য কারনে ঈশ্বরে বা ধর্মের ভিত যে বিশ্বাসে, যুক্তিতে নয় এ সরল সত্যটি হাস্যকরভাবে এড়াতে চান।

13. 13

মনির হাসান

জুলাই ২৩, ২০১০ সময়: ৩:১৭ অপরাহ্ণলিঙ্ক

হা হা হা হা হা ... পোস্ট পড়ে ক্ষ্যাত পাঠকের মত বলতে ইচ্ছা করছে “পুরাই গুল্লি”

<u>**সমাপ্ত**</u>

http://mukto-mona.com/bangla_blog/?p=10493

পরিকল্পিত ডিজাইনঃ God Must Be Crazy

তারিখ: ৩১ ভাদ্র ১৪১৭ (সেপ্টেম্বর ১৫, ২০১০)

লিখেছেন: হোরাস

- আল্লাহ যা ইচ্ছা সৃষ্টি করেন। নিশ্চয়ই আল্লাহ সবকিছু করতে সক্ষম।

- Allah creates what He pleases; surely Allah has power over all things.

সূরা নূর- আয়াত নং-৪৫(২৪ : ৪৫)

পৃথিবীর সবগুলো প্রধান ধর্মেই মানুষ কিংবা অন্যান্য প্রাণীদের উৎপত্তি সম্পর্কে মোটামুটি ভাবে ইশ্বরকে এভাবেই গুনান্বিত করা হয়েছে। এ মহাবিশ্বের সবকিছুই তার সুপরিকল্পিত ডিজাইনের ফলাফল। আজকের পোস্টে আমরা প্রকৃতিতে -প্রাণীজগতে জন্ম/সৃস্টি প্রক্রিয়ায় ঘটে এমন কিছু ঘটনা যা ইশ্বর কতৃক সুপরিকল্পিত ভাবে ডিজাইন করা সেরকম কিছু ঘটনা সম্পর্কে অবহিত হব। ।

প্রাণীজগতে শিশুহত্যা (Infanticide) এবং সহোদর হত্যা (Siblicide) অহরহই ঘটে। জন্মের পরপরই, যখন বাবা-মা কিংবা অন্য সদস্যরা উদ্দেশ্যপ্রনোদিত ভাবে কোন শিশুকে হত্যা করে তখন তাকে Infanticide বলে। আর এই হত্যা যখন ভাই-বোনের হাতে ঘটে তখন তাকে বলা হয় Siblicide। Siblicide কখনও কখনও মাতৃ গর্ভে থাকতেই ঘটে থাকে।

আগে এ ঘটনাগুলোকে ব্যতিক্রম হিসাবে মনে করা হলেও বিজ্ঞানীদের দীর্ঘ দিনের পর্যবেক্ষণ থেকে আমরা জানতে পারছি যে এই ধরণের হত্যার ঘটনা অনেক স্তন্যপায়ী প্রাণী, পাখী, মাছ, কিংবা কীট পতঙ্গের মধ্যে আসলে বহুল প্রচলিত। পুরো প্রাণীজগতেই জন্মের পরপরই কিংবা শিশু অবস্হাতেই সহোদরদের মধ্যে প্রতিযোগীতা দেখা যায় যা কিনা পরবর্তীতে হত্যার মাধ্যমে নিষ্পত্তি হয়। অনেক সময়ই এই হত্যাকান্ডে মা-বাবা অংশগ্রহণ করে অথবা এটাকে ঠেকাতে কোন ভূমিকাই রাখে না। কিছু উদাহরণ দেখা যাকঃ

১) **স্যান্ড শার্কঃ** মায়ের গর্ভে থাকা অবস্হাতেই শিশু হাঙরেরা একজন আরেকজনকে আক্রমণ করে হত্যা করে এবং তাদের খেয়ে ফেলে যা তাদের পুষ্টি জোগায়। শুরুতে ২০টির মত শিশু হাঙর মায়ের গর্ভে বড় হতে শুরু করলেও ভূমিষ্ঠ হওয়ার আগে একটি মাত্র স্যান্ড শার্কের শিশু বেঁচে থাকে। যে শিশু হাঙরটি ভূমিষ্ঠ হয় তার সম্পর্কে অবধারিত ভাবেই বলা যায় যে সে তার অন্যান্য ১৯টির মত ভাই-বোনকে মায়ের গর্ভেই হত্যা করেছে। এদের জন্মের শুরুই হয় সহোদর ভাই কিংবা বোনকে হত্যা এবং ভক্ষণের মাধ্যমে।



ভিডিও:

২) **ব্লু ফুটেড বুবিজঃ** জন্মের পরপরই ভাই বোনদের হত্যার ঘটনা সবচেয়ে বেশী দেখা যায় সামুদ্রিক পাখীদের মধ্যে। এই পাখীদের সব সময় তা দিতে সক্ষম এমন সংখ্যার চেয়ে একটি বেশী ডিম পাড়ে। এর পর যেটা ঘটে তা নির্ভের করে নির্দিষ্ট প্রজাতির পাখী এবং খাদ্যের পর্যাপ্ততার উপর। ব্লু ফুটেড বুবিসদের মধ্যে সহোদর হত্যার ঘটনা শুরু হয় যখন সবচাইতে বড় বাচ্চাটি স্বাভাবিকের চাইতে ২০ ভাগের বেশী ওজন কমে গেলে। বড় বাচ্চাটি তখন তার ছোট ভাই-বোনদের ঠোকর দিতে দিতে মেরে ফেলে অথবা বাসা থেকে বের করে দেয়। ফলশ্রুতিতে ছোট বাচ্চাটি খাদ্যের অভাবে কিংবা অন্য প্রাণীদের আক্রমণের শিকার হয়ে মারা যায়। যতগুলো প্রজাতির পাখীর মধ্যে এই ঘটনা লক্ষ্য করা যায় তাদের সবার মধ্যে যে মিলটা খুব বেশী দেখা যায় তা হলো বড় বাচ্চাদের হাতে ছোট বাচ্চারা নিহত হয়। আরও আশ্চর্য্যজনক ঘটনা হলো বাবা-মা এই হত্যা ঠেকানোর কোন প্রচেষ্টাই নেয় না। প্রকৃতপক্ষে বাবা-মাও কখনও কখনও এই হত্যায় অংশগ্রহণ করে। বড় বাচ্চাটি যখন ছোটবাচ্চাটিকে ঠুকরিয়ে বাসা থেকে বের করে দেয় বা বা কিংবা মা পাখিটি তখন ছোট বাচ্চাটির বাসায় ঢোকার প্রচেষ্টাকে প্রতিহত করে। ব্লু ফুটেড বুবিস পাখিদের ক্ষেত্রে এই হত্যা প্রচেষ্টা একটি দলগত প্রচেষ্টা বা টীম এফোর্ট।

৩) **কোকিলঃ** যত ধরণের প্রজাতির মাঝে শিশুহত্যার প্রবণতা দেখা যায় তাদের মধ্যে কোকিলকে নিঃসন্দেহে চ্যাম্পিয়ন হিসাবে ধরা যায়। মা কোকিল অন্য পাখীদের বাসায় ডিম পাড়ে। একটি পাখীর বাসায় একটিই ডিম। কোকিল শিশু ডিম থেকে ফুটে বের হওয়ার সাথে সাথেই সে যে কাজটি করে তা হলো অন্য ডিমগুলোকে বাসা থেকে ফেলে দেয়া, এমনকি জন্ম নেয়া বাচ্চাকেও। শিশু কোকিলের পিঠে বিশেষ ধরণের একটি গর্তের মত থাকে যেটা তাকে ডিমগুলোকে দুই ডানার মাঝের খাঁজে উঠাতে সাহায্য করে এবং পাখির বাসার কার্নিশের উপর দিয়ে ফেলে দিতে সাহায্য করে। কোকিল শিশুরা এই কাজটি সহজাত প্রবৃত্তির বশেই করে থাকে। আর এই কাজটা সে করে ডিম থেকে ফুটে বের হওয়ার সাথে সাথেই যখনও কিনা তার চোখ ফুটেনি বা অন্ধ অবস্হাতেই।

Cuckoo

৪) **মৌমাছিঃ** রাণী মৌমাছি মারা যাওয়ার পর লার্ভাগুলো একটি বিশেষ রাজকীয় সেল-এ বিশেষ যত্নে লালিত হতে থাকে। এই সেল সাধারণ অন্যান্য সেল থেকে বড় হয়ে থাকে। লার্ভা গুলিকে সাধারণ কর্মী মৌমাছিরা বিশেষ ধরনের খাবার খাইয়ে বাঁচিয়ে রাখে। এদেরই একজন হয়ে উঠবে ভবিষ্যতের রাণী। কিন্তু অবাক করা ঘটনা হলো প্রথম ভবিষ্যত রাণী মৌমাছিটা লার্ভা থেকে পিউপাতে পরিণত হওয়ার সাথে সাথেই সে অন্যান্য প্রতিদ্বন্দী সহোদরাদের, এক্ষেত্রেও প্রায় বিশটির মত, হুল ফুটিয়ে মেরে ফেলে। একজনও তার হাত থেকে নিস্তার পায় না। এভাবেই সে তার সব বোনদের যারা তার প্রতিদ্বন্দী হয়ে উঠতে পারে তাদেরকে সে নিশ্চিহ্ন করে দেয়।

৫) **প্যারাসিটোয়েড বোলতাঃ** আরেকটা চরম উদাহরণ হলো এই পয়ারাসিটয়েড বোলতারা যারা কিনা নিজেরা প্যারাসিটিক না কিন্তু অন্য একটি হোস্ট দেহে ডিম পাড়ে এবং সেই হোস্টের দেহেই বাচ্চারা খেয়ে-দেয়ে বড় হয়। মা বোলতা একটি শুঁয়োপোকাকে হুল ফুটিয়ে প্যারালাইজড করে ফেলে এবং সেটার দেহে দুটি ডিম পাড়ে। একটি মেয়ে এবং একটি ছেলে ডিম।
শুযোপোকার দেহে তৈরী হয় বাচ্চাদের জন্য একটি নার্সারী যাতে রয়েছে সীমিত খাদ্য সরবরাহ। মা বোলতা ডিম পেড়ে চলে যাওয়ার পর আর কখনও ফিরে আসে না। এই ডিম দুটো দ্রুত একটা ক্লোনিং পর্যায়ের মধ্য দিয়ে যায় যাকে বলা হয় পলিএমব্রয়নি, যা থেকে ২০০'র মত যমম ভাই এবং প্রায় ১২০০'র মত যমম বোন জন্ম নেয়। এর মধ্যে থেকে ৫০টির মত বোন খুব দ্রুত বড় হয়'। এদের দেহের তুলনায় বিশাল বড় একটি চোয়াল তৈরী হয় এবং এদের কোন সেক্স অর্গান থাকে না। তাই এদের নিজেদের প্রজননেরও কোন সম্ভাবনাও থাকে না। এরা নিজেদের ভাইগুলোকে খেতে শুরু করে। যে ভাইটি আগে পিউপাতে পরিনত হয় সে অন্যান্য ভাইদের পিউপাতে পরিণত হওয়ার আগেই নিজেদের বোনদেরকে নিষিক্ত করা শুরু করে। একেকটি ভাই বোলতা বহুসংখ্যক বোনকে নিষিক্ত করার ক্ষমতা রাখে।

বড় চোয়াল ওয়ালা বোনরা শেষপর্যন্ত অল্প কয়েকটি ভাইকে জীবিত রাখে যাতে হোস্ট শুঁয়োপোকার দেহের সীমিত খাদ্য সরবরাহ বোনগুলোর বড় হওয়া পর্যন্ত পর্যাপ্ত থাকে। আরও অবাক হওয়ার মত ঘটনা হলো মা বোলতাটি হুল ফুটিয়ে প্যারালাইজ করা থেকে বাচ্চারা বড় হওয়া পর্যন্ত শূঁয়োপোকাটি জীবিত থাকে। এতে করে বাচ্চাদের খাবার পচে যায় না। কি অবাক কান্ড!!!!

৬) **সিফাকা লিমার:** পুরুষ সিফাকা লিমারেরা শিশু হত্যার অভিনব পন্থা অবলম্বন করে থাকে। মেয়ে লিমারদেরকে মনঃসংযোগ নস্ট করে তাদের কোল থেকে শিশুকে ছিনিয়ে নেয়ার জন্য তারা অদ্ভূত কিছু কাজ করে যেমন মেয়েটির কাঁধ কিংবা বাহুতে কামড় দেয়া। মেয়ে লিমারটির কোলের শিশু অরক্ষিত হয়ে পরলে ছেলে লিমারটি শিশু লিমারটিকে মায়ের কাছ থেকে ছিনিয়ে নিয়ে পেট দুভাগ করে মাটিতে ফেলে দেয়। বলাই বাহুল্য শিশু লিমারটি সংগে সংগে মারা যায় না। তাকে ভোগ করতে হয় একটি দীর্ঘ বেদনাদায়ক মৃত্যু।
সিফাকা লিমারই শুধু নয় এরকম ২০টি প্রজাতির প্রাইমেট এবং প্রোসিমিয়ানদের (লোয়ার প্রাইমেট) ক্ষেত্রে জীববিজ্ঞানীরা শিশুহত্যার প্রচলন পর্যবেক্ষন করেছেন।

উপরেল্লিখিত প্রজাতি ছাড়াও আরও বহু প্রাণী, মাছ কিংবা কীটপতঙ্গের জন্ম এবং জীবন ধারণের প্রক্রিয়ার সাথে শিশুহত্যা এবং সহোদর হত্যার প্রক্রিয়া অঙ্গাঙ্গী ভাবে জড়িত। যেমন স্পটেড হায়েনা, মাগেলানিক পেঙ্গুইন, রয়াল পেঙ্গুইন, আমেরিকান কুটস (পাখি) , ইউরোপীয়ান কালো সারস, বটল নোজ ডলফিন, ম্যাকাকি বানর, হনুমান, সিংহ, এবং প্রায় সব ধরণের প্যারাসিটোয়েড বোলতা ছাড়াও আরও অনেক অনেক প্রাণী।

সৃস্টিকর্তা কেন এই প্রাণিগুলার ক্ষেত্রেই এমন কস্টদায়ক এবং জটিল পরিকল্পনার আশ্রয় নিয়েছেন তার কোন ব্যাখ্যা করা যায় না তবে জীব বিজ্ঞানীরা দাবী করে থাকেন এই ঘটনাগুলোর তাৎপর্য্য নাকি বিবর্তন তত্ত্ব দিয়ে অত্যন্ত পরিস্কার ভাবে ব্যাখ্যা করা যায়।

সূত্র:
১) আল-কোরান
২) বর্ন টু রেবেল - ফ্রাঙ্ক জে সালোওয়ে
৩) উইকি
৪)গুগল ইমেজ
৫) টাইটেলের ইংরেজী অংশটুকু ৮০'র দশকে সারা দুনিয়া ব্যাপী বিপুল জনপ্রিয় "The Gods must be crazy" মুভি সিরিজ থেকে ধার করা হয়েছে।

কমেন্ট

1. shaibal

সেপ্টেম্বর ১৫, ২০১০ সময়: ৯:৫১ অপরাহ্ণ লিঙ্ক

"সৃস্টিকর্তা কেন এই প্রাণিগুলার ক্ষেত্রেই এমন কস্টদায়ক এবং জটিল পরিকল্পনার আশ্রয় নিয়েছেন তার কোন ব্যাখ্যা করা যায় না তবে জীব বিজ্ঞানীরা দাবী করে থাকেন এই ঘটনাগুলোর তাৎপর্য্য নাকি বিবর্তন তত্ত্ব দিয়ে অত্যন্ত পরিস্কার ভাবে ব্যাখ্যা করা যায়।"

সৃস্টিকর্তাকে দেখি কয়েকদিন পর সিংহ কেন অন্য প্রানিদের খাবে তা জন্য জবাবদিহি করতে হবে। চালায় যান



হোরাস এর জবাব:

সেপ্টেম্বর ১৫, ২০১০ at ১০:৪৩ অপরাহ্ণ

@shaibal, আপনার জন্যই পোস্টটা। পোস্টের মূল বক্তব্য রেখে সম্পূর্ন ভিন্ন একটা বিষয়ে মন্তব্য আপনাদেরই মানায়।

কোরানের কোন আয়াত নাই, কিংবা হাদীস? আমাকে একটু দিক নির্দেশনা দ্যননারে ভাই। জানার খুব শখ।

নৃপেন্দ্র সরকার এর জবাব:

সেপ্টেম্বর ১৫, ২০১০ at ১১:২০ অপরাহ্ণ

@হোরাস,

সৃস্টিকর্তা কেন এই প্রাণিগুলার ক্ষেত্রেই এমন কস্টদায়ক এবং জটিল পরিকল্পনার আশ্রয় নিয়েছেন তার কোন ব্যাখ্যা করা যায় না

ভিন্ন ভিন্ন ধর্মের মানুষই ভিন্ন ভিন্ন অস্তিত্বহীন সৃষ্টকর্তা বানিয়েছে। অস্তিত্বহীনদের কাছ থেকে ব্যাখায় আশা করার কোন মানে নেই।

ব্যাখ্যা দিতে হবে মানুষকেই। বিবর্তন দিয়ে মানুষই ব্যাখ্যা দিচ্ছে।

তবে জীব বিজ্ঞানীরা দাবী করে থাকেন এই ঘটনাগুলোর তাৎপর্য্য নাকি বিবর্তন তত্ত্ব দিয়ে অত্যন্ত পরিস্কার ভাবে ব্যাখ্যা করা যায়।



হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ৭:৪৮ পূর্বাহ্ণ

@নৃপেন্দ্র সরকার, আপনি যে কথাটা বলেছেন সেটা আমিও মানি। আসলে আমার লেখার টার্গেট অডিয়েন্স হচ্ছে বিশ্বাসীরা। তাই বিবর্তনীয় ব্যাখ্যার দিকে যাইনি। কারণ আমরা যারা অলরেডি বিবর্তন তত্ব মেনে নিয়েছি তাদের কাছে এই ইনফর্মেশন গুলো নতুন হলেও আমাদের মনে নতুন করে কোন ভাবনা জাগাবে না।

আর তাই চিন্তার ভারটা তাদের হাতে ছেড়ে দিতেই উপসংহারটা ওভাবে লিখেছি। ধন্যবাদ।

ফাহিম রেজা এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ৫:১৫ পূর্বাহ্ণ

@shaibal,

সৃস্টিকর্তাকে দেখি কয়েকদিন পর সিংহ কেন অন্য প্রানিদের খাবে তা জন্য জবাবদিহি করতে হবে | চালায় যান

খামাখাই চিন্তা করে নিজের মস্তিষ্কের কোষগুলো নষ্ট করছেন কেন? এই মুক্তমনা এবং হোরাসের মত লোকেরা যতই জাবদিহি চেয়ে যাক না কেন সৃষ্টিকর্তা যে কোন কিছুরই জবাব দিবেন না তা নিয়ে তো সন্দেহের কোন অবকাশই নেই। আপনিও তার মত মূক এবং বধির হয়ে যান দেখবেন আর কোন সমস্যাই থাকবে না।



হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ৭:৪৯ পূর্বাহ্ণ

@ফাহিম রেজা, হা হা .... খুব ভালো একটা পরামর্শ দিয়েছেন।

আকাশ মালিক এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ৪:৫৬ অপরাহ্ন
@shaibal,

এখানে দেখুন আল্লাহর কুদরত -

httpv://www.youtube.com/watch?v=DbvDQjhO9nY&NR=1



তাসকীন এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০১০ at ৯:৪১ পূর্বাহ্ন
@আকাশ মালিক, বিশ্বাসীদের মতে সৃষ্টিকর্তা সবকিছু সৃষ্টি করেছেন।
অবিশ্বাসীদের মতে প্রকৃতি সৃষ্টি করেছে সবকিছু।
বিশ্বাসীদের মতে সবকিছু সৃষ্টিকর্তার ডিজাইনড এবং অরিয়েন্টেড।
অবিশ্বাসীদের মতে বিবর্তনবাদ।প্রকৃতির কি ইন্টেলিজেন্স আছে ? যদি থেকে থাকে তাহলে বিশ্বাসীদের সৃষ্টিকর্তার মতো অবিশ্বাসীদের প্রকৃতিও কি দায় নেবে না ??

ব্লাডি সিভিলিয়ান এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০১০ at ৮:৫৫ অপরাহ্ন
@তাসকীন,

প্রকৃতির কি ইন্টেলিজেন্স আছে ? যদি থেকে থাকে তাহলে বিশ্বাসীদের সৃষ্টিকর্তার মতো অবিশ্বাসীদের প্রকৃতিও কি দায় নেবে না ??

নিজেই প্রশ্ন করে নিজেই উত্তর দিচ্ছেন যে? ধর্মগ্রন্থগুলোর বহুবিশেষণমণ্ডিত ঈশ্বর আর অবিশ্বাসীদের পর্যবেক্ষণলব্ধ প্রাকৃতিক শক্তি এক পাল্লায় ফেলা ঈশ্বরবিশ্বাসীদের প্রিসেট মাইন্ড কন্ডিশনের ফলাফল। যার বুদ্ধিমত্তা বা বিশেষ লক্ষ্য নিয়ে প্রাণসৃষ্টি বা এতে বৈচিত্র্যসৃষ্টির কোন কারণ নেই বলেই আপনি বুঝছেন, তাকে দায়ী করার প্রশ্ন আসে কেন?

*অভিজিৎ*এর জবাব:

সেপ্টেম্বর ১৭, ২০১০ at ৯:৪৭ অপরাহ্ণ

@তাসকীন,

অবিশ্বাসীদের মতে প্রকৃতি সৃষ্টি করেছে সবকিছু।
বিশ্বাসীদের মতে সবকিছু সৃষ্টিকর্তার ডিজাইনড এবং অরিয়েন্টেড।
অবিশ্বাসীদের মতে বিবর্তনবাদ।প্রকৃতির কি ইন্টেলিজেন্স আছে ? যদি থেকে থাকে তাহলে বিশ্বাসীদের সৃষ্টিকর্তার মতো অবিশ্বাসীদের প্রকৃতিও কি দায় নেবে না ??

দায়ভার নেয়ার ব্যপারটি বুঝতে হলে আপনাকে বিবর্তন বুঝতে হবে। বিশ্বাসীরা যেমন ঈশ্বরকে এবং তার সৃষ্টির প্রক্রিয়াকে নিঁখুত, সুন্দর, মনোহর ইত্যাদি মনে করেন, বিজ্ঞানীরা কিন্ত বিবর্তনকে সেরকম কিছু মনে করেন না। বিবর্তন ঈশ্বরের সৃষ্টির মতো কোন 'নিখুঁত' প্রক্রিয়া নয়। বিবর্তন প্রাণহীন, অবচেতন এবং অন্ধ। কোন 'নিঁখুত সৃষ্টি'র উদ্দেশ্য নিয়ে বিবর্তন কাজ করেনা। সেজন্যই আমাদের আমাদের অক্ষিপটের ঠিক সামনে এই স্নায়ুগুলো জালের মত ছড়ানো থাকে বলে অন্ধবিন্দুর (blind spot) সৃষ্টি হয়। আমাদের প্রত্যেকের চোখেই এক মিলিমিটারের মত জায়গা জুড়ে এই অন্ধবিন্দুটি রয়েছে, আমরা আপাততভাবে বুঝতে না পারলেও ওই স্পটটিতে আসলে আমাদের দৃষ্টি সাদা হয়ে যায়। আমদের দেহে আছে পরিপাকতন্ত্রের অ্যাপেন্ডিক্স কিংবা পুরুষের স্তনবৃন্তের মতো বিলুপ্তপ্রায় নিষ্কৃয় অঙ্গ, যেগুলো দেহের কোন কাজে লাগে না। আছে 'জাঙ্ক ডিএনএ', আছে ফ্যালোপিয়ান টিউবের 'একটোপিক প্রেগন্যান্সি'। আছে বহু নিষ্ঠুরতা - যেগুলো হোরাস উল্লেখ করেছেন তার লেখায়। বিবর্তনের সাহায্যেই কেবলমাত্র এগুলোকে ব্যাখ্যা করা যায়। কোন পরম করুণাময় এবং পার্ফেক্ট সৃষ্টিকর্তার কাজ দিয়ে এগুলো ব্যাখ্যা করা যায় না , কারণ তার কাজ নিঁখুত কিংবা করুণাময় বলে কেউ দাবী করলে এই অপসৃষ্টি এবং নিষ্ঠুরতাগুলোর দায়িত্বও তার ঘাড়েই বর্তাবে।



*হোরাস*এর জবাব:

সেপ্টেম্বর ১৭, ২০১০ at ৯:৫৪ অপরাহ্ণ

@অভিজিৎ, 👍 👍 👍

হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০১০ at ৯:১৬ অপরাহ্ণ
@আকাশ মালিক, চমৎকার ভিডিওটার জন্য ধন্যবাদ। লিঙ্কটা আগে পেলে মূল পোস্টেই যোগ করে দেয়া যেত। ভিডিও’টা দেখলেই বিশ্বাসীরা খুব সহজেই বুঝতে পারবে ডিজাইনারের মাথায় আসলেই সমস্যা আছে।

2. 2


লীনা রহমান
সেপ্টেম্বর ১৫, ২০১০ সময়: ১০:০১ অপরাহ্ণ লিঙ্ক

আগ্রহ নিয়ে পড়লাম লেখাটা।

সৃস্টিকর্তা কেন এই প্রাণিগুলার ক্ষেত্রেই এমন কস্টদায়ক এবং জটিল পরিকল্পনার আশ্রয় নিয়েছেন তার কোন ব্যাখ্যা করা যায় না তবে জীব বিজ্ঞানীরা দাবী করে থাকেন এই ঘটনাগুলোর তাৎপর্য্য নাকি বিবর্তন তত্ত্ব দিয়ে অত্যন্ত পরিস্কার ভাবে ব্যাখ্যা করা যায়।

কিছু মানুষ হয়তো বলতে পারে আল্লাহর এ ধরণের সৃষ্টি পরিকল্পনার অভিপ্রায় জানা ও বোঝা আমাদের ক্ষুদ্র মস্তিষ্কের আওতার বাইরে।


হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৫, ২০১০ at ১০:২৯ অপরাহ্ণ
@লীনা রহমান, আপনার কথাটা সত্যি। ইমানদার ব্যক্তি মাত্রেই এই লাইনে বক্তব্য দেবে। তবে কথা হলো আর দশটা প্রাণীকে স্বাভাবিক উপায়ে জন্ম এবং বেড়ে ওঠার সুযোগ দিলেও এদের জন্য এত জটিল এবং ঘোর প্যাঁচের কি দরকার ছিলো। কেন শুধু শুধু শিশু হাঙরেরা একজন আরেকজনকে মেরে ফেলবে এবং খেয়েও ফেলবে। কি দরকার ছিলো এরকম করবার?

মানুষের মাঝেও কেন এরকম ঘটনা দেখা যায় সেটার উত্তর কি হবে (ইমানদারদের) ?

পৃথিবীর ইতিহাসে সব পুরোনো সভ্যতা কিংবা মানব সমাজে কোন না কোন ধরনের শিশুহত্যার প্রচলন সবসময়ই ছিলো এবং এ ঘটনা গুলোকে অনৈতিক মনে করা হতো না। কিন্তু সভ্যতার উন্নতির সাথে সাথে বেশিরভাগ আধুনিক সমাজে এখন এধরণের ঘটনাকে অনৈতিক এবং অপরাধ হিসাবে গন্য করা হয়। কিন্তু তারপরও আমরা মাঝে মাঝেই এধরণের ঘটনা শুনি যেমন ধরেন ডাস্টবিনে বাচ্চা ফেলে রেখে যাওয়া, প্রেমের কারণে মায়ের শিশু হত্যা। পশু পাখি হয়ত না বুঝে করে কিন্তু মানুষ কেন ঠান্ডা মাথায় চিন্তা ভাবনা করে এবং তার ফলাফল বিবেচনা করে তারপর করে?

ইমানদারদের জন্য ভেবে দেখবার বিষয়, তাই নয়কি?

3. 3

বন্যা আহমেদ

সেপ্টেম্বর ১৫, ২০১০ সময়: ১০:১৩ অপরাহ্ণ লিঙ্ক

@ হোরাস, মজার একটা বিষয় নিয়ে লিখেছেন। আমাদের শরীরের ব্যাড ডিজাইন প্রসঙ্গেও একই কথা প্রযোজ্য হতে পারে, শুধুমাত্র বিবর্তনের মাধ্যমের এর ব্যাখ্যা দেওয়া যায়। আর ওদিকে ৯৯% জীবই যে বিলুপ্ত হয়ে যায় এটার ব্যাখ্যাও বোধ হয় বিবর্তন ছাড়া আর কিছু দিয়েই দেওয়া সম্ভব নয়। একটা সিরিজই না হয় লিখে ফেলুন এগুলো নিয়ে 🙂 ।

আদিল মাহমুদ এর জবাব:

সেপ্টেম্বর ১৫, ২০১০ at ১০:১৮ অপরাহ্ণ

@বন্যা আহমেদ,

ওদিকে ৯৯% জীবই যে বিলুপ্ত হয়ে যায়

- এ বিষয়টা জানতে খুবই আগ্রহী, কেউ একজন লিখে ফেলেন।



হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৫, ২০১০ at ১০:৩৫ অপরাহ্ণ
@বন্যা আহমেদ, ধন্যবাদ উৎসাহ প্রদানের জন্য। চেস্টা করব।

4. 4

সৈকত চৌধুরী
সেপ্টেম্বর ১৫, ২০১০ সময়: ১১:১৮ অপরাহ্ণ লিঙ্ক

দারুণ লাগল পড়ে।

যারা **The Gods Must Be Crazy 1** মুভিটি দেখেন নাই তাদের জন্য লিংক গুলো দিলাম -
part 1 2 3 4 5 6 7 8 9 10 11


হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ৭:৫২ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী, ধন্যবাদ সময় নস্ট করে পড়বার জন্য। লিঙ্ক গুলির জন্যও ধন্যবাদ। অনেক দিন আগে দেখেছিলাম। আরেকবার দেখতে নিশ্চয়ই খারাপ লাগবে না।

5. 5

আসরাফ
সেপ্টেম্বর ১৬, ২০১০ সময়: ১২:৫১ পূর্বাহ্ণ লিঙ্ক

আপনার লেখা বরাবরই ভাল লাগে।



হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ৭:৫৩ পূর্বাহ্ণ
@আসরাফ, জেনে খুবই খুশী হলাম। ধন্যবাদ।

6. 6

অভিজিৎ
সেপ্টেম্বর ১৬, ২০১০ সময়: ১:০১ পূর্বাহ্ণ লিঙ্ক

হোরাস,

চমৎকার একটি বিষয় নিয়ে লিখেছেন। অনেকেই খুব ঢালাওভাবে বলেন , ঈশ্বরের পৃথিবীতে কোন নাকি নিষ্ঠুরতার স্থান নেই, সব কিছুতেই শান্তির আকঁড়। তার সৃষ্টি নিখুঁত, সুন্দর। অনেক ফ্রিথিঙ্কারও আবার সেই ট্র্যাপে পড়ে মনে করেন, প্রকৃতিতে গান্ধীবাদের মত কিছু বোধ হয় কাজ করে - যেখানে প্রজাতিগুলো বোধ হয় একে অন্যের জন্য সহানুভূতির পশরা সাজিয়ে বসে আছে। আসলে তা নয়। প্রকৃতি অনেক নিষ্ঠুর। আমাদের মুক্তমনা সদস্য পৃথিবী একবার ইমেইল করে আমাকে Ichneumon প্রজাতির একধরণের ভিমরুলের কথা জানিয়েছিলো। এরা তাদের শিকারকে হত্যা না করে দৈহিকভাবে অবস করে দিয়ে সেই শিকারের দেহের ভেতরে ডিম পাড়ে। এই ডিম ফুটে যে শূককীট(larva) বের হয়, তা শিকারের দেহের ভেতরের অঙ্গ-প্রত্যঙ্গ খেয়ে ধীরে ধীরে বেড়ে ওঠে। স্ত্রী ভিমরুলগুলো তার শিকারের প্রত্যেকটি স্নায়ুগ্রন্থি সতর্কতার সাথে নষ্ট করে দেয় যাতে তাদের শিকার পক্ষাঘাতগ্রস্ত হয়ে পড়ে। এটাই কি আপনার লেখার উদাহরণের প্যারাসিটোয়েড বোলতা?

যা হোক, প্রকৃতিতে নিষ্টুরতা আছে। টিকে থাকার সংগ্রামেই নিষ্ঠুরতার ব্যাপারগুলো স্বাভাবিক নিয়ামক হিসেবে রয়ে গেছে। ব্যাপারটাকে আসলে বিবর্তনীয় দৃষ্টিকোন থেকেই দেখতে হবে। সেলফিশ জিন বইয়ে ডকিন্স দেখিয়েছেন যে, জিনগত স্তরে স্বার্থপরতা কিংবা প্রতিযোগিতা কাজ করে। কিন্তু এই জিনের এই স্বার্থপরতা থেকেই আবার পরার্থতার মতো অভিব্যক্তির উদ্ভব ঘটতে পারে; প্রতিযগিতামূলক জীবন সংগ্রাম থেকেই জীবজগতে তৈরি হয় বিভিন্ন ধরণের পারস্পরিক সহযোগিতা , মিথোজীবীতা কিংবা সহ-বিবর্তন। আসলে সেগুলোও টিকে থাকার সংগ্রামেই হয়ে থাকে। ম্যাট রিডলী ‘তার অরিজিন অব ভার্চু’ বইয়ে সেজন্যই বলেছেন -
we cooperate only to compete better। ডারউইন অনেক আগেই ধারণা করেছিলেন যে, তার বিবর্তন তত্ত্ব সত্যি হলে, প্রকৃতিতে এমন কোন জীব পাওয়া যাবে না যে শুধু নিঃস্বার্থভাবে অন্য

প্রজাতির সেবা করার জন্য বেঁচে থাকে, প্রাকৃতিক নির্বাচনের নিয়মেই সে বিলুপ্ত হয়ে যেতে বাধ্য। ডারউইন তার 'অরিজিন অব স্পিশিজ' বইতে তার পাঠকদেরকে চ্যালেঞ্জ করেছিলেন এ ধরণের একটা প্রজাতি খুঁজে বের করার জন্য , এবং স্বাভাবিক কারণেই আজ পর্যন্ত কেউ সে চ্যালেঞ্জের উত্তর দিতে পারেনি। এই সহজ ব্যাপারটা আমরা প্রায়ই ভুলে যাই।
তবে, লেখাটির একটি বিষয়ে আমার একটি মন্তব্য আছে। লেখাটা পড়ে অনেকের মনে হতে পারে যে, সৃষ্টিকর্তার দয়ামায়তা খণ্ডন করতেই যেন এই উদাহরণগুলো হাজির করা হয়েছে। উপরে শৈবাল সহ অনেকে সেদিক থেকে দেখেছেন। সৃষ্টিকর্তার দয়ামায়তা খণ্ডনের ব্যাপারটা গুরুত্বপূর্ণ। কিন্তু সেই সাথে এই নিষ্ঠুরতাগুলোর (অর্থাৎ প্রতিটি ঘটনার) বিবর্তনীয় ব্যাখ্যাগুলো হাজির করলে অনেক ভাল লাগত।

আরেকটা ব্যাপার - আমাদের বিবর্তনের আর্কাইভ টা কি আপনি দেখেছেন? বিবর্তনের উপর নানা ধরনের ভুল ভ্রান্তিগুলোর উত্তর দেয়ার চেষ্টা করছি আমরা সেখানে। সেখানে আপনার কন্ট্রিবিউশন কি পাওয়া সম্ভব? আপনি বধ হয় অন্য সামু বা অন্য কোন ব্লগে এপেণ্ডিক্স এবং অন্যান্য নিষ্ক্রিয় অংগ নিয়েও কিছু লিখেছিলেন। এ ধরনের লেখা মুক্তমনাতেও পেলে খুশি হব। আপনার এই লেখাগুলো থেকে অনেক তথ্য সেখানে পরিবেশন করা সম্ভব। একটু ভেবে দেখবেন কি ?



হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ৮:০৯ পূর্বাহ্ণ
@অভিজিৎ, বোলতা এবং ভিমরুল সম্ভবতঃ একদম এক না হলেও এরা দুটোই ওয়াস্প ফ্যামিলির। আর প্যারাসিটোয়েড ওয়াস্প ফ্যামিলির সবাই মোটামুটি এই একই পদ্ধতিতে বংশবিস্তার করে থাকে।

লেখাটির একটি বিষয়ে আমার একটি মন্তব্য আছে। লেখাটা পড়ে অনেকের মনে হতে পারে যে, সৃষ্টিকর্তার দয়ামায়তা খণ্ডন করতেই যেন এই উদাহরণগুলো হাজির করা হয়েছে

অনেকটা তাই। শুধু দয়ামায়তা না… এ ছাড়াও রিডান্ডেন্সি এবং অপ্রয়োজনীয়তারও ব্যাপারটাও আছে। যা দরকার নাই খামাকা সেটা কেন করা !! আমার এই লেখার টার্গেট অডিয়েন্স হচ্ছে বিশ্বাসীরা। তাই বিবর্তনীয় ব্যাখ্যার দিকে যাইনি। কারণ আমরা যারা অলরেডি বিবর্তন তত্ত্ব মেনে নিয়েছি তাদের কাছে এই ইনফর্মেশন গুলো নতুন হলেও আমাদের মনে নতুন করে কোন ভাবনা জাগাবে না।

মুক্তমনার আর্কাইভটা দেখেছি। তবে সব লেখা পড়া হয়নি। আমার লেখা মুক্তমনার আর্কাইভে যোগ হলে তো সেটা আমার জন্যে অনেক বড় ব্যাপার। এ লেখাটা প্রথম পাতা থেকে সরে গেলে আমি ঐ লেখাটা পোস্ট করব। ধন্যবাদ।

*বিপ্লব রহমান*এর জবাব:
সেপ্টেম্বর ১৯, ২০১০ at ৬:৫২ অপরাহ্ণ
@হোরাস,

চমৎকার চিন্তাশীল লেখার জন্য ধন্যবাদ।

> সৃস্টিকর্তা কেন এই প্রাণিগুলার ক্ষেত্রেই এমন কস্টদায়ক এবং জটিল পরিকল্পনার আশ্রয় নিয়েছেন তার কোন ব্যাখ্যা করা যায় না তবে জীব বিজ্ঞানীরা দাবী করে থাকেন এই ঘটনাগুলোর তাৎপর্য্য নাকি বিবর্তন তত্ত্ব দিয়ে অত্যন্ত পরিস্কার ভাবে ব্যাখ্যা করা যায়।

যদিও এ বিষয়ে অভিজিৎ দা বেশ খানিকটা বলেছেন। তবু প্রাসঙ্গিকভাবে আরেকটি পৃথক লেখা আশা করছি।

7. 7


awal
সেপ্টেম্বর ১৬, ২০১০ সময়: ২:০২ পূর্বাহ্ণ লিঙ্ক

very Good analysis. I have read it very carefully and become pleased.



*হোরাস*এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০১০ at ৯:৪৫ অপরাহ্ণ
@awal, ধন্যবাদ।

8. 8

ফাহিম রেজা

সেপ্টেম্বর ১৬, ২০১০ সময়: ৫:৫৩ পূর্বাহ্ণ লিঙ্ক

তবে, লেখাটির একটি বিষয়ে আমার একটি মন্তব্য আছে। লেখাটা পড়ে অনেকের মনে হতে পারে যে, সৃষ্টিকর্তার দয়াময়তা খণ্ডন করতেই যেন এই উদাহরণগুলো হাজির করা হয়েছে। উপরে শৈবাল সহ অনেকে সেদিক থেকে দেখেছেন। সৃষ্টিকর্তার দয়াময়তা খণ্ডনের ব্যাপারটা গুরুত্বপূর্ণ। কিন্তু সেই সাথে এই নিষ্ঠুরতাগুলোর (অর্থাৎ প্রতিটি ঘটনার) বিবর্তনীয় ব্যাখ্যাগুলো হাজির করলে অনেক ভাল লাগত।

লেখক হয়তো এখানে সৃষ্টিকর্তার দয়াময়তা খণ্ডনের ব্যাপা রটাকেই গুরুত্ব দিতে চেয়েছেন। বিশুদ্ধ বিজ্ঞানের লেখা লিখলে সেটা করা যায় না, সেক্ষেত্রে এই ধরণের টপিক নিয়ে আলাদা করে পোষ্ট দেওয়াই তো ভালো। কি বলেন?



হোরাস এর জবাব:

সেপ্টেম্বর ১৬, ২০১০ at ৮:১৩ পূর্বাহ্ণ

@ফাহিম রেজা, বুলস আই। তবে শুধু দয়াময়তা না সাথে অপ্রয়োজনীয়তা এবং খামাখা জটিল করার ব্যাপারটাও আছে। শধু শুধু প্রাণ দিয়ে সেটা আবার প্রয়োজন ছাড়াই কেড়ে নেয়া কেন। অন্য আর দশটা স্বাভাবিক প্রাণীর মত হলে দোষ কি ছিলো? এই ব্যাখা না থাকার ব্যাপারটার উপরই জোর দিতে চেয়েছি।

9. 9

আবুল কাশেম

সেপ্টেম্বর ১৬, ২০১০ সময়: ১:০৫ অপরাহ্ণ লিঙ্ক

অভিজিতের এক রচনার উপর মন্তব্য করতে গিয়ে অপার্থিব জানালেন বিবর্তনবাদ বড়ই নিষ্ঠুর। এই বাদে ক্ষমা, দয়া দাক্ষিণ্য, প্রেম, ভালবাসা, করুণা ইত্যদ্রি কোনই মূল্য নাই। আমাদের মরতেই হবে এবং একটুকুও সম্ভাবনা নেই recycle হবার।

হোরাসের এই প্রবন্ধ পড়ে মনটা আরো খারাপ হয়ে গেল। এখন দেখছি প্রকৃতিও বড়ই নিষ্ঠুর।

ওদিকে কোরান শরিফ বলছে আল্লাহ পাক আমাদের অবশ্যই আবার জীবিত করবেন–অবশ্যই আমাদেরকে recycle করবেন।

তাহলে দেখা যাচ্ছে আল্লা পাকের কথায় বিশ্বাস করাটাই নিরাপদ। হয়ত বা আমরা recycle হব।

কি হবে বিবর্তনবাদ এবং জীববিজ্ঞানের এত বিশাল বিশাল থিওরী জেনে? এত সব গালভরা বুলি শুনে? এতে আমাদের জীবনের কোন আশার বাণীই ত নেই। সে জন্যই কী আল্লাহ, কোরান, হাদিস এই সবে বিশ্বাস করা অনেক নিরাপদ নয়?

ভবঘুরে এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ১:১২ অপরাহ্ন
@আবুল কাশেম,

কি হবে বিবর্তনবাদ এবং জীববিজ্ঞানের এত বিশাল বিশাল থিওরী জেনে? এত সব গালভরা বুলি শুনে? এতে আমাদের জীবনের কোন আশার বাণীই ত নেই। সে জন্যই কী আল্লাহ, কোরান, হাদিস এই সবে বিশ্বাস করা অনেক নিরাপদ নয়?

এক্কেবারে ঠিক কথাই বলেছেন। তাই তো বলি- জানার কোন শেষ নেই জানার চেষ্টা বৃথা তাই ।

রৌরব এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ৫:৫৪ অপরাহ্ন
@ভবঘুরে,



হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ১০:৩৭ অপরাহ্ণ
@আবুল কাশেম,

ওদিকে কোরান শরিফ বলছে আল্লাহ পাক আমাদের অবশ্যই আবার জীবিত করবেন–অবশ্যই আমাদেরকে recycle করবেন।

এখানেও সমস্যা আছে। আমাদের দেহের বিভিন্ন ধরেনের কোষের স্হায়ীত্বকাল বিভিন্ন হয়ে থাকে। কোন কোন কোষ বেঁচে থাকে কয়েক ঘন্টা আবার কোন কোন কোষ বেঁচে থাকে কয়েক বছর। সাধারণতঃ গড়ে আমাদের দেহের সবগুলো কোষ প্রতিস্হাপিত হয় প্রত্যেক সাত বছরে। তার মানে ৭০ বছর বেঁচে থাকলে কমপক্ষে ১০ বার আমাদের দেহের সমস্ত কোষগুলো রিসাইকেলড হয়। এই কোষ গুলো কোথা থেকে আসে? আসে প্রকৃতি থেকে অথবা অন্য মৃত মানুষ কিংবা জীব -জন্তুর (বা অন্য যে কোন কিছু কল্পনা করে নিন) দে হের রিসাইকেলড অনু-পরমাণু থেকে। যদিও মৃতদেহের অনু-পরমাণু গুলো রিসাইলকেলড হতে মিনিমাম কয়েক দশকের প্রয়োজন হয়।

আমাদের দেহের প্রতিটা কোষ গড়ে ৭*১০^১৫ বা ৭০০০ বিলিয়ন পরমাণু (৭ লক্ষ কোটি) পরমানু দ্বারা গঠিত। এতো শুধু একটা কোষ। পুরো দেহের কথা ভাবুনতো!!! সংখ্যাটা এতই বিশাল যে ধারণা করা সম্ভব না। এই হিসাবে ধারণা করা যায়, আপনার-আমার দেহের একটা উল্লেখযোগ্য পরিমান পরমাণু, প্রায় ১০০ কোটির মত,বার্ড্রান্ড রাসেলের দেহ থেকে এসেছে। আরও ১০০ কোটি এসেছে মুহাম্মদ, যীশু, ডারউইন, গৌতম বুদ্ধ, আবু জেহেল, চেঙ্গিস খান, ……. বা অন্য যেকোন ঐতিহাসিক ব্যক্তির নাম আপনি মনে করতে চান তাদের দেহ থেকে। তবে হয়ত সময়ের অভাবে এখনও আইনস্টাইন, বা আরজ আলীর দেহের পরমাণু গুলো এখনও আপানাদের দেহের অংশ হয়ে ওঠেনি।

এখন কথা হলো, আল্লাহ পাক যখন আমাদের আবার জীবিত করবেন তখন অনু -পরমাণুর বন্টন নিয়ে সমস্যায় পরে যেতে পারেন।

ভবঘুরে এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ১০:৪৪ অপরাহ্ণ
@হোরাস,

এখন কথা হলো, আল্লাহ পাক যখন আমাদের আবার জীবিত করবেন তখন অনু -পরমাণুর বন্টন নিয়ে সমস্যায় পরে যেতে পারেন।

মনে হয় না। কারন আল্লাহ পাকের অসাধ্য কিছু নেই। এর একটা সমাধান সূত্র নিশ্চয়ই তার জানা আছে যা আমরা জানি না।

সাইফুল ইসলাম এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০১০ at ১:৫৫ পূর্বাহ্ণ
@হোরাস,

এই কোষ গুলো কোথা থেকে আসে? আসে প্রকৃতি থেকে অথবা অন্য মৃত মানুষ কিংবা জীব -জন্তুর (বা অন্য যে কোন কিছু কল্পনা করে নিন) দেহের রিসাইকেলড অনু -পরমাণু থেকে।

ব্যাপারটা বুঝলাম না। একটু পরিষ্কার করেন তো দাদা।



হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৯, ২০১০ at ৫:৪৮ অপরাহ্ণ
@সাইফুল ইসলাম, দাদা???? যদিও দাদা ডাক-টাতে আমার কোন সমস্যা নাই। প্রোফাইলিং করলেন কিনা বুঝলাম না। যাইহোক...

আমরা তো জানি যে বস্তুর ধ্বংস নাই। শুধু অবস্হার পরিবর্তন হয়। মানে কোন একটা বস্তু ক্ষয় হলে সেটার অনুপরমাণু গুলো অন্য কোন কিছুর অংশ হিসাবে ব্যবহৃত হয় (সাধারণতঃ)।

প্রতি সাতবছরে আমাদের দেহের প্রতিটা কোষ রিপ্লেসড হয়। কোন কোন কোষ রিপ্লেসড হয় কয়েকঘন্টায় আবার কোনটা কয়েক বছরে। এই নতুন কোষগুলা যে অনু -পরমাণু দিয়ে বানানো সেগুলো আমাদের দেহে বাইরে থেকে আসে খাদ্য কিংবা পানীয় হিসাবে। এই খাদ্য কিংবা পানীয় আবার গঠিত হয়েছে প্রকৃতির অন্যান্য বস্তু কিংবা জীবের রিসাইকেল্ড অনু পরমানু দি্যে। নতুন করে মহাবিশ্বে অনু পরমাণু সৃস্টি হয় না। যা আছে এগুলোই পুনঃ পুনঃ ব্যবহৃত হতে থাকে।

10. 10

ভবঘুরে

সেপ্টেম্বর ১৬, ২০১০ সময়: ১:১৫ অপরাহ্ণলিঙ্ক

বিবর্তনবাদ আসলে আমাদের কোন নীতি কথা বা আদর্শ শিক্ষা দেয় না।নীতি বা আদর্শ আমাদেরকেই গড়ে নিতে হবে। সোজা কথা।



হোরাস এর জবাব:

সেপ্টেম্বর ১৬, ২০১০ at ১০:৪৭ অপরাহ্ণ

@ভবঘুরে, শতভাগ সহমত।। বিবর্তনবাদ শুধু ব্যাখ্যা করে পৃথিবীর বুকে উদ্ভিদ এবং প্রাণী জগতে এত বিচিত্র ধরণের প্রজাতি আসলো কিভাবে। এটা শুধু প্রাণী কিংবা উদ্ভিদ কিভাবে বিবর্তিত হয়েছে সেই মেকানিজম ব্যাখ্যা করে। অন্য কিছুই না। বিবর্তন তত্ত্ব বলে না এটা ফলো করে সমাজ/রাস্ট্র বানাতে হবে। সে জন্য সমাজ বিজ্ঞান এবং রাস্ট্র বিজ্ঞানের অনেক তত্ত্ব আছে।

অপার্থিব এর জবাব:

সেপ্টেম্বর ১৯, ২০১০ at ৬:৪৪ অপরাহ্ণ

@ভবঘুরে, @হোরাস

> বিবর্তনবাদ আসলে আমাদের কোন নীতি কথা বা আদর্শ শিক্ষা দেয় না।নীতি বা আদর্শ আমাদেরকেই গড়ে নিতে হবে। সোজা কথা।

কথাটা আক্ষরিক অর্থে নির্ভুল। তবে একটু ব্যাখ্যা দরকার। নৈতিকতা কেউ কাউকে শিক্ষা দিচ্ছে না। নৈতিকতা প্রাকৃতকভাবে উদ্ভূত। নৈতিকতা চূড়ান্ত বিচারে বিবর্তনেরই পরিণতি। এটাই বিবর্তনীয় মনোবিজ্ঞানের অনুসন্ধানজাত অভিজ্ঞান। মানুষ নিজেই বিবর্তনের উৎপাদ্য। মানুষ যা কিছু করে তা বিবর্তনের লক্ষ্য মেটানোর তাগিদেই করে। বা ঘুরিয়ে বললে বিবর্তনের নিয়মের দ্বারাই মানুষের তাবৎ আচরণ নিয়ন্ত্রিত হয়। মানুষের ইচ্ছা, চেতনা এগুলিকে বিবর্তনের বাইরে কোন স্বতন্ত্র স্বত্বা হিসেবে মর্যাদা দেয়াটা ভুল হবে বৈজ্ঞানিকভাবে। কারণ এগুলি সবই বিবর্তনেরই সৃষ্টি। কাজেই মানুষ নীতি

তৈরী করে বলার পরেও এটাই বুঝতে হবে আসল নীতিকার বিবর্তনের নিয়ম (আরো পেছনে গেলে পদার্থ বিজ্ঞানের সূত্র)। মানুষ নিমিত্ত মাত্র। নৈতিকতার বিবর্তনীয় উৎসের উপরে আমি মুক্তমনায় একটা প্রবন্ধ লিখেছিলাম। তাতে আরো বিস্তারিত পাওয়া যাবে।

11. 11

আলিম আল রাজি

সেপ্টেম্বর ১৬, ২০১০ সময়: ১:৩৭ অপরাহ্ণ লিঙ্ক

চমৎকার লেখা। একটানে পড়ে ফেললাম।



হোরাস এর জবাব:

সেপ্টেম্বর ১৬, ২০১০ at ১০:৪৮ অপরাহ্ণ

@আলিম আল রাজি, ধন্যবাদ রাজি। 🌹

12. 12

ভবঘুরে

সেপ্টেম্বর ১৬, ২০১০ সময়: ১:৩৮ অপরাহ্ণ লিঙ্ক

ধর্মবাদীরা আপাত অনেক নিষ্ঠুর ঘটনাকে নিষ্ঠুর বলতে রাজী নয়।

যেমন- বনে বাঘ ও হরিণ একসাথে বাস করে। বাঘের বংশবিস্তার হয় মাত্র ১/২ শাবক দিয়ে পক্ষান্তরে হরিনের বংশবিস্তার হয় ৫/৬ টা শাবক দিয়ে। এখন বাঘ হরিণ শিকার করে খায় ফলে হরিণের সংখ্যা নিয়ন্ত্রনে থাকে এবং বাঘ ও হরিণ উভয়ই বেচে থাকে। যদি বনে বাঘ না থাকত তাহলে বনে এত বেশী হরিণ বৃদ্ধি পেত যে তাদের খাবার শেষ হয়ে যেত , খাদ্যাভাবে তারা মারা পড়ত। বাঘ হরিণ শিকার ক'রে তাদের সংখ্যা নিয়ন্ত্রন করে বলে হরিণ খাদ্যাভাবে মারা পড়ে না। আবার বনে হরিণ না থাকলে

খাদ্যাভাবে সব বাঘ মারা যেত। ফলাফল- বাঘ ও হরিণ এদের সম্পর্ক আপাত বৈরী হলেও পরস্পর টিকে থাকার জন্য তাদের এ বৈরী সহাবস্থান দরকার।

তাই ধর্মবাদীরা এ ধরনের বৈরী সম্পর্ককে নিষ্ঠুর বলতে নারাজ। তারা নিষ্ঠুর বলত যদি বাঘের কারনে সব হরিণ মারা পড়ত ও হরিণের বিলুপ্তি ঘটত।

আলোচ্য নিবন্ধের সমস্ত ঘটনা বিশ্লেষণ করলেও ঠিক একই রকম ফলাফল বেরিয়ে আসবে। মানে , টিকে থাকার জন্যই আপাত ও ধরনের হত্যার দরকার, তা না হলে তাদের অস্তিত্ব বিলুপ্ত হতো। তাই ধর্মবাদীদের বক্তব্য- এ ধরনের আপাত হত্যা আসলে নিষ্ঠুর কোন ঘটনা নয়।

মানুষেরা যে শিশুকে ডাষ্ট বিনে ফেলে রাখে মুলত - বিবাহ বহির্ভূত সন্তান জন্মালে লোক লজ্জার ভয়ে। অতি দরিদ্র পরিবারের শিশুও অনেক সময় পরিত্যক্ত হয় দারিদ্রের কারনে। সেটাকেও সেই টিকে থাকার কারন হিসাবে ধরা যায়। তাবে মানুষেরটা অনেক কৃত্রিম মনে হয় মানে মানুষ ইচ্ছে করলে এ ধরনের আপাত নিষ্ঠুরতা এড়াতে পারে।



হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ১০:৫৪ অপরাহ্ণ
@ভবঘুরে,

আলোচ্য নিবন্ধের সমস্ত ঘটনা বিশ্লেষণ করলেও ঠিক একই রকম ফলাফল বেরিয়ে আসবে। মানে , টিকে থাকার জন্যই আপাত ও ধরনের হত্যার দরকার, তা না হলে তাদের অস্তিত্ব বিলুপ্ত হতো। তাই ধর্মবাদীদের বক্তব্য- এ ধরনের আপাত হত্যা আসলে নিষ্ঠুর কোন ঘটনা নয়।

ধর্মবাদীদের সাথে আমার এখানে একটু দ্বিমত আছে। আপনি যে বাঘ -হরিণের কথা বললেন তার সাথে আমার লেখার ঘটনাগুলোর পার্থক্য আছে। শেষমেষ যদি মাত্র একটিই স্যান্ড শার্কের বাচ্চা জন্ম নেয় তবে অন্য আর দশটা প্রাণীর মত একটি শিশু(বা দুটি শিশু) মায়ের গর্ভে বড় হলেই তো হত। খামাখা ২০ জনকে প্রাণ দিয়ে নিজেদের মধ্যে মারামারি কাটাকাটি করে বাকী সবাইকে হত্যা করার কি দরকার ছিলো? বা কোকিলকে নিজের বাসায় ডিম পাড়ার সিস্টেম করলেই হত!!! অন্য ঘটনাগুলোও একই ভাবে ব্যাখ্যাহীন।

তানিয়া কামরুন নাহার এর জবাব:
সেপ্টেম্বর ২২, ২০১০ at ৮:৫২ অপরাহ্ণ
@ভবঘুরে, আপনি তো দেখি আমার কথাই বলে দিলেন। আমি আরো একটু যোগ করব। সন্তান ভুমিষ্ট হবার আগেই মায়েরা এখন সেচ্ছায় এবারশন করছে। ”মেয়ে” শুধু মাত্র এই অপরাধে যে কত শিশুকে মরতে হয়, জন্মের আগে, পরে, ধর্ষিত হতে হয়।

13. 13

আফরোজা আলম

সেপ্টেম্বর ১৬, ২০১০ সময়: ৫:০২ অপরাহ্ণ লিঙ্ক

অন্যরকম ভালো লাগল।


হোরাস এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ১০:৫৫ অপরাহ্ণ
@আফরোজা আলম, ধন্যবাদ।

14. 14

ফরিদ আহমেদ

সেপ্টেম্বর ১৬, ২০১০ সময়: ৮:২৩ অপরাহ্ণ লিঙ্ক

দারুণ সাবলীল একটা লেখা!!

ঈশ্বর বেচারারে খামোখাই দোষারোপ করছেন আপনারা। এই রকম একটা বিশ্বজগত তৈরি করা কী কম খাটুনির কাজ। বিশ্ব সৃষ্টির বিশাল কাজে র পরে ক্লান্ত-শ্রান্ত বিধাতা রিপ ভ্যান উইংকলের মত

গভীর নিদ্রায় গিয়েছেন। আর এই সুযোগেই শয়তানের কারসাজিতে পৃথিবীতে এতসব বিশৃঙ্খলা তৈরি হয়েছে। চিন্তার কিছু নেই। জেগে উঠলেই কেয়ামত ঘটিয়ে আবার সব ঠিক করে ফেলবেন তিনি।



গীতা দাস এর জবাব:

সেপ্টেম্বর ১৬, ২০১০ at ৯:৪৩ অপরাহ্ণ

কত অজানারে!

নারীবাদী বলে গালি খেলেও জানতে ইচ্ছে করছে survival of the fittest এ লিঙ্গভেদে পুং না স্ত্রীলিঙ্গ বেশি শক্তিশালী? পরিসংখ্যান কি বলে? সৃষ্টিকর্তা কাকে বেশি পৃথিবী টিকিয়ে রাখতে চান ?



হোরাস এর জবাব:

সেপ্টেম্বর ১৬, ২০১০ at ১১:০৩ অপরাহ্ণ

@গীতা দাস,

> সৃষ্টিকর্তা কাকে বেশি পৃথিবী টিকিয়ে রাখতে চান ?

আমারতো ধারণা ধর্মগ্রন্থগুলি অনুযায়ী সৃষ্টিকর্তা পুরুষ জাতিকে টিকেয়ে রাখতে চান। আর survival of the fittest অনুযায়ী সঠিক কোন পরিসংখ্যান আছে বলে আমার মনে হয় না। তবে আমার ব্যক্তিগত **ধারণা** মেয়েরা।

লাইজু নাহার এর জবাব:

সেপ্টেম্বর ১৭, ২০১০ at ৩:২০ পূর্বাহ্ণ

@গীতা দাস,

এখানে একবার বায়োলজীর টিচার বলেছিলেন মেয়েরা স্ট্রং!

কারণ হিসেবে বলেছিলেন-অল্প বয়সে ছেলে সন্তানের মৃত্যুর হার বেশী!

বাংলাদেশেও তাই দেখেছি!

এখানে প্রতিবন্ধীদের মাঝে ছেলেদেরই বেশী চোখে পরে!

ছেলেরা আবার বুদ্ধিধিমত্তার ক্ষেত্রে হয় খুব সফল নয়ত একেবারেই কম!

পরিসংখ্যান তাই বলে!
মেয়েরা নাকি বেশীরভাগই মাঝামাঝি!
@হোরাস,
এরকম লেখা আরও লিখবেন আশা করি!

*গীতা দাস*এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০১০ at ১১:০৭ পূর্বাহ্ণ
@লাইজু নাহার,
আমি মানব সমাজের পুং ও স্ত্রীলিঙ্গ নিয়ে জানতে চাইনি। লেখাটি পড়ে প্রকৃতিতে যে যুদ্ধ সেখানে fittest কে জানতে আগ্রহী।
তার পরেও ধন্যবাদ আমার মন্তব্যে সাড়া দেওয়ার জন্য।


*হোরাস*এর জবাব:
সেপ্টেম্বর ১৭, ২০১০ at ৯:৪৯ অপরাহ্ণ
@লাইজু নাহার, ধন্যবাদ উৎসাহের জন্য।


*হোরাস*এর জবাব:
সেপ্টেম্বর ১৬, ২০১০ at ১০:৫৭ অপরাহ্ণ
@ফরিদ আহমেদ, হা হা হা ..

15. 15

ব্লাডি সিভিলিয়ান
সেপ্টেম্বর ১৭, ২০১০ সময়: ৯:২৪ অপরাহ্ণ লিঙ্ক

হোরাস, মুগ্ধ! আরেকটা কথা বলতে চাইছিলাম কিন্তু বলা উচিত হবে না।

বেশ কিছু বানান ভুল আছে। আর বানানটা বোধহয় লেমুর (Lemur, উচ্চারণ: \ˈlē-mər\), লিমার নয়। অন্তত, সত্যজিৎ রায়ের লেখায় তেমনটাই পড়েছিলাম। সত্যজিৎ রায়ের লেখায় এটাও পড়েছিলাম লেমিং নামে একরকমের ইঁদুর গণআত্মহত্যা করে। এটায় ঈশ্বরের করুণার তো প্রমাণ নেই-ই, বিবর্তনের দিক থেকে এর ব্যাখ্যা মুশকিল। উত্তরটা অনেক পরে পেলাম এখানে। অন্যেরাও পড়ে নিতে পারেন, মজা পাবেন। সাইটটাই মজায় ভর্তি।

আবারো শুভেচ্ছা, শারদীয়। আশা করি, পরের লেখা এত দ্রুত দেবেন না!



হোরাস এর জবাব:

সেপ্টেম্বর ১৭, ২০১০ at ১০:০৮ অপরাহ্ণ

@ব্লাডি সিভিলিয়ান, প্রথমেই লিঙ্কটার জন্য ধন্যবাদ দেই। সময় করে অবশ্যই দেখব। আর উচ্চারণটা বোধহয় বিভিন্ন দেশে বিভিন্ন রকম। আমেরিকায় টিভিতে বাচ্চাদের একটি অনুস্ঠান দেখায় "জাবু-মাফু"। সেখানে প্রধান একটি প্রাণী (লিমার) ক্যারেক্টার আছে। সেই অনুস্ঠানে ওদেরকে আমি এই উচ্চারণটা করতেই শুনেছি। সত্যজিৎ রায় হয়ত বৃটিশ উচ্চারণ ফলো করতেন।

বানানের ব্যাপারটা খেয়াল রাখার চেস্টা করব। ধন্যবাদ।



হোরাস এর জবাব:

সেপ্টেম্বর ১৭, ২০১০ at ১০:১১ অপরাহ্ণ

@ব্লাডি সিভিলিয়ান,

> আশা করি, পরের লেখা এত দ্রুত দেবেন না

হা হা ... ভালো বলেছেন। তবে নেক্সট পোস্ট আসলেই খুব তাড়াতাড়ি পেয়ে যাবেন। আপনাকেও শারদীয় শুভেচ্ছা।

*অভিজিৎ*এর জবাব:
সেপ্টেম্বর ১৮, ২০১০ at ১:২৩ পূর্বাহ্ণ
@ব্লাডি সিভিলিয়ান,

সত্যজিৎ রায়ের লেখায় এটাও পড়েছিলাম লেমিং নামে একরকমের ইঁদুর গণআত্মহত্যা করে। এটায় ঈশ্বরের করুণার তো প্রমাণ নেই-ই, বিবর্তনের দিক থেকে এর ব্যাখ্যা মুশকিল। উত্তরটা অনেক পরে পেলাম এখানে।

আমিও ব্যাপারটার ব্যাখ্যা একসময় খুঁজেছিলাম। পরে দেখেছিলাম যে , লেমিং এর এই 'গণ আত্মহত্যার' ব্যাপারটা আসলে পুরোটাই মিথ। এর মধ্যে কোন সত্যতা নেই। কোন এলাকায় লেমিং এর সংখ্যা বেড়ে গেলে এরা অন্য জায়গায় মাইগ্রেট করে কখনো নদীও পাড়ি দেয় (এরা সাঁতার কাটতে ওস্তাদ)। বেকুব পাব্লিকেরা ভাবে এরা বুঝি নদীতে দল বেঁধে আত্মহত্যা করছে । দেখুন এখানে।

16. 16

রাজেশ তালুকদার
সেপ্টেম্বর ১৮, ২০১০ সময়: ৭:৩২ পূর্বাহ্ণ লিঙ্ক

আপনি একটি সুন্দর বিষয় নিয়ে লিখেছেন। ধার্মিকরা ঈশ্বরের মতই কালা, অন্ধ ও বধির।একটি জায়গায় শুধু ব্যতিক্রম তারা ঈশ্বরের মত নির্বাক নয়।

বিশ্ব জগতের বৈচিত্র মানেই তাদের কাছে পাগলা ঈশ্বরের লীলা।


*হোরাস*এর জবাব:
সেপ্টেম্বর ১৯, ২০১০ at ৫:৫৩ অপরাহ্ণ
@রাজেশ তালুকদার, পাগলা না হলে কি আর এরকম ডিজাইন করা সম্ভব? হা হা .....

*স্ফুলিঙ্গ*এর জবাব:
নভেম্বর ১, ২০১২ at ৯:০১ পূর্বাহ্ণ
@রাজেশ তালুকদার,
চমেতকার বললেন ভাই "ধার্মিকরা (:-X)ঈশ্বরের মতই কালা, অন্ধ ও বধির।একটি জায়গায় শুধু ব্যতিক্রম তারা ঈশ্বরের মত নির্বাক নয়।"

17. 17

sarat srabon
সেপ্টেম্বর ১৮, ২০১০ সময়: ১০:০৭ অপরাহ্ণ লিঙ্ক

আমার মন্তব্য কেন দেয়া হয়নি, জানতে পারি?


*হোরাস*এর জবাব:
সেপ্টেম্বর ১৯, ২০১০ at ৫:৫৫ অপরাহ্ণ
@sarat srabon, আমি কোন মন্তব্য মডারেশন করিনি। এমনকি আমি আপনার কমেন্টটা দেখিওনি। ওটা সম্ভবতঃ ব্লগের মডারেটর মডারেট করেছেন। ধন্যবাদ।

18. 18

এম এস নিলয়
জুন ১১, ২০১৩ সময়: ২:৩৮ পূর্বাহ্ণ লিঙ্ক

সৃস্টিকর্তা কেন এই প্রাণিগুলার ক্ষেত্রেই এমন কস্টদায়ক এবং জটিল পরিকল্পনার আশ্রয় নিয়েছেন তার কোন ব্যাখ্যা করা যায় না তবে জীব বিজ্ঞানীরা দাবী করে থাকেন এই ঘটনাগুলোর তাৎপর্য্য নাকি বিবর্তন তত্ত্ব দিয়ে অত্যন্ত পরিস্কার ভাবে ব্যাখ্যা করা যায়।

যখন কোন কিছুর উত্তর পাওয়া যায়না তখন মানুষ ঈশ্বরের আবডালে নিজের জানতে চাওয়ার ইচ্ছাকে লুকিয়ে ফেলে। তাই বলা যায় ঈশ্বরে বিশ্বাস মানে জানতে চাওয়ার অনিহার আমজনতা রূপ। "আল্লার ইচ্ছা তাই এমুন হইসে" টাইপ চিন্তা যদি সব মানুষ করতো তবে আমরা এখন কোথায় থাকতাম একবার চিন্তা করুন; অন্ধকারের পৃথিবীর বাসিন্দা আমরা নই, আমরা ভাগ্যবান কারন কিছু মানুষ "ঈশ্বরের ইচ্ছা" উত্তরে সন্তুষ্ট না হয়ে উত্তর নিজেরাই খুঁজে বের করেছিলেন

তারাই মূলত উন্নত যারা "কে?-কি??-কেন???-কবে????-কোথায়?????" প্রশ্ন গুলোর উত্তরে "ঈশ্বর জানেন" উত্তরটি না দিয়ে আরও বেশী প্রশ্ন ও গবেষণা করে প্রমান সমেত সঠিক কিংবা নির্ভুল (প্রায়) উত্তরটি দেন।

প্রিয় হোরাস; অনেক কষ্ট করে এতগুলো তথ্য জোগাড় করে লেখাটি দেয়ার জন্য আপনাকে ধন্যবাদ
এত গুলা অজানা তথ্য

<u>সমাপ্ত</u>

http://mukto-mona.com/bangla_blog/?p=12595

এক সবজান্তা প্রফেসর আর চালিয়াৎ ছাত্রের গল্প ২য় পর্ব

তারিখ: ২৭ পৌষ ১৪১৭ (জানুয়ারি ১০, ২০১১)

লিখেছেন: অভিজিৎ

হঠাৎ করে একটি লেখার ২য় পর্ব কোত্থেকে এলো তা নিয়ে পাঠকেরা বিভ্রান্ত হতে পারেন। কারণ এ ধরণের শিরোনামে কোন লেখার প্রথম পর্ব মুক্তমনা ব্লগে আগে দেয়া হয়নি। তাহলে দ্বি তীয় পর্ব কোত্থেকে এলো? এলো, কারণ এই গল্পের একটি ছোট ইতিহাস আছে।

মুক্তমনা তখনো ব্লগ সাইট হয়নি। ইয়াহুগ্রুপ্স -এ আমরা দর্শন ও বিজ্ঞানের বিষয় নিয়ে আলোচনা করি। তখন এক মডারেট মুসলিম ভদ্রলোক ঈশ্বরের অস্তিত্বের ব্যাপারে বিজ্ঞানের অক্ষমতার 'প্রমাণ' হিসেবে একটি 'কাট এণ্ড পেস্ট' গল্পের অবতারণা করেন। সেই গল্পে দেখা যায় এক নাস্তিক অধ্যাপক তার নাস্তিকতা নিয়ে খুব বড়াই করতে গিয়ে শেষ পর্যন্ত এক মুসলিম ছাত্রের হাতে নিদারুণভাবে অপদস্ত হন, এবং 'বিজ্ঞানের অক্ষমতা' স্বীকার করে ঈশ্বরের অস্তিত্ব মেনে নিতে বাধ্য হন। গল্পটি মূল তঃ একটিখ্রীস্টান ওয়েব সাইট থেকে ধার করা। মূল ইংরেজী গল্পটি পাওয়া যাবে এই খ্রীস্টান সাইটে, যেখানে এক চালিয়াৎ ছাত্র যীশুর অস্তিত্ব গিলিয়ে দিয়েছিলেন এক ভোদাই নাস্তিক অধ্যাপককে। ইসলামিস্টরাও একই গল্প আল্লাহর অস্তিত্বের প্রমাণ হিসেবে চালিয়েছে গল্পটি নেটে দেখার পর থেকেই, অবশ্যই সেটার 'যথার্থ' ইসলামীকরণ করে । 'কেন বিজ্ঞান ঈশ্বরকে ব্যাখ্যা করতে ব্যর্থ - এক মুসলিম ছাত্র বনাম দর্শনের অধ্যাপকের মধ্যকার সংলাপ ' শিরোনামে একই গল্প বিভিন্ন ইসলামী ওয়েব সাইটে পাওয়া যায় (অবশ্যই যীশুর বদলে) আল্লাহর অস্তিত্বের প্রমাণ হিসেবে।

আমি ভুলেই গিয়েছিলাম গল্পটির কথা। ইদানিং দেখছি বাংলা ব্লগসাইট গুলোতে ভোদাই প্রফেসরকে নাস্তানাবুদ করার এই গল্প বেশ মার্কেট পেয়েছে। দিন কয়েক আগে , সৈকতের ইমেইল থেকে জানলাম সামহোয়্যইয়ার ইন ব্লগে 'আমি কেউ না' নামের একজন এই গল্পের বাংলা পোস্ট দিয়ে যার পর নাই বাহবা কুড়াচ্ছে (দেখুন এখানে)। উনার দেখাদেখি অবিচল নামে আরেকজন ব্লগার আবার একটু ঘুরিয়ে ঘারিয়ে ফাহিম রেজার কুমীরের গল্পের মতোই আমার ব্লগে পোস্ট দিয়েছেন। একই গল্প পাওয়া যায়, জামাতী ব্লগ বলে কথিত সোনার বাংলা ব্লগে, সামহোইয়্যার ইন ব্লগে, কিংবা এই পার্সোনাল ব্লগে। ইন ফ্যাক্ট, আমার ব্লগে অবিচল সাহেবের পোস্টের মন্তব্যে হোরাস জানিয়েছেন, **"নাস্তিক প্রফেসর বনাম আস্তিক ছাত্র"** দিয়ে সার্চ দিলে গুগুলে নাকি ৪৩৬০টি রেজাল্ট আসে। বোঝাই যাচ্ছে, আমাদের বাঙালি ইসলামিস্ট ভাইয়েরা মুসলিম ছাত্রের হাতে প্রফেসরের নাস্তানাবুদ হবার এই কাল্পনিক কুমীরের ছানা নিয়ে যার পর নাই গর্বিত এবং অতিমাত্রায় উল্লসিত। তাই বার বার দেখানোতেও তাদের ক্লান্তি নেই। ভাবখানা এই এই গল্প যত বেশি প্রচার করা যাবে, তত বেশি করে আল্লাহতালার অস্তিত্ব প্রমাণিত হবে।

যা হোক, মুক্তমনা ইয়াহুগ্রুপ্স-এ অপার্থিব একবার এই গল্পের চমৎকার একটি জবাব ইংরেজীতে দিয়েছিলেন এই প্রফেসর-ছাত্রের গল্পের ২য় পর্বের অবতারণা করে। আমার আজকের লেখাটি অপার্থিবের সেই ইংরেজী উত্তরের কিছু পয়েন্টের (পুরোপুরি নয় অবশ্য) উপর ভিত্তি করে লেখা (সেই সুযোগে অপার্থিবের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি) । সেই সাথে আমার নিজেরও কিছু সন্নিবেশন আছে। তবে সেখানে যাবার আগে গল্পটি শুনে নেয়া যাক। আমি বহুল প্রচলিত সামু এবং আমু ভার্সনটিই এই পোস্টের জন্য ব্যবহার করছি -

গল্পের প্রথম পর্ব :

সাইকোলজির প্রফেসরের (নাম বলছি না) আজ মেজাজ খুব ফরফুরে।প্রথম সারিতে একজন নতুন ছাত্র দেখে তিনি তাকে দাড় করালেন।
প্রফেসরঃ তুমি কি গড এ বিশ্বাস কর ?
ছাত্রঃ অবশ্যই স্যার।
প্রফেসরঃ গড কি ভাল ?
ছাত্রঃ অবশ্যই
প্রফেসরঃ গড কি সর্বশক্তিমান? অবশ্যই
প্রফেসরঃ আমার ভাই ক্যানসারে মারা গেছে যদিও সে গড এর কাছে নিরাময় চেয়েছিল। আমরা প্রায় সবাই অন্যের অসুখ বিসুখে সাহায্য করি , কিন্তু গড তা করেনি। এর পরও কি তুমি বলবে গড ভাল ?
ছাত্র নিশ্চুপ।
প্রফেসরঃ তোমার কোন উত্তর নেই তাইতো ? ওকে, এসো আমরা আবার শুরু করি।গড কি ভাল ?ছাত্রঃ অবশ্যই
প্রফেসরঃ শয়তান কি ভাল ?
ছাত্রঃ না।
প্রফেসরঃ শয়তান কোথা থেকে এসেছে ?
ছাত্রঃ গড থেকে।
প্রফেসরঃ তাহলে বৎস, বল জগতে এভিল বলে কিছু আছে কি ?
ছাত্রঃ জ্বী আছে।
প্রফেসরঃ এভিল সর্বত্রই আছে, তাইনা ? এবং গড সব কিছু তৈরী করেছে।
ছাত্রঃ জ্বী
প্রফেসরঃ তাহলে এভিল কে তৈরী করেছে?
ছাত্র নিশ্চুপ।
প্রফেসরঃ হিংসা, বিদ্বেষ, অসুস্থতা, মৃত্যু, এসব কিছই জগতে আছে, তাই নয় কি ?
ছাত্রঃ জ্বী।
প্রফেসরঃ এসব কে তৈরী করেছে ?
ছাত্র নিশ্চুপ।
প্রফেসরঃ বিজ্ঞান বলে যে, তোমার পাচটি ইন্দ্রিয় রয়েছে যা তুমি জগতের সব বস্তুকে সনাক্ত করতে

ব্যবহার কর। এখন বল তুমি কি গডকে দেখেছ ?
ছাত্রঃ না স্যার।
প্রফেসরঃ তুমি কি গডের কথা শুনেছ ?
ছাত্রঃ না স্যার।
প্রফেসরঃ তুমি কি গডের স্বাদ গন্ধ কখনও অনুভব করেছ ?
ছাত্রঃ না স্যার।
প্রফেসরঃ এর পরও কি তুমি গড কে বিশ্বাস কর ?
ছাত্রঃ জ্বী।
প্রফেসরঃ পরীক্ষাগারে ব প্রফেসরঃ বলো, অনুভবে বলো প্রদর্শনে বলো , বিজ্ঞান বলে গডের কোন অস্তিত্ব নেই। তুমি একে কি বলবে ?
ছাত্রঃ কিছুই না। আমার শুধু বিশ্বাস আছে।
প্রফেসরঃ হ্যা। এখানেই বিজ্ঞানের সমস্যা।
ছাত্রঃ আচ্ছা স্যার, তাপ বলে কিছু আছে কি?
প্রফেসরঃ হ্যা।
ছাত্রঃ ঠান্ডা ?
প্রফেসরঃ হ্যা।
ছাত্রঃ না স্যার এগুলির কোনটিই নেই। (ঘটনার পট পরিবর্তনে সারা রুম চুপ হয়ে গেল।)
ছাত্রঃ স্যার, আপনি অনেক ধরনের তাপ পেতে পারেন, কম তাপ, বেশী তাপ বা আরো বেশী, কিন্তু ঠান্ডা বলে কিছু নেই।আমরা ৪৫৮ ডিগ্রীর নীচে তাপমাত্রায় যেতে পারি না।তাপের অনুপস্থিতিকেই আমরা ঠান্ডা বলি। আমরা ঠান্ডা মাপি না, তাপই মাপি।তাপই শক্তি। ঠান্ডা আলাদা কিছু নয় , এটি তপের অনুপস্থিতি মাত্র। (ক্লাসরুমে তখন পিন পতন নীরবতা।)
ছাত্রঃ আচ্ছা স্যার, অন্ধকার কি?
অন্ধকার বলে কিছু আছে কি ?
প্রফেসরঃ অবশ্যই, অন্ধকার না থাকলে রাত আসে কিভাবে?
ছাত্রঃ আপনি আবার ভুল করলেন, প্রফেসর। অন্ধকার আলোর অনুপস্থিতি মাত্র। আপনি কম আলো , বেশী আলো ঝাপসা আলো, এসব বলতেই পারেন, কিন্তু কোন আলো না থাকলেই আমরা অন্ধকার বলি।আলো একবারেই না থাকলে অন্ধকারকে আরো তীব্র করা সম্ভব নয়।
প্রফেসরঃ এসব বলে তুমি কি বুঝাতে চায়ছো ?
ছাত্রঃ আমি আসলে আপনার ফিলোসফি থেকেই একটা সিদ্ধান্তে পৌছাতে চাচ্ছি।
প্রফেসরঃ কি সিদ্ধান্ত?
ছাত্রঃ স্যার আপনি দৈত নীতি অনুসরণ করছেন।আপনি একই সাথে জন্ম মৃত্যু ভাল গড , খারাপ গড এর অস্তিত্বের যুক্তি দিচ্ছেন।আপনি গডকে সসীম পরিমাপযোগ্য রাশি মনে করছেন।স্যার বিজ্ঞান কখনও চিন্তা ও চেতনা কে পরিমাপ করতে পারেনা। বিজ্ঞান ইলেকট্রিসিটি ম্যাগনেটিজম ব্যবহার করে কিন্তু কখনও এগুলি ধেখা যায়না এবং খুব কমই অনুভব করা যায়।

এখন প্রফেসর,আপনি বলুন, আপনি কি আপনার ছাত্রছাত্রীদের শিক্ষা দেন যে, মানুষ বানর থেকে এসেছে?
প্রফেসরঃ অবশ্যই । তুমি যদি জৈবণিক বিবর্তনবাদ দেখ তাহলে তো তাই স্বীকার করবে।

ছাত্রঃ এই বিবর্তন কি আপনি চোখে দেখেছেন ? (প্রফেসর আস্তে আস্তে বুঝতে পারছিলেন তর্কটি কোন দিকে যাচ্ছে।)
যেহেতু কেউ বিবর্তনবাদ কেউ দেখেনি এবং কেউ ল্যাবরেটরীতে প্রমাণও করতে পারেনি, তাহলে কি ধরে নেব আপনি শুধু আপনার বিশ্বাসটাই প্রচার করছেন।আপনি কি একজন বিজ্ঞানী নাকি একজন প্রচারক ?
পুরো ক্লাস হঠাৎ হাসিতে ফেটে পড়ল।
ছাত্রঃ এই ক্লাসে কি এমন কেউ আছো যে প্রফেসরের ব্রেইন দেখেছো ? পুরো ক্লাস আবার হাসিতে ফেটে পড়ল।
এই ক্লাসে কি এমন কেউ আছো যে প্রফেসরের ব্রেইন শুনেছো অনুভব করেছো , স্পর্শ করেছো অথবা স্বাদ গ্রহণ করেছো?

এমন কেউই নেই যে তা করেছে। সুতরাং বিজ্ঞানের স্বীকৃত নিয়ম অনুযায়ী প্রফেসরের কোন ব্রেইন নেই। With all due respect, sir, how do we then trust your lectures, sir?

পুরো ক্লাস চুপ। প্রফেসর এক পলকে ছাত্রের দিকে তাকিয়ে রইল।
প্রফেসরঃ আমি মনে করি আমার ব্রেইনকে তোমার বিশ্বাস করা উচিত। আমিও এটাই বলছিলাম, মানুষ এবং গডের মধ্যে সম্পর্কটা বিশ্বাসের।এটাই বিশ্বাসীদের বাচিয়ে রেখেছে।

আস্তিকদের গল্পের এখানেই বিরতি। নাস্তিক অধ্যাপককে নাস্তানাবুদ করে চালিয়াৎ ছাত্র খুবসে বগল বাজাতে লাগলো। সেটা দেখে আকাশ হতে দেবতারা পুষ্পবৃষ্টি করতে লাগলেন।

ঠিক হ্যায়।

কিন্তু এর মধ্যেই গল্পের ২য় পর্ব শুরু হয়ে গেলো ...

২য় পর্ব

গল্পের ২য় পর্ব :

ক্লাসের গন্ডগোলের মধ্যে এক তৃতীয় ছাত্র উঠে দাঁড়ালো। উঠে দাঁড়িয়ে বলা শুরু করলো -

‘আমার মনে হচ্ছে প্রফেসর এবং নতুন মুসলিম ছাত্র দু ’জনেই বেশ কিছু জায়গায় বড় সড় কিছু ভুল করেছেন’।
সারা ক্লাস এবার তৃতীয় ছাত্রের দিকে ঘুরে গেল। ছাত্রটি বলে চললো -

প্রফেসর স্যারের মস্ত বড় ভুল হল - চোখে কিছু না দেখলেই সেটা অস্বীকার করাটা বিজ্ঞানের সংজ্ঞা হিসেবে সারা ক্লাসে চালিয়ে দেয়া। প্রফেসর সাহেব এতদিন ধরে পড়াচ্ছেন কিন্তু বিজ্ঞানের সংজ্ঞা জানেন না তা কি একটু লজ্জার বিষয় হয়ে যাচ্ছে না ? উনি উনার কলিগ বা সহকর্মীদের কাছ থেকে, যারা বিজ্ঞান এবং দর্শন সম্বন্ধে সুস্পষ্ট ধারণা রাখেন - তাদের কাছ থেকে বিজ্ঞানের সংজ্ঞাটি শিখে এসে ক্লাসে লেকচার দিতে পারতেন। কিংবা স্কুলের মেট্রিকের বইটি খুলেও তিনি সংজ্ঞাটি দেখে নিতে পারতেন। চোখে না দেখলেই সেটা অস্বীকার করাটা বিজ্ঞান হলে তো ইলেকট্রন, প্রটোন, নিউট্রন, কোয়ার্ক, ফোটন সব কিছুই বিজ্ঞানের চোখে অস্বীকৃত! কারণ সেগুলো চোখে দেখা যায় না। বাতাসও আমরা চোখে দেখি না। কিন্তু কোন বিজ্ঞানী কি বলেছেন বাতাস অবৈজ্ঞানিক?

না বলেননি, কারণ বিজ্ঞানের সিদ্ধান্তগুলো চোখে দেখা না দেখার উপর নির্ভর করে না; নির্ভর করে পরীক্ষালব্ধ প্রমাণে। যাচাইযোগ্যতা আর পরীক্ষণযোগ্যতা বৈজ্ঞানিক তত্ত্বের চাবিকাঠি। বাতাসকে আমরা চোখে দেখি না, কিন্তু বাতাসের স্পর্শ আমরা অনুভব করি ঝড়ের সময়। আর শুন্য বেলুন আর বেলুনকে ফুঁ দিয়ে ফুলিয়ে ওজন করলেই দেখতে পারবেন দুই ওজনে পার্থক্য পাওয়া যাচ্ছে, এ থেকে বোঝা যায় - বাতাসের আবার ওজনও আছে। স্কুলের পঞ্চম শ্রেনীর ছাত্র ছাত্রীরাই ‘এসো নিজে করি’ সেকশনে এই পরীক্ষাগুলো করতে পারে, আর এত বড় প্রফেসর এটা জানে না, এটা কী করে সম্ভব? ঠিক একই ভাবে বলা যায় ইলেকট্রণের অস্তিত্বও বিজ্ঞান মানে কারণ জার্মান বিজ্ঞানী ইউগেন গোল্ডস্টেইন থেকে শুরু করে স্যার জে জে থম্পসন, আর্নেস্ট রাদারফোর্ড সহ অনেকেই ইলেকট্রণের পরীক্ষালব্ধ প্রমাণ দিয়েছেন।

কিন্তু সেরকম প্রমাণ কি ঈশ্বর বা গডের ক্ষেত্রে পাওয়া গেছে?

সারা ক্লাসে পিন পতন নিঃস্তব্ধতা। প্রফেসর সাহেবের কপাল ঘেমে উঠছে। আর নতুন ছাত্রের চোয়াল ঝুলে পড়েছে।

ছাত্রটি নিস্পৃহ ভঙ্গিতে বলে চললো -

প্রমাণ পাওয়া তো পরের কথা। কোন কিছুকে বিজ্ঞানের অংশ হয়ে উঠতে হলে পরিস্কার কিছু সংজ্ঞা থাকতে হয়। ঈশ্বরের কি সেরকম কোন সংজ্ঞা আছে? আর যাওবা আমরা ঈশ্বর সম্বন্ধে জানি সবই পরস্পরবিরোধি। যেমন বাইবেলের ধারনা অনুযায়ী ঈশ্ব র অদৃশ্য (Col. 1:15, ITi 1:17, 6:16), এমন একটি সত্ত্বা যকে কখনও দেখা যয় নি (John 1:18, IJo 4:12)। অথচ বাইবেলেরই বেশ কিছু চরিত্র যেমন মুসা (Ex 33:11, 23), আব্রাহাম, জেকব (Ge. 12:7,26:2, Ex 6:3) ঈশ্বরকে দেখতে পেয়েছিলেন বলে বর্ণিত হয়েছে। ঈশ্বর পরিস্কার করেই বাইবেলে বলেছেন - ‘তোমরা আমার মুখ দেখতে পাবে না, আমাকে দেখার পর কেউ বাঁচতে পারবে না’ (Ex 33:20)। অথচ, জেকব ঈশ্বরকে জীবন্ত দেখেছেন (Ge 32:30)। এগুলো তো পরিস্কার স্ব-বিরোধীতা। ইসলামেও আল্লাহ বলেছেন, ‘তোমরা যেখানে থাক, তিনি তোমাদের সঙ্গে সঙ্গে আছেন’ (সুরা হাদিদ - ৪), অথচ মুহম্মদকে নাকি আল্লাহর সান্নিধ্য লাভ করতে বোরাকে করে বহুদূর পাড়ি দিতে হয়েছে। ক্যামনে কী ?

আর ঈশ্বরকে সংজ্ঞায়িত করতে গিয়ে যে 'পরম দয়াময়', সর্ব শক্তিমান, নিখুঁত, সর্বজ্ঞ ইত্যাদি বিশেষণে ভূষিত করা হয় সেগুলো যে সবই পরস্পরবিরোধী তা বহুভাবেই যুক্তি দিয়ে দেখানো হয়েছে। খ্যাতনামা বিজ্ঞানী আর দার্শনিকদের অনেক বইয়েই এগুলো নিয়ে আলোচনা আছে (দেখেন এখানে কিংবা এখানে), আছে ইন্টারনেটের অনেক সাইটেও (দেখেন এখানে)।

এই রকম পরস্পরবিরোধী জিনিস প্রমাণ করার দায়িত্ব বিজ্ঞানের না। কেউ যদি ওইরকম কিছু আছে দাবী করেন, সেইটা প্রমাণ করার দায়িত্ব দাবিদারের। এইটা হইলো দর্শনের প্রথম দিককার কোর্সের মামলা - বার্ডেন অফ প্রুফ।

কি বলেন স্যার? কি বলো তোমরা?

সারা ক্লাস মাথা নেড়ে সম্মতি জানালো। আর ঘর্মাক্ত প্রফেসর তার টাক মাথা চুলকাতে লাগলেন।

'আর অন্যদিকে নতুন ছাত্র - তোমার ভুলটা হল, না বুঝেই ঈশ্বরকে বিবর্তন তত্ত্ব আর প্রফেসরের ব্রেনের সাথে তুলনা করে দেয়া। প্রথমত , বিবর্তন ঈশ্বরের মতো গায়েবী কিছু নয়। বিবর্তন তত্ত্বের বহু পর্যবেক্ষণগত প্রমাণ পাওয়া গেছে। আর বিবর্তনের পক্ষে সাক্ষ্য-প্রমাণ অজস্র। বিবর্তন হচ্ছে কিনা তা নিয়ে জীববিজ্ঞানীদের মধ্যে কোন বিতর্ক নেই। প্রতিবছরই অসংখ্য গবেষণাপত্র, এবং বই লেখা হচ্ছে বিবর্তনের সাক্ষ্যপ্রমাণ উল্লেখ করে। পাবমেডে একটা সার্চ দিয়েই দেখো না বাপু - বিবর্তনের উপরে কয় হাজার পেপার বেরোয়। আর তাও না করতে চাইলে একটু দু কদম হেঁটে আমাদের লাইব্রেরিতে ঢু মেরেও দেখতে পারো। মার্ক রিডলীর ইভলুশন (Wiley-Blackwell) কিংবা ডগলাস ফুটুয়ামার ইভলুশন (Sinauer Associates Inc) তো বিশ্ববিদ্যালয়ের পাঠ্যপুস্তক হিসেবেই পড়ানো হয় , সেইগুলো আমাদের লাইব্রেরীতে আমি কালই দেখলাম। বায়োলজির সেকশনেই আছে। একটু চোখ বুলিয়ে নিও, কেমন?

আর ব্রেনের ব্যাপারটা যা বললা পুরাই তামসা। ব্রেনের পরিস্কার সংজ্ঞা আছে, আছে তার বাস্তব অস্তিত্বও। আমাদের পলাশী বাজারের বাবুল কসাইও মাথার খুলি ফাটাইয়া মুরগী , খাসি আর গরুর ব্রেন দেখসে। আর মেডিকেলের ডাক্তার আর ছাত্ররা তো মানুষের মাথার ব্রেনে অপারেশন পর্যন্ত চালায়। ব্রেনের বাস্তব অস্তিত্ব না থাকলে কি হাওয়ার উপরে ছুরি কেচি চালায় নাকিরে ভাই ? সি এন এন এর নিউরোসার্জন ডঃ সঞ্জয় গুপ্ত তোমার শুনলে হার্টফেল করব, কইলাম।

নতুন ছাত্রের মুখ লজ্জায় লাল হয়ে উঠেছে। কি বলবে বুঝতে পারছে না একেবারেই। কিন্তু দণ্ডায়মান তৃতীয় ছাত্রের মুখে সহানুভূতির কোন ছাপ নেই। বলে চললো -

শুধু ঈশ্বর নয়, তুমি আর আমাদের প্রফেসর স্যার মিলে গোল পাকিয়েছ বিজ্ঞানের অনেক বেসিক বিষয়েই। এই যেমন ধর, তুমি ঢালাওভাবে বলে দিলে - প্রফেসর স্যারেরা ছাত্রছাত্রীদের শিক্ষা দেন মানুষ বানর থেকে এসেছে। এটা কিন্তু ঠিক নয়। বিবর্তন তত্ত্ব বলছে যে, মানুষ আর পথিবীর বুকে চড়ে বেড়ানো অন্যান্য বাদঁর কিংবা বনমানুষেরা অনেক অনেককাল আগে একই পূর্বপুরুষ থেকে

উদ্ভুত হয়ে বিবর্তিত হয়েছে এবং আলাদা আলাদা ধারা বা লিনিয়েজ তৈরি করেছে। সে হিসেবে আমরা আধুনিক বানরগুলোর সাথে সম্পর্কযুক্ত হলেও সরাসরি উত্তরসূরী নই। আমরা আসলে এসেছি বহুদিন আগে বিলুপ্ত হয়ে যাওয়া এক ধরনের সাধারণ পূর্বপুরুষ হিসেবে কথিত প্রাইমেট থেকে। তুমি কি ভেবেছ শাখারিবাজারের গাছে গাছে আর বিল্ডিং এর উপরে যে বানরদের ঘুরতে দেখো সেখান থেকেই আমরা মানুষেরা এসেছি? আর তার চেয়েও বড় কথা, তুমি কি করে ভাবলে যে তোমার 'বানর থেকে মানুষ এসেছে' এই স্টান্টবাজি মারা ভুল ধারণাটা বায়োলজির ক্লাসে ঘটা করে পড়ানো হবে? তুমি এক কাজ কর, মুক্তমনা থেকে 'মানুষ কি বানর থেকে এসেছে?' - এই লেখাটা পড়ে নাও। **মুক্তমনার বিবর্তন আর্কাইভে** বিবর্তন নিয়ে এরকম অনেক ভুল ভাল ধারণার উত্তর দেয়া আছে। দেখতে পার।

তোমাদের বক্তব্য থেকে আরো কিছু ঘোট পাকানো উদাহরণ দেই। তাপ আর ঠান্ডা সম্বন্ধে যা বললে তা কিন্তু পুরোপুরি ভুল। তাপ আর তাপমাত্রাও এক কথা নয়। ইন্টারমিডিয়েটের শাজাহান তপনের বই খুলে তাপ আর তাপমাত্রার মধ্যে পার্থক্যটা দেখে নিও, কেমন? সোজা কথায় বললে, তাপ হচ্ছে একধরণের শক্তি। এর একটি একক হচ্ছে ক্যালরি। এখন, তাপ প্রয়োগে আমরা জানি পদার্থের মধ্যস্থিত অনুর মধ্যকার গতিশক্তি বেড়ে যায়। এই অনুর গতিশক্তির গড়পরতা বৃদ্ধিকে পরিমাপ করা হয় তাপমাত্রার বিভিন্ন স্কেলের সাহায্যে। যেমন, সেন্টিগ্রেড কিংবা কেলভিন ইত্যাদি। বুঝেছ ?

আর এও জেনে রাখ, 'ঠান্ডা' কোন বৈজ্ঞানিক পরিভাষা নয়। বিজ্ঞানের চোখে কোন কিছু ঠান্ডা মানে হল, অন্য কোন জানা তাপমাত্রার তুলনায় বস্তুটির অপেক্ষাকৃত নীচু তাপমাত্রায় অবস্থান। কাজেই তুমি যদি বল - 'ঠান্ডা বলে কিছু নেই', কিংবা, 'তাপের অনুপস্থিতিকেই আমরা ঠান্ডা বলি' - এভাবে বলা বিজ্ঞানের চোখে এক ধরণের নির্বুদ্ধিতা। দেখো , ঠিক একই রকমভাবে তোমার লজিকেই কেউ বলতে পারে - দুঃখ বলে কিছু নেই, কারণ, সুখের অনুপস্থিতিকেই আমরা দুঃখ বলি। কিংবা কেউ এটাও বলতে পারে - রাত বলে কিছু নেই; দিনের অনুপস্থিতিকেই আমরা রাত বলি। সত্যি করে বলতো - একদম বোকার মতন শোনাবে না তখন?

ঠিক একইভাবে 'বিজ্ঞান ইলেকট্রিসিটি ম্যাগনেটিজম সম্বন্ধে ধানাই পানাই কিছু কথা বলে বিজ্ঞানের অজ্ঞতা প্রমাণ করে আমাদের প্রফেসর স্যারকে যে বুঝ দিয়ে দিলে তাও কিন্তু ভুল। সত্যি কথা হল - পদার্থবিজ্ঞানের যে গুটি কয় ক্ষেত্রে আমরা দাবী করতে পারি যে মোটামুটিভাবে আমরা পরিপূর্ণভাবে জানতে পেরেছি - এই শাখাটি তার মধ্যে অন্যতম। তড়িৎ আর চুম্বক বল কিন্তু বহু আগেই একীভূত তত্ত্বের মাধ্যমে প্রকাশ করা হয়েছে, তাই একে আর এখন আলাদা নামে না ডেকে তড়িচ্চুম্বক বা ইলেক্ট্রোম্যাগ্নিটিজম নামেই ডাকা হয়। সেই কবে ১৮৬৪ সালের দিকে ম্যাকসওয়েল সাহেব চারটামাত্র সমীকরণের সাহায্যে সেটা দেখিয়ে দিয়েছিলেন। পরে হার্টজ ল্যাবরেটরীতে তড়িৎ চৌম্বক তড়ঙ্গ তৈরি করেছিলেন, যাকে আমরা বলি বেতার তড়ঙ্গ। আমাদের গর্ব বাঙ্গালী অধ্যাপক জগদীশ চন্দ্র বসুও কিন্তু এ নিয়ে অনেক কাজ করেছেন। তাই বিজ্ঞান ইলেকট্রিসিটি ম্যাগনেটিজম সম্বন্ধে জানেনা বলা মানে কিন্তু বিজ্ঞানের নয়, আসলে তোমার অজ্ঞতাই।

এবারে ছাত্রটি সোজা হাটা ধরলো সামনের দিকে; একেবারে ব্লাকবোর্ডের সামনে চলে গেলো। সেখানে পৌঁছিয়ে বলল -

আমরা স্বীকার করি আর নাই করি, বিজ্ঞান আর বিশ্বাসের মধ্যে একটা বড় পার্থক্য আছে। বিজ্ঞান কাজ করে তথ্য প্রমাণে আর পরীক্ষা-নীরিক্ষায়, কিন্তু বিশ্বাস কাজ করে কেবল অন্ধবিশ্বাসের জোরেই। বিজ্ঞানের কোন তত্ত্ব ভুল প্রমাণিত হলে বিজ্ঞানীরা ভুল মেনে নেন, তাদের তত্ত্বের সংশোধন করেন। নতুন তত্ত্ব দিয়ে পুরাতন তত্ত্ব রিপ্লেস হয় - যেটা বাস্তবতাকে আরো সঠিকভাবে ব্যাখ্যা করতে পারে। কিন্তু বিশ্বাসের ক্ষেত্রে সে সবের বালাই নেই। কেউ বিশ্বাসের ভুল ধরিয়ে দিলেও সেটাকেই তারা আঁকড়ে ধরে রাখেন। সেজন্যই বিশ্বাস কোন বিজ্ঞান নয়।

ব্যাপারটা বোঝাতে ব্ল্যাকবোর্ডে আঁকা শুরু করলো ফ্লো-চার্ট। ফ্লোচার্ট আঁকা শেষ হবার পর, ব্ল্যাকবোর্ডটা দেখতে লাগলো অনেকটা এরকমের -

নতুন মুসলিম ছাত্রটি কিছুটা বিভ্রান্ত কিছুটা হতবাক হয়ে বোর্ডের দিকে তাকিয়ে রইলো। প্রফেসর সাহেবের চোখে এতক্ষণে কিছুটা দীপ্তি ফিরে এসেছে। বললেন ,

হ্যা - অনেক কিছুই আমি আগে ঠিকমত বলতে বা ব্যাখ্যা করতে পারিনি। আসলে এর পরে ক্লাসে আসার আগে আগের অনেক কিছু ঝালাই করে নিতে হবে। এই কয় বছর কেবল কন্সাল্টেন্সি করে টাকা কামাতে গিয়ে বিদ্যে বুদ্ধির সবকিছু জলাঞ্জলি দিয়ে বসে ছিলাম। তবে এই ক্লাসে একটা বড় শিক্ষা হ ল আমাদের। নিজেকে বড় ভাবতে নেই, আর জ্ঞানার্জনে শর্টকাট পথ বলে কিছু নেই। সঠিকভাবে বিদ্যার্জন করতে হলে অনেক কষ্ট করতে হবে আমাদের সবাইকেই।

ক্লাস শেষের ঘণ্টা বাজল এইমাত্র। সবাই ধীর স্থিরভাবে শ্রেনীকক্ষ ত্যাগ করেছে। সবার চোখ মুখেই এক ধরণের উজ্জ্বল প্রশস্তির ছাপ। সেই ছাপ নতুন জ্ঞানের, অজানাকে জানার আনন্দের।

কমেন্ট

সাদিয়া

জুন ২৮, ২০১২ সময়: ৮:২৯ অপরাহ্ণ লিঙ্ক

আমি যেখানে গল্পটা (১ম অংশ) পরেছিলাম সেখানে লেখা ছেলো যে ঐ ধার্মিক ছাত্রটা ছিলো আইনস্টাইন।হা হা...

সমাপ্ত

http://www.dhormockery.com/2011/12/blog-post_4722.html

সীমাবদ্ধ জ্ঞান বনাম অসীম বেকুবি

রবিবার, ১৮ ডিসেম্বর, ২০১১

লিখেছেন জুপিটার জয়প্রকাশ

- গণেশ নামের একটি দেবতা আছেন যাঁর মানুষের বডিতে হাতির মাথা।
- এসব নেহাত বাজে গল্প, তবে বোরাক নামের একটি প্রাণী আছে, যার ঘোড়ার বডিতে মানুষের মাথা।

- রাবণ নামে এক রাক্ষস ছিল, তার কুড়িটা হাত।
- এসব বানানো কথা, তবে জিব্রাইল নামে এক ফেরেস্তা আছে, তার ৬০০ টা ডানা।

- ঠিকমতো ডাকতে পারলে দেবতার মূর্তিরা জ্যান্ত হয়ে যেতে পারে।
- এমন হওয়া কখনোই সম্ভব নয়, তবে ডানাওয়ালা ঘোড়া পিঠে মানুষ নিয়ে সাত আসমান পার হয়ে বাতাস ছাড়াই উড়তে পারে।

- সৃষ্টিকর্তা ব্রহ্মার চারটা মাথা আছে। তিনি পদ্ম ফুলের উপ্রে বসে থাকেন।
- নিতান্তই আজগুবি তত্ব, তবে সৃষ্টিকর্তা আল্লা নিরাকার এবং সর্বব্যাপী হলেও কিন্তু তেনার একটা চেয়ার আছে।

উপরের কথাগুলার কোনো একটায় বিনা প্রমাণে বিশ্বাস করলে আপনি বুদ্ধিমান। দুটোতেই অবিশ্বাস করলে আপনি বেকুব।

এবার উপরের পরীক্ষায় যাঁরা বুদ্ধিমান বলে পাস করবেন তাঁদের কাছে একটি বেকুব সওয়াল: দুটোই একসাথে বিশ্বাস করলে কি ডবল বুদ্ধিমান হওয়া যাবে ? নাকি ডবল বেকুব?

সমাপ্ত

https://www.amarblog.com/khatibangal/posts/169785

কোনটা যে সত্য ও সঠিক ধর্ম , বুঝুম কেমনে ? সবগুলোই তো দেখি ভেজাইল্লা

তারিখঃ বুধবার, ১৯/০৬/২০১৩ - ১২:৪৪

লিখেছেনঃ খাটি বাঙ্গাল

দুনিয়াতে সঠিক ও সত্য ধর্ম কোনটা বুঝুম কেমনে ? সব ধর্মের কিতাবেই তো দেখি ভুজুং ভাজুং। আর সেসব ধর্মের প্রবর্তকদেরও চরিত্রও তো দেখি মাসআল্লাহ ।

যেমন -

হিন্দু ধর্মের কৃষ্ণ যাকে কলির কেষ্ট বলে তার নাকি আছিল ষোল হাজার গোপী মানে স্ত্রী , এর মত মহা লুইচ্চা কেমনে সাধারন মানুষের আদর্শ হইত পারে

ইসলাম ধর্মের মোহাম্মদও দেহি ডজনের উপ্রে বিয়া করছে , হ্যায়ও তো দেহি আর এক কলির কেষ্ট, হের নাকি আরও কিছু দাসী বাদি আছিল সহবত করার লাইগ্যা , তাছাড়া বুড়া কালে নাতনীর বয়েসি এক শিশু বিয়া করছে, আবার পুত্রবধূও নাকি বিয়া করছে এক সময় - হ্যায় কেমনে সাধারন মানুষের আদর্শ হয়?

খৃষ্টান ধর্মের যীশূ তো বিয়াই করে নাইক্কা। হ্যায় কি তাইলে নপুংশক আছিল নি ? হের কোন ঘরসংসারও আছিল না , হের মত চালচুলোহীন মানুষ কেমনে সাধারন মানুষের আদর্শ হয় ?

বৌদ্ধ ধর্মের গৌতম বুদ্ধ হ্যায় ঘরে সুন্দরী বৌ রাইখা রাইতের বে লা ভাইগা গেল। হ্যায় ও কি নপুংশক আছিল নি যে বৌ এর ভয়ে রাইতেই ভাইগা গেল? যে লোক এভাবে বিয়া কইরা ঘরে যুবতী বৌ রাইখা ভাগতে পারে , তার মত দায়িত্বহীন লোক কেমনে সাধারন মানুষের আদর্শ হয় ?

সব দেখে শুনে মনে হয় , এগুলোর সবার মধ্যেই ঝামেলা আছিল। অথচ এরা নাকি সব ধর্ম প্রবর্তক। এই সমস্ত ব্যক্তি তো কোন উপদেশ দেয়ারই যোগ্যতা রাখে না। তো হ্যাগোর ধর্ম সত্য হয় কেমনে ?

কমেন্ট

বুধবার, ১৯/০৬/২০১৩ - ১৯:২১ তারিখে মূর্খ চাষা বলেছেন
স্যালো মেশিন কি নসিমন বানানোর জন্য তৈরী করা হয়ে ছিল ?

বুধবার, ১৯/০৬/২০১৩ - ১৯:২৭ তারিখে আরেফেন বলেছেন

ভাই আমি অন্য ধর্ম সম্পর্কে যানি না । আপনি ইসলাম ধর্মের নবী মোহাম্মদ সা: সম্পর্কে প্রশ্ন তুলেছেন।
সে ব্যপারে আপনাকে যানাতে চাই---

প্রথমেই দেখা যাক তৎকালীন সমাজে বহু বিবাহকে কেমন ভাবে দেখা হত এ ব্যপারে তৎকালীন মানুষের দৃষ্টিভঙ্গি কি ছিল।সত্যকারঅর্থে তখন কার সমাজে বহুবিবাহ ছিল একটি সাধারন ব্যপার। শুধু আরবেই ন বরং আর ব পার্শবতী সকল দেশ এবং প্রচ্যেও বহুবিবাহ প্রথা চালু ছিল।আর তাই প্রিয়নবীমুহাম্মদ (সাঃ) ১৩ টি বিয়ে করলেও এ ব্যপারে তখন কেও প্রশ্ন তোলেনি।

সময়ের আবর্তনে সমাজ থেকে ধীরে ধ্ীরে বহুবিবাহ প্রথা কমে আসতে থাকে।আমরাও বর্তমানে খুব বেশী কাউকে একের অধিক বিয়ে করতে দেখি না ।আর তাই আমাদের মনে এ ব্যপারে প্রশ্ন যাগে।আমাদের বর্তমান সমাজে যারা অধিক বিয়ে করেন তাদেরকে আমরা একটু বাকা চোখেই দেখে থাকি।

মুহাম্মদ (সাঃ) এর বিবাহ

১/ মুহাম্মদ (সাঃ) ২৪ বছ্ র বয়স পর্যন্ত কোন বিয়ে করেন নি

২/ ২৫ বছর বয়সে মুহাম্মদ (সাঃ)খাদিজা (রাঃ) কে বিয়ে করেন। এ সময় খাদিজা (রাঃ)এর বয়স ছিল ৪০ বছর এবং ইতিপুর্বে খাদিজা (রাঃ)এর দু দুবার অন্যত্র বিয়ে হ ইয়েছিল।এবং পুর্বের কয়েকজন সন্তান ও ছিল

৩/ ২৫ থেকে ৫০ বছর বয়স পর্যন্ত নবী (সাঃ)বিবি খাদিজার (রাঃ) সাথে সংসার করেন এবং এ সময়ের মধ্যে তিনি আর কোন বিয়ে করেন নি।

৪/ বিবি খাদিজার (রাঃ)এর ইন্তেকালের ২ বছর পর ৫৩ বছর বয়সে ২য় বিয়ে করেন।

৫/ মুহাম্মদ (সাঃ)এর স্ত্রীগনের মধ্যে একমাত্র আয়েশা (রাঃ)কুমারী ছিলেন এছাড়া সবাই ছিলেন বিধবা অথবা তালাক প্রাপ্তা ।

৬/ আয়েশা (রাঃ) ছিলেন মুহাম্মদ (সাঃ)বন্ধু হয রত আবু বকর (রাঃ) এর কন্যা ।বিয়ের সময় আয়েশার বয়স ছিল মাত্র ৬ অথবা ৯ বছ র।তিনি ছিলেন অত্যন্ত বুদ্ধিমতী। আয়েশার স্মরন শক্তিও ছিল অসাধারন।হযরতআয়েশা (রাঃ)হুযুর সাঃ মৃত্যুর প র সবচেয়ে বেশী দিন বেচে ছিলেন এবং

তিনিই স্ত্রীগনেরমধ্যে সবচেয়ে বেশী হাদীস বর্ননা ক রে গেছেন।

এখন প্রশ্ন হ ল মুহাম্মদ কেন মাত্র ৬ অথবা ৯ বছর বয়সে বিয়ে করেছিলেন?

মুহাম্মদ সাঃ আয়েশা রাঃ কে প্রাথমিক যে তিন কারণের জন্য বিয়ে করেছিলেন

- আবু বকর রাঃ সাথের বন্ধুত্বের সম্পর্ককে আত্মীয়তার মজবুত বাঁধনে পর্যবেশিত করে রাখা।
- আয়েশা রাঃ ইসলামের বিধি বিধান শিক্ষা এবং তৈরী করা যাতে তিনি ইসলামের বিধি বিধানকে সংরক্ষণ, (বিশেষ করে নারীদের জন্য একান্ত বিষয়াদি) রাসুল সাঃ জীবন ইতিহাস , আল কোরআনের আয়াতের নাজিলের কারণ এবং মানুষকে তাঁর সঠিক শিক্ষাদান করতে পারেন।
- উনাকে সে ভাবে গড়ে তোলা হয়েছিল যাতে তিনি উনার সম্পূর্ণ সক্ষমতাকে ইসলামের জন্য ব্যবহার করতে পারেন।

হাদিস বর্ণনাকারীদের অন্যতম চারজনের (আবু হুরাইয়াহ রাঃ , আব্দুল্লাহ ইবনে উমর রাঃ, আনাস ইবনে মালিক রাঃ) মধ্যে আয়েশা রাঃ একজন ছিলেন। যিনি একাই ২০০০ হাজারের বেশি হাদিস বর্ণনা করে গেছেন। উনার ২২১০টি হাদিসের মধ্যে থেকে ১৭৪টি হাদিস বুখারী আর মুসলিমে স্থান পেয়েছে।

উরওয়া বিন জুবায়ের বলেছেন -" **আমি কখনও কাউকে পাই নাই যিনি আল কোরআন, হালাল এবং হারামের আদেশ নিষেধ, ইলমুল আনসাব বা নসব-শাস্ত্র এবং আরবি কবিতায় আয়েশা রাঃ এর চেয়ে বেশি ওয়াকিবহাল ছিলেন। সেই কারণে অনেক বয়োজৈষ্ঠ সাহাবিয়ে কেরামগণ জটিল কোন বিষয় নিরসনে আয়েশা নিরসনে সাহায্য গ্রহণ করতেন।** দেখুন- ইবনে কাইম ও ইবনে সা'দ কর্তৃক জালা-উল- আফহাম ভল্যুম ২ এর ২৬ পৃষ্ঠা।

আবু মুসা আল আশারী রাঃ বলেনঃ- আয়েশা রাঃ নিকট নিয়ে যাওয়া কোন সমস্যার সমাধানের জন্য আমাদের কখনো কোন অসুবিধা হয় নাই। দেখুনঃ - সীরাত-ই-আয়েশা, তিরমিজি পৃঃ ১৬৩

আসুন আমরা উপরে বর্ণিত আলোচনার আলোকে ব্যক্তি মুহাম্মদ (সাঃ) এর জীবনকে যাচাই -বাছাই করে দেখি

স্ত্রীর নাম বিয়ের সময় স্ত্রীর বয়স মন্তব্য

খাদিজা বিনত খাওয়ালাত (রা) ৪০ (!) দুই বারের বিধবা

সাওদা বিনত যা’মা (রা) ৫০ বিধবা

আয়েশা বিনত আবু বকর সিদ্দিক (রা) ৯ (!) কথিত যে তিনি ৯ বছর বয়স থেকে
রাসুল (সাঃ) এঁর ঘরে আসেন

হাফসা বিনত উমর বিন খাত্তাব (রা) ২২ বিধবা

যায়নাব বিনত খুযাইমাহ (রা) ৩০ বিধবা

উম্ম সালমা বিনত আবু উমাইয়া (রা) ২৯ বিধবা

যায়নাব বিনত জাহাশ (রা) ৩৮ বিধবা

জুয়াইরিয়া বিনত হারিস (রা) ২০ বিধবা

উম্ম হাবিবা বিনত আবু সুফিয়ান (রা) ৩৬ বিধবা

রায়হানা বিনত উমরু বিন হানাফা (রা) সঠিক বয়স জানা যায় নাই বিধবা

সাফিয়া বিনত হুবাই বিন আখতাব (রা) ১৭ ২ বারের বিধবা

মারিয়া কিবতিয়া বিনত শামুন (রা) সঠিক বয়স জানা যায় নাই অবিবাহিতা মিশর থেকে আসা

মায়মুনা বিনত হারিস (রা) ৩৬ বিধবা

এবার আপনারাই বলুন নবী সা : এর বিয়ে সংক্রান্ত ব্যাপারে কোন অপবাদ আরোপ করা কি ঠিক ?

বুধবার, ১৯/০৬/২০১৩ - ১৯:৫৯ তারিখে খাটি বাঙ্গাল বলেছেন

হিন্দুরা বিশ্বাস করে তাদের কৃষ্ণ হলো আসলে ঈশ্বর , মানুষের রূপ ধরে পৃথিবীতে এসেছিল মানুষকে জ্ঞান দান করতে। হিন্দুদের বিশ্বাস তারা তাদের ঈশ্বরকে যে ভাবে ডাকে ঈশ্বর ভক্তের কাছে ঠিক সেভাবেই ধরা দেয়। সেই যুগে বহু নারী ঈশ্বরকে তার সাথী বা পতী রূপে কামনা ক রত। যারা সেভাবে কামনা করে ঈশ্বরকে সন্তুষ্ট করেছিল তাদের কাছে ঈশ্বর কৃষ্ণ নামে স্বামী বা সাথীরূপে ধরা দিয়েছিল। এমনকি কিছু ভক্ত তাকে বন্ধু বা পুত্র রূপে কামনা করেছিল , তাই সুধামার কাছে সে বন্ধু ও যশোধার কাছে সে পূত্র রূপে ধরা দিয়েছিল।

মুহাম্মদ সেই ৭ শতাব্দীর আরব দেশের প্রচলিত সমাজ ব্যবস্থা অনুযায়ী ডজনের বেশী বিয়ে করার পরেও যদি আপনাদের কাছে সে চিরকালের আদর্শ মানুষ হয়ে থাকে , সেই একই যুক্তিতে হিন্দুদের ঈশ্বর কৃষ্ণ রূপে তার ভক্তদের কাছে সাথী বা পতি রূপে ধরা দিলে সে কারনে কৃষ্ণকে নিয়ে আপনারা অশ্লীল মন্তব্য কেন করেন ? একই সময়ে অমুসলিমরা মুহাম্মদের এ বহু বিয়ে নিয়ে কোন মন্তব্য করলে সাথে সাথেই আপনাদের ধর্মীয় অনুভূতিতে মারাত্মক আঘাত হা না হয়ে যায় কিভাবে ?

বরং দেখা যায় - যুক্তি হিসাবে হিন্দুদের যুক্তিটাই বেশী গ্রহণযোগ্য। কারন ভক্ত ঈশ্বরকে যেভাবে চাইবে ঈশ্বর যদি ভক্তের কাছে সেভাবে ধরা না দেয় তাহলে সে কিসের ঈশ্বর ? সেক্ষেত্রে কৃষ্ণ যে ষোল হাজার গোপীর কাছে নিজেকে পতী হিসাবে ধরা দিয়েছিল সেটা কিন্তু বাস্তবে নয় , সেটা ঘটেছিল আধ্যাত্মিক জগতে। আর এটা তো পরিস্কার বোঝাই যায় যে কোন ব্যক্তির বাস্তবে ষোল হাজার পত্নী থাকতে পারে না। অর্থাৎ সম্পূর্ন বিষয়টিই কিন্তু রূপক। যে কারনে উক্ত ষোল হাজার গোপীর প্রত্যেকের বাস্তব স্বামী থাকা সত্ত্বেও তারা কেউই কিছু টের পায় নি। যেমন রাধা ছিল কৃষ্ণের ভক্ত , পরস্ত্রী রাধা ঈশ্বরকে নিজের পতি/সখা হিসাবে মনে প্রানে কামনা করত, ভক্তের বাসনা পূরন করার জন্যই ঈশ্বর কৃষ্ণের রূপ ধারন করে রাধার সাথে দেখা করত আধ্যাত্মিক ভাবে , বাস্তবে নয় , সে কারনে রাধার স্বামী বা অন্য কোন আত্মীয় স্বজন কোন দিনই কিন্তু রাধা ও কৃষ্ণকে এক সাথে দেখতে পায় নি। অথচ মোল্লারা ইসলামি জোশে এসব কাহিনী নিয়ে ওয়াজ মাহফিলে চুড়ান্ত রকম আদি রসাত্মক কাহিনী পেশ করে। তারা জীবনেও কিন্তু রাধা কৃষ্ণের আসল কাহিনীটা পড়েও দেখে নি , বা দেখার দরকারও মনে করে না।

অথচ পক্ষান্তরে মুহাম্মদ এই বাস্তবেই ডজনের বেশী বিয়ে করে , যে তাকে বিয়ে করতে চাইত তাকেই সে বিয়ে করত যদি তাকে তার মনে ধরত, এছাড়াও নিয়মিত দাসীদের সাথেও মুহাম্মদ যৌনকাজ করত- অথচ এটা নিয়ে মোল্লারা তো কখনও শুনিনা কোন ওয়াজ মাহফিলে সামান্যতম কোন কথা বলে। একই ভাবে মুহাম্মদ যে তার পালিত পুত্রবধূ জয়নাবকে বিয়ে করল সেটা নিয়েও তো কোন মোল্লা কোন সময় ওয়াজে কিছু বলে না। ৯ বছরের শিশু আয়শার সাথে ৫৪ বছরের মুহাম্মদ যে যৌন কাজ শুরু করল সেটাও কেন মোল্লাহরা চেপে যায় ?

==

বাংলার খাটি সন্তান আমি, কারও কোন সন্দেহ আছে ?

বুধবার, ১৯/০৬/২০১৩ - ২২:৪১ তারিখে মূর্খ চাষা বলেছেন

যে ব্যক্তি শুধুমাত্র গাধা চেনে সে গাধা ও ঘোড়ার মধ্যে পার্থক্য কিভাবে বুঝবে ?

বুধবার, ১৯/০৬/২০১৩ - ০০:৫৯ তারিখে সত্যজিৎ দাশ বলেছেন

কাডাল পাতার রস খান প্রতিদিন সকালে জ্ঞান বাড়বে । আবাল ।

Satyajit Das

Powered by MacOSX Lion

বুধবার, ১৯/০৬/২০১৩ - ০১:০৯ তারিখে খাটি বাঙ্গাল বলেছেন

কেন আপনার কলির কেষ্টকে লুইচ্ছা বলাতে মন খারাপ হয়ে গেল ? মুহাম্মদকে লুইচ্ছা কইলে খুব খুশী হইতেন বুঝি ? হালায় বলদ এরেই কয়।

==

বাংলার খাটি সন্তান আমি, কারও কোন সন্দেহ আছে ?

বুধবার, ১৯/০৬/২০১৩ - ০১:২৫ তারিখে সালমান হাসান সর্দার বলেছেন

আপনি একটা নতুন ধর্ম প্রতিস্টা করেন, সেটাই ভাল। আর নিজের মধ্যে বলদের ধর্ম বিদ্যামান রেখে অন্যকে বলদ বলা ঠিক না। বোঝেন নি?

বুধবার, ১৯/০৬/২০১৩ - ০১:২৯ তারিখে খাটি বাঙ্গাল বলেছেন

ফালতু কথা বাদ দিয়ে পোষ্টে যা লেখা আছে, সেটা কি ভুল - সেটা বলেন। কেন আপনাদেরকে বলদ বলা হয়, এবার বোঝা উচিত। পোষ্টের বিষয়ে খবর নাই, ব্যক্তিগত বিষয় নিয়ে টানাটানি করেন। আপনাদেরকে বলদ ছাড়া কি বলা যেতে পারে ?

==
বাংলার খাটি সন্তান আমি, কারও কোন সন্দেহ আছে ?

বুধবার, ১৯/০৬/২০১৩ - ১০:৩৯ তারিখে হাসিনুর বলেছেন
এইসব পোস্ট দিয়া ব্লগে হিট খাওয়ার ধান্দাবাজি কয়দিন করবা? ফুতপাতের মলম বিক্রি করতা নাকি আগে? পোস্টের মান এমনই হইছে।

যবে উৎপীড়িতের ক্রন্দন-রোল আকাশে বাতাসে ধ্বনিবে না
অত্যাচারীর খড়গ কৃপাণ ভীম রণ-ভূমে রণিবে না
বিদ্রোহী রণক্লান্ত
আমি সেই দিন হব শান্ত ------বিদ্রোহি কবি

বুধবার, ১৯/০৬/২০১৩ - ০৯:২৫ তারিখে মো:হারুন বলেছেন
ধর্ম ধর্ম ধর্ম
আর বলিসনারে ভাই
এই দেশের ধর্মের কথা শুনলে
মাথার চুল খাড়া হয়ে যায়।
';;;;;;;;;;;;;;;;;;;;;;;;;;;;;;;;;;;
আমি কে , তুমি কে
বাঙ্গালি বাঙ্গালি ।
জয় বাংলা , জয় বঙ্গবন্ধু ।
তোমার আমার ঠিকানা
পদ্মা মেঘনা যমুনা ।

বুধবার, ১৯/০৬/২০১৩ - ১২:৫৭ তারিখে মামুন বলেছেন
গরীব, অশিক্ষিত জনগণ না বুঝে অর্থনীতি, না বুঝে ধর্ম। ধর্মের নামে এদেরকে অজ্ঞ রেখে শোষণ করা সহজ। ধনী দেশগুলো এই অস্ত্রই প্রয়োগ করে। ধনী দেশগুলো নিজেরা আস্তিক/নাস্তিক নিয়ে মাথা

ঘামায় না, কিন্তু গরীব দেশগুলোতে ধর্মের প্রসারে নেপথ্যে ভূমিকা রাখে-গরীব দেরকে যত পিছিয়ে রাখা যায়, ততই লাভ।

সমাপ্ত

https://www.amarblog.com/paradiselost/posts/165304

সমাজে ধর্ম টিকে থাকার কারণ

তারিখঃ শনিবার, ২০/০৪/২০১৩ - ১৩:১৯
লিখেছেনঃ মুক্ত মন

আপনি যদি বলেন "কয়লা কালো" আর অন্য জন যদি বলেন "না কয়লা কালো না আপনি সঠিকভাবে কয়লাকে বুজুন দেখবেন কয়লা কালো নয় " তাহলে কেমন হবে। টিক তেমনি ধর্মের সমালুচনা করলে ধার্মিক বেক্তির উত্তর থাকে। সমাজে ধর্ম আজও টিকে আছে কারণ :

১. বিজ্ঞান এখনো সবকিছুর বেখকা দিতে পারে না। তাইত যখন কোনো কার্যের কারণ বলা কঠিন এই মুহুর্তে তখনি মানুষ সেই কার্যের কারণ হিসেবে গড কে খুঁজে। বিবর্তনবাদ যদিও এখন পরীক্ষিত সত্য তারপর ও প্রশ্ন রয়ে গেছে যার কোনো গ্রহনযুগ্য উত্তর এখনো দেয়া যায় না। যদি সবকিছু এমনিতেই সৃষ্টি হয় তাহলে কেন প্রকৃতি এত শ্রিন্ক্ষলাবদ্য ? প্রক্তিতির এত জটিল সৃষ্টি গুলো যে এমনি এমনি সৃষ্টি হয়েছে তা সহজে মেনে নেয়া কঠিন। আর এখানেই মানুষ গড কে অনুমান করে। কোনো কিছুর কারণ না জানলে কি গড কে অনুমান করা টিক ? অনুমান করলেই কি কোনো কিছু সটিক হয়ে যায় ? যেমন আজ থেকে ২০০ বছর আগে মানুষ মেঘের ডাক শুনে অনুমান আকাশে দৈত্য দানব মারামারি করছে। অনুমান যদি করি তাহলে গড কে কেন ? সেখানে কেন একটা দৈত্য কে অনুমান করি না ? আর গড থাকলেই কি এই গড সেই গড যাকে আমরা বিভিন্ন ধর্মে পাই? তাহলে তো ভবিস্যতে গড কে নিয়া বিশাল মারামারি শুরু হবে।
২. মানুষের সাভাবিক আচরণ হলো অতিপ্রাকৃত কোনো কিছুতে আশ্রয় করা। কারণ এটা সহজ আর মানসিক শান্তি দেয়। এই মানসিক সন্তুষ্টি শুধু গড এর জন্য না। যুগ যুগ ধরে চলে আসছে যেকোনো ধারণাতেও এই মানসিক সন্তুষ্টি কাজ করে। শুক্রবার অ অফিস এ কাজ করলেও আলাদা একটা অনুভুতি তাকে যা অনন্য দিনে তাকে না। আনলাকি থার্টিন এ যারা বিশ্বাস করে তারাও একটা খারাপ অনুভুতি অনুভব করে যখনি থার্টিন দেখে।
৩. ধর্ম টিকে থাকার আরেকটা কারণ হলো কালচার। আমরা আমাদের দীর্ঘদিনের কালচার কে ছাড়তে পারি না। আর আমাদের কালচার বেশিরভাগ ধর্ম থেকে এসেছে।

সমাপ্ত

https://www.amarblog.com/khatibangal/posts/169827

সত্য ধর্মের সন্ধানে

তারিখঃ বৃহঃ, ২০/০৬/২০১৩ - ০০:২৫

লিখেছেনঃ খাটি বাঙ্গাল

কোন ধর্ম যে সত্য সেটা নিয়ে বড় বিড়ম্বনায় আছি। মুহাম্মদ ১৩ টা বিয়ে , দাসীর সাথে যৌনকাজ, প্রৌঢ় বয়েসে ৬ বছরের শিশুকে বিয়ে ও বানিজ্য কাফেলা আক্রমন করে মালামাল লুট করলেও হয়ে যায় সর্বকালের আদর্শ পুরুষ ও তার ধর্ম ইসলাম হয়ে পড়ে সত্য ধর্ম অথচ এ ধরনের কোন অন্যায় না করেও যীশু বা গৌতম বুদ্ধ হয় না কোন আদর্শ মানব বা তাদের ধর্ম হয় না কোন সত্য ধর্ম।

মুসলমানেরা বস্তুত: কাবা ঘরের মধ্যে রক্ষিত কাল পা থরকে পুজা করে , সেটা পাথর পুজা হয় না , হিন্দু বা খৃষ্টানরা তাদের ঈশ্বরের প্রতিমা মন্দির বা গির্জায় রেখে পুজা করলে সেটা হয় মূর্তি পুজা। কি আজব কারবার !

মুসলমানদের ধর্মাচরন পরীক্ষা নিরীক্ষা করলে দেখা যায় তারা ১০০% পাথরপূজারী- সেটা দেখুন এখানে -

মুসলমানরা আসলে কার পূজা করে ?

এছাড়াও বিভিন্ন ধর্মের কিচ্ছা কাহিনী যেমন -------

হিন্দু ধর্মের কৃষ্ণ যাকে কলির কেষ্ট বলে তার নাকি আছিল ষোল হাজার গোপী মানে স্ত্রী , এর মত মহা লুইচ্চা কেমনে সাধারন মানুষের আদ র্শ হইত পারে

ইসলাম ধর্মের মোহাম্মদও দেহি ডজনের উপ্রে বিয়া করছে , হ্যায়ও তো দেহি আর এক কলির কেষ্ট, হের নাকি আরও কিছু দাসী বাদি আছিল সহবত করার লাইগ্যা , তাছাড়া বুড়া কালে নাতনীর বয়েসি এক শিশু বিয়া করছে, আবার পূত্রবধূও নাকি বিয়া করছে এক সময় - হ্যায় কেমনে সাধারন মানুষের আদর্শ হয়?

খৃষ্টান ধর্মের যীশূ তো বিয়াই করে নাইক্কা। হ্যায় কি তাইলে নপুংশক আছিল নি ? হের কোন ঘরসংসারও আছিল না , হের মত চালচুলোহীন মানুষ কেমনে সাধারন মানুষের আদর্শ হয় ?

বৌদ্ধ ধর্মের গৌতম বুদ্ধ হ্যায় ঘরে সুন্দরী বৌ রাইখা রাইতের বেলা ভাইগা গেল । হ্যায় ও কি নপুংশক আছিল নি যে বৌ এর ভয়ে রাইতেই ভাইগা গেল? যে লোক এভাবে বিয়া কইরা ঘরে যুবতী বৌ রাইখা ভাগতে পারে , তার মত দায়িত্বহীন লোক কেমনে সাধারন মানুষের আদর্শ হয় ?

সব দেখে শুনে মনে হয় , এগুলোর সবার মধ্যেই ঝামেলা আছিল। অথচ এরা নাকি সব ধর্ম প্রবর্তক। এই সমস্ত ব্যক্তি তো কোন উপদেশ দেয়ারই যোগ্যতা রাখে না। তো হ্যাগোর ধর্ম সত্য হয় কেমনে ?

কমেন্ট

বৃহঃ, ২০/০৬/২০১৩ - ০১:১৬ তারিখে মূর্খ চাষা বলেছেন

কেউ কি সত্য কথা কয় যে আপনি সত্য ধর্ম কি তা জানতে পারবেন । আপনার যে অংশ বলতেছে যে এটা সত্য ধর্ম নয় । সেই অংশকেই প্রশ্ন করুন আশা করি পাবেন । সৃষ্টি কর্তাকে সীমার মাঝে অসীম হিসাবে ভাবুন পাবেন ।

বৃহঃ, ২০/০৬/২০১৩ - ০২:৩২ তারিখে খাটি বাঙ্গাল বলেছেন

কি উল্টা সিধা কইলেন বুঝলাম না।

==

বাংলার খাটি সন্তান আমি, কারও কোন সন্দেহ আছে ?

বৃহঃ, ২০/০৬/২০১৩ - ০৯:৫২ তারিখে আরেফেন বলেছেন

এই পোস্টের বিষয় বস্তু আরো বিষধ ভাবে বুষতে দেখুন ---

প্রিয় নবী মুহাম্মদ (সাঃ) এর বহু বি বাহ সংক্রান্ত কিছু প্রশ্ন ও তার উত্তর।

শুক্রবার, ২১/০৬/২০১৩ - ০১:৫৮ তারিখে মূর্খ চাষা বলেছেন

আস্তিক, নাস্তিক, ধর্ম , রাষ্ট্রধর্ম আমি বাঙ্গাল ভাই আমার লেখাটি পড়ুন এবং আপনার মতামত দিন । আমি এর আগে কোন লিঙ্ক দেই নাই ভুল হল কিনা জানি না ।

শুক্রবার, ২১/০৬/২০১৩ - ০২:৫১ তারিখে মূর্খ চাষা বলেছেন

বাঙ্গাল ভাই লিংকটা ঠিক মত হয় নাই তাই আবার দিলাম , আপনার মতামত আশা করি ।

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/radachurablog/28765292

তুলনামূলক আলোচনাঃ আস্তিকতা ও নাস্তিকতা

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:০৭ |

ফরহাদ উদ্দিন স্বপন

নাস্তিকতাকে অনেকে অত্যাধুনিকতা ও নিজেকে অন্যের চেয়ে আলাদাভাবে উপস্থাপনের তরল প্রয়াস বলে বিবেচনা করেন। কিন্তু ব্যক্তিগতভাবে আমি নাস্তিকতাকে এতো সহজলভ্য বলে মনে করি না। একজন আস্তিক প্রতিদানের আশায় (তাকে আপনি বেহেস্ত, প্যারাডাইস কিংবা স্বর্গ যাই বলুন) সৎ! থাকার চেষ্টা করেন। প্রতিদানের প্রত্যাশা করাটা ব্যবসায়িক মনোবৃত্তি রই পরিচায়ক। অপরদিকে একজন নাস্তিক কোনো প্রতিদানের আশা না করে শুধুমাত্র নিজের বিবেকের দায়বদ্ধতা থেকেই বিবেকের কাজগুলো সম্পন্ন করেন। এই বিবেকের দায়বদ্ধতাই নাস্তিকতার প্রথম এবং মূল শর্ত। বিবেকের দায়বদ্ধতা ব্যতিরেকে নিজেকে নাস্তিক হিসেবে দাবী করাটা নেহায়েৎ অযৌক্তিকই নয়, প্রতারণার সামিল। এমন ব্যক্তিকে কখনও সত্যিকারের নিবেদিত নাস্তিক বলা যাবে না।

*** নাস্তিকতার ভিত্তি বিবেকের দায়বদ্ধতা আর আস্তিকতার ভিত্তি প্রতিদানের প্রত্যাশা।

নাস্তিকতাকে অর্জন করতে হয়। পক্ষান্তরে আস্তিকতা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। এর সূতিকাগার হচ্ছে বিশ্বাস। বিবেক বুদ্ধির ব্যবহারের সুযোগ এখানে খুবই কম। কিন্তু নাস্তিকতা মানুষের দৈনন্দিন জীবনধারণ, বাস্তব অভিজ্ঞতা, শিক্ষা ও জ্ঞানের বিশ্লেষণের মাধ্যমে অর্জিত হয়। এটাকে উত্তরাধিকার সূত্রে অর্জন কিংবা সম্পত্তির মতো ব্যবহারের আদ্যৌ কোনো সুযোগ নেই। আপনি যদি বিষয়টাকে সম্পদের সাথে তুলনা করেন তবে আস্তিকতা হচ্ছে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পদ আর নাস্তিকতা হচ্ছে নিজের যোগ্যতার মাধ্যমে অর্জিত সম্পদ।

*** নাস্তিকতাকে অর্জন করতে হয় বিবেকের ব্যবহার, দৈনন্দিন জীবনধারণ, বাস্তব অভিজ্ঞতা, শিক্ষা ও জ্ঞানের বিশ্লেষণের মাধ্যমে। অপরদিকে আস্তিকতা উত্তরাধিকার সূত্রে বিনা পরিশ্রম বিনা যোগ্যতায়ই অর্জন সম্ভব।

নাস্তিকতা অবশ্যই একটি ধর্ম। সাধারণভাবে ধর্ম বলতে সেই পন্থা, বা পথ কে বুঝায় যা কোনো পদার্থ, ব্যক্তি অথবা ব্যক্তিবর্গ অনুসরণ করে থাকে। সেই হিসেবে নাস্তিকতা অবশ্য ই একটি ধর্ম। কারণ একজন নাস্তিক বিবেকের দায়বদ্ধতা থেকে প্রত্যক্ষ অভিজ্ঞতার মাধ্যমে অর্জিত পথে নিজেকে

পরিচালিত করেন। তাই একজন নাস্তিক-কে কোনো প্রকারেই অধার্মিক বা ধর্মদ্রোহী বলা যাবেনা। বরং নাস্তিকতা পৃথিবীর উল্লেখযোগ্য মানুষ কর্তৃক অনুসৃত ধর্ম এবং এ ধর্মের মাধ্যমেই পৃথিবীতে সার্বিক শান্তি আনয়ন সম্ভব। কারণ আস্তিকতার ভিত্তিতে পরিচালিত ধর্মগুলো তাদের প্রবর্তকের গুণকীর্তনে ব্যস্ত। তারা স্রস্টার গুণকীর্তনের চেয়ে শুধু তাদের প্রবর্তকদের শ্রেষ্ঠত্ব জাহির করতে ব্যস্ত। এর ফলশ্রুতিতে জেহাদ, ক্রুসেড প্রভৃতি ধর্মযুদ্ধের অবতারণা হয় যার ফলাফল সম্পর্কে সবাই অবহিত। অপরদিকে নাস্তিকতা সব মানুষকে সম মর্যাদা নিয়ে মানুষকেই সবচেয়ে বেশি মর্যাদা দেয় এবং এক যাচিত সাম্যের সৃষ্টি করে।

*** আস্তিকতা নয়, নাস্তিকতা পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠিত করতে পারে। প্রচলিত আস্তিকতার ভিত্তিতে প্রবর্তিত ধর্মগুলোর ব্যর্থতা তাই প্রমাণ করে।

কমেন্ট

১. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:২৮

শান্তির দেবদূত বলেছেন: **নাস্তিকতা পৃথিবীর উল্লেখযোগ্য মানুষ কর্তৃক অনুসৃত ধর্ম এবং এ ধর্মের মাধ্যমেই পৃথিবীতে সার্বিক শান্তি আনয়ন সম্ভব**

আপনার মেধা, জ্ঞ্যান এবং আদর্শের প্রতি শ্রদ্ধা রেখে বলছি, আপনি লেলিন, ষ্ট্যালিন, মাও সেতুং উনাদের নাস্তিকতাবাদের আলোকে দেশ পরিচালনার ইতিহাস একটু পড়ে দেখবেন। দেখবে শুধু মাত্র এই ৩ জন নাস্তিক শাষকের হাত কোটি কোটি মানুষের রক্তে রঞ্জিত।

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৪১

লেখক বলেছেন: পৃথিবীর বেশিরভাগ মানুষ এদের মহান বিপ্লবী ও সংস্কারক বলেই জানেন। আর রক্তের কথা বললে ধর্ম-যুদ্ধে কত মানুষ রক্তাক্ত হয়েছে তার ইতিহাস কম বেশি সবাই জানেন।

২. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:২০

তিনিই সত্য বলেছেন: কিন্তু "নাস্তিকতা" ধর্মের বিশ্বাসীদের কারণেই ব্লগে গালির বন্যা ছুটে।

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:২৩

লেখক বলেছেন: আপনি নিশ্চিত হলেন কীভাবে যারা গালাগালি করেন তারা নাস্তিক

৩. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:২০

নাজিম উদদীন বলেছেন: নাস্তিককে স্রোতের বিপরীতে চলতে হয়। ফলে প্রতিপদে তাকে জেনেশুনে আগাতে হয়।

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:২২

লেখক বলেছেন: জেনেশুনে আগানোই বিবেচকের কাজ

৪. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৩২

হাবীবুল বলেছেন: নাস্তিক তো নিজের সৃষ্টিকরতাকেই অস্বীকার করে , একজন অকৃতজ্ঞ কিভাবে মানবজাতির কল্যান করবে ?

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৩৮

লেখক বলেছেন: সন্মান রেখেই বলি সৃষ্টি কর্তার বিষয়টি আপনার বিশ্বাস থেকে উদগত। যুক্তি থেকে নয়।

৫. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৩৩

অচেনা বাঙালি বলেছেন: লেখা ভাল লেগেছে।

"নাস্তিকতাকে অনেকে অত্যাধুনিকতা ও নিজেকে অন্যের চেয়ে আলাদাভাবে উপস্থাপনের তরল প্রয়াস বলে বিবেচনা করেন।"

এইটা ঠিক কেমন জানি লাগল। সমাজে মোল্লা মানসিকতার পাবলিকেই তো গিজ গিজ করছে। এইখানে কয়জন নাস্তিক পাবেন আপনে। তার মধ্যে আবার অত্যাধুনিক সাজার জন্য নাস্তিক।

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৩৯

লেখক বলেছেন: এটা আমার কথা না, যারা নাস্তিকতার বিরোধীতা করেন তারা বলে থাকেন।

৬. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৪২

পুতুল বলেছেন: আপনার লেখাটিতে মন্তব্য করতে লগ ইন করলাম। দেখেন ধর্ম সম্পর্কে, এমনকি জামাত সম্পর্কেও ব্লগে লেখালেখি ধর্মান্দরা একটা ভাল কাজ ধরে নেয়। অথচ আপনার বিশ্বাসটি (নাস্তিকতা) বলতে গেলেই। বা ধর্মের যৌক্তিক সমালচনা করলেই আপনি তাদের ধর্ম বিশ্বাসে আঘাত করলেন। নাস্তিকদের গালি দিলেও তো একটা জীবন দর্ষণকে গালি দেয়া হল। এটা তাদের বোঝার ক্ষমতা নেই।
পোষ্টটি ভাল লেগেছে। বিশ্বাস ও সংস্কৃতি নিয়ে "ছক্কা হাজী" র একটি খুব ভাল পোষ্ট আছে পড়ে দেখতে পারেন। আমার নাস্তিকতার বিরম্বনা নিয়ে একটি পোষ্ট আছে " প্রিয় বিহংগকে" শীরনামে। ইচ্ছে হলে ক্লিক করতে পারেন। তবে "ছক্কা হাজীর" সর্বশেষ পো্টটি আমার খুব ভাল লেগেছে। একটা ব্যাপারে দ্বীমত আছে। সব নাস্তিকই ভাল মানুষ নন। তবে যাদের দেখেছি , তাদের ৯৯.৯৯ পার্সেন্ট ভাল মানুষ। আবার অনেক ভাল অস্তিক মানুষও দেখার সুযোগ হয়েছে। কিন্তু বিশ্বাসী মানুষদের ভেতর ভাল মানুষ পাওয়া খুব কঠিন। ক্ষেত্র বিষেশে অসম্ভব। যে দু 'একজনকে ভাল লেগেছে তারা ছুফি টাইপের মানুষ ছিলেন।

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৪৪

লেখক বলেছেন: ধৈর্য সহকারে পড়ার জন্য ধন্যবাদ। পোস্টগুলো অবশ্যই পড়বো।

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫৯

লেখক বলেছেন: আমি বলেছি একজন নাস্তিক শুধুমাত্র নিজের বিবেকের দায়বদ্ধতা থেকেই বিবেকের কাজগুলো সম্পন্ন করেন। এই বিবেকের দায়বদ্ধতাই নাস্তিকতার প্রথম এবং মূল শর্ত। বিবেকের দায়বদ্ধতা ব্যতিরেকে নিজেকে নাস্তিক হিসেবে দাবী করাটা নেহায়েৎ অযৌক্তিকই নয়, প্রতারণার সামিল। এমন ব্যক্তিকে কখনও সত্যিকারের নিবেদিত নাস্তিক বলা যাবে না।

কাজেই একজন নাস্তিককে অবশ্যই ভাল মানুষ হতে হবে। বিবেকের দায়বদ্ধতা ছাড়া নাস্তিকতা অর্জনের কোনো সুযোগ নেই।

৭. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৩৫

শাহরিয়ার হোসেন বলেছেন: আরো অনেক লিখতে পারতেন, তবে যতটুকু লিখেছেন তার প্রতি সহমত। +...

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৪২

লেখক বলেছেন: ধন্যবাদ

৮. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৩৭

শাহরিয়ার হোসেন বলেছেন: হাবীবুল বলেছেন: নাস্তিক তো নিজের সৃষ্টিকরতাকেই অস্বীকার করে , একজন অকৃতজ্ঞ কিভাবে মানবজাতির কল্যান করবে ?
জনাব হাবীবুল, আপনি যে সৃষ্টিকর্তার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছেন , আপনি কি করে জানেন সে-ই আপনার জেনুইন সৃষ্টিকর্তা?

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৪৫

লেখক বলেছেন: আমিও আপনার মতো উত্তরের আশায় রইলাম।

৯. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫০

শান্তির দেবদূত বলেছেন: "আমার মনে হয় উনারা খুব জনপ্রিয় নেতাই ছিলেন। " ---

আপনার এই লেখা থেকে আপনার নাস্তিকতা, Communism এবং ধর্মের ব্যাপারে আপনার গভীরতা বুঝতে পেরেছি।

একটা Request, Sensitive issue নিয়ে লিখতে গেলে ভালো মত পড়াশুনা করে (Authentic source -থেকে) লিখবেন আশা করি।

ধন্যবাদ। দয়াকরে আমার কমেন্ট ব্যক্তিগত ভাবে নিবেন না।

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫৪

লেখক বলেছেন: ব্যক্তিগতভাবে আক্রমণ করবেন, অথচ বলবেন ব্যক্তিগত ভাবে নিবেন না।

তবু বিবেকের দায়বদ্ধতা থেকে একজন নাস্তিক হিসেবে ব্যক্তিগত ভাবে নিলাম না।

১০. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৪২

অচেনা বাঙালি বলেছেন: স্যরি স্বপন আমার বুঝার ভুল ছিল।

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৪৭

লেখক বলেছেন: স্যরি বলার মতো কিছুই হয়নি। আপনি ধৈর্য্য সহকারে আমার লেখাটি পড়েছেন এবং মন্তব্য করেছেন তাই কৃতজ্ঞ।

১১. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৪৬

শয়তান বলেছেন: +

পোস্ট এ এবার ট্রেন ও লাইন দুটোই যাতে সমান্তরাল থাকে সেজন্য সচেশ্ট্ থাকবেন। প্যাসেন্জার বেশী আসবে । বগীর সংখ্যা বাড়ান ।

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৪৮

লেখক বলেছেন: এ বিষয়ে আপনার সাহায্য ও দরকার।

১২. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৪৬


নাস্তিকের ধর্মকথা বলেছেন:
হুম,

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫১

লেখক বলেছেন: শুধুই হুম?

১৩. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫৩

প্রকৃত দেশপ্রেমিক বলেছেন: আপনি আমার মনের কথাই বলেছেন সবটুকু বলেন নি ,তাই ভাবছি নাস্তিকতা নিয়ে আমার ভাবনাটুকু আমি খুব দ্রুত পোস্ট করব।

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫৬

লেখক বলেছেন: অপেক্ষায় থাকলাম।

১৪. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫৩

অচেনা বাঙালি বলেছেন: শান্তির দেবদূতের গলাটা ত্রিভুজ ছাগার মত লাগে

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫৫

লেখক বলেছেন: বেশি জ্ঞান দেয়, আমারও তাই মনে হয়।

১৫. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫৫



কেএসআমীন বলেছেন: খুব একটা খারাপ লিখেন নাই। ভাল...

আমার ব্লগে স্বাগতম...

২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৪:৫৭

লেখক বলেছেন: ধন্যবাদ।

১৬. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৫:১৩

শয়তান বলেছেন:

@শান্তির দেবদূত লেখক তার মূল বক্তব্যে এমন কোনও প্রসংগের অবতারনা করেননী যেখানে

Sensitive issue বর্তমান। আর শুধুমাত্র যৌক্তিক বক্তব্যের উপস্থাপনে Authentic source এর আবদার হাস্যকর শোনালো।

@লেখক যথারীতি ট্রেন লাইনচ্যুত করার প্রকৃয়া শুরু হয়েছে। সাবধান !!!

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ৮:৪০

লেখক বলেছেন: আমি খুব মার্জিত ভাষায়ই নাস্তিকতার স্বপক্ষ্যে কথা বলেছি। এখানে আমার মতের পক্ষে আমি কথা বলেছি। আমার মতকে বড় করেছি, কারো মতকে ছোট করেনি। ধর্ম নিয়ে কথা বললে সেটা Sensitive issue হয়ে যায় আর ধর্মের কথা বলে ধর্ম ব্যবসা করলে সেটা হালাল হয়ে যায়।

আমি সচেষ্ট আছি যাতে ট্রেন লাইনচ্যুত না হয়, তবে এ ব্যাপারে আপনাদের সহায়তাও দরকার। আমার একার পক্ষ্যে এতো Authentic source ধারীদের বিপক্ষ্যে লড়া কষ্টকর। তবে মাঠ ছাড়বনা।

১৭. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৫:১২

নাস্তিকের ধর্মকথা বলেছেন:
শুধু হুম না, হুম মানে একমত,......

তবে- আমি মাঝে মধ্যে ভয়ে থাকি- আপনি যে বললেন- বিবেকের দায়বদ্ধতার কথা- সেই দায়বদ্ধতা যদি কোনো নাস্তিক প্রকৃতই ফিল করতে না পারে - তবে তা কতখানি ভয়ংকর হতে পারে???

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ৮:৩৫

লেখক বলেছেন: অবশ্যই সেটা অনেক ভয়ংকর হবে। তবে ব্যক্তিগতভাবে আমি মনে করি নাস্তিক হতে হলে বিবেকের দায়বদ্ধতা হচ্ছে প্রথম এবং প্রধান শর্ত। কাজেই যে বিবেকের কাছে দায়বদ্ধ সে প্রথমতই নাস্তিকই নয়। আমি তাকে কোনো অবস্থায়ই নাস্তিক ধর্মের অনুসারী ভাবতে রাজি নই। সে শঠ ধর্মের অনুসারী।

১৮. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৫:১৪

নাস্তিকের ধর্মকথা বলেছেন:
পুতুলের কমেন্ট ভালো লাগলো........

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ৮:৪৫

লেখক বলেছেন: আমারও ভালো লেগেছে।

১৯. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৫:২০

কানা বাবা বলেছেন:
উত্তরাধিকারসূত্রে কিম্বা বিনা পরিশ্রমেও আস্তিক হওনের যেই সহজ তরিকা আপনে বাতাইলেন , হেই তরিকায় পাওয়া সস্তা এবং সহজপ্রাপ্য আস্তিকগণ কি প্রকৃত আস্তিকগণের রিপ্রেজেন্টেটিভ বৈলা মুনে করেন, ফরহাদ? আমার তো মুনে লয় ঠিকঠাকমতোন আস্তিক হওনডাও ম্যালা ক্যারফার কাম। অবইশ্য নিজের বিবেকের লগে পলান্তিস পলান্তিস খেইল্যা বেড়ানেঅলা খান্দানী আস্তিকগো কতা আলাদা; ..বংশপরম্পরায় তথাকথিত আস্তিকতার আলখেল্লা পরা বেবাকতেরে যুদি আস্তিক কওন লাগে তাইলে তো আর্সেনালের জার্সি পরা বেবাক লুকজনই আর্সেনালের স্ট্রাইকার কিম্বা মিডফিল্ডার কৈতে অইবো! তাইলে ক্যামতে কী?

নাস্তিকতা যুদি আপ্নের কতামোতাবেক এ্যাক্টা ধর্মই অয় তাইলে ধর্মবিদ্বেষী হওনের অপশনডা কিন্তুক নাস্তিকগো হাতছাড়া হৈয়া যাইতাচে। নাস্তিকগোরে কি আপ্নে ধার্মিক কৈতে চান? 'ধর্ম' শব্দটারে 'সহজাত গুণ' কিম্বা 'নীতি' হিসাবে না ধৈরা প্রচলিত অর্থে ধোর্লেও কি নাস্তিকরা ধার্মিক হৈবো? তাইলে ধর্মবিদ্বেষীরা কোন গুরুপে পোর্বো? নয়া কুনু গুরুপে লিচ্চয়ই? হেইটা অইলে ঠিকাছে। ধর্মবিদ্বেষী ছাড়া আস্তিক-নাস্তিকে ক্যার্ফা লাগনের কুনু সম্ভাবিলিটি থিওরেটিক্যালি থাকবো না। বেবাকতের বোধনশক্তি হমানের অয় না, মুটা মুটা পুস্তক গুলায়া খাওনের সুযুগ কিম্বা মুরোদ বেবাকতের থাহে না ; যারা কিনা বিশ্বসৃস্টির মূলতত্ত্ব ধোর্বার না পাইরা অহনো আস্তিক রয়া গ্যাচে তাগোরে হাজার বুজাইলেও যে বুজায়া সুজায়া নাস্তিক বানানি যাইবোনা , ইটা তো ফকফকা সাদা কতা! এ্যাত্তো যোগ্যতার পরীক্ষায় উত্তীর্ণ হয়া নাস্তিকতার সার্টিফিকেট পাওয়া কেউ নিশ্চয়ই এইটুকুন না বুঝনের মতোন ব্যাক্কল হৈবো না...
কাজে কাজেই এইরমের ব্যাক্কলপনা যে বা যারা কোর্বো তারা নাস্তিক হৈতেই পারেনা; তারা অন্য কেউ; হয়তোবা কুনু বিশেষ পোর্জাতির এলিয়েন ; তাইনা?

ইখানে আপ্নের মতামত জানবার চাইলাম; ব্যক্তিগতভাবে আমার বাজাইরা আস্তিকের চায়া নাস্তিকগোরেই বেশী পচন্দ, যুদি খালি তারা অন্যায্যভাবে অপর কারো ধর্মবিশ্বাসে ঠুয়া না মারে। প্রকৃত আস্তিক আরো ভালো, যারা ধর্মের টোটকা বিধিবিধানের চায়া মানবতারে বেশী দাম দ্যায়...

এনিওয়ে, আপ্নের পোস্টখানাকে পিলাচায়িত করা হৈলো...

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ৮:৫৩

লেখক বলেছেন: আমি সত্যিকারের মুক্তচিন্তায় বিশ্বাস করি। আমি যা বিশ্বাস করি তা আমাকে পালন করার কিংবা বলার সুযোগটা দিতে হবে। পাশাপাশি অন্যেরাও সে সুযোগের দাবী রাখে। আপনি কী মনে করেন ধর্ম নিয়ন্ত্রিত এই সমাজে একজন স্বঘোষিত নাস্তিক নিঃসংকোচে তার প্রাণটা নিয়ে রাস্তায় হাটতে পারবেন। একজন নাস্তিক কখনও অন্যের ধর্মবিশ্বাসে আঘাত করেনা। কিন্তু সমস্যা হয় একজন নাস্তিক যখন প্রচলিত ধর্মবিশ্বাসকে অস্বীকার করেন তখনই। ধর্মনিয়ন্ত্রিত এই সমাজে ধর্মের নিয়ন্ত্রণ কর্তারা ধর্মের বিপক্ষ অনুসরণকারী কাউকে মেনে নেয় না। কিন্তু, একজন নাস্তিক বিনা দ্বিধায়ই একজন আস্তিকের সাথে সহাবস্থান করতে পারেন।

২০. ২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৫:৪৭

জ্বিনের বাদশা বলেছেন: "বিবেকের দায়বদ্ধতা থেকেই বিবেকের কাজগুলো সম্পন্ন করেন। এই বিবেকের দায়বদ্ধতাই নাস্তিকতার প্রথম এবং মূল শর্ত। বিবেকের দায়ব্দ্ধতা ব্যতিরেকে নিজেকে নাস্তিক হিসেবে দাবী করাটা নেহায়েৎ অযৌক্তিকই নয়, প্রতারণার সামিল।"

তার মানে কি একজন অপরাধী যদি কোনরকম ঈশ্বর বা ধর্মে বিশ্বাস না করে তাকে "নাস্তিক" বলা যাবেনা? ... সে কিন্তু বিবেকের দায়বদ্ধতাকে উপেক্ষা করেই অপরাধ করে, যখন করে থাকে

নাকি আপনি বলতে চাইছেন একজনকে নাস্তিক হতে হলে পুরোপুরি শুদ্ধ হতে হবে ?

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ৮:৫৬

লেখক বলেছেন: আমি নাস্তিকতাকে একটি ধর্ম হিসেবে উল্লেখ করেছি। একজন মানু ষ যদি নির্ধারিত কোনো ধর্ম অনুসরণ করতে হয় তাহলে তার যেমন কিছু নিয়ম নীতি অনুসরণ করতে হয় , তেমনি

নাস্তিক ধর্মের অনুসারী হওয়ার প্রথম ও প্রধান শর্ত হচ্ছে বিবেকের দায়বদ্ধতা এবং প্রতিদানের প্রত্যাশা না করা।

২১. ২৯ শে জানুয়ারি, ২০০৮ সন্ধ্যা ৬:০৩

হাবীবুল বলেছেন: ফরহাদ এবং শাহরিয়ারকে বলছি, সৃষ্টির শুরু থেকে এই প্রশ্ন , প্রকৃতির লজিক ফলো করুন। ডাঃ জাকির নায়েকের লেখা পড়ুন বা ভিডিও দেখুন http://www.irf.net or peace tv , আপনার জবাব পাবেন।

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ৯:০০

লেখক বলেছেন: অনেক দেখেছি, অনেক পড়েছি আর দেখে, পড়েই বিবেকের দায়বদ্ধতা থেকে নাস্তিক হয়েছি।

২২. ২৯ শে জানুয়ারি, ২০০৮ সন্ধ্যা ৬:০২

আদৃতা আবৃত্তি বলেছেন: আপনার পুস্টটি ভী-ষ-ণ ভাল লেগেছে।
আমারও মনে হয়, আস্তিকের ভাল হওয়ার তাড়নাটা আসে পরকালের পুরস্কারের মোহ থেকে , আর নাস্তিকের ভাল হওয়ার প্রেষণাটা পুরস্কার নির্ভর নয়। এখানেই তার শ্রেষ্টত্ব।

এ রকম লিখা আরও আশা করছি.....

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ৮:৫৮

লেখক বলেছেন: ধন্যবাদ, লেখার চেষ্টা করবো। তবে কবে কোন জিহাদীর হাতে এ জানটা চলে যায় সেই ভয়ে ভয়েও থাকি।

২৩. ২৯ শে জানুয়ারি, ২০০৮ রাত ৮:৩৮

শফিউল আলম ইমন বলেছেন: আস্তিকতা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত...কিন্তু আস্তিকতা ধরে রাখতে কিংবা
সত্যিকারের আস্তিক হতে পারার জন্য অনেক সাধনা করতে হয়...মানে অর্জন করে নিতে হয়। যেমন মানুষ জন্মগতভাবে মানুষ কিন্তু একজন সত্যিকারে মানুষ হইতে মনুষ্যত্ব থাকতে হয় সেটা মানুষ

অর্জন করে নিজে থেকে কখনো আসেনা।

নাস্তিকতা 'কিছু' মানুষের সৃষ্টি যারা ভিন্নধারার মানুষ বলতে নিজেদের পছন্দ করেন।
একটা উদাহরণ... হলিউডের অভিনেতা 'টম ক্রুজ' জন্মগতভাবে ছিলেন খৃষ্টান কিন্তু এখন সে নিজেকে 'scientology' তে beliver বলেন।
scientology কিন্তু সেদিনের বানানো....যে কারনে বলেছি কিছু মানুষ নিজেদের 'ভিন্নধারা'র মানুষ বলতে স্বাচ্ছন্দ্য বোধ করেন...নাস্তিকতা ও সে রকম।

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ৯:০৩

লেখক বলেছেন: আপনার মন্তব্যটা আমার পোস্টের প্রথম প্যারার প্রথম দু'লাইনের বক্তব্যের অনুসরণে লিখিত। আমার পোস্টের পুরো অংশটিই আপনার মন্তব্যের বিষয়ে আমার উত্তর।

ধন্যবাদ।

২৪. ৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ৯:০৬

শয়তান বলেছেন:
স্বপন সাহেব কি হাড়গিলা ধর্ম ব্যবসায়ী নায়েকের এজেন্ট ভদ্রলোকটারে দয়া করে বহিস্কার করবেন। এই পোস্টএ কি কোনও টিভি চ্যানেলের কথা আলাপ করা হচ্ছে ? বক্তব্য থাকলে মন্তব্য আকারে প্রকাশ হোক এটাই তো কাম্য। অন্যকে টিভি চ্যানেল দেখতে বলাটা কিসের যৌক্তিকতা ?

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১০:৩৭

লেখক বলেছেন: মনে হচ্ছে ঐ টিভি চ্যানেলে ওনার কিংবা ওনার মুরব্বীদের শেয়ার আছে।

২৫. ৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ৯:৫৩

কানা বাবা বলেছেন:
আপ্নে কৈলেন "একজন নাস্তিক কখনও অন্যের ধর্মবিশ্বাসে আঘাত করেনা।"

ফরহাদ, আমার মুনে লয় এই কতাডা আপ্নের কল্পজগতের সুপারপিউরিফায়েড নাস্তিকগো ক্ষেত্রে খাটে; আপ্নের আমার মতোন আলগা বুদ্ধির 'জাহিরি নাস্তিক' লুকের জইন্য এই ফতোয়া দিলে হেইটা

ন্যায্য হৈবো না। চউক্ষে ঠুলি পইরা বৈয়া থাহে না ইরমের কুনু লুকজনরে জিগায়া দ্যাহেন তো অন্যের ধর্মবিশ্বাসে যারা স্যাডিস্টিক মনমানসিকতা নিয়া আঘাত করে তাগোর মইদ্যে কয়জন নিজেগোরে ধর্মবিদ্বেষী বৈলা স্বীকার করনের সৎসাহস দ্যাহায়? হেই স্যাডিস্টিক গুরুপের বেশিরভাগ লুকই তো নিজেরে নাস্তিক বৈলা দাবী করে বৈলা আমার ধারনা। আমপাব্লিকের কাচে নাস্তিক বলতে এরারেই বুজায়; আপ্নের কল্পিত 'আদর্শ নাস্তিক' মূলত এল ডোরাডো'র মতোন; পুঁথিপুস্তকের গপ্পে আচে, মাগার খুইজ্জ্যা পাওন যাইতাচে না!! পাওন গ্যালে কতোই না ভালা হৈতো! তাত্ত্বিক ফিলোসোফারগোর খুলি 'র বাইরে ইরমের নাস্তিক আপ্নে কয়ডা পাইবেন যে নাস্তিকের উদাহরণ হিসাবে এগোরে মানানসই মুনে কোল্লেন? ...ক্যার্ফা হয়া গ্যালো না?

আপ্নে আরো কৈলেন "ধর্মনিয়ন্ত্রিত এই সমাজে ধর্মের নিয়ন্ত্রণ কর্তারা ধর্মের বিপক্ষ অনুসরণকারী কাউকে মেনে নেয় না। কিন্তু, একজন নাস্তিক বিনা দ্বিধায়ই একজন আস্তিকের সাথে সহাবস্থান করতে পারেন।"

কতা হৈতাচিলো "আস্তিক-নাস্তিক" লয়া। ইখানে আবার "ধর্মের নিয়ন্ত্রণকর্তাগোরে" সান্ধানির কোশেশ কোর্তাচেন ক্যান? নাকি আপ্নে ঐ নিয়ন্ত্রণকর্তাগোরে "আস্তিকের হোমোলোগাস" মুনে কোর্তাচেন ? ধার্মিক আর ধর্ম-ব্যবসায়ী আপ্নের কাচে কি হমান? প্রকৃত ধর্মবিশ্বাসীগোরে (তা সে যা ধর্মেরই হোক না কেন) আপ্নে যুদি ইরমের বাজাইরা আস্তিকের লগে খিচুড়ি বানায়া এ্যাক পাতিলে রান্ধা বহাইবার চান তাইলে হেই খিচুড়ি আমার দিলপসন্দ হৈলো না, চ্যরি। ধর্ম-ব্যবসায়ীরা; আপ্নে যাগোরে "ধর্মের নিয়ন্ত্রণকর্তা" কৈয়া বুজাইতে চাইছেন বৈলা বুজবার পাল্লাম ; হ্যারা বিপক্ষধর্মীয় কাউরে মাইনা নেয় না ইটা ঠিক। কিন্তুক মনোপলি বিজনেস কুন বেনিয়া কোর্বার না চায় ? কর্পোরেট পলিসির এই সিম্পল অ্যাপ্লিকেশান দেইক্ক্যা আপ্নে যুদি আচ্চয্য হয়া হেঁচকি তুলেন ; হেইটা হাস্যকর লাগবো কিনা কন?
@ফরহাদ

আপ্নাকে আমি যতটুকুন জানি (পোস্ট এবং কমেন্ট পড়ে) ; আপনি পরমতসহিষ্ণু এবং বিবেচক। তাই হাবীবুলের উদ্দেশ্যে করা উর্ফের এই কমেন্টটারে ক্যামন জানি খাপছাড়া লাগলো...
@শয়তান

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১০:৪১

লেখক বলেছেন: কোনো তথাকথিত ধার্মিক যদি ধর্মীয় রীতি অনুসরণের নামে বা নিজের স্বার্থসিদ্ধির জন্য ধর্মেল ব্যবহার করেন, আর কেউ যদি এর বিরোধীতা করেন তবে আপনি কী তাকে পর ধর্মের প্র তি বিদ্বেষ বলবেন, নাকি সত্য কথা বলার মতো সৎ সাহস বলবেন? বিচারের ভার আপনার উপর।

ধন্যবাদ

২৬. ৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১০:১১

শয়তান বলেছেন:
দেখেন আমি অফটপিক আলোচনার পরিপন্থি । প্রায়ই দেখা যায় আলোচনা ট্র্যাক হারাইয়া নরসিংদির বদলে নারায়নগন্জ এ দৌড় দেয় ।@ কানাবাবা ।

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১০:৪৪

লেখক বলেছেন: এই রকমের অফটপিক আলোচনার সম্মুখীন প্রায়ই হতে হয়। আমি শয়তানের মন্তব্যের সাথে একমত। পোস্ট রিলেটেড মন্তব্য থাকা উচিৎ, সেটা আলোচনা, সমালোচনা যাই হোক।

২৭. ৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১০:১২

জ্বিনের বাদশা বলেছেন: নাস্তিকতা কি ধর্ম? এইটা স্বীকার করলে কিন্তু ভীষন ঝামেলায় পড়ে যাবেন ...

আমি বলতে চাই, আইনবিহীন একটা দেশে একজন নাস্তিকের কি সবক্ষেত্রেই দায়বদ্ধতা থাকার কথা? ... যেমন ধরুন, সারভাইভাল ফাইটে আপনি ভাবতেই পারেন যে আপনি শক্তিশালী দেখে আপনি দূর্বলের খাবার কেড়ে নিয়েছেন , এতে কোন অপরাধ নাই, এটাই প্রকৃতির আদি নিয়ম ছিল ... তখন এটা অপরাধ ছিলনা ... বা কাউকে ঠকালেন, যুক্তি দেয়া যায় যে ঠকেছে সে বোকা দেখে ঠকেছে , ঠকের কোন দায় নেই ...এখন একজন নাস্তিকের জন্য কি এটা দায়বদ্ধতা হবে? ...

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১০:৪৮

লেখক বলেছেন: আপনার বক্তব্যটি আমার কাছে পরিস্কার নয়। তবে দেশের প্রচলিত সব জনকল্যাণমূলক নিয়ম মেনে চলা আস্তিক নাস্তিক সবারই দায়িত্ব। স্যরি আস্তিকের বিষয়টি বলা আমার উচিৎ হয়নি, তাহলে এটা হয়তো আবার পর ধর্মের প্রতি উপদশে হয়ে যেতে পারে।

বিষয়টি আরো পরিস্কার করে বললে বুঝতে পারতাম।

২৮. ৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১০:৫৭

কানা বাবা বলেছেন:
"কোনো তথাকথিত ধার্মিক যদি ধর্মীয় রীতি অনুসরণের নামে বা নিজের স্বার্থসিদ্বির জন্য ধর্মেল ব্যবহার করেন..."

আবার কী এ্যাক্টা কতা কৈলেন! আরে ভাই, স্বার্থসিদ্ধির জইন্য যে বা যারা ধর্মরে ম্যানিপুলেট করে হ্যায় তো "ধার্মিক" কিম্বা "আস্তিক" ক্যাটেগরীতেই পড়েনা বৈলা আমার ধারনা। হ্যারা হৈলো বেনিয়া; টুপিঅলা সুদখোরের লাহান আর কি! হ্যাগোরে বড়জুর "মডার্ন কারবারী" কওন যাইতারে , আর কিছু না। হ্যারারে "ধার্মিক" ধোইরা, "ধার্মিকগোর" এগেইনস্টে প্লেটোর আদর্শ নগরীর নাস্তিকরে সুবিদানতোন আইনা খাড়া করাইলে তো আর হেইটা ফেয়ার হৈতাচে না... আমের লগে আমড়ার মিল খুঁজলে তো মুশকিল!
@ফরহাদ

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:০৭

লেখক বলেছেন: আপনি বলেছেন 'আরে ভাই, স্বার্থসিদ্ধির জইন্য যে বা যারা ধর্মরে ম্যানিপুলেট করে হ্যায় তো "ধার্মিক" কিম্বা "আস্তিক" ক্যাটেগরীতেই পড়েনা বৈলা আমার ধারনা। হ্যারা হৈলো বেনিয়া; টুপিঅলা সুদখোরের লাহান আর কি! হ্যাগোরে বড়জুর "মডার্ন কারবারী" কওন যাইতারে , আর কিছু না। হ্যারারে "ধার্মিক" ধোইরা, "ধার্মিকগোর" এগেইনস্টে প্লেটোর আদর্শ নগরীর নাস্তিকরে সুবিদানতোন আইনা খাড়া করাইলে তো আর হেইটা ফেয়ার হৈতাচে না... আমের লগে আমড়ার মিল খুঁজলে তো মুশকিল!'

তর্কের খাতিরে আমি ধরে নিলাম এরা আস্তিকতার প্রকৃত প্রতিনিধি নয়। কিন্তু আপনি কী অস্বীকার করতে পারেন তথাকথিত এই আস্তিকরাই আস্তিকতা নিয়ন্ত্রণ করছেনা কিংবা ধর্মের গতিবিধি এদের দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছেনা? আমার উত্তর হ্যা।

যদি আপনার উত্তরও হ্যা হয়ে থাকে তবে এর জন্য দায়ী। নিশ্চিতভাবেই আপনার মতো মডারেট আস্তিকরা।

২৯. ৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১০:৫৫

জ্বিনের বাদশা বলেছেন: আমি বলছি একজন নাস্তিকের যেটুকু বিবেকের দায়বদ্ধতা দাবী করছেন, সেটা না থাকলে কি তিনি নাস্তিক নন?...

একদম সহজ করে বলি, একজন পুকুরচোর রাজনীতিক যদি বলেন তিনি কোন স্রষ্টা বা ধর্মে বিশ্বাস করেননা, তাহলে কি তিনি নাস্তিক নন?... আবার একজন পুরোপুরি ভালমানুষ যদি বলেন তিনি কোন স্রষ্টা বা ধর্মে বিশ্বাস করেননা, তাহলে কি তিনি নাস্তিক নন?... আমার চোখে তো দুজনেই নাস্তিক ... একজনের বিবেকের দায় আছে, অন্যজনের নেই ...কাজেই আমি তো নাস্তিক হওয়ার সাথে ভাল মানুষ/খারাপ মানুষ(বিবেকের দায় থেকে যেটা হয়) হবার কোন সম্পর্ক দেখিনা ...

সোজা কথা, নাস্তিক হবার জন্য বিবেকের দায়বদ্ধতাটা আবশ্যক কেন?

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:১৭

লেখক বলেছেন: আমি নাস্তিকতাকে প্রচলিত ধর্মবিশ্বাসের মতোই একটি জীবন ব্যবস্থা হিসেবে দেখতে চেয়েছি।সেই জীবন ব্যবস্থাকে সুন্দর ও সামাজিক করার জন্য কারো কাছে আপনাকে জবাবদিহিতা করতে হবে। একজন আস্তিক পরকালের ভালো ফলের আশায় ভালো থাকার চেষ্টা করেন। যেহেতু একজন নাস্তিক এই ধরণের জবাবদিহিতায় বিশ্বাস করেন না, তবে জীবন ব্যস্থাকে সুন্দর করার জন্য একটা দায়বদ্ধতা থাকতেই হয়। আমার মতে সেই জবাবদিহিতা হচ্ছে বিবেকের দায়বদ্ধতা এবং এটা আস্তিকের জবাবদিহিতার প্রচলিত বিশ্বাসের চেয়ে উত্তম বলেই বোধ করি।

৩০. ৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:২৪

জ্বিনের বাদশা বলেছেন: সেখানেই তো আমার প্রশ্ন ...একজন পুকুরচোর রাজনীতিক যদি বলেন তিনি কোন স্রষ্টা বা ধর্মে বিশ্বাস করেননা, তাহলে কি তিনি নাস্তিক নন?... হ্যাঁ বা না বলুন

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:৩৫

লেখক বলেছেন: আপনার উত্তর আমি অবশ্যই দিব, তবে তার আগে দয়া করে বলবেন কী, কোন পুকুরচোর রাজনীতিক বলেছেন যে তিনি স্রষ্টা বিশ্বাস করেন না ?

৩১. ৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:২৯

মাহবুব সুমন বলেছেন: প্রচুর আনন্দ লাভ করিলাম

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:৪৭

লেখক বলেছেন: আপনি কী মন্তব্য পড়ে আনন্দ পাইছেন নাকি পোস্টা পড়ে আনন্দ পাইছেন?

আনন্দ দেয়ার মতো পোস্ট এটা না।

ধন্যবাদ।

৩২. ৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:৩৩

কানা বাবা বলেছেন:
"যদি আপনার উত্তরও হ্যা হয়ে থাকে তবে এর জন্য দায়ী। নিশ্চিতভাবেই আপনার মতো মডারেট আস্তিকরা।"

হাহ হাহ হাহ...
ইবার দেহি পুরা জিহাদী জোশে ফিডব্যাক দিলেন!!
তা-ও ভালো যে জোশের চোটে "নারায়ে তাকবীর" কৈয়া ফালান্নাই!

...টুপিঅলা সুদখোররে "আস্তিক" ক্যাটেগরীর বাইরে ফ্যালতে গিয়া যুদি "তর্কের খাতিরের" ধুয়া তুইল্ল্যা বেহুদা ধোঁয়াশা পয়দা কোর্বার চান
তাইলে আমি অফ গ্যালাম। তর্কের খাতিরে কওয়া কতা'রে বেইস ধৈরা আপ্নেরে কিচু কওনের সাহস নাইক্ক্যা...
তয় ফরহাদ, অফ যাওনের আগে এ্যাক্টা কতা জিগাই; এক্সট্রিমিস্ট আর ফান্ডামেন্টালিস্ট -- এই দুই পোর্জাতির প্রাণী'র মইদ্যে সত্যিকারের ফারাক কতটুকুন ? আপ্নের "শক্তিশালী" রিপ্লাইডা দ্যাহনের পর কুর্চেনডা মাতার ভিতের্তে সদ্য জন্ম নিলো...

যাউকগা, আপাতত ফুটলাম। আপ্নে নাস্তিক হন আর আস্তিকই হন, আমার কিচুই যাইবো আইবো না। তয় আপ্নের কাচেথ্থন "মডারেট আস্তিকের" মাগনা সার্টিফিকেট পায়া মোগাম্বে খুশ হৈচে। ম্যানি

থ্যাঙ্কস ফো' দ্যাট। ভালা থাইকেন।
@ফরহাদ

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:৪০

লেখক বলেছেন: ব্যক্তিগতভাবে কিছুই বলেনি , দয়া করে ব্যক্তিগতভাবে নিবেন না।

ধন্যবাদ।

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:৪৪

লেখক বলেছেন: আশা করি আবার আমাদের কথা হবে।

৩৩. ৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:৩৭

মাহবুব সুমন বলেছেন: বিনে পয়সার এরকম নির্মল আনন্দ কোথায় পাই

৩০ শে জানুয়ারি, ২০০৮ সকাল ১১:৪২

লেখক বলেছেন: কোন বিষয়ে আপনি আনন্দ পাইলেন তা যদি খোলাসা করতেন।

৩৪. ৩১ শে জানুয়ারি, ২০০৮ রাত ৮:২৯

ফারজানা মাহবুবা বলেছেন: আস্তিক প্রতিদানের আশায় সৎ থাকার চেষ্টা করেন...... এটাকে ব্যবসায়িক মনোবৃত্তি বলার আগে হিউম্যান সাইকোলজির কথা মনে হয় একটু ভেবে নেয়া দরকার। একটা মানুষ যাই করে তার একটা প্রতিদান চায়। প্রতিদান না পেলে নিজেই কোনো প্রতিদান বানিয়ে নেয়। ধরুন, আমি নাস্তিক। আমি কেন নাস্তিক? কারন আমার জ্ঞানকে ব্যবহার করে আমার কাছে নাস্তিক্যতাকে গ্রহনযোগ্য মনে হয়েছে। এখন আমি যদি নাস্তিক্যতাকে গ্রহন না করি তাহলে আমি নিজের কাছে ছোট হয়ে থাকব। নিজেকে নিজের কাছে ফ্রড মনে হবে। সুতরাং আমি নাস্তিক= আমি নিজের কাছে ক্লিয়ার থাকছি।
অর্থাৎ আমি একটা বিনিময় গ্রহন করছি।
সেই সেঙ্গে নাস্তিক্যতাও কিন্তু ব্যবসা।

নাস্তিকতার ভিত্তি বিবেকের দায়বদ্ধতা, আস্তিকতার ভিত্তি প্রতিদানের প্রত্যাশা......

এখানে ভিত্তিটাকে একটু যাচাই করা দরকার।
ধরুন একজন রাস্তা দিয়ে যাচ্ছে। দেখলো একটা লোককে অন্য কিছু লোক ঘিরে ধরে মারছে। এখন সে দু'ধরনের চিন্তা করতে পারে।
এক, এই অসহায় লোকটির পাশে দাঁড়ালে আমি স্রস্টার কাছে অনেক প্রতিদান পাবো!
দুই, লোকটার পাশে আমাকে দাঁড়াতেই হবে, যেহেতু স্রস্টা বলেছেন। না দাঁড়ালে স্রস্টা শাস্তি দিবেন।
এখন সে যদি না দাঁড়ায় তাহলে কিন্তু সে জানে সে অপরাধ করেছে। তার এই অপরাধবোধ এবং পাশে দাঁড়ানোর দায়িত্ববোধ কিন্তু প্রতিদান পাওয়ার আশা থেকে আসছেনা। কারন প্রতিদানের আশায় মানুষ আর যাই করুক, জীবনের রিস্ক নিতে যাবেনা।
এই দায়িত্ববোধটাই কিন্তু বিবেক।
তাই আস্তিককেও তার বিবেকের দায়বোধ নিয়েই আস্তিক হতে হয়।

০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ সকাল ১১:৪২

লেখক বলেছেন: আপনি বলেছেন যে, 'আস্তিক প্রতিদানের আশায় সৎ থাকার চেষ্টা করেন......
এটাকে ব্যবসায়িক মনোবৃত্তি বলার আগে হিউম্যান সাইকোলজির কথা মনে হয় একটু ভেবে নেয়া দরকার। একটা মানুষ যাই করে তার একটা প্রতিদান চায়। প্রতিদান না পেলে নিজেই কোনো প্রতিদান বানিয়ে নেয়। ধরুন, আমি নাস্তিক। আমি কেন নাস্তিক? কারন আমার জ্ঞানকে ব্যবহার করে আমার কাছে নাস্তিক্যতাকে গ্রহনযোগ্য মনে হয়েছে। এখন আমি যদি নাস্তিক্যতাকে গ্রহন না করি তাহলে আমি নিজের কাছে ছোট হয়ে থাকব। নিজেকে নিজের কাছে ফ্রড মনে হবে। সুতরাং আমি নাস্তিক= আমি নিজের কাছে ক্লিয়ার থাকছি।
অর্থাৎ আমি একটা বিনিময় গ্রহন করছি।
সেই সেন্সে নাস্তিক্যতাও কিন্তু ব্যবসা'।

তর্কের খাতিরে আপনি যদি নাস্তিকতাকে ব্যবসা বলেন, তবে সেটা আপনার ভাষ্যমতেই নিজের কাছে ক্লিয়ার থাকা, যাকে আমি বিবেকের দায়বদ্ধতা বলেছি। দুটো কথার স্বরূপ কী এক নয় ? এবং এটাকে অবশ্যই কোনো ভোগবাদী লাভজনক লাভজনক ব্যবসার সাথে তুলনা করা যায় না (যা আস্তিকতার ক্ষেত্রে প্রযোজ্য)।

৩৫. ০১ লা ফেব্রুয়ারি, ২০০৮ বিকাল ৫:৪১


সত্যদা বলেছেন: আস্তিক নাস্তিক তুলনামূলক আলোচনার জবাব
২৯ শে জানুয়ারি, ২০০৮ বিকাল ৫:৪৭

তুলনামূলক আলোচনা হেতু একজন আস্তিক হিসেবে যুক্তি প্রদান করছি।

()নাস্তিকতাকে অনেকে অত্যাধুনিকতা ও নিজেকে অন্যের চেয়ে আলাদাভাবে উপস্থাপনের তরল প্রয়াস বলে বিবেচনা করেন-

জবাব :] তাতে কোন সন্দেহ নেই। কিছু ব্যা ক্তি স্বাতন্ত্রবাদী নিজের আমিত্ব প্রকাশে এবং কারো না কারো ক্রীড়নক হয়ে স্বেচ্ছায় বা অনিচ্ছায়.. তা করে থাকে।

()একজন আস্তিক প্রতিদানের আশায় (তাকে আপনি বেহেস্ত, প্যারাডাইস কিংবা স্বর্গ যাই বলুন) সৎ! থাকার চেষ্টা করেন।প্রতিদানের প্রত্যাশা করাটা ব্যবসায়িক মনোবৃ ত্তিরই পরিচায়ক।

জবাব:]
অনুপ্রেরণা বা প্রত্যাশা ছাড়া জীবন চলে না। আপনি যদি ভিন গ্রহের জীব হয়ে থাকেন তো ভিন্ন কথা.. কিন্তু পার্থিব জীবনে আশা-প্রত্যাশা নিয়েই জীবন চলে। যেমন আপনি বা আপনারা যারা তথাকথিত নাস্তিকতাকে মহামন্ত্র ভাবছেন তারাও তো প্রত্যাশা করছেন যে এর ব্যাপক প্রসার বা বিকাশ হোক। আপনাদরে এই প্রত্যাশাও কি তবে বানিজ্যিক!!!!

() অপরদিকে একজন নাস্তিক কোনো প্রতিদানের আশা না করে শুধুমাত্র নিজের বিবেকের দায়বদ্ধতা থেকেই বিবেকের কাজগুলো সম্পন্ন করেন।

জবাব:] উপরের আলোচনা ওবক্তব্যের সূত্রেই স্ব -বিরোধিতা।

()*** নাস্তিকতার ভিত্তি বিবেকের দায়বদ্ধতা আর আস্তিকতার ভিত্তি প্রতিদানের প্রত্যাশা।

জবাব:]
বিবেক। বিবেক কি? এ কি আপনাতেই জন্ম নেয়? নেয়না। গড়ে ওঠে ব্যাক্তির জ্ঞান, প্রজ্ঞা, পরিবেশ, বিশ্বাস বোধ, মানবিকতা, তথা সামগ্রিকতার মধ্য দিয়ে।সুতরাং বিবেক শুধু স্বয়ং ক্রি য়াশীল কিছু নয় বরং বহুমাত্রিকতার সমন্বয়ে গড়ে ওঠা এক চেতনা। যা ব্যাক্তি সমাজ রাষ্ট্র ভেদে ভিন্নতর, বহুমাত্রিক। আর আস্তিকতার ভিত্তি প্রতিদানের প্রত্যাশা।এতো আপনার ব্যাক্তিগত মতের ছাড়া ভিন্ন কিছু নয় , জ্ঞানী মাত্রই তাতে একমত।ধরে নলিমা জাতীয়রা ছাড়া।

()নাস্তিকতাকে অর্জন করতে হয়। পক্ষান্তরে আস্তিকতা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। এর সূতিকাগার হচ্ছে বিশ্বাস।

জবাব:]
তা সত্যি। সকল কছিুই অর্জন সাপেক্ষ- আগুন পানি মাটি বাতাস এভং এই রুপ প্রাকৃতিক সকল সম্পদ ব্যাতিরেকে সকল কিছুই অর্জন করতে হয়। এবং অদ্ভুত হাস্যকর ক থা বললেন আস্তিকতা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। এর সূতিকাগার হচ্ছে বিশ্বাস।
সত্যি বলতে কি আস্তিকতার পূর্ণ অর্থ উপলব্ধি না করার ফলেই আপনার এমন উক্তি। আপনি আমি তার স্রোতে ভাসি বলেই কি এমন বলতে হবে।
অথচ আপনি নিশ্চয়ই জানেন ইব্রাহিম (আ এর সত্য প্রাপ্তির ঘটনা? যদি না জনেন জেনে নেবেন। আর এত অল্প জানা নিয়ে এত বড় বিষয় অবতারনা করা বোকমি বৈকি?
আর যদি জানেন তবে এবার বলুন আস্তিকতা কিভাবে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। ?তাকি কেবলই সমাজে বিভ্রান্তি ছড়ানোর চক্রান্ত?
আপনি যা বলছনে তাই যদি সত্যি হত তবে তো মুহাম্মদ সাঃ সবার আগে পৌ ত্তলিক হতেন। নয়কি? উত্তরাধিকার তত্ত্বে আস্তিক হলেতো তাই হবার কথা। কিন্তু তা হয়ন।কারণ সত্য ধর্ম হলো উপলব্ধির, আবিস্কারের, উদঘাটনের। আপনি জানেন না তাই বলে ধর্মকে গাল দেবেন এরচে মূর্খতা আর কি হতে পারে? তাই আগে ভাল করে জানুন।তারপর বলুন।

() নাস্তিকতা অবশ্যই একটি ধর্ম। সাধারণভাবে ধর্ম বলতে সেই পন্থা, বা পথ কে বুঝায় যা কোনো পদার্থ, ব্যক্তি অথবা ব্যক্তিবর্গ অনুসরণ করে থাকে। সেই হিসেবে নাস্তিকতা অবশ্যই একটি ধর্ম।

জবাব:

অবশ্যই । মুরগী আর উটপাখি যদি পাখি হতে পারে নাস্তিকতা কেন ধর্ম হবেনা ? যেহেতু সকল পদার্থেরই ধর্ম আছে। পানি ন্মিনমূখি... গরম বায়ু উর্দ্ধমূখি.... ইত্যাদি।সেই হিসেবে নাস্তিকতা অবশ্যই একটি ধর্ম।

()......কারণ আস্তিকতার ভিত্তিতে পরিচালিত ধর্মগুলো তাদের প্রবর্তকের গুণকীর্তনে ব্যস্ত। তারা স্রস্টার গুণকীর্তনের চেয়ে শুধু তাদের প্রবর্তকদের শ্রেষ্ঠত্ব জাহির করতে ব্যস্ত।
এর ফলশ্রুতিতে জেহাদ, ক্রুসেড প্রভৃতি ধর্মযুদ্ধের অবতারণা হয় যার ফলাফল সম্পর্কে সবাই অবহিত। অপরদিকে নাস্তিকতা সব মানুষকে সম মর্যাদা নিয়ে মানুষকেই সবচেয়ে বেশি মর্যাদা দেয় এবং এক যাচিত সাম্যের সৃষ্টি করে।

জবাব:]
কোথায় গুনকীর্তন আর কোথায় জিহাদ ক্রুসেড?? ভাল করে জেনে নবেনে এদরে পেছনে ধর্ম না স্বার্থ কোনটা দায়ী। সত্য কখনোই স্বার্থের পেছনে ছোটে না। স্বার্থবাদীরা সত্যকে ব্যবহার করে মাত্র। আর তাতে সত্য মেথ্যে হয়ে যায় না, বরং স্বার্থবাদীই একদনি ইতিহাসে কীটে পরিণত হয়, আস্তাকুড়ে নিক্ষিপ্ত হয়।

অপরদিকে নাস্তিকতা সব মানুষকে সম মর্যাদা নিয়ে মানুষকেই সবচেয়ে বেশি মর্যাদা দেয় এবং এক যাচিত সাম্যের সৃষ্টি করে।
এর স্বপক্ষে নিদেন একটি উপমা, ঘটনা বা ইতিহাস তুলে ধরুন প্লিজ।।

বাকী আপনার সব ব্যাক্তিগত মতের আর উত্তর দেবার প্রয়োজন মনে করালাম না বিধায় অনেক বিষয় এড়িয়ে গেলাম।

যৌক্তিক উত্তর এবং মন্তব্য আশা করছি।

০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ সকাল ১১:২৪

লেখক বলেছেন: আপনি বলেছেন 'মুহাম্মদ সাঃ সবার আগে পৌত্তলিক হতেন। নয়কি ? উত্তরাধিকার তত্ত্বে আস্তিক হলেতো তাই হবার কথা। কিন্তু তা হয়ন।কারণ সত্য ধর্ম হলো উপলদ্ধির, আবিস্কারের, উদঘাটনের। আপনি জানেন না তাই বলে ধর্মকে গাল দেবেন এরচে মূর্খতা আর কি হতে পারে ? তাই

আগে ভাল করে জানুন।তারপর বলুন'।

হযরত মোহাম্মদ কুরাইশ বংশের হাশেমী গোত্রের ছিলেন এবং এরা পূর্ব থেকেই একশ্বরবাদী ছিলেন। আবু সুফিয়ান ছিলেন উমাইয়া বংশোদ্ভুত এবং মূর্তিপূজা করতো এ বং তারাই আরবের নিয়ন্ত্রণকর্তা ছিল। বংশানুক্রমে হাশেমী এবং উমাইয়াদের মধ্যে একটি ক্ষমতার দ্বন্ধ ছিলো যা সবসময়ই চলমান ছিলো এবং এর চূড়ান্ত পরিণতি হয় কারবালার যুদ্ধের মাধ্যমে। হযরত মোহাম্মদ কিংবা হাশেমী বংশের লোকজন কেউই মূর্তিপূজারী ছিলেন না। কাজেই মোহাম্মদ পিতৃ পুরুষ হতে একেশ্বরবাদী ছিলেন। তিনি নতুন কিছুর উৎপত্তি ঘটাননি শুধু হাশেমীদের প্রভাব বাড়ানোর জন্য পূর্বের একশ্বরবাদী ধর্মের উপর প্রলেপ দিয়ে ইসলামের অবতারণা ঘটিয়েছেন।

আপনি আরো বলেছেন যে, মুরগী আর উটপাখি যদি পাখি হতে পারে নাস্তিকতা কেন ধর্ম হবেনা ? যেহেতু সকল পদার্থেরই ধর্ম আছে। পানি ন্মিনমূখি... গরম বায়ু উর্দ্ধমূখি.... ইত্যাদি।সেই হিসেবে নাস্তিকতা অবশ্যই একটি ধর্ম।

এই ধরণের বক্তব্য রাখার জন্য অতিরিক্ত কোনো যোগ্যতার প্রয়োজন নেই। যে কেউ সেটা রাখতে পারেন। আমি নিজেও অনুরূপ ভাষার একটা মন্তব্য আপনাকে ফিরিয়ে দিতে পারি। তবে আস্তিক আর নাস্তিকের ব্যবহারিক পার্থক্য বুঝানোর জন্য তা আমি কখনও করব না।

৩৬. ০১ লা ফেব্রুয়ারি, ২০০৮ রাত ১১:২১

সোনার বাংলা বলেছেন:
সহমত@ সত্যদা......।

আইচ্ছা আপনার কাছে আমার প্রশ্ন !

"নাস্তিকতা ও একটা ধর্ম " এই কতা খান কি আপনার ব্যাক্তিগত
না কি আপনাদের কুন কিতাবে আছে ?

০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ সকাল ১১:২৭

লেখক বলেছেন: "নাস্তিকতা ও একটা ধর্ম " এই কতা খান কি আপনার ব্যাক্তিগত না কি আপনাদের কুন কিতাবে আছে ?

এটা ফতোয়াই হুর-পরী কেতাবের ৬৯ নম্বর আয়াতে আছে।

৩৭. ০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ দুপুর ১২:২৮

আউটসাইডার বলেছেন: ভাইজান, দয়া করে আমাদের জানাবেন কোথায় কি কি পড়াশুনা করে আপনি নাস্তিক হয়েছেন।ধমে'র তো একটা ভিত্তি আছে (যদিও আপনাদের মতে তা মনুষ্য রচনা), কিনতু আপনার ধমে'র ভিত্তি টা কি? মূল কথাগুলি লিখে দেন না। অনেক পড়েছি , আরো পড়তে চাই। যত কিছু পড়েছি তাঁতে এখনো কনভিন্স হইনাই যে ইসলাম বা অন্যান্য ধম ' মানুষের বানানো। আমার ধারণা পৃথিবীর প্রায় সকল মেজর ধম 'ই এক আল্লাহর কাছ থেকে এসেছে।

০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ দুপুর ১২:৪২

লেখক বলেছেন: আমি কেন নাস্তিক হয়েছি তার জবাবদিহিতা আপনার কাছে করার কোন বাধ্যবাদকতা নাই। আমিতো জানতে চাইনি আপনি কেন আস্তিক হয়েছেন?

আপনার মতো পড়ালেখার দৌড় আমার নাই। আমি ব-কলম। পড়ালেখা করেই যে যেকোন বিষয় অর্জন করতে হবে তা কী কোথায়ও বলা আছে। আপনি যাকে অনুসরণ করেন কিংবা যার নামে শহীদ হতে চান তিনিতো নিজের নামটাও লিখতে পারতেন না।

ব্যক্তিগত সমালোচনা না করে পোস্টের বক্তব্যের সুনির্দিষ্ট সমালোচনা করুন।

৩৮. ০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ দুপুর ১২:৪৭

নাস্তিকের ধর্মকথা বলেছেন:
এই পোস্টে সকলকে আমন্ত্রণ।

Click This Link

৩৯. ০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ দুপুর ১:১৩

নাস্তিকের ধর্মকথা বলেছেন: @ আউটসাইডার,

আমাদের কিতাব আছে বৈকি!!

তবে সে কিতাব আপনাদের মতো সুনির্দিষ্ট দুএকটি নয়। - সমস্ত বিজ্ঞানের বই- বিজ্ঞানের সূত্রাবলী আমাদের কিতাব, ইতিহাস-নৃতত্ত্ব-দর্শন- দর্শনের ইতিহাস-সবকিছুই আমাদের কিতাব।

আর, আপনি আমার কয়েকটি পোস্ট পড়তে পারেন- আমাদের সম্পর্কে ভালো ধারণা পেতে , মানে কি করে আমরা নাস্তিক হই সে সম্পর্কে ধারণা পেতে। আমার দুটি সিরিজ পড়তে পারেন- ১। আস্তিক-নাস্তিক সমাচার-১,২,৩,৪ এবং ২। বিশ্বাসে মেলায় বস্তু, তর্কে বহুদূর- ১,২,৩,৪- ....

৪০. ০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ দুপুর ১:০৯

আউটসাইডার বলেছেন: দয়া করে আমার লেখাটা আরেকবার পড়েন ভাইজান। আমি কোথায় আপনার সমালোচনা করলাম? আমি কোথায় বলেছি যে আপনি ব-কলম বা এই জাতীয় কিছু। আপনি তো দেখি জামাতীদের মত চেইতা যাইতেছেন। আমি কি আপনার কাছে কোন কৈফিয়ত চেয়েছি নাকি? আমি আপনার জানার সোস'টা জানতে চেয়েছি যাতে আমি ও পড়তে পারি, জানতে পারি। কিন্তু আপনি অযথাই রেগে গেলেন।আমি যার নামে শহীদ হতে পারি বলে আপনি বলেছেন, তার সাথে নিজের তুলনা করছেন কি ? তিনি নিজের নামটাও লিখতে পারতেন না কিন্তু কোরআন শরীফ এর মত একটা বই লিখে ফেললেন কিভাবে? তাঁর জানার উৎস কি? পুরানো ইতিহাস যা কোরআনে লিপিবদ্ধ আছে সেটা জানার জন্য হলেও তো কিছু পড়াশুনার দরকার। কিন্তু সেই ব্যাক্তি কিভাবে, কার মাধ্যমে এত বড় একটা বই আমাদের উপহার দিলেন। যদি পারেন তবে জানাবেন।আর শুধু শুধু না বুঝে কথা বলাটা উচিৎ না।আমার আগের কমেন্ট টা আরেকবার পড়বেন দয়া করে। তারপর সেখানে যদি আপনার ব্যাক্তি সমালোচনামূলক কিছু পান আবারো তবে বাংলাভাষাটাও আরো ভালোভাবে শিখে নিতে হবে।কারণ সোজা বাংলার অথ' আপনি বোঝেন না বলেই মনে হয়। একটু কঠিন ভাবেই কথাগুলি বললাম। দয়া করে ক্ষমা করবেন।

০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ দুপুর ১:৫৪

লেখক বলেছেন: নিন্দুকেরা বলে থাকেন কোরআনের গল্পগুলো বাইবেলের অনুসরণে রচিত। বাইবেলও হয়তো আগের কোনো এক তথাকথিত ধর্মগ্রন্থের অনুসরণে রচিব হবে। তাছাড়া আপনাদের নবী কখনও লেখেননি। তিনি কবিয়ালদের মতোই কুরআনের আয়াতগুলো (যখন রচনা করতেন তখনই) সুর করে তার সাহাবাদের শুনাতেন। যারা লেখাপড়া জানতেন তারা তা লিখে রাখতেন। তার জিবীত অবস্থায় তা কখনো বই বা পুস্তক আকারে ছিল না। তৃতীয় খলিফা উসমানের সময় বিভিন্ন খন্ড বিভিন্ন স্থান হতে জোগার করে তা পুস্তক আকারে লিপিবদ্ধ হয়।

কবিয়াল হওয়ার জন্য তেমন পড়ালেখার প্রয়োজন আছে কী? আমাদের দেশে অনেক অশিক্ষিত কবিয়াল আছেন যারা মুখে মুখে অনেক ভাল ছন্দ রচনা করতে পারেন।

৪১. ০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ দুপুর ১:২৫

আউটসাইডার বলেছেন: @নাস্তিকের ধম'কথা: ধন্যবাদ। দেখবো আপনার সবগুলি লেখা পড়ে। তবে একটা জিনিস বুঝলাম না , সমস্ত বিজ্ঞানের বই- বিজ্ঞানের সূত্রাবলী, ইতিহাস-নৃতত্ত্ব- দর্শন- দর্শনের ইতিহাস-সবকিছুই শুধু আপনাদের? আমার তো ধারণা ছিল আমার ও। যাইহোক ঐ সমস্ত বিষয়ে কিন্চিৎ পড়াশুনা আমি করেছি, এখনো করছি, পড়াশুনা শেষ হয়নি এখনো, হবেওনা কোনোদিন। তবে বেসিক যেসব জিনিস জানি তার সাথে আমার বিশ্বাসের কোন কন্ট্রাডিকশান হয়নি। বরং বিশ্বাস তো আরো বেড়ে যায় মহান আল্লাহর উপর।

৪২. ০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ দুপুর ১:৩০

নাস্তিকের ধর্মকথা বলেছেন:
@আউটসাইডার
আপনার সুবিধার্থে লিংকগুলো দিচ্ছিঃ

1.প্রসঙ্গঃ নাস্তিক আস্তিক সমাচার-১ (উৎসর্গঃ আইকোনাস ক্লাস্টাস)
Click This Link

2."প্রসঙ্গঃ নাস্তিক আস্তিক সমাচার-১ (উৎসর্গঃ আইকোনাস ক্লাস্টাস)" --> সংযোজন(সংশয়বাদ, সন্দেহবাদ, অনেকান্তবাদ, স্যাদবাদ)

Click This Link

3.প্রসঙ্গঃ নাস্তিক আস্তিক সমাচার-২ (ভারতীয় দর্শন)

Click This Link

4. প্রসঙ্গঃ নাস্তিক আস্তিক সমাচার-৩ (ভারতীয় দর্শন)

Click This Link

5. প্রসঙ্গঃ নাস্তিক আস্তিক সমাচার-৪ (ভারতীয় দর্শন)

Click This Link

6. বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহুদূর..............

Click This Link

7. বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহুদূর.............. প্রশ্ন পর্ব-১

Click This Link

8. বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহুদূর.............. প্রশ্ন পর্ব-২

Click This Link

9. বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহুদূর.............. প্রশ্ন পর্ব-৩ (বিজ্ঞান ও ধর্ম- আরম্ভ)

Click This Link

10. বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহুদূর.............. প্রশ্ন পর্ব-৩ (বিজ্ঞান ও ধর্ম- আপাতত শেষ)

Click This Link

৪৩. ০৩ রা ফেব্রুয়ারি, ২০০৮ দুপুর ১:৩৯

নাস্তিকের ধর্মকথা বলেছেন:
বিজ্ঞানের কোন প্রযুক্তির হয়তো সুবিধাভোগকারি একজন আস্তিক হতে পারে - সেদিক থেকে সেই প্রযুক্তি-বিজ্ঞান আস্তিকেরও বটে; তবে- বিজ্ঞানের কোষতত্ত্ব- বিবর্তনবাদ-শক্তি ও বস্তুর নিত্যতা সূত্র-অ্যামব্রায়োলজি থেকে শুরু করে- বিজ্ঞানের মূল থিমটিই আস্তিকতার মূল থিমের সাথে বিরোধার্তক। নৃতাত্ত্বিক যে আলোচনা- যে গবেষণা- তা কিন্তু আস্তিকদের নিভিন্ন গ্রন্থে বর্ণিত মানুষ ইতিহাসের সাথে বিরোধার্ত্মক- মানুষ প্রথম থেকেই আদম-হাওয়ার মত এমন চিন্তাশীল-লজ্জাশীল-ভাষাযুক্ত ছিলো- এটা নৃতাত্ত্বিকরা স্বীকার করে না- ফলে- নৃতাত্ত্বিকরা যা বলে তা কি আস্তিকদের হতে পারে -

মানুষের ইতিহাসেও দেখা যায়- কিভাবে ধর্মের উদ্ভব- কিভাবে এর বিবর্তন- সেগুলোকে কি আস্তিকরা একই ভাবে নিজেদের মনে করতে পারে??

৪৪. ২৫ শে আগস্ট, ২০০৮ বিকাল ৫:০৬

কানা বাবা বলেছেন:
হুমম... নাস্তিকতার শুরু তাইলে অ্যাম্ব্রায়োলজিথিকা...
বুজলাম...

<u>সমাপ্ত</u>

http://mukto-mona.com/bangla_blog/?p=8709

অবিশ্বাসের হাবিজাবি!!

তারিখ: ২৮ আষাঢ় ১৪১৭ (জুলাই ১২, ২০১০)

লিখেছেন: তানভী

আজকের এই লেখায় কিছু অর্থহীন অদরকারী কথাবার্তা সবার সাথে ভাগবাটোয়ারা করব। অর্থহীন বলছি এই কারনে যে, এসব কথাবার্তা এই ব্লগে প্রতিনিয়ত এত এত উঠে আসছে যে নতুন করে বলার মত কিছু আছে কিনা তা আমার জানা নেই। তবুও বলি , নিজের কথা গুলো নিজের মত করে বলার চেষ্টা করি।

আমি কেন অবিশ্বাসী? অবিশ্বাসী হবার পর থেকে এ প্রশ্ন অনেকবার মাথার ভেতর দিয়ে আসা যাওয়া করেছে। প্রশ্নটা উলটো করে বললে হয় যে- আমি কেন বিশ্বাসী না? এ প্রশ্নের পেছনে অনেকের অনেক রকম চিন্তা ভাবনা ও অনেক রকম উত্তর থাকতে পারে। আমার উত্তর খুব সহজ। তবে উত্তর জানার আগে আসুন ইকটু আমার অতীত ঘুরে আসি। অর্থাৎ অবিশ্বাসী হবার অতীতকথন।

ছোটবেলায় আমি খুব একটা চঞ্চল ছিলাম না। এখন নই। ছোট বেলা থেকেই নিজের মত নিজে চিন্তা ভাবনা করতে আর যুক্তি তর্কে আসতে আমার ভালো লাগত। ছোট থেকেই কম বেশি বই পড়তাম। ধর্মকর্ম এত বেশি না করলেও ক্লাস ৫ এ এসে চার ওয়াক্ত করে নামাজ পরা ধরি হঠাৎই। তবে তখন বেহেশত দোজখ এত কিছু চিন্তা করে পড়তাম না। পড়াশোনা করার মত নামাজও পড়তে হয় এ ধরনের ভাবনা থেকেই পড়তাম। বেহেশত দোজখের ভয় বা ভাবনা আমার পরিবার থেকে তখনো মাথাইয় দেয়া হয় নি। এই ক্লাস ৫-৬ টার্মটা অন্য কারনে গুরুত্ব পূর্ন। এসময় আমার বড় খালার বাসায় বেড়াতে গিয়ে বেশ কিছু ধর্ম মূলক বই আমি নিজে থেকে নিয়েই ঘেটে পড়ে দেখি। এরপর প্রায় এ ধরনের বেশ কিছু বই টানা আমি পড়ি। বইগুলোর নাম ধাম এখন পুরো পুরি মনে নেই। কিছু কিছু মনে আছে- বেহেশত দোজখের বর্ননা,আদম ও শয়তান, ইসলামের অতি আশ্চর্য জনক ঘটনা সমূহ এবং আরো বেশ কিছু বই। তখন ওগুলো পড়ে কোন কোন ক্ষেত্রে মজা পেলেও প্রায় সরল মনে সব গুলো ঘটনা আর কথা্বার্তাই বিশ্বাস করে নিয়েছিলাম। তবে তখন সেগুলো পড়ে কোন লাভ না হলেও পরবর্তি সময়ের টার্নিং পয়েন্টে ঐ বই গুলোর ভেতরের কথাবার্তা আমার রাস্তা অনেক পরিস্কার করে দিয়েছিল। কারন আগে থেকেই যদি আমি ব্যপারগুলোর সম্পর্কে ভালোভাবে না জানতাম তবে সময়ে সিদ্ধান্তহীনতায় ভুগতে হত। যা হোক, ক্লাস সিক্সের শেষের দিকে সম্ভবত আমার প্রথম বারের মত হঠাৎ চিন্তা করতে করতে প্রশ্ন জাগে মাথায় যে, আমাদের যদি সৃষ্টিকর্তা থেকে থাকে তবে সৃষ্টিকর্তার সৃষ্টিকর্তা নেই কেন? এটা ছিল ক্ষুদ্র একটা চিন্তা, যেটা আমি কাউকে জিজ্ঞাসা করতে সাহস পাইনি এবং নিজে থেকেও কোন সিদ্ধান্তে আসতে পারিনি। এরপর ক্লাস ৭ কি ৮ এ ইসলাম শিক্ষা স্যারের কিছু কথা আবার আমার মাথায় টোকা দেয়। তিনি বলেছিলেন যে , “তোমরা কি মনে কর মাদার তেরেসা মহত্মা গান্ধী ইনারা বেহেশতে যাবেন?” আমরা কয়েকজন বললাম,” হ্যাঁ তারা যেতে পারেন। কারন তারাতো সারা জীবন ভালো কাজ করেছেন।” স্যার বললেন,” না তারা কখনোই বেহেশতে যাবে

না। কারন তারা কাফের!!! তারা ঈমান আনে নাই। তাই তারা কখনোই বেহেশতে যাবে না। নবীর উম্মাতরা দোজখে গেলেও একটা নির্দিষ্ট সময়কাল শাস্তি ভোগ করার পর তাদের বেহেশতে স্থান দেয়া হবে। কিন্তু কাফেররা অনন্তকাল দোজখের আগুনে জ্বলবে।" এই কথা তখন আবার আমার মাথায় টোকা দিয়ে যায়। আমরা তিন বেলা ৫ ওয়াক্ত নামাজ পড়ে আর কিছু না করেই বেহেশতে যাবো , খুন খারাবি করে হজ্জ করে এসে শিশুর মত নিস্পাপ হয়ে যাবো!!!! আর তারা এত এত ভালো কাজ করেও বিনিময়ে শাস্তি ভোগ করবেন!! আগে ভাবতাম সব ধর্মের ঈশ্বরই এক, শুধুমাত্র প্রার্থনার ধরন ভিন্ন। এই ঘটনার পরে ধরতে পারলাম যে সব ধর্মের ঈশ্বরও ভিন্ন ভিন্ন এবং ইসলাম ছাড়া বাকি ধর্ম গুলা ভূয়া!!! আর আরো মজা পেলাম যে এই ভেবে, আমি কিছু না করেই বেহেশতে যাবার অধিকার রাখি!! ক্লাস ৮,৯,১০ আমি যে স্যারের কাছে বিজ্ঞানের বিষয় গুলো পড়েছি ঐ স্যার ধর্ম কর্ম করতেন কম। এসব নিয়ে তার খুব একটা আগ্রহ ছিল না। তাকে যদি কোন ছাত্র কখনো এসব বিষয়ে জিজ্ঞাসা করত তখন তিনি মজা করে বলতেন,
"দোজখ কয়টা? ৭ টা। আর বেহেশত কয়টা? ৮ টা। পৃথিবীতে কাফের বেশি না মুসলমান বেশি ? কাফের বেশি। তাহলে এত এত কাফের কে এই ৭ টা দোজখে রাখতে গেলে তো দোজখ ভরে যাবে!! তাই সব মুসলমান বেহেশতে যাবেই!!! "
এ কথা শুনে তখন মজা পেলেও কথাটা যে ধর্মের দিক থেকে খুব একটা মিথ্যা না তা বুঝে আনন্দ পেতাম খুব!!

ক্লাস ৭,৮,৯,১০ এই বিশাল সময়ে আউট বই পড়া হয়নি খুব একটা। কিন্তু এস এস সি পরীক্ষার পরের বন্ধে আবার পুরো দমে আউট বই পড়া শুরু করি। দম বন্ধ করে পড়া যাকে বলে! ঐ আড়াই কি তিন মাসের বন্ধে আমি প্রায় ১০০ এর উপরে বই পড়েছিলাম। এরপর শুরু হয় আমার বই কেনা আর পড়ার খেলা। কলেজে ভর্তির প্রথম দিকে আমি আবার নানা কারনে নিয়মিত নামাজ পড়া ধরি। এরকম করতে করতে বেশ কিছু সময় যায়। এরই মাঝে কলেজের প্রথম বর্ষের মাঝামাঝি অথবা শেষের দিকে প্রথম আমি আমার বাসার কম্পিউটারে অভিজিৎ ভাইয়ার 'আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী' বইটা পাই এবং পড়া শুরু করি। পড়তে পড়তে মজা পেয়ে একটানে প্রায় পুরোটা পড়ে ফেলি। এই বইটাই প্রথম আমাকে নাড়া দেয়। এই বইটা যখন কম্পিউটারে পড়ছি সেই সময়েই কম্পিউটারে আরো দুটো বই পেয়ে যাই। একটা হচ্ছে প্রবীর ঘোষের 'যুক্তিবাদীদের চ্যালেঞ্জাররা' আরেকটা হচ্ছে আরজ আলি মাতুব্বারের প্রথম খন্ড। মজার ব্যপার হচ্ছে যে আমি যেখান থেকে নিয়মিত বই কিনতাম সেখানে এই দু লেখকের বই অনেক চলত! কিন্তু আমি কখনো এই বই গুলো ধরেও দেখিনি! আমার এক বন্ধু তার প্রাইভেট টিউটরের কাছ থেকে শুনে আমাকে আরজ আলির কথা বলেছিল (যদিও সে জানতো না যে, বইটার ভেতরে কি লেখা আছে!)। তখন আমি তাকে দূর দূর করে বলেছিলাম,"ধুর! এগুলা কেউ পড়ে নাকি!" এরপর যখন আমি কম্পিউটারে এ দুটা বই পাই পরের দিনই বইয়ের দোকানে গিয়ে আমি আরজ আলির এই বই আর প্রবীর ঘোষের অলৌকিক নয় লৌকিক সিরিজের প্রথম বই কিনে নিয়ে আসি। অভি ভাইয়ার বই টা কম্পুতে শেষ করার পর আমি বিভিন্ন বইয়ের দোকানে অনেক খুঁজেছি, কিন্তু পাইনি। তার পর একটা বইয়ের দোকানে অর্ডার দিয়ে প্রায় ৬ কি ৭ মাস ঘোরাঘুরি করার পর বইটা এইচ এস সি সেকেন্ড ইয়ারের মাঝামাঝি সময়ে হাতে পাই!! (অভি ভাইয়ার ই-বুকটা পড়ার পর আমি প্রথম ওখানে মুক্তমনার ঠিকানা পাই। এবং তখন থেকে

নিয়মিত অভি ভাইয়াকে হাবি জাবি প্রশ্ন করে বিরক্ত করতে থাকি!! প্রথম প্রথম অভি ভাইয়াকে প্রচুর জ্বালাইসি!)

যা হোক, ঘটনা সেখানে না। আসল ঘটনা ঘটে আরজ আলির বইয়ের অতি সাধারন কিছু প্রশ্ন পড়ে। প্রশ্ন গুলো এত এত সাধারন! পুরো মাথা আমার এক ধাক্কায় এলোমেলো করে দেয়। এই ঘটনার পড় আমার পড়া্লেখার পুরো বারোটা বেজে যায়। আমার নিজের মাথায় হাজারো যুক্তি খেলতে থাকে। এই সময়েই সেই ছোটকালে পড়া বই গুলোর কথাবার্তা আমার মাথার রাস্তা পরিস্কার করে দেয়। কারন বই গুলোতে পরিস্কার বিভাজনের কথা লেখা ছিল। আগে থেকেই বিষয় গুলো সম্পর্কে জানাথাকায় আরজ আলির প্রতিটা কথার মর্ম বুঝতে আমার মোটেও কষ্ট হয় নি। বিবর্তন তত্ত্বের কথাও আগে থেকে হালকা পাতলা জানতাম। যদিও সেটা ছিল ল্যমার্কিয় চিন্তা ভাবনা। তবুও সেটাও আমার সিদ্ধান্ত নিতে অনেক সহায়তা করেছে।

সবচেয়ে যে ব্যপারটা আমাকে প্রভাবিত করেছে সেটা হল প্রার্থনা। ঈশ্বর যেই হোন না কেন, পুরস্কার পেতে হলে তার তোষামদি করতে হবে কেন? প্রার্থনা ব্যপারটা তো পুরোই তোষামদি ছাড়া আর কিছুই না! আমাদের ধর্ম বইয়ে হাদিস ছিল,” তোষামদ কারীদের আল্লাহ পছন্দ করেন না” কিন্তু আসল ঘটনা কি দাঁড়ালো!! যে যত বেশি মাত্রায় নামাজ কালাম রোজা রাখবে, অর্থাৎ যে যত বেশি মাত্রায় আল্লার তোষামদ করবে সে তত বেশি পুরস্কৃত হবে!!! যার যত বেশি পয়সা , যে যত বেশি ঘুষ দিতে পারবে খোদার নামে (মসজিদ বানানো, হজ্জে যাওয়া, যাকাত দেয়া) তার পুরস্কার তত বেশি!! একজন কাফের হওয়ার কারনে সারা জীবন ভালো কাজ করেও শাস্তি পাবে! তো জীবনে আর ভালো কাজের মূল্য রইল কি?

আরো বেশি দুঃখ জনক এই যে, একজন মাদার তেরেসা বা একজন মহাত্মা গান্ধীর জন্য কি কোন নবী পয়দা হয়েছে এ যুগে? তারা তো শুধু মাত্র অন্ধ ভাবে তাদের পরিবারকে অনুসরন করেই এসেছে। তো এখানে তাদের দোষ কই? তাদের চৌদ্দ গুষ্টির দায়ভার কেন তাদের বহন করতে হবে? কই, একজন মুসলমান তো কখনো খৃষ্টান ধর্মের বা হিন্দু ধর্মের বই পড়ে দেখেন না। তাহলে তিনি কিভাবে সিদ্ধান্ত দেন যে আমার ধর্মই সেরা , আমার ধর্মই সত্য? আরজ আলির একটা কথা মনে পরে খুব ,” সব মিষ্টির দোকানদারই বলে যে আমার দোকানের মিষ্টিই সেরা।” একথা আবার কোন মুসলমানকে বললে সে বলবে যে তুমি টেষ্ট করে দেখ যে কোন দোকানের মিষ্টি সেরা, তাহলেই তো হয়!! আরে ভাই, আপনি নিজে কি অন্য দোকানের মিষ্টি খেয়ে দেখেছেন কোন দিন? আপনি যে আপনার টা সেরা বলে ধরে বসে আছেন?

ভালো যদি কোন ধর্মকে বলতেই হয় তবে আমি বলব যে ৪টা ধর্মের মধ্যে বৌদ্ধ ধর্মই সেরা। যদিও আমি যতটুকু জানি বৌদ্ধ ধর্ম মূলত কোন ধর্ম নয়। অন্যান্য ধর্ম গুলোর মত তাদের কোন ঈশ্বর নেই , ঈশ্বরে পুজো দেবার ব্যপারও নেই। অন্তত গৌতম বুদ্ধ সেভাবেই ধর্মটা তৈরি করেছেন , তারপর তার অনুসারীরা ধীরে ধীরে প্রার্থনার ব্যপারটা চালু করে। সে হিসাবে বৌদ্ধ ধর্ম মূলত একটা জীবন বিধান।

তাই শেষ পর্যন্ত বলতে হয় যে, বিজ্ঞান বা দর্শন নয়। ঈশ্বর নিজেই আমার ঈশ্বরে বিশ্বাস ভেঙে দেয়ার পিছনে মূলত দায়ী!! অবিবেচক ঈশ্বরের তামাশাই আমার বিবেচনা বোধের কারন!! বাকি সব সাহায্যকারী মাত্র!!

এই সব ঘটনার পেছনে সবচেয়ে দুঃখজনক অংশ হচ্ছে যে, আরেকটু হলে এইসব হাবিজাবি আমার এইচ এস সি পরীক্ষার বারোটা বাজায়ে দিচ্ছিল! জীবনের এখন পর্যন্ত কোন পরীক্ষা এত বাজে প্রিপারেশন নিয়ে আমি দেইনি, যতটা বাজে প্রিপারেশন আমার এইচ এস সি পরীক্ষা দিয়েছি। তবুও ভাগ্য (!!!) ভালো যে ভালয় ভালয় সব পার করে আসতে পেরেছি!

এ ঘটনার পর আরেকটা সমস্যা দেখা দেয় যে, জীবনটা অর্থহীন মনে হতে থাকে। আগে তো জানতাম যে মরে গেলে বেহেশত নাহয় দোজখ কিছু একটা কপালে আছে!! এবং এক সময় না এক সময় আমি ৭০টা হুরের দেখা পাবই!! কিন্তু এখন জানি যে, আমার জীবন আর একটা মুরগীর জীবনের মধ্যে বস্তুত কোন পার্থক্য নাই!!! তাই মাঝে মধ্য চিন্তা হয়, হুদাই বাইচ্যা থাকনের লাইগা ক্যান এত কষ্ট করা? বয়া বয়া খাইলেই তো জীবন পার হয়া যায়!!

কমেন্ট

তানভী
জুলাই ১২, ২০১০ সময়: ৪:২৩ অপরাহ্ন লিঙ্ক
এ রকম একটা লেখা ব্লগে দেয়ার আদৌ কোন অর্থ আছে কিনা কে জানে!! এধরনের লেখা দিতে এবং ব্লগে দেখতে আমার নিজেরই বিরক্ত লাগে। তারপরও কেন দিলাম, কি বুঝে দিলাম জানিনা! কেউ বিরক্ত হলে তার কাছে আমি ক্ষমাপ্রার্থী ।

*আতিক রাঢ়ী*এর জবাব:
জুলাই ১২, ২০১০ at ৫:০০ অপরাহ্ন
@তানভী,
জীবনটা খালি হুদা হুদা লাগে না ? হুম ! :-/
বয়স, বয়স, সব বয়সের ব্যাপার। এই বয়সে প্রেমে না পড়লে এমনই লাগে।
তানহা ! তানহা ! হিয়াপে জিনা, এ কই বাত হ্যায় ?

*তানভী*এর জবাব:
জুলাই ১২, ২০১০ at ৫:১৪ অপরাহ্ন

@আতিক রাঢ়ী,
পিরিতি! তাও আমার কপালে!! হইবেনা হইবেনা! এই বদনা মার্কা নিরস টাইপের নাস্তিক মুরতাদ ছেলেরে কুন গাধী পছন্দ করিবে! সবই কপালের দুষ!
আমার বড় ভাইদের ইয়ে রা ওদের কে বলে,” এখন যত নাস্তিক নাস্তিক ফাল পারার পাইরা নাও, বিয়ার পরে ইস্ক্রুপ টাইট দিমুনে” (সরাসরি না বললেও কথাটা আমার কানে এসেছে!) এই ডরে এখন ভূলেও মেয়েদের দিকে তাকাই না!!

*বিপ্লব রহমান*এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ৭:১৭ অপরাহ্ণ
@আতিক রাঢ়ী,

2
পৃথিবী
জুলাই ১২, ২০১০ সময়: ৪:৪৮ অপরাহ্ণ লিঙ্ক
এ ঘটনার পর আরেকটা সমস্যা দেখা দেয় যে, জীবনটা অর্থহীন মনে হতে থাকে। আগে তো জানতাম যে মরে গেলে বেহেশত নাহয় দোজখ কিছু একটা কপালে আছে!! এবং এক সময় না এক সময় আমি ৭০টা হুরের দেখা পাবই!! কিন্তু এখন জানি যে, আমার জীবন আর একটা মুরগীর জীবনের মধ্যে বস্তুত কোন পার্থক্য নাই!!! তাই মাঝে মধ্য চিন্তা হয়, হুদাই বাইচ্যা থাকনের লাইগা ক্যন এত কষ্ট করা? বয়া বয়া খাইলেই তো জীবন পার হয়া যায়!!
আমার এসব কথা আগে মনে হইত। রাতে বেলা জীবনরে অর্থহীন মনে হইত, দিনের বেলা কম্পিউটারের সামনে বসলে জীবনটা অর্থে পরিপূর্ণ হয়ে উঠত। আসলে জীবনের কোন অন্তর্নিহিত উদ্দেশ্য নাই, নিজে থেকে একটা উদ্দেশ্য বানিয়ে নিতে হয়।
আপাতত জীবন ফালায়া প্র্যাকটিকাল ক্লাস নিয়া চিন্তা করতাছি। নটরডেমে ঢুকে যে আনন্দ হয়েছিল, প্রথম সপ্তাহেই তা বিলীন হয়ে গিয়েছে।

*তানভী*এর জবাব:
জুলাই ১২, ২০১০ at ৫:০৫ অপরাহ্ণ

@পৃথিবী,
হি হি!! নটরডেম যে কি পরিমান নটরিয়াস যায়গা!! ছিবড়া বানায়া ছাইরা দিবে! তাও একদিকে ভালো, হাবিজাবি চিন্তাভাবনা করার টাইম পাইবা না! আমার কলেজে তো আমি বইসা বইসা মাছি মারতাম! এইজন্য টাইমের অভাবও হয়নাই, আর হাবিজাবি চিন্তাও শেষ হয় নাই! আরেকটু হলেই ইন্টারে চরম ধরা খাইতাম!!

শাফায়েত এর জবাব:
জুলাই ১২, ২০১০ at ৫:২৪ অপরাহ্ণ
@তানভী,
আমার কাছে জীবনকে একটুও অর্থহীন মনে হয়না। আমার পড়ালেখার বিষয় ,যেসব কাজ করি সেগুলো আমি খুবই উপভোগ করি। আমার মনে হয় সব মানুষেরই উদ্দেশ্য হওয়া উচিত পৃথিবীর জন্য কিছু করা, মানুষের জন্য কিছু করা। যখন মনে আমি যে কাজ করছি তা ভাল করে করতে পারলে কিছু মানুষের উপকার হবে তখন আর সেটাকে অর্থহীন , বোরিং এসব মনে হয়না।
ধর্মের গাল-গপ্পো গুলো আমার কখনই বিশ্বাস হয়নি। ছোটোবেলায়ও যখন এসব শুনতাম কিছুতেই বিশ্বাস হতনা, সাথে বাবার সাপোর্ট পাবার কারণে বেশ কম বয়সেই আমি ধর্মে বিশ্বাস হারাই। আরজ আলী, হুমায়ুন আজাদ এদের লেখা পড়েছি অনেক পরে। আমার মনে হয় মুক্তমনে কেও চিন্তা করলে কিছুতেই ধর্মে আস্থা রাখতে পারবেনা ,কিন্তু মুক্তমনে কয়জন চিন্তা করতে পারে ?
প্রবীর ঘোষের ই-বই কারো কাছে থাকলে আওয়াজ দেন।

তানভী এর জবাব:
জুলাই ১২, ২০১০ at ৫:৩৮ অপরাহ্ণ
@শাফায়েত,
জীবনের কোন অর্থ আছে কি নেই এই প্রশ্নটাই আসলে সবচেয়ে অর্থহীন। হুমায়ুন আহমেদের একটা উক্তি আমার খুবই পছন্দ,
” জীবন সহজ না জীবন জটিলও না, জীবন জীবনের মতই। আমরাই একে সহজ করি, আমরাই একে জটিল করি।”
তাই একেক জনের কাছে জীবনের অর্থ একেক রকম।
ধর্মের গাল-গপ্পো গুলো আমার কখনই বিশ্বাস হয়নি।
এ ব্যপারটা অনেকটা ভূত প্রেতের গল্পের মত। ভূতের গল্প শুনতে কিন্তু সবসময়ই ইন্টারেস্টিং! কিন্তু নতুন নতুন ভূতের গল্প শোনার ফলে ছোট বেলা থেকেই ভূত আছে বলে কেমন একটা বিশ্বাস মনে তৈরি হয়ে যায়, তাই রাতের অন্ধকারে বাচ্চারা এমনকি অনেক বড় মানুষও ভূতের ভয় পায়। ছোট বেলায় কানে ময়লা হয় কেন একথা আম্মাকে জিজ্ঞাসা করলে আম্মা দুষ্টুমি করে বলত যে দুই কাঁধে

দুইটা ফেরেশতা আছে যারা কানের ভেতরে গিয়ে তাদের প্রাকৃতিক কর্ম সারে!!! এই কথা শুনে মজা পেলেও একটা নির্দিষ্ট বয়স পর্যন্ত কিন্তু এই কথাটা অবিশ্বাস করি নি!!

পৃথিবী এর জবাব:
জুলাই ১২, ২০১০ at ৬:০৮ অপরাহ্ণ
@শাফায়েত, অফটপিক- বিবর্তনের পৃষ্ঠায় নতুন যেসব প্রশ্ন যোগ হচ্ছে, সেগুলোকে কি কোনভাবে নীড়পাতায় প্রদর্শন করা যায়? প্রত্যেকদিন বিবর্তন পাতাটা চেক করা অনেকের পক্ষেই হয়ত সম্ভব না, তাই নীড়পাতায় এর জন্য একটা আপডেট পেইজ রাখতে পারলে ভাল হত।

শাফায়েত এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ২:৩৮ পূর্বাহ্ণ
@পৃথিবী,
ভালো কথা বলেছেন। আপডেট প্রদর্শনের ব্যবস্থা হয়তো করা যাবে কিন্তু আপডেটতো হতে হবে। বিবর্তন পৃষ্ঠার কাজ কি চলছে নাকি থমকে আছে ?

পৃথিবী এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ৩:৫৬ অপরাহ্ণ
@শাফায়েত, হুম মাঝখান দিয়ে থেমে গিয়েছিল, তবে এখন আবার এডিটরদের ঘুম ভাঙতে শুরু করেছে। আসলে সবাই এত ব্যস্ত যে এক টানে সব প্রশ্নের উত্তর লিখে ফেলাটা কষ্টকর। আপডেট হচ্ছে ঠিকই, বিবর্তনের গতিতেই হচ্ছে

শাফায়েত এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ৫:৩৩ অপরাহ্ণ
@পৃথিবী,
খেয়াল করেন সাম্প্রতিক পোস্টের নিচে আপডেট যোগ করা হয়েছে। আমি আপাতত দুটি লিংক দিয়েছি, ওখানে কি ধরণের কনটেন্ট চান সেটা আমাকে জানান। আর্কাইভের সাথে জড়িত অন্যদের সাথে আলাপ করে নিতে পারেন। আর নতুন যেসব লেখা যোগ হবে সেগুলোর লিংক আমাকে পাঠিয়ে দিবেন।

3

আদিল মাহমুদ
জুলাই ১২, ২০১০ সময়: ৫:৫৮ অপরাহ্ণ লিঙ্ক
শেষ খবর পাওয়া পর্যন্ত তো তুমু ফুল নাস্তিক না , সংশয়বাদী ছিলা বলে জানতাম।
তাই মাঝে মধ্য চিন্তা হয়, হুদাই বাইচ্যা থাকনের লাইগা ক্যন এত কষ্ট করা? বয়া বয়া খাইলেই তো জীবন পার হয়া যায়!! “
- খুবই ভাল হত, আমারও প্রায়ই মনে হয় আহারে একটা মাল্টি মিলিয়ন ডলারের লটারি যদি কোনমতে জিততে পারতাম। তারপর কে আর এত কষ্ট করে কাম কাজ করে। প্রত্যেকদিন অফিস আসা, কোন মানে হয়!
তোমার মত বুইড়া ধামড়ারে বয়ায় বয়ায় খাওয়াইবো কেঠা? অবশ্য কোথাও যখন এখনো বাইজ্জা যাও নাই তো ঘর জামাই অপশন চিন্তা করতে পারো। তবে সেক্ষেত্রে মনে হয় আস্তিকের ভেক ধরাটাই উত্তম।
তবে পরকাল না থাকলেই জীবন অর্থহীন এমন ভাবনা মানুষের কেমন হয় জানি না। প্রায়ই নাস্তিকদের প্রতি এই প্রশ্ন দেখি, আপনি কেন বেঁচে থাকেন, আপনার জীবনের লক্ষ্য কি, কেন ভাল কাজ করেন…? আমি পরকালে বিশ্বাসী হলেও আমার মনে হয় না যে পরকাল না থাকলেও জীবন অর্থহীন হয়ে যাবে। জগতে কত কিছু করার আছে , দেখার আছে; সেই তূলনায় জীবন কাল খুবই অল্প।

*তানভী*এর জবাব:
জুলাই ১২, ২০১০ at ৭:০২ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
শেষ খবর পাওয়া পর্যন্ত তো তুমু ফুল নাস্তিক না , সংশয়বাদী ছিলা বলে জানতাম
সংশয়বাদী ঠিকাছে, সেইটা শুধু সৃষ্টিকর্তার বেলায়। ধর্মের বেলায় আমি ফুলটাইম নাস্তিক। কোন প্রকার ধর্মের প্রতি বিন্দু মাত্র আগ্রহ নাই।
আর ঈশ্বরের বেলায় আমার দর্শন হচ্ছে এই যে। ঈশ্বর থাকিলেও থাকিতে পারেন!! তবে তিনি বোবা,কালা, আন্ধা!! আর বয়া বয়া ভেরেন্ডা ভাজা ছাড়া তার আর কুনো রকম কাম কাজ নাই!!
তিনি বলিলেন,”হও।” অতঃপর হইয়া গেল!! এবং এরপর তিনি অনন্তকাল যাবৎ বসিয়া বসিয়া ভেরেন্ডা ভাজিতে লাগিলেন!!!
যদিও না থাকার সম্ভাবনাকেই আমি বেশি সমর্থন করি।
জগতে কত কিছু করার আছে, দেখার আছে; সেই তূলনায় জীবন কাল খুবই অল্প।
আহা!! আহা!!
“এই খেদ মোর মনে
ভালোবেসে মিটল না আশ, কুলাল না এ জীবনে।

হায়! জীবন এত ছোট কেনে,
এ ভূবনে!
দেখার তো অনেক কিছুই আছে! কিন্তু ট্যাকে যে হুইসা নাই মামু!!

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১২, ২০১০ at ৭:২৯ অপরাহ্ণ
@তানভী,
ওহ হো।
সাধারনত কেউ নিজেকে অবিশ্বাসীর দলে ভুক্ত করলে ধরে নেওয়া হয় যে সে ফুল নাস্তিক। প্রচলিত ধর্মে অবিশ্বাস বোঝায় না।
আসো, তুমি আমি মিলা নুতন ধর্ম বানাই, নাম দেওয়া যেতে পারে মামু-ভাগিনা ধর্ম। নামের মধ্যেই বেশ একটা কোমলতা/আহ্লাদের ছাপ আছে। এই ধর্মের অনুসারীরা অতি অবশ্যই প্রচলিত ধর্মগুলির বাজে দিক এড়াতে পারবে।
কোন ইউইনিভার্সিটি/সাব্জেক্টে ভর্তি হইলা? এখানে ডর খাইলে ই-বার্তায় জানাইতে পারো।

তানভী এর জবাব:
জুলাই ১২, ২০১০ at ৭:৫২ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
আসো, তুমি আমি মিলা নুতন ধর্ম বানাই, নাম দেওয়া যেতে পারে মামু-ভাগিনা ধর্ম। নামের মধ্যেই বেশ একটা কোমলতা/আহ্লাদের ছাপ আছে। এই ধর্মের অনুসারীরা অতি অবশ্যই প্রচলিত ধর্মগুলির বাজে দিক এড়াতে পারবে।
ঝা কিচ্ছু বালু, তার লগে ফর্তম আলু!!
ধর্মের ভালো ব্যপারগুলাও আস্তে আস্তে খারাপের দিকে যায়! বৌদ্ধ ধর্মের কথাই ধরেন, এ ধর্মে প্রার্থনার কোন ব্যপার ছিল না, ঈশ্বরও ছিল না। কিন্তু পরবর্তি অনুসারীরা এসব হাবিজাবি ব্যপার বৌদ্ধ ধর্মে প্রবেশ করায়!
ইনিবার্সিটিতে ভুর্তি হইছি এইডা তো ৮মাসের পুরান খবর!! এখন জিগান ক্যা? জাউক, ডর না খাইলেও ই-বার্তায়ই জানাইতেসি।

ফারুক এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ৩:০০ অপরাহ্ণ
@তানভী,

কিন্তু পরবর্তি অনুসারীরা এসব হাবিজাবি ব্যপার বৌদ্ধ ধর্মে প্রবেশ করায়!
সকল ধর্মের অনুসারীরা যে এই একি কাজ করেনি , তা কেমনে বুঝলেন। আমার তো মনে হয় সকল ধর্মের জন্য এই একি কথা প্রযোজ্য।

*তানভী*এর জবাব:
জুলাই ১৪, ২০১০ at ১২:৫৩ পূর্বাহ্ন
@ফারুক,
বৌদ্ধ ধর্মের কথা বার বার বলছি কারন বেসিকালি বৌদ্ধ ধর্ম আসলে কোন ধর্ম না। কারন ওদের ধর্ম বিশ্বাসের কোথাও ঈশ্বরে বিশ্বাস নেই। এমনকি কোন প্রার্থনার ব্যপারও নেই। পরবর্তি অনুসারীরা কোথেকে যে এসব আমদানি করেছে কে যানে!! তাও আবার ঈশ্বর পুজা হলে এক কথা ছিল! তারা বুদ্ধের মূর্তি পুজা করে!

*শাফায়েত*এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ২:৪০ পূর্বাহ্ন
@আদিল মাহমুদ,
আসো, তুমি আমি মিলা নুতন ধর্ম বানাই, নাম দেওয়া যেতে পারে মামু-ভাগিনা ধর্ম।
চাচা-ভাতিজা ধর্ম কি আরো ভালো হইতো না? আরে তানভীটারে দিয়ে কিছু হবেনা , কি করতে হবে আমাকে বলেন।
অফ-টপিক: লিনাক্স ইনস্টলের কি খবর??

*আদিল মাহমুদ*এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ৫:২৮ পূর্বাহ্ন
@শাফায়েত,
তানভীরে দিয়ে আসলেই কিছু হবে না, ষাঁড়ের মত মুশকো জোয়ান ছেলে, অথচ এখনো কোন ললনার হৃদয় জয় করতে পারল না।
চাচা-ভাতিজা ধর্মে সামান্য টেকনিক্যাল সমস্যা আছে। মামা ভাগিনার মত চাচা ভাতিজা সম্পর্কে অত মধুর না। আমাদের দেশে সম্পত্তি ঘটিত ব্যাপারে প্রায়ই চাচা ভাতিজার খুনাখুনি হয় , মামা ভাগিনায় হয় না। এই জন্যই মামা ভাগিনা সম্পর্কে অনেকটা ক্লীন। তবে তোমার সাথে খুনাখুনি হবে এইটা হজম করাও শক্ত। দেখি, ভবিষ্যতে কি হয়।
লাইনাক্স এখনো ট্রাই করি নাই। আমার ল্যাপ টপ এর সিডি ড্রাইভ সমস্যা করছে। অনেক সিডি/ডিভিডি রিড করতে পারছে না।

*শাফায়েত*এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ২:৫৩ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
সমস্যা হলো চাচা-ভাতিজা ধর্মের পবিত্র খাবার সিঙ্গারা হবে নাকি পুরি হবে এই নিয়ে ব্যপক মতবিরোধের সম্ভাবনা আছে।
তানভীরে দিয়ে আসলেই কিছু হবে না, ষাঁড়ের মত মুশকো জোয়ান ছেলে, অথচ এখনো কোন ললনার হৃদয় জয় করতে পারল না।
আহা কষ্টে মন ভরে গেল ।

*তানভী*এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ১:০৪ অপরাহ্ণ
@শাফায়েত,
হে হে! ভাগিনারে দিয়া কিছু হয়না বইলাই না মা মার দরকার!! চাচা ভাতিজা দুইটাই অতি চালাক!! এক বনে দুই বাঘ কেউ হজম করতে পারবে না!!

4
বিপ্লব রহমান
জুলাই ১২, ২০১০ সময়: ৭:৫১ অপরাহ্ণ লিঙ্ক
চমৎকার জবানবন্দী!
শাবাশ আরজ আলী মাতুব্বর, প্রবীর ঘোষ, অভিজিৎ রায়!

*তানভী*এর জবাব:
জুলাই ১২, ২০১০ at ৮:১৫ অপরাহ্ণ
@বিপ্লব রহমান,
মচেৎকার!! কোন হিসাবে!

শাবাশ আরজ আলী মাতুব্বর, প্রবীর ঘোষ, অভিজিৎ রায়!
এইটা ঠিকাছে।

*বিপ্লব রহমান*এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ৭:২০ অপরাহ্ন
@তানভী,
মচেৎকার!! কোন হিসাবে!
বলবো? বলবো? নাহ্, থাক!

5
সেণ্টু টিকাদার
জুলাই ১৩, ২০১০ সময়: ১২:৫২ পূর্বাহ্ন লিঙ্ক
তানভীর এই লেখাটা এত ভাল লাগলো। কি ভাবে যে ভাল লাগাকে প্রকাশ করব বুঝতে পারছিনা।
এদিকে ইন্দনেসিআন টি পি আই ছানেলে বেহেস্তের ৭০ হুরেরা নাছচে খুল্লাম খুলা । তাও দেখছি। মনে হয় দেশ টা নামেই শধু মুস্লিম দেশ।
যাক আসল কথায় আসা যাক।
কমেন্ট গুলি পড়তে পড়তে হাসি চেপে রাখতে পারলাম না।ঘুম ভাল হবে। সকালে অফিসে যেতে লেট হতে পারে। তা হোক।এখন আসল কথায় আসি। সৃষ্টিকর্তা। ছোট বেলায় একবার আমিও তানভী্র মত কোন সিনিঅর কে জিজ্ঞেশ করেছিলাম যদি সব সৃষ্টির পেছনে সৃষ্টিকর্তা থাকে তবে ঈশ্বরের সৃষ্টিকর্তা কে?
উনি উত্তর দিয়েছিলেন - ধুর বলদা, ঈশ্বর ত ঈশ্বর, তা ওনাকে আবার কে সৃষ্টি করবে।চুপ হয়ে ছিলাম, কিন্ত যেন উত্তরে খুশি হতে পেরেছিলাম না। আজ ৩৫ বছর পর এটা উপলব্ধ হয়েছে এই ঈশ্বরের সৃষ্টিকর্তা আমরা।
কেই কি বেহেশতে গিয়ে দেখেছে ওটা কেমন? যদি বিজ্ঞান কিছু একটা বের করত যে ওখানে না গিয়ে এই ধরা ধামে বসেই তা দেখা যায়।কেই হয়ত
বলবে বেহেশত হচছে একটা ভাল কাজের ভাল সুখানুভুতি যা মানুষ এখানে বসে পেতে পারে। আমার মনে হয় এটাই বেহেশতের আসল ভাব যা অনেক কিতাব হয়ত মানবে না।
্ধন্যবাদ তানভী, লিখে যান।

6

স্বাধীন
জুলাই ১৩, ২০১০ সময়: ২:৪১ পূর্বাহ্ণ লিঙ্ক
লেখাটা ভাল হয়েছে। সকলের জবানবন্দী বেশ কাছাকাছি, এবং সেটাই হওয়া স্বাভাবিক।
আবার জীবনের উদ্দেশ্য নিয়ে হতাশাটাও সকলের শুরুতে ধরে বলে মনে হয়। আমার নিজেরও হয়েছে। এখন আপাতত এটার যা সমাধান করেছি সেটা বলি।
ডেনেট এর ব্রেকিং দ্যা স্পেল পড়ে শেষ করলাম কিছুদিন আগে। ওখানে শুরুতেই একটি কাহিনী ছিল পিপঁড়ে কেন ঘাসের ডগায় উঠার চেষ্টা করে বারবার। পিপড়ের মাথায় একটি পোঁকা রয়েছে যা পিঁপড়েকে বাধ্য করে সেই ঘাসের চুড়ায় উঠতে যেন পোঁকাটি কোন গবাদিপশুর পাকস্থলিতে যেতে পারে এবং নিজের বংশবৃদ্ধি করতে পারে। এখন পিঁপড়েটি যদি চুড়ায় উঠে তবে একধরনের ভাললাগার অনুভুতি পায়, সেই ভালো লাগার লোভেই সে নিজের মরণ জেনেও ঘাসের আগায় উঠবে, ভালো লাগাটি দেয় পোঁকাটি। একই কথা খাটে আমাদের ক্ষেত্রেও। সেক্সের মাঝে যে আনন্দের অনুভুতি পাওয়া যায়, সেটার লোভেই মানুষ বা অন্যান্য প্রাণীরা সেক্স এর জন্য তাড়িত হয় যা বংশবৃদ্ধিতে সহায়তা করে।
আমার মনে হয়, আমাদের মস্তিষ্কেও সেরকম কিছু আছে যার কারণে নির্দিষ্ট কাজের ফলে একধরনের সুখানুভুতি হয়। এখন কে কিসে সেই তৃপ্তি লাভ করবে সেটা নানান বিষয়ের উপর নির্ভর করবে। অভি'দা বিবর্তন বা বিজ্ঞানের উপর একটি লেখা দিলে বা লেখা পড়লে সেই অনুভুত পাবে আর ফুয়াদ ভাই পাবে কোরানের বাণী পড়ে বা ধর্মের পক্ষে একটি লেখা দিয়ে। কেউ অন্যের উপকার করে সেই তৃপ্তি লাভ করবে কেউবা শুধু নিজের উন্নয়ন করে। কেউ প্রার্থনা করে সেই শান্তি পায়, আর কেউ সঙ্গীতে সেই শান্তি পায়। কিন্তু সকলের উদ্দেশ্য একই, সেটা হল নিজের মস্তিষ্কের মাঝে সেই সুখানুভুতি অনুভব করা বা আত্মতৃপ্তি লাভ করা।
তাই আমার কাছে জীবনের উদ্দেশ্য সেই তৃপ্তিকে ম্যাক্সিমাইজ করা । সমস্যা হল যে সব কাজ করলে ভাল লাগে সেগুলো করে রুজিরোজগারের ব্যবস্থ হয় না । তাই রুজির জন্য কোন একটি কাজ করতে হয়, সেটাই করি, আর বাকি সময় নিজের পছন্দের কাজগুলো করি। পছন্দের কাজের মধ্যে হচ্ছে বই পড়া, ব্লগ পড়া, ব্লগ লেখা, মুভি দেখা, কার্ড খেলা, ফুটবল খেলা ইত্যাদী। অপছন্দের কাজ হচ্ছে, কাজের জন্য পড়া, বাজার করা, বাচ্চাদের খাওয়ানো, ইত্যাদী।

*তানভী*এর জবাব:
জুলাই ১৩, ২০১০ at ১২:৪৯ অপরাহ্ণ
@স্বাধীন,
আসলে জীবনের তৃপ্তি আদৌ আমাদের মত ছা-পোষা মানুষদের কাছে আসবে কিনা কে জানে!! কিছু করার আগেই ফ্যামিলি নিয়া চিন্তা করা লাগে!! ফ্যামিলি ছাইড়া যদি পালাইতে পারতাম!

এইতো, মাত্র কালকে রাত্রেই ন্যাশনাল জিওগ্রাফিতে ডাইনোসরের ফসিল নিয়ে একটা ডকু দেখছিলাম। কিভাবে এক একটা ফসিল খুঁজে আনে। কিভাবে ফসিলের আসল রূপ খুঁড়ে বের করে। কিভাবে সেই হাড়ের ফসিল থেকে কম্পুতে থ্রিডি অ্যানিমেশনের মাধ্যমে ডাইনোসরের জীবন্ত রূপ দেয়া হয়!! এক কথায় অসাধারন!! এগুলা দেখলে মনে হয়, সব ছেড়ে ছুড়ে পালাই!

7

সৈকত চৌধুরী

জুলাই ১৩, ২০১০ সময়: ১২:১৮ অপরাহ্ণ লিঙ্ক

তানভীর লেখার একটা নিজস্ব ভঙ্গি আছে, বেশ ভাল লাগে পড়তে।

তুমি যে শেষ পর্যন্ত ধর্মের আবর্জনা থেকে বের হতে পেরেছ সে জন্য । এটা নিঃসন্দেহে একটা বিরাট ব্যাপার যা খুব কম লোকেই পারে।

তানভী এর জবাব:

জুলাই ১৩, ২০১০ at ১২:৫২ অপরাহ্ণ

@সৈকত চৌধুরী,

কি কারবার!! আমি ধর্ম ছাড়সি সেইটা য্যান আজকের কথা!!!

সৈকত চৌধুরী এর জবাব:

জুলাই ১৩, ২০১০ at ১:২১ অপরাহ্ণ

@তানভী,

ঠিকাছে, তুমি পুরনো মুরতাদ, এবার হইছে?

8

ফারুক

জুলাই ১৩, ২০১০ সময়: ৪:০৮ অপরাহ্ণ লিঙ্ক

আরজ আলির একটা কথা মনে পরে খুব ," সব মিষ্টির দোকানদারই বলে যে আমার দোকানের মিষ্টিই সেরা।"

আসলেই কি ইসলামের সাথে অন্যান্য ধর্মের মূলগত কোন পার্থক্য আছে ? পার্থক্য যা আছে তা মানুষের-ই সৃষ্টি।

42:13] He decreed for you the same religion decreed for Noah, and what we inspired to you, and what we decreed for Abraham, Moses, and Jesus: "You shall uphold this one religion, and do not divide it." The idol worshipers will greatly resent what you invite them to do. GOD redeems to Himself whomever He wills; He guides to Himself only those who totally submit. সুঃ আশ-শুরা , আঃ ১৩

তিনি তোমাদের জন্য সেই একই দ্বীণ (ধর্ম) নির্ধারন করেছেন, যা নূহ আঃ এর জন্য করেছিলেন এ বং যা আমি প্রত্যাদেশ করেছি আপনার প্রতি ও যার আদেশ দিয়েছিলাম ইব্রাহিম আঃ, মূসা আঃ ও ঈসা আঃ কে এই মর্মে যে , "তোমরা দ্বীণকে প্রতিষ্ঠিত কর এবং তাতে অনৈক্য সৃষ্টি করো না। "

41:43] What is said to you is precisely what was said to the previous messengers. Your Lord possesses forgiveness, and He also possesses painful retribution. সুঃ হা-মীম , আঃ ৪৩

আপনাকে ঠিক ঠিক তাই বলা হয় , যা বলা হতো পূর্ববর্তী রসুলগণকে।

21:25] We did not send any messenger before you except with the inspiration: "There is no god except Me; you shall worship Me alone."

সুঃ আম্বিয়া , আঃ ২৫

আপনার পূর্বে আমি যে রসুলই প্রেরন করেছি , তাকে একই অহী পাঠিয়েছি: "আমি ব্যতীত অন্য কোন উপাস্য নেই , সুতরাং আমারই উপাসনা কর। "

মুসলমান হওয়া কি জরুরী ?

[2:62] Surely, those who believe, those who are Jewish, the Christians, and the converts(Sabains); anyone who (1) believes in GOD, and (2) believes in the Last Day, and (3) leads a righteous life, will receive their recompense from their Lord. They have nothing to fear, nor will they grieve. সুঃ বাকারা আঃ ৬২

নিঃসন্দেহে যারা বিশ্বাসী , যারা ইহুদী , খৃষ্টান ও সাবেঈন , এদের মধ্যে যারা আল্লাহ ই বিশ্বাস করে , পরকালে বিশ্বাস করে ও সৎ কাজ করে , তাদের জন্য রয়েছে পুরস্কার তার পালনকর্তার কাছে।তাদের কোন ভয় ও নেই এবং তাদের দুঃখ ও করা লাগবে না।

একই আয়াত কোরানের আরো এক জায়গায় আছে , সুরা আল মায়দাহ(৫) আয়াত ৬৯

অমুসলিমদের মুসলিম হওয়ার জন্য দাওয়াত দেয়ার প্রয়োজন আছে কি ? যেখানে আল্লাহ চাননি সকল মানুষ একই ধর্মের আনুসারী হোক।

16:93] Had GOD willed, He could have made you one congregation. But He sends astray whoever chooses to go astray, and He guides whoever wishes to be guided. You will surely be asked about everything you have done. সুঃ নাহল আঃ ৯৩

যদি আল্লাহ চাইতেন তবে তোমাদের সবাইকে এক জাতি করে দিতে পারতেন।

12:103] Most people, no matter what you do, will not believe.

সুঃ ইউসুফ আঃ ১০৩
আপনি যতই চেষ্টা করুন না কেনো , বেশিরভাগ লোক বিশ্বাস আনবে না।
11:118] Had your Lord willed, all the people would have been one congregation (of believers). But they will always dispute (the truth).
10:99] Had your Lord willed, all the people on earth would have believed. Do you want to force the people to become believers?
সুঃ ইউনুস আঃ ৯৯
আপনার প্রভু চাইলে দুনিয়ায় যত লোক আছে প্রত্যেকেই বিশ্বাসী হতো। তুমি কি মানুষকে জবরদস্তী করে বিশ্বাসী বানাতে চাও ?
5:48] Then we revealed to you this scripture, truthfully, confirming previous scriptures, and superseding them. You shall rule among them in accordance with GOD's revelations, and do not follow their wishes if they differ from the truth that came to you. For each of you, we have decreed laws and different rites. Had GOD willed, He could have made you one congregation. But He thus puts you to the test through the revelations He has given each of you. You shall compete in righteousness. To GOD is your final destiny - all of you - then He will inform you of everything you had disputed.
আমি তোমাদের প্রত্যেককের জন্য আইন ও পথ নির্দেশ করেছি। ..... **তোমরা ভালো সৎ কাজে প্রতিযোগিতা কর।**
উপরের আয়াতগুলো থেকে কি এটাই প্রমানিত হয় না যে , আল্লাহ চান বিভিন্ন ধর্মের মানুষ হিংসা দ্বেষ ভুলে একে অপরের সাথে সৎ কাজে , ভালো কাজে প্রতিযোগিতা করে।

*তানভী*এর জবাব:
জুলাই ১৪, ২০১০ at ১২:৩৭ পূর্বাহ্ণ
@ফারুক,
ভাই, আমি আপনার সাথে তর্কে যাব না। আপনার এধরনের ভাল উক্তির পেছনে ১০১টা খারাপ আয়াত দেখানো এই ব্লগের অনেকের পক্ষেই সম্ভব। কিন্তু এই কোরআন নিয়ে ঝগড়া করা আমার এখন অতি বিরক্তি কর একটা টপিক বলে মনে হয়। আর আমি কোরানের হাফেজও না যে যখন চাইব তখনই আমার মাথার ভেতর থেকে ঠাশ ঠাশ আয়াত বের হবে। তাই এত কষ্ট করে আমি কোরানকে অফেন্ড করতে যাই না আজকাল। তবে অপেক্ষা করুন। আশা করছি আপনি জবাব সময় মতই পাবেন।
আর আপনার কোরানের তুলনায় রবি ঠাকুরের গীতাঞ্জলি বা কাহলিল জিবরানের দি প্রফেট বইতে অনেক অনেক বেশি সুন্দর সুন্দর বাণী আছে। তো জীবন বিধান হিসাবে যদি কোন গ্রন্থকে আমার মানতেই হয়, তবে আমি রবি ঠাকুরের গীতাঞ্জলি বা কাহলিল জিবরানে দি প্রফেট কেই মানব। কোরানকে নয়।

আর কোরান বা ধর্ম বিদ্বেষ বাদ দিয়েও আমার ধর্মে অবিশ্বাসের পেছনে আরো বেশ কিছু কারন আছে। ২-৩ দিনের মধ্যে সামনের পোস্ট দেয়ার সুযোগ হলে সব জেনে যাবেন।



মাহফুজ এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ৩:২৭ পূর্বাহ্ন
@তানভী,
আর আপনার কোরানের তুলনায় রবি ঠাকুরের গীতাঞ্জলি বা কাহলিল জিবরানের দি প্রফেট বইতে অনেক অনেক বেশি সুন্দর সুন্দর বাণী আছে। তো জীবন বিধান হিসাবে যদি কোন গ্রন্থকে আমার মানতেই হয়, তবে আমি রবি ঠাকুরের গীতাঞ্জলি বা কাহলিল জিবরানে দি প্রফেট কেই মানব। কোরানকে নয়।
এক্কেবারে খাঁটি কথা বলেছেন। এগুলোও আমার মনের কথা, প্রাণের কথা। আজকাল একটা বিজ্ঞান দেখা যায়- “মাদককে না বলুন।” আসুন আজ থেকে আমরা সবাই বলি- “কোরানকে না বলুন।”
ধন্যবাদ তানভী, আমার মনের কথাগুলো বলে দেবার জন্য।

আকাশ মালিক এর জবাব:
জুলাই ১৪, ২০১০ at ৮:১৩ পূর্বাহ্ন
@ফারুক,
যতগুলো কথা, বাক্য এই মন্তব্যে লিখেছেন, যতগুলো প্রশ্ন করেছেন, সব কথার উত্তর এবং এ সকল বাক্যের সম্পূর্ণ বিপরীত বাক্যসমুহ এই কোরান থেকেই সহস্রবার দেখানো হয়েছে। শুধুমাত্র সুরা আনফাল (৮) ও সুরা তাওবাহ (৯) এর উপর একটিবার চোখ বুলিয়ে দেখুন, মুহাম্মদ অন্য ধর্মানুসারীদেরকে কতবার কাফের, মুশরিক, মুনাফিক, ইহুদী, নাসারা, কানা, মূক, বধির, অজ্ঞান, মূর্খ বলে গালি দিয়েছেন। আপনি নিজেই উল্লেখ করেছেন যে আল্লাহর ইচ্ছে নেই পৃথিবীর সকল মানুষ বিশ্বাসী হউক। অর্থাৎ আল্লাহ চান কিছু মানুষ অবিশ্বাসী হউক , কাফির থাকুক, আল্লাহ চান পৃথিবীতে বিভিন্ন ধর্ম থাকুক।
আমি সেদিকে না গিয়ে আপনার উল্লেখিত সুরার কিছু বাক্যের প্রতি আপনার দৃস্টি আকর্ষণ করছি। সুরাটির ১০ নং বাক্য দিয়ে শুরু করা যাক। বাক্যটি হচ্ছে-
وَمَا اخْتَلَفْتُمْ فِيهِ مِن شَيْءٍ فَحُكْمُهُ إِلَى
اللَّهِ ذَلِكُمُ اللَّهُ رَبِّي عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أُنِيبُ
তোমরা যে বিষয়েই মতভেদ কর, তার ফয়সালা আল্লাহর কাছে সোপর্দ। ইনিই আল্লাহ আমার পালনকর্তা আমি তাঁরই উপর নির্ভর করি এবং তাঁরই অভিমুখী হই। (সুরা আশ-শোয়ারা ৪২, আয়াত ১০)
আপনার আল্লাহর কসম নিজেকে ধোকা দিবেন না, আপন বিবেকের সাথে প্রতারণা করবেন না, বলুন বাক্যটি কার লেখা?
চলুন প্রথম থেকে শুরু করি-

(৩) *এমনিভাবে পরাক্রমশালী, প্রজ্ঞাময় আল্লাহ আপনার প্রতি ও আপনার পূর্ববর্তীদের প্রতি ওহী প্রেরণ করেন।*
(৪) নভোমন্ডলে যা কিছু আছে এবং ভূমন্ডলে যা কিছু আছে , সমস্তই তাঁর। তিনি সমুন্নত, মহান।
(৫) আকাশ উপর থেকে ফেটে পড়ার উপক্রম হয় আর তখন ফেরেশতাগণ তাদের পালনকর্তার প্রশংসাসহ পবিত্রতা বর্ণনা করে এবং পৃথিবীবাসীদের জন্যে ক্ষমা প্রার্থনা করে। শুনে রাখ , আল্লাহই ক্ষমাশীল, পরম করুনাময়।
(৬) যারা আল্লাহ ব্যতীত অপরকে অভিভাবক হিসাবে গ্রহণ করে, আল্লাহ তাদের প্রতি লক্ষ্য রাখেন। আপনার উপর তাদের দায়-দায়ীত্ব নয়।
(এ পর্যন্ত বাক্যগুলোর বক্তা কে?)
(৭) *এমনি ভাবে **আমি** আপনার প্রতি আরবী ভাষায় কোরআন নাযিল করেছি, যাতে আপনি **মক্কা** ও **তার আশ-পাশের** লোকদের সতর্ক করেন এবং সতর্ক করেন সমাবেশের দিন সম্পর্কে, যাতে কোন সন্দেহ নেই। একদল জান্নাতে এবং একদল জাহান্নামে প্রবেশ করবে।*(এই বাক্যে আমি কে?)
আবার-
*(৮) আল্লাহ ইচ্ছা করলে সমস্ত লোককে এক দলে পরিণত করতে পারেন। কিন্তু **তিনি** যাকে ইচ্ছা স্বীয় রহমতে দাখিল করেন। আর যালেমদের কোন অভিভাবক ও সাহায্যকারী নেই।*
*(৯) তারা কি আল্লাহ ব্যতীত অপরকে অভিভাবক স্থির করেছে? পরন্তু আল্লাহই তো একমাত্র অভিভাবক। **তিনি** মৃতদেরকে জীবিত করেন। **তিনি**সর্ববিষয়ে ক্ষমতাবান।*
*(১০) তোমরা যে বিষয়েই মতভেদ কর, তার ফয়সালা আল্লাহর কাছে সোপর্দ। ইনিই আল্লাহ **আমার** পালনকর্তা **আমি** তাঁরই উপর নির্ভর করি এবং তাঁরই অভিমুখী হই।* (এখানে আমার আর আমি কে?)
(১১) *তিনি নভোমন্ডল ও ভূমন্ডলের স্রষ্টা। তিনি তোমাদের মধ্য থেকে তোমাদের জন্যে যুগল সৃষ্টি করেছেন এবং চতুস্পদ জন্তুদের মধ্য থেকে জোড়া সৃষ্টি করেছেন। এভাবে তিনি তোমাদের বংশ বিস্তার করেন। কোন কিছুই তাঁর অনুরূপ নয়। তিনি সব শুনেন , সব দেখেন।*
(১২) তিনি তোমাদের জন্যে দ্বীনের ক্ষেত্রে সে পথই নিধারিত করেছেন, যার আদেশ দিয়েছিলেন নূহকে, (বাক্যের এই অংশে তিনি কে?) *যা আমি প্রত্যাদেশ করেছি আপনার প্রতি এবং যার আদেশ দিয়েছিলাম ইব্রাহীম, মূসা ও ঈসাকে এই মর্মে যে, তোমরা দ্বীনকে প্রতিষ্ঠিত কর এবং তাতে অনৈক্য সৃষ্টি করো না*(আর এই অংশে আমি কে?) *আপনি মূশরেকদেরকে যে বিষয়ের প্রতি আমন্ত্রণ জানান , তা তাদের কাছে দুঃসাধ্য বলে মনে হয়। আল্লাহ যাকে ইচ্ছা মনোনীত করেন এবং যে তাঁর অভিমুখী হয়, তাকে পথ প্রদর্শন করেন।*
হয়তো আমার বুঝার ভুল হতে পারে , তাই বাক্যটি আবার দেখে নিই-
তিনি তোমাদের জন্যে দ্বীনের ক্ষেত্রে সে পথই নির্ধারিত করেছেন, যার আদেশ দিয়েছিলেন নূহকে, যা আমি প্রত্যাদেশ করেছি আপনার প্রতি--
আমি কিছু বঝি নাই প্লীজ হেল্প মি।
আপনি লিখেছেন-
41:43] What is said to you is precisely what was said to the previous messengers. Your Lord possesses forgiveness, and He also possesses painful retribution. সুঃ হা-মীম , আঃ ৪৩

আপনাকে ঠিক ঠিক তাই বলা হয়, যা বলা হতো পূর্ববর্তী রসুলগণকে।
তা'ই যদি হয় তাহলে নতুন বই লিখা কেন? নতুন আরেকটি ধর্ম, নতুন একজন নবী কেন?
উত্তরটা কোরানেই দেয়া আছে- পূর্ববর্তীরা তাদের কাছে পাঠানো সেই বই বিকৃত করে ফেলেছিল তা 'ই নতুন এই বইয়ের প্রয়োজন। তাহলে সেইটা বিকৃত হওয়ার আগে এইটা লাওহে মাহফুজে আগে থেকে লিখে রেখেছিলেন কেন?
আরো একটি বাক্য আপনাকে স্মরণ করিয়ে দিয়ে বিদায় নেব-
ইহুদীরা বলে ওযাইর আল্লাহর পুত্র এবং নাসারারা বলে মসীহ আল্লাহর পুত্র। এ হচ্ছে তাদের মুখের কথা। এরা পূর্ববর্তী কাফেরদের মত কথা বলে। আল্লাহ এদের ধ্বংস করুন, এরা কোন উল্টা পথে চলে যাচ্ছে। (সুরা তাওবাহ ৯, আয়াত নং ৩০)
'আল্লাহ এদের ধ্বংস করুন' কথাটা কার?
এমন আজগুবী ভাষায় আজব একখানি বই মুহাম্মদের মত শিক্ষিত মানুষের পক্ষেই লিখা সম্ভব।

সাইফুল ইসলাম এর জবাব:
জুলাই ১৪, ২০১০ at ১২:২৮ অপরাহ্ণ
@আকাশ মালিক,
ধ্বংস হোউক আকাশ মালিকের দুই হাত, যে হাত দিয়া হেয় পবিত্র কোরানরে বিকৃতভাবে অনুবাদ ও উপস্থাপন কইরেছে। নিশ্চই হেতে ভুল ফতে রহিয়াছে, তাহার জইন্যে রহিয়াছে সীমাহীন শাস্তি। আল-কোরান, সুরা মালিকি, আয়াত, ৪২০।

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ১৪, ২০১০ at ২:২১ অপরাহ্ণ
@সাইফুল ইসলাম,
আপনাকে শীঘ্রই নবুয়তি দেয়া হোক, আমিন।
আল-কোরান, সুরা মালিকি, আয়াত, ৪২০।

আতিক রাঢ়ী এর জবাব:
জুলাই ১৪, ২০১০ at ৩:৩১ অপরাহ্ণ
@সাইফুল ইসলাম,
নিশ্চই হেতে ভুল ফতে রহিয়াছে,

ব্রাইট স্মাইল্ এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ২:১৪ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,
যখনই আপনি লাইন বাই লাইন তাদের কাছে ব্যাখ্যা করতে যাবেন তখন বলা হবে এগুলো সব রূপক, আপনাদের বুঝার সাধ্য নাই। গভীর চিন্তা শক্তির অধিকারী না হলে এসব বোঝা যায়না।

ফারুক এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ৫:২৬ অপরাহ্ণ
@আকাশ মালিক,
শুধুমাত্র সুরা আনফাল (৮) ও সুরা তাওবাহ (৯) এর উপর একটিবার চোখ বুলিয়ে দেখুন, মুহাম্মদ অন্য ধর্মানুসারীদেরকে কতবার কাফের , মুশরিক, মুনাফিক, ইহুদী, নাসারা, কানা, মূক, বধির, অজ্ঞান, মূর্খ বলে গালি দিয়েছেন।
এ শব্দগুলো যে গালি , তা প্রথম শুনলাম। তা এখন কাফের, মুশরিক, মুনাফিক, ইহুদী, নাসারা, কানা, মূক, বধির, অজ্ঞান, মূর্খ কে কি বল্লে গালি হবে না?
ভাল করেছেন আগের ও পরের আয়াতগুলোর অনুবাদ দিয়ে। এর থেকে বোঝা যায় প্রতিটি আয়াতি আল্লাহ রসূলের মুখ দিয়ে বলাচ্ছেন। কোরান কিন্তু রসূলের মুখ নিঃসৃতবানী। পুরা কোরানটাই রসূলের বলা বানী। কোরান কোন বই আকারে নাযিল হয়নি। আয়াতটি লক্ষ করুন ।
42:10 AND ON WHATEVER you may differ, [O believers,] the verdict thereon rests with God.8 [Say, therefore:] "Such is God, my Sustainer: in Him have I placed my trust, and unto Him do I always turn!"
[Say, therefore] কথাটি উহ্য আছে যেমন [O believers,] উহ্য আছে। পরো কোরানে এইরুপ অনেক শব্দই উহ্য আছে। এগুলো আয়াতের ভাবার্থ থেকে বুঝে নিতে হয়।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ৬:৩২ অপরাহ্ণ
@ফারুক,
আপাত চোখে নিরীহ শব্দও কিন্তু ব্যাবহার ভেদে বা বলার সুরের কারনে ব্যাংগাত্মক বা গালি হিসেবেও ব্যাবহার হতে পারে।
যেমন, আমরা স্যার সম্মানার্থে ব্যাবহার করি। কিন্তু আবার কাউকে অতি মূর্খ বোঝাতেও ব্যাবহার করি।
রাজাকার শব্দটাও ছিল শ্রেফ একটা নিরীহ শব্দ মাত্র। আজ তা হয়েছে গালি। কেউ আর ব্যাবহারও করে না। কাউকে রাজাকার বলা মানে তাকে অপমান করা।

আজকের দিনেও বহু শিক্ষিত লোকে “কাফের নাসারা” এগুলি হরদম ব্যাবহার করে। এগুলি কি স্রেফ সম্মানার্থে নাকি গালি দিতে ব্যাবহার করা হয়, খোলা মনে বলেন তো? এর অনুপ্রেরনা কি তারা কোরান থেকে পায়নি?
কাফের নাসারা বলে যাদের অভিহিত করা হয় তারা নিজেরা কি নিজেদের ধর্মীয় আইডেন্টিটি বোঝাতে এসব শব্দ ব্যাবহার করে? মুশরিক মুরতাদ কাউকে বলা হলে তার প্রতি মুসলমান সমাজ কি ধারনা করে নেয়? সম্মান নাকি ঘৃণা?
আর অন্ধ, মুক, বধির এগুলি যারা আসলেই শারীরিকভাবে অন্ধ, মুক ও বধির তাদেরকে বলা মানে চরম একটা অসভ্য আচরন। আর যারা আসলেই শারীরিকভাবে তা নন তাদের বলা মানে ব্যাংগ করা বা গালি দেওয়া। যেমন চোখ থাকিতেও অন্ধ। কাফের নাসারা নাহয় কিছুটা ব্যাখ্যার দাবী রাখে , তবে আপনি এইটা নিয়েও সন্দেহে ভোগেন আমি জানতাম না।

ফারুক এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৫:১০ অপরাহ্ন
@আদিল মাহমুদ,বুঝলাম। তা এখন ঢালাও ভাবে দোষারোপ না করে , নির্দিষ্ট কিছু আয়াতের নং উল্লেখ করেন , যেখানে এই আপাতনিরিহ শব্দগুলো গালি হিসাবে ব্যাবহৃত হয়েছে।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৫:৫৫ অপরাহ্ন
@ফারুক,
কোরানের যাবতীয় আয়াত আমার ঠোটস্থ নয়, তাই এ মুহুর্তে পারছি না, ঘাটার সময় নেই। যদিও মালিক ভাই কিছু দিয়েছেন।
নিতান্তই স্মৃতি এবং কমন সেন্স থেকে বলছি ঃ
ইহুদী এবং খৃষ্টানেররা তোমাদের বন্ধু নয় , তারা পরস্পরের বন্ধু। এ থেকে কি ইহুদী এবং খৃষ্ঠানদের সম্পর্কে আমার ভাল ধারনা হওয়া সম্ভব? এটাকে কি জাত ধরে অপমান করা বললে আমার ভুল হবে?
আমি আজ আমার অফিসের লোকজন যাদের সাথে নিত্যই আমার সামাজিকতা করতে হয় যদি বলি, ও হে তোমাদের সাথে আমি তোমাদের দেশের ডলার ও উন্নত জীবনের লোভে ঠিকই গলাগলি করছি তবে জেনে রাখো আমি তোমাদের কোনদিনই বন্ধু হিসেবে নিতে পারব না। কারন আমার ধর্মে নিষেধ আছে? মুখে স্বীকার না করলেও অনেকেই এই নীতি মনে মনে পালন করেন ঠিকই , সে প্রসংগ ভিন্ন।
আচ্ছা ধরেন আমি দেশেই আছি, দেশের প্রধানমন্ত্রী। কোন খৃষ্টান প্রধান দেশের খৃষ্টান রাষ্ট্রনায়কের কাছ থেকে অনুদানের টাকা নিচ্ছি। তাদেরও এই আয়াত ধরে স্মরন করিয়ে দিলাম যে, বাবা , বন্ধুত্বের কপট হাত বাড়িয়ে পেটের দায়ে তোমার টাকা নিচ্ছি ঠিকই তবে তুমি কোনদিনই আমার বন্ধু না।
আমি কি আসলে একজন বড় ধরনের হিপোক্রিট না?
এর ব্যাখ্যা আজকাল দেখি অনেকেই দিচ্ছেন। মূল কথা কন্টেক্সট চিন্তা করতে হবে। যদিও সেই কন্টেক্সট আবার বিভিন্ন জনের মতে বিভিন্ন।

১। সে সময় ইহুদী এবং খৃষ্টানদের সাথে নিয়ত যুদ্ধ হত (কথা সত্য) , তাই এই আয়াত সেই সময়কার জন্যই প্রযোজ্য।
২। কিছু ইহুদী/খৃষ্টান নাকি মুসলমান ছদ্মবেশে মুসলমানদের মাঝে প্রবেশ করে ইসলামের ক্ষতির চেষ্টা করছিল।
৩। এই ব্যাখ্যা আরো সরল, এই আয়াত কেবলমাত্র বদ প্রকৃতির ইহুদী/খৃষ্টানদের জন্য প্রযোজ্যই।
৩ নং ব্যাখ্যা মোটামুটি ভাল শোনায়। তবে প্রশ্ন থাকে যে কেউ খারাপ প্রকৃতির লোক হলে সে আমার বন্ধু হতে পারে না এই সরল জিনিস বোঝার জন্য কোরানের বানীর প্রয়োযন আছে? না হলে আমি বুঝতে পারতাম যা একজন খারাপ লোক আমার বন্ধু না?
দ্বিতীয়তঃ মন্দ লোক কেবলমাত্র ইহুদী বা খৃষ্টান হলেই সে আমার বন্ধু না। মুসলমান লোক বদ হলেও সে আমার বন্ধু?
১ আর ২ নং ব্যাখ্যা সত্য হলে আমার কিছুই বলার নেই। অন্তত লোকজন আজকাল স্বীকার করছেন যে কোরানের বহু আদেশ উপদেশই সে যুগের জন্যই সী মাবদ্ধ। সেগুলি নিয়ে আজকের দিনের জীবন দর্শন বানানো হবে সভ্যতার চাকা উলটা দিকে ঘুরানো।
কাফের নাস্তিকদের প্রতি আল্লাহর জাতিগত ঘৃণা বিদ্বেষে কি কোন গোপনীয়তা আছে বলে আপনার কাছে মনে হয়? এবং তার প্রতিফলন কি সাধারন মুসলমানদের কথাবার্তায় নিত্য ফুটে ওঠে না ?

ফারুক এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৭:৪৭ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
ইহুদী এবং খৃষ্টানেররা তোমাদের বন্ধু নয় , তারা পরস্পরের বন্ধু। এ থেকে কি ইহুদী এবং খৃষ্ঠানদের সম্পর্কে আমার ভাল ধারনা হওয়া সম্ভব? এটাকে কি জাত ধরে অপমান করা বললে আমার ভুল হবে? এখানেতো জেনারেল টার্ম ব্যাবহৃত হয়েছে। এখানে গালির কি দেখলেন? আমাদের দেশে কিছু লোকের বিশ্বাস পাকিস্তানিরা আমাদের শত্রু এবং কিছু লোকের বিশ্বাস ভারতীয়রা আমাদের বন্ধুনা। এটা কি গালি নাকি সকল পাকিস্তানিই আমাদের শত্রু বা সকল ভারতীয়ই আমাদের বন্ধু না। এখন দেখার দরকার বক্তব্যটি সত্য কিনা? আমেরিকা ও ইস্রায়েলের বন্ধুত্ব দেখার পরে "তারা পরস্পরের বন্ধু" , স্টেটমেন্টটি যে সত্য , তা কি বলার অপেক্ষা রাখে? বুশের বক্তব্য ও কার্যকলাপের পরে , ক্রুসেড দেখার পরে , প্যালেস্টাইনে ইস্রায়েলের কার্যকলাপ দেখার পরে , যদি আপনার সন্দেহ থাকে " ইহুদী এবং খৃষ্টানেররা তোমাদের বন্ধু নয় ," স্টেটমেন্টটি ভুল , তাহলে আমার বলার কিছু নেই।
অন্যধর্মের লোকের সাথে ব্যাক্তিগত সম্পর্কের গাইডলাইন ও দেয়া আছে। কোথাও ঘৃনা বা লেনদেন করতে নিষেধ করা হয়নি।
কোরানের শিক্ষা ও time bound আয়াতগুলো ছাড়া কোরানের সকল নির্দেশ , সকল সময়ের জন্য প্রযোজ্য।
কাফের নাস্তিকদের প্রতি আল্লাহর জাতিগত ঘৃণা বিদ্বেষে কি কোন গোপনীয়তা আছে বলে আপনার কাছে মনে হয়? এবং তার প্রতিফলন কি সাধারন মুসলমানদের কথাবার্তায় নিত্য ফুটে ওঠে না ?
আপনার কাছে কাছে অনুরোধ ক্যাটাগরিক্যাল স্টেটমেন্ট না দিয়ে আল্লাহর জাতিগত ঘৃণা বিদ্বেষের কিছু আয়াত উল্লেখ করুন। সাধারন মুসলমানদের কথাবার্তায় নিত্য ফুটে ওঠলেও এটা প্রমান হয় না

যে , আল্লাহ এটা করতে বলেছেন। সাধারন মুসলমানদের কথাবার্তায় নিত্য ফুটে ওঠা অনেক বক্তব্যই কোরান বিরোধী।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৭, ২০১০ at ৭:৫৪ অপরাহ্ণ
@ফারুক,
কোরানে আমেরিকা বা ইসরাইল লেখা থাকলে আমার বলার কিছু ছিল না। খৃষ্টান আমেরিকা -ইসরাইল ছাড়াও আরো অনেক আছে।
দাবী করছেন যে টাইম বাউন্ড আয়াত ছাড়া সব আয়াতই সব সময়ের জন্য সত্য। এখন বলেন, ইসরাইল আমেরিকা বন্ধু এটা কবে থেকে শুরু হয়েছে? আমার জানামতে ইসরাইল রাষ্ট্রের জন্মই হয়েছে এই মাত্র সেদিন। আমেরিকার সাথে তার বন্ধুত্বের প্রশ্ন তার আগে ছিল না। কোরান নাজিলের সময় আমেরিকার অস্তিত্বও ছিল না। কাজেই এই আয়াতে ইসরাইল-আমেরিকার ইংগিত দেওয়া হয়েছে তা কি ১৯৫০ সালের পর থেকে প্রযোজ্য?
বিশ্ব রাজনীতি, আন্তর্জাতিক সম্পর্ক সবই সময়ের সাথে বদলায়। আজকে আমেরিকা ইসরাইল ভাল সম্পর্ক থাকলেও ১০০ বছর পর কি হবে তা আপনি নিশ্চয়তা দিয়ে বলতে পারেন? তখন কি ব্যখ্যা দেবেন? সাফ বলে দেবেন সেটা কেয়ামত পর্যন্তই সম্ভব নয়? বিশ্ব ইতিহাস বলে যে বদলানোটাই স্বাভাবিক।
আজকের দুনিয়ায় আমেরিকা-ইসরাইল জোট শক্ত বলে এই উদাহরন দারুনভাবে টানতে পেরেছেন। নবীজির মৃত্যুর পর থেকে পরের বেশ কয়েক শতাব্দী এমন কোন শক্তিশালী খৃঃ -ইহুদী জোট ছিল? ধর্মগতভাবে ইসলাম আধা দুনিয়া শাসন করেছিল। তখন এই আয়াত প্রযোজ্য ছিল না? এই আয়াত কিছু সময় প্রযোজ্য হয় আবার কিছু সময় সুপ্ত থাকে ?
যাক,আমার পয়েন্ট সেটা ছিলনা। প্যালেনষ্টাইন সমস্যা নিয়ে এখানে বিস্তারিত যাবার সময় নেই। বর্তমানে ইসরাইল অত্যন্ত অন্যায় করে চললেও অন্যায় শুধু যে এক তরফা ইতিহাস তেমনও বলে না। সে কথা ভিন্ন। আপনি আমার মূল পয়েন্ট মে নে নিয়েছেন যে**জাতিগতভাবেই** খৃষ্টান এবং ইহুদীরা (খেয়াল করুন, আমেরিকাএবং ইসরাইল নয় কিন্তু, ইহুদী এমনকি ইসলামী ইরানেও আছে এবং বেশ ভালভাবেই আছে) মুসলমানদের বন্ধু হতে পারে না এমন কথা আপনি মেনে নিচ্ছেন।
আমার অভিযোগ ছিল এখানেই। জাতিগতভাবে (স্রেফ জন্মসূত্রে) কেউ আমা র বন্ধু হতে পারে না এমন ধারনা হল রেসিজমের অংশ। আর যাকে আমি কোনদিন বন্ধু ভাবতে পারি না তার সাথে বন্ধুত্বের ভাব করা হল ভন্ডামী। আপনার কথায় আমেরিকা মুসলমানদের জাতিগতভাবে বন্ধু হতে না পারলে তার সাথে কেন অধিকাংশ মুসলমান দেশই বন্ধুত্বের ভান করে যাচ্ছে ? বুঝলাম তেলওয়ালা দেশগুলির সাথে বন্ধুত্বের ব্যাপার নেই, স্রেফ ব্যাবসার সম্পর্ক। বাংলাদেশের মত গরীব দেশগুলির ক্ষেত্রে তো তা নয়। জাতিগতভাবে যারা আমাদের বন্ধু নয় তাদের কাছ থেকে আমরা জাতিগতভাবেই কোন মুখে সাহায্য চাই? ভণ্ডামীটা মাত্রাছাড়া হয় না? খেয়াল করেন, আপনার কথামত সাধারন জাতিগতভাবেই কিন্তু ব্যাপারটা ঘটছে। ব্যাক্তি হাসিনা ব্যাক্তি ওবামার কাছে সাহায্য চায় না।
আবার দাবী করছেন যে ব্যাক্তিগতভাবে সম্পর্ক করা যায় তেমন কোরানিক নির্দেশনা আছে। কোথাও ঘৃনা করার কথা বলা নেই দাবী করছেন। কারো সাথে আমার জাতিগত ভাবেই বন্ধুত্ব করা যা বে না,

কিন্তু ব্যাক্তিগত ভাবে কিভাবে সম্পর্ক করা যায় তা আপনিই ভাল বলতে পারেন। কেউ জাতিগতভাবে আমার বন্ধু নয়, এমন কথা জানলে সে জাতিভুক্ত কোন লোকের প্রতি কিভাবে ব্যাক্তিগত শ্রদ্ধা বা বন্ধুভাব আনা সম্ভব তা আমার সীল মারা হৃদয়ে আসে না। আপনি তেমন আয়াত দেখাতে পারবেন জানি,এবং বলতে হবে যে এটাও কোরানের দুই ধরনের চেতনার প্রকাশ।
আপনার মতে বিভিন্ন খৃষ্টান দেশে ঘাটি গেড়ে বসা লোকদের কি বলা যায় ? এমনও নির্দেশনাও নিশ্চয়ই বের করতে পারবেন যে তাদের জাতিগতভাবে বন্ধু ভাবা যায় না, কিন্তু তাদের দেশের উন্মাদের মত থানা গেড়ে বসার ব্যাপার সমস্যা নেই।
এই মহান আয়াত কয়জন লোকে সেসব দেশে তো দুরের কথা, বাংলাদেশে বসেও আজকের দিনে আমল করে? সত্য কথা কথনে লুকোছাপা কিসের ? খৃষ্টান দেশে বসবাসরত লোকদের বলেন না এইসব আয়াত প্রকাশ্যে বলতে। তারা কোনদিন বলবে?
"আপনার কাছে কাছে অনুরোধ ক্যাটাগরিক্যাল স্টেটমেন্ট না দিয়ে আল্লাহর জাতিগত ঘৃণা বিদ্বেষের কিছু আয়াত উল্লেখ করুন। "
"আর তোমরা তাদের সাথে লড়াই কর, যে পর্যন্ত না ফেতনার অবসান হয় এবং আল্লাহ্র দ্বীন প্রতিষ্ঠিত হয়| অত:পর যদি তারা নিবৃত হয়ে যায় তাহলে কারো প্রতি কোন জবরদস্তি নেই , কিন্তু যারা যালেম (তাদের ব্যাপারে আলাদা)| ২-১৯৩
কোরানে বিশ্বাস অনুযায়ী আল্লাহর মনোনিত একমাত্র দ্বীন ইসলাম। মূর্তিপূজকদের তো কথাই নেই। এমনকি আগেকার আহলে কিতাবধারীরাও বাতিল। কাজেই এই আয়াতের মানে তো আমি বুঝি যে পর্যন্ত না কোন দেশ ইসলাম গ্রহন করে সে পর্যন্ত সেসব দেশের বিরুদ্ধে যুদ্ধ চালাতে হবে । খুব শান্তিময় কোন নির্দেশনা বলে আপনার মনে হয়? আশা করি জোর করে ইসলাম কায়েম করতে হবে এমন বলা নাই, দ্বীন বলতে ন্যায় বোঝানো হয়েছে বা লড়াই মানে আসল যুদ্ধ না রূপক এমন হাস্যকর কথাবার্তা শুরু করবেন না।
- অতএব যারা কাফের হয়েছে, তাদেরকে আমি কঠিন শাস্তি দেবো দুনিয়াতে এবং আখেরাতে-তাদের কোন সাহায্যকারী নেই| ৩-৫৬
-খারাপ লোকদের আল্লাহ শাস্তি দেবেন বললে আমি বলতাম না যে এতে জাতিগত বিদ্বেষ দেখি। খারাপ কাজের জন্য শাস্তি দেবেন সেটাই স্বাভাবিক। তাই বলে খারাপ কাজ ভাল কাজ চিন্তা না করে শুধু কাফের হবার জন্যই শাস্তি ? কাফেরদের ভাল কাজের ফলাফল শূন্য? কাফের যে কেউ সাধ করে হয় তা নয়,কে কাফের কে মুসলমান তা অতি সামান্য কিছু ব্যাতিক্রম ছাড়া জন্মের সাথেই নির্ধারন হয়। আপনি এর মাঝে জাতিগত বিদ্বেষের কিছুই দেখেন না ? আবার হাজির করবেন যে ভাল কাজের পুরুষ্কারের কথাও আছে?
এ জাতীয় আরো আয়াতঃ
-খুব শীঘ্রই আমি কাফেরদের মনে ভীতির সঞ্চার করবো| কারণ, ওরা আল্লাহ্র সাথে অংশীদার সাব্যস্ত করে যে সম্পর্কে কোন সনদ অবতীর্ণ করা হয়নি| আর ওদের ঠিকানা হলো দোযখের আগুন| বস্তুত: জালেমদের ঠিকানা অত্যন্ত নিকৃষ্ট| ৩-১৫১
তারা চায় যে, তারা যেমন কাফের, তোমরাও তেমনি কাফের হয়ে যাও, যাতে তোমরা এবং তারা সব সমান হয়ে যাও| অতএব, তাদের মধ্যে কাউকে বন্ধুরূপে গ্রহণ করো না, যে পর্যন্ত না তারা আল্লাহ্র পথে হিজরত করে চলে আসে| অত:পর যদি তারা বিমুখ হয়, তবে তাদেরকে পাকড়াও কর এবং

যেখানে পাও হত্যা কর| তাদের মধ্যে কাউকে বন্ধুরূপে গ্রহণ করো না এবং সাহায্যকারী বানিও না। ৪-৮৯

যারা আল্লাহ্ ও তাঁর রসূলের সাথে সংগ্রাম করে এবং দেশে হাঙ্গামা সৃষ্টি করতে সচেষ্ট হয় , তাদের শাস্তি হচ্ছে এই যে, তাদেরকে হত্যা করা হবে অথবা শূলীতে চড়ানো হবে অথবা তাদের হস্তপদসমূহ বিপরীত দিক থেকে কেটে দেয়া হবে অথবা দেশ থেকে বহিষ্কার করা হবে| এটি হল তাদের জন্য পার্থিব লাঞ্ছনা আর পরকালে তাদের জন্যে রয়েছে কঠোর শাস্তি| ৫-৩৩

এই আয়াতের আওতায় কিন্তু ধর্মনিরপেক্ষ ধারা লোকদের গন্য করা যায়। কারন তারা দেশে আল্লাহ রসূল প্রনীত কোরান হাদীসের আইন চালাতে দিচ্ছে না , কাজেই সোজা কথায় তারা আল্লাহ রাসূলের বিরুদ্ধাচরন করছে। ধর্মনিরপেক্ষ ব্যাবস্থার কথা বললে কেন ইসলামী লাইনের লোকজন এত ক্ষেপে যান তা বুঝতে বাকি থাকে?

- যখন নির্দেশ দান করেন ফেরেশতাদিগকে তোমাদের পরওয়ারদেগার যে, আমি সাথে রয়েছি তোমাদের, সুতরাং তোমরা মুসলমানদের চিত্তসমূহকে ধীরস্থির করে রাখ | আমি কাফেরদের মনে ভীতির সঞ্চার করে দেব| কাজেই গর্দানের উপর আঘাত হান এবং তাদেরকে কাট জোড়ায় জোড়ায়| ৮-১২

সুতরাং যদি কখনো তুমি তাদেরকে যুদ্ধে পেয়ে যাও , তবে তাদের এমন শাস্তি দাও, যেন তাদের উত্তরসূরিরা তাই দেখে পালিয়ে যায়; তাদেরও যেন শিক্ষা হয়| ৮-৫৭

তোমরা যুদ্ধ কর আহলে-কিতাবের ঐ লোকদের সাথে, যারা আল্লাহ্ ও রোজ হাশরে ঈমান রাখে না, আল্লাহ্ ও তাঁর রসূল যা হারাম করে দিয়েছেন তা হারাম করে না এবং গ্রহণ করে না সত্য ধর্ম , যতক্ষণ না করজোড়ে তারা জিযিয়া প্রদান করে| ৯-২৯

-ইহুদীরা বলে ওযাইর আল্লাহর পুত্র এবং নাসারারা বলে 'মসীহ আল্লাহর পুত্র'| এ হচ্ছে তাদের মুখের কথা| এরা পূর্ববর্তী কাফেরদের মত কথা বলে| আল্লাহ্ এদের ধ্বংস করুন, এরা কোন উল্টা পথে চলে যাচ্ছে| ৯-৩০

- আল্লাহ নিজেই তাদের ধ্বংস কামনা করেন? এটা কেমন হল? কামনা করা প্রার্থনা করা এগুলি করে মানুষ। যদিও দেখা যাচ্ছে যে এখনো তারা বহাল তবিয়তেই দুনিয়া দাবড়ে যাচ্ছে।

হে নবী, কাফেরদের সাথে যুদ্ধ করুন এবং মুনাফেকদের সাথে তাদের সাথে কঠোরতা অবলম্বন করুন | তাদের ঠিকানা হল দোযখ এবং তাহল নিকৃষ্ট ঠিকানা |৯-৭৩

হে ঈমানদারগণ, তোমাদের নিকটবর্তী কাফেরদের সাথে যুদ্ধ চালিয়ে যাও এবং তারা তোমাদের মধ্যে কঠোরতা অনুভব করুক্ আর জেনে রাখ , আল্লাহ্ মুত্তাকীদের সাথে রয়েছেন| ৯-১২৩

অত:পর যখন তোমরা কাফেরদের সাথে যুদ্ধে অবতীর্ণ হও , তখন তাদের গর্দার মার, অবশেষে যখন তাদেরকে পূর্ণরূপে পরাভূত কর তখন তাদেরকে শক্ত করে বেধে ফেল | অত:পর হয় তাদের প্রতি অনুগ্রহ কর, না হয় তাদের নিকট হতে মুক্তিপণ লও| তোমরা যুদ্ধ চালিয়ে যাবে যে পর্যন্ত না শত্রুপক্ষ অস্ত্র সমর্পণ করবে! একথা শুনলে| আল্লাহ্ ইচ্ছা করলে তাদের কাছ থেকে প্রতিশোধ নিতে পারতেন| কিন্তু তিনি তোমাদের কতককে কতকের দ্বারা পরীক্ষা করতে চান| যারা আল্লাহ্র পথে শহীদ হয়, আল্লাহ্ কখনই তাদের কর্ম বিনষ্ট করবেন না| ৪৭-৪

কাফের জাতির প্রতি এমন ভালাবাসায় অভিভূত না হয়ে পারা যায় না। আর কিছু কোট করতে ইচ্ছে করছে না।

আপনার কাছে শেষ প্রশ্ন। অন্য কোন ধর্মগ্রন্থে কি মুসলমান বা অন্য কোন ধর্মাবলম্বীদের ব্যাপারে এত মারদাংগা হিংসাত্মক কথাবার্তা আছে? সব ধর্মেই কিছু না কিছু আছে জানি ,তাই বলে এত খোলামেলাভাবে গর্দান নেবার,কেটে ফেলার মাছালা আছে?

ফারুক এর জবাব:
জুলাই ১৭, ২০১০ at ১১:৪৬ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,যুদ্ধের আয়াতগুলো নিয়ে আপনার সাথে , আগে অনেক বিতর্ক হয়েছে। লাভ কিছু কি হয়েছে? এই সুযোগে আগের কমেন্টগুলো আবার পড়লাম। আপনিও আবার পড়ে দেখতে পারেন।
কোরানে যুদ্ধের আয়াতসমূহ। (উৎসর্গ - রাখাল ছেলে)
কোরানে শুধুমাত্র আক্রমনকারী ও অত্যাচারীর বিরুদ্ধে যুদ্ধের অনুমতি দেয়া হয়েছে।
আপনার কাছে শেষ প্রশ্ন। অন্য কোন ধর্মগ্রন্থে কি মুসলমান বা অন্য কোন ধর্মাবলম্বীদের ব্যাপারে এত মারদাংগা হিংসাত্মক কথাবার্তা আছে? সব ধর্মেই কিছু না কিছু আছে জানি ,তাই বলে এত খোলামেলাভাবে গর্দান নেবার,কেটে ফেলার মাছালা আছে?
প্রথমত - অন্য কোন ধর্মগ্রন্থে কি মুসলমা ন বা অন্য কোন ধর্মাবলম্বীদের ব্যাপারে এত মারদাংগা হিংসাত্মক কথাবার্তা আছে? এই বক্তব্যের সাথে একমত নই।
২য়ত- সকল ধর্মের উৎস যখন একি , তখন যুদ্ধের নির্দেশনা থাকার কথা বলেই আমার মনে হয়। আমি বাইবেল ও গীতার বাইরে অন্য কোন ধর্মগ্রন্থ ভাল করে পড়িনি। বাইবেল ও গীতাতে যুদ্ধ সংক্রান্ত অনেক আয়াত পাবেন।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১:১৫ পূর্বাহ্ণ
@ফারুক,
কারো সাথে যুদ্ধ বাধলে সেক্ষেত্রে হত্যা করতেই হয় , দূঃখজনক হলেও বাস্তব সত্য। এতে দোষের কিছু নেই। এই সোজা জান বাচানো ফরয নীতি বুঝতে কোরানের আয়াত লাগে ? আর জাত ধরে এমন বিশেষ নির্দেশনা দেবার মানে কি?
কোরানের নির্দেশ না পেলে মুসলমানেরা যুদ্ধক্ষেত্রে কাফেরদের হত্যা করছিল না , তাই এইসব আয়াত জরুরী হয়ে পড়েছিল?
মুসলমানদের সাথে মুসলমানদের যুদ্ধ বাধে না ? সেক্ষেত্রে তাহলে হত্যা করা নিষেধ, কারন যুদ্ধ বাধলে কাফেরদেরই হত্যা করার ব্যাপারে কোরান কেবল নির্দেশ দেয়? মুসলমানদের আন্তঃ যুদ্ধের ব্যাপারে এমন কিছু নেই কেন? তার অভাবে কি মুসলমানেরা মুসলমানদের যুদ্ধক্ষেত্রে পেলে ছেড়ে দিচ্ছে ? কাফেরদের কথা এত বিশেষভাবে বলার মানে কি এই সোজা প্রশ্ন আপনার মনে কোন রেখাপাত করে না?
আরেকটা জিনিস চিন্তা করেন। মুসলমানেরা নামাজ পড়ে আল্লাহর সন্তুষ্টির জন্য। সাথে সাথে মানসিক শান্তিও পায়। নামাজে যে কোন সূরার তিনটি আয়াত পড়া যায়। এ জাতীয় সূরা্র আয়াত বুঝে বুঝে পড়লে মনে কোন শান্তিভাব আসা সম্ভব?

হত্যা কর, কাফের জাতিকে অনন্তকাল দোজখে পোড়ানোর হুমকি, আল্লাহর দ্বীন কায়েম না হওয়া পর্যন্ত কাফেরদের সাথে লড়াই চালানোর নির্দেশ; এ ধরনের আয়াত পড়লে শান্তিভাব কোন সুস্থ মানুষের আসা সম্ভব? হোক এসব আয়াত আপনার দাবীমত প্রতিরক্ষামূলক। এইসব আয়াত পাঠ করে নামাজ পড়া কোন ধরনের ইবাদত হতে পারে?
প্রতিরক্ষার জন্য যুদ্ধ করতে হয়, তাতে হত্যা করতে হলেও করতে হয়। খুবই সোজা কথা , মানুষের সহজাত প্রবৃত্তি। ক্ষিধে পেলে খেতে হয় এমন কথার জন্য আপনার কোন ঐশ্বীগ্রন্থ পাঠ করতে হয় ?
এসবের যায়গায় অহিংসা পরম ধর্ম, জীবে দয়া দানো এ জাতীয় কথাবার্তায় মনে কি আসল শান্তি আসে না (আসবেই এমন কথা নেই)?
আমি বাইবেল গীতার কিছুই পড়িনি। কেউ কেউ দাবী করেন যে সেগুলোতেও কোরানের মতই বিধর্মীদের প্রতি হিংসাত্মক বানী আছে। আবার কেউ কেউ দাবী করেন যে থাকলেও কোরানের মত এত বেশী নেই। তাই আপনার মত জানতে চাচ্ছিলাম।

আকাশ মালিক এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ২:৩৪ পূর্বাহ্ণ
@ফারুক,
কোরানে শুধুমাত্র আক্রমনকারী ও অত্যাচারীর বিরুদ্ধে যুদ্ধের অনুমতি দেয়া হয়েছে।
আপনার এই আয়াত অনুযায়ী হজরত আয়েশা , আলী, মুয়াবিয়া, উসমান, তালহা, জুবায়ের সহ লক্ষ লক্ষ সাহাবী সকলেই কোরান অবমাননাকারী, না কাফির?
সাক্ষী দিতে পারবেন উসমান হত্যায় কাফির জড়িত ছিল? আয়েশা ও আলির মধ্যকার জামাল যুদ্ধে ১০ হাজার, আলী ও মুয়াবিয়ার মধ্যকার সিফফিন যুদ্ধে ১২০ হাজার মুসলমান হত্যা যারা করেছিল তারা কাফির ছিল?
কেন দাদা ১৫ শো বছরের পুরনো এক অসভ্য জাতিকে আমরা অনুসরণ করতে যাবো ? কোরান ছাড়া কি আপনি আমি ভাল মানুষ হতে পারিনা , আমাদের সন্তানাদিকে ভাল মানুষ করে গড়ে তুলতে পারিনা? বিশ্বাস থাকুক কোন অসুবিধে নেই , কিন্তু বিশ্বাসকে যুক্তি বা বিজ্ঞান দিয়ে ব্যাখ্যা করতে গিয়ে নতুন প্রজন্মের জন্যে সর্বনাশ ডেকে আনবেন না।

ফারুক এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১২:৩০ অপরাহ্ণ
@আকাশ মালিক,
আপনার এই আয়াত অনুযায়ী হজরত আয়েশা , আলী, মুয়াবিয়া, উসমান, তালহা, জুবায়ের সহ লক্ষ লক্ষ সাহাবী সকলেই কোরান অবমাননাকারী, না কাফির?
ইতিহাসের চরিত্রগুলো নিয়ে সীদ্ধান্ত দেয়া কি যুক্তি সঙ্গত ? যেখানে আমরা জানিই না ঠিক ঠিক কি ঘটেছিল।

সাক্ষী দিতে পারবেন উসমান হত্যায় কাফির জড়িত ছিল? আয়েশা ও আলির মধ্যকার জামাল যুদ্ধে ১০ হাজার, আলী ও মুয়াবিয়ার মধ্যকার সিফফিন যুদ্ধে ১২০ হাজার মুসলমান হত্যা যারা করেছিল তারা কাফির ছিল?
নারে ভাই আমি সাক্ষী দিতে পারবনা। ঐ সময়ে আমি ঘটনাস্থলে উপস্থিত ছিলামনা বিধায় , কিভাবে সাক্ষ্য দিব? যদি কোন সাক্ষী দেই , সেটা কি court of law তে কি গ্রহনযোগ্য হবে?
কোরান ছাড়া কি আপনি আমি ভাল মানুষ হতে পারিনা , আমাদের সন্তানাদিকে ভাল মানুষ করে গড়ে তুলতে পারিনা? বিশ্বাস থাকুক কোন অসুবিধে নেই , কিন্তু বিশ্বাসকে যুক্তি বা বিজ্ঞান দিয়ে ব্যাখ্যা করতে গিয়ে নতুন প্রজন্মের জন্যে সর্বনাশ ডেকে আনবেন না।
কোরান কি কোথাও বলেছে , কোরান ছাড়া আপনি ভাল মানুষ হতে পারবেন না ? নাকি কোরান না মানলেই , সকলে ভাল মানুষ হয়ে যাবে?

ভবঘুরে এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ২:৪৩ পূর্বাহ্ণ
@ফারুক,
ভাইজান আদিল সাহেবকে যে লিংক দিয়েছেন কৌতুহল বশত দেখলাম। আদিল সাহেব তার উত্তরও অবশ্য দিয়েছন। দুই পক্ষ যুদ্ধ বাধলে সেখানে কারো উপদেশ দেয়া লাগে না কি করতে হবে। কোরান আসার বহু আগে থেকেই মানুষ তা জানত কি করতে হবে আর তা করতও। তাহলে এ ধরনের অতি সাধারন বিষয়ে কথা বলাতে কোরানের বিশেষত্ব টা কি সেটাই বুঝলাম না। তবে আপনার লিংকে মাত্র ২ঃ১৯০-১৯২ আয়াত দেখিয়েছেন। অথচ আদিল সাহেব প্রায় ডজন খানেক আয়াত উল্লেখ করেছেন। আপনার উচিত প্রতিটি আয়াতের শানে নুযুল ব্যাখ্যা করা। নীচের আয়াতটি দেখুন=
তারা চায় যে, তারা যেমন কাফের, তোমরাও তেমনি কাফের হয়ে যাও, যাতে তোমরা এবং তারা সব সমান হয়ে যাও| অতএব, তাদের মধ্যে কাউকে বন্ধুরূপে গ্রহণ করো না, যে পর্যন্ত না তারা আল্লাহ্র পথে হিজরত করে চলে আসে| অত:পর যদি তারা বিমুখ হয়, তবে তাদেরকে পাকড়াও কর এবং যেখানে পাও হত্যা কর| তাদের মধ্যে কাউকে বন্ধুরূপে গ্রহণ করো না এবং সাহায্যকারী বানিও না। ৪-৮৯
উক্ত আয়াত পড়ে বোঝা যায় এটা কোন আত্মরক্ষার আয়াত না। এটা একটা অধিকার ও স্বাধিনতার ব্যপার। আপনি মুসলমান আপনার কাছে ইসলাম একমাত্র সত্য ও শ্রেষ্ট ধর্ম। তেমনি যিনি খৃষ্টান তার কাছে তার ধর্ম সত্য ও শ্রেষ্ট। একজন মুসলমান যদি একজন অমুসলমানের কাছে ইসলামের দাওয়াত নিয়ে যেতে পারে , একজন খৃষ্টানও তার ধর্মের দাওয়াত অ-খৃষ্টানের কাছে নিয়ে যাওয়ার অধিকার রাখে। যার যেটা ভাল লাগবে সেটা সে গ্রহন করবে। কারন সেটাও তো কোরানে বলা আছে- দ্বীনের ব্যপারে জবরদস্তি বা বাধ্যবাধকতা নাই। ২ ঃ২৫৬
অথচ এর পর পরই নির্দেশ হচ্ছে = একজন খৃষ্টান তার ধর্মের দাওয়াত আপনার কাছে নিয়ে গেলে আপনি তাকে পাকড়াও করবেন বা খুন করবেন । আর এর পরেও আপনি বলছেন কোরানে সব যুদ্ধই আত্মরক্ষার জন্য? উল্লেখ্য , উপরোক্ত আয়াতের প্রকৃতি দেখে মনে হয় না , তা কোন যুদ্ধ ক্ষেত্রের কথা বলছে। বরং আল্লাহ মুসলমানকে ঠান্ডা মাথায় অমুসলিমকে হত্যা করার নির্দেশ দিচ্ছেন। এখন ধরা যাক, অমুসলিম গোষ্ঠী পৃথিবী ব্যপী একত্রিত হয়ে , কোরানের বানীর নিহিতার্থ অনুধাবন করে মুসলমান নিধনে ব্যপৃত হলো। কারন মুসলমানরা সুযোগ পেলেই কিন্তু ঠান্ডা মাথায় অমুসলিমদের

হত্যা করবে। তাই মুসলমান হত্যার সে অভিযান তাদের কাছে আত্মরক্ষার লড়াই। তখন আপনি কি বলবেন? বতর্মানে আমেরিকা ইরাক বা আফগানিস্তানে যা করছে আপনার যুক্তিতে তাকে অন্যায় কাজ বলা যায় না কারন সেটা তাদের আত্মরক্ষার লড়াই। এর কিছুকাল পর আমেরিকা বা ইসরাইল গোটা আরবদেশ গুলিকে পারমানবিক বোমা দিয়ে ধ্বংস করে দিলেও কিন্ত তাদেরকে দোষ দেয়া যাবে না, এ বিষয়টা ভেবে দেখেছেন কখনও ? অর্থাৎ ইসলামের আইন মুসলমানদের উপর যদি অমুসলিমরা প্রয়োগ করে কি অবস্থা হবে ? অমুসলিমরা নিতান্তই উদার ও মানবীয় গুন সম্পন্ন তাই আপনারা এখনও বেচে আছেন। তবে যা শুরু হয়েছে তাতে কতদিন তারা উদার থাকবে যথেষ্ট সন্দেহ আছে।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৪, ২০১০ at ৬:২২ অপরাহ্ণ
@ফারুক,
এই আয়াতগুলি শুনেছিলাম, তারপর ধরেন সেই হৃদয়ে সীল মেরে দেবার আয়াত এগুলি পড়ে আমার ধারনা হত যে আল্লাহ নিজেই চান না সব অবিশ্বাসী ইসলামে ঈমান আনুক , যাদের তিনি চান না তাদের হৃদইয়ে তিনি আগেই সীল মেরে দেন যাতে নবী মুহম্মদ বা এই যুগের তাবলীগি ভাইয়েরা যতই তাদের দাওয়াত দিন না কেন তারা যেন ঈমান আনতে না পারে।
আমার এই মুক্তমনা সহ যাবতীয় নাস্তিক বিধর্মীদের পরকালের ভয়াবহ চিরন্তন আগুনে পোড়ার কথা মনে হলেই ভয় লাগে। এদের সাথে যাই হোক, কিছুটা ব্যাক্তিগত সম্পর্কের মত হয়েছিল। তাই এনারা সবাই অমন ভয়াবহ আগুনে অন্ততকাল আগুনে পুড়বেন ভাবলেই মনটা খা রাপ হত।
আপনার এসব আয়াতে নিশ্চিন্ত হলাম যে এদের নিয়ে চিন্তিত হবার তেমন কিছু নেই। কারন আল্লাহ নিজেই এদের জিম্মাদার। তিনি সব অবিশ্বাসী ঈমান আনুক এটা চান না বলেই না আজ তারা কিছুতেই ঈমান আনছেন না। কাজেই এরা আসলে নিষ্ঠার সাথে আল্লাহর ইচ্ছা বা আদেশই পালন করে যাচ্ছেন। এদের নিয়ে আর কেন চিন্তা করি?
তাবলীগি ভাইয়েরা ও অন্য সমমনারা যারা ইসলাম প্রচার করতে জীবনের কত অমূল্য সময় ব্যায় করছেন তারা যে সময়ের কত বড় অপচয় করছেন তাও নিশ্চিত হলাম।

আনাস এর জবাব:
জুলাই ১৪, ২০১০ at ১১:০৩ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
হেঃ হেঃ হেঃ...হুদাই আশস্ত হইলেন। সুরা হিজর পড়েন টাইম পাইলে।

ফারুক এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ৪:০৭ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

এই আয়াতগুলি শুনেছিলাম, তারপর ধরেন সেই হৃদয়ে সীল মেরে দেবার আয়াত এগুলি পড়ে আমার ধারনা হত যে আল্লাহ নিজেই চান না সব অবিশ্বাসী ইসলামে ঈমান আনুক , যাদের তিনি চান না তাদের হৃদইয়ে তিনি আগেই সীল মেরে দেন যাতে নবী মুহম্মদ বা এই যুগের তাবলীগি ভাইয়েরা যতই তাদের দাওয়াত দিন না কেন তারা যেন ঈমান আনতে না পারে।
তাদের হৃদয়ে তিনি আগেই সীল মারেন , নাকি নিজ দায়িত্ব অবিশ্বাসী হওয়ার পরে সীল মারেন , সেটা কিভাবে শিওর হলেন?
একবার অবিশ্বাসী হলেই যে আর বিশ্বাসী হবে না বা হওয়ার চান্স শুন্য , তা কিন্তু আমার মনে হয় না। আমি ঘোর নাস্তিককে ঘোর আস্তিক হতে দেখেছি। সীল মারা মানে ব্রান্ডিং নয় তো?
আমার এই মুক্তমনা সহ যাবতীয় নাস্তি ক বিধর্মীদের পরকালের ভয়াবহ চিরন্তন আগুনে পোড়ার কথা মনে হলেই ভয় লাগে। এদের সাথে যাই হোক, কিছুটা ব্যাক্তিগত সম্পর্কের মত হয়েছিল। তাই এনারা সবাই অমন ভয়াবহ আগুনে অন্ততকাল আগুনে পুড়বেন ভাবলেই মনটা খারাপ হত।
আমার তো মনে হয় ফাউ মন খারাপ করছেন। কে যে আগুনে পুড়বে তা আল্লাহ ছাড়া কেউ জানেনা , এবং অনন্তকালেরো শেষ আছে , আল্লাহ যদি চান।
2:284
He will forgive whom He wishes, and punish whom He wishes, and God is capable of all things.
আপনার এসব আয়াতে নিশ্চিন্ত হলাম যে এদের নিয়ে চিন্তিত হবার তেমন কিছু নেই। কারন আল্লাহ নিজেই এদের জিম্মাদার। তিনি সব অবিশ্বাসী ঈমান আনুক এটা চান না বলেই না আজ তারা কিছুতেই ঈমান আনছেন না।
এই কনক্লুশনে কেমনে আসলেন? আমি তো জানি আল্লাহ সকলকেই স্বাধীন ইচ্ছার অধিকারী করেছেন।

আনাস এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ৮:৫৭ অপরাহ্ণ
@ফারুক,
এ আয়াতগুলোর মানে কি?
আর আপনি তাদেরকে শুনিয়ে দিন, সে লোকের অবস্থা, যাকে আমি নিজের নিদর্শনসমূহ দান করেছিলাম, অথচ সে তা পরিহার করে বেরিয়ে গেছে। আর তার পেছনে লেগেছে শয়তান, ফলে সে পথভ্রষ্টদের অন্তর্ভূক্ত হয়ে পড়েছে।
অবশ্য আমি ইচ্ছা করলে তার মর্যাদা বাড়িয়ে দিতাম সে সকল নিদর্শনসমূহের দৌলতে। কিন্তু সে যে অধঃপতিত এবং নিজের রিপুর অনুগামী হয়ে রইল। সুতরাং তার অবস্থা হল কুকুরের মত ; যদি তাকে তাড়া কর তবুও হাঁপাবে আর যদি ছেড়ে দাও তবুও হাঁপাবে। এ হল সেসব লোকের উদাহরণ ; যারা মিথ্যা প্রতিপন্ন করেছে আমার নিদর্শনসমূহকে। অতএব, আপনি বিবৃত করুন এসব কাহিনী, যাতে তারা চিন্তা করে।
তাদের উদাহরণ অতি নিকৃষ্ট, যারা মিথ্যা প্রতিপন্ন করেছে আমার আয়াত সমূহকে এবং তারা নিজেদেরই ক্ষতি সাধন করেছে।

যাকে আল্লাহ পথ দেখাবেন, সেই পথপ্রাপ্ত হবে। আর যাকে তিনি পথ ভ্রষ্ট করবেন, সে হবে ক্ষতিগ্রস্ত। আর আমি "সৃষ্টি" করেছি দোযখের জন্য বহু জ্বিন ও মানুষ। তাদের অন্তর রয়েছে , তার দ্বারা বিবেচনা করে না, তাদের চোখ রয়েছে, তার দ্বারা দেখে না, আর তাদের কান রয়েছে, তার দ্বারা শোনে না। তারা "চতুষ্পদ জন্তুর মত; বরং তাদের চেয়েও নিকৃষ্টতর"। তারাই হল গাফেল, শৈথিল্যপরায়ণ। (আরাফ ১৭৬-১৭৯)
আরেকটা প্রশ্ন আমার মাথা ঘুর ঘুর করে। কুরানে উট , ঘোড়া, ও আরবের প্রচলিত ইতিহাসের সুস্পষ্ট বর্ণনা, ইত্যাদি আছে। কিন্তু গাড়ি প্লেন ও নবী যুগের পরের কোন ঘটনা স্পষ্টভাবে উল্লেখ নাই কেন ? রাসুলের আগের যামানার অনেক কাহিনি তাদের যু গের মানুষদের জন্যে উদাহরন সরুপ। আমাদের জন্য কিছু রিসেন্ট উদাহরণ দেয়া উচিত ছিল না ? আল্লাহ তো ভবিষ্যত জানেন। সেটা জেনেই লৌহে মাহফুজে কুরান লিখে রেখেছিলেন। এবং যথা সময়ে সে স্ক্রিপ্ট মঞ্চায়িত হল। পরের কিছু স্ক্রিপ্ট পাঠিয়ে দিলে আমাদের জন্যে একটু সুবিধা হত না ?

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ৯:১০ অপরাহ্ণ
@আনাস,
লওহে মাহফুজে কোরানের মাষ্টার কপি সংরক্ষিত রাখার অর্থ আমার কাছে পরিষ্কার হয় না। আল্লাহর কি নিজের স্মরন শক্তির উপর ভরসা নেই? তাই তাকে সযত্নে সেই মাষ্টার কপি সংরক্ষন করতে হয়েছে (হতে পারে সফট কপি বা সফট পেপার কপি)? যাতে সন্দেহ দেখা দিলে মিলিয়ে দেখা যায়?

আনাস এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ৯:৫৭ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
লওহে মাহফুজ বলতে আসলে আল্লাহ তায়ালা হার্ড ডিস্ক বুঝাতে চেয়েছেন। বিভিন্ন হাদিস থেকে জানা যায় লওহে মাহফুজ একটা শক্ত জিনিস। হার্ড ডিস্ক শক্ত জিনিস। লওহে মাহফুজে জিনিস পত্র সংরক্ষিত থাকে। হার্ড ডিস্কেও তথ্য সংরক্ষিত থাকে। বিজ্ঞানীরা এমন একটা জিনিস আবিস্কার করবেন এটা আল্লাহ তায়ালা ১৪০০ বছর আগে কুরানে উল্লেখ করে দিয়েছেন। সু তরাং ইহা মানুষের জন্যে ইশারা। তবে ভবিষ্যতের সকল ইশারাই অপরিস্কার। আশা করি উত্তরটা পেয়েছেন।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ১০:০৭ অপরাহ্ণ
@আনাস,
তাহলে পেপার কপি নয়, ডিজিটাল কপিই রাখা হয়েছে?

তবে কপি রাখার দরকার কি তা পরিষ্কার হল না।
আল্লাহ কি সময়ের সাথে নিজের লেখা কোরান ভুলে যেতে পারেন এমন আশংকা করেছিলেন?

ফারুক এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৪:৫১ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
লওহে মাহফুজে কোরানের মাষ্টার কপি সংরক্ষিত রাখার অর্থ আমার কা ছে পরিষ্কার হয় না।
লওহে মাহফুজ কোন জায়গার নাম নয়। মাহফুজ মানে সংরক্ষিত। মাহফুজ এসেছে হেফ্ জ/হাফেজ শব্দ থেকে । বাংলায় এর অর্থ হেফাজত করা , সংরক্ষন করা। লওহে মানে ট্যবলেট/পাতা , যার উপরে লেখা হয়, এটা পাথর হতে পারে , প্যপিরাস হতে পারে বা কাগজ ও হতে পারে। ফি মানে in/ভিতরে। ফি লওহে মাহফুজের অর্থ , আজকের পৃথিবীতে যে অসংখ্য কোরানের বই আছে , তার পাতায় পাতায় কোরান সংরক্ষিত এমন মানে ও করা যায়।

ফারুক এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৫:০৪ অপরাহ্ণ
@আনাস,আয়াতগুলোতে না বোঝার মতো কিছু পেলাম না। আপনার কাছে কেন দুর্বোধ্য মনে হচ্ছে একটু খোলাসা করুন প্লিজ।
আরেকটা প্রশ্ন আমার মাথা ঘুর ঘুর করে। কুরানে উট , ঘোড়া, ও আরবের প্রচলিত ইতিহাসের সুস্পষ্ট বর্ণনা, ইত্যাদি আছে। কিন্তু গাড়ি প্লেন ও নবী যুগের পরের কোন ঘটনা স্পষ্টভাবে উল্লেখ নাই কেন ? রাসুলের আগের যামানার অনেক কাহিনি তাদের যুগের মানুষদের জন্যে উদাহরন সরুপ। আমাদের জন্য কিছু রিসেন্ট উদাহরণ দেয়া উচিত ছিল না ? আল্লাহ তো ভবিষ্যত জানেন। সেটা জেনেই লৌহে মাহফুজে কুরান লিখে রেখেছিলেন। এবং যথা সময়ে সে স্ক্রিপ্ট মঞ্চায়িত হল। পরের কিছু স্ক্রিপ্ট পাঠিয়ে দিলে আমাদের জন্যে একটু সুবিধা হত না ?
কোরানে এমন অনেক কিছুই আছে যা রসূলের জমানায় বোঝা অসম্ভব ছিল , এখন আমরা সেগুলো বুঝতে পারি । নেটে একটু ঘাটাঘাটি করেন , এমন অনেক তথ্যই জানতে পারবেন।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৬:২৯ অপরাহ্ণ
@ফারুক,
এই নিয়ে আপনার সাথে আগেও আমার কথা হয়েছে।
এই ব্যাপারটা আমার কাছে কোরানিক মূল দর্শনের একটা পরস্পরবিরোধীতা বলেই সবসময় মনে হয়।

আল্লাহ সবাইকে স্বাধীন স্বত্তা দেন, খুবই ভাল কথা। মানুষের ব্রেন আছে, সে তা খাটিয়ে বুঝবে। এটাই পরীক্ষা। খুবই সুন্দর কথা। যদিও সূক্ষ্ম কিছু প্রশ্ন আসে যে কাউকে ব্রেন দিলেও সে ব্রেন খাটাবার মত পরিবেশ পরিস্থিতি দেন না, বৈজ্ঞানিকভাবেও দেখা যায় যে মানুষের ব্রেনের পরিমান বা ক্ষমতাও কারো কম কারো বেশী। যাক, এসব কূট প্রশ্ন বাদ দেই।
ধরে নিলাম আল্লাহ সবাইকে স্বাধীন চিন্তা শক্তি দিয়েই পাঠিয়েছেন। অতএব, প্রত্যেকের কাজের জিম্মাদার সে সে। ঈমান না আনার দায়ও তারই, আল্লাহর নয়।
সূক্ষ্ম সমস্যাগুলি বাদ দিলে আল্লাহর তত্ব শুধু এইখানে থেকে গেলে জোড়াতালি দিয়ে মন বুঝ দেওয়া যেত।
বড় ধরনের সমস্যা হয় যা এই তত্ব পুরোই বাতিল করে দেয় তা হল যে কোরানে আবার আল্লাহই নবীজিকে বলছেন যে (আমার নিজের স্মরন, হুবহু অনুবাদ নয়) তাদের তুমি যতই বোঝাও না কেন তারা কিছুতেই ঈমান আনবে না। কারন (এখানে লক্ষ্য করুন) আমি হৃদয়ে সীল গালা মেরে দিয়েছি।
As for the faithless, it is the same to them whether you warn them or do not warn them, they will not have faith. **Allah has set a seal on their hearts and**
এখন এই আয়াত পড়ে এসব লোকের ঈমান না আনার কারন কি বলে আপনার মনে হয়? একটা ক্লাস ফাইভের বাচ্চাকেও তো প্রশ্ন করলে সে জবাব দেবে যে আল্লাহ যেহেতু সীল মেরেছেন তাই তারা ঈমান আনছে না। আপনি কি বলেন? এটা কি অবিশ্বাসীরা বেঈমান হবার পর সীল মেরেছেন, নাকি আগেই সীল মেরে পাঠিয়েছেন? এটা কিন্তু মোটেও চিকেন এগ আর্গুমেন্ট নয়। অত্যন্ত পরিষ্কার।
আপনি নিজেই তো মনে হয় দুয়েকদিন আগেই এখানেই কোথায় বলেছিলেন যে সবাই বিশ্বাসী হোক তা আল্লাহই চান না। আল্লাহ না চাইলে কোন বাপের ব্যাটার ক্ষমতা আছে? স্বাধীন বিচার বুদ্ধির আর কি মানে রইল?
আমি একটা বাক্স বানিয়ে আপনাকে দিলাম। আপনি চেষ্টা করে যাচ্ছেন সেই বাক্স খুলতে , পারছেন না। আমি হাসি দিয়ে বললাম যে, ফারুক, তুমি যতই চেষ্টা কর না কেন বাক্স কোনদিন খুলতে পারবে না। কারন আমি বাক্সের মেকার তাতে তালা মেরে রেখেছি।
এখন প্রশ্ন করা হল, ফারুক সাহেবের বাক্স না খুলতে পারার জন্য দায়ী বা কৃতিত্ব কার ?
বাক্সের মেকারের নয় কি? সে এমন তালা মেরে দিয়েছে যা খোলা সম্ভব নয়, তাই তো ফারুক ব্যার্থ। এও পালটা যুক্তি আপনার কি হতে পারে? বাক্স বন্ধ হয়ে যাবার পর আমি বাকসের মেকার তাতে তালা মেরেছি? হাস্যকর শোনায় না?
আর নাস্তিক ভাইবোনদের জন্য মন খারাপের সংগত কারন আছে। কোরানেই তাদের অনন্তকাল আগুনে পোড়ার শাস্তির কথা বেশ কয়েক যায়গায় আছে। একটি বলি।
“”But those who reject Faith and belie Our Signs, they shall be Companions of the Fire; they shall abide therein.” ২-৩৯
আপনি যতই আল্লাহ যাকে খুশী তাকেই বেহেশতে দেবেন এসব বলেন না কেন তার বিপরীতে এসব আয়াত থেকেই যাচ্ছে।

ফারুক এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৮:০০ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,
আল্লাহ সবাইকে স্বাধীন স্বত্তা দেন, খুবই ভাল কথা। মানুষের ব্রেন আছে, সে তা খাটিয়ে বুঝবে। এটাই পরীক্ষা। খুবই সুন্দর কথা। যদিও সূক্ষ্ম কিছু প্রশ্ন আসে যে কাউকে ব্রেন দিলেও সে ব্রেন খাটাবার মত পরিবেশ পরিস্থিতি দেন না, বৈজ্ঞানিকভাবেও দেখা যায় যে মানুষের ব্রেনের পরিমান বা ক্ষমতাও কারো কম কারো বেশী। যাক, এসব কূট প্রশ্ন বাদ দেই।

ফারুক এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৮:৩৮ অপরাহ্ণ
@আদিল মাহমুদ, correction "কারন আল্লাহ কারো হৃদয় জন্মের আগে বা সময় থেকে সীলগালা করেছেন বলে আমার মনে হয়না"

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৯:৫২ অপরাহ্ণ
@ফারুক,
সেটাই বা কিভাবে বলেন?
তিনি অনেক মানুষকে বাহ্যিকভাবেই ত্রুটিপূর্ন করে দুনিয়ায় পাঠান। কথাটা আসলে হৃদয় না, ব্রেইন বলা যুক্তিযুক্ত। কারন হৃদয় বা হার্ট দিয়ে কেউ চিন্তা করে না , ব্রেন দিয়ে করে।
সে যাই হোক, শারীরিকভাবেই তিনি মানুষকে ভিন্ন ভিন্ন পরিমান ও গুনগত মানের ব্রেন দিয়ে দুনিয়ায় পাঠান। কাউকে আবার কোন ব্রেনই দেন না, মানে জন্ম থেকেই মানসিকভাবে বিকল। এদের বিনা পরীক্ষায়ই ফুল মার্কসসহ পাশ। আর আমার আপনার বেলায় চুলচেরা হিসেব।
এখন আমি যদি বলি যে আল্লাহ আসলে আমাকে সেই মানসিক বিকলের যায়গায় না পাঠিয়ে আমার প্রতি অবিচার করেছেন তাহলে কি বলবেন? বিনা বিচারে বেহেশতে যাবার মজা থেকে আমি কেন বঞ্চিত হচ্ছি? এখানে কি মানুষের জন্ম যাতে তার কোনই হাত নেই সেটাই নির্ধারক হচ্ছে না?
যেসব শিশু জন্ম হবার আগেই বা পাপ পূণ্যের হিসেব শুরুর আগেই মারা গেল তারাও তো জন্মগতভাবেই আমার থেকে অনেক বেশী ভাগ্যবান। দুই দিনের দুনিয়া তো অনন্ত পরকালের তূলনায় কিছুই নয়।

ব্রাইট স্মাইল্ এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ১০:২৭ অপরাহ্ণ
@আদিল মাহমুদ, আপনি ওনার বক্তব্য দেখুন
আল্লাহ কি করবেন , তা আল্লাহ-ই ভালো জানেন। আমি জানি , তিনি রাহমানুর রহিম ও আলা কুল্লি শাইয়িন কাদীর- দাতা ও দয়ালু এবং সর্বময় ক্ষমতার অধিকারী। সুতরাং anything can be expected from Him , how ridiculous it may sound.

বুঝতেই পারছেন উনি কত অন্ধ বিশ্বাসে ডুবে আছেন। আল্লাহ বা কোরানের মতো ওনার কাছ থেকেও আপনি যে কোন বক্তব্য আশা করতে পারেন সেটা যতই ridiculous শোনাক না কেন। ওনার সাথে তর্ক করা বৃথা।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ১১:৩০ অপরাহ্ণ
@ব্রাইট স্মাইল্,
আসলে প্রথাগত ধর্ম মানতে গেলে একসময় না একসময়ে এখানে এসে ঠেকতেই হবে। এটাই সবাই মানতে চান না। খামোখা যুক্তির ফাঁদে পা দেন।
তবে ধর্মীয় নানান বিতর্কিতায়াত সম্পর্কে এই ফারুক ভাই এর কাছ থেকেই আমি কিছুটা হলেও সন্তোষজনক ব্যাখ্যা পেয়েছি। ওনার ব্যাখ্যা সত্য মিথ্যা জানি না, তবে সব মুসলমান ওভাবে চিন্তা করলে এত সমস্যা হত না।

যাযাবর এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ১০:০২ অপরাহ্ণ
@ফারুক,
কেউ বিপথে গেলে তার জিম্মাদারসে নিজে। আল্লাহ যে কাউকে বিপথে নিয়েছেন , তা কি এই আয়াতে বলা হয়েছে? বিপথগামী কাউকে কাউকে সৎপথে আনবেন। কেন? হয়তো বা তাদের মধ্যে ভালো হওয়ার কোন সম্ভাবনা দেখেছেন বা তাদের কেউ এমন কোন ভালো কাজ করেছেন , যার পুরস্কার হিসাবে সৎপথে আনবেন। আল্লাহ-ই ভাল জানেন কেন
"নিয়েছেন/এনেছেন" আর "নেন/আনেন" এর মধ্যে তফাৎ কি? আয়াতে তো স্পষ্ট বলা হচ্ছে আল্লাহ যাকে খুশি বিপথে নেন (leaves straying) আর যাকে খুশি সৎপথে আনেন (guides whom He pleases)। তাহলে কি যুক্তিতে (যেন যুক্তি আশা করছি আপনার কাছ থেকে) প্রশ্ন করছেন যে আল্লাহ কাউকে বিপথে কি নিয়েছেন ? অতীতে না নিলেও ভবিষ্যতে যে নেবেন না তার ক্লি গ্যারান্টি এই আয়াত দিচ্ছে?। বরং এই আয়াত তো এটাই বোঝাচ্ছে যে তিনি বিপথগামী করেছেন বা করতে পারেন ভবিষ্যতে (কোরান নাজিল হয়ার সময়ের আপেক্ষে ভবিষ্যৎ (এর মধ্য হয়ত সেটা করেও ফেলেছেন আল্লাহ। যেমন আমরা আপনার দৃষ্টিতে বিপথগামী হয়েছি (আল্লাহ বিপথে নিয়েছেন) ।
তাদের কেউ এমন কোন ভালো কাজ করেছেন , যার পুরস্কার হিসাবে সৎপথে আনবেন
বেড়ে বলেছেন। ভাল কাজ করার জন্য পুরস্কার সৎপথে আনা ? বাহ। তেলা মাথায় তেল দেয়া আর কি। ভাল কাজ করা তো সৎপথে যাওয়ারই উদাহরণ। যে ভাল কাজ করছে না (অর্থাৎ বিপথগামী) তাকেই না সৎপথে আনার একটা মানে হয়(যেন কোরানের আয়াতের মানে হবে এটা আশা করছি আর কি!)। আচ্ছা না হয় মেনে তর্কের খাতিরে এই হাস্যকর যুক্তি মেনে নিলাম যে , যে স্বাধীন চিন্তার দ্বারা ভাল কাজ করবে তাকেই আল্লাহ সৎপথে আনবেন আর আর যে ভাল কাজ করবে না তাকে বিপথগামী করবেন। কিন্তু স্বাধীন চিন্তাটা আসে কোত্থেকে? মন/মস্তিষ্ক থেকে নয় কি? আপনারা তো বিশ্বাস করেন মানুষের দেহ মন সবই আল্লাহর সৃষ্টী। মন বা মস্তিষ্ক কে বানায় বা কার দ্বারা চালিত?।

আমার/আপনার দ্বারা? আরে আমি/আপনি এগুলো তো মন/মস্তিষ্কেরই ডাকনাম। তাহলে কার মন অর্থাৎ স্বাধীন চিন্তাটা কার কেমন হবে সেটাও তো আল্লাহর সিদ্ধান্ত বা প্ল্যাণ অনুযায়ী তৈরী। তাহলে কেন আল্লাহ নিজের কাজের দায়িত্ব মানুষের ঘাড়ে চাপান ? হে হে যেন আপনার কাছ থেকে সুযুক্তিপূর্ণ উত্তর আশা করছি।

ফারুক এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৮:৩৫ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
আল্লাহ সবাইকে স্বাধীন স্বত্তা দেন, খুবই ভাল কথা। মানুষের ব্রেন আছে, সে তা খাটিয়ে বুঝবে। এটাই পরীক্ষা। খুবই সুন্দর কথা। যদিও সূক্ষ্ম কিছু প্রশ্ন আসে যে কাউকে ব্রেন দিলেও সে ব্রেন খাটাবার মত পরিবেশ পরিস্থিতি দেন না, বৈজ্ঞানিকভাবেও দেখা যায় যে মানুষের ব্রেনের পরিমান বা ক্ষমতাও কারো কম কারো বেশী। যাক, এসব কূট প্রশ্ন বাদ দেই।
কূট প্রশ্ন বাদ দিবেন কেন? মনে সন্দেহ রেখে বিশ্বাসের ভিত্তি দৃঢ় হতে পারেনা। একারনেই এককালে বিশ্বাসী ছিল , এমন অনেকেই পরে অবিশ্বাসী হয়ে যায়। আল্লাহ যখন সুবিচারক , তখন আল্লাহ বিচারের সময় এগুলো মাথায় রাখবেন , এটাই তো স্বাভাবিক। নাকি আপনি কোরানের কোথাও পেয়েছেন , যেখানে আল্লাহ বলেছেন এগুলো গুরুত্বহীন?
বড় ধরনের সমস্যা হয় যা এই তত্ত্ব পুরোই বাতিল করে দেয় তা হল যে কোরানে আবার আল্লাহই নবীজিকে বলছেন যে (আমার নিজের স্মরন, হুবহু অনুবাদ নয়) তাদের তুমি যতই বোঝাও না কেন তারা কিছুতেই ঈমান আনবে না। কারন (এখানে লক্ষ্য করুন) আমি হৃদয়ে সীল গালা মেরে দিয়েছি।
(আপনিও লক্ষ্য করুন) এই সীল গালা কি আল্লাহ জন্মের সময় থেকেই মেরে দিয়েছেন , নাকি কোরানের বানী শোনার পরে অস্বীকার করার পরে (নিজ স্বীদ্ধান্তে ফেইথলেস হওয়ার পরে) মেরেছেন , তা কি এই আয়াত থেকে নিশ্চিত হওয়া যায়? “তাদের তুমি যতই বোঝাও না কেন” এটা এই ইন্ডিকেট করে যে রসূল অনেক বো ঝানোর পরেও যখন তারা ঈমান আনলো না , তখনি আল্লাহ রসূলকে আর বোঝাতে নিষেধ করছেন রসূলকে অহেতুক কষ্ট থেকে বাচানোর জন্য। বার বার বোঝানোর পরে যখন নিশ্চিত হওয়া গেল (রসূলের পক্ষে নিশ্চিত হওয়া সম্ভব নয় , কারন তিনি ভবিষ্যত জানেন না) তারা ঈমান আনবে না , তখনি আল্লাহ সীলগালা করার কথা বলে রসূলকে নিবৃত করলেন। আল্লাহ যদি জন্মথেকেই তাদের হৃদয় সীল গালা করে দিতেন , তাহলে প্রথম থেকেই রসূলকে কাউকে মোটেই না বোঝানোর কথা বলাই যুক্তি সঙ্গত ছিল। বাক্সের উদাহরনের সাথে সীল গালার কোন মিল নেই সেটা নিশ্চয় উপরের ব্যাখ্যা পড়লে বুঝবেন। কারন আল্লাহ কারো হৃদয় জন্মের আগে বা সময় থেকে সীলগালা করেছেন বলে আমার মনে হয়। আল্লাহই ভালো জানেন তিনি কি করেছেন। আমি কেবল যুক্তি খাটাতে পারি , তবে সেটা যে সত্য তার গ্যারান্টি দিতে পারিনা।
“”But those who reject Faith and belie Our Signs, they shall be Companions of the Fire; they shall abide therein.” ২-৩৯
আপনি যতই আল্লাহ যাকে খুশী তাকেই বেহেশতে দেবেন এসব বলেন না কেন তার বিপরীতে এসব আয়াত থেকেই যাচ্ছে।

আল্লাহ কি করবেন , তা আল্লাহ-ই ভালো জানেন। আমি জানি , তিনি রাহমানুর রহিম ও আলা কুল্লি শাইয়িন কাদীর- দাতা ও দয়ালু এবং সর্বময় ক্ষমতার অধিকারী। সুতরাং anything can be expected from Him , how ridiculous it may sound.

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৯:৪১ অপরাহ্ণ
@ফারুক,
নবী বা ধর্ম প্রচারকরা কোন পর্যায়ে বুঝবেন যে ঠিক এরপর আর কিছু বলা অর্থহীন কারন আল্লাহ এই মাত্র সীল মেরে দিলেন (এতক্ষন খোলা ছিল)? কারো কাছে আল্লাহর বানী কয়বার পৌছানোর পর বলা যেতে পারে যে এইবারই শেষ দান? হয় গ্রহন কর, নয়ত সীল গালা মারা হবে?
কেউ বিশ্বাসী হচ্ছে না ধরে নিলাম তার নিজের দোষে। তাহলে আবার আল্লাহর ঘোষনা করে সীল মারার মানে কি?
তাহলে কিছু কিছু ঘোর অবিশ্বাসীও হঠাত করে বিশ্বাসী হয়ে যায় কেমন করে ?
আল্লাহ হঠাত হঠাত র‍্যান্ডমলী কোন কোন সীল গালা খুলে নেন ? আর বাকিদের যাদের তিনি দয়া করেন না তাদের কোনমতেই সীল খোলা নেই?
এ সংক্রান্ত কোন আয়াত আছে, যেখানে আল্লাহ বলছেন যে আমি যাদের সীল গালা লাগিয়েছিলাম, তাদের কারো কারো সীল আবার খুলে দেই ? কেউ নিজ থেকে বিশ্বাসী হয়ে গেলে তার সীল আর আল্লাহর খোলার অপেক্ষা করে কিভাবে?
আমার মনে হয় আপনাকে এইবার সেই আল্লাহর ইচ্ছা আমরা কেবল যুক্তি দিতে পারি , তবে চূড়ান্ত সত্য তিনিই জানেন এমন কথা বলতে হবে।
anything can be expected from Him , how **ridiculous** it may sound.
আমি আল্লাহর কাছ থেকে ridiculous কিছু আশা করি না, rational আশা করি। তিনি মানুষ, জগত, স্বর্গ-নরক সবই সৃষ্টি করেছেন কোন না কোন কারনে , মানে যুক্তির কারনে। ইচ্ছের বশত নয়। সেজন্যই ridiculous কিছু শুনলেই আমার পাপ মনে সন্দেহ জাগে।

ফারুক এর জবাব:
জুলাই ১৭, ২০১০ at ৫:৫১ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
নবী বা ধর্ম প্রচারকরা কোন পর্যায়ে বুঝবেন যে ঠিক এরপর আর কিছু বলা অর্থহীন কারন আল্লাহ এই মাত্র সীল মেরে দিলেন (এতক্ষন খোলা ছিল)? কারো কাছে আল্লাহর বানী কয়বার পৌছানোর পর বলা যেতে পারে যে এইবারই শেষ দান? হয় গ্রহন কর, নয়ত সীল গালা মারা হবে?
আমরা মনে হয় এমন একটি বিষয় নিয়ে তর্ক করছি যার ধরন সম্পর্কে আমি নিশ্চিত নই , যেটা আগেই বলেছি। সকলেই বলছে সীল গালা করে দেয়া অর্থ , সে আর কোন দিন বিশ্বাসী হবে না। এই অর্থ যে সঠিক নয় , তার প্রমান পাই , যখন অনেক ঘোর নাস্তিককে আস্তিক হতে দেখি। একারনেই

বলেছিলাম , এর অর্থ ব্রান্ডিং নয় তো? সীলগালার অর্থ সম্বন্ধে একমত না হয়ে এই তর্ক কতটা যুক্তিপূর্ন?

“কারো কাছে আল্লাহর বানী কয়বার পৌছানোর পর বলা যেতে পারে যে এইবারই শেষ দান?” সেটা আল্লাহর ওহী পাওয়ার পরেই বলা সম্ভব , যেমনটি মুহম্মদ ওহী পেয়ে জেনেছিলেন।

আমি আল্লাহর কাছ থেকে ridiculous কিছু আশা করি না, rational আশা করি।

দেখুন ridiculous বা rational এগুলো আপেক্ষিক , ব্যাক্তি নির্ভর। আমার ধর্মবিশ্বাসকে এই ব্লগের অনেকের কাছে ridiculous মনে হয় , আমার কাছে কিন্তু rational-ই মনে হয়। নাস্তিককে ক্ষমা করে বেহেশ্তে পাঠানোকে অনেক আস্তিকের কাছে ridiculous মনে হতে পারে , আমার কাছে কিন্তু আল্লাহর এই বিচারকে rational মনে হয়। কারন তিনি সর্বময় ক্ষমতার অধিকারী। এই কারনেই বলেছিলাম ridiculous it may sound। শোনায় (sound) ridiculous , আসলে ridiculous না। খুবি rational।

আকাশ মালিক এর জবাব:

জুলাই ১৬, ২০১০ at ৯:৪৩ অপরাহ্ণ

@ফারুক,

আল্লাহ কি করবেন , তা আল্লাহ-ই ভালো জানেন। আমি জানি , তিনি রাহমানুর রহিম ও আলা কুল্লি শাইয়িন কাদীর- দাতা ও দয়ালু এবং সর্বময় ক্ষমতার অধিকারী। সুতরাং anything can be expected from Him , how ridiculous it may sound

আমি ভেবেছিলাম এটা ফুয়াদ ভাইয়ের মন্তব্য। উপরে চেক করে দেখি আপনার নাম।

আতিক ভাই যথার্থই বলেছিলেন- **দেখবেন একটু চাপাচাপি করলেই তাদের ভিতর থেকে একটি করে ফুয়াদ ভাই বেরিয়ে আসবে।**

ফারুক এর জবাব:

জুলাই ১৬, ২০১০ at ১০:১৩ অপরাহ্ণ

@আকাশ মালিক,ফুয়াদ কোথাও কি এই একি মন্তব্য করেছিলেন বা এরুপ কোন মন্তব্য করেছিলেন একি ধরনের কোন মন্তব্যের জবাবে? যদি করে থাকেন , তাহলে তার লিঙ্ক দিন। অন্যথায় আপনার এই মন্তব্য অনেকটা এই রকম-

” ফারুক , আপনি পাগল।”

কেন?

” আমি বল্লাম তাই।”

এর কোন জবাব কি আছে?

আতিক রাঢ়ী এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ১১:৫৯ অপরাহ্ণ
@আকাশ মালিক,
কোরানের কোথায় যেন দেখেছিলাম, আল্লাহ বলছেন- তারা শুনবেনা, কারণ তাদের পূর্বপুরুষরাও ছিল অভিশপ্ত বা এই জাতীয় কিছু একটা। আপনি ভাল বলতে পার বেন। মানে বংশ পরম্পরায় সীল গালা করার ব্যাপার আছে। এটা একটা ইন্টারেস্টিং ব্যাপার, কিন্তু সুনিদৃষ্ট আয়াতটা খুঁজে পাবার জন্য আপনার সাহায্য চাচ্ছি।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৬:৩৫ অপরাহ্ণ
@ফারুক,
আল্লাহ যাকে খুশী ক্ষমা করার কথা বলেন ঠিকই, আবার শিরকের কোন ক্ষমা নাই তাও বলেন, অবিশ্বাসীরও ক্ষমা নাই সেটাও বলেন। কাজেই নাস্তিক কূলের অন্তত আমি কোন গতি দেখি না।
যাক, সীল গালা প্রসংগে আরেক্টি আয়াতের কথা মনে হল।
"014.004
YUSUFALI: We sent not a messenger except (to teach) in the language of his (own) people, in order to make (things) clear to them. **Now Allah leaves straying those whom He pleases and guides whom He pleases**: and He is Exalted in power, full of Wisdom
- এ আয়াত থেকে বলেন, কেউ বিপথে গেলে তার জিম্মাদার কে? সে নিজে নাকি আল্লাহ?

ফারুক এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৯:০৩ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
এ আয়াত থেকে বলেন, কেউ বিপথে গেলে তার জিম্মাদার কে? সে নিজে নাকি আল্লাহ?
কেউ বিপথে গেলে তার জিম্মাদারসে নিজে। আল্লাহ যে কাউকে বিপথে নিয়েছেন , তা কি এই আয়াতে বলা হয়েছে? বিপথগামী কাউকে কাউকে সৎপথে আনবেন। কেন? হয়তো বা তাদের মধ্যে ভালো হওয়ার কোন সম্ভাবনা দেখেছেন বা তাদের কেউ এমন কোন ভালো কাজ করেছেন , যার পুরস্কার হিসাবে সৎপথে আনবেন।
আল্লাহ-ই ভাল জানেন কেন। তবে এটা পরিস্কার , বিপথে আল্লাহ কাউকে নেন নি।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৯:২৬ অপরাহ্ণ
@ফারুক,

আপনি সেই গতবাধা কথাই বললেন।
“Now Allah leaves straying those whom He pleases and guides whom He pleases”
- এখানে সুপথ বা কুপথের যাবার ড্রাইভিং ফোর্স কি বোঝা যায়? মানুষের স্বাধীন বিবেক, নাকি আল্লাহতালার ইচ্ছা?
এই আয়াতের সরল অর্থ আমি বা আর যে কারোই মনে হবার কথা যে আল্লাহ প্রত্যেকের জন্য তার নিজ ভাষার বার্তাবাহক পাঠিয়েছেন, যাতে তারা সহজে বুঝতে পারে (এখানে কোরান যে আরবী ভাষীদের জন্য, নন আরবীদের জন্য নয় সে বিতর্ক করা যায়, সেটা এখন বাদ থাক)।
এরপরের গুরুত্বপূর্ন অংশ হল যে; এখন আল্লাহ ইচ্ছে সুপথে পরিচালিত করেন যাকে ইচ্ছে বিপথে নেন। এত স্পষ্টভাবে আল্লাহ বলে দিচ্ছেন যে তিনিই যাকে খুশী সুপথ বা কুপথ দেখান আর আপনি তার কথাকে গুরুত্ব না দিয়ে স্বাধীন বিবেকের কথা আনছেন।
যদি এমন থাকত যে; যারা বার্তাবাহকের বার্তা ইচ্ছে করে বোঝে না তাদেরই আল্লাহ কুপথে নেন। তাহলে আপনার কথা মানার প্রশ্ন উঠত। তাহলে বুঝতাম যে যেহেতু কেউ কেউ ইচ্ছে করে সুপথের বার্তা গ্রহন করছে না সেহেতু আল্লাহ তাদের কুপথে নিচ্ছেন (যদিও তেমন ভাল শোনায় না) ।

রৌরব এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৯:৪০ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
আমি যতদূর বুঝি অধিকাংশ ধর্মমতে ঈশ্বর হচ্ছেন একমাত্র আদি কারণ বা prime mover। তাহলে সবকিছুর জন্য তিনিই দায়ী। এটা কিভাবে এড়ানো সম্ভব আমার তো মাথায় আসে না।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৯:৪৪ অপরাহ্ণ
@রৌরব,
ফারুক ভাই তো চেষ্টা করে যাচ্ছেন।
আমার মতে দায় এড়াতে পারেন মাত্র একভাবে; তিনি সৃষ্টির পর আর দুনিয়াদারির কোন ব্যাপার নিয়েই মাথা ঘামান না এটা মেনে নিলে।



ফারুক এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ১০:১৯ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আমার মতে দায় এড়াতে পারেন মাত্র একভাবে; তিনি সৃষ্টির পর আর দুনিয়াদারির কোন ব্যাপার নিয়েই মাথা ঘামান না এটা মেনে নিলে।
মানুষের দো'য়ার জবাব তিনি দেন , যদি দো'য়াকারীর জন্য ক্ষতিকারক না হয়।
আল্লাহ দুনিয়াদারির কোন ব্যাপার নিয়েই মাথা ঘামালে সমস্যা কোথায়? একটু ব্যাখ্যা করবেন প্লিজ।

রৌরব এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ১০:৩৯ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
হ্যাঁ, deist রা পার পেলেও পেতে পারেন, তবে আমি তো বলব এক্ষেত্রেও assumption গুলো খতিয়ে দেখলে সমস্যা দেখা দেবে।
মাথা ঘামান না, একথার অর্থ কি? মডেলটা মানুষের ক্ষেত্রে খাটে, ঈশ্বরের ক্ষেত্রে নয়। আমি একটা দালান বানালাম, দালান কিভাবে ঠিকঠাক পরিচর্যা করা যাবে তার একটা ম্যানুয়াল বানিয়ে দালানে যারা থাকবেন তাঁদের হাতে দিয়ে দিলাম, তারপর আর মাথা ঘামালাম না। এটা চলে, কারণ, দালানের ইট, কাঠ, সিমেন্ট; সেটা দাঁড়িয়া থাকবার জন্য প্রয়োজনীয় পদার্থবিদ্যার আইন, যাঁরা ম্যানুয়াল পড়বেন তাঁদের বুদ্ধি বা নির্বুদ্ধিতা – এসব আমার আয়ত্ব এবং দায়িত্ব দুটোরই বাইরে। আমি চলে যাবার পরে দালান যে দাঁড়িয়ে থাকবে, ধপাস করে পড়ে যাবে না, তার কারণ পদার্থবিদ্যার নিয়ম আমার উপর নির্ভরশীল নয়। আমি ঈশ্বরিক অর্থে স্রষ্টা নই, অস্তিত্ববান কিছু জিনিস ব্যবহার করেছি মাত্র।
কিন্তু স্রষ্টা ঈশ্বরের যে সাধারণ মডেল, সেখানে তিনি সবকিছুর স্রষ্টা এবং sustainer। তাঁকে ছাড়া "এমনি এমনি" তো কিছু চলতে পারেনা, কারণ "এমনি এমনি" বা default বলতে যা বোঝায়, এটাও তো তাঁরই সৃষ্টি, তাই না?

ফারুক এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ৯:৪৩ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
এখন আল্লাহ ইচ্ছে সুপথে পরিচালিত করেন যাকে ইচ্ছে বিপথে নেন। এত স্পষ্টভাবে আল্লাহ বলে দিচ্ছেন যে তিনিই যাকে খুশী সুপথ বা কুপথ দেখান আর আপনি তার কথাকে গুরুত্ব না দিয়ে স্বাধীন বিবেকের কথা আনছেন।
যাকে ইচ্ছে বিপথে নেন বা তিনিই যাকে খুশী কুপথ দেখান , এটা কোথায় পেলেন? একটু বল্বেন কি?
Now Allah leaves straying those whom He pleases এর অর্থ যে বিপথে আছে , সেখানেই তাকে থাক্তে দেয়া বা রেখে দেয়া। leave অর্থ রেখে দেয়া in a condition , in which he is. কোনমতেই এর অর্থ বিপথে নেওয়া বা কুপথ দেখান নয়। (এখন কিন্তু ভাবতে বাধ্য হচ্ছি আপনার হৃদয় সীল্ড হয়ে গেছে)

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৭, ২০১০ at ৮:১৬ অপরাহ্ণ
@ফারুক,
আমারো মনে হয় যে আমার হৃদয়ের সীল মারা আছে, নইলে আপনার সাথে এই নিয়ে তর্কের আর কোন মানে দেখি না।

Now Allah leaves straying those whom **He pleases** and guides whom **He pleases**
- He pleases (এখানে আল্লাহর ইচ্ছা) এর মানে যে মানুষের স্বাধীন কর্মফল তা আমার সীল মারা হৃদয়ে কিছুতেই ঢুকছে না। ঢুকবে তেমন সম্ভাবনাও দেখি না।
কেউ নিজ দোষে কুপথে যাবার পর তার ব্যাপারে আবার আল্লাহকে ইচ্ছা প্রকাশ করতে হবে কেন তা আপনিই ভাল বলতে জানেন। আপনার কথামত তো ঘটনা বান্দার ইচ্ছায় আগেই ঘটেই গেছে, আল্লাহ এর পরে ইচ্ছা করে খারাপ পথে রেখে দেন এর মানে কি?

ফারুক এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১২:২২ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,
- He pleases (এখানে আল্লাহর ইচ্ছা) এর মানে যে মানুষের স্বাধীন কর্মফল তা আমার সীল মারা হৃদয়ে কিছুতেই ঢুকছে না। ঢুকবে তেমন সম্ভাবনাও দেখি না।
দোষ আপনার না , সীল্ড হয়ে যাওয়ার কথাটা জোক করেই বলেছিলাম। মনে কিছু নিয়েন না।
দোষ আমার। আমার বক্তব্য ঠিকমতো উপস্থাপন করতে আমি ব্যার্থ।
আমি যেটা বুঝি , আল্লাহ সাধারনত মানুষের স্বাধীন কর্মকান্ডে হস্তক্ষেপ করেন না। কিন্তু তিনি ইচ্ছা করলে যখন ইচ্ছা হস্তক্ষেপ করে ফাইনাল রেজাল্ট বদলে দিতে পারেন , যেহেতু তিনি সর্বময় ক্ষমতার অধিকারী। অনেকটা এই রকম। ধরুন আমি একজন প্রগ্রামার। ভিডিও গেম বানাই। আমি খেটে খুটে একটি গেম বানালাম। আমার বস গেমটি approve করলে গেমটি আলোর মুখ দেখবে , মানে বাজারজাত হবে , অন্যথায় নয়। এমনকি গেম তৈরির সময়ে ও বস গেমটির কিছু রদবদল করতে পারেন। এখন বস যেহেতু গেমটি approve করেছেন , তাহলে গেম তৈরির কৃতিত্বটা কার ? আমার নাকি বসের? approve না করলে বাজে গেম তৈরির দোষটা কার ? আমার নাকি বসের? কিছু কি বোঝাতে পারলাম!!

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ৪:৪০ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ,
আর যে ব্যক্তি আল্লাহর ও তাঁহার রাসূলের আদেশ অমান্য করিবে এবং তাঁহার আহকাম লজ্ঘন করিবে, আল্লাহ তাহাকে অগ্নির মধ্যে দাখিল করিবেন। সে উহাতে অনন্তকাল থাকিবে এবং তাহার লাঞ্ছনাময় শাস্তি হইবে। (সূরা নিছা , ৪:১৪)
আর যাহারা কুফুরী করিবে এবং মিথ্যা সাব্যস্ত করিবে আমার হুকুম সমূহকে, তাহারা দোযখী হইবে, উহাতে তাহারা অনন্তকাল থাকিবে। (সূরা বাক্বারা , ২ : ৩৯)

9
মাহফুজ
জুলাই ১৪, ২০১০ সময়: ৭:০৫ অপরাহ্ণ লিঙ্ক
@ তানভী,
হাবিজাবি শব্দটির বিপরীত শব্দ কী হবে?
আমার মনে হয় বিপরীত শব্দটিই এখানে প্রযোজ্য।

*তানভী*এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ১০:৫৮ অপরাহ্ণ
@মাহফুজ,
যে পরিমান হাবিজাবি শুরু হয়েছে!! তাতে মনে হয় না নামে কোন ভূল ছিল!!

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ১১:২৩ অপরাহ্ণ
@তানভী,
এই মিয়া, নিজে বুঝো না বইলাই হাবিজাবি ?

*তানভী*এর জবাব:
জুলাই ১৭, ২০১০ at ১২:০৬ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ,
কি আর বলি মামু!! পোস্ট শেষ করলাম কি প্রশ্ন দিয়া! আর ফারুক ভাই ক্যাচাল করে কি প্রশ্ন নিয়া!! হায়রে কপাল! হাবিজাবি পোস্টে হাবিজাবি ঝগড়া!!

*ফারুক*এর জবাব:
জুলাই ১৭, ২০১০ at ৬:০৬ অপরাহ্ণ
@তানভী,শেষ পর্যন্ত ক্যাচাল করার দোষটা আমার ঘাড়েই চাপালেন?

10

ফরহাদ
জুলাই ১৭, ২০১০ সময়: ১১:৩২ পূর্বাহ্ণ লিঙ্ক
আল্লাহ কি করবেন , তা আল্লাহ-ই ভালো জানেন। আমি জানি , তিনি রাহমানুর রহিম ও আলা কুল্লি শাইয়িন কাদীর- দাতা ও দয়ালু এবং সর্বময় ক্ষমতার অধিকারী। সুতরাং anything can be expected from Him , how ridiculous it may sound.
এ মন্তব্যের পর এ আলোচনা আর চলতে পারে না।আপনি এ বাক্সে এখন হাতি ঘোড়া দৈত্য দানো আরশোলা টিকটিকি সবকিছু ফিট করে দিতে পারবেন।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=8801

অবিশ্বাসের হাবিজাবি- ২!!

তারিখ:১ শ্রাবণ ১৪১৭ (জুলাই ১৬, ২০১০)

লিখেছেন: তানভী

এই ফালতু ক্যাচাল নিয়ে আরো একটি পোস্ট লিখে ফেলা যায় সেটাই অবিশ্বাস্য!! দুনিয়ায় এত ভালো ভালো ব্যপার থাকতে ক্যান এই ফালতু ক্যাচাল নিয়ে পোস্ট দিচ্ছি জানি না। একবার এ ক্যাচাল শেষ করে নেই। তারপর ভালো কোন বিষয় না থাকলে পোষ্ট দেব না।

আগের পোস্টে কারন হিসাবে মাত্র ছোট খাট দুটি ব্যপার লিখেছিলাম। এবার আসেন আরো একটা মজার আর একটা কষ্টের কারন পড়ে নিন।

১ | **আদম ও শয়তান :** 'আদম ও শয়তান' বইটার কথা আগের পোস্টে একটু করে বলেছিলাম। আসেন এই বইয়ের ত্বরিকা অনুযায়ী মানব সৃষ্টির কাহিনী ও শয়তানের শয়তানে পরিনত হবার কাহিনী শুনি, আর মন দিল খুলে ইকটু হাসি!!
শত সহস্র বছর বসিয়া বসিয়া ঝিমাইবার পর আল্লাহ সুবাহনাল্লাতায়লার ইচ্ছা হইল তিনি হাদুম (আদম!!) সৃষ্টি করিবেন! তাহার বহু বৎসর পুর্বেই অবশ্য তিনি "হও" বলিয়া পিরথিবি, চন্দ্র,সূর্য ইত্যাদি সৃষ্টি করিয়া ফেলিয়াছেন! যাহা হউক, হাদুম বানানোর ইচ্ছা জাগিলে তিনি তাহার সব ফিরিশতা ও জ্বীনকূলের পরামর্শ চাহিলেন, যে ইহা কি উচিত কাজ হইতেছে কিনা! তাহারা আল্লাহ তায়লাকে প্রচন্ড ভাবে নিষেধ করিয়া বলিলেন," নাহা, নাহা!! আপনি হাদুম পাদুম সৃষ্টি করিবেন না! উহারা কিরকম কি হইবে কে জানে! হয়ত আপনাকে উহারা পেরেশানী করিয়া ছাইড়া দিবে!" এত নিষেধ সত্ত্বেও খোদা তাহাদের কথায় বিন্দুমাত্র কর্ণপাত না করিয়া তাহার সিদ্ধান্তে অটল রইলেন! এই সিদ্ধান্ত বাস্তবায়ন করিবার লক্ষ্যে তিনি তার চার বিশ্বস্ত ও মহান ফিরিশতা জিবরাইল,মিকাইল,ইস্রাফিল ও আজরাইলকে ডাকিলেন এবং তাহাদের বলিলেন," আঁই মেডি (মৃত্তিকা!) দিয়া হাদুম বানাইয়ুম!! (আল্লাকে আমার স্ব-গোত্রীয় নুয়াখাইল্লা ধরিয়া লইয়া!!)। তোঁয়ারা আঁর লাই জমিনের তুন মেডি তুলি লই আইবা!" তিনি প্রথমে জিবরাইলকে মৃত্তিকা আনিতে পাঠাইলেন, সে ব্যর্থ হইয়া ফিরিয়া আসিল! তাহার পর মিকাইল, সেও ব্যর্থ !! তাহার পর ইস্রাফিল, সেও ব্যর্থ!!! সব শেষে আজ্রাইল!! সে কিন্তু ব্যর্থ হয় নাই। সে মৃত্তিকা লইয়াই ফেরত আসিল। তো আল্লা তখন তাহাদিগকে জিগাইলেন!,"তোঁয়ারা খিল্লাই দরা হাইলা (কেন ব্যর্থ হয়েছ!)" তাহারা তিন জন(!!) সমস্বরে বলিয়া উঠিল," জাঁহাপনা!! জমিনের কাছে যাইয়া আমরা যখন মৃত্তিকা তুলিয়া আনিতে যাইবো তখনই মৃত্তিকা তারস্বরে চেঁচাতে এবং করুন সুরে কাঁদিতে লাগিল! তাহার এই ভয়াবহ করুন সুরের কান্দন (ক্রন্দন!) দেখিয়া আমরাও অশ্রু সজল হইয়া ফেরত আসিলাম! " তাহার পর আজ্রাইল কহিল," আমি গেলে মৃত্তিকা তখনও করুন সুরে ক্রন্দন করিতে থাকে! কিন্তু আমি ঐ হারামজাদির(মৃত্তিকা তো মাইয়াগো নামই হয়!!) ক্রন্দনে মোটেও কর্ণপাত না করিয়া তাহার মুখে ঝামটা মারিয়া এক খুবলা তুলিয়া লইয়া আসিয়াছি!!" এই ঘটনায় আজরাইলের নিষ্ঠুরতার প্রমান

পাইয়া সর্বজ্ঞ আল্লাহ তায়লা তাহাকে হাদুম সমাজের জান কুরবান করিবার দায়িত্ব নিয়োজিত করিলেন! তারপর তিনি বহু দিন ধরিয়া বহু যত্ন করিয়া নিজ হাতে(!!) হাদুমকে গড়িয়া তুলিলেন! হাদুমের শরীরে তিনি এরপর ফুৎকার দিয়া রুহু প্রবেশ করাইলেন। সে জীবিত হইল। এরপর তাহাকে তিনি নিজে ধরিয়া ধরিয়া যাবতীয় জ্ঞানের শিক্ষা দিলেন! এরপর সব শেষে তিনি তাহাকে ফেরেশতাকূল ও জ্বীনকূলের নিকট নিয়া গেলেন। তিনি তাহাদের বলিলেন,"হ্যাঁতে তোঁয়ারার তুন বেশি জ্ঞানী! হ্যাঁতেরে ব্যাকতে মিলি সিজদা গর!" তো তখন সব ফেরেশতাকূল ও জ্বীনকূল তাহাকে সিজদাহ করিল। কিন্তু একজন জ্বীন তখন ঐ হাদুম কে সিজদা করিতে অস্বীকার করিল। তাহার নাম ইবলিশ। সে বলিয়া উঠিল," আমি আপনার আজ পর্যন্ত সবচেয়ে বড় উপাসক। প্রার্থনা,উপাসনা, জ্ঞানে গরীমায় আমি আর সবার তুলনায় অনেক আগাইয়া! তাহার উপর বড় কথা হইল আমি আগুনের তৈরি আর ঐ হাদুম হইল নোংরা মৃত্তিকার তৈরি ! ইইয়াক থু!! তাহাকে আমি কিভাবে সিজদা করি!! ইহা অসম্ভব!!" এই ঘটনার পর আল্লাহ ইবলিশের উপর অতি মাত্রায় ক্রুদ্ধ হইলেন। এবং অহংকারের কারনে এবং আল্লাহর আদেশ অমান্য করিবার কারনে তাহাকে বেহেশত হইতে বাহির করিয়া দিলেন এবং হাদুম কে তাহার প্রাপ্য স্বরুপ বেহেশতে স্থান দিলেন।

এটা গেল মোটামুটি আদম সৃষ্টির কাহিনী। আমার হাস্যকর ভাষাবিকৃতি ছাড়া এটাই মূলত ঐ বইয়ের প্রথম অংশের মূল বক্তব্য। এবার আসেন মেডিকেলের ডেডবডি কাটার মত এটাতেও কিছু কাটাছেড়া চালাই!

* প্রথম গিয়াঞ্জাম!- আল্লাহ তায়লা 'হও' বলিলেই সব কিছু হইয়া যায়। এই বিশ্বব্রহ্মাণ্ড তিনি 'হও' বলিয়াই সৃষ্টি করিয়াছেন। সেই সময়ে কিন্তু তাহার কোন উপাদান (যেমনঃ মেডি) ছিল না বা প্রয়োজনও হয় নাই। 'হও' বুলিয়াচ্চেন খালি, তারপর হইয়া গিয়াচে!! তাহা হইলে হাদুম বানাইতে তাহার ক্যান মেডি লাগিল!!

* দ্বিতীয় গিয়াঞ্জাম! - তিনি হও বলিলেই যখন সব অটোমেটিক হইয়া যায় তখন আদম সুরত সৃষ্টিতে তাহার নিজের হাতের অতীব যত্নের প্রয়োজনীয়তাটা কোথায়? (তাহার আবার হাত ও আছে!!!)

* গিয়াঞ্জাম নম্বর থ্রি!- তিন তিনটা ফিরিশতার পো মহান(!!) ও সর্বশ্রেষ্ট বিচারক (!!) আল্লাহ তায়লার গুরু আদেশ অমান্য করিয়া, শুধু মাত্র সামান্য মৃত্তিকার ক্রন্দন শুনিয়া খালি হাতে আল্লাহ তায়লার সামনে আসিয়া বাজে কৈফিয়ত দেখাইল, আর আল্লাহ তায়লা তাহাতে সামান্য রাগিলেনও না!!! তাহাদের নুন্যতম কোন প্রকারের শাস্তিও দিলেন না!! বড়ই আজিব!!

* গিয়াঞ্জাম নম্বর ফুর!- ইবলিশ যে ঐ হাদুমের পো রে সিজদা করে নাই। তাহাতে আমি মূলত দোষের কিছু দেখি না। আসেন কারনটা শুনি।

ধরেন আপনি একটা অফিসে চাকরি করেন অনেক দিন ধরে। আপনি অত্যন্ত বিশ্বস্ত কর্মচারী। আপনার নামে কোন ব্যাড রেকর্ড নাই। কোন আজেবাজে কাজে আপনি সময় নষ্ট করেন না। এত কিছু করে আপনি মহা খুশি যে এবার আপনার প্রমোশন হবেই!! কারন আপনার উপরের পোষ্ট খালি,

আপনার নামে কোন ব্যড রেকর্ড নাই এবং প্রমোশন লিস্টে আপনার নাম অনেকদিন ধরেই। তো এমন অবস্থায় হঠাৎ একদিন আপনি দেখলেন যে আপনার বস আপনার উপরের খালি পোষ্টে কোত্থেকে একটা চ্যাংড়া পুলা (হয়ত তার আত্মীয় স্বজ ন কেউ!) ধরে এনে বসিয়ে দিয়ে বললেন," এ আপনাদের নতুন বস, এ আপনাদের থেকে অনেক বেশি জানে (মূলত সে একটা চ্যাংড়া পুলা , এবং এর আগে তার আর কোথাও চাকরির অভিজ্ঞতা নাই) তাই আসতে যাইতে দুই বেলা করিয়া তাকে আপনারা স্লামালাইকুম বলিবেন!! নাইলে আপনাদের চাকরি খায়া দিমু!! " এ অবস্থায় আপনি কি করবেন? প্রতিবাদ করবেন? নাকি চাকরির ভয়ে চুপ করে বসে থাকবেন? কোনটা করা উচিৎ বলে আপনি মনে করেন? আর আপনার বস ও যে আপনাকে রেখে একটা চ্যাংড়া পুলারে আপনার প্রমোশন পোষ্টে বসিইয়ে দিল, সেটাও কি উচিৎ বা মানবিক হয়েছে বলে আপনার মনে হয়? তাহলে এবার বলেন দেখি ইবলিশের দোষটা কোথায়!!!!!!??????
এ ঘটনার পরম্পরায় আরো কিছু ফাজলামি আছে। এগুলো এত বেশি জরুরী নয় বিধায় বাদ দিয়ে গেলাম।
এটা গেল ফাজলামি অংশ। আসুন এবার একটু সিরিয়াস ক্যাচালে আসি।

২ | **হিজড়া সম্প্রদায়:** এই উপশিরোনামটুকু লেখার পর আসলে আর কোন কিছু লেখার প্রয়োজন আছে কিনা তা আমার জানা নেই। তারপরও আসুন কিছু কমন ক্যাচাল শুনি। প্রকৃতির এক অদ্ভুত সৃষ্টি এই হিজড়া সম্প্রদায়। দেখলে করুনাই হয়! সমাজে তাদের কোন স্থান নেই ,পিতা মাতারাও তাদের ত্যাজ্য করে। বেঁচে থাকার তাগীদে তাদের কে অদ্ভুত অদ্ভুত সব সাজপোশাকে দল বেঁধে ঘুরে ঘুরে বিভিন্ন স্থান থেকে জোর করে টাকা ছিনতাই করে নিয়ে জীবন চালাতে হয়। আমরা হয়ত যেকোন ভাবে জীবনের একটা অর্থ দাঁড়া করে নিতে পারব। কিন্ত তাদের কাছে জীবনের অর্থ কি দাঁড়ায়?
সত্যকথন!- প্রথমে এই ছোট প্যারাটুকু তে একটা মিথ্যা কথা লেখার পর মনে হল সত্যিটাই লিখে দেই। বাস্তবতা নিয়েই যখন লিখছি, তখন আর সত্য লুকিয়ে কি লাভ! মিথ্যাটুকু হল যে হিজড়াদের দেখলে করুনা হয় অথবা খারাপ লাগার অনুভুতি হয়। আর সত্যটা হল যে সামান্য করুনা তো দূরে থাক, হিজড়াদের দেখলে আমার ঘেন্না হয়, কাছ দিয়ে যাওয়ার সময় ভয় হয়। অনেকটা তেলাপোকা বা টিকটিকি দেখলে বা গায়ের কাছে উড়ে আসলে যেরকম ঘেন্না হয়, সেইরকম টাইপের ঘেন্না হয় হিজড়া দেখলে। দূর থেকে দেখলে হয়ত কিছু করুনা হয় , তবে সেটা ঘেন্নার কাছে শেষ পর্যন্ত হেরে যায়। আমি আমার সত্যিটুকু বললাম, অন্যদের চিন্তাভাবনা আমার জানা নেই। তবে আমার মনে হয় বেশিরভাগ মানুষের সাথে আমার মতামত মিলে যাবে, যদিও কমবেশি সকলেই অস্বীকার করবে! আসলে এই ঘেন্নার পিছনে আমার তেমন কোন হাত নেই। আমার সমাজ আমাকে ঘেন্না করতে শিখিয়েছে,বহু দিনের শিক্ষা ধীরে ধীরে ছেড়ে দেয়ার চেষ্টা করছি। যা হোক, আসল কথা হল যে, সৃষ্টিকর্তার মত এমন এক মহান সত্তা, সর্বজ্ঞ সর্বজ্ঞানী সত্তা কেন এই হিজড়া সম্প্রদায়কে পৃথিবীতে পাঠান। এরকম ভূল (!!!সৃষ্টিকর্তার ভূল!!!!) একটা দুটো হলে এক কথা ছিল। কিন্ত এই ভূল তো হাজারে হাজারে। তাহলে কি দাঁড়াচ্ছে? সৃষ্টিকর্তা ইচ্ছা করেই তাদের এই পৃথিবীর বুকে পাঠিয়েছেন!!!!! এবার আমি "বিশ্বাসী" দের কাছে জানতে চাই, আপনারা আপনার সৃষ্টিকর্তার পক্ষে সাফাই গাইবেন। তার এই নির্মম সৃষ্টির পক্ষে যুক্তি দেবেন। হাবিজাবি যুক্তি বা হাস্যকর যুক্তি দেবেন না, যেসব যুক্তি দেবেন সেগুলো অন্তত একবার নিজের কাছে গ্রহনযোগ্যতা পায় কিনা সেটা ভেবে

দিয়েন। হাদিস কোরানেও ঐ হিজড়াদের নিয়ে যেসব কথা লেখা আছে তাও চাইলে সাহস করে দিয়ে দিতে পারেন!!! যদিও আশা করি তাতে আপনাদের পথ আপনারাই বন্ধ করে দেবেন!!
সবচেয়ে মজার ব্যপার হচ্ছে যে আমি এই প্রশ্ন আরেকটা পোষ্টের কমেন্টে দিয়েছিলাম, তখন কেউ জবাব দেয়নি। তাই এবার পোষ্ট লিখেই দিয়ে দিলাম। দেখা যাক কি আসে!!

যা হোক, পোষ্ট অনেক বড় হয়ে যাচ্ছে। তাই আরো অনেক কথাবার্তা মাথায় থাকা সত্ত্বেও দিচ্ছি না। ভবিষ্যতে কোন পোস্টে হয়ত আবার কখনো আর সব কথা বলব।

কমেন্ট

তানভী

জুলাই ১৭, ২০১০ সময়: ১২:১৫ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি চাই, ফাজলামো অংশটা নিয়ে কোন বিতর্ক না হোক, কারন ওটা অনেকটা মিথ বা রূপকথার মত। লোক মুখে পরিবর্তিত হওয়া অস্বাভাবিক নয়। তাই রূপকথা নিয়ে বিতর্ক না করাই সবচেয়ে ভালো (যদিও ধর্মের সব ব্যপারকেই আমার ভৌতিক রূপকথা ছাড়া আর তেমন কিছু মনে হয় না)

আমি চাই আমার কষ্টের অংশটুকু নিয়েই কথা আসুক এবং বিতর্ক হোক।

*ফুয়াদ*এর জবাব:
জুলাই ১৭, ২০১০ at ১০:১৭ পূর্বাহ্ণ

@তানভী,

"সত্যকথন!" এই অংশের জন্য লাল গোলাপ

*তানভী*এর জবাব:

জুলাই ১৮, ২০১০ at ১:২০ পূর্বাহ্ণ

@ফুয়াদ,
ঝেড়ে কাশুন......নিরবতা মোটেও কাম্য নয়।

লাল গোলাপের জন্য ধন্যবাদ।

2

সৈকত চৌধুরী

জুলাই ১৭, ২০১০ সময়: ২:১১ পূর্বাহ্ণ লিঙ্ক

আদম-হাউয়া সম্পর্কে সূরা বাকারা(২) এর ৩০ নং আয়াত হতে ৩৯ নং পর্যন্ত রয়েছে। এখানে বলা আছে আদম সৃষ্টির ব্যাপারে ফেরেশতারা আপত্তি জানালে আল্লা আদমকে তৈরী করার পরে বিভিন্ন বস্তুর নাম শিখিয়ে দিলেন। আতঃপর ফেরেশতাদের এগুলোর নাম জিজ্ঞেস করলে ফেরেশতারা বলতে পারল না(কেননা আল্লা তাদের শিখান নি)আর আদমকে জিজ্ঞেস করলে আদম পারলেন। পরে আল্লা ফেরেশতাদের নির্দেশ দিলেন আদমকে সম্মান করে সেজদা দিতে।
এখানে একটা গ্যাঞ্জামে পড়ে গেলাম। আল্লা আদমকে জিনিসগুলোর নাম শেখালেন আর ফেরেশতাদের শেখালেন না। এখন জিজ্ঞেস করলে আদম নামগুলো বলে দিতে পারলেন ফেরেশতারা পারলেন না। এ পরীক্ষায় আদম ফেরেশতাদের চেয়ে শ্রেষ্ট হলেন কিভাবে? আর এইসব ফাজলামো পরীক্ষা কি আল্লার জন্য শোভা পায়?
যথারীতি ২:৩৯ এ মহান থ্রেট দেয়া হয়েছে-
আর যাহারা কুফুরী করিবে এবং মিথ্যা সাব্যস্ত করিবে আমার হুকুমসমূহকে , তাহারা দোযখী হইবে, উহাতে তাহারা অনন্ত কাল থাকিবে।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৭, ২০১০ at ৬:৪১ অপরাহ্ণ

@সৈকত চৌধুরী,

ফেরেশতাদের পরীক্ষা বা তাদের মতামত নেওয়াটা আমার আল্লাহর মূল ধারনার সাথে আমার সবসময়ই সাংঘর্ষিক মনে হয়।

ফেরেশতারা আল্লাহর ইচ্ছায় আপত্তি জানায় কিভাবে? আল্লাহই বা ফেরেশতাদের ইচ্ছা অনিচ্ছার গুরুত্ব দেন কেন?

ইসলামী থিয়োরী মতে যা জেনে এসেছি তা হল যে ফেরেশতাদের কোন স্বাধীন চিন্তাশক্তি নেই। তাদের ভুমিকা অনেকটা রোবটের মত, কেবলমাত্র যা নির্দেশ দেওয়া হয় তাই পালন করতে পারে। এ কারনেই কেয়ামতের পরে মানব ও জ্বীন জাতির মত তাদের বিচার আচার হবে না। কেয়ামতের সময় সব ফেরেশতাই মৃত্যুবরন করবেন।

কাজেই আল্লাহ ফেরেশতাদের মতামত নেন আবার ফেরেশতারা আল্লাহর ইচ্ছায় দ্বি-মত প্রকাশ করেন কেমন জানি লাগে।

ভবঘুরে এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১:৪৬ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ

ইবলিস তো ফেরেস্তা ছিল না। ছিল জ্বীন যার স্বভাব অনেকটা মানু ষের মত। তাই তার স্বাধীন চিন্তা ভাবনা ছিল ঠিক মানুষের মতই। কোরান হাদিসের এত আদেশ নিষেধ ও দোজখের আগুনের ভয় থাকতেও আপনারা যেভাবে আল্লাহ , তার নবী ও আসমানী কিতাব নিয়ে মস্করা করেন , অবজ্ঞা করেন, ইবলিস সেরকমই মনে হয় কিছু করেছিল। এতে ত আমি অযৌক্তিক কিছু দেখি না ।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৭:২৮ অপরাহ্ণ

@ভবঘুরে,

আমার সমস্যা ইবলিস নিয়ে নয়। বুঝি যে যেহেতু সে পরে ফেরেশতা ষ্ট্যাটাস পেলেও গঠনগত ভাবে সে জ্বীন। কাজেই তার স্বাধীন বিচার বুদ্ধি আছে। কোন কনফ্লিক্ট নেই।

মুশকিল হল আসল ফেরেশতাদের নিয়ে। তাদের তো কোন স্বাধীন বিচারবুদ্ধি নেই। তারা জ্বীন বা মানুষ কোনটাই নয়, তাদের অনেকটা প্রোগ্রাম করা রোবটের মত। আল্লাহর কথার বাইরে যাওয়ারও তাদের কোন ক্ষমতা দেওয়া হয়নি।

এই স্বাধীন বিচারবুদ্ধিহীন ফেরেশতাকুলের কাছে আল্লাহ তার মানুষ নি য়ে নুতন এক্সপেরিমেন্টের মহাপরিকল্পনা পেশ করেন কেন?

ফেরেশতারাও দেখা যায় কিভাবে যেন দুনিয়ায় মানুষ পাঠানোর ফলাফল অনেকটাই নির্ভুলভাবেই ভবিষ্যতবানী করে ফেরেছিলেন। স্বাধীন বুদ্ধিবিবেকহীন ফেরেশতাদের মতামত জানতে চাওয়া , ফেরেশতাদেরও এমন প্রায় নিখুত ভবিষ্যতবানী কিভাবে সম্ভব?

3

ব্রাইট স্মাইল্

জুলাই ১৭, ২০১০ সময়: ৩:০৪ পূর্বাহ্ণ লিঙ্ক

@তানভী,
হাসাতে তো আপনিও কম যান্ না। আপনার আদম সৃষ্টির কাহিনী পড়ে দারুন ফান হলো।

তো যাঁদের কাছ থেকে আপনি উত্তর আশা করছেন তাদের নতুন করে কিছু বলবার আছে বলেতো মনে হয়না। লক্ষ বার শোনা একটাই কথা, সবই সৃষ্টিকর্তার ইচ্ছা, তিনি জানেন তিনি কি করছেন এবং কেন করছেন। তিনি সর্বজ্ঞ.........ইত্যাদি ইত্যাদি। যেসব যুক্তি তাঁরা দিবেন সেগুলোকে হাবিজাবি বা হাস্যকর বলতে পারেন, তবে সেগুলো হবে সবই যুক্তিহীন যুক্তি।

4

ভবঘুরে

জুলাই ১৭, ২০১০ সময়: ৪:৩০ পূর্বাহ্ণ লিঙ্ক

অনেক দিন পর মন খুলে হাসলাম ভাই। দারুন উপভোগ্য হয়েছে ।

5

আল্লাচালাইনা

জুলাই ১৭, ২০১০ সময়: ৭:৪৭ পূর্বাহ্ন লিঙ্ক

হাদুম পাদুম শব্দটা পছন্দ হয়েছে। নিজের আবিষ্কার নাকি ? নিজের হলে সাধুবাদ জানুন। নিজের না হলেও যথার্থ প্রয়োগের জন্য সাধুবাদ জানুন।

*তানভী*এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১:২৪ পূর্বাহ্ন

@আল্লাচালাইনা,

শব্দটা মোটামুটি পুরোনোই বলা যায়। বাংলা ব্লগেরই সৃষ্টি। আমি শুধু নতুন ভাবে প্রয়োগ করলাম মাত্র।

6

ফরহাদ

জুলাই ১৭, ২০১০ সময়: ১২:০৮ অপরাহ্ন লিঙ্ক

@তানভী
ফেরেশতাদের এত ভোদাই ভাবছ কেন? তারা এসব ক্ষেত্রে আল্লাহর চেয়ে বেশী জানত।

“২:৩০:আর তোমার পালনকর্তা যখন ফেরেশতাদিগকে বলিলেন: আমি পৃথিবীতে একজন প্রতিনিধি বানাতে যাচ্ছি, তখন ফেরেশতাগন বলল, তুমি কি পৃথিবীতে এমন কাউকে সৃস্টি করবে যে দাঙ্গা হাঙ্গামার সৃস্টি করবে এবং রক্তপাত ঘটাবে ? অথচ আমরা নিয়ত তোমার গুনকীর্তন করছি। তিনি বলিলেন,নিঃসন্দেহে আমি জানি, যা তোমরা জান না। ”
কার কথা খাটল? আল্লাহর? না ফেরেশতার?

ভবঘুরে এর জবাব:
জুলাই ১৭, ২০১০ at ১২:২৯ অপরাহ্ন

@ফরহাদ,
মনে তো হচ্ছে আল্লাহর চাইতে ফেরেস্তারা বেশী জ্ঞানী ছিল। নইলে তারা জানল কেমনে মানুষ দুনিয়াতে ফ্যাসাদ সৃষ্টি করবে ?

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৬:৫২ অপরাহ্ন

@ভবঘুরে,

মনে তো হচ্ছে আল্লাহর চাইতে ফেরেস্তারা বেশী জ্ঞানী ছিল। নইলে তারা জানল কেমনে মানুষ দুনিয়াতে ফ্যাসাদ সৃষ্টি করবে ?

মনে হচ্ছে মা’নে, ১০০% সত্য কথা।

আর এও সত্য যে, আল্লাহ শয়তানের চেয়ে দূর্বল, আল্লাহ শয়তানের কাছে পরাজিত। হিসেবটা খু বই সোজা। পৃথিবীর মোট জনসংখ্যা কত, তার মধ্যে মুসলমান কত জন, আর এই মুসলমানদের ৭২ ভাদের এক ভাগ হলো আল্লাহর পক্ষের মানুষ বাকি সব শয়তানের পক্ষে।

কে বেশী শক্তিশালী?



*ব্রাইট স্মাইল্*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৭:৩৬ অপরাহ্ণ

@ফরহাদ,

“২:৩০:আর তোমার পালনকর্তা যখন ফেরেশতাদিগকে বলিলেন: আমি পৃথিবীতে একজন প্রতিনিধি বানাতে যাচ্ছি, **তখন ফেরেশতাগন বলল, তুমি কি পৃথিবীতে এমন কাউকে সৃস্টি করবে যে দান্গা হান্গামার সৃস্টি করবে এবং রক্তপাত ঘটাবে?**অথচ আমরা নিয়ত তোমার গুনকীর্তন করছি। তিনি বলিলেন,নিঃসন্দেহে আমি জানি, যা তোমরা জান না। ”

আচ্ছা আমার মনে একটা প্রশ্ন আসল, আদম সৃষ্টির আগে কি আল্লাহর অন্য কোন সৃষ্টি ছিল যেটার অভিজ্ঞতা থেকে ফেরেশতাগন বলল যে আল্লাহর এই সৃষ্টি হান্গামার সৃস্টি করবে এবং রক্তপাত ঘটাবে। তা নইলে ফেরেশতাগন জানল কি করে যে আল্লাহর সৃষ্টি হান্গামা করে ও রক্তপাত ঘটায়।

7

আতিক রাঢ়ী

জুলাই ১৭, ২০১০ সময়: ১:৪৪ অপরাহ্ণ লিঙ্ক

ফাটাফাটি লেখা। দারুন লেখা। লেখার হাত খুলে গেছে মিয়া। চলুক।

*তানভী*এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১:৩৮ পূর্বাহ্ণ

@আতিক রাঢ়ী,
চলবে নাহ্ । এই সিরিজ যত তারাতারি শেষ করা যায় ততই মঙ্গল। আমি শুধু মাথা থেকে এগুলো বাইর করে দেয়ার জন্যই এই হাবিজাবি পোস্টগুলো দিচ্ছি। এগুলো অনেকদিন শুধু মাথায় ঘুরঘুর করছিল। তাই ভালো কোন বিষয়ের দিকে আর নজর পরছিল না। তাই এগুলোকে এখন বিদায় জানাচ্ছি, যাতে করে ভবিষ্যতে ভালো কিছু লেখার দিকে মন যায়।

8

নিটোল

জুলাই ১৭, ২০১০ সময়: ২:১২ অপরাহ্ণ লিঙ্ক

প্রথম পর্বও ভালো লেগেছে, কিন্তু এবারেরটা বোধহয় একটু বেশি ভালো হয়েছে। লেখা চলুক।

'হাদুমে'র কাহিনী দারুণ মজার হয়েছে। আমার কি মনে হয় জানেন? আমার মনে হয়- পৃথিবী থেকে ধর্ম নামের অগাছা দূর হয়ে মানবতা প্রতিষ্ঠিত হবে তখন এই 'হাদুমে'র কাহিনীগুলো রম্যকাহিনী হিসেবে বাচ্চাদেরকে পড়ানো হবে! তানভীকে অভিনন্দন। তিনি ভবিষ্যতের সাহিত্য আমাদেরকে এখনই শোনাচ্ছেন!!

*তানভী*এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১:৩৩ পূর্বাহ্ণ

@নিটোল,
আসলে আমাদের ভবিষ্যতে যাবার বোধহয় খুব একটা দরকার নেই! ধর্মবাদীরাই অলরেডি এই গল্পগুলোকে রূপকথা বানিয়ে ফেলেছে!! একেক জন বিশ্বাসী এক এক রকম গল্প বলে!! কেউ জানেনা যে আসল ঘটনা কোনটা!! যে যারটা নিয়ে খুশি!
এটাতো রূপকথারই বৈশিষ্ট!

9

তানভীরুল ইসলাম

জুলাই ২১, ২০১০ সময়: ৫:২০ অপরাহ্ণ লিঙ্ক

আমি লেখাটার শুধু দ্বিতীয় অংশটা পড়েছি-

হিজড়াদের দেখলে আসলেই আমার খুব মায়া হয়। খুব ছোটোবেলায় এলাকাতে ওরা আসতো বাচ্চাদের নাঁচাতে। একরকম সংস্কৃতিক ব্যাপার ছিলো ওটা আমাদের যশোর অঞ্চলে। সবাই ভাবতো এতে মঙ্গল হয়। মানে, এই অভাগা কিছু মানুষ সেই নবজাতকের দুর্ভাগ্যটাও নিজেদের করে নিলো।

আমার মেঝ বোনকে যেবার নাচাতে এলো তখন আমি খুব ছোটো। ভয় ভয় পাইনি তখন স্রেফ কৌতুহল নিয়ে দেখেছি। এর পরে আশে পাশের বাসায় আসতে দেখলে ভয়ও পেতাম। তারপর আমার একেবারে ছোটোবোনটা হওয়ার পরে যখন হিজড়ারা এলো। তখন কিছুটা বড় হয়েছি। বুঝতে শিখেছি। ওরা নাচগান করতে চাচ্ছে, মা দিচ্ছে না। কত টাকা দেবে এ নিয়েও দরকষাকষি চলছে। এমন সময় দেখি ওদের মধ্যে অপেক্ষাকৃত কমবয়সী একজন কেঁদে ফেলেছে। না টাকা নিয়ে ঝামেলা র জন্য না। অন্য কিছুর জন্যও না। প্রচণ্ড গ্লানিতে। কী একটা জীবন যে বয়ে নিয়ে চলেছে , সেই গ্লানি।
সেদিন বুঝেছি, ওদের যে উদভট আচরণ, যেটা দেখে অনেকেই কিছুটা ঘেন্নাই বোধ করে। ওটা আসলে এক ধরণের ডিফেন্স মেকানিজম। যতটা না সমাজের থেকে তার চেয়ে বেশি নিজের থেকে। 'আমিওতো মানুষই' এই কথাটাই যেন কখনো মনে না আসে তাই। এর পর থেকে হিজড়া কাওকে দেখলে সেই গ্লানিটাই ভর করে বারবার।

সুন্দর ভাবে বাঁচার সুযোগ দিলে ওরাও একটা মেধাবী , কর্মময় ও সৃষ্টিশীল জীবন যাপন করতে পারতো।

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৬:১৩ অপরাহ্ণ

@তানভীরুল ইসলাম,

ওদের যে উদভট আচরণ, যেটা দেখে অনেকেই কিছুটা ঘেন্নাই বোধ করে। ওটা আসলে এক ধরণের ডিফেন্স মেকানিজম। যতটা না সমাজের থেকে তার চেয়ে বেশি নিজের থেকে। 'আমিওতো মানুষই' এই কথাটাই যেন কখনো মনে না আসে তাই। এর পর থেকে হিজড়া কাওকে দেখলে সেই গ্লানিটাই ভর করে বারবার।

সুন্দর ভাবে বাঁচার সুযোগ দিলে ওরাও একটা মেধাবী , কর্মময় ও সৃষ্টিশীল জীবন যাপন করতে পারতো।

কি অসাধারণ, হৃদয় ছোঁয়া কথা। আপনার মত মানুষকে মানুষ হিসেবে দে খার এমন চোখ সকলের নাই।

10

ভবঘুরে

জুলাই ২১, ২০১০ সময়: ৬:০১ অপরাহ্ন লিঙ্ক

আমিও বুঝতে পারি না , কোরানে বার বার জোড়ায় জোড়ায় সব কিছু সৃষ্টির কথা বলা হয়েছে , অথচ জোড়ায় জোড়ায় তো সব কিছু সৃষ্টি হয় নি। এই যেমন হিজড়া , এরা না পুরুষ না নারী। যাদেরকে আমরা ক্লীব লিঙ্গ বলি। তো এদের কথা আল্লাহ বেমালুম ভুলে গেলেন। সেটা কেমন করে হয় !বিশেষ করে মানুষ যখন আল্লাহর সৃষ্টির সেরা জীব !

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=8874

অবিশ্বাসের চরমপন্থা!

তারিখ: ৫ শ্রাবণ ১৪১৭ (জুলাই ২০, ২০১০)
লিখেছেন: তানভী

অবিশ্বাস নিয়ে অনেক তামাশা মশকরাতো হল। এবার কিছু চরম বিষয় নিয়ে আসুন ঝগড়া বাধানোর চেষ্টা করি। আগের পোস্ট দুটোতেই অনেক গালগল্প হয়েছে। আর না। গালগপ্পো শেষ করে আসুন ইকটু চিৎকার করে গলা ফাটাই। ধর্ম,কোরান, বেদ, বাইবেল নিয়ে হাজারো পয়েন্ট মাথায় খেলা করে। কিন্তু সেগুলো আমি যথা সম্ভব উহ্য রাখার চেষ্টা করব। কারন ওসব বাল্যশিক্ষার বইয়ের কোন গুরুত্ব আমার কাছে নেই।
এবার আমি চিৎকার করতে চাই, জবাব চাই। তাই এবার আর "হাবিজাবি" নয়, এবার 'চরমপন্থা'!
প্রশ্ন-
১- পুরোনোটা আবার দিয়েই শুরু করি। হিজড়া সম্প্রদায় সৃষ্টির পেছনে সৃষ্টিকর্তার গূঢ় উদ্দেশ্য কি ? তাদের কে এরূপ সীমাহীন কষ্ট ও দূর্ভোগের ভেতর ফেলানোর উদ্দেশ্যই বা কি! ?
২- বিকলাঙ্গ ও অসুস্থ মানুষ সৃষ্টির উদ্দেশ্য কি? ডিসকভারি চ্যানেলে একটা প্রোগ্রাম দেখায় 'My Shocking Story' শারীরিক অস্বাভাবিকতা (বিকলাঙ্গতাতো বটেই, বরং তার চেয়েও বেশি কিছু) নিয়ে। কারো মাথার সাইজ বেঢপ,কোন মহিলার পুরো শরীর (মুখ সহ) অবাঞ্ছিত লোমে ভর্তি, কারো গা দিয়ে যেন মাংস গলে গলে পরছে!! একজন সুস্থ মস্তিস্কের সৃষ্টিকর্তা কিভাবে এধরনের সৃষ্টি করেন ? মানুষ গুলোকে সারা জীবন কি পরিমান ভয়াবহ জীবন যাপন করতে হয় তার কি কোন সীমা আছে ?!

৩- বুদ্ধি প্রতিবন্ধী সৃষ্টির পেছনেই বা সৃষ্টিকর্তার উদ্দেশ্য কোথায় ? অনেকে বলে বাবা-মায়ের পাপের ফল নাকি এই সব শারীরিক ও মানসিক প্রতিবন্ধী মানুষ!! আরো মজার কথা পড়েছি 'মোকসেদুল মোমেনিন' বা 'বেহেশতি জেওর' এ!! ওখানে 'স্বামী-স্ত্রীর সম্পর্ক' অংশে লেখা আছে যে, স্ত্রীকে উপরে রেখে (!!!) রাত্রী যাপনে নাকি বিকলাঙ্গ সন্তান হয় (আসলে এটা লিখতে চাইনি। কিন্তু এত ফানি একটা ব্যখ্যা এড়াতেও পারলাম না। এই অংশের জন্য ক্ষমাপ্রার্থী)!!!! স্ত্রীর-সাথে স্বামীর আরো যৌন সঙ্গমের আরো বহু নিয়ম কানুন ঐ বইতে দেয়া আছে, ওগুলো না মানলে নাকি সন্তান আন্ধা, কালা, বোবা, খোঁড়া এরকম হয়!! (আরো অতিরিক্ত ফানি টাইপ কিছু কথা ঐসব বইতে লেখা ছিল , কিন্তু বেশি পরিমান খোলামেলা হয়ে যায় বলে দিতে সাহস পাচ্ছি না!!!!) এসব কথার আদৌ কি কোন অর্থ আছে? বাবা-মা যাই করুক না কেন, সন্তান কে কি হিসাবে তাদের পাপের বোঝা বহন করতে হয়? তাও আবার এই অমানবিক কায়দায়?

৪- বাংলাদেশে প্রতি বছর বন্যায় ভেসে যাচ্ছে, আর আফ্রিকার মরুভূমি, সুদানের দারফুর এসব জায়গায় মানুষ পানির অভাবে মারা যাচ্ছে! এটা কোন ধরনের সুন্দর সৃষ্টি ? পরিকল্পিত সৃষ্টির এই দশা!! আমরা পানির যন্ত্রনায় মারা যাচ্ছি, আর তারা পানি না পেয়ে শুকিয়ে মারা যাচ্ছে!! হায়রে আমার বুদ্ধিমান সৃষ্টিকর্তা!

৫- মানুষ সৃষ্টির সেরা জীব! ভালো কথা, তাহলে মানুষেরও কেন অন্যান্য প্রাণীর মতই সব কিছু করতে হয়? মানুষের বর্জ্য পরিত্যাগের ব্যপার না থাকলে কি কোন অসুবিধা ছিল ? এই যে বর্জ্য পরিত্যাগের পেছনে আমাদের খাদ্যের বিশাল একটা অংশ মাঠে মারা যাচ্ছে, এর কি কোন অর্থ আছে? বর্জ্য পরিত্যাগ করতে না হলে মানুষকে তুলনা মুলক কম খে তে হত, তাতে খাদ্যের অপচয় কি কিছুটা হলেও কমত না?

৬- আসলে ৫নম্বর পয়েণ্টটার মূলত কোন অর্থ নেই। কারন মানুষকে গাছের মত নিজের খাদ্য নিজেকেই উৎপাদন করতে দিলে ব্যপারটাকি আরো ভালো হত না? তাতে খাদ্যের অভাবে অন্তত কাউকে মরতে হত না। খাদ্যের দখল নিয়ে মারামারিও হত না। খাদ্যে ভেজাল দেয়ারও কোন ব্যপার থাকতো না!!!

৭- ৬নম্বর পয়েন্ট দেখে অনেকেই হয়ত বলবেন যে, এসব রেখে আসলে সৃষ্টিকর্তা মানুষকে পরীক্ষা করছেন!! কোন মানুষের অনেক সম্পত্তি আছে, তার খাওয়া পড়ার কোন অসুবিধা নেই। সে তার পাশের ক্ষুদার্ত মানুষটাকে সাহায্য করছে কিনা সেইটা পরীক্ষা করার জন্যই সৃষ্টিকর্তা ক্ষুদার্ত মানুষ রেখেছেন!!!(কি ভয়াবহ ধরনের আজব যুক্তি!! আরে ভাই , একজনকে পরীক্ষা করতে যেয়ে আরেকজনকে চরম কষ্টে রাখার অর্থটা কোথায়!!!!) এ প্রশ্নের জবাব কি আছে?

৮- সৃষ্টিবাদীরা বলেন সৃষ্টিকর্তা কতই না সুন্দর করে এই পৃথিবী সৃষ্টি করেছেন!! কতই না পরিকল্পিত তার সৃষ্টি!! কত গোছানো সাজানো! এই ফুল , পাখি কত সুন্দর সুন্দর সব জীব! কি সুন্দর প্রকৃতি!! আর আমি বলি, sorry!! আমায় ক্ষমা করবেন। আগে বুঝুন যে সৌন্দর্য ব্যপারটা আসলে কি ? সৌন্দর্য মূলত নির্ভর করে যার যার দেশের সমাজ ব্যবস্থার উপর। যেমন ইংল্যান্ড আমেরিকায় বিকিনি পরা সৌন্দর্যের ব্যাপার হলেও আমাদের দেশের গ্রামাঞ্চলে এখনো সেটা ভয়াবহ অসৌন্দর্যের ব্যপার। আবার ধরেন ময়না টিয়া পাখি কে আমরা সুন্দর বলছি এবং কাক শকুনকে বলছি অসুন্দর , কারন আমাদের সমাজ আমাদের কে ওভাবেই বড় করেছে। আবার ধরেন একজন মানুষ সু ট্যেড বুটেড হয়ে চললে আমরা তাকে সুন্দর বলছি আর রাস্তায় লুঙ্গি পরে খালি গায়ে শুয়ে থাকা মানুষটার দিকে আমরা ঘৃণার চোখে তাকাচ্ছি, যদিও আমরা জানি যে তার সামর্থ নেই বলে সে আজ খালি গায়ে। এই ঘৃণা বোধটাও সমাজেরই সৃষ্টি। অর্থাৎ সমাজ যা শেখাচ্ছে আমরা তাই ঠিক টিয়া পাখি র বুলির মত প্রজন্ম থেকে প্রজন্মান্তরে পার করে চলেছি।
এবার নিজেকে প্রশ্ন করুন। মরুভূমিতে খেজুর গাছ , ক্যকটাস গাছ থাকার অর্থ কি? ওখানে ভালো কোন বড় সড় ফলের গাছ (আমাদের কাঠাল গাছের মত) হলে কি সেখানকার মানুষরা ভালো খেতে পারত না? একজন ক্ষুদার্ত মানুষের কাছে কি ফু ল গাছের সৌন্দর্যের কোন অর্থ আছে??
৯- প্রাকৃতিক দূর্যোগের অর্থ বা প্রয়োজনীয়তা কোথায় ? ঝড়, বন্যা, ভূমিকম্প, দাবানল এসবের অর্থ কি? এত এত মানুষ, পশু পাখি মেরে ঈশ্বর আসলে কি বোঝাতে চান? তিনি কি এসব দিয়ে তার হিংস্র ক্ষমতার বহিপ্রকাশ দেখান!!!? তিনি সর্বশক্তিমান এই কথা বোঝানোর জন্যই কি তিনি এত এত মানুষ মারেন!! তার ক্ষমতার এতই দাপট!! তাহলে সৃষ্টিকর্তার সাথে হিটলারের বা জর্জ বুশের পার্থক্য কোথায়?? সবচেয়ে বড় ব্যপার হল , যে সৃষ্টিকর্তা তার সৃষ্টির জীবন মৃত্যুর নিশ্চয়তা দেয়ার ক্ষমতা

রাখেনা, তাকে পূজো করে কি আদৌ কোন লাভ আছে? সে নিজেই তো হত্যাকারী!! একজন খুনিকে পুজো করার কোন অর্থ কি আদৌ আছে!!

১০- এই প্রশ্নটাকে আমি বলি ভাগ্যের খেল!! ধরেন একটা দেশে যুদ্ধ লেগেছে। সেখানে যেকোন একটা মুসলিম পরিবারের সব সদস্য যুদ্ধে নানা ভাবে মারা গিয়েছে। শুধুমাত্র ঐ পরিবারের এক বছর বয়সের একটা শিশু কোন ভাবে বেঁচে গেছে। এখন একটা মানবাধিকার সংস্থার কর্মীরা ঐ শিশুকে কুড়িয়ে নিয়ে ভারতের কোন এক হিন্দু পরিবারে দত্তক দিয়ে দিয়েছে। এবং সে পরবর্তী জীবনে হিন্দু হিসাবেই জীবন যাপন করেছে। তাহলে ঘটনা কি দাড়াল? তার ভাগ্য (যেটা কিনা আবার নিয়ন্ত্রণ করেন সৃষ্টিকর্তা!!!) তাকে এক ধাক্কায় কাফের বানিয়ে দিয়েছে!!! দারুন না!!?? তার মানে দাড়াচ্ছে এই যে, সৃষ্টিকর্তার ইচ্ছায় মানুষ কাফেরে পরিনত হয়!!!

১১- সৃষ্টিকর্তা তো সব দেখেন, তাই না!! অন্তত ধর্মবাদীরা তাই দাবি করেন! সৃষ্টিকর্তা সর্বজ্ঞ,সর্বজ্ঞানী, সবজান্তা,ভবিষ্যতদ্রষ্টা!! তাহলে এবার খেল দেখি। ধরেন একটা সন্ত্রাসী একটা ভালো মানুষকে গুলি করে হত্যা করেছে। এখন সৃষ্টিকর্তা যেহেতু ভবিষ্যতদ্রষ্টা ,সেহেতু তিনি আগে থেকেই জানতেন যে এই লোক গুলি করে আরেকজন কে হত্যা করবে। সৃষ্টিকর্তা যেহেতু সব দেখছেন তাহলে গুলি করার মুহূর্ত হতে গুলি ঢোকার মূহুর্ত পর্যন্ত তিনি সবটুকু তামাশাই দেখেছেন তাহলে তিনি কিছু করলেন না কেন? তিনি কি চাইলেই ঐ ভালো লোকটাকে বাঁচাতে পারতেন না? তাহলে বাচালেন না কেন?? আপনারা হয়তো বলবেন যে ঐ সন্ত্রাসীকে পরীক্ষা করার জন্য সৃষ্টিকর্তা তখন কিছু বলেন নাই। পরকালে তাহার শাস্তি হইবেক!! পরীক্ষা যদি করতেই হয়, তাহলে গুলি করা পর্যন্ত অপেক্ষা কর। গুলি করার পরে গুলিটা সরায়ে দাও। একজনকে পরীক্ষা করতে গিয়ে আরেকজনের জীবনের বারোটা বাজানোর অর্থ কি?

১২- কোন শিশুর জন্মের আগে তার পিতা মাতা কে হবে তা নিশ্চই সৃষ্টিকর্তা আগে থেকেই নির্ধারন করে থাকেন? সৃষ্টিকর্তা নিশ্চই কোন শিশুকে পিতামাতা ঠিক করার আগেই আন্তাজে অর্থহীন ভাবে কারো গর্ভে নিক্ষেপ করেন না? তাই যদি হবে, তাহলে পরকীয়ায় বা ব্যভিচারে বা ধর্ষণে দোষ কি? ধর্ষণের ফলে বা পরকীয়ার ফলে যে সন্তানের জন্ম হয় তাতে নিশ্চই সৃষ্টিকর্তার ইচ্ছা বা সম্মতি আছে! তাহলে পরোক্ষ ভাবে পরকীয়া বা ধর্ষনেও সৃষ্টিকর্তার সম্মতি আছে ?!

১৩- কারো এইডস হলে ধর্মবাদীরা বলেন যে,” কোথায় কি আকাম কুকাম করে আসছে, সৃষ্টিকর্তা তার শাস্তি দিচ্ছেন”!!! আরে ভাই অন্য আরেকজন থেকে রক্ত নিতে গিয়েও এইডস হতে পারে তো নাকি? আবার সামান্য নাপিতের দোকানের ব্লেড থেকেও নাকি এইডস হবার সম্ভাবনা থেকে যায়! অথবা এইডস আক্রান্ত পিতা মাতার শিশুও এইডসে আক্রান্ত হতে পারে। তাহলে এখানে একজনের দোষে আরেকজনের বারোটা বাজানোর অর্থটা কি?
সব ক্ষেত্রেই দেখি একই অবস্থা!! একজনের দোষে আরেকজনকে অবিরাম শাস্তি পেতে হচ্ছে!! এটা কি কোন বিবেচকের মত কাজ? মহাজ্ঞানী সৃষ্টিকর্তার মহাজ্ঞানের এই দশা!!!
ধর্ম ও বুদ্ধিমান ঈশ্বরে বিশ্বাস ছাড়ার জন্য এর থেকে বেশি আর কোন কারন আদৌ দরকার আছে কিনা আমার জানা নেই। আমি ধর্ম ছাড়ার পরেও বেশ কয়েকবার ফিরে যেতে চেয়েছিলাম (অবিশ্বাস্য

শোনালেও মিথ্যা না) কিন্তু এসব প্রশ্ন আমাকে দূর থেকে বহু দূরে নিয়ে গেছে এবং যাচ্ছে , যেখান থেকে ফিরে আসার আর কোন রাস্তা আছে কিনা আমার জানা নেই। এমনকি প্রতি নিয়তই নতুন নতুন ভ্রান্তিময় প্রশ্ন যুক্ত হচ্ছে আমার তালিকায়। সব হাবিজাবি না হয় না -ই জানলেন। এই পোস্টের মধ্যদিয়েই মাথার ভেতরের সব গ্যঞ্জাম যেমন বের করে দিলাম, তেমনি আগামীতে যাতে কেউ ঝগড়া বাধালে তাকে সরাসরি আমার অবিশ্বাসের কারন দেখাতে পারি তারও ব্যবস্থা করে রাখলাম। এসব ব্যপারে (আসলে কোন ব্যপারেই-) আমি ঝগড়া ঝাটি মোটেও পছন্দ করিনা!!

কমেন্ট

তানভী

জুলাই ২০, ২০১০ সময়: ৩:৩৫ অপরাহ্ণ লিঙ্ক

এই লেখাতেও বেশ কিছু গুরুত্বহীন পয়েন্ট চলে এসেছে। আসলে এই লেখাটা আরো কয়েকদিন চিন্তা ভাবনা করে গুছিয়ে দেয়ার ইচ্ছা ছিল। কিন্তু দূর্ভাগ্যক্রমে আমার ভার্সিটি খুলে যাওয়ায় (!!) পোস্টটা দিয়ে দিতে হল। ভার্সিটিতে পিসি নেট কিছুই নেই। বড় ভাইদের কম্পু থেকে এ ব্লগে আসা ভয়াবহ বিপদজনক!!

হয়তো কোন কমেন্টের উত্তর দিয়ে যেতে পারব না। আশা করব আমার হয়ে ব্লগে আমার সহযোদ্ধারা কাজ টুকু করে দিবেন।

আর এ ব্যপারে এটাই আমার শেষ পোস্ট। ফ্রয়েড নিয়ে আরেকটা লেখা শুরু করতে যাচ্ছিলাম, কিন্তু আর হল না। যা হোক, ওটা পরে হবে।

আর আশা করব ধর্মবাদীরা ইকটু সরব হবেন। একই প্রশ্ন এটা নিয়ে আমি তিনটা পোস্টে করলাম। আগের দুপোস্টে কোন জবাব পাইনি। এবারও কি একই অবস্থাই হবে!!?



মাহফুজ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৩:৫৩ অপরাহ্ণ

@তানভী,
আপনার পোষ্ট করা বিষয়টি আগে না পড়েই আপনার দেয়া মন্তব্যটি পড়ছি।

আর আশা করব ধর্মবাদীরা ইকটু সরব হবেন।

ধর্মবাদীরা সব সময়ই সরব। আর সেই সরব বিশ্বাসের সরব। যুক্তিহীন সরব। মিছিলের সরব। বোমার সরব। এরপরও সবর হতে বলছেন ভাই, দেশটা তাহলে এবারই গোল্লায় যাবে।
এসবের চেয়ে দেশটাকেই ওদের হাতে তুলে দেন। তখন দেখবেন সর্বোচ্চ সরব কাকে বলে!
যাই এবার আপনার হাবিজাবি পড়ি। যদিও এবার সেই শব্দ উচ্চারণ করেন নাই।

*একজন নির্ধর্মী*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১২:৫৯ পূর্বাহ্ণ

@মাহফুজ,

ধর্মবাদীরা সব সময়ই সরব। আর সেই সরব বিশ্বাসের সরব। যুক্তিহীন সরব। মিছিলের সরব। বোমা র সরব। এরপরও সবর হতে বলছেন ভাই, দেশটা তাহলে এবারই গোল্লায় যাবে।

ঠিক কথা। যুগ যুগ ধরে অগণ্য অনায্য কক্ষে তারা স -কলরবে উপভোগ করে এসেছে প্রায় বাধাহীনভাবে। আর কতো!

2

 ফরহাদ

জুলাই ২০, ২০১০ সময়: ৩:৫০ অপরাহ্ণ লিঙ্ক

@তানভী
"মাথায় কত প্রশ্ন আসে দিচ্ছে না কেউ জবাব তার, সবাই বলে মিথ্যে বাজে,বকিস্ নে আর খবরদার।"
(কসম! ৫ আর ৬ নং পয়েন্ট গতকাল বাথরুমে বসে ভাবছিলাম!! "কেমনে বেটা পারিল সেটা জানতে"!!!)

*তানভী*এর জবাব:

জুলাই ২০, ২০১০ at ৬:১৫ অপরাহ্ণ

@ফরহাদ,
বাথরুমই সকল জ্ঞানের মূল!!!

3

মাহফুজ

জুলাই ২০, ২০১০ সময়: ৪:১৪ অপরাহ্ণ লিঙ্ক

@ তানভী,
আপনি একজন আনলাকি মানুষ। কারণ আপনার এই নিবন্ধে আনলাকি ১৩ পয়েন্ট দিয়েছেন। আর সেজন্যই হয়তো এতসব প্রশ্নের জবাব পাচ্ছেন না।
আপনি বলেছেন-

আমি ধর্ম ছাড়ার পরেও বেশ কয়েকবার ফিরে যেতে চেয়েছিলাম (অবিশ্বাস্য শোনালেও মিথ্যা না) কিন্তু এসব প্রশ্ন আমাকে দূর থেকে বহু দূরে নিয়ে গেছে এবং যাচ্ছে , যেখান থেকে ফিরে আসার আর কোন রাস্তা আছে কিনা আমার জানা নেই।

ভাইরে, ধর্মবাদীরা আপনাকে এসব প্রশ্নের উত্তর দিবে ঠিকই, কিন্তু তাতে কোন কাজ হবে না। কারণ আপনি মুরতাদ হয়ে গেছেন। আল্লাহ আপনার দিলে মোহর মেরে দিয়েছেন। এখন তো কোনো ফেরার পথই নেই। অতএব এসব প্রশ্নের উত্তর জানারও দরকার নেই।

*তানভী*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৬:০৯ অপরাহ্ণ

@মাহফুজ,
ভাই! ভালো পয়েন্ট ধরেছেন দেখি!! ১৩টা পয়েন্ট!! আমার জন্ম তারিখও ১৩! মিলটা তাহলে ভালই হল!!

তাও অবশ্য কথা! যে আল্লাহ আগেই জানেন যে কে বেহেশতে যাবে, কে দোজখে যাবে!! তিনিই তো সর্বজ্ঞ সর্বজ্ঞানী সবজান্তা!!! আমার কপালে দোজখ লেখা থাকলে আমার আর কিই বা করার বলেন!!

*মাহফুজ*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:০৪ অপরাহ্ণ

@তানভী,

ভাই! ভালো পয়েন্ট ধরেছেন দেখি!! ১৩টা পয়েন্ট!! আমার জন্ম তারিখও ১৩! মিলটা তাহলে ভালই হল!!

একেই বলে সংখ্যাতাত্ত্বিক মোজেজা। এতদিন তো ১৯ এর কারবার দেখলাম। এবার দেখবো ১৩ এর কারবার।

আমার কপালে দোজখ লেখা থাকলে আমার আর কিই বা করার বলেন!!

কোনই অসুবিধা নাই। ঐ দোযখটারে আপনার বুদ্ধি দিয়ে বেহেস্ত বানায়ে ফেলবেন। অবশ্য বেহেস্ত দোযখ বলে যদি কিছু থাকে।

4

আদিল মাহমুদ

জুলাই ২০, ২০১০ সময়: ৫:৫৭ অপরাহ্ণ লিঙ্ক

ফারুক ভাই এর সূত্র মাহফুজ সাহেবের কথাই সমর্থন করে। যিনি অবিশ্বাসী হতে চান আল্লাহই অবিশ্বাসী হতে সাহায্য করেন, আবার যিনি বিশ্বাসী হতে চান তাকেও আল্লাহ বিশ্বাসী হতে সাহায্য করেন। তবে যারা সংশয়বাদী, মানে নিরপেক্ষ মনে কোরান পড়ে সিদ্ধান্ত নিতে চান তাদের ব্যাপারে এই সূত্র কি বলে জানা যায়নি।

কাজেই, আল্লাহ তোমাকে দারুনভাবে অবিশ্বাসী হতে সাহায্য করেছেন দেখা যাচ্ছে। হৃদয়ে সীলগালা ভালই মেরে দিয়েছেন। আল্লাহ যা করেন ভালর জন্যই করেন, আমরা তার কাজের কি বুঝি - এটা মনে রাখলেই এই ধরনের শয়তানী চিন্তা আর মাথায় আসবে না।

৩ নং পয়েন্টের মত একটি হাদীস দেখেছি যাতে সন্তানের চেহারা কেন কখনো বাবা আবার কখনো মায়ের মত হয় তার বৈজ্ঞানিক ব্যাখ্যা দেওয়া আছে। জানি না তুমি সেটাই বিকৃত করে বানিয়ে দিয়েছো কিনা। তোমাদের মত ইসলাম বিদ্বেষীদের পক্ষে সবই সম্ভব। খালি তালে থাকো আপঝাপ কথা বইলা ইসলাম পচাইতে। এইখানে পড়ঃ হাদীস ৫৪৬

তোমার খাদ্য সমস্যার সমাধা কল্পের পয়েন্টটা কিঞ্চিত দূর্গন্ধযুক্ত হলেও ভেবে দেখার অবকাশ আছে। এ ছাড়া লেখায় নেগেটিভ, যেসব পয়েন্ট ধরে লাফাচ্ছো ধর্মজগতে সেগুলো শিশুতোষ প্রশ্ন।

*তানভী*এর জবাব:

জুলাই ২০, ২০১০ at ৬:১৩ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,
মামা, আমি ৩ নম্বর পয়েন্ট মোটেও বিকৃত করি নাই!! সোজাসুজি 'মোকসেদুল মোমেনিন' থেকে দেয়া। ওখানে এধরনের আরো মজার মজার কিছু নিয়ম কানুন দেয়া আছে!! যেমন ধরেন অমাবশ্যা রাতে স্ত্রী সঙ্গমেও নাকি সন্তান বিকলাঙ্গ হয়!! 😆 তাইলে বোঝেন ঠ্যলা!!

*আদিল মাহমুদ*এর জবাব:

জুলাই ২০, ২০১০ at ৬:৫৩ অপরাহ্ণ

@তানভী,

হাঃ হাঃ হাঃ!

৫ টাক দামী বই পড়ে এসেছো ইসলামের সমালোচনা করতে??? সাহস তো কম নয়!

মোকসুদুল মোমেনিন কি কোরান, নাকি হাদীস??? তাতে কি লেখা আছে না আছে তাই দিয়ে ইসলাম যাচাই করবা??? পাগল নাকি পেট খারাপ?

আসল কোরান হাদীস পড়।

আমি তো এ সম্পর্কিত হাদীসের সূত্র দিয়েছি। অথেন্টিক সূত্র পড়, বিজ্ঞান দর্শন সবই পেয়ে যাবে।

*তানভী*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৮:০৮ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,
উক্কে উক্কে!! ঐ ব্যখ্যা বাতিল বলিয়া গন্য করিলাম!!
যদিও বাংলাদেশের বেশিরভাগ লোক এখনো ঐ মোকসেদুল মোমেনিন ধরিয়াই নামাজ-কালাম শিখিয়া থাকে! তবুও মামা যখন কহিয়াছেন!! মামার আদেশ শিরোধার্য!!

ব্যখ্যা বাতিল হলেও, প্রশ্নটাতো আর বাতিল হচ্ছে না! ব্যখ্যা আমার নিজের দেয়া, তাই সেটা বাদ দিতে কোন সমস্যা নাই। উপরওয়ালার ব্যখ্যার অপেক্ষায় থাকলাম!!!

*রৌরব*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৯:০৪ অপরাহ্ণ

@তানভী,
মামা-ভাগনে দেখি যথাক্রমে ? আর ! এর ব্যবহারে অতিশয় দড়। ব্যাপারটা কি?!?!!!??!!?

তানভী এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১২:৫১ পূর্বাহ্ণ

@রৌরব,
অতিশয় পারহেজগার (!!) মামা তাহার পোংটা ভাগিনার উল্টা পাল্টা কথা শুনিয়া রাগে গজগজ করিতে করিতে ঝাড়িবার জন্য যথাযোগ্য শব্দ খুঁজিয়া না পাইয়া উপরোক্ত প্রশ্নবোধক চিহ্নের অতিমাত্রায় ব্যবহার করিয়াছেন।

আর তাহার পোংটা ভাগিনা তাহার ঝাড়িতে বিরক্ত হইয়া বিরক্তি প্রকাশ করার সাহস না পাইয়া আশ্চর্যবোধক চিহ্নের অতিমাত্রায় ব্যবহারের মাধ্যমে মামার মস্তিস্কে বিরক্তির উদ্রেক ঘটাইবার অপ প্রয়াস চালাইতেছে!!

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১২:৫৯ পূর্বাহ্ণ

@তানভী,

আগেই বলিয়াছি, তোমার হৃদয়ে সীলগালা ভালই মারা হইয়াছে। আল্লাহই যাহা মারিয়া দিয়াছেন বান্দা হইয়া আমি কিরুপে উহা খুলিবার সাহস করি ?

দুই দিনের দুনিয়ায় হাসি নিতেছ দাও।

সহসাই আমি বেহেশত হইতে ভিডিওতে তোমাদের আগুনে জ্বলিয়া কয়লা হইবার লাইভ দৃশ্য দেখিয়া অট্টহাসি দিব। সুরার পাত্র হস্তে সাকীর বাহুলগ্না হইয়া হেলান দিয়া বসিয়া নির্দেশ দিব ; ব্যাটার টেম্পারেচার আরো কয়েক হাজার ডিগ্রী বাড়াইয়া দেও। ব্যাটা বুঝুক অবিশ্বাসী হইবার মজা।

তোমার কপাকে তো যা বুঝি দুনিয়াতেও রমনী জুটিতেছে না , আর পরকালের কথা তো বা বলাই ভাল। ইহাতেও যদি হুশ না হয়......

*একজন নির্ধর্মী*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১:০৪ পূর্বাহ্ণ

@তানভী,

মোকসেদুল মোমেনিন’-এ যতো রসময় কথা গুপ্ত আছে, তাতে সেটাকে অনেকে (কারা, বুইঝা লন) হালাল চটি হিসেবে ব্যবহার করতে পারে

*রৌরব*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১:১৫ পূর্বাহ্ণ

@একজন নির্ধর্মী,

রসময় কথা গুপ্ত

হাহাপগেকেধ

আপনি তো শিবরাম চক্রবর্তীকেও হার মানালেন

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:১২ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,

আপনার দেয়া সুত্র ধরে সহিহ বোখারি শরিফে পেলাম-

Volume 4, Book 55, Number 543:

Narrated Abu Huraira:

The Prophet said, "Allah created Adam, making him 60 cubits tall.........

60 cubits বাংলায় কত গজ কত ইঞ্চি?

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:২৪ অপরাহ্ণ

@আকাশ মালিক,

খুবই ইন্টারেষ্টিং প্রশ্ন। প্রথমেই বলি যে ইসলামী কোন বিষয়ে যে আপনাকে জ্ঞান দিতে পেরেছি তা জেনে নিদারুন গৌরব বোধ করছি । আবার ব্যাখ্যা জিজ্ঞাসা করছেন আমাকে! আমি সম্মানিত।

কিউবিট আমি জানতাম না। একটু গুগল মারলাম। ধরাবাধা কিছু পেলাম না। তবে মনে হয় প্রাচীনকালে একহাত যা মোটামুটি দেড় ফিট তাকে কিউবিট ধরা হত। আপনি মূল আরবী হাদীস দেখে আরবী শব্দ ধাওয়া করলে মনে হয় নিশ্চিত হওয়া যায়।

সে হিসেবে আমাদের বাবা আদম দেখা যাচ্ছে ৯০ ফুটি (মিনিমাম ৬০) ছিলেন। অভিজিত বন্যা এনাদেরই জয় হল। কারন, এই হাদীস থেকে প্রমান হয় যে বিবর্তন স্পষ্টতই হচ্ছে। নয়ত ৯০ ফুট আদমের বংশধর আমরা আজ ৬ ফুট কাউকে দেখলেই হিংসার চোখে তাকাই ? ৭ ফুট পেলে বিশ্বরেকর্ড খোজ করি?

রৌরব এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:২৭ অপরাহ্ণ

@আকাশ মালিক,
উইকিপিডিয়া অনুযায়ী মনে হচ্ছে এক cubit মানে এক হাত।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:৫৮ অপরাহ্ণ

@রৌরব,

এক হাত ১৮ ইঞ্চি বা দেড় ফুট ধরা হয়।

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৮:১৩ অপরাহ্ণ

@রৌরব,

উইকিপিডিয়া অনুযায়ী মনে হচ্ছে এক cubit মানে এক হাত।

উল্লেখিত হাদিসটি নিয়ে আমার যে সত্য বলা হয়নি বইয়ের শেষভাগে আলোচনা করেছি। বেশকিছু যায়গায় খোঁজ নিয়ে আমি ধরে নিয়েছিলাম এক cubit মানে দেড় হাত।

হ্যাঁ আদিল ভাই, আল্লাহর কোরানে বিবর্তন নিয়ে বলা হবেনা এ একটা কথা হলো? কোরানে মানুষের বিবর্তন নিম্নরূপ-

পুরুষ থেকে নারীর জন্ম।
বানর থেকে মানুষ নয় বরং মানুষ থেকে বানরের জন্ম।

বাবা আদম থেকে ৪৫/ ৪৮ ফুট লম্বা দিয়ে মানুষের বিবর্তন শুরু হয়ে মুহাম্মদ পর্যন্ত ৭ / ৮ ফুটে এসে শেষ হয়ে গেছে।

রমজান মাস দুয়ারে হাজির, কপাল পোড়া নিরপরাধ ইবলিশের পুরো একমাস কারাদন্ড শুরু হতে আর বেশী বাকি নেই। আপনারা তার জন্যে খাস দিলে দোয়া করবেন। আল্লায় যেন তাকে সহি সালামতে সু-সাস্থ্যে জেলখানা থেকে ফিরিয়ে আনেন। আমিন।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৮:৩৪ অপরাহ্ণ

@আকাশ মালিক, 😄

কোরানে বিজ্ঞান বিষয়ে জাকির নায়েকেরা না লিখে আপনি লিখলে অনেক বেশী নাম করতে পারতেন।

শয়তান এক মাস সাগরের তলে শিকল বন্দী থাকলে রোজার মাসে মানুষকে শয়তানী কাজের কুমন্ত্রনা যোগায় কে?

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৭:০১ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ,

শয়তান এক মাস সাগরের তলে শিকল বন্দী থাকলে রোজার মাসে মানুষকে শয়তানী কাজের কুমন্ত্রনা যোগায় কে?

ছয় রিপুর নাম শুনেন নাই? আহহারে মুসলমান, আপনাদেরকে নিয়ে আমি কোথায় যে যাই! নফস, নিজের ভিতরের নফস আছে না, এই শয়তান তো জেলে যায় না। ডায়াবেটিক্স এর মত মুসলমানের ঈমান কুড়ে কুড়ে খায়।

আচ্ছা আপনার ডর ভয় নাই, আপনি যে বলেন-
আল্লাহ নাকি কোরানকে নিজে হেফাজতের দায়িত্ব নিয়েছেন ও করে যাচ্ছেন। হতে পারে। তবে তাতে

লাভ কি হচ্ছে সেটা প্রশ্নবিদ্ধ। হেফাজত হওয়া গ্রন্থ যদি মানুষ পরিষ্কারভাবে বুঝতেই না পারে তাহলে আর হেফাজতের লাভ কি হল?

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৯:২২ পূর্বাহ্ণ

@আকাশ মালিক,

ভয়ডর তেমন থাকলে কি আর আপনাদের সাথে দোস্তি করি (প্রকারন্তে শয়তানের সাথে হাত মেলাই)?

মানুষের ভেতর ছয় রিপু কি শয়তানেরই কন্ট্রিবিউশন না ? ইসলামী মতে যাবতীয় কুকাজের শলা দেয় শয়তান। সেই শয়তানে যদি রোজার মাসে কর্মক্ষম না থাকে তাহলে বেচারাকে অন্তত রোজার মাসের জন্য গালপাড়া কেন?

ছয় রিপুর জন্য মানুষ দায়ী হলে আর শয়তানের ভূমিকা কি থাকল ?

রৌরব এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৯:০৮ অপরাহ্ণ

@আকাশ মালিক,

বেশকিছু যায়গায় খোঁজ নিয়ে আমি ধরে নিয়েছিলাম এক cubit মানে দেড় হাত।

মোটেও না, মোটেও না

আপনাকে পেলে এক cubit দেখে নিতাম

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৯:২৬ অপরাহ্ণ

@রৌরব,

আচ্ছা তাহলে বাবা আদম ছিলেন ৬০ হাত লম্বা। নিজের চোখে দেখি নাই তবে এক ওয়াজে শুনেছি আদমের ৬০ হাত লম্বা কবর নাকি কোথায় আছে। ঐ কবরটা খুঁড়ে আদি মাতা আদি পিতার হাড় - ফসিল কেউ খুঁজে মেপে দেখেনা , খুঁজে লুসি আর্ডি প্রাইমেট আরো কত কী ?

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৯:৩৪ অপরাহ্ণ

@আকাশ মালিক,

বাবা আদমের ৬০ হাতি ফসিল নেই আপনাকে কে বলল?

তবে আপনার মত নাস্তিক অবিশ্বাসী সেটা দেখতে পাবে না কোনদিন। আগে বিশ্বাস আনতে হবে, তারপর দেখতে পাবেন।

5

আনাস

জুলাই ২০, ২০১০ সময়: ৬:৩২ অপরাহ্ণ লিঙ্ক

ভাই। এ পৃথিবী হল পরীক্ষার হল। হলে খোদা তায়ালার কোন হস্তখেপ নাই। তবে নকল টকল ধরা পরলে গজব নামের বহিস্কারাদেশ আসে। আমরাতো আর তা বুঝিনা। তাই আমাদের কাছে ছন্নছাড়া মনে হয়। চিন্তা কইরেন না। সবকিছু প্ল্যান করা। আপনার সময় শেষের আগেই ভাল হয়ে যান। নইলে জাক্কুম ফল খাওনো হবে।

6

নিটোল

জুলাই ২০, ২০১০ সময়: ৮:৩৫ অপরাহ্ণলিঙ্ক

আস্তিক বন্ধুদের সাথে তর্কের সময় প্রায়ই আমার অবিশ্বাস নিয়ে ওরা প্রশ্ন তোলে আর আমি বেশিরভাগ ক্ষেত্রেই এসব প্রশ্ন এবং এগুলো ছাড়াও আমার পছন্দের কিছু প্রশ্ন পালটা ছুড়ে দেই। ইটের বদলে পাটকেল আরকি! তখন ওরা আমতা আমতা করে কিছু যুক্তি খন্ডানোর চেষ্টা করে , কিন্তু নিজের যুক্তিকে নিজেই মানতে না পেরে শেষ পর্যন্ত সেই পুরোনো রেকর্ডে ফিরে যায় - 'আল্লাহ আসলে কী চান(?) সেটা শুধুমাত্র উনি ছাড়া আর কেও জা নেনা। আর মানুষ কতটুকুই বা জানে(!!) '। তবে ওদের এই প্রচেষ্টা যে একেবারে মাঠে মারা গেছে তা ওরা আমার মুচকি হাসি দেখেই বুঝতে পারে !

7

ভবঘুরে

জুলাই ২০, ২০১০ সময়: ৮:৩৮ অপরাহ্ণলিঙ্ক

কোরানে এত শত ভুল থাকা সত্ত্বেও যারা নিজেদের জ্ঞানী গুনি বলে দাবী করে তারা এই ভুল জিনিস নিয়ে কেন সারা জীবন পড়ে থাকে সে বিষয়ে গবেষণা করাটা জরুরী হয়ে পড়েছে। আশা করি এ বিষয়ে সত্বর মুক্তমনা সাইটে লেখা পাব।

8

ফারুক

জুলাই ২১, ২০১০ সময়: ১২:১৭ পূর্বাহ্ণলিঙ্ক

প্রশ্নগুলো মানুষ যখন থেকে প্রশ্ন করা শিখেছে , সেই আদি যুগ থেকেই এ প্রশ্ন নিজেকে ও অন্যকে করে আসছে। দেখা যাচ্ছে এর উত্তর খুজে না পেয়ে এই পোস্টের লেখকের মতো অনেকেই ঈশ্বর বা আল্লাহ অবিশ্বাসীর খাতায় নাম লিখিয়েছে। প্রশ্নগুলোর উত্তর জানা তাদের জন্য কতটুকু জরুরী বা উত্তর জানার জন্য তারা কি পরিমান কষ্ট স্বীকার করেছেন আমার জানা নেই। **তবে আল্লাহ বা ঈশ্বর অবিশ্বাসের ভিতর তারা নিশ্চয় তাদের উত্তর খুজে পেয়েছেন , নইলে কেন তারা অবিশ্বাসী হবেন?** তারা যুক্তিবাদী মানুষ। যুক্তি দিয়ে আমাকে কি কেউ বোঝাতে পারেন আল্লাহ বা ঈশ্বরে অবিশ্বাস করলে কিভাবে হিজড়া সম্প্রদায় সৃষ্টি হবে না বা বিকলাঙ্গ ও অসুস্থ মানুষ সৃষ্টি ও হবে না বা পৃথিবীতে বুদ্ধি প্রতিবন্ধী আর একটাও জন্মাবেনা বা বাংলাদেশে প্রতি বছর বন্যায় আর কেউ ভেসে যাবে না বা আফ্রিকার মরুভূমি, সুদানের দারফুর এসব জায়গায় মানুষ পানির অভাবে আর মারা যাবে না ইত্যাদি ইত্যাদি। উত্তরগুলো কি?

*পৃথিবী*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ২:২৪ অপরাহ্ণ

@ফারুক, ভাইজানের ঈমানে মনে হয় ভালই আঘাত লেগেছে, নইলে এরকম অদ্ভুত একটা প্রশ্ন কেমনে করলেন! ধর্ম দাবি করে ঈশ্বর তাঁর সুনিপুণ দক্ষতায় সবকিছু সৃষ্টি করেছেন। অবিশ্বাসীরা এই দাবিকে প্রত্যাখ্যান করে। ফলাফলে অবিশ্বাসীরা এও প্রত্যাখ্যান করে যে বস্তুজগত পরিকল্পনা করে বানানো হয়েছে। কোন পরিকল্পনা নাই দেখেই তো হিজড়া সম্প্রদায় বা বিকলাঙ্গদের মত মানুষ কোন দোষ না করা সত্ত্বেও অন্যদের থেকে আলাদা হয়ে জন্মাচ্ছে না।

আপনার প্রশ্নের ধরণটা এরকম যে “অবিশ্বাস করে লাভ কি?”। এই প্রশ্নটা তো আপনাদেরকেই আমাদের করার কথা- বিশ্বাস করে লাভ কি? বিশ্বাস করলে কি,

“কিভাবে হিজড়া সম্প্রদায় সৃষ্টি হবে না বা বিকলাঙ্গ ও অসুস্থ মানুষ সৃষ্টি ও হবে না বা পৃথিবীতে বুদ্ধি প্রতিবন্ধী আর একটাও জন্মাবেনা বা বাংলাদেশে প্রতি বছর বন্যায় আর কেউ ভেসে যাবে না বা আফ্রিকার মরুভূমি, সুদানের দারফুর এসব জায়গায় মানুষ পানির অভাবে আর মারা যাবে না ইত্যাদি ইত্যাদি।”

সমস্যাগুলোর সমাধান হবে? দুনিয়ায় তো বিশ্বাসীর অভাব নাই, বিশ্বাসীরা তো বিশ্বাস করতে কত মানুষরেই খুন করে ফেলল, বিশ্বাসীদের বিশ্বাস এত শক্ত হওয়া সত্তেও তো পৃথিবীতে কোন ইতিবাচক পরিবর্তন দেখছি না।

আরেকটা কথা মনে রাখবেন, প্রয়োজনীয়তা দিয়ে বস্তুজগত সম্পর্কে কোন সিদ্ধান্তে উপনীত হওয়া যাবে না, অতএব, একটি বিশ্বাস অতীব গুরুত্বপূর্ণ হলেও তা কোন ক্রমেই স্বতঃসিদ্ধ হবে না। একটা অনাথ শিশু বিশ্বাস করতে পারে তার অনেক টাকা আছে, তাই বলে তো আর আসমান থেকে তার অস্তিত্বহীন ব্যাংক একাউন্টে টাকা নাযিল হবে না।

*পৃথিবী*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ২:২৫ অপরাহ্ণ

@পৃথিবী,

কোন পরিকল্পনা নাই দেখেই তো হিজড়া সম্প্রদায় বা বিকলাঙ্গদের মত মানুষ কোন দোষ না করা সত্ত্বেও অন্যদের থেকে আলাদা হয়ে জন্মাচ্ছে না।

“না” টা বাদ যাবে। মুক্তমনায় অতি সত্তর মন্তব্য সম্পাদনা করার অপশন যোগ করা দরকার।

*ফারুক*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৩:০৭ অপরাহ্ণ

@পৃথিবী,আমার ঈমান এ আঘাত লাগার সম্ভাবন থাকলে , জেনেশুনে খোলামেলা ধর্মবিরোধী এই সাইটে নিশ্চয় আসতাম না। আমার জানার ইচ্ছা কোন সে জ্ঞান , যা মানুষগুলোকে অবিশ্বাসী করে তুলেছে।

*পৃথিবী*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৮:১১ অপরাহ্ণ

@ফারুক,

১) আপনার ঈমান অক্ষত আছে জেনে খুশি হলাম। বাঙ্গালী তিনবেলা না খেতে পেলেও মোটামুটি ঠিক থাকে, কিন্তু ঈমান না থাকলে বাঙ্গালী বাঁচবে না। আমি চাই না ঈমানের অভাবে বাঙ্গালী মারা যাক।

২) আমার যুক্তির জবাব দিলেন না যে ?

৩)

আমার জানার ইচ্ছা কোন সে জ্ঞান , যা মানুষগুলোকে অবিশ্বাসী করে তুলেছে।

যেই "জ্ঞান" এর কারণে মানুষ পঙ্খীরাজ গরুর অস্তিত্বে অবিশ্বাস করে, ঠিক সেই "জ্ঞান" এর কারণেই মানুষ ঈশ্বরের অস্তিত্বে অবিশ্বাস করে। আপনি দাবি করেন আপনার আল্লাহর ব্যাপক ক্ষমতা , আমিও দাবি করি যে আমার পঙ্খীরাজ গরুর অনেক ক্ষমতা। আমি সবজায়গাতেই আমার পঙ্খীরাজ গরুর অস্তিত্ব দেখতে পারছি। আমি কেন আমার গরু বাদ দিয়ে আপনার আল্লাহয় বিশ্বাস করব? অক্সফোর্ডের বিখ্যাত নাস্তিক বিজ্ঞানী রিচার্ড ডকিন্স পঙ্খীরাজ গরু অথবা ইউনিকর্ন, কোনটির অস্তিত্বেই বিশ্বাস করেন না। মুক্তমনার সদস্য অতি সাধারণ এই ব্লগারের তাঁর মত বড় বড় ডিগ্রী না থাকলেও পঙ্খীরাজ গরু অথবা ইউনিকর্নের অস্তিত্বে আমিও বিশ্বাস করি না(খুব সম্ভবত আপনিও করেন না)। পঙ্খীরাজ গরু আর ঈশ্বরের মাঝে ঠিক কি কি পার্থক্য আছে বলে মনে করেন?

অঃটঃ- মুক্তমনায় মন্তব্য করতে থাকলে একসময় আপনার জন্য একাউন্ট সৃষ্টি করে আপনার মেইল একাউন্টে আপনার তথ্য পাঠিয়ে দেওয়া হতে পারে, তখন আপনি লগিন করে মডারেশন ছাড়াই মন্তব্য করতে পারবেন। ইতিমধ্যে যদি এরকম কোন মেইল না পেয়ে থাকেন, তবে আপাতত মন্তব্য করে তার একটি স্ক্রীনশট নিয়ে রাখতে পারেন। জানেন নিশ্চয়, মন্তব্য সাবমিট করার পর টেক্সটবক্সের ঠিক উপরেই মডারেশন সম্পর্কিত একটি বার্তা দেওয়া থাকে। এরপর থেকে অন্যত্র "আমার মন্তব্য মডারেট করে দিয়েছে" মার্কা দাবির স্বপক্ষে জোড়ালো প্রমাণ দেখাতে পারবেন, আপনাদের সদালাপও *অনিচ্ছাকৃতভাবে* শঠালাপে পরিণত হবে না।

ফারুক এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১০:৫৬ অপরাহ্ণ

@পৃথিবী,১) আপনি ও তো বাঙালী। ঈমান না থাকার কারনে আপনি যখন মরেন নাই , তখন অন্যরা ও মরবে না। সুতরাং অহেতুক ভয় পাচ্ছেন।

২) আমি একটি পরিস্কার প্রশ্ন আপনাদের সামনে রেখেছিলাম। তার উত্তর কই?

৩)

যেই “জ্ঞান” এর কারণে মানুষ পঙ্খীরাজ গরুর অস্তিত্বে অবিশ্বাস করে , ঠিক সেই “জ্ঞান” এর কারণেই মানুষ ঈশ্বরের অস্তিত্বে অবিশ্বাস করে।

সেই জ্ঞানটা কি? সেটাইতো জানতে চাই।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৫:৪৫ অপরাহ্ণ

@ফারুক,

আপনি লেখকের মূল যুক্তি ভুল বুঝেছেন। আপনার প্রশ্নগুলির সাথে লেখকের সমস্যা সামঞ্জস্যহীন। এর কারনও আমি বুঝি। কারন ঈশ্বর আছেন এটা প্রমান করতে আপনি প্রায়ঈ মানুষের পক্ষে প্রান সৃষ্টি সম্ভব হয়নি, কখনো হবেও না এই ধরনের যুক্তি দেন। তাই আপনার চিন্তাও সেই লাইনেরই।

তানভী দাবী করেনি যে অবিশ্বাসবাদ বা না-ঈশ্বর নামক কারো কাছে সে উত্তর খুযে পাবার পরেই সে তাদের মুরিদ হয়েছে।

তার পয়েন্ট হল ঈশ্বরবাদের মুল একটা যে যুক্তি ; সুশৃংখল পৃথিবী সেই সুশৃংখলাতার মাঝে অনেক ফাঁক আছে যেগুলি চিন্তা করলে শৃংখলার যুক্তি আর তেমন শক্ত মনে হয় না।

অফ টপিক, কোরানে নারী পুরুষেরর সীমা , অধিকার এসব পরিষ্কার ভাষায় বিভক্ত করা আছে (সেটা কেমন তা এখানে অবান্তর)। হিজড়াদের তৃতীয় লিংগই বলা যায়। এদের সম্পর্কে কোরানিক নির্দেশাবলী কি?

ফারুক এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১১:৩১ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,

কারন ঈশ্বর আছেন এটা প্রমান করতে আপনি প্রায়ঈ মানুষের পক্ষে প্রান সৃষ্টি সম্ভব হয়নি, কখনো হবেও না এই ধরনের যুক্তি দেন।

এইটা আপনি কই পাইলেন? ঐ ধরনের যুক্তি আমি কোথাও দিয়েছি বলে মনে পড়ে না , আর আপনি বলছেন আমি প্রায়-ই এই ধরনের যুক্তি দিয়ে থাকি। মনে হয় আপনার ভুল হচ্ছে।

তানভী দাবী করেনি যে অবিশ্বাসবাদ বা না-ঈশ্বর নামক কারো কাছে সে উত্তর খুযে পাবার পরেই সে তাদের মুরিদ হয়েছে।

আমরা তো অনেক কিছুরি উত্তর জানিনা। তাই বলে কি উত্তর না জানলেই তার অস্তিত্বকে অস্বীকার করি। সাধারনত উত্তর না পেলে আমরা তার উত্তর খোজার চেষ্টা করি। যদি কোনদিন ETI (extra terrestrial intelligence) খুজে না পাওয়া যায় , তাহলে কি আমরা চরমপন্থা নিয়ে বলতে পারব , ETI নেই?

তার পয়েন্ট হল ঈশ্বরবাদের মুল একটা যে যুক্তি; সুশৃংখল পৃথিবী সেই সুশৃংখলাতার মাঝে অনেক ফাঁক আছে যেগুলি চিন্তা করলে শৃংখলার যুক্তি আর তেমন শক্ত মনে হয় না।

সুশৃংখল বলতে কি বোঝায়? একটু ব্যাখ্যা করবেন। তাহলে আলোচনা করা যেত।

আপনার অফ টপিক প্রশ্নের উত্তর জানা নেই। পেলে জানাব।

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:০৫ পূর্বাহ্ণ

@ফারুক,

আমরা তো অনেক কিছুরি উত্তর জানিনা। তাই বলে কি উত্তর না জানলেই তার অস্তিত্বকে অস্বীকার করি। সাধারনত উত্তর না পেলে আমরা তার উত্তর খোজার চেষ্টা করি। যদি কোনদিন ETI (extra terrestrial intelligence) খুজে না পাওয়া যায় , তাহলে কি আমরা চরমপন্থা নিয়ে বলতে পারব , ETI নেই?

আপনি একটা জায়গায় খুব ভুল করছেন। বিষয়টা ঠাণ্ডা মাথায় চিন্তা করেন। আমরা অনেক কিছু জানি না। আর জানি না এর মানেই এই নয় কিন্তু ঈশ্বর বা এধরণের কিছুর অস্তিত্ব আছে। যতক্ষণ না ঈশ্বর

বা এরকম কিছুর প্রমাণ না পাওয়া যাবে ততক্ষণ এর অস্তিত্ব কেন মেনে নেব ? আর বার বার বলি, যারা ঈশ্বরের অস্তিত্ব দাবি করেন প্রমাণ করার দায়িত্ব তাদেরই, তাই না? আরো সমস্যা আছে, আপইনার কাছে ঈশ্বর বিষয়টা যদি বোধগম্য না হয় তবে ওটা যে দয়াময়, করুণাময় এগুলোও কিন্তু বলতে পারেন না। নাস্তিকরা বলেন না 'ঈশ্বর নেই" তারা ঈশ্বরের অস্তিত্ব ও বৈশিষ্ট্য কোনোটাই প্রমাণিত নয় বলে তাতে বিশ্বাস করেন না।

আমি কোনো যুক্তি ছাড়া যদি বলে উঠি অংবং বলে কেউ মহাবিশ্ব বানিয়েছে তাহলে আপনি কি তা মেনে নিবেন?? আপনার জন্য নিচের বাণী -

"That which can be asserted without evidence, can be dismissed without evidence."
– Christopher Hitchens

ফারুক এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:৫৮ পূর্বাহ্ন

@সৈকত চৌধুরী,
The majority of men live without being thoroughly conscious that they are spiritual beings.
- Soren Kierkegaard

Your vision will become clear only when you look into your heart. Who looks outside, dreams. Who looks inside, awakens. – Carl Jung

There are two kinds of truth, small truth and great truth. You can recognize a small truth because its opposite is falsehood. The opposite of a great truth is another great truth. – Niels Bohr

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:১২ পূর্বাহ্ন

@ফারুক,

“এইটা আপনি কই পাইলেন? ঐ ধরনের যুক্তি আমি কোথাও দিয়েছি বলে মনে পড়ে না , আর আপনি বলছেন আমি প্রায়-ই এই ধরনের যুক্তি দিয়ে থাকি। মনে হয় আপনার ভুল হচ্ছে।”

- আমার মনে হয় না আমার এত বড় ভুল হচ্ছে। মাত্র কিছুদিন আগেই আমার ব্লগে আপনার সাথে এই নিয়ে বিরাট আলোচনা হয়েছে। “নাস্তিকদের সুখানুভূতি” নামে আপনার লেখায়। সেই লেখা আপনি শেষ করেছিলেন নীচের প্রশ্ন দুটি দিয়ে। এরপরে আপনার সাথে এই অজ্ঞানতার কবল থেকে বাঁচতে ঈশ্বরের অস্তিত্ব আবিষ্কার - এই যুক্তি নিয়ে বহু কথা হয়েছে, শুধু আমার সাথেই নয়, অন্য আরো ক’জনার সাথে। আপনার মনে না থাকলে এখানে দেখে নিতে পারেন।

“) শুন্য থেকে পদার্থ/শক্তি কিভাবে সৃষ্টি হলো? আমরা বিগ ব্যাঙ থিওরি , the quasistatal theory, the continuous generation theory, the planetessimal theory এরুপ অনেক থিওরির কথাই শুনতে পাই। কেউ কি বলবেন , কোন থিওরিটি সকলের কাছে সর্বাপেক্ষা গৃহিত ও সবচেয়ে সুন্দরভাবে ব্যাখ্যা করেছে শুন্য থেকে পদা র্থ/শক্তি সৃষ্টির রহস্য এবং কেন?

২) কোন প্রক্রিয়ার মাধ্যমে প্রথম জীবনের বা জীবিত কোষের উম্মেষ ঘটেছিল পৃথিবীতে ? জীবন বা কোষের প্রজনন ও টিকে থাকার জন্য প্রয়োজনীয় প্রথম বা আদি ডিএনএ’র সংশ্লেষন বা synthesis কিভাবে হয়েছিল?

কারো যদি এর উত্তর সন্দেহাতীতভাবে জানা থাকে , তবে তার কাছে অনুরোধ আত্মপ্রতারনা না করে , নিশ্চিত হোন , আপনি নিজেই সন্তুষ্ট কিনা এই উত্তরে।

- আপনি প্রমান করার চেষ্টা করছিলেন যে যেহেতু মানুষ উপরের কারন দুটি এখনো ব্যাখ্যা করতে পারছে না তাই ঈশ্বর আছে।

“আমরা তো অনেক কিছুরি উত্তর জানিনা। তাই বলে কি উত্তর না জানলেই তার অস্তিত্বকে অস্বীকার করি। সাধারনত উত্তর না পেলে আমরা তার উত্তর খোজার চেষ্টা করি। যদি কোনদিন ETI (extra terrestrial intelligence) খুজে না পাওয়া যায় , তাহলে কি আমরা চরমপন্থা নিয়ে বলতে পারব , ETI নেই?”

- ঠিক। মানি। ঠিক একই কারনে কেয়ামত পর্যন্তই আমাদের মেনে নিতে হবে যে এখনো মা কালি, মামদো ভুত, খোক্কসের ছাও, এই জাতীয় চরিত্রদের অস্তিত্ব প্রমান করতে না পারলেও অপ্রমানও করতে পারিনি। কাজেই সম্ভাবনার বিচারে তারা বহাল তবিয়তে বিরাজমান - এই তথ্য হজম করেই আমাদের পরপারে পাড়ি দিতে হবে। আপনি নিশ্চয়ই আপনার নিজের যুক্তিতেই চরমপন্থী হবেন না।

সুশৃংখলা বলতে কি বোঝাও বোঝেন না ? তাও আবার ধর্মবাদী হিসেবে? এটা তো ঈশ্বরের অস্তিত্বের স্বপক্ষে গ্রাম্য মোল্লা মাওলানারাও আকছার বলে বেড়ায়।

কি সুন্দর দুনিয়া, কি সুন্দর সব নিয়মের উপর চলছে...দিন আসে রাত নামে, সব নিয়মে বাধা ২৪, সূর্যের চারদিকে পৃথিবী ঘুরে ...এইবার আশা করি বুঝতে পারছেন।

9

একজন নির্ধর্মী

জুলাই ২১, ২০১০ সময়: ১:১৩ পূর্বাহ্ণ লিঙ্ক

ফ-তে ফান।
কিন্তু এমন পোস্টে ফ-দ্বয় (ফরহাদ সাহেব, আপনেরে কই নাই!) অনুপস্থিত কেনু ? :-/

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৭:৩৫ পূর্বাহ্ণ

@একজন নির্ধর্মী,
না না, ফ তে ফায়ার, আপনারা আসুন

10

সৈকত চৌধুরী

জুলাই ২১, ২০১০ সময়: ৭:৫৩ পূর্বাহ্ণ লিঙ্ক

তানভী তো জটিল করে ফেলছে।

শুধু বিনোদনের জন্য দুটো আয়াত পড়েন -

আমি নূহ্ কে তাঁর সম্প্রদায়ের নিকট প্রেরণ করেছিলাম। সে তাদের নিকট অবস্থান করেছিলো পঞ্চাশ কম হাজার বছর।(২৯ : ১৪)

অর্থাৎ নূহ ৯৫০ বৎসরের বেশি সময় বেচেছিলেন।

আর তিনি(আল্লাহ) সমস্ত আসমান ও জমিন সৃষ্টি করিয়াছেন ছয় দিনে , তখন তাহার আরশ(সিংহাসন) পানির উপর ছিল। (১১ : ৭)

যারা আরবি জানেন তারা আরো বেশি বিনোদন পাবেন।

*ফরহাদ*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৯:৪৯ পূর্বাহ্ণ

@সৈকত চৌধুরী,

তখন তাহার আরশ(সিংহাসন) পানির উপর ছিল।

পানি কিসের উপর ছিল?

*সৈকত চৌধুরী*এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:১৮ পূর্বাহ্ণ

@ফরহাদ,

পানি দিয়া তিনি কি করিতেন ঠিক জানি না, তবে আমার মনে হয় তিনি পানিতে নামিয়া মাঝে মাঝে আপন মনে সাঁতার কাটিয়া বেড়াইতেন।

আর পানির সাথে তার একটা যোগ রহিয়াছে, কোরান হইতে জানা যায়- তিনি পানি হইতেই মানুষকে সৃষ্টি করিয়াছেন।

পানি কিসের উপর ছিল?

তানভীর শপথ, উক্ত পানি ছিল মহান কুদরতের উপরে। যাহাতে রহিয়াছে ঈমানদের জন্য বিশেষ নিদর্শন।

অভিজিৎ এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:২৮ পূর্বাহ্ণ

@ফরহাদ,

পানি কিসের উপর ছিল?

অবস্থাদৃষ্টে মনে হচ্ছে পানিই আদি কারণ। কোয়ান্টাম ফ্লাকচুয়েশন থেকে যে ফোম তৈরি হয়েছিল … সেটাই আসলে পানি। আপনারা কিছু বোঝেন না।

সৈকত, লালপানি পেটে পড়লে বুঝবা … আরশ(সিংহাসন) পানির উপর থাকে, আর পানি কিসের উপরে থাকে!

আকাশ মালিক এর জবাব:
জুলাই ২৩, ২০১০ at ৭:৩২ অপরাহ্ণ

@অভিজিৎ,

লালপানি পেটে পড়লে বুঝবা … আরশ (সিংহাসন) পানির উপর থাকে, আর পানি কিসের উপরে থাকে!

আল্লাহই জানে দোজখে আমাদের ডিনারের লিষ্টে কী কী আছে। শুনেছি বেহেস্তিদের ডিজার্ট মেনুতে :cigarette: এমন কি হুক্কাও থাকবে। মাশাল্লাহ, মাশাল্লাহ।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২৩, ২০১০ at ৮:৩২ অপরাহ্ণ

@আকাশ মালিক,

বেহশতে কিন্তু সুরাও আছে বলে একটি আয়াত নাকি হাদীসে দেখেছি।

11

সৈকত চৌধুরী

জুলাই ২১, ২০১০ সময়: ৩:১৯ অপরাহ্ণলিঙ্ক

আরেকটা প্রশ্ন - আল্লা্যা জানেন কাকে কি প্রবৃত্তি দিয়া বানাইলে কে কি করবে। তাহলে তিনি কেন এমন প্রবৃত্তি দিয়া সকল মানুষকে বানালেন না যাতে তারা হন্য হইয়া আল্লা্যা খোঁজে। তা না , মানুষকে দেখা যায় সাধারণত পারিবারিক ভাবে যে ধর্ম পায় ওইটা নিয়া বসে থাকতে। কোন মানুষ কি করবে তা যদি আল্ল্যুয়া জানেন তাহলে যারা অকর্ম করিয়া বেড়াইবে তাদেরকে বানালেন কোন যুক্তিতে ? :-/

আল্লা পরম করুণাময়, অসীম দয়ালু। আবাল না হইয়া এ কথাটি মেনে নেয়া আদৌ সম্ভব কি না জানি না। আল্ল্যা বেশির ভাগ মানুষকে দোজখে অনন্ত কাল জ্বালানোর ব্যবস্থা করেছেন। মানুষ পুড়ে মরলে , ডুবিয়া মরলে এমনকি হজ্জ্বে গিয়ে পদতলে পিষ্ট হয়ে মরলেও আল্লা ক্ষমতা থাকা সত্ত্বেও সাহায্য করে না। তাহলে কোন যুক্তিতে তারে লোকেরা ‘পরম করুণাময়, অসীম দয়ালু’ বলিয়া প্রচার করে? যারা এরকম বলিয়া বেড়ায় এদের কি লজ্জা-শরম নাই? খালি পিডাইতে মন চায়!

আর ভাই একখান দুঃখের কথা কই। ক্লাস এইটের পরীক্ষায় গণিতে সামান্যের জন্য লেটার(A+) মার্ক মিস হয়ে যাচ্ছে দেখে আমি তো আর মসজিদ থেকে আসি না। মা বারবার লোক পাঠাইয়া ব্যর্থ হইলেন। শেষে আব্বা গিয়া ইমাম সাহেবের সহযোগে আমাকে উদ্ধার করিলেন। কিন্তু বাসায় এসেও

নামাজ কালাম তো আর বন্ধ হয় না। শেষে ৩ মার্কের জন্য লেটার আর পেলাম না। তখন সর্ব প্রথম বুঝতে পেরেছিলাম যে আল্লারে পিডানোর দরকার কোনো সময় হইতেও পারে।

12

ভবঘুরে

জুলাই ২২, ২০১০ সময়: ১২:৪৩ পূর্বাহ্ণ লিঙ্ক

আসলে বিশ্বাসের সাথে যে যুক্তি তর্ক চলে না তা আমরা অনেক সময় বুঝতে পারি না। বিশ্বাস আর যুক্তি তর্ক একে অন্যের বিপরীত। যেমন ভাল এর বিপরীত মন্দ। আমি বিশ্বাস করলাম যে বাংলাদেশের মাটীর পাচ শ কিলোমিটার নীচে বিশাল সোনার খনি আছে। এখন এটা প্রমান বা অপ্রমান কোনটাই করা যায় না। কারন অত নীচে সোনার খনি যে নেই তা কেউ প্রমান করতে পারবে না , মাটীর অত নীচে যাওয়ার মত প্রযুক্তি এখনও আবিষ্কার না হওয়ার কারনে। তবে যুক্তি বিদ্যা বলে কেউ কোন কিছু প্রস্তাব করলে তা প্রমানের দায়ীত্ব তার। সুতরাং এটা আমারই দায়ীত্ব প্রমান করা যে আমার প্রস্তাবটা সত্য বা যুক্তি যুক্ত। কিন্তু আমি সেটা করতে যাবো না তার কারন আমি তো বিশ্বাস করি। তবে একটা অদ্ভুত মানসিকতা আমরা আস্তিকদের মধ্যে প্রত্যক্ষ করি, তা হলো তারা যুক্তি বিদ্যার সম্পূর্ন বাইরে গিয়ে তাদের প্রস্তাব বা বিশ্বাস টি প্রমানের দায়ীত্ব অন্যদের ওপর চাপিয়ে দেয় , তা করে তারা যে যুক্তিবিদ্যার প্রধান শর্ত লংঘন করছে তা তাদের মাথায় আসে না। তাদের মাথায় আসে না এটা আস্তিকদেরই দায়ীত্ব প্রমান করা যে সৃষ্টি কর্তা আছে। যে কারনে বিশ্বাসী লোকদের সাথে যুক্তি তর্ক করা এক কথায় অর্থহীন। আর সেটাকে ঠিক যুক্তি তর্ক বলাও যায় না। তবে মনে হয় তাদেরও তেমন দোষ দেয়া যায় না। কারন কোরানে বার বার হুশিয়ার করে দেয়া হয়েছে আল্লাহ ও তার রসুলকে বিশ্বাস না করলে দোজখে কি পরিমান আগুনে পুড়ে যন্ত্রনা পেতে হবে। যে কারনে খোদ নবী পর্যন্ত বেশী প্রশ্ন না করতে বলে গিয়েছেন। ইমান বা অন্ধ বিশ্বাস তাই ইসলামের প্রধান স্তম্ভ। আসলে মোহাম্মদ সত্যি খুব বেশী বুদ্ধিমান ও দুরদর্শী ছিলেন একথা স্বীকার করতেই হবে। তিনি খুব ভালই জানতেন মানুষকে বেশী প্রশ্ন করার সুযোগ দিলে একসময় তার প্রচারিত ইসলাম ও আসমানী কিতাবের জারিজুরি সব ধরা পড়ে যাবে। আর তাই তিনি মানুষকে বেশী প্রশ্ন না করে অন্ধ ও নি:শর্ত বিশ্বাস করার জন্য কঠোর ভাবে নির্দেশ দিয়ে গেছেন।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২৩, ২০১০ at ৬:৪৪ অপরাহ্ণ

@ভবঘুরে,

আমি নিজে আস্তিক হলেও আস্তিক নাস্তিক বিতর্কে এই একটিমাত্র কারনেই নাস্তিকদের মত কথাবার্তা বলতে হয়।

আস্তিকেরা যখন ঈশ্বর অ-প্রমানের দায় নাস্তিক বা বিজ্ঞানীদের উপর চাপিয়ে বিজয়ীর হাসি হাসেন তখন দুটি কথা বলা উচিত বলে মনে করি।

আস্তিকেরা কোন এক অবোধ্য কারনে ঈশ্বরে বা ধর্মের ভিত যে বিশ্বাসে, যুক্তিতে নয় এ সরল সত্যটি হাস্যকরভাবে এড়াতে চান।

13

মনির হাসান

জুলাই ২৩, ২০১০ সময়: ৩:১৭ অপরাহ্ণলিঙ্ক

হা হা হা হা হা ... পোস্ট পড়ে ক্ষ্যাত পাঠকের মত বলতে ইচ্ছা করছে “**পুরাই গুল্লি**”

<u>সমাপ্ত</u>

http://mukto-mona.com/bangla_blog/?p=5798

রাসেলের প্রস্তাবিত "Ten Commandments"

তারিখ: ৩ চৈত্র ১৪১৬ (মার্চ ১৭, ২০১০
লিখেছেন: সূর্য

(গত শতাব্দীর সর্বশ্রেষ্ঠ ভাবুক বার্টান্ড রাসেলের "A Liberal Decalogue" রচনাটির অনুবাদ। একজন উদারপন্থীর নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলো থাকা উচিত বলে রাসেল মনে করেন।)

১. কোন ব্যাপারেই পুরোপুরি নিশ্চিত হয়ো না।

২. চিন্তন প্রক্রিয়ায় কখনোই 'প্রমাণ' গোপন করার চেষ্টা করো না, কারণ প্রমাণকে চিরদিন লুকিয়ে রাখা সম্ভব নয়।

৩. 'চিন্তা' করার মানসিকতাকে কখনো নিরুৎসাহিত করো না, কারণ একমাত্র 'চিন্তা'র মাধ্যমেই সঠিক সিদ্ধান্ত নেওয়া সম্ভব।

৪. যখনই তুমি বিরোধিতার মুখোমুখি হবে , এমনকি বিরোধীপক্ষ যদি তোমার স্বামী বা সন্তানও হয়, যুক্তিপ্রয়োগের মাধ্যমে পরিস্থিতি মোকাবেলা করার চেষ্টা কর , কতৃত্বপ্রয়োগের মাধ্যমে নয়।

৫. অন্যের 'কতৃত্ব'-র উপর বিন্দুমাত্র শ্রদ্ধাবোধ রেখো না, কারণ সবসময়ই পরস্পরবিরোধী কতৃত্বের দেখা মেলে।

৬. যেসব মতামত তোমার কাছে ক্ষতিকর বলে প্রমাণিত হয়, তাদেরকে কখনোই বলপ্রয়োগের মাধ্যমে দমন করার চেষ্টা করো না; কারণ যদি তুমি তা করো তাহলে ওই মতামতগুলোই তোমাকে দমন করে ফেলবে।

৭. তোমার চিন্তাভাবনা 'অদ্ভুত' বলে ভীত হয়ো না, কারণ বর্তমানে প্রচলিত সমস্ত চিন্তাভাবনাই একসময় 'অদ্ভূত' ছিল।

৮. অপ্রত্যক্ষভাবে মতৈক্যে না পৌছে ভিন্নমত পোষণ করো।

৯. সত্যবাদী হও, এমনকি যদি সত্যটি অপ্রীতিকর হয় তারপরও; কারণ সত্য প্রকাশ করার চেয়ে সত্য লুকিয়ে রাখার চেষ্টাটি আরো বেশি অপ্রীতিকর।

১০. বোকার স্বর্গে বাস করাদের সুখ দেখে হিংসা করো না , কারণ ওই অবস্থাকে সুখ ভাবা একমাত্র 'বোকা'দের পক্ষেই সম্ভব।

কমেন্ট

1. রনবীর

মার্চ ১৮, ২০১০ সময়: ১:৩২ পূর্বাহ্ণ লিঙ্ক

যুগোপযোগী commandments । শেষের commandment টা সবচেয়ে ভাল লেগেছে। তবে প্রথমটাতে একটু খটকা লাগল। অব্যর্থ যুক্তি থাকলে কি কোন ব্যাপারে পুরোপুরি নিশ্চিত হওয়া যাবে না।
ধন্যবাদ সূর্যদা।



*সূর্য*এর জবাব:
মার্চ ১৮, ২০১০ at ১২:৪৪ অপরাহ্ণ
@রনবীর, স্বাগতম।

অব্যর্থ যুক্তির মাধ্যমে অবশ্যই আমরা একটা যৌক্তিক সিদ্ধান্তে পৌছতে পারি , কিন্তু তারপরও এই সিদ্ধান্তের বিপরীতে যদি কেউ কিছু বলতে চায় সেটাও আমাদের বিবেচনা করা আবশ্যক ; সম্ভবতঃ এ কারণেই রাসেল কোন ব্যাপারে পুরোপুরি নিশ্চিত হতে মানা করেছেন।

2. 2

বিজয়
মার্চ ১৮, ২০১০ সময়: ২:৩৫ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি ব্যক্তিগতভাবে বিশ্বাস করি যে , একজন প্রকৃত উদারপন্থী নিজেকে কোন সুনির্দিষ্ট এবং সংজ্ঞায়িত অনুশাসনে বেঁধে ফেলতে পারেন না। যখন তিনি তা করেন , তিনি তখন আর উদার থাকেন না। আমাদেরকে কখনও পরিস্থিতি বিশেষে আমাদের নিজের স্বজ্ঞা বা অন্তর্জ্ঞানকে বিশ্বাস করতে শিখতে হবে।

*ধ্রুব*এর জবাব:
মার্চ ১৮, ২০১০ at ১০:৪১ পূর্বাহ্ণ
@বিজয়,

আমাদেরকে কখনও পরিস্থিতি বিশেষে আমাদের নিজের স্বজ্ঞা বা অন্তর্জ্ঞানকে বিশ্বাস করতে শিখতে হবে।

এখানে স্বজ্ঞা বা অন্তর্জ্ঞান বলতে কি বোঝাচ্ছেন? এর সন্ধান কি করে পাওয়া যায়?

বিজয় এর জবাব:
মার্চ ১৮, ২০১০ at ১১:৪২ অপরাহ্ণ
@ধ্রুব,

এখানে স্বজ্ঞা বা অন্তর্জ্ঞান বলতে কি বোঝাচ্ছেন? এর সন্ধান কি করে পাওয়া যায়?

আমি এখানে intuition কে বোঝাচ্ছি ।



সূর্য এর জবাব:
মার্চ ১৮, ২০১০ at ১২:৫৪ অপরাহ্ণ
@বিজয়, আমার মনে হয় এখানে “Commandments” অথবা “Decalogue” কে রূপক অর্থে ব্যবহার করা হয়েছে। এই প্রস্তাবনাগুলোকে “উদারপন্থীদের অনুশাসন” না বলে “উদারপন্থীদের বৈশিষ্ট্য” বলাই উত্তম।

তার মানে এই না যে এই বৈশিষ্ট্যগুলো অক্ষরে অক্ষরে মেনে না চললে আপনে উদারপন্থী হতে পারবেন না।

বিজয় এর জবাব:
মার্চ ১৮, ২০১০ at ১১:৪৩ অপরাহ্ণ
@সূর্য,

আমি আপনার সংগে এব্যাপারে একমত ।

3. 3

রাহাত খান

মার্চ ১৮, ২০১০ সময়: ৫:০৯ পূর্বাহ্ণ লিঙ্ক

‘Commandments’ এর বাংলা কি করা যায়? এটা খুবই একটা পশ্চিমা, জুডিও-ক্রিশ্চান শব্দ, এটার কি কোন বাংলা আছে?

*ধ্রুব*এর জবাব:

মার্চ ১৮, ২০১০ at ১০:৩৮ পূর্বাহ্ণ

@রাহাত খান,

অনুজ্ঞা?



*সূর্য*এর জবাব:

মার্চ ১৮, ২০১০ at ১:০০ অপরাহ্ণ

@ধ্রুব, অথবা অনুশাসন?

*ধ্রুব*এর জবাব:

মার্চ ১৮, ২০১০ at ৪:৪৫ অপরাহ্ণ

@সূর্য,

4. 4

একজন নির্ধর্মী

মার্চ ১৮, ২০১০ সময়: ৬:১২ পূর্বাহ্ণ লিঙ্ক

বার্টান্ড রাসেলের সঙ্গে তুলনার ধৃষ্টতা করবো না , তবে ক্রিস্টোফার হিচেনসের নতুন টেন কম্যান্ডমেন্টস পড়া/দেখা যেতে পারে

5. 5

সৈকত চৌধুরী

মার্চ ১৮, ২০১০ সময়: ৯:২০ পূর্বাহ্ণ লিঙ্ক

ধন্যবাদ।

6. 6

সৈকত চৌধুরী

মার্চ ১৮, ২০১০ সময়: ৯:৩০ পূর্বাহ্ণ লিঙ্ক

Bertrand Russell এর ‘A LIBERAL DECALOGUE’ পাবেন এখানে -

http://users.drew.edu/jlenz/br-decalog.html
এই অনুবাদের সাথে মিলিয়ে পড়তে পারেন।

7. 7

ধ্রুব

মার্চ ১৮, ২০১০ সময়: ১০:৩৭ পূর্বাহ্ণ লিঙ্ক

উত্তম প্রস্তাব। প্রথমটি নিয়ে কিছু খটকা আছে যদিও।

8. ৪

শাফায়েত

মার্চ ২০, ২০১০ সময়: ১২:৩১ পূর্বাহ্ণ লিঙ্ক

সূর্য ভাইকে ধন্যবাদ লেখাটির জন্য। ১০ নাম্বারটা খুব পছন্দ হয়েছে।

সমাপ্ত

৩য় অধ্যায় : কেন ইসলামের সমালোচনা করা হয়

৩য় অধ্যায়-কেন ইসলামের সমালোচনা করা হয়

https://www.amarblog.com/susupto-pathok/posts/169609

গত কয়েকদিনের মন্তব্য প্রতিমন্তব্য থেকে জন্ম নিল এই পোষ্ট

তারিখঃ রবিবার, ১৬/০৬/২০১৩ - ০৫:৫২

লিখেছেনঃ সুষুপ্ত পাঠক

ইসলামের প্রতি বিদ্বেষ বন্ধ করুন
এই যুক্তিতে তো কোরআনের অনেক আয়াতই বাতিল করে দিতে হয়! আমি জানি এখনই ঈমানদার কেউ মন্তব্যের ঘরে লিখবে, কোথায় কোরআনের আয়াতে এসব লেখা আছে রেফারেন্স দেখান! রেফারেন্স দেখালে। [...পোলা তোরে যদি আমার পোষা কুতারে দিয়া না ...দাই তো আমি মুসলমানের বাচ্চাই না...]

ইসলাম ছাড়া আর কোন ধর্ম নাই? শুধু ইসলাম নিয়া এত লাগছেন ক্যান?

ইসলামী জগতের নয়া ত্রাতা জাকির নায়েক (ওরফে বুইড়া ভাম) টিভিতে ইহুদী-খ্রিস্টান-হিন্দু ভুয়া প্রমাণে আদাজল খেয়ে নামছে। তৌরাত-বাইবেল-বেদ সব কি হাস্যকর ভুলে ভরা তার সবিস্তারিত বর্ণনা দিচ্ছে। চব্বিশ ঘন্টার একটা টিভি চ্যানেল খুলে সেখানে অষ্টপ্রহর এই রেকর্ডই ভাজতাছে। তখন যারা হাততালি দিছে বুইড়া ভামরে তারাই এখন নিজেদের উপর যখন একই অস্ত্র এসে পড়ছে তখন বলছে ইসলাম ছাড়া আর কোন ধর্ম নাই? ইসলাম কারে গুতাইছে! না মানেন মানবেন না। অযথা ইসলাম নিয়া টানাটানি কেন? **“তৌরাত-বাইবেল বিকৃত। এই কিতাবের অনুসারিরাও বিকৃত। বাতিল আর অভিশপ্ত।”** তাহলে আজ থেকে এই কথাও বলা বন্ধ হোক। কাউকে ভুয়া বললে নিজেও ভুয়া শোনার জন্য প্রস্তুত থাকতে হবে। জাকির নায়েকের লেকচার শোনার জন্য প্রস্তুত থাকলে পাটকেলের জন্যও প্রস্তুত থাকতে হবে। কারণ ইটের জবাব পাটকেলেই হয়ে থাকে।

ভাই, বাদ দেন না! ধর্ম নিয়া এসব লিখে লাভ কি? যার ইচ্ছা ধর্ম মানবে, যার ইচ্ছা মানবে না

মক্কী সূরার ইসলাম আর এখন দুনিয়ায় নাই। মাদানী যুগেই সেটা গত হইছে। যদি থাকতো হিজবুত তাহরির জন্ম নিত না। খেলাফতের ডাক দিত না। কোন সে খেলাফত? যে খেলাফত বিশ্বশান্তির বারোটা বাজতে বাকী রাখবে না। মুসলমানের খেলাফত মানে সেটা ইহুদী -খ্রিস্টানসহ অন্য সব নাগরিককে তৃতীয় শ্রেণিতে পরিণিত করবে। করজোড়ে জিযিয়া কর দিয়ে জীবন ধারন করা। ওমরের সেই বিখ্যাত চুক্তির কথা এখন নাই বা বললাম। হিটলার আর ওমরের মধ্যে আসলে পার্থক্য কতটুকু ? খেলাফতের দাবী ইসলাম না ছাড়লে বিশ্বশান্তি কোনদিনই আসবে না। “যার ইচ্ছা মানবে, যার ইচ্ছা মানবে না” এই বান্দা ইসলাম না!

ইহুদী-খ্রিস্টান আর মালাউনগো কাছ থিকা কত টাকা পাইছত খা...বাচ্চা?

নিজের কষ্টের রোজগারের পয়সায় ইন্টারনেটের বিল মিটাই। সারাদিন খাটাখাটুনি পর ফের লেখি। তারচেয়ে ইসলামের পক্ষে লিখলে পয়সা কামাইতে পারতাম। শুনছি জামাতীরা চব্বিশ ঘন্টার জন্য বেতন করে ইন্টারনেটে কর্মী নিয়োগ করে। ইহুদী-খ্রিস্টানের কি দায় পড়ছে মেরাজে পক্সিক্ষরাজ ঘোড়ায় করে ডালিমকুমার কোথায় গেছে সেই কিচ্ছা লেখার জন্য টাকা দিবে। তাদের এই ধান্দা থাকলে জ্ঞান-বিজ্ঞানের কাজ করবে কারা? এইসব তো মাগীবাজ আরবদের কাজ। তেল বেচা টাকায় মদমাস্তির করার ফাঁকে ফাঁকে ইসলাম প্রচারে জামাতী আর অগো জ্ঞতি হেফাজতীগো শরীয়ত বাস্তবায়নে সর্বদা দন্ডায়মান কইরা রাখে। অগো পয়সা যারা খায় তারাই ভাবে টাকা না পাইলে বেহুদা নেটে নিজের পয়সা ভেঙ্গে লেখালেখি করে লাভ কি?

লিঙ্ক দিছি পইড়া ল

ডালিম কুমার সত্যি সত্যি পঙ্খিরাজ ঘোড়ার চড়ে মহাকাশ ভ্রমন করছে এইখানে লেখা আছে দেখছি! চোখ ডলে দেখি ঠাকুর মার ঝুলি কিনা। ঠাকুর মার ঝুলিও তো একটা রেফারেন্স! যদি কেউ কিচ্ছা বলে দৈত্য আর পরীর, তখন রেফারেন্স চাইলে তো ঠাকুর মার ঝুলিকেই দিতে হবে নাকি ? কিন্তু যারা বেরসিক, ঠাকুর মার ঝুলির গূঢ় অর্থ ধরতে পারে না তারা তো আবল তাবল বলবেই। দৈত্য আসলে এখানে রূপক হিসেবে ব্যবহার করা হইছে। এই দৈত্য দিয়া আসলে বুঝানো হইছে আকারে বড় , আর পরী দিয়া বুঝানো হইছে সুন্দরের প্রতীক। কিন্তু একটু পরেই ঠাকুর মার ঝুলির অন্য অর্থ দাঁড়ায় যাবে। দৈত্য, পরী, শাকচুন্নি, মাঁমদোভূত এই সকল বিষয়ে প্রশ্ন তুললে তুমি আর ঠাকুর মার ঝুলির অনুসারি হতে পারবে না...। ইহাই হইছে ঈমান!

প্রশ্ন পাল্টা প্রশ্নের খেলা, প্রসঙ্গ থেকে অন্য প্রসঙ্গে, বেকায়দা থেকে নিস্তার পাওয়ার চরম ও দারুণ দাওয়াই

প্রশ্ন করলাম জামাল কে বলেন? পাল্টা প্রশ্ন আগে ক কামাল কে? তার বাপের নাম ক? যদি বাপের নাম বলি তখন, অর দাদা, পরদাদা, সমুন্দি আর দুলাভাইয়ের নাম ক, তারপর তোর প্রশ্নের উত্তর আমি দিমু! কিন্তু আমার দরকার জামালের খবর, কামাল আর অর চৌদ্দগুষ্ঠির খবর নিয়া লাভ কি? এই তো ধরা খাইয়া গেছে! এখন বলে কামালের দরকার নাই। তার মানে কামালের কোন কথাই জানে না। আগে কামালরে ভাল কইরা জেনে আয়, তারপর কথা...।

এই খেলার শেষ কোথায়?

ধর্ম নিয়া একটুও মাথা ব্যথা থাকতো না যদি না হিজবুত তাহরির , খোমেনী, হেফাজতী, জামাতী, মাগীবাজ সৌদি এরা না আমার দেশের উপর ভর করতো। অগো মিলিত আক্রমনে বাংলাদেশ আজ বাংলাদেশ নাই। বিশ্বশান্তির কথা তো আরো বড় চিন্তাভাবনার ব্যাপার। আগে তো নিজের দেশের কথা। এর থেকে মুক্তি কোথায়, কিভাবে, কেমন করে আসবে? ধর্ম যদি মানুষের ড্রয়িংরুম থেকে বেডরুম ,

বেডরুম থেকে বাথরুম পর্যন্ত থাকতো কোন কথা ছিল না। বগলের লোম কতদিনে কাটতে হবে, হাগার আগে কোন দোয়া, পরে কোনটা, কাছিম খাওয়া যাবে না যাবে না, এরমধ্যে আবদ্ধ থাকলে কোন কথাই ছিল না। যার ইচ্ছা হয় সে মানবে, যার ইচ্ছা হয় মানবে না। কিন্তু এত সুখ পৃথিবীবাসীর কপালে লেখা নাই। ঈশ্বর তিনখানা না চারখানা বই লিখছে। সবকটাই এখন মানুষের গলার কাঁটা। এই কাঁটা না ফেললে মানুষে মানুষে, ধর্মে ধর্মে, জাতিতে জাতিতে ভ্রাত্রিত্ববন্ধন, শান্তি ঈশ্বরের বাপের সাধ্য নাই আনে। আর এই কাঁটা ফেলতে হবে কাঁটা দিয়েই। ধর্মগ্রন্থ দিয়েই ধর্মগ্রন্থকে মারতে হবে। জোঁকের মুখে কিন্তু নুন পড়া শুরু হয়ে গেছে! একদল বেরিয়ে এখন নতুন করে , তারা বলে হাদিস মানে না! (বুখারী বেইজ্জত কইরা ছাড়তাছে তাদের!) এরপর সেই দিন কি আসবে যখন বলবে , কোরআনও তারা মানে না? তখন কিসের রেফারেন্স নিয়া আসবে তারা? ধর্মের দিন বোধহয় শেষ হয়ে আসছে! কিন্তু সে দীর্ঘ পথের ব্যাপার। আপাতত আমাদের সে দৈর্ঘ না মেপে কাজ করে যেতে হবে। কোপারনিকাস, গ্যালেলিও, ব্র"নো...আরজ আলী মাতুব্বর... আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী...

কমেন্ট

রবিবার, ১৬/০৬/২০১৩ - ০৭:২১ তারিখে আঃ হাকিম চাকলাদার বলেছেন

দয়া করে ইসলাম ধর্মকে অন্য ধর্মের সংগে তুলনা করবেননা। তুলনা করা যায়না। ইছলাম ধর্ম হইল পূর্বের ধর্ম গুলীর সর্বশেষ UPDATE ভার্শন। অন্য ধর্ম গুলী সব বিকৃত হয়ে গিয়েছে। যার জন্য আল্লাহ পাক সর্বশেষ তার নবী পাঠিয়ে ধর্মকে সঠিক করে সাজিয়ে গুছিয়ে একেবারে কেয়ামত পর্যন্ত সর্বমানবের জন্য এই ধর্মের ব্যবস্থা করেছেন।

কাজেই কোন মুছলিম অন্য ধর্মকে গালিগালাজ হেয় করলেও এটা বৈধ আছে।আর ইছলাম ধর্মের কোন সমালোচনা করলে তাকে কাফির,মোরতাদ বলে ফতৌয়া দেওয়ার ব্যবস্থা রয়েছে।

রবিবার, ১৬/০৬/২০১৩ - ০৯:০৬ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

আঃ হাকিম চাকলাদার, মজা পাইলাম!

রবিবার, ১৬/০৬/২০১৩ - ১২:১৮ তারিখে ধুমকেতু বলেছেন

একেবারে সত্যি কথা। ইসলাম যেহেতু সর্বশেষ সংস্করন আর তা একমাত্র সত্য ধর্ম , তাই বাকি গুলো এখন ভুয়া । সেহেতু ইসলাম যেমন ভাবে পারে অন্য ধর্মকে গালি গালাজ করবে কিন্তু অন্য ধর্ম ইসলামকে গালি দিলেই তার কল্লা কাটা হবে। ইসলাম যে কি ভাবে কত প্রকারে অন্য সব ধর্মকে গালি দিয়েছে তা জানতে নিচের নিবন্ধে যান-

ধর্মীয় অনুভূতি কি মুসলমানদের এক তরফা?

রবিবার, ১৬/০৬/২০১৩ - ০৯:১৩ তারিখে এস দেওয়ান বলেছেন

প্রতিটি ধর্মের সুত্রপাত হয়েছে বিতর্কের মাধ্যমে তাই বিতর্ক ধর্মকে ঘিরে রেখেছে। যেই জিনিষের ভিতই মিথ্যা সেই জিনিষ বিতর্কিত হওয়াটা স্বাভাবিক ব্যাপার। ধর্ম শান্তির জন্য হলেও বর্তমানে ধর্মীয় ভেদা-ভেদের কারণে অশান্তিই বেশি ছড়াচ্ছে। ধর্ম গুলো শিধু মিথ্যাই নয় , অবাস্তবিকও বটে; তাই বেশি সমস্যা হচ্ছে।

আপনি লিখেছেন-

ইসলাম ছাড়া আর কোন ধর্ম নাই? শুধু ইসলাম নিয়া এত লাগছেন ক্যান?

অন্য ধর্মকে সমালোচনা করলে কেউ খেপে ওঠে না কিন্তু ইসলাম নিয়ে কিছু বললেই কিছু মৌলবাদীর পাছায় চুলকানি শুরু হয়ে যায়। সমস্যাটা এখানেই। ধর্ম বা নবী কেউই সমালোচনার উর্ধ্বে নয়।

"কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো"

আমার সোনার বাংলা।

রবিবার, ১৬/০৬/২০১৩ - ০৯:২৩ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

ভাই, ইহুদীনাসারাগো কাছ থেকে কত টাকা খাইছেন?

রবিবার, ১৬/০৬/২০১৩ - ১১:২১ তারিখে মূর্খ চাষা বলেছেন

কয়দিন আগে এই ধর্ম নিয়ে লেখা এক পোষ্ট - এ এক মহান ধার্মিকের সংগে যুক্তি পালটা যুক্তি দেওয়ার এক র্পযায়ের কিছু কথা এখানে তুলে ধরব -

উনার বক্তব্য - উনি মাজার, পুজা বিশ্বাস করেন না তাই সেখানে যান না। তবে টাকা পাইলে যাবেন।

আমি তারে প্রশ্ন করলাম - যা মনে প্রানে বিশ্বাস করেন না তা টাকার বিনিময়ে করবেন ?

উনার আর উত্তর নাই শেষে ভুল ইংরেজিতে আমার চরিত্র নিয়ে সন্দেহ প্রকাশ করে হারিয়ে গেল।

ইনারাই আমাদের দেশের ইসলামের একমাত্র ধারক বাহক। আর আমরা ,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=31317

ইসলাম/মুসলীম ব্যাশিং/ব্যাশার, বিদ্বেষ/বিদ্বেষী....... বিষয়টির নিষ্পত্তি হোক

তারিখ: ১০ অগ্রহায়ন ১৪১৯ (নভেম্বর ২৪, ২০১২)

লিখেছেন: যাযাবর

ইদানিং একটা বিষয় তিক্ত বিতর্কের সৃষ্টি করছে মুক্তমনা ফোরামে। অনেক মুক্তমনা সদস্য ইসলামের সমালোচক সদস্যদের ইসলাম বিদ্বেষী, ইসলাম ব্যাশার, মুসলীম বিদ্বেষী ইত্যাদি বিশেষণে সম্বোধন করে ব্যক্তি আক্রমণাত্মক ভাষায় তিরস্কার করছেন। ব্যাশার কথাটি বহুল ব্যবহৃত। কি অর্থ এর। ইংরেজীতে ব্যাশিং শব্দের অর্থ ব্যক্তির ক্ষেত্রে জোরে আঘাত করা। ইসলামকে জোরে আঘাত করা মানে কি, অবশ্যই কড়া সমালোচনা করা। তাহলে ইসলাম ব্যশিং এর মানে দাঁড়ায় ইসলামের কড়া সমালোচনা। ইসলামের সমালোচনা কে মৃদু বা কড়া এই ভাবে শ্রেনীভুক্ত করাটাই অর্থহীন । ইসলামের সমালোচনা ব্যাপারটাই অনেকের কাছে কড়া জিনিষ। তথ্য যুক্তি দিয়ে ইসলামের যুক্তিনিষ্ঠ সমালোচনা করাটা নরম বা কড়া এভাবে বিভক্ত করা যায় না। যাহোক কেউ “ইসলামের কড়া সমালচনাকারী” হলেও একজন মুক্তমনাদর কাছে তা অতটা খারাপ লাগার কথা নয়। কারণ সমালোচনা কড়া হোক, নরম হোক, সমালোচনা মুক্তচিন্তা চর্চার অবিচ্ছেদ্য অংগ। কিন্তু ইসলাম ব্যশিং বলে একটা নেতিবাচক প্রতিক্রিয়া বা আবেগ সৃষ্টির চেষ্টা সুস্পষ্ট। আসলে “ইসলাম ব্যাশার” এই প্রকাশ ভঙ্গীতে মুসলীম ব্যাশার বা বিদ্বেষী বোঝানোর একটা প্রচ্ছন্ন ইঙ্গিত আছে। কিন্তু ইসলাম ব্যাশিং আর মুসলীম ব্যাশিং এক নয়। এর পার্থক্যটা সুস্পষ্ট , পরে আসছি এর আলোচনায়। এই ইসলাম ব্যাশিং আর মুসলীম ব্যাশিং কে প্রচ্ছন্নভাবে সমার্থক করার চেষ্টা ইচ্ছাকৃত। কখনো তারা সরাসরিই মুসলীম বিদ্বেষী কথাটাই ব্যবহার করেন। মুসলীম ব্যাশিং কথার ব্যবহার দ্বারা মুসলীমদের ভিক্টিম হিসেবে দেখানোর ইচ্ছাটাও প্রচ্ছন্ন। একই কথা প্রযোজ্য ইসলাম বিদ্বেষ/বিদ্বেষী কথায়। সমালোচনাকে বিদ্বেষ বলে লেবেল দিলে ইসলাম সমালোচকদের ইসলাম বিদ্বেষী এবং প্রচ্ছন্নভাবে মুসলীম বিদ্বেষী হিসেবে চিহ্নিত করা যায়। এতে মুসলীমদের ভিক্টিম হিসেবে গন্য করে তাদের সমর্থনে অবস্থান নেয়া হয়। আলোচনার সুবিধার্থে যে মুক্তমনারা ইসলাম ব্যাশিং বা মুসলীম ব্যাশিং এর ধুয়া তুলে ইসলাম ব্যশারদের ভর্ৎসনা করেন তাদের “এন্টি ইসলাম-ব্যাশার” (অর্থাৎ ইসলাম-ব্যাশারদের ব্যাশার) বলে উল্লেখ করছি। কেন এন্টি ইসলাম-ব্যাশার মুক্তমনাদের এরকম কল্পিত মুসলীম ভিক্টিমের সমর্থনে অবস্থান নেয়া, বিশেষ করে যারা নিজেদের নাস্তিক বলে দাবী করেন? যেসব এন্টি ইসলাম- ব্যাশার মুক্তমনারা মুসলীম বংশে জন্ম নিয়েছেন তাদের ক্ষেত্রে একটা কারণ হতে পারে নাস্তিক হয়েও পরিচয় সঙ্কটের কারণে মুসলীম জাতীয়তাবোধের উপরে উঠতে পারছেন না তারা। ব্লগার সফিক তাঁর এক মন্তব্যে এরকম কথাই বলেছেন। তাই ইসলামের সমালোচনাকে, বিশেষ করে একই বাক্যে যখন অন্য ধর্মকে একই মাত্রায় ব্যাশিং করা না হয় তখন তারা এতে মুসলীম জাতির সদস্য হিসেবে (ইসলামে বিশ্বাসী হিসেবে নয়) একটা হীনমন্যতায় ভুগেন। এই হীনমন্যতাকে কাটিয়ে উঠার জন্য তারা ইসলামের সমালোচনাকেই ব্যাশিং আখ্যা দিয়ে এটাকে একটা হীন কাজ হিসেবে চিত্রিত করতে চান।

আবার তারা সব ধর্মই সমান পুতিগন্ধময়, সমান বীষ্ঠাপূর্ণ এইসব বলেও এই হীনমন্যতা থেকে রেহাই পেতে চেষ্টা করেন। কারণ সব সমান খারাপ হলে তো কোন হীনমন্যতার প্রশ্ন উঠে না। এরা কিন্তু শুধু হিন্দু বা খ্রীষ্ঠান ধর্মকে টার্গেট করে সমালোচনা করায় বিচলিত হন না বা হীনমন্যতা বোধ করেন না। কিন্তু একজন প্রকৃত মুক্তমনা, নাস্তিকের জন্য ধর্মীয় জাতীয়তাবোধই গুরুত্বপূর্ণ হতে পারে না। তার কাছে একটা বেশি খারাপ, অন্যটা কম খারাপ বলায় বিচলিত হবার কিছু নেই বা এতে হীনমন্যতায় ভোগার কারণও নেই। ধর্মনিরপেক্ষ মুক্ত বিশ্বে পেশা বা সামজিক জীবনে ধর্মীয় জাতীয়তাবোধ কোন বাড়তি সুবিধা দেয়না, বা ধর্মীয় জাতীয়তাবোধের অভাব কোন অসুবিধাও সৃষ্টি করে না। এই ধর্মীয় জাতীয়তাবোধ নিজের নাড়ী বা শিকড়কে ছিঁড়ে বের হতে না পারার মানসিক একটি সীমাবদ্ধতা। মুক্তমনাদের সবাই মনে করেন ধর্ম জাতীয়তার ভিত্তি হতে পারে না। ধর্মীয় ভিত্তিতে পাকিস্তানের প্রতিষ্ঠাকেই তারা যেখানে কটাক্ষ করেন, সেখানে তাদের মুসলীম জাতীয়তাবোধ কে আলিঙ্গন করাটা কি একটা চরম স্ববিরোধিতামূলক ব্যাপার হয়ে যায় না ?

আবার যেসব এন্টি ইসলাম-ব্যাশাররা মুসলীম বংশে জন্মাননি তারা স্রেফ রাজনৈতিক শুদ্ধির জন্যই ইসলাম ব্যাশিং এর বিরোধী, বা সব ধর্মই সমান খারাপ এটা বলতে খুবই আগ্রহী, নিজেদের নিরপেক্ষ প্রমাণের চেষ্টায়।

আগেই উল্লেখ করছি যে ইসলাম ব্যাশিং আর মুসলীম ব্যাশিং এক জিনিষ নয়। ইসলাম একটা ধর্ম , মতবাদ ও আদর্শ, কোন ব্যক্তি নয়। আর মুসলীম হল যারা যারা এইধর্মে বিশ্বাস করে , তারা ব্যক্তি। এই ব্যক্তিদের মধ্য সকল চরিত্রের লোকই আছেন, নীতিবান, অহিংস, সহিংস, অসৎ সবই । কাজেই ইসলামের কড়া সমালোচনা করা মানেই মুসলীমদের নির্বিচারে ঘৃণা করা সেটা কখনই আবশ্যিক হতে পারে না। বা ইসলামকে ধর্মকে হেয় করায় মুসলীমদের হেয় করা হয় সেটা ভাবাও ঠিক না। কারণ একজন মানুষের চরিত্র ধর্মের দ্বারা সৃষ্ট হয় না। মানুষ মাত্রই ভাল মন্দ উভয়ের ই প্রবণতা নিয়ে জন্মায়। কোন কোন ধর্মের খারাপ দিক তাদের প্রচ্ছন্ন মন্দ প্রবৃত্তিকে উস্কিয়ে দেয় , কোনটা দেয় না বা কম দেয়। কোন ধর্মের সমালোচনা করা হয় সেই ধর্মের খারাপ প্রবৃত্তিকে উস্কিয়ে দেয়ার ক্ষমতার জন্যই, ধর্মের অনুসারীদের হেয় করার জন্য নয়। ইসলামের অনেক কিছু ই এই মন্দ প্রবৃত্তিকে উস্কিয়ে দেয়, যেমন অন্য ধর্মের/ অবিশ্বাসীদের প্রতি সহিংসতা/অসহনশীলতা, নারীদের প্রতি অসহনশীলতা বা বৈষম্য ইত্যাদি। ইসলামের কড়া সমালোচককে মুসলীম বিদ্বেষী বলাটা একটা গুরুতর অভিযোগ। উপযুক্ত প্রমাণ ছাড়া কাউকে অমুখ বিদ্বেষী তমুখ বিদ্বেষী বলাটা আইনের চোখে চরিত্রহনন হিসেবে মানহানী মামলার যোগ্য। কোন রাজনৈতিক নেতা বা প্রভাবশালী ব্যক্তির বিরুদ্ধে এইরকম অভিযোগ তুললে লাইবেলের ল স্যুটের সম্মুখীন হওয়ার সমূহ সম্ভাবনা আছে।

এখানে যেভাবে যথেচ্ছভাবে মুসলীম বিদ্বেষ/বিদ্বেষী শব্দের ব্যবহার হচ্ছে তাতে মুসিলীম বিদ্বেষকে পরিস্কার করে সংজ্ঞায়িত করাটা খুবই জরুরী হয়ে পড়েছে। আমার মতে মুসলীম বিদ্বেষী সেই , যে শুধু মুসলীম পরিচয়ের জন্য কোন ব্যক্তিকে নির্বিচারে ঘৃণা করে। ঘৃণার প্রমাণ হবে অনিষ্ট করার চেষ্টা , মানবাধিকার লঙ্ঘন করা, বৈষম্য করা, যেমন শুধু মুসলীম হবার জন্যই অধিকতর যোগ্যতা সত্ত্বেও সেই ব্যক্তিকে চাকরী না দিয়ে কম যোগ্যতা সম্পন্ন অন্য ধর্মালম্বীকে চাকরি দেয়া ইত্যাদির দ্বারা। ঘৃণার অপেক্ষাকৃত কম মাত্রার প্রকাশ হল বন্ধু হিসেবে গ্রহণ না করা , এড়িয়ে চলা , বিপদে সাহায্য না

করা, নেতিবাচক দৃষ্টিতে দেখা বা বিচার করা ইত্যাদি। ঘৃণাটা ব্যক্তির গুনাগুন বিচারের ফলে সৃষ্ট হয় না, গুণাগুণ বিচার ছাড়াই কেবল মুসলীম পরিচয়ের জন্যই নির্বিচারে সৃষ্ট হয়। এর চেয়ে অন্য কোন যুক্তিসঙ্গত সংজ্ঞা চিন্তা করতে পারছি না বিদ্বেষ বা ঘৃণার। মুসলীমদের প্রতি এরকম নির্বিচার ঘৃণা অন্যধর্মের ধর্মান্ধদের মধ্যে থাকতে পারে, যেমন কিছু উগ্র হিন্দু বা খ্রীষ্টানের মধ্যে। তারা মুসলীম নামধারী ইসলাম ব্যাশারদেরকেও তাদের ঘৃণা থেকে রেহাই দেবে না স্রেফ মুসলীম বংশে জন্মাবার কারণে। তাদেরক হয়ত তারা ব্যবহার করতে পারে নিজেদের সুবিধার্থে , যেমন ইসলাম ব্যাশারদের লেখা উদ্ধৃতি দিয়ে । কিন্তু ইসলাম ব্যাশারদের লেখা যদি তাদের সুবিধার্থে লেখা না হয় তাহলে তাদের লেখা মুসলীম বিদ্বেষীরা উদ্ধৃত করলে তার দায়িত্ব ইসলাম ব্যাশারদের উপর বর্তাতে পারে না। অনেক এন্টি ইসলাম-ব্যাশার ইসলাম ব্যাশারদেরকে মুসলীম বিদ্বেষী হিন্দু/খ্রীষ্টাহ্নকদের ভাড়া করা এজেন্ট বলতেও কুণ্ঠিত হন না। প্রমাণ ছাড়া এধরনের অভিযোগ করা অন্যায় ও কুরুচিপূর্ণ। মুসলীম বংশে জন্মান ইসলাম ব্যাশাররা ইসলাম ধর্মে মোহভঙ্গের কারণেই ইসলামের সমালোচনা করেন বলা আ,মার বিশ্বাস, অমুস্লীম মুস্লীম বিদ্বেষীদের সুবিধার্থে নয়। মুস্লীম বিদ্বেষীদের সুবিধা টা পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে। বলাই বাহুল্য উগ্র মুসলীমদের মধ্যেও হিন্দুদের প্রতি অনুরূপ নির্বিচার ঘৃণা আছে। কিন্তু ইসলামের সমালোচকের মধ্যে এরকম নির্বিচার মুসলীম ঘৃণা থাকার কোন প্রমাণ নেই। থাকতে পারে না তা বলছি না। প্রশ্ন হল ইসলামের সমালোচনা করলেই কি কাউকে আবশ্যিকভাবে নির্বিচারে মুসলীম বিদ্বেষী হতে হবে বা বলা উচিত হবে ?। জোর দিয়ে বলব না, কখনই না। শুর করা যাক মুসলীম পরিবারে জন্ম নেয়া ইসলাম সমালোচকদের বাবা মা ভাই বোন দিয়ে। ইসলামের সমালোচকদের অনেকেই এটা পরিস্কার করে বলেন যে ইসলামে গভীর বিশ্বাস সত্বেও তারা তাদের বাবা মা ভাই বোন বন্ধু বান্ধবদের ঘৃণা করেন না। মুসলীম হলেই নির্বিচারে ঘৃণা করার কোন কারণই নেই, যুক্তি দিয়ে চিন্তা করলে। কারণ ইসলামের যে সব ক্ষতিকারক দিক নিয়ে ইসলাম ব্যাশাররা লেখালেখি করেন বেশির ভাগ মুসলীমদের জীবনে তার প্রভাব বা প্রয়োগ নেই। এটা বুঝতে হবে যে ইসলামে অনেক কিছু আছে যা ব্যক্তি পর্যায়ে সীমিত , যা অন্যের অধিকার বা ব্যক্তি স্বাধীনতার উপর হস্তক্ষেপ করে না, যেমন নামাজ পড়া, রোজা রাখা, হিজাব পরা ইত্যাদি । এগুলি যুক্তিহীন হলেও অন্যের জন্য ক্ষতিকারক না হওয়াতে ইসলামের সমালোচকেরা এগুলি শুধু অনুসরণ করার জন্য ই কারোর প্রতি ঘৃনা পোষণ করেন না , এমনকি এগুলি অনুসরণ করার পরেও ব্যক্তি জীবনে এদের অনেককেই ইসলাম ব্যাশাররা বন্ধু হিসেবে গ্রহণ করে । কিন্তু কাউকে ইসলামের এই আচার মেনে চলতে বাধ্য করা হলে সেটা আর নিরপরাধ বা শান্তিপ্রিয় থাকে না, সেটা মানবাধিকার লঙ্ঘনের ব্যাপার হয়ে যায়। ইসলামের সমালোচকেরা এই সব ইসলামিক আচারাদির যুক্তিহীনতা নিয়েও যদি লেখালেখি করেন তাতেও এটা কখনই প্রমাণ হয় না যে তারা এই যুক্তিহীন ইসলামী আচারাদির অনুসরণকারীদের ঘৃণা বা সমালোচনা করেন। যুক্তিহীন ইসলামী আচারাদির সমালোচনা করা মানে এই যুক্তিহীন ইসলামী আচারাদির প্রবর্তক, প্রচারক বা বলপূর্বক বলবৎকারীদের সমালোচনা , অনুসরনকারীদের নয়। এটা বোঝা খুবই দরকারী। বাংলাদেশের এক বিরাট জনগোষ্ঠী যারা দিন আনে দিন খায়, দিন মজুর, কৃষক, রিক্সাচালক, এড়া সবাই ইসলামে বিশ্বাস ও ইসলামী আচারাদি ব্যক্তিজোবনে অনুসরণ করলেও এদের প্রতি ই সলাম সমালোচকেরা ঘৃণা পোষণ করেন না , বা করার প্রমাণ নেই, কারণ এরা তাদের বিশাসকে ব্যক্তি পর্যায়ে সীমিত রাখে। এদেরকে শান্তিপ্রিয় মুসলীম বলা যায়। এরা উত্তরাধিরসূত্রে এই বিশ্বাস পায় , এবং তাদের বিশ্বাসকে জায়েজ করার জন্য সরবে কোন যুক্তি তর্কের অবতারণা করে না , নীরবেই বিশ্বাসটাকে অন্তরে লালন করে। ইসলামে বিশ্বাস রেখেও

একজন ভাল মনের মানুষ (নিরপেক্ষ বিচারে) হতে পারে , তাদের ঘৃণা করার কোন যৌক্তিকতা নেই । কাজেই যে যতই ইসলামের কড়া সমালোচক হন না কেন তাকে মুসলীম বিদ্বেষী বলার আগে সাক্ষ্য প্রমাণ লাগবে তার ব্যক্তিগত জীবনের কর্মকান্ডের ভিত্তিতে, কারণ ইসলাম ব্যাশার হয়েও ব্যক্তিজীবনে মুসলীম বিদ্বেষী না হওয়াও সম্ভব। মুসলীম বিদ্বেষী কাউকে খেলো ভাবে প্রয়োগ করার মত শব্দ নয়। এটা গুরুতর একটা শব্দ। সেহেতু প্রমাণ ছাড়া এটা প্রয়োগ করলে এটা বরং উলটো ইসলাম ব্যাশারদের প্রতি এন্টি ইসলাম-ব্যাশারদের বিদ্বেষ বা ঘৃণা কেই প্রমাণ করবে। এন্টি ইসলাম -ব্যাশাররা আবশ্যিকভাবে ইসলাম ব্যাশারদের(ব্যক্তি) ঘৃণা করে , কিন্তু ইসলাম-ব্যাশাররা ইসলামকে ব্যাশ করে,কোন মুসলীমকে নয় (নির্বিচারভাবে তো নয়ই) । এই তফাতটা মনে রাখার দরকার।

আমি গুরুত্বের সাথে একটা কথা বোঝাতে চেয়েছি যে ইসলাম ব্যাশাররা নির্বিচারে মুসলীম বিদ্বেষ পোষন করেন না, মুসলীমদের এক বিরাট জনগোষ্ঠীর প্রতি তাদের কোন ঘৃণা নেই। এই গোষ্ঠী ইন্টার্নেট পড়ে না বা জানেও না ইসলামের সমালোচনার কথা বা ইসলামের সমর্থনে তর্কে লিপ্ত হয় না । কিন্তু মুসলীম জনগোষ্ঠীর অপর এক অংশ আছে যারা শান্তিপূর্ণ ভাবে ব্যক্তিজীবনে ইসলামকে সীমিত রেখে সন্তুষ্ট নয়। তারা আগ্রাসীভাবে ইসলামের মাহাত্ম্য প্রচারে ব্যাস্ত, ইসলাম যে শ্রেষ্ঠ ধর্ম, কত বৈজ্ঞানিক, শান্তিপ্রিয়, যুক্তিপূর্ণ এটা প্রমাণ করতে একের পর এক পোস্ট দিয়ে যায় । তাদের বক্তব্যের যুক্তিপূর্ণ জবাব দিলে তারা সমালোচকদের প্রতি বিষোদ্গার করতে শুরু করে আর ব্যক্তি আক্রমণে লিপ্ত হয়। এদেরকে ইসলামিস্ট বলা হয়। তারা ইসলামের সমালোচককে শুধু ইসলাম ব্যাশারই বলে না শুধু, তাদের অনেকে ইসলাম ব্যাশারদের প্রতি সহিংস আচরনকে সমর্থন করে, প্রাণ নাশের হুমকিও দেয়, ইসলামের শত্রু, ইহুদী খ্রীষ্টানদের বেতনভুগী দালাল বলে। স্বভাবতই ইসলাম ব্যাশাররও এদের পালটা সমালোচনা করেন। কিন্তু তারা ইসলামিস্টদের প্রাণ নাশের হুমকি দেয়ার মত লেভেলে নামে না। এই তফাতটা লক্ষ্যণীয়। প্রায়ই দেখা যায় এন্টি ইসলাম-ব্যাশাররা ইসলাম ব্যাশারদেরকে ইসলামী চরমপন্থীদের সাথে তুলনা করে। এটা দুঃখজনক , কারণ তুলনাটা খুবই অসমান। ইসলাম-ব্যাশাররা কলমেই তাদের কর্ম সীমিত রাখে। অথচ ইসলামী সন্ত্রাসীরা সহজেই সহিংসতায় লিপ্ত হতে পারে ইসলাম-ব্যাশাররদের প্রতি, যদিও ইসলাম-ব্যাশাররা তাদের বা অন্য কারও প্রতি সহিংসতায় লিপ্ত হয় নি। কখনো কখনো একটা উদ্বেগজনক ব্যাপার লক্ষণীয় সেটা হল এন্টি ইসলাম-ব্যাশার ও ইসলামিস্টদের একটা কমন স্ট্যান্ড হল যে ইসলাম ব্যাশারদের প্রতি সহিংসতাটা সমর্থনযোগ্য কারণ তারা মুসলীমদের ধর্মানুভূতিতে আঘাত করছে, মুসলীমদের মানসিক যন্ত্রণা ইসলাম ব্যাশারদের প্রতি সহিংসতাকে জাস্টিফাই করে। এই ধর্মানুভূতিতে আঘাত করার বুলিটা এন্টি ইসলাম -ব্যাশার ও ইসলামিস্টদের একটা সাধারণ সুর। কিন্তু কতটা যুক্তিযুক্ত এই ধর্মানুভূতিতে আঘাত হানার দাবীটা। আগেই বলেছি ইসলাম ব্যাশারদের ইসলামের সমালোচনা এক বিরাট মুসিলীম জনগোষ্ঠীর প্রতি লক্ষ্য করে নয়। তারা এই ইন্টার্নেট ভিত্তিক ইসলামের সমালোচনার কথা জানেও না। তাদের আঘাত পাওয়ার প্রশ্ন উঠতে পারে না । বাকী থাকল ইন্টার্নেট ব্যবহারকারী ইসলামিস্টরা। তাদের ধর্মানুভূতিতে আঘাত করার বা আঘাতপ্রাপ্ত হওয়ায় এন্টি ইসলাম-ব্যাশার মুক্তমনাদের বিচলিত হওয়াটা খুবই আশ্চর্য্যের ব্যাপারই বটে। এই ইসলামিস্টরা মানসিক ভাবে খুব দুর্বল , ইনোসেন্ট বা সুকোমল চিত্তের মানুষ নয় যে তাদের প্রতি এতটা সহানুভূতিতে গলে যেতে হবে। তারা নিজেরাই অন্য বিশ্বাসীদের প্রতি নির্দয় আঘাতের জন্য সদা প্রস্তুত। সহিংসতাতেও পিছপা হয় না। তা ছাড়া ধর্মানুভূতিতে আঘাত করার কথাটার মধ্যে একটা অসঙ্গতি আছে, কথাটা ধোঁয়াটেও বটে। বিশ্বাস কি এমনই একটা ঠুনকো জিনিষ

যে বিশ্বাসের সমালোচনায় এতটা বিচলিত বা আঘাতপ্রাপ্ত হতে হবে। বিশ্বাসে পূর্ণ আস্থা থাকলে তো আঘাতকে আঘাত হিসেবে নয় বরং বিশ্বাসকে জোরদার করার পরীক্ষা হিসেবে দেখার কথা। বা ইসলাম ব্যাশারদের সমালোচনা ভুল মনে করলে যুক্তির সাথে সেই ভুল খন্ডন করেও তাদের বিশ্বাসকে জোরদার করতে পারে, বা যুক্তি ঠিক হলে অন্যকেও ইম্প্রেস করে বিশ্বাসের প্রতি আকৃষ্ট করতে পারে । আসলে ধর্মানুভূতিতে আঘাত নয়, তাদের বিশ্বাসকে প্রশ্ন করার প্রতিই তারা অসহনশীল। এই অসহনশীলতাটাই ইসলামী সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। আর এই অসহনশীলতাটা সহজেই সহিংসতার রূপ নেয়। সর্বোপরী একটা সঙ্গত অভিযোগ তোলা যায় যে, জীবনে অনেক কিছুরই তো সমালোচনা করা হয়, বিজ্ঞানের কোন তত্ত্বকে বা বিশেষ কোন সাহিত্যিককে বা সাহিত্যকর্মকে বা কোন বরেণ্য নেতাকে। কিন্তু বিজ্ঞানের সেই তত্ত্বে বিশ্বাসীদের বা সেই সাহিত্যিক/বরেন্য নেতাদের ভক্তদের অনুভূতিতে আঘাত দেয়ার কথা তো তোলা হয় না। ইসলামে বিশ্বাসীদের কি একটা বিশেষ প্রিভিলেজ আছে, বা থাকলে তার কারণ কি। ইসলামিস্টরা এই প্রাধান্যপূর্ণ মর্যাদা দাবী করলে অবাক হবার কিছু নেই, কিন্তু এন্টি ইসলাম-ব্যাশার মুক্তমনাদের মুখে এই ধর্মানুভূতিতে আঘাত দেয়ার কথা শুনলে অবাকই হতে হয়। অথচ এই এন্টি ইসলাম-ব্যাশারদের কেউ কেউ রবীন্দ্রনাথের কড়া সমালোচনা (ব্যক্তি সমালোচনা, সাহিত্যিক সমালোচনা নয়) করে লিখেছেনও। রবীন্দ্রভক্তরা যে এতে মনোকষ্ট পান না এটা ভাবার কোন কারণ নেই। ডবল স্ট্যান্ডার্ড অন্তত মুক্তমনাদের কাছ থেকে আশা করা যায় না।

কোন কোন এন্টি ইসলাম-ব্যাশার অবশ্য এটাও বলেন যে তারা ইসলামের সমালোচনা বিরোধী নন per se . তাদের আপত্তি হল যেহেতু সব ধর্মই সমান খারাপ তাই কেন শুধু ইসলামকেই টার্গেট করা হবে? অন্য ধর্মকেও একই সুরে সমালোচনা করতে হবে , তা না হলে এটা একপেশে হয়ে যাবে। এই যুক্তির অসারতা স্পষ্ট। যদি তারা মেনেই নেন যে ইসলাম খারাপ (অন্য ধর্মও খারাপ সেটা মেনেই) , তাহলে খারাপের সমালোচনা তো শর্তহীনভাবেই যৌক্তিক হবার কথা। অন্য ধর্মকে খারাপ না বললে ইসলাম খারাপ বলাটাও অযৌক্তিক বা অগ্রহণযোগ্য হয়ে যায় কি করে। কেই যদি রবীন্দ্রনাথের খারাপ দিক নিয়ে তথ্যযুক্তি দিয়ে সমালোচনামূলক লেখা লেখে তখন কি কেউ বলে (বা বলা উচিত কি ?) অমুখ সাহিত্যিকেরও অনেক খারাপ দিক আছে, তাদেরও সমালোচনা না করে শুধু রবীন্দ্রনাথকে টার্গেট করাটা অযৌক্তিক বা অগ্রহণযোগ্য, ওটা টেগোর ব্যাশিং ইত্যদি। দেখা যাচ্ছে যে ইসলাম একটা বিশেষ মর্যাদা পাচ্ছে এই এন্টি ইসলাম-ব্যাশারদের দৃষ্টিভঙ্গীতে। লক্ষণীয় ব্যাপার হল যে খ্রীষ্ট বা হিন্দু সমাজেও তাদের নিজ নিজ ধর্মের কড়া সমালোচক আছেন। ইন্টার্নেট ফোরামেও হিন্দু বা খ্রীষ্টান ধর্মের কড়া সমালোচনা হয়েছে, মুক্তমনার কিছু সদস্যও এই কড়া সমালোচনায় অংশ নিয়েছিলেন। কিন্ত এই ধর্মগুলির দেশে (ভারত, আমেরিকা...) বা ইন্টার্নেট ফোরামে অনুরূপ এন্টি হিন্দু/খ্রীষ্টান -ব্যশারের অস্তিত্বের কথা শুনা যায় না, যারা কেন শুধু হিন্দু বা খ্রীষ্ট ধর্মকেই তাক করা হচ্ছে, অন্য ধর্মকে নয় এরকম ধুয়া তুলেছেন। এটা ইসলাম ধর্মের ক্ষেত্রেই দেখা যাচ্ছে। এন্টি ইসলাম -ব্যাশাররাও কিন্ত কখনও খ্রীষ্টান বা হিন্দু ব্যাশারদের প্রতি একই রকম তিক্ত মনোভাব পোষন করে অভিযোগ করেন না যে তারা শুধু খ্রীষ্টান বা হিন্দু ধর্মকেই ব্যাশ করছেন। ইস লাম বা অন্য ধর্মকে নয়। কারণ তাদের কাছে ইসলামের ব্যাশিং টাই এক বিশেষ গুরুত্ব পায়। নিজেকে সব ধর্মের উপরে উঠাতে পারলে পৃথিবীর সব সমাজের সব ধর্ম ব্যাশারদের প্রতি সমান ঘৃণা পোষন করার কথা। কিন্তু ইসলাম ব্যাশারদের প্রতি তাদের এক আলাদা মনোভাব দেখা যায়। হিন্দু ব্যাশার বা খ্রীষ্টান ব্যশাররা ইসলাম ব্যাশ না করলেও এন্টি ইসলাম-ব্যাশারদের তাতে কোন সমস্যা নেই, সমস্যা্য শুধু ইসলাম ব্যাশাররা খ্রীষ্ঠান বা হিন্দু

ব্যাশিং না করলে। এই পক্ষপাতিত্বের একমাত্র ব্যাখ্যা হল মুসলীম জাতীয়তাবোধের শিকড় ছিঁড়তে না পারা, যেটা আগেই উল্লেখ করেছি। হিন্দু/খ্রীষ্টান ধর্মের নাস্তিক/মুক্তমনারা তাদের স্ব স্ব ধর্মের জাতীয়তাবোধ কাটিয়ে উঠতে পেরেছেন বলেই হয়ত তাদের মধ্যে এন্টি হিন্দু/খ্রীষ্টান ব্যাশার বেশী দেখা যায় না।

আরেকটা কথা হল যেসব এন্টি ইসলাম-ব্যাশার সব ধর্মই সমান খারাপ প্রচার করে শুধু ইসলামের সমালোচনার বিপক্ষে , তাদেরকে বলি, তাঁরা নিজেরাই তো অন্য ধর্মের খারাপ দিক নিয়ে লিখতে পারেন, অন্য ধর্মের খারাপ দিক নিয়ে লেখাকে তারা যদি এতই আর্জেন্ট মনে করেন। তারা যদি এতটাই নিশ্চিত যে অন্য ধর্মের খারাপ ইসলামের খারাপের সম পরিমান, তাহলে তো তাদের অন্য ধর্মের খারাপ দিক নিয়ে লেখার মত বিশদ জ্ঞান আছে নিশ্চয়। ইসলাম ব্যাশাররা অন্য ধর্মের খারাপ নিয়ে লেখেন না কেন এই অভিযোগ করার কোন কারণ দেখি না। নিজেরা যা করতে পারেন, সেটা অন্যেরা কেন করছে না তাদের মুখে এই ধরনের অভিযোগের সুর খুব ভাল শোনায় না। সব ধর্মের ব্যাশাররা মুক্তভাবে লিখুন না কেন সব ধর্মে খারাপ দিক নিয়ে। পাঠকেরাই বিচার করবে খারাপটা সমান কিনা, যুক্তি বিচার বুদ্ধি ব্যবহার করে। একটা বিশেষ ধর্ম , আইডিওলজি, মতবাদ, কে ব্যাশ করা (কড়া সমালোচনা করা) মুক্তচিন্তা/মুক্তমনের পরিপন্থী হয় কি করে কিছুতেই বুঝা যাচ্ছে না। রাজনৈতিক শুদ্ধির পরিপন্থী হতে পারে। কিন্তু মুক্তমন/মুক্তচিন্তার আবশ্যিক পূর্বশর্ত তো রাজনৈতিক শুদ্ধি নয়।

আবার কোন কোন এন্টি ইসলাম-ব্যাশার ইসলামের সমালোচনা করার সময়ে কোন বিষয়ে অন্যধর্ম ইসলামের মত অত খারাপ নয় এরকম ইঙ্গিত করাতে ঘোর আপত্তি তোলেন। তাঁদের মতে সব ধর্মই সমান খারাপ। কোন বিষয়ে অন্যধর্ম ইসলামের চেয়ে কম খারাপ বলাটাকে তারা ইসলামকে হেয় করে অন্য ধর্মের জয়গান গাওয়া হিসেবে দেখেন । কিন্তু কম খারাপ বলাটা তো ভাল বলা নয় এই সহজ যুক্তি তারা কি বোঝেন না। অধিকাংশ ক্ষেত্রে এই অন্যধর্ম ইসলামের মত অত খারাপ নয় কথাটা ইসলাম ব্যাশাররা তোলেন এন্টি ইসলাম-ব্যাশারদের সব ধর্মই সমান খারাপ এই দাবীর জবাবে, দাবীটা যে অযৌক্তিক সেটা বোঝাবার জন্যেই তোলেন, আগ বাড়িয়ে অন্য ধর্মের মাহাত্ম্য প্রচারের জন্য নয়। সব ধর্মই সমান খারাপ এটা একটা রাজনৈতিক শুদ্ধি জনিত অবস্থান, যুক্তি বিশ্লেষন জনিত মত নয়। আগে উল্লেখ করেছি মুসলীম জাতীয়তাবোধে বিশ্বাসী নাস্তিকরা (বা ইসলামে অবিশ্বাসীরা) হীনমন্যতা এড়াতে এরকম দাবী করেন। যেটাই হোক যদি তথ্য যুক্তির দ্বারা বস্তুনিষ্ঠভাবে ধর্মের তুলনামূলক সমালোচনা বা গুণাগুণ বিচার করা হয় হয় তাতে আপত্তির কি থাকতে পারে , সেটা তো মুক্তচিন্তার পরিপন্থী নয়। কিন্তু এন্টি ইসলাম-ব্যাশাররা সব ধর্মই সমান খারাপ এই মন্ত্রটা এতই জোরেসোরে আকড়ে থাকেন যে তথ্য যুক্তির দ্বারা বস্তুনিষ্ঠভাবেও কোন ধর্মকে কম খারাপ বা বেশী খারাপ বলার যথার্থতাকে স্বীকারই করেন না। সব ধর্মই সমান খারাপ এটা তাদের একটা অলঙ্ঘনীয় ডগমা।

আরেক দল এন্টি ইসলাম-ব্যাশার বলেন যে ইসলামের সমালোচনা করা নয়, যে ভাষায় ইসলামের সমালোচনা করা হয় তাতে তাদের আপত্তি। এটা ব্যাখ্যার দাবী রাখে। রবীন্দ্রনাথকে তস্কর বলা, বা বিবেকানন্দকে ভন্ড বলা, বা গান্ধীকে শিশুকামী বলার ভাষায়ও তো তাদের ভক্তদের কাছে আপত্তিকর

হতে পারে, তাদের অনুভূতিতে আঘাত করতে পারে। কিন্ত কোন এন্টি ইসলাম -ব্যাশাররা ঐসব ক্ষেত্রে এরকম ভাষার ব্যবহারে আপত্তি তোলেন না। না তোলায় সমস্যা নেই। কিন্তু ইসলামের (মুহম্মদ অন্তর্ভুক্ত) সমালোচনার বেলায় তাদের মানদণ্ড অনেক উচু হয়ে যায় কেন সেটার ব্যাখ্যা দরকার। ডবল স্ট্যান্ডার্ড টা সমস্যা। কোন ভাষায় ইসলাম সমালোচনা করা আপত্তিকর সেটা স্পষ্ট করে তারা একটু ব্যাখ্যা করলে সুবিধা হয়। নেতিবাচক সমালোচনা শুনতেই তো খারাপ লাগবে ইসলামিস্টদের। যে ভাষাতেই তা হোক। ভাষাটা গৌণ ব্যাপার। মুহম্মদ কুরায়েশদের নিরস্ত্র বানিজ্যিক কাফেলার উপর অতর্কিতে ঝাপিয়ে পড়ে তাদের মালামাল লুট করতেন (সিরাতে রসুলে বর্ণিত) সেটা বলা আর তিনি ডাকাতি করতেন সেটা বলার মধ্যে বস্তুগত কোন পার্থক্য নেই। যারা মুহম্মদকে মহামানব মেনে অন্ধ ভক্তিতে গদগদ তাদের মানসিক আঘাত সৃষ্টিতে এই দুটোর মধ্যে কোন তফাত নেই। সমালোচনার ভাষা কারো নিরাবেগ, কারো আবেগময়, ঝাঁজালো এটা ঠিকই। এটা অনেকটা ব্যক্তিগত স্টাইলের ব্যাপার। কারো ভাষা বেশী উত্তেজক হয়ে গেলে (তথ্য বা যুক্তির ভুল না থেকে) সেটাকে পরিশীলিত করা নিয়ে পরামর্শ দেয়া যায়, ভাষাকে সংযত করার জন্য। আমি কোন বিশেষ ইসলাম ব্যাশারের সমর্থনে এসব লিখছি না। আমি নিজেও অনেক ইসলাম ব্যাশারদের ভাষাকে নিখুঁত বা ত্রুটিহীন মনে করি না। ইসলাম ব্যাশারদের ভাষাকে মারজিত করে উন্নত করার পরামর্শ দিলে তাঁরা ভাষাকে উন্নত করতে সচেষ্ট হবেন বলাই আমার ধারণা। ইসলামিক আইডিওলজীর ফলশ্রুতিতে যে মাত্রায় মানবাধিকার লঙ্ঘন হয়েছে ও হচ্ছে তাতে ভাষায় আবেগ বা তিক্ততা সংবরণ করা কঠিন হয়ে যায় অনেকের জন্য, যদিও আইডিয়ালী এটা পরিহার করা সর্বদাই বাঞ্ছনীয়। কিন্তু এক লাফে শুধু ভাষার জন্য সমালোচককে মুসলীম বিদ্বেষী বলার মত চরম পদক্ষেপ নেয়া কখনই সমর্থনযোগ্য হতে পারে না, যতক্ষণ সমালোচনাতে ভুল যুক্তি বা তথ্য ব্যবহৃত না হচ্ছে। কেউ কেউ বাক স্বাধীনতা মানে যা ইচ্ছা বলার অধিকার নয় বলে মত দিয়েছেন । “যা ইচ্ছা তা ” টা কি হলে সেটা বলার অধিকার হারাবে? স্পেসিফিক ছাড়া এধরনের ধূসর অভিযোগের কোন উপযোগিতা নেই। তা ছাড়া অধিকার হারানোর মানদন্ড টা কি, কে সেই মানদন্ড নির্ধারণ করেছে। এগুলি পরিস্কার করে সংজ্ঞায়িত না করলে এ ধরনের অভিযোগ মূল্যহীন । কোন কোন ইসলাম ব্যাশারের লেখা নাকি পর্নোগ্রাফি সমতুল্য এরকম অভিযোগও উঠেছে। এতদিন তো শুনে আসছি মুক্তমনার বইএ পর্নোগ্রাফি বলে কিছু নেই , বা মুক্তচিন্তার মানদন্ডে পর্নোগ্রাফি খারাপ ভালোর ব্যাপা র নয়, যার কাছে যেমন লাগে, সাব্জেক্টিভ ব্যাপার। D H Lawrence এর “What is pornography to one man is the laughter or genius to another” উল্লেখ করতে হয়। পর্নোগ্রাফি হোক বা না হোক, তথ্যগত বা যুক্তিগত ভুল আছে কিনা সেটাই কি বিবেচ্য হওয়া উচিত নয় একজন মুক্তমনার কা ছে? স্বীকার করি সিরিয়াস ব্যাপার নিয়ে লিখলে হাল্কা চটুল ভাষা বা যৌনাঙ্গের মত বিষয় টেনে না আনাই ভাল , তথ্য যুক্তির প্রয়জন যতটুকু দরকার তার বাইরে। আমি নিজেও এটা পরিহার করার পক্ষপাতি। কিন্তু সেটা “Suggestion for Improvement” বা গঠনমূলক সমালোচনার আওতায় পড়ে। এর জন্য আবারো এক লাফে ইসলাম ব্যাশারকে মুসলীম বিদ্বেষী বলাটা বা ব্যক্তি আক্রমণে লিপ্ত হওয়াটা বাড়াবাড়ি মনে হয়। পর্নোগ্রাফি তো কারো প্রতি ব্যক্তি আক্রমণ নয়। ব্যক্তি আক্রমণ তো সুস্পষ্টভাবে মুক্তমনা নীতিমালার বিরুদ্ধে যায়। আর ব্যক্তি আক্রমণ তো এন্টি ইসলাম ব্যাশাররাই প্রথমে আগ বেড়ে করছেন ইসলাম ব্যাশারদের প্রতি, মুক্তমনার সুস্পষ্ট নীতিমালা লঙ্ঘন সত্ত্বেও।

এন্টি ইসলাম-ব্যাশারদের একটা সাধারণ অভিযোগ হল “ইসলাম ব্যাশিং” ই উগ্র ইসলামিস্টদের উস্কিয়ে দেয়। মানে ইসলামিস্টদের উগ্রতার জন্য ইসলাম-ব্যাশাররাই দায়ী এমন ইঙ্গিত করা। এটা অনেকটা মেয়েদের অশালীন পোষাক পরাকেই ধর্ষিত হবার কারণ হিসেবে চিহ্নিত করার মত। উগ্র কর্মকান্ড উগ্রবাদীরা তাদে স্বাধীন ইচ্ছার দ্বারাই করে। “ইসলাম ব্যাশিং” এর কারণে নয়। তারা ভুলে যান যে ইসলামিস্টদের কারণেই ইসলাম ব্যাশারদের সৃষ্টি। এখানে নীতির (মোরালিটি অর্থে নয়, প্রিন্সিপ্‌ল্‌ অর্থে) প্রশ্ন আছে। যদি ইসলাম ব্যাশিং এর কারণে কোন উগ্র ইসলামিস্ট সহিংসতায় লিপ্ত হয় তার জন্যই কি সেই সমালোচনা বা ব্যাশিং নিন্দনীয় হয়ে যায় ?। এটা কার্যের গুনাগুন বিচার করে কারণের মন্দত্ব বিচার করা)। ইসলাম ব্যাশিং এর পরিণতিতে যদি সহিংসতার না ঘটত তাহলে কি ইসলাম ব্যাশিং কে খারাপ বলতেন তারা? এটা সুবিধাবাদী কার্য-কারণ স্থাপন করার চেষ্টা। কোন কিছুর মন্দ বিচার তার স্বকীয় গুয়াঙ্গুনের দ্বারাই বিচার করা উচিত। রবীন্দ্রনাথ , বিবেকানন্দ বা গান্ধীকে ব্যাশিং করলে তাদের ভক্তরা সহিংসতায় লিপ্ত হয় না, তাই তাদের ব্যাশিং দষের নয়, আর ইসলাম/মুহম্মদের ব্যাশিং করলে ইসলামিস্টরা সহিংসতায় লিপ্ত হয় , কাজেই ইসলাম ব্যাশিং খারাপ। এটা প্রপকারান্তরে ইসলামিস্ট ব্ল্যাকমেইলের প্রতি সারেন্ডার করা।

ইসলামী উগ্রবাদ আছে বলেই প্রতিক্রিয়া হিসেবে ইসলাম ব্যাশিং এর জন্ম। উল্টোটা নয়। ইসলামিস্টদের উস্কিয়ে দিতে হয় না। ইসলাম ধর্মই তাদের উস্কিয়ে দেয়, তাদের সৃষ্টি করেছে। এই ফোরামে ইসলাম ব্যাশারদের লেখা ইসলামী উগ্রবাদ উস্কিয়ে দিয়েছে এমন কোন আলামত দেখা যায় নি। বরং ইসলাম ব্যাশারদের লেখায় অনেকের ইসলাম নিয়ে মোহভংগ ঘটেছে এরকম উদাহরন এন্তার আছে। এন্টি ইসলাম-ব্যাশাররা এই পজিটিভ দিকটা না দেখে কাল্পনিক ইসলামী উগ্রবাদ সৃষ্টির প্যারানয়্যা নিয়ে ভুগছেন।

এটা অত্যন্ত দুঃখের বিষয় যে ইদানিং এন্টি ইসলাম-ব্যাশাররা ইসলাম ব্যাশারদের প্রতি উৎকটভাবে আগ বাড়িয়ে ব্যক্তি আক্রমণে লিপ্ত হচ্ছেন। ইসলাম ব্যাশাররা আগ বাড়িয়ে ব্যক্তি আক্রমনে লিপ্ত হন নি। তারা ইসলাম ব্যশিং এই ব্যস্ত। এন্টি ইসলাম-ব্যাশাররা তাদের ইসলাম ব্যাশিং এ ক্ষিপ্ত হয়ে তাদের প্রতি ব্যক্তি আক্রমণে লিপ্ত হলে তখন উভয় পক্ষ ব্যক্তি আক্রমণে লিপ্ত হয়ে যায় ঠিকই। কিন্তু এর সূত্রপাত হয় এন্টি ইসলাম-ব্যাশারদের প্রতি প্রথম ব্যক্তি আক্রমণাত্মক পদক্ষেপে, আর তাদের ব্যক্তি আক্রমণের ভাষাটাও বেশি তিক্ত (বোকাচোদা, পা চাটা দালাল, চেলা ইত্যাদি) । এই ব্যক্তি আক্রমণ মুক্তমন/মুক্তচিন্তার পরিপন্থী বলেই জানি। এন্টি ইসলাম -ব্যাশাররদের ইসলাম ব্যাশারদের প্রতি বিজাতীয় ঘৃণা ইসলামিস্টদের প্রতি এন্টি ইসলাম-ব্যাশাররদের ঘৃণাকেও ছাড়িয়ে যাচ্ছে। এটা সত্যি দুঃখজনক। ইসলাম-ব্যাশাররা ভুল তথ্য বা যুক্তি দিয়ে ইসলাম ব্যশিং করলে তা অবশ্যই নিন্দনীয় ও খন্ডনীয়। কিন্তু যৌক্তিকতা বিচার না করে কেবল ইসলাম-ব্যাশিং এর জন্যই ইসলাম ব্যাশারদের প্রতি বিজাতীয় ঘৃণা পোষণ করা কোনভা বেই গ্রহণযোগ্য হতে পারে না।

কমেন্ট

1. মনজুর মুরশেদ

নভেম্বর ২৪, ২০১২ সময়: ১০:৩৬ অপরাহ্ণ লিঙ্ক

আমি সাইফুল ইসলামের একটি পোষ্টে 'চেলা' শব্দটি ব্যবহার করেছি। 'চেলা' শব্দের ইংরেজী 'disciple' যার অন্যান্য বাংলা হতে পারে শিষ্য, ভক্ত, অনুশিষ্য, ইত্যাদি। আমি ঠিক সেই অর্থেই 'চেলা' শব্দটি ব্যবহার করেছি, কোন ব্যক্তি আক্রমনের উদ্দেশ্যে নয়।

2. 2

অর্ফিউস

নভেম্বর ২৪, ২০১২ সময়: ১১:২২ অপরাহ্ণ লিঙ্ক

বোকাচোদা, পা চাটা দালাল

হুম এগুলো ভাল ভাষা না।

চেলা ইত্যাদি

উপরের ২টা, আর এটার মান মনে হয় এক না তাই না?একটু বেশি রকম ফারাক আছে।কি বলন আপনি?

3. 3

অগ্নি

নভেম্বর ২৫, ২০১২ সময়: ১২:০৯ পূর্বাহ্ণ লিঙ্ক

খুবই সময় উপযোগী লিখা। আজকাল অনেকেই ""আর কতো ইসলামী লেবু কপচানো " বলে ব্যাপারটা থিতিয়ে দেয়ার চেষ্টা করেন।

ইসলামের কড়া সমালোচনা করা মানেই মুসলীমদের নির্বিচারে ঘৃণা করা সেটা কখনই আবশ্যিক হতে পারে না। বা ইসলামকে ধর্মকে হেয় করায় মুসলীমদের হেয় করা হয় সেটা ভাবাও ঠিক না। কারণ একজন মানুষের চরিত্র ধর্মের দ্বারা সৃষ্ট হয় না। মানুষ মাত্রই ভাল মন্দ উভয়েরই প্রবণতা নিয়ে

জন্মায়। কোন কোন ধর্মের খারাপ দিক তাদের প্রচ্ছন্ন মন্দ প্রবৃত্তিকে উস্কিয়ে দেয় , কোনটা দেয় না বা কম দেয়। কোন ধর্মের সমালোচনা করা হয় সেই ধর্মের খারাপ প্রবৃত্তিকে উস্কিয়ে দেয়ার ক্ষমতার জন্যই, ধর্মের অনুসারীদের হেয় করার জন্য নয়। ইসলামের অনেক কিছুই এই মন্দ প্রবৃত্তিকে উস্কিয়ে দেয়, যেমন অন্য ধর্মের/ অবিশ্বাসীদের প্রতি সহিংসতা/অসহনশীলতা, নারীদের প্রতি অসহনশীলতা বা বৈষম্য ইত্যাদি। ইসলামের কড়া সমালোচককে মুসলীম বিদ্বেষী বলাটা একটা গুরুতর অভিযোগ। উপযুক্ত প্রমাণ ছাড়া কাউকে অমুখ বিদ্বেষী তমুখ বিদ্বেষী বলাটা আইনের চোখে চরিত্রহনন হিসেবে মানহানী মামলার যোগ্য।

অর্ফিউস এর জবাব:

নভেম্বর ২৫, ২০১২ at ৩:৩৩ পূর্বাহ্ণ

@অগ্নি,

খুবই সময় উপযোগী লিখা। আজকাল অনেকেই “””আর কতো ইসলামী লেবু কপচানো” বলে ব্যাপারটা থিতিয়ে দেয়ার চেষ্টা করেন।

মোটেই সময়োপযোগী লেখা নয়। অবশ্য হ্যাঁ আপনাদের কাছে সেটাই.ইসলামী লেবু কপচানো , শুধুই দুনিয়াতে ইসলামি ক্রিমিনাল, আর সব কিছু দুধে ধোয়া তুলসি পাতা(এমনকি রেপিস্ট রাও ; অবশ্য রেপও তো মানুষ কোরান পড়েই শিখেছে কি বলেন?) ,এটা বিরতিহীন ভাবে নানা কৌশলে প্রমানের চেষ্টা করলে এবং পাশাপাশি অমানবিক মন্তব্য শুরু করলে যেটা সীমা ছাড়িয়ে গিয়ে monomania তে রুপ নিলে,
সেটা যে শুধু বিরক্তিই জাগায় তা না ,সাথে বিতৃষ্ণারও জন্ম দেয়।
কারণ ব্যাপারটা তখন আর নির্দোষ ভাবে ইসলামী লেবুটিকে কচলানোর মানে সীমা বদ্ধ থাকে না , বরং মানবতার বিরুদ্ধে একধরনের বিরতিহীন আক্রোশের রুপ নেয়। তখন মানবতা বাদীদের মুখটা বন্ধ রাখা মুশকিল হয়ে যায়।

আর কিছু বলব না। বাকিটা আপনি বুঝে নিন।

4. 4

আল্লাচালাইনা

নভেম্বর ২৫, ২০১২ সময়: ১২:২৫ পূর্বাহ্ণ লিঙ্ক

ইসলাম ইসলাম
পায়ে ফেলে পিষলাম
এইটা কি সহী ইসলাম ব্যাশিং হইছে? ইসলাম ব্যাশার ব্যাশারদের ফিডব্যাকের অপেক্ষায় রইলাম। তবে কাব্যের রচনাশৈলীর জের ধরে কিন্তু ব্যাশ করা যাবে না, তাহলে আমিও কিন্তু কাব্যিক জেরই টেনে আনবো- আফটারঅল ইসলাম ব্যাশার ব্যাশারদেরও রয়েছে এইরকম গরুবান্ধা কাব্য রচনার ট্রাকরেকর্ড, কেয়ারফুল

জোকস এসাইড। মাঝেমধ্যে ঝগড়াঝাটি লাগাটাকে আমি খারাপ কিছু মনে করি না , বরং ফোরামের স্বাস্থের জন্য ভালোই মনে করি। সবাই নির্জীব হয়ে সুখে স্বাচ্ছন্দে বসবাস করা শুরু করলে সমস্যা হচ্ছে ব্লগের পাতা সরে না, কিছুদিন আগে এইরকম হয়েছিলো , টানা প্রায় পনেরদিন মুক্তমনায় একই লেখা শিরোনামে দেখেছি। তবে পরিমিতিবোধ বলাই বাহুল্য কাম্য সর্বদাই। যদিও আমি ব্যক্তিগতভাবে পরিমিতিবোধ প্রিচ করার জন্য খুব একটা এপ্রোপ্রিয়েট পার্সন নই , তথাপিও বলছি আরকি–কেননা আমি হই আর যেই-ই হোই না কেনো, কোথায় থামতে হবে সেইটা যদি আমরা না জানি তাহলে একটি ওপেন ফোরামে আমরা নিজেরাই পিচ্ছিল করছি নিজেদের পাছা। অনাগত ভবিষ্যতে, কোন না কোন এক মহতী ক্ষণে এই পিচ্ছিলকার্যের যথার্থ ইউটিলাইজেশন পুর্বক আমাদেরকে অন্তর্গ্রহন করতে হবে কোন না কোন একটি প্রজেক্টাইল। সেই মুহুর্তটি কি আমরা পছন্দ করতে যাচ্ছি ? উত্তর অবশ্যই না। আবার, জনমানসে বিরক্তির উতপাদন করলে সেই মহুর্তটির মধ্য দিয়ে যেতেও আমাদেরকে হবে ঠিকই যদি কিনা এটি হয়ে থাকে একটি ওপেন ফোরাম। তাহলে? এই মহাপ্রপঞ্চের মুখোমুখী হয়ে কি হতে যাচ্ছে আমাদের রেসোলিউশন? ওয়েল, আমি মনে করি রেসলিউশন হওয়া উচিত যে- আমরা এক পোস্টের ঝগড়াঝাটি আরেক পোস্টে বয়ে নিয়ে যাবো না, এক পোস্টের ঝগড়াঝাটি সেই পোস্টেই কবর দিয়ে ফেলবো এবং সবচেয়ে গুরুত্বপুর্ণভাবে গ্যাং আপ করবো না। গ্যাং আপ করে দুষ্কৃতিকারীরা , যেটা কিনা পরিষ্কারভাবেই আমরা নই। যার যার ঝগড়া তাকে তাকে করতে দিয়ে বাদবাকীদের অন্যদিকে মন দেওয়াটাই উচিত। কেননা কানের তলায় বন চটকানা খাওয়ার মতো কাজ করে কেউ একবার দুইবার হয়তো পার পেতে যাচ্ছে, তবে চার পাঁচবার হয়ে গেলে মুক্তমনার সম্মিলিত জনমতই তার প্রাপ্য বন চটকানা তাকে পরিশোধের ব্যাবস্থা নিবে, এইটুকু আস্থা মুক্তমনার উপর রয়েছে। ফলশ্রুতিতে আবারও এসে ঠেকছি আমরা সেই পরিমিতিবোধের প্রশ্নেই। ওম শান্তি, হযরং বরলং গচ্ছামি, আম্মা বা'দ-আব্বা থাক জগতের সকল জীব সুখী হোক।

আকাশ মালিক এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ১:৫৪ পূর্বাহ্ণ
@আল্লাচালাইনা,

জোকস এসাইড। মাঝেমধ্যে ঝগড়াঝাটি লাগাটাকে আমি খারাপ কিছু মনে করি না , বরং ফোরামের স্যাস্থের জন্য ভালোই মনে করি। সবাই নির্জীব হয়ে সুখে স্বাচ্ছন্দে বসবাস করা শুরু করলে সমস্যা হচ্ছে ব্লগের পাতা সরে না, কিছুদিন আগে এইরকম হয়েছিলো, টানা প্রায় পনেরদিন মুক্তমনায় একই লেখা শিরোনামে দেখেছি। তবে পরিমিতিবোধ বলাই বাহুল্য কাম্য সর্বদাই। যদিও আমি ব্যক্তিগতভাবে পরিমিতিবোধ প্রিচ করার জন্য খুব একটা এপ্রোপ্রিয়েট পার্সন নই , তথাপিও বলছি আরকি–কেননা আমি হই আর যেই-ই হোই না কেনো, কোথায় থামতে হবে সেইটা যদি আমরা না জানি তাহলে একটি ওপেন ফোরামে আমরা নিজেরাই পিচ্ছিল করছি নিজেদের পাছা।

আপনি মন্তব্য যখন করেন তখন এতো সুন্দর সহজ সরল ভাষা ব্যবহার করেন যে , আমার মতো কলুর বলদও সবটুকু (প্রায়) বুঝতে পারি। কিন্তু প্রবন্ধ যখন লিখেন এমন সাবজেক্ট চয়েস আর ভাষা ব্যবহার করেন যে আমার জন্যে সামনে দুইখানা ডিকশনারী নিয়ে বসতে হয়। মাঝে মাঝে কোথায় যে অদৃশ্য হোন একদম লাপাত্তা। নাকি আল্লাহতায়ালার নেমন্তন্নে মেরাজে চলে যান ?

নাইস মন্তব্য আশা করি সকল হ্যাপি হয়ে পেছন ভুলে সামনের দিকে ফরয়ার্ড হবে। একটু বাংলিশ হওয়ার চেষ্টা করলাম।

5. 5

সফিক
নভেম্বর ২৫, ২০১২ সময়: ১২:৩৭ পূর্বাহ্ণ লিঙ্ক

শুনুন বিদ্বেষী যাযাবর সাহেব, ইসলাম-মুসলিম বিদ্বেষী বলতে কি বোঝানো হয় সেটা স্রেফ প্রশ্ন করলেই পারতেন, খামোকা এতো বড়ো প্যাচাল লেখার কষ্ট না করলেও হতো।

ইসলাম-মুসলিম বিদ্বেষী’র সংজ্ঞা হলো, “যে একই দোষে অন্য ধর্ম ও গোষ্ঠীও দুষ্ট, সেই দোষে ইসলাম ও মুসলিমদের সিংগেল আউট করা এবং বলা যে **এই দোষটি কেবল ইসলামেই আছে আর কোথাও নেই**, এটি হলো ইসলাম বিদ্বেষী’র পরিষ্কার রূপ”।

উদাহরন দিলে বোধহয় ব্যপারটা আপনার কাছে পরিষ্কার হতে পারে। মুক্তমনায় আমার মন্তব্য শুরুই হয়েছিলো ভবঘুরে সাহেবের একটি পোস্টে , যেখানে এক মোল্লা কতৃক শিশু ধর্ষনের ঘটনা উল্লেখ করে বলেছিলেন যে নিজে দোষ করে সেই দোষ কে শয়তানের প্ররোচনা বলা এটা ইসলামেরই একমাত্র বৈশিষ্ট্য, খ্রীস্টান কিংবা অন্য ধর্মে এটা নেই। পোস্টের মন্তব্যে আমি এবং আরো কয়েকজন পরিষ্কার ভাবে দেখিয়েছিলাম যে শয়তানের উপর দোষ চাপানো ইসলামের চেয়ে খ্রীষ্টধর্মে আরো শক্তিশালী এবং বহুব্যবহৃত ট্র্যাডিশন। ভবঘুরে সাহেব বহু ধানাই পানাই করেও একজন প্রকৃত ঘৃনান্ধ মৌলবাদীর মতো নিজের ভুল কখনোই স্বীকার করেননি। তিনি এপর্যন্ত অনেকবার বিভিন্নভাবে যুক্তি তথ্যে নাজেহাল হয়েছেন কিন্তু কখনো নিজের ভুল স্বীকার করেছেন বলে দেখিনি।

তিনি এবং আরো কেউ কেউ এই জিনিষটি বার বার করেন। যে দোষ অন্য ধর্ম-গোষ্ঠীর মধ্যে কম বেশী আছে সে দোষকে তারা **ইসলাম ও মুসলমানদের একক বৈশিষ্ট্য** বলেন বারবার। আরো একটা সহজতর উদাহরন দিলে হয়তো জিনিশটি আপনার মাথায় ঢুকবে। ধরুন করিম একটা চিহ্নিত চোর। এখন করিমের কথা বলতে গিয়ে আপনি যদি বলেন যে সমাজে করিমই একমাত্র চোর, করিমের মতো আর কেউ নেই (আপনি যখন জানেন যে করিমের মতো আরো অনেক চোর চারিদিকে আছে) তখন বুঝতে হবে করিমের প্রতি আপনার বিজাতীয় -অযৌক্তিক ব্যক্তিগত ঘৃনা আছে।
একটা কমন অজুহাত অনেক ইসলাম বিদ্বেষী বার বার তোলে ন যে তবে কি ইসলামের কথা বলতে গেলে সব ধর্মের কথাই বলতে হবে। না বলতে হবে না। ইসলামকে নিয়ে যত ইচ্ছা লিখুন ইসলামকে ধুয়ে ফেলুন, অন্য কোনো ধর্মের কথা উল্লেখ করার কোনো দরকার নেই। কিন্তু লেখাতে যদি ঢাক-ঢোল পিটিয়ে পরিষ্কার মিথ্যাচার করেন যে এই দোষগুলি কেবল ইসলামেই আছে তবে বিদ্বেষীর টাইটেল তো মাথা পেতে নিতে হবে। সকল ধর্মই সমান খারাপ নয়। কোনো ধর্ম হিংসায়, ইনটলারেন্সএ অন্য ধর্মের চেয়ে বেশী খারাপ হতেই পারে। কিন্তু যে বৈশিষ্ট্যগুলি সকল ধর্মে কমবেশী রয়েছে সে কারনে ইসলামকে সিংগেল আউট করে প্রচারনা করলে কথা তো শুনতে হবেই।

শেষবারের মতো আরেকবার উদাহরন দিয়ে কথা শেষ করছি। কারন আপনাদের মধ্যে যুক্তি ঢোকানো কষ্টকর। ধরুন আপনি ইসলামে নারীর অবমাননা কিং বা দাসপ্রথা নিয়ে লিখছেন। সে আপনি লিখতেই পারেন। শত শত পাতা লিখে ফেলুন ইসলামে কিভাবে অর্ধেক মানবসম্প্রদায়কে হীন করে রাখা হয়েছে, কিংবা দাসপ্রথার মতো অমানবিক রীতিকে রদ করা হয় নি এই সব নিয়ে। কেউ কিচ্ছুটি বলবে না। কিন্তু আপনি যদি লেখার মধ্যে সদম্ভে ঘোষনা করেন যে নারীত্বের চরম অপমান কিংবা দাস প্রথাকে উৎসাহিতকরন কেবল ইসলামেরই ট্রেডমার্ক, তবে আপনাকে অনেক কথা শুনতেই হবে।

আর ভবঘুরে সাহেবের প্যাথলজিক্যা ল মানসিকতার কথা তাকে ফলো করা কেউ ভালো ভাবেই বুঝবেন। সুজিত দাশের মতো তারও প্রিয় ফ্যান্টাসি শতকোটি মুসলিমের রক্তবন্যা। তবে সুজিত দাশ সেটা সরাসরিই বলে ফেলেন। ভবঘুরে সাহেবের সেটা লুকিয়ে রাখার মতো বাহ্যজ্ঞান আছে।

আদিল মাহমুদ এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ১১:০৮ পূর্বাহ্ন
@সফিক,

কিন্তু লেখাতে যদি ঢাক-ঢোল পিটিয়ে পরিষ্কার মিথ্যাচার করেন যে এই দোষগুলি কেবল ইসলামেই আছে তবে বিদ্বেষীর টাইটেল তো মাথা পেতে নিতে হবে।

- তত্ত্বীয়ভাবে কথাটা ঠিক আছে। মুশকিল হল যে অনেক সময় কিন্তু দোষগুলি কেবল ইসলামেই নেই , অন্যান্য ধর্মেও আছে আছে জাতীয় ডিসক্লেমার দেওয়া ছাড়া মনে হয় আমরা অনেক বিশ্লেষনই করি যাতে আমাদের সকলকেই এই তত্ত্ব অনুয়ায়ী বিদ্বেষী মনে হতে পারে। ধরেন , আমি সাম্প্রতিক লেখাতে বেশ কিছু উদাহরন দিয়েছি যাতে নামী দামী আলেমরা কোরান হাদীস ব্যাবহার করে ভয়াবহ সাম্প্রদায়িকতা শিক্ষা দিচ্ছেন। আমি কিন্তু এসব একমাত্র ইসলামেই আছে এমন ঘোষনা যদিও দেইনি তেমনি এটাও বলিনি যে অন্য ধর্মগুলিতে এমন কথাবার্তা কমবেশী আছে - এ থেকে কিন্তু কেউ কেউ ইন্টারপ্রেট করতেই পারে যে আমি জেনে শুনে অন্য ধর্মের আবর্জনা চেপে কেবল ইসলামের পেছু লেগেছি (এখানে প্র্যাক্টিকেলি কিন্তু ঘটনা সেটাই হচ্ছে যদিও তার উপযুক্ত কারন আছে) আমাকে কি বিদ্বেষী বলা যেতে পারে? কেউ কৌতূহলী হয়ে অন্য ধর্ম সম্পর্কে কি ভাবি জিজ্ঞাসা করলে এক কথা , কিন্তু জিজ্ঞাসা না করলে আমার কি অবশ্যই দায় থাকবে তেমন কোন ডিসক্লেমার দেওয়ার?

আরেকটু জটিল উদাহরন দেই। ধরেন মুরতাদ হত্যার ইসলামী বিধানের আলোচনা লেখা হল। এমন কোন বিধান কিন্তু কোরানে নেই, আছে হাদীসে; মানে ইসলামের প্রাইম সোর্সে নেই, আছে নেক্সট সোর্সে। ঐদিকে বাইবেলে সরাসরি আছে।

এখন আমি মুরতাদ হত্যার বিধান সমসাময়িক বিশ্বে আলোচনা করতে গেলে কিন্তু মুসলমান মূলত প্রধান দেশগুলিকেই টার্গেট করতে হবে, মানে ইসলাম ধরেই টান দিতে হবে। বাইবেলে থাকলেও যেহেতু খৃষ্টান কোন দেশে এমন আইন নেই (আমার জানা মতে) সেহেতু তারা আমার কাছে স্বাভাবিকভাবেই গুরুত্ব পাবে না। এখানেও কি ডিসক্লেমারের কোন গুরুত্ব আছে? হাত অতিরিক্ত ধোয়ার খুব দরকার আছে? বাইবেল খৃষ্টানদের প্রাইম সোর্স, হাদীস মুসলমানদের প্রাইম সোর্স নয়।

একইভাবে মুসলমান প্রধান দেশগুলিতে প্রচলিত বাল্যবিবাহ নিয়ে লিখতে গেলেও বলতে হয়। আমাকে কি অবশ্যই হিন্দু ধর্মের নামে ভারতীয় সমাজে এ চলত সেসবের উদাহরন টানতেই হবে? আমি অন্তত দরকার দেখি না। আপনি না টানার পয়েন্ট বুঝলেও কিন্তু আমি পার পাব না , ঠিকই প্রথমেই শুনতে হবে কেবল ইসলামের দোষই দেখেন, অন্য ধর্মের দোষ কেন দেখেন না।

যদিও যে কোন ক্ষেত্রেই অন্য ধর্মে এসব ধারনা নেই তা সরাসরি বা ঘুরিয়ে দেওয়াও শুধু বিদ্বেষই নয় , সরাসরি মিথ্যাচার। তবে জিজ্ঞাসিত না হলে সেটা কারেক্টনেসের স্বার্থে উপযাচক হয়ে দেওয়াটা আমি অন্তত আবশ্যক মনে করি না।

*সফিক*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ১১:৪৮ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,
আপনিও আমার মূল পয়েন্ট টা পুরো ধরতে না পারায় কিছুটা হতাশ হলাম। আমি কিন্তু জোর দিয়ে বলেছি ইসলাম নিয়ে লেখার জন্যে কোনো রকম ডিসক্লেইমার দেয়ার দরকার নেই কারনে ডিসক্লেইমার দিতে দিতে আসল লেখাই হারিয়ে যাবে। ডিসক্লেইমার না দেয়াতে কেউ যদি মনে করি আপনি ‘ অন্য ধর্মের আবর্জনা চেপে কেবল ইসলামের পেছু লেগেছি ’ তবে সেটা তারই ব্যর্থতা। যেমন কেউ কেউ মনে করেছেন যে মালালা’র ইস্যু নিয়ে লিখতে যেয়ে যদি মার্কিন সাম্রাজ্যবাদকে হাইলাইট না করি তবে সে মার্কিন সামরিক আগ্রাসনের চিয়ারলীডার।
আমার মূল আপত্তি যে আপনি যদি জেনে অথবা না জেনে বিশেষ ভাবে উল্লেখ করেন যে মুরতাদ হত্যা, অতি-সাম্প্রদায়িকতা এই ধরনের অমানবিকতা এই সবই একটি বিশেষ ধর্মের আদি শিক্ষার অংশ, অন্য কোনো ধর্মে এটা নেই, এই ক্ষেত্রে। কারন এই ধরনের কথার পেছনে আসল বক্তব্যই হলো পৃথিবীতে ধর্মান্ধতা, মৌলবাদ, অমানবিক আইডিওলজী এসব কোনো সমস্যা নেই , কখনো ছিলো না, সমস্যা কেবল ইসলাম। পৃথিবীর সকল মুসলিম আপন ধর্ম ত্যাগ করে অন্য কোনো ধর্মের সুশীতল আশ্রয় নিলেই সকল সমস্যার সমাধান হয়ে যাবে। অন্য সকল কথার মধ্যে এই কথাটাই কিন্তু এইসব লেখকের মূল কথা, কেবল ইসলামেই এই সমস্যা ছিলো এবং আছে। একটা পরিষ্কার মিথ্যা কথা বলার সাথে অন্য কিছু গুলিয়ে ফেলা উচিৎ হবে না। বিদ্বেষীরা পরিষ্কার মিথ্যা বলেন ঠিক ধর্মান্ধ মৌলবাদীদের মতোই।

আপনার লেখা অনুযায়ী কেউ যদি মনে করে আপনি ইসলাম বিদ্বেষী তবে সেটা তাদের সীমাবদ্ধতা। সোজা ভাষায় দেখতে হবে আপনি জেনেশুনে বারবার মিথ্যা বলছেন কিনা কিংবা অমানবিকতাকে প্রশ্রয় দিচ্ছেন কিনা। যতদিন এই ধরনের দোষ আপনার লেখায় না থাকবে ততদিন খামোকা ইসলাম বিদ্বেষী’র ট্যাগকে এফেক্টিভ কমপ্লিমেন্ট হিসেবেই বিবেচনা করবেন।

*আদিল মাহমুদ*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ১২:৩৬ অপরাহ্ণ

@সফিক,

আমি মনে হয় ঠিকমত বোঝাতে পারিনি।

প্রথম কথা, কে কিভাবে ইন্টারপ্রেট করে সেটা কিন্তু খুব বড় ব্যাপার। আমি যে ডিসক্লেমার দেইনি সেটাই কিন্তু অনেকের কাছে বড় প্রমান হবে যে আমি ইসলাম বিদ্বেষী। দিলেও যে রক্ষা পাওয়া যেত এমনও কিন্তু নয়, তখন সাইজ দেখা হত কোনদিকে কতটা লেখা হয়েছে।

দ্বিতীয় পয়েন্টটা আসলে অনেক জটিল এবং প্র্যাক্টিকেল। সত্য কথা বলতে গেলে মুসলমানদের ধর্মীয় রীতিনীতি কালচারের অনেক কিছুরই আলোচনায় এটা গুরুত্বপূর্ন। মুরতাদের ব্যাপার তো আগে বললাম। পর্দা প্রথা নিয়ে ইসলামী সমাজের বাড়াবাড়ির কথাই ধরেন। খৃষ্ট ধর্মেও আসলে আমরা জানি এমনই আছে, আগেকার দিনে সেসব অনেক দেশে জোর জবরদস্তি করে পালনও করানো হত। কথা হল যে বর্তমানে ইসলামী পর্দা প্রথার সমালোচনা করতে গেলে কি আমার পক্ষে দুই পক্ষের প্রতিই সাম্যতা বজায় রাখা সম্ভব? আমাকে কিন্তু বাস্তবতার স্বার্থেই ইসলামের পেছনেই লাগতে হবে বেশী। খৃষ্টানরা কোন যুগে কি করত তার গুরুত্ব কিন্তু থাকে না। আমি খোলা মনে অন্য ধর্মের লোকদেরই কৃতিত্ব দেব বেশী, কারন তারা ধর্মের বাজে দিক বর্জন করতে পেরেছে বেশী। আমার মনে হয় এটা আপনার কথা না হলেও অনেকে কারেক্টনেসের স্বার্থে আজকাল সকলরেই সমান ভাবে সমালোচনা হোক এমন কিছুই আশা করেন। আপনার পয়েন্ট আগেই বুঝতে পেরেছি। আর মিথ্যা বলার সাথে কোন আপোষ নেই, সেখানে বিদ্বেষীও বলার দরকার নেই, সোজা মিথ্যুক।

মূল কথা, সব ধর্মই সব দিকে একই মাত্রায় খারাপ এমন হতে পারে না। এটাও কিন্তু হজম করতে হবে। বর্তমান বিশ্বে ইসলাম যখন সুনির্দিষ্ট কিছু পয়েন্টে সমালোচনার কলমে আসে তখন অন্য ধর্মগুলির সমালোচনা অনেকটা অনাবশ্যকই লাগে কারন সেসব ধর্মের বিষদাঁত অনেকটাই ভোতা। এ ধরনের তত্ত্বে ভিত্তিতে কথাও অনেকের কাছে ব্যাশিং হতে পারে।

ভবঘুরে ইসলাম নিয়ে আতংকে ভোগেন উনি নিজেই একাধিকবার স্বীকার করেছেন , গোপন করেননি। তার কিছু কথাবার্তা (অপরে ফরিদ ভাই এর কোট করা) যথেষ্ট বিরক্তিকর , জাতি বিদ্বেষী সুরও বোঝা যায়। সেটা ওনার আতংকে ভোগার সাথে সামঞ্জস্যপূর্নই মনে হয়। এক ধরনের আতংকে অবশ্য আমিও ভুগি, যদিও মাত্রা মনে হয় অতটা নয়। উনি কিন্তু নাস্তিক এমন দাবী মনে হয় কখনো করেননি, উনি কোন ধর্মের এমন কথা আমি সরাসরি না শুনলেও দুয়েক যায়গায় উনি আস্তিক হিসেবেই নিজেকে দাবী করেছেন অতীতে। তবে তাকে অন্য কাউকে আমি কোন বিশেষ ধর্মের প্রচারনা চালাতে এখনো দেখিনি। আমি অবশ্য মাঝখানে অনেকদিন অনিয়মিত ছিলাম।

সংশপ্তক এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ৯:৪০ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

ধর্মের সমালোচনা করার বেশ কয়েকটি মডেল আছে। প্রথমটি যুক্তি ও বিজ্ঞান নির্ভর যেটার চর্চা প্রফেসর রিচার্ড ডকিন্স প্রমূখেরা করে থাকেন। ২য় টি সংস্কারবাদী মডেল যেখানে ধর্মের ক্ষতিকর দিকগুলো তুলে ধরে যুগোপযোগী করার আহ্বান জানানো হয় যা আপনার ম ত অনেকে করছেন। ৩য় মডেলটি হচ্ছে জেনেফোবিক ও পেশাদারী যেখানে সাম্প্রদায়িকতা উস্কে দিয়ে ধর্মের সমালোচনার নাম করে জীবিকা নির্বাহ করা হয় , উদাহরণ হিসেবে হিরসি আলী , আলি সিনা প্রমুখদের নাম উল্লেখ করা যায়। এদের অনেকেই এসব করতে গিয়ে প্রতারণার আশ্রয় নিয়েছেন এবং স্বভাবতই আইনগত সমস্যায় পড়ে শেষ পর্যন্ত ‘শক্তিশালী লবী’ ব্যবহার করে আইনগত সমস্যা থেকে বেড়িয়ে এসেছেন।

মুক্তমনার নীতিমালা বলছে যে, এখানে যুক্তি এবং বিজ্ঞান ভিত্তিক আলোচনাকে উৎসাহিত করা হয়। খেয়াল করলে দেখবেন যে, কয়েক পাতা ডকিন্সের অনুবাদ পড়ে অনেক পাতি নাস্তিক ডকি ন্স ডকিন্স বলে মুখে ফেনা তুলে ফেলেন কিন্তু সেই প্রফেসর ডকিন্সও ওরকম সস্তা বিদ্বেষী ভাষায় ধর্মের সমালোচনা করেন না। বর্তমান বিশ্বে নাস্তিকতার পতাকাবাহী হিসেবে যাকে প্রথম কাতারে ধরা হয় , সেই ডকিন্সকে তো কেউ হুমকি ধামকি দেয় না ! অথচ প্রফেসর ডকিন্সের জুতা যেখানে যাবে , আলি সিনা কিংবা হিরসি আলির মত বিদ্বেষ ব্যবসায়ীদের মাথা সেখানে যাবে না। সম্মান নিজ গুনে অর্জন করতে হয় , জোর করে আদায় সম্ভব নয় এবং সেটা প্রকৃত জ্ঞানীদের প্রাপ্য।

আদিল মাহমুদ এর জবাব:
নভেম্বর ২৬, ২০১২ at ১২:৪০ পূর্বাহ্ণ
@সংশপ্তক,

ভাল বলেছেন, ধর্ম সমালোচনা বা ব্যাশিং আসলে নানান ক্যাটাগরিতে আছে। এটা বোঝা দরকার আছে। এ ধরনেরই কথা আমি বলতে যাচ্ছিলাম।

নবী রসূল তত্ত্বে বিশ্বাসী না হলে ধর্ম সমালোচনার জন্য ডকিন্স ডকিন্স ডাক পাড়ার কোন দরকার দেখি না। তাহলে আর ধর্মওয়ালাদের সাথে তফাত থাকে কই? তাদের মত যদি কথায় কথায় আলেম

স্কলারের পেছনে দৌড়াতে হয় তাহলে আর যুক্তিবাদ থাকে না। ডকিন্স ইসলামের রুট লেভেলে সমালোচনা করেন বলেও আমি শুনিনি।

যাইই বলেন, ডকিন্স সাহেবের বিজ্ঞান ব্যাবহার করে নাস্তিকতার প্রচার একটু আপত্তিজনকই ঠেকে। ধর্ম বিরোধী বলেন ভাল কথা, নাস্তিকতা প্রচারের দরকার খুব আছে কি ? তাহলে আর বিজ্ঞান ব্যাবহার করে ধর্মের প্রচারনারই বা আপত্তি করি কেন? বিজ্ঞান ব্যাবহার করে ধর্মের নানান অসার দিক অবশ্যই কাউন্টার করা যেতে পারে, তবে নাস্তিকতা প্রচার মনে হয় একটু বেশীই হয়ে যায়।

আর তৃতীয় দলের বিদ্বেষীদের সম্পর্কে সতর্ক থাকার দরকার আছে। এদের নিয়েও মুক্তমনায় লেখালেখি দরকার। আলী সীনা, হিসরিদের নাম শুনেছি, বিস্তারিত জানি না। এদের ফোকাস করা হলে অন্যান্য বিদ্বেষীরাও সতর্ক হবে।

6. 6

ফরিদ আহমেদ

নভেম্বর ২৫, ২০১২ সময়: ৭:০৬ পূর্বাহ্ন লিঙ্ক

সফিক সাহেবের মন্তব্যটা যদি বুঝে উঠতে পারেন , তবে আশা করছি যে, আপনি এত বিশাল লেখায় যা বলতে চেয়েছেন তার উত্তর পেয়ে গিয়েছেন। অবশ্য আমার সন্দেহ আছে যে, আপনি আসলে এই উত্তরকে মেনে বা মনে নেবেন কিনা। আমি এখানে সামান্য কয়েকটা মন্তব্য কোট করবো। আশা করবো যে, এগুলো পড়ে আপনি আমাকে সততার সাথে বলবেন, এগুলো ইসলাম ব্যাশিং না মুসলমান ব্যাশিং?

তবে তার আগে আরো সততার সাথে একটা প্রশ্নের উত্তর আশা করবো (উত্তর না দিলেও ক্ষতি নেই, আপনি বাধ্য নন এর উত্তর দিতে। তবে দিলে সত্যিটা দিয়েন)। আপনি কী একজন নাস্তিক নাকি হিন্দু ধর্মালম্বী? আপনাকে আর ভবঘুরেকে অনেক সময় হিন্দু ধর্মকে ডিফেন্ড করতে দেখেছি। শুধুমাত্র সে কারণেই এই জিজ্ঞাস্য। আমি ব্যক্তিগতভাবে বিশ্বাস করি যে, এক ধর্মের বিশ্বাসের বীজ বুকে লালন করে অন্য ধর্মকে সমালোচনা করার অধিকার কারো নেই। মুক্তমনাতেতো আরো নেই। বিরাট ভণ্ডামি এটা।

এবার আসুন দেখা যাক মুক্তমনায় প্রকাশিত অল্পবিস্তর কিছু নমুনা। আপনি যেহেতু মুক্তমনায় ইসলাম ব্যশিং, মুসলিম ব্যাশিং এর নিষ্পত্তি চেয়েছেন, এগুলো সম্পর্কে আপনার মতামত আশা করবোই আমি। এড়িয়ে যাবেন না প্লিজ।

এখন যেহেতু উক্ত ১১২ জন মানুষ যারা লঞ্চ ডুবি হওয়াতে পানিতে ডুবে মারা গেছে তাদের জন্য শোক প্রকাশ না করে বরং উল্লাস প্রকাশ করা উচিত কারন তারা এতক্ষনে বেহেস্তে গিয়ে হুরদের সাথে ফুর্তিতে ব্যস্ত। দু:খ প্রকাশ করা উচিত বরং একারনে যে আমরাও কেন ঠিক ওভাবে পানিতে ডুবে মৃত্যু বরন করতে পারলাম না ও শহিদ হয়ে বেহেস্তে যেতে পারলাম না। অনেকে বলতে পারে, কিছু মানুষের মর্মান্তিক মৃত্যু নিয়ে আমি মস্করা করছি। কিন্তু সত্যি সত্যি আমি ধর্মীয় দৃষ্টি কোন থেকে কোনই মস্করা করছি না। বরং আমি ঈর্ষা করছি ঐ ১১২ জনকে যারা অত সহজে বেহেস্তে চলে গেল।

মোহাম্মদ যে কোন নবী ছিল না, ছিল একটা আস্ত ভন্ড ও মানসিক রোগী তা প্রমান করতে কোরান হাদিস থেকে শত শত উদাহরন টেনে বের করার দরকার নেই। শুধুমাত্র শিশু আয়শাকে বিয়ে করার ঘটনার মাধ্যমেই তা প্রমান করার জন্য যথেষ্ট। একটু চিন্তা করে দেখুন, একটা লোক যার বয়েস ৫১ সে এক ৬ বছর বয়স্কা কন্যা সন্তানের পিতার কাছে যেয়ে বলছে- আল্লাহ তাকে বলেছে তার সেই শিশু কন্যাকে বিয়ে করতে। এটা কি কোন সুস্থ ও স্বাভাবিক মানুষ বলতে পারে ? একমাত্র উন্মাদ ও মানসিক ভারসাম্যহীন মানুষই এ কাজ করতে পারে। **ঠিক একারনেই অধিকাংশ মুসলমানই মানসিকভাবে ভারসাম্যহীন আর যে কারনে তারা তাদের ধর্ম নিয়ে নিরপেক্ষ আলোচনাকে সব সময়ই এড়িয়ে যায়।** অবশ্য যদি পরিবেশ অনুকুল থাকে তাহলে কিন্তু বীর দর্পে আলোচনা চালিয়ে যাবে আর আপনাকে যুক্তিহীনভাবে তুলো ধুনো করে ছাড়ার তালে থাকবে। মুসলমানরা কোন যুক্তি বোঝে না, তর্ক বোঝে না, তারা সুস্থ আলোচনা করতে পারে না। তাদের একটাই পরিচয় তারা মুসলমান ও বলাবাহুল্য চোখ কান থাকতেও অন্ধ ও বধির এক জাতীয় প্রানী।

এমন ধরনের একটা যৌন বিকৃত, অপ্রকৃতিস্ত, বিকৃতমনা, অস্বাভাবিক চরিত্রের মানুষ মোহাম্মদ ছিলেন বলেই তার অনুসারীরাও ঠিক তার মত- বিকৃত মস্তিষ্ক, অস্বাভাবিক, অসুস্থ ও উন্মাদ। **এখন সময় এসেছে- হয় তাদেরকে সুস্থ হতে হবে, নইলে এ দুনিয়া থেকে তাদেরকে সবংশে চলে যেতে হবে। মাঝা মাঝি কোন পথ তাদের জন্য খোলা নেই।** এ বিষয়টা যত তাড়াতাড়ি মোহাম্মদের অনুসারীরা বুঝতে পারবে ততই মঙ্গল্। নইলে পৃথিবী সত্যিকার অর্থে একটা ভয়াবহ ও বিশাল ধ্বংস যজ্ঞ প্রত্যক্ষ করবে অদুর ভবিষ্যতে।

তবে আমার বুঝে আসেনা যদি ঈহুদীরা শত শত ,হাজার হাজার মুসলমানদের এই যুদ্ধে মেরে ফেলে তাহলে এত দুখের কি আছে? মুসলমানেরা তো কিছুই হারাইলনা। বরং এই শত্রুরাই আরো এই পৃথিবী হতে আরো অনেক বেশী উন্নত এবং চিরস্থায়ী সুখের বাসস্থা ন বেহেশতের ব্যবস্থা করে দিচ্ছে। মুসলমান দের প্রতি এই অবদানের জন্য বরং ঈহুদীদের আরো বেশী ধন্যবাদ দেওয়ার দরকার। আর তা ছাড়াও তাদের কে এই পৃথিবী হতে চিরতরে নিশচিহ্ন করার জন্য তো আমরা ১৪০০ বছর আগে, আমাদের জন্ম লগ্ন থেকেই যুদ্ধ ঘোষনা করে দিয়েছি এবং তা সঠিক ভাবে চালিয়ে ও যাচ্ছি। এর জন্য তো আমরা নিজেরাই বেহেশত পাওয়ার জন্য প্রতিদিন আমাদের সম্ভাবনাময়ী তরুনদের বুকে বোম্ব বেধে দিয়ে তাদের নিশ্চিহ্ন করার জন্য পাঠিয়ে দিচ্ছি।

যেটা পাওয়ার জন্য আমরা নিজেরাই অতিশয় উদগ্রীব সেটা যদি এই ঈহুদীরা নিজ থেকে যেঁচে এসে দিয়ে যায়, তাতে অসুবিধাটা কোথায়?
তারা তো আমাদের আকাংখিত বস্তুটাই দিচ্ছে। তাতে আবার অসুবিধা কি করে হতে পারে ?
বরং তাদেরকে সমগ্র ঈমানদার মুসলমানদের আরো বেশী করে ধন্যবাদ দেওয়া উচিৎ।
তাই নয়কি?
নাকি তাহলে আমরা বেহেশতে বিশ্বাষী নই? অথবা আমরা বেহেশতে যাইতে আগ্রহী নই?

এইবার দেখলেন ভাইজান যারা ইসলামকে একমাত্র সত্য ধর্ম মনে করে তারা কত বড় ভন্ড ? কোরান ও হাদিসে আল্লাহ ও মোহাম্মদ ইহুদীদেরকে সব চাইতে বড় শত্রু হিসাবে চিহ্নিত করেছে, তাদেরকে যেভাবে পারা যায় মুসলিম রাস্ট্র থেকে বিতাড়িত করতে বলেছে , তাদের বিরুদ্ধে সব সময় যুদ্ধ করতে বলেছে, যেটা স্বয়ং মোহাম্মদও করেছিলেন তার জীবনে , মক্কা মদিনার আশ পাশের সকল ইহুদিদেরকে তাদের পৈত্রিক ভিটে মাটি থেকে উচ্ছেদ করে। হামাস বা ফিলিস্তিনীরা সবাই সেই কাজই করে যাচ্ছে। ইতোপূর্বে মিশর জর্ডান এরাও করার চেষ্টা করেছিল। বলাবাহুল্য এগুলো সবই ছিল ইসলাম সম্মত, একই ভাবে জিহাদি কাজ। একাজে যারা মারা যাবে তারা শহিদ হয়ে সরাসরি বেহেস্তে চলে যাবে। ইহুদিরা ইসরাইল নামক রাষ্ট্রটি তৈরী করে মুসলমানদের জন্য বেহেস্তে যাওয়ার এত সুন্দর ও সহজ পথ বাতলে দেয়ার পরেও তারা ইসরাইলকে সমালোচনা করে , এর চাইতে নিমকহারামি আর কি হতে পারে ? যে বেহেস্তে যাওয়ার জন্য প্রতিটি মুসলমান রাত দিন আল্লাহ ও মোহাম্মদের নাম জপ করে , সেই বেহেস্তে যাওয়ার এত সহজ তরিকা বের করে দেয়ার জন্য সকল মুসলমানের তো ইসরাইল তথা ইহুদিদেরকে ধন্যবাদ দেয়া ও চির কৃতজ্ঞ থাকা উচিত। , তাই নয় কি ? আসলে ইসলামের শিক্ষাই হলো নিমকহারামি করা ও অকৃতজ্ঞ হওয়া আর মহাজোরে মিথ্যা প্রপাগান্ডা করে যাওয়া। এসব কাজেই মুসলমান জাতি রাত দিন ব্যস্ত থাকে , সেকারনে তারা ইহজাগতিক কোন উন্নতি করতে পারে না ।

ভন্ডামী তার সাক্ষাৎ প্রমান একদিকে আমরা আমাদের তরুনদের বেহেশতে যাওয়ার আসা দিয়ে ঈহুদী খৃষ্টানদের মারতে বুকে বোম্ব বেধে তাদের মারতে ও নিজেকে মরতে পাঠিয়ে দেই। আর অন্যদিকে ঠিক তারা যখন এদেরকে মেরে বেহেশতে পাঠিয়ে দেয় তখন এত চেচামেচি কেন?
তারা তো আমাদের একমাত্র কাম্য বেহেশত পাওয়ার পথ আরো বেশী করে সুগম করে দিচ্ছে।
কাজেই তাদেরকে একাজে আমাদের আরো বেশী করে উৎসাহিত ও সহযোগিতা করা উচিৎ।
কারন তারা তো আমাদেরই মঙ্গলের জন্য করতেছে।
তাহলে বেহেশত পাইতেআমাদের এত ভয় কেন?
একটু আমাদেরকে ব্যাখ্যা দিতে পারেন ?
তারপর আবার তাদের সংগে নবী চিরকালের জন্য শত্রুতা করার ও যুদ্ধ ঘোষনা দিয়ে গিয়েছেন সেখানে তো আমাদেরকেও তাদের নিকট থেকে ঠিক তদ্রুপই ব্যবহার আসা করা যেতে পারে।
সেখানে তাদের নিকট থেকে তো আর আমরা দুধ কলা আসা করতে পারিনা।
অন্য কোন ধর্মামলম্বী তাদেরকে শত্রু হিসাবে পোষন করেনা, তাই তারাও তাদেরকে শত্রু মনে করেনা।

*যাযাবর*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ৮:৩০ পূর্বাহ্ণ
@ফরিদ আহমেদ,

ভবঘুরের লেখার কিছু কিছু দিক আমার কাছেও ভাল ঠেকেনি। সেটার সমালোচনাও হয়েছে। কিন্তু আমি নিশ্চিত না যে তিনি নির্বিচার মুসলীম বিদ্বেষী। তাঁ র উপরের কোট গুলিতে "মুসলমান" বলতে আমার ধারণা তিনি মৌলবাদী মুসলমানই বুঝিয়েছেন। যেসব প্যাসিভ মুসলীমদের কথা আমি আমার লেখায় উল্লেখ করেছি তারা নয়। বুঝিয়ে থাকলে সেটা স্পষ্ট না করাটা তাঁর লেখার ত্রুটি। তবে আমি যেটা বলতে ছেয়েছি প্যাসিভ মুসলীমরা অযৌক্তিক ইসলামী আ চারাদি (যা অন্যের জন্য ক্ষতিকারক নয়) অনুসরণ করলে সেটাকে অযৌক্তিক বল্লেই যে তাদেরকে ঘৃণা করতে হবে এটা আবশ্যিক নয়। তবে তিনি যদি মুসলীম বিদ্বেষী উগ্র হিন্দু (যাদের কথা আমি উল্লেখ করেছি) হয়ে থাকেন তাহলে তিনি নির্বিচার মুসলীম বিদ্বেষী হতেও পারেন , সে ক্ষেত্রে তিনি আবুল কাশেমকেও ঘৃণা করবেন। তাঁরই উচিত নিজের অবস্থান পরিস্কার করা। আমি যেহেতু তাঁর ব্যক্তিগত জীবনের কথা জানি না তাই তাঁর হয়ে কিছু বলতে পারি না।

*ফরিদ আহমেদ*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ৮:৩৭ পূর্বাহ্ণ
@যাযাবর,

> ভবঘুরের লেখার কিছু কিছু দিক আমার কাছেও ভাল ঠেকেনি। সেটার সমালোচনাও হয়েছে। কিন্তু আমি নিশ্চিত না যে তিনি নির্বিচার মুসলীম বিদ্বেষী। তাঁর উপরের কোট গুলিতে "মুসলমান" বলতে আমার ধারণা তিনি মৌলবাদী মুসলমা নই বুঝিয়েছেন।

হাহাহা। লঞ্চডুবিতে মারা যাওয়া ১১২ জন নিরীহ মানুষও তাহলে মৌলবাদী। হইছে। আপনাকে বুঝে গিয়েছি আমি। এই লেখা থেকে বিদায় নিচ্ছি আমি। আপনি নিষ্পত্তি করতে থাকেন সবকিছুর।



*ভবঘুরে*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ১০:২৯ পূর্বাহ্ণ
@ফরিদ আহমেদ,

আপনাকে বুঝে গিয়েছি আমি। এই লেখা থেকে বিদায় নিচ্ছি আমি। আপনি নিষ্পত্তি করতে থাকেন সবকিছুর। 😋

আপনাকেও বুঝতে আমাদের বাকি নেই। আমি আপনা কে সরাসরি জামাতি বলে কোন গালি দেই নি। শুধু বলেছি একটা সময় রব উঠেছিল আপনি নাকি জামাত শিবির পন্থি পরে আপনি বিভিন্ন সূত্র উল্লেখ করে নিজেই সেটা প্রমান করেছেন কারও কারও প্রশ্নের প্রত্যুত্তরে। এটা দ্বারা আমি কিভাবে আপনাকে গালি দিলাম তা ঠিক বোধগম্য হলো না। কিন্তু আসলে বিষয়টা শুরু করেছেন আপনি ও আপনার এক ফালতু চামচা , আর শুরু করেছেন সম্পূর্ন উদ্দেশ্যপূর্ণ ভাবে , অত্যন্ত পরিকল্পনা করেই। সর্বপ্রথম আপনি আমার ও আ: হাকিম চাকলাদারের নামে বাজে মন্তব্য করে বিষয়টা উস্কে দিয়েছেন। পরে আমি আপনার নামে বাজে মন্তব্য না করলেও জোর করে আপনি সেটাকে বাজে মন্তব্য ধরে নিয়ে আপনি ও আপনার চামচারা আমার ওপর হামলে পড়েছেন ও অকথ্য ভাষায় আক্রমন করেছেন যা আমি বস্তুত: মুক্তমনাতে কামনা করিনি।আর এটা প্রতিষ্ঠা করার চেষ্টা করেছেন আমি আপনাকে গালি দিয়ে ঘটনাটার সূত্রপাত করেছি আর আপনার চামচারা সেটাকে প্রমা ন করতে গিয়ে হুক্কা হুয়া শুরু করে দিয়েছিল। ঠিক যেমন নেকড়ে বাঘ ঝাপিয়ে পড়েছিল নিরীহ ভেড়াটির ওপর। আপনারা ঠিক গোয়েবলসীয় কায়দাটার অনুসরণ করেছেন। বেশ ভাল। কিন্তু ভাই কায়দা হিসাবে সেটা খুবই পুরনো , নতুন কিছু থাকলে বলতে পারেন।

অত:পর ইসলাম সম্পর্কে সমালোচনা করাতে আপনার গায়ে জ্বালা ধরে যায়, তাহলে বিষয়টা কি প্রমান করে ? আপনি আসলে কে? ছদ্মবেশী মৌলবাদি? যদি মনে করেন, আমরা অন্য ধর্ম সুকৌশলে ডিফেন্ড করি , আপনার মত মহা পন্ডিত কি করেন ? আপনারা হিন্দু বৌদ্ধ খৃষ্টান ধর্ম কতটা খারাপ সেটা প্রকাশ করুন। সেটা করে আপনি কত বড় মহা পন্ডিত সেটা সবাইকে দেখান আমরা সেটা দেখে কৃতার্থ হই। ওটাও কেন আমাদেরকে করতে হবে ? অত সময় তো ভাই আমাদের নেই। আর তখন যদি আপনার বিরোধিতা করি তখন বলতে পারেন আমরা হলাম মুসলিম বিদ্বেষী বা আপনাদের ভাষায় অশ্লীল যা খুশি। কেন বর্তমানে ইসলাম নিয়ে এত লেখা লেখি সেটা বহুবার ব হুভাবে প্রকাশ করা হয়েছে। অন্য কোন ধর্মের লোক গায়ে বোমা বেধে বা গাড়ীতে বোমা ভর্তি করে বর্তমানে আত্মঘাতী হামলা করে না, করে না তারা দল বেধে ধর্মের নামে বিধর্মী মানুষদেরকে খুন অথবা ভিন্ন মতাবলম্বীদেরকে খুন। ইসলাম গোটা দুনিয়ায় রীতি মতো একটা ত্রাস সৃষ্টি করে ফেলে ছে। হিন্দু খৃষ্টান কোন এক অতীত কালে ধর্মের নামে এসব খুন খারাবি করত , এখন করে না। তাই সেটা ফোকাসে নেই। দুনিয়া ব্যপী ফোকাস তাই ইসলাম আর বলা বাহুল্য তার ধারক মুসলমানরা। এখন এসব নিয়ে লেখা লেখি করলে কারও যদি গায় জ্বালা ধরে যায় তো সে লোক খৃষ্টান , হিন্দু , বৌদ্ধ এসব ধর্ম নিয়ে প্রকান্ড প্রকাণ্ড সব নিবন্ধ লিখে গায়ে জ্বালা ধরাটা থামাতে পারে। তা না করে আপনি অত্যন্ত নির্লজ্জভাবে কতিপয় চামচা নিয়ে অনেকটা সন্ত্রাসী কায়দায় একজোটে গালাগালি ও মিথ্যা প্রপাগান্ডা শুরু করে দিলেন। জানি আপনি বিশ্বাস করবেন না , তার পরও বলি , সত্যি সত্যি ইতোপূর্বে আপনার সম্পর্কে আমার এরকম বাজে ধারনা ছিল না। এখন আপনি মনের সুখে আমাকে যেমন ইচ্ছা গালি

দিতে পারেন,আমি আপনার মত হীন মানসিকতার মানুষের কোন মন্তব্যের প্রতি আর কোন উত্তর দেব না। ঠিক করেছিলাম এই মন্তব্যটাও করব না। কিন্তু পরে ভাবলাম ,আপনার ও আপনার চামচাদের এত কীর্তির একটা উপসংহার মূলক বক্তব্য দেয়া দরকার নইলে সাধারণ পাঠকরা বিভ্রান্ত হতে পারেন।

*ফরিদ আহমেদ*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ১০:৫৫ পূর্বাহ্ণ
@ভবঘুরে,

আপনাকেও বুঝতে আমাদের বাকি নেই। আমি আপনাকে সরাসরি জামাতি বলে কোন গালি দেই নি। শুধু বলেছি একটা সময় রব উঠেছিল আপনি নাকি জামাত শিবির পন্থি পরে আপনি বিভিন্ন সূত্র উল্লেখ করে নিজেই সেটা প্রমান করেছেন কারও কারও প্রশ্নের প্রত্যুত্তরে।

আপনার ঘটে যে মুসলিম বিদ্বেষ ছাড়া কিছু নেই , সেটা এই বক্তব্য থেকেই পরিষ্কার। আমি ব্লগে জনপ্রিয়তা নিয়ে মাথা ঘামাই না, তাই কয়জন ছদ্মবেশী কাপুরুষ ইসলাম এবং মুসলিম বিদ্বেষী আমার নামে কী বলছে, এ নিয়ে আমি কখনো গা করি নি। বরং কৌতুক হিসাবে নিয়েছি ভীতু কিছু লোকজনের খড়কুটো ধরে বেঁচে থাকার এই প্রচেষ্টাকে। কিন্তু, আর নয়। আপনাকে এবং লন্ডনি হুজুর আকাশ মালিককে আমি চ্যালেঞ্জ জানাচ্ছি। মুক্তমনার যে কোনো পাঁচজন লোককে দায়িত্ব দিন। বাংলাদেশের চারটা পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নাম দেবো আমি। এঁরা চারজনই বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে আমার সহকর্মী ছিলেন। এঁদের সাথে শিক্ষকতা এবং রাজনীতি করেছি আমি। এনাদের সাথে দেখা করে, ফোন করে বা ইমেইল করে আমার পূর্ব রাজনৈতিক পরিচয় বের করবেন। এমনকি ঢাকা বিশ্ববিদ্যালয়ে, যেখানে আমি পড়াশোনা করেছি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, যেখানে আমি শিক্ষকতা করেছি, সেখানেও তাঁরা খোঁজ নিতে পারেন। এর বিপরীতে আপনি এবং আকাশ মালিক তাঁদের পরিচয় প্রকাশ করবেন মুক্তমনার সদস্যদের কাছে। এতে আপনাদের নিরাপত্তা বিন্দুমাত্রও ক্ষুণ্ন হবে না। আমি একশত ভাগ নিশ্চিত যে , আপনি এবং আকাশ মালিক এই চ্যালেঞ্জ নেবেন না। কারণ, দেখা যাবে যে, আপনি নিয়মিত মন্দিরে যাওয়া সাম্প্রদায়িক হিন্দু হবেন, আর আকাশ মালিক লন্ডনের কোনো মসজিদের টুপি দাঁড়িওয়ালা ইমাম হবেন , সারাদিন যিনি ইসলামের গুণগান করেন মুসুল্লিদের মধ্যে। বউ , মেয়েকে হিজাবের আবরণে ঢেকে রাখেন।

বাপের বেটা হলে আপনি আর আকাশ মালিক চ্যালেঞ্জটা নিয়েন।

মনজুর মুরশেদ এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ৬:৫৯ অপরাহ্ণ
@ফরিদ আহমেদ,

চ্যালেঞ্জ নিন আর না নিন অগনিত পাঠকের কাছে নিজের অবস্থান পরিষ্কার করার একটি দায়বদ্ধতা আকাশ মালিকের আছে। না হলে তার লেখার বক্তব্য আমি অন্তত সিরিয়াসলি নেব না।

অর্ফিউস এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ১১:২২ পূর্বাহ্ণ
@ভবঘুরে,

একজোটে গালাগালি ও মিথ্যা প্রপাগান্ডা শুরু করে দিলেন।

সাবধান থাকেন ভাইজান , কথায় কথায়

"মিথ্যা প্রপাগান্ডা" এই কথাটি কিন্তু আমি রাজাকারদের পত্রিকা গুলিতে বেশি দেখি(**তারা খালি কয় যে সব কিছু নাকি ইহুদী প্রপাগান্ডা; যেমন আপনি দুনিয়ার সব কিছুর ভিতরে ইসলামিক প্রপাগান্ডা দেখেন)** । আর আপনিও এই শব্দটি বেশি ব্যবহার করেন, আর নিজের মেজাজের উপর নিয়ন্ত্রন হারিয়ে ফেলেন খুব অল্পতেই । **লক্ষণ ভাল না। সবই কিন্তু প্রতিক্রিয়াশীল , মৌলবাদী মুসলিমের লক্ষণ।**আচ্ছা আপনি নিজেই তো রাজাকার টাইপ কিছু না যাকে বড় ভাইয়েরা প্ল্যান্ট করেছে মুক্তমনার ১২ টা বাজাতে? ।

মনজুর মুরশেদ এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ১২:০৮ অপরাহ্ণ
@ভবঘুরে,

অন্য কোন ধর্মের লোক গায়ে বোমা বেধে বা গাড়ীতে বোমা ভর্তি করে বর্তমানে আত্মঘাতী হামলা করে না, **করে না তারা দল বেধে ধর্মের নামে বিধর্মী মানুষদেরকে খুন**

আবার ভুল তথ্য দিতে শুরু করেছেন। স্বীকার করছি গায়ে বোমা বেধে বা গাড়ীতে বোমা ভর্তি করে আত্মঘাতী হামলা বর্তমানে মুসলিমরাই করছে। কিন্তু আপনার উদ্ধৃতির বোল্ড করা অংশটুকু চরম

মিথ্যাচার। বেশীদূর যেতে হবে না, আমাদের পাশের দেশগুলোতেই এসব ঘটনা ঘটছে। এবার আপনিই বলুন গোয়েবলসীয় কায়দা কে অনুসরণ করেছেন। আপনি আপনার এজেণ্ডা বাস্তবায়নের সুবিধার্থে কিছু অসত্য কে সত্য বলে প্রচার করবেন অথবা কিছু তথ্য এড়িয়ে যাবেন তা তো হবে না।

*অর্ফিউস*এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ১০:৫৯ পূর্বাহ্ণ
@যাযাবর,

তাঁর উপরের কোট গুলিতে "মুসলমান" বলতে আমার ধারণা তিনি মৌলবাদী মুসলমানই বুঝিয়েছেন।

আপনারা পারেনও ভাই।

7. 7

বিপ্লব পাল
নভেম্বর ২৫, ২০১২ সময়: ৭:৩২ পূর্বাহ্ণ লিঙ্ক

ধর্ম ব্যাশিং বিজ্ঞান মনস্ক চিন্তার সাথে অসামঞ্জস্যপূর্ণ। অজ্ঞ মননশীলতার পরিচয় মাত্র।

ধর্ম সমাজ বিবর্তনের সন্তান। কোন কিছুই এই সামাজিক বিবর্তনের বাইরে নয়।

হজরত মহম্মদের আয়েশাকে বিয়ে করার জন্যে তাকে পিডোফিলিক ইত্যাদি বলে গালাগাল দিলে বিশ্বের কি উদ্ধার হয় আমি জানি না। বরং হজরত মহম্মদ রাজনৈতিক ক্ষমতা দখলের সাথে সাথে সমসাময়িক রাষ্ট্রনেতাদের মতন বেশী সংখ্যায় স্ত্রঈ নিতে থাকেন। যা হুনরাজ থেকে রাবনরাজ সবাই করতেন সেকালে। সুতরাং হজরত মহম্মদের জীবনে একজন সুদক্ষ রাষ্ট্রনেতার ছাপ পাওয়া যায় যা গৌতম বুদ্ধ বা কনফুসিয়াসের মতন আধ্যাত্মিক দার্শনিকদের জীবনের সাথে বেমানান যারা ত্যাগ এবং জ্ঞানের মাধ্যমে ইতিহাসে নিজেদের প্রতিষ্ঠা করেছেন।

ক্রিটিক্যাল থিংকিং খুব গুরুত্বপুর্ন। ইসলাম এবং মহম্মদের ভালদিকগুলি আলোচনা না করে শুধু খারাপ দিক গুলি নিয়ে লিখতে থাকলে তা ব্যাশিং ই হবে। সেটা মোটেও উন্নত চিন্তার উদাহরণ না। তা সদালাপের অন্য পিঠ হবে। প্রতিটা জিনিসেরই ভাল খারাপ আছে এবং তার একটা বাস্তব ও যুক্তিবাদি আলোচনা হওয়া দরকার।

আদিল মাহমুদ এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ৯:৩৪ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,

ক্রিটিক্যাল থিঙ্কিং এবং ব্যাশিং এর উদাহরন মনে হয় এই আয়েশা এপিসোড থেকে দেওয়া যায়।

ব্যাশিং - নবী মোহাম্মদ ইতিহাসের সর্বনিকৃষ্ট শিশু নির্যাতনকারী। তাকে যারা নবী মানে তাদের আচরনই তেমনই হবে......

ক্রিটিক্যাল থিঙ্কিং - শেষ নবী যার জীবন বিধান আমাদের পাথেয় এমন একজন নবী বলতে যে ইমেজ আমাদের দেওয়া হয় এই ঘটনা আমাদের নবী মোহাম্মদ সম্পর্কে তেমন ধারনা দেয় না, তিনি কিছু দিকে সেকালের অন্যান্য লোকের মতই কালের কাছে সীমাবদ্ধ ছিলেন এমন ধারনাই দেয়।

কাজি মামুন এর জবাব:
নভেম্বর ২৮, ২০১২ at ১১:৫২ অপরাহ্ণ
@বিপ্লবদা,

প্রতিটা জিনিসেরই ভাল খারাপ আছে এবং তার একটা বাস্তব ও যুক্তিবাদি আলোচনা হওয়া দরকার।

8. 8

যাযাবর

নভেম্বর ২৫, ২০১২ সময়: ৮:১৫ পূর্বাহ্ন লিঙ্ক

ইসলাম এবং মহম্মদের ভালদিকগুলি আলোচনা না করে শুধু খারাপ দিক গুলি নিয়ে লিখতে থাকলে তা ব্যাশিং ই হবে।

রবীন্দ্রনাথ, বিবেকানন্দ, শ্রীরামকৃষ্ণ, গান্ধী প্রমুখের সমালোচনাপূর্ণ লেখায় ভাল দিক কি লেখা হয় ? ভাল দিক তো বহুল প্রচারিত, সবারই জানা, তা নিয়ে প্রচুর লেখা হয়, পাঠ্য বইতেও। সেটা তো কমন উইজডমের মধ্যে পড়ে। পাঠ্য বইতে যা আছে সেটা রিপিট করা কি ক্রিটিক্যাল থিংকিংএর কাজ?। খারাপ দিকটাই বরং অনেকে জানে না, তাই ক্রিটিক্যাল থিংকিং এর জন্যই খারাপ দিকটা তুলে ধরা দরকার। কাউকে আদর্শ মানব/ মহা মানব বলে দাবী করলে ক্রিটিক্যাল থিংকিং এর কাজ হবে এই দাবীর যথার্থতা প্রমাণ করা। উপরোক্ত মহামানবের বেলায় যেমন, মুহম্মদের বেলায় ও সেই একই কথা প্রযোজ্য ।

9. 9

মনজুর মুরশেদ

নভেম্বর ২৫, ২০১২ সময়: ৮:৩৯ পূর্বাহ্ন লিঙ্ক

আমার মতে সমস্যা তখনই হয় যখন একপেশে ধর্ম ব্যাশিং করতে করতে আলোচনাকারী স্বাভাবিক যুক্তি আর মানবতাবোধটুকুও বিসর্জন দিয়ে বসেন। উপরে ফরিদ আহমেদের পাঠানো কোটেশনগুলো তারই প্রমান।

10. 10

সফিক

নভেম্বর ২৫, ২০১২ সময়: ১:১৪ অপরাহ্ণ লিঙ্ক

এই মাত্র ইন্টারনেটে দেখলাম ঢাকার আশুলিয়া গার্মেন্ট ফ্যাক্টরীতে আগুনে দেড়শ থেকে দুশো গার্মেন্ট কর্মী পুড়ে অংগার হয়েছে। যেসব সহজ সরল মানুষগুলির অক্লান্ত শ্রমে এই অরাজক দেশটা এখনো টিকে থাকতে পারছে তাদের আসলেই আমরা অর্থনীতির চুল্লীতে জ্বালানীর মতো পোড়াচ্ছি। এই রকম সংবাদের পর ধর্মকর্ম নিয়ে চিল্লাচিল্লী আপাতত ভাল্লাগছে না।

আশাকরি মুক্তমনা এডমিন ব্যানারে পরিবর্তন আনবেন আর কেউ একজন একটা শোকবই পোস্ট দেবেন।



মনজুর মুরশেদ এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ৮:৫৩ অপরাহ্ণ
@সফিক,

ধর্মকর্ম নিয়ে চিল্লাচিল্লী আপাতত ভাল্লাগছে না।

মর্মান্তিক! কিছুদিন পরপরই সীমাহীন লোভের বলি হয় খেটে খাওয়া এই মানুষগুলো। নড়বড়ে বিল্ডিং , দমবন্ধ করা পরিবেশ, অপ্রতুল অগ্নিনির্বাপনের ব্যবস্থা সব মেনে নিয়ে কঠোর পরিশ্রম করেন তারা , আনেন মূল্যবান বৈদেশিক মুদ্রা অথচ সরকার নির্ধারিত ন্যূনতম মজুরী দিতে কত টালবাহানা মালিকপক্ষের!

আদিল মাহমুদ এর জবাব:
নভেম্বর ২৫, ২০১২ at ৯:২৬ অপরাহ্ণ
@সফিক,

আসলেই তাই, সকালে দেখেছিলাম ৯ জন নিহত। খুবই অন্যায় হলেও অস্বীকার করছি না যে খবরটা মনে তেমন রেখাপাত করেনি, আমাদের দেশে ৯ জনের মৃত্যু তেমন কোন ব্যাপার নয় বলেই। রাতে এক বন্ধু যখন খবর দিল ১১৩ জন তখন নিজের কানকেই বিশ্বাস করতে পারিনি। এও সম্ভব? বার

বার কেন এমন হয়? কাউকে না কাউকে তো দায় নিতে হবে? আজ পর্যন্ত দায়ী কয়জনের কি পরিমান শাস্তি হয়েছে?

11. 11

আঃ হাকিম চাকলাদার

নভেম্বর ২৫, ২০১২ সময়: ৭:৩০ অপরাহ্ন লিঙ্ক

প্রীয় পাঠক বর্গ,
গতকাল সকাল ৭:৩০ এর বাংলা বিবিসি খবরে শুনতে পেলাম (লিংকটা এখন আর নাই),
পাকিস্তানের একটা অংসে শিয়াদের মহরম পালন কালে শিয়া সুন্নীরা পরস্পর সেল ফোনের দ্বারা বোম্ব ফাটিয়ে অসংখ্য শিশু সহ নিরপরাধ মানুষদের হত্যা করেছে।
সরকার সেখানে এখন সেল ফোনের সংযোগ বন্দ করে দিতে বাধ্য হয়েছে।

এর জন্য কিন্তু কোন দেশ বা কোন গোষ্ঠী কোন শোক প্রকাশ ও করেনা।

এই হত্যা যজ্ঞের মূল ভিত্তি কী, তাহা কি কেহ ব্যাখা দিতে পারেন?

কোন রাজনৈতিক দ্বন্দ?

কোন ভূমি লয়ে সংঘর্ষ?

না, এগুলীর কোনই কারণ নয়।

এর একটি এবং মাত্র একটিই কারন- আর তাহল “ধর্মীয় বিশ্বাষ” বা ঈমানের জোষ।

তবে এটা কোন ধর্মের ঈমানের জোষ?

ঈহুদি?
খৃষ্টান?
বৌদ্ধ?
হিন্দু?

মোটেই নয়।
একমাত্র সর্বশ্রেষ্ঠ ধর্ম “ইছলাম” ধর্মের জোষ।
কেহ কি একটু ব্যাখ্যা দিতে পারবেন , কেন একমাত্র মুসলমানেরা এভাবে শুধু হত্যা যজ্ঞে লিপ্ত হয়ে বেহেশতে যাইতে ইচ্ছুক?

আর এই হত্যাযজ্ঞে এদের কোন দলই বা বেহেশত যাইবে?

@ অর্ফিউস,
আপনার জন্য “মোহাম্মদ ও ইসলাম পর্ব ২০” এ একটি মন্তব্য রেখেছি।
ওখানে আসুন আপনার সংগে ধর্ম সংক্রান্ত বিষয়ে কিছু আলোচনা করা যেতে পারে। কারণ এই ছাইটটা ধর্মীয় আলোচনার ছাইটতো নয়।
ধন্যবাদ
ভাল থাকুন

অর্ফিউস এর জবাব:
ডিসেম্বর ২৫, ২০১২ at ১:৪৬ পূর্বাহ্ণ
@আঃ হাকিম চাকলাদার,

@ অর্ফিউস,
আপনার জন্য “মোহাম্মদ ও ইসলাম পর্ব ২০” এ একটি মন্তব্য রেখেছি।
ওখানে আসুন আপনার সংগে ধর্ম সংক্রান্ত বিষয়ে কিছু আলোচনা করা যেতে পারে। কারণ এই ছাইটটা ধর্মীয় আলোচনার ছাইটতো নয়।
ধন্যবাদ
ভাল থাকুন

পুরানো প্যাচাল আর নতুন করে শুরু না করাই ভাল। তবে আপনার অবগতির জন্য একটি কথা জানিয়ে রাখি, আর তা হল,আপনার এই মন্তব্য আমার আজকের আগে চোখে পড়েনি। কাজেই আজকেই উত্তর দিচ্ছি; যদিও উত্তর দেয়াটা খুব জরুরী মনে করছি না।হ্যাঁ আপনার মন্তব্য পড়েছি আমি।

কিন্তু সবিনয়ে বলতে চাই যে, **মুক্ত মনায় তিন জন মানুষের সাথে আমি ধর্ম নিয়ে কথাবার্তার আগ্রহ পুরোপুরি হারিয়ে ফেলেছি, আর তাদের ভিতর একজন হচ্ছেন আপনি।বাকি দুজন কে, আশা করি আপনার আর বুঝতে বাকি নেই।**
ধন্যবাদ ভাল থাকুন আপনিও ।

12. 12

সংবাদিকা

নভেম্বর ২৬, ২০১২ সময়: ১২:৩১ অপরাহ্ন লিঙ্ক

সবকিছুতেই ধনাত্মক এবং ঋণাত্মক দিক আছে। মানব সমাজ জন্ম থেকে কতগুলো সামাজিক বৈশিষ্ট্য নিয়ে জন্মায়:

১।নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য
২।ধর্ম
৩।ভাষা
৪।সামাজিক সংস্কৃতি
৫।রাজনৈতিক জাতীয়তা
মানুষ সামাজিক ভাবে বেঁচে থাকার জন্য আশ্রয় খোঁজে। মানুষের বেঁচে থাকা শুধু খাদ্য অন্বেষণে সীমাবদ্ধ নয়।

উপরোক্ত পাঁচটি বৈশিষ্ট্য ত্যাগ করা মানুষের জন্য খুব সহজ নয়। কেননা এর প্রাপ্তি তার বুদ্ধি হবার আগ থেকেই হয়, তার মননে গেঁথে যায়।

পাঁচটি বিষয় নিয়ে তাৎক্ষনিক কিছু প্রশ্ন বাংলাদেশের পরিপ্রেক্ষিতেই শুধু ঋণাত্মক গুলো মুক্তমনে করা যাক 🙄
বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে পাক বাহিনী এবং তাদের দোসরদের অত্যাচারের কথা প্রায় সবাই জানেন। কিন্তু ঐ সময়ে এবং যুদ্ধের ঠিক পরে , অনেক জায়গায় বাঙালীদেরও পাল্টা অত্যাচার হয়েছিল এবং যুদ্ধে মাঝে মাঝে শিশু সৈনিক ব্যবহারের কথা শোনা যায় এবং শিশু দ্বারা মুক্তিযুদ্ধের কতগুলো অন্যতম সফল আক্রমণ করা হয়েছিল...... এখন স্বাধীন দেশে এটা কে আলোচনা করবে???? করবেনা, ওটা বিদেশীরা করবে অথবা খুব বেশি হলে একাডেমিক আলোচনা হবে ...... কিন্তু কখনই পাবলিক নয়। এটাই হওয়া উচিৎ। অনেকে আমাকে জামাত বলে গালি দিতে পারেন এই কথা বলার পর। কিন্তু একজন মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে এসব আমার গায়ে লাগেনা , কেননা কেউ কিছু বললে তেমন কিছু আসে যায়না কারণ মানুষের মুখের কথায় উত্তেজিত হওয়া সবচাইতে বোকামি। পার্শবর্তী দেশ ভারত কিংবা পাকিস্তান সাম্রাজ্য বিরোধী মানবতার কথা বললেও তারা নিজেরা আরও বেশি সাম্রাজ্যবাদীতার পরিচয় দিচ্ছে, কাশ্মীর, আসাম, মনিপুর, নাগাল্যান্ড, সিকিম কিংবা বেলুচিস্তান এসব শুধু চেনাগুলো।

আরও অনেককিছুই আছে। আসলে , সব কথার শেষ কথা, রাজনৈতিক ভাবে যারা জয়ী হয়, ইতিহাস তাদেরই গুণগান করে। এই বিংশ-একবিংশ শতাব্দীর ইতিহাস রচনা হবে মার্কিন যুক্তরাষ্ট্রকে কেন্দ্র করে। তাদের অনেক নেগেটিভ সাইটো পজেটিভ ভাবে দেখানোর চেষ্টা করবেন ইতিহাস লেখকগণ।

পশ্চিমা সাদারা, ভারতীয়দের নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য নিয়ে এক সময় বর্ণবাদী আচরণ করত । গান্ধীকে এক সময় ট্রেনের বগি হতে নামিয়ে দেওয়া হয়েছিল, গায়ের রং সাদা না হবার জন্য। আচ্ছা অনেক দক্ষিণ এশীয়রা নিজেরা কি কম বর্ণবাদী। বাঙ্গালীরা বাদামী কিংবা একটু গাড় বাদামী। এই কোয়েজি/সেমি ডার্ক স্কিন নিয়েও বাঙ্গালীরা, পারফেক্ট ডার্ক স্কিনের মানুষদের সুযোগ পেলে ই টিটকারি মারে...... মারেনা??? ভারতে দলিত শ্রেণীর কথা বলাই বাহুল্য। বাংলাদেশের অনেক মানুষই মনে করে আফ্রিকা মানে জঙ্গল!!!!!! তারা অসভ্য... অনেকের ধারনাই নাই আফ্রিকার অনেক দেশ বাংলাদেশ হতে অনেক উন্নত এবং মিশর-ইথিওপিয়া বাদেও ওখানে আরও অনেক প্রাচীন সাবসাহারান সভ্য রাষ্ট্র ছিল। চাকমারা দাবী করে তারা বাঙালীদের দ্বারা বিভিন্ন দিক হতে জাতিগত অত্যাচারের স্বীকার; আবার অনেক চাকমাদের কাছেই মারমারা জাতিগত বিভিন্নভাবে নিগৃহীত।

আমরা আমাদের সংস্কৃতি নিয়ে গর্ব করি। কিন্তু যেসব নিয়ে আসলেই গর্ব ওসব নিয়ে করা হয়না। গর্ব করা হয় উনবিংশ শতাব্দীতে কলোনিয়াল আমলে যেসব সৃষ্টি হয়েছে তা নিয়ে। ফোক এখনো আমাদের খেটে খাওয়া গণমানুষের বিনোদন। অনেকে আবার ট্র্যাডিশনাল বাদ্যযন্ত্র বাদ দিয়ে গিটার দিয়ে ফোক গান গেয়ে খাটি বাঙ্গালী হবার চেষ্টা করেন, দোতারা নিয়েযে ব্যাভেরিয়ান-ভেগাবন্ড স্মার্টনেস ভাব তাদের আসেনা !!!!! অনেকে আবার রবীন্দ্রসঙ্গীত এবং মরমী সঙ্গীতকে বিনোদনের মাধ্যম থেকে সরিয়ে ধর্মের পর্যায়ে নিয়ে গেছেন। একটু ফিউশনই গেল গেল রব তোলেন যেন সাংস্কৃতিক চরমপন্থা। আবার এক শ্রেণীর মানুষ বাসায় পরিবার সহ বসে চিকনি চামেলি নাচন আর ক্যাটরিনার কোমর দোলান দেখে, কিন্তু বাংলা সিনেমা অশ্লীলতা জন্য দেখেননা...... বিচিত্র হিপোক্রেসি

বাংলা ভাষা নিয়ে আমাদের গর্বের শেষ নেই। অনেকে অতি আবেগে বলে ফেলেন এটা কয়েক হাজার বছরের পুরোন ভাষা। এর বিরোধিতা অনেকে হজম করতে পারেনা। বিরোধিতা করলেই তাকে ধার্মিক জাতীয়তাবাদী বিশেষণে বিশেষায়িত করা হয়। কিন্তু বাস্তব কথা হচ্ছে হাজার-দের হাজার বছর আগে বাংলা ভাষার লয়াঙ্গুয়েজেনেসিসই হয়নি। যেমন ইংরেজি কিংবা হিন্দি হয়নি। তবে চীনা ম্যান্ডারিন কিংবা ল্যাটিন, সংস্কৃত পালি ব্যতিক্রম।

আচ্ছা জাতি হিসেবে কি আমরা ঐ পাকিস্তানি পাঞ্জাবি চিন্তা ভাবনা থেকে খুব বেশি দূ রে।যুদ্ধের পর স্বাধীনতা যুদ্ধের নেতা শেখ মুজিব ক্ষুদ্র জাতিসত্তাকে বাঙ্গালী হয়ে যেতে বলেছিলেন , আমার মনে হয় এই কথা জিন্নাহর সেই ৫২র বক্তব্য থেকেও থেকেও নীচ চিন্তা, উর্দু তো জিন্নাহর নিজের মাতৃভাষা ছিলনা কিন্তু শেখ মুজিবের নিজের মাতৃভাষা বাংলা ছিল!!!!

বাংলাদেশ শান্তি প্রিয় “মোডারেট” মুসলিম এবং বাঙ্গালী সংখ্যা প্রধান দেশ। তবে দেশের ১৫ শতাংশ মানুষ মুসলিম না এবং ২ শতাংশ মানুষ বাঙ্গালী না। আমাদের দেশে রাষ্ট্র ধর্ম আছে আবার রাষ্ট্র ভাষাও আছে। যারা এই সাংবিধানিক ভাবে স্বীকৃত রাষ্ট্রীয় বিশেষণে বিশেষায়িত বিশেষ্যর বি রোধিতা করেন তারাও সব কিছুর বিরোধিতা করেননা। বেশিরভাগের রাষ্ট্র ধর্মে চুলকানি থাকলেও রাষ্ট্র ভাষা তে নেই। কোনটির করেন কোনটির করেননা।

সহজ কথায়, যারা ধর্ম পালন করেননা কিংবা ঈশ্বরে বিশ্বাসী নন তাদের নাস্তিক বলা হয়। সমাজে যেমন ধর্ম কিংবা জাতিসত্তা ভিত্তিক চরমপন্থি আছে তেমন নাস্তিক চরমপন্থিও আছে।

অনেক প্রগতিশীল গে-লেসবিয়ান বিয়ের অধিকারের ব্যাপারে কথা বলেন তারাই নিজেরা বহুবিবাহের ব্যাপারে উদারতার পরিচয় দেননা। আবার যারা পলিগেমির সমর্থক, তাদের মধ্য বেশিরভাগ পলিযিনি সমর্থন করে কিন্তু পলিএনড্রির ঘোর বিরোধী। পৃথিবীতে স্ট্রেট এর পাশাপাশি লেসবিয়ান-গে আছে আবার হেটারো আছে যারা কোন কিছুর ধার ধারেনা। অনেকে আবার অর্গি -গ্রুপেও মজা পায়। গ্রুপ ম্যারেজের উদাহরণও দেখা যায়, আমি কিছুদিন আগে এক ইলেক্ট্রনিক গণমাধ্যমে এটা নিয়ে ফিচার দেখেছি। এখন এই ইন্টারনেটের যুগে আমরা সহজে জানতে পারি জুফিলিয়া-নেক্রোফিলিয়া নামেও শব্দ আছে; আচ্ছা এরা যদি দাবী করে ইন্টারস্পিসিস ম্যারেজ আইন সম্মত করার!!!!! এদের প্রায় সবাই মনে করে পেডোফিলিয়া অপরাধ কিন্তু এর ঘোর বিরোধী যদিও ফ্রেঞ্চ সরকার আবার এক পেডোফিল রোমান পোলানেস্কি কে বিচারের হাত থেকে বাঁচাতে আন্তর্জাতিক চেষ্টার ত্রুটির বিচ্যুতি করেনা। ফ্রেঞ্চরা আবার নিজেদের পৃথিবীর শ্রেষ্ঠ শিল্প বোদ্ধা দাবী করে কিনা , এজন্য বোধয় এক ক্রিমিনাল কিন্তু শিল্পিকে বাঁচানোর এই প্রয়াস!!

এখন আবার পরিবেশ বাদী চরমপন্থাও চোখে পরে!!!!! আমার সবচাইতে হাসি লাগে যখন কেউ প্রাণী মাংস খায়না এই যুক্তিতে যে, এটা খাওয়া মানে প্রকৃতি বিরোধী প্রাণের হত্যা। তারা নাকি “ভেজ” । বিজ্ঞানী জগদীশ চন্দ্র খুব সফলভাবে দেখিয়েছেন উদ্ভিদেরও প্রাণ আছে। এটা সু-প্রতিষ্ঠিত। মূল ব্যাপার হওয়া উচিৎ, অপ্রয়োজনীয় নিধন করা অনুচিত, সেটা প্রাণী হোক কিংবা উদ্ভিদ হউক।

এসবের মত

ধর্মও একটা ফ্যাক্টর। পৃথিবীর কোন ধর্মই মানবতা বিরোধী কথা বলেনা। কিন্তু যুগে যুগে মানুষ ধর্মকে ব্যবহার করেছে, নিজের ইচ্ছে মত সুবিধাকে প্রাধান্য দিয়ে স্বার্থ আদায় করার জন্য। সব ধর্মেই চরমপন্থা আছে, খৃস্টান, ইসলাম, হিন্দু, বৌদ্ধ, জুডাইজম সহ সব ধর্মেই। আবার এসব ধর্মের ভেতরেও অনেক ফ্যাকশন আছে, যারা একজন আরেকজনকে স্বীকৃত দিতে অনিচ্ছুক।

যাই হোক, আমার বলার উদ্দেশ্য যে যতই নিজেকে মুক্তমনা দাবী করুক। পৃথিবীতে কেউই শতভাগ মুক্তমনা নয়। সব বাদ দিয়ে শতভাগ মুক্তমনা হলে সমাজ বলে আর কিছু থাকবেনা যার ফলাফল নৈরাজ্য। যেমন গণতন্ত্রের মাঝেও কিছু নিয়মতান্ত্রিকতা থাকতে হয় তানাহলে নৈরাজ্য শুরু হয়ে যায়।

সমাজবদ্ধ হয়ে বসবাস করতে হলে সহমর্মিতা সবার আগে প্রয়োজন। কি দরকার অপরের বিশ্বাসকে ভার্বালি অফেন্স করে তাকে কষ্ট দেওয়া যদি না তা কোন ক্ষতির কারণ হয়ে না দাড়ায়।

শেষ কথা, সকল প্রকার চরমপন্থা নিন্দনীয়। কোন কিছু আদায় করতে হলে সিস্টেমেটিক ভাবে আগানোই শ্রেয়। মানুষ জন্ম সুত্রে যা পায় , তা থেকে পরবর্তীতে বের হয়ে আসা এত সোজা নয়।

মনজুর মুরশেদ এর জবাব:
নভেম্বর ২৬, ২০১২ at ৭:৩৩ অপরাহ্ণ
@সংবাদিকা,

বেশিরভাগের রাষ্ট্র ধর্মে চুলকানি থাকলেও রাষ্ট্র ভাষা তে নেই।

রাষ্ট্রের বিভিন্ন কর্মকান্ড পরিচালনায় ভাষার ব্যবহার অপরিহার্য তাই একটি দেশে বেশীরভাগ জনগনের ভাষাই রাষ্ট্রভাষা হওয়া উচিত। অন্যদিকে রাষ্ট্র পরিচালনায় ধর্মের ব্যবহার অপ্রয়োজনীয়। তাই ধর্মকে রাস্ট্রের প্রশাসনিক ব্যবস্থা থেকে যত দূরে রাখা যায় ততই মঙ্গল। রাষ্ট্র ধর্মে আমার ভীষন চুলকানি ।

পৃথিবীর কোন ধর্মই মানবতা বিরোধী কথা বলেনা।

মানতে পারছি না। ইসলাম-সহ আরো অনেক ধর্মেই মানবতা বিরোধী কথাবার্তা আছে। মুক্তমনার বিভিন্ন পোষ্টেই এর প্রমান পাবেন।

কি দরকার অপরের বিশ্বাসকে ভার্বালি অফেন্স করে তাকে কষ্ট দেওয়া যদি না তা কোন ক্ষতির কারণ হয়ে না দাড়ায়।

ধর্মপালন আর মুক্তবুদ্ধির চিন্তা পাশাপাশি যায় না। ধর্ম একটি ডগমাকে ধারন করে ; ধর্ম পালন মানে একটি ডগমার কাছে আত্নসমর্পন আর তখনি মুক্তচিন্তার সমাপ্তি ঘটে। একজন মুক্তবুদ্ধির মানুষ ধর্মের সমালোচনা করলে যদি কোন আপাত নিরীহ ধর্মপালনকারী অফেন্ডেড হন তাতে কিছু করার নেই।

সংবাদিকা এর জবাব:
নভেম্বর ২৬, ২০১২ at ৯:০০ অপরাহ্ণ
@মনজুর মুরশেদ,

রাষ্ট্রের বিভিন্ন কর্মকান্ড পরিচালনায় ভাষার ব্যবহার অপরিহার্য তাই একটি দেশে বেশীরভাগ জনগনের ভাষাই রাষ্ট্রভাষা হওয়া উচিত।
এটা আপনার মত, আপনার আগে নেহেরুরও এই মত ছিল। কিন্তু সে পারেনি শুধু হিন্দীকে সরকারী ভাষা করতে, সঙ্গে আরও ২২ টিকে নিয়ে পরে সরকারী ভাষার মর্যাদা দেওয়া হয় যার মধ্য সবচাইতে সংখ্যা লঘূটির ভাষা ভাষী ১৫ লক্ষরও কম। এর সাথে ৪ টি ঐতিহ্যগত মর্জাদা আছে।

আমেরিকান ইংরেজী সার্বজনিন ভাষা হলেও খোদ আমেরিকাতেই ইংরেজীকে রাষ্ট্র ভাষা ঘোষণা দেওয়া হয়নি।

সরকারি ভাবে লিঙ্গুয়া ফ্রাঙ্কা ব্যবহার করা এক কথা আর “রাষ্ট্রীয়” স্বীকৃতি দেওয়া আরেক কথা। এখানে লক্ষনীয় “সরকারী ভাষা” এবং “রাষ্ট্র ভাষা” দুটির অফিসিয়াল ডেজিগনেশন ভিন্ন।

মানতে পারছি না। ইসলাম-সহ আরো অনেক ধর্মেই মানবতা বিরোধী কথাবার্তা আছে। মুক্তমনার বিভিন্ন পোষ্টেই এর প্রমান পাবেন।
ধর্মপালন আর মুক্তবুদ্ধির চিন্তা পাশাপাশি যায় না। ধর্ম একটি ডগমাকে ধারন করে; ধর্ম পালন মানে একটি ডগমার কাছে আত্নসমর্পন আর তখনি মুক্তচিন্তার সমাপ্তি ঘটে। একজন মুক্তবুদ্ধির মানুষ ধর্মের সমালোচনা করলে যদি কোন আপাত নিরীহ ধর্মপালনকারী অফেন্ডেড হন তাতে কিছু করার নেই।
এটাও আপনার জন্য যা সুবিধা সেই অনুযায়ী মত। আপনি পারেননা কিন্তু অনেকেই পারে। আবার চীনে মাওয়ের যুগে কিংবা সাবেক সোভিয়েত রাশিয়ায় স্টালিন এর যুগে নাস্তিকরাও মুক্ত চিন্তা সহ্য করতে পারতোনা। এসব যার যার নিজেস্ব ব্যাপার। যে পারে ধ র্ম পালন করেই পারে কিংবা না বিশ্বাস করেই পারে; যে পারেনা সে যেভাবে থাক পারেনা কিংবা পারতে চায়না।



মনজুর মুরশেদ এর জবাব:
নভেম্বর ২৭, ২০১২ at ১:৩৭ পূর্বাহ্ণ
@সংবাদিকা,

রাস্ট্রভাষার মন্তব্যটি বাংলাদেশের প্রেক্ষিতে করেছি, ভারতের উদাহরন টানার দরকার নেই। বাংলা যেহেতু আমাদের সরকারী ভাষাও এবং তাতে আপনার আপত্তি নেই, তাহলে বাংলা রাস্ট্রভাষা হলে আপত্তি কোথায়? যে দেশের নাম বাংলাদেশ, যেদেশে >৯৮% বাংলায় কথা বলেন, যেখানে ভাষা আন্দোলনের মত বিরল ঘটনা ঘটেছে সেখানকার অধিবাসীরা বাংলা রাস্ট্রভাষা হলে আপত্তি করবেন না, সেটাই যৌক্তিক। তবুও আমাদের দেশে যারা বাংলাভাষী নন তাদের সে ন্টিমেন্টের কথা ভেবে বলছি, বিষয়টি নিয়ে বিতর্ক হতে পারে যদিও আমার ধারনা রাস্ট্রভাষা বাংলায় তাদের আপত্তি নেই। রাস্ট্রভাষা বাংলা নিয়ে তেমন কোন আপত্তি না শুনলেও, রাস্ট্রধর্ম ইসলাম নিয়ে ধর্মীয় সংখালঘুতো বটেই সংখাগরিষ্ঠ অনেকেরই যুক্তিসঙ্গত আপত্তি রয়েছে। ধর্মের ব্যা পারটি ভিন্ন; আধুনিক রাস্ট্র পরিচালনায় কোন বিশেষ ধর্মের ভূমিকা থাকলে তা ধর্মীয় সংখালঘুদের অধিকার হরনসহ বিভিন্ন ধরনের সমস্যা তৈরী করতে পারে। আর তাছাড়া একজন দূর্নীতিবাজ মিলিটারী ডিক্টেটর দেশগঠনের মূল সুরের তোয়াক্কা না করে হটাত করে আমার উপর রাষ্ট্রধর্মের বো ঝা চাপিয়ে দিলেই আমি তা মানতে যাব কেন? আমার ধারনা আমি পরিস্কার করতে পেরেছি কেন আমি রাষ্ট্রভাষা বাংলা সমর্থন করলেও রাষ্ট্রধর্ম ইসলাম সমর্থন করি না।

আমি বলেছি ‘ইসলাম-সহ আরো অনেক ধর্মেই মানবতা বিরোধী কথাবার্তা আছে। মুক্তমনার বিভিন্ন পোষ্টেই এর প্রমান পাবেন।’ এর জবাবে আপনি বলছেন ‘এটাও আপনার জন্য যা সুবিধা সেই অনুযায়ী মত’। কি বলতে চাইছেন ঠিক বুঝতে পারছি না। আমি এখনও আমার মন্তব্যের বিপরীতে কোন প্রমান পাই নি।

আপনি পারেননা কিন্তু অনেকেই পারে।

না আমি পারিনা, পারতে চাইও না। অঙ্গুলী হেলনে চন্দ্র বিভাজন, যষ্টির সর্পে রুপান্তর, শুক্রানু বিনা ডিম্ব নিষিক্তকরনের মত আজগুবি কাহিনী মনেপ্রানে বিশ্বাস করে একইসাথে কিভাবে যুক্তিনির্ভর মুক্তবুদ্ধির চর্চা করা যায় তা আমার জানা নেই। আপনার জানা থাকলে বলুন শুধু আমি না অনেকেই উপকৃত হবেন।

চীনে মাওয়ের যুগে কিংবা সাবেক সোভিয়েত রাশিয়ায় স্টা লিন এর যুগে নাস্তিকরাও মুক্ত চিন্তা সহ্য করতে পারতোনা।

নাস্তিকরা সবাই মুক্তচিন্তার ধারক ও বাহক এ আমি কখন বললাম ?

অর্ফিউস এর জবাব:
নভেম্বর ২৭, ২০১২ at ১০:৪৭ পূর্বাহ্ণ
@মনজুর মুরশেদ,

না আমি পারিনা, পারতে চাইও না। **অঙ্গুলী হেলনে চন্দ্র বিভাজন, যষ্টির সর্পে রুপান্তর, শুক্রানু বিনা ডিম্ব নিষিক্তকরনের মত আজগুবি কাহিনী মনেপ্রানে বিশ্বাস করে একইসাথে কিভাবে যুক্তিনির্ভর মুক্তবুদ্ধির চর্চা করা যায় তা আমার জানা নেই।** আপনার জানা থাকলে বলুন শুধু আমি না অনেকেই উপকৃত হবেন।

অসাধারণ।

সংবাদিকা এর জবাব:
নভেম্বর ২৭, ২০১২ at ৩:০৫ অপরাহ্ণ
@অর্ফিউস, হলিউড দিয়ে যেমন আমেরিকার সমাজ ব্যবস্থা সম্পর্কে ধারণা পাওয়া যায়না তেমনি কয়েকজনের ব্যাখ্যাকে পাইকারি গ্রহনযোগ্যতা দেওয়াও ঠিক না।

আর এটাও আমি খুব ভালো করেই জানি ২০০ বছর আগের সমসাময়িক বিজ্ঞানের অনেক গ্রহণযোগ্য তথ্য পরে বাতিল হয় কিংবা নতুন সংযোজন হয় , ১০০০ বছর অনেক দূরে। তেমনি আগামী ৫০০ বছর পর নতুন কি বাতিল , সংযোজন কিংবা পরিবর্ধন হবে আমরা কেউ জানিনা।

সংবাদিকা এর জবাব:
নভেম্বর ২৭, ২০১২ at ২:৫৬ অপরাহ্ণ
@মনজুর মুরশেদ, ধর্মের ব্যাপারে আপনার সমস্যা এটা আপনার নিজেস্ব ব্যাপার এবং আপনার চিন্তাকে আমি সম্মান করি।

নাস্তিকরা সবাই মুক্তচিন্তার ধারক ও বাহক এ আমি কখন বললাম ?
আমি বলিনি এটা আপনি বলেছেন। এটা আমি লিখেছি, কারণ, স্বাধীন চিন্তা করতে ধর্ম বিশ্বাস কিংবা

অবিশ্বাস বাধা নয়। এটা যার যার নিজেস্ব ব্যাপার। পৃথিবীতে ধর্ম নিয়ে যেমন রাজনৈতিক ডকট্রিনিজম আছে তেমন নাস্তিকতা নিয়েও আছে।
ধন্যবাদ

মনজুর মুরশেদ এর জবাব:
নভেম্বর ২৮, ২০১২ at ৪:২৫ পূর্বাহ্ণ
@সংবাদিকা,

দেখা যাচ্ছে এই আলোচনায় আমরা একমত পারলাম না। হয়তো ভবিষ্যতে অন্য কিছুতে আমরা একমত হব। ধন্যবাদ!

সংশপ্তক এর জবাব:
নভেম্বর ২৮, ২০১২ at ৫:৩৫ পূর্বাহ্ণ
@সংবাদিকা,

পৃথিবীতে ধর্ম নিয়ে যেমন রাজনৈতিক *ডকট্রিনিজম* আছে তেমন নাস্তিকতা নিয়েও আছে।

ডক্ট্রিন এবং **ডগমা** - এ দুটোর মধ্যে কি কোন পার্থক্য আছে ? যদি থাকে , কি সেটা ? এ বিষয়ে আপনার নিজস্ব মতামত জানতে চাইছি। কোনটা ডক্ট্রিন এবং কোনটা ডগমা - এটা বোঝার উপায় কি? একটা উদাহরণ দিলে ভাল হয়।

সংবাদিকা এর জবাব:
নভেম্বর ২৮, ২০১২ at ৯:২৩ পূর্বাহ্ণ
@সংশপ্তক,

ডক্ট্রিন এবং ডগমা - এ দুটোর মধ্যে কি কোন পার্থক্য আছে ? যদি থাকে , কি সেটা ? এ বিষয়ে আপনার নিজস্ব মতামত জানতে চাইছি। কোনটা ডক্ট্রিন এবং কোনটা ডগমা - এটা বোঝার উপায় কি? একটা উদাহরণ দিলে ভাল হয়।

যতটুকু জানি এসব শব্দ ক্যাথলিক থিওলজিতে মূলত বেশি ব্যবহৃত হত। এটার সাথে যদি এনালজি করি তাহলে-

->একটি রাষ্ট্রের ভৌগলিক অখন্ডতা এবং সার্বভৌমত্ব রক্ষা করার ব্যাপারটি তার জন্য **ডগমা।**
->ভৌগলিক অখন্ডতা এবং সার্বভৌমত্ব রক্ষা করে, নিজ নাগরিকের স্বার্থে এবং ইচ্ছায় অপর রাষ্ট্রের সাথে পারস্পরিক সমঝোতায় আন্তর্জাতিক কৌশলগত বন্ধুত্ব স্থাপন কিংবা পরিকল্পিত ভাবে কোন রকম রাজনৈতিক সম্পর্ক না রাখা হল সেই রাষ্ট্রের **ডকট্রিন।**
সমসাময়িককালে, **ডগমা** শব্দটি মনে হয় **প্রোপাগান্ডা** কিংবা **বুজোয়া** শব্দগুলোর মত নেগেটিভ কিংবা সিনিকাল অর্থে ব্যবহৃত হয় যেমন, এখন বাংলায় **মাস্তান** কিংবা **সুশীল** শব্দ এভাবে ব্যবহৃত হচ্ছে।

সংশপ্তক এর জবাব:
নভেম্বর ২৯, ২০১২ at ১২:৫৮ পূর্বাহ্ণ
@সংবাদিকা,

যতটুকু জানি এসব শব্দ ক্যাথলিক থিওলজিতে মূলত বেশি ব্যবহৃত হত।

সমসাময়িককালে, ডগমা শব্দটি মনে হয় প্রোপাগান্ডা কিংবা বুজোয়া শব্দগুলোর মত নেগেটিভ কিংবা সিনিকাল অর্থে ব্যবহৃত হয় যেমন, এখন বাংলায় মাস্তান কিংবা সুশীল শব্দ এভাবে ব্যবহৃত হচ্ছে।

হুম ! আর কোথাও ব্যবহৃত হয় না ? হয়তো ক্যাথলিকবাদ কিংবা যে কোন থিওলজীর চাইতেও বেশী ! দিন রাত , চব্বিশ ঘন্টা !

মনজুর মুরশেদ এর জবাব:
নভেম্বর ২৮, ২০১২ at ১০:০৪ পূর্বাহ্ণ
@সংশপ্তক,

প্রশ্নটা আমাকে করেন নি; তবুও এসম্পর্কে আমার ধারনা তুলে ধরতে চাই। ভুল হলে আপনাদের কাছ থেকে সঠিকটা জেনে নেব।

ডক্ট্রিন ও ডগমা ধর্মীয় আলোচনায় বহুল ব্যবহৃত দুটি শব্দ। একটি ধর্মের সার্বিক শিক্ষা কতগুলো ডক্ট্রিনের সমন্বয়ে গঠিত হয়। এই ডক্ট্রিনগুলোর মধ্যে কোনটি যখন কোন প্রমান ছাড়াই বিশ্বাস করা হয় তখন তাকে ডগমা বলে। ধর্মীয় দৃষ্টিতে ডগমা অপরিবর্তনীয় এবং এসম্পর্কে কোন সন্দেহ প্রকাশ করা যাবে না। নীচের আচরনগুলোর সবগুলিই ইসলামের ডক্ট্রিন হতে পারে, তবে ডগমা কেবল এক নম্বরটি (উদাহরনগুলো খুব যুতসই হল না , কিন্তু অন্য কিছু এখন মাথায় আসছে না)

১) আল্লাহ এক ও অদ্বিতীয় বিশ্বাস করা

২) গরীবকে ভালবাসা

৩) অনিষ্টকারীকে ক্ষমা করা

সুতরাং বলা যায়, সব ডগমাই ডক্ট্রিন বটে, সব ডক্ট্রিন ডগমা নহে। সংক্ষেপে এই হল আমার ডক্ট্রিন আর ডগমার ধারনা।

সংশপ্তক এর জবাব:
নভেম্বর ২৯, ২০১২ at ১:০৩ পূর্বাহ্ন
@মনজুর মুরশেদ,

মুগাম্বু খুশ হুয়া ! ‘আসল জায়গা’ ছেড়ে আপনি ভুল জায়গায় চাকুরী করছেন ! এটা আপনি জানেন ? নাকি এখনও সময় আছে বদলাবার ?

মনজুর মুরশেদ এর জবাব:
নভেম্বর ২৯, ২০১২ at ৪:৫৫ পূর্বাহ্ন
@সংশপ্তক,

হুমম! বাজারের যা অবস্থা, কিছুই বলা যায় না!!

মনজুর মুরশেদ এর জবাব:
নভেম্বর ২৯, ২০১২ at ৭:০২ পূর্বাহ্ণ
@সংশপ্তক,

রানা এজেন্সীতে পদ খালি থাকলে খবর দিয়েন

আকাশ মালিক এর জবাব:
নভেম্বর ২৭, ২০১২ at ৪:২৯ পূর্বাহ্ণ
@সংবাদিকা,

মানব সমাজ জন্ম থেকে কতগুলো সামাজিক বৈশিষ্ট্য নিয়ে জন্মায়:

১।নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য
২।ধর্ম
৩।ভাষা
৪।সামাজিক সংস্কৃতি
৫।রাজনৈতিক জাতীয়তা
মানুষ সামাজিক ভাবে বেঁচে থাকার জন্য আশ্রয় খোঁজে। মানুষের বেঁচে থাকা শুধু খাদ্য অন্বেষণে সীমাবদ্ধ নয়।

উপরোক্ত পাঁচটি বৈশিষ্ট্য ত্যাগ করা মানুষের জন্য খুব সহজ নয়। **কেননা এর প্রাপ্তি তার বুদ্ধি হবার আগ থেকেই হয়, তার মননে গেঁথে যায়।**

আল্লাহর দোহাই, আগা মাথা কিছুই বুঝি নাই। বুদ্ধি হবার আগ থেকে মানুষ ধর্ম নিয়া জন্ম নেয় কী ভাবে আমার মাথায় ধরেনা। আমি ভাবছিলাম মানুষ নাস্তিক হয়ে জন্মায়। যাক , নিচের বাক্যটার ব্যাখ্যার জোর দাবী জানালাম-

বেশিরভাগের রাষ্ট্র ধর্মে চুলকানি থাকলেও রাষ্ট্র ভাষা তে নেই।

*সংবাদিকা*এর জবাব:
নভেম্বর ২৭, ২০১২ at ৩:১২ অপরাহ্ণ
@আকাশ মালিক, **আল্লাহর দোহাই, আগা মাথা কিছুই বুঝি নাই। বুদ্ধি হবার আগ থেকে মানুষ ধর্ম নিয়া জন্ম নেয় কী ভাবে আমার মাথায় ধরেনা। আমি ভাবছিলাম মানুষ নাস্তিক হয়ে জন্মায়। যাক, নিচের বাক্যটার ব্যাখ্যার জোর দাবী জানালাম-**
কেউ জন্মগ্রহণ করার পর তাকে তার বাবা-মা - আত্মীসজন এসব বিষয়েই শিক্ষা দেন। তার বেড়ে উঠাই হয় এই পাঁচটি বিষয় সঙ্গে নিয়ে। এখানে আর বিস্তারিত ব্যখা করছিনা, আশা করি আপনি বুঝেছেন।

বেশিরভাগের রাষ্ট্র ধর্মে চুলকানি থাকলেও রাষ্ট্র ভাষা তে নেই।
মনজুর মুরশেদ এর সাথে কথোপকথনে (শব্দচয়ন করলাম) এ এর বিস্তারিত ব্যাখ্যা পাবেন।



*অর্ফিউস*এর জবাব:
নভেম্বর ২৭, ২০১২ at ১০:৪০ পূর্বাহ্ণ
@সংবাদিকা,

১।নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য
২।ধর্ম
৩।ভাষা
৪।সামাজিক সংস্কৃতি
৫।রাজনৈতিক জাতীয়তা
মানুষ সামাজিক ভাবে বেঁচে থাকার জন্য আশ্রয় খোঁজে। মানুষের বেঁচে থাকা শুধু খাদ্য অন্বেষণে সীমাবদ্ধ নয়।

উপরোক্ত পাঁচটি বৈশিষ্ট্য ত্যাগ করা মানুষের জন্য খুব সহজ নয়। কেননা এর প্রাপ্তি তার বুদ্ধি হবার আগ থেকেই হয়, তার মননে গেঁথে যায়।

বেশিরভাগের রাষ্ট্র ধর্মে চুলকানি থাকলেও রাষ্ট্র ভাষা তে নেই।

রাষ্ট্র ধর্মে চুলকানি থাকবে না কেন বলে দেখি?

ধর্মও একটা ফ্যাক্টর। **পৃথিবীর কোন ধর্মই মানবতা বিরোধী কথা বলেনা।** কিন্তু যুগে যুগে মানুষ ধর্মকে ব্যবহার করেছে, নিজের ইচ্ছে মত সুবিধাকে প্রাধান্য দিয়ে স্বার্থ আদায় করার জন্য। **সব ধর্মেই চরমপন্থা আছে, খৃস্টান, ইসলাম, হিন্দু, বৌদ্ধ, জুডাইজম সহ সব ধর্মেই।**

পৃথিবীর কোন ধর্মই মানবতা বিরোধী কথা বলেনা + সব ধর্মেই চরমপন্থা আছে।
তারমানে দাঁড়াল

যেহেতু কোন ধর্মই মানবতা বিরোধী কথা বলেনা , মানে সব ধর্মই মানবতার পক্ষে,তাই

চরমপন্থা(সব ধর্মেই আছে) =মানবতা বিরোধী না =মানবতা প্রতীক
কি সাজ্ঘাতিক তাই না??

আলহামদুলিল্লাহ্।এই নাহলে যুক্তি।

*সংবাদিকা*এর জবাব:
নভেম্বর ২৭, ২০১২ at ২:৫০ অপরাহ্ণ
@অর্ফিউস, আপনার সদয় আবগতির জন্য জানাচ্ছি যে, এটা লেখার ভুল। আমি একেবারে লেখে পাবলিশ করে দিয়েছি। লেখাটি অনেক বড়। আর আমি আপনাদের মত নিয়মিত সদস্য নই, লেখা আবার ঠিক করতে পারব। কেননা পাবলিশ করার পর এটা আমি দেখতেই পারিনা… যাই হোক…

এখানে কতগুলো ভুল হয়েছে… আপনি কতগুলো ধরেছেন কতগুলো এড়িয়ে গেছেন -

সব ধর্মেই চরমপন্থা আছে, খৃস্টান, ইসলাম, হিন্দু, বৌদ্ধ, জুডাইজম সহ সব ধর্মেই। আবার এসব ধর্মের ভেতরেও অনেক ফ্যাকশন আছে, যারা একজন আরেকজনকে স্বীকৃত দিতে অনিচ্ছুক।

এখানে "সব ধর্মেই চরম পন্থা আছে" এর জায়গায় পরতে হবে "সব ধর্মেই চরমপন্থী আছে"। পরের বাক্যটি পড়লে অবশ্য বোঝার সমস্যা নয় এটা লেখার ভুল। যাই হোক।

এমন আরও অনেক জায়গায় হয়েছে - যাদের বোঝার সমস্যা দয়া করে ঠিক করে নিবেন
কিন্তু ঐ সময়ে এবং যুদ্ধের ঠিক পরে , অনেক জায়গায় বাঙালীদেরও পাল্টা অত্যাচার হয়েছিল এবং

এখানে "বাঙালীদেরও পাল্টা" এর জায়গায় হবে "বাঙালীদের দ্বারা পাল্টা"।

আবার অনেক চাকমাদের কাছেই মারমারা জাতিগত বিভিন্নভাবে নিগৃহীত।

এখানে হবে অনেক চাকমাদের দ্বারা মারমারা বিভিন্নভাবে নিগৃহীত।

বাস্তব কথা হচ্ছে হাজার-দের হাজার বছর আগে বাংলা ভাষার লয়াঙ্গুয়েজেনেসিসই হয়নি

এখানে "লয়াঙ্গুয়েজেনেসিসই " এর বদলে "ল্যাঙ্গুয়েজেনেসিস" হবে।

যুদ্ধের নেতা শেখ মুজিব ক্ষুদ্র জাতিসত্তাকে বাঙ্গালী হয়ে যেতে বলেছিলেন।

এখানে যোগ হবে "পার্ব্যত্য চট্টগ্রামের"। কেননা দেশের অন্যান্য এলাকাতেও বিভিন্ন নৃ -গোষ্ঠী আছে যাদের সংখ্যা বাঙালীদের থেকে কম।

এজন্য বোধয় এক ক্রিমিনাল কিন্তু শিল্পিকে বাঁচানোর এই প্রয়াস!!

এটাও সহজবোধ্য নয়। বাক্য গঠনে সামান্য সমস্যা। এখানে হওয়া উচিৎ "পেডফিলিক কর্মকান্ডে ফৌজদারি অপরাধে অভিযুক্ত শিল্পী"

নিজের ইচ্ছে মত সুবিধাকে প্রাধান্য দিয়ে স্বার্থ আদায় করার জন্য

এই বাক্যটিও সহজবোধ্য নয়। এখানে "ইচ্ছে মত" না পড়াই ভালো।

এই মন্তব্যটি কথ্য ভাষায় করা অনেক বড়, তাৎক্ষনিক আমার মনে যা এসেছে তাই দিয়েই প্রশ্ন করা। একেবারে লেখা এবং এডিটিংও করা হয়নি। এখানে আমার মন্তব্য অনেক বাক্য ভেঙ্গে এসেছে যেমন "নিগৃ হীত"। আশা করি সবাই এটা ক্ষমা সুন্দর দৃস্টিতেই দেখবেন। শত হোক ইউনিকোডে লে খা একটু হলেও ঝামেলার। আশাকরি দাড়ি-কমা নিয়ে কেউ কোন প্রশ্ন করবেননা:)
আর্ফিউস কে ধন্যবাদ আমার মন্তব্য মনোযোগ দিয়ে পড়ার জন্য

*সংবাদিকা*এর জবাব:

নভেম্বর ২৭, ২০১২ at ৩:৩২ অপরাহ্ণ

@সংবাদিকা,
পুনশ্চ, আমার মন্তব্য আমি কোন কিছুর সমর্থন করিনি কিংবা অসমর্থন করিনি।
আমার মনের কতগুলো প্রশ্ন করেছি মাত্র।

আমি নিশ্চিত সমাজ স্বীকৃত সবকিছু ত্যাগ করে এবং সমাজ অস্বীকৃত সব কিছু গ্রহণ করে আসলে কেউই "শতভাগ" মুক্ত হতে পারবেনা, কিছু নিয়মতান্ত্রিকতা অবশ্যই থাকতে হয়। আবার এই নিয়মতান্ত্রিকতাও যদি অতি কঠোর হয় তাহলেও খারাপ। মোট কথা রেডিকেলিজম হতে শ্রুড ব্যালান্সই শ্রেয় এবং সুদূরপ্রসারী স্থায়ীও বটে।

সংবাদিকা এর জবাব:
নভেম্বর ২৭, ২০১২ at ৩:৩৪ অপরাহ্ন
@সংবাদিকা,
সবাইকে ধন্যবাদ



আকাশ চৌধুরী এর জবাব:
নভেম্বর ২৮, ২০১২ at ৯:৪৪ পূর্বাহ্ন
@সংবাদিকা, আপনাকেও ধন্যবাদ। এই নিন:

অর্ফিউস এর জবাব:
নভেম্বর ২৮, ২০১২ at ৯:০৫ পূর্বাহ্ন
@সংবাদিকা,

আর আমি আপনাদের মত নিয়মিত সদস্য নই

আমিও নিয়মিত সদস্য না। নতুন মন্তব্য করা শুরু করেছি।

"সব ধর্মেই চরমপন্থী আছে"।

এইবার ঠিক আছে।বুঝিয়ে না বললে বোঝা একটু মুশকিল বৈকি , কি বলেন আপনি? ব্যাপারটা যেহেতু পুরা অর্থকেই বদলে দিচ্ছে । যাক এখন পরিষ্কার হল।
যদিও ধর্মে মানবতা বিরোধী কথা আছে অনেক ।কিন্তু এটা না হয় পরে আলোচনা করব
আপনাকেও ধন্যবাদ।

13. 13

গFত্যফফফ

ডিসেম্বর ২, ২০১২ সময়: ১:১৩ পূর্বাহ্ণ লিঙ্ক

Muto mon … Kechu manus bady apnara kau mukto moner non, sabai aky aporer dhormo beddyse. Sabai nejer bebak r kachy nejyky dakhun apnara ke mukto mon nake dhormo beddyse.

পরবর্তীতে বাঙরেজিতে করা মন্তব্য গ্রহন করা হবে না।
-মুক্তমনা মডারেটর

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=7330

কেনো ইসলামকে না বলবো

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪১৭ (মে ২৫, ২০১০

লিখেছেন: আল্লাচালাইনা

মনে করুন একাকিত্ববোধ ও মনে জমা হওয়া অনেক না বলা কথার ভার আপনার মনে পুঞ্জীভুত হতে হতে ক্রমেই সহনীয়তার মাত্রা ছাড়িয়ে যাচ্ছে। আপনার একাকিত্ববোধ শ্রীঘ্রই ডেসপারেশনে রূপ নিলে পরে আপনি পথে নামলেন সমমনা কিছু মানুষের খোঁজে যাদের সাথে আপনি ভাগাভাগি করতে পারেন আপনার মনের অনুভুতি এবং লাভ করতে পারেন সহমর্মীতা ও সহানুভুতি। এবং পেয়েও গেলেন একটি এরকম সমমনা মানুষের দল যাদের কাজ দিনের তিনবেলা সংলগ্ন চায়ের দোকানে আড্ডা মেরে নিজেদের সুখ-দুঃখ ভাগাভাগি করা, অর্থনৈতিক বা যেকোন সমস্যায় নিজেদের সম্মিলিত শক্তিতে একে-অপরের পাশে দাড়ানো এবং তিনবেলার অন্তত দুবেলা শরীর ও মনের খোরাক হিসেবে কাচ্চি বিরাণী। এবং একটি পূর্বাভিপ্রেতো কাকতাল হিসেবে আমরা ধরেও নেই যে , কাচ্চি বিরাণী আপনি খুবই খুবই পছন্দ করেন। এতোকিছুর পরও আরও যতো -শত বৈষয়িক লাভ আপনি আপনার সেই নবআবিষ্কৃত সমাজটি থেকে পেতে যাচ্ছেন তার তুলনায় এই সঙ্গ , সহায়তা ও বিরাণী মহাসুমুদ্রে একফোঁটা জলের মতোই নগন্য। এছাড়া সেই সমাজও দু-তিন দিন আপনাকে তাদের আড্ডাস্থলের আশপাশে কৌতুহলী হয়ে ঘুরোঘুরি করতে দেখে আপনাকে তাদের সদস্য করে নিতে যারপরনাই উৎসাহ প্রদর্শন করতে থাকলো। সম্ভবত চোখ বন্ধ করেই আমরা ভবিষ্যদ্বাণী করতে পারি যে, আপনি ঐ সমাজের সদস্য হতে যাচ্ছেন এবং আপনি করলেনও তাই। তিনবেলা আড্ডা, বিরাণী এবং এরকম আরও শত সুবিধায় নিমজ্জতি হয়ে সুখেই পার করে দিলেন কয়েকটি দিন। তারপর হঠাৎ একদিন লোমহর্ষকভাবে আপনি আবিষ্কার করলেন যে সমিতিটির নাম "গাওদিয়া নারী ও শিশু হত্যা-ধর্ষণ-অগ্নিসংযোগ সমিতি"। মনের স্তম্ভিত আতঙ্ক কিছুটা কেটে গেলে পরে আপনি খানিকটা স্বস্তিবোধই করলেন যে- অন্তত আমিতো কোন হত্যা, ধর্ষণ বা অগ্নিসংযোগের সঙ্গে জড়িত নই- এটা ভেবে। তথাপিও, আপনার পরবর্তী পদক্ষেপ কি হতে যাচ্ছে?

এখানে দেখুন, আপনার পরবর্তী পদক্ষেপও কিন্তু আমরা ভবিষ্যদ্বানী করতে পারি। হয় একজন সুস্থ মস্তিষ্কের স্বাভাবিক মানুষ হিসেবে আপনি সেই সমাজ থেকে ইন্সট্যান্টলি , নিঃশর্তভাবে, কোন প্রকার যুক্তি ও আলোচনা ছাড়াই অব্যহতি নিবেন , যেটার সম্ভাবনা ৯৯%। অথবা কাপুরুষতা, মেরুদন্ডহীনতা ও পর্যাপ্ত পৌরষের অভাবের মতো ইত্যাদি কিছু ব্যক্তিগত সমস্যার কারণে আপনার নিতীবোধ আপনার বিরাণীর লোভের কাছে হার মানবে, অন্ততঃ ১% ক্ষেত্রে এটা ঘটতে পারে। যদি তাই ঘটে তবে আপনি যুক্তি ফেঁদে বসবেন বিরাণীর স্যাস্থ্গত উপকারীতা সম্পর্কে , বিরাণীর মত মহৌষধের গুনে কেনো কিছু হত্যা-ধর্ষণ ও অগ্নিসংযোগের মতো মামুলী অপরাধ জায়েজ হয়ে যায় এ সম্পর্কে আপনার মুখ থেকে যুক্তির তুবড়ী ছুটবে, হয়তোবা আপনি ঘোষনা দিয়ে বসবেন অল্প কিছু সদস্য যারা কিনা হত্যা-ধর্ষণের মতো খারাপ কাজের সাথে জড়িত তারা "গাওদিয়া নারী ও শিশু হত্যা-ধর্ষণ-

অগ্নিসংযোগ সমিতি"র সদস্য হবার যোগ্য নয়, আপনি তাদের সদস্যপদ বাতিল ঘোষনা করবেন, এছাড়াও আপনি যুক্তি নিয়ে হাজির হতে পারেন কেনো হত্যা ও ধর্ষণ নারী ও শিশুদের জন্য খুবই উপকারী একটি ট্রিটমেন্ট ইত্যাদি ইত্যাদি। তাই যদি করে থাকেন তবে অভিনন্দন জানুন , কেননা এইমাত্র আপনি নিজেকে প্রমান করলেন বিরাণী সমাজের একজন মডারেট সদস্য হিসেবে। মডারেট যে কিনা কোন অপরাধের সাথে জড়িত নয়, যে কিনা নিছকই একটু বিরাণী খেতে পছন্দ করে , বিরাণী খেতে না পেলে মডারেটটি হয়তো দম বন্ধ হয়ে মরে যাবে, তার হৃদস্পন্দন বন্ধ হয়ে যেতে পারে, তার পাকস্থলী নিজেকেই নিজে হজম করে ফেলবে হয়তো; পৃথিবীর আর সব মানুষ মরে গেলে যাকঃ বিরাণী মডারেটটির চাই-ই চাই। সর্বোপরি, এক ফোঁটা পানিও না ছুঁয়ে মহাসাগরের সকল নীলতিমি ধরে ফেলাটা নির্বাচনী ফিটনেসই বৈকি!

কিন্তু না নির্বাচন নয়। আমি কথা বলতে চাইছি এমন একটা বিষয় নিয়ে যার সাথে মিউটেশন, নির্বাচন, বিবর্তন, বিজ্ঞান ইত্যাদির কোনই সম্পর্ক নেই, সম্পর্ক ছিলোনা কোনকালে, সম্পর্ক থাকতে পারে না। আমি কথা বলবো ইসলাম নিয়ে এবং মডারেট ইসলাম নামক এক জারজ সন্তান নিয়ে যা কিনা সাম্প্রতিক সময়ে ইসলাম জন্ম দিয়েছে। কিন্তু, তার আগে একটা ব্যাপার পরিষ্কার করার প্রয়োজনীয়তা বোধ করছি। এমনকি আমার কিছু নাস্তিক বন্ধুদের কাছ থেকেও আমি এই অভিযোগ শুনেছি যে, আমি নাকি কিছুটা অ্যারোগেন্ট ইত্যাদি ইত্যাদি। কিন্তু মজার ব্যাপার হচ্ছে - আমি কিন্তু মোটেও অ্যারোগেন্ট নই মোটরবাইক চালানোর ব্যাপারে, কিংবা গ্র্যাম্পিয়ানে বেড়াতে যাবার ব্যাপারে, একফোঁটা অ্যারোগেন্টও আমি নই কোন নারীর হাত চেপে ধরার বেলায় কিংবা পিয়ানো বাজানোর সময়, অ্যারোগেন্ট নই আমি ক্যাঙ্গার সম্পর্কে কিংবা মারামারি, ঝগড়া-ঝাটি করার বেলায়, এমনকি ধর্ম কিংবা ধর্মহীনতার ব্যাপারেও আমি ততোটা অ্যারোগেন্ট নই- শুধুমাত্র একটা ব্যাপারেই আমি মাত্রাছাড়াভাবে অ্যারোগেন্ট- সেটি হচ্ছে ইসলাম। কিন্তু কেন? কারণ, আমি ইসলাম সাফার করেছি এবং প্রতিনিয়ত করছি। শুধু আমি একা নই- যদি কিনা সুমেরু বা কুমেরু ছাড়া পৃথিবী র অন্যকোন মহাদেশে বসবাস করে থাকেন- তবে আপনিও ইসলাম সাফার করছেন এই মূহুর্তে। এই মূহুর্তে যদি বিকট একটি শব্দে আপনার কানের পর্দা ফেটে যাবার উপক্রম হয় তবে শব্দের উৎসটি সম্পর্কে আপনার প্রথম হাইপথেসিস কি হতে যাচ্ছে? ইসলাম। একটি জনসমাগমে ফিসফিস শব্দেও আপনি যদি শুনে থাকেন "বোমা, বোমা" আপনি পলায়নপর হতে যাচ্ছেন (এটাই বুদ্ধিমানের মতো সিদ্ধান্ত)। কার ভয়ে? ইসলামের ভয়ে। এবং এই একই ভয় হতে যাচ্ছে আপনার সাথী পথ চলতে, প্রতি মুহুর্তে। এমন কি করেছি আমি যে আমাকে ভয়ে গুটিয়ে থাকতে হবে? যার ভয়ে আমি গুটিয়ে আছি কি ক্ষতি আমি তার করেছি যে সে আমাকে নির্বিচারে হত্যা করতে চায়? যদি আপনার দাবী হয়ে থাকে ইসলাম ইস্যুতে আমাকে আরও নম্রভাবে কথা বলতে হবে , তবে এই প্রশ্নগুলোর উত্তর আমি প্রথমে চাই।

দেখুন, আমরা ব্রাইটরা কিন্তু সাধারণত ধর্মকে বেশ খানিকটা ছাড় দেই। অথচ, ধর্ম ছাড়া অন্যান্য আরও হোকাস-পোকাস বিষয় যেমন হোমিওপ্যাথি, আকুপাংচার, আয়ুর্ভেদা, কায়রোপ্র্যাকটিক, ভিগান-ডায়েট, যোগব্যায়াম ইত্যাদি বিষয়কে কিন্তু আমরা মোটেও ছাড় দেইনা। অথচ ধর্ম ছাড়া উপরোক্ত আর একটিরও জন্ম হয়নি নিছক জীবন থেকে সমস্ত সুখ -শান্তি কেড়ে নিয়ে জীবনকে চুষে ছোবড়া বানিয়ে দেওয়ার উদ্দেশ্যে; ধর্মের বডি-কাউন্ট সবচেয়ে বেশী, সবচেয়ে বেশী মানুষ ধর্ম মেরেছে; ধর্ম ছাড়া উপরোক্ত আর একটির বিরুদ্ধেও হানাহানির অভিযোগ নেই; ধর্ম ছাড়া আর

উপরোক্ত একটিও মানুষ মেরে রাষ্ট্র দখলে নামেনি। তাহলে আমাকে বলুন ধর্মকে কায়রোপ্রাকটিকের চেয়ে বেশী ছাড় কেনো আমি দিচ্ছি? আমার মনে হয় দিচ্ছি এ কারণে যে, ভাবতে পারার ক্ষমতা থেকে বঞ্চিত নয় এবং অদৃশ্য বিরাণীর প্রতি নির্মোহ একজন ধার্মিকের কাছে ধর্মের অবস্থান সর্বদাই ভঙ্গুর এটা আমি জানি। মোটামুটি একটু জ্ঞানের আলো পেলেই তারা ধর্মকে সোজাসাপ্টাভাবে না বলে দেয়। বস্তুত এই কারণেই নাস্তিকতা বর্তমানে পৃথিবীর সবচেয়ে দ্রুত বর্ধনশীল ধর্মীয় অবস্থান। বিনয় এসকল দেয়াল ধরা ধার্মিকদের নিয়ে আসে সেইদিকেই- আমি দেয়ালের যেই দিকে আছি, আমার দল ভারি হয় তাতে। আর অ্যাগ্রেশন যার বাংলা আমি করবো আগ্রাসন তাদের ঠেলে দেয় দেয়ালের অপর দিকের রসাতলে। যুক্তি দিয়ে নয় বিনয় দিয়ে বক্তব্যের পক্ষে সমর্থন আদায় করাটা অনেকের কাছে একপ্রকার হ্যাকিং মনে হতে পারে, তাই আমি এটা করবো না। আর খেয়াল করে থাকবেন হয়তো বর্তমান সময়ে ফান্ডিরা গ্রহন করেছে এই একই কৌশল, বিনয়। বিনয় দিয়ে তারা লোক দলে ভেড়ায়। আসলেই, বর্তমান সময়ে কি চোখে পড়ে এমন কোন ফান্ডি যে কিনা বিনয়ী নয়? না বোধহয় বরং দেশের সবচেয়ে কুখ্যাত ফান্ডিটিকে দেখলেও আপনার মনে হতে পারে - আরে! এই ছেলে বোমা কি ফুটাবে , জীবনে সে সালফার শুঁকেও দেখেনি! এটা কিন্তু গুরুতর- ফান্ডিদের কৌশল গ্রহন করে আসলেই কি আমরা ফান্ডিদের পর্যায়ে অধঃপতিত হতে চাই? আর হ্যা, নাস্তিকতাকে সবচেয়ে দ্রুত বর্ধনশীল ধর্মীয় অবস্থান দাবী করেছি বলেই ফান্ডিদের আরেকটি আমোদদায়ক মনোস্তত্ব মনে পড়ে গেলো। নাস্তিকতার বিরুদ্ধে তর্কে তারা সবসময়ই নাস্তিকতাকেও একটি ধর্ম হিসেবে গন্য করে। কিন্তু, কোন ধর্ম সবচেয়ে বেশী সংখ্যা বৃদ্ধি করছে এই তর্কে কিন্তু তা রা নাস্তিকতাকে ধর্ম হিসেবে গন্য করেনা বরং বলে যে- নাস্তিকতাতো কোন ধর্ম নয়, তাই ইসলামই হচ্ছে সবচেয়ে দ্রুত বর্ধনশীল ধর্ম। মজার না?

ইসলাম ভয় পায় দুটো জিনিষ, অট্টহাস্য আর আত্নবিশ্বাস। অট্টহাস্যের জন্যেই হযরতের কার্টুন আঁকা হলে তারা জালাও-পোড়াও করে, সাউথ পার্ক নির্মাতাদের মৃত্যু-হুমকী দেয়। আর আত্নবিশ্বাসের জন্য প্রাণঘাতী আক্রমনের শিকার হয় ডঃ আজাদ (হায়! কতোটা যে ঋণী এই একটি বাঙ্গালীর কাছে আমি) আর ডঃ ডকিন্স ইমেইলে পেতে থাকে মৃত্যু -হুমকী ঘন্টায়-ঘন্টায়। তাই ইসলামের দৃষ্টিতে যখন কিনা কোন বক্তব্য আগ্রাসী কিংবা অ্যারোগেন্ট প্রতীয়মান হয়- ব্রাইট হিসেবে আমাদের দায়িত্ব দুটো চেক সম্পন্ন করা, প্রথমত অট্টহাস্য এবং আত্নবিশ্বাস এই দুটি জিনিষকে কি ইসলাম আগ্রাসন ও অ্যারোগেন্স বলে চালিয়ে দিতে চাচ্ছে কিনা। আত্নবিশ্বাস কোন নাবোধক জিনিষ নয় তাই এটাকে এক কথায়ই বাতিল করা চলে। আর অট্টহাস্যকে বাতিল করা চলে কেনো বুঝতে হলে আরেকটু গভীরে যেতে হবে। কল্পনা করুন নাস্তিক পরিবারে বেড়ে ওঠা ষোল বছর বয়সী একটি শিশু, যে জীবনে ইসলাম সম্পর্কে গুনগান বা নিন্দা কিছুই শুনেনি। ইসলাম কেনো শ্রেষ্ঠ ধর্ম এবং আল্লা কেনো আসল ঈশ্বর এই বিষয়ে আপনি যদি দশ মিনিটের একটি সারাংশ প্রস্তুত করে নিয়ে তাকে শোনাতে যান- দুই মিনিট শুনেই অম্লান বদনে শিশু আপনার মুখের উপর বলে দিবে আপনার আল্লা সম্পর্কে তার কি মতামত এবং আল্লাটি নিয়ে আপনি কোথা দিয়ে সঞ্চালন করে দিতে পারেন এ বিষয়ে তার প্রস্তাব। সে এটা করবে কেননা এটাই স্বাভাবিক। আজ যদি আমাকে এসে কেউ বলে যে- মিল্কিওয়ের চারপাশে প্রদক্ষীণরত আছে একটি হোতকা-লোমশ পান্ডা যে কিনা প্রতিবার একটি অর্ধঘুর্ণন সম্পন্ন করে ত্বারস্বরে চিৎকার করছে “পা-ই” বলে আর বায়ুহীন মহাশূণ্য ভেদ করে সেই চিৎকার একশো হাজার আলোকবর্ষ দুরের পৃথিবীতে এসে আঘাত করছে এক মিলিসেকেন্ডে রো কম সময়ে- তবে আমিও তাকে একইরকম নির্লিপ্তভাবে বলে দিবো সেই পান্ডাটি নিয়ে তার কি করা উচিত। আমি সম্ভবত

পূর্বোক্ত শিশুটির চেয়ে পান্ডাটির আরও একটু বেশী শৈল্পিক কোন ব্যাবহার প্রস্তাব করবো। পান্ডা সম্পর্কে আমার মনোভাব যদি এই হয়, তবে একই সমান গাঁজাখুরি গল্প ইসলামকে লক্ষ্য করে একটা অট্টহাসি অন্তত আমি দিতে পারবো না শুধুমাত্র এই কারণে যে , ছোটবেলা থেকেই আমি ইসলামের গুনগান শুনে আসছি? কতোটা মানবিক হয় এটা আপনিই নির্ধারণ করুন।

আসলে ইসলাম ঠিক কি চায়? ইসলামের দাবীটি কি? ইসলামের দাবী হচ্ছে "ইতিহাসের অন্যতম কুখ্যাত সেক্স অফেন্ডার হযরত আল্লার প্রেরীত পুরুষ এবং সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ। সে শিশুনির্যাতনের সাথে জড়িত ছিলো এবং সে এটা করে কোন অপরাধ করেনি।" অ-নে-ক অনেক বড় একগুচ্ছ দাবী, ঠিক? কিন্তু, এখানেই তাদের দাবী-দাওয়া শেষ নয়। তারা আরও বলছে "আমাদের পূর্বোক্ত দাবী মেনে নিতে যদি তোমার কোন সমস্যা থাকে, তবে তোমাকে নিজের মুখ বন্ধ করে রাখতে হবে। আমাদের দাবীর বিরুদ্ধে কোন কথা বলা যাবে না এবং আমাদের দাবী কেনো সঠিক এই বিষয়ে কোন প্রমান চাইতে আসলেও সেটা আমাদের দাবী অস্বীকার করার সামিল বলেই গন্য হবে যার জন্য তোমাকে আমরা হত্যা করতে পারি।" এবং কে বলে ইসলামদের কৌতুকবোধ নেই! এমতাবস্থায় হাতে হাত ধরে সকল ভেদাভেদ ভুলে আস্তিক-নাস্তিক সকলেই আমরা যদি এই করুণ ভাঁড়দলটিকে উদ্দেশ্য করে একচোট হেসে নিতে পারি তবে আমি নিশ্চিত ঐক্যের এক অমর নিদর্শন হিসেবে এটা পৃথিবীর ইতিহাসে স্থান করে নিতে যাচ্ছে। এবং তাদের পেয়ারের নবী হযরত হয়তো জান্নাতুল ফিরদাউসের ভূমধ্যসাগরের কোন এক পারে বসে হাতে একটি হাইবল গ্লাস ভর্তি তাজা গরম-গরম উটের মূত্র (যেটা কিনা তার নিজের ভাষ্যমতে বড়ই স্বাস্থকর পানীয়) নিয়ে পুরোই হলিডে মুডে আমাদের হাস্যের সঙ্গে যোগ দিবে। আর হ্যা গ্লাসের কোনায় থাকবে এক বা একাধিক ব্ল্যাকচেরীর গার্নিশ। সর্বোপরি, হযরত তো চেরী খুবই ভালোবাসে। He just loves popping them, তাই না?

একটি ধর্ম বললে ইসলামকে কম বলা হয়। ইসলাম একটি স্টেইট অফ মাইন্ড। এবং যেই স্টেইটটি বলাই বাহুল্য কিনা গ্রাউন্ড স্টেইট নয় বরং খুবই খুবই এক্সাইটেড একটি স্টেইট। তাই ইসলামের অধ্যয়ন হতে হবে থিওলজির আলোকে নয় বরং প্যাথলজির আলোকে। আগ্রাসন একটি প্রতিরক্ষা ব্যাবস্থা (defence mechanism)। প্রাণীর কিন্তু শিকার ধরার জন্য আগ্রাসী হবার প্রয়োজন হয়না, প্রাণীর আগ্রাসী হবার প্রয়োজন হয় নিজের টেরিটোরি রক্ষা করার লক্ষ্যে, প্রজননসঙ্গীকে (mate) রক্ষা করার লক্ষ্যে, মারামারি (fight) তে আঘাত (injury) সর্বনিম্ন রাখার লক্ষ্যে। এবং হ্যা, আপনি যদি দাবী করে থাকেন যে, পৃথিবীর অন্যতম কুখ্যাত একটি সেক্স অফেন্ডারকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ হিসেবে, তবে এটা আমার দূর্ভাগ্য যে আমার আগ্রাসী রূপই আপনি দেখতে যাচ্ছেন, যতোটুকু আগ্রাসী আমার পক্ষে হওয়া সম্ভব। কখোনই আমার নারী-সন্তান বা বন্ধু কিংবা বোনকে আমি আপনার কাছে ঘেঁষার উপদেশ দিবো না এবং কোন পুরুষ বা নারী শিশুর সাথে আপনি কেমন আচরণ করছেন খুবই মনোযোগের সাথে তা লক্ষ্য রাখবো। এটা আমি করবো এই কারণে যে, আপনি যেই মতাদর্শ সমুন্নত করেন- অবশ্যই যেই মতাদর্শ কোন সুসভ্য মতাদর্শ নয় - তা আপনাকে আমার ও আমার কাছের মানুষজনের উপর একটি শারীরিক হুমকী হিসেবেই প্রতিয়মান করে। একইভাবে আপনার যদি মনে হয় কারো হাত-পা কিংবা মাথা কেটে ফেলাটা সুবিচার কিংবা সকল ক্ষেত্রে একজন নারী একজন পুরুষের অর্ধেক, তবে হ্যা আপনাকে আমি গঞ্জনা করবো যতোটা কটু ভাষায় যতোটা আগ্রাসীভাবে সম্ভব। আর কোন ব্রাইটের এটা নিয়ে কোন সমস্যা থাকলে আপনাকে আমার উদাহারণ দেখাতে হবে-

প্রকৃতির ইতিহাসে উচ্চতর প্রাণী যেমন স্তন্যপায়ীতে আগ্রাসন কবে নাবোধক নির্বাচনের শিকার হয়েছো (এটা কৌতুক কিন্তু)।

আর ফান্ডি যারা কিনা ইসলাম করে, সহাস্যে তাদেরকেও আমি বলতে চাই যে- ইসলাম আপনার জন্যও একটি হুমকী। কেননা এই মুহূর্তে যদি আপনার আশপাশে জিহাদ হয় তবে যতই ইমানদার ব্যক্তি হননা কেনো আপনি কোন ছাড় পেতে যাচ্ছেন না। দুঃখজনক হলেও সত্যি বোমার স্প্লিন্টার মুমিন কাফেরে কোন পার্থক্য বুঝে না। বাংলাভাইদের জিহাদের সময় দেশের গল্প শুনেছি , একটা টুপিদাড়ি বাস কিংবা ট্রেনে উঠলে নাকি অন্যান্য মানুষ সেই বাস কিংবা ট্রেন থেকে নেমে যেতো বোমার ভয়ে। তারা কি ইসলামকে না বলছিলো? নাহঃ অবশ্যই নয় তারা বেশীরভাগই বরং মডারেট মুসলিমই ছিলো যাদের প্রাণের ভয় বড্ড বেশী। মরে গেলে বিরাণী খাবে ক্যামনে , ঠিক? অথচ, একজন ব্রাইট কিন্তু আমি মনে করি অন্যদের মত পলায়নপর না হয়ে সেই বাস বা ট্রেনে থেকে যেতো। কেননা ব্রাইট কিছু গনিত জানে। সে এটা জানে যে , একটি নির্বিচার বোমারুর টুপি-দাড়ি হবার সম্ভাবনা শতভাগের কাছাকাছি হলেও একটি নির্বিচার টুপি-দাড়ির বোমারু হবার সম্ভাবনা শূণ্যের কাছাকাছি। ব্রাইট এটা করতো সেই লাঞ্চিত টুপি-দাড়িটিকে কম্ফোর্ট করার জন্য, অথবা বাস থেকে নেমে গিয়ে আরেকটি বাসের জন্য অপেক্ষা করে সে সময় নষ্ট করতে চায়না বলে।

কেনো ইসলামকে না বলবো? উত্থাপন করার মতো একটি সুযোগ্য প্রশ্নই এটা বটে। এবং যথেষ্টই আমোদদায়কভাবে এই প্রশ্নের সবচেয়ে যুক্তিযুক্ত উত্তরগুলিও আসে স্বয়ং ইসলাম থেকেই -

স্ত্রী তোমাদের শস্যক্ষেত্র স্বরূপ, তোমাদের শস্যক্ষেত্র তোমরা যেভাবে খুশী চাষ করো। (২:২৮২)

বিয়ে করো একটি, দুটি, তিনটি কিংবা চারটি। যদি নিরপেক্ষতা রক্ষা না করতে পারো তবে অনুগত থাকো একই স্ত্রী ও মালিকানাধীন দাসীদের প্রতি। (৪:৩)

পুরুষ স্ত্রীগনের উপর কর্তৃত্বশীল হবে ,......স্ত্রীগন অবাধ্য হলে উপদেশ দাও, সহবাস বন্ধ করো এবং সামান্য প্রহার করো। (৪:৩৪)

এবার আসুন নির্ধারণ করি বর্তমান সময়ে আমরা মূল্যবোধের যেই প্রমিত ব্যাবস্থা সমুন্নত করি তার থেকে ইসলামের এই মূল্যবোধের বিচ্যুতি কতোখানি। উপরোক্ত সবগুলো বাক্য কোরানের এবং সম্ভবত সঠিক যদি না ইতিমধ্যেই ইসলামিক স্কলারেরা এর কিছু শব্দের সহী আরবী টু বাংলা প্রতিশব্দ উৎপাদন করে ফেলে। যেখানে আরবী বিশেষত কোরানিক আরবী কিনা একটি খুবই ফ্লেক্সিবল ভাষাঃ ঠিক একটি ১৪ বছর বয়সী অ্যাক্রোব্যাটের মতো। সেটা হলেও আমার কোন মাথাব্যাথা নেই। কেননা কোরান আসলে কি মিন করতে চায়, কোনো ব্যাপারে আল্লার কি মতামত ইত্যাদি বিষয়ে কোন বিশ্লেষণ শুনতে ও করতে আমি একফোঁটাও আগ্রহী নই, আমি ব্যস্ত। প্রথমত, সম্মতিবিহীন যে কোন চাষবাসকে বলা হয় ধর্ষণ, চাষক্ষেত্রটি স্ত্রী কিংবা দাসী যেই হোক না কেনো। দ্বিতীয়ত, সমাজের একজন সহোদর সদস্যের উপর চাষবাসের ক্ষেত্রের মতো এমন একটা বিকৃতরুচির রূপক আরোপ করা মানসিক সুস্থতার লক্ষণ নয় , এটা ইসলামের লক্ষণ। আমাদের বিজ্ঞানী হবার প্রয়োজন নেই

শুধুমাত্র এই একটি বাক্যের উপর ভিত্তি করে এটা হাইপোথেসাইজ করার জন্য যে - ইসলামের রিংলিডার হযরত ছিলো একটি সেক্স অফেন্ডার। একটি সভ্য সমাজে শুধুমাত্র লিঙ্গের উপর ভিত্তি করে কাউকে চাষাবাসের ক্ষেত্র -যেখানে যেভাবে খুশী কৃষিকাজ করা যায়- নাম ধরে ডাকাটা হবে একটি হেইট ক্রাইম যার জন্য জরিমানা ও জেল পর্যন্ত হতে পারে। হ্যা, আমাদের কাছে যেটা ধর্ম সেটা সভ্যবিশ্বে একটি ফৌজদারী অপরাধ। এবং ফৌজদারী অপরাধ বিচ্ছেদ না ঘটিয়ে একাধিক বিবাহ করা ও বউ পেটানো। এজন্যই ইসলামকে না বলবো। কেননা ইসলাম এমন একটি মূ ল্যবোধ ব্যাবস্থা যা - সুসভ্যতার কাছে আমাদেরকে প্রতীয়মান করে বুদ্ধিবৃত্তিকভাবে নিম্নস্তরের জীব হিসেবে।

ইসলামকে না বলার আরও একটি বড়ো কারণ হচ্ছে- ইসলাম মানুষের মনে ভূয়া জ্ঞানের ভাব সৃষ্টি করে। অথচ জ্ঞানের সাথে ইসলাম কিংবা যে কোন ধর্মের অবস্থানই পরস্পরের বিপরীত মেরুতে। কোরান মুখস্থ করে তারা নিজেদের জ্ঞানী দাবী করে। অথচ একজন স্নাতক প্রথম বর্ষের ছাত্রের মস্তিষ্ককে যতোটুকু তথ্য ধারন করতে হয় তা দিয়ে কোরান ত্রিশবার লেখা যাবে। বস্তুতঃ কি আছে কোরানে একই কথার অপ্রয়োজনীয় বারংবার পুনরাবৃত্তি আর কয়েকটি শিশুতোষ রূপকথার গল্প ছাড়া? আকাশ মালিকের করা রেফারেলে দেখলাম একটা ফান্ডি ডঃ ক্রেইগ...নাহঃ, ডঃ গড......তাও না, মিঃ গড কর্তৃক কৃত্রিম জীবকোষের আবিষ্কারকে অস্বীকার করেছে। ফান্ডি বলছে যে তারা বিজ্ঞানের ভাষ্য যা কিনা পিয়ার-রিভিউকৃত গবেষণা-সংকলনে প্রকাশিত হয়- তা ব্রাইটদের মতো এককথায় গ্রহন করে ফেলে না। তারা বিজ্ঞান গ্রহন করে তখনই যখন কিনা তা কোরানের সাথে সংঘর্ষে লিপ্ত হচ্ছে না। চলুন ফান্ডিদের উদ্দেশ্যে একটা হাততালি দিয়ে ফেলি! এখানে মজার ব্যাপার হচ্ছে ফান্ডি কিন্তু মিঃ গডের গবেষণা-প্রবন্ধটি পড়ে দেখেনি কিংবা দেখলেও এর একটি বাক্যও বোঝেনি; তথাপিও তার দেড়হাজার বছর পুরোনো অ্যাব্রা-কা-ড্যাব্রা বইটি যার গ্রহনযোগ্যতার স্বপক্ষে গত পনেরো হাজার বছরেও একটা কোন মামুলী প্রমান সংগ্রহে করতে সে ব্যার্থ - সেই বইটির ভাষ্য সে গ্রহন করছে, কেনো? কারণ এটা তাকে দিচ্ছে জ্ঞানের একটি বোগাস অনুভুতি। কতোটুকু নির্দৃষ্ট করে বলতে পারব না, তবে এটা নিশ্চিত আমাদের অশিক্ষা ও পশ্চাদপদতার পেছনে ইসলামের ভালো ভূমিকা রয়েছে।

ঈশ্বর জানেন (no pun intended!) কতোটা ব্যগ্র আমি এই বিদ্যের জাহাজটিকে এটা ব্যাখ্যা করার জন্য যে কেনো মিঃ গডের আবিষ্কার কৃত্রিম জীবনের আবিষ্কারই। কিন্তু না সেটা আমি করতে যাচ্ছি না; কেননা বিজ্ঞান বিষয়ে ইসলামের সাথে আলোচনা হতে পারে তখনই যখন কিনা ইসলামটি জনসম্মুখে ঘোষণা দিয়ে বলবে যে- তার প্রস্তরযুগীয় অর্ধশিক্ষিত, অর্ধসভ্য ঐন্দ্রজালিক পূর্বপুরুষ যারা কিনা ছিলো শিক্ষা, সচেতনতা, সংবেদনশীলতা ও সহমর্মীতার পাল্লায় আমাদের বর্তমান সময়ের মানুষদের চেয়ে কয়েক অর্ডার অফ ম্যাগ্নিচিউড নীচুস্তরের- সেইসকল মানুষ কর্তৃক রচিত কোরান নামক রূপকথার যাদুর বইটির কোনই বৈজ্ঞানিক গ্রহনযোগ্যতা নেই। তবেই এবং কেবলমাত্র তবেই আমি ইসলামের মতো মশা মারতে বিজ্ঞানের মতো কামান দেগে অনুপাতজ্ঞানহীন অবিবেচক সেনাপতি র গঞ্জনা ঘাড়ে নিতে রাজি আছি। তবে এইটুকু বলতে পারি নিশ্চয়ই যে , ফান্ডি যেই কারণে মিঃ গডের আবিষ্কারকে অস্বীকার করছে এই একই কারণে সে অস্বীকার করতে পারে "উড়োজাহাজ মানুষের আবিষ্কার" এই দাবীটিও; কেননা অ্যালুমিনিয়ামতো আর মানুষের আবিষ্কার নয়। বিদ্যের জাহাজটি মাটিতে কেনো- উত্থাপন করার মতো সুযোগ্য একটি প্রশ্নই এটা বটে এবং করলেও আশা করি না যে মৃত গোপাল ভাঁড় এসে স্বত্বাধীকার-লঙ্ঘন দাবী করে বসবে। করুণার বশবর্তী হয়ে কিংবা দেশ ও দশের নিঃস্বার্থ

উপকার করার লক্ষ্যে- কেউ যদি দয়া করে এই বিদ্যের জাহাজটিকে জলে ভাসিয়ে দেয় (অবশ্যই লাইফ জ্যাকেট পড়িয়ে)- তবে হর্ষধ্বনি দিয়ে তাকে আমরা স্বাগত জানাতে পারি মুক্তমনার পক্ষ থেকে। এবং বলতে পারি- নাও, এবার ডলফিন মাছের মতো বিবর্তিত হও; মানে বিবর্তন যেভাবে কাজ করে বলে তুমি মনে করো; খুলীর পেছনে ফুটো করে একটা ব্লোহোল বানাও আর একই ফুটো দিয়ে জলে দ্রবীভুত করে দাও মাথার ঘিলু, যদি এখনও তার কিছু অবশিষ্ট থেকে থাকে।

কিন্তু এগুলোর একটাও ইসলামকে না বলার সবচেয়ে বড় কারণ নয়। ইসলামকে না বলার সবচেয়ে বড় কারণ হচ্ছে এটা যে, ইসলামের নিজের টিকে থাকার জন্য মডারেট মুসলিম নামক বিরাণীখোর বিক্রয় প্রতিনিধিদের দরকার পড়ে। মডারেট মুসলমানেরা জানে লাদেনের ইসলাম কেউ কিনবে না , বাংলা ভাইয়ের ইসলামও নয়। তাই ইসলামকে বিক্রয়যোগ্য করার এক মহৎ প্রকল্প তারা হাতে নিয়েছে। এই তথাকথিত মডারেট মুসলিমদের সাথে ফান্ডি মুসলিমদের পার্থক্য কি জিজ্ঞেস করলে বড়ই মজাদার একটি উত্তর পাওয়া যায়- "ওয়েল আমরাতো বোমা ফুটানো, মৃত্যু-হুমকী, মানুষকে হয়রাণী ইত্যাদি করি না, এইটাই পার্থক্য!" এবং এটাও তাদের বলতে শোনা যায় যে "বোমা ফুটানো ভালো না, সত্যিকারের মুসলমানরা এইসবের মধ্যে নেই। " কিন্তু, চুপিচুপি ঘোষণা দেওয়া ছাড়া সহোদর মুসলমানদের এহেন অপকর্মের কি প্রতিবাদ তারা করেছে এই প্রশ্ন করলে কোন উত্তর পাওয়া যায় না। মডারেট মুসলমানেরা কিন্তু প্রতিবাদী এটা আমাদের মনে রাখতে হবে। হযরতের কার্টুন আঁকা হলে তারা পথে নেমে আসে, সুইট্জারল্যান্ড মিনারেট বানানো নিষিদ্ধ ঘোষণা করলে তারা পথে নেমে আসে; ফ্রান্স বোরকা নিষিদ্ধ করার প্রস্তাব তুললে তা রা শুধু পথে নেমে এসেই সন্তুষ্ট থাকে না বরং ইসলাম বৈজ্ঞানিক ধর্ম বিধায় মহিলাদের শরীরে মাত্রাতিরিক্ত ভিটামিন ডি এর অপকারিতা, বোরকাই কেনো এই সমস্যার একমাত্র সমাধান এবং স্কার্ভি কেনো মহিলাদের জন্য বড়ই উপকারী একটি রোগ সে সম্পর্কে আমাদের দুই-এক ছত্র জ্ঞানদানও করে। কিন্তু, মুসলমান মুসলমান ভাই ভাই মানা সত্বেও বিপথগামী সহোদর মুসলমানেরা বাজী -পটকা ফুটিয়ে কয়েকটি বা কয়েকহাজার মানুষ মেরে ফেললে এর কোন প্রতিবাদ করার প্রয়োজনীয়তা তারা বোধ করে না। বরং স্বপ্ন দেখে চলে কেনো এক সময়ে এই সহোদর ভাইয়েরা বোমা ফুঁটিয়ে আফগানিস্তান বা ই রানের মতো রাষ্ট্রীয় ক্ষমতা দখল করতে পারলে তারা সব মতভেদ ভুলে একই পতাকার নীচে আবার চলে আসবে এবং ফাই ফাই করে দেশে দেশে ইসলামের ঝান্ডা উড়িয়ে চলবে একের পর এক, প্রতিদান স্বরূপ অপর পক্ষ থেকে কোনরকম ঝাঁটার বাড়ির ভয় ছাড়াই।

সহোদর মুসলমানদের অপকর্মের বিরুদ্ধে কোন প্র তিবাদ তো তারা করেই না, বরং উল্টো সম্পুর্ণ পশ্চিমের বিরুদ্ধে তারা সাংস্কৃতিক যুদ্ধ ঘোষণা করেছে। তাই , ইউরোপের রাস্তায় আপনি যতোগুলো বোরকা আর টুপি-দাড়ি দেখবেন তার শতাংশও দেখবেন না ঢাকার রাস্তায়। এবং তাদের এই টুপি - দাড়ি কিংবা বোরকার রহস্য যতোটা না ধর্মীয়, তার চেয়ে অনেক বেশী রাজনৈতিক। একটি নারীকে বোরকা পড়িয়ে দিয়ে তারা এটাই বলতে চায় যে- "আমি তোমার সুসভ্যতার মুখে মূত্রত্যাগ করি ; আমি স্ত্রী-কন্যাকে বোরকা পড়াবো এবং তাদেরকে অর্ধেক মানুষ হিসেবে গন্য করবো ; আমি দেখতে চাই এর বিরুদ্ধে তোমরা কাফিরের দল কি করতে পারো।" আমি জানি কি প্রশ্ন আপনার মনে এসেছে। টুপি-দাড়িটি তবে কাফিরের দেশে পড়ে আছে কেনো, তাই তো? উত্তর হচ্ছে, কাফিরের দেশে বিরাণী পাওয়া যায়। রাস্তায় একটি বোরকা কিংবা টুপি -দাড়ি দেখলে তাই আমার প্রত্যেকটি পথচারীকে

থামিয়ে চিতকার করে বলতে ইচ্ছে করে- আমি কিন্তু কোন ইসলাম নই। তু মি বুঝতে পারছো? আমি কোন ইসলাম নই, কখোনই ছিলাম না। আমি অস্থিমজ্জায় কাফের। জীবনে টানা সাতদিন আমি ইসলাম থাকতে পারিনি। এই সাতদিনে অন্তত একবার এরকম কিছু ঘটেছে যার প্রেক্ষীতে কিনা আমি পাকস্থলী কুঁকড়ে উঠে আসা বমি চেপে রেখে বলে উঠেছি - আমি ইসলামের কেউ নই। আমার শৈশব থেকেই এটা ঘটে চলছে। কেনো আমি ইসলাম হবো- নির্যাতন করে মারা বিধায় হালাল মাংস ভুলেও আমি মুখে তুলিনা, সুপারশপের চামড়াওয়ালা মুরগী কিনে চামড়া ছিলে রান্না করি ; শুধুমাত্র নিজের কাফিরত্ব অটুট রাখার জন্য সপ্তাহে অন্তত এক কি দুইবার শূকরের মাংস নিজেও খাই - বন্ধুদেরকেও খাওয়াই; আর মদ? সেটা পছন্দ করি হযরত উটের মূত্র এবং যৌনসঙ্গম যেমন পছন্দ করতো , ঠিক তেমনি; জেনা-হ্যা; ব্যভিচার- এখনও নয় তবে সুযোগ পাওয়ামাত্রই করবো ; জুয়া- নিয়মিত নয়, তবে খুব তাড়াতাড়ি নিয়মিত হয়ে যাবো; সমকামিতা- এখনও নয়, তবে সুযোগ পাওয়ামাত্রই করবো। এবং আপনারা কেউ যদি জেনে থাকেন এমন কোন কাজ যেটা কিনা কোন অপরাধ না হওয়া সত্বেও ইসলাম কর্তৃক নিষিদ্ধ হয়েছে দয়া করে আমাকে জানাবে ; টু ডু তালিকায় যোগ করে দিবো। জ্ঞান , বিজ্ঞান ও সমাজের সহোদর সদস্যদের প্রতি সহমর্মীতা ইত্যাদি দিয়ে আমি আমার হৃদয়কে সিলগালা করে দিয়েছি যাতে ইমানের আলো এক ফোঁটাও প্রবেশ না করতে পারে। ইহুদী-খ্রিষ্টান এবং পশ্চীমা বিদ্বেষ হচ্ছে ইসলামের একত্রীকরণকারি শক্তি। যদিও যেই কাফিরদের প্রতি তাদের এতো ঘৃণা সেই কাফিররা না থাকলে যেই কম্পিউটারে বসে ফান্ডিটি ঘৃণা ছড়াচ্ছে সেই কম্পিউটারের অস্তিত্ব থাকতো না; যেই কাপড় সে পড়ে রয়েছে সেই কাপড়ের বদলে থাকতো ছাল-বাকল; যেই শেষ খাবার সে খেয়েছে সেই খাবার যোগাড় করতে তাকে বল্লম হাতে জঙ্গলে ছুটতে হতো। ইসলামকে শান্তির ধর্ম বলা চলে তখনই যখন কিনা লজ্জাহীনতা এবং অকৃতজ্ঞতা শান্তির দুটি প্রতিশব্দ।

মডারেট ইসলামের সাংস্কৃতিক যুদ্ধ-ঘোষণা আমার মনে একটি অনুভুতিরই জন্ম দেয়, ক্রোধ। কিন্তু ফান্ডিদের মুখের দিকে তাকালে , তাদের চোখের দিকে তাকালে সেই ক্রোধটিই আবার করুণায় রূপান্তরিত হয়। আমার মায়া লাগে। কেননা তাদের চোখে আমি দেখি একাকীত্ব, হতাশা, সঙ্গী এবং সঙ্গহীনতা, আকুতি, রিজেকশন এবং সমাজে মিশতে না পারার ব্যার্থতা। তাদের অসহায়ত্ব তাদেরকে আরও জোড়ে ইসলাম আঁকড়ে ধরা শিখিয়েছে। কিন্তু এতোটুকু তারা বুঝতে কিন্তু মোটেও অপারগ নয় যে চরমপন্থী ইসলাম তাদেরকেই ব্যাবহার করছে মানব-বর্ম হিসেবে। তাদের মাঝে লুকিয়ে থাকার যায়গা পাচ্ছে বলেই চরম-ইসলামের উতপাত এখনও অব্যাহত রয়েছে। শুধুমাত্র নিজের কিছুটা মানসিক প্রশান্তির জন্যই ইসলামের মতো একটি পাশবিক ধর্মকে তারা না বলতে পারছে না। একটি কুখ্যাত সেক্স অফেন্ডারকে দাবী করছে পৃথিবীর শ্রেষ্ঠ মানুষ বলে , হাত কাটা মাথা কাটাকে বলছে সুবিচার আর বউ পেটানোর বিধানকে মনে করছে বড়ই মানবিক। এটা কি রিজেকশ নের ফসল নাকি রিজেকশনের কারণ সেটা নিয়ে বিতর্ক হতে পারে। তবে এই ব্যাপারে কিন্তু তারা নিজেরাও নিশ্চিত যে- অন্যান্য সকল ধর্মের মতোই ইসলাম একটি বুদ্ধিবৃত্তিকভাবে নিম্নস্তরের অবস্থান। আপনি মোটামুটি শক্ত করে যদি তাদের জিজ্ঞেস করেন- আপনি কি মুসলমান; তবে তাদের উত্তর হয়- হ্যা আমি মুসলমান, তবে......!!! মুসলমান হওয়া স্বত্বেও তারা কেনো অন্যান্য মুসলমানদের মতো না এবং কেনো অন্যান্য মুসলমানদের থেকে ভালো এটা প্রমান করার জন্য বাদরের মতো ততপর হয়ে উঠে তারা। নিঃসঙ্গ বাদরটি তারপর বড় হয়ে একসময় বাবাকে ঘটক ধরে একটি অ্যারেঞ্জড বিয়ে করে ফেলে এবং সন্তান জন্ম দেয়। এটা কিন্তু গুরুতর বিষয়। প্রকৃতির নিয়ম হচ্ছে আনফিট জীব প্রজননের

সুযোগ পাবে না। যেই জীব নিজের খাবার যোগাড় করতে না পারে সে প্রজনন করতে যাচ্ছে না ; প্রজননসঙ্গী যোগাড় করতে পারার মতো যোগ্যতা যার নেই সে প্রজনন করতে যাচ্ছে না। কিন্তু, বাবার নির্বাচনী ফিটনেসের উপর ভাগ বসিয়ে যেই আনফিটটি একটি বউ যোগাড় করে ফেলে প্রজনন শুরু করে দিলো সে কিন্তু পরবর্তী প্রজন্মে তার নিজের মতোই আরেকটি আনফিটের সংখ্যা বৃদ্ধি করে গেলো। ফলে, একটি চক্র শুরু হলো দারিদ্র-চক্রের মতো যা কিনা প্রকৃতিকে উপহার দিয়ে চললো হোঁচা-বোঁচা পশ্চাদপদ জনপুঞ্জ। তবে, এইযে আমাদের জনপুঞ্জের মেরুদন্ড ভেঙ্গে দিচ্ছে এর দায় কিন্তু ইসলামের একার নয়, ইসলামের চেয়ে কয়েক অর্ডার অফ ম্যাগ্নিচিউড বেশি দায় হিন্দুধর্মের- আজ থেকে চার-পাঁচ প্রজন্ম পূর্বেও আমাদের পূর্বপুরুষেরা কিনা যেই ধর্মের অন্তর্ভুক্ত ছি লো। তবে, সবচেয়ে বেশী দায় আমাদের সমাজ ব্যাবস্থার যেটা কিনা এখনও প্রস্তরযুগীয় মূল্যবোধ দ্বারা চালিত হচ্ছে। এটা কিন্তু এই সমাজ যা কিনা বর্তমান সময়ে ইসলাম ও হিন্দু উভয় ধর্মের উতপাতই অনেকাংশে কমে আসার পরও এই অবস্থা থেকে আমাদের উত্তরণ বাধাগ্রস্থ করছে। এক ফোঁটাও গর্ববোধ করিনা যখন মনে পড়ে যে- আমিও এই চক্রের একটি অংশ।

ইসলামের প্যাথলজি যারা বোঝেন এটা হয়তো তারা অনুধাবন করে থাকবেন যে , মডারেট ইসলাম সবকিছুকেই মাপে তার নীচে কে কে আছে তাদের সাথে তুলনা করে। তাই ইসলামকে আপনি বলতে শুনবেন- হিন্দু ধর্ম এতো মানুষ মেরেছে আর ইসলাম মেরেছে এতো। ইসলাম কম মেরেছে তাই ইসলাম ভালো। কিংবা হিন্দু বিয়ে দেয় ৬ বছরে, ইসলামতো তাও নয় বছরে দেয় তাই ইসলাম ভালো ইত্যাদি। আমি সন্দেহ করি তারা নিজেরাও এটা অনুধাবন করতে পারে যে তারা বোগাস যুক্তি দিচ্ছে। কিন্তু হায়! হার স্বীকার করে নিতে পারার মতো বড়ো হৃদয় ইসলাম কবে প্রদর্শন করেছে? প্রতিটি মডারেট মুসলিমকেই আপনি পাবেন যুক্তি দেখাতে পরম ওস্তাদ রূপে। এমন কোন বিষয় নেই যা নিয়ে কিনা তাদের যুক্তি নেই। হযরত শিশুনির্যাতনকারী এটা শিকার করে নিয়েই তারা যুক্তি দিতে নামে শিশুনির্যাতন করে হযরত কেনো কোন খারাপ কাজ করেনি। ফান্ডিরা খুবই খুবই পিছলা জীব, ধরতে পারবেন না তাদের আপনি কোনভাবে; ফসকে তারা যাবেই। কেননা যুক্তি দিতে তারা বড়ই পটু। যদি চায় তবে কোরান হাদিস থেকে রেফারেন্স টেনে তারা এটাও প্রমান করে দিতে পারবে যে- আল্লা আসলে একটি মস্ত-বিরাট মিকিমাউস; এবং খুব সম্ভবত প্রতিদ্বন্দ্বী ইসলামিক স্কলারেরা খুব একটা দেরী করবে না এই পাল্টাযুক্তি নিয়ে আসতে যে - না মিকিমাউস নয়, আল্লা আসলে একটা বিশাল ঠোঁটওয়ালা উডি-উড-পেকার। আর সবচেয়ে মজাটা হয় বোমা ইস্যুতে তাদের প্রশ্ন করলে। তার প্রথমেই ক্রমবর্ধমান বোমা সমস্যা নিয়ে তাদের গভীর উদ্বেগ প্রকাশ করে এবং প্রমান করার চেষ্টা করে যে সে নিজেও আপনার মতোই বোমা সমস্যার সমাধান চায়। কিন্তু, কিভাবে এটা সমাধান হতে পারে জিজ্ঞেস করলে বলে আসলে বোমা সমস্যার মূলটাতো অনেক গভীরে , আমেরিকা-বৃটেনই তো মূলত আমাদের বোমাবাজ বানিয়েছে, আর ইস্রায়েল, তার কথা আর নাই বা বললাম; সর্বোপরি সেই পুরোন ভাঙ্গা রেকর্ড। মজার ব্যাপার হচ্ছে- আল্লার সংজ্ঞা, চরিত্র ও আচরণবিধি ইত্যাদি নিয়ে যেমন মুসলমানদের মধ্যে কোন মতৈক্য নেই - তেমনি মতৈক্য নেই কে চরমপন্থী মুসলমান আর কে মডারেট মুসলমান এটা নির্ধারণ করা নিয়েও। যেই যুক্তিতে মডারেটটি বলছে যে "আমি মডারেট কেননা আমি বোমা ফুটাই না, ও চরমপন্থী কেননা সে ফুটায়: একই যুক্তিতে একটি চরমপন্থীও কিন্তু বলতে পারে "আমি তো মডারেট আমি তো বোমা ফুটিয়ে মারি , চরমপন্থী হচ্ছে ও কেননা ও মারে

শিরোচ্ছেদ করে।” মডারেট আর চরমপন্থার ব্যাপারটা আপেক্ষিক, প্রমিত কিছু নয়। লাদেনও মডারেট, তবে ছাগলসম্রাট হযরতের তুলনায়।

ফান্ডিদের দুটি ব্রহ্মাস্ত্র রয়েছে। এক, তুমি দোজখে যেতে যাচ্ছো। আর দুই , ইসলাম সম্পর্কে তুমি কিছুই জানোনা, তোমার আরও পড়াশুনা দরকার। এই ব্রহ্মাস্ত্র দুটি তারা ব্যাবহার করে যখন তাদের আর কোন যুক্তি থাকেনা তখন , একেবারে সবার শেষে। তাদের এই প্রতিক্রিয়া আমার মুখে সৃষ্টি করে স্মিতহাস্য, দোজখের ভয় ফান্ডি দেখাচ্ছে মানে সে মেনে নিচ্ছে সে হেরে গেছে (ফান্ডি হারলো কি জিতলো সেটা নিয়ে আমার কোনই মাথাব্যাথা নেই যদিও- তবে হেরে যাওয়া ফান্ডির উতপাত থেকে রক্ষা পেয়ে আমি বোধহয় খানিকটা খুশীই হয়ে উঠি) ; দোজখের ভয় দেখিয়ে ফেললে পরে আমি আর ফান্ডির সাথে তর্ক করিনা কেননা ৯০ মিনিট পার হয়ে গেলে ফুটবল খেলে কি লাভ , ঠিক? তবে, হেরে যাবার পরও যদি ফান্ডি উতপাত বন্ধ না করে তখন আমি তাকে বলি- দেখো, তোমার আল্লা আছে কি নেই কিংবা কি সে বলতে চায় সেটা আমি তার মুখ থেকেই শুনতে চাই , তোমার মুখ থেকে নয়। তোমার আল্লার যদি কোন বক্তব্য থেকেই থাকে সেটা তাহলে তাকে আমার কাছে নেমে এসে বলে যেতে হবে, তোমার দালালী করার প্রয়োজনটা কি হে। আর কোন ফান্ডি যদি এই লেখা পড়ে থাকেন তবে দুঃশ্চিন্তিত হবেন না। আপনার আল্লা যদি আসলেই থেকে থাকে তবে গাধাটাকে আমরা খু ব তারাতারিই বের করে ফেলতে যাচ্ছি। গত ১৪ বিলিয়ন বছরে তার বুদ্ধির কোন বিকাশ হয়নি , এবং কাজকর্ম যা সে করেছে সেটা প্রমান করে তার আইকিউ ৪০ এরও নিচে। অপরপক্ষে আমরা মানুষ এগিয়ে গিয়েছি সহস্র আলোকবর্ষ, গবেষণাগারে প্রাণ বানাচ্ছি, ক্যান্সার প্রতিরোধ করছি আর কিই বা না করছি। পালিয়ে সে কতদিন থাকবে? ধরতে পারলে আমি জানিনা কি দন্ড তাকে আমরা দিতে যাচ্ছি; আল্লা যেহেতু, যেহেতু অমর, তাই চামড়া ছুলে লবন মেখে দেয়া কিংবা শূলে চড়িয়ে দেয়াটাতে আমি দোষের কিছু দেখিনা। তবে তাকে যেই দন্ডই আমরা দেই না কেনো আপনাকে আমি এটা অন্তত নিশ্চিত করতে পারি যে সেটা তার জন্য আরামদায়ক কিছু হতে যাচ্ছে না। আর ইসলাম সম্পর্কে পড়াশুনা? সেটার প্রশ্নেই আসেনা, আমি ব্যস্ত। আমি জানি ইসলাম নারীর সাক্ষ্যকে পুরুষের সাক্ষ্যের অর্ধেক হিসেবে বিবেচনা করে। ব্যাস, ইসলামকে লক্ষ্য করে একচোট হেসে নেয়ার জন্যে এই একটিই যথেষ্ট, কেনো নারীর সাক্ষ্যকে পুরুষের সাক্ষ্যের অর্ধেক হিসেবে বিবেচনা করাটা মোটেও নারীবিদ্বেষ নয় এই বিষয়ে আপনার কোন যুক্তিও আমি শুনতে চাই না।

বার্ট্রান্ড রাসেলকে একবার প্রশ্ন করা হয়েছিলো “মরণের পর আপনি যদি আসলেই দেখেন ঈশ্বর-টিশ্বর ইত্যাদি ঝামেলা রয়েছে, আপনি কি করবেন? ঈশ্বরের মুখোমুখী যদি আপনাকে হতেই হয় তবে তাকে আপনি কি বলতে যাচ্ছেন?” রাসেলের উত্তর ছিলো “তাকে আমি জিজ্ঞেস করতে যাচ্ছি নিজেকে লুকিয়ে রাখার জন্য এত কষ্ট কেনো সে করলো। ” আমিও অনেকবার ভেবেছি আমি নিজে যদি মরণের পর গিয়ে দেখি আল্লা বসে আছে একটা তাকে আমি কি বলতে যাচ্ছি। জাফর ইকবালের স্বত্বাধিকার মেরে দিয়ে আমি এর একটি উত্তরও বের করেছিলাম- আমি সম্ভবত আল্লাকে বলবো ২২ কে ৭ দিয়ে ভাগ করতে যার ফলাফল আমি চাই দশমিকের পর যতোবেশী ঘর পর্যন্ত হওয়া সম্ভব। অথবা তাকে আমি মেনসার একটা আইকিউ টেস্ট নিতে বলতে পারি, আমি দেখতে চাই টেস্টে সে কতো স্কোর করে। কিন্তু, কয়েকমাস আগে একটি ক্যান্সার হস্পাইসের পেডিয়াট্রিক ওয়ার্ড ভ্রমনের সৌভাগ্য বা দূর্ভাগ্য হবার পর থেকে আমি আমার আগের মত থেকে সরে এসেছি। হস্পাইসের প্রবেশপথ দিয়ে

ঢুকার সময়ই যেনো বুঝেছি এটা জীবন আর মৃত্যুকে সংযুক্ত করছে। ফেনলের গন্ধ চারদিকে ছড়াচ্ছে পরিচ্ছন্নতা আর পবিত্রতার হাওয়া; কিন্তু কোন প্রশান্তি নেই সেই বায়ুমন্ডলে; হতাশা রয়েছে; আর রয়েছে পিনপতন নীরবতা। শত শত ব্যান্ডানায় ঢাকা প্যালিয়েটিভ কিমোথেরাপির প্রভাবে চুলহীন মাথা আর ব্যাথানাশক মর্ফিনের নেশায় ঢুলুঢুলু চোখে বাচ্চাদের আমি নিজ কা নে বলতে শুনেছি “আমি প্রান্তিক, আমার পাঁচ মাস রয়েছে।” দুই বছরের মায়েলোমনোসাইটিক রক্তশূণ্যতা থেকে শুরু করে ষোড়শী অস্টিওসার্কোমা রোগী কি না আছে; হাড়ের গভীরে মেটাস্টেস নিয়ে তারা মর্ফিনের প্রভাবে ১৮ ঘন্টা ঘুমাচ্ছে আর বাকী সময় যন্ত্রনায় কান্নাকাটি করছে , ফুসফুসে মেটাস্টেস নিয়ে শ্বাসকষ্টে ভুগছে; আর তাদের বাবা-মা মুখে কিছু বলছে না , বলছে চোখে আর মুখভঙ্গীতে। আমি কোন বাবা কিংবা মা নই তবে অবশ্যই কোন না কোন বাবা-মার সন্তান- তাই, কিছুটা হলেও বুঝতে পারি এই অনুভুতি কতোটা সহনীয় যে, “আমার সন্তান যার পেছনে আমার এতো সময়, এতো শ্রম, এতো অর্থ বিনিয়োগ; জীবন দিয়ে হলেও যাকে ভালোবাসা ও রক্ষা করার জন্য আমাকে প্রস্তুত করেছে পৃথিবীর সাড়ে চার বিলিয়ন বছরের ইতিহাস- আমার চোখের সামনে সে মরে যাচ্ছে আর নিজের এতো ক্ষমতা এতো সামর্থ নিয়ে আমার কিচ্ছুই করার নেই শুধু দুচোখ মেলে চেয়ে দেখা ছাড়া ; তারপরও, মৃত্যু তো একটাই এবং একবারই কিন্তু কি কষ্টটাই না পাচ্ছে আমার সন্তান, চোখ ফিরিয়ে নিয়ে না দেখে থাকতে পারার সামর্থও আমার নেই!” আমার সহ্যশক্তি ভালোই, বারো বছর বয়সে সড়ক দুর্ঘটনায় বাবা মরে গেলে নিজের ভাঙ্গা কলারবোন ও তার ব্যাথা নিয়েও (দুর্ঘটনার সার্ভাইবার ছিলাম আমিও) আমি সচেতন ছিলাম যেনো নিজের শোকের নগ্ন প্রকাশ কাছের মানুষজনের শোকের মাত্রাকে বাড়িয়ে না তুলে- পিছলে গিয়েছি কয়েকবার যদিও। তারপরও চেষ্টা করেছি নিজের যতো কান্নাকাটি বাথরুমে বা বারান্দায় গিয়ে করতে। আমার সহ্যশক্তি ভালোই; তবে একটা ক্যান্সারাক্রান্ত প্রান্তিক শিশুর বাবা-মার অনুভুতি অনুধাবন করেও নির্লিপ্ত থাকতে পারার মতো এতোটা ভালো নয়। এই পর্যায়ে আমি ভেঙ্গে পড়ি, নিজেকে লুকানোর কোন জায়গা ও সময় না দিয়েই আমার কণ্ঠনালী শক্ত হয়ে আসছিলো , নাসারন্ধ্র ভিজে গেছে ততক্ষণে। এই ঘটনার পর আমি সরাসরি বাসায় চলে আসি, বাসায় এসেও আমি প্রাণপনে যুদ্ধ করছি নিজের কুঁচকিয়ে আসতে চাওয়া ঠোঁটের বিরুদ্ধে। সেদিনই আমি সিদ্ধান্তে পৌছাই আসলেই যদি মরার পর আল্লা-টাল্লা ধরণের উতপাত দেখি তবে তাকে আমি কিছুই বলবো না , শুধু তার মুখ উদ্দেশ্য করে একদলা থুতু ছুড়ে মারবো। সর্বপোরি action speaks louder than words, ঠিক?

মানুষের কষ্ট আমার মনে ক্ষমাশীলতার অনুভুতি জন্ম দেয়। আমার নীতিবোধ কোন মহামানবের নীতিবোধ নয়। “ইটের বিপরীতে পাটকেল” এই প্রবাদবাক্যের ব্যতিক্রম ঘটানোর মতো উদার কখোনই ছিলাম না বরং “একটি ইটের বিপরীতে একাধিক পাটকেল” এই নীতিতে চলেছি। মাঝেমাঝেই নিজের স্বল্পক্ষমতা দিয়ে অনানুপাতিকভাবে লঘুপাপে মানুষকে গুরুদন্ড দিয়েছি , কাছের মানুষজনের স্নেহের দাবী প্রত্যাখ্যান করেছি হেসে খেলেই। সেই আমিই সেদিন ক্যান্সার হস্পাইসের পেডিয়াট্রিক ওয়ার্ড অবিষ্কার করে নিজ মনে বলেছি “পৃথিবীর সকল মানুষকে আমি যদি একঘন্টা সময় দিয়ে বলতে পারতাম- আমার প্রতি যেভাবে খুশি যতোটা খুশী অমানবিক আচরণ করো - এবং একঘন্টা পরে তাদের সকলকে ক্ষমা করে বুকে জড়িয়ে ধরতে পারতাম , তবে বোধহয় আমার প্রশান্তি হতো।” যারা আল্লা চালায় তাদের কাছে আমার একটি প্রশ্ন, কি ছাতাটা করছে আপনার আল্লা যখন কিনা আপনার সন্তান মারা যাচ্ছে অবর্ণনীয় যন্ত্রনায়? আপনি ও আপনার মতো অসংখ্য বাবা কিংবা মায়ের এই

দুর্ভোগের প্রতি যেই আল্লা এতোটাই নির্লিপ্ত- সেই ঠুঁটো জগন্নাথ আল্লার অস্তিত্ব আসলে আছে কি নেই সেটি আমার প্রশ্ন নয়, আমার প্রশ্ন আপনার মাথা তার প্রতি নত কেনো?

শেষ পর্যায়ে চলে এলাম। একটা কথাই বলতে চাই- ইসলামকে কিন্তু না বলতে হবে আমাদেরই, ক্রিশ্চিয়ানিটিকে যেমন না বলতে হয়েছিলো ইউরোপের। এটা আমাদের ঐতিহাসিক, ভৌগলিক ও রাজনৈতিক দূর্ভাগ্য যে আমরা ইসলামের ডেমোগ্রাফির ভেতর পড়ি। ইসলামের আগমনের পূর্বে পড়তাম হিন্দু ডেমোগ্রাফির ভেতর। তখন ঈশ্বরের (no pun!) আশির্বাদ স্বরূপ ইসলামের আগমন ঘটে। নাহলে বোধহয় এতোদিনে আমি হতাম কোন মুচীর সন্তান। হিন্দুধর্মের উতপাত সহ্যসীমা অতিক্রম করলে আমরা তাকে না বলেছি। এখন ইসলামের উতপাতে আমাদের জীবন অতিষ্ট। আমরা কি আরও একবার একটা না বলে দেখবো? যদি সেটা নাও বলি তবে এটুকু অন্তত যেনো ব লি যে- যুক্তি দেওয়া ইসলামের কাজ নয় , এটা যুক্তিবিদদের কাজ; আইন বাতলে দেওয়া ইসলামের কাজ নয়, এটা সংসদ আর বিচারালয়ের কাজ; বিজ্ঞান বাতলে দেওয়াও ইসলামের কাজ নয়, এটা বিজ্ঞানীদের কাজ; ইসলামের কাজ হচ্ছে স্বর্গ-নরক চালানো, জিন চালানো, ফেরেস্তা চালানো, মেরাজ চালানো ইত্যাদি। মূলকথা বাস্তবের সাথে সম্পর্কহীন বিষয় নিয়ে ইসলাম যা খুশী বলতে ও করতে পারে , কিন্তু বাস্তব নিয়ে মানুষকেই ভাবতে হবে। এতোটা দীর্ঘ সময় যারা সাথে থাকতে পেরেছেন অভিনন্দনস্বরূপ তাদের জন্য একটি গান, অবশ্যই মন্টি পাইটনের। দুঃসময়ে এই গানটা আমাকে অনেক শক্তি যোগায়। এইতো।

Just remember that you're standing on a planet thats evolving
Revolving at nine hundred miles an hour…..
[এই লেখাটির কোন স্বত্বাধীকার দাবি করছি না। যে কেউ একে নিজের সৃষ্টকর্ম হিসেবে দাবি করতে পারেন। বানান/ ব্যাকরণ-বিভ্রাট, ভুল বানান/ব্যাকরণ এবং সৃষ্টিশীল/ পূর্বনির্ধারিত বাংলা প্রতিশব্দ প্রস্তাব করুন মন্তব্যে।]

কমেন্ট

1. Atiqur Rahman Sumon

মে ২৫, ২০১০ সময়: ১:১৪ অপরাহ্ণ লিঙ্ক

খুবই আবেগঘন লেখা।

আল্লাচালাইনা এর জবাব:

মে ২৫, ২০১০ at ৯:০৬ অপরাহ্ণ

@Atiqur Rahman Sumon, আপনাকে ধন্যবাদ। আমার লিখতে মনে চায় সাধারণত কোন কিছু চোখের সামনে ঘটতে দেখলে, কোনকিছু আমাকে আন্দোলিত করতে পারলে। আমার এই লেখার প্রেক্ষীত ছিলো- সাম্প্রতিক সময়ে ইসলামের বোমাসন্ত্রাস ও মৃত্যু -হুমকী সন্ত্রাস এবং তথাকথিত মডারেটদের এই বিষয়ে আশ্চর্যজনক নীরবতা। তাই, আবেগ এসে পড়েছে অনেক জাগায়।

2. 2

সাইফুল ইসলাম

মে ২৫, ২০১০ সময়: ২:১২ অপরাহ্ণ লিঙ্ক

অসাধারন। গোগ্রাসে গিলেছি বলা যায়। প্রত্যেকটি কথার সাথে একমত শতভাগ।
আপনার লেখাটিকে যদি ব্যক্তি আক্রমনের উদাহরন হিসেবে চিহ্নিত করা হয় তাহলে অস্বাভাবিক ভাবব না। কিছুদিন আগে এক মডারেট মুসনমানকে ভন্ড বলাতে স্বয়ং মুক্ত -মনার কাছ থেকে ব্যক্তি আক্রমনের অভিযোগ শুনতে হয়েছে।
যাই হোক আবারও বলছি আপনার হাতের লেখাটা খুবই শক্তিশালী। জানিনা এতদিন কেন লেখেননি।
এখন থেকে নিয়মিত লিখবেন আশা করছি।
শুভ কামনা রইল।



*একা*এর জবাব:
মে ২৫, ২০১০ at ৩:২৮ অপরাহ্ণ
আপনার লেখা পড়ে আমি বিস্মিত,আনন্দিত,অভিভূত।অবিশাস্য রকম সুন্দর গোছান লেখা।
যেনো বুকের ভেতরের অগ্নিস্ফুলিঙ্গ উদগীরণ দেখলাম। একটানে পড়ে গেলাম। যা আমি পড়তে পারিনা সাধারণত;অপূর্ব এই কথা গুলো,
"আর ফাভি যারা কিনা ইসলাম করে, সহাস্যে তাদেরকেও আমি বলতে চাই যে- ইসলাম আপনার জন্যও একটি হুমকী। কেননা এই মূহুর্তে যদি আপনার আশপাশে জিহাদ হয় তবে যতই ইমানদার ব্যক্তি হননা কেনো আপনি কোন ছাড় পেতে যাচ্ছেন না। দুঃখজনক হলেও সত্যি বোমার স্প্লিন্টার মুমিন কাফেরে কোন পার্থক্য বুঝে না। "
আরো দারুণ লাগল ,
" কিন্তু এতোটুকু তারা বুঝতে কিন্তু মোটেও অপারগ নয় যে চরমপন্থী ইসলাম তাদেরকেই ব্যাবহার করছে মানব-বর্ম হিসেবে। তাদের মাঝে লুকিয়ে থাকার যায়গা পাচ্ছে বলেই চরম -ইসলামের উতপাত

এখনও অব্যাহত রয়েছে। শুধুমাত্র নিজের কিছুটা মানসিক প্রশান্তির জন্যই ইসলামের মতো একটি পাশবিক ধর্মকে তারা না বলতে পারছে না”



আল্লাচালাইনা এর জবাব:

মে ২৫, ২০১০ at ৯:১২ অপরাহ্ণ

@একা,

যেনো বুকের ভেতরের অগ্নিস্ফুলিঙ্গ উদগীরণ দেখলাম।

সফল বোধ করছি, তবে প্রাপ্যের চেয়ে অনেক বেশি প্রসংসা করে ফেললেন কিন্তু!

সৈকত চৌধুরী এর জবাব:

মে ২৬, ২০১০ at ১২:৪৬ পূর্বাহ্ণ

@একা,

আপনি সম্ভবত ‘সাইফুল’ কে জবাব দিতে চান নি এখানে। যদি অন্যের জবাব না দিয়ে নিজের আলাদা মন্তব্য দিতে চান তবে অন্যের মন্তব্যের ঘরের জবাব ক্লিক না করে মন্তব্যের জন্য নির্ধারিত ঘরে মন্তব্য লিখে ‘মন্তব্য করুন’ এ ক্লিক করেন।

আমি যদি ভুল করি তবে নিজ গুণে ক্ষমা করবেন।



একা এর জবাব:

মে ২৮, ২০১০ at ৬:০৭ অপরাহ্ণ

@সৈকত চৌধুরী,

আমি সম্ভত ভুল করে ফেলেছি,এবং এই ভুলটা অনিচ্ছাকৃত। আপনি ক্ষমা চাইবেন কেন ? আমারই ভুল হয়েছে। ভুল মানুষ মাত্রই হয়ে থাকে। আর যেনো এমন ভুল না হয় সেই দিকে লক্ষ্য রাখব ।

ধন্যবাদ আমাকে ভুল দেখিয়ে দেয়ার জন্য।



*আল্লাচালাইনা*এর জবাব:

মে ২৫, ২০১০ at ৯:১০ অপরাহ্ণ

@সাইফুল ইসলাম,

আপনার লেখাটিকে যদি ব্যক্তি আক্রমনের উদাহরন হিসেবে চিহ্নিত করা হয় তাহলে অস্বাভাবিক ভাবব না।

এরজন্যে কিছুটা অ্যাবিউস লাভ করতে যাচ্ছি জানি, আমি প্রস্তুত। হযরত ও তার কর্মকান্ডকে কেউ ডিফেণ্ড করলে আমি মনে করি তার কিছুটা আক্রমন প্রাপ্য রয়েছে যেমন আক্রমন প্রাপ্য রয়েছে তারও যে কিনা হ্যারল্ড শিপম্যানকে ডিফেন্ড করছে। ভালো লাগল জেনে যে পড়েছেন, ভালো থাকবেন।

*আনোয়ার রানা*এর জবাব:

মে ২৭, ২০১০ at ২:৫৮ পূর্বাহ্ণ

@আল্লাচালাইনা, কিছুটা নয় বেশ ব্যক্তি আক্রমনের ব্যাপারটি বিদ্যমান লেখাই।এতে করে লেখার মান কমে গেছে কিছুটা।যদিও আপনি যা প্রকাশ করতে চেয়েছেন তা সহজেই আমারা বুঝেছি।লেখা ভাল হয়েছে।যথেষ্ট যুক্তি সম্পন্ন।খুব শিঘ্র আরো লেখা আশা করছি।তবে পরের লেখাই আরো মান সম্পন্ন লেখা আশা করছি কারন আপনার শক্ত কলমী । ভাল মান সম্পন্ন লেখা আশা করাটা আপনি অ্যাবিউস হিসেবে দেখবেন না আশা করি।

রাগ সব সময় ভয় থেকেই জন্ম নেয়।আমরা মুক্তমনা ,আমরা কিছুতেই ভয় করি নাহ।তাই আমাদের রাগের স্থান নেয়।আপনার শক্ত লেখানী অন্য কারো ভয়ের কারন হউক।

আবার বলছি লেখা বেশ ভাল হয়েছে। :cigarette:

3. 3

নিদ্রালু

মে ২৫, ২০১০ সময়: ৩:০৮ অপরাহ্ণ লিঙ্ক

স্বাগতম!!!

মুক্তমানায় আরো একজন শক্তিশালী লেখকের আগমন ঘটল। আশাকরি নিয়মিত আপনার লেখা পাব।

*আল্লাচালাইনা*এর জবাব:

মে ২৫, ২০১০ at ৯:১৩ অপরাহ্ণ

@নিদ্রালু, আপনাকে ধন্যবাদ, নিয়মিত থাকার চেষ্টা করবো।

4. 4

সৈকত চৌধুরী

মে ২৫, ২০১০ সময়: ৩:৪৬ অপরাহ্ণ লিঙ্ক

বাংলাভাইদের জিহাদের সময় দেশের গল্প শুনেছি, একটা টুপিদাড়ি বাস কিংবা ট্রেনে উঠলে নাকি অন্যান্য মানুষ সেই বাস কিংবা ট্রেন থেকে নেমে যেতো বোমার ভয়ে। তারা কি ইসলামকে না বলছিলো? নাহঃ অবশ্যই নয় তারা বেশীরভাগই বরং মডারেট মুসলিমই ছিলো যাদের প্রাণের ভয় বড্ড বেশী। মরে গেলে বিরাণী খাবে ক্যামনে, ঠিক?

হিন্দুধর্মের উতপাত সহ্যসীমা অতিক্রম করলে আমরা তাকে না বলেছি। এখন ইসলামের উতপাতে আমাদের জীবন অতিষ্ট। আমরা কি আরও একবার একটা না বলে দেখবো?

অসাধারণ!!

*আল্লাচালাইনা*এর জবাব:

মে ২৫, ২০১০ at ৯:১৮ অপরাহ্ণ

@সৈকত চৌধুরী, তারপর, অলৌকিক গ্রন্থের অলৌকিকতার গপ্পানার পরবর্তী পর্ব নিয়ে হাজির হচ্ছেন কবে?

আল্লাচালাইনা এর জবাব:
মে ২৫, ২০১০ at ৯:২৩ অপরাহ্ণ
@আল্লাচালাইনা, দুঃখিত ভুল হয়ে গিয়েছে একটা। গন্থানা- পড়ুন গ্রন্থনা। আচ্ছা নিজের মন্তব্য সম্পাদনা করা যায়না?

সৈকত চৌধুরী এর জবাব:
মে ২৬, ২০১০ at ১২:৫৪ পূর্বাহ্ণ
@আল্লাচালাইনা,

বন্ধু, আশা করি কিছুদিনের মধ্যে হয়ে যাবে। আপনার লেখাটা পড়ছিলাম আর ভয়ে ভয়ে ছিলাম না জানি কোথাও ‘ব্যক্তি আক্রমনের অভিযোগ’ করার মত কিছু লিখে ফেলেছেন কি না। পড়ে নিশ্চিত হলাম যে এরকম কিছু নেই এবং যারপরনাই আনন্দিত হলাম।
বেশ সুন্দর লেখেন আপনি। একই শিরোনামে যদি আরো কয়েক পর্ব লিখে ফেলতেন।

5. 5

ভবঘুরে
মে ২৫, ২০১০ সময়: ৪:০৮ অপরাহ্ণ লিঙ্ক

অদ্ভুত লিখেছেন ভাই। তবে বাক্যগুলো একটু বেশী জটিল হয়ে গেছে। আর একটু সরল বাক্য হলে ভাল হতো।

আল্লাচালাইনা এর জবাব:
মে ২৫, ২০১০ at ৯:১৯ অপরাহ্ণ

@ভবঘুরে,

তবে বাক্যগুলো একটু বেশী জটিল হয়ে গেছে।

হ্যা, এটা ঠিক করে ফেলবো খুব তাড়াতাড়ি। কথাপ্রসঙ্গে- আপনার লেখা বেশ পছন্দ করি।

6. 6

বিপ্লব পাল

মে ২৫, ২০১০ সময়: ৬:৫৭ অপরাহ্ণলিঙ্ক

ভাল লেখা। তবে সব ধর্মের জন্যেই এগুলো সত্য। ইসলামের অবস্থা একটু বেশী বাজে কারন লোকেরা বেশী ইসলামিক অনুশাসনে বড় হয়েছে।

মনে রাখবেন ধর্ম একটা নৃতাত্ত্বিক প্রয়োজন -তাই কোন ধর্মই অন্য ধর্ম থেকে আলাদা হতে পারে না- খোলসের রঙ বদলাই পচা আলু আলাদা হয় না। পার্থক্যটা ভীষন ভাবেই ব্যাহ্যিক।



*আল্লাচালাইনা*এর জবাব:

মে ২৬, ২০১০ at ২:৪৫ পূর্বাহ্ণ

@বিপ্লব পাল, হ্যা এটা ভালো করেই জানি যে প্রকৃতিগতভাবে সব ধর্ম একই রকম। এজন্যই বলেছি ধর্মর উদ্দেশ্য জীবন থেকে সমস্ত সুখ শান্তি কেড়ে নিয়ে জীবনকে চুষে ছোবড়া বানিয়ে দেওয়া। তবে , একটি সময়ে কোন ধর্মটি সবচেয়ে ভাইরুলেন্ট এটা আমি মাপব একটি নির্দৃষ্ট সময় যেমন - বিগত দশ কি পাঁচ বছরে ওই ধর্মটির বডি-কাউন্ট দেখে। নিশ্চয়ই সন্দেহ করতে যাচ্ছেন না যে- গত পাঁচ কি দশ বছরের পরিসংখ্যানে বডি কাউন্টে অন্যান্য সকল ধর্মকে একযোগে হারিয়ে দেয় ইসলাম। এই কারণেই ২০১০ সালে অন্যান্য ধর্মগুলোর থেকে ইসলাম একটু আলাদা।

বিপ্লব পাল এর জবাব:

মে ২৬, ২০১০ at ৫:৫৬ পূর্বাহ্ন

@আল্লাচালাইনা, মধ্যযুগে খ্রীষ্ঠ ধর্মের বডি কাউন্টই বেশী ছিল -আর হিন্দু ধর্ম এক সময় একদম হেঁসেলে ঢুকে পড়েছিল। ইসলাম যেকটি বডি নামিয়েছে , তা কমিনিউজমের ১% ও না। সুতরাং ইসলাম সব গন্ডোগোলের মূলে -বাকী সব ধর্মের থেকে আলাদা ভাবে বাজে-এই ধরনের যুক্তি এবং স্ট্রাটেজি নিলে আসলে বৈজ্ঞানিক সত্যের অপলাপ হবে-এবং উন্নততর ধর্মবিহীন যে সমাজের সন্ধানে আমরা লড়াই করছি-সেই লড়াই ও পিছিয়ে যাবে।

ইসলাম, হিন্দুধর্ম, কমিনিউজম -এই সব কিছুকেই সমাজবিজ্ঞান, ইতিহাস এবং নৃবিজ্ঞান দিয়ে বিশ্লেষন করতে হবে। নইলে হিতে বিপরীত হবে। হজরত মহম্মদ নয় বছরের আয়েশাকে নিয়ে কি কামকেলি করতেন-সেটা নিয়ে রসিয়ে বললে কে মুসলমানরা ইসলাম ছাড়বে? বরং আরো ইসলামকে আঁকড়ে ধরে সন্ত্রাসবাদি হবে, এই ভেবে ইসলাম শত্রু দ্বারা আক্রান্ত।

বরং ইসলামকে সমাজ এবং ধর্ম বিবর্তনের ধারা দিয়ে বুঝতে হবে। কেন প্যাগান সমাজ থেকে একেশ্বরবাদ উদ্ভুত হল-কি ছিল নৃতাত্বিক এবং সামাজিক প্রয়োজন? প্যাগান সংস্কৃতি সামাজিক ইন্ট্রিগ্রেশন করে শক্তিশালী রাষ্ট্রের জন্ম দিতে পারত না সেকালে। কারন ঈশ্বর ধারনাটার মূলে আছে রাষ্ট্রীয় একতা দৃঢ় করতে রাজনৈতিক আইন। ঈশ্বর যতবেশী শক্তিশালী হবে [মানে মানুষ বানাবে] সেই রাষ্ট্রের ভিত ও তত শক্তিশালী হত-সেটাই ছিল সেই যুগের আইন-যেটা ইসলাম বানিয়েছে। বর্তমানে সেই ইসলাম মানতে গেলে রাষ্ট্র এবং নাগরিক-দুটোই ভিখিরী হবে। কারন প্রযুক্তি এবং বিজ্ঞানের যুগে বিজ্ঞান ভিত্তিক সমাজ ও রাষ্ট্র না গড়লে - সেই রাষ্ট্র ও নাগরিকরা ভেসে যাবে। আমি শেষ যে কথাগুলো বললাম, তার সামাজিক বিরোধিতা করা কঠিন-কারন সবাই জানে এটা সত্য। কিন্ত মহম্মদ কোন মহিলাকে নিয়ে কি কেলি করেছে এইসব আলোচনা করে লাভের থেকে লোকসান হবে বেশী।

তাছারা ইসলামের যে নিদান-গরীবের মতন অনাড়ম্বর জীবন এবং সমাজের জন্য ভাবনা-সেটাতে আমি বিরোধিতা করার কিছু দেখি না। লোভ এবং স্বার্থপরতা দুটোই আনসাসটেনেবল - যা ধনতান্ত্রিক সমাজের ক্যান্সার। প্রকৃতি এবং মানুষের জন্যে মানুষকে যতটা সম্ভব নির্লোভ দীনের ন্যায় দিনানিপাত করা উত্তম । সুতরাং কেও যদি ইসলামের মূল নিদান মেনে চলে আপত্তি কি ? সমস্যাটা সেখানেই যে ৯৯% মুসলিমের কাছে ইসলাম মানে মুসলমান পরিচয় + সেই পরিচয়টাতে তা দেওয়ার জন্যে হজ, নামাজ বা আরো হাজার গন্ডা আরবী চালচলন (বোরখার মতন পোষাক পর্যন্ত) + কোরানকে আল্লা প্রেরিত অর্বর্থ্য গ্রন্থ ইত্যাদি ভাবা। সেই মূল সঙ্গীতটাত কেও শুনতে পাচ্ছে না।



ব্রাইট স্মাইল্ এর জবাব:

মে ২৬, ২০১০ at ৮:২০ পূর্বাহ্ণ

@বিপ্লব পাল,

তাছারা ইসলামের যে নিদান-গরীবের মতন অনাড়ম্বর জীবন এবং সমাজের জন্য ভাবনা-সেটাতে আমি বিরোধিতা করার কিছু দেখি না।

তাহলে কি, নিদান-গরীবের মতন অনাড়ম্বর জীবন-যাপন করা তথা এই জীবনের সমস্ত উন্নতি ত্যাগ করে পরজীবনের আড়ম্বর পুর্ণ জীবন -যাপনের চিন্তা করে এই জীবন পার করে দেয়াই আপনার মতে সমর্থনযোগ্য? আর মানব সমাজ গঠনে ইসলাম আজ যে ভুমিকা রাখছে তাও কি গ্রহনযোগ্য?

লোভ এবং স্বার্থপরতা দুটোই আনসাসটেনেবল- যা ধনতান্ত্রিক সমাজের ক্যান্সার।

লোভ এবং স্বার্থপরতা মানুষের কমন ক্যারেকটেরিস্টিকস্ , কম-বেশী সব মানুষের মধ্যেই বিদ্যমান, আপনি কি মনে করেন কোন তন্ত্র দিয়ে সেগুলো দুর করা সম্ভব? লোভ এবং স্বার্থপরতার জন্য উদ্ভুত পরিস্থিতি আইনের শাসন দিয়ে মোকাবিলা করা ছাড়া উপায় নাই। তা ছাড়া ইসলামী সমাজে লোভ এবং স্বার্থপরতা নেই এমন কোন পরিসংখ্যান কি আছে? সব তন্ত্রেই ভালো ভালো কথার ফুলঝুরির অভাব নাই।

সুতরাং কেও যদি ইসলামের মূল নিদান মেনে চলে আপত্তি কি ? সমস্যাটা সেখানেই যে ৯৯% মুসলিমের কাছে ইসলাম মানে মুসলমান পরিচয় + সেই পরিচয়টাতে তা দেওয়ার জন্যে হজ , নামাজ বা আরো হাজার গন্ডা আরবী চালচলন (বোরখার মতন পোষাক পর্যন্ত) + কোরানকে আল্লা প্রেরিত অর্বর্থ্য গ্রন্থ ইত্যাদি ভাবা।

'ইসলামের মূল নিদান' মেনে চলা লোক কি করে মুসলমান পরিচয় না দিয়ে , হজ না করে, নামাজ না পড়ে, কোরানকে আল্লা প্রেরিত গ্রন্থ না ভেবে থাকবে বুঝা গেলোনা।

বিপ্লব পাল এর জবাব:

মে ২৬, ২০১০ at ৮:৩৮ পূর্বাহ্ণ

@ব্রাইট স্মাইল্,

তাহলে কি, নিদান-গরীবের মতন অনাড়ম্বর জীবন-যাপন করা তথা এই জীবনের সমস্ত উন্নতি ত্যাগ করে পরজীবনের আড়ম্বর পুর্ণ জীবন -যাপনের চিন্তা করে এই জীবন পার করে দেয়াই আপনার মতে সমর্থনযোগ্য?

পরজীবনের কথা ভেবে কেও ইহজীবনে দীনের ন্যায় বাস করে বলে জানা নেই। জীবনে চাহিদা যত কম হবে, তত সৎ এবং শান্তির জীবন পালন সম্ভব। একই সাথে সৎ এবং ধণ্যাঢ্য জীবন হয় না-হতে পারে না।

লোভ এবং স্বার্থপরতা মানুষের কমন ক্যারেকটেরিস্টিকস্, কম-বেশী সব মানুষের মধ্যেই বিদ্যমান, আপনি কি মনে করেন কোন তন্ত্র দিয়ে সেগুলো দুর করা সম্ভব? লোভ এবং স্বার্থপরতার জন্য উদ্ভুত পরিস্থিতি আইনের শাসন দিয়ে মোকাবিলা করা ছাড়া উপায় নাই। তা ছাড়া ইসলামী সমাজে লোভ এবং স্বার্থপরতা নেই এমন কোন পরিসংখ্যান কি আছে? সব তন্ত্রেই ভালো ভালো কথার ফুলঝুরির অভাব নাই।

লোভ এবং স্বার্থপরতা কিছুটা ভাল ত বটেই-কিন্ত আইন দিয়ে তাকে রেগুলেট করা এখনো পর্যন্ত যায় নি। গেলে গ্লোবাল ওয়ার্মিং নিয়ে আমাদের এত ভাবতে হত না। এর জন্যে মানুষের আত্নিক চেতনার উন্নতি চাই। সেটা এককালে ধর্ম দিয়ে হত-একালে ধর্ম ছাড়াই সম্ভব যদি কেও বিজ্ঞান চেতনায় উদবুদ্ধ হয়।

আমি কিন্ত কোথাও বলি নি, এই চেতনার জন্যে ধর্মের কাছে যেতে হবে। কিন্ত ধর্মে যদি সেই লোভহীন চেতনার কথা লিখে থাকে, তার মহত্ব স্বীকার না করাটা অসততা। আমি এটাও বলব আজকে উন্নত চেতনার জন্যে ধর্মের স্বরণাপন্ন হলে, ব্যাগেজ এত বেশী আসবে, যে আত্মিক অনুসন্ধান এবং আমাদের চেতনা উন্নতির জন্যে ধর্মের স্বরণাপন্ন হওয়া উচিত না।
আমি কিন্ত ধর্মের বাহ্যিক ব্যাগেজ এবং তার ক্ষতি কথা লিখেছিলাম।

'ইসলামের মূল নিদান' মেনে চলা লোক কি করে মুসলমান পরিচয় না দিয়ে , হজ না করে, নামাজ না পড়ে, কোরানকে আল্লা প্রেরিত গ্রন্থ না ভেবে থাকবে বুঝা গেলোনা

১২০ কোটি মুসলমানের ১২০ কোটি ইসলাম ধর্ম। পৃথিবীর সব ধর্মের জন্যই এটা সত্য। তাই যেহেতু কোনটি ঠিক ইসলাম সেটা কেও জানে না-সেহেতু, প্রত্যেকের ধর্মই তার জন্যে সেরা। ধর্ম মানেই উইক টেক্সট বা দুর্বল লজিক। এবং তা চিরকালই ব্যাখ্যা ভিত্তিক। কেও যদি ইসলাম নিয়ে চর্চার পরে বলে ৭০০ সালে মহম্মদ আসলেই মানব জাতির উন্নয়নের জন্যে কিছু নিদান নিয়ে এসেছিলেন -এবং আজকে তার কিছু কিছু প্রাসঙ্গিক এবং আমি শুধু সেটুকুই মানব-সেটাই আমার ইসলামের মূল সূর-তাহলে কোথায় ভুল হবে?

জালালুদ্দিন রুমিত সেটাই করেছিলেন-উনি জোর গলায় বলেছেন আমি মুসলিম না , খ্রীষ্টান না, ইহুদি না,
আমি বাগদাদের না, পুর্বের না, পশ্চিমের না
রুমির ইসলাম কারুর কাছে আসল ইসলাম, কারুর কাছে নকল। এই রিলেটিভিজমটা বুঝে ঢালাও মন্তব্য করাটা বুদ্ধিমান বা বিচক্ষণতার কাজ না।



ব্রাইট স্মাইল্ এর জবাব:
মে ২৬, ২০১০ at ৭:২০ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

পরজীবনের কথা ভেবে কেও ইহজীবনে দীনের ন্যায় বাস করে বলে জানা নেই।

কিন্ত এটাতো আপনার জানা আছে যে ইসলামে এইকালে অনাড়ম্বর জীবন-যাপনের জন্য পরকালের অফুরন্ত সুখ-শান্তির লোভ দেখানো আছে।

জীবনে চাহিদা যত কম হবে, তত সৎ এবং শান্তির জীবন পালন সম্ভব।

একথা বুঝার বা পালন করার জন্য মানুষের ধর্মের প্রয়োজন নাই।

একই সাথে সৎ এবং ধণ্যাঢ্য জীবন হয় না-হতে পারে না।

এটার কোন সত্যতা নাই। তাছাড়া সৎ, ধণ্যাঢ় জীবন এগুলো রিলেটিভ ব্যাপার, এদের গুনগত মান একেকজনের কাছে একেক রকম হয়ে ধরা দেয়।

লোভ এবং স্বার্থপরতা কিছুটা ভাল ত বটেই-কিন্ত আইন দিয়ে তাকে রেগুলেট করা এখনো পর্যন্ত যায় নি। গেলে গ্লোবাল ওয়ার্মিং নিয়ে আমাদের এত ভাবতে হত না। এর জন্যে মানুষের আত্রিক চেতনার উন্নতি চাই। সেটা এককালে ধর্ম দিয়ে হত-একালে ধর্ম ছাড়াই সম্ভব যদি কেও বিজ্ঞান চেতনায় উদবুদ্ধ হয়।

মানুষের আত্নিক চেতনার উন্নতি এককালে যদি ধর্ম দিয়ে হতো , তো এইকালে ধর্ম দিয়ে হবেনা কেনো? মানুষের লোভ, স্বার্থপরতা, আত্নিক চেতনা ইত্যাদির ডেফিনেশন কি কালে কালে বদল হতে থাকে? আর আমরা এখনো কল্পলোকের এমন কোন পারফেক্ট জগতে বাস করিনা যে গ্লোবাল ওয়ার্মিং বা পৃথিবীর অন্য কোন সমস্যা নিয়ে আমাদের ভাবনা চিন্তা ফুরিয়ে গেছে।

কিন্ত ধর্মে যদি সেই লোভহীন চেতনার কথা লিখে থাকে, তার মহত্ব স্বীকার না করাটা অসততা।

কোথাও যদি লোভহীন চেতনার কথা উল্লেখ থাকে তার মহত্ব কেউ অস্বীকার করে বলে আমার জানা নাই। সব ধর্মগ্রন্থে লোভহীন চেতনার কথা লেখা আছে, অনেক ভালো ভালো কথার উদাহরন আছে, তার অর্থ এই না যে ঐসব
ধর্মগ্রন্থগুলো অনুসরন করে লোকজন লোভহীন চেতনায় পৌঁছে গেছে।
একথা বলা হয় যে

ইসলাম, হিন্দুধর্ম, কমিনিউজম -এই সব কিছুকেই সমাজবিজ্ঞান, ইতিহাস এবং নৃবিজ্ঞান দিয়ে বিশ্লেষন করতে হবে। নইলে হিতে বিপরীত হবে।

আমি নিশ্চিত যে ধর্মের সমাজবিজ্ঞান, ইতিহাস এবং নৃবিজ্ঞান দিয়ে বিশ্লেষন পুর্বক লেখা প্রচুর আছে এবং ভবিষ্যতেও হবে। আর এই সম্পর্কে পারদর্শী লেখকেরও অভাব নাই। কিন্তু সবাই যে ধর্ম-সংস্কারক, সমাজ-সংস্কারক হয়ে লেখালেখি করবেন এমনটিও আশা করা যায়না অথবা এমন ব্রত নিয়েই সবাইকে ধর্মের ব্যাপারে লেখালেখি করতে হবে এমনটাও বলা যায়না। কেউ কোন মতাদর্শ কেন অনুসরন করছেন সেটা ডিফেন্ড করার জন্য নিজের মতামত জানিয়ে লিখতেই পারেন।

একটি ধর্মের নবী বিশ্বের সেরা মহামানব হয়ে চিহ্নিত হয়েছেন। সেই মহামানবের আদর্শ বুকে ধারন করে কিছু লোক নিজের জীবন বাজী রেখে অন্যের জীবন ভনারেবল্ করে তুলছে , সেই মহামানবের জীবন অনুসরন করে সমাজের একটি শ্রেনীর লোকের জীবন প্রতিনিয়ত দুর্বিষহ করে তোলা হচ্ছে। সেই সেরা মহামানবের ইতিহাস এবং ব্যাকগ্রাউন্ড নিয়ে যখন কেউ আলোচনা করেন এতে দোষের কি আছে আমার বোধগম্য না। তাদের আলোচনায় ভুল তথ্য থাকতে পারে এবং সেটা শোধরানোর অবকাশও আছে। এইসব আলোচনার মধ্য দিয়ে অন্ততপক্ষে মানুষের ভুল জানাটুকুর অবসান ঘটানো যেতে পারে।



*মোঃ হারুন উজ জামান*এর জবাব:
মে ২৬, ২০১০ at ১১:৩৮ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,

সমস্যাটা সেখানেই যে ৯৯% মুসলিমের কাছে ইসলাম মানে মুসলমান পরিচয়

এটা ঠিক বলেছেন। ধর্ম এবং অন্যান্য মতাদর্শের একটা বড় সমস্যা হল গ্রুপ আডেন্টিটি। কোন মতাদর্শের বিশ্বাস কিংবা নীতিমালার চাইতে এই গ্রুপ আডেন্টিটি অনেক বেশী আবেগ তৈরী করতে পারে এবং মানুষে মানুষে বিভাজন ও বিদ্বেষ সৃষ্টির জন্য এটাই সবচেয়ে বেশী দায়ী।

এজন্যই দেখা যায় নামাজ রোজার ধার ধারেননা এমন অনেকে “মুসলিম উম্মার” জন্য নিবেদিত প্রাণ হয়ে খোলা তলোয়ার নিয়ে “কাফের” নিধনে ঝাপিয়ে পড়েন। তেমনি অনেকেই আছেন যারা হিন্দুধর্মের বিশ্বাস কিংবা শাস্ত্রাচারের মোটেই তোয়াক্কা করেননা কিন্তু “অপমানিত হিন্দুত্বের” পক্ষ নিয়ে মুসলমান এবং খ্রীষ্টানদের উপর খোলা কৃপাণ হাতে মহা উদ্যমে চড়াও হন।

*বিপ্লব পাল*এর জবাব:
মে ২৭, ২০১০ at ৯:২৬ পূর্বাহ্ণ
@মোঃ হারুন উজ জামান,

ধর্ম আসলেই কি করে একটি “ক্লাব আইডেন্টি হয়ে ওঠে-তাই নিয়ে আমি আগেও লিখেছিঃ এখানে ক্লিক করে দেখতে পারেন



*আল্লাচালাইনা*এর জবাব:
মে ২৬, ২০১০ at ৬:২৩ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

মধ্যযুগে খ্রীষ্ঠ ধর্মের বডি কাউন্টই বেশী ছিল -আর হিন্দু ধর্ম এক সময় একদম হেঁসেলে ঢুকে পড়েছিল। ইসলাম যেকটি বডি নামিয়েছে, তা কমিনিউজমের ১% ও না।

যা বলেছেন তার সবই ঠিক। একারণেই, মধ্যযুগেজন্ম হলে আমি খ্রীষ্টধর্মের বিরুদ্ধে একইরকমভাবে আপত্তি জনাতাম যেমনটা এখন জানাচ্ছি ইসলামের বরুদ্ধে। কমিউনিজমের উতপাতের সময়ওকমিউনিজমের বিরুদ্ধে এমন আপত্তিই জানাতাম। তবে, খেয়াল করুন ইসলাম ছাড়া অন্যান্য ধর্মগুল কিন্তু প্রাপাগেট করছে না। অর্থাৎ, কিছু সংখ্যক ইসলামের অনুসারীদের মতো অন্যান্য ধর্মগুলোর একই সংখ্যাক অনুসারী তাদের দল ভারী করার জন্য জান -জীবন বাজী রেখে মাঠে নেমে পড়ছে না। এবং তারা এই স্বপ্নও দেখে চলছে না যে একদিন তারা সারা বিশ্ব জয় করে ফেলবে। সোভিয়েত ইউনিয়নের পতনের পর এমনকি কমিউনিজমের মতো ভাইরুলেন্ট ধর্মও এটা করার মনোবল পাচ্ছে না। তাই এসকল গৌন ধর্মগুলোর উতপাত এখন একটি সংকীর্ণ ভূ-সমাজিক প্রেক্ষাপটে আবদ্ধ। এই জাগাতেও ইসলাম কিন্তু অন্যান্য ধর্মগুলো থেকে আলাদা হয়ে যায়। আর যুক্তি তর্ক নৃবিজ্ঞান দিয়ে ইসলামের মোকাবিলা করার বিরোধী আমি। এা ইসলামিস্টদের মনে এই ভ্রান্ত

ধারণার জন্ম দিতে পারে বলে আমি মনে করি যে- আমি বউ পেটাবো, বোরকা পড়াবো, শিরচ্ছেদ করবো কি করবো না এই ব্যাপারগুলো আসলেই যুক্তি -তর্ক ও নৃবিজ্ঞানের আলোচ্য বিষয় , যদিও বাস্তব মোটেও সেরকম নয়। তাই, ইসলামকে আমি মোকাবেলা করবো শুধুই অট্টহাস্য দিয়ে।

বিপ্লব পাল এর জবাব:
মে ২৬, ২০১০ at ৯:৩৪ অপরাহ্ণ
@আল্লাচালাইনা,

তাই, ইসলামকে আমি মোকাবেলা করবো শুধুই অট্টহাস্য দিয়ে।

ভাই,
এই বাক্যটা শোনার পরে, আমি নির্বাক। একটা ১৪০০ বছরের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অট্টহাস্য দিয়ে লড়াই?
আমি নিজে ইসলাম, হিন্দুত্ববাদ এবং কমিনিউজম-তিনটে ফ্রন্টেই লড়াই করি। কিন্ত যেকোন যুদ্ধের প্রথম নীতিই হল শত্রুকে ভাল ভাবে অনুধাবণ কর -অট্টহাস্য দিয়ে কেও যুদ্ধে জেতে বলে জানা নেই। তাছারা সব ইসলাম, হিন্দুধর্ম বা কমিনিউজম আমাদের শত্রু না। যে আদর্শবাদের বিরুদ্ধে লড়াই - তাদের গভীরে যেতে হবে। নইলে আমার কথা কেও শুনবেই বা কেন? লেখা ছাড়া ত আমাদের হাতে কোন অস্ত্র নেই।

ইসলামকে বা কমিনিউজমকে যারা ভালোবাসে -কেন ভালোবাসে সেটা আগে গভীরে বোঝার চেষ্টা করুন। সেই ভালো্লাগার কারন হজ, নামাজ না। সেই ভালোলাগার কারন একটা ইউটোপিয় স্বর্গ সমাজের কল্পনা যেখানে "আল্লার আইন " প্রতিষ্টা হবে [এবং তাতে শোষন অত্যাচার বিভেদ ইনজাস্টিস ইত্যাদি থাকবে না] । প্রতিটা মানুষই এত টাই শোষিত এবং অত্যচারিত-এই ধরনের প্রতিশ্রুতিতে সে বিশ্বাস করতে ভালবাসে। সেটাকেই সে জীবনের উদ্দেশ্য বলে মানে। মনস্তত্ত্বের সেই গভীরতায় না ডুব মারলে, এই সব লেখাতে ইসলাম বিরোধিরা হাততালি দিতে পারে-কিন্ত যারা ইসলামকে ভালবাসে তাদের কেশাগ্রও আপনি স্পর্ষ করতে পারবেন না।

রৌরব এর জবাব:

মে ২৭, ২০১০ at ১:০৪ পূর্বাহ্ণ

@বিপ্লব পাল,

কথাগুলি একটু deterministic হয়ে গেল না? কার কোন মন্তব্য কিভাবে কোথায় প্রভাব ফেলবে আগে থেকে বলা যায় কি? মত-প্রকাশের সময় একটা রাজনৈতিক উদ্দেশ্য কতটা উপকৃত হল তার সূক্ষ্মাতিসূক্ষ্ম হিসাব নিকাশ করা অসম্ভব বলেই মনে করি।

বলা দরকার নিজের মনের কথাটা, অট্টহাসি সমেত।



Oni এর জবাব:

মে ২৭, ২০১০ at ৪:৫১ পূর্বাহ্ণ

@রৌরব ও আল্লাচালাইনা,যদি পরিবর্তনের লক্ষে কথা বলেন তবে গভীরে যেয়ে উপলব্ধি করে কথা বলাই প্রয়জন। নইলে ” চিলেকোঠার সেপাই ” হয়েই সমাজে পরিবর্তনের কথা এবং পরিবর্তনের আশাই করে যেতে হবে আমাদের। অট্টহাস্য করে সমাজ পরিবর্তনের কাজ ও কথা বলা সুরক্ষিত জীবনেই সম্ভব বাস্তবতা অনেক চরম এবং চরম বলেই ধর্মগুলো হাজার বছর ধরে টিকে যাচ্ছে। আসুন আমরা যেকোন পরিবেশের যোগ্য সৈনিক হই।

@ বিপ্লব পাল, বাস্তবতাকে আপনার সহজ সঠিক ও বাস্তবধর্মী দৃষ্টিকোন থেকে দেখে সুন্দর ব্যাখ্যা করা ও নিরপেক্ষ লেখায় আমি মূগ্ধ। আপনার সাথে সহমত প্রকাশ করাও আনন্দের।

“শিশুদের সুন্দর মুখ ভরে থাকুক হাসি তে, আমরা সেই পরিবেশ নিশ্চিত করবো”

রৌরব এর জবাব:

মে ২৭, ২০১০ at ৬:২২ অপরাহ্ণ

@Oni, বললেন “অট্টহাস্য করে সমাজ পরিবর্তনের কাজ ও কথা বলা সুরক্ষিত জীবনেই সম্ভব ”।

“অরক্ষিত” জনসাধারণ কি মনস্তত্ত্বের গভীরে ঢুকে, নৃতত্ত্বের academic তত্ব ব্যবহার করে সমাজ পরিবর্তনের চেষ্টা করে?



Oni এর জবাব:
মে ২৮, ২০১০ at ১:৩৩ পূর্বাহ্ণ
@রৌরব,আপনি প্রশ্ন করেছিলেন

> অরক্ষিত” জনসাধারণ কি মনস্তত্বের গভীরে ঢুকে , নৃতত্বের academic তত্ব ব্যবহার করে সমাজ পরিবর্তনের চেষ্টা করে?

আপনি বোধহয় প্রশ্ন করতে চেয়েছিলেন যে, পরিবর্তন প্রত্যাশী জনসাধারণ কি মনস্তত্বের গভীরে ঢুকে, নৃতত্বের academic তত্ব ব্যবহার করে সমাজ পরিবর্তনের চেষ্টা করে কিনা?
সমাজের নির্যাতিত জনগন হল “অরক্ষিত” জনসাধারন। তারা নিজেদের অবস্থান টিকিয়ে রাখতেই নানান সমস্যার মধ্য দিয়ে যাচ্ছে, সমাজ পরিবর্তন করার চেষ্টা তারা করতে পারছে না। আমি বলেছি যারা পরিবর্তন করার চেষ্টা করবে তারা জনগনের মনস্তত্ব বুঝে নৃতত্বের প্রাতিষ্ঠানিক বৈজ্ঞানিক জ্ঞান কাজে লাগালে সফল পরিবর্তন করতে পারবে।
আপনার প্রশ্নের মাঝে জানতে চেয়েছেন “অরক্ষিত” জনসাধারন তা করে কি না? “অরক্ষিত”রা তো করছেই না এবং যারা করতে চাচ্ছে তারাও সফল হতে পারছে না কারন বৈজ্ঞানিক উপায়ে না যেয়ে ” অট্টহাসি ” হাসছে সবাই কমবেশি স্বজ্ঞানে বা নিজেরই অজান্তেই।
“সুরক্ষিত” তারা, যারা পরিবর্তনের কথা বলবে কিন্তু কাজ করতে অনীহা করবে, তারা কঠিন বাস্তবতা এরিয়ে গিয়ে লোক দেখানো প্রতিবাদ করে সময়ক্ষেপন করবে। এর মুল কারন এরা কখনো নিজে “ধর্ম” অথবা অন্যকোন “অত্যাচারের” শিকার হয়নি।এরা সব বুঝে এবং নিজেদের গা বাঁচিয়েও এরা চলতে জানে, তবে সুযোগ বুঝে অন্যায়ের বিরুদ্ধে এরা “তির্যক” মন্তব্য করতে এবং “অট্টহাসি” হাসতে পারে এরা বেশ ভাল করে। এই “হাল ফ্যাশনের” বিদ্রোহীরা কিন্ত সমাজে ভেদাভেদ তৈরি করে আর যাই করুক ভাল কিছু করছে না। পরিবর্তনকারীরা এদেরও দমন করবে বৈজ্ঞানিক উপায়ে।
“[…]পরিবর্তন প্রত্যাশী জনসাধারণ খুব শীঘ্রই মনস্তত্বের গ ভীরে ঢুকে, নৃতত্বের academic তত্ব ব্যবহার করে সমাজ পরিবর্তনের চেষ্টা করলেই সফল হবে”
ভাল থাকুন-
” আমরা একটি ফুল কে বাচানোর জন্য অস্ত্র ধরা জাতি , আমরা কোটি মানুষকে বাচানোর জন্য নিজেদের মাঝ থেকে সকল দুর্নীতি ঝেরে ফেলে দেব”

রৌরব এর জবাব:
মে ২৮, ২০১০ at ৬:৩৯ পূর্বাহ্ণ

@Oni,
ধন্যবাদ আপনার জবাবের জন্য। আমার কিন্তু মনে হল, সুযোগ-সুবিধে-শিক্ষা-অবস্থান গত পার্থক্যের কারণে বিভিন্ন মানুষ বিভিন্ন পদ্ধতি ব্যবহার করবে এটি আপনি স্বীকার করলেন। অতএব , শ্রেফ "সুরক্ষিত" বলেই কারো প্রতিবাদ পদ্ধতিকে বাতিল করে দেয়া যায় না (আধুনিক নৃতত্ব এবং মনস্তত্ব যেহেতু "সুরক্ষিত"-দেরই অবদান)।
"অট্টহাসি" নির্যাতিত জনমানুষ ব্যবহার করে না, বা এর কোন প্রায়োগিক ব্যবহার নেই, এই দু-ব্যাপারেই দ্বিমত পোষণ করছি। Humor, তার বিভিন্ন আংগিকে, মানবমুক্তির সূক্ষ্মতম অস্ত্রগুলির একটি, সর্বত্রলভ্য, এবং মোটেও academic নয়।

অবশ্য শেষ অব্দি এই আলোচনা খুব একটা ফলপ্রসু হবেনা , সেটা আপনার "বৈজ্ঞানিক" শব্দের প্রয়োগ থেকেই বুঝতে পারছি। মনোভংগির পার্থক্যটা বিরাট। তবুও আপনার মন্তব্য থেকে অনেক কিছু জানলাম, এ জন্য আবারো ধন্যবাদ।

Oni এর জবাব:
মে ২৮, ২০১০ at ১১:১৩ পূর্বাহ্ণ
@রৌরব,আপনাকেও ধন্যবাদ। ছোট করে বলতে চাই আমি পদ্ধতি বাতিল করিনি,তবে সেই পদ্ধতির অসারতার কথা বলেছি।"বৈজ্ঞানিক শব্দের প্রয়োগ" ব্যাপারটিও আমি বুঝিনি।হয়তো আমার "নেটোয়ার্কে" ধরতেই পারি নাই।যতটুকু আলোচনা করেছেন তাতে আমি কৃতার্থ।
সূখী থাকবেন।

7. 7

ব্রাইট স্মাইল্
মে ২৫, ২০১০ সময়: ৭:৪১ অপরাহ্ণ লিঙ্ক

@আল্লাচালাইনা,
এক কথায় অসাধারন লাগলো আপনার লেখাটি পড়ে। প্রতিটি বাক্যের সাথে একমত পোষন করছি। মনে হলো আমাদের মনের কথাগুলোই সাজিয়ে, গুছিয়ে আপনি এভাবে প্রকাশ করলেন। ধন্যবাদ।

*আল্লাচালাইনা*এর জবাব:

মে ২৫, ২০১০ at ৯:০২ অপরাহ্ণ

@ব্রাইট স্মাইল্, ধন্যবাদ। আপনি লেখালেখি করেন না? আপনার লেখাও দেখতে চাই, আপনার কথা শুনতে চাই।



*ব্রাইট স্মাইল্*এর জবাব:

মে ২৬, ২০১০ at ১২:০৫ পূর্বাহ্ণ

@আল্লাচালাইনা, অসংখ্য ধন্যবাদ আপনাকে আমার প্রতি মনোযোগ দেয়ায়। না ভাই, আমার একদমই লেখালেখি করার অভ্যাস নাই। তবে মন্তব্য করার মাধ্যমে মতামত জানাতে পারছি, মনোভাব প্রকাশ করতে পারছি এটাই বা কম কি।

8. 8

আদিল মাহমুদ

মে ২৫, ২০১০ সময়: ৮:৪১ অপরাহ্ণ লিঙ্ক

কখনো কোন বিষয় কিছুটা অতিরঞ্জিত বা বিশ্লেষনের গভীরতার অভাব মনে হলেও সামগ্রিকভাবে লেখাটির মাঝে অনেক সত্যতা আছে।

> “ইতিহাসের অন্যতম কুখ্যাত সেক্স অফেন্ডার হযরত “

- এই কথাটা লেখার বেশ কিছু যায়গাতেই এসেছে। এ বিষয়ে আমার সুনির্দিষ্ট প্রশ্ন আছে।

সেক্স অফেন্ডার কাকে বলা যায়? যিনি যুগের রীতিনীতি মেনে একাধিক এবং নাবালিকা বিবাহ করেন তাকে কি সেক্স অফেন্ডার বলা চলে? একাধিক বিয়ে জগতে বহু লোকেই করেছে। প্রাচীন কাল থেকে মধ্যযূগ পর্যন্ত একাধিক পত্নী/উপপত্নী রাখার নজির আরো বহু আছে। এখনো পাওয়া যাবে। নাবালিকা বিবাহের নজিরও তেমনি আছে। এদের কি সেক্স অফেন্ডার বলা চলে?

অন্যতম কুখ্যাত সেক্স অফেন্ডার বলতেই আমরা কি বুঝতে পারি? নবী মোহাম্মদের মত “সেক্স অফেন্ডার” ইতিহাসে খুবই বিরল?

সৈকত চৌধুরী এর জবাব:
মে ২৬, ২০১০ at ১:০৯ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,
প্রশ্নের জন্য ধন্যবাদ। মুহাম্মদ নিজেকে শেষ নবী বলে দাবি করেছেন। তিনি ছাড়া আর যে কেউ এ ধরণের অপরাধের সাথে যুক্ত হোক বা না হোক সে এ কাজকে চিরদিনের জন্য অনুসরণীয় করে যাবার প্রয়াস পায় নাই। তাই মুহাম্মদের ব্যাপারে এ অভিযোগকে গুরুত্ব দেয়া ছাড়া উপায় নাই।
মুহাম্মদ আয়েশাকে শিশু অবস্থায় বিয়ে করে চিরিকালের জন্য এ ধরণের শিশু ধর্ষণকে বৈধ করে দিয়ে গেছেন মুসলমানদের জন্য। তাছাড়া পালক পুত্রের বধুকে ষড়যন্ত্র করে বিবাহের মত ইতরামিও তিনি করেছেন যার জন্য মুসলমান সমাজে দত্তক নেয়াকে উৎসাহিত করা হয় না , কারণ যিনি মা হয়ে একটা ছেলেকে লালন পালন করলেন তার সাথে নাকি দত্তক নেয়া সন্তানের বিবাহ চলে - এজন্য দত্তক নেয়া ছেলে বড় হলে তাকে পরপুরুষ হিসাবে গণ্য করতে হয়।
এছাড়া এতগুলো বিয়ে মুহাম্মদ কোন দুঃখে করলেন -যখন নিজেকে নবী বলে ঘোষণা দিলেন। এছাড়া দাসীদের সাথে তাদের অমতে যৌনতা কি তিনি বৈধতা দেন নি?

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৬, ২০১০ at ১:৪৭ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

অভিযোগের ব্যাপারে আমার কোন আপত্তি বা বক্তব্য নাই। শিশু আয়েশাকে বিবাহ বা বহু বিবাহ, পালক পুত্রের স্ত্রীকে তালাক দিয়ে নিজে বিবাহ , গনিমতের মাল হিসেবে যুদ্ধবন্দী নারী গ্রহন এসবের বিবরন বিভিন্ন সহি ইসলামী সূত্রেই পাওয়া যায়। নিঃসন্দেহে এসব উদাহরন সর্বযুগের আদর্শ মানবের উদাহরনের সাথে খাপ খায় না।

তাই বলে ইতিহাসের সবচেয়ে কুখ্যাত সেক্স অফেন্ডার বলতে তার উদাহরন খুব যুক্তিসংগত বলে মনে হয়?

এসব উদাহরন কিন্তু আজকের দিনে সাধারন মুসলমানেরা পালন করা দূরে থাক , উল্লেখও করে না। কাজেই তার ওসব কাজের জের আজকের দিনেও লক্ষ্য করা যায় এমন কোন বাস্তব পর্যবেক্ষন প্রসূত ধারনা ঠিক নয়। যদিও মুসলমানেরা এসব নিয়ে নানান ধানাই পানাই করে যা একটি স্ব -বিরোধী অবস্থানে যায়। সে প্রসংগ ভিন্ন।

যেসব কার্যাবলির উপর ভিত্তি করে তার চরিত্র বিশ্লেষন হচ্ছে সেগুলি যে সে আমলে তিনি ব্যাতিক্রম হিসেবে একাই করে গেছেন এমন কথা কি বলা যায়? সে যুগে তো ওসব কাজকারবার রাজা গজারা সর্বদাই করে বেড়াতো। সে যুগের রীতি অনুযায়ী বালিকা বিবাহ এবং আজকের দিনের পেডোফাইল কি এক কাতারে বিচার করা যায়?

রবীন্দ্রনাথ ঠাকুর ১০ বছরের বালিকা বিবাহ করেছিলেন বলে তাকে ইতিহাসের সবচেয়ে কুখ্যাত সেক্স অফেন্ডার কবি বা পেডোফাইল কবি বলে চিহ্নিত করা যুক্তিসংগত হবে (হতে পারে তিনি নবী নন) ? আমরা কি একজন পেডোফাইলের লেখা গান জাতীয় সংগীত হিসেবে ভক্তিভরে গাই নাকি তিনিও সে যুগের ধারা অনুযায়ী সামাজিক রীতিই অনুসরন করেছিলেন মাত্র বলতে পারি ? আশা করি নবী বলেই মোহাম্মদ পেডোফাইল হয়ে গেছেন এবং রবী ঠাকুর নবী নন বলে পেডোফাইলের তালিকায় পড়েন না এমন কথা বলবেন না।

সৈকত চৌধুরী এর জবাব:
মে ২৬, ২০১০ at ২:০১ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

তাই বলে ইতিহাসের সবচেয়ে কুখ্যাত সেক্স অফেন্ডার বলতে তার উদাহরন খুব যুক্তিসংগত বলে মনে হয়?

তিনি ‘সবচেয়ে কুখ্যাত সেক্স অফেন্ডার’ বলেননি, বলেছেন ‘ অন্যতম কুখ্যাত সেক্স অফেন্ডার’ যেটা আপনিই উল্লেখ করেছেন আপনার আগের মন্তব্যে 🙂 ।

আর কে সবচেয়ে কুখ্যাত সেক্স অফেন্ডার ওটা যেহেতু নির্ধারিত নয় তাই হযরতকেও এ বিতর্কে আনা যায়, তাই না??

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৬, ২০১০ at ২:৩১ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

হ্যা, এখানে আমার ভুল হয়েছে বটে। উনি সবচেয়ে কুখ্যাত বলেননি , তবে অন্যতম কুখ্যাত বলেছেন। সবচেয়ে কুখ্যাত আর অন্যতম কুখ্যাত অভিধা দুটির পার্থক্য থাকলেও মনে হয় না খুব বেশী পার্থক্য সাধারনভাবে বোঝায়।

পৃথিবীতে কুখ্যাত সেক্স অফেন্ডারদের তালিকা প্রস্তত করতে দিলে তাতে নবী মোহাম্মদের নাম আসছে এই চিন্তা কি খুব যুক্তিসংগত বলে মনে হয় ?

এ যুগে সিরিয়াল রেপিষ্ট আর চাইল্ড মলেষ্টারদের তালিকা বের করতে শুরু করলে মুক্তমনার পুরো সার্ভার ভরে যাবে। আমেরিকারই কত মেয়ে শিশু অবস্থায় তার নিজে বাবার দ্বারা রেপ হয় তা জানেন তো? আর প্রাচীন আমলের কথা তো বাদই দিলাম। এতসব কৃতবিদ লোকদের বাদ দিয়ে নবী মোহাম্মদের নাম অন্যতম হিসেবে আসা যৌক্তিক মনে হয়?

রবী ঠাকুরের ব্যাপারে তো মত জানালেন না। ওনাকে আমরা অন্যতম কুখ্যাত পেডোফাইল কবি হিসেবে অভিহিত করতে পারি? বা গান্ধিজীকে ভারতের পেডোফাইল জাতির পিতা?

সৈকত চৌধুরী এর জবাব:
মে ২৬, ২০১০ at ৮:৪৫ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

রবী ঠাকুরের ব্যাপারে তো মত জানালেন না। ওনাকে আমরা অন্যতম কুখ্যা ত পেডোফাইল কবি হিসেবে অভিহিত করতে পারি? বা গান্ধিজীকে ভারতের পেডোফাইল জাতির পিতা?

আপনি একটা বিষয় খেয়াল করেন। খ্যাত বা কুখ্যাত সহজেই কেউ হয় না। এটা তাদের কাজের প্রভাবের উপর নির্ভর করে। মুহাম্মদ নিজেকে সর্বযুগের সর্বশ্রেষ্ট আদর্শ ঘোষণা করেও এ ধরণের কাজ

করতে গেলেন কিভাবে? কুখ্যাত হওয়ার পেছনে মানুষের উপর তার প্রভাবের ভূমিকাটা এখানে প্রণিধানযোগ্য।

রবি ঠাকুর বা গান্ধিজী যেহেতু নিজেকে নবী বলে ঘোষণা দেন নি তাই তাদের এ কাজটিকে ভিন্নভাবে মূল্যায়ন করতে হবে। তবে তারা যে সময় এ কাজটি করেছেন তখন তা করা শুধু অসচেতনতা নয় বরং আপরাধ বলে আমি মনে করি। আর পেডোফাইলের বিষয়টি জানতে হলে আমাদেরকে দেখতে হবে মুহাম্মদ, রবি ঠাকুর বা গান্ধিজী কিভাবে, কোন প্রক্রিয়ায়, কি পরিস্থিতিতে এ কাজটি করেছেন। মুহাম্মদের স্ত্রী থাকা সত্ত্বেও সম্পর্কে ভাতিজী 'আয়েশা' কে বিবাহ করেছিলেন যা ঐ সমাজে আপত্তিকর ছিল যার জন্য প্রথমে আয়েশার বাবা আপত্তি করছিলেন।
পালক পুত্রের স্ত্রী বিয়ে সে সমাজে বৈধ ছিল না যার জন্য মুহাম্মদকে ওহী নামাতে হয়েছে। আরেকটি বিষয় বলছি -
>> ইসলামে কিন্তু চাচা, মামা এরা মারা গেলে বা স্ত্রী তালাক দিলে চাচী বা মামীকে বিবাহ বৈধ।



*আল্লাচালাইনা*এর জবাব:
মে ২৬, ২০১০ at ২:৩৯ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ, ভেবেছিলাম একটু সময় নিয়ে উত্তর দিব আপনার মন্তব্যের , তাই দেরী হয়ে গেলো। যাই হোক, ভালো-খারাপ ব্যাপারটা আসলে আমি মনে করি সময় নিরপেক্ষ। একহাজার বছর আগে যা খারাপ কাজ হিসেবে গন্য ছিলো যেমন- সমকামীতা, আজ ভালো বা খারাপ কোনটিই নয়। একইভাবে একহাজার বছর আগে যা ভালো কাজ ছিলো যেমন- সেলিবেসি, আজ ভালো বা খারাপ কোনটিই নয়। কিন্তু, আজ যেটা খারাপ হিসেবে গন্য যেমন-বাল্যবিবাহ, পনেরোশো বছর আগে ভালো বা খারাপ কোনটিই ছিলো না, সেটি ছিলো অভ্যাস। এই অভ্যাসটি তখনও খারাপ হিসেবে গন্য হয়নি কারণ- কেনো এটা খারাপ সেইসময়কার মানুষ তখনও সেটা অনুধাবন করতে পারেনি। আমি কি ব্যাপারটা বেশী জটিল করে তুলছি? যেমন ধরুন, খাদ্যের জন্য পশুহত্যা করতে হয় আমাদের। এটা হতেই পারে আজ থেকে একহাজার বছর পর এই কাজটি খারাপ হিসেবে গন্য হতে যাচ্ছে; হয়তো সেই সময় মানুষ এর অন্য কোন বিকল্প বের করে ফেলবে বা এরকম কিছু। সেই একহাজার বছর ভবিষ্যতের মানুষ যদি তর্ক করে- আমাদের এই বর্তমান সময়ে পশু হত্যা করে আমরা কি খারাপ কাজ করেছি কিনা, আমার মনে হয় তারা এই সিদ্ধান্তেই পৌছবে আমরা ভালো-খারাপ কোনটিই করিনি, এটি আমাদের অভ্যাস হিসেবে গন্য হবে তাদের কাছে যা না করে আমাদের কোন উপায় ছিলো না। অর্থাৎ, ভালো বা খারাপ ব্যাপারটা ঠিক সময়ের উপর নির্ভরশীল নয়, সময়ের উপর নির্ভরশীল হচ্ছে অভ্যাস। আজ যেটা ভালো কিংবা খারাপ একহাজার বছর আগে বা পরে এই একই কাজটি কিন্তু প্রকৃতিগতভাবে (intrinsicly) ভালো কিংবা খারাপ হিসেবে গন্য হতে যাচ্ছে না। যা ভালো চিরকালই ভালো, যা খারাপ চিরকালই খারাপ। তবে আজ যেটা অভ্যাস কাল সেটা বদভ্যাসে পরিনত হতে পারে।

অভ্যাসের ডিফেন্স কিন্তু হযরত দেখাতে পারে না কেননা সে নিজেকে সর্বকালের জন্য আদর্শ দাবী করছে। অন্যান্য মানুষের কাছে বাল্যবিবাহ অভ্যাস হলেও হযরতের কাছে এটাকে হতে হবে হয় ভাল নয় খারাপ। ভালো এটা অবশ্যই নয় কেননা আমাদের বর্তমান সময়ের প্রেক্ষাপটে এটি একটি অপরাধ, এর মানে তো খারাপ তাই না? আর যদি ভালো হয়েই থাকে, তাহলে আপনাকে তর্ক করতে হবে বর্তমান সময়েও এটি খারাপ কিছু নয়। আপনি কি আসলেই সেটা করতে যাচ্ছেন ?

অ্যাডগার অ্যালান পো নাবালিকা বিয়ে করেছিলো বলে কতোটা বড় সাহিত্যিক সে ছিলো সেটা বিবেচনা না করেই আমি তাকে শিশুনির্যাতনকারী বলি, যেকোন স্বাভাবিক মানুষই মনে করি এটাই বলে থাকবে। টলস্টয়ের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ ছিলো বলে তাকে ধর্ষণকারীই বলি; সাহিত্যে তার ইতিবাচক অবদান দিয়ে তার অপরাধকে কাটাকাটি করে ফেলিনা। কিন্তু, এদের অপকর্মের সাথে হযরতের অপকর্মের পার্থক্য রয়েছে। অ্যাডগার অ্যালান পো মেনেছে তার যুগের রীতি আর হযরত কিন্তু দাবী করছে যে, সে মেনেছে সর্বকালের নীতি। কিংবা সর্বকালের নীতি যদি সে নাও মেনে থাকে তার ক্ষমতাবান আল্লা কি তার কানেকানে আস্তে করে বলে দিতে পারলো না যে- “বাবা, বাল্য-বিবাহ আর বহুগামীতা যে আজ করছো ভালোই, কিন্তু হাজার দেড়ের বছর পর কিন্তু ধরা খায়া যাবা?” অ্যাডগার অ্যালান পো কে অভ্যাসের ডিফেন্স গ্রাহ্য করা চলে, কিন্তু হযরতকে চলে কি করে? দেখুন, হযরতে অবাধ যৌনাচার কিন্তু ফান্ডিদের একটি শাঁখের করাতে ফেলেছে- হয় তাদের মানতে হবে হযরতের আবেদন কেবলই তার সমসাময়ীক সময়ে অবদ্ধ অথবা হযরত নীতিবোধবিবর্জিত। এই দুটির যেকোন একটি তারা মেনে নিলে কিন্তু আর কোন তর্কের অবকাশ থাকে না। কিন্তু, যখন তারা দুটির একটিও না মেনে বলে তালগাছ আমার কৌতুকটা তখনই তাদের সাথে করতে হয়।

আর হযরতকে সেক্স অফেন্ডার বলেছি কেননা তার অপকর্মগুলো প্যাথলজিকাল ছিলো। একটি অপকর্ম সে করেনি, তার অপকর্মের প্রাক্তন ইতিহাস ছিলো। এবং একবারও সে কোন অনুশোচনা প্রকাশ করেনি নিজের অপকর্মের জন্য। সেক্স অফেন্ডারদের লিস্ট ওর সময়ে থাকলে প্রথম একশটি স্থান জুড়ে একশোবার নাম থাকতো। আর পুলিশের আলাদা একটি উইং দরকার হতো শুধু তাকে নজরে রাখার জন্য। হযরতের মতো সেক্স অফেন্ডার পৃথিবীর ইতিহাসে বিরল কিন্তু তার অপরাধগুলোর প্রগাড়ত্বের (magnitude) কারণে নয়। পত্রিকায় চোখ রাখলে হয়তো প্রতিমাসেই একটা করে অপরাধী দেখা যাবে যার অপরাধ হযরতের অপরাধ থেকে অনেক বেশী নিকৃষ্ট। কিন্তু সেই অফেন্ডারগুলো কিন্তু মানুষের কাছ থেকে ঘৃণা ছাড়া আর কিছু পাচ্ছে না , স্তুতি-স্তব পাচ্ছে না। সেই অফেন্ডারগুলোর উদ্দেশ্যে কেউ স্তব গাইলে তাকে আমি অমানুষই দাবি করবো। এইজাগাতেই হযরত বিরল। কেননা সে এমন একটি অফেন্ডার যে কিনা মানুষের স্তুতি -স্তব পেয়ে আসছে। একটি ক্রিমিনাল ও তার ক্রাইমকে কিছু মানুষ যদি গৌরবান্বিত করে চলে তবে আমি মনে করি চুপ করে না থেকে কারো না কারো মুখ খোলা উচিত। এটাই ছিলো আমার এই প্রবন্ধ লেখার কারণ।

জানাবেন আমার যুক্তি আপনার কাছে গ্রহনযোগ্য মনে হলো কিনা।

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৬, ২০১০ at ৯:৫৯ পূর্বাহ্ণ
@আল্লাচালাইনা,

আপনাকে ধণ্যবাদ সময় করে দীর্ঘ জবাব দেবার জন্য। নাহ, আপনি তেমন জটিল করেননি। বরং আমি তো আমার আপনার চিন্তাধারায় মিলই দেখতে পাচ্ছি। দেখুন , আপনিই বলছেন যে

> " আজ যেটা খারাপ হিসেবে গন্য যেমন- বাল্যবিবাহ, পনেরোশো বছর আগে ভালো বা খারাপ কোনটিই ছিলো না, সেটি ছিলো অভ্যাস। এই অভ্যাসটি তখনও খারাপ হিসেবে গন্য হয়নি কারণ- কেনো এটা খারাপ সেইসময়কার মানুষ তখনও সেটা অনুধাবন করতে পারেনি। "

আমিও এই আয়েশা এপিসোড সম্পর্কে একই মূল্যায়নই করি। নবী মোহাম্মদের এই কাজ নিঃসন্দেহে নবী সূলভ বলা যায় না। কারন এক্ষেত্রে তিনি তার যুগের খারাপ প্র্যাক্টিসের উর্ধ্বে উঠতে পারেননি , যদিও বেশ কিছু ক্ষেত্রে উঠতে পেরেছিলে ন যা এখানে বিবেচ্য নয়। তবে নবী সূলভ না হলেও বলতে হবে যে এই কাজ যেহেতু সেকালে খারাপ হিসেবে দেখা হত না তাই তিনি অন্যায় বা শিশু ধর্ষন করেছেন এমন দাবী করা যুক্তিসংগত হবে না। এই সোজা ব্যাপারটা নিয়ে কেন এত পানি গড়ায় আমি বুঝি না। নবীর আমলে আরবের লোকে খোলা রাস্তা য় বাথরুম করত। এখন কি আমরা বলব যে সেই যুগের সব মানুষ অসভ্য বর্বর ছিল কারন আজকের যুগে কেউ রাস্তায় বাথরুম করে না ? নাকি বলব যে তাদের স্যানিটেশনের জ্ঞান যুগের কাছে সীমাবদ্ধ ছিল ? তাকে বলপূর্বক পেডোফাইল বানাবার ত কোন দরকার দেখি না। যা সত্য সেটাই বলে দিন না। তার সব আদর্শ যে সব যুগে সব দেশে মুসলমানদের দাবীমত কায়েম করা হাস্যকর সেটা তো এমনিই বোঝা যায়। তারজন্য তো তিনি যা নন তাকে তাই বানাবার চেষ্টা করা ঠিক নয়। তাতে ফল উল্টাই হবে, মুসলমানেরা আপনার যৌক্তিক কথাই আর শুনবে না, ধরেই নেবে আপনি মোহাম্মদের চরিত্র হননের ব্যাক্তিগত মিশনে নেমেছেন। বিপ্লব পালও একই কথাই অন্যভাবে বলেছেন খেয়াল করুন।

আগেই স্বীকার করেছি যে তার এসব নারী বিষয়ক ঘটনাবলী একজন নবীর কাছ থেকে প্রত্যাশিত নয়। এতে তাঁর নওবুয়তের দাবী নি:সন্দেহে হালকা হয়ে যায় , যদিও তার অনেক মহাপুরুষ সুলভ ঘটনাও আছে। তবুও বলতে হয় যে একজ ন মহাপুরুষ যিনি নিজ অসুস্থ শত্রুর বাড়ি গিয়ে তার সেবা করেন, নিজে ঘাড়ে করে তার ভয়েই পলায়মান লোকের মালপত্র নিরাপদ আশ্রয়ে পৌছে দেন এমন অসংখ্য মানবতাপূর্ণ বিরল উদাহরন সৃষ্টি করে যান তিনিই আবার আল্লাহর স্বপ্নাদেশের দোহাই দিয়ে নাতনীর বয়সী মেয়ে বিয়ে করেন, যুদ্ধে গনীমতের মাল হিসেবে কতল করা যুদ্ধবন্দীদের মহিলাদের ভাগ করে নিজেও নেন, আল্লাহর আদেশ মত পালক পুত্রের স্ত্রীকে নিজে কব্জা করেন ঠিক মানায় না।

একদিকে একজন মহত হৃদয়, সত, উন্নত চরিত্রের ন্যায়পরায়ন শাসকে চিত্র ভেসে ওঠে, আবার আরেকদিকে একজন ইন্দ্রিয়পরায়ন ব্যাক্তির চেহারা ভেসে ওঠে যিনি নারী বিষয়ে কালোত্তীর্ন হতে পারেননি। তবে তিনি নবী হন কি না হন সেটা আমাদের মূখ্য ব্যাপার নয়। ধরেই নিলাম , নারী বিষয়ক ঘটনাবলীর কারনে তিনি নবী নন, বড়জোর তিনি নবীর ভড়ং ধরেছিলেন। কিন্তু সেক্স অফেন্ডার কিন্তু তাকে তার যুগের স্বাপেক্ষে বলা যাচ্ছে না বলেই আমি মনে করি।

"হযরত কিন্তু দাবী করছে যে, সে মেনেছে সর্বকালের নীতি।"

- এ বিষয়ে আমি ঠিক নি:সন্দেহ নই। এ দাবী ৯৯% মুসলমানের, তাতে কোন ভুল নেই। তবে তিনি নিজে তেমন কোন দাবী বা নির্দেশ দিয়েছেন বলে আমি নিশ্চিত নই। কোরান অনলী মুসলমানেরা এ জাতীয় কোন আদেশ নির্দেশে বিশ্বাস করেন না। তাদের মতে নবী মোহাম্মদের কাজ ছিল শুধুই কোরানের ম্যাসেঞ্জাররুপে। তার বেশী কিছু নয়।

"একটি অপকর্ম সে করেনি, তার অপকর্মের প্রাক্তন ইতিহাস ছিলো। এবং একবারও সে কোন অনুশোচনা প্রকাশ করেনি নিজের অপকর্মের জন্য। "

- এ ব্যাখ্যাটা আপনার প্রথম প্যারায় আমি যে কোট করলাম তার সাথে সাংঘর্ষিক হইয়ে গেল না কি? আপনি তো নিজেই বলেছেন যে ১৫ শ বছর আগে এসব খারাপ বলে গণ্য হত না। যা খারাপ বলে গন্য হত না তার জন্য তিনি অনুশোচনা কেন করতে যাবেন ? সে আমলের সেক্স অফেন্ডারের লিষ্টেই বা তার নাম কেন থাকতে যাবে? এসব কাজ তো তখন কোন অফেন্স হিসেবেই দেখা হত না। সেকালের সেক্স অফেন্স ছিল জ্বীনা করা বা বলপূর্বক ধর্ষন। বালিকা বিবাহ , বহুবিবাহ, বা দাসীর সাথে সেক্স কোন অফেন্স ছিল না।

"কেননা সে এমন একটি অফেন্ডার যে কিনা মানুষের স্তুতি -স্তব পেয়ে আসছে। একটি ক্রিমিনাল ও তার ক্রাইমকে কিছু মানুষ যদি গৌরবান্বিত করে চলে তবে আমি মনে করি চুপ করে না থেকে কারো না কারো মুখ খোলা উচিত।

- আপনার কথা সত্য ধরে নিয়েই বলতে হচ্ছে যে তাকে অন্ধভাবে পূজা করার দায়ভার তার নয় , যারা করেন তাদের। তারা অন্ধধর্মবিশ্বাস বশতঃ তাকে নিরপেক্ষ মূল্যায়ন করতে চরমভাবে ব্যার্থ। তার অন্ধভক্তকূল নিরপেক্ষ মূল্যায়ন করতে ব্যার্থ , তাই এর প্রতষেধক হিসেবে তাকে অন্যতম কুখ্যাত সেক্স অফেন্ডারে ভূষিত করাটা আমার কাছে বাড়াবাড়িই মনে হয়। যতটুকু সত্য সেটুকুই বলেন। অন্যতম সেরা অফেণ্ডার না কি তার বিচার মানুষের ওপরেই ছেড়ে দেন।

বাই দ্যা ওয়ে, সৈকত ভাই রবী ঠাকুর বিষয়ে আমার প্রশ্নের জবাব দিচ্ছেন না , জানি না ব্যাস্ত কিনা। তবে আপনি মনে হয় তাকে পেডোফাইল কবি হিসেবেই চিহ্নিত করবেন?

যাযাবর এর জবাব:

মে ২৬, ২০১০ at ১০:৫৪ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ,

তবুও বলতে হয় যে একজন মহাপুরুষ যিনি নিজ অসুস্থ শত্রুর বাড়ি গিয়ে তার সেবা করেন , নিজে ঘাড়ে করে তার ভয়েই পলায়মান লোকের মালপত্র নিরাপদ আশ্রয়ে পৌছে দেন এমন অসংখ্য মানবতাপূর্ণ বিরল উদাহরন সৃষ্টি করে যান

দয়া করে সূত্র উল্লেখ করুন, কুরান বা সহি হাদিস থেকে। অসংখ্য ?। নিশ্চয় আপনার জানা আছে। তাহলে বলুন সংখ্যটা। আর সূত্রটাও সেই সাথে।

এ বিষয়ে আমি ঠিক নি:সন্দেহ নই। এ দাবী ৯৯% মুসলমানের, তাতে কোন ভুল নেই। তবে তিনি নিজে তেমন কোন দাবী বা নির্দেশ দিয়েছেন বলে আমি নিশ্চিত নই। কোরান অনলী মুসলমানেরা এ জাতীয় কোন আদেশ নির্দেশে বিশ্বাস করেন না। তাদের মতে নবী মোহাম্মদের কাজ ছিল শুধুই কোরানের ম্যাসেঞ্জাররূপে।

তিনি নিজে দাবী করেছেন যে তিনি আল্লাহর সর্বশেষ প্রেরিত নবী, আর কুরান আল্লাহর কথা। কাজেই আলাদা করে কি দাবী বা নির্দেশের প্রয়োজন? শেষ নবী মানেই ত চুড়ান্ত, যা তাঁর মুখ দিয়ে আল্লাহ বলাবেন তা সর্বকালের জন্য। তা না হলে ত আবার নবী পাঠানর প্রয়োজন হত পরবর্তী যুগের জন্য। কোরান অনলী মুসলমানেরা তো আর ইসলামের সংজ্ঞাদাতা নয়। কুরান যা বলছে সেটা প্রকৃত ইসলাম। কুরানে বলাই আছে মুহম্মদ হচ্ছেন আদর্শ মানুষের নমুনা। সূধু বার্তাবাহক নয়। সুন্নাহ অনুসরন করা কুরানেই বলা হয়েছে। শুধু বা র্তাবাহক হলে মুহম্মদের জন্য এত সুরাহ আলাদা করে নাজিল করা কেন তাঁর সুবিধার জন্য ? মডেরাট মুসলিমদের মতই কোরান অনলী মুসলমানেরা একটা ভন্ড গোষ্ঠি।

আদিল মাহমুদ এর জবাব:

মে ২৬, ২০১০ at ৫:৩৮ অপরাহ্ণ

@যাযাবর,

“দয়া করে সূত্র উল্লেখ করুন”

- সূত্র আসলেই এই মুহুর্তে হাতে নেই, খোঁজ করতে পারি। আসলে এ জাতীয় বহু কাহিনীই সারা জীবন শুনে এসেছি, তাই কোনদিন সংশয় আসেনি। সূত্র দিতে না পারলেও সাধারন যুক্তিবোধের ভিত্তিতেই বলি যে একজন মানুষ শুধুমাত্র সেক্স পার্ভার্ট , ভন্ড, নিষ্ঠুর, ক্ষমতালোভী এসব হলে বড়জোর তার একটি ভক্ত চক্র বা কাল্ট হতে পারে যার স্থায়ীকাল এবং আকার খুব বড় আকার ধারন করে না। এ যুগে যেমন কিছু ধর্মীয় কাল্ট দেখা যায়। কিন্তএই মানুষ যেভাবে যুগ যুগ ধরে কোটি কোটি মানুষের অন্ধভক্তি পেয়ে এসেছেন তাতে তার কোনই মানবীয় গুনাবলী ছিল না ছিল শুধুই যাবতীয় বদ্গুন হজম করাটা বেশ কষ্টকর।

কোরান অনলীদের মতে (ফারুক ভাই ভাল বলতে পারেন, উনি এই মতবাদের প্রচারক) নবীজিকে আল্লাহ অনূসরন করতে বলেছেন ঠিকই। তবে তার ব্যাপ্তী নবীর ব্যাক্তি জীবন অন্ধভাবে অনুসরন করার ব্যাপারে নয়, শুধুমাত্র কোরানের বানীর বিশ্বাসযোগ্যতার ব্যা পারে। আর তাকে আদর্শ মানুষ কোন আয়াতে বলা আছে জানি না, জানি না সেখানে তাকে সব যুগের সব দেশের মানুষের জন্যই আদর্শ তেমন কোন কথাও আছে কিনা। তিনি উটের পিঠে চড়তেন বলে আজকের বাংলাদেশের মুসলিমরা নিশ্চয়ই গাড়ি রিক্সা বাস বাদ দিয়ে উটের পিঠে চরে বেড়াবে না। কি বলেন ? বেশ কিছু ব্যাপার তো কমনসেন্স। তবে মানছি যে এখানে ধর্মীয় সূত্রগুলির অস্পষ্টতা খুবই প্রকট। একই কোরানের আয়াত দিয়ে কোরান শুধু ততকালীন আরব সমাজের জন্যই এসেছিল ধারনা করা যায় , আবার সব যুগের সব দেশের মানুষের জন্যই এসেছিল তেমনও ব্যাখ্যা করা যায়।

*আল্লাচালাইনা*এর জবাব:

মে ২৬, ২০১০ at ৬:৩৯ অপরাহ্ণ

@আদিল মাহমুদ, দুঃখিত আমার মনে হয় আপনি ব্যাপারটা ভুল বুঝছেন। ইসলামের সাফল্যের পেছনে একটি বড় অবদান রেখেছে সে সময় তাদের প্রতিযোগীর অভাব। ইউরোপে তখন চলছে অন্ধকার-যুগ, উপনিবেশ গঠন শুরু করেছে ইসলাম ইউরোপের অনক আগে থেকে। এবং তারা উপনিবেশ ছড়িয়েছে এমন অঞ্চলগুলোতে যেখানে কিনা বহুপুরোন সনাতনধর্মের অত্যাচারে মানুষের জীবন এম্নিতেই অসহনীয় ছিলো, ইসলামকে তারা স্বাগতম জানিয়েছে। ইসলাম সফল হয়েছে এই কারণে। হযরতের মানবীয় গুনাবলীর কারণে নয়। প্রজন্মান্তরে হযরতের মানবীয় অগুনাবলীর কথা মানুষ ঔরসজাত হিসেবে পেয়ে এসেছে এবং সমুন্নত করে চলছে। ইসলাম সফল মুহাম্মদের গুনে হয়নি যেমন খ্রীষ্টধর্ম সফল অহয়নি যীশুর গুনে। ার মহানুভবতা ? একটা নতুন ধর্ম আপনি প্রতিষ্ঠিত করতে চাইলে মহানুভব না হয়ে আপনার উপায় নেই। মহানুভবতার জন্য তাকে গৌ রবান্বিত আপনি করতে পারেন, তবে অনুরোধ একটাই তার অপকর্মগুলোকে এড়িয়ে যাবেন না।

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৬, ২০১০ at ১১:৪০ অপরাহ্ণ
@আল্লাচালাইনা,

ইসলামের প্রথম যুগে অন্তত আরবে তো ইসলাম গ্রহন মানুষ শুরু করেছিল মোহাম্মদের ব্যা ক্তিগত সত চরিত্রের কারনেই। তখন কোরান হাদীস এসব কিছুই নাজিল হয়নি। তাকে সততার জন্য আল আমীন ডাকা হত এতেও কি কোন ভুল বা অতিরঞ্জন আছে? স্বাভাবিকভাবেই যে জীবনে কোনদিন মিথ্যা বলেনি, সত হিসেবে পরিচিত তার কথা মানুষ গুরুত্ব দিয়ে শুনেছে। কোন সাধারন যদুমধু যার কোন কথার ঠিক নেই এসে দাবী করে বসল যে তার কাছে আল্লাহর ওহী আসে তাহলেই কি তাকে মানুষে মানবে নাকি?

তবে ইসলাম পরবর্তি কালে ইউরোপ বা অন্যান্য দেশে ছড়ানোর ব্যাপারে তার সরাসরি ভূমিকা নেই সত্য, তবে অন্যান্য সনাতন ধর্মের অত্যাচারে বিতৃষ্ন মানুষ তার প্রচারিত ধর্মকে মুক্তি র উপায় হিসেবে পেয়েছিল তা আপনার লেখাতেই দেখা যাচ্ছে। হযরতের মানবীয় গুনাবলীর যেসব কাহিনী আমাদের অন্তত ছোটবেলা থেকে শেখানো হয় (সত্য মিথ্যা এখানে বিবেচ্য নয়) তাতে যে কারোই মুগ্ধ হবারই কথা।

> ” মহানুভবতার জন্য তাকে গৌরবান্বিত আপনি করতে পারেন , তবে অনুরোধ একটাই তার অপকর্মগুলোকে এড়িয়ে যাবেন না। “

- অপকর্ম এড়াতে কে চাইল? আমি কি দাবী করেছি নাকি যে আয়েশা সংক্রান্ত হাদীস মানি না, কেবল যেগুলি তার পক্ষে যায় কেবল সেগুলিই মানি? আমারো একই অনুরোধ, তার অপকর্ম বর্ননা করার সুবিধার্থে ভাল গুন গুলি এড়িয়ে যাবেন না। একজন প্রকৃত যুক্তিবাদীর কাছে সেটাই প্রত্যাশা।

অচেনা এর জবাব:
সেপ্টেম্বর ২০, ২০১১ at ৬:০৫ অপরাহ্ণ
@আল্লাচালাইনা, সুন্দর জবাব দিয়েছেন।আসলে সব ক্ষেত্রে রোমান কাথলিক চার্চ এর মারাত্মক রকমের বার্থতা আর বাড়াবাড়িই ইসলাম কে এতটা সুযোগ দিয়েছে কাঙ্গারের মত প্রসার লাভ করার। তাছাড়াও ইহুদি ধর্মের নিষ্ক্রিয়তাও ইসলামের এতটা প্রসারের জন্য দায়ী।

*যাযাবর*এর জবাব:
মে ২৬, ২০১০ at ১০:৫০ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আর তাকে আদর্শ মানুষ কোন আয়াতে বলা আছে জানি না

৩৩:২১ এ বলা হয়েছে, “অবশ্যই অনুসরণ করার মত ভাল দৃষ্টান্ত তোমরা নবীর মধ্যে পাবে। “

৩:৩১ এঃ বল হে মুহম্মদ মানবজাতিকে, তোমরা যদি আল্লাহকে ভালবাস তাহলে আমাকে অনুসরণ কর।

৪:৮০ তেঃ যে নবীকে মেনে চলে সে আসলে আল্লাহকেই মেনে চলে।

৫৯:৭ এ আল্লাহ মুমিনদের বলেছেন যে নবী তাদেরকে যা দেন সেটাই যেন তারা নেয়, আর যেটা নবী তাদেরকে দেন না, সেটা তারা পাবে না। অর্থাৎ মুসলিমেরা কি পাবে বা পাবে না তা আল্লাহ মুহম্মদের **বিচারের** উপর ছেড়ে দিয়েছেন। শুধু বার্তাবাহক হলে স্পষ্টত এটা হতে পারতনা।
এ ছাড়া ও অনেক আয়াতে (এত আছে যে সেগুলোর উল্লেখ করলাম না) আল্লাহ বলেছেন কুরান এবং নবীর আল-হিক্মাহ কে মেনে চলতে। আল-হিক্মাহ অর্থ বিজ্ঞতা, প্রজ্ঞা। নবীর বিজ্ঞতা ও বিচার বুদ্ধি ত তাঁর জীবনের মধ্যেই প্রতিফলিত। শুধু বার্তাবাহকের জীবন বা বিজ্ঞতার কি গুরুত্ব ?।

অনেক আয়াতে মুহম্মদের জন্য বিশেষ সুবিধা , বিশেষ অধিকার, ইত্যাদি নিয়ে লেখা হয়েছে শুধু বার্তাবাহক হলে এর কি দরকার?

সাধারণ বুদ্ধি খাটালেই বোঝ যাবে যে যারা এটা বিশ্বাস করবে যে আল্লাহর তাঁর নিজের কথা মুহম্মদের মাধ্যমে মানবজাতিকে জানিয়েছেন আর মুহম্মদ আল্লাহর বাছাইকৃত এবং শেষ রসুল , তারা অবশ্যই এটাও বিশ্বাস করবে যে মুহম্মদ শ্রেষ্ঠ মানুষ, আর তাঁকে অনুসরণ করাই আল্লাহর ইচ্ছা। এর জন্য আলাদা কোন আয়াত দরকার হয় কি? এই দুটো বিশ্বাস মগজে ঢোকাতে পারলেই যথেষ্ট। মুহম্মদ ও সেটা বুঝতেন নিশ্চয়ই।

আপনাকে অনুরোধ করেছিলাম “অসংখ্য” মহানুভবতার(সত্যিকার, ইসলামী নয়) উদাহরণের সূত্র দিতে। আপনি পারেন নি। বোঝাই যাচ্ছ এটা শৈশব থেক ইসলামী মগজ ধোলাইয়ের ফল। মুহম্মদের জীবনের বর্ণনার একটাই নির্ভরযোগ্য সূত্র আর তা হল ইশাকের সিরাতে রসুল। সেখানে যা নেই তা

কারো না কারও মনগড়া কাহিনী। একজন কট্টর যুক্তিবাদীদের কাছে ইশাকের কথাও যে প্রশ্নাতীত তা নয়। কিন্তু ইসলামের ঐতিহাসিকেরাই এটা বলেন যে সিরাতে রসুলই একমাত্র লিখিত সূত্র। বাদ বাকী সবই এর উপর ভিত্তি করে লেখা।

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৬, ২০১০ at ১১:৩২ অপরাহ্ণ
@যাযাবর,

আপনি নবী মোহাম্মদকে অনুসরনের ব্যাপারে যেসব আয়াত কোট করলেন ধর্মীয় অনেক অস্পষ্ট আয়াত বা সূত্রের মত এগুলিরও নানান রকমের ব্যাখ্যা হতে পারে। আমি আর খুব বেশী গভীরে যাবার দরকার মনে করছি না, কোরান অনলীরা অন্তত তেমন অনেক ব্যাখ্যাই দাড়া করান। ধর্মের ব্যাপারে কে ঠিক কে বেঠিক এর কোন গানিতিক সমাধান নাই। সবাই ঠিক, আবার সবাই বেঠিক।

তবে অস্বীকার করার কোন উপায় নেই যে নবীকে মেনে চলার বা অনুসরন করার নির্দেশ কোরানে দেওয়া হয়েছে। তবে বিতর্ক হতে পারে তার মাত্রা নিয়ে, যার কোন সর্বজন গৃহীত সমাধান কোনদিন পাওয়া যাবে না।

নবীর মহত্ব বিষয়ে আপনার অনুমান সত্য তা আমি নিজেই আগের কথায় বলেছিলাম। আমি নিজে কোনদিন সেসব মহত্বের কাহিনী কোন ঐতিহাসিক সূত্রে যাচাই করার দরকার বোধ করিনি। নিজের বাবা মা, স্কুল, এক কথায় সামগ্রিকভাবে যে পরিবেশে জীবনের সবচেয়ে বেশী সময় কাটিয়েছি এবং যারা আমার মনোজগত গড়েছে তাদের কথায় বিনা কারনে অবিশ্বাস আসা খুব স্বাভাবিক নয়। নবী চরিত্রের অপর দিক সম্পর্কে যা জেনেছি সবই এসব ঈন্টারনেট লেখকদের কল্যানে। তাদের কোন লেখায় নবী সম্পর্কে প্রচলিত সেসব মহানুভবতার কাহিনীগুলির কোন রিফিউটাল এখন পর্যন্ত চোখে পড়েনি। তাই ধরে নিয়েছি যে তার সম্পর্কে দু'ধরনের কথাই মনে হয় খাটে। সেসব মহানুভবতার কাহিনী সত্য না হলে কি আর কেউ না কেউ সে সুযোগ বাদ দিতেন ?

এমনিই জিজ্ঞাসা করছি; ওনার সম্পর্কে ভাল কথা কোথাও থাকলে আপনি তাকে গ্রহ্ন করার ক্রাইটেরিয়া হিসেবে কি বিবেচনা করবেন? স্রেফ কারো মনগড়া কাহিনী বলে উড়িয়ে দিতেই পারেন। আবার অন্যদিকে তার সম্পর্কে খারাপ কিছু শুনলে সেটাকেই বা কতটা নিরপেক্ষ দৃষ্টিতে যাচাই করেন? আমি মনে করি যে যে হাদীস সূত্রে আমি তার আয়েশা বিবাহ কাহিনী বা গনীমাতের মাল রূপে কাফের রমণী গ্রহন জানতে পারি এবং তাতে তেমন সন্দেহ করি না ঠিক একই কারনেই সেসব হাদীস সূত্রে তার মহানুভবতার কাহিনী পেলে সেগুলিও অবিশ্বাস করার তেমন কারন দেখি না।

হাদীসের মধ্যে কিন্তু তার তেমন বেশ কিছু বানী বা কার্যকলাপ আছে বলেই জানি , যদিও এ মুহূর্তে হাদীস নম্বর সহ বলতে পারব না। তবে একটু ঘাটাঘাটি করলেই মনে হয় পেয়ে যাব।

*যাযাবর*এর জবাব:
মে ২৭, ২০১০ at ৭:৪৩ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

আপনি যে যুক্তিতে বলছেন ঐ আয়াতগুলির নানা রকম ব্যাখ্যা হতে পারে , সব ব্যাখ্যাই গ্রহণযোগ্য, কুরানে নবীকে অনুসরণ করতে বলা হয়নি এটা বলাও ঠিক , সেই একই যুক্তিতে কুরানে কোন সহিংস আয়াত নেই, সব অপব্যাখ্যা বা প্রসংগ বিবেচনা না করে পড়ার ফল, এটাও বলা ঠিক, আর তাই বলে ইসলামিস্টরা। আর এত স্পষ্ট করে দেয়া আয়াতের বেলায় এ কথা বললে পুরো কুরানের বেলায়ও তো আপনার এই মন্তব্য প্রজোয্য। তাহলে কুরান ত একটা সাধারণ বইএর চেয়েও ত নিকৃষ্ট হয়ে যায়। যে বইএর কোন সর্বসম্মত মানে নেই সেটা আবার আল্লাহর পার্ফেক্ট বই হয় কেমন করে? উপরন্তু কুরানেই তো দাবী করা হয়েছে যে কুরাণ খুবই স্পষ্ট আর বোধগম্য বই , সেই দাবীও তো অসাড় হয়ে পড়ে। এবং আসলেও তাই। এ জন্যই কুরানের চেয়েও একশ গুণ বেশি বড় তাফসির লেখা হয়েছে আরবী ভাষাতেই কুরাণকে বোধগম্য করার জন্য! তাও শেষ রক্ষা হচ্ছে না। আবার তাফসিরও বারোয়ারী। কারটা ঠিক, আর কারটা ভুল, কে বলবে?

আরও বলছেন যে নবীকে অনুসরণ করতে বলা হলেও প্রশ্ন উঠতে পারে মাত্রা নিয়ে। মাত্রা নিয়ে ???। ভালর আবার মাত্রা আছে বলে তো জানতাম না। নবীকে অনুসরণ কর , তবে বেশী না, এ আবার কেমন কথা। কোন আয়াতের জন্য আপনি এই মাত্রার কথা তুলছেন। আপনার কাছে সবই যদি এত অস্পষ্ট তাহলে এরকম স্পষ্ট ধারনা হয় কি করে?

এবার আসি আমার প্রতি আপনার প্রশ্ন গুলি নিয়ে।

ওনার সম্পর্কে ভাল কথা কোথাও থাকলে আপনি তাকে গ্রহ্ন করার ক্রাইটেরিয়া হিসেবে কি বিবেচনা করবেন

আপনি যে আমার মন্তব্য ভাল করে পড়েননি তারি প্রমাণ। আমি ত বলেইছি যে কু রাণ বা ইশাকের বইতে থাকলেই তা গ্রহণযোগ্য। কারণ এই দুই সুত্র থেকেই ইসলামের ভিত্তি।

আবার অন্যদিকে তার সম্পর্কে খারাপ কিছু শুনলে সেটাকেই বা কতটা নিরপেক্ষ দৃষ্টিতে যাচাই করেন।

একই কথা বলব। তাঁর সম্পর্কে খারাপ কিছুও ইশাকের বইতে থাকলেই মানতে হবে।

আমি মনে করি যে যে হাদীস সূত্রে আমি তার আয়েশা বিবাহ কাহিনী বা গনীমাতের মাল রূপে কাফের রমণী গ্রহন জানতে পারি এবং তাতে তেমন সন্দেহ করি না ঠিক একই কারনেই সেসব হাদীস সূত্রে তার মহানুভবতার কাহিনী পেলে সেগুলিও অবিশ্বাস করার তেমন কারন দেখি না। হাদীসের মধ্যে কিন্তু তার তেমন বেশ কিছু বানী বা কার্যকলাপ আছে বলেই জানি

কিন্তু আপনি তো হাদিসের সেই মহানুভবতার রেফেরেন্স দিতে পারছেন না , আর হাদিসে পড়েছেন বলে দাবীও করছেন না। লোক মুখে শোনা। তাহলে আবার “হাদীস সূত্রে তার মহানুভবতার কাহিনী” আছে বলছেন কেন?

এটা কি পক্ষপাতমূলক ধারণা নয়? যাচাই না করেই অন্ধ বিশ্বাসীদের কথা বিশ্বাস করা। মুক্তমনে তা কি সাজে।

ফারুক এর জবাব:

মে ২৬, ২০১০ at ১২:৩২ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,আপনাকে ধন্যবাদ এই খুবি সুন্দর , যুক্তিপূর্ন মন্তব্যের জন্য।

9. 9

Shahbaz Nazrul

মে ২৬, ২০১০ সময়: ১:২৪ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি ইসলামের কেউ নই। আমার শৈশব থেকেই এটা ঘটে চলছে। কেনো আমি ইসলাম হবো- নির্যাতন করে মারা বিধায় হালাল মাংস ভুলেও আমি মুখে তুলিনা, সুপারশপের চামড়াওয়ালা মুরগী কিনে চামড়া ছিলে রান্না করি; শুধুমাত্র নিজের কাফিরত্ব অটুট রাখার জন্য সপ্তাহে অন্তত এক কি দুইবার শূকরের মাংস নিজেও খাই- বন্ধুদেরকেও খাওয়াই; আর মদ? সেটা পছন্দ করি হযরত উটের মূত্র এবং যৌনসঙ্গম যেমন পছন্দ করতো, ঠিক তেমনি; জেনা-হ্যা; ব্যভিচার- এখনও নয় তবে সুযোগ পাওয়ামাত্রই করবো; জুয়া- নিয়মিত নয়, তবে খুব তাড়াতাড়ি নিয়মিত হয়ে যাবো; সমকামিতা-

এখনও নয়, তবে সুযোগ পাওয়ামাত্রই করবো। এবং আপনারা কেউ যদি জেনে থাকেন এমন কোন কাজ যেটা কিনা কোন অপরাধ না হওয়া সত্ত্বেও ইসলাম কর্তৃক নিষিদ্ধ হয়েছে দয়া করে আমাকে জানাবে; টু ডু তালিকায় যোগ করে দিবো। জ্ঞান , বিজ্ঞান ও সমাজের সহোদর সদস্যদের প্রতি সহমর্মীতা ইত্যাদি দিয়ে আমি আমার হৃদয়কে সিলগালা করে দিয়েছি যাতে ইমানের আলো এক ফোঁটাও প্রবেশ না করতে পারে।

–

আপনার ইচ্ছে অনুযায়ী আর কিছু কাজের লিস্টি দিলাম … এগুলোও ইসলামে নিষিদ্ধ… টু ডু লিস্টে ঢুকিয়ে নিয়েন…

১. মা, বোন কিংবা মেয়ে সন্তান-দের সাথে সহবাস করা শুরু করুন। বিভিন্ন সুত্র থেকে যা দেখছি তাতে মনে হয় পশ্চিমা বিশ্ব এগূলোকে দোষের কিছু মনে করে না।

২. এক মেয়ে নিয়ে কম খাবেন কেন; পশ্চিমা গ্রুপ সেক্স পার্টিতে যোগ দিচ্ছেন না কেন? মদ, মাগী আর মাতালত্ব নিয়ে পুরোপুরি মাতোয়ারা হউন। উন্নত পশ্চিমা বিশ্বের পা চাটবেন আর তাঁদের মত পূরোপুরি হবেন না কেন ?

৩. মানুষেই সীমাবদ্ধ থাকছেন কেনো , প্রাণীকূলকে কেন আপনার মহা ভালোবাসা থেকে বঞ্চিত করবেন। পশুদের খামারে রান কাটানো শিখুন।

আকাশ মালিক এর জবাব:

মে ২৬, ২০১০ at ৫:৩৫ পূর্বাহ্ণ

@Shahbaz Nazrul,

আমি ইসলামের কেউ নই।

এর মানেটা কী?

মা, বোন কিংবা মেয়ে সন্তান-দের সাথে সহবাস করা শুরু করুন। বিভিন্ন সুত্র থেকে যা দেখছি তাতে মনে হয় পশ্চিমা বিশ্ব এগূলোকে দোষের কিছু মনে করে না।

সুত্রগুলো দেখান প্লীজ।

এক মেয়ে নিয়ে কম খাবেন কেন; পশ্চিমা গ্রুপ সেক্স পার্টিতে যোগ দিচ্ছেন না কেন? মদ, মাগী আর মাতালত্ব নিয়ে পুরোপুরি মাতোয়ারা হউন।

কাকে বলছেন, কেন বলছেন?

Shahbaz Nazrul এর জবাব:
মে ২৬, ২০১০ at ৬:৪৫ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,

আমি ইসলামের কেউ নই। আমার শৈশব থেকেই এটা ঘটে চলছে। কেনো আমি ইসলাম হবো- নির্যাতন করে মারা বিধায় হালাল মাংস ভুলেও আমি মুখে তুলিনা , সুপারশপের চামড়াওয়ালা মুরগী কিনে চামড়া ছিলে রান্না করি; শুধুমাত্র নিজের কাফিরত্ব অটুট রাখার জন্য সপ্তাহে অন্তত এক কি দুইবার শূকরের মাংস নিজেও খাই - বন্ধুদেরকেও খাওয়াই; আর মদ? সেটা পছন্দ করি হযরত উটের মূত্র এবং যৌনসঙ্গম যেমন পছন্দ করতো , ঠিক তেমনি; জেনা-হ্যা; ব্যভিচার- এখনও নয় তবে সুযোগ পাওয়ামাত্রই করবো; জুয়া- নিয়মিত নয়, তবে খুব তাড়াতাড়ি নিয়মিত হয়ে যাবো; সমকামিতা- এখনও নয়, তবে সুযোগ পাওয়ামাত্রই করবো। এবং আপনারা কেউ যদি জেনে থাকেন এমন কোন কাজ যেটা কিনা কোন অপরাধ না হওয়া সত্বেও ইসলাম কর্তৃক নিষিদ্ধ হয়ে ছে দয়া করে আমাকে জানাবে; টু ডু তালিকায় যোগ করে দিবো। জ্ঞান , বিজ্ঞান ও সমাজের সহোদর সদস্যদের প্রতি সহমর্মীতা ইত্যাদি দিয়ে আমি আমার হৃদয়কে সিলগালা করে দিয়েছি যাতে ইমানের আলো এক ফোঁটাও প্রবেশ না করতে পারে।

উপরের অংশটুকু লেখকের নিজের ... উনি যেহেতু অপরাধ নয় কিন্তু তারপরেও ইসলামে নিষিদ্ধ জিনিসগুলোর তালিকা চাইলেন, তাই একটা ছোটো তালিকা দিয়েছিলাম ... আশা করি লেখক আমার দেয়া তালিকা অনুসরণ করে এই কাজগুলোও তাঁর টু ডু লিস্টে ঢুকিয়ে নেবেন , যাতে কোনোভাবেই ঈমানের আলো তাঁর হৃদয়ে করতে না পারে...

এবার বুঝতে পারছেন নিশ্চয় ...

নিদ্রালু এর জবাব:
মে ২৬, ২০১০ at ৫:৫৭ পূর্বাহ্ণ
@Shahbaz Nazrul,

১

কোন সূত্র থেকে দেখেছেন যে পশ্চিমা বিশ্বে মা , বোন কিংবা মেয়ে সন্তান-দের সাথে সহবাস করা দোষের কিছু না? দয়াকরে সূত্র গুলোর অন্ততঃ একটা উল্লেখ করুন।

২

এই লেখায় লেখক ঠিক কোন কোন অংশে উন্নত পশ্চিমা বিশ্বের পা চেটেছেন একটু উদ্ধৃতি করবেন

কী? উন্নত পশ্চিমা বিশ্বের ঠিক কত শতাংশ লোক গ্রুপসেক্স পার্টিতে যায় তারও একটা পরিসংখ্যান দিলে ভালহয়। হাজার হোক উন্নত পশ্চিমা বিশ্ব সম্পর্কে আপনার জ্ঞানের! বহর অনেক লম্বা বলে মনেহচ্ছে।

৩

মাঝে মাঝে কি আপনার মনে পশুদের সাথে রাতকাটানোর ইচ্ছাও হয় যা কিনা ইসলাম মানা করেছে দেখে করতে পারছেননা?

ব্রাইট স্মাইল্ এর জবাব:

মে ২৬, ২০১০ at ৮:৫০ পূর্বাহ্ণ

@Shahbaz Nazrul,

আপনি যে টু ডু লিস্ট দিলেন সেগুলো যে ইসলামে নিষিদ্ধ তা জানলেন কি করে? লিস্টের এই সমস্ত বিষয় নিয়ে কি কোরান-হাদিসে বিষদ আলোচনা রয়েছে? তা হলে তখনকার আরব সমাজেও নিশ্চয়ই এইসব চালু ছিল বলেই মনে হচ্ছে। অবশ্য যতদুর জানি মহিলা , সহবাস, সেক্স ইত্যাদি বিষয়গুলো কোরান-হাদিসের খুব প্রিয় বিষয়।

10. 10

Adnan Lermontov

মে ২৬, ২০১০ সময়: ২:২৯ পূর্বাহ্ণ লিঙ্ক

@আদিল মাহমুদ,

মোহাম্মদ বালিকাটিকে বিয়ে করার জন্য পাগল হয়ে গিয়েছিলেন। এমনকি আয়াতও নাজিল করিয়েছিলেন। বালিকাটিকে ব্যবহার না করে তিনি কি সুখ পেতেন ?

আদিল মাহমুদ এর জবাব:

মে ২৬, ২০১০ at ৮:৪৬ পূর্বাহ্ণ

@Adnan Lermontov,

তিনি বালিকা বিবাহ করেছিলেন, এতে তো সন্দেহ পোষন করছি না। বালিকা বিবাহ করতে আয়াত নাজিল করেননি, আয়াত নাজিল হয়েছিল পালক পুত্রের স্ত্রীকে বিবাহ করার ব্যাপারে।

বালিকা বিবাহের ব্যাপারে একটি হাদীস আছে যাতে তিনি এই বিবাহকে আল্লাহ তাকে স্বপ্নাদেশ দিয়েছেন বলে দাবী করেছেন।

বালিকা আয়েশাকে নি:সন্দেহে তিনি কামনা করেছিলেন, তবে সে যুগের পরিপ্রেক্ষিতে এটাকে শিশু নির্যাতন বলা যায় না। সে যুগে এসব সাধারন ব্যাপারই ছিল। মাত্র ১০০ বছর আগে আমাদের প্রিয় রবী ঠাকুর ও বালিকা বিবাহই করেছিলেন , যদিও কোন স্বপ্নাদেশ প্রাপ্ত হননি, বা তার বয়স তখন ৫০ ছিল না।

আমার পয়েন্ট এ ঘটনার ভিত্তিতে তাকে ইতিহাসের অন্যতম কুখ্যাত সেক্স অফেন্ডার বলা কতটা যুক্তিযুক্ত সেখানে। বলা যায় যে তিনি ইন্দ্রিয়পরায়ন ছিলেন (সে যুগে সেক্স ছিল মানুষের বিনোদনের অন্যতম সেরা উপায়), ইন্দ্রিয়কে তিনি পুরোপুরি জয় না করতে পেরে সাধারন মানুষের কাতারেই ছিলেন।

*যাযাবর*এর জবাব:
মে ২৬, ২০১০ at ৯:৩২ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

আমার পয়েন্ট এ ঘটনার ভিত্তিতে তাকে ইতিহাসের অন্যতম কুখ্যাত সেক্স অফেন্ডার বলা কতটা যুক্তিযুক্ত সেখানে

ইতিহাসের অন্যতম কুখ্যাত সেক্স অফেন্ডার না বলে কুখ্যাত সেক্স পারভার্ট বললে অযৌক্তিক হবে না। মোহাম্মদ যখন আয়াশার বাবার নিকট আয়শাকে বিয়ে করার খায়েশ ব্যক্ত করেন তখন আয়েশার বাবা (সিদ্দিক) মোহাম্মদকে বলেছিলেন “কিন্তু আপনিত তার চাচা”। কিন্তু শিগ্রী সিদ্দিক বুঝতে পারেন যে মোহাম্মদের মত ক্ষমতাধর লোকের কুনজরে পড়লে তাঁর কি পরিণতি হবে। কাজেই তাঁর এই আপত্তি টিকে নি। কিন্তু আমার পয়েন্ট হল নিশ্চয়ই সে যুগেও চাচার মর্যাদার কারও নাবালিকা ভাস্তিকে বিয়ে করাটা অনৈতিক ছিল। তা না হলে সিদ্দিক এটা বলতেন না। সেক্স পার্ভাট ছাড়া সেক্স ভণ্ডও বলা অযৌক্তিক হবে না। নিজে ১১ টা বিয়ে করে বাকী সব মুসলিমদের জন্য চারটা লিমিট করে দিলেন।

নিজে যায়েদের স্ত্রীকে চাতুরীর দ্বারা তালাক করিয়ে বিয়ে করলেন আর কুরানে নির্দেশ দিলেন তাঁর মৃত্যুর পর যেন কেউ তাঁর কোন স্ত্রীকে বিয়ে না করে।

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৬, ২০১০ at ১০:০৩ পূর্বাহ্ণ
@যাযাবর,

আপনার যুক্তি অকাট্য। এসব ঘটনা নিঃসন্দেহে তার ইন্দ্রিয়পরায়নতারই স্বাক্ষ্য দেয়, ছলনার আশ্রয়ও তিনি নেন বলেই খোলামনে বিচার করলে প্রতীয়মান হয়।

আসলে, সে আমলে সেক্স ছিল বিনোদনের একটি অন্যতম সেরা উপায়। যিনি যত ধনী, ক্ষমতাবান তার হারেমে তত বেশী বিবি থাকবে এটাই ছিল রীতি। এ জন্য তারা ছল বল যেকোন কিছুরই আশ্রয় নিতেন।

আল্লাচালাইনা এর জবাব:
মে ২৬, ২০১০ at ৫:৪৬ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

বালিকা আয়েশাকে নি:সন্দেহে তিনি কামনা করেছিলেন, তবে সে যুগের পরিপ্রেক্ষিতে এটাকে শিশু নির্যাতন বলা যায় না।

তীব্র দ্বিমত। এটা নির্যাতন কিনা সেটা আমি বা আপনি আমাদের অবস্থান থকে বিচার করে ঘোষণা দেওয়ার কোন অধিকারই রাখি না। কি নির্যাতন বা কি নির্যাতন নয় সেটা আপনাকে বিচার করতে হবে নির্যাতিতের অবস্থান থেকে। দেড়হাজার কি দেড় মিলিয়ন বছর আগে হোক- আপনার কি মনে হয় একটি নয় বছরের শিশু একটা হাবড়া বুড়ো বা সুন্দর জোয়ান কারো সাথেই বিয়ে করে বৈবাহিক সম্পর্ক স্থাপন করতে খুব উতসাহী হবে ? মানুষের অনুভুতিকে গুরুত্বের সাথে বিবেচনা করবেন এটুকু আশা রাখি। ২০১০ সালে আপনি আমাকে একটি চড় মারলে আমি যতটুকু ব্যাথা পাবো , ২০১০ খৃষ্টপূর্বাব্দে মারলে মনে হয়না তার যেয়ে কম ব্যাথা পেতাম। হযরত অপরাধী কেননা সে মানুষেরকষ্টের কারণ হয়েছে, কয় বছর আগের লোক সে ছিলো এটা আলোচনার কোন প্রসঙ্গই হতে পারে না।

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৬, ২০১০ at ৬:০০ অপরাহ্ণ
@আল্লাচালাইনা,

আমারও দ্বি-মত আছে এখানে আপনার সাথে। এ সম্পর্কে আয়েশার নিজের মুখের বানীসহ বেশ কিছু হাদীস আছে। সেখানে তাকে যৌন নির্যাতন করা হয়েছে বলে তেমন কিছু এখনো চোখে পড়েনি। কাজেই নির্যাতিতার নিজের বয়ানের কি তথ্য প্রমান আপনার কাছে জানি না, তবে আমার চোখে এখনো পড়েনি।

তার চেয়েও বড় কথা, সেই একই কথা। মানুষ কোনটা স্বাভাবিক আর কোনটা স্বাভাবিক নয় বা নির্যাতন তা অনেক সময় পরিবেশ পরিস্থিতির উপর বিবেচনা করে। আজকের যুগে একটি শিক্ষিত পরিবারের ১২ বছরের মেয়েকে যদি ৫০ বছরের কোন লোকের সাথে বিয়ে দেওয়া হয় এবং সেই ৫০ বছরের লোক তাকে অত্যন্ত আদর যত্নেও রাখে তবুও সেই মেয়ের কাছে এই জীবন মনে হবে নরক সম।

তবে মাত্র ১০০ বছর আগেও তেমন ঘটনা ঘটলে, এবং স্বামীপ্রবর তাকে মারধর করলেও হয়ত সে কিছু কান্নাকাটি নীরবে নিভৃতে করা স্বত্ত্বেও ধরে নিত যে ওটাই তার স্বাভাবিক জীবন।

আরো ধরেন মাত্র ১০০ বছর আগের হিন্দু বিধবাদের জীবন কি নরকতূ ল্য ছিল তা চিন্তা করলেও গা শিউরে ওঠে। নি:সন্দেহে তাদের জীবন ছিল ভয়াবহ। তবে সেই ভয়াবহ জীবনও বহু বিধবার কাছে ছিল পরম পবিত্র। বল্পূর্বক তাদের কিছু করাতে হয়নি , নিজেরাই স্বতঃপ্রবৃত হয়ে সেসব পালন করেছে। কারন তখনকার পরিবেশ পরিস্থিতি তার মানসিকতা সেভাবেই গড়েছে। আজকের ভারতেও মাঝে মাঝে স্বতঃপ্রবৃত্ত হয়ে কোন কোন মহিলা স্বামীর সাথে সহমরনে জ্বলন্ত চিতায় ঝাপিয়ে পড়ে।

চড় মারা বা শারিরীক শাস্তির উদাহরন সামাজিক রীতিনীতির সাথে তূলনীয় নয়।

ভবঘুরে এর জবাব:
মে ২৬, ২০১০ at ৭:০৫ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আসলে বিষয়টা এরকম। আল্লাচালাইনা যে টা বলতে চাচ্ছে তা হলো- যে নাকি আল্লাহর নবী, যার জীবন আদর্শ গোটা মানবজাতি কেয়ামত পর্যন্ত অনুসরন করবে , যার সাথে স্বয়ং বিশ্ব জগতের সৃষ্টিকর্তা আল্লাহর সরাসরি যোগাযোগ ছিল , যাকে আল্লাহ অহরহ ওহী পাঠাত তার কখন কি করা দরকার, কাকে বিয়ে করা দরকার, কাকে তালাক দিতে হবে, দাসীর সাথে যৌন সঙ্গম করতে হবে কিনা ইত্যাদি বিষয় পর্যন্তও। তার মত একটা ব্যক্তি কেন ৫১ বছর বয়েসে ৬ বছরের আয়শাকে বিয়ে করে ৫৪ বছর বয়েসে ৯ বছরের আয়শার সাথে যৌন সঙ্গমে লিপ্ত হবে অথবা কেন তার মত একটা ব্যক্তির দরকার পড়ে নানা রকম কলা কৌশল করে তার পালিত পূত্র জায়েদে র বৌকে তালাক দিয়ে বিয়ে করার। কেন তার মত একটা ব্যক্তির দরকার পড়ে একের পর এক ১৩ টি বিয়ে করার অথবা ডজনখানেক দাসী বাদী যৌনমজা উপভোগ করার। বিয়ে করার যদি সত্যি কোন রাজনৈতিক কারন বা মহান উদ্দেশ্য থাকত তাহলে তার প্রথম স্ত্রী খাদিজা যতদিন বেচে ছিল তখন কেন তিনি একবারও বিয়ে করার নাম গন্ধ ও নেন নি ইত্যাদি।মোহাম্মদ কোন রহিম করিম হলে কিন্তু এটা কোন বিষয় হতো না । ধরা যাক , সেই ১৪০০ বছর আগের আরব সমাজে ওটাই রীতি ছিল কিন্তু মোহাম্মদ তো দাবী করে বসলেন তিনি সর্বকালের, তার তো এমন আদর্শ স্থাপন করা দরকার যা সর্ব কালের জন্য প্রযোজ্য হবে ও হবে সব রকম বিতর্কের বাইরে। তার তো এমন কোন কাজ করা ঠিক না যা হাজার বছর কেন লক্ষ বছর পরেও যার সমালোচনা করার সুযোগ থাকবে না। তাই না ? অথচ তার ব্যক্তিগত জীবনের ঘটনাগুলো আমরা যদি পর্যালোচনা করি বহু বিতর্কিত বিষয় আমরা খুজে পাই যদিও তা খোলা মন ও দৃষ্টি দিয়ে দেখলেই তা সম্ভব। নইলে যারা ঘোর বিশ্বাসী তারা কিন্তু আবার ওসব বিতর্কিত বিষয়ের মধ্যেও মহা যুক্তি খুজে পায়। এখন কথা হলো - মোহাম্মদ যদি আয়শার মত একটা শিশুকে বিয়ে না করত, অথবা তার পুত্রবধু জয়নাবকে বিয়ে না করত বা দাসী বাদীর সাথে অবাধে যৌনকার্য না করত বা ১৩ টি বিয়ে না করে মাত্র ২টি করত(খাদিজা মারা যাবার পর আর একটা) তাতে কি ইসলাম প্রচারে কোন অসুবিধা হতো? উনি মারা যাওয়ার পর তো বেহেস্তে ৭০ টা কেন যত ইচ্ছা খুশি হুর দের সাথে যৌনলীলা করতে পারতেন, কেন তিনি নিজে সেই ধৈর্য টুকু ধারন করে মানব জাতির সামনে উজ্জ্বল নিদর্শন তুলে ধরতে পারলেন না ? এসব না করলে অসুবিধা তো হতোই না বরং ইসলাম প্রচারের জন্য তা আরও যুক্তি যুক্ত হতো ও আজকে যেমন মানুষ তার চরিত্র নিয়ে প্রশ্ন তুলছে তার কোন সুযোগই থাকত না। যুক্তি যুক্ত যে হতো - তা বোঝা যায় তার এ সমস্ত বিতর্কিত ঘটনাকে যুক্তি সিদ্ধ করার জন্য তথাকথিত ইসলামী পন্ডিতদের মরন পন প্রচেষ্টা দেখে। একদল তাতে ব্যর্থ হয়ে ইদানিং কোরান ওনলি মতবাদ চালু করেছে আর অনেকটাই ইসলামকে অস্বীকার করার মত ধৃষ্টতা স্বরূপ, কারন কোরান হলো আল্লাহর কিতাব আর হাদিস হচ্ছে মোহাম্মদের জীবনের ঘটনা- উভয়েরই উপর বিশ্বাস রাখা ও পালন করা একজন মুসলমানের আদর্শ পরিচয়। এখন একদিকে বলা হবে মোহাম্মদ হলো সর্বকালের মহান আদর্শ ব্যক্তি ও চরিত্র যাকে সর্ব যুগে অনুসরন করতে হবে , অন্যদিকে তার কাজকর্ম গুলোর অধিকাংশই সেই ১৪০০ বছর আগের আধা সভ্য আরব সমাজের প্রচলিত রীতি নীতিকে অতিক্রম করতে পারেনি- আর যে গুলো অতিক্রম করতে পারেনি সেগুলো কিন্তু খুবই স্পর্শকাতর বিষয়, এ ধরনের স্ববিরোধীতার বিষয়টিই মনে হয় আল্লাহচালাইন্যা বুঝাতে চেয়েছে -

যতদুর আমার মনে হয়। যার সারমর্ম মনে হয়- মোহাম্মদ আর তার ধর্ম ইসলাম ওটা ১৪০০ বছর আগেকার আরব দেশের জন্যই সঠিক ও বাস্তব সম্মত ছিল, আজকের একবিংশ শতাব্দির জন্য নয়।

*ব্রাইট স্মাইল্*এর জবাব:
মে ২৬, ২০১০ at ৮:০৪ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

স্বতঃপ্রবৃত্ত হয়ে কোন মহিলা স্বামীর সাথে সহমরনে জ্বলন্ত চিতায় ঝাপিয়ে পড়লে সেটা সামাজিক রীতিনীতির পর্য্যায়ে পরে বলে একাল অথবা সেকাল কোনকালেই কি গ্রহনযোগ্যতা পাবার যোগ্যতা রাখে? আর ধর্মীয় কারনে যারা নির্যাতনের শিকার হন তারা সেই নির্যাতনটিকে সামাজিক রীতিনীতির জন্য স্বতঃস্ফুর্তভাবে বরন করে নিচ্ছেন এমনটি কি ভাবা যায়? এটা বলাই বাহুল্য যে নির্যাতনের শিকারটিকে পরকলের টোপ দেখিয়ে তার ব্রেইনটাকে ওয়াশ করে স্বতঃপ্রবৃত্তের ইমেজ আনা হয়।

অবশ্যই শিকারটির নিজের সম্পর্কে তথ্য দেয়ার কোন অবকাশ থাকেনা বা নির্যাতিতার তথ্যগুলো লিপিবদ্ধ করার কোন উপায় নির্যাতনকারীরা রাখেনা। নির্যাতিতার নিজের ইচ্ছা-অনিচ্ছা বলে কিছু থাকেনা বলেই আয়েশাকে যৌন নির্যাতন করা হয়েছে বলে তার নিজের কোন বয়ান আপনার চোখে পড়েনি।

---

11. 11

কবিরা গুনা
মে ২৬, ২০১০ সময়: ৮:৫৬ পূর্বাহ্ণ লিঙ্ক

বিসমিল্লাহির রাহামানির রহিম

Shahbaz Nazrul সাহেবের নিকট কতিপয় প্রশ্ন
শাহাবাজ নজরুল সাহেব আল্লাচালাইনার লেখাটি পড়িয়া বড়ই ক্রুদ্ধ হইয়াছেন বুঝা যাইতেছে। তিনি আল্লাচালাইনাকে ধোলাই দিবার মানসে একটি বেহেস্তী টু ডু লিস্ট বানাইয়াছেন। আর তাহা বানাইয়া উনি দারুন উৎফুল্ল। আসুন আমরা তাহার টু ডু লিস্টটি বিশ্লেষণ করি -

---

মা, বোন কিংবা মেয়ে সন্তান-দের সাথে সহবাস করা শুরু করুন। বিভিন্ন সুত্র থেকে যা দেখছি তাতে মনে হয় পশ্চিমা বিশ্ব এগগুলোকে দোষের কিছু মনে করে না।

উনি ধরিয়া লইয়াছেন মা, বোন কিংবা মেয়ে সন্তান-দের সাথে সহবাস করা ইসলামে নিষিদ্ধ। আর মুসলিম সম্প্রদায় ছাড়া সবাই দেদারসে অজাচার আর সহবাস করিয়ে বেড়াইতেছে। ইহা কি সত্য ? আপনারা কি হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান, নাস্তিক কাহাকেও আপন মা, বোন কিংবা মেয়ে সন্তান-দের সাথে সহবাস করিতে দেখিতেছেন? তা হইলে এই নৈতিকতা ইসলামের একচেটিয়া বলিবার মানে কি, বয়ান করিবেন নজরুল সাহেব? পশ্চিমা বিশ্বেই বা কয়জনকে আপনি দেখিয়াছেন যে অজাচার করিয়া বেড়াইতেছে?

আর অজাচারের জন্ম যদি দেখেন তবে কি আপনার ইসলামকে প্রথমে দোষ দেওয়া বাঞ্চনীয় নয়? আদম হাওয়া হইতে মনুষ্য সৃষ্টির কাহিনীতে আপনি বিশ্বাস করিলে আর তাহাদের সুসম্পর্ক হইতে মানব জাতি আসিয়া থাকিলে আপনি বলুন তো আদম হাওয়ার সন্তান সন্ততিরা কি অজাচার ছাড়া তাহাদের বংশবৃদ্ধি করিয়াছিলেন? ভাইবোনে সঙ্গম ছাড়া আপনার মতো আদমের সন্তানেরা পৃথিবীতে আসিল কিরূপে?

আরো দেখুন অজাচারের উদাহরণ আপনার মহানবীর (তাহার উপর শান্তি বর্ষিত হউক) জীবনেই রহিয়াছে। তিনি কি তাহার পালকপুত্র জায়েদের স্ত্রী জয়নবের মোহে দিওয়ানা হইয়া তাহার প্রতি লালায়িত হয় নাই? আপনি তাহার যোগ্য উত্তরসূরী হইয়া এহেন পরামর্শকে আপনার নিজের লিস্টেই নিরাপদে ঢুকাইয়া লইতে পারেন।

এক মেয়ে নিয়ে কম খাবেন কেন; পশ্চিমা গ্রুপ সেক্স পার্টিতে যোগ দিচ্ছেন না কেন? মদ, মাগী আর মাতালত্ব নিয়ে পুরোপুরি মাতোয়ারা হউন। উন্নত পশ্চিমা বিশ্বের পা চাটবেন আর তাঁদের মত পূরোপুরি হবেন না কেন?

মামুজান কি আজকে হার্ডকোর পর্ন দেখিয়া ব্লগে আসিয়াছেন নাকি ? আপনার বেহেস্তি ভাষায় তো তাহাই মনে হইতেছে। খালি পশ্চিমা বিশ্বকে দোষ দিতেছেন কেন ? গ্রপ সেক্স তো খোদ আল্লাহ তালাই অফার করিয়াছেন আপনাদিগের মত সাচ্চা ইমানদার আদমীকে। বেহেস্তে যে আপনি সত্তুরটি হুরীর সহিত একই সাথে সহবাস করিবেন, তাহা কি ভুলিয়া গেছেন জনাব?

আর আমাদের মহানবী (তাহার উপর শান্তি বর্ষিত হউক) ১৮ জন স্ত্রী, দুই জন স্লেভ গার্ল আর ময়মুনা খাওলাদের সহিত একই সাথে রাত্রি জাপন করিতেন [হাদিস শরীফে আছে তিনি এক রাত্রিতেই ১১ জন পার্টনারকে আনন্দ দিতে পারিতেন, তাহা কি ভুলিয়া গেছেন?] সব মাছেই কী না কী খায়, আর দোষ হয় 'পশ্চিমা মাছের' ?

মানুষেই সীমাবদ্ধ থাকছেন কেনো , প্রাণীকূলকে কেন আপনার মহা ভালোবাসা থেকে বঞ্চিত করবেন। পশুদের খামারে রান কাটানো শিখুন।

ইহাও আল্লাহ আপনার জন্য বরাদ্দ রাখিয়াছেন। আর তাহা ছাড়া, আপনার শয্যাশঙ্গী যখন আপনার সাথে রাত কাটানো শিখিয়াছেন, খামারে যাওয়াটা তাহার জন্য খুব বেশি কষ্টের ব্যাপার হইবে না আশা করি।

জাজাকাল্লাহ হাফিজ।

*আল্লাচালাইনা*এর জবাব:
মে ২৬, ২০১০ at ৫:৩৭ অপরাহ্ণ
@কবিরা গুনা, শুধু শুধু নিজের সময় নষ্ট করলেন , আপনার কি ধারণা জাহাবাজ নজরুল আপনার মন্তব্যের জবাব দেওয়ার জন্য ফিরে আসছে?

12. 12

আদিল মাহমুদ
মে ২৬, ২০১০ সময়: ৯:১৭ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি জানি না কিছু সংখ্যক ধার্মিক ভাই নাস্তিকদের প্রতি এইরকম হোলসেল ঘৃণা কিভাবে মনে পুষে রাখেন। প্রায়ই আজকাল ধর্ম বিষয়ক বিতর্কের এক পর্যায়ে অবধারিতভাবে শুনতে হয় যে ধর্মের খুব কঠিন প্রয়োযন এই কারনে যে ধর্মহীন মানুষ হল পশুতূল্য।

পাশ্চাত্যর ধর্মহীন মানুষ নাকি ভাই বোনের সাথে মা ছেলের সাথে অবাধে যৌনাচার করে বেড়াচ্ছে। এমন ধারনা অসম্ভব বলে মনে হলেও এক শ্রেনীর ধার্মিকেরা বড় গলা করেই দাবী করে যাচ্ছেন। আমি জানি না সমস্যা কোথায়, মানসিকতয় নাকি মস্তিষ্কে।

একটি উদাহরন এখানে দেখতে পারেন হাতে সময় থাকলে। ব্যাপক বিনোদনও পাবেন। বিবর্তনে অবিশ্বাসী এই ভদ্রলোকের সাথে হোরাস ভাই, আমি, এবং যুদ্ধদেব ধৈর্য্যের সাথে প্রথমে তাকে

ভদ্রভাবেই বোঝাতে চেষ্টা করি। এরপর পরিস্থিতি আয়ত্বের বাইরে চলে যায়। এই ভদ্রলোক পরে গায়ের ঝাল ঝাড়তে তার আরেকটি মুক্তো ঝরানো লেখায় দাবী করেছেন যে তিনি কোথায় নৌবিহারে গিয়ে নাকি স্বচক্ষে পশ্চীমের মানুষদের তেমন কার্যকলাপ ক রতে দেখেছেন।

মিঠুন এর জবাব:
মে ২৬, ২০১০ at ১:৩৮ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আদিল ভাই, এক বদ্ধ উন্মাদের সাথে আপনার তর্ক দেখলাম। কেন যান এইসব ফাউলদের সাথে তর্ক করতে? এরা তো ভদ্রতা জানেনা। মানুষকে তো এরা সম্মান দেয়না। তারপরও কেন যান এদেরকে বুঝাতে?

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৬, ২০১০ at ৫:২৪ অপরাহ্ণ
@মিঠুন,

উন্মাদদের নির্দ্বিধায় উন্মাদনা প্রচার করতে দেওয়াটা কি ঠিক? এদের কথা শুনে সাধারন ধার্মিক বহু লোকে বিভ্রান্ত হয়, ক্ষতি হয় পুরো সমাজের।

ধর্মের নামে এভাবেই হাজার বছর ধরে আবর্জনা জন্মেছে, কারন এগুলির বিরুদ্ধে কথা বলার তেমন উপায় ছিল না। আগে ইন্টারনেট বা মিডিয়া ডিজিটাল মিডিয়া না থাকার কারনে প্রতিবাদের একমাত্র উপায় ছিল সামনাসামনি, তাতে এসব উন্মাদসম লোকেরা সবসময়ই সুবিধে পেয়েছে। ভিন্নমতের লোককে গায়ের জোরেই দাবাতে পেরেছে।

এখন আর তা সম্ভব হচ্ছে না। সে অভদ্র হোক আর যাই হোক, আমিও তো তাকে ছাড় দেইনি ।

13. 13

মুক্তমনা এডমিন

মে ২৬, ২০১০ সময়: ৯:২০ পূর্বাহ্ণ লিঙ্ক

এই পোস্টে আলোচনাকারীদের নোংরা দিকে আলোচনাকে নিয়ে না যাবার জন্য অনুরোধ করা হচ্ছে। আলোচনা যদি অনাকাংক্ষিত পরিবেশ সৃষ্টি করে তবে মুক্তমনা থেকে যথায থ ব্যবস্থা নেয়া হবে।

14. 14

ফরিদ আহমেদ

মে ২৬, ২০১০ সময়: ১১:০৭ পূর্বাহ্ণ লিঙ্ক

দুর্ভাগ্যজনকভাবে মুক্তমনার মডারেটর হবার কারণে আগ্রহ না থাকার পরেও শুধুমাত্র দায়িত্বের কারণে সব লেখাগুলো বা মন্তব্যগুলোতে একবার হলেও চোখ বুলিয়ে যেতে হয়। এটা যে কী পরিমাণ একটা কষ্টের এবং দুর্বিষহ অত্যাচারের কাজ তা একমাত্র আমি আর অভি ছাড়া আর কেউ জানে না।

চৌদ্দশ বছর আগে মরে ভুত হয়ে যাওয়া এক লোক, তার স্রষ্টার কাছ থেকে পাওয়া এক হাস্যকর ধর্মগ্রন্থ, তার প্রচারিত এক মধ্যযুগীয় এবং মধ্যপ্রাচীয় ধর্ম আর সেই ধ র্মের প্রতি প্রশ্নহীন আনুগত্য স্বীকারকারী লোকজনকে নিয়ে মুক্তমনায় যে পরিমাণ ত্যানা প্যাচানো হয় তা রীতিমত বিরক্তিকর পর্যায়ে চলে গেছে। লেবু বেশি কচলালে যেমন শুধু তিতাই ঝরে , এই সমস্ত আলোচনা থেকে এখন ছলকে ছলকে শুধু তিক্ততাই বের হচ্ছে। এই তিক্ততার মধ্যে এখন নব্য সংযোজন হচ্ছে যৌনতাভিত্তিক নোংরা কথামালা দিয়ে বাদানুবাদ করা।

পাঠকদের কী অবস্থা জানি না। তবে আমি সত্যি সত্যিই ক্লান্ত, বিরক্ত, বিতৃষ্ণ এবং বড্ড অসহায়। মুক্তমনা থেকে কোনভাবে যদি ছুটি নিতে পারতাম কিছুদিনের জন্যে তবে এই সমস্ত লেখাগুলোকে বুড়ো আঙুল দেখিয়ে জীবনানন্দের একটা কবিতার বই নিয়ে বসে থাকতাম নীল জলের পাশে।

মিঠুন এর জবাব:
মে ২৬, ২০১০ at ১২:৩৪ অপরাহ্ণ
@ফরিদ আহমেদ,

আতিক রাঢ়ী এর জবাব:
মে ২৬, ২০১০ at ৪:৪০ অপরাহ্ণ
@ফরিদ আহমেদ,



আল্লাচালাইনা এর জবাব:
মে ২৬, ২০১০ at ৫:২৮ অপরাহ্ণ
@ফরিদ আহমেদ, আপনার মতামতকে গুরুত্বের সাথে নিলাম। অন্যান্য সদস্যদের ভালোর জন্য আপনার কষ্টকর দায়িত্ব কাধে তুলে নেওয় ও পালন করে চলাকে সাধুবাদ জানাচ্ছি।

কিছু মানুষ কষ্ট করে ত্যানা পেচিয়ে আমাকে বিরক্ত করে তুলতে পেরেছিলো বলেই বোধহয় তাদের লেখাগুলো পড়ে আজ আমি মুক্তমনা , নাহয় বোধহয় ইসলাম ছাড়া আমার জন্য কষ্টকর বা অসম্ভব কিছুই হতো। আমি অনুধাবন করতে পারতাম না কেনো চৌদ্দশ বছর আগে মরে ভুত হয়ে যাওয়া এক লোক, তার স্রষ্টার কাছ থেকে পাওয়া এক হাস্যকর ধর্মগ্রন্থ, তার প্রচারিত এক মধ্যযুগীয় এবং মধ্যপ্রাচীয় ধর্ম আর সেই ধর্মের প্রতি প্রশ্নহীন আনুগত্য স্বীকারকারী লোকজনকে না বলতে হবে। আমি যেই অবস্থার ভেতর দিয়ে যাচ্ছি তা আপনি অনেক আগেই অতিক্রম করে ফেলেছেন। আমিও আশা রাখি একসময় এটা অতিক্রম করে ফেলে জীবনানন্দের একটা কবিতার বই নিয়ে বসে থাকতে পারবো নীল জলের পাশে। ততদিন পর্যন্ত আমরা যেনো ভালো থাকি। অপ্রাসঙ্গীক হলেও একটা কথা জানবেন মানুষকে ঘৃণা করিনা কখনোও।

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৬, ২০১০ at ৫:৪৭ অপরাহ্ণ
@ফরিদ আহমেদ,

ফরিদ ভাই এর কথায় কিছুটা দ্বি-মত করতে হচ্ছে। যে প্রসংগ নিয়ে উনি বিরক্ত সে প্রসংগটা খুবই নোংরা এবং অপ্রীতিকর হলেও এড়িয়ে যাওয়া ঠিক নয়। হয়ত এই লেখার প্রসংগে নয়, তবে এ বিষয়ে ভাল বিশ্লেষনী লেখা এখনো তেমন দেখিনি।

ধর্ম জগতের প্রায় সবারই মোটামুটি কমবেশী তেমন ধারনা থাকে , আমার নিজেরও অতটা প্রকট না হলেও কিছুটা আছে। ধর্মহীন সমাজ পুরোপুরী নৈতিকতা বিহীন হয়ে যাবে কিনা এ বিষয়টা ভালভাবে ব্যাখ্যা করা দরকার।

ধর্ম এবং বিজ্ঞান বিষয়ক লেখালেখির কারনেই মুক্তমনার বিশেষত্ব বলেই আমার মনে হয়। কাজেই ঢিল ছোড়া হয়ে গেলে যেমন আর ফেরানো যায় না তেমনি ধর্মীয় লেখা বাদে মুক্তমনাও আর ভাবা যায় না।

15. 15

ভবঘুরে

মে ২৬, ২০১০ সময়: ১২:০৫ অপরাহ্ন লিঙ্ক

ফান্ডিদের দুটি ব্রহ্মাস্ত্র রয়েছে। এক, তুমি দোজখে যেতে যাচ্ছো। আর দুই , ইসলাম সম্পর্কে তুমি কিছুই জানোনা, তোমার আরও পড়াশুনা দরকার।

আপনার বক্তব্য যে কতটা সঠিক তা আমি হাড়ে হাড়ে টের পেয়েছি। একটা নারীকে সূরা নিসার ৩৪ নম্বর আয়াত পড়ে ইসলামে নারীদেরকে কতটা মর্যাদা দিয়েছে জানতে চাইলাম , তো সে বলল- আমাকে আরও বেশী পড়তে হবে। যদিও আমার যথেষ্ট সন্দেহ সে নিজেই কিন্তু বেশী না পড়ে কাঠ মোল্লা বা ইদানিংকার তথাকথিত ইসলামী চিন্তাবিদদের কথাই উদ্ধৃত করেছে। আমি তাকে প্রশ্ন করলাম উক্ত আয়াতে তো সব কিছু অত্যন্ত সুস্পষ্টভাবে নারীদের উপর পুরুষরা কর্তৃত্ব করবে সেটাই বলা হয়েছে, এটা বুঝতে আরও কি পড়তে হবে। সে কোন উত্তর না দিয়ে চুপ করে বিষয় পরিবর্তন করে ফেলল। তো এই হলো ব্রেন ওয়াশ। নারীরা সরাসরি দেখার পরও , তারা নির্যাতিত ও অপমানিত হবার পরও তাদের বিশ্বাসে কোন ঘাটনি নেই। হে আল্লাহ, পরোয়ার দিগার, তুমি সত্যি সত্যি এদের হৃদয়ে কঠিন সিল মেরে দিয়েছ। এমন সিল যা কোন কিছু দিয়েই উঠানো সম্ভব নয়। এখন কি দয়া করে এমন কোন ইরেজার পাঠিয়ে দেবে যা দিয়ে সে সিল তুলে ফেলা যায় ও নারীরা অত্যাচার ও অপমানের হাত থেকে রক্ষা পায় ?

16. 16

ব্লাডি সিভিলিয়ান

মে ২৬, ২০১০ সময়: ১:৫৬ অপরাহ্ণলিঙ্ক

লেখাটা একা যেমন বলেছেন: অগ্নিগিরির উদ্গীরণ।

লেখা শক্তিশালী। লেখায় ব্যঙ্গ, হুল, ধার, সৌন্দর্য সবই ফুটেছে দারুণ। কিছু ব্যাপার অবশ্য নিতান্তই পানসে হয়ে গেছে আক্রমণের তীব্রতায়। আসল দুর্বলতা ঢেকে এসব দিকেই চোখ পড়বে বিরুদ্ধতাবাদীদের।

তবে, আপনার কাছে একটা অনুরোধ।

এসব নিয়ে লিখছেন, লিখুন। এসব নিয়ে আপনি ছাড়াও আরো অনেকেই লিখবেন। কিন্তু , আণবিক জীববিজ্ঞানে আপনার দক্ষতা বা শিক্ষার ফলাফল হিসেবে সে-বিষয়টি নিয়ে লেখার মতো লোক শুধু ব্লগে নয়, বাংলা ভাষার বিজ্ঞানলেখকদের মধ্যেই আছেন কি না সন্দেহ।

তাই, অভিজিতের সাথে সুর মিলিয়ে এ-নিয়েও আপনার লেখার জোর দাবি জানাচ্ছি। দরকার হলে ওতেই আপনি তুলোধুনো করুন না সৃষ্টি বা আইডিবাদীদের।

আরো লেখার জোরদার দাবি জানাচ্ছি।

পু: লেখার কোথাও কোথাও হুমায়ুন আজাদের শৈলী চোখে পড়লো।

*আল্লাচালাইনা*এর জবাব:

মে ২৬, ২০১০ at ৪:৩১ অপরাহ্ণ

@ব্লাডি সিভিলিয়ান, হ্যা লিখবো সেটা নিয়েও লিখবো আশা আছে ভবিষ্যতে কোন সময়। আর না হুমায়ুন আজাদের শৈলী কোথাও ছিলো না, প্রাপ্যের চেয়ে বেশী প্রসংশা করে ফেলেছেন বোধহয়।

17. 17

oni

মে ২৬, ২০১০ সময়: ৩:২০ অপরাহ্ণ লিঙ্ক

“ভোগবাদ” কি আমন্ত্রনিয়? মানবতাবাদ কি শুধু ধর্মে বাধাগ্রস্থ ? গঠনমূলক আলোচনা কি নিজেদের বাইরে রেখে বাকী সবকিছুর সমালোচনা ? ধর্মের দ্বারা সমাজে কোন প্রকার সুফল কি ইতিহাস কখনোই দেখেনি? “পরিনয়” নির্ধারণ করে আলোচনায় যুক্তির ব্যাবহার কি নিজের মুক্তমন টা কে বদ্ধ করার প্রয়াস বলা যায়? আমি এক বন্ধুর কাছ থেকে জানতে পেরে এই সাইটে আসা শুরু করলাম এবং বেশ কিছু আলচনাকারীর লেখায় মুগ্ধ হয়ে নিজেকে গঠন করার লক্ষ্যে নিয়মিত লেখা গুলো পড়ার চেষ্টা করছি। আমার মনে উপরের প্রশ্নগুলো জেগেছে প্রবন্ধটা পড়ে,কোন “মুক্তমনা” যদি একটু দেখে কিছু বলতেন তবে বোধ করব পরীক্ষা র আগে “মুক্তমনা” তে মূগ্ধ হয়ে সময়ের মূল্য দিয়েছি। মূল্যবোধ গঠনের উপায়ই মানুষের মতামত গ্রহন , আর মতামত তৈরীর উপায়ই তো মত প্রকাশ। ধন্যবাদ- সূখী হোক মানুষ

আল্লাচালাইনা এর জবাব:

মে ২৬, ২০১০ at ৫:৫০ অপরাহ্ণ

@oni,

ধর্মের দ্বারা সমাজে কোন প্রকার সুফল কি ইতিহাস কখনোই দেখেনি ?

আমি আপনার কাছে জানতে চাইব ধর্ম আমাদের কি দিয়েছে যেটা ধর্ম ছাড়া মানব সমাজের অন্য আর কোন কর্মকান্ড দিতে পারতো না। এমনকি নুহ , মেরাজের গল্পের চেয়ে হাজারগুনে উতকৃষ্ট গল্প আমাদের দিতে পারে হ্যারি পটার কিংবা লর্ড অফ দ্যা রিংস।

Oni এর জবাব:

মে ২৬, ২০১০ at ৯:০৩ অপরাহ্ণ

@আল্লাচালাইনা,
মানব সমাজের কর্ম-কান্ডের মাঝেই ধর্ম অন্তর্গত।এক ছাতার নিচে সবাই কে নিয়ে এসে শক্তিশালী গোত্র তৈরী করার লক্ষেই মানব সমাজে ধর্মের উৎপত্তি।
আপনি বলেছিলেন :

মানব সমাজের অন্যান্য কর্ম-কান্ডের চেয়ে ধর্ম যেটা দিয়ে বেশ সফল হয়েছিল তা হল দূর্বল,আশাহত,অত্যাচারীত,শোষিতদের বেচে থাকার এবং সূখী হবার প্রেরনা। "ঈশ্বর/আল্লাহ/ভগবান দূর্বলের সাথে থাকে"- "অত্যাচারীদের শাস্তি সয়ং ঈশ্বর দিবে" - "ইহকালে বন্চনার শিকার মানুষ পরকালে অনন্ত সুখ পাবে" ,এই সকল "মিথ্যা" দ্বারা পরাজিত মানুষদের কষ্ট লাঘব করেছে ধর্ম।এবং সেই সাথে অনেক আস্তিক অপরাধীদের " পাপের শাস্তি পরকালে বীভিষীকাময় "- এই ভয় দেখিয়ে দমন করেছে।ধর্মের এই চরমপন্থী হুশিয়ারি শুধু ভাগ্যহতদের সপ্নই দেখায়নি বরং তাদের ক্ষোভ দমন করতেও সহায়ক ছিল। সেই ক্ষোভের বহিঃপ্রকাশ হলে সমাজ হত চরম অরাজক। যেহেতু সংখ্যায় ধর্মপালনকারীরা গরিষ্ঠ সূতরাং সামাজিক নিরাপত্তাবিধানে ধর্মের চরমপন্থী ধরনের "মৃত্যু পরবর্তী রূপকথাগুলো"
মানব সমাজের নিরাপত্তাবিধানে বেশ অবদান রেখেছে।
মানুষের মেধাবিকাশে সহায়ক মাধ্যমগুলো বিজ্ঞানযুগে এসে প্রভূত উন্নতি করায় মানুষ আজ স্বয়ং সম্পূর্ন হবার পথে (পথে বলার কারন বর্তমান বিশ্বপরিস্থিতি) তাই আজ আর ধর্মের প্রয়জন নেই "সামাজিক সভ্য" হবার জন্য তবুও ইতিহাসে একটা উল্লেখযোগ্য সময় ধর্ম কি আমাদের "সামাজিক সভ্য" করে রাখেনি? আপনার প্রশ্ন ছিল ধর্ম কি দিয়েছে যা সমাজের অন্য আর কোন কর্মকান্ড দিতে পারতো না। আমি ব্যাখ্যা করার চেষ্টা করলাম যে সামাজিক নিরাপত্তা বিধানে ধর্ম অন্য কর্মকান্ডের চেয়ে কিছুটা সফল ছিল একটা সময়।
নূহ অথবা মেরাজের গল্প তো গল্পকে তো গল্পই বললেন তবে আমি কিন্ত
বিদেশি ঐসব গল্পগুলোর থেকে বেশি উতকৃষ্ট মনে করি ঠাকুরমার ঝুলি অথবা চায়নিজ রূপকথা কারন এইসব গল্পে মানবাতাবাদ ছিল মূলে।
ধন্যবাদ আপনাকে,
সূখী থাকবেন, সূখে রাখবেন , স্বদেশ গড়ে তুলবেন।

*অভীক*এর জবাব:
মে ২৭, ২০১০ at ১১:৪৭ অপরাহ্ণ
@Oni,
আপনি বলেছেন
অনেক আস্তিক অপরাধীদের " পাপের শাস্তি পরকালে বীভিষীকাময় "- এই ভয় দেখিয়ে দমন করেছে।

বিশ্বের ইতিহাসে যত বড় রকমের বিভীষিকাময় অপরাধ ঘটেছে তার বেশিরভাগই ঘটিয়েছেন এমন কেউ, ঈশ্বরের প্রতি যার অগাধ আস্থা ছিল। আশা করি আমাকে উদাহরণ দিতে হবে না। আপনি এই পেজের উপরের ব্যানারে আইনস্টাইনের উক্তিটি না হয় আর একবার পড়ে নিন।

বিপ্লব পাল এর জবাব:
মে ২৮, ২০১০ at ১:৪০ পূর্বাহ্ণ
@অভীক,
নাহ। গণঘাতকেদের সাথে আস্তিকতা বা নাস্তিকতা না আনায় ভাল। কারন স্টালিন বা পলপট যেকোন ধার্মিকের থেকে বেশী লোক মেরেছেন।
হিটলার স্টালি্ন এদের থেকে একটাই সত্য বেড়িয়ে আসে-

মানুষের থেকে উঁচুতে আদর্শবাদকে যখন বসানো হয় - সমস্যার শুরু কিন্ত সেই খানে। ইসলাম পালন কোন গুণাহ না-কিন্ত কেও ইসলামে মুগ্ধ হয়ে, ইহা সবাইকে পালন করতে হইবে বলে প্রতিবেশী বিধর্মীদের ওপর ঝাঁপিয়ে পড়ে-তাহলে মুশকিল। কমিনিউ্জমের সমস্যাও সেখানে। তারাও প্লুরালিজমে বিশ্বাস করে না-ফলে খুন করতে দ্বিধা বোধ করে না।



Oni এর জবাব:
মে ২৮, ২০১০ at ১:৫১ পূর্বাহ্ণ
@অভীক,আপনার উদ্দেশ্যে আমি যা বলতে চেয়েছিলাম বিপ্লব পাল একদম তাই বলেছে বরং আমার সম্ভাব্য জাবাবের চেয়ে অনেক ভাল করেই তিনি বলেছেন।
আমি শুধু উনার সাথে চরম সহমত প্রকাশ করছি।
“সবার উপর মানুষ সত্য”

18. 18

Oni

মে ২৬, ২০১০ সময়: ১১:৫৫ অপরাহ্ণ লিঙ্ক

অন্তর্জালে এবং বাংলায় আগে কখনো না লেখার কারনে আমার লেখায় প্রচুর বানান ভূল এবং লেখনীও বেশ দুর্বল এবং এই সাইট টি আগে কখনো ব্যাবহার না করায় "উদ্ধৃতি" করতে ব্যার্থ হয়েছি এবং তা কেবল প্রকাশের পর বুঝতে পারায় সম্পাদন করা সম্ভব হল না , এর জন্য আমি দুঃখিত। আমি এমনিতেই আশাবাদি এবং এখনো আশা করছি আমার দুর্বল লেখাটি আপনাদের গুনী পাঠকচোখ ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবে।

এই পাতায় অপ্রাসঙ্গিক, তবে গীতিকার প্রিন্স মাহমুদ রচিত এবং আমার পছন্দের দুটি লাইন উল্লেখ করছি। যা আমাকে আশাবাদী করে এবং আপনাদেরও জানাতে ইচ্ছে করছে :

" অভিলাষী মন চন্দ্রে না পাক
জোছনায় পাক সামান্য ঠাঁই"

19. 19

আকাশ মালিক

মে ২৭, ২০১০ সময়: ৭:৩৪ পূর্বাহ্ণ লিঙ্ক

ইতিমধ্যে অনেক তর্ক হয়ে গেছে। ওনেকেই হয়তো আমার সাথে একমত হবেন না, তা জেনেও প্রবন্ধটি নিয়ে আমার ব্যক্তিগত মতামত ব্যক্ত করবো।

শিরোনামের সাথে মিল রেখে দারুণ উপসংহার টেনেছেন। ইসলাম ও ইসলাম অনুসারীদের নিয়ে এমন বাস্তব প্রামাণিক যুক্তিনির্ভর সমালোচনামুলক প্রবন্ধটির মধ্যভাগে ৬ষ্ঠ প্যারাগ্রাফটা যেন বেমানান মনে হলো। **আসলে ইসলাম ঠিক কি চায়?** এখান থেকে শুরু করে **He just loves popping them, তাই না?** এতটুকু কথা উচু মানের এমন সিরিয়াস একটি প্রবন্ধে না থাকলেও চলতো। যথেষ্ট যুক্তি প্রমান দিয়ে আল্লাহ, মুহাম্মদ, কোরান, হাদীস ও ইসলাম সম্মন্ধে সিদ্ধান্ত নেয়ার পথ খোলে দেয়া বা দেখিয়ে দেয়া হয়েছে এই প্রবন্ধে। এরপর মুহাম্মদকে চেনার ভার , তাকে কোন নামে ডাকা উচিৎ, তা পাঠকের উপর ছেড়ে দিলেই হয়তো মানাতো ভাল।

সব শেষে আগামীতে এরকম যুক্তিনির্ভর (শুদ্ধ বানানের) আরো লেখা চাই-

*আনোয়ার রানা*এর জবাব:

মে ২৭, ২০১০ at ৪:৩৭ অপরাহ্ণ

@আকাশ মালিক,

20. 20

আইভি

মে ২৭, ২০১০ সময়: ১১:৪০ অপরাহ্ণলিঙ্ক

“ইতিহাসের অন্যতম কুখ্যাত সেক্স অফেন্ডার হযরত আল্লার প্রেরীত পুরুষ এবং সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ। সে শিশুনির্যাতনের সাথে জড়িত ছিলো এবং সে এটা করে কোন অপরাধ করেনি।”

-আসুন, আজ ১৪০০ বছুর পর এই অপরাধের বিচার করি। তা বিচারের ক্ষেত্রে নির্ভরযোগ্য সূত্রের প্রয়োজন- যে তিনি শিশু নির্যাতনের সাথে জড়িত ছিলেন।

প্রথম প্রমাণ হাদিস। কিন্তু সেগুলোতো শোনা কথার সংগ্রহ, যা নবী মুহম্মদের মৃত্যুর প্রায় ২০০ বছর পর সংগৃহিত। কথিত মুসলিম সমাজ এই শোনা কথাকে জীবন পথের পাথেয় ভাবলেই কি যুক্তিবাদী আদালত তা প্রমাণ হিসেবে গ্রহণ করবে?

দ্বিতীয় প্রমাণ ইবনে ইশাকের নবীর সীরাত। কিন্তু কালের প্রমাণে দেখা গেছে সেটাও অতিরঞ্জিত। সত্য কোনটা?

তৃতীয় প্রমাণ, নবীর সমসাময়িক ইতিহাস (আনুমানিক ৫৭০-৬২২ খ্রীঃ) অথবা, তার মৃত্যুর ১০, ১২ বা ৫০ বছরের মধ্যে লিখিত ইতিহাস। সেই ইতিহাস কি আমাদের হাদিসবিদরা দেখাতে পারবে? তাঁর সমসাময়িক আরবদেশগুলো না হোক, তার আশে-পাশের দেশগুলোও কি ইসলামের নবীর কোন ইতিহাস লেখেননি বা তার সম্বন্ধে লিখে যায়নি? সেগুলো কোথায়?

কোন যুক্তির ভিত্তিতে আমরা তাকে শিশু নির্যাতনকারী বলছি ? ইমামগণ যে হাদিসগুলো সংগ্রহ করে গেছেন তার বেশিরভাগই যুক্তি , বিচারশক্তি, ও রেফারেন্স-ক্রসরেফারেন্সে সহজেই ভুয়া বলে প্রমাণ করা যায়। যারা ইসলামের ইতিহাস লিখেছেন তারা কি সত্যি সাধু লোক ছিলেন না কি এর পিছনে রাজনীতিও কাজ করেছে? তারা যে মুহম্মদের নামকে ঢাল হিসেব ব্যবহার করেনি -সে সম্বন্ধে এত নিশ্চিত হলেন কি করে?

নবী মুহম্মদ যে শিশুনির্যাতনকারী ছিলেন তার সঠিক সূত্র বা প্রমাণ চাই –না পাওয়া পর্যন্ত আমি আপনার কথার সাথে কেন সহমত পোষণ করবো বা মেনে নেব?

সৈকত চৌধুরী এর জবাব:
মে ২৮, ২০১০ at ১:৫৩ পূর্বাহ্ণ
@আইভি,
মুহাম্মদের জীবনীর সবই তো হাদীস। এখন হাদীস বাদ দিলে মুহাম্মদ সম্পর্কে জানতে হলে কোথা থেকে জানব?? কোরান থেকে যা জানা যায় তাও তো খুব সুবিধাজনক নয়, এছাড়া ত্যানা পেচানো তো চলছেই। এখন আমার প্রশ্ন -
১। আয়েশাকে বিয়ে সম্পর্কিত হাদীসগুলোকে কেন মিথ্যা বলতে যাব? এই হাদীস গুলো মিথ্যে বলে আপনাকেই আগে প্রমাণ দিতে হবে, তাই না??
২। ইসলামে এতকাল ধরে শিশুবিবাহকে বৈধ বলে ধরা হয়েছে কিসের ভিত্তিতে?
৩। কোরানে মুহাম্মদকে উসওয়াতুন হাসানাহ বা সর্বোত্তম আদর্শ বলা হয়েছে। এখন মুহাম্মদের আদর্শ কোত্থেকে পাবেন হাদীস ছাড়া? পাঁচ বার নামাজ পড়ার কথাও তো কোরানে নেই।
৪। কোরানকেই বা কেন দলীল হিসাবে গ্রহণ করবেন? কোরানকে আল্লাহ কর্তৃক প্রেরিত বলে কী প্রমাণটা আপনারা দিয়েছেন??

*আইভি*এর জবাব:
মে ২৮, ২০১০ at ২:৫৭ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

আয়েশাকে বিয়ে সম্পর্কিত হাদিস অন্য হাদিসের মতই শোনা কথা। এই কথা কোন নথিপত্র ছাড়াই একসময় কতিপয় ব্যক্তি দ্বারা সংগ্রহিত হয়েছিল (যার সম্বন্ধে বলা হল তার মৃত্যুর প্রায় ২০০ বছর পর)। এখন মৃত ব্যক্তি তো আর কবর থেকে উঠে এসে বলতে পারবে না কি করেছিল , তাই শোনা কথার সত্য মিথ্যে যাচাইটা হবে কি করে? সেক্ষেত্রে যারা এই হাদিস সংগ্রহের সাথে জড়িত ছিল তাদের ইতিহাস, সংস্কৃতি, আর রাজনীতির ব্যবহারটাও তো হিসেবে আনা উচিত। নবীর নামে যা বলব তাই সঠিক সেটা এই ইমাম নামধারী ব্যক্তিদের বইগুলো পড়লেই বোঝা যায়।

মুহম্মদের আদর্শ বা তার জীবন কাহিণী সঠিক ভাবে না পেলেই কি যা গল্প হিসেবে প্রচলিত তাই কি তার জীবন কাহিণী হিসেব ধরে নিয়ে চরিত্র বিশ্লষণে বসতে হবে? এটাতো হবে প্রমাণহীন কথার উপর কচকচানি।

কোরান সংক্রান্ত বিষয়ে এখানে আলোচনা করতে চাইনা। ইতিহাসের মধ্যেই বিষয়টি সীমাবদ্ধ রাখুন। আমি আস্তিক বলে যেখানে-সেখানে বিষয়টি টেনে আনবেন না।

সঠিক তথ্যের ভিত্তিতেই যে কারো চরিত্র বিশ্লিষিত হওয়া উচিত। যদি মনে করেন এই হাদিস সংগ্রহকারীগণ তাদের জন্মের ২০০ বছর আগের মুহম্মদের জীবন কাহিনী সঠিকভাবেই বলে গেছেন তা হলে বলার কিছু নেই। আর হাদিস যে মিথ্যা তা আমাকে বা প্রমাণ করতে হবে কেন ? যারা এর ব্যবহার করবে তাদেরকেই প্রমাণ দিতে হবে যে– এই ঘটনাগুলো সত্য এবং তা রেফারেন্স হিসেবে ব্যবহার করা যায়।

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৮, ২০১০ at ৩:৩৬ পূর্বাহ্ণ
@আইভি,

আপনি যে যুক্তিতে হাদীস বা নবীর জীবনিতে সংশয় প্রকাশ করেন তেমন তো পৃথিবীর যে কোন প্রাচীন ইতিহাস নিয়েই সন্দেহ করা যায়। সম্রাট নিরো নিষ্ঠুর ছিলেন এর বিরুদ্ধে যুক্তি হিসেবে যদি কেউ বলেন যে তিনি তো কবর থেকে বেরিয়ে এসে ডিফেন্ড করতে পারছেন না তবে কেমন শোনায়? সাধারনভাবে এটা তো সত্য যে ইতিহাস সবসময় জয়ী পক্ষই লেখে।

সে যাক, এ নিয়ে তর্ক করা বৃথা। আমি তো ইসলাম ডিফেন্ডারদের দেখি তারা নবীজির এসব বাল্যবিবাহ, বহুবিবাহ, গনীমতের মাল হিসেবে রমনী গ্রহন এসবের পালটা হিসেবে কেউ এসব অস্বীকার করেন না। তারা নানান যুক্তি দিয়ে এসব কাজকারবারে দৃষ্টিকটূ কিছু নেই এটাই প্রমান

করার চেষ্টা করেন। সেসব কতটা হাস্যকর শোনায় সেসব সে আর নাই বা বললাম। যতদিন না এসব হাদীস, ইসলামী ইতিহাস পরিষ্কার করতে পারবেন (আপনাদের দাবীমত যা মিথ্যা) আর এসব ইসলাম ডিফেন্ডাররা এভাবে গলাবাজী করবেন ততদিন এসব যুক্তিবাদীরা কথা বলেই যাবে। এদের দোষ দেওয়া যাবে কিভাবে? খোদ ইসলাম ডিফেন্ডাররাই তো এসব ইতিহাস পূতপবিত্র বিবেচনা করে হাজার বছর ধরে লালন পালন করছে, কেউ সামান্য সংশয় প্রকাশ করলে তেড়ে আসছে।

আপনার কাছে ছোট একটা প্রশ্ন; ইসলামের প্রকৃত ইতিহাস বলে আসলে কিছু নেই ? থাকলে সেটা কোথায় পাওয়া যাবে?

আর যদি সেটা নাই বা থাকে তাহলে খোদ নবীজির সম্পর্কে আসল তথ্য কিভাবে জানা যাবে? নবীজিকে অনূসরন করার ব্যাপারে কিন্তু কোরানেই আয়াত আছে।

*আইভি*এর জবাব:
মে ২৮, ২০১০ at ৫:০৩ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

যদি হাদিস বইগুলো নিয়ে একটু বিশ্লেষন করেন দেখবেন নবীর চরিত্রের যে বিশেষণগুলো বের হয়ে আসে তা খুবই বিপরীতমুখী। একটা মানুষ একই সাথে দয়ালু আবার অত্যাচারী হয় কি করে ? তারমানে কি, তথ্যে ভেজাল মেশানো আছে! সেই ভেজাল মেশানো তথ্য এতদিন পালন করার পর এখন যদি কেউ তা নিয়ে প্রশ্ন করে তাতে তো তাড়া খেতেই হবে।

আপনার কাছে ছোট একটা প্রশ্ন; ইসলামের প্রকৃত ইতিহাস বলে আসলে কিছু নেই ? থাকলে সেটা কোথায় পাওয়া যাবে?

এটা তো আমারো প্রশ্ন?যা জানিনা তার উত্তর দেব কি করে? নবী মুহম্মদের সমসাময়িক সময়ের ইতিহাস কি কেউ লিখে রেখে যাননি? থাকলে সেগুলো কোথায়? কেন সেই সময়ের কোন নথিপত্র খুঁজে পাওয়া যায় না বা থাকলেও আমাদের জানতে দেয়া হয়না ?

আর যদি সেটা নাই বা থাকে তাহলে খোদ নবীজির সম্পর্কে আসল তথ্য কিভাবে জানা যাবে? নবীজিকে অনূসরন করার ব্যাপারে কিন্তু কোরানেই আয়াত আছে।

এই বিষয়টা আলোচনায় গেলে অনেক বড় হয়ে যাবে। নবী সম্পর্কে এখন যদি আসল তথ্য না পাই তো কি করবো? নবীকে তো কোরান মেনেই চলতে হয়েছে। এখন যদি সেই কোরানই আমরা মানি তাহলে কি নবীকে অনুসরন করা হবে না ?



ব্রাইট স্মাইল্ এর জবাব:
মে ২৮, ২০১০ at ৬:৫০ পূর্বাহ্ণ
@আইভি,

এখন যদি সেই কোরানই আমরা মানি তাহলে কি নবীকে অনুসরন করা হবে না ?

কিন্তু কোরানের নির্দেশ আক্ষরিকভাবে মানা যাচ্ছেনা যতক্ষন না আমরা নবীকে অনুসরন করতে পারছি কারন কোরানে নির্দেশ আছে নবীকে অনুসরন করতে। আবার নবীকে অনু সরন করতে হলে হাদিস তথা নবীর ইতিহাস জানা দরকার।

এটা একটা আশ্চর্য্যের ব্যাপার যে আল্লাহ কি করে এমন একটি নির্দেশ কোরানে রাখলেন যেখানে আল্লাহ অবশ্যই জানতেন যে নবীর আসল ইতিহাস রক্ষনাবেক্ষনের কোন ব্যবস্থা মানুষ করতে পারবেনা। তাহলেতো কোরানের আয়াতগুলোও যথাযথভাবে রক্ষনাবেক্ষন করা হয়েছে কিনা সে বিষয়ে সন্দেহের অবকাশ থেকে যায়। কারন আমরা তো এটা বলতে পারিনা যে কোন ভুল আয়াত আল্লাহ কোরানে রেখে দিয়েছেন।

বিপ্লব পাল এর জবাব:
মে ২৮, ২০১০ at ৮:২৩ পূর্বাহ্ণ
@আইভি,

। একটা মানুষ একই সাথে দয়ালু আবার অত্যাচারী হয় কি করে ?

প্রতিটা মানুষের মধ্যেই বৈপরীত্ব থাকে- দয়ালু এবং অত্যাচারী চেঙ্গিস খান-দুই চেঙ্গিস খানই বাস্তব। এটি সব মানুষের জন্যে সত্য। যারা ভাবে মহম্মদ শুধু অত্যাচারী আর ইন্দ্রিয়পরায়ণ এক পুরুষ-তারাও

ভুল। আবার যারা মহম্মদকে দয়া এবং সংযমের অবতার ভাবে গ্রহন করে তারাও নির্বোধ। বাস্তব হচ্ছে উনি ১৪০০ বছর আগে জন্মানো একজন বুদ্ধিমান এবং দূরদর্শি মানুষ -যার মধ্যে মানুষ হয়ে জন্মানোর জন্যে ভালমন্দ সবকিছুই ছিল। এটি বুদ্ধ, চৈতন্য, খ্রীষ্ঠ সবার জন্যেই সত্য।

সেই একই যায়গায় আমরা আটকে যাচ্ছি। মানুষ। হিন্দু - মুসলমান- মহম্মদ- রামকৃষ্ণ-কেহই এই মানব প্রকৃতির বাইরে না। এটা তাদের ভক্তরা বুঝতেই চায় না। সেখানেই সব বিপত্তি। অথচ এদেরকে মানুষ হিসাবে গ্রহণ করলেই জগতের মঙ্গল হত বেশী।

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৮, ২০১০ at ১০:১১ পূর্বাহ্ণ
@আইভি,

"একটা মানুষ একই সাথে দয়ালু আবার অত্যাচারী হয় কি করে ?"

- টিপিক্যাল গল্প উপন্যাস/সিনেমার চরিত্র বাদে বাস্তব জীবনে বেশীরভাগ মানুষই আসলে ভালয় মন্দে মেশানো হয়। গল্প উপন্যাসে সাধারনত যাকে ভিলেন দেখানো হয় তার সবই খারাপ দেখানো হয়। সে মদ খায়, খুন করে, তার চরিত্র বলতে কিছু নেই, দেশ বিক্রি করে দিচ্ছে। বাস্তবে কি তাই হয়? বাস্তবে বড় বড় ভিলেন টাইপের লোকেরাও মাঝে মাঝে বিস্তর দান ধ্যান করে, জনকল্যানমূলক কাজ করে, তার হয়ত বাইরে রমনী গমনের অভ্যাস থাকলেও বাড়িতে সে দায়িত্বশীল স্বামী, স্নেহময় পিতা। এমন চরিত্র আমাদের আশেপাশেই ভুরি ভুরি আছে। আমারই একজন আত্মীয় আছেন যিনি জাল মুক্তিযোদ্ধার সার্টিফকেট নিয়ে সরকারী চাকরিতে সুবিধে নিয়েছেন , ঘুষের পয়সা দেদার, গনিকালয়ে গমনও ওণার প্রিয় অভ্যাস, স্ত্রী পেটানোর একাধিক রেকর্ড আছে, কিন্তু আবার বাড়ির কাজের লোকের অসুখে রাত জেগে সেবা করেছেন, গ্রামের মানুষে তাকে পরোপকারের জন্য দেবতার মত ভক্তি করে। তার এসব পরোপকারের কোন রাজনৈতিক বা কোন উদ্দেশ্যই নাই।

আর আপনি যদি কোন ইসলামী ইতিহাসেই ভরসা রাখতে না পারেন তাহলে হযরত মোহাম্মদ দয়ালু কিনা সেটাই বা কিভাবে নিশ্চিত হয়েছেন? নাকি তিনি দয়ালু না অত্যাচারী তার কোন গুরুত্ব আপনি দেন না? তাকে আল আমিন নামে ডাকা হত তাও তাহলে সংশয়পূর্ন ?

তার নামে যেসব রসালো হাদীসের খোজ পাওয়া যায় সেগুলি আজকের দিনে আপত্তিকর মনে হলেও হাদীসগুলি যেসময় লেখা হয়েছিল সে সময়ের লোকদের কাছে ছিল স্বাভাবিক, তাই তারা সেসব লিপিবদ্ধ করায় তেমন বিপদের গন্ধ পাননি, এটা হতে পারে না?

ইসলাম সম্পর্কে যতই জানার চেষ্টা করেছি, ততই বিভ্রান্ত হয়েছি। আপনাদের কথামতই তো বলতে হয় যে এর ভীত খুবই নড়বড়ে। খোদ যিনি নবী , তারই কোন প্রামান্য ইতিহাস নেই, সবই বিকৃত ইতিহাস। তিনি রাম, শ্যাম, যদু, মধু কে না কে তার কোনই গুরুত্ব নেই ? কোরানের সত্যতা সম্পর্কেই বা কিভাবে আমরা নিশ্চিত হতে পারি? বিশেষ করে যেখানে হাদিসে আছে কোরানের কোন আয়াত নাকি ছাগলে খেয়ে ফেলেছে। কোরান পড়লে সুস্থ মাথার যে কারোই মনে হবারই কথা যে এটা কোন পুরুষ মানুষের রচনা।

আল্লাহ নিজে কোরান হেফাজতের দায়িত্ব নিয়েছেন। তবে তার প্রিয় নবীর ইতিহাস রক্ষার কোন ব্যাবস্থা নেননি, তার নামে যা তা রচণা করে হাজার হাজার বছর ধরে অন্ধভাবে প্রচার ও পালন করা হচ্ছে শুনলে খুবই অবিশ্বাস্য লাগে।



ফারুক এর জবাব:

মে ২৮, ২০১০ at ১১:০২ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ,

আল্লাহ নিজে কোরান হেফাজতের দায়িত্ব নিয়েছেন। তবে তার প্রিয় নবীর ইতিহাস রক্ষার কোন ব্যাবস্থা নেননি, তার নামে যা তা রচণা করে হাজার হাজার বছর ধরে অন্ধভাবে প্রচার ও পালন করা হচ্ছে শুনলে খুবই অবিশ্বাস্য লাগে।

এর থেকে এই উপসংহারে কেনো আসেন না যে, নবীর ইতিহাস মুসলমানের কোন উপকারে আসবে না বলেই আল্লাহ তা হেফাজত করেন নি। কোরান , একমাত্র কোরান-ই মুসলমানের জন্য যথেষ্ঠ , যে কারনে আল্লাহ নিজে কোরান হেফাজতের দায়িত্ব নিয়েছেন।

আপনি অন্ধ ধার্মিকদের দেখে ধর্ম বিচার করলে , ধর্মের কিছুই জানতে পারবেন না। ধর্মগ্রন্থগুলো পড়ুন(যে কোন) এবং মুক্তমন নিয়ে পর্যালোচনা করুন যদি ধর্ম কি তা জানতে চান।।

আদিল মাহমুদ এর জবাব:

মে ২৮, ২০১০ at ৬:০৮ অপরাহ্ণ

@ফারুক,

ব্যাক্তি মুহম্মদ বা ইসলামের ইতিহাস অগ্রাহ্য করলে কোরানের অস্তিত্ব নিয়েও কি টান পড়ে না?

কোরান কিভাবে নাজিল হল, তার প্রেক্ষাপট, নবীর হিরা পর্বতের গুহায় আরাধনা, মক্কা থেকে বিতাড়ন, পরবর্তিকালে উসমানের আমলে কোরানের সংকলন এগুলির ঐতিহাসিক ভিত্তী জানার কোনই দরকার নেই? এটা খুবই যুক্তিহীন কথা। কোরান বা ধর্মগ্রন্থ যেহেতু বিশ্বাসের জিনিস, কোন গাণিতিক যুক্তিগ্রাহ্য তত্ত্ব নয় তাই এই বিশ্বাসের পটভূমির গভীর প্রয়োযনীয়তা আছে। নিউটন বা আইনষ্টাইন কে ছিলেন, শয়তান প্রকৃতির লোক না ফেরেশতা তা জেনে কিন্তু আমআর তেমন দরকার নেই। কারন তারা যাই হোক না কেন তাদের প্রকাশিত তত্ত্ব নিয়ে কোনরকম সন্দেহ বা বিতর্ক করা যায় না।

কিন্তু যিনি আল্লাহর শেষ ঐশী গ্রন্থ বহন করে আনার দাবী করলেন তার ইতিহাস জানার দরকার সেই গ্রন্থের অথেনটিসিটির স্বার্থেই দরকার। তার ব্যাক্তি চরিত্র সেই গ্রন্থ বা ধর্মের খাটিত্ব প্রমানের সবচেয়ে বড় উপাদান। মোহাম্মদের যায়গায় কোন দুশ্চরিত্র কোরায়েশ একই কোরানের বানী নিয়ে নওবুয়ত্বের দাবী জানালে তাকে কেউ মানত? আমার জানামতে ইসলামের একেবারে প্রথম কিছুদিনে মোহাম্মদের কথায় বিশ্বাস করে ইসলাম গ্রহন করেছিল মাত্র অল্প কিছু লোকে , আর এই বিশ্বাসের ভীত ছিল ব্যাক্তি মোহাম্মদের চরিত্র।

আল্লাহ কোরান হেফাজত করায় যে খুব সুবিধে হয়েছে তাতো নয়। এর পদে পদে আছে বিভ্রান্তির জাল, এক একজনের কাছে এক এক ভাবে এর আয়াত ধরা দিচ্ছে। অনেক নিয়ম কানুন বিধিবিধান হাস্যকর রকম ভাবে এ যুগে বাতিল হয়ে গেছে। সত্য বলতে , কোনরকম বাইরের ব্যাখ্যা বা ঐতিহাসিক পটভূমি ছাড়া কোরানের বেশ কিছু আয়াত অর্থহীন বাক্য ছাড়া কিছু মনে হয় না। যেমন , পালক পূত্রের স্ত্রী কে নবীজির বিবাহ সম্পর্কিত আয়াত আপনি শুধু কোরান দিয়ে কিভাবে ব্যাখ্যা করবেন? কিংবা মারিয়া কে কেন্দ্র করে তার স্ত্রীদের মাঝের মনোমালিন্য, নবীজিকে শপথ করলেও তা ভাংগার অনুমতি প্রদান... এ সম্পর্কিত আয়াতগুলি শুধু কোরান পড়লে মাথামুন্ডু কিছুই বোঝার উপায় নেই।

ফারুক এর জবাব:

মে ২৮, ২০১০ at ৬:৪৩ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,

ব্যাক্তি মুহম্মদ বা ইসলামের ইতিহাস অগ্রাহ্য করলে কোরানের অস্তিত্ব নিয়েও কি টান পড়ে না ?

না পড়ে না। কারন কোরানের প্রমান কোরান নিজেই। মুহম্মদের যে পরিচয় আমরা ইতিহাস ও হাদীসের মাধ্যমে পাচ্ছি , তা কি কোরানের গ্রহনযোগ্যতাকে বাড়িয়ে দিচ্ছে? আমার তো মনে হয় উল্টোটাই ঘটছে , অর্থাৎ কোরানের গ্রহনযোগ্যতাকে কমিয়ে দিচ্ছে। উসমান কর্তৃক কোরানের সঙ্কলনের ইতিহাস এবং বাকি আন্যান্য কপি পুড়িয়ে ফেলা , এই ইতিহাসগুলৈ বরঞ্চ কোরানকে প্রশ্নবিদ্ধ করছে।

নিউটন বা আইনষ্টাইন কে ছিলেন, শয়তান প্রকৃতির লোক না ফেরেশতা তা জেনে কিন্তু আমআর তেমন দরকার নেই। কারন তারা যাই হোক না কেন তাদের প্রকাশিত তত্ত্ব নিয়ে কোনরকম সন্দেহ বা বিতর্ক করা যায় না।

এই একটা খাটি কথা বলেছেন। এই নীতি সকল ক্ষেত্রেই প্রযোজ্য। আমরা বক্তব্যকে মূল্যায়ন করব , বক্তাকে নয়।

আল্লাহ কোরান হেফাজত করায় যে খুব সুবিধে হয়েছে তাতো নয়। এর পদে পদে আছে বিভ্রান্তির জাল, এক একজনের কাছে এক এক ভাবে এর আয়াত ধরা দিচ্ছে।

এটাই কোরানের বৈশিষ্ঠ। এব্যাপারে আমার সাহায্য কোন কাজে আসবে না। আপনি নিজে পড়ে যা বুঝবেন , সেটাই আপনার জন্য প্রযোজ্য। সকলেই যদি কোরান পড়ে একি রকম মানে বুঝত , তাহলে তো আর এত ফ্যাসাদ ও দলাদলি থাকে না!! এবং আল্লাহর সেটা ইচ্ছাও নয়।

আল্লাহ কোরানে বলেছেন-

16:93] Had GOD willed, He could have made you one congregation. But He sends astray whoever chooses to go astray, and He guides whoever wishes to be guided. You will surely be asked about everything you have done.

সুঃ নাহল আঃ ৯৩ যদি আল্লাহ চাইতেন তবে তোমাদের সবাইকে এক জাতি করে দিতে পারতেন।

10:99] Had your Lord willed, all the people on earth would have believed. Do you want to force the people to become believers?

সুঃ ইউনুস আঃ ৯৯ আপনার প্রভু চাইলে দুনিয়ায় যত লোক আছে প্রত্যেকেই বিশ্বাসী হতো। তুমি কি মানুষকে জবরদস্তী করে বিশ্বাসী বানাতে চাও ?

সৈকত চৌধুরী এর জবাব:

মে ২৮, ২০১০ at ৩:১১ অপরাহ্ণ

@আইভি,

যদি হাদিস বইগুলো নিয়ে একটু বিশ্লেষন করেন দেখবেন নবীর চরিত্রের যে বিশেষণগুলো বের হয়ে আসে তা খুবই বিপরীতমুখী। একটা মানুষ একই সাথে দয়ালু আবার অত্যাচারী হয় কি করে ? তারমানে কি, তথ্যে ভেজাল মেশানো আছে!

তার মানে আপনি আগেই ধরে নিবেন মুহাম্মদ খারাপ কোনো কাজ করেন নি , তার চরিত্রে কোনো ভেজাল ছিল না তারপর তার চরিত্র বিবেচনা করবেন!

কোরানকেই বা এত বিশ্বাস কীভাবে, কোন যুক্তিতে করবেন তাও তো বললেন না।

সৈকত চৌধুরী এর জবাব:

মে ২৮, ২০১০ at ৪:২০ পূর্বাহ্ণ

@আইভি,

মুসলিম জগতে সিহাহ সিত্তাহ এর হাদীস সংগ্রহকারীরা খুবই সম্মানিত এবং গ্রহণযোগ্য ব্যক্তিত্ব। এখন মুহাম্মদের অপকীর্তি প্রকাশিত হওয়ার জন্য যদি এগুলো বাদ দিতে যান তবে বিপত্তি তো ঘটবেই। যারা হাদীস লিপিবদ্ধ করেছেন তারা তাদের মত করে প্রমাণ ও সাক্ষ্যসাপেক্ষে তা করেছেন। এখন এগুলোকে ভুল বলতে হলে আপনাকেই প্রমাণ করতে হবে যে এগুলো ভুল ছিল। আর ওটা কিন্তু মুক্ত-চিন্তকদের সাথে আপনার ঝগড়া নয় বরং যারা হাদীসে বিশ্বাসী(প্রায় সব মুসলিম) তাদের সাথে আপনার। আমরা তো কোরান-নবুয়ত কিছুতেই বিশ্বাসী নয়।

প্রকৃত মুহাম্মদের থেকেও বেশির ভাগ মুসলমানরা যে মুহাম্মদকে ও তার জীবনীকে বিশ্বাস করে ওটা কিন্তু কম গুরুত্বপূর্ণ নয়। কারণ মুহাম্মদের মিথ্যে নিয়েই তো গড়ে উঠেছে ইসলাম।

হাদীসকে অস্বীকার করে মুহাম্মদ সম্পর্কে জানবেন কিভাবে তা বলেন নি কেন ?
নাস্তিকরা তো অলৌকিক কিছুই বিশ্বাস করে না। তাদের কথা বাদ দেন। এখন বলেন হাদীস ছাড়া মুহাম্মদ সম্পর্কে নিশ্চিত হওয়ার একটা উপায়।

আয়েশাকে বিয়ে সম্পর্কিত হাদিস অন্য হাদিসের মতই শোনা কথা। এই কথা কোন নথিপত্র ছাড়াই একসময় কতিপয় ব্যক্তি দ্বারা সংগ্রহিত হয়েছিল (যার সম্বন্ধে বলা হল তার মৃত্যুর প্রায় ২০০ বছর পর)।

আমি শুনেছি মুহাম্মদের মৃত্যুর পর থেকেই হাদীসগুলোকে খুব যত্ন সহকারে সংরক্ষণ করা হয়েছে মুহাম্মদের অনুগতদের দ্বারা আর তারা যথা সম্ভব মুহাম্মদকে মহা মানব বানিয়ে ছেড়েছেন। পরে সিহাহ সিত্তায় গ্রহণযোগ্য হাদীসগুলোকে...........।

মুহম্মদের আদর্শ বা তার জীবন কাহিণী সঠিক ভাবে না পেলেই কি যা গল্প হিসেবে প্রচলিত তাই কি তার জীবন কাহিণী হিসেব ধরে নিয়ে চরিত্র বিশ্লষণে বসতে হবে? এটাতো হবে প্রমাণহীন কথার উপর কচকচানি।

এটা মুসলমানদের প্রতি আমারো কথা।

কোরান সংক্রান্ত বিষয়ে এখানে আলোচনা করতে চাইনা। ইতিহাসের মধ্যেই বিষয়টি সীমাবদ্ধ রাখুন। আমি আস্তিক বলে যেখানে-সেখানে বিষয়টি টেনে আনবেন না।

আস্তিক বলে কি লজ্জা পেয়েছেন? আর কাকে বলবেন ইতিহাস?? জীব্রাইলের ইতিহাসটা এট্টু বলেন??



যাযাবর এর জবাব:
মে ২৮, ২০১০ at ৮:১৪ পূর্বাহ্ণ
@আইভি,

প্রথম প্রমাণ হাদিস। কিন্তু সেগুলোতো শোনা কথার সংগ্রহ, যা নবী মুহম্মদের মৃত্যুর প্রায় ২০০ বছর পর সংগৃহিত। কথিত মুসলিম সমাজ এই শোনা কথাকে জীবন পথের পাথেয় ভাবলেই কি যুক্তিবাদী আদালত তা প্রমাণ হিসেবে গ্রহণ করবে?

হ্যা করবে। উপমা দিয়ে বোঝাই। ধরুন কেউ দাবী করল যে ২+২ = ৫, তারপর ঘোষণা দিল যে ২(২+৩) = ১০ এখন যদি এই দ্বিতীয় খোষণার কারণে আমার বিরাট সমস্যা সৃষ্টি হয় তাহলে আমি ২+২ = ৫ যে ভুল সেটা বলতে যাব কেন, আমি বলব যে ২(২+৩) = ১০ কি করে হয় যেখানে ২+২ = ৫? কারণ ২(২+৩) = (২+২) + (২+২+২) = ৫+৭ = ১২ । এখন বুঝতে পারছেন? ইসলামিস্টদেরকে প্রথমে তাদের নিজের যুক্তি বা মতবাদের ভিত্তিতেই খণ্ডন করতে হ বে। এটা যুক্তিসঙ্গত।

যে কারণে আপনি হাদীস প্রত্যাখ্যান বা এর বিশ্বাসযোগ্যতা নিয়ে সন্দেহ করছেন সেই কারনে কুরাণেও আপনার সন্দেহ থাকা উচিত। কারণ বর্তমান কুরান উসমানের সময় নতুন করে

লিখিত/সংকলিত হয় অন্য সব কুরানের কপি পুড়িয়ে ফেলে। তাহলে কি করে নিঃসংশয় হয়া যায় যে বর্তনান কুরাণই প্রকৃত কুরাণ?

ভবঘুরে এর জবাব:
মে ২৮, ২০১০ at ১০:২৮ পূর্বাহ্ণ
@আইভি,

আইভি, আপনার সমস্যাটা কোথায় হচ্ছে জানেন? সমস্যাটা হচ্ছে আপনার এখনও বিশ্বাস রয়ে গেছে মোহাম্মদ আল্লাহর নবী আর কুরান হলো আল্লার কিতাব। হাদিস যেহেতু আল্লার কিতাব না, অনেক মানুষের সংগৃহীত সংকলন তাই খুব সহজেই আপনি তাতে অবিশ্বাস করতে পারছেন আর সেটাও আপনি করছেন যখন কাফের মুরতাদ নামধারী কিছু লোক তা থেকে প্রমান করে ছেড়েছে যে মোহাম্মদ সত্যবাদী বা দয়ালু যাই হোক না কেন তিনি অত্যাচারী , খুনী, নারীলোভী ইত্যাদিও ছিলেন। কিন্তু আপনি বোধ হয় ভুলে যাচ্ছেন কোরানের বানীগুলোর যখন বাস্তব প্রয়োগ হয়েছে তখনই মোহাম্মদকে দেখেছি অত্যাচারী, খুনী, নারী লোভীর ভুমিকায়। যেমন- কোরানে দাসী বাদির সাথে অবাদে যৌন সঙ্গম করার লাইসেন্স দেয়া হয়েছে, মোহাম্মদের পুত্রবধু জায়েদের বৌকে বিয়ে করার জন্য বলা হয়েছে, ইহুদি, খৃষ্টান ও অমুসলিমদেরকে বাদর, নরাধম ইত্যাদি বলা হয়েছে ও তাদেরকে বন্ধু হিসাবে গ্রহন না করতে বলা হয়েছে, যেখানে পাওয়া যাবে সেখানে তাদেরকে খুন করতে বলা হয়েছে। মোহাম্মদ বাস্তব জীবনে সেসব কাজগুলোই করেছে যা হাদিসে লিপিবদ্ধ আছে আর এসব কাজগুলোই আজকে প্রমান করছে যে মোহাম্মদের মধ্যে সততা বা দয়া ইত্যাদি গুন থাকলেও তিনি অত্যাচারী, নারীলোলুপ, খুনী ছিলেন। অন্যভাবে, সেই যুগে অর্ধসভ্য আরব সমাজে কিন্তু আবার ঐ বিষয়গুলো অন্যায় ছিল না, প্রচলিত সমাজ ব্যবস্থা ছিল। যেমন- বহুবিবাহ, গোত্রে গোত্রে দীর্ঘমেয়াদী যুদ্ধ ও খুন-খারাবী, দাসীদের সাথে অবাধে যৌনাচার ইত্যাদি। মোহাম্মদ কোরানের বানীর নামে সেগুলোকে বৈধতা দিয়ে নিজেই সেগুলো তার জীবনে করেছেন আর যেহেতু তা তৎকালীন সমাজের প্রচলিত প্রথা ছিল তাই যারা তার সম্পর্কে হাদিস সমুহ রচনা করেছেন তাদের কাছে কিন্তু উক্ত ঘটনাগুলো দোষের কিছু মনে হয় নি। তারা তো বুঝতে পারেনি যে ১৪০০ বছর পরের মানব সমাজ ভিন্ন রকম হবে আর সেখানে মানুষ বহুবিবাহকে ঘৃণ্য প্রথা হিসাবে মূল্যায়ন করবে , দাসীদের সাথে অবাধ যৌনতা তো দুরের কথা দাসপ্রথাকেই বর্বর প্রথা হিসাবে বাতিল করে দেবে, শুধু বিশ্বাসের ভিন্নতার কারনে খুন বা ঘৃণা একটা ক্রিমিনাল অপরাধ হিসাবে গন্য হবে। ফলে তারা মোহাম্মদ যা তার জীবনে করেছে রঙ না চড়িয়ে সরলভাবে তাই তারা লিখে রেখে গেছে। দু্একটি হাদিস নিয়ে সন্দেহ থাকলেও হাদিসে বর্নিত মোহাম্মদের অন্য সব ঘটনাই সত্য। তার অর্থ মোহাম্মদ চিরকালের জন্য মানব সমাজের জন্য আদর্শ স্থাপনকারী কোন ব্যক্তি ছিলেন না , ছিলেন সেই আধা সভ্য আরব জাতির একজন সুচতুর , বুদ্ধিমান ও দুরদর্শী সফল রাজনৈতিক নেতা আলেক্সান্ডার , নেপোলিয়ানের মত। এর বেশী কিছু না।

এখন আজকের সমাজের মানদন্ডে মিলছে না বলে আপনি এক ফুৎকারে উড়িয়ে দেবেন এই বলে যে হাদিস হলো অসত্য কথা, তা করলে সাথে সাথে আপনি কিন্তু কোরানকেও উড়িয়ে দিচ্ছেন যা আপনার বোধগম্য হচ্ছে না। কারন কোরান যে সব নীতি নিয়মকে অনুমোদন করেছে , মোহাম্মদ নিজ জীবনে তার বাস্তবায়ন করেছে যার সংকলন হলো হাদিস। তো আপনি কোরান হাদিস দুটোকেই যদি বাদ দেন আমাদের আপত্তি নেই , কিন্তু হাদিসকে আপনি বাদ দিয়ে কোরানকে আল্লাহর বানী বলে রেখে দিলেই কিন্তু আমাদের আপত্তি। সবচেয়ে বড় কথা , হাদিস বাদ দিয়ে কোরান রাখার এ চিন্তা খুবই সুবিধাবাদী একটা নীতি যার মাধ্যমে একটা জিনিস প্রমানিত হচ্ছে যে - মোহাম্মদের জীবনের সব কার্যকলাপ বা আচরন একজন আল্লাহ প্রেরিত পয়গম্বর হিসেবে মানানসই নয়। ফলে তারা হাদিসকে বাদ দিয়ে মোহাম্মদকে রক্ষা করতে চাইছে। কিন্তু তা সম্ভব না, সাময়িক ভাবে হয়ত রক্ষা করা যেতে পারে। আমাদের সাফল্য এখানেই , এতদিন কিন্তু মুসলমানরা কোরান ও হাদিসকে একই পাল্লায় মাপত ও বিশ্বাস করত, এখন অন্তত তারা পিছু হটে হাদিসের ওপর আস্থা হারাতে শুরু করেছে - এটাই বা কম কিসে? আমার তো মনে হয় এটা একটা বিরাট সাফল্য। এমন দিন বেশী দুরে না যখন তারা কোরানের ওপরও আস্থা হারাতে শুরু করবে আর মুসলমান জাতি একটা আলোকিত জাতি রূপে জেগে উঠবে। আমি সেই আলোকিত দিনের আশাতেই বসে আছি।

ফারুক এর জবাব:

মে ২৮, ২০১০ at ১১:১০ পূর্বাহ্ন

@ভবঘুরে,

আমাদের সাফল্য এখানেই , এতদিন কিন্তু মুসলমানরা কোরান ও হাদিসকে একই পাল্লায় মাপত ও বিশ্বাস করত, এখন অন্তত তারা পিছু হটে হাদিসের ওপর আস্থা হারাতে শুরু করেছে- এটাই বা কম কিসে? আমার তো মনে হয় এটা একটা বিরাট সাফল্য।

নিজের ঢোল পেটান , তাতে আমি আপত্তি করার কে? তবে সত্যি কথা হলো আপনাদের সমালোচনার ভয়ে মানুষ হাদিসের ওপর আস্থা হারাতে শুরু করেছে , এটা ভুল ধারনা। এটা জানার জন্য সদালাপ বা পীসইনইসলাম সাইটে ঘুরে আসতে পারেন। যারা কোরান বুঝে পড়া শুরু করেছে এবং কোরানের বানী নিয়ে স্বতন্ত্র চিন্তা-ভাবনা করছে , তারাই হাদিসের ওপর আস্থা হারাতে শুরু করেছে।

ব্রাইট স্মাইল্ এর জবাব:

মে ২৮, ২০১০ at ৫:৫৫ অপরাহ্ন

@ফারুক,

যারা কোরান বুঝে পড়া শুরু করেছে এবং কোরানের বানী নিয়ে স্বতন্ত্র চিন্তা -ভাবনা করছে , তারাই হাদিসের ওপর আস্থা হারাতে শুরু করেছে।

ভাই এটাকেও একটা সাফল্য হিসাবে গোনা যায়। মানুষ আজকাল কোরান বুঝে পড়তে শুরু করেছে শুধু মুক্তমনা সাইটগুলোর জন্য। আগেও কোরান -হাদিস ছিল, কিন্তু মানুষ অন্ধ বিশ্বাসের উপর ধর্ম পালন করতো। এখন মুক্তমনের বিভিন্ন বই ও সাইটগুলোর জন্য মানুষের মধ্যে কনসাস্ নেস্ বেড়েছে। ইতিমধ্যেই মানুষ সাধারন যুক্তিবোধের কারনে 'হাদিসের ওপর আস্থা হারাতে' শুরু করেছে, আপনার ভাষায় 'কোরানের বানী নিয়ে স্বতন্ত্র চিন্তা-ভাবনা শুরু' করলে কোরানের প্রচুর মিস্লিডিং বানীগুলোর জন্য তাদের কোরানের উপর আস্থা হারানোর ব্যাপারটা খুব সুদুরপ্রসারী বলে মনে হচ্ছেনা।

*ফরহাদ*এর জবাব:

মে ২৮, ২০১০ at ১০:৫১ পূর্বাহ্ণ

@আইভি, তৃতীয় প্রমাণ, নবীর সমসাময়িক ইতিহাস (আনুমানিক ৫৭০-৬২২ খ্রীঃ) অথবা, তার মৃত্যুর ১০, ১২ বা ৫০ বছরের মধ্যে লিখিত ইতিহাস। সেই ইতিহাস কি আমাদের হাদিসবিদরা দেখাতে পারবে? তাঁর সমসাময়িক আরবদেশগুলো না হোক, তার আশে-পাশের দেশগুলোও কি ইসলামের নবীর কোন ইতিহাস লেখেননি বা তার সম্বন্ধে লিখে যায়নি? সেগুলো কোথায় ?নুতন বিপদে ফেললেন।আসলেই মোহাম্মদ নামে কেউ ছিলেন কিনা? কোথা থেকে এ সম্পর্কে জানতে পারব? কি বল্লেন? হাদিস, ইসহাক? আপনার ভাস্য অনুযায়ী ওই সমস্ত মিথ্যা কথা.........এত রাতে যাই কই

*ফারুক*এর জবাব:

মে ২৮, ২০১০ at ১১:১৪ পূর্বাহ্ণ

@ফরহাদ,জার্মান এক প্রফেসরের মতে , মুহম্মদ একটি কাল্পনিক চরিত্র , জেসাসের মতৈ। এর কারন হোল , তার সমসাময়িক কোন নিরপেক্ষ ইতিহাস খুজে পাওয়া যাইতেছেনা।

21. 21

অভীক

মে ২৭, ২০১০ সময়: ১১:৪৩ অপরাহ্ণ লিঙ্ক

সুবিধাবাদী ও মডারেট মুসলিমদের বোরকার আড়ালে থাকা চেহারাটাকে সামনে নিয়ে আসার জন্য এমন একটি লেখা আমিও লিখছিলাম। আপনার এই লেখাটি পড়ে অত্যন্ত মজা পেলাম। আরও মজা পেয়েছি একজন স্বঘোষিত মডারেট সাহেবের মন্তব্যের ধারা দেখে। এজন্য অশেষ ধন্যবাদ আপনাকে।

ধরিবাজ নজরুল নামক ওই ব্যাক্তিটিকে যদি আর খুঁজে পাওয়া না যায় তবে ‘নিখোঁজ সংবাদ’ নামক বিজ্ঞপ্তি দিয়ে হলেও উনাকে খুঁজে বের করতে হবে। নিজের কাফিরত্ব বজায় রাখার জন্য আমি কি কি করি না, সেটাও উনাকে জানানো দরকার।

22. 22

ফারুক

মে ২৮, ২০১০ সময়: ৯:১৮ পূর্বাহ্ণ লিঙ্ক

নবীর সমসাময়িক ইতিহাস (আনুমানিক ৫৭০-৬২২ খ্রীঃ) অথবা, তার মৃত্যুর ১০, ১২ বা ৫০ বছরের মধ্যে লিখিত ইতিহাস। সেই ইতিহাস কি আমাদের হাদিসবিদরা দেখাতে পারবে? তাঁর সমসাময়িক আরবদেশগুলো না হোক, তার আশে-পাশের দেশগুলোও কি ইসলামের নবীর কোন ইতিহাস লেখেননি বা তার সম্বন্ধে লিখে যায়নি? সেগুলো কোথায়?

এটিই সবচেয়ে গুরুত্বপূর্ন প্রশ্ন। আইভির এই প্রশ্নের উত্তরের মাঝেই সকল সমাধান আছে বলেই মনে করি। অন্যথায় এই তর্কের কোন মানে নেই বা মিমাংসা ও নেই। অপ্রমানিত তথ্যের উপরে ভিত্তি করে সঠিক স্বীদ্ধান্তে পৌছানোর চিন্তা যুক্তিবাদীদের কাছে কেমনে গ্রহনযোগ্যতা পায় , তা আমার মাথায় আসে না।

হাদীস ও নবীর জীবনি বলতে আমরা যা জানি বা যে ইতিহাস আমাদের কাছে এসেছে তার ভিতরে যে বড় গলৎ আছে , তা যেকোন যুক্তিবাদীর চোখে সহজেই ধরা পড়ার কথা। নবীর জন্মের সময় ও তার শিশু বয়সের যে সকল অলৌকিক ঘটনা আমাদের জানানো হয় তা এক কথায় মিথ্যা বলে নাকচ করে দেয়া যায় এই যুক্তিতে যে , ঘটনাগুলো সত্যি হলে ধর্মপ্রচার শুরুর সময় মুহম্মদকে এত বিরোধীতার সম্মুখিন হতে হোত না বা দলে দলে সকলেরি ইসলাম গ্রহন করার কথা।

যুক্তিবাদীদের উচিৎ হবে মুহম্মদের সমালোচনা করার আগে , সঠিক (যতটুকু সম্ভব) ইতিহাস জেনে সমালোচনা করা। অন্যথায় যুক্তিবাদী হিসাবে দাবী করা হিপোক্রেসীর সমতুল্য হয়ে যাবে।

একা এর জবাব:

মে ২৮, ২০১০ at ৩:৪৭ অপরাহ্ণ

বাপ রে!১০৫ টি মন্তব্য আমি কই যাই বাহ বাহ আর কে কে বাকী আছেন

আল্লাচালাইনা আরো লিখুন ভাই

23. 23

সংগ্রাম

মে ২৮, ২০১০ সময়: ৩:৩২ অপরাহ্ণ লিঙ্ক

@ ফারুক, হাদীস ও নবীর জীবনি বলতে আমরা যা জানি বা যে ইতিহাস আমাদের কাছে এসেছে তার ভিতরে যে বড় গলৎ আছে , তা যেকোন যুক্তিবাদীর চোখে সহজেই ধরা পড়ার কথা। কোরান এর গলদ বোঝার জন্য যুক্তিবাদী হবার দরকার নেই। হাদীস , কোরান সবই তো ইতিহাস। হাদীস এর ইতিহাস মিথ্যা হলে কুরান কোন যুক্তি তে সত্য হল বলবেন কি। একবার চেস্তা করে একবার দেখেন না mortgage রাখা ব্রেইনটা কে ফেরত এনে যুক্তিবাদী হতে পারেন কি না । আল্লাচালাইনাকে ধন্যবাদ, এমন লেখা আরও কিছু পাঠান ।

ফারুক এর জবাব:

মে ২৮, ২০১০ at ৭:১৬ অপরাহ্ণ

@সংগ্রাম,

হাদীস এর ইতিহাস মিথ্যা হলে কুরান কোন যুক্তি তে সত্য হল বলবেন কি।

কোরানের প্রমান , কোরান নিজেই। কোরানের সত্যতা প্রমানের জন্য অন্য কারো সার্টিফিকেটের প্রয়োজন নেই। কোরান পড়ুন, সত্য মনে হলে সত্য। নাহলে নাই।

পাগল কি বোঝে , সে পাগল। যুক্তির যদি কোন গোল্ডে ন মানদন্ড থাকত , তাহলে কি আর এত মত আর পথ থাকে? কার ব্রেন কোথায় কার কাছে mortgage রাখা আছে , তা কে জানে!!

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৮, ২০১০ at ৭:৫৪ অপরাহ্ণ
@ফারুক,

আপনার এই উক্তি আগেও বেশ ক'বার শুনেছি। ধার্মিক মুসলমান হিসেবে এটা বেশ বিপদজনক উক্তি। কারন, কোরান আগে থেকে কোন কারনে গভীর বিশ্বাস না করে কেউ বুঝে পড়তে গেলে অল্প কিছু ব্যাতিক্রম ছাড়া কারো কাছেই অন্তত আজকের জমানায় একে খুব একটা অর্থবহ কোন গ্রন্থ বলে মনে হবে না।

ধার্মিক হিসেবে আপনার কর্তব্য আপনি কেন এর অথেন্টিসিটি বিশ্বাস করেন বা অবশ্য পালনীয় হিসেবে মনে প্রানে বিশ্বাস করেন তা কেউ জিজ্ঞাসা করলে তাকে বোঝানো। বলে পারেন যে এতে লাভ নেই, যার বিশ্বাস না করার সে করবে না। এটাও আসলে এড়িয়ে যাওয়া কথা। যুক্তির কথা হলে মানুষ কেন মানবে না?

ফারুক এর জবাব:
মে ২৮, ২০১০ at ৮:৫০ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

ধার্মিক হিসেবে আপনার কর্তব্য আপনি কেন এর অথেন্টিসিটি বিশ্বাস করেন বা অবশ্য পালনীয় হিসেবে মনে প্রানে বিশ্বাস করেন তা কেউ জিজ্ঞাসা করলে তাকে বোঝানো। বলে পারেন যে এতে লাভ নেই, যার বিশ্বাস না করার সে করবে না। এটাও আসলে এড়িয়ে যাওয়া কথা।

28:56 You cannot guide whom you love. But it is God who guides whom He wills(**it is God who guides those , who wish to be guided**) and He is fully aware of those who receive the guidance.
দেখুন রসূলের ও ক্ষমতা ছিলনা কাউকে বোঝা নোর। আমি তো সে তুলনায় নস্যি। কোরান বুঝে পড়ুন , শুধু এটুকুই বলতে পারি।

N.B- ব্রাকেটের ভিতরের অনুবাদটুকু আমার করা এবং আমার মনে হয় এটাই যুক্তিযুক্ত। গ্রামাটিক্যালি এই অনুবাদে ভুল নেই। মুহাম্মদ আসাদ অনুরুপ অনুবাদ করেছেন।

1. *ভবঘুরে* এর জবাব:
   মে ২৮, ২০১০ at ৯:২৪ অপরাহ্ণ

@ফারুক,

ভাই ফারুক,

আপনি যে আজগুবি আর উদ্ভট কথা বলছেন সেটা আপনি নিজে বুঝতে পারছেন না। কোরানের প্রমান কোরান নিজে একথার অর্থ কি ? কোরান বেহেশতি কিতাব এ দাবী কার ? মোহাম্মদের। কোরান নাজিল হয়েছে কার কাছে? মোহাম্মদের কাছে। কে বলছে পাবলিকের কাছে যে কোরান বেহেশতি কিতাব ? মোহাম্মদ নিজে। দাবীকারী ও সাক্ষী উভয়েই মোহাম্মদ। দ্বিতীয় একজন ব্যক্তিও সাক্ষী নেই যে দেখেছে কোরানের বানী মোহাম্মদের কাছে এসেছে জিব্রাইলের মাধ্যমে। ধরুন, আপনি কোর্টে মামলা করলেন এই বলে যে, আদিল মাহমুদ আপনার চার বউ-এর এক বৌ কে ফুসলিয়ে ভাগিয়ে নিয়ে যেতে চেয়েছে। এখন কোর্টে কিন্তু আপনাকে দু একজন সাক্ষী দেখাতে হবে যারা দেখেছে আদিল মাহমুদকে মাঝে মাঝে আপনার ৪র্থ স্ত্রীর সাথে ফস্টি নস্টি করতে। আপনি যদি তা না পারেন কোর্টে আপনার মামলা বাতিল হয়ে যাবে তা সে আপনি যতই কোর্টে গলা ফাটিয়ে চিৎকার চেচামেচি করে বলেন না কেন যে আপনি নিজে স্বচক্ষে তাদের ফস্টি নস্টি দেখেছেন। বুঝতে পারছেন ? তো এখন মোহাম্মদ ই হলো কোরান বেহেশতি কিতাবের দাবীকারী ও সাক্ষী- এ মামলা কোন কোর্টেই টিকবে না । একমাত্র বলদ আর গাধা শ্রেনীর মানুষ ছাড়া আ র কেউ এধরনের দাবীকে সত্য বলে গ্রহন করবে না। সে ১৪০০ বছর আগেকার অর্ধ সভ্য আরবগুলো তো একপ্রকার বলদ আর গাধার সমতুল্যই ছিল। কি বলেন? আপনি সেই আরব গুলোর সাথে প্রাচীন গ্রীক, রোমান, মিশরীয়, পারস্য সভ্যতার মানুষগুলোর তুলনা করেন আপনি দেখবেন সেই আরবের লোকগুলো বলদ ও গাধার চেয়ে বেশী কিছু ছিল না। মোহাম্মদের তো অকৃত্রিম ও অন্ধবিশ্বাসী প্রভাবশালী সঙ্গী ছিল যেমন - আবু বকর, আলী, ওমর এরা। তার প্রথম বিশ্বাসী মানুষ ছিল খাদিজা। তার সব চাইতে প্রিয়তমা স্ত্রী ছিল বালিকা বধু আয়েশা। যারা তার কথায় জীবন বিসর্জন পর্যন্ত দিতে কুন্ঠা বোধ করত না। তারা কেউই দেখে নাই যে জিব্রাইল এসে মোহাম্মদের কাছে আল্লাহর ওহি নাজিল করছে। আল্লাহ অন্তত: একজন সাক্ষীর ব্যবস্থা রাখতে পারত। এতে কি এমন অসুবিধা হতো ? ভাগ্য ভাল যে- ওরা সেই কালে বেশ হিংস্র ও নৃশংস হলেও আজকের মানুষের মত এত চালাক চতুর ছিল না। আজকের মত চা লাক চতুর থাকলে বেশ

কিছু হাদিস পাওয়া যেত যেখানে সাহাবিরা বলত যে তারা জিব্রাইলকে দেখেছে তার ৬০০ ডানা সমেত নেমে আসতে আর দেখেছে মোহাম্মদের কাছে ওহী নাজিল করতে। আজকের মানুষ কত চালাক তার একটা প্রমান দেখাই- এক বিশাল মৌলভি টেলিভিশনে বলছে- মোহাম্মদকে এক ইহুদী নারী বিষ মাখা দুম্বার গোশত দিয়েছিল খেতে, তখন নাকি গোশত নিজেই বলে দিয়েছিল মোহাম্মদকে যে তার মধ্যে বিষ আছে। অথচ- সেই গোশত তার আগে খেয়ে একজন সাহাবী খেয়ে মারা যায়, মোহাম্মদ সা্ামান্য পরিমান গোশত একটু দেরী করে খেয়েছিলেন বলে প্রানে বেচে যান তবে সেই বিষক্রিয়ায় প্রায় আড়াই বছর ভুগে তার পর ৬৩ বছর বয়েসে উনি মারা যান যার বর্ননা হাদিসে আছে ভুরি ভুরি। জীবনের শেষ দিকে তিনি ভীষন রকম পীড়িত ছিলেন সেই বিষক্রিয়ায় যা সবাই জানে। তো দেখেন এই একবিংশ শতাব্দিতেও কেমন পাগল আছে যারা টেলিভিশনের পর্দায় পর্যন্ত এ ধরনের আজগুবি কথা বার্তা বলে। তো পাগল তারা না আমরা ? পরিশেষে , মোহাম্মদ নিজেই কিন্ত আবার নিদান দিয়েছেন- একজন নারী ধর্ষিতা হলে তা প্রমান করতে চারজন সাক্ষী লাগবে, একটা চুক্তিনামা করতে হলে দুইজন পুরুষ সাক্ষী লাগবে ইত্যাদি , তাহলে তিনি যে এতবড় একটা দাবী করলেন যে তিনি আল্লাহর নবী আর তার কাছে আল্লাহর বানী আসে অহরহ তার কোন সাক্ষী থাকবে না কেন ? নিজের ব্রেনটাকে একটু পরিস্কার করুন আর মুক্ত দৃষ্টি দিয়ে কোরানটা পাঠ করুন দেখবেন , ওই বইটার মধ্যে আজগুবি সব কথাবার্তা ছাড়া আর কিছুই নেই।গোপন বা গুপ্ত রহস্য তো অনেক দুরের ব্যপার।



একা এর জবাব:

মে ২৮, ২০১০ at ৯:৩৯ অপরাহ্ণ

@ভবঘুরে,

“আদিল মাহমুদ আপনার চার বউ-এর এক বৌ কে ফুসলিয়ে ভাগিয়ে নিয়ে যেতে চেয়েছে। এখন কোর্টে কিন্ত আপনাকে দু একজন সাক্ষী দেখাতে হবে যারা দেখেছে আদিল মাহমুদকে মাঝে মাঝে আপনার ৪র্থ স্ত্রীর সাথে ফস্টি নস্টি করতে। আপনি যদি তা না পারেন কোর্টে আপনার মামলা বাতিল হয়ে যাবে তা সে আপনি যতই কোর্টে গলা ফাটিয়ে চিৎকার চেচামেচি করে বলেন না কেন যে আপনি নিজে স্বচক্ষে তাদের ফস্টি নস্টি দেখেছেন”

আহা বেচারা আদিল মাহমুদ কে গিনিপিগ বানালেন।

আদিল মাহমুদ এর জবাব:

মে ২৮, ২০১০ at ৯:৪৮ অপরাহ্ণ

@ভবঘুরে,

ভাই, কপালে শেষ মেষ এই ছিল? আপনার সাথে নাহয় মাঝে মাঝে লাগে, তাই বলে এতবড় অপবাদ দিবেন?

আমি কবে কার বউ ভাগায় নিসি বা ফষ্টি নষ্টি করসি তা উপযুক্ত প্রমান সহ দেখান। ছিঃ ছিঃ! জীবনে বহু গালিগালাজ অভিযোগ শুনছি, কিন্তু এহেন অপমানকার অভিযোগ আর কেউ করে নাই। এমনিই ব্লগ এ সময় নষ্ট করি দেখে নিজের বিবিই সারাদিন নানান মধুর কথাবার্তা শোনায়। এহেন সার্টিফিকেট দেখলে আর কিছু লাগবে না।

সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে ফারুক সাহেবের চার বিবি আছে কিনা তা এই মুহূর্তে নিশ্চি ত বলা না গেলেও এই আদিল মাহমুদ কোনদিন কারো ঘরে জ্ঞাতে বা অজ্ঞাতেও ভাংগানি দেয় নাই।

*বন্যা আহমেদ*এর জবাব:
মে ২৮, ২০১০ at ১০:১২ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
ফরিদ ভাই এর মতই বলছি, মুক্তমনায় এই আলোচনাগুলো দেখতে আসলেই আর ভালো লাগছে না (এসব ফাজলামি, ইয়ার্কিগুলোরও মান দেখলেও কান্না পায়)। আমি ব্যক্তিগতভাবে মনে করি এ ধরণের আলোচনাগুলো মুক্তমনার মানের জন্য ক্ষতিকর। ধর্ম নিয়ে রাতদিন একই বস্তাপঁচা ফ্যাচর ফ্যাচর তো আছেই, এখন যদি আবার তার সাথে কার কয় বউ আছে আর তাদের সাথে কে কি করে এসব কথাবার্তা হয় তাহলে ব্যাপারটা আসলেই দুঃখজনক। আমরা যারা এখানে নিজের নাম গোপন না করে আসল নামে লিখি তাদের জন্য এটা বেশ অপ্রীতিকর অবস্থার সৃষ্টি করে। আমি এসব আলোচনায় কোন সুস্থ বিশ্লেষণ তো দূরের কথা , বিন্দুমাত্র নতুনত্ব দেখি না। রুচিতে বাঁধে দেখে বেশীরভাগ সময় এগুলো লেখায়ই মন্তব্য করি না আর এখন তো মনে হচ্ছে এইসব আলোচনা করার জন্যই যদি ব্লগ খোলা রাখা হয় তাহলে আমার বা ফরিদ ভাইয়ের মত পাঠকদের হারাতে মুক্তমনার বেশী সময় লাগবে না।

*আদিল মাহমুদ*এর জবাব:
মে ২৮, ২০১০ at ১০:৩৯ অপরাহ্ণ
@বন্যা আহমেদ,

আপনার অভিযোগ সত্য, গুরুত্বের সাথে নেওয়া হবে।

আসলে মাঝে মাঝে আবহাওয়া গরমের দিকে অগ্রসরমান হলে কিছু হালকা কথাবার্তা সুফল বয়ে আনতে পারে বলে মনে করি।

*বন্যা আহমেদ*এর জবাব:
মে ২৮, ২০১০ at ১১:১১ অপরাহ্ণ
@আদিল মাহমুদ, দুঃখিত শুধু আপনাকে উদ্দেশ্য করে উত্তরটা দেওয়ার জন্য। আমার কথাগুলো আসলে যারা নিরলসভাবে এ ধরণের লেখা এবং মন্তব্যগুলো লিখে যাচ্ছেন তাদের সবার উদ্দেশ্যে বলা। আমি আসলেই মনে করি বিদ্বেষ, রাগ, গালাগালি, আক্রমণ এসব ইমম্যাচুরিটির লক্ষণ। প্রায়শঃই মনে হয় যারা নতুন নিধার্মিক হন এবং ধর্মের ঐতিহাসিক এবং তাত্ত্বিক ব্যপারগুলো সম্পর্কে যথেষ্ট জ্ঞান রাখেন না তারাই শুধু ধর্ম নিয়ে কোনরকম নির্যাস ছা ড়া এরকমের বিদ্বেষপূর্ণ লেখা লেখেন , জাতি ধরে গালাগালি করেন। লেখা এবং আক্রমণের ধরণ দেখলে মনে হয় তারা রাতারাতি ধর্ম থেকে মুক্ত হয়ে কেমন যেনো 'বিট্রেইড' ফিল করেন এবং এখানে এসে সেই রাগ ঝাড়েন। তারা সবাই কিন্তু বেনামে অনামে লিখে যান, কোন দায়িত্ব নিতে হয় না কি লিখেন কি বলেন সেগুলোর আর আমরা যারা আসল নামে একই ফোরামে লিখি বা ফরিদ ভাই বা অভিজিতের মত ফোরাম চালায় তাদের উলটা এগুলোর দায়িত্ব বয়ে বেড়াতে হয়। ব্যাপারটা আসলেই দুঃখজনক।

*আদিল মাহমুদ*এর জবাব:
মে ২৮, ২০১০ at ১১:২৭ অপরাহ্ণ
@বন্যা আহমেদ,

আপনার এ মন্তব্যের দ্বিতীয় প্যারা সম্ভব হলে প্রথম পেজে সব সময় প্রকাশিত রাখার ব্যাবস্থা রাখা গেলে ভাল হত।

মনে হয় অভিজ্ঞতার অভাবে এমন হয়, আশা করি সবাই ব্যাপারটা ধীরে ধীরে হলেও বুঝবেন।

*শাফায়েত*এর জবাব:
মে ৩০, ২০১০ at ২:২৪ পূর্বাহ্ণ

আসলে মাঝে মাঝে আবহাওয়া গরমের দিকে অগ্রসরমান হলে কিছু হালকা কথাবার্তা সুফল বয়ে আনতে পারে বলে মনে করি।

সেই হালকা কথাবার্তা ডালপুরি(সিঙ্গারা নয় অবশ্যই) সংক্রান্ত হলে কেমন হয় ?

এখন তো মনে হচ্ছে এইসব আলোচনা করার জন্যই যদি ব্লগ খোলা রাখা হয় তাহলে আমার বা ফরিদ ভাইয়ের মত পাঠকদের হারাতে মুক্তমনার বেশী সময় লাগবে না।

মাঝে মাঝে যা শুরু হয় দেখে মনে হয় এর থেকে পিএইচপি ফাইল খুলে সেগুলোয় মুখ ডুবিয়ে রাখা ভালো।

আদিল মাহমুদ এর জবাব:
মে ৩০, ২০১০ at ৫:৩৯ পূর্বাহ্ণ
@শাফায়েত,

এই জন্যই বলি, ইসলাম গ্রহন করে ফেলো, আলোর পথে আসো। রেশারেষী, বিরক্তি কিছুই আর আসবে না। পরকালে আলুপুরি না চাইলে নাই , ডালপুরিও দেওয়া হবে। মুক্তমনায় বিরক্তি লাগলে ধর্মের কাছে আশ্রয় খুজো।

ফেসবুক তো ফুট্টুশ, দুইদিন পরে দেখবা মুক্তমনায় নাই হ্ইয়া গেছে , তারপর কি করবা?

হে তরুন, এসো আলোর পথে......।

ভবঘুরে এর জবাব:
মে ২৯, ২০১০ at ১২:৪৮ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আদিল ভাই, আপনি মজাটা ধরতে পারলেও আমাদের মুক্তমনা এডমিন মহোদয় সেটা ধরতে পারেননি, নাকি ইচ্ছা করেই ধরেন নি । দেখেন না আমাকে কেমন সবকটা দিয়ে দিলেন এই ফাকে। আমি তো ভাই ভড়কে গেছি একেবারে।

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৯, ২০১০ at ৭:২৮ অপরাহ্ণ
@ভবঘুরে,

আমি ব্যাক্তিজীবনে খুবই ফাজিল টাইপ মানুষ। তাই ব্লগেও নিজেকে সামলানো মাঝে মাঝে কঠিন হয়। তার দরকারও আছে অবশ্যই। উত্তপ্ত আবহাওয়া ঠান্ডা করতে তা সাহায্য করে। তবে সাইটের মান অক্ষুন্ন রাখার প্রায়োরিটি সবার আগে।

ফারুক এর জবাব:
মে ২৮, ২০১০ at ৯:৫২ অপরাহ্ণ
@ভবঘুরে,ধন্যবাদ , এত কষ্ট করে আমাকে বোঝানোর জন্য এত বড় মন্তব্য করার জন্য।

নিজের ব্রেনটাকে একটু পরিস্কার করুন আর মুক্ত দৃষ্টি দিয়ে কোরানটা পাঠ করুন দেখবেন , ওই বইটার মধ্যে আজগুবি সব কথাবার্তা ছাড়া আর কিছুই নেই।গোপন বা গুপ্ত রহস্য তো অনেক দুরের ব্যপার।

আপনি কি বইটি নিজে পড়েছেন? লোকের মুখে ঝাল খাবেন না , তাহলে নিজের সাথেই প্রতারনা করবেন। যদি পুরো কোরান বুঝে পড়ার পরে আপনার ধারনা না বদলায় কোরান সম্পর্কে , তাহলে একটি কথায় বলতে পারি , ইসলাম ধর্মে কোন জবরদস্তি নেই। এই পোস্টের ২০ নং কমেন্টে আদিল মাহমুদকে লেখা আমার জবাবটি পড়তে পারেন।

সংগ্রাম এর জবাব:
মে ২৯, ২০১০ at ৪:৪১ পূর্বাহ্ণ
@ফারুক, ইসলাম ধর্মে কোন জবরদস্তি নেই এই কথাটা ঠিক না । আমার ক্ষুদ্র জ্ঞানে যে টুকু দেখেছি তা থেকে মনে হয়েছে ইসলামের জান্ম ও বিকাশ হয়েছে জবরদস্ত্রির মাধ্যমে । মুহাম্মদের যুদ্ধ গুলি তার উৎকৃষ্ট প্রমান। আপনি আর একবার কোরানটা নিরপেক্ষ ভাবে পড়েন , আমার বিশ্বাস আপনি সত্য বুঝবেন ।
ছদ্মনাম নিয়ে মন্তব্য না করা খুবই যুক্তিযুক্ত । আমি ঠিক বুঝতে পারি না ছদ্মনাম কেন লিখতে হয়।

ফারুক এর জবাব:
মে ২৯, ২০১০ at ৬:০৮ অপরাহ্ণ
@সংগ্রাম,

আপনি আর একবার কোরানটা নিরপেক্ষ ভাবে পড়েন, আমার বিশ্বাস আপনি সত্য বুঝবেন।

কোরান পড়েই নিম্নের আয়াত পেলাম।
২:২৫৬ ” দ্বীনের ব্যাপারে কোন জবরদস্তি বা বাধ্যবাধকতা নেই। নিঃসন্দেহে সত্যপথ ভুলপথ থেকে স্পষ্টতই আলাদা।”There is no compulsion or coercion in religion. Verily, the Right Path has become distinct from the wrong path.
ইসলামের ইতিহাস যেটা আমরা জানি , তা কতটুকু সত্য ? একজন মুসলমান হিসাবে কোরানের বাণীকেই আমি শিরোধার্য মনে করি।

আনাস এর জবাব:
মে ২৯, ২০১০ at ৭:৫৫ অপরাহ্ণ
@ফারুক,

কুরানেই নিমোক্ত আয়াত পাওয়া গেলঃ

গৃহে অবস্থানকারী মরুবাসীদেরকে বলে দিনঃ আগামীতে তোমরা এক প্রবল পরাক্রান্ত জাতির সাথে যুদ্ধ করতে আহুত হবে। তোমরা তাদের সাথে যুদ্ধ করবে , যতক্ষণ না তারা “”মুসলমান”" হয়ে যায়। তখন যদি তোমরা নির্দেশ পালন কর, তবে আল্লাহ তোমাদেরকে উত্তম পুরস্কার দিবেন। আর যদি পৃষ্ঠপ্রদর্শন কর যেমন ইতিপূর্বে পৃষ্ঠপ্রদর্শন করেছ , তবে তিনি তোমাদেরকে যন্ত্রনাদায়ক শাস্তি দিবেন। ৪৮:১৬

আল্লাহ তোমাদেরকে বিপুল পরিমাণ যুদ্ধলব্ধ সম্পদের ওয়াদা দিয়েছেন , যা তোমরা লাভ করবে। তিনি তা তোমাদের জন্যে ত্বরান্বিত করবেন। তিনি তোমাদের থেকে শত্রুদের স্তব্দ করে দিয়েছেন-যাতে এটা মুমিনদের জন্যে এক নিদর্শন হয় এবং তোমাদেরকে সরল পথে পরিচালিত করেন। ৪৮:২০

তোমরা যুদ্ধ কর আহলে-কিতাবের ঐ লোকদের সাথে, “”যারা আল্লাহ ও রোজ হাশরে ঈমান রাখে না”", আল্লাহ ও তাঁর রসূল যা হারাম করে দিয়েছেন তা হারাম করে না এবং গ্রহণ করে না সত্য ধর্ম , যতক্ষণ না “করজোড়ে” তারা “জিযিয়া” প্রদান করে। ৯:২৯

(হাদিস পছন্দ করেন না, তাই হাদিস থেকে জিযিয়ার বর্ণনা দিলাম না। আয়াতে কাদের সাথে যুদ্ধ করতে বলা হয়েছে বুঝেছেন?)

অতঃপর নিষিদ্ধ মাস অতিবাহিত হলে মুশরিকদের হত্যা কর যেখানে তাদের পাও , তাদের বন্দী কর এবং অবরোধ কর। আর প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎ পেতে বসে থাক। কিন্তু যদি তারা তওবা করে, নামায কায়েম করে, যাকাত আদায় করে, তবে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয় আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু। ৯:৫

(সালাত আর যাকাত নিশ্চই কাফেরেরা আদায় করবে না, তারা এসব করলে তাদের ছেড়ে দিতে বলা হয়েছে, অন্যথায় কিভাবে তাদের শায়েস্তা করতে হবে তার বিশদ বর্ণনা দয়াময় আল্লাহ দিয়েছেন)

যারা আল্লাহ ও তাঁর রসূলের সাথে সংগ্রাম করে এবং দেশে হাঙ্গা মা সৃষ্টি করতে সচেষ্ট হয়, তাদের শাস্তি হচ্ছে এই যে, তাদেরকে হত্যা করা হবে অথবা শূলীতে চড়ানো হবে অথবা তাদের হস্তপদসমূহ বিপরীত দিক থেকে কেটে দেয়া হবে অথবা দেশ থেকে বহিষ্কার করা হবে। এটি হল তাদের জন্য পার্থিব লাঞ্ছনা আর পরকালে তাদের জন্যে রয়েছে কঠোর শাস্তি। ৫:৩৩

(খামাখা আমেরিকারে দুষেন কেন আবু গারিবের জন্যে ? যারা আবু গারিবে আছে, তারা তো নিজেদের ঠিক মনে করে, তারা যদি কাফের মুশরিকদের কাছে তওবা না করে এবং না বলে যে তারা আমেরিকার বিরুদ্ধে আর যুদ্ধ করবে না, তাহলে কি তাদের সাথে আপনার দয়াময় আল্লাহর দেখিয়ে দেয়া পথ অনুসরণ করা ন্যায় হবে? জানি তারা এর থেকে জঘন্য শাস্তি দেয়। আমার প্রশ্নটি উপলব্ধি করবেন)

যখন নির্দেশ দান করেন ফেরেশতাদিগকে তোমাদের পরওয়ারদেগার যে, আমি সাথে রয়েছি তোমাদের, সুতরাং তোমরা মুসলমানদের চিত্তসমূহকে ধীরস্থির করে রাখ। আমি কাফেরদের মনে ভীতির সঞ্চার করে দেব। কাজেই গর্দানের উপর আঘাত হান এবং তাদেরকে “কাট জোড়ায় জোড়ায়”।

যেহেতু তারা অবাধ্য হয়েছে আল্লাহ এবং তাঁর রসূলের , সেজন্য এই নির্দেশ। বস্তুতঃ যে লোক আল্লাহ ও রসূলের অবাধ্য হয়, নিঃসন্দেহে আল্লাহর শাস্তি অত্যন্ত কঠোর। ৮:১২-১৩

(নির্দেশটা কি জন্যে বুঝেছেন? তারা অবাধ্য হচ্ছে এমন কারো ব্যাপারে যার দাবীর ব্যাপারে এবং ক্ষমতা কুক্ষিগত করার প্রয়াসের বিরুদ্ধে। যারা আল্লাহর আইন নামে মানুষের তৈরী আইন মানতে না চায়। তাদের সাথে এরুপ আচড়ন করতে বলা হচ্ছে)

আপনি কুরান পড়ে শান্তিপ্রিয়, আর সেই কুরান পড়ে জ়ে এম বি অশান্তি প্রিয়। আর এ দুজনের মধ্যে কে সঠিক, এর সার্টিফিকেট দিবে কে? বলতে পারেন?

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৯, ২০১০ at ৮:১৩ অপরাহ্ণ
@আনাস,

“তোমরা যুদ্ধ কর আহলে-কিতাবের ঐ লোকদের সাথে, “”যারা আল্লাহ ও রোজ হাশরে ঈমান রাখে না””

- আহলে কিতাবধারী লোকেরা আল্লাহ ও রোজ হাশরে ঈমান রাখে না মানে কি? আমার জানামতে আহলে কিতাবধারী মানে তো খৃষ্টান ইহুদী এরা। এরা তো অন্তত এক আল্লাহয় বিশ্বাস করে , কেয়ামত ও শেষ বিচারেও বিশ্বাস করে।

তাদের হত্যা কর যেখানেই পাও- এ আয়াত কোট করার সময় তার আগের আয়াত না দিলে মনে হয় অসম্পূর্ণ হয়। এ আয়াত নি:সন্দেহে শান্তিময় কোন বানী না হলেও আগের আয়াতে “তাদের” বলতে কাদের কথা বোঝানো হয়েছে তা বলা হয়েছে। তাদের বলতে ওয়াদা ভংগকারীদের কথা বলা হয়েছে। সাধারনভাবে সব অমুসলিমদের নয়, যেভাবে অনেকেই এই আয়াত প্রায়ই কোট করেন।

আনাস এর জবাব:
মে ২৯, ২০১০ at ৮:৫৪ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

মানে কি তা আমাকে জিজ্ঞাসা করছেন কেন! ওটাতো আমার কথা না।

আর সুরা তাওবার ৫নং আয়াতটি অনেকে মনে করেন আউট অফ কন্টেক্সট। তবে আমার যেটি উদ্দেশ্য ছিল সেটি আমি ব্রাকেটে উল্লেখ করেছি। অর্থাৎ “”যুদ্ধবন্দীদের”" মুক্তি মিলবে তখনি যখন তারা তওবা, সালাত, যাকাত ইত্যাদি মেনে নিবে। এ আয়াত থেকে এমনটি কেউ দাবী করলে আপনার যুক্তি কি? আর আমি এবং আপনি দুজনের বিপরীতমুখি দুটি সিদ্ধান্তের সঠিক রায় কে দিবেন? আমার সিদ্ধান্তের অনুসারীরা ক্ষতিগ্রস্ত দল না আপনার জন? এক্ষেত্রে সঠিক সিদ্ধান্তটির উপর পরকালে শাস্তি আর ইহকালে হাজারো মানুষের জীবনের নিরাপত্তা নির্ভর করছে।
ধরেন কাফের মুশরিকেরা যুদ্ধ করে যুদ্ধবন্দীদের বলল , তোমরা অমুসলিম হলে তোমাদের মুক্তি মিলবে। এ ব্যাপারটা মুসলিমদের জন্যে কতটা মানবিক বলে আপনি মনে করেন ? ব্যাপারটা কি বুঝতে পেরেছেন?

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৯, ২০১০ at ৯:০২ অপরাহ্ণ
@আনাস,

.

প্রশ্ন আসলে সবার কাছেই করেছিলাম। ধারনা ছিল আপনি মাদ্রাসা লাইনে পড়াশুনা করেছেন, হয়ত সেদিকের প্রথাগত ব্যাখ্যা কিছু জানলেও জানতে পারেন। তবে ব্যাখ্যা কি হতে পারে তা আঁচ করতে পারি।

“কন্টেক্সট বুঝতে হবে। এখানে সব আহলী কেতাবধারীদের কথা বলা হয়নি। যেটা বিকৃতভাবে প্রচার করা হচ্ছে। সেই আমলের আহলে কেতাবধারীদের সবাই এক আল্লাহ বা শেষ বিচারে বিশ্বাস করত তা আপনাকে কে বলেছে? তাদের মধ্যে অনেক উপগোত্র ছিল যারা আল্লাহয় বিশ্বাস করত না। এই আয়াত শুধুমাত্র তাদের জন্যই প্রযোজ্য।”

কোরানের ব্যাখ্যা বা প্রয়োগের ব্যাপারে আমার অবস্থাও আপনার মতই। একই গ্রন্থ পাঠ করে কেউ সুফী সাধক হতে পারেন আবার কেউ আত্মঘাতী বোমাবাজ হতে পারে। সবার দাবী তারাই সঠিক , বাকিরা বেঠিক।

ফারুক এর জবাব:
মে ২৯, ২০১০ at ৯:২০ অপরাহ্ণ

@আদিল মাহমুদ, -

আহলে কিতাবধারী লোকেরা আল্লাহ ও রোজ হাশরে ঈমান রাখে না মানে কি? আমার জানামতে আহলে কিতাবধারী মানে তো খৃষ্টান ইহুদী এরা। এরা তো অন্তত এক আল্লাহয় বিশ্বাস করে , কেয়ামত ও শেষ বিচারেও বিশ্বাস করে।

আপনার জানা ঠিকি আছে- "আহলে কিতাবধারী মানে তো খৃষ্টান ইহুদী এরা। এরা তো অন্তত এক আল্লাহয় বিশ্বাস করে, কেয়ামত ও শেষ বিচারেও বিশ্বাস করে।" আয়াতটির অনুবাদ ভুল ভাবে করা হয়েছে , যার ফলে এই বিভ্রাট।

সঠিক অনুবাদ-
যুদ্ধ কর তাদের সাথে ১) যারাআল্লাহ ও রোজ হাশরে ঈমান রাখে না , ২)আল্লাহ ও তাঁর রসূল যা হারাম করে দিয়েছেন তা হারাম করে না ৩)আহলে-কিতাবের ঐ লোকদের সাথে , যারা গ্রহণ করে না সত্য ধর্ম........।

*ফারুক*এর জবাব:
মে ২৯, ২০১০ at ৮:৩৮ অপরাহ্ণ
@আনাস,সালামুন আলাইকুম।
আপনি যে আয়াতগুলোর উল্লেখ করলেন ওগুলো যুদ্ধের আয়াত। যুদ্ধ একবার শুরু হলে , হয় 'মার' নয় 'মর'। এর মাঝামাঝি কিছু হয় না বলেই এর নাম যুদ্ধ।
এখন যুদ্ধ শুরুর কিছু নির্দেশনা কোরানে আছে। আপনি যদি প্রকৃত মুসলমান হোন , তাহলে আল্লাহর এই নির্দেশ মেনেই কেবল যুদ্ধ শুরু করতে পারেন, অন্যথায় নয়।

২:১৯০ "**তোমরা আল্লাহ্র রাস্তায় যুদ্ধ করতে পার তাদের সাথে, যারা তোমাদেরকে আক্রমন করে। এবং তোমরা আগ্রাসী হইওনা। নিশ্চয়ই আল্লাহ আগ্রাসনকারীদেরকে পছন্দ করেন না।**"

উপরোক্ত আয়াতে এটা পরিস্কার যে আত্মরক্ষা ছাড়া যুদ্ধ করা যাবে না। এমনকি অতীতে দুর্বলতার কারনে কেউ যদি অন্যায় করে থাকে , তবুও শক্তিশালী হওয়ার পরে প্রতিশোধ নিতে নিষেধ করা হয়েছে।

৫:২......যারা পবিত্র মসজিদ থেকে তোমাদেরকে বাধা প্রদান করেছিল , সেই সম্প্রদায়ের শত্রুতা যেন তোমাদেরকে আগ্রাসন করতে প্ররোচিত না করে। সৎকর্ম ও খোদাভীতিতে একে অন্যের সাহায্য কর। পাপ ও আগ্রাসনের ব্যপারে একে অন্যের সহায়তা করো না। আল্লাহ্কে ভয় কর। নিশ্চয় আল্লাহ্ কঠোর শাস্তিদাতা।

ধর্মের নামে , শত্রু সম্পত্তি লাভের উদ্দেশ্যে কোন অমুসলিমকে , সে মুসলিম নয় এই অজুহাতে আক্রমন করা যাবে না। আক্রমনের আগে নিশ্চিত হতে হবে (তাবায়্যানু), আক্রান্ত ব্যাক্তি সক্রিয়ভাবে যুদ্ধে বা শত্রুতায় জড়িত কিনা।

৪:৯৪ হে ঈমাণদারগণ , তোমরা যখন আল্লাহ্‌র রাস্তায় যুদ্ধযাত্রা কর , তখন সত্য যাচাই করে নিও এবং পার্থিব জীবনের সম্পদ লাভের উদ্দেশ্যে যারা তোমাদের দিকে শান্তির হাত বাড়ায় , তাদেরকে বলো না যে তোমরা অবিশ্বাসী। বস্তুতঃ আল্লাহ্‌র কাছে অনেক সম্পদ রয়েছে। তোমরা ও তো পূর্বে এমনি ছিলে , অতঃপর আল্লাহ্ তোমাদের প্রতি অনুগ্রহ করেছেন। অতএব যাচাই করে নিও। নিশ্চয় আল্লাহ্ তোমাদের কাজকর্মের খবর রাখেন।

১৬:১২৬ আর যদি তোমরা প্রতিশোধ গ্রহন কর , তবে সমপরিমান প্রতিশোধ নেবে। **যদি সবর কর (প্রতিশোধের বদলে) , তবে তা সবরকারীদের জন্য উত্তম।**

আনাস এর জবাব:
মে ৩০, ২০১০ at ১২:৪২ পূর্বাহ্ণ
@ফারুক,

আপনি যেভাবে ব্যাখ্যা দিলেন, অনেকেই আপনার মত ব্যাখ্যা শুনেই মগজ ধোলাইড হয় বুঝলেন ? আপনি বলছেন সেসব যুদ্ধের আয়াত। আপনি জানলেন কিভাবে এসব যুদ্ধের সময় নাযিল করা হয়েছে? অথবা যুদ্ধের মুখে আত্মক্ষার্থে বলা হয়েছে? আমি যদি ভাবি আমাকে যুদ্ধ করতে বলা হয়েছে , এবং এটা যে কোন পরস্থিতিতেই। যুদ্ধ আমি শুরু করব। উদ্দেশ্য কাফের মুশরিকদের আল্লাহর আনুগত্যে আনা অথবা জিযিয়ার মত অপমানিত জীবনে রাখা। তাহলে আপনি আমার এ কাজ করাকে কিভাবে অন্যায় বা ভুল বলবেন?

অর্থাৎ আমি যদি কারো উপর যুদ্ধ চাপিয়ে দেই , ধরেন সুইডেন বা সুইটজারল্যান্ড এর মত কোন নাস্তিক দেশের উপর, এবং তারা আৎম্ররক্ষা অথবা নিজেদের মতধারা রক্ষায় যুদ্ধ করে , এবং আপনার মত সম্পূর্ণ শরিয়া পন্থায় সে যুদ্ধ পরিচালনা করে গনিমতের মালের সুন্দর ব্যাবহার , যেমনঃ নারীদেরকে দাসী বানাই। আপনি তখনি এটাকে নৈতিক বলবেন, যখন আপনি অন্ধের মত ভাববেন যে এদের দাসী হওয়া ছাড়া আর কোন গতি নাই।

অনুবাদের যে মারপ্যাচের কথা বলছেন। আপনি একটু ভেবে দেখেন। কুরানে নারীকে মারার যে কথা বলা হয়েছে, সেখানে আপনি আজকের সভ্যতার কল্যানে “দরবার” নরম অর্থটি নিচ্ছেন। আর আরবেরা মারা অর্থেই নিচ্ছে। আপনি কি বলতে পারবেন যে তাদের বুঝাটা ভুল ? আর না বলতে

পারলে আমার এটা এ বলতে হবে যে আপনার সভ্য হবার পেছনে কুরানের কোন অবদান নেই। আছে এই আজকের মানবিকতা বোধ।

আপনার ৪:৯৪ এর আগে ভাবুন ৪৮:২০ এর কথা। যেখানে আল্লাহ প্রকাশ্যে যুদ্ধলব্ধ সম্পদের ওয়াদা করছেন।

এবার আসুন আপনার স্বেচ্ছায় বা অনিচ্ছায় কি করেছেন তা দেখি।

আপনি আপনার মত করে আয়াত সমুহ সাজিয়ে নিলেন। তারপর বললেন যে আল্লাহ এটা বলেছে। সেই সাথে খুব সতর্কতার সাথে অর্থের পরিবর্তন আনলেন। কোথায় আনলেন তা দেখেন।

২:১৯০ "তোমরা আল্লাহ্‌র রাস্তায় যুদ্ধ **করতে পার*** তাদের সাথে, যারা *****তোমাদেরকে আক্রমন করে****। এবং তোমরা আগ্রাসী হইওনা। নিশ্চয়ই আল্লাহ আগ্রাসনকারীদেরকে পছন্দ করেন না।"

আপনি আক্রমন করে কথাটা পেলেন কোত্থেকে? নিচে আরবীটা দিলাম।

وَقَاتِلُوا*** فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ ***يُقَاتِلُو***نَكُمْ وَلا تَعْتَدُوا إِنَّ اللَّهَ لا يُحِبُّ الْمُعْتَدِينَ

* * *

* * * Fight* * * in the cause of Allah those * * * who fight you* * *, but do not transgress limits; for Allah loveth not transgressors.

আল্লাহ সরাসরি আদেশ দিচ্ছেন। হত্যা কর, তাদের কে যারা তোমাদের হত্যা করে। মানে যুদ্ধ কর তাদের সাথে যারা তোমাদের সাথে যুদ্ধ করে। কতল শব্দটা দুই ক্ষেত্রেই ব্যাবহার করা হয়েছে। এ আয়াতে কোথাও উল্লেখ নাই যে তারা যদি "আক্রমন" করে যেটা আপনি উল্লেখ করেছেন। আল্লাহর মুখে কথা ঢুকায় দেন কিভাবে আপনি? আমি যদি এভাবে বুঝি যে আল্লাহর আইন প্রতিষ্ঠায় আমাকে যারা বাধা দিবে তাদের কে আমি হত্যা করব। আর যারা দিবে না, যারা মেনে নিবে, হয় মুসলিম নয় জিযিয়া দিবে, তাদের ব্যাপারে আমি সীমালঙ্ঘন করব না। তাহলে আপনি কিভাবে আমাকে ভুল বলবেন? আপনি যে শব্দটার অর্থ আগ্রাসী করেছে তার মুল শব্দ "আইন দাল আলিফ" শব্দটির মুল অর্থ সীমালঙ্ঘন কর না। "লিসানুল আরাব" এর মতে এর অর্থ হল নারী ও শিশুকে হত্যা কর না। এখানে মোটেও আগ্রাসনের উপর কোন নিষেধাজ্ঞা আরোপ করা হয়নি।

"" ولا تَعْتَدوا"" أَي لا تُجاوزوا إِلى قَتْل النِّساءِ والأَطفال"".

একটা কথা মাথায় ঢুকান আগে। আপনার ব্যখ্যাই যে ঠিক, সেটার প্রমাণ কি? আর এভাবেই ১৫০+ কোটি মুসলিম যার যার ব্যাখ্যায় চলে , তাহলে কুরানের নিজের অবস্থান কোথায় ?

আর শব্দের অর্থের পরিবর্তন করে, যে কথা বলা নাই, তা যোগ করে। অর্থের ক্ষেত্রে ব্যাকরণের কোন নিয়ম না মেনে। নিজের সুবিধা মত অনুবা দ করে (৯:২৯ ২:৯০, ৪:৯৪ সহ প্রায় সবগুল আয়াতের ক্ষেত্রে আপনি এটা করেছেন)। যা বলা আছে তা গোপন করে আর কতদিন মানুষকে ধোকা দিবেন ?

(বাংলা অনুবাদের ক্ষেত্রে এ সাইট http://www.ourholyquran.com আর ইংরেজীর ক্ষেত্রে ইউসুফ আলীর অনুবাদ ব্যাবহার করি। নিজের অনুবাদ এখানে একবার ব্যাবহার করিনি)

*ফারুক*এর জবাব:
মে ৩০, ২০১০ at ৫:৩২ পূর্বাহ্ন
@আনাস,সালামুন আলাইকুম।

আপনি যেভাবে ব্যাখ্যা দিলেন, অনেকেই আপনার মত ব্যাখ্যা শুনেই মগজ ধোলাইড হয় বুঝলেন ?

এটা ভুল বল্লেন। ৯৯% মুসলমানের মগজ এমনিতেই কোন ব্যাখ্যা ছাড়াই ধোলাই হয়ে আছে। তারা যুদ্ধের আয়াত কেনো , কোনো আয়াত নিয়েই মাথা ঘামায় না বা বুঝেও কোরান পড়েনা। তাদের কোন ব্যাখ্যার প্রয়োজন নেই। আমার ব্যাখ্যাগুলো তাদের জন্য , যারা উদ্দেশ্যপূর্ন ভাবে কোরানের ভুল ব্যা খ্যা দিচ্ছে।

আমি যদি ভাবি আমাকে যুদ্ধ করতে বলা হয়েছে , এবং এটা যে কোন পরস্থিতিতেই। যুদ্ধ আমি শুরু করব। উদ্দেশ্য কাফের মুশরিকদের আল্লাহর আনুগত্যে আনা অথবা জিযিয়ার মত অপমানিত জীবনে রাখা। তাহলে আপনি আমার এ কাজ করাকে কিভাবে অন্যায় বা ভুল বলবেন?

আপনার এ কাজ করাকে অন্যায় বা ভুল বলব নিম্নের আয়াতের উপরে ভিত্তি করে -

১০:৯৯ আর তোমার পরওয়ারদেগার যদি চাইতেন, তবে পৃথিবীর বুকে যারা রয়েছে , তাদের সবাই ঈমান নিয়ে আসত সমবেতভাবে। **তুমি কি মানুষের উপর জবরদস্তী করবে ঈমান আনার জন্য ?**

বুঝতেই পারছেন ঈমান আনার জন্য জবরদস্তী তথা যুদ্ধ করতে নিষেধ করা হয়েছে।

যারা তোমাদের সাথে যুদ্ধ করে। কতল শব্দটা দুই ক্ষেত্রেই ব্যাবহার করা হয়েছে। এ আয়াতে কোথাও উল্লেখ নাই যে তারা যদি “আক্রমন” করে যেটা আপনি উল্লেখ করেছেন। আল্লাহর মুখে কথা ঢুকায় দেন কিভাবে আপনি?

আক্রমন ও যুদ্ধের মধ্যে কি খুব বেশি পার্থক্য আছে? পুরো আয়াতটি আবারো পড়ুন আক্রমনের জায়গায় যুদ্ধ শব্দটি বসিয়ে। দেখুনতো মানের কোন হেরফের হয় কিনা ? আপনাকে সীমালঙ্ঘন করতে মানা করা হয়েছে , অর্থাৎ আপনি আগে যুদ্ধ শুরু করতে পারবেন না। তাহলে কি অর্থ দাড়ায় ? আপনার বিরুদ্ধে যুদ্ধ শুরু না করলে তথা আপনাকে আক্রমন না করলে , যুদ্ধ শুরু করার এখতিয়ার নেই আপনার। আপনার প্রতিবাদের কারন বুঝলাম না।

লিসানুল আরাবের কথা ভুলে যান। কোরানের কোন আয়াতের যখন মানে করবেন , তখন কোরানের সামগ্রিক বক্তব্যকে মাথায় রেখে মানে করা জরুরী। মনে রাখবেন যে কোরান পড়ে কেউ বিশ্বাসী হয় , আবার সেই একি কোরান পড়েই অনেকে অবিশ্বাসী হয়।

একটা কথা মাথায় ঢুকান আগে। আপনার ব্যখ্যাই যে ঠিক , সেটার প্রমাণ কি? আর এভাবেই ১৫০+ কোটি মুসলিম যার যার ব্যাখ্যায় চলে , তাহলে কুরানের নিজের অবস্থান কোথায় ?

কোরানেই বলা আছে , কোরান বুঝে পড়ার জন্য ও নিজের ব্রেনটাকে কাজে লাগানোর জন্য। যা র যার কর্মফল তার। মোল্লা পুরোহিতের স্থান কোরানে নেই। সুতরাং নিজ নিজ ব্যাখ্যা অনুযায়ী চলার নির্দেশি কোরান দিয়েছে।

১৭:৩৬ যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই, তার পিছনে পড়ো না। নিশ্চয় কান, চক্ষু ও অন্তঃকরণ এদের প্রত্যেকটিই জিজ্ঞাসিত হবে।
Muhammad Asad 17:36 And never concern thyself with anything of which thou hast no knowledge: verily, [thy] hearing and sight and heart - all of them - will be called to account for it [on Judgment Day]!
৭:১৭৯ আর আমি সৃষ্টি করেছি দোযখের জন্য বহু জ্বিন ও মানুষ। **তাদের অন্তর রয়েছে, তার দ্বারা বিবেচনা করে না,** তাদের চোখ রয়েছে, তার দ্বারা দেখে না, আর তাদের কান রয়েছে, তার দ্বারা শোনে না। তারা চতুষ্পদ জন্তুর মত; বরং তাদের চেয়েও নিকৃষ্টতর। তারাই হল গাফেল , শৈথিল্যপরায়ণ।

আনাস এর জবাব:
মে ৩০, ২০১০ at ৭:০৮ অপরাহ্ণ
@ফারুক,

মওদুদি আপনার মত ভাবার্থে কুরান রচনা করেছিলেন। আপনি আরেকজন কুরান রচনাকারী। কেন বলছি এ কথা? আপনি একটা অনুবাদ করছেন। এবং মনের মাধুরি মিশিয়ে তা অনুবাদ করছেন। আপনার মতে কুরান কি আইন গ্রন্থ ? নাকি কবিতার গ্রন্থ যে যেমন ইচ্ছা তেমন অনুবাদ করে নি লাম? আপনি লিসানুল আরাব ভুলে যেতে বলছেন। দারুন জোক। লিসানুল আরাব কি জিনিষ জানেন ?

আপনার ওই রুপকথার গ্রন্থ থেকে হাজারগুণে উন্নত একটা গ্রন্থ। যাই হোক। আপনি যে চতুরতা করছেন সেটা ধরতে পারেন নি? আপনার অনুবাদ টা কি ছিল?

২:১৯০ "তোমরা আল্লাহ্‌র রাস্তায় যুদ্ধ **করতে পার*** তাদের সাথে, যারা *****তোমাদেরকে আক্রমন করে****। এবং তোমরা আগ্রাসী হইওনা। নিশ্চয়ই আল্লাহ আগ্রাসনকারীদেরকে পছন্দ করেন না।"

অনুবাদ শুনে মনে হচ্ছে তোমরা যুদ্ধ করতে পার বলতে আল্লাহ অনিচ্ছা সত্তেও অনুমতি দিচ্ছেন। "যারা তোমাদের আক্রমন করে" এটা সেই কারন। এতটা লুকচুরি না খেলে কুরান চোখ দিয়া পড়েন। কাতিলু শব্দটা আমরের সিগাহ। আমর মানে নির্দেশ। অনুমতি নয়। আরবী ব্যাকরণ সম্বন্ধে আশা করি কিছু জ্ঞান আপনার আছে। আগে বলা হচ্ছে তোমরা যুদ্ধ কর। হত্যা কর , আক্রমন কর। তাদেরকে যারা তোমাদের হত্যা করে বা যুদ্ধ করে। বা এক্রমন ক রে। এখানে আয়াতটি এমন যদি হত। যদি তোমাদের হত্যা করতে আসে, বা যদি তোমরা আক্রান্ত হও বা যখন তোমাদের আক্রমন করা হয়, তখন আত্মরক্ষা কর, আক্রমন কর, যুদ্ধ কর। এখানে আয়াতের শুরুতেই নির্দশ দেয়া হচ্ছে যুদ্ধ কর। হত্যা কর। যারা তোমাদের হত্যা করে যুদ্ধ করে । অর্থাৎ যারা প্রচারে বাধা দিবে, মেনে নিবেনা। তাদের কোন নিস্তার নেই। মেরে ফেল তাদের। এটাই নির্দেশ করা হচ্ছে। আপনি বলেছেন তো কুরান জোড় জবরদস্তি করে না। সেটা যে করে ৪৮:১৬ এর প্রমাণ। এখানে বলা হয়নি আগামিতে যদি আক্রান্ত হও। বলা হয়েছে আগামিতেও তোমাদের আক্রমন করার জন্যে ডাকা হবে। তাদের সাথে ততক্ষন যুদ্ধ কর যতক্ষন না তারা মুসলিম হয়ে যায়। আর তার প্রমান ৯:২৯।

আপনার জন্যে শব্দে শব্দে অনুবাদ দিলাম। আগে পরের আয়াতও পড়ে নিতে পারেন। দেখে নিন যে আপনার মত আউট অফ কন্টেক্সট কোন আয়াত কোট করেছি কিনা।

আগের আয়াতে বলা হচ্ছে এ বছরের পর থেকে অপবিত্র মুশরিকেরা মসজিদুল হারামের নিকট যেন না আসে। বুঝা যাচ্ছে যে এর দখল মুহাম্মাদের হাতে। তারপরের আয়াত। ৯:২৯

قَاتِلُواْ الَّذِينَ لاَ يُؤْمِنُونَ بِاللّهِ وَلاَ بِالْيَوْمِ الآخِرِ وَلاَ يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللّهُ وَرَسُولُهُ وَلاَ يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُواْ الْكِتَابَ حَتَّى يُعْطُواْ الْجِزْيَةَ عَن يَدٍ وَهُمْ صَاغِرُونَ

হত্যা কর/যুদ্ধ কর/আক্রমন কর , তাদেরকে যারা ""বিশ্বাস করে না আল্লাহকে"" এবং ""আখারাতে"" এবং ""হারাম করে না, যা হারাম করেছেন আল্লাহ এবং তার রাসুল "" এবং গ্রহন করে না ""সত্য দ্বীন"", তাদের মধ্যে থেকেও যাদেরকে কিতাব দেয়া হয়েছে, ততক্ষন তারা দেয় জিযিয়া একত্র করে তাদের দুহাত এবং নতজানু হয়ে ক্ষমা প্রার্থনা করে/তুচ্ছ হয়।

এবার কিছু বুঝলেন? যুদ্ধ করতে, আক্রমন করতে, জোর জবরদস্তী না করতে কোথায় নিষেধ করেছে এ আয়াতে? এ আয়াতে কোথায় উল্লেখ করা আছে যে আক্রান্ত হবার পর এটা কর? এটা মদীনার আয়াত। মক্কা বিজয়ের পর। আপনি যেটা দেখালেন সেটা মক্কার আয়াত। আর তার উপর কথা হচ্ছে, উপরোক্ত আয়াতে সুস্পষ্ট আক্রমনের কথা বলা আছে। আপনার উল্লেখ করা আয়াতে সুস্পষ্ট ভাবে আক্রমন না করার কথা বলা নেই। আপনি পুরটাই কন্টেক্সট ছাড়া উল্লেখ করলেন। যে অভিযোগটা সচরাচর অবীশ্বাসীদের বিরুদ্ধে করা হয়।

আপনার কথা শুনে বড়ই মজা লাগে। কুরান বাংলা বা ইংরেজীতে অনুবাদ হয়েছে কি ব্যাকরন এবং আরবী ভাষা শিখা ছাড়াই? কুরানের মত কি কুরানের অনুবাদো অলৌকিক কোন ব্যাপার ? ইসলামের ইতিহাস মানেন না। মক্কা মদীনার কোন ইতিহাস নাই। এভাবে যে কুরান পড়ছেন অসংলগ্ন কথাবার্তা মনে হয়না? একবার বলা হচ্ছে ৯:২৯ এ, কোন কথা নাই, ধরে শুধু মার যদি না তারা মেনে নেয়। আবার বলা হচ্ছে ১০:১০০ এবং ১০১ এ, আমি যখন হেদায়েত দিব তখন তারা মেনে নিবে, তুমি জোড় জবরদস্তি করে মানাতে পারবে না, তার পর আবার ৪৮ এ বলা হচ্ছে যুদ্ধ করতে ডাকা হবে তোমাদের কে, যুদ্ধে গেলে বিপুল পরিমান যুদ্ধলব্ধ সম্পদের ওয়াদা দেয়া হচ্ছে এবং দেয়া হচ্ছে আখেরাতে মুক্তির ওয়াদা।

আর আপনি তাহলে এটাই মেনে নিলেন যে ১৫০+ কোটি বুঝ হতে পারে। এবং সেই বুঝ অনুসারে যারা সন্ত্রাসী কাজ করছে (জে এম বি টাইপ) তারাও সঠিক। আপনার মতে তারা ইসলামের উপকার করছে তাই না? ইসলামের শান্তি প্রতিষ্ঠায় তারা ততপর? সরকারের কর্মপন্থার বিরুদ্ধে আপনার প্রতিবাদ জানানো উচিত। কারণ তারাও কুরানের ব্যাখ্যাতেই চলছে।

আপনার বক্তব্য শুনে মনে হল কুরা নের মুল বক্তব্য আপনি আপনার মাতৃ ভাষায় বুঝে ফেলেছেন। এবং কুরান আপনার মাতৃ ভাষায় আগত। আরবী ব্যাকরণ , ফিকাহ শাস্ত্র এসব কিছুই রাবিশ। বুঝা গেল আপনি একজন মহাজ্ঞানী। এতটাই জ্ঞানী যে লিসানুল আরব ভুলে যেতে বলছেন। একটা গ্রন্থ বের করেন, লিসানুল ফারুক ভাই।

ফারুক এর জবাব:

মে ৩০, ২০১০ at ১১:১৭ অপরাহ্ণ

@আনাস, নারে ভাই , আমি মহাজ্ঞানী ও নই বা কোরান রচনাকারী ও নই। আমি কোরান পড়ে যেটা বুঝেছি , সেটাই বলেছি। মানা না মানা আপনার ইচ্ছা।

আপনি বলেছেন- এখানে আয়াতের শুরুতেই নির্দশ দেয়া হচ্ছে যুদ্ধ কর। হত্যা কর। যারা তোমাদের হত্যা করে যুদ্ধ করে । অর্থাৎ যারা প্রচারে বাধা দিবে , মেনে নিবেনা। তাদের কোন নিস্তার নেই।

"যারা প্রচারে বাধা দিবে, মেনে নিবেনা। তাদের কোন নিস্তার নেই" এটা কোথায় পেলেন? আপনার বানানো এই অংশটুকু বাদ দিলে , আমি যা বলেছি , তার সাথে মিল আছে।

যাই হোক কোরানের কোন আয়াতে আগ্রাসন খোজার আগে , সবর করা ও সীমালজ্ঘন ও জবরদস্তী না করার কথা আল্লাহ যেটা বলেছেন , সেটা মাথায় রাখলে ভালো করবেন।

আসলেই এই তর্ক অর্থহীন। কোরান সৃষ্টিকর্তার বানী। কোরান সৃষ্টিকর্তার প্রমান নয়। সৃষ্টিকর্তা না মানলে এর কোন মূল্য বা প্রয়োজনীয়তা আপনার নেই। সুতরাং আ পনাকে আগে ঠিক করতে হবে সৃষ্টিকর্তা আছে কিনা বা সৃষ্টিকর্তার প্রয়োজন অনুভব করেন কিনা ?

ভালো থাকুন , শান্তিতে থাকুন।

আনাস এর জবাব:
মে ৩০, ২০১০ at ১:১৩ পূর্বাহ্ণ
@ফারুক,

দুঃখিত আপনার সালামের জবাব দিতে ভুলে গিয়েছি। আপনার উপর শান্তি বর্ষিত হোক।

আপনি যেমনটা ভবঘুরে কে বললেন , যে আয়াত মক্কায় না মদীনায় অবতীর্ণ সেটা আপনি জানেন না, সে সুত্র অনুসারে ৫:২ এর ব্যাপারে অর্থ যদি এটা ধরে নেই যে এ আয়াত মক্কা বিজয়ের পর। আর একটা দেশ বিজয়ের পর তাতে আবার কিভাবে আগ্রাসন চালানো যায় তা আমার বোধগম্য নয়। বড়জোড় এটা বলা যেতে পারে যে এখানে পরাজিত জাতির সাথে সীমালজ্ঘন মুলক ব্যাবহার করতে নিষেধ করা হয়েছে। আয়াতটি যে মক্কায় আগ্রাসনের পর তা ঠিক পরের আয়াতটি পরেই বুঝতে পারেন।

আচ্ছা, আপনার কি ধারনা যে কুরান মক্কায়তেই শুধু অবতীর্ণ হয়েছিল ? রাসুল পুরো জীবন মক্কাতে ই ছিলেন? এবং সমস্ত মক্কাবাসী গন বিপ্লবের মাধ্যমে মক্কায় পরিবর্তন এনেছিলেন? আগ্রাসন ছাড়া মক্কা কিভাবে মুসলিমদের দখলে আসল ? এমনকি ঘটেছিল যে কাফেরেরা মদীনায় আক্রমন করার পর মুসলমানেরা আৎম্ররক্ষা করতে করতে মক্কাই বিজয় করে ফেলেছিল ?

আপনার মতে কুরানে যাই আছে, তা সবই মানবিক। আর আমার কাছে কুরান ততকালীন সময়ের আলোকে মানবিক। আমি আরো উন্নত মানবিক সমাজ আশা করি। যেখানে কুরানের যুদ্ধের আয়াত অচল হয়ে পড়বে, যেমনটি অচল দাস দাসীদের ব্যাপারে আয়াত সমুহ।

*ভবঘুরে*এর জবাব:
মে ২৯, ২০১০ at ৮:৩১ অপরাহ্ন
ভাই, ফারুক, যে সূরার আয়াত আপনি উল্লেখ করলেন সেই একই সূরা থেকে নিচের কয়েকটি আয়াত এবার দেখুন-

সূরা: বাক্বারা
১৯০: আর লড়াই কর আল্লাহর ওয়াস্তে তাদের সাথে যারা লড়াই করে তোমাদের সাথে। অবশ্য কারো প্রতি বাড়াবাড়ি করো না। নিশ্চয়ই আল্লাহ সীমা লঙ্ঘনকারীকে পছন্দ করেন না।
১৯১: আর তাদেরকে হত্যা করে যেখানে পাও সেখানেই এবঙ তাদেরকে বের করে দাও সেখান থেকে যেখান থেকে তারা বের করেছে তোমাদেরকে। বস্তুতঃ ফেতনা ফ্যসাদ সৃষ্টি করা হত্যার চেয়েও কঠিন অপরাধ। আর তাদের সাথে লড়াই করো না মসজিদুল হারামের নিকটে যতক্ষন না তারা তোমাদের সাথে সেখানে লড়াই করে। অবশ্য যদি তারা নিজেরা তোমাদের সাথে লড়াই করে। তাহলে তাদের হত্যা কর। এই হলো কাফেরদের শাস্তি।
১৯২: আর তারা যদি বিরত থাকে, তাহলে আল্লাহ অত্যন্ত দয়ালু।
১৯৩: আর তোমরা তাদের সাথে লড়াই কর, যে পর্যন্ত না ফেতনার অবসান হয় এবং আল্লাহর দ্বীন প্রতিষ্ঠিত হয়। অতঃপর যদি তারা নিবৃত্ত হয়ে যায় তাহলে কারো প্রতি জবরদস্তি নেই, কিন্তু যারা যালেম (তাদের ব্যপার আলাদা)
দেখুন উক্ত সূরাটির প্রথমে বলা হচ্ছে যারা লড়াই করে তোমাদের সাথে তাদের সাথে লড়াই করতে। খুব ভাল কথা, কেউ যদি আক্রমন করে তাহলে প্রতি আক্রমন ন্যায় সঙ্গত। তাতে দোষের কিছু নেই। আপাতত: বিষয়টি বেশ যুক্তিযুক্ত ও ন্যায়সঙ্গত মনে হয়। কিন্তু আসল ঘটনাটা কি ? উক্ত আয়াত দিয়ে মোহাম্মদ তার বাহিনীকে মক্কা আক্রমনের জন্যে উৎসাহিত করছেন। কিভাবে তা বোঝা যাবে ? দেখুন বলছেন- তাদের সাথে লড়াই করো না মসজিদুল হারামের কাছে অর্থাৎ কাবা শরিফের কাছে। তো মোহাম্মদ থাকেন মদিনাতে তিনি মদিনায় অবতীর্ন সূরাতে কাবা শরিফের কাছে যুদ্ধ না করতে বারন করছেন কেন ? তার সোজা অর্থ তিনি তার বাহিনীকে মক্কা আক্রমন করার জন্য উৎসাহিত করছেন। এখন তাহলে এখানে আক্রমনকারী কে ? মক্কাবাসী নাকি মোহাম্মদ? অথচ সব সময় বলা হয় মোহাম্মদ নাকি নিজেকে রক্ষা করার জন্য অর্থাৎ আত্মরক্ষার জন্য যুদ্ধ করেছেন। আর মক্কাবাসীকে আক্রমন করবে মোহাম্মদের দলবল তো মক্কাবাসীরা কি তখন আত্মরক্ষার জন্য যুদ্ধ করবে না ? আর যুদ্ধ করলেই মোহাম্মদ বলছেন তার সাঙ্গ পাঙ্গকে যে - যেখানেই মক্কাবাসীকে পাওয়া যাবে সেখানেই

হত্যা করতে হবে। দেখুন আয়াতগুলিতে তীব্র প্রতিশোধের বাক্য বলা হচ্ছে। একসময় মোহাম্মদ পালিয়ে এসেছিল মদিনায় এখন ক্ষমতাধারী হয়েছেন তাই তিনি এখন তাদেরকে তাড়িয়ে দেবেন যারা একদিন তাকে তাড়িয়েছিল। এ তো স্রেফ এক গোষ্ঠি প্রধানের কথা যে তীব্র প্রতিশোধের নেশায় পাগল হয়ে গেছে, আল্লার কথা হয় কেমনে এটা ? এখন দেখুন তফসির আর শানে নুযুল সহকারে কোরানের বানী পাঠ করলে কি সত্যটা বেরিয়ে আসে। দেখুন এখানে দোষটা কার ? যদি শান এ নুযুল জানা না থাকত তাহলে কিন্তু মোহাম্মদকে সত্যি মনে হতো তিনি কোরানের বানীর নামে ঠিক কথা বলছেন। এর পরে বলা হচ্ছে- কারো প্রতি জবরদস্তি নেই। কি অদ্ভুত কথা! কিন্তু পুরা লাইনটা কি ? দেখুন তা হলো - অতঃপর যদি তারা নিবৃত্ত হয়ে যায় তাহলে তাহলে কারো প্রতি কোন জবরদস্তি নেই , কিন্তু যারা যালেম (তাদের ব্যপার আলাদা) - তাহলে কারো প্রতি জবরদস্তি নেই কখন? যখন তারা নিবৃত্ত হয় অর্থাৎ আত্মসমর্পন করে বা মোহাম্মদের কাছে বশ্যতা স্বীকার করে। তো এতে মহানুভবতা কোথায় ? আর সবচাইতে বড় অপরাধ তো করছেন মোহাম্মদ , মদিনা থেকে এসে মক্কা আক্রমন করে সেটাকে তিনি আত্মরক্ষার যুদ্ধ বলে চালিয়ে দিতে চাচ্ছেন। এটা তো যুদ্ধের প্রচলিত নি য়ম সবসময় যা চলে এসেছে। আত্মসমর্পনকারীকে সাধারনত যুদ্ধে বিজয়ী দল হত্যা করে না।প্রসঙ্গতঃ হুদায়বিয়ার সন্ধি হয় দশ বছরের জন্য কিন্তু মাত্র দু বছর পরেই একটা অতি সামান্য অজুহাতে মোহাম্মদ মক্কা আক্রমন করেন যার শানে নুযুল পরে কোন একটা নিবন্ধে প্রকাশ করা হবে।

আর এর পরে এসে বলছে-২:২৫৬ দ্বীনের ব্যাপারে কোন জবরদস্তি বা বাধ্যবাধকতা নেই। নিঃসন্দেহে সত্যপথ ভুলপথ থেকে স্পষ্টতই আলাদা
তাহলে আগের আয়াতগুলি কি, সেটা কি দয়া করে বলবেন ফারুক ভাই ? আসলে তো সেই আগের কথারই পূনরাবৃত্তি করছে এখানে , তাই না ? আর জবরদস্তি নেই কি শর্তে? যদি সবাই মোহাম্মদের কাছে আত্মসমর্পন করে তবেই , কি বলেন ? এখন কি দেখলেন জবরদস্তি আছে নাকি নেই? পরিশেষে, মোহাম্মদের মক্কা আক্রমনের পায়তারা বা অজুহাত খোজা এসব কি একজন আল্লাহর নবীর জন্যে মানানসই? এটা তো একজন বঞ্চিত মানুষের প্রতিশোধ গ্রহনের তীব্র স্পৃহার কথা ছাড়া আর কিছ্ছু নয় । এটা কি করে আল্লাহর বানী হয় ? একবারও ঠান্ডা মাথায় ভেবেছেন কি ফারুক ভাই ?

ফারুক এর জবাব:

মে ২৯, ২০১০ at ৯:৩৭ অপরাহ্ণ

@ভবঘুরে,

কিন্তু আসল ঘটনাটা কি ?

এটাই তো লাখ টাকার প্রশ্ন। আপনি যে ইতিহাসের উদ্ধৃতি দিচ্ছেন বা বর্তমানে ইসলামের যে ইতিহাস আমরা জানি , তার পুরোটাই রসূলের মৃত্যুর ২৫০ বছর পরে তাবারীর লেখা ইতিহাস এবং সে ইতিহাস ও তিনি লোকমুখে শোনা গল্পের উপরে ভিত্তি করেই নিজের রাজনৈতিক মতের সাথে মিলিয়ে লিখেছেন। সুতরাং এই সকল গল্পের উপরে তর্ক বিতর্ক অর্থহীন।

দেখুন বলছেন- তাদের সাথে লড়াই করো না মসজিদুল হারামের কাছে অর্থাৎ কাবা শরিফের কাছে। তো মোহাম্মদ থাকেন মদিনাতে তিনি মদিনায় অবতীর্ন সূরাতে কাবা শরিফের কাছে যুদ্ধ না করতে বারন করছেন কেন ?

আমি তো জানি না , এই আয়াত কখন কোথায় নাযিল হয়েছিল ? মক্কা বিজয়ের কতদিন আগে বা কতদিন পরে? তাহলে কিভাবে আমি স্বীদ্ধান্তে পৌছাব?

আমার নিজের ধারনা , বুখারী ,মুসলিম , তাবারী ও হাদীসের অন্যান্য গ্রন্থের প্রনেতা এই সকল ইরানী ইমামরা কোন এজেন্ডা বাস্তবায়নের জন্য এবং ইসলাম ও মুহম্মদকে ডিসক্রে ডিট করার জন্য এই সকল বানোয়াট হাদীস ও ইতিহাস রচনা করেছেন। আল্লাহই ভালো জানেন।

ভবঘুরে এর জবাব:
মে ৩০, ২০১০ at ১২:২৫ পূর্বাহ্ণ
@ফারুক,
বড় আজব কথা বললেন ভাই ফারুক এবার। মসজিদুল হারামের কাছে যুদ্ধের সময় কাউকে না হত্যা করতে বলছেন সূরাতে, তার মানে কি সূরাটি মক্কাতে আবির্ভূত হয়েছিল ? একটু কোরানটা খুলুন দয়া করে, সেখানেই দেখবেন এটা মাক্কি না মাদানি সূরা , বুঝেছেন? মক্কা বিজয়ের পর, মোহাম্মদ বেচে থাকতে মক্কায় কি আর কোন যুদ্ধ হয়েছিল নাকি ? আর ভালভাবে কোরান না পড়ে, না জেনে আপনি আমাদের সাথে দেদারসে তর্ক বিতর্ক করে যাচ্ছেন, এখন দেখুন কে কোরান ভাল ভাবে পড়ে আর কে পড়ে না । আমরা ভাল ভাবে পড়ি বলেই তো কোরানকে আল্লাহর কিতাব মনে করি না। আপনাদের মত না পড়লে ঠিকই কঠিন ভাবে বিশ্বাস করতাম যে ,কোরান আল্লার কিতাব আর মোহাম্মদ আল্লাহর নবী।

ফারুক এর জবাব:
মে ৩০, ২০১০ at ১২:৩৭ অপরাহ্ণ
@ভবঘুরে,

আমরা ভাল ভাবে পড়ি বলেই তো কোরানকে আল্লাহর কিতাব মনে করি না।

আপনাকেতো আগেই বলেছি , আপনি নিজে পড়ে কোরানে যা পেয়েছেন , ওটাই সত্য আপনার জন্য। তবে যদি নিঃসন্দেহ হওয়ার ইচ্ছা আপনার থাকে , তাহলে মাথা থেকে ইসলামের ইতিহাস , শানে নযুল , হাদীস বাদ দিয়ে ও কোরানের ছিদ্র নয় ভালো কিছু আছে কিনা তা জানার মানসে আর একবার কোরান পড়ুন। আপাতদৃষ্টে আপনার কাছে যা ছিদ্র মনে হচ্ছে , তার প্রতিটির জবাব আছে।

*ভবঘুরে*এর জবাব:

মে ২৯, ২০১০ at ১২:৩৭ অপরাহ্ণ

@ফারুক,

কোরান পড়ে ওর মধ্যে সিন্দবাদ নাবিকের গল্পের মত গাজাখুরি গল্প , অমুসলিদের প্রতি সীমাহীন ঘৃণা, বিদ্বেষ , আর মোহাম্মদকে আল্লাহর নবী না মানলে আল্লাহ(আসলে মোহাম্মদ) অবিশ্বাসীকে দোজখের আগুনে কি পরিমান পোড়াবে তার ভয়ংকর বর্ননা, পৃথিবীকে সমতল আকারের বর্ননা, আকাশ হলো কঠিন পদার্থের তৈরী ছাদ, বিজ্ঞানের সাথে সংঘাতপূর্ন অসংখ্য ছেলে ভুলানো বর্ননা , অসংখ্য অস্পষ্ট বাক্য, কয়টা বিয়ে করতে হবে, কিভাবে তালাক দিতে হবে, নারীদের কিভাবে কঠিনভাবে ঘরের মধ্যে আটকে রাখতে হবে- এসব ছাড়া তো আর কিছুই পেলাম না। আপনি যদি অতি উচ্চ মার্গের কোন বক্তব্য পেয়ে থাকেন তাহলে তা নিয়ে একটা প্রবন্ধ লিখতে পারেন, আমরা তা পড়ে অভিভুত হয়ে তওবা করে আবার ইসলামের রাস্তায় ফিরে যাব।

*ফারুক*এর জবাব:

মে ২৯, ২০১০ at ৬:৩৮ অপরাহ্ণ

@ভবঘুরে,আপনি নিজে পড়ে কোরানে যা পেয়েছেন , ওটাই সত্য আপনার জন্য।

*অভিজিৎ*এর জবাব:

মে ২৮, ২০১০ at ১১:০৯ অপরাহ্ণ

@ভবঘুরে,

আমার খুব অদ্ভুত লাগছে, আপনি এর ওর স্ত্রী নিয়ে কিছু স্থূল মন্তব্য করছেন আর একা নীচে হাত তালি দিচ্ছেন। আপনি তো ব্লগারদের নাম উল্লেখ না করেও মন্তব্য করতে পারেন। আর তাছাড়া বারবারই বলা হচ্ছে যে, মন্তব্য করতে গিয়ে কোন বিশেষণ ব্যবহার করার দরকার নেই। আপনি নিজেই দেখুন আপনার মন্তব্যে গরু , গাধা বলদ কতবার ব্যবহার করেছেন। আপনি যদি নিজেকে বুদ্ধিমান ভাবেন, আর 'বুদ্ধিহীন' ধার্মিকদের থেকে আলাদা ভাবেন, তবে আপনার মন্তব্যেও সেটা প্রকাশ পাওয়া উচিৎ, তাই না?

ছদ্মনাম নিয়ে মন্তব্য করার ব্যাপারে আগে একবার ফরিদ ভাই বনাম পথিক আর আগন্তকের সাথে বিতর্কে একমত হইনি। কারন আমি জানি ছদ্মনাম না নিয়ে লিখলে কি পরিমাণ বিপদ আপনাদের উপর নেমে আসতে পারে। কিন্তু ছদ্মনামকে পুঁজি করে আপনি ব্লগের পরিবেশ তলানিতে নামিয়ে আনতে পারেন না। ছদ্মনাম ব্যবহারের পক্ষে যারা যুক্তি দেন (আমি নিজেও তাদের যুক্তি মানি) , তাদের ছদ্মনাম ব্যবহারের দায়িত্বটুকুও তাদের ঠিকমত পালন করতে হবে। কেবল মাথা গরম করে বিশেষণ প্রয়োগে মন্তব্য করার জন্য ছদ্মনাম ব্যবহার করলে, সেটা প্রকারন্তরে আপনার বিরুদ্ধেই ব্যবহার করা হবে।



*আল্লাচালাইনা*এর জবাব:

মে ২৮, ২০১০ at ১১:৩৯ অপরাহ্ণ

@অভিজিৎ, ৪৮ ঘন্টা পেরিয়া গেলে পরে এমন একটা পোস্টে কে কি মন্তব্য করছে তা দেখতে এবং তার জবাব দিতে আসার কোন ইচ্ছা আমার ছিলো না, আপনার মন্তব্য দেখে আসলাম। আমি ব্যক্তিগতভাবে ছদ্মনামে লিখবো কারণ- নাম, ঠিকানা, ফটোআইডি নিয়ে একটি ইন্টারনেট এন্টিটি হতে আমি স্বস্তিবোধ আমি করিনা, ব্লগের পরিবেশ তলানীতে নেয়া এর কোন কারণ নয়। আর এমন কিছু কি হয়েছে যা দেখে আমাদের মনে হতে পারে পরিবেশ তলানীতে নেমে যাচ্ছে ? আমি এটা লিখেছিলাম নিছকই নিজে বিনোদন পাবার উদ্দেশ্যে এবং অপরকে বিনোদন দেয়ার লক্ষ্যে, এটা একটি রেফরেন্স প্রবন্ধ যে হবে না এটা আমি জানতাম, হোক এটাও আশা করিনি। আর সবার ইন্টারেস্টও তো একমুখী হবে না, তাই না?

অভিজিৎ এর জবাব:
মে ২৮, ২০১০ at ১১:৫২ অপরাহ্ণ
@আল্লাচালাইনা,
আমার মন্তব্যটি কিন্তু আপনাকে উদ্দেশ্য করে ছিলো না। আমি ভবঘু রের কিছু বিশেষণ প্রয়োগের ব্যাপারে মন্তব্য করেছি। আমি ছদ্মনাম নিয়ে লেখায় আমার স্ট্যান্ড আগেই জানিয়েছি। আমি এটার বিরোধী নই কখনোই। কিন্তু স্রেফ গালাগালি করার জন্য ছদ্মনাম নিলে সেটার দায়িত্ব মুক্তমনার সাথে যারা স্বনামে জড়িত, তাদের নিতে হয়। এই ব্যাপারটাই আপনাকে বিনীত ভাবে জানাচ্ছি। আমি যেহেতু প্রথম থেকেই মুক্তমনার সাথে স্বনামেই জড়িত আছি , এর সব কিছু দায় দায়িত্ব শেষ পর্যন্ত আমার উপরেই বর্তায়, সেই সমস্যাগুলোর কথাও তো আপনি মাথায় রাখবেন তাই না? ছদ্মনামে লিখতে মুক্তমনায় কখনোই বারণ করা হয়নি , বলা হয়েছে দায়িত্ববোধটুকু নিষ্ঠার সাথে পালন করতে।
এবার আপনার লেখা নিয়ে বলি। আপনার লেখার স্টাইল, শব্দনির্বাচন প্রচন্ড ক্ষুরধার। আমিও ব্লাডি সিভিলিয়ানের মতোই মনে করি মনে হল হুমায়ুন আজাদের কোন রচনা পড়ছি। এর চেয়ে বড় কম্পলিমেন্ট (অন্ততঃ আমার কাছে) বোধ হয় আর হয় না, কারণ আমি নিজেই হুমায়ুন আজাদের গদ্য রীতির দারুন ভক্ত।

আপনি লিখুন, আরো বেশি করে লিখুন, বিভিন্ন বিষয়ে।

ভবঘুরে এর জবাব:
মে ২৯, ২০১০ at ১২:০৮ অপরাহ্ণ
@অভিজিৎ,
ব্যাক্তিগত আক্রমন তো করিনি। একটা তুলনা করার জন্যে মজা করে একজন লেখকের নাম উল্লেখ করেছি মাত্র। এতে কারো মানের হানি হয় বলে তো মনে হয় না। বলদ বা গাধা এজাতীয় মন্তব্য তো ব্যক্তিগত কাউকে করা হয়নি যে তা আবার কারও সম্মানহানির কারন হবে। বুঝলাম না ভাই আপনি আসলে আমার পুরো মন্তব্য পড়ে নাকি না পড়ে সবক দিলেন। লেখকের যদি কিছুটা স্বাধীনতা বা মজা করার স্বাধীনতা না থাকে তাহলে তো তা আবার সেই কোরানের আইনের মত হয়ে গেল অনেকটা । আমাদের লেখালেখিতে মান নীচে নেমে যাওয়া তো দুরের কথা , আমার তো ধারনা উচু হচ্ছে ও অনেক বেশী পাঠক/পাঠিকা সক্রিয় মন্তব্য করছে যা সত্যিকার একটা ব্লগ সাইটের প্রান। আর তাদের প্রতিক্রিয়ার কারনে আরও বেশী মানুষ সাইটটাতে ঢু মারছে। আপনারা যারা মডারেটর আছেন তারাও নিশ্চয়ই চান ব্যপারটা এমন হোক। যাহোক, কোরানের আইনের মত আইন চালু করে হাত বেধে দিলে তো পরে আর লেখা যাবে না। বিষয়টা নিয়ে আসলেই ভাবতে হবে মনে হয়।



একা এর জবাব:
মে ২৯, ২০১০ at ৪:৫৩ অপরাহ্ণ
@অভিজিৎ,

আমার হাসিতে যদি মুক্তমনা ভাবমূর্তির ক্ষতি হবে বলে মনে করেন ,তাহলে অনুগ্রহ করে মডারেটরগন যেনো আমার হাসি বা আমার মন্তব্য মুছে দেন।

আমি সাধারণত কারো লেখায় একবারের বেশী মন্তব্য করিনা। এ ক্ষেত্রে আমার হাসির কারণ যদিও ব্যাখ্যা করতে চাইছিলাম না,কিন্তু আপনারা ভুল বুঝবেন বিধায় কিছু বলছি।
আমার লেখায় খেয়াল করবেন কীনা জানিনা(যদি আদৌ পড়ে থাকেন) আমি কাউকে তেমন বুঝাতে যাইনা। লেখার তাগিদে লিখি, কেউ কিছু জিজ্ঞেস করলে সম্ভব হলে জবাব দেই।তাই বলে এই না যে সব কিছু বুঝানর দায় দায়িত্ব আমার।যে যা বুঝে তাই নিয়ে থাকি। আশা করি বুঝাতে পারলাম।

বিপ্লব পাল এর জবাব:
মে ২৮, ২০১০ at ১১:৩১ অপরাহ্ণ
@ভবঘুরে,

১৪০০ বছর আগেকার অর্ধ সভ্য আরবগুলো তো একপ্রকার বলদ আর গাধার সমতুল্যই ছিল। কি বলেন? আপনি সেই আরব গুলোর সাথে প্রাচীন গ্রীক, রোমান, মিশরীয়, পারস্য সভ্যতার মানুষগুলোর তুলনা করেন আপনি দেখবেন সেই আরবের লোকগুলো বলদ ও গাধার চেয়ে বে শী কিছু ছিল না।

এটা সত্যের অপলাপ। আরবরা সাহিত্য এবং ব্যাবসায় তখন বেশ উন্নত ছিল। আর যদি ধরেই নি তারা বলদের জাতি, তাহলে ইসলাম জন্মে ২ শতকের মধ্যে জ্ঞান বিজ্ঞানে কি করে তারা শ্রেষ্ঠত্ব পেল? বলদদের শ্রেষ্ঠ সভ্যতা বানানোর কৃতিত্বটা তাহলে ইসলামকে দিন ?

আসলে এর কোনটাই সত্য না। ইসলাম জন্মের পূর্বে আরব জাতি যথেষ্ঠই উন্নত ছিল -এই উন্নতি জারি ছিল মোল্লা ওমর অব্দি। তারপরে জ্ঞান বিজ্ঞানের পথে ছেরে ধর্মকে আঁকরে ধরায় ওরা সত্যই পিছিয়ে পড়ে-আপনার কথায় বলদদের জন্ম হয়।

*যাযাবর*এর জবাব:
মে ২৯, ২০১০ at ১:৫২ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,

এটা সত্যের অপলাপ। আরবরা সাহিত্য এবং ব্যাবসায় তখন বেশ উন্নত ছিল। আর যদি ধরেই নি তারা বলদের জাতি, তাহলে ইসলাম জম্মে ২ শতকের মধ্যে জ্ঞান বিজ্ঞানে কি করে তারা শ্রেষ্ঠত্ব পেল? বলদদের শ্রেষ্ঠ সভ্যতা বানানোর কৃতিত্বটা তাহলে ইসলামকে দিন?

আরবরা বলতে আপনি কি সৌদি আরব বোঝাচ্ছেন? একটু সাহিত্যের নমুনা দেখাতে পারেন ? ভবঘুরে নিশ্চয় মীন করেছিলেন মুহম্মদের সমসাময়িক মক্কা মদিনার বেদুইন আরবেরা। তাদের ,বিশেষ করে মুহম্মদের অনুসারীদের কি অবদান আছে সাহিত্যকর্মে ? আর ইসলামের জন্ম হয়েছিল মক্কা মদীনা কেন্দ্রিক সৌদি আরবে। যে দুইশ বছরে কথা উল্লেখ করলেন সেই দুশ বছর কড়া ইসলামী শাসন চালু ছিল। ঐ সময়ে কি জ্ঞান বিজ্ঞানের উন্নতি হয়েছিল? বিশেষ করে ইসলমের জন্ম দাতা সউদি আরবীদের দ্বারা? দুশ বছর পর ইসলামী শাসনে শিথিলতা আসার পরই আসে জ্ঞান বিজ্ঞানের বিকাশ আর তাও হয় বসরাতে, মক্কা মদীনাতে নয়। আর সেই বিজ্ঞানের পুরোধায় ছিলেন কোন কুরান ও মুহম্মদের অন্ধ অনুসারী নয়, বরং জ্ঞানপিপাসু কিছু উদার মনীষী। তাহলে সেই কৃতিত্বকে কি ইসলামের জন্য না বলে ইসলাম সত্বেও বলা ঠিক না? সেই বিজ্ঞানে কুরান বা মুহম্মদের কি ভূমিকা ছিল? ইসলামের ভূমিকা থাকলে ত মাদ্রাসায় সব বিজ্ঞানের আবিষ্কারগুলি ঘটত। মাওলানা বা ইমামদেরই তো শ্রেষ্ঠ বিজ্ঞানী হবার কথা।

*ব্রাইট স্মাইল্*এর জবাব:
মে ২৯, ২০১০ at ২:৩৩ পূর্বাহ্ণ
@যাযাবর,

ইসলামের ভূমিকা থাকলে ত মাদ্রাসায় সব বিজ্ঞানের আবিষ্কারগুলি ঘটত। মাওলানা বা ইমামদেরই তো শ্রেষ্ঠ বিজ্ঞানী হবার কথা।

বিপ্লব পাল এর জবাব:
মে ২৯, ২০১০ at ৯:৪৩ পূর্বাহ্ণ
@যাযাবর,
(১)
প্রাক ইসলামিক যুগের আরব সাহিত্য নিয়ে জানতে হলে পড়ুন
http://en.wikipedia.org/wiki/Arabic_poetry#Pre-Islamic_poetry
এবং এই সমৃদ্ধ সংস্কৃতিকেও ইসলাম ধ্বংশ করেছিল অজ্ঞতার যুগের সাহিত্য আখ্যা দিয়ে-কারন সেই সাহিত্য ছিল নারী এবং সুরার প্রতি উদার!

(২)

এটা ঠিকই মুরতাদরাই আরব জ্ঞান বিজ্ঞানের জন্ম দিয়েছে এবং তা কোরান পড়ে হয় নি। তা হয়েছে , গ্রীক এবং ভারতীয় দর্শনের চর্চা থেকে। কিন্ত এটা ত অস্বীকার করার উপায় নেই সেই গ্রীক এবং ভারতীয় দর্শন জানার পেছনে আছে ইসলামের মিলিটারী। মুলত ইসলামের আগ্রাসী মনোভাব থেকেই বিদেশে ইসলামিক পন্ডিতরা জ্ঞান আহরোন শুরু করেন। নইলে আরবরা নিজেদের দ্যাশ নিয়েই ত সন্তষ্ট ছিল।

সাম্রাজ্যবাদের সাথে জ্ঞান বিজ্ঞানের সম্পর্ক আছে। রোম, ইসলাম, বৃটিশ থেকে আমেরিকা-একটা কথা খুবী সত্য যে সাম্রাজ্যবাদি শক্তিগুলি নিজেদের স্বার্থেই জ্ঞান বিজ্ঞানকে সব থেকে বেশী গুরুত্ব দিয়েছে- কারান তাহাই আসল “শক্তি”

ভবঘুরে এর জবাব:
মে ২৯, ২০১০ at ১২:১৯ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

আমি আসলে মোহাম্মদ এর সমসাময়িক ও পরের দু একশ বছর সময়কার আরব লোকগুলোর কথা মিন করেছি। যাযাবর আমার কথা যথার্থ বুঝতে পেরেছে।

2. 24

নিদ্রালু

মে ২৮, ২০১০ সময়: ৫:০২ অপরাহ্ণ লিঙ্ক

@আইভি এবং ফারুক,
একটা ব্যাক্তিগত প্রশ্ন করি। আশাকরি কিছু মনে করবেন না।
আপনারা কি নামাজ পড়েন? যদি পড়ে থাকেন তাহলে কী নিয়মে পড়েন? মানে আমি বলতে চাইছি এই যে অজু করা, তারপর কোন ওয়াক্তে কত রাকাত বা নামাজের কখন কি পড়তে হবে এই ব্যাপার গুলো কিভাবে জেনেছেন?

ফারুক এর জবাব:
মে ২৮, ২০১০ at ৮:৩১ অপরাহ্ণ
@নিদ্রালু,আপনার এই প্রশ্ন আপনাকে হাদীসে বিশ্বাসীদের সাথে এক কাতারে ফেলে দিয়েছে । আশ্চর্য না? হাদীসপন্থীরাও একি প্রশ্ন জিজ্ঞাসা করে থাকে। হাদীসেও কিন্তু নামাজের বর্ননা নেই , তা জানেন কি?

মুক্তমনাতে রায়হানের লেখা একটি আর্টিকেল পড়ে দেখতে পারেন , যদিও রায়হান এখন আর নিজের লেখা আর্টিকেলে আর বিশ্বাস করে না।
http://www.mukto-mona.com/Articles/raihan/traditional_belief_niye.pdf

আদিল মাহমুদ এর জবাব:
মে ২৯, ২০১০ at ৮:২৮ অপরাহ্ণ
@ফারুক,

রায়হান সাহেবের আগের এ জাতীয় লেখাগুলি আমাকে ধর্ম সম্পর্কে প্রচলিত দৃষ্টিভংগী বদল করতে অনেক সাহায্য করেছে। ওনার আগের লেখাগুলি খুবই যুক্তি পূর্ণ ছিল।

দেখেছেন কিনা জানি না, উনি সদালাপে কিছুদিন আগে আইভিকে প্রচলিত নামাজের নিয়ম কোরানের মাঝেই আছে বলে নানান আয়াত কোট করে দেখিয়েছিলেন। আমি পুরো পড়িনি , কারন এসবের আর তেমন আগ্রহ পাই না। আপনি হয়ত দেখে থাকতে পারেন।

নিদ্রালু এর জবাব:
মে ৩১, ২০১০ at ৪:৩৯ পূর্বাহ্ণ
@ফারুক,

@ফারুক,
আমার প্রশ্নটি আমাকে যে কাতারেই ফেলুক না কেন তার উত্তর কিন্তু পেলাম না। তবে যেহেতু আমি ব্যক্তিগত প্রশ্ন করেছি তাই উত্তর না দিলেও কোন সমস্যা নেই। আপনাকে অনেক ধন্যবাদ রায়হান সাহেবের লেখাটা দেবার জন্যে। লেখাটা পড়ে ভাল লেগেছে। উনি এইরকম লিখতে পারেন আমার কোন ধারণাই ছিলনা। যিনি একসময় এইরকম লেখা লিখেছেন তিনি এখন কিভাবে ছাঁই পাস লেখেন সেটা আমার মাথায় ঢোঁকেনা।
তবে উনি যে যে কারণে হাদীসের বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছেন সেই একই কারণে কোরাণের বিশ্বাসযোগ্যতা আমার কাছে প্রশ্নাতীত নয়। আর হাদীস ছাড়া মুসলমান কীভাবে হয় আমার কাছে আসলেই পরিষ্কার নয়। আপনি যে বললেন হাদীসে নামাজ পড়ার নিয়ম নাই তাহলে এই সব নিয়ম কানুন আসলে আছে কোথায় ?

উপরের কিছু মন্তব্যে আমি দেখলাম আপনি লিখেছেন যে কোরাণ পড়ে যে যেটা বোঝে সেটাই ঠিক। কথাটা আমার খুবই পছন্দ হয়েছে। কোরাণ পড়ে আমার কাছে যেমন বোগাস মনে হয় অনেকের কাছে তেমনি দুনিয়ার তাবৎ জ্ঞানের উতস্ মনেহয়। তবে দুনিয়ার সব মুসলিম যদি আপনার মত চিন্তা করত তাহলে হয়ত আল্লাচালাইনা কে এইধরণের ব্লগ লিখতে হতনা।
ভাল থাকুন। আর চিন্তা করুণ হাদীস নিয়ে আপনাদের সে ক্ষুরধার যুক্তি , সন্দেহের তীক্ষ্ম ফলা, কোরাণের বেলায় এসে কেন সেটা শুধুই অন্ধবিশ্বাসের ভোঁতা বল্লম হয়ে যায় ?

ফারুক এর জবাব:
মে ৩১, ২০১০ at ১২:০০ অপরাহ্ণ
@নিদ্রালু,

কোরাণ পড়ে আমার কাছে যেমন বোগাস মনে হয় অনেকের কাছে তেমনি দুনিয়ার তাবৎ জ্ঞানের উতস্ মনেহয়।

অনেকে যাঁচাই করে ঈশ্বর আছে এটা মাথায় রেখে , আর আপনি যাঁচাই করেন ঈশ্বর নেই এটা মাথায় রেখে । একারনেই দুজনের কাছে একি জিনিষ সম্পুর্ন বিপরীত মনে হয়। সুতরাং আগে ঈশ্বর আছে কি নেই সেই সমস্যার সমাধান করুন।

ভালো থাকুন। সুস্থ থাকুন।



নিদ্রালু এর জবাব:
মে ৩১, ২০১০ at ২:৪৮ অপরাহ্ণ
@ফারুক,
দেখেন ঈশ্বর আছে কি নেই সেটা এখানে অবান্তর। কেউ যদি কোন গ্রন্থকে ঈশ্বরের রচনা ধরেই পড়তে শুরু করে তাহলে সে পংতিতে পংতিতে ঈশ্বর পাবে তা সে কোরাণ হোক আর হুমায়ূন আহমেদের ‘হিমু’ হোক।
তবে আমার ব্যাক্তিগত ভাবে মনেহয় এই এতবড় মহাবিশ্বের সৃষ্টিকর্তা কোরাণের মত একটা অসঙ্গতিপূর্ণ বই রচনা করবেন এই কথাটি ভাবতেই কষ্টহয়।
আপনিও ভালো থাকুন। সুস্থ থাকুন।

3. 25

আলিম আল রাজি

জুলাই ১৯, ২০১০ সময়: ৫:৫০ অপরাহ্ণ লিঙ্ক

খুব অল্প দিনে আল্লাচালাইনা আমার খুবই প্রিয় লেখক হয়ে উঠেছেন।

4. 26

Mahfuz

জানুয়ারি ১৮, ২০১১ সময়: ৩:৪২ অপরাহ্ন লিঙ্ক

(বস্তুত এই কারণেই নাস্তিকতা বর্তমানে পৃথিবীর সবচেয়ে দ্রুত বর্ধনশীল ধর্মীয় অবস্থান।)
একদমই ভুয়া তথ্য–-
আপনি ভাল লিখেন তা স্বীকার করছি- কিন্তু মিথ্যা যে মানুষ এতটাই ইনিয়ে বিনিয়ে বলতে পারে তা আগে জানা ছিলনা।

5. 27

অচেনা

জুলাই ৭, ২০১১ সময়: ২:১১ পূর্বাহ্ন লিঙ্ক

আল্লাচালাইনা, আপনি এইরকম আরও লেখা লিখেন। মানে ইসলামের সমালোচনা করে।আর যে আপনার লেখা দেখি না। হারিয়ে গেলেন কেন ভাই? আমি আশা করি আপনার লেখা আবার দেখব। যদিও আমি কিছু শব্দ চয়নে আপত্তি করেছি তবু আপনার লেখা আসলেই খুব ভাল।

6. 28

শার্দূল

ফেব্রুয়ারি ২২, ২০১৩ সময়: ৮:৫১ পূর্বাহ্ন লিঙ্ক

@আল্লাচালাইনা

ইসলামের দাবী হচ্ছে "ইতিহাসের অন্যতম কুখ্যাত সেক্স অফেন্ডার হযরত আল্লার প্রেরীত পুরুষ এবং সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ। সে শিশুনির্যা তনের সাথে জড়িত ছিলো এবং সে এটা করে কোন অপরাধ করেনি।"

আ'ইশার (রঃ) সাথে রাসূলুল্লাহ (সঃ) এর বিয়ে প্রসঙ্গে মন্তব্যটি করেছেন আপনি। মেয়েদের বিয়ের যথার্থ বয়স কী?

১৮? (বৃটেনে আইনসিদ্ধ)
১৬? (জার্মানীতেআইনসিদ্ধ)
১৪? (ফ্রান্সে আইনসিদ্ধ)
১২? (নেদ্যারল্যান্ডে আইনসিদ্ধ)
১২ বছর বয়সী একটি মেয়েকে বিয়ে করা নেদ্যারল্যান্ডে আইনসিদ্ধ হলেও, অন্য দেশে সেটা অবৈধ। বোঝাই যাচ্ছে মেয়েদের বিয়ের বয়স নিয়ে বর্তমান বিশ্বের বিভিন্ন জাতির অবস্থান আলাদা। কিন্তু ইসলাম কী বলে? এই ধর্ম বলে, যে মেয়েটি বয়ঃসন্ধিতে পৌছাল সে একজন নারীতে পরিনত হলো এবং ঐ ঘটনাটাই (বয়ঃসন্ধি) ঐ মেয়ের (বা নারীর) বিয়ের বয়সযোগ্যতার প্রমান।

আপনি কি জানেন রাসূলুল্লাহ (সঃ) এর যুগে আরবের মানুষের গড় আয়ু কত ছিল ?

গড় আয়ু ছিল ৩০-৩৫ বছর (তুলনামূলকভাবে রাসূলুল্লাহ (সঃ) দীর্ঘজীবি ছিলেন)। মানুষেরা পরিবার শুরু করত বয়ঃসন্ধি পেরোলেই। ১৭ বছর বয়সী একজন যুবক পারিবারিক-সামাজিক-রাজনৈতিক অনেক দায়িত্ব নিতেন। আর মেয়েরা ঘরকন্নার কাজে পারদর্শী হয়ে উঠতেন ৬-৭ বছর বয়সেই (যে কাজে আজকের যুগের ২৪-২৫ বছর বয়সী নারীরাও ক্ষেত্রবিশেষে অদক্ষ) । ১৪০০ বছর আগের কোন মানুষের বিয়ের সিদ্ধান্তকে বৈধ/অবৈধ বিচার করবেন বর্তমান সময়ের প্রেক্ষাপটে! তাহলে তো আপনার যুক্তি পারিপার্শ্বিকতার অবিবেচনায় (inconsideration of context) অনুত্তীর্ন!

আশা করি ইতিহাসের বইপত্র উল্টাইয়া দেখিবেন।

<u>সমাপ্ত</u>

https://www.amarblog.com/dhumketu108/posts/169550

কেন শুধু ইসলাম নিয়ে বর্তমানে লেখা লেখি করা হয় ?

তারিখঃ শনিবার, ১৫/০৬/২০১৩ - ১২:৩১

লিখেছেনঃ ধুমকেতু

প্রায়ই কিছু লোক অভিযোগ করে কেন শুধুমাত্র ইসলামকে নিয়ে লেখালেখি করা হয়। বিভিন্ন সময়ে এ প্রশ্নের উত্তর বহুবার দেয়া হয়েছে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে। কিন্তু তারা চোখে ঠুলি দিয়ে বসে আছে। তার পরেও আর একবার একটা সাফাই বক্তব্য দেয়ার দরকার বোধ করলাম।

ইসলাম যদি শুধুমাত্র ব্যক্তি মানুষের জীবনে থাকত বিশ্বাস হয়ে, তাহলে সেটা কোন সমস্যা ছিল না। কিন্তু তা না থেকে ইসলাম বর্তমানে সমাজ , রাষ্ট্র ও আন্তর্জাতিক সর্ব ক্ষেত্র আগ্রাসী ভাবে জোর করে দখল নিয়ে তার নিজস্ব বিধি বিধান কায়েম করতে চাইছে আর তার অনুসারীরা এর জন্য সারা বিশ্বব্যপী বোমা বাজি, আত্মঘাতী হামলা , জ্বালাও পোড়াও হত্য এসব করছে। বিগত কয় মাসে বাংলাদেশে ইসলামের ধ্বজাধারীরা কত লীলা খেলাই না দেখাল। এভাবে জোর করে ইসলাম প্রতিটি মানুষের জীবনকে উত্যক্ত করতে উদ্যত , দেশ ও সমাজকে সেই ৭ম শতাব্দীর অবস্থায় ফিরিয়ে নিয়ে যেতে দৃঢ় প্রতিজ্ঞ। এমতাবস্থা ইসলামের ভিতর বাহির ভাল নাকি খারাপ তা না লিখে উপায় আছে ? কারন দেখা যাচ্ছে সাধারন মানুষরা ইসলামের আফিমে বুদ হয়ে থেকে উক্ত ইসলামের ধ্বজাধারী বা হেফাজতিদের প্রতি সহানুভূতি প্রকাশ করছে ও তাই সমর্থনও করছে। তারা সেটা করছে সম্পূর্নতই না বুঝে। তাই তাদের প্রকৃত সত্য জানা দরকার। তাহলেই একদিন তারা বুঝতে পারবে যে তাদের আসলে কোনটা করা দরকার।

অন্য কোন ধর্ম ইসলামের মত একই আচরন করছে না এখন তাই তাদেরকে নিয়ে আমাদের মাথা ব্যথা নেই। যদি সেসব ধর্ম কোন দিন এ ধরনের উগ্র আচরন করা শুরু করে , তখন তাদেরকে নিয়েও এভাবে লেখা হবে। ততদিন অপেক্ষা করা ছাড়া গতি নেই।

কমেন্ট

শনিবার, ১৫/০৬/২০১৩ - ১২:৫৮ তারিখে আরেফেন বলেছেন

BROTHER U ARE SUFFERING FROM A DISEASE CALLED ISLAM PHOBIA.
U NEED PSYCHOTHERAPY.

শনিবার, ১৫/০৬/২০১৩ - ১৩:০১ তারিখে সরকার পায়েল বলেছেন
PSYCHOTHERAPY

লেংটা মিছা কথা তুমি ঠিক । লেংটা হইয়া নাচতে থাকো এইটাই ঠিক ।
_____*l i l*_____
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

শনিবার, ১৫/০৬/২০১৩ - ১৩:০৯ তারিখে ধুমকেতু বলেছেন
ভাই আপনি ঠিক কথা কইছেন।

আমার এই রোগ কিন্তু আপনারাই ভাল করে দিতে পারেন । কিভাবে জানেন ?

যদি আপনারা নিজেরা ইসলামের নামে যে মারামারি , জ্বালাও , পোড়াও হত্যা, খুন লুটপাট না করেন , আর যদি প্রমান করেন যে ইসলামে ইসলাম প্রচার ও রক্ষার নামে এসব করতে বলে না তাহলে আমি ভাল হয়ে যাব। যদি প্রমান করেন যে ইসলামে দাসীদের সাথে সেক্স করতে বলে না বা বলে না বন্দিনী নারীদেরকে ধর্ষণ করতে , আমি ভাল হয়ে যাব। যদি প্রমান করতে পারেন ইসলাম পাথর পুজা করতে বলে না , বলে না অসভ্য আরবদের দাসত্ব করতে , আমি সম্পূর্নই ভাল হয়ে যাব। সেসব না করে এভাবে অন্ধ বিশ্বাসের দ্বারা আমাকে ছবক দিয়ে কোন লাভ হবে না। বরং ক্রমশ: আপনারা আমার দলেই যোগ দেবেন একদিন , এটা আমি বলে দিলাম।

শনিবার, ১৫/০৬/২০১৩ - ১৭:৪৮ তারিখে সরকার পায়েল বলেছেন
> ধুমকেতু যদি সত্যি আপনি এই কথাগুলোর উত্তর চান । তাহলে এক সময় আপনিই এর উত্তর পাবেন । কাউকে বলে দিতে হবেনা । অন্যে বলে লাভও হবেনা ।আপনাকেই আপনার মত করে উত্তর বের করে নিতে হবে।
_____*l i l*_____
মানুষ* মাত্রই জ্ঞানী
আমি মানুষ
আমার ঔরসে জন্মায় দেবতার কারিগর

শনিবার, ১৫/০৬/২০১৩ - ১৫:১৫ তারিখে ইজ্জত আলি বলেছেন

যাহারা ইসলামের নামে বোমাবাজি করে। অশান্তি সৃষ্টি করে ,তারা প্রকৃত ইসলামী নয়, তারা ইসলামকে ব্যবহার করে স্বার্থ সিদ্ধি করতে চাই।

তাই এদের থেকে ইসলামকে আলাদা করতেই ইসলাম নিয়ে এত লেখা লেখি।

তাছাড়া বাংলাদেশের ৯০%-৯৫% মানুষ ইসলাম ধর্মাবলম্বী। তো তারা কোন ধর্ম নিয়ে আলোচনা করলে আপনি খুশি হবেন?

সত্য সহায়।গুরুজী।।

রবিবার, ১৬/০৬/২০১৩ - ০০:৫০ তারিখে মূর্খ চাষা বলেছেন

ইজ্জত আলী ভাই , আপনার মতে অশান্তি সৃষ্টি কারীরা ইসলামী নয় কিন্তু তাদের দৃষ্টিতে আমরা ইসলামী নই । তাহলে কে ইসলামী ? এটা কে নির্ধারন করবে এবং কিভাবে ?

http://www.nabojug.com/posts/skmirza/159

শুধুই ইসলামের সমালোচনা হয় কেন?

রবি, 10/21/2012 - 13:34 তারিখে

লিখেছেন : কামরান মির্জা

(প্রথম প্রকাশঃ জুলাই ২০০৫) মুসলিমদের মাঝে প্রায়ই একটা কথা প্রতিবাদের সুরে বলতে শুনা যায় যে, ‘‘শুধু ইসলামের সমালোচনা হয় কেন? কিন্তু অন্য কোন ধর্মের সমালোচনা মোটেই হয় না কেন?’’। ইসলাম ধর্মের সমালোচকদের জন্য এটা একটি বিরাট চ্যালেঞ্জ এবং এই প্রতিবাদের প্রতিউত্তর দেওয়া খুবই জরুরী হয়ে পড়েছে। কারণ, সাধারণ মুসলমান অথবা উন্মত্ত ধর্মান্ধ মুসলিরা তাদের অন্ধবিশ্বাসের জন্য ইসলামের আজ কি সমস্যা তা মটেই দেখতে পায় না। তাছাড়া, মুসলিম চিন্তাবিদগণ এব্যাপারে তাদের যথেষ্ঠ জ্ঞান থাকা সত্ত্বেও আসল সত্য কথা বলছে না বা বলতে সাহস পাচ্ছে না। কাজেই আমি আমার নিম্মোক্ত প্রবন্ধে চেষ্টা করব এব্যাপারে কিছুটা আলোকপাত করতে। আমি চেষ্টা করবো ইসলামকে একটি আলাদা এবং বিশেষ ধর্ম হিসেবে প্রমাণ করতে। আমার বিশ্লেষণের স্টাইলটা হবে কিছুটা অন্য ধরনের। অর্থাৎ আমি এসব প্রশ্নকারীদের মুখ থেকেই তাদের নিজ প্রশ্নের উত্তর বের করার চেষ্টা করব। তাই এখন আমি সেসব প্রশ্নের উত্তর না দিয়ে প্রশ্নকারীদেরকেই পালটা প্রশ্ন করব। আমার প্রশ্নগুলো নিম্নরূপঃ

১) আমেরিকা একটি অত্যন্ত বহুজাতিক দেশ এবং দেশে সকল ধর্মের (খৃষ্ঠান, হিন্দু, বৌদ্ধ, ইহুদি এবং মুসলিম ইত্যাদি) লোকদেরই বসবাস। কিন্তু প্রায় প্রতিদিন এদেশের মিডিয়াতে (রেডিও, টেলিভিশন এবং কাগজে) একটা বিশেষ খবর বার বার দেখতে বা শুনতে পাই আর তা হলোঃ ইসলামিক সন্ত্রাসী, ইসলামিক মিলিট্যান্ট, মুসলিম সন্ত্রাসী, মুসলিম ফেনাটিক্স এবং আল-কায়দা সন্ত্রাসী ইত্যাদি। আমার প্রশ্ন - এসব শ্রুতিমধুর বিশ্লেষন আর অন্য কোন ধর্মের নামে কখনো শুনতে পাই না কেন? কেন এসব উপাধি কখনো অন্য কোন গোষ্ঠি বা গোত্রের নামে শুনা যায় না?

২) উত্তর আমেরিকাতে ও পশ্চিমা বিশ্বে মুসলিমদের নামে অনেক সঙ্গ/সমিতি আছে, যেমন CAIR, ISNA, MCB ইত্যাদি। এছাড়া শত শত মুসলিম উম্মা নামক অনেক সমিতি আছে। এসব সমিতির প্রধান কাজ হলো স্থানীয় মুসলিম অভিবাসীদেরকে ইসলাম ধর্মের অনেক গুনগান শুনানো এবং বলা হয় যে ইসলাম ধর্ম হলো সকল ধর্মের চেয়ে শ্রেষ্ঠ। তারা শেখায় যে ইসলাম হলো গিয়ে একমাত্র সত্যিকারের ধর্ম এবং মুসলিমদের কর্তব্য হলো তাদের জীবন-যাপন ইসলামের আওতায় শিমাবদ্ধ রাখা। এবং মুসলিমগণ তাদের ছেলেমেয়েদেরকে ইসলামী শিক্ষায় শিক্ষিত করা ও তাদের ছেলেমেয়েদেরকে শিখাতে হবে, যাতে তারা এদেশের জীবন পদ্ধতির সঙ্গে মিশে একেবারে বিনাশ হয়ে

না যায়। অর্থাৎ অভিবাসিত দেশের জীবনধারা থেকে একবারে দূরে থাকার পরামর্শ দেওয়া হয়। ফল দাড়ায় যে, শুধু মুসলমান ছেলেমেয়েদের অবস্থা ঠিক আইটেম নং ১৩-এর মত হয় (নিঁচে পড়ুন)।

এখানে আমার প্রশ্ন - আমরা কি এ ধরনের কোন অবস্থা অন্য ধর্মে (খৃষ্ঠান , হিন্দু, বৌদ্ধ ইত্যাদি) দেখতে পাই? অন্য কোন ধর্মের অভিবাসীদের মধ্যে কি এ ধরনের উম্মাটিক সংঘ দেখা যায়? কেনো শুধু মুসলিম অভিবাসীকেই এ ধরনের ইসলামি সজ্ঘ দরকার হয়?

৩) আমরা কি অন্য কোন ধর্মের লোকদের মাঝে নিঁচে বর্ণিত জেহাদী সজ্ঘ দেখতে পাই? ইসলামী সন্ত্রাসীরা প্রায় সর্ব ক্ষেত্রেই তাদের পরিচয় দিয়েছে কোন না কোন ইসলামী সংগঠনের। যেমনঃ হরকতুল জিহাদ, লস্করে তাইবা, জাইসে মোহাম্মদ, জিহাদে রসুল, ইসলামিক জিহাদ, হামাস, হিজবুল্লা, সিপা-ই-সাহাবা, তারিক-ই-জাফরিয়ায়ে পাকিস্তান, তাহ রীক-ই-নিফাজ-এ-সারিয়াতে মুহাম্মদ, আল-হিকমা, জামাতুল-মুজাহিদীন, হিজব-ই-ইসলামী, জাগো মুজাহিদ, হরকতুল মোজাহিদীন, অল-বদর মোজাহিদীন, জামাহ ইসলামীয়া, আরও কত কি? কিন্তু আমরা কি কখনো শুনেছি অন্য ধর্মের কোন সন্ত্রাসী তাদের ধর্মকে নিয়ে এরূপ কোন নাম ব্যবহার করতে? এ বিশ্বে আছে কি অন্য আর কোন ধর্মের নামে এতগুলো সন্ত্রাসী সংগঠন? সোজা উত্তর হল, আমরা অন্য কোন ধর্ম সম্বন্ধেই এরূপ কথা শুনি নি। অন্য কোন ধর্মে জিহাদ শব্দটির অস্তিত্বই নেই।

আমার প্রশ্ন হলো - আছে কি অন্য আর কোন ধর্মে এরূপ কোন টেররিষ্ঠ সংগঠন? যদি না থাকে তবে বলতে পারেন কি কেনো নেই?

৪) আজকের এই আধুনিক বিশ্বে আমরা প্রায় এক ডজন দেশ খুজে পাব , যেখানে ইসলামী শারিয়া (হুদুদ) আইনের দ্বারা দেশ শাসন করা হচ্ছে এবং প্রায় সকল মুসলিম -প্রধান দেশেই পারিবারিক আইন হচ্ছে ইসলামী শারিয়া মতে। আমার প্রশ্ন এখানে - আছে কি একটিও দেশ সারা পৃথিবীতে যেখানে দেশের আইন হচ্ছে বাইবেল অথবা গীতার আইনে? যদি না থাকে, তবে তার কারণ কি?

৫) আজ সারা বিশ্বের মানুষ আতংকিত এবং ভীত মুসলমানদের ব্যাপারে। পশ্চিমা বিশ্বে আজ সবাই মুসলিমদেরকে ভয় পায় এবং সন্দেহের চোখে দেখে। মুসলিম সন্ত্রাসীরা আজ পৃথিবীর বিভিন্ন দেশে ষঁঢ়যন্ত্র করছে নির্দোষ পশ্চিমা সাধারণ মানুষ মারার জন্য। সম্প্রতি জার্মানিতে কিছু সন্ত্রাসী ধরা পড়েছে, যারা ষঢ়যন্ত্র করছিল ইউরোপে আমেরিকানদের আর্মি হেডকোয়ার্টারে বোমা মারার জন্য। আশ্চর্য্য ব্যাপার যে, ওরা সবাই হল মুসলমান। আমার প্রশ্ন - এই সন্ত্রাসী অন্য কোন ধর্মের লোক হল না কেন? অথবা, এদের মধ্যে কোন ধর্মহীন (নাস্তিক) বা কোন গুন্ডা-বদমাস থাকল না কেন? এসব মুসলিম সন্ত্রাসীদের প্রায় সকলেই কিন্তু পাক্কা মুসলিম। এসবের মানে কি?

৬) সম্মান রক্ষার জন্য নিজ পরিবারের লোক খুন করাকে (অনার কিলিং) আজ সারা বিশ্বের লোক অসম্ভব ঘৃণা করে। এবং এই জঘন্য আদিম প্রথার ব্যাপক সিংহভাগ (শতকরা ৯০ ভাগ) কেবল মুসলিম পরিবারেই ঘটে থাকে। এই ভয়াভহ নিষ্ঠুর হত্যাকান্ড অনেক আরব দেশে (সৌদি আরব ,

জর্দান, পাকিস্তান, ইয়েমেন ইত্যাদি) এবং উত্তর আফ্রিকার কিছু দেশে (সুদান , ইথিওপিয়া, নাইজেরিয়া) ঘটে থাকে। সেসব দেশে এমন জঘন্য কাজ কেবল মুসলিম পরিবারেই ঘটে থাকে। যেমন নাইজেরিয়াতে শুধু উত্তরাঞ্চলের মুসলিমদের মধ্যেই ঘটে ; কিন্তু দক্ষিনের খৃষ্ঠানদের মধে মোটেই ঘটে না। এমনকি এ বিশ্রি ঘটনা পশ্চিমা বিশ্বে ঘঠলেও তাহা শুধু মুসলিম পরিবারেই ঘটে। মোল্লারা অবশ্য বলবেন যে, এ প্রথার জন্য কোরানের কোন বিধান নেই। আমার প্রশ্ন - ইসলাম ধর্মের কোন প্রভাবই যদি না থাকবে, তা'হলে এই জঘন্য ঘটনা অন্য ধর্মীয় পরিবারে মোটেই ঘটে না কেন? কেন শুধু মুসলিম পরিবারেই ঘটে থাকে?

৭) আজ সারা বিশ্বে ইসলামী সন্ত্রাসীদের কর্মকাণ্ডের জন্য শুধু মুসলিমরা পৃথিবীর সকল মানুষের কাছে ক্ষমা প্রার্থী। ইসলামী মোল্লারা ইনিয়ে-বিনিয়ে বহু চেষ্টা করছে ইসলামকে বাঁচাতে। তারা বলছে - ইসলাম শান্তির ধর্ম, ইসলাম কখনো মানুষ মারার কথা বলতে পারে না, ইসলামকে হাইজ্যাক করেছে ওসামার লোকেরা ইত্যদি। কিন্তু তারা কখনো বলে না যে, কোরানে মানুষ মারার জন্য অনেক হুকুম আছে আল্লাহর কাছ থেকে। আমার প্রশ্নঃ অন্য ধর্মের লোকদেরকেই এরূপ সাফাই গাইতে হচ্ছে না কেন? শুধু মুসলিমদেরকেই এসব করতে হচ্ছে কেন ?

৮) "জিহাদ" শব্দটি একটি ভয়ংকর এবং ঘৃণ্য শব্দ হিসেবে গণ্য করা হয় সারা বিশ্বে। কিন্তু আমরা জানি এই "জিহাদ" শব্দটি হলো ইসলামের অর্থাৎ কোরানের মধ্যে একটি অতি পবিত্র শব্দ। এবং শুধু তাই নয়, জিহাদ শব্দটি হল শুধু একটি ধর্মেরই মূলধন এবং তার নাম হল ইসলাম। আমার প্রশ্ন - "জিহাদ" শব্দটি শুধুই ইসলামের মূলধন কেন? অন্য কোন ধর্মে কি 'জিহাদ' শব্দ আছে?

৯) নিরীহ মানুষ মারার জন্য বোমা কোমড়ে বেধে আত্মহত্যা (সুইসাইড বম্বিং) শুধু মুসলিমরাই করে। আজকাল এর প্রচলন ব্যাপক। ফিলিস্তানীরা প্রায় প্রতিদিন কোমড়ে বোমা বেধে নিরীহ ইস্রাইলীদেরকে মারছে। এবং এসব ফিলিস্তানী যুবকরা কিন্তু ১০০% মুসলিমদের সন্তান। এসব মুসলিম যুবকরা কোরান এবং হাদিছ-এর শিক্ষায় উজ্জীবিত হয়ে বুকে বোমা বেধে মানুষ মারছে এবং নিজেরাও আত্মাহুতি দিচ্ছে বেহেস্তে যাবার আশায়। মজার ব্যাপার হল, ফিলিস্তিনে বেশ কিছু খৃষ্ঠানও আছে, যারা ইজরাইলের বিরুদ্ধে লড়ছে। আমার প্রশ্ন - এইসব সুইসাইডবাজী শুধু মুসলিম যুবকরাই করছে কেন ? কোন খৃষ্ঠান যুবক এসব করছে না কেন ?

১০) মসজিদ এবং ইসলামিক সেন্টার কানেকশনঃ একটা বিষয় লক্ষ্যণীয় যে, সারা বিশ্বে যেখানেই কোন মুসলিম সন্ত্রাসী গ্রেফতার হয়েছে, তারা প্রায় সবাই কোন না কোন মসজিদ বা ইসলামীক সেন্টারের সঙ্গে জড়িত বা নিয়মিত নামাজ-রোজা করেছে। তা'ছাড়া আরও দেখা গেছে যে, মুসলিমরা সাধারণতঃ শুক্রবার জুম্মার নামাজের পরে তাদের প্রতিপক্ষকে আক্রমণ করে থাকে। তার কারণ অবশ্য জুম্মার নামাজে ইমামের অগ্নি-ঝরা জিহাদী বক্তৃতায় মুসল্লিরা জেহাদী-জোঁশে উজ্জীবিত হয় এবং অমুসলিমদের উপর চড়াও হয়। আমার প্রশ্ন এখানে অনেকগুলো -- যদি ইহাই সত্যি যে মসজিদ, ইসলাম বা মুসলমানরা সন্ত্রাসে কোন যোগ নেই , তা'হলে অন্য কোন ধর্মের উপাসানালয় এই

সন্ত্রাসের সঙ্গে জড়িত নেই কেন? এসব সন্ত্রাসীরা কেহই কোন গীর্জা বা মন্দিরের সদস্য হয় না কেন? অথবা এরা কেহই কেন হতে পারে না কোন ধর্মহীন ক্লাবের সদস্য?

১১) খাটি বা পাক্কা মুসলিমদের মধ্য থেকেই সন্ত্রাসীদের জন্ম হয়। দেখা গেছে যে , যেখানেই কোন ইসলামি সন্ত্রাসী ধরা পড়েছে তার লম্বা দাড়ি এবং তার স্বভাব-চরিত্র একজন পাক্কা মুসলিমের ন্যায়। যেমন আমেরিকান তালেবান জনি ওয়াকার লিন্ড, জাকারিয়া মোসায়ই, পাডিয়া, রিড ইত্যাদি এরা সবাই পাক্কা মুসলিম এবং কোন মসজিদের সঙ্গে জড়িত ছিল। আমার প্রশ্ন - কেন তারা কোন মডারেট মুসলিম অথবা তেমন ভাল মুসলিম নয় এমন কোন গ্রুপের হতে পারে না? কেন সব সময় সন্ত্রাসীরা সবাইকে পাক্কা মুসলিম হতে হবে? ইহা কি সত্যি নয় যে, খুব ভাল মুসলমান যারা কোরান এবং হাদিছের কথা অক্ষরে অক্ষরে বিশ্বাস এবং পালন করে, তারাই সন্ত্রাসী হতে পারে? ইহাতে কিসের ইঙ্গিত পাওয়া যায়? কোরানের শিক্ষাই কি তাদেরকে সন্ত্রাসী বানাচ্ছে?

১২) ধর্মান্তরিত হওয়া একটি পুরাতন বিষয় এবং সকল ধর্মেই প্রতিদিন শত শত লোক খ্রিষ্ঠান , হিন্দু, ইসলামে ধর্মান্তরিত হচ্ছে। আমার প্রশ্ন হলো - কেন শুধু মুসলিম সন্ত্রাসী বা তালেবান হচ্ছে, কিন্তু অন্য কোন ধর্মের ধর্মান্তরিতরা কখনো সন্ত্রাসী বা তালেবান হচ্ছে না? এর ঠিক কি কারণ থাকতে পারে? এতে কি এটাই প্রমাণিত হচ্ছে না যে, ইসলামী শিক্ষাই মানুষকে সন্ত্রাসী হতে শেখায়?

১৩) অভিবাসিত দেশের লোকের সঙ্গে মুসলিম অভিবাসিতদের সংঘর্ষ: বর্তমান বিশ্বে দেখা যায় যে মুসলিমরা যেখানেই গিয়েছে সেখানেই তারা সমস্যায় আছে স্থানীয় লোকদের সঙ্গে মেলামেশা নিয়ে। সম্প্রতি বৃটেনে অভিবাসীদের সঙ্গে সেখানকার স্থানীয় বাসিন্দাদের সঙ্গে দাঙ্গা হয়ে গেল। কিন্তু যেই সব বিদেশী অভিবাসী এই দাঙ্গাতে জড়িত ছিল, তারা সবাই মুসলিম (পাকিস্তানী ও বাংলাদেশী)। বৃটেনে পৃথিবীর প্রায় সকল জাতি/সকল ধর্মের অভিবাসী রয়েছে এবং তারা সবাই (মুসলিম ছাড়া) অভিবাসিত দেশে বেশ সুখে-স্বাচ্ছন্দ্যে বসবাস করছে। এখানে আমার প্রশ্ন - সে দাঙ্গাতে অন্য কোন ধর্মীয় যুবকরা জড়িত হল না কেন? অভিবাসিদের মধ্যে কোন খৃষ্ঠান বা হিন্দু তাতে জড়িত হল না কেন?

১৪) খাদ্য ও পোষাকের কোডঃ জানেন কি মুসলিমদের মাঝে খাদ্য ও পোষাকে বিশেষ ইসলামি -কোড রয়েছে? পৃথিবীর যে কেহ ইসলাম ধর্মে দিক্ষিত হবে, তাকেই ইসলামি কোড মেনে চলতে হবে। খাবারের ব্যাপারে অনেক নিষেধ মেনে চলতে হবে এবং পোষাকেও তাকে অনেক বিধি-নিষেধ মানতে হবে। যেমন মেয়েদেরকে হিজাব বা বোরকা পড়তে হবে, মেয়েদেরকে ঘরে আবদ্ধ থাকতে হবে। একজন চাইনিজ বা একজন বাংলাদেশী পাক্কা মুসলিমকে এই ইসলামী কোড মেনে তাকে খাবার খেতে হবে এবং পোষাক পরতে হবে। খাবারের ব্যাপারে তাকে পশ্চিমা স্বাস্থ্যকর খাবার ত্যাগ করে হালাল নামক অস্বাস্থ্যকর খাবার খেতে হবে। নইলে তাকে দোজখবাসী হতে হবে যে। ভাল পাক্কা মুসলিম হতে হলে তাকে ঠিক আরবীয় জোব্বা-ধারী হতে হবে এবং আরবীয় কালচার পালন করতে হবে তার নিজের জাতীয় ঐতিহ্য ত্যাগ করে। কারণ ইসলাম শুধু একটি ধর্ম নয় , ইহা আসলে ধর্মের

নামে আরব জাতীয়তাবাদ। আর সেজন্যই আমরা দেখতে পাই যে, প্রায় ১০০ ভাগ মুসলিম মোল্লারাই সর্বদা আরবীয় পোষাক (জুব্বা ও টুপি) পরে এবং কখনো সুট -টাই পরতে দেখা যাবে না। অন্যদিকে খৃস্টান বা ঈহুদী মোল্লাগণ সবাই সুট-টাই পরেই ধর্মকর্ম করে থাকে। এখানে আমার প্রশ্ন - অন্য আর কোন ধর্মের লোকদের (গোড়া ঈহুদী ছাড়া) এসব পোষাকী ঝামেলা পোহাতে হয় না কেন?

১৫) জোর-জবরদস্তি করে ইসলামী আইন মানাতে হবে। একমাত্র ইসলামেই ধর্মীয় পুলিশ (মুতাউল্লী) আছে এবং তাদের কাজ হল মুসলমানদেরকে জোর করে ধর্মীয় বিধি -নিষেধ মানতে বাধ্য করা। পাক্কা ইসলামি দেশে (যেমন - সৌদী আরব, ইরান, কুয়েত, নাইজেরিয়া, সুদান, তালেবানি আফগানিস্তান ইত্যাদি) সাধারণ মুসলমানকে শস্তি পেতে হবে যদি তারা এই ইসলামী কোড ভঙ্গ করে। নামাজ , রোজা ইত্যাদি রীতিমত পালন না করলে শাস্তি পেতে হবে। এমনকি আদা ইসলামি দেশ যেমন বাংলাদেশ, পাকিস্তান, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া ইত্যাদি মুসলিম দেশে মোল্লারা এবং সাধারণ পাবলিক বারবার তাগাদা দিবে নামাজ বা রোজা রাখার জন্য। এসব মুসলিম দেশে বে -নামাজীদেরকে সাধারণত খুব হেয় চোখে দেখা হয় এবং যারা নামাজ অথবা রোজা না রাখে তাদেরকে ঘৃণার চোখে দেখে থাকে। আমার প্রশ্ন - এমনটি কি অন্য আর কোন ধর্মে আছে?

১৬) খারাপ কাজের জন্য শাস্তিঃ একমাত্র ইসলামেই বিধান আছে খারাপ কাজের (যেমন চুরি করা, জিনা করা, বা খুন করা) জন্য শাস্তি হল হাত কাটা , মাথা কাটা অথবা পাথর ছুড়ে হত্যা। সৌদি আরব, পাকিস্তান, নাইজেরিয়া, সুদান এবং আরও অনেক ইসলামি দেশে এসব আইন জারী আছে। এসব আইন কোরানের আইন, অর্থাৎ কিনা আল্লাহর আইন। আমার প্রশ্ন - এসব আইন কি আর কোন ধর্মে আছে? আছে কি সারা পৃথিবীতে একটিও খৃষ্ঠান দেশ , যেখানে এসব আদিম আইন (হাত কাটা, মাথা কাটা, পাথর ছুড়া) জারী আছে?

১৭) ইসলামী ভ্রাতৃত্ববাদঃ কেবল ইসলামেই উম্মাটিক (বিশ্ব -ভ্রাতৃত্ববাদ) ব্যবস্থা আছে। অর্থাৎ ইসলামে এক মুসলমান কেবল অন্য সব মুসলমানকেই ভাই মনে করে এবং অন্য কোন ধর্মের লোককে কখনো ভাই মনে করে না। এটাকে বলা হয় ইসলানিক ভ্রাতৃত্ববাদ। আমার প্রশ্ন - আছে কি অন্য কোন ধর্মে এমন কাণ্ড? কখনো শুনেছেন কি খৃস্টান বা হিন্দু ভ্রাতৃত্ববাদ ?

১৮) ইসলাম ও দারিদ্রঃ দরিদ্রতা ও ইসলাম পাশাপাশি চলে। একটু নজর দিলেই বুঝা যাবে যে , যেখানেই ইসলাম ঠিক সেখানেই দারিদ্র বিরাজ করছে। ইসলাম মানে আল্লাহর কাছে আত্মসমর্পন করা। সাধারণ মুসলিমগণ আল্লাহর কাছে সবকিছুর ব্যাপারে নির্ভর করে এবং নিজের ভাগ্য উন্নতি বা পরিবর্তনের জন্য সর্বদা আল্লাহর কৃপা প্রার্থী হয়। তারা আল্লাহর উপাসনায়ই বেশী সময় ব্যয় করে এবং ধর্মীয় কাজে অধিক সময় ব্যস্ত থাকে। তাই তারা থাকে কর্ম-বিমুখ এবং তারা সকল ইচ্ছা বা উদ্দীপনা হারিয়ে ফেলে এবং সর্বদা বেহেস্ত ও দোজখ-এর চিন্তায় মগ্ন থাকে। সাধারণ আল্লাহ-বিশ্বাসী মুসলিম তেমন কোন নুতন গবেষণায় মনোনিবেশ করতে পারে না। কারণ মুসলিমরা ইসলামের অন্ধবিশ্বাসের জন্য কোন মুক্তচিন্তা করার উৎসাহ পায় না। তাই আধুনিক বিজ্ঞানের ক্ষেত্রে থাকে

অনেক পিছিয়ে এবং আধুনিক বিশ্বের অর্থনীতিতে পশ্চিমা জগতের সঙ্গে প্রতিযোগিতায় থাকে অনেক পিছিয়ে। ফলে সকল মুসলিম-প্রধান দেশই আজ গরিবীতে ডুবে আছে।

তবে আজকের আরবদের মাটির নিচে পাওয়া তেলের টাকায় হটাৎ ধনী হওয়াকে নিয়ে বিভ্রান্ত হওয়া ঠিক হবে না। তেল আবিস্কারের পূর্বে আরবগণ ভীষণ গরীব ছিল এবং এই তেল কিন্তু আরবরা আবিস্কার করে নাই। পশ্চিমা কাফেররাই আবিস্কার করেছে এই তেল। মু সলিমরা এমনকি একই দেশে তুলনামুলকভাবে গরীব হয়। যেমন - নাইজেরিয়াতে উত্তরের মুসলিম অধিবাসিরা খুব গরীব ; কিন্তু দক্ষিনের খৃষ্ঠানরা উত্তরের মুসলিমদের চেয়ে অনেক ধনী। ইউরোপের দেশ আলবেনিয়া এবং বসনিয়াতে মুসলিমরা সংখ্যায় অধিক এবং এই দু'টি দেশের লোক ইউরোপের অন্যান্য দেশের চেয়ে অনেক গরীব। এখানে আমার প্রশ্ন - ঠিক এরূপটি কেন হয়? যেখানেই মুসলিম, সেখানেই গরিবী কেন বাসা বাধে?

১৯) মুসলিম বিশ্ব: পাঠকগণ নিশ্চয় জানেন যে , এ বিশ্বে মোট দু'টি জগৎ আছে? একটি হল মুসলিম জগৎ এবং অন্যটি হল অমুসলিম জগৎ। কিন্তু আর্শয্য হলেও সত্যি যে , কোন খৃষ্ঠান, হিন্দু, বৌদ্ধ বা ইহুদী জগৎ নেই কোথাও। আমার প্রশ্ন - কেন অন্য ধর্মের নামে আর কোন জগৎ নেই?

২০) গণতন্ত্র: গণতন্ত্র নামক শাসন-ব্যবস্থা আজ সারা বিশ্বে এক নন্দিত শাসন ব্যবস্থা এবং এই পদ্ধতি মানুষেরই তৈরী। বিশ্বের কোন ধর্মেই এই গণতন্ত্রের স্বীকৃতি নেই, অর্থাৎ কোন ধর্মই গণতন্ত্রকে স্বীকার করে না। কারণ ধর্মীয় আইন হল আল্লাহর আইন এবং তাতে মানুষের আইনের কোন জায়গা নেই। তাই কোন ধর্মই (একমাত্র ইসলাম ছাড়া) গণতন্ত্রের দাবি করে না। কিন্তু অবাক হলেও সত্যি যে, আজ ইসলামি মোল্লারা প্রায়ই দাবি করছে যে, ইসলাম গণতন্ত্রের সঙ্গে একেবারে মিল আছে। তারা অহেতুক দাবি করছে ইসলামী শাসনে গণতন্ত্রের কোন অসুবিধা নেই। এটা আসলেই একটা হাস্যকর দাবি বটে। ইসলাম ধর্ম আসলে গণতন্ত্রের সঙ্গে শতকরা ১০০ ভাগ অমিল। ইসলামিস্টরা এটাকে আবার নাম দিয়েছে “ইসলামিক গণতন্ত্র”। এখানে আমার প্রশ্ন - আর কোন ধর্মই এমন অহেতুক ফালতু দাবি করছে না কেন ? তারা কেন বলছে না - খৃষ্ঠান গণতন্ত্র, হিন্দু গণতন্ত্র, ঈহুদী গণতন্ত্র অথবা বৌদ্ধ গণতন্ত্র?

২১) সেপ্টেম্বর ১১-র ঘটনাঃ ৯/১১-এর ভয়ঙ্কর ও অতি দুঃখজনক ঘটনা সারা পৃথিবীর লোক কখনো ভুলবে না। এ দিনটিকে সারা পৃথিবী র লোক শোকদিবস হিসেবে পালন করেছে এবং ভবিষ্যতেও করে যাবে। কিন্তু জানেন কি, বৃটেনের ফিনসবারী মসজিদে এই দিনটিকে ইসলামের সবচেয়ে উজ্জল দিবস হিসেবে পালন করেছে কিছু ইসলামবাদীরা।

এসব নিষ্ঠুর মুসলিমগণ এদিনে মসজিদে বসে আল -কায়দা সন্ত্রাসীদের কাজকে ইসলামের সেবায় অনেক বড় মহৎ কাজ আখ্যা দিয়েছে এবং তাদের জন্য দোয়া করেছে আল্লাহর কাছে। এই বিশেষ দলটি লন্ডনে মুসলিম সুপ্রিম কাউনশিল গঠন করবে এবং লন্ডনের সবাইকে মুসলিম বানাবে বলে

ঘোষণা দিয়েছে। তারা ইংল্যান্ডকে একটি খাটি শারিয়া-শাসিত দেশ বানাবে এবং ভবিষ্যতে তাদের পরিকল্পনা হল, আমেরিকাসহ সারা বিশ্বেকে মুসলিম দেশ বানাবে ও আল্লাহর আইন কায়েম করবে। আমার পশ্ন হল - আছে কি এরূপ পাগলামী কাণ্ড অন্য কোন ধর্মের লোকদের মধ্যে? খ্রীষ্টান, হিন্দু অথবা ইহুদীরা কি কখনো দাবি করছে যে, তারা সারা পৃথিবীকে তাদের স্বধর্মে আনবে ?

নিম্নে আর ও কিছু বিষয় বিবেচনা করার জন্য অনুরোধ করছিঃ

১। ইসলামই একমাত্র ধর্ম যাহাতে 'শাঁরিয়া বই' আছে, যাহা দিয়ে কোন একটি জাতিকে শাসন করা যায়।

২। কেবল ইসলামেই বিধান আছে, যা দ্বারা অন্য ধর্মের লোকদের উপর জিজিয়া ট্যাক্স বসানো যায়।

৩। ইসলামই একমাত্র ধর্ম যাহাতে কোন রকম পরিবর্তন এবং পরিবর্ধন একেবারেই নিষিদ্ধ।

৫। ইসলামই একমাত্র ধর্ম যাহা পৃথিবীকে মোট দুইভাগে ভাগ করে। অমুসলিম বা যুদ্ধের দেশ যেমনঃ দারুল হার্ব এবং দারুল ইসলাম। এবং ইসলাম মুসলিমদেরকে দারুল হার্বকে যুদ্ধ করে পদানত করার মাধ্যমে সেখানে দারুল ইসলাম বানাতে উৎসাহ দেয়।

৬। ইসলামই একমাত্র ধর্ম যাহাতে মসজিদ এবং রাষ্ট্রকে আলাদা করা নিষিদ্ধ আছে।

৭। ইসলামই একমাত্র ধর্ম যাহাতে কোন মুসলিম তার ধর্ম ত্যাগ করলে তাকে মৃত্যদণ্ড দেওয়া হয়।

৮। ইসলামই একমাত্র ধর্ম যাহা কোন মুসলিম দেশে অন্য কোন ধর্মকে পালন করতে দেয় না এবং মুসলিমরা সাধারণত অন্য কোন ধর্মের লোকদেরকে নির্যাতন করাকে ন্যায় সঙ্গত মনে করে।

৯। ইসলামই একমাত্র ধর্ম যাদের নিজস্ব শারিয়া নামক বর্বর বা ড্রাকুনিয়ান আইন আছে , যা দিয়ে মুসলমানদের জীবনকে প্রত্যেক পদক্ষেপকে নিয়ন্ত্রণ করে মানুষের ইচ্ছার বিরুদ্ধে।

১০। মুসলমানরাই একমাত্র ধর্মীয় গোষ্ঠি, যারা দুনিয়ার কোন দেশেই অবিভাসীরূপে এডজ্যাস্ট করতে পারে না এবং প্রায়ই মুসলিমরা অভিবাসিত দেশে সমস্যা হয়ে দাড়ায়।

১১। এমনকি মুসলিম গোষ্ঠিতেও (শিয়া, সুন্নি এবং আহম্মদিয়া) মারামারি, কাটাকাটি করে।

১২। ইসলাম ধর্মে কোনরূপ সেকুলারিজমের জায়গা নেই এবং ধর্মীয় বিধানের কোন রূপ পরিবর্তন করা একবারে নিষিদ্ধ। কোন মুসলমান যদি ইসলামের কোন নিয়মকে বর্তমান যুগের সঙ্গে খাপ খাওয়ানের জন্য চেষ্টা করে, তবে তাকে ধর্মত্যাগী আখ্যা দিয়ে মেরে ফেলতে বলা হয়।

উপসংহারঃ আমার বিশ্বাস যে উপরোক্ত প্রশ্নগুলোর সঠিক উত্তরই কেবল দিতে পারে অনেক প্রশ্নের সমাধান -- কেন আমাদের সকলের উচিৎ ইসলামের সমালোচনা এবং চুলচেড়া বিশ্লেষণ করা। জোড়

দিয়েই বলা যায় আজ যে, পৃথিবীতে আর একটিও ধর্ম নেই যার অবস্থা ইসলামের মত জটিল ও সমস্যাপূর্ণ।

যারা বলে থাকেন যে, শুধু ইসলামকেই কেন সমালোচনা করা হয় কিন্তু অন্য ধর্মকে কেন সমালোচনা করা হয় না, তারা একটু চিন্তা করলেই বুঝতে পারবেন কেন তাহা করা হয় না! বিজ্ঞানীরা আজ সমস্যা-জড়িত রোগ যেমন - এইডস, ডায়াবেটিস, ক্যানসার ইত্যাদি নিয়েই গবেষনা করছে; কিন্তু পুরনো রোগ যেমন - প্লেগ, কলেরা, বসন্ত (যাহার বৈজ্ঞানিক সমাধান হয়েছে) নিয়ে আজ আর তেমন গবেষণা করছে না। তাই আর বিজ্ঞানীরা সেসব রোগ নিয়ে তেমন মাথা ঘামাচ্ছে না। তেমনি খৃষ্ঠান , বৌদ্ধ বা হিন্দু ধর্মের সমস্যার সমাধান পূর্বেই (কয়েক শত বৎসর পূর্বেই) হয়ে গিয়েছে ; অর্থাৎ সেইসব ধর্মের বিষদাত বহু আগেই ভেঙ্গে দেওয়া হয়েছে। তাই মানুষ আর সেসব ধর্ম নিয়ে কথা বলছে না। কিন্তু ইসলাম আজ সারা বিশ্বে একটি বড় সমস্যা। কাজেই এটা তো আজ অতি পরিষ্কার -- কেন শুধু ইসলামকেই সমালোচনা করতে হবে।

এটা অবশ্যই সত্যি যে, সকল ধর্মীয় উন্মত্ততা (ফ্যানাটিজমই) ভীষণ খারাপ এবং মারাত্মক হতে পারে। অন্য কোন ধর্মের লোকেরা যদি বর্তমানে সমস্যা সৃষ্ঠি করে , তবে আমাদের উচিৎ হবে তারও সমালোচনা করা। সম্প্রতিকালের ভারতের গুজরাটের সাম্প্রদায়িক ঘটনার অবশ্যই কঠোর সমালোচনা করতে হবে। তবে গুজরাটের ঘটনাকে ইসলামের সঙ্গে তুলনা করা যাবে না , কারণ এ ঘটনা শুধু ভারতেই সীমাবদ্ধ ছিল। ইসলামের ন্যায় বিশ্বব্যাপী সমস্যা নয় আর কোন ধর্ম। একথা জোড় গলায় বলা যায় যে, বর্তমান বিশ্বে আর কোন ধর্মই ইসলামের ন্যায় এত বড় সমস্যা নয়। তাই ইসলামের পুরনো সেই মান্ধাতার আমলের অনেক ধর্মীয় প্রথার অনেক পরিবর্তন দরকার। নইলে মুসলিমদেরকে সারা বিশ্বে কঠোর সমস্যায় পড়তে হবে।

কমেন্ট

ইসলাম এক স্বাসরুদ্ধকর সমাজ

মন্তব্য করেছেন আবুল কাশেম (তারিখ: শুক্র, 10/26/2012 - 12:10).

ইসলাম এক স্বাসরুদ্ধকর সমাজ ব্যবস্থা। একবার এই গর্তে ঢুকলে , বাহির হওয়া খুবই দূরুহ।

প্রায় সাত বছর পর কামরান মির্জার এই চমৎকার লেখা--পড়ে স্মৃতি চাঙ্গা করে নিলাম।

কামরান মির্জার সব লেখাই আমার প্রিয়--তবে এই রচনা সবচাইতে প্রিয়। এক কালে এই লেখা বিপুল সাড়া জাগিয়েছিল। আজও মনে হয় এই প্রবন্ধ জীবন্ত হয়ে আছে।

কামরান মির্জার উপর অনুরোধ রইলো---নতুন লেখা দিয়ে 'নবযুগের' পাঠকদের বাধিত করুন।

কামরান মির্জা যদি সত্যি জান

মন্তব্য করেছেন রিংকু জামান (তারিখ: মঙ্গল, 10/30/2012 - 07:27).

কামরান মির্জা যদি সত্যি জান তে চান এ প্রশ্নের উত্তর তবে http://www.peacetv.tv/ দেখুন , আপনার উত্তর পাবেন

৪র্থ অধ্যায় : ঈশ্বর বা আল্লাহর পরিচয়

৪র্থ অধ্যায়-ঈশ্বর বা আল্লাহর পরিচয়

https://www.amarblog.com/joddha3/posts/173876

আল্লাহ আসলে কোথায় থাকে ?

তারিখঃ বৃহঃ, ২৬/০৯/২০১৩ - ১৭:০৩

লিখেছেনঃ যোদ্ধা

আল্লাহ আসলে কোথায় থাকে ? এ ব্যপারে কোরান হাদিসে এক এক যায়গায় এক এক কথা লেখা আছে। আসল কথা কোনটা ? কেউ কি সত্যি করে বলতে পারেন যে আল্লাহ কোথায় থাকে ? তার আরশে নাকি আমাদের হৃদযন্ত্রের ভিতরে ?

কোরান হাদিস চষে যা পাওয়া গেল এবার তা তুলে ধরা যাক ,

তিনি নভোমন্ডল ও ভূ-মন্ডল সৃষ্টি করেছেন ছয়দিনে, অতঃপর আরশের উপর সমাসীন হয়েছেন। তিনি জানেন যা ভূমিতে প্রবেশ করে ও যা ভূমি থেকে নির্গত হয় এবং যা আকাশ থেকে বর্ষিত হয় ও যা আকাশে উত্থিত হয়। তিনি তোমাদের সাথে আছেন তোমরা যেখানেই থাক। তোমরা যা কর, আল্লাহ তা দেখেন। সূরা আল হাদিদ - ৫৭: ৪ (মাদানী)

উপরের আয়াত থেকে দেখা যাচ্ছে আল্লা ছয়দিনে যাবতীয় সব কিছু সৃষ্টি করার পর তার আরশের ওপর সমাসীন হয়ে পড়ল। একবার জাকির নায়েককে দেখেছিলাম খুব দৃঢ় প্রত্যয়ে এ আয়াতের ব্যখ্যা দিতে গিয়ে বলল যে এই আরশে তথা সিংহাসনে আসীন হওয়া হলো উপমা অর্থে , এটা হবে আসলে আল্লাহ সব কিছু সৃষ্টি করে তার ক্ষমতার কেন্দ্র বিন্দুতে আসীন হল। সুতরাং এখানে আরশ অর্থ কোন বাস্তব সিংহাসন বুঝাবে না। সে দেখলাম বিষয়টাকে আরও ব্যখ্যা দিয়ে বলল - কোন দেশের রাজার আগে যেমন অভিষেক হলে বলত যে রাজা সিংহাসনে আসীন হলো - এটা দ্বারা বুঝাতো যে রাজা তার ক্ষমতায় আরোহন করল। আর এ ব্যখ্যাই বোধ হয় সঠিক কারন পরে বলা হচ্ছে-**তিনি তোমাদের সাথে আছেন তোমরা যেখানেই থাক** অর্থাৎ আল্লাহ সর্বত্রই বিরাজমান। কারন কোন এক সিংহাসনে উপবেশন করে আল্লাহর সবার অন্তরের মধ্যে বসে থাকাটা উদ্ভট শোনাবে। ধরে নেয়া যাক , জাকির নায়েকের যুক্তি সঠিক। এবার পরের আয়াত দেখা যাক,

আমি মানুষ সৃষ্টি করেছি এবং তার মন নিভৃতে যে কুচিন্তা করে , সে সম্বন্ধেও আমি অবগত আছি। আমি তার গ্রীবাস্থিত ধমনী থেকেও অধিক নিকটবর্তী।সূরা কাফ -৫০: ১৬ (মাক্কি)

এখানে দেখা যাচ্ছে আল্লাহ আমাদের খুবই নিকটে অবস্থান করে। যাহোক সর্ব শক্তিমান আল্লাহ তার ক্ষমতায় আসীন হলেও যেহেতু তার সর্বত্র বিরাজ করার ক্ষমতা বিদ্যমান , তাই সে সকল মানুষের একেবারে অন্তরেই অবস্থান করতে পারে। সুতরাং , ধরে নেয়া যেতে পারে যে আল্লাহ সর্বব্যাপী ও সর্বত্র বিরাজমান। অর্থাৎ আগের ৫৭:০৪ নং আয়াতের ব্যখ্যাকেই এই ৫০: ১৬ নং আয়াত সমর্থন করছে। এবার আরও একটু অগ্রসর হওয়া যাক-

তিনিই আসমান ও যমীন ছয় দিনে তৈরী করেছেন, তাঁর আরশ ছিল পানির উপরে, তিনি তোমাদেরকে পরীক্ষা করতে চান যে, তোমাদের মধ্যে কে সবচেয়ে ভাল কাজ করে। আর যদি আপনি তাদেরকে বলেন যে, "নিশ্চয় তোমাদেরকে মৃত্যুর পরে জীবিত ওঠানো হবে, তখন কাফেরেরা অবশ্য বলে এটা তো স্পষ্ট যাদু!";সূরা হুদ-১১:০৭(মাক্কি)

এই আয়াতে দেখা যাচ্ছে আল্লাহর সেই আরশ পানির ওপর অবস্থিত ছিল। আর বলাবাহুল্য এ বর্ণনাটা

কোন উপমার মত মোটেই বুঝায় না। এ বর্ণনায় পরিস্কার বুঝাচ্ছে যে কোন এক যায়গায় (যেটা সাত আসমানের ওপর হবে অবশ্যই) পানি ছিল যার ওপর আল্লাহর সিংহাসন বিদ্যমান ছিল। আর আল্লাহ সেই সিংহাসনে নিশ্চয়ই খুব আরাম করে বসেছিল। কারন ছয়দিন ধরে আসমান জমীন সৃষ্টি করে সে নিশ্চয়ই ভীষণ ক্লান্ত হয়ে পড়েছিল। সুতরাং এটা থেকে পরিস্কার বুঝাচ্ছে যে পূর্বের ৫৭:০৪ নং আয়াতের ব্যখ্যায় জাকির নায়েক যেমন বলেছিলেন যে আরশে আসীন হওয়াকে ক্ষমতায় আরোহন বুঝাবে এবং এটা একটা উপমা হিসাবে ধরে নিতে হবে , ১১:০৭ নং আয়াত থেকে তা বোঝার আর কোন সুযোগ নেই এবং আরশ বলতে এখানে সত্যি সত্যি কোন এক ধরনের বাস্তব সিংহাসনই বুঝাচ্ছে। আর সে সিংহাসন কোথায় স্থাপিত ছিল সে টাই বুঝাচ্ছে এই আয়াতে। হতে পারে সে সিংহাসন সোনার বা মনি মুক্তায় বা অন্য কোন অতি মূল্যবান রত্নে তৈরী(কারন আল্লাহ তো আর যেন তেন জিনিসের তৈরী সিংহাসনে বসবে না)। তাহলে প্রশ্ন উঠতে পারে - আল্লাহ কি তাহলে এখন পানির ওপরকার সিংহাসন ত্যাগ করে সকল মানুষের অন্তরে বস বাস করছে ? মানুষের অন্তরে বসবাস করার আগে পানির ওপর সিংহাসনে যে আল্লাহ বসেছিল তাহলে নিশ্চয়ই তার কোন আকার ছিল, কারন আকার না থাকলে কি আর সিংহাসন দরকার পড়ে নাকি বসার জন্য ?তাহলে আবার আল্লাহকে নিরাকার বলে কেন ? কিন্তু এর চাইতে বড় প্রশ্ন - আল্লাহর সিংহাসন কি এখন খালি পড়ে আছে ? সিংহাসন খালি পেয়ে সেই ইবলিশ শয়তান যদি সেটা ইতোমধ্যে দখল করে ফেলে , তাহলে উপায় ?

সমস্যার কিন্তু এখানেই শেষ নয়। সমস্যা বরং আরও বেড়ে গেল। যেমন -

তিনি আকাশ থেকে পৃথিবী পর্যন্ত সমস্ত কর্ম পরিচা লনা করেন, অতঃপর তা তাঁর কাছে পৌছবে এমন এক দিনে, যার পরিমাণ তোমাদের গণনায় হাজার বছরের সমান। সূরা সাজদা -৩২: ৫

তাজ্জব কথা ! আল্লাহ যদি আমাদের অন্তরের মধ্যে বসবাস করে থাকে , তাহলে দুনিয়ার মানুষের খবর তার কাছে পৌছতে আবার পার্থিব এক হাজার বছর লাগবে কেন ? সে খবর তো তার সাথে সাথেই পাওয়ার কথা। তা এই খবর কিভাবে তার কাছে যায় ? মনে হয় ফেরেস্তাদের মাধ্যমে। আর সেটা দেখা যাচ্ছে নিচের আয়াতে ------

ফেরেশতাগণ এবং রূহ আল্লাহ তা'আলার দিকে উর্ধ্বগামী হয় এমন একদিনে, যার পরিমাণ পঞ্চাশ হাজার বছর। সূরা আল মারিজ -৭০:০৪

আল্লাহ সবার অন্তরে বাস করে সব কিছু দেখে শোনে , পাপী বান্দাদের যে কোন গুনাহের খবর তার সাথে সাথেই জানার কথা। তাহলে ফেরেস্তাদের আর কাজটা কি দুনিয়াতে ? খামোখা তারা কি জন্য দুনিয়াতে ঘোরাঘুরি করে ? এটা তো বোঝা গেল না। তার চেয়ে অদ্ভুত খবর হলো -ফেরেস্তাদের মাধ্যমে যাবতীয় খবর আল্লাহর কাছে যেতে লাগে পার্থিব পঞ্চাশ হাজার বছর। ৩২:৫ নং আয়াতে বলছে সময় লাগে পার্থিব এক হাজার বছর , আর ৭০:০৪ নং আয়াতে বলছে পঞ্চাশ হাজার বছর। তাহলে দুনিয়া থেকে আল্লাহর সিংহাসন আসলে কত দুরত্বে আছে ? যারা কোরানের মধ্যে বিজ্ঞানের খোজ পায় , তারা দাবী করে এখানে এই বছর বলতে বুঝাবে আলোক বর্ষ। তাই যদি হয় , আল্লাহ দুনিয়া থেকে আসলে কত আলোক বছর দুরত্বে আছে ? এক হাজার নাকি পঞ্চাশ হাজার আলোক বর্ষ

দুরত্বে? নাকি দুই যায়গায় দুইজন আল্লাহ বসে আছে ? একজন এক হাজার আলোক বর্ষ দুরত্বে আর একজন পঞ্চাশ হাজার আলোক বর্ষ দুরত্বে ?

সুতরাং আমি বড়ই দ্বন্দের মধ্যে আছি - আল্লাহ আসলে কোথায় আছে ? কোরানের বক্তব্য থেকে তো কোন কিছু পরিস্কার বুঝতে পারলাম না। বরং কোরান পড়ে তো মাথা আরও আউলাইয়া গেল। আছে না কি কোন অতি বিজ্ঞ আলেম এই আমার ব্লগে যে বিষয়টা আমাকে বুঝিয়ে কৃতার্থ করবেন ?

কমেন্ট

বৃহঃ, ২৬/০৯/২০১৩ - ১৭:৪০ তারিখে ফারুক বলেছেন

আল্লাহ'র/ভগবানের/God's ঠিকানা

কোথায় কোথায় না খুজে ফিরি আল্লাহ'কে। কেউ খোজে মসজিদে , কেউ মন্দিরে। কেউ বা চার্চে , আবার কেউ বা পীরের মাজারে। যদি আমরা কোরান বা গীতা বা বাইবেল ঠিক মতো পড়তাম , তাহলে ভুল জায়গায় না খুজে নিজের দিকে নজর ফেরাতাম। কারন আল্লাহ 'র আবাস যার যার হৃদয়ে।

৫৭:৪ وَهُوَ مَعَكُمْ أَيْنَ مَا كُنتُمْ **তিনি** তোমাদের সাথে আছেন তোমরা যেখানেই থাক।

গীতা থেকে -The one who sees the same eternal Supreme Lord dwelling as Spirit equally within all mortal beings truly sees. (13.27)

বাইবেল থেকে- Act 17:27 So that they might make search for God, in order, if possible, to get knowledge of him and make discovery of him, though he is not far from every one of us:

সুতরাং দেখা যাচ্ছে , আল্লাহ'কে খুজতে সপ্তম বা প্রথম আসমানে যাওয়ার দরকার নেই। আল্লাহ আমাদের অতি নিকটেই আছেন। আর এ ধারনাটি কোন মানুষের কষ্ট কল্পনা ও নয় বা কোন যুক্তি দিয়ে একে খন্ডন করাও যাবে না বা বাদ ও দেয়া যাবে না। কারন , এ ধারনা উপরুল্লিখিত ৩ টি ঐশীগ্রন্থেই লিপিবদ্ধ।

কেউ নিজেকে মুসলমান দাবী করতে পারেনা , যদি না সে বিশ্বাস করে আল্লাহ সর্বব্যাপী , সকল জায়গায় তার অবস্থান। এতদসত্বেও আমাদের সকলেই যার যার ধর্ম অনুযায়ী মসজিদ , মন্দির বা চার্চে যেয়ে **তার** উপাসনা করে মানসিক শান্তি পাই এবং যখন **তার** অনুগ্রহ কামনা করি , তখন

আমাদের হাত ও মাথা স্বতস্ফুর্তভাবেই আকাশমুখী হয়ে যায়। আমাদের মনেই থাকেনা , আল্লাহ/ভগবান/God সর্বব্যাপী , সুতরাং নির্দিষ্টভাবে আকাশের দিকে তাকানোর কোন মানেই হয় না বা উপাসনা যে কোন জায়গায়ই করা যায়। বাইবেলের ভাষায় বলতে হয় , আল্লাহ/ভগবান/God আকাশে থাকলে , পাখিরাই মানুষের আগে তার কাছে পৌছাবে।

আল্লাহ সবসময় আমাদের অতি নিকটে। কত নিকটে?**তিনি** বলেন-

৫০:১৬ আমি তার গ্রীবাস্থিত ধমনী থেকেও অধিক নিকটবর্তী।

এবং যখন তিনি বলেন -

২:১৮৬আর আমার বান্দারা যখন তোমার কাছে জিজ্ঞেস করে আমার ব্যাপারে **বস্তুতঃ আমি রয়েছি সন্নিকটে।** যারা প্রার্থনা করে, তাদের প্রার্থনা কবুল করে নেই , যখন আমার কাছে প্রার্থনা করে। কাজেই আমার হুকুম মান্য করা এবং আমার প্রতি নিঃসংশয়ে বিশ্বাস করা তাদের একান্ত কর্তব্য। যাতে তারা সৎপথে আসতে পারে।

৫৪:১৭ আমি কোরআনকে সহজ করে দিয়েছি বোঝার জন্যে। অতএব, কোন চিন্তাশীল আছে কি?

<u>সমাপ্ত</u>

http://mukto-mona.com/bangla_blog/?p=19689

মোহাম্মদ ও ইসলাম, পর্ব-২

তারিখ: ১৯ কার্তিক ১৪১৮ (নভেম্বর ৩, ২০১১)

লিখেছেন: ভবঘুরে

[বিষয়বস্তু: আল্লাহর পরিচয়, অন্যান্য কিতাব এবং কেবলা পরিবর্তন]

আল্লাহ শব্দটি কোথা থেকে এল এ বিষয়ে আলোকপাত করা যাক। আগেই দেখা গেছে যে, ইসলাম পূর্ব যুগেও প্যাগান আরবরা আল্লাহকে ডাকত। কিন্ত সে আল্লাহ কোন আল্লাহ ? কোরান হাদিসের বক্তব্য- এ আল্লাহ সেই আল্লাহ যাকে ইব্রাহিম, ইসহাক, মূসা নবীরা যাকে তাদের প্রভু বলেছে। কিন্ত আসলেই কি তাই?সেই আরব দেশে বিশেষ করে মক্কা মদিনায় যেখানে মোহাম্মদের জন্ম ও ইসলাম প্রচার, সেখানকার প্যগানরা তারাও আল্লাহ কে ডাকত। উদারহরন স্বরূপ- মোহাম্মদের পিতার নাম ছিল আব্দুল্লাহ, আবদ+আল্লাহ= আব্দুল্লাহ। আরবী আবদ অর্থ- দাস, অর্থাৎ আল্লাহর দাস। কিন্ত কোন্ আল্লাহর দাস?তখন তো মক্কায় ইসলাম প্রচার হয় নি। অর্থাৎ মক্কার কুরাইশরা ছিল সবাই প্যাগান। যেমন- মোহাম্মদের নিজ চাচা আবু তালিব যার কাছে মোহাম্মদ লালিত পালিত হন , তিনি সর্বাত্মকভাবে মোহাম্মদকে রক্ষা করলেও নিজে ইসলাম গ্রহন করেন নি, প্রকাশ্যেও না, গোপনেও না। আবু তালিব যখন মৃত্যু শয্যায় শায়িত, মোহাম্মদ তার কাছে এসে সর্বশেষ আর্জি জানান ইসলাম গ্রহণ করতে, কিন্তু তা সত্বেও আবু তালিব ইসলাম কবুল করেন নি।তার মানে আবু তালিব ছিলেন প্যাগান আর তিনিও আল্লাহকে ডাকতেন কিন্তু সেই আল্লাহ অবশ্যই ইসলাম কথিত আল্লাহ নয়, নয় ইহুদী খৃষ্টান কথিত ঈশ্বর। ইসলাম কথিত আল্লাহ হলে মোহাম্মদের আব্দার রক্ষা করা তার পক্ষে অতীব সহজ হতো। অন্যদিকে প্যাগানদের কথিত আল্লাহ ইহুদী বা খৃষ্টানদের আল্লাহও নয় , তা যদি হতো তাহলে তারা প্যাগান বা পৌত্তলিক হতো না।

কিন্ত বাস্তবে ইসলাম কথিত আল্লাহই ছিল প্যগানদের আল্লাহ কিন্ত মোহাম্মদ দাবী করতেন তা হলো ইহুদী ও খৃষ্টানদের ডাকা আল্লাহ। আবু তালিব ইসলাম গ্রহণ করেনি কারন মোহাম্মদ আল্লাহকে স্বীকার করলেও বাকী দেব দেবীকে অস্বীকার করেছিলেন। অন্যদিকে ইহুদি ও খৃষ্টানরা মোহাম্মদ কথিত আল্লাহকে গ্রহন করেনি কারন এ আল্লাহর নাম তাদের তৌরাত ও ইঞ্জিল কিতাবে উল্লেখ নেই, উল্লেখ ছিল না কাবা ঘরের নাম তাদের কিতাবে। এটাও উল্লেখ ছিল না যে ইসরায়েলিটিস এর বাইরে কোন নবী আগমন করবে।মোহাম্মদ ছিলেন ইসরায়েলিটিস এর বাইরের।মোহাম্মদ কাবা ঘর পৌত্তলিকদের মত প্রদক্ষিন করতেন, কাবার ভিতরের কাল পাথরকে চুমু খেতেন যা ছিল ইহুদী খৃষ্টানদের ঐতিহ্য বিরোধী। একারনে তারা বুঝতে পারত মোহাম্মদ যে আল্লাহকে ডাকেন তা তাদের কিতাব বর্ণিত ঈশ্বর বা আল্লাহ নয়। অর্থাৎ মূলত: মোহাম্মদ কোরাইশদের আল্লাহকে গ্রহণ করলেও কুরাইশরা তা বুঝতে পারেনি, কিন্ত ইহুদী খৃষ্টানরা তাদের কিতাব অনুযায়ী বুঝতে পারে মোহাম্মদ আসলে প্যগানদের আল্লাহকেই ডাকছে। এভাবে মোহম্মদ পৌত্তলিক কুরাইশ ও ইহুদী -খৃষ্টান দু পক্ষের কাছেই অগ্রহণীয় হয়ে যান।কিন্তু এ ধরনের রিস্ক নেয়া ছাড়া মোহাম্মদের উপায়ও ছিল না। কারন শুধুমাত্র কুরাইশদের দলে টানলে তার আজন্ম লালিত স্ব প্ন আরব সাম্রাজ্য প্রতিষ্ঠা সম্ভব নয়, কারন

তাদের সংখ্যা খুব বেশী না যাদেরকে দিয়ে একটা সাম্রাজ্য প্রতিষ্ঠা করা যায় , তাকে ইহুদী-খৃষ্টানদেরকেও দলে টানতে হবে , ছলে বলে কলে কৌশলে।

অতীব দু:খজনক বিষয় হলো- ইসলাম সম্পর্কিত কোন উৎস বা কিতাবে কুরাইশ প্যাগানরা কোন আল্লাহর উপাসণা করত এ ব্যপারে কোন ধারনা দেয়া হয়নি।আর ইসলাম পূর্ব কোন ইতিহাসও মুসলমানরা সংরক্ষন করেনি যার মাধ্যমে জানা যেতে পারে প্যাগানদের আল্লাহ আসলে কে। ইসলাম পূর্ব যুগকে মুসলমানরা অন্ধকার যুগ বা বর্বরতার যুগ হিসাবে আখ্যায়িত করে আর সেকারনে তারা সে যুগের কোন ইতিহাস সংরক্ষন করেনি। তাদেরকে শুধুমাত্র পৌত্তলিক বা প্যগান হিসাবেই আখ্যায়িত করা হয়েছে ও তাদেরকে ভীষণভাবে ঘৃণা ও অভিসম্পাত করা হয়েছে। সুতরাং প্যগানদের আল্লাহ আসলে কে ছিল তা জানতে আমাদেরকে অন্য উৎসের সাহায্য নিতে হবে। তবে এখানেও একটা সমস্যা আছে তা হলো-যা ইসলামের পক্ষে যায় এরকম কোন ঘটনা যদি ইসলাম নিরপেক্ষ সূত্রে উল্লেখ থাকে তা মুসলমানদের গ্রহণ করতে অতিশয় আতিশয্য লক্ষ্য করা যায় , কিন্তু যা বিপক্ষে যায় তাকে বিকৃত বলে আখ্যায়িত করতে তাদের সামান্যতম দেরী হয় না। এখন তারা নিজেরাও ইতিহাস সংরকক্ষণ করেনি, আবার অন্যের নিরপেক্ষ ইতিহাসও তারা গ্রহণ করবে না এটা একটা মারাত্মক গোয়ার্তুমী। যারা শালিস মানবে অথচ তালগাছটা তাদের দাবি করে বসে থাকবে তাদের সাথে কোন যুক্তি তর্ক করা যায় না। বিষয়টাও আদতে তাই। মুমিন বান্দারা কোন যুক্তি তর্কের ধার ধারে না।যুক্তির ধার তারা না ধারলেও তাদেরকে ব্যখ্যা দিতে হবে প্যগানরা কাকে আল্লাহ ডাকত। দু:খের বিষয় এব্যাপারে তারা কোন তথ্য প্রমান ছাড়াই মনগড়া কথা বলে। Allah শব্দটি আরবী বা আরামাইক বা হিব্রু যে ভাষা থেকেই উদ্ভুত হোক না কেন তার অর্থ একজন দেবতা বা বড়জোর প্রধান দেবতা এরকম অর্থ মেনে নেয়ার কারন প্রাগ ঐতিহাসিক যে নিদর্শণাদি দেখা যায় সেসব।।এর আরও একটা জোরালো কারন হলো-তৌরাত ও নুতন নিয়মের কোথাও আল্লাহ শব্দটি লেখা নেই। আল্লাহ শব্দটি তৌরাত ও নুতন নিয়মে লেখা হয় যখন ইসলামী সাম্রাজ্যে সেগুলোকে আরবীতে অনুবাদ করা হয় তখন।আর ইসলামী পন্ডিতরা এটাকেই মহা উৎসাহে প্রচার করে যে- ইহুদী ও খৃষ্টানদের কিতাবে আল্লাহ শব্দটি লেখা আছে। এটা অনেকটা সম্রাট আকবরের আমলে কিছু ভাড়াটিয়া লোক দিয়ে রচিত ভবিষ্যপূরাণ নামক একটা ভুয়া তথাকথিত হিন্দু কিতাবে মোহাম্মদের সম্পর্কে ভবিষ্যদ্বানী করার ঘটনার মত। কথা হচ্ছে প্যাগানরা এ শব্দটি দিয়ে কি বুঝাত বা তা রা কোন্ আল্লাহর উপাসণা করত। এখানে http://en.wikipedia.org/wiki/Allah উৎস বলছে, প্রাক ইসলামি যুগে আরবরা আল্লাহ বলতে একজন প্রধান দেবতা বুঝাত যার আবার তিনজন কন্যা ছিল যাদের নাম - আল-লাত, উজ্জা ও মানাত। শয়তানের আয়াত বলে যে আয়াত কোরানে আছে তার উৎপত্তির কিচ্ছাও কিন্ত এটাই। কুরাইশরা চাইত মোহাম্মদ তার ইসলাম প্রচার করুক সমস্যা নাই , কারন তিনি তো তাদেরই আল্লাহকে ডাকে , কিন্তু তারা চাইত মোহাম্মদ যেন তাদের ওই তিন দেবীকেও স্বীকার করে নেয়। দীর্ঘদিন ধরে মোহাম্মদ ইসলাম প্রচার করছেন কিন্তু কোন ক্রমেই কুরাইশদেরকে দলে ভিড়ানো যাচ্ছে না, একারনে তার মনে দারুন হতাশা। একারনেই মোহাম্মদ শয়তানের আয়াত নামক আয়াত নাজিল করেন যাতে করে কুরাইশরা দলে ভেড়ে। মোহাম্মদের এ আয়াত নাজিলের মাধ্যমেই বোঝা যায় তিনি আসলেই কুরাইশদের আল্লাহকে ডাকতেন।ইহুদী বা খৃষ্টানদের আল্লাহ নয়।

শয়তানের আয়াতটা ছিল মূলত এরকম:

তোমরা কি ভেবে দেখেছ লাত ও ওযযা সম্পর্কে। এবং তৃতীয় আরেকটি মানাত সম্পর্কে ? সূরা- আন-নাজম ৫৩: ১৯,মক্কায় অবতীর্ন।

এর পরের আয়াত ছিল - **যারা মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করে।**অর্থাৎ এ তিন দেবী কুরাইশ ও আল্লাহর মাঝে মধ্যস্থতা করে।
পরবর্তীতে মোহাম্মদ উক্ত শেষ আয়াতটি পরিবর্তন করে তার পরিবর্তে নিচের আয়াত সংযুক্ত করেন এই অজুহাত দিয়ে যে জিব্রাইল এসে তাকে জানিয়েছে শয়তান নাকি তার রূপ ধরে এসে মোহাম্মদের কাছে শয়তানের আয়াত বলে গেছে ,কিন্তু আল্লার সর্বশ্রেষ্ট নবী যিনি আল্লাহর নির্দেশ ছাড়া তার স্ত্রীর সাথে সহবাস করেন না(তার ৯ টা স্ত্রীর কোন জনের সাথে কবে রাত কাটাবেন তাও আল্লাহ বলে দেন), কাউকে বিয়ে করেন না, এমনকি পায়খানা প্রস্রাব পর্যন্ত করেন না , তার কাছে শয়তান এসে তার আয়াত বলে গেল, মনে হয় আল্লাহ তখন ঘুমাচ্ছিল আর জিব্রাইল বসে গাঁজা টানছিল আর তাই তারা টের পায়নি।
পুত্র-সন্তান কি তোমাদের জন্যে এবং কন্যা-সন্তান আল্লাহর জন্য? এমতাবস্থায় এটা তো হবে খুবই অসংগত বন্টন। এগুলো কতগুলো নাম বৈ নয়, যা তোমরা এবং তোমাদের পূর্ব-পুরুষদের রেখেছ। এর সমর্থনে আল্লাহ কোন দলীল নাযিল করেননি। তারা অনুমান এবং প্রবৃত্তি রই অনুসরণ করে। অথচ তাদের কাছে তাদের পালনকর্তার পক্ষ থেকে পথ নির্দেশ এসেছে।কোরান, সূরা- আন-নাজম ৫৩: ২০-২২, মক্কায় অবতীর্ন।
সুতরাং এ থেকে পরিষ্কার যে, প্যগানদের আল্লাহ খৃষ্টান বা ইহুদীদের ঈশ্বর বা আল্লাহ নয়। মোহাম্মদের পিতা আব্দুল্লাহ ছিল প্যগানদের আল্লাহ বা প্রধান দেবতা আল্লাহর দাস অন্তত নামকরনের দিক থেকে।http://www.muslimhope.com/OriginsOfIslam.htm উৎস বলছে প্রায় একই কথা।এটা বলছে আরবী ভাষায় ইহুদী ও খৃষ্টানরা স্রষ্টার নামকে আল্লাহ হিসাবে ব্যবহার করলেও আরব প্যগানদের কাছে ছিল তা প্রধান দেবতা যার ছিল তিন কন্যা ও তাছাড়া যে ছিল কাবা ঘরে রক্ষিত ৩৬০ টি দেব দেবীর প্রধান। এ ছাড়াও আল্লাহ ছিল কুরাইশদের প্রধান দেবতা যাকে তারা মানত।মূলত: কুরাইশরা অন্য দেব দেবীর চাইতে এই প্রধান দেবতা আল্লাহ সহ তার তিন কন্যাকেই বেশী মান্য গন্য করত ও তাদের উপাসণা করত। এমনকি বছরের একটা নির্দিষ্ট দিনে বা দিনসমূহে কুরাইশরা উপবাস করত(রোজা), দান করত(যাকাত/ফিতরা), মক্কার কাবা শরিফে পূজা দিত বা উপাসনা করত, তা ছাড়া আরবের বিভিন্ন স্থান হতে মক্কায় আসত(হজ্জ)। আর বলাই বাহুল্য, প্রাক ইসলামী যুগের এসব বিধানই পরবর্তীতে ইসলামে যুক্ত হয়েছে সামান্য ভিন্ন আকারে। ইসলামের বহু আগে গোটা আরব ভূমিতে লোকজন চন্দ্র দেবতার উপসনা করত যার বহু প্রত্নতত্ত্বিক নজীর পৃথিবীর বিভিন্ন যাদুঘরে বিদ্যমান, এমনকি চন্দ্র দেবতার অনেক মন্দিরও আরবের বিভিন্ন অঞ্চলে আবিষ্কৃত হয়েছে। এ ব্যপারে প্রত্নতাত্ত্বিক ছবি সহ তথ্য প্রমান দেখতে হলে যেতে হবে এখানে-
http://www.journeytojesus.com/ArchaelogicalGallery.pdf,
http://www.creationstudies.org/Education/moon-god.html,
http://www.yoel.info/moonotheism.htm,
http://www.investigateislam.com/moonGod.htm, । আরব অঞ্চলে প্রচলিত চন্দ্র দেবতার জন্যই একটা মন্দির পরবর্তীতে মক্কাতে গড়ে ওঠে যেখানে এক সময় কুরাইশরা প্রাধান্য বিস্তার করে। এ চন্দ্র দেবতারই ছিল তিনটি কন্যা যাদের নাম ওপরে দেয়া আছে। মূলত: এ চন্দ্র দেবতাকেই কুরাইশরা উপাসণা করত যাকে তারা Al-Ilah বা সংক্ষেপে Allah বলে ডাকত। এ চন্দ্র দেবতার প্রতীক ছিল বাঁকা চাঁদ। কুরাইশদের আল্লাহ যে মুলত সেই চন্দ্র দেবতা তা বোঝা যায় প্রাক ইসলামী যুগে যেসব উপসণালয় আকিষ্কৃত হয়েছে তাতে চন্দ্র দেবতা ও বাঁকা চাঁদের ব্যপক উপস্থিতি দেখে। আমরা লক্ষ্য

করি ইসলামেও চাঁদের সাথে একটা গভীর সম্পর্ক।যদিও কোরানে বলা হয়েছে- চাঁদ সময় নির্নয়ের জন্য আল্লাহ তৈরী করা হয়েছে, কিন্তু তার পরও ইসলামের সব ক্ষেত্রে যেভাবে বাঁকা চাদেঁর ব্যবহার সেই ইসলামের প্রাথমিক যুগ থেকে চলে আসছে তাতে বোঝা যায় আল্লাহর সাথে চাদেঁর একটা অলিখিত গভীর সম্পর্ক বিদ্যমান। চাদেঁর চেয়ে সূর্যই বরং আমাদের দৈনন্দিন সময় নির্নয়ের জন্য বেশী সহায়ক, অথচ ইসলামের কোথাও সূর্যের প্রতীক ব্যবহার করা হয়না। তার অর্থ চাঁদ ইসলামে শুধু সময় নির্নয়ের উপাদানের চাইতে অনেক বেশী কিছু। যা পরিস্কারভাবে নির্দেশ করে যে মোহাম্মদের আল্লাহ এ চাঁদ সম্পর্কিত আল্লাহ তথা পৌত্তলিকদের কথিত আল্লাহ , কোন ক্রমেই ইহুদী ও খৃষ্টানদের কথিত ঈশ্বর বা আল্লাহ নয়। এ চন্দ্র দেবতাকে আরবরা হাবুল বলেও সম্বোধন করত। অর্থাৎ এ হাবুলই হলো চন্দ্রদেবতা আর এ চন্দ্র দেবতাই হলো কোরানের আল্লাহ।যেমন ইসলাম অনুযায়ী - আল্লাহর নাম হলো ৯৯ টা। এছাড়াও প্রাক ইসলামি যুগে আরবের প্যগানরা কোন কোন সময় বিশেষ পাথর খন্ডকে দারুন শ্রদ্ধার চোখে দেখত যেমন বর্তমানে হিন্দুরা তা করে থাকে শিবলিঙ্গ নামক পাথর খন্ডকে।মক্কার কাবার মধ্যে যে কাল পাথর খন্ড আছে সেটাকেই তেমনি প্যগানরা ভক্তি শ্রদ্ধার সাথে দেখত, যা মোহাম্মদ তার ইসলামেও চালু করেছেন , কারন একে ভক্তি করলে একে চুমু দিলে নাকি সব গুনাহ মাফ হয়ে যায়।অর্থাৎ, মোহাম্মদ মূলত কোরাইশদের পৌত্তলিক প্রথাকে একটু পরিবর্তিত ফর্মে প্রতিষ্ঠা করেছেন। অথচ এই পাথরকে পূজা করতে মোহাম্মদের একজন বড় সাহাবী ওমর ইবনে খাত্তাব অনেকটাই অস্বীকার করেছিল যা দেখা যায় নিচের হাদিসে-

আবিস বিন রাবিয়া বর্নিত- ওমর কাল পাথরের নিকট আসলেন এবং একে চুমু দিলেন , তারপর বললেন-আমি জানি তুমি একটা পাথর বৈ আর কিছু নও , তুমি কারও উপকারও করতে পার না , অপকারও করতে পার না। আমি যদি রাসুলুল্লাহকে না দেখতাম তোমাকে চুমু খেতে আমি তোমাকে চুমু খেতাম না। বুখারী, বই-২৬, হাদিস-৬৬৭

যায়েদ বিন আসলাম বর্নিত- ওমর বিন খাত্তাব কাল পাথরকে উদ্দেশ্য করে বললেন- আল্লাহর কসম, আমি জানি তুমি একটা পাথর ছাড়া আর কিছু নও , তুমি না পার কারো উপকার করতে , না অপকার। নবীকে যদি আমি না দেখতাম তোমাকে চুমু খেতে আমি তোমাকে কখনও স্পর্শ করতাম না। বুখারী , বই-২৬, হাদিস-৬৭৫

অর্থাৎ সেই মোহাম্মদের আমলেও নব্য মুসলমানদের কাছে এ কাল পাথরকে এত সম্মান করার বিষয়টি বিসদৃশ লেগেছিল আর তারই বহি:প্রকাশ দেখা যায় উক্ত হাদিস দুটিতে। কিন্তু ইহুদি বা খৃষ্টানরা কখনই এ কাল পাথরকে চুমু খেত না বা কখনই কাবা ঘরে এসে উপসণা করত না ,কাবা ঘরকে প্রদক্ষিন করত না।কারন তারা একে পৌত্তলিক আরবদের একটা কুসংস্কার হিসাবে মনে করত।ইহুদী খৃষ্টান ধর্মে তাদের উপাসনালয়কে কেন্দ্র করে প্রদক্ষিন করার কোন প্রথা চালু ছিল না কখনও। এ ধরনের রীতি ভারতেও দেখা যায় যে পূণ্যার্থীরা কোন কোন মন্দিরের চারপাশে পূণ্য লাভের আশায় প্রদক্ষিন করছে। ইসলাম যদি ইহুদী ও খৃষ্টান ধর্মের ধারাবাহিকতায় সর্বশেষ সংস্করন হয়ে থাকে- তাহলে তাদেরও এ পাথরকে সম্মান করার কথা , তাদের উপাসনালয়গুলিকে প্রদক্ষিন করার রীতি চালু থাকার কথা, কিন্তু তা তারা করত না বা ছিল না। বস্তুত এ কাল পাথর ছিল নিতান্তই পৌত্তলিক কুরাইশ বা আরবদের একান্ত নিজস্ব ধর্মীয় ঐতিহ্য। মোহাম্মদ এ পৌত্তলিক ঐতিহ্য যেমন- কাবা ঘরের চারপাশে প্রদক্ষিন, কাল পাথরকে পূজা বা চুম্বন করা এসব তার ইসলামে বহাল করেছেন। ইসলামের দাবী অনুযায়ী যারা একমাত্র আল্লাহ ছাড়া আর কারও ইবাদত করে না , অথচ তারা পূন্যের আশায় কাবা ঘরে রক্ষিত কাল পাথরকে চুমু খাচ্ছে, এটা বড়ই বেমানান।একটা সামান্য পাথরকে শ্রদ্ধা

সহকারে চুমু খাচ্ছে পূণ্য লাভের আশায় এটা যদি পাথর পূজা না হয় তো কিসে পাথর পূজা হয় তা ঠিক বোধগম্য নয়। বিষয়টি বর্তমানে অনেক আধুনিক মনা মুসলমানকে বিব্রত করে বলে লক্ষ্য করা যায় ও এর কোন যুক্তি গ্রাহ্য ব্যখ্যাও দিতে পারে না। একটাই ব্যখ্যা যা আবার সেই বিশ্বাস সম্পর্কিত। তা হলো- এ পাথর নাকি এসেছে বেহেস্ত থেকে, যখন মক্কায় পতিত হয় তখন তার বর্ন ধবধবে সাদা ছিল। শত শত বছর ধরে মানুষের পাপ গ্রহন করার ফলে নাকি তা কাল হয়ে গেছে। একটা শ্বেত পাথর মানুষের পাপ গ্রহন করে কাল হয়ে গেছে এ ধরনের উদ্ভট কথা একমাত্র কুসংস্কারাচ্ছন্ন অজ্ঞ ও মূর্খ মানুষরা ছাড়া কারাই বা বিশ্বাস করবে। এ ধরনের একটা বিশ্বাস হিন্দুদের মধ্যেও দেখা যায়। তাদের অন্যতম দেবতা শিব দেবতাদের সমূদ্র মন্থনকালে যে বিষ উৎপন্ন হয়েছিল তা সে নিজেই গ্রহ ন করে দুনিয়াকে রক্ষা করে, এর ফলে তার কন্ঠ বা গলা নীল বর্ণ ধারন করে। হিন্দুদের আচরিত ধর্মকে যদি পৌত্তলিক ধর্ম বলে ধরা হয়, তাহলে পৌত্তলিকতার দোষে ইসলামও দুষ্ট। যাহোক, একটা পাথর শত শত বছর ধরে মানুষের স্পর্শের কারনে তা কিভাবে সাদা রং থেকে কাল রং এ পরিবর্তিত হয় তা সম্ভবত ইসলামী বিজ্ঞানীরা এর একটা ভাল ব্যখ্যা দাড় করাতে পারবে।

মক্কার পত্তন কখন হয় সে সম্পর্কে একটা তথ্য এরকম-

The early Arabian population consisted primarily of warring nomadic tribes. When they did converge peacefully, it was usually under the protection of religious practices.[24] Writing in the Encyclopedia of Islam, Wensinck identifies Mecca with a place called Macoraba mentioned by Ptolemy. His text is believed to date from the second century AD, about 500 years before the coming of Muhammad,[25] and described it as a foundation in southern Arabia, built around a sanctuary. It probably did not become an area of religious pilgrimage until around 500 A.D. It was then that the Quraysh tribe (into which Muhammad was later born) took control of Macoraba, and made an agreement with the local Kinana Bedouins for possession.[26] The sanctuary itself, located in a barren valley surrounded by mountains, was probably built at the location of the water source today known as the Zamzam Well, an area of considerable religious significance.(http://en.wikipedia.org/wiki/Kaaba)

According to Sarwar,[31] about 400 years before the birth of Muhammad, a man named "Amr bin Lahyo bin Harath bin Amr ul-Qais bin Thalaba bin Azd bin Khalan bin Babalyun bin Saba", who was descended from Qahtan and king of Hijaz (the northwestern section of Saudi Arabia, which encompassed the cities of Mecca and Medina), had placed a Hubal idol onto the roof of the Kaaba, and this idol was one of the chief deities of the ruling Quraysh. The idol was made of red agate, and shaped like a human, but with the right hand broken off and replaced with a golden hand. When the idol was moved inside the Kaaba, it had seven arrows in front of it, which were used for divination (http://en.wikipedia.org/wiki/Kaaba)

এখানে দেখা যাচ্ছে মোহাম্মদের জন্মের ৫০০ বছর আগে মক্কার পত্তন ঘটে ও একটা উপাসণালয় তৈরী করা হয়, তবে ৫০০ খৃষ্টাব্দের আগে এটা ধর্মীয়ভাবে উল্লেখযোগ্য অবস্থানে আসে না। আর কুরাইশরা এখানে প্রাধান্য বিস্তার করে মোহাম্মদের আবির্ভাবের আনুমানিক ৪০০ বছর আগে। তবে

আমি নিশ্চিত ভাবে জানি মুমিন বান্দারা এ ধরনের তথ্য গ্রহণ করবে না। পক্ষান্তরে , তারা এর বিপরীতে কোরান হাদিসে বর্নিত মোহাম্মদের কল্প কথা ছাড়া আর কোন তথ্যই হাজির করতে পারে না, পারবেও না।
ইসলামে এটা দাবী করা হয়-ইসলামের আল্লাহ সেই আল্লাহ যাকে ইব্রাহিম, মূসা , ইসা উপাসণা করেছেন। তাহলে তৌরাত ও বাইবেলের নূতন নিয়মে তারা সৃষ্টিকর্তাকে যে নামে ডাকবে বার বার না হলেও দু একবার তার উল্লেখ কোরানে থাকার কথা। তৌরাতের হিব্রু ও আরামাইক ভাষায় স্রষ্টাকে অসংখ্যবার বলা হয়েছে- Yehweh ও Elohim । কোরানে স্রষ্টার নাম বলতে গিয়ে একবারও এ শব্দ দুটি উচ্চারন করা হয় নি। অথচ হিব্রু ভাষা ও আরবী ভাষার উৎস এক ও এদের মধ্যে অনেক শব্দেরই মিল আছে।অনেকটা আমাদের বাংলা ও অসমীয়া ভাষার মত। তৌরাত কিতাবে যে সব নবীর কথা বলা হয়েছে যেমন- আদম, নুহ, ইব্রাহীম, ইসহাক, মুসা ইত্যাদির নাম অনেকবার নেয়া হয়েছে আসল হিব্রু উচ্চারনে। কিন্তু তৌরাত বা ইঞ্জিল শরিফে যেমন একবারও আল্লাহ শব্দটি নেই, তেমনি কোরানে নেই একবারও স্রষ্টার নাম হিসাবে Yehweh ও Elohim শব্দ দুটি। এ দিয়ে এটা পরিষ্কার বোঝা যায়- বাইবেলের ঈশ্বরের সাথে কোরানের ঈশ্বরের কোন সম্পর্ক নেই। কিছু ইসলামী পন্ডিত দাবী করে-খৃষ্টানরা যে alleluyah শব্দটি উচ্চারন করে তার প্রথম অংশ alle এটা নাকি আল্লাহ। কিন্তু alleluyah শব্দটা হলো এরকম- alle- praise, lu-to, yah-Yaweh অর্থাৎ এখানে স্রষ্টা যাকে তারা হিব্রুতে Yaweh বলে ডাকে তার প্রশংসা করছে অথচ আরবীতে Allah শব্দের অর্থ praise বা প্রশংসা নয় , বরং তার অর্থ Al-The, Ilah/lah- Deity অর্থাৎ প্রধান দেবতা। এছাড়া তারা আরও দাবী করে যে যীশু খৃষ্টকে যখন ক্রুশে বিদ্ধ করে ঝুলিয়ে রাখা হয় তখন তিনি বলেছিলেন - Eli, Eli Sabbathani এটা আরামাইক শব্দ যার অর্থ হে ঈশ্বর হে ঈশ্বর, কেন তুমি আমাকে ত্যাগ করেছ? এখানে বিষয় হলো আরামাইকে Eli অর্থ ঈশ্বর, কোন দেবতা বা দেবী নয় আর Eli থেকে Allah শব্দও উদ্ভুত হয় নি, হয়েছে Al ও Ilah দুটি আরবী শব্দ থেকে। তার চেয়ে বড় আজব খবর হলো- ইসলাম কিন্তু বিশ্বাসই করে না যে যীশু খৃষ্টকে ক্রুশে বিদ্ধ করে হত্যা করা হয়েছে।অথচ তারা আবার Eli এর সাথে Allah এর কিছুটা উচ্চারনগত মিল থাকাতে যীশু যখন ক্রুশে বিদ্ধ হয়ে Eli Eli উচ্চারণ করেছেন তখন তিনি যে কুরানের Allah কে ডাকা ডাকি করছেন তা অতি শীঘ্রই আবিষ্কার করে ফেলেছে। এখন বিষয়টা যে ভীষণ রকম আজগুবি শুনায় এজন্যে ইসলাম কিচ্ছা তৈরী করতে দেরী করেনি। আর তা হলো- যীশুকে যখন ক্রুশে বিদ্ধ করা হয় তখন আল্লাহ তাড়াতাড়ি তাকে জীবিত বেহেস্তে তুলে নিয়ে যায় আর যীশুর পরিবর্তে যিহুদা নামের এক লোককে সেখানে ঝুলিয়ে রাখে আল্লাহ (এটা অবশ্য আমার শোনা কথা , কোন রেফারেন্স দিতে পারব না)।এ কিচ্ছা শুনতে যতই আজগুবি হোক, বাইবেলের নতুন নিয়মে যে আল্লাহ শব্দটি আছে তা প্রমান যে করতেই হবে তা সে যত গোজামিল লাগুক তা দিতে হবে কোন সমস্যা নেই। বাইবেলের পুরাতণ নিয়ম বা নুতন নিয়মের কোথাও আল্লাহ শব্দটি নেই। কিন্তু আরবী বাইবেলে আল্লাহ শব্দটি আছে। কেন আছে? অত্যন্ত সহজ এর উত্তর। খৃষ্টিয় নব ম শতাব্দিতে মূলত: বাইবেলের আরবী অনুবাদ করা হতে থাকে আর ততদিনে গোটা আরব সহ আশপাশের অনেক যায়গাতে ইসলাম তার সাম্রাজ্য প্রতিষ্ঠা করে ফেলেছে। তাই তাদের শাসনামলে আরব মুসলিম বা আরব খৃষ্টানদের অনুবাদকৃত বাইবেলে যদি আল্লাহ শব্দটির উল্লেখ থাকে তাতে আশ্চর্য হওয়ার তো কিছু নেই। কিন্তু প্রকৃত বিষয় হলো বাইবেলের এ আল্লাহ ইসলামের আল্লাহ নয়। এটা অনেকটা সম্রাট আকবরের আমলে রচিত ভবিষ্য পূরাণে উল্লেখিত মোহাম্মদ সম্পর্কিত ভবিষ্যদ্বানীর মত। অনেক মুসলিম পন্ডিতই এসব ভবিষ্যদ্বানী দেখিয়ে অমুসলিমদেরকে বিশেষ করে হিন্দুদেরকে ধোকা দেয় ,

আর যারা এসব কিতাবের উৎস সম্পর্কে জানে না, তারা ধোকা খায়ও। যেকারনে দেখা যায়- এদের ধোকায় পড়ে মাঝে মাঝে দু একজন ইসলাম ধর্মেই দীক্ষাও গ্রহন করে। যা আবার তারা ইসলামের মহিমা হিসাবে প্রচার করে থাকে(উৎস:http://www.letusreason.org/islam6.htm)। যেমন গিরীশ চন্দ্র সেন তার বাংলায় অনুবাদিত কোরানে আল্লাহ শব্দটি ব্যবহার করেন নি , ব্যবহার করেছেন ঈশ্বর। তাহলে তো হিন্দু বা খৃষ্টানরা বলতে পারে - কোরানে তাদের স্রষ্টার নাম লেখা আছে। কিন্তু হিন্দু বা খৃষ্টানরা এখনও অতটা উজবুক হয় নি যে সেটা করতে যাবে। কারন তারা ভালমতই জানে যে কোরান মোহাম্মদ কথিত ও তার সাহবীদের রচিত একটা জগাখিচুড়ি কিতাব ছাড়া আর কিছুই নয়।এরকম জগাখিচুড়ি কিতাবে তাদের ধর্ম সম্পর্কে উল্লেখ আছে প্রমান করতে যেয়ে তারা নিজেদের ধর্মকে জগাখিচুড়ি বানানোর মত অত বোকা নয় যদিও তাদের ধর্ম ইসলামের চাইতেও আরও বেশী জগাখিচুড়ী মার্কা।

মক্কার কাবা ঘর আসলে ছিল পৌত্তলিক আরবদের একটা মন্দির যেখানে বহু দেব দেবীর মূর্তি ছিল। সেকারনে কাবা ঘর আরব পৌত্তলিকদের জন্য একটা পবিত্র ঘর ছিল আর তাই তারা প্রতি বছর একটা নির্দিষ্ট সময়ে এখানে জড় হতো, দেব দেবীদের পূজা করত, দেবতাদের উদ্দেশ্যে পশু বলি দিত। কাবা ঘরকে প্রদক্ষিন করত, কাল পাথরকে পবিত্র জ্ঞান করে তার সামনে মাথা নোয়াত ও চুমু খেত। ইহুদী ও খৃষ্টানরা কখনই এসব ধর্মীয় আচার আচরন কাবা ঘরে পালন করত না , আর কাবা ঘর তাদের কাছে কোন পবিত্র ধর্মীয় উপাসনালয়ও ছিল না। ইসলাম দাবী করে ইব্রাহীম, ইসহাক, মূসা, ইসা এদের ধারাবাহিকতায় সর্বশেষ নবী মোহাম্মদের আগমন।তাই যদি হবে, তাহলে মোহাম্মদের আবির্ভাবেরও বহু আগে থেকে মক্কার কাবা ঘর ইহুদি ও খৃষ্টানদের কাছেও পবিত্র উপাসনালয় হওয়ার কথা। কারন তা মোহাম্মদের মতে পৃথিবীর সর্বপ্রথম আল্লাহর ঘর যার নাকি পত্তন হয়েছিল প্রথম মানব আদমের হাতে। এর পর হযরত ইব্রাহীম ও তার পূত্র ইসমাইলের হাতে নতুন করে এর ভিত্তি প্রস্তর স্থাপিত হয় কারন তা ইতোপূর্বে নূহ নবীর আমলকার কথিত মহাপ্লাবনে ধ্বংস হয়ে গেছিল। এটাই যদি সত্যি হয়, ইসলামের আবির্ভাবের আগ পর্যন্ত তো ইসলামের সাথে খৃষ্টান ও ইহুদী ধর্মের মধ্যে কোন দ্বন্দ্ব ছিল না, আর এরা উভয়ই আদম, নূহ, ইব্রাহীম, ইসহাক, যীশূকে নবী হিসাবে সম্মান করে (সম্পূর্ন বা আংশিক), তাহলে তাদেরই ধারাবাহিকতায়, মক্বার কাবা ঘর ইহুদি ও খৃষ্টানদের জন্যও পরিত্র উপাসনালয় হওয়াই স্বাভাবিক ছিল । কিন্তু তা কোন কালেই ছিল না বা হয় নি। তবে মক্কা বা মদিনায় বসবাস কারী ইহুদি ও খৃষ্টানরা পৌত্তলিকদের কাবা ঘরকে অসম্মানও করত না। কারন কাবা ঘরের সামনে বৎসরে একটা নির্দিষ্ট সময় আরবের বিভিন্ন অঞ্চল থেকে পৌত্তলিকরা এসে জড় হতো, এর ফলে সেখানে ব্যবসা বানিজ্য করার সুযোগ ছিল আর ইহুদী খৃষ্টানরা সে সুযোগ গ্রহণ করত। মক্কা বা মদিনায় বসবাসকারী সকল খৃষ্টান ও ইহুদীদের মহা পবিত্র উপাসনালয় ছিল যেরুজালেমের সলোমনের মন্দির যাকে পরে মুসলমানরা নাম দেয় মসজিদুল আকসা। এর কারন কি ? খুব সহজেই বোঝা যায়, কাবা আদৌ আদম বা ইব্রাহীম দ্বারা তৈরী হয় নি, এ ধরনের কোন তথ্য তৌরাত ও ইঞ্জিল শরিফে উল্লেখ নেই। অথচ কবে সলোমনের মন্দির বা বায়তুল মুকাদ্দাস জেরুজালেমে তৈরী হয়েছিল তার বিস্তারিত উল্লেখ আছে।আর তখনই ইসলামী পন্ডিতরা বলে বাইবেলকে বিকৃত করা হয়েছে। কি আজব ব্যপার , ইসলাম আবির্ভাবের বহু পূর্বেই তৌরাত সংকলিত হয়েছে, আর সেটার শত শত কপি ছড়িয়ে পড়েছে গোটা খৃষ্টান বিশ্বে ।এটা কি করে সম্ভব যে মোহাম্মদের জন্মের বহু পূর্বেই ইহুদী ও খৃষ্টানরা শলাপরামর্শ করে তাদের কিতাব থেকে মক্কার কাবা ঘর সম্পর্কিত বিষয়াবলী বাদ দিয়ে দেবে ? ইসলামি মতে কাবা ঘর যদি দুনিয়াতে আল্লাহর প্রথম ঘর

হয়ে থাকে আর তার সাথে যদি ইব্রাহীমের স্মৃতি জড়িত থাকে তাহলে তার উল্লেখ অবশ্যই তৌরাত ও ইঞ্জিল গ্রন্থে থাকার কথা, কারন ধারাবাহিকতার সূত্র ধরে তৌরাতের পর ইঞ্জিল এর পর কোরান অবতীর্ণ হয়েছে বলেই দাবী মোহাম্মদ তথা মুসলমানদে র। কিন্তু দুর্ভাগ্য জনকভাবে মক্কার কাবা ঘর তো দুরে কথা , খোদ মক্কার কথাও কোথাও লেখা নেই তৌরাত ও ইঞ্জিল শরিফে। এ থেকে এটাও বোঝা যায়- প্যালেষ্টাইনের থেকে প্রায় হাজার মাইলেরও বেশী দুরের অত্যন্ত রুক্ষ্ম ও কঠিন মরুভূমিতে অবস্থিত এ মক্কার তখনও পত্তন ঘটেনি, আর ঘটে থাকলেও তার নাম চতুর্দিকে ছড়িয়ে পড়ার মত তেমন অবস্থা ছিল না। আর তাই তা কখনই ইহুদি ও খৃষ্টানদের পবিত্র স্থান ছিল না। ইহুদী ও খৃষ্টান উভয়েই বিশ্বাস করে তাদের পূর্ব পুরুষ হলো ইব্রাহিম যার বংশধর তারা , তাহলে তার তৈরী মসজিদ বা উপাসণালয় তাদের কাছেও পবিত্র হওয়ার কথা। অথচ তা কখনই ছিল না। কারন কি ? তার কারন, এটা ছিল আরবের অন্যান্য পৌত্তলিক পুজারী গোষ্ঠির মত একটা গোষ্ঠী কুরাইশদের নিজস্ব চন্দ্রদেবতার মন্দির, এর সাথে ইব্রাহিমের কোন সম্পর্ক কোনকালেই ছিল না। মোহাম্মদই মূলত: এর সাথে ইব্রাহীমের সম্পর্ক তৈরীর প্রচেষ্টা চালায়, ইব্রাহীমের সাথে নিজেকে সম্পর্কিত করার জন্য যাতে ইহুদী ও খৃষ্টানদেরকে তার অনুসারীতে পরিনত করা যায়। ইতোপূর্বেকার কোন ইতিহাস বা এমনকি বাইবেল সাক্ষ্য দেয় না, কাবা ঘর আসলে ইব্রাহীম ও তার পূত্র ইসমাইল কর্তৃক তৈরী হয়েছিল। এটা সম্পূর্নত:ই, কোরান তথা মোহাম্মদের নিজস্ব দাবী। আর যেহেতু বাইবেল সাক্ষ্য দেয় না যে কাবা ঘর ইব্রাহীমের দ্বারা তৈরী, তাই মোহাম্মদ ও তার অনুসারীরা জোর গলায় আওয়াজ তোলে - বাইবেলকে বিকৃত করা হয়েছে। যেমন কোরানে উল্লেখ আছে -

স্মরণ কর, যখন ইব্রাহীম ও ইসমাঈল কা'বাগৃহের ভিত্তি স্থাপন করছিল। তারা দোয়া করেছিলঃ পরওয়ারদেগার! আমাদের থেকে কবুল কর। নিশ্চয়ই তুমি শ্রবণকারী , সর্বজ্ঞ। কোরান, ২:১২৭

অথচ এটা কোরানে উল্লেখ পর্যন্তই সার। কোরানের পূর্ববর্তী কিতাব তৌরাত ও ইঞ্জিলে এ বিষয়ের কোন উল্লেখ নেই। এমন কোন ঐতিহাসিক প্রমান নেই যে এটা ইব্রাহীম ও ইসমাইল তৈরী করেছিল যেখানে জেরুজালেমের আল আকসা উপাসনাগৃহ কবে তৈরী হয়েছিল তার কিছুটা ঐতিহাসিক প্রমান আছে। তা ছাড়া তৌরাতে তো এর পূরা মাপ জোকের বর্ননাও দেয়া আছে আর বলা আছে কে তৈরী করেছিল, খোদ কোরানও তার সাক্ষ্য দেয়। কোরান কেন তার সাক্ষ্য দেয়? কারন এটা ছিল মোহাম্মদের একটা কৌশল যাতে ইহুদী ও খৃষ্টানদেরকে দেখানো যায় যে ইসলাম ইহুদী ও খৃষ্টান ধর্মেরই শেষ সংস্করন। ইসলাম তো আরও অগ্রসর হয়ে বলে- কাবা হলো পৃথিবীর সর্বপ্রথম তৈরী ঘর যা আদম কর্তৃক তৈরী হয়েছিল। যেমন -

আবু দার বর্নিত- আমি বললাম, ও আল্লাহর রসুল, কোন্ মসজিদ সর্বপ্রথম তৈরী হয়েছিল? তিনি বললেন- মসজিদুল হারাম। আমি জিজ্ঞেস করলাম- এর পর কোন্ টা ? তিনি উত্তর দিলেন- মসজিদুল আকসা। আমি জিজ্ঞেস করলাম- এদের মধ্যে কত সময় ব্যবধান ছিল ? তিনি উত্তর দিলেন- চল্লিশ বছর।বুখারী, বই-৫৫, হাদিস-৬৩৬

উল্লেখ্য, এটা কিন্তু সম্পূর্নতই মোহাম্মদের নিজের কথা, এর পিছনে কোন রকম ঐতিহাসিক তথ্য প্রমান নেই। মসজিদুল আকসা বা সলোমনের মন্দির কবে কখন তৈরী হয়েছিল তার কিছু কিছু ঐতিহাসিক তথ্য প্রমান আছে কিন্তু কবে কাবা ঘর তৈরী হয়েছিল তার তেমন কোন ঐতিহাসিক তথ্য নেই, যা কিছু তথ্য তা মোহাম্মদ বর্নিত।তবে একেবারেই নেই তা বলা যাবে না।আ রবের সর্বত্র ইসলামী রাজত্ব কায়েম হলে সকল ইতিহাসই ধ্বংস করা হয়েছে কিন্তু নানা ভাবে কিছু কিছু ইতিহাস তো পাওয়া যাবেই চেষ্টা করলে। যাহোক, কাবা সৃষ্টির ইসলামিক তত্ত্বটা কি? সেটা হলো- আল্লাহই

সর্বপ্রথম কাবা মসজিদ তৈরী করে, তারপর নুহের আমলে মহাপ্লাবনে তা ধ্বংস হয়ে গেলে পূনরায় ইব্রাহীম কর্তৃক নির্মিত হয়, যার কোন ঐতিহাসিক প্রমান নেই, আছে কেবল পৌরাণিক কাহিনী আকারে।যদি কোন ইসলামিক সোর্স থেকে কাবা ঘর তৈরীর ইতিহাস জানতে চাওয়া হয়- সেখানে একটাই বক্তব্য থাকে তা হলো-কোরানে আল্লাহ ইব্রাহীমকে কাবা ঘর নির্মান করতে বলেছে, তাই ইব্রাহীম ও তার পূত্র ইসলাম দুজনে মিলে তা তৈরী করেছে। আর যে টুকু প্রামান্য ইতিহাস পাওয়া যায় তা সবই মোহাম্মদের মক্কা দখলের পর। একজন মুমিন বান্দা মাত্রেই এটুকুতে সন্তুষ্ট ও আর কিছু জানার দরকার বোধ সে করে না। এখন যেহেতু কোরান কোন ইতিহাসের কিতাব নয় , তাই নিরপেক্ষ পাঠক মাত্রই জানতে চাইবে নিরপেক্ষ ঐতিহাসিক সূত্র থেকে কাবা ঘর নির্মানের উৎসটা কি। আর তখন যা জানা যায় , তার সাথে দু:খজনক ভাবে কোরান বর্নিত কোন কাহিনীর মিল নেই। যে সব কাহিনী জানা যায় তা ইতোপূর্বে ব্যখ্যা করা হয়েছে আর তা হলো - আরবের বিভিন্ন অঞ্চলে বিস্তৃত যে পৌত্তলিক ধর্ম যার প্রধান দেবতা ছিল চন্দ্র, তারই মন্দির ছিল কাবা আর এটা তৈরী হয়েছিল আনুমানিক খৃষ্টীয় প্রথম শতাব্দীতে।বিভিন্ন উৎস হতে যে তথ্য পাওয়া যায় তাতে দেখা যায় , আনুমানিক ২০০০ খৃষ্টপূর্বে তথাকথিত নবী ইব্রাহিম দুনিয়াতে ছিল , আর খৃষ্টপূর্ব ১০০০ এর দিকে ছিল রাজা সলোমন। রাজা সলোমনই প্রথম তৈরী করে সলোমনের মন্দির তথা মসজিদুল আকসা (এ নাম মুসলমানদের দেয়া)। তার মানে ইব্রাহীম যদি কাবা ঘর নির্মান করেও থাকে তাহলে কাবা ঘর ও মসজিদুল আকসা এ দুইয়ের নির্মান কালের তফাৎ কমবেশী ১০০০ বছর, কোন ক্রমেই ৪০ বছর নয়। অথচ কি আজব কথা, একজন সাহাবী জিজ্ঞেস করা মাত্রই কি নির্বিকারভাবে মোহাম্মদ তার মনগড়া তথ্য দিয়ে যাচ্ছেন।আর গোটা মুসলমান সমাজ কোন রকম বাছ বিচার ছাড়াই ,পরীক্ষা নিরীক্ষা ছাড়াই সেটাই বিশ্বাস করছে।কারন সেটা মোহাম্মদ বলেছেন।আর যদি আদমকে কাবা ঘরের প্রতিষ্ঠাতা হিসাবে ধরা হয় যা মোহাম্মদ বিশ্বাস করতেন ও বর্তমানকার মুমীন বান্দারা বিশ্বাস করে , তাহলে তো মসজিদুল আকসার সাথে বয়সের তফাৎ হয় হাজার হাজার বছর। ভৌগলিক অবস্থাকে বিচার করলেও স্পষ্ট বোঝা যায় ইব্রাহীম কখনই মক্কায় যায় নি বা তার কথিত স্ত্রী হাজেরা ও তার সন্তান ইসমাইলকে মক্কায় নির্বাসন দেয় নি। ইব্রাহীমের বিচরন স্থল ছিল জেরুজালেম, জর্ডন, সিরিয়া, গাজা, মিশর এসব অঞ্চলে। এর যে কোন স্থান থেকে সোজা মক্কা পর্যন্ত বিমান উড্ডয়ন দুরত্ব কমপক্ষে ১০০০ কিলোমিটার। মরুপথে এ দুরত্ব আরো বেশী।ইব্রাহীম হাজেরা ও তার শিশু পূত্র ইসমাইলকে এতদুরের মরুভূমির কঠিন পথ পাড়ি দিয়ে মক্কায় রেখে যাবে যা বিশ্বাস করা একমাত্র নির্বোধ মানুষের পক্ষেই সম্ভব। নির্বাসন যদি দিতেই হয়, বড়জোর ২০০/৩০০ কিলোমিটার দুরেই সেটা সেই তৎকালে দেয়াটাই সঙ্গত। কারন সে যুগে সেই ২০০/৩০০ কিলোমিটারই ছিল অনেক বড় দুরত্ব।হাজেরা কখনো এ দুরত্ব বিপদ সংকুল পথ পাড়ি দিয়ে পুনরায় ইব্রাহীমের কাছে যেতে পারত না। বিষয়টি ভালভাবে উপলব্ধি করার জন্য নিচের মানচিত্র দেয়া হলো। আরব দেশের মানচিত্র দেখলেই বোঝা যাবে, হাজেরা ও ইসমাইলকে নির্বাসন দেয়ার কিচ্ছা কতটা অসার ও ভিত্তিহীন।

আগেই বলা হয়েছে- মুসলমানরা প্রাক ইসলামী যুগের কোন ই তিহাস সংরক্ষন করে নি। তাই কাবা ঘর কখন প্রতিষ্ঠিত হয় বা তার প্রতিষ্ঠাতা কে তা জানতে আমাদেরকে অবশ্যই অমুসলিম উৎসের দ্বারস্থ হতে হবে। এ ক্ষেত্রে মুসলিম বিশ্বে দেখা যায় Alfred Guillaume এর একটা ব্যপক গ্রহনযোগ্যতা আছে।কারন ইনি মাঝে মাঝে এমন সব বক্তব্য দিয়েছেন যা ইসলামের পক্ষে যায়।আসলে উনি নিরপেক্ষভাবে কথা বলেছেন, কারও পক্ষ বা বিপক্ষ চিন্তা করে কিছু বলেন নি। তো তিনি কি বলেছেন একটু দেখা যাক -‘’... there is no historical evidence for the assertion that

Abraham or Ishmael was ever in Mecca, and if there had been such a tradition it would have to be explained how all memory of the Old Semitic name Ishmael (which was not in its true Arabian form in Arabian inscriptions and written correctly with an initial consonant Y) came to be lost. The form in the Quran is taken either from Greek or Syriac sources." (Alfred Guillaume, Islam [Penguin Books Inc., Baltimore, 1956], pp. 61-62). তো স্পষ্ট তিনি নানা রকম পরীক্ষা নিরীক্ষা করে বলছেন যে এমন কোন নজীর নেই যে ইব্রাহীম বা ইসমাইল কখনো মক্কাতে গমন করেছিল। তার অর্থ ইব্রাহীম ও ইসমাইল কাবা ঘর তৈরীও করেনি। আমি নিশ্চিত মুসলিম পন্ডিত ও মুমিন বান্দারা Guillaume এর অন্যান্য অনেক রেফারেন্সকে অকাট্য হিসাবে গ্রহন করলেও এ রেফারেন্স একেবারেই গ্রহন করবে না , বলবে এটা বিকৃত বক্তব্য বা তিনি কি সবজান্তা নাকি , এ প্রশ্নও কেউ কেউ করতে পারে। আর এটাই সমস্যা। যা ইসলামের পক্ষে যায় না , তার পক্ষে অকাট্য যুক্তি প্রমান থাকলেও তা তাদের কাছে বিকৃত। মুমিন বান্দা মাত্রই মো হাম্মদকে সবজান্তা সর্বজ্ঞানী মনে করে যদিও তিনি জানতেন না সূর্য অস্ত গেলে কোথায় যায় , দিন ও রাত কেন ঘটে, জানতেন না পৃথিবী গোলাকার নাকি সমতল , কে শয়তান আর কে জিব্রাইল চিনতে পারতেন না, জানতেন না রাতের আকাশে তারগুলো আসলে কি বা উল্কাখন্ডের প্রকৃতি কি এবং আরও অনে ক কিছুই জানতেন না।তবুও সবাই তাকে সবজান্তা মনে করে , মোহাম্মদ তার অনুসারীদের মাথাটা এমন ভাবেই নষ্ট করে দিয়ে গেছেন সেই চৌদ্দশ বছর আগে।ভাবতে আশ্চর্য লাগে, সেই সব মানুষগুলো পড়েও দেখার চেষ্টা করে না তাদের কিতাবে মহা জ্ঞানের কথা নাকি বোগাস কথা বার্তা লেখা আছে। কথিত আছে আদম দুনিয়াতে অবতরণ করার পর আল্লাহ তাকে একটা মসজিদ করার জন্য আদেশ করেন আর আদম এ বিরাট দুনিয়ার আর কোথাও জায়গা না পেয়ে উষর ও কঠিন মরুভুমি মক্কাতে সেই মসজিদ বানায় যাকে বলা হয় কাবা। প্রথম প্রশ্ন জাগে- দুনিয়ায় এত ভাল ভাল সুজলা শস্য শ্যামলা জায়গা থাকতে আদম মক্কার মত একটা কঠিন যায়গাতে মসজিদ বানাতে গেল কেন? এক্ষেত্রে বাংলাদেশের মত সুজলা সুফলা দেশ একটা উত্তম জায়গা হতে পারত বসবাসের জন্য। দ্বিতীয়ত: হাদিস থেকেই জানা যায়- ইব্রাহিম তার পূত্র ইসমাইল ও তার মা হাজেরাকে যখন মক্কাতে নির্বাসন দিয়ে যায় তখন সেখানে কোন পানির উৎস ছিল না। রুক্ষ শুষ্ক কঠিন উষর যায়গা ছিল সেটা।জিব্রাইলের পায়ের ধাক্কা বা ইসমাইলের পায়ের ধাক্কাতেই জমজম কুপ সৃষ্টি হয় যা ছিল তখনকার মক্কার একমাত্র পানির উৎস। তো আদম যখন সেখানে মসজিদ নির্মান করে, তখন তো সেখানে পানি ছিল না।তাই এরকম একটা যায়গায় যেখানে বাস করার মত পরিবেশও ছিল না, কারন পানি ছাড়া তো আর বাঁচা যায় না, অথচ সেখানে মসজিদ নির্মান করার অর্থই হলো সেখানে আদম তার স্ত্রী হাওয়াকে নিয়ে বসবাস করত। প্রশ্ন হলো- যেখানে বাঁচার মত পরিবেশ ছিল না , সেখানে আদম একটা মসজিদ তৈরী করে বসবাস করছে, এটা কতটা বাস্তব সম্মত? তৃতীয়ত: কাবা ঘর নাকি পৃথিবীর কেন্দ্র স্থলে অবস্থিত। আবার কাবা ঘরের ঠিক সোজা উপরে নাকি ৭ম তথা শেষ বেহেস্তের বায়তুল মামুর অবস্থিত যেখানে প্রতি নিয়ত ৭০,০০০ ফিরিস্তা আল্লাহর কাছে মুনাজাত করে। পৃথিবী যেহেতু গোল তাই এর পৃষ্ঠদেশের যে কোন বিন্দুকেই পৃথিবীর কেন্দ্র ধরা যায়, এতে আশ্চর্য হওয়ার কিছু নাই। কিন্তু পৃথিবী প্রতিদিন নিজ অক্ষের ওপর একবার করে পাক খাচ্ছে , ও ৩৬০ ডিগ্রী ঘুরে আসছে যার ফলে দিন ও রাত হয়। তার মানে প্রতি নিয়ত পৃথিবী পৃষ্ঠে অবস্থিত কাবা ঘরের অবস্থানের পরিবর্তন ঘটছে কিন্ত তার সোজা উপরের অবস্থান অপরিবর্তিত থাকছে। এর ফলে প্রতি নিয়ত ৭ম বেহেস্ত তার বাকী ৬ টি বেহেস্ত সহ পৃথিবীর অবস্থান পরিবর্তনের সাথে সাথে নিজেরাও তাদের

অবস্থান পরিবর্তন করছে কি?আরো সোজা কথায়, পৃথিবী ঘোরার সাথে সাথে বায়তুল মামুর সহ সকল বেহেস্তেই কি ঘুরতে থাকে চরকির মত ? তাছাড়া ৩৬৫ দিনে পৃথিবী তো সুর্যের চারপাশে একবার ঘুরে আসে, তার ফলে আহ্নিক ও বার্ষিক গতি মিলিয়ে পৃথিবীর গতি , তার অবস্থান ও তার পৃষ্ঠদেশে অবস্থিত কাবা ঘরের অবস্থান মহাবিশ্ব সাপেক্ষে খুব জটিল হয়ে পড়ে। এর সাথে কিভাবে ৭ম বেহেস্তের বায়তুল মামুর তাল মিলিয়ে তার অবস্থান ঠিক রাখে ? এ রকম উদ্ভট ধারণার মূল কারনই হলো মোহাম্মদ পৃথিবীকে স্থির ভাবতেন, তিনি কল্পনাই করতে পারেন নি যে পৃথিবী বন বন করে ঘুরছে। বোধ হয়, পৃথিবীর এ বন বন করে ঘোরার কারনেই মুমিন বান্দাদের মাথাটাও সব সময় একটা ঘোরের মধ্যে থাকে আর সে কারনেই তাদের মাথায় অন্য কিছু প্রবেশ করতে পারে না।

মক্কার কাবা ঘর যে দুনিয়াতে আল্লাহর প্রথম ঘর ছিল না আর তার কথিত আল্লা যে বাইবেলের আল্লাহ ছিল না, তার সবচাইতে বড় প্রমান হলো ৪০ বছর বয়সে মোহাম্মদ নবুয়তি পাওয়ার পরও তিনি যেরুজালেমের বায়তুল মোকাদ্দস এর দিকে মূখ করে ইবাদত তথা নামাজ পড়তেন। কাবা ঘরই যদি আল্লাহর প্রথম ও আসল ঘর হতো তাহলে নবুয়তির দিনই জিব্রাইল তাকে সেটা বলে যেত। তখন তো বলেই নি, বরং দেখা যাচ্ছে, মোহাম্মদ দীর্ঘ ১০ বছর ধরে মক্কাতে ইসলাম প্রচার করার সময়ও জিব্রাইল সেটা বলতে ভুলে গেছে বা আল্লাহও তাকে বলে নি। এমন কি বোরাক নামক পাখা বিশিষ্ট গাধায় চড়ে সাত আসমান পার হয়ে আল্লাহর সাথে দেখা করার সময়ও আল্লাহ তাকে সেটা জানাতে ভুলে গেছে।অথচ আল্লাহ তাকে ৫ বার নামাজ পড়ার কথা বলেছে কিন্তু বলেনি কোন দিকে মুখ করে নামাজ পড়তে হবে। শুধু কি এখানেই শেষ ? এর পর মক্কাতে মোহাম্মদ সুবিধা করতে না পেরে দলবল সহ মদিনায় গমন করলেন এবং সেখানেও দেড় বছরের বেশী কাল অতিক্রম করলেন কিন্তু আল্লাহ তারপরও তাকে জানায়নি কোন দিকে মুখ করে নামাজ পড়তে হবে।তখনও মোহাম্মদ ও তার দলবল বায়তুল মোকাদ্দসের দিকে মুখ করে নামাজ পড়ে চলেছেন। অত:পর আসল সেই আয়াত যার মাধ্যমে আল্লাহ বলে পাঠাল যে কাবার দিকে মুখ করে নামাজ পড়তে হবে। এ থেকে পরিষ্কার বোঝা যায়, কাবা ঘর বাইবেলে কথিত আল্লাহর প্রথম ঘর তো নয়ই , এমনকি আল্লাহর ঘরই নয়। বিষয়টি এখানে শেষ হলে ভাল হতো কিন্তু না এখানেই শেষ নয়। মদিনায় যাওয়ার দেড় বছর পর যখন মোহাম্মদ কাবার দিকে মুখ করে নামাজ পড়া শুরু করলেন , তখন কাবা ঘরের মধ্যে সেই আল্লাহ তথা চন্দ্র দেবতা সহ ৩৬০ টি মূর্তি ছিল। তার মানে তিনি কুরাইশদের আল্লাহ ও তার সঙ্গী দেব দেবীদের দিকে মুখ করে নামাজ পড়তেন, আর তাতে তার কোন অসুবিধা হতো না। এভাবেই তিনি মদিনায় যে পরে আরও সাড়ে আট বছর ছিলেন, কাবার ভিতরের মূর্তিগুলোর দিকে মুখ করে নামাজ পড়ে গেছেন। এতে অসুবিধা না হওয়ার কারন কাবার মধ্যে যে আল্লাহ নামক প্রধান দেবতা ছিল সে তো মোহাম্মদেরই আল্লাহ। তার শুধু দরকার পড়েছিল ইহুদী খৃষ্টানদেরকে বোকা বানানো আর তাই তিনি প্রধান দেবতা বাদে কোন দেব দেবীকে স্বীকার করতে রাজী ছিলেন না।কারন ইহুদী ও খৃষ্টানরা আল্লাহ ছাড়া অন্য কোন দেব দেবীতে বিশ্বাসী ছিল না। আর তাদের এ ধর্ম বিশ্বাসের সাথে মিল রাখতে গিয়েই এ কায়দাটা প্রয়োগ করেন। মুলত: ইহুদী ও খৃষ্টানদেরকে সন্তুষ্ট করার জন্যই এতকাল তিনি যেরুজালেমের দিকে মুখ করে নামাজ পড়েছিলেন। কিন্তু যখন দেখা গেল ইহুদী ও খৃষ্টানরা ইসলাম কবুল করবে না , তখনই মোহাম্মদ সিদ্ধান্ত নিলেন কিবলার দিক পরিবর্তনের। আর এ সিদ্ধান্ত নেয়ার সাথে সাথেই আয়াত নাজিল হয়ে গেল। কি সেই আয়াত?

এমনিভাবে আমি তোমাদেরকে মধ্যপন্থী সম্প্রদায় করেছি যাতে করে তোমরা সাক্ষ্যদাতা হও মানবমন্ডলীর জন্যে এবং যাতে রসূল সাক্ষ্যদাতা হন তোমাদের জন্য। আপনি যে কেবলার উপর

ছিলেন, তাকে আমি এজন্যই কেবলা করেছিলাম, যাতে একথা প্রতীয়মান হয় যে, কে রসূলের অনুসারী থাকে আর কে পিঠটান দেয়। নিশ্চিতই এটা কঠোরতর বিষয় , কিন্তু তাদের জন্যে নয়, যাদেরকে আল্লাহ পথপ্রদর্শন করেছেন। আল্লাহ এমন নন যে, তোমাদের ঈমান নষ্ট করে দেবেন। নিশ্চয়ই আল্লাহ, মানুষের প্রতি অত্যন্ত স্নেহশীল, করুনাময়। সূরা বাক্কারা, আয়াত-১৪৪, মদিনায় অবতীর্ণ।

আর যে স্থান থেকে তুমি বের হও , নিজের মুখ মসজিদে হারামের দিকে ফেরাও -নিঃসন্দেহে এটাই হলো তোমার পালনকর্তার পক্ষ থেকে নির্ধারিত বাস্তব সত্য। বস্তুতঃ তোমার পালনকর্তা তোমাদের কার্যকলাপ সম্পর্কে অনবহিত নন। সূরা - বাক্কারা, আয়াত-১৫০, মদিনায় অবতীর্ণ।

কখন এ আয়াত নাজিল হয়?

আল বারা বর্নিত- নবী বায়তুল মুকাদ্দাসের দিকে মুখ করে ষোল বা সতের মাস নামাজ পড়তেন কিন্তু তিনি ইচ্ছা করতেন মক্কার কাবা ঘর হবে কিবলা। তাই আল্লাহ উক্ত ০২: ১৪৪ আয়াত নাজিল করলেন এবং তিনি কতিপয় সাহাবী সহ আসরের নামাজ পড়লেন কাবার দিকে মুখ করে। সহি বুখারি , বই - ৬০, হাদিস-১৩

কি সুন্দর সহজ সরল স্বীকারোক্তি।মোহাম্মদ চাইতেন কাবার দিকে মুখ করে নামাজ পড়তে অর্থাৎ কুরাইশদের আল্লাহর ঘরকেই তিনি কিবলা হিসাবে প্রতিষ্ঠা করার স্বপ্ন দেখতেন সব সময় কিন্তু শুধুমাত্র ইহুদী ও খৃষ্টানদেরকে দলে টানার জন্যই বায়তুল মোকাদ্দাসের দিকে মুখ করে নামাজ পড়তেন। অর্থাৎ মোহাম্মদ তার কুরাইশ বংশের পছন্দনীয় আল্লাহর পথেই ইহুদী ও খৃষ্টানদেরকে আনতে চাইতেন কিন্তু তারা শেষ পর্যন্ত আসল না। অগত্যা তাকে তাদের আশা ত্যাগ করতে হলো ও নিজের বহুদিনের লালিত স্বপ্নকে বাস্তবে রূপদান করতে উদ্যোগী হলেন। অবশ্য তাতে কিছু অসুবিধাও নেই। ততদিনে মদিনাতে তিনি প্রতিষ্ঠিত হয়ে গেছেন, মদিনার পাশ দিয়ে যাওয়া বানিজ্য কাফেলা আক্রমন করে ধন সম্পদ লুটপাট করা যাচ্ছে, লুটের ভাগ পাওয়ার জন্য মদিনাবাসীরাও তার পিছনে সব কাতার বন্দী হয়ে পড়ছে। তাই ইহুদী ও খৃষ্টানদেরকে অতটা দরকার তার আর নেই কারন ক্ষমতা হাতে পাওয়া গেছে আর তা পুঞ্জিভুত করে ঠিক মতো চালাতে পারলে পরে ইহুদী খৃষ্টানদেরকে জোর করে মুসলমান বানানো যাবে, না হলে তাদেরকে চিরতরে দুনিয়া থেকে বিদায় করে দেয়া যাবে, বা মক্কা মদিনা থেকে উচ্ছেদ করে দেয়া যাবে।আর বাস্তবেও আমরা সেটা খোদ মোহাম্মদের জীবনেই দেখেছি, যা তার সাহাবীরা পরবর্তীতে নিষ্ঠা সহকারে অনুসরণ করে এসেছে আর বর্তমানে এ একবিংশ শতাব্দীতেও বাস্তবায়ণ করার তালে আছে।

মন্তব্যসমূহ

হাবীব

নভেম্বর ৩, ২০১১ সময়: ৬:১৭ পূর্বাহ্ণ লিঙ্ক

অভিমত জানানোর কিছু নাই। ঘটনা সত্য।

1. 2

আঃ হাকিম চাকলাদার

নভেম্বর ৩, ২০১১ সময়: ৭:৪৪ পূর্বাহ্ণ লিঙ্ক

আপনার লেখাটি পেয়েই এক নাগাড়ে পড়ে ফেললাম। দীর্ঘ দিনের অনেক প্রশ্নের নিরপেক্ষ উত্তর এর মধ্যে পেলাম। যেমনঃ

১।কাবা ঘর ও বায়তুল মোকাদ্দাছের তৈরীর সময় কাল।

২।সময় গণণার জন্য সূর্য অধিক উপযুক্ত হওয়া সত্ত্বেও চন্দ্র কে ইসলামিক মাস হিসাবে কেন এত অধিক গুরুত্ব দেওয়া হয়।

৩। কেন কোন ক্ষমতাহীন হওয়া সত্বেও কালো পাথর কে সারা বিশ্বের হাজীরা চুম্বন করে থাকেন।

৪।আজ কেন কাবা ঘর কে হাজীরা প্রদক্ষিন করে থাকেন। ইত্যাদি

এক কথায় ইসলাম পূর্ব যুগে যা কিছুই আরব সমাজে চালু ছিল তাই সামান্য রদ বদল করে রেখে দেওয়া হয়েছে ধন্যবাদ আপনাকে নিরপেক্ষ তথ্য তুলে ধরার জন্য।

আঃ হাকিম চাকলাদার

নিউ ইয়র্ক

*ভবঘুরে*এর জবাব:

নভেম্বর ৩, ২০১১ at ৬:০২ অপরাহ্ণ

@আঃ হাকিম চাকলাদার,আপনি যে বুঝতে পেরেছেন অতি সহজেই , সেটার জন্য ধন্যবাদ। কিন্তু মুশকিল হলো সবাই সেটা বুঝতে চায় না।চাইলেও পারে না। বস্তুত মোহাম্মদ পৌত্তলিক ও ইহুদী - খৃষ্টিয় মিশেলে তার আল্লাহকে তৈরী করেছিলেন। আর যে কারনেই তার ধর্মে উভয়ের প্রভাব। কিন্তু মুমিন বান্দারা তা মানবে না চাক্ষুষ দেখার পরেও।

2. 3

কাজী রহমান

নভেম্বর ৩, ২০১১ সময়: ৮:০১ পূর্বাহ্ণ লিঙ্ক

মোহাম্মদের পিতার নাম ছিল আব্দুল্লাহ, আবদ+আল্লাহ= আব্দুল্লাহ। আরবী আবদ অর্থ- দাস, অর্থাৎ আল্লাহর দাস। কিন্তু কোন্ আল্লাহর দাস?তখন তো মক্কায় ইসলাম প্রচার হয় নি। অর্থাৎ মক্কার কুরাইশরা ছিল সবাই প্যাগান।

হুইন্না মুসলমানরা তো এইখান থিকাই গবেষণা শুরু করতে পারে , খাস দিলে আসল আল্লারে ডাইক্ক্যা সাচ্চা মুসলমান হইতে।

আবু তালিব ছিলেন প্যাগান আর তিনিও আল্লাহকে ডাকতেন কিন্তু সেই আল্লাহ অবশ্যই **ইসলাম কথিত আল্লাহ নয়, নয় ইহুদী খৃষ্টান কথিত ঈশ্বর।**

বিরাট গ্যাঞ্জাম হয়া গেলো না? তাইলে আব্রাহিমিক ধর্মের আল্লার বাইরেও আল্লা হ্যায়? সাচ্চা কিংবা হুইন্না মুসলমানরা তো বিরাট ফ্যাসাদে পইড়া গেলো।

যাউজ্ঞা, আলোচনা চলুক...........

3. 4

কাজী রহমান

নভেম্বর ৩, ২০১১ সময়: ৯:০৯ পূর্বাহ্ণ লিঙ্ক

বিষয়টি ভালভাবে উপলব্ধি করার জন্য নিচের মানচিত্র দেয়া হলো। আরব দেশের মানচিত্র দেখলেই বোঝা যাবে, হাজেরা ও ইসমাইলকে নির্বাসন দেয়ার কিচ্ছা কতটা অসার ও ভিত্তিহীন।

মানচিত্র গেল কই?

ভবঘুরে এর জবাব:

নভেম্বর ৩, ২০১১ at ৬:০৩ অপরাহ্ণ

@কাজী রহমান,

মানচিত্র গেল কই?

বহু কসরত করেও মানচিত্র ঢুকাতে পারিনি। ওটা করতে যেয়ে পোস্টেরই বারোটা বেজে গেছিল প্রায় , পরে অনেক কষ্টে ঠিক করেছি। তবে গুগল সার্চ করলেই বিষয়টি বুঝতে পারবেন জলবৎ তরলং।

সুমন চৌধুরী এর জবাব:

ফেব্রুয়ারি ১৩, ২০১২ at ৩:৩৫ পূর্বাহ্ণ

@কাজী রহমান, “google mape” লিখে অনুসন্ধান করুন খুব সহজেই পেয়ে জাবেন।

4. 5

মহন

নভেম্বর ৩, ২০১১ সময়: ১২:৩২ অপরাহ্ন লিঙ্ক

আমার মনে হয় ইসলাম একটা পাইরেট ধর্ম

5. 6

আবুল কাশেম

নভেম্বর ৩, ২০১১ সময়: ১:২৩ অপরাহ্ন লিঙ্ক

আপনার লেখার যে বৈশিষ্ঠতা আমার ভাল লাগে তা হচ্ছে-আগডুম বাগডুম না বলে একেবারে সোজাসুজি, কারো পরোয়া না করে, পরিষ্কার ভাবে ইসলামের ভিতর-বাহির জাহির করে দেওয়া। আপনার লেখার এই বলিষ্ঠ এবং সহজ সরল ভাষা এতই আকর্ষণীয় যে পড়া শুরু করলে শেষ করতেই হয়, বিরিতিহীন ভাবে।

একজন বিদ্যালয়ের ছাত্রও আপনার লিখা বুঝবে -কোন অভিধান লাগবে না, বারা বার সুত্রও দেখতে হবে না..অতিশয় তথ্য দ্বারাও ভারাক্রান্ত হবে না।

আগের মতই এই পর্বটাও এক নাগড়ে পড়ে নিলাম।

ভবঘুরে এর জবাব:

নভেম্বর ৩, ২০১১ at ৬:০৫ অপরাহ্ন

@আবুল কাশেম,

আপনার তারিফের জন্য ধণ্যবাদ।

আমি খেয়াল করেছি, বেশী জটিল করে লিখতে গেলে মূল বার্তাটা অনেকেই ধরতে পারেন না। তাই যথাসাধ্য চেষ্টা করি সহজ সরল ভাষায় অনেকটা কোরানিক ভাষায়। কোরান আমার অনুপ্রেরণা।

সুমন চৌধুরী এর জবাব:

ফেব্রুয়ারি ১৩, ২০১২ at ৩:৫৩ পূর্বাহ্ন

@আবুল কাশেম, হ্যা ভাই , ঠিকই বলছেন , আমি ও এক বারে পরে ফেলেছি,

উনিই পারবেন মানুষকে অন্ধ বিশ্বাস থেকে বেরকরে যুক্তি , দর্শন ও আলোর পথে নিয়ে আসতে।

6. 7

নিটোল

নভেম্বর ৩, ২০১১ সময়: ১:৩৭ অপরাহ্ণ লিঙ্ক

অসাধারণ! আপনার অন্যতম সেরা একটা লেখা এটি- আমার মতে। অদ্ভুত সুন্দর লিখেছেন!

আচ্ছা, আপনি তো ইসলাম নিয়ে অনেক লেখাই লিখেছেন। সবগুলো নিয়ে একটা বই কি বের করা যায় না? নিদেনপক্ষে একটা ই-বুক?? আশা করি বিষয়টা ভেবে দেখবেন। মুক্তমনা কর্তৃপক্ষও চাইলে এ কাজটা করতে পারে।

ভবঘুরে এর জবাব:

নভেম্বর ৩, ২০১১ at ৬:০৬ অপরাহ্ণ

@নিটোল,

আচ্ছা, আপনি তো ইসলাম নিয়ে অনেক লেখাই লিখেছেন। সবগুলো নিয়ে একটা বই কি বের করা যায় না? নিদেনপক্ষে একটা ই-বুক?? আশা করি বিষয়টা ভেবে দেখবেন। মুক্তমনা কর্তৃপক্ষও চাইলে এ কাজটা করতে পারে।

এ দায়িত্বটা মুক্তমনার ওপর ছেড়ে দিয়েছি। যদি তারা মনে করে ই বুক হওয়ার উপযুক্ত তারা করতে পারে।

আপনার তারিফের জন্য ধন্যবাদ।

আকাশ মালিক এর জবাব:

নভেম্বর ৩, ২০১১ at ৯:০০ অপরাহ্ণ

@ভবঘুরে,

এ দায়িত্বটা মুক্তমনার ওপর ছেড়ে দিয়েছি। যদি তারা মনে করে ই বুক হওয়ার উপযুক্ত তারা করতে পারে।

ই বুক আকারে প্রকাশ করার আগে ভালভাবে পুঙ্খানুপুঙ্খরূপে এডিট করে নেয়া বা অন্য কোন প্রুফ রিডার দ্বারা চেক করে নেয়া জরুরী। এই লেখায়ই প্রচুর বানান টাইপো আছে, দাড়ি কমা, শব্দচয়ণ ও বাক্য বিন্যাসের গড়মিল আছে। বইয়ে নিষ্প্রয়োজনীয় কথা ও নিজের সিদ্ধান্ত পরিত্যাগ করা ভাল।

একটা বই পি ডি এফ ফাইলে প্রকাশ হয়ে গেলে তা পরিবর্তন করা যে কতো কঠিন তা ভোক্তভোগীরা জানেন। যে ভুলটা আমার বেলায় হয়েছে তা আপনি করতে যাবেন না।

মুহাম্মদ পৌত্তলিক ছিলেন কি না , বা তার জীবনের ৪০ বছর তিনি কোন ধর্মের অনুসারী ছিলেন , দৈনন্দিন পারিবারিক জীবনে কোরায়েশদের সাথে তার আচরণ, তার নিজের ও তার দুই মেয়ে রোকেয়া ও কলসুমের বিয়ে কোন প্রথা বা নিয়মে , কে তার বিয়ের কোন ধর্মের নির্দেশনানুযায়ী আকদ পড়ায়েছিলেন, এসব বিষয়ে প্রচুর তর্ক বিতর্ক করেছি ব্লগমোল্লাদের সাথে। যৌক্তিক কোন উত্তর কোনদিন মেলেনি।

আরবের (উত্তর সিরিয়া) কবি আবু-আল-আলা আল মারি (৯৭৩-১০৫৭) তাঁর ‘লুজুমিয়াত’ কাব্যে মুসলমানদের হজের সময় কাবা শরিফকে বাঁ দিকে রেখে ডাইনে থেকে বাঁয়ে সাতবার প্রদক্ষিণ করা , কালো পাথরে চুম্বন বা মাথা নোয়ানো, সাফা-মারওয়া পর্বতের মাঝখানে দৌড়াদৌড়ি করা, মিনাতে ‘শয়তান’ লক্ষ্য করে পাথর মারা ইত্যাদি কর্মকাণ্ডকে ইসলামের (মুসলমানদের) ‘পৌত্তলিক ভ্রমণ’ হিসেবেই উল্লেখ করেছেন।

মুহাম্মদের পূর্ববর্তি ধর্ম নিয়ে আলোচনা করা আর আরব্য উপন্যাস পড়া একই কথা। পৃথিবীর বাস্তব প্রামাণিক ইতিহাসে মুহাম্মদই একমাত্র ব্যক্তি যিনি নিজেকে আল্লাহর প্রেরিত পুরুষ বা নবী বলে দাবী করেছেন, তার কাছে আল্লাহ বাণী পাঠান, তিনি স্বশরীরে সৌরজগত ভ্রমণ করেছেন। আদম থেকে ঈসা, মাঝখানে হাবিল কাবিল, নুহ, ইব্রাহিম, হাজেরা, সায়েরা, ইসমাইল, ইসহাক, দাউদ, মুসা, সব কাল্পনিক ঠাকুর মার ঝুলি বই কিছু নয়। ইসমাইল , ইসহাক, নামে কেউ থাকলে তো কোরবানির কথা উঠবে? ইব্রাহিমের সন্তান কোরবাণী খৃষ্টানদের কাছ থেকে ধার করে মুহাম্মদ ইসলামে ঢুকালেন আর খৃষ্টানরা তা পালন করেনা , মুহাম্মদের এই চালাকিটা ধরা কি এতোই কঠিন ? বুদ্ধিমান মুহাম্মদ নিজে জেরুজালেম থেকে মক্কামূখী হওয়ার প্রস্তাব করেন নি , করেছিলেন ওমর। কোরানের সেই আয়াত হুবহু ওমরের কথা। ওমর না বলা পর্যন্ত মুহাম্মদ আরো অপেক্ষা করতেন। এটা তার সুনিপুণ দক্ষতাই মানতে হবে। ঠিক তদ্রূপ বদরের যুদ্ধ তিনি আরো হয়তো বিলম্বিত করতেন যদিনা সেদিনের বৈঠকে মদিনার যুবকেরা নিজের থেকে যুদ্ধে অংশ গ্রহণে প্রস্তাব না করতো। এভাবেই অত্যন্ত সাহসী ও ধৈর্যশালী, তীক্ষ্ম বুদ্ধিসম্পন্ন মুহাম্মদ তার সকল গোপন প্লান সফলভাবে সমাধা করতে পেরেছিলেন। এব্রাহামিক, পৌত্তলিক ও হানাফি এই তিন ধারা বা মতবাদের সমন্বয়ের নাম মুহাম্মদের নতুন ইসলাম। মুহাম্মদই একমাত্র নবী , ইসলামই প্রথম ও একমাত্র ধর্ম, কোরানই একমাত্র ধর্মগ্রন্থ যার কথা পৃথিবীর ইতিহাসে লিপিবদ্ধ আছে।

ব্রাইট স্মাইল্ এর জবাব:
নভেম্বর ৩, ২০১১ at ১০:৩২ অপরাহ্ন
@আকাশ মালিক,

আমিও চাই ভবঘুরের এই লেখাগুলো ই-বুক আকারে প্রকাশিত হউক। তাহলে কাজের সময় দরকারী উদাহরনগুলো হাতের কাছে পাওয়া অনেক সহজ সাধ্য হয়ে যায়। ভবঘুরের লেখাগুলো সবসময়ই সাবলীল, সহজবোধ্য এবং যুক্তিপুর্ন।
এই মন্তব্যে আপনার ব্যাখ্যাটাও দারুন লাগলো।

ভবঘুরে এর জবাব:
নভেম্বর ৪, ২০১১ at ৩:৩৫ অপরাহ্ণ
@আকাশ মালিক,
ধন্যবাদ আপনার মন্তব্যের জন্য।
আমি লিখি দেশের মানুষের প্রতি ভালবাসা থেকে, মানবজাতির প্রতি ভালবাসা থেকে। আমি চাই মানুষ মুক্ত পরিবেশে বাস করুক, নিজের ভাল মন্দ বুঝে সভ্যতার সংকট থেকে নিত্য নতুন চিন্তা ধারা ও প্রাযুক্তিক আবিষ্কার এর মাধ্যমে সামনের দিকে এগিয়ে যাক। আমার স্বপ্ন আরও সুদুর প্রসারী তা হলো- মানুষ শুধু সৌরজগত না , ছড়িয়ে পড়ুক মহাবিশ্বের আনাচে কানাচে। আর তা করতে গেলে মানুষকে প্রতি নিয়ত সামাজিক ভাঙ্গা গড়ার মধ্য দিয়ে মুক্ত পরিবেশে সঠিক সিদ্ধান্ত নিয়ে এগিয়ে যেতে হবে। এখানে ভুল করলেই খোদ এ নীল গ্রহ থেকেই মানব জাতির অস্তিত্ব নিশ্চিহ্ন হয়ে যাওয়ার সমূহ সম্ভাবনা। সে তাগিদ থেকেই আমি লেখা লেখি করি। আমি গভীর ভাবে ভেবে দেখেছি এ যাত্রার একটা বড় রকম বাধা হলো - ধর্ম আর তার মধ্যে ইসলাম সবচাইতে বড় বাধা। যে কারনেই আমার আলোচনার মূল বিষয়বস্তু ইসলাম। আমি চাই মানুষ ব্যক্তিগতভাবে যাই বিশ্বাস করুক না কেন তা যেন সমাজ ও সভ্যতার উপর চাপিয়ে দিতে না পারে। ইসলাম ঠিক এর বিপরীত মেরুতে অবস্থান করে। এমনই সর্বগ্রাসী ধর্ম এটা। তাই সভ্যতার অগ্রগতির জন্য ইসলাম আদর্শিক ভাবে এক বিশাল বাধা যা মানব জাতি ক্রমশ: উপলব্ধি করতে পারছে।
এমতাবস্থায় , কেউ যদি আমার নিবন্ধগুলিকে ই বুক বা বু ক আকারে প্রকাশ করতে চায় কিছু সংস্কার করে হলেও আমার কোন আপত্তি নেই। এটা লিনাক্স সফটওয়ারের মত একটা ওপেন সোর্স সিস্টেম। যে কেউ এটাকে ব্যবহার করুক সামান্য পরিমার্জন ও পরিবর্তন করে আমার কোন আপত্তি নেই। আমার এ প্রচেষ্টা থেকে মানব জাতির সামান্য একটুও যদি কল্যাণ করতে পারি সেটাতেই আমি যার পর নাই সন্তুষ্ট ও পরিতৃপ্ত।

নিটোল এর জবাব:
নভেম্বর ৪, ২০১১ at ৭:৫৭ অপরাহ্ণ
@ভবঘুরে, আমার মনে হয় একেবারে সব লেখা একসাথে ই-বুক না বানিয়ে প্রতিটা সিরিজ নিয়ে আলাদা আলাদা ই বুক বানানো যেতে পারে। আপনি ইতোমধ্যেই বেশ কিছু সিরিজ লেখা দিয়েছেন

মুক্তমনায়। ওগুলো নতুন পাঠকেরা হয়ত খুঁজে পাবে না। একসাথে করে ই বুক বানালে সেটা তাদের জন্য খুঁজে পাওয়া সুবিধাজনক হবে আর চাইলেই আমরা সহজেই অনেকের কাছে লেখাগুলো পৌঁছে দিতে পারব। এক্ষেত্রে মুক্তমনা কর্তৃপক্ষই বড়ো ভুমিকা রাখতে পারে।

7. 8

[সৈকত চৌধুরী]

নভেম্বর ৩, ২০১১ সময়: ২:১৬ অপরাহ্ণ [লিঙ্ক]

একদম অসাধারণ।

*ভবঘুরে*এর জবাব:

নভেম্বর ৩, ২০১১ at ৬:০৭ অপরাহ্ণ

@সৈকত চৌধুরী,

অসাধারণ আর কই হলো? যা বুঝে আসল তাই লিখে গেলাম। মাঝখান দিয়ে চেষ্টা করলাম কিছু রেফারেন্স দিতে।

তারপরেও ধন্যবাদ আপনার তারিফের জন্য।



*আলোকের অভিযাত্রী*এর জবাব:

নভেম্বর ৪, ২০১১ at ১২:২৬ অপরাহ্ণ

@ভবঘুরে,

লেখাটা আসলেই জটিল হইছে। একদম সহজ সাবলীল ভাষায় লেখা আবার একই সাথে তথ্য ও প্রমাণের ছড়াছড়ি। মূল বিষয়টা অবশ্য আমি আগেই ধারণা করতে পেরেছিলাম। বুঝেছিলাম যে ইসলাম আসলে আব্রাহামিক ও পৌত্তলিক ধর্মের একটি সংমিশ্রণ। মুহাম্মদ চেয়েছিলেন আরবদের নিয়ে একটি শক্তিশালী theocratic state গঠন করতে যার জন্য দরকার ছিল একেশ্বরবাদ, কারণ পাগানরা স্বাভাবিকভাবেই বহুত্ববাদী। তাদের একতাবদ্ধ করে শক্তিশালী সাম্রাজ্য তৈরি করা কঠিন। আর তখন একেশ্বরবাদের মূল প্রবক্তা ছিল ইহুদি - খ্রিস্টানরা তাই তাদের কিচ্ছা- কাহিনীগুলো ধার করতে হয়েছে। কিন্তু মুহাম্মদ একই সাথে পুরোপুরিভাবে ত্যাগ করতে পারেননি তার জন্মগত পৌত্তলিক আচার- অনুষ্ঠান ও বিশ্বাসকে তাই দুই কূলই বজায় রাখার জন্য তার নতুন ধর্মে ঘটালেন

এই দুই মতবাদের মিশ্রণ। আপনার সাম্প্রতিক লেখাগুলো খুবই ভাল লাগছে। এই লেখাগুলিকে ই -বুক হিসেবে রাখলে খুবই ভাল হয়।

8. 9

আমি আমার

নভেম্বর ৩, ২০১১ সময়: ৫:০২ অপরাহ্ণ লিঙ্ক

এক কথায় অসাধারণ। একটু ক্ষান্ত দেন !!!!!!! এই লন এত্ত প্যাঁচ কেন এই ধর্মে, তবে আপনার লেখাতে সবকিছু জলবৎ তরলং হয়ে গেছে। জানাই ছিলনা যে আবু তালিব ইসলাম ধর্ম গ্রহন করেনি।

সুমন চৌধুরী এর জবাব:

ফেব্রুয়ারি ১৩, ২০১২ at ৪:৩২ পূর্বাহ্ণ

@আমি আমার, বলেন কি ! আবুতালিবের বারিটিই এখন হাম্মাম খানা (টয়লেট)

9. 10

পদ্মফুল

নভেম্বর ৩, ২০১১ সময়: ৬:৩৫ অপরাহ্ণ লিঙ্ক

অসাধারণ লাগে আপনার লেখাগুলো। to the point এ লেখা সব সময়। এসকল কিছু বিষয়ে সর্বদাই একটা কনফিউশন ছিলো , আজকে অনেকটাই কেটে গেল । ধন্যবাদ আপনাকে। আর মানচিত্র টা আসেনি।

ভবঘুরে এর জবাব:

নভেম্বর ৪, ২০১১ at ৩:৩৮ অপরাহ্ণ

@পদ্মফুল,
আপনারা একটু গুগল সার্চ করলেই আরও অনেক কনফিউশান থেকে মুক্ত হতে পারেন। পক্ষে ও বিপক্ষে অনেক লেখাই পাবেন আর তা থেকেই প্রকৃত তথ্য ও তত্ত্ব অবগত হতে পারবেন।

10. 11


অচেনা

নভেম্বর ৩, ২০১১ সময়: ৭:৩৮ অপরাহ্ন লিঙ্ক

@ভবঘুরে, অসাধারন একটা লেখা।কি মন্তব্য করব ভেবে পাচ্ছি না। তবে আল্লাহর নাম কোথায় থেকে এসেছে, এটা জানতে পারলাম।আপনি কি ইংরেজি ব্লগ এও লেখাটা লিখেছেন,অথবা লিখবেন?তাহলে আমি লিঙ্ক টা কাথলিক দের ফোরামে পোস্ট করতাম। আগেই বলেছি যে ঐ ফোরামের প্রায় সব কাথলিক বিশ্বাস করে যে আল্লাহ এসেছে Eloha অথবা Elohim থেকে।ওদের এই দাবির বিরুদ্ধে একটা কঠিন অস্ত্র হতে পারে আপনার এই লেখা।

তবে এখানেও একটা সমস্যা আছে তা হলো-যা ইসলামের পক্ষে যায় এরকম কোন ঘটনা যদি ইসলাম নিরপেক্ষ সূত্রে উল্লেখ থাকে তা মুসলমানদের গ্রহণ করতে অতিশয় আতিশয্য লক্ষ্য করা যায়, কিন্তু যা বিপক্ষে যায় তাকে বিকৃত বলে আখ্যায়িত করতে তাদের সামান্যতম দেরী হয় না। এখন তারা নিজেরাও ইতিহাস সংরকক্ষণ করেনি, আবার অন্যের নিরপেক্ষ ইতিহাসও তারা গ্রহণ করবে না এটা একটা মারাত্মক গোয়ার্তুমী। যারা শালিস মানবে অথচ তালগাছটা তাদের দাবি করে বসে থাকবে তাদের সাথে কোন যুক্তি তর্ক করা যায় না। বিষয়টাও আদতে তাই। মুমিন বান্দারা কোন যুক্তি তর্কের ধার ধারে না।যুক্তির ধার তারা না ধারলেও তা দেরকে ব্যখ্যা দিতে হবে প্যগানরা কাকে আল্লাহ ডাকত। দু:খের বিষয় এব্যাপারে তারা কোন তথ্য প্রমান ছাড়াই মনগড়া কথা বলে।

এইজন্যেই ত আ%

*অচেনা*এর জবাব:

নভেম্বর ৩, ২০১১ at ৭:৪২ অপরাহ্ন

তবে এখানেও একটা সমস্যা আছে তা হলো-যা ইসলামের পক্ষে যায় এরকম কোন ঘটনা যদি ইসলাম নিরপেক্ষ সূত্রে উল্লেখ থাকে তা মুসলমানদের গ্রহণ করতে অতিশয় আতিশয্য লক্ষ্য করা যায়, কিন্তু যা বিপক্ষে যায় তাকে বিকৃত বলে আখ্যায়িত করতে তাদের সামান্যতম দেরী হ য় না। এখন তারা নিজেরাও ইতিহাস সংরকক্ষণ করেনি, আবার অন্যের নিরপেক্ষ ইতিহাসও তারা গ্রহণ করবে না এটা একটা মারাত্মক গোয়ার্তুমী। যারা শালিস মানবে অথচ তালগাছটা তাদের দাবি করে বসে থাকবে

তাদের সাথে কোন যুক্তি তর্ক করা যায় না। বিষয়টাও আদতে তাই । মুমিন বান্দারা কোন যুক্তি তর্কের ধার ধারে না।যুক্তির ধার তারা না ধারলেও তাদেরকে ব্যখ্যা দিতে হবে প্যগানরা কাকে আল্লাহ ডাকত। দু:খের বিষয় এব্যাপারে তারা কোন তথ্য প্রমান ছাড়াই মনগড়া কথা বলে।

এই জন্যেই আমি সন্দিহান যে পৃথিবী আদৌ এই কাল্ট এর হাত থেকে মুক্তি পাবে কিনা

বি.দ্রঃ @অ্যাডমিন, কোন লেখা পোস্ট করতে গেলেই মাঝে মাঝে আংশিক পোস্ট হচ্ছে কেন? লেমন আমার উপরের লেখাতে আমি একি quote করে জবাব দেই কিন্তু দেখুন জবাব তা পো% E

অচেনাএর জবাব:

নভেম্বর ৩, ২০১১ at ৭:৪৩ অপরাহ্ণ

আবার এক সমস্যা !

শাফায়েতএর জবাব:

নভেম্বর ৩, ২০১১ at ৭:৫৯ অপরাহ্ণ

@অচেনা,আপনার নেট স্পিড কিরকম? + কোন ব্রাউজার ব্যবহার করছেন? সমস্যাটির সমাধান আপাতত দিতে পারছিনা বলে দু:খিত,আপনি কমেন্ট পোস্ট করার আগে কপি করে রাখুন ,ঠিকমত পোস্ট না হলে আবার পোস্ট করুন। বড় কমেন্ট হলে ছোট ছোট ভাগ করে কমেন্ট করতে পারেন।

অচেনাএর জবাব:

নভেম্বর ৪, ২০১১ at ৭:২৪ অপরাহ্ণ

@শাফায়েত, ভাই আমি মজিলা ব্যবহার করি। আর হা আমি ছোট একটা শহরে(যদিও জেলা সদর) থাকি বলেই নেট স্পীড কম। আমাকে এখনও মোবাইল ইন্টারনেট EDGE ব্যবহার করতে হয়USB Modem দিয়ে। গড় স্পীড থাকে dial up এর কাছাকাছি। বাংলালায়ন গত মাসেই আসার কথা ছিল।কিন্তু দেরি করছে। তা নেট স্পীড এর জন্য এমন প্রবলেম হয় নাকি? তাহলে তো এটা আমার জন্য বিপদ। আর আপনি আমি না হয় সেই কাজটাই করব বললেন। কিন্তু একি পোস্ট বার বার (তাও আবার আংশিক) হলে,অথবা যে কথা এক পোষ্টেই বলা সম্ভব, তা ভেঙ্গে ভেঙ্গে করলে, ব্লগ এর সৌন্দর্য হানি হবে কিনা তাই বুঝতে চেষ্টা করছি। আপনিও কি অ্যাডমিন প্যানেল এর একজন ? যদি তাই হয়ে থাকেন তবে প্লিজ আমাকে ব্যপার টা জানাবেন।আশা করি স্লো নেট এর কারনে আমি

কিছুটা ছাড় পেতে পারি। অ্যাডমিন দের সহযোগিতা কামনা করছি আমি এ ব্যা পারে। ধন্যবাদ আপনাকে।

অচেনাএর জবাব:

নভেম্বর ৪, ২০১১ at ৭:২৬ অপরাহ্ণ

আর আপনি আমি না হয় সেই কাজটাই করব বললেন।

মানে আমি বলতে চেয়েছি যে আমি না হয় আপনার পরামর্শ মতই কাজ করব।

এরপর বাকি টুকু পরে নিবেন। আসলে আমি বাংলাতে ভাল লিখতে পারি না।

শাফায়েতএর জবাব:

নভেম্বর ৪, ২০১১ at ৭:৪২ অপরাহ্ণ

@অচেনা,

সমস্যাটি ঠিক কেনো হয় আমি জানিনা তবে স্লো নেটে এই ধরণের সমস্যা খুব বেশি হয়।হ্যা আমি এডমিন প্যানেলের একজন। সাধারণত অর্ধেক পোস্ট হওয়া মন্তব্য চোখে পড়লে আমি মুছে দেই,প্রথমবার ঠিকমত পোস্ট না হলে আপনি বার আবার চেষ্টা করতেই পারেন। ভেঙে মন্তব্য করলে একই থ্রেডে নিজের মন্তব্যের নিচে “” এ চাপ দিয়ে করবেন।

অচেনাএর জবাব:

নভেম্বর ৭, ২০১১ at ৩:৩৫ অপরাহ্ণ

@শাফায়েত,

সমস্যাটি ঠিক কেনো হয় আমি জানিনা তবে স্লো নেটে এই ধরণের সমস্যা খুব বেশি হয়।হ্যা আমি এডমিন প্যানেলের একজন। সাধারণত অর্ধেক পোস্ট হওয়া মন্তব্য চোখে পড়লে আমি মুছে দেই,প্রথমবার ঠিকমত পোস্ট না হলে আপনি বার আবার চেষ্টা করতেই পারেন। ভেঙে মন্তব্য করলে একই থ্রেডে নিজের মন্তব্যের নিচে “” এ চাপ দিয়ে করবেন।

ধন্যবাদ ভাই আপনার সাহায্যের জন্য :)। আমি সেটাই করব এখন থেকে।আর অসম্পূর্ণ মন্তব্য আপনি মুছে দেন শুনে ভাল লাগল , কারন এতে আমাকে বিব্রত হতে হবে না। ভাল থাকবেন।

*ব্রাইট স্মাইল্*এর জবাব:

নভেম্বর ৪, ২০১১ at ৮:১৪ অপরাহ্ণ

@অচেনা,

তা নেট স্পীড এর জন্য এমন প্রবলেম হয় নাকি?

আমার ধারনাও তাই, আপনার নেট স্পীড কম থাকাতে বড় কমেন্ট হলে কমেন্টের কিছু অংশ ট্রান্সফার করার পর ব্রাউজারের সেশন টাইম আউট হয়ে যাওয়াতে ব্রাউজারটি কমেন্টের বাকী অংশটুকু ট্রান্সফার করতে অক্ষম হয়। আবার এটা নেট ওয়ার্কেরও সমস্যা হতে পারে , এই সব dial up নেট অনেক সময় রিপিটেডলি ইন্টারনেট কনেকশন হারাতে থাকে ফলে এই ধরনের সমস্যা হয়। এই ক্ষেত্রে শাফায়েত যেটা বললেন, একই থ্রেডে মন্তব্য ভেঙ্গে করাই একমাত্র ভরষা।

*অচেনা*এর জবাব:

নভেম্বর ৭, ২০১১ at ৩:৩৭ অপরাহ্ণ

@ব্রাইট স্মাইল্, হা ভাই সেটাই করতে হবে দেখছি যতদিন wimax না আসে। আর cable broadband কোন দিনই আসবে না।আপনাকে ধন্যবাদ আপনার পরামর্শের জন্য, ভাল থাকবেন।

11. 12

তামান্না ঝুমু

নভেম্বর ৩, ২০১১ সময়: ১০:৪১ অপরাহ্ণ লিঙ্ক

ইব্রাহিম যদি হাজেরা ও ইসমাইলকে মক্কায় নির্বাসন না দিয়ে থাকে তাহলে কেন বলা হয় ইসমাইলের পদাঘাতে জমজম কুয়ার সৃষ্টি হয়েছে ? আসলে জমজম কুয়ার ব্যা পারটা কি? মরুভূমির বুকে এ রকম একটি অফুরন্ত পানির উৎস আমার কাছে বিস্ময়ের মনে হয়। হাজার হাজার বছরেও এর পানির কোন কমতি হচ্ছেনা।

12. 13

শাখা নির্ভানা

নভেম্বর ৩, ২০১১ সময়: ১০:৪২ অপরাহ্ণ লিঙ্ক

লেখাটা সাধারন নয়- রীতিমত গবেষনা ধর্মী লেখা। সম্ভবত এমন যুক্তিপুর্ন এসলাম বিষয়ক লেখা আগে কখনো পাইনি মুক্তমনাতে। প্রথম পর্বের মত দ্বিতীয়টাও ভাল লে গেছে। ইসলাম পূর্ব আরবী সাহিত্য সম্পর্কে কোন তথ্য কি পাওয়া সম্ভব, কোন লিংক বা সুত্র দিতে পারবেন কি ? লেখাটার জন্য উপকৃত হয়েছি। ধন্যবাদ।

13. 14


Curious

নভেম্বর ৩, ২০১১ সময়: ১১:০৪ অপরাহ্ণ লিঙ্ক

I am new in mukto-mona and feeling very interested to go through the articles. I loved this atricle. Do you mind to write an article on “Halal food” specially about Halal meat.

Thank you,

Curious

California

সৈকত চৌধুরী এর জবাব:

নভেম্বর ৪, ২০১১ at ৪:৪৩ পূর্বাহ্ণ

@Curious,

আপনাকে শুভেচ্ছা।

বাংলা হরফে ও বাংলা ভাষায় মন্তব্য করুন। তা না হলে মন্তব্য প্রকাশিত নাও হতে পারে।

বাংলা ঠিকমত দেখতে এবং লিখতে হলে

*অডঙ চাকমা*এর জবাব:

নভেম্বর ৪, ২০১১ at ৫:১৭ অপরাহ্ণ

@সৈকত চৌধুরী,

জি ভাই, কিউরিয়াস-এর প্রস্তাবের আলোকে হালাল ফুড নিয়ে একটু লিখলে খুব ভালো হয়। কেবল মুসলমানরা হালাল খায়, আর অন্যরা খায় হারাম। আমি এটা নিয়ে বুঝিনা। খাবার খাবারই , সেখানে হালাল-হারাম নিয়ে এত মাতামাতি কেন? হালাল খোরদের খপ্পরে পড়লে অনেক সময় খাবার না পাওয়ার মত উপক্রম হয়। হারাম হালাল খাবার নিয়ে লিখলে বিষয়টা বুঝতে সহায়ক হবে।

*ব্রাইট স্মাইল্*এর জবাব:

নভেম্বর ৪, ২০১১ at ৭:২৩ অপরাহ্ণ

@অডঙ চাকমা,

হালাল খোরদের খপ্পরে পড়লে অনেক সময় খাবার না পাওয়ার মত উপক্রম হয়। হারাম হালাল খাবার নিয়ে লিখলে বিষয়টা বুঝতে সহায়ক হবে।

একমত।

14. 15

সামেনা আক্তার

নভেম্বর ৩, ২০১১ সময়: ১১:২৭ অপরাহ্ণ লিঙ্ক

আমিও একটি ইবুক দাবি করছি। তাহলে অফলাইনে অন্যদের সাথে শেয়ার করা সহজ হয়।

জমজম কুয়াটা কি আর্টিসান কুপ জাতীয় কিছু- এ প্রশ্ন আমারও।

15. 16

রাজেশ তালুকদার

নভেম্বর ৪, ২০১১ সময়: ৬:১৯ পূর্বাহ্ণ লিঙ্ক

ভবঘুরের লেখা মানেই বিষ্ফোরক লেখা।% 2

16. 17

[রনবীর সরকার](#)

নভেম্বর ৪, ২০১১ সময়: ৮:০৬ পূর্বাহ্ণ লিঙ্ক

আরেকটি ক্লাসিক ভবঘুরে লেখা।

দাদা আপনার লেখাগুলো দারুন লাগে।

আসলে হিন্দু ধর্মও কিন্তু প্যাগানিজম থেকে একেশ্বরবাদে রূপান্তরিত হয়েছিল। বৈষ্ণবদের নিকট বিষ্ণুই এই বিশ্বব্রহ্মান্ডের কারনতত্ত্ব, তেমনি শাক্তদের নিকট মহামায়া এই বিশ্বব্রহ্মান্ডের মূল ......

যদিও হিন্দুদের দর্শন সেখানে আটকে না থেকে পরবর্তীতে অদ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ প্রভূতি দর্শনে মোড় নেয়। সূফীবাদও কিন্তু পরবর্তীতে অদ্বৈতবাদের দিকে মোড় নিতে চলেছিল (সূফীরা নিজেদের মধ্যে আল্লাহকে উপলব্ধি করা শুরু করেছিল)।

ভবঘুরে এর জবাব:

নভেম্বর ৪, ২০১১ at ৩:৪১ অপরাহ্ণ

@রনবীর সরকার,

আসলে হিন্দু ধর্মও কিন্তু প্যাগানিজম থেকে একেশ্বরবাদে রূপান্তরিত হয়েছিল। বৈষ্ণবদের নিকট বিষ্ণুই এই বিশ্বব্রহ্মান্ডের কারনতত্ত্ব, তেমনি শাক্তদের নিকট মহামায়া এই বিশ্বব্রহ্মান্ডের মূল ......

যথার্থ বলেছেন। হিন্দুদের বেদ পড়লেই সেটা বোঝা যায়।

17. 18

[গোলাপ](#)

নভেম্বর ৪, ২০১১ সময়: ৯:৩৯ পূর্বাহ্ণ লিঙ্ক

ভবঘুরে অত্যন্ত শক্তিশালী লেখক। এ প্রবন্ধে তিনি আবারও তা প্রমান করলেন। অত্যন্ত সাবলীল , সুখপাঠ্য, গবেষনামুলক ও বিশ্লেষনধর্মী। এসমস্ত লিখা থেকে পাঠকরা 'ইসলামের' অনেক অজানা তথ্য জানতে পারছেন। শত শত বছরের প্রতিষ্ঠিত বিশ্বাস /বিষয়কে ('মিথ') তথ্য- যুক্তির আলোকে বিচার-বিশ্লেষন করে সত্যকে উদঘাটন করে তা প্রকাশের সৎসাহস খুবই বিরল এক প্রতিভা। মুক্ত -মনা কতৃপক্ষের কাছে অনুরোধ করছি ভবঘুরের এ সমস্ত লেখাগুলোকে ই -বুকে সঙ্কলনের ব্যবস্থা যেন তারা করেন। বহু পাঠক তা থেকে উপকৃত হবে।

@ভবঘুরে,
আপনাকে অনেক অনেক ধন্যবাদ। এ লিখাটি আপনার সেরা লিখাগুলির অন্যতম।
খুবই ভাল লেগেছে।

ভবঘুরে এর জবাব:
নভেম্বর ৪, ২০১১ at ৩:৪০ অপরাহ্ণ
@গোলাপ,
যুক্তির আলোকে বিশ্লেষণ ছাড়া তো উপায় নেই। আমরা বাস করি একবিংশ শতাব্দীতে। এটা বিশ্বাসের যুগ না , যুক্তি বিশ্লেষণের যুগ। ধন্যবাদ আপনার মন্তব্যের জন্য।

18. 19

হেলাল
নভেম্বর ৪, ২০১১ সময়: ২:০০ অপরাহ্ণ লিঙ্ক
গুল্লি
ইবুক করার আগে কিছু নিজস্ব মন্তব্য এডিট করে নিন।
চন্দ্র দেবতা আপনার সহায় হোন।

ভবঘুরে এর জবাব:
নভেম্বর ৪, ২০১১ at ৩:৩৮ অপরাহ্ণ
@হেলাল,
চন্দ্র দেবতা আমার সহায় হওয়ার কোন লক্ষন দেখা যাচ্ছে না ভাই।

19. 20

মো. আবুল হোসেন মিঞা
নভেম্বর ৪, ২০১১ সময়: ৩:৪৬ অপরাহ্ণ লিঙ্ক

'মুক্তমনা'র সাথে আমার পরিচয় এক বছর হতে চলল। ভাললাগা অনেক লেখকের মধ্য সবচেয়ে বেশি ভাল লাগে আবুল কাশেম, আকাশ মালিক আর অবশ্যই ভবঘুরের লেখা। আর সবার মতো আমারও দাবি ধারাবাহিক লেখাগুলো ই-বুক করে ফেলার। তাতে সব পর্বগুলো এক জায়গায় পাওয়া যাবে আর অফলাইনে শেয়ার বা সংরক্ষণ বা প্রিন্টের ব্যাপারে সুবিধাতো আছেই। ত বে কর্তৃপক্ষের কাছে অনুরোধ ই-বুক করার আগে লেখার বানানগুলো ঠিক করে নিবেন।
একটা পরামর্শ: ই-বুক করার সময় তথ্যবহুল মন্তব্যগুলোও সাথে রাখা যায় কিনা ভেবে দেখবেন।
[আমি আমার প্রিয় ধারাবাহিকগুলো কপি করে এক জায়গায় একটি ফাইল করে রেখেছি (বানান সংশোধনসহ) কর্তৃপক্ষ অনুমতি দিলে সেগুলো ই-বুক করে পাঠাতে পারি।]

*ভবঘুরে*এর জবাব:
নভেম্বর ৫, ২০১১ at ১:১৪ অপরাহ্ণ
@মো. আবুল হোসেন মিঞা,
আপনা প্রচেষ্টা প্রশংসনীয়। হ্যা ., বানান সংশোধন সহ আপনি সেটা করতে পারেন যদি কর্তৃপক্ষ অনুমতি দেয়। আমি বানানে যে খুব খারাপ তা নয়। কিন্তু যেহেতু বাংলা টাইপে বেশ খারাপ তাই যদি কোথাও বানান ভুল হয়ে যায় পরে আলস্যের কারনে সেটা আর সংশোধন করা হয়ে ওঠে না। তবে বানান নিয়ে কথা ওঠার পর , আগের চেয়ে বানান ও বাক্য রচনার ক্ষেত্রে অধিকতর সচেতন হয়ে গেছি।

*আসিফ*এর জবাব:
নভেম্বর ৯, ২০১১ at ১:১৮ অপরাহ্ণ
@মো. আবুল হোসেন মিঞা,
মো. আবুল হোসেন মিঞা ভাই, আপনি plz আমাকে আপনার file টা দেন। আমার খুবই উপকার হয়। আমি নতুন এসেছি এই লাইনে। কাজেই প্রচুর পড়াশোনার দরকার।
triplea_eee@yahoo.com

মো. আবুল হোসেন মিঞা এর জবাব:
নভেম্বর ৯, ২০১১ at ৭:৩৩ অপরাহ্ণ
@আসিফ,
প্রথমেই আপনাকে এবং মুক্তমনার লেখক ও পাঠকদের একটা খুশির খবর দেই - এইতো ৭ নভেম্বর

আমি দ্বিতীয় সন্তানের জনক হলাম। প্রথমটি ছিল ছেলে এবার মেয়ে। [আর চুপি চুপি বলছি, ঐ তারিখ আর মাসটিতেই আমারও জন্মদিন ছিল।]
আসিফ ভাই, আমি অনেক আগে থেকেই মুক্তচিন্তার চর্চা করে আসছি। আর এ ভুতটি আমার মাথায় কীভাবে যে চাপলো নিজেই বুঝতে পারছি না। ছাত্রাবস্থায় আরজ আলি মাতুব্বর সমগ্র আর প্রবীর ঘোষ ও হুমায়ুন আজাদ-এর অনেক বই পড়ে জীবন সম্পর্কে আমার ধারণাই পাল্টে যায়।
এরপরে যখন **মুক্তমনা**'র সন্ধান পাই তখন আমায় আর পায় কে! এক এক করে নতুন আর পুরাতন পোস্টগুলো গো-গ্রাসে গিলতে থাকি। হয়তো আপনার মতো আমিও ধারাবাহিক লেখাগুলো নিয়ে সমস্যায় পড়ি। ব্যক্তিগতভাবে উপলব্ধি করলাম পর্বভিত্তিক লেখাগুলো ই-বুক আকারে বা এক পোস্টে না থাকায় অফলাইনে পড়া, শেয়ার করা কিংবা হার্ডকপি রাখতে সমস্যা হচ্ছে। শেষে প্রিয় লেখাগুলো কপি-পেস্ট করে করে এক স্থানে জড়ো করে ফেলি; উদ্দেশ্য ই-বুক করবো। প্রিয় লেখকদের প্রতি শ্রদ্ধা রেখে বলছি, লেখাগুলো খুব খুব ভাললাগলেও বানান ভুলের জন্য মন খারাপ হয়ে যেত ; ই-বুক আর করা হতো না। এরপর অল্প অল্প করে কিছু লেখার বানান সংশোধন করে ফেলি আর এতে সমস্যা একটাই সময় পাচ্ছি না। বড় ব্যস্ত এ জীবন। তারপরও ই-বুক করব; সফ্‌টকপি আর হার্ডকপি রাখবো- আমার জন্য, আমার ভবিষ্যৎ প্রজন্মের জন্য; মুক্তমনার এতো এতো ভালো লেখা কাছ ছাড়া করতে চাই না।
আমি নতুন এসেছি এই লাইনে। কাজেই প্রচুর পড়াশোনার দরকার।
মুক্তমনা'র প্রতি ভালবাসার কথাতো বললাম; মন খারাপেরও একটি বিষয় আছে- মুক্তমনাতে যখন নতুন আসি, তখন কোন এক পোস্টের মন্তব্যে কিছু বইয়ের নাম জানতে চেয়েছিলাম - যা আমার চিন্তাকে শাণিত করতে পারে। উত্তর এসেছিল- 'হাতের কাছে তালিকা নিয়ে তো বসে থাকি না।' পরবর্তীতে আবারও মন্তব্যে বইয়ের নাম জানতে চাই। একজন আমাকে কিছু ব ইয়ের নাম দিয়ে সাহায্য করেছেন। কোলকাতা ও ঢাকা থেকে শিবনারায়ণ রায়, রাহুল সাংকৃত্যায়ন, দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়, বার্ট্রান্ড রাসেল, ভবানীপ্রসাদ সাহু, শামসুজ্জোহা মানিকসহ অনেকের অনেক অনেক বই সংগ্রহ করেছি ও পড়ছি। সাথে বাংলায় অনুবাদকৃত একাধিক কুরআন , হাদিসসমূহ, ইমাম গাজ্জালির বইগুলোতো আছেই। আর সর্বক্ষণ সঙ্গী প্রিয় **মুক্তমনা।**
আসিফ ভাই, মুক্তমনাকে সাথে রেখে আপনিও উনাদের বইগুলো পড়তে পারেন। ভাই , মুক্তমনার কিছু পোস্টের পরীক্ষামূলক ই-বুক করেছি। পেজ সেপটাপ বা গেটআপ -মেকআপ পছন্দ হচ্ছে না। একটু গুছিয়ে আবারও করব। আপনাকে আমি মনে রাখলাম। বর্তমানে আমার একটু ব্যস্ততায় দিন কাটছে। অবসর পেলেই আপনার সাথে যোগাযোগ হবে।
ব্যস্ততার মধ্যে অনেক কথাই লিখে ফেললাম। ভুলত্রুটির জন্য ক্ষমাপ্রার্থী।

আসিফ এর জবাব:
নভেম্বর ১০, ২০১১ at ১:৫৮ পূর্বাহ্ণ

@মো. আবুল হোসেন মিঞা,
প্রথমেই জানাই শুভেচ্ছা , আপনার সন্তানের ও আপনার জন্য। এবং ধন্যবাদ আমার প্রথম মন্তেব্যে এত সুন্দর একটা উত্তর দেবার জন্য।
আমি Technical মানুষ, তাই অন্যান্য site এ technical কিছু পেলেই রেখে দেই। মুক্তমনার এই লেখাগুলোও রাখার ইচ্ছা ছিলো, কিন্তু লেখার পরিমান এত বেশি যে ব্যাস্ততার কারনে এগুলো রাখা হয়নি। করব করব করছি, ঠিক তখনই আপনার মন্তব্যটি দেখলাম। ভাবলাম যাক, আমার কষ্ট তাহলে কমে গেল।
আমার নাস্তিকতার শুরু খুব অল্প দিন। আমার যে জিনিষটা সবথেকে বিরক্ত লাগে সেটা হচ্ছে "গোড়ামি"। যত ধার্মিক, তত গোড়া এবং যত বড় নাস্তিক তত বড় গোড়া। ভবঘুরে ভাইয়ের লেখায় আমি খুবই আনন্দিত। এরকম আরও কয়েকজন লেখক এখানে আছে।
তবে একটা জিনিষ আপনি জেনে থাকবেন, সেটা হচ্ছে, নাস্তিকরা কোরআন হাদিসের যে সকল ব্যাক্ষা দেয় তার অনেক কিছুই মনগড়া। এটা আমি জানি কারন , আমি যখন আস্তিক ছিলাম, তখন খুব ভাল ধার্মিকও ছিলাম। যে কোন -ve বিষয়ের একটা +ve দিক বের করে ফেলতাম। যেমন, আমার মাথায় একটা বাশ দিয়ে কেউ বাড়ি মারলেও তার একটা ভাল দিক বের করে ফেলতে পারতাম। নাস্তিকরাও ঠিক সেই কাজটিই করে থাকে। সব কিছুরই একটা -ve অর্থ তৈরি করতে পারে। তো, এখানে যা দেখলাম তা আমার কাছে অনেকটাই নিরপেক্ষ বলে মনে হয়েছে, যৌক্তিক বলে মনে হয়েছে, যদিও অনেকগুলো আয়াতেরই ভূল ব্যাক্ষা আমি এখনই ধরতে পেরেছি। তবে ক্রসিং করার মতন Knowledge এখনও আমার হয়নি, তাই করবো না। তাই বলে আমাকে এখনও ধার্মিক মনে করার কোন কারন নাই।
আমাকে অনেক ধার্মিকদের সাথে চলতে হয়, তাদের সাথে অনেক বিষয়েই কথা বলতে হয়। এখন যদি এমন হয় যে আমি যে -ve দিকটি তাদের সামনে তুলে ধরলাম যেটার + ve ব্যাক্ষা আমি নিজেই জানি, তাহলেতো ধরা খেয়ে যাবো, তাইনা ?
তো আপনাদের সাহায্য পাব আশা করছি, আর খুব তাড়াতাড়ি eBook ready করে ফেলেন, একটা একটা করে করেন অবুবিধা নেই।
অনেক অনেক ধন্যবাদ
আসিফ আল আজাদ

ভবঘুরে এর জবাব:
নভেম্বর ১০, ২০১১ at ২:৩৭ পূর্বাহ্ণ
@আসিফ,

আমার নাস্তিকতার শুরু খুব অল্প দিন। আমার যে জিনিষটা সবথেকে বিরক্ত লাগে সেটা হচ্ছে "গোড়ামি"। যত ধার্মিক, তত গোড়া এবং যত বড় নাস্তিক তত বড় গোড়া। ভবঘুরে ভাইয়ের লেখায় আমি খুবই আনন্দিত। এরকম আরও কয়েকজন লেখক এখানে আছে।

সত্যিকার অর্থে আমাদের উদ্দেশ্য নাস্তিক তৈরী না। নাস্তিকতা প্রচারও করি না। আমরা আসলে সত্য প্রকাশ করি। ইসলাম সম্পর্কে সেই ছোটবেলা থেকে যা জেনে এসেছি, যখন ইসলামের বই পুস্তক যেমন কোরান, হাদিস, সীরাত এসব পড়া শুরু করলাম দেখলাম এতদিন যা জেনে এসেছি তার সবগুলো সত্য তো নয়ই অনেক বিষয়ই গোপন করা হয়েছে, বা অনেক বিষয়ই অতিরঞ্জিত। আর এসব পড়া শুরু মূলত নিউইয়র্কে বিশ্ব বানিজ্য কেন্দ্রে হামলার পর। তখনই সত্যিকারে ইসলাম জানার কৌতুহল হয়। আর তাতে কেঁচো খুড়তে সাপ বেরিয়ে আসে।

যদিও অনেকগুলো আয়াতেরই ভূল ব্যাক্ষা আমি এখনই ধরতে পেরেছি।

পারত পক্ষে আমরা কোন ভুল ব্যখ্যা সজ্ঞানে দেই না। কোরানের আয়াত যা উল্লেখ করি , চেষ্টা করি তার প্রেক্ষিত উল্লেখ করে সঠিক তথ্য দেয়ার। তারপরও যদি মনে হয় যে ভুল ব্যখ্যা দেয়া হচ্ছে, যদি সেটা ধরিয়ে দেন তাহলে খুব ভাল হয়। আমরা তাহলে আরও সতর্ক হব। কারন সত্য প্রকাশ করতে গিয়ে মিথ্যা কথা বলা আমাদের উদ্দেশ্য নয়।

ধণ্যবাদ আপনার চমৎকার মন্তব্যের জন্য।

আসিফ এর জবাব:

নভেম্বর ১২, ২০১১ at ৪:১১ অপরাহ্ণ

@ভবঘুরে,

ধন্যবাদ আমার মন্তব্যটি পড়া ও তার জবাব দেবার জন্য।

প্রথমে একটা বিষয়ে জানতে চাইবো। সেটা হচ্ছে, আমি গতানুপতিক নাস্তিক নই। এক ইশ্বরে বিশ্বাষ করি কিন্তু কোন ধর্মই বিশ্বাষ করতে পারিনা। এটার কি আলাদা কোন নাম আছে ?

আর আমি এখানে একটা কথা বলেছিলাম যে অনেক আয়াতের ভূল ব্যক্ষ্যা আমি এখনই করতে পারি। আরও বলেছিলাম যে আমি এখন তর্কে যাবো না কারন আমার ততটুকু Knowledge এখনও হয়নি। তবুও আপনি যখন জানতে চেয়েছেন তখন একটি আয়াতের কথা বলি।

53:19 নং আয়াতে আপনি যে ব্যাক্ষ্যাটা দিয়েছেন সেটা আমি একটু ভিন্নরকম জানি। ঐ আয়াতে মুর্তিদেরকে স্বিকার করে নেওয়া হয়নি এবং পরবর্তি আয়াতে সেটার অস্বিকৃতি বলে যেটা দাবি করেছেন তাও ঠিক নয়। কথার প্রেক্ষিতে 19 নং আয়াতটা এসেছে। কোন একটা আলোচনার মদ্ধে একটা বাক্য বলে ফেল্লেই সেটা স্বিকারোক্তি হয়ে যায় না। তার অন্য অর্থও থাকে।ছোটবেলায় মসজিদে বহুবার এই আয়াতটার ব্যাক্ষ্যা শুনেছি। আর আপনার লেখা পড়ার পর “মাফেুল কোরআন” থেকে পড়ে দেখলাম।

আপনার প্রতি আমার যে অনুরোধ/পরামর্ষ থাকবে সেটা হল এই যে , আপনি খেয়াল করে দেখবেন, অনেক ধর্মবিরোধী লেখকই কোরআন-হাদিস এমনভাবে ব্যাক্ষ্যা করেন যা সাধারন লোকও বুঝতে পারে যে এটা ইচ্ছাকৃতভাবে বিকৃত ব্যাক্ষ্যা দাড় করানো হচ্ছে। এইধরনের ব্যাক্ষ্যা করা উচিৎ নয়। এমনকিছু আয়াতের ব্যাক্ষা করবেন যেগুলো ধার্মিক পন্ডিৎরাও কোন জবাব দিতে না পারে এবং আমি জানি, এই ধরনের আয়াতের সংখ্যা কম নয়।

আপনার কাছে আমার আরেকটা অনুরোধ, কোরআন হাদিসের এই ধরনের আয়াতে নিশ্চই আপনাদের কাছে List করা আছে। আমাকে একটা List দিতে হবে। মেইলে অথবা এখানেও দিতে পারেন।
ধন্যবাদ,
আসিফ আল আজাদ

সৈকত চৌধুরী এর জবাব:
নভেম্বর ১২, ২০১১ at ৪:৪৯ অপরাহ্ণ
@আসিফ,

প্রথমে একটা বিষয়ে জানতে চাইবো। সেটা হচ্ছে, আমি গতানুপতিক নাস্তিক নই। এক ইশ্বরে বিশ্বাষ করি কিন্তু কোন ধর্মই বিশ্বাষ করতে পারিনা। এটার কি আলাদা কোন নাম আছে ?

দেখেন deism এর সাথে আপনার মেলে কিনা। deism সম্পর্কে একটু খোঁজ করলে জানতে পারবেন। আর ধর্মে অবিশ্বাসের জন্য আপনাকে শুভেচ্ছা।

53:19 নং আয়াতে আপনি যে ব্যাক্ষ্যাটা দিয়েছেন সেটা আমি একটু ভিন্নরকম জানি।

সে ব্যাখ্যাটা যা জানেন তা এখানে বলেন। নাহ, এটা সরাসরি আল্লাহই বলছেন কোরানে, অন্য কারো কথা হিসাবে আসে নি। satanic verses এর ঘটনাটি খোঁজলেই জানতে পারার কথা।
আপনার সুন্দর পরামর্শের জন্য ধন্যবাদ। অবশ্যই যারা মুক্তমনা তারা কোনো কিছু ব্যাখ্যার সময় ব্যাপারটির প্রতি অধিক মনযোগ রাখা জরুরী।

আপনার কাছে আমার আরেকটা অনুরোধ , কোরআন হাদিসের এই ধরনের আয়াতে নিশ্চই আপনাদের কাছে List করা আছে। আমাকে একটা List দিতে হবে। মেইলে অথবা এখানেও দিতে পারেন।

mistakes in quran বা errors in quran লেখে গুগলে সার্চ দেন। ভুলগুলোকে আবার বিচিত্র উপায়ে মুমিনরা ব্যাখ্যা দেয়ার চেষ্টা করেছেন - এগুলোও নিশ্চয় খেয়াল করবেন।

সুমন চৌধুরী এর জবাব:
ফেব্রুয়ারি ১৩, ২০১২ at ৫:০৪ পূর্বাহ্ণ
@আসিফ, ভাই নাস্তিক, আস্তিক কোন কথানা। কথা হল নাস্তিক আস্তিক সবাই কে মুক্তমনা হওয়া উচিত। আমাদের চিন্তা হতে হবে স্বাধীন।

20. 21

আঃ হাকিম চাকলাদার

নভেম্বর ৪, ২০১১ সময়: ৫:৪৪ অপরাহ্ন লিঙ্ক

অনেকে বলে থাকেন ধর্ম লয়ে এত গ্যাজাগ্যাজি বা ঘাটাঘাটি করার এতটা কি প্রয়োজন আছে? তার চেয়ে বরং Technology বা অর্থনীতি বিষয়ে চর্চা হওয়াটা তো আরো বেশী প্রয়োজন।

সেক্ষেত্রে নীচের কয়েকটি বিষয়ের প্রতি দৃষ্টি দেওয়া যেতে পারেঃ

১। যে ধর্মটি জন্ম লগ্ন হতে আমৃত্যু কাঁধের উপর দাড়িয়ে থেকে আজীবন মগজটিকে জান্তে অজান্তে পূর্ন ভাবে নিয়ন্ত্রন করে, genetics এর মতন ভবিষ্যৎ বংশ ধর দের মধ্যেও প্রসারিত হয়ে একই ভাবে নিয়ন্ত্রন করে যাচ্ছে,

সে ধর্মটিকে একটু ঘাটাঘাটি করে দেখে নেওয়াটা এমনটি দোষের কি আছে ?

২। যে ধর্মটি প্রতিদিন তরুনদেরকে বুকে বোম্ব বেধে নিরপরাধ মানব জাতি মারতে পাঠিয়ে দিচ্ছে ,

সে ধর্মটিকে একটু ঘাটাঘাটি করে দেখে নেওয়াটা এমনটি দোষের কি আছে ?

৩। খুব বেশী দিনের কথা নয়, যে ধর্মটি ইংরেজী ভাষাকে ইহুদি নাছারার ভাষা বলে ওটাকে শিক্ষা করা হারাম ঘোষনা করে, (যদিও পরে এটা আর হারাম থাকে নাই) জাতিকে শত শত বৎসরের পিছনে ফেলে দিয়েছে,

সে ধর্মটিকে একটু ঘাটাঘাটি করে দেখে নেওয়াটা এমনটি দোষের কি আছে ?

৪। খুব বেশী দিনের কথা নয়, যে ধর্মটি মসজিদের আজানে মাইক ব্যবহার নিষিদ্ধ ঘোষনা করে (যদিও পরে এটা আর নিষিদ্ধ থাকে নাই)।

সে ধর্মটিকে একটু ঘাটাঘাটি করে দেখে নেওয়াটা এমনটি দোষের কি আছে ?

৫। যে ধর্মটি প্রিন্টার আবিস্কার হওয়ার সাথে সাথে সউদি আরবে প্রিন্টার ব্যবহারকে বেদয়াত ঘোষনা করিয়া (যদিও পরে এটা আর বেদয়াত থাকে নাই) দেশটিকে বহু পিছনে ফেলে দিয়েছিল,

সে ধর্মটিকে একটু ঘাটাঘাটি করে দেখে নেওয়াটা এমনটি দোষের কি আছে ?

৬। যে ধর্মটি সুন্নি মুসলিম দেরকে শিয়া মুছলিমদের মেরে ফেলে দেওয়ার জন্য তরুনদেরকে প্রায় প্রতিদিনই বুকে বোম্ব বেধে পাঠিয়ে দিচ্ছে,

সে ধর্মটিকে একটু ঘাটাঘাটি করে দেখে নেওয়াটা এমনটি দোষের কি আছে ?

৭। যে ধর্মটি উন্নত জ্ঞান বিজ্ঞানে উন্নত জাতির সংগে বিভেদ ও শত্রুতা সৃস্টি করিয়া জাতিকে পিছনে ফেলে দিচ্ছে,

সে ধর্মটিকে একটু ঘাটাঘাটি করে দেখে নেওয়াটা এমনটি দোষের কি আছে ?

৮। যে ধর্মটি ৯/১১ ঘটাইয়া কয়েক হাজার নিরপরাধ ইহুদি,নাছারা, বাংগালী মুসলমান মেরে, বিশ্বের অগ্রগতি ও অর্থনৈতিক কর্মকান্ড কে চিরতরে বানচাল করে দিতে পারে, সে ধর্মটিকে একটু ঘাটাঘাটি করে দেখে নেওয়াটা এমনটি

ধন্যবাদান্তে,

আঃ হাকিম চাকলাদার
নিউ ইয়র্ক

ব্রাইট স্মাইল্ এর জবাব:
নভেম্বর ৪, ২০১১ at ১০:৪৮ অপরাহ্ণ
@আঃ হাকিম চাকলাদার,
অনেকে বলে থাকেন ধর্ম লয়ে এত গ্যাজাগ্যাজি বা ঘাটাঘাটি করার এতটা কি প্রয়োজন আছে? তার চেয়ে বরং Technology বা অর্থনীতি বিষয়ে চর্চা হওয়াটা তো আরো বেশী প্রয়োজন।
দেখুন, কি বেশী প্রয়োজন আর কি কম অথবা সমাজে কার কিসে কতটা প্রয়োজন আছে সেই হিসাবের জন্য কি কোন পরিমাপক যন্ত্র আছে? সমাজে অহর্নিশ কত কান্ড ঘটে যাচ্ছে, চাহিদা অনুযায়ি মানুষ তা থেকে উপকৃত হচ্ছে বা তা বর্জন করছে। ধর্ম নিয়ে আলোচনা করলেই কি টেকনোলোজি বা অর্থনীতি বিষয়ে চর্চা বন্ধ হয়ে যাবে? বরং বলা যায় টেকনোলোজি বা অর্থনীতি বিষয়গুলোর শুভ অশুভ বিভিন্ন দিক নিয়ে যত গবেষনা ও আলোচনা হয় তার শত ভাগের একভাগও ধর্মগুলোর চর্চা ও তার প্রভাব নিয়ে জনসমক্ষে আলোচনা হয়না।
অথচ যে ধর্ম আমাদের জীবন-যাত্রার সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে, তাকে নিয়ে আলোচনা আমরা পাশ কাটিয়ে চলতে পছন্দ করি, আর আমাদের এই মনোভাবই বলে দেয় যে অপ্রিয় সত্য আমাদের শুনতে ভালো লাগেনা। কিন্তু আলোচনা না করলে কি এর প্রভাব সমাজ থেকে আপনা আপনি দূর হয়ে যাবে? এক সময়ে, কোন এক যুগে হয়তো ধর্মের প্রয়োজন ছিল , কিন্তু তার অর্থ এই নয় যে এই যুগে বাস করে ধর্মের জুজু অর্থাৎ বেহেশ্ তের প্রলোভন আর দোজখের ভয় দেখিয়ে লোকজনদেরকে বিনা দ্বিধায়, বিনা বাক্যে, বিনা যুক্তিতে ধর্মের বিধি-নিষেধ মেনে জীবনকে সেই অনুযায়ী চালিয়ে নিয়ে যেতে বাধ্য করা হবে। এটা অন্যায়।
ধর্মের প্রভাব সম্পর্কে লোকজনকে অবহিত করতে হলে এই বিষয়ে আরও চর্চা হওয়া দরকার, ভালো মন্দ দিকগুলি আরও উন্মোচিত হওয়ার প্রয়োজন আছে, যত বেশী আলোচনা হবে মানব সমাজ তত বেশী উপকৃত হবে।

ভবঘুরে এর জবাব:
নভেম্বর ৫, ২০১১ at ১:০৯ অপরাহ্ণ
@ব্রাইট স্মাইল্,
যার যেমন মত। এটা গণতান্ত্রিক পরিবেশ , যে যেমন ইচ্ছা খুশী মত প্রকাশ করতে পারে। যারা ধর্ম নিয়ে লিখতে নিরুৎসাহিত করে , তারা তাদের মত প্রকাশ করে। আমরা আমাদের খুশী মতো চলি।

ভবঘুরে এর জবাব:

নভেম্বর ৬, ২০১১ at ১:১২ অপরাহ্ণ

@ব্রাইট স্মাইল্,

অথচ যে ধর্ম আমাদের জীবন-যাত্রার সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে, তাকে নিয়ে আলোচনা আমরা পাশ কাটিয়ে চলতে পছন্দ করি, আর আমাদের এই মনোভাবই বলে দেয় যে অপ্রিয় সত্য আমাদের শুনতে ভালো লাগেনা।

অথবা বলা যায় যারা এ ধরনের উপদেশ দেয় তারা ধান্ধাবাজ। তারা চায় গোটা সমাজ ধর্মের আফিমে বুদ হয়ে থাক ফাকতালে তারা মজা মারুক। এটা খুবই স্বার্থপরতার চিন্তা।

সুমন চৌধুরী এর জবাব:

ফেব্রুয়ারি ১৩, ২০১২ at ৫:১৭ পূর্বাহ্ণ

@আঃ হাকিম চাকলাদার, হ্যা অর্থনৈতিক উন্নতির জন্য দরকার নারি পুরুষকে এক যোগে কাজকরা । আর সেখানেইত ধর্ম একটি বর সমস্যা

21. 22

মুরশেদ

নভেম্বর ৪, ২০১১ সময়: ৮:১৫ অপরাহ্ণ লিঙ্ক

আরেকটি অসাধারণ লেখা পড়লাম মুক্তমনায়। ভবঘুরেকে অনেক অনেক ধন্যবাদ।

আমার জানতে ইচ্ছে করে কুরাইশদের আল্লা মশাই কেমন ছিলেন ? তিনি কি মুহাম্মদের আল্লার মত ক্রুদ্ধ, আর প্রতিশোধ পরায়ণ ছিলেন? সব সময় শঙ্কায় থাকতেন অন্য কোন ঈশ্বর কথাও পুজিত হয়ে যায় কিনা? তারও কি একজন প্রতি ঈশ্বর ছিল শয়তান নামে, যার বিরুদ্ধে তিনি অন্তহীন যুদ্ধ করে চলেছেন মানবের দখল নিয়ে।

ভবঘুরে এর জবাব:

নভেম্বর ৫, ২০১১ at ১:১১ অপরাহ্ণ

@মুরশেদ,

ধণ্যবাদ আপনাকে। কুরাইশদের আল্লাহ মশাই যে কেমন ছিলেন তা জানা সত্যি খুব দুরুহ কারন

ইসলামের পর তাদের সকল ইতিহাস ধ্বংস করে ফেলা হয়েছে। তারপরও তা জানা যায় আশ পাশ অঞ্চলের সভ্যতার ইতিহাস থেকে আর সেসব সভ্যতারই ধারাবাহিকতা ছিল আরবে।

22. 23

আস্তরিন

নভেম্বর ৫, ২০১১ সময়: ৩:৫১ পূর্বাহ্ণ লিঙ্ক

অসাধারন,অনেক কিছুই শিখলাম,জানলাম ,ধন্যবাদ। জমজম কুয়ার ব্যাপারটা নিয়ে লেখার বিশেষ অনুরোধ রইল ।

*ভবঘুরে*এর জবাব:

নভেম্বর ৫, ২০১১ at ১:০৭ অপরাহ্ণ

@আস্তরিন,

জমজম কুয়ার ব্যাপারটা নিয়ে লেখার বিশেষ অনুরোধ রইল ।

জমজম কুয়া ভাই কুদরতি কুয়া, এটা নিয়ে কি আর লিখব বলেন। পারলে জমজমের পানি সংগ্রহ করে পান করে নিবেন, তাহলে বেহেস্তে যাওয়া কেউ ঠেকাতে পারবে না।

*আঃ হাকিম চাকলাদার*এর জবাব:

নভেম্বর ৬, ২০১১ at ৩:৩৩ পূর্বাহ্ণ

@ভবঘুরে,

শুনেছি গঙ্গা স্নান নাকি ও মহা পুন্যের কাজ। জলের মধ্যে ও ধর্ম ঢুকে গিয়েছে!!

ধন্যবাদান্তে,

আঃ হাকিম চাকলাদার

নিউ ইয়র্ক

*ভবঘুরে*এর জবাব:

নভেম্বর ৬, ২০১১ at ১:০৮ অপরাহ্ণ

@আঃ হাকিম চাকলাদার,

শুনেছি গঙ্গা স্নান নাকি ও মহা পুন্যের কাজ।

একটা পাথরকে চুম্বন করলে যদি পাপ মোচন হয়, তার চাইতে স্নান করা তো অনেক উত্তম কাজ। আর যাই হোক , এতে তো দেহের ময়লা দুর হয়। তবে শুনেছি গঙ্গাতে যে পরিমান ময়লা আবর্জনা আছে তাতে ওখানে স্নান করলে দেহের ময়লা দুর হওয়ার পরিবর্তে চুলকানি পাচড়ায় আক্রান্ত হওয়ার সমূহ সম্ভাবনা আছে।

ব্রাইট স্মাইল্ এর জবাব:

নভেম্বর ৭, ২০১১ at ১:১২ পূর্বাহ্ণ

@ভবঘুরে,

ওখানে স্নান করলে দেহের ময়লা দুর হওয়ার পরিবর্তে চুলকানি পাচড়ায় আক্রান্ত হওয়ার সমূহ সম্ভাবনা আছে।

আর সেই পানি মুখ দিয়ে কোন রকমে পাকস্থলিতে প্রবেশ কর লে ভবলীলাও সাঙ্গ হতে পারে।

আকাশ মালিক এর জবাব:

নভেম্বর ৭, ২০১১ at ৯:০১ পূর্বাহ্ণ

@আস্তরিন,

জমজম কুয়ার ব্যাপারটা নিয়ে লেখার বিশেষ অনুরোধ রইল ।

Sher Khan এর এই লেখাটা পড়তে পারেন-

এখানে জমজমের ব্যবসা জমজমাট-

httpv://www.youtube.com/watch?v=zFOmHFKOQ5I&feature=related

আঃ হাকিম চাকলাদার এর জবাব:

নভেম্বর ৭, ২০১১ at ৭:৪১ অপরাহ্ণ

@আকাশ মালিক,

ধন্যবাদ।

শুধু আ্স্তরিনেরই নয়,জমজমের রহস্য টা আমার ও দীর্ঘ দিন হতে জানার ইচ্ছা ছিল। লিংকটা SAVE করে রাখলাম। কাজে লাগবে।আমি একটু যোগ করতে চাই। নায়াগ্রার জলপ্রপাতে সারাটি বৎসর ধরে ২৪ ঘন্টা একই দিক হতে সমান ভাবে জল পড়তে থাকে।এটা মুছলিম বিশ্বে হলে এটাকে বোধ হয় আরো অনেক বড় ধরনের অলৌকিক হিসাবে চালিয়ে দেওয়া হত।

আপনি এই গুরুত্ব পুর্ণ লিংক গুলি যে কোথা হতে সংগ্রহ করেন , অদ্ভুত ব্যপার।

ধন্যবাদান্তে,
আঃ হাকিম চাকলাদার নিউ ইয়র্ক

আস্তরিন এর জবাব:
নভেম্বর ৮, ২০১১ at ২:৪২ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,বড়ই তৃপ্ত হলাম,(F)

23. 24

মিয়া সাহেব
নভেম্বর ৫, ২০১১ সময়: ১১:৪৫ পূর্বাহ্ণ লিঙ্ক
ইসলাম পূর্ব আরব অধিবাসীদের ‘পাগান’ নামক ঘৃণা সূচক (আফ্রিকানদের নিগ্রো বলা যেমন))বিশেষণে ভূষিত না করে ‘স্থানীয় বা সনাতন ধর্মে বিশ্বাসী’ জাতীয় কিছু বলা যায় কিনা ভাবা যেতে পারে। ভবঘুরে সাহেব নিশ্চয় জানেন যে একটি লাতিন শব্দের অপভ্রংশ এই ‘পাগান’ শব্দটির ব্যবহার খৃস্টানরা শুরু করে ইওরোপের স্থানীয় ধর্মালম্বী মানুষদের বিশ্বাসকে নীচু করে দেখানর জন্য। পরে সমস্ত অ-আব্রাহামিক ধর্মবিশ্বাষের মানুষের সম্পর্কে এ ই শব্দটি ব্যবহার করা শুরু হয়। অবশ্যই এর দ্বারা আমি ‘স্থানীয় বা সনাতন ধর্মে বিশ্বাস’করা কোন মহত কাজ এমন কিছু বলতে চাইছি না।

ভবঘুরে এর জবাব:
নভেম্বর ৬, ২০১১ at ১:১৪ অপরাহ্ণ
@মিয়া সাহেব,
ইসলাম পূর্ব আরব অধিবাসীদের ‘পাগান’ নামক ঘৃণা সূচক (আফ্রিকানদের নিগ্রো বলা যেমন))বিশেষণে ভূষিত না করে ‘স্থানীয় বা সনাতন ধর্মে বিশ্বাসী’ জাতীয় কিছু বলা যায় কিনা ভাবা যেতে পারে।
কোন একটা সাইটে দেখেছিলাম এক হিন্দুবাদী প্রমান করার চেষ্টা করছে আরব প্যগানরা আসলে ছিল হিন্দু ধর্মাবলম্বী , আর কাবার কাল পাথরকে সে চিহ্নিত করছে শিব লিঙ্গ রূপে।সে প্রেক্ষিতে আপনার সুপারিশ একেবারে উড়িয়ে দেয়ার মত না।

*মিয়া সাহেব*এর জবাব:
নভেম্বর ১২, ২০১১ at ১:৪৯ পূর্বাহ্ণ
@ভবঘুরে,
এর মধ্যে হিন্দু আসছে কোথা থেকে ? হিন্দুরা কাবার কালো পাথরকে শিবলিংগ ভাবতেই পারেন সেটা তাদের ব্যাপার। কিন্তু প্রশ্নটা ছিল সমস্ত অ-আব্রাহামিক ধর্মবিশ্বাসকে 'পাগান' নামক গালিতে অভিহিত না করে অন্য কোন শালীন শব্দ ব্যবহার করা যায় কিনা।

*রৌরব*এর জবাব:
নভেম্বর ১২, ২০১১ at ৪:৫৮ পূর্বাহ্ণ
@মিয়া সাহেব,
প্যাগানরা নিজেরাও কিন্তু শব্দটা গ্রহণ করেছে – যেমন নিও প্যাগানিজম। খ্রীস্টানরা ঘৃণার্থে ব্যবহার করে বলে অন্যদেরও করতে হবে এমন কথা নেই। Queer শব্দটি যেভাবে সমকামীরা সদর্থে দখল করে নিয়েছে, এক্ষেত্রেও তেমনটিই ঘটছে বলে মনে হয়।

24. 25

আঃ হাকিম চাকলাদার
নভেম্বর ৬, ২০১১ সময়: ৬:১৩ অপরাহ্ণ লিঙ্ক
এই মাত্র (স্থানীয় সময় সকাল ৬টা) বিবিসি বাংলা সকাল ৭টা ৩০ মিঃ এর বংলা সংবাদ আন্তর্জালে শুনতেছিলম। এতে বলতেছিলঃ
"নাইজেরিয়ার ইসলামিক পার্টি "বোকো হারাম" আত্মঘাতি পার্টি দ্বারা ৬৫ জন কে মেরে ফেলেছে। আক্রমনের স্বীকার সরকারী অফিস ও একটি চার্চ ও হয়েছে। একটি মছজিদ ও নাকি আক্রমনের হাত হতে কোন রকমে রক্ষা পেয়েছে।"
আমার কথা বিশ্বাষ না হলে আন্তজালে এখনি যে কেহ বিবিসি খবর টা একটু শুনে নিতে পারেন।
এদের উদ্দেশ্য "ইসলামী রাষ্ট্র" প্রতিষ্ঠা করা।
এই সেই "ইসলামী রাষ্ট্র" যা প্রতিষ্ঠার জন্য আমরা মুমিন মুসলমান বান্দারা জিহাদ ঘোষনা করে কোরান হাতে লয়ে রাস্তায় নেমে পড়েছি। একটু পরেই এখানে আমরা একটা মসজিদে এই ইসলাম

ধর্ম পালনের উদ্দেশ্যেই ঈদের নামাজে যোগদান করতে চলেছি। এবং কোন কোন মাঠে আমি জানি ঈদের নমাজির সংখ্যা ১৮০০০-২০০০০ পর্যন্ত হয়ে থকে।
এদের "বোকো হারাম" পার্টি রা ও যদি বাইবেলের রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য এই সব ইদের জামাতে আত্মঘাতিদের পাঠিয়ে দেয় তাহলে ঘটনাটি কেমন হয় ? না, তবে ভীত হওয়ার কারন নাই। তা এরা কখনো করতে যাবেনা।কারন এরা সভ্য জাতি। এই ইহুদি নাছারারা বরং উল্টো মুসলমান ধর্ম অনুষ্ঠান পালন কারিদের নিরাপত্তার নিশ্চয়তা বিধান করে থাকে।
সবাইকে ঈদের শুভেচ্ছা রইল।
ধন্যবাদান্তে,
আঃ হাকিম চাকলাদার
নিউ ইয়র্ক

অমানুষ এর জবাব:
আগস্ট ২৯, ২০১২ at ১:৫২ পূর্বাহ্ণ
@আঃ হাকিম চাকলাদার,
দেখুন ভাই......আপনি যা বলেছেন যথার্থ। কিন্তু একটা বিষয় আপনাদের দেখা উচিত। খ্রিস্তিয়ান ধর্মীরা ধর্মীও ব্যবসাটা অনেক আগে থেকে করছে তো তাই তাদের পয়সার অভাব নাই। তাই এখন যারা গরীব খ্রিস্তিয়ান তাদের পয়সার অভাব জথেস্ত কম। আর যেহেতু বিশ্ব চলে খ্রিস্তিয়ানদের রাষ্ট্র বাবস্থায় তাই তাদের মানুষ মারার দরকার হয় না। মানুষ মারার অন্য অস্র আছে তাদের হাতে। তারপরও আপনি সভ্য কসভোর দিকে দেখতে পারেন কিংবা পারেন রাশিয়া অথবা চীনের দিকে দেখতে। অন্য দিকে আপনি যদি মুস্লিমদের দিকে দেখেন তাহলে দেখবেন। সব ক্ষেত্রে তাদের পূর্ব ধর্ম ত্যাগ করার কারন নিষ্পেষণ। এরা নিম্ন বরন। এ ছাড়া দেখেন এদের ধর্ম রক্ষা করার ভার অশিক্ষীতদের হাতে। তাই এদের কাছ থেকে আপনি কি আশা করেন।

25. 26

আবুল কাশেম
নভেম্বর ৭, ২০১১ সময়: ৫:২৬ পূর্বাহ্ণ লিঙ্ক
এদের উদ্দেশ্য "ইসলামী রাষ্ট্র" প্রতিষ্ঠা করা।
শুধু নাইজিরিয়ায় নয়–
টেলিভিশনে দেখলাম সম্প্রতি তিউনিসিয়ায় অনুষ্ঠিত অবাধ নির্বাচনে -এক ইসলামী দল শতকরা ৪০

ভাগ আসন দখল করে সংখ্যাগুরু পেয়েছে। তাদের দলের অনেক জিহাদি বলছে তারা তিউনিসিয়াকে এক ইসলামী স্বর্গে পরিণত করবে-কোরানের শাসন প্রতিষ্ঠা করে। বলাবাহুল্য তিউনিসিয়ার নুতন শাসনতন্ত্রে ইসলামী ধাঁচে রচনা হবে তাতে কোন সন্দেহ থাকা উচিত নয়। এরপর ইসলামী স্বর্গ হবে, মিশর, লিবিয়া, ইয়ামেন। সিরিয়া, আর অন্য সব আরব রাস্ট্র। তারপর এর ধাক্কা আসবে বাঙলায়।

26. 27

আঃ হাকিম চাকলাদার

নভেম্বর ৭, ২০১১ সময়: ৭:৪০ পূর্বাহ্ণ লিঙ্ক

নুতন শাসনতন্ত্রে ইসলামী ধাঁচে শুধু নাইজিরিয়ায় নয় –
টেলিভিশনে দেখলাম সম্প্রতি তিউনিসিয়ায় অনুষ্ঠিত অবাধ নির্বা চনে-এক ইসলামী দল শতকরা ৪০ ভাগ আসন দখল করে সংখ্যাগুরু পেয়েছে। তাদের দলের অনেক জিহাদি বলছে তারা তিউনিসিয়াকে এক ইসলামী স্বর্গে পরিণত করবে-কোরানের শাসন প্রতিষ্ঠা করে। বলাবাহুল্য তিউনিসিয়ার রচনা হবে তাতে কোন সন্দেহ থাকা উচিত নয়।

আপাততঃ সংবাদে ও অবস্থা দৃষ্টে এরুপ মনে হলেও আমার বিশ্বাষ হয়না একটি গনতান্ত্রিক দেশে বর্বর যুগের একটি শাসন ব্যবস্থা চালু করে একটি স্থিতিশীল সরকার গঠন করতে পারবে। তাহলে আবার সেই নৈরাজ্য চলতে থাকবে। বন্দুক লয়ে আভ্যন্তরীন কলহ চলতে থাকবে। এলড়াইএর আর শেষ হবেনা। ইসলামের স্বর্গের রাজ্যের পরিবর্তে আবার সেই নরক রাজ্যে পরিনত হবে। দেখা যাক কী ঘটে।

ধন্যবাদান্তে,

আঃ হাকিম চাকলাদার

নিউ ইয়র্ক

আবুল কাশেম এর জবাব:

নভেম্বর ৭, ২০১১ at ১:০৩ অপরাহ্ণ

@আঃ হাকিম চাকলাদার,

আপাততঃ সংবাদে ও অবস্থা দৃষ্টে এরুপ মনে হলেও আমার বিশ্বাষ হয়না একটি গনতান্ত্রিক দেশে বর্বর যুগের একটি শাসন ব্যবস্থা চালু করে একটি স্থিতিশীল সরকার গঠন করতে পারবে।

ইরানের ব্যাপারে আমরা তাই মনে করতাম, ইরাকের ব্যাপারেও। জিহাদিদের শুধুমাত্র একবার ই দরকার গণতন্ত্রের–ক্ষমতায় উত্তীর্ণ হতে।

এরপর তারা জানে কেমন করে ক্ষমতায় টিকে থাকতে হয়। দেখবেন তিউনিসিয়ায়, মিশরে, লিবিয়ায়, সিরিয়ায়–কি হতে যাচ্ছে। তখন মনে হবে পূর্বের সরকারই ভাল ছিল।
শুধু অপেক্ষা করুন।

*ভবঘুরে*এর জবাব:
নভেম্বর ৭, ২০১১ at ২:৪৯ অপরাহ্ন
@আবুল কাশেম,

জিহাদিদের শুধুমাত্র একবারই দরকার গণতন্ত্রের –ক্ষমতায় উত্তীর্ণ হতে।

যথার্থ মন্তব্য। গণতন্ত্রের মধ্যে দীর্ঘদিন বাস করে মানুষ অনেকসময় বুঝতে পারে না এর মূল্য কতটা আর তখনই মানুষের কাছে অনেক সময় ইসলামের মত একটা বর্বর ও স্বৈরতান্ত্রিক ব্যবস্থা ভাল লাগতে পারে। তবে মুসলমানদের দুর্ভাগ্য তারা গণতন্ত্রের স্বাদ না পেয়েই ইসলাম নামক বর্বর ও স্বৈরতন্ত্রের দিকে ধাবিত হচ্ছে।

*অচেনা*এর জবাব:
নভেম্বর ৭, ২০১১ at ৪:০১ অপরাহ্ন
@আবুল কাশেম,

ইরানের ব্যাপারে আমরা তাই মনে করতাম, ইরাকের ব্যাপারেও। জিহাদিদের শুধুমাত্র একবারই দরকার গণতন্ত্রের–ক্ষমতায় উত্তীর্ণ হতে।
এরপর তারা জানে কেমন করে ক্ষমতায় টিকে থাকতে হয়। দেখবেন তিউনিসিয়ায়, মিশরে, লিবিয়ায়, সিরিয়ায়–কি হতে যাচ্ছে। তখন মনে হবে পূর্বের সরকারই ভাল ছিল।

খুব সত্য কথা বলেছেন ভাইয়া। যারা বেশি বেশি গনতন্ত্রের বুলি আউড়ে চলে , তাদের বোঝা উচিত যে সবার মত এটারও একটা নেগেটিভ সাইড আছে। হা আমি মানতে বাধ্য যে গন্তন্ত্রের কোন বিকল্প নেই, কিন্তু তা আসা উচিত সঠিক সময়ে,আর অবশ্যই ইসলাম পন্থীরা যেন সেটাকে হাতিয়ার হিসাবে ব্যাবহার করতে না পারে।তাই আমার মনে হয়,পশ্চিমাদের গন্তন্ত্র নিয়ে এতো চিল্লাফাল্লা না করাটাই ভাল।



*ব্রাইট স্মাইল্*এর জবাব:
নভেম্বর ৭, ২০১১ at ৭:৩৪ অপরাহ্ন
@আবুল কাশেম,

ইরানের ব্যাপারে আমরা তাই মনে করতাম, ইরাকের ব্যাপারেও। জিহাদিদের শুধুমাত্র একবারই দরকার গণতন্ত্রের–ক্ষমতায় উত্তীর্ণ হতে।
এরপর তারা জানে কেমন করে ক্ষমতায় টিকে থাকতে হয়। দেখবেন তিউনিসিয়ায়, মিশরে, লিবিয়ায়, সিরিয়ায়–কি হতে যাচ্ছে। তখন মনে হবে পূর্বের সরকারই ভাল ছিল।

আমার মনে হয়না এই একবিংশ শতাব্দিতে এসে জিহাদিদের সব আশা পুর্ন হবে , সপ্ন তাদের সপ্নই থেকে যাবে। যদিও মনে হচ্ছে ইসলামিক শাসন ব্যবস্থা তিউনিসিয়ায়, মিশর এইসব দেশগুলোতে কায়েম হতে যাচ্ছে, কিন্তু একবার যখন এই দেশগুলোর জনগন সংগ্রাম করে নিজেদের দাবী আদায় করা শিখে গেছে, এখন শুধু সময়ের অপেক্ষা।
রাতারাতি এই সংগ্রামী দেশগুলো হয়তো ইসলামের কঠিন নাগপাশ থেকে মুক্ত হয়ে আসতে পারবেনা , কিন্তু দেশের ইসলামী শাসন ব্যবস্থার যাঁতাকলে কিছু সময় পার করবার পর আবার তাদের বোধদয় ঘটতে দেরী হবেনা। আসলে মানুষতো হঠাৎ করে এক নিমি ষে পরিস্থিতি আপসাইড ডাউন করে ফেলতে পারেনা, গন্তব্যে পৌঁছতে হলে ষ্টার্টতো কোন জায়গার থেকে করতে হবে। আরব সাম্রাজ্যে ষ্টার্টের উদ্বোধন হয়ে গেছে, এখন ট্রেনজিশনের সময়টা তারা পার করছে। গন্তব্য হয়তো অনেক দূর......

আঃ হাকিম চাকলাদার এর জবাব:
নভেম্বর ৭, ২০১১ at ৮:০২ অপরাহ্ণ
@আবুল কাশেম,

ইরানের ব্যাপারে আমরা তাই মনে করতাম, ইরাকের ব্যাপারেও। জিহাদিদের শুধুমাত্র একবারই দরকার গণতন্ত্রের–ক্ষমতায় উত্তীর্ণ হতে।

আপনি ঠকই বলেছেন। জিহাদীরা সব কিছুই করতে পারে। কারন তাদের কাছে বড় বড় অপরাধ গুলিই তো সবচেয়ে বড় বড় পুন্যের কাজ।
ধন্যবাদান্তে,
আঃ হাকিম চাকলাদার
নিউ ইয়র্ক

ভবঘুরে এর জবাব:
নভেম্বর ৭, ২০১১ at ২:৪৬ অপরাহ্ণ
@আঃ হাকিম চাকলাদার,

তাহলে আবার সেই নৈরাজ্য চলতে থাকবে। বন্দুক লয়ে আভ্যন্তরীন কলহ চলতে থাকবে। এলড়াইএর আর শেষ হবেনা।
ইসলামের স্বর্গের রাজ্যের পরিবর্তে আবার সেই নরক রাজ্যে পরিনত হবে। দেখা যাক কী ঘটে।

এ ব্যপারে কি আপনার এখনো কোন সন্দেহ আছে ? ইসলাম কি কোনদিন কোথাও একটা ভাল, সভ্য ও গণতান্ত্রিক রাষ্ট্র উপহার দিতে পেরেছে? ইসলাম একটা মাকাল ফলের মত। বাইরে থেকে দেখলে মনে হয় এর চাইতে ভাল আর কিছু নেই। কিন্তু ভিতরটা ? অসভ্যতা, নির্মমতা, নিষ্ঠুরতা, স্বৈরতন্ত্রে ভরা যেখানে মানুষ শুধু মাত্র দাস দাসী হতে পারে মুক্ত স্বাধীন নয়।

27. 28

অচেনা

নভেম্বর ৭, ২০১১ সময়: ৪:১৭ অপরাহ্ণ লিঙ্ক

@ভবঘুরে,

ইসলাম কি কোনদিন কোথাও একটা ভাল, সভ্য ও গণতান্ত্রিক রাষ্ট্র উপহার দিতে পেরেছে? ইসলাম একটা মাকাল ফলের মত। বাইরে থেকে দেখলে মনে হয় এর চাইতে ভাল আর কিছু নেই। কিন্তু ভিতরটা ? অসভ্যতা, নির্মমতা, নিষ্ঠুরতা, স্বৈরতন্ত্রে ভরা যেখানে মানুষ শুধু মাত্র দাস দাসী হতে পারে মুক্ত স্বাধীন নয়।



28. 29

আঃ হাকিম চাকলাদার

নভেম্বর ৭, ২০১১ সময়: ৬:০৬ অপরাহ্ণ লিঙ্ক

@ ভবঘুরে,

এ ব্যপারে কি আপনার এখনো কোন সন্দেহ আছে ? ইসলাম কি কোনদিন কোথাও একটা ভাল, সভ্য ও গণতান্ত্রিক রাষ্ট্র উপহার দিতে পেরেছে? ইসলাম একটা মাকাল ফলের মত। বাইরে থেকে দেখলে মনে হয় এর চাইতে ভাল আর কিছু নেই। কিন্তু ভিতরটা ? অসভ্যতা, নির্মমতা, নিষ্ঠুরতা, স্বৈরতন্ত্রে ভরা যেখানে মানুষ শুধু মাত্র দাস দাসী হতে পারে মুক্ত স্বাধীন নয়।

ইসলাম" শাসন ব্যবস্থার জন্য নয়। জিহাদিররা জোর করে এটাকে শাসন ব্যবস্থার মধ্যে লয়ে আসে। ইসলামকে মসজিদেই থাকতে দেওয়া হউক।

শাসন ব্যবস্থায় ঢুকালে পচন্ড বিশৃঙ্খলা বেধে যাবে। কোরান হাদিছে শাসন ব্যবস্থা নাই।

যদি থাকত তা হলে এক আল্লাহর দেওয়া "শারিয়া আইন" ৪ রকম হইতনা। এক এক দেশের শারিয়া আইন এক এক রকম হইতনা। একই অপরাধের জন্য শারিয়ার বিচারের রায় বিভিন্ন হইতনা।

ধন্যবাদান্তে,
আঃ হাকিম চাকলাদার
নিউ ইয়র্ক

ভবঘুরে এর জবাব:
নভেম্বর ৭, ২০১১ at ৮:৪৮ অপরাহ্ণ
@আঃ হাকিম চাকলাদার,

ইসলাম” শাসন ব্যবস্থার জন্য নয়। জিহাদিররা জোর করে এটাকে শাসন ব্যবস্থার মধ্যে লয়ে আসে। ইসলামকে মসজিদেই থাকতে দেওয়া হউক।

আপনার অভিমতের সাথে একমত না। আ্পনার ধারণা ইসলামের ইতিহাসের সাথে সামঞ্জস্যপূর্ন নয়। নবীর জীবনী বলে- যতদিন তিনি রাজশক্তি হাতে পান নি ততদিন ইসলামের সাফল্য খুব কম। মোহাম্মদের প্রথম জীবনে নবুয়তের পর দশ বছরের জীবন পর্যালোচনা করে দেখুন ইসলামের সাফল্য সামান্য। তিনি যখন মদিনায় গিয়ে রাজশক্তির অধিকারী হলেন তখন তার সাফল্য আকাশ চুম্বী। যেকারনে ইসলামে জিহাদের প্রতি মোহাম্মদ খুব বেশী গুরুত্ব দিয়েছে ন। আর জিহাদ যে কি জিনিস তা তো ভালমতেই বুঝতে পারেন আশা করি।মোহাম্মদ বার বার বলেছেন - তরবারীর নীচে বেহেস্ত। কোরান ও হাদিসে তাই বহু আয়াত ও বানী হলো জিহাদ ও তার মাহাত্মকে ঘিরে। ইতিহাসও সাক্ষী দেয় ইসলামের মহান বানী শুনে যত না মানুষ তা কবুল করেছে তার চাইতে জীবন বাঁচাতে বেশী মানুষ তা কবুল করেছে। আসলে ইসলাম যতটা না মসজিদের ব্যপার তার চাইতে বেশী যুদ্ধের , আগ্রাসনের, রাজনীতির। তাই ইসলামকে কোনদিন মসজিদে রাখা সম্ভব নয়। খোদ মোহাম্মদের জীবনী ও কাজকর্ম সেটাই প্রমান করে। ইসলামের সামনে দুটি অপশন খোলা- এক. গোটা দুনিয়ায় ইসলাম কায়েম হতে হবে. অথবা, দুই. ইসলামকে দুনিয়া থেকে নিশ্চিহ্ন হতে হবে। মাঝামাঝি কোন পন্থা খোলা নেই। অন্য ধর্মের সাথে ইসলামের এটাই মৌলিক তফাৎ। অন্য ধর্মকে তাদের উপাসনালয়ের মধ্যে ঢুকাতে পারলেও ইসলামকে তা করা সম্ভব নয়। তার কারন অন্য ধর্মে আগ্রাসনের উপাদান থাকলেও তার চাইতে আধ্যাত্মিকতার উপাদন অনেক অনেক বেশী। যে কারনে অন্য ধর্মকে সে সব আধ্যাত্মিকার মাধ্যমে হয়ত আরও কিছুদিন তাদের অনুসারীরা তাদের উপাসনালয়ে বাঁচিয়ে রাখতে পারবে। কিন্তু ইসলামের সামনে একটাই রাস্তা- হয় মার, নয় মর। বিকল্প কোন পথ নেই।

অচেনা এর জবাব:
নভেম্বর ৮, ২০১১ at ১২:৫০ পূর্বাহ্ণ
@ভবঘুরে,

ইসলামের সামনে দুটি অপশন খোলা- এক. গোটা দুনিয়ায় ইসলাম কায়েম হতে হবে. অথবা, দুই. ইসলামকে দুনিয়া থেকে নিশ্চিহ্ন হতে হবে। মাঝামাঝি কোন পন্থা খোলা নেই। অন্য ধর্মের সাথে ইসলামের এটাই মৌলিক তফাৎ।

আঃ হাকিম চাকলাদার এর জবাব:

নভেম্বর ৮, ২০১১ at ৪:৫১ পূর্বাহ্ণ

@ভবঘুরে,

আপনার অভিমতের সাথে একমত না। আ্পনার ধারণা ইসলামের ইতিহাসের সাথে সামঞ্জস্যপূর্ন নয়। নবীর জীবনী বলে- যতদিন তিনি রাজশক্তি হাতে পান নি ততদিন ইসলামের সাফল্য খুব কম। মোহাম্মদের প্রথম জীবনে নবুয়তের পর দশ বছরের জীবন পর্যালোচনা করে দেখুন ইসলামের সাফল্য সামান্য। তিনি যখন মদিনায় গিয়ে রাজশক্তির অধিকারী হলেন তখন তার সাফল্য আকাশ চুম্বী। যেকারনে ইসলামে জিহাদের প্রতি মোহাম্মদ খুব বেশী গুরুত্ব দিয়েছেন। আর জিহাদ যে কি জিনিস তা তো ভালমতেই বুঝতে পারেন আশা করি।মোহাম্মদ বার বার বলেছেন - তরবারীর নীচে বেহেস্ত। কোরান ও হাদিসে তাই বহু আয়াত ও বানী হলো জিহাদ ও তার মাহাত্মকে ঘিরে। ইতিহাসও সাক্ষী দেয় ইসলামের মহান বানী শুনে যত না মানুষ তা কবুল করেছে তার চাইতে জীবন বাঁচাতে বেশী মানুষ তা কবুল করেছে। আসলে ইসলাম যতটা না মসজিদের ব্যপার তার চাইতে বেশী যুদ্ধের , আগ্রাসনের, রাজনীতির। তাই ইসলামকে কোনদিন মসজিদে রাখা সম্ভব নয়। খোদ মোহাম্মদের জীবনী ও কাজকর্ম সেটাই প্রমান করে। ইসলামের সামনে দুটি অপশন খোলা- এক. গোটা দুনিয়ায় ইসলাম কায়েম হতে হবে. অথবা, দুই. ইসলামকে দুনিয়া থেকে নিশ্চিহ্ন হতে হবে। মাঝামাঝি কোন পন্থা খোলা নেই। অন্য ধর্মের সাথে ইসলামের এটাই মৌলিক তফাৎ। অন্য ধর্মকে তাদের উপাসনালয়ের মধ্যে ঢুকাতে পারলেও ইসলামকে তা করা সম্ভব নয়। তার কারন অন্য ধর্মে আগ্রাসনের উপাদান থাকলেও তার চাইতে আধ্যাত্মিকতার উপাদন অনেক অনেক বেশী। যে কারনে অন্য ধর্মকে সে সব আধ্যাত্মিকার মাধ্যমে হয়ত আরও কিছুদিন তাদের অনুসারীরা তাদের উপাসনালয়ে বাঁচিয়ে রাখতে পারবে। কিন্তু ইসলামের সামনে একটাই রাস্তা- হয় মার, নয় মর। বিকল্প কোন পথ নেই।

আপনার যতার্থ বক্তব্যের সংগে আমি একমত যে ইছলাম এসেছে তরবারীর মাধ্যমে ,মছজিদের মধ্য দিয়ে নয়। এবং এটা যতদিন থাকবে একে তরবারী চালিয়েই যেতে হবে, চাই তাতে কোন সুসাশন ব্যবস্থা থাকুক আর নাই থাকুক।বিশ্বের অগ্রগতি ও অর্থনীতি চা ই ধ্বংশ হয়ে যাক তাতে কিছু আসে যায়না। আর এর প্রতিফলন ১৪০০ বছর পরেও দেখা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

আঃ হাকিম চাকলাদার

নিউ ইয়র্ক

29. 30

আসিফ

নভেম্বর ৯, ২০১১ সময়: ১:২২ অপরাহ্ণ লিঙ্ক

ভয়াবহ লেখা। এই ধরনের লেখাই আমার পছন্দ। অনেকের লেখা পড়েছি, অনেক যায়গায় দেখেছি লেখার মদ্ধে গোঁড়ামি থাকে। কোন কিছুতেই গোড়ামি ভাল না। না আস্তিকতা য়, না নাস্তিকতায়। গবেষনাধর্মী যৌক্তিক লেখায় চিরকাল সবাই সমর্থন দিয়ে গেছে, আমিও দিলাম। (আমি এক নব্য নাস্তিক। নাস্তিকও ঠিক না, আসলে ধর্ম অবিশ্বাষি। এক ইশ্বরে বিশ্বাষ আছে কিন্তু কোন ধর্মে বিশ্বাষ করতে পারছি না।)

30. 31

রৌরব

নভেম্বর ১০, ২০১১ সময়: ৪:২২ পূর্বাহ্ণ লিঙ্ক

Spamming এর জন্য দুঃখিত, কিন্তু নৃপেন্দ্র সরকারের ব্লগের লিংক কাজ করছেনা , 404 দেখাচ্ছে। ব্যাপার কি?

*ফরিদ আহমেদ*এর জবাব:

নভেম্বর ১০, ২০১১ at ৫:১৪ পূর্বাহ্ণ

খুব সম্ভবত উনি লেখাটা মুছে দিয়ে ছেন। এই নিয়ে দ্বিতীয়বার তিনি এ ধরনের কাজ করলেন। একটা লেখা লেখকের সম্পত্তি, তিনি তা মুছে দিতেই পারেন। কিন্তু , সেই লেখায় যখন পাঠক মন্তব্য করেন, তখন সেখানে পাঠকেরও আংশিক মালিকানা তৈরি হয়ে যায়। এরকম অবস্থায় লেখকের হুট করে লেখা মুছে দেবার আগে মন্তব্যকারী এবং পা ঠকদের অধিকারের বিষয়টির দিকে দৃষ্টি দেওয়াটা উচিত বলে আমি মনে করি। লিখতে যেমন ভাবনা-চিন্তা করতে হয়, মন্তব্য করতেও সেই একই কাজ করতে হয়। কাজেই, মন্তব্য বা মন্তব্যকারীদের হেলাফেলা করাটা ঠিক কাজ নয়। নৃপেন্দ্রনাথ সরকারের লেখা মুছে দেবার এই সিদ্ধান্তে আমি খুবই হতা শ। আমার নিজের একাধিক মন্তব্যসহ আরো অনেকের মন্তব্য চিরতরে হারিয়ে গেলো এর ফলে।

রৌরবএর জবাব:

নভেম্বর ১০, ২০১১ at ৫:২০ পূর্বাহ্ণ

@ফরিদ আহমেদ,

একমত। লেখাটি উনি "ব্যক্তিগত" করেছিলেন ঠিক আছে, কিন্তু মুছে দেওয়ায় বড়ই হতাশ হলাম।

ফরিদ আহমেদএর জবাব:

নভেম্বর ১০, ২০১১ at ১০:৩৯ পূর্বাহ্ণ

এই মাত্র খেয়াল করলাম যে, আমার সামান্য ভুল হয়েছে। তিনি লেখাটাকে ব্যক্তিগতই করেছেন, মুছে দেন নি। তবে, এর সাথে মুছে দেবার আসলে কোনো পার্থক্যই নেই। কারণ , এই পাতাটা সংরক্ষিত। অন্য কারো পক্ষেই ওখান যাওয়া সম্ভবপর হবে না। প্রথম পাতা থেকে সরিয়ে ব্যক্তিগত ব্লগে নিলে এরকম হতো না। সেক্ষেত্রে অন্যেরা লেখাটাতে বিচরণ করতে সক্ষম হতেন।



কাজী রহমানএর জবাব:

নভেম্বর ১০, ২০১১ at ৮:২৪ পূর্বাহ্ণ

@ফরিদ আহমেদ,

আমিও হতাশ

গোলাপএর জবাব:

নভেম্বর ১১, ২০১১ at ১২:০৮ পূর্বাহ্ণ

লিখতে যেমন ভাবনা-চিন্তা করতে হয়, মন্তব্য করতেও সেই একই কাজ করতে হয়। কাজেই, মন্তব্য বা মন্তব্যকারীদের হেলাফেলা করাটা ঠিক কাজ নয়।

পুরো মন্তব্যের সাথেই একমত। লিখাটি পড়তে গিয়ে পেলাম না। খুব হতাশ হলাম।

31. 32

ছিন্ন পাতা

নভেম্বর ১০, ২০১১ সময়: ১১:৫২ পূর্বাহ্ণ লিঙ্ক

@ভবঘুরে

এ পর্বটি কি খুব তাড়াহুড়োয় লিখা হয়েছিলো ? পড়তে পড়তে তাই মনে হলো। কিছু কিছু জায়গা/বাক্য রিপিটেড হয়েছে।

অনেক কষ্টসাধ্য লিখা নিঃসন্দেহে। আমি নিশ্চিত আমি সহ আরো অনেকে উপকৃত হবেন।

* * * * এমন ঢাকনা খুলে দেয়া লিখা আশা করি আমরা আরো পাব****

গত বছর আমার ছোট ভাই হতে পাওয়া একটি লিঙ্ক শেয়ার করলাম। মোটামুটি ভাবে আপনার লিখার সারাংশ অথবা ইংরেজি ভারশান বলা যায়। তবে কিছু নুতন তথ্যও আছে।

http://www.biblebelievers.org.au/moongod.htm

32. 33

শূন্য

নভেম্বর ২০, ২০১১ সময়: ২:৩৮ পূর্বাহ্ণ লিঙ্ক

লেখা চমৎকার হয়েছে।

এর পরের আয়াত ছিল - যারা মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করে।অর্থাৎ এ তিন দেবী কুরাইশ ও আল্লাহর মাঝে মধ্যস্থতা করে।

পরবর্তীতে মোহাম্মদ উক্ত শেষ আয়াতটি পরিবর্তন করে তার পরিবর্তে নিচের আয়াত সংযুক্ত করেন এই অজুহাত দিয়ে যে জিব্রাইল এসে তাকে জানিয়েছে শয়তান নাকি তার রূপ ধরে এসে মোহাম্মদের কাছে শয়তানের আয়াত বলে গেছে

উপরোক্ত উদ্ধৃতির রেফারেন্স পেলে উপকৃত হতাম। ধন্যবাদ।

33. 34

আরাফাত

ডিসেম্বর ৭, ২০১১ সময়: ৬:৫৯ পূর্বাহ্ণ লিঙ্ক

এর পরের আয়াত ছিল - যারা মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করে।অর্থাৎ এ তিন দেবী কুরাইশ ও আল্লাহর মাঝে মধ্যস্থতা করে।

এটার রেফারেন্স কি?

ভবঘুরে এর জবাব:

ডিসেম্বর ৭, ২০১১ at ১২:৫৬ অপরাহ্ণ

@আরাফাত,

এটার রেফারেন্স কি?

ইবনে ইসহাক ও আল তাবারি রচিত মোহাম্মদের জীবনী থেকে রেফারেন্স পাবেন নিম্নের সাইট থেকে-

http://www.muhammadanism.org/Quran/SatanicVerses.htm

আরাফাত এর জবাব:

ডিসেম্বর ৭, ২০১১ at ৭:০৫ অপরাহ্ণ

@ভবঘুরে,

অনেক ধন্যবাদ লিঙ্কটার জন্য। পড়ে ফেললাম। তথ্যগুলো বিশ্ময়কর।

34. 35

অমানুষ

আগস্ট ২৯, ২০১২ সময়: ২:০৯ পূর্বাহ্ণ লিঙ্ক

আপনার লেখা পরে ভাল লাগ্ল...অনেক গবেশনা ধর্মী লেখা.........কিন্তু একটা বিসয় দেখে মনে হল আপনি লেখা টা লিখতেইয়েযে কি এখনকার সময় কে ছিন্তা করে লেখাতি লিখেছেন কি না?

"কথিত আছে আদম দুনিয়াতে অবতরণ করার পর আল্লাহ তাকে একটা মসজিদ করার জন্য আদেশ করেন আর আদম এ বিরাট দুনিয়ার আর কোথাও জায়গা না পেয়ে উষর ও কঠিন মরুভুমি মক্কাতে সেই মসজিদ বানায় যাকে বলা হয় কাবা। প্রথম প্রশ্ন জাগে- দুনিয়ায় এত ভাল ভাল সুজলা শস্য শ্যামলা জায়গা থাকতে আদম মক্কার মত একটা কঠিন যায়গাতে মসজিদ বানাতে গেল কেন?"

যতটুকু বোঝাযায় আরব প্রাচীন কালে উষর ও কঠিন মরুভুমি ছিলনা। উষর ও কঠিন মরুভুমি হলে এত জীবাশ্ম জালানি পাওাজেতনা।

আর একটা বিষয় রেফারেনস আরো বেশি হলে ভাল হত।

কৌস্তুভ এর জবাব:
আগস্ট ২৯, ২০১২ at ৩:৫০ পূর্বাহ্ণ
@অমানুষ,
ফসিল হচ্ছে মিলিয়ন বছরের পুরোনো জিনিস, আর মোহাম্মদ হচ্ছে দেড় হাজার বছর আগেকার ব্যাপার। আপনি দুটো মিশিয়ে ফেলছেন। আপনি যদি সেই ডাইনোসরদের যুগে চলে যান , তখন তো আরব, ভারত, মাদাগাস্কার সব ছিল আফ্রিকার সঙ্গে জোড়া। তখন দুনিয়ার ভূপ্রকৃতি ছিল একদম অন্যরকম। আবার শেষ আইস এজের সময় অনেক জল বরফ হয়ে আটকে থাকায় সমুদ্রসীমা ছিল অনেকটা নিচে, তখন লোহিত সাগর ছিল কেবল একটা হ্রদ, ওই পথেই আফ্রিকা থেকে বেরিয়ে আসা হোমো স্যাপিএনসের দল প্রথম ভারত অঞ্চলে এসে পৌঁছেছিল। তা তারা প্রথম ইজরায়েল-আরব অঞ্চলে ঢুকেছিল প্রায় ১০০ হাজার (এক লাখ) বছর আগেকার কথা। তারা অস্ট্রেলিয়াতেই পৌঁছে গেছিল ৪০ হাজার বছর আগে।
তা সেই হিমযুগের শেষে বরফ গলতে আরম্ভ করে ধরুন ১৫ হাজার বছর আগে, যখন বর্তমান রেড ইন্ডিয়ানদের দল রাশিয়া থেকে আমেরিকা যেতে শুরু করে। তারপরে আরবের আবহাওয়া মোটামুটি স্থিতু হয়ে গেছে ধরা যায়।
অতএব বুঝে নিন, মহম্মদের সময়ে আরব অঞ্চল মরুভূমিই ছিল।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=2313

দেরিদার ডিকনস্ট্রাকশন তত্ত্বের আলোকে ধর্মগ্রন্থের ব্যাখ্যা

তারিখ: ২২ ভাদ্র ১৪১৬ (সেপ্টেম্বর ৬, ২০০৯)

লিখেছেন: বিপ্লব পাল

(১)
খ্যাপা রামকৃষ্ণ বলতেন যত মত তত পথ। আজকের দুনিয়াই টিভি , ইউটিউব এবং ইন্টারনেটের নানান ধর্মীয় বিতর্কে যোগ দিলে বিলক্ষন মনে হতে পারে সফটওয়ার প্রোডাক্ট ভার্সনের ন্যায় কোরান-গীতা-বাইবেল ইত্যাদি গ্রন্থ সমূহের 700.0, 800.0....1900.0., 2000.0 ইতাদি ভার্সন সহজলভ্য। যেমন যুগ, যেমন জ্ঞান, তেমন ভার্সান! আবার একই যুগে নানান প্রকৃতি এবং দেশের ওপর নির্ভর করে কোরানের কোন ভার্সন চলবে! হিন্দু ধর্মগ্রন্থ এবং বাইবেলের ক্ষেত্রে এই ট্রেন্ড আবার অনেক দিনের পুরানো ইতিহাস।
ইউ টিউবে 'জোকার' জাকিরের কোরানিক ভার্সান ইংরেজী শিক্ষিত মুসলিমদের জন্যে , সৌদি আরবে আবার অন্য রকম-আমেরিকার চাপ খেয়ে পাশ্চাত্যে কোরান অনেক লিব্যালার-সেখানে পন্ডিতরা যুক্তি খোঁজেন উদারতান্ত্রিক ভার্সনের কমপ্যাটিবল কোরান কিভাবে রচনা করা যায়! গীতা বা বাইবেল বা হিন্দু ধর্ম গ্রন্থগুলির ও একই বেহাল অবস্থা!

বই সেই একটাই-আল কোরান। মহম্মদ নিজের কুকীর্তি বা সুকীর্তি, অভিজ্ঞতালব্ধ জ্ঞান সুপার মাফিয়া আল্লার নামে চালিয়ে কোরান রচনা করেন। মহম্মদের ইতিহাস আর কোরান পাশাপাশি রেখে পড়লে, যেকোন বুদ্ধিমান লোক খুব সহজেই বুঝবে কোরানে কি এবং কেন লেখা হয়েছিল। অবশ্য সে যুক্তিবাদের পথে ধার্মিকরা হাঁটবেন না-কারন অতটা হাঁটার কষ্ট নিতে জানলে, তারা ধার্মিক হবেন ই বা কেন!

হজরত মহম্মদ যা করেছেন, তাতে আমার আপত্তি নেই। ৪০০ খৃষ্টপূর্বাব্দের অর্থশাস্ত্রে কৌটিল্য উপদেশ দিয়েছিলেন রাজন্যবর্গ দেশ শাসন করতে, নিজের আইনকে ঈশ্বর কতৃক স্বপ্নে প্রদত্ত আইন বলে চালাবে। রাজাকে রাজ্য শাসন এবং বিস্তারের জন্যে নিজের আদেশকে ঈশ্বরের আদেশ বলে চালানোর সুচতুর কৌশল কৌটিল্য মহম্মদের জন্মের ১০০০ বছর আগেই দিয়ে গিয়েছিলেন। কৌটিল্যসুত্র মেনেই ভারত ও ইউরোপের রাজন্যবর্গ নিজেদের ঈশ্বরের প্রতিনিধি হিসাবে রাজত্ব করেছে পৃথিবীর সর্বত্র। তবুও মহম্মদ কৌটিল্যের সেরা ছাত্র হিসাবে ইতিহাসে আবির্ভূত হলেন-কারন অন্যান্য রাজন্য বর্গ ঈশ্বরকে কাজে লাগিয়েছেন নিজেদের পারিবারিক রাজত্ব কায়েম করতে। সেখানে হজরত মহম্মদ সেই ঐশ্বরিক স্কীমকে হাতিয়ার করে মানব সমাজের আরো পূর্নাঙ্গ রূপ দেওয়ার চেষ্টা করলেন। লক্ষ্য - মানব সাম্যের ওপর ভিত্তি করে গরীব দরদী এবং একটি শক্তিশালী সমাজের বিকাশ। তবে হ্যাঁ সেখানেও দাশ প্রথার বিলোপ, নারীর জন্যে সমানাধিকার তিনি আল্লার নামে নামালেন না। কারন সেই যুগে যখন শিশু মৃত্যুর হার ছিল অনেক বেশী , নারীর গর্ভে ছয় থেকে সাতটি সন্তান না এলে, জনসংখ্যার বিলোপ ছিল অবসম্ভাবী-তখন নারীকে প্রজননের মেশিন ছাড়া অন্য কিছু ভাবা ছিল

অসম্ভব। কোরান এবং হিন্দু গ্রন্থ সমূহে তাই একই কারনে নারী সেই প্রজনন মেশিন । যাইহোক , এই ইসলামের ওপর ভিত্তি করেই আরবের প্যাগান সমাজ পরবর্তী তিন শতকে পৃথিবীর সব থেকে শক্তিশালী এবং জ্ঞানী সমাজে পরিণত হল। কারন ইসলাম তৎকালীন সময় অনুসারে আরো উন্নত সামাজিক আইন এবং চিন্তা বলবৎ করতে সক্ষম হয়।

মনে রাখতে হবে নৃতত্ত্ববিজ্ঞান এবং বিবর্তনের দৃষ্টিতে ঈশ্বরের উৎপত্তির মূল কারন গোষ্ঠিবদ্ধ জীবন। প্রকৃতির ভয় থেকে ঈশ্বরের উৎপত্তি অতিসরলীকরন। পশু পাখীরাও ঝড় বাদলা কে ভয় পায়-কিন্ত তাদের ঈশ্বর নেই। ঈশ্বর আদিম সমাজে গোষ্ঠিবদ্ধ জীবনের জন্যে একটি অতীব গুরুত্বপূর্ন প্রয়োজন হিসাবেই বিবর্তিত হয়েছে। একটি সমাজ কিছু আইনের ভিত্তিতে গোষ্টিবদ্ধ হয় -সেই আইন গুলির উৎপত্তিকে সমাজ বিজ্ঞানে বলে 'সেলফ অর্গানাইজেশন'। অর্থাৎ কিছু অনু পরামানু যেমন নিজেদের আনবিক শক্তিক্ষেত্রের আওতাই এসে আস্তে আস্তে একটি শক্তিশালী ক্রীস্টাল তৈরী করে-তেমন ই মানুষ নিজেদের মধ্যে পারস্পারিক আইন তৈরীর মাধ্যমে একটি গোষ্ঠিবদ্ধ সমাজের জন্ম দিয়ে থাকে। এই আইন যত সমাজের রিপ্রোডাক্টিভ ফিটনেসের উপযোগী হয়, সমাজ তত শক্তিশালী হয়। অর্থাৎ যেসব সমাজের আইনগুলিতে সামরিক শক্তি বা মিলিটারিজম, পরোপকার বা আলট্রুইজম এবং প্রজননের ওপর গুরুত্ব আরোপ করা হয়-সেই সমাজ বিবর্তনের শক্তিতে ভবিষ্যতে সব থেকে প্রসার লাভ করে। মিলিটারিজম, আলট্রুইজম এবং রিপ্রোডাকশন -যেকোন প্রানীকূলের মূল সারভাইভার স্ট্রাটেজি। যদি ভিনগ্রহের কোন মানুষ আমাকে কোরান বা গীতাকে এক কথায় প্রকাশ করতে বলে - আমি লিখব এই বই গুলি মানব সমাজের সারভাইভাল স্ট্রাটেজির ম্যানুয়াল ছিল মধ্যযুগে।

কোরান বর্নিত সামাজিক নির্দেশাবলী এক শক্তিশালী আরব সমাজের জন্ম দিয়েছিল। কিন্ত ১২০০ শতাব্দি থেকে সেই সমাজ দুর্বল হতে শুরু করে। কেন? আরবরা বিজ্ঞানে যখন এত এগিয়ে ছিল, তখন তাদের মধ্যে থেকেই গ্যালিলিও বা কোপার্নিকাসের জন্ম হওয়া উচিত। কেন এমন হল না? এ প্রসঙ্গে স্যার কার্ল পপারের একটি বক্তব্য প্রাণিধানযোগ্য-যেকোন দর্শনের সব থেকে শক্তিশালী দিকটিই তার দুর্বলতম অধ্যায়। অর্থাৎ ইসলামের দর্শনের সব থেকে শক্তিশালী দিক- এক অভূতপূর্ব সামাজিক শক্তি যা কঠোর সামাজিক আইন এবং সমাজের জন্যে ব্যাক্তির আত্মত্যাগের ওপর প্রতিষ্ঠিত, তা বিজ্ঞান এবং প্রযুক্তি ভিত্তিক সমাজের ভিত্তি হতে পারে না। সেখানে উদার নৈতিক ব্যাক্তি কেন্দ্রিক ভোগ্য সমাজ দরকার। ১৫০০-১৮০০ সালের ইউরোপের দিকে তাকালে দেখা যাবে, শিল্প বিপ্লব এবং বিজ্ঞানের অগ্রগতির পেছনে-সামরিক এবং বাজারের (মূলত উপনিবেশিক) ভূমিকা ছিল মূখ্য। ওই সময়ের অন্যতম শ্রেষ্ঠ আবিস্কারক , লিও নার্ডো দ্যা ভিঞ্চি, তৎকালীন নগর সম্রাজ্যের অধীশ্বর দের চিঠি লিখতেন -তার আবিস্কার দিয়ে আরো উন্নত অস্ত্র বানানো সম্ভব, তাই তাকে অর্থ দেওয়া হৌক সেসব বানাতে। অর্থাৎ প্রযুক্তিগত আবিস্কার গুলির পেছনে (বৈজ্ঞানিক আবিস্কারের কথা বলছি না) , বাজার থেকে ফয়দা তোলার ব্যাক্তিগত লোভ সেকালেও আবিস্কারদের ছিল-একালেও আছে। রেডীও থেকে ইন্টারনেট -বাজার ভিত্তিক সমস্ত প্রযুক্তির আবিস্কার এবং তার ব্যাপক বাজারীকরন আবিস্কারকদের ব্যাক্তিগত লোভ থেকেই উদ্ভুত। বাজারের অনুপস্থিতির কারনেই ভুতপূর্ব সমাজতান্ত্রিক দেশগুলি মারণাস্ত্র এবং মিলিটারি প্রযুক্তি ছাড়া আর কিছুই বিশ্বকে দিতে পারে নি। কোন জীবনদায়ক্ ঔষুধ সেখানে আবিস্কার হয় নি -সব হয়েছে আমেরিকা বা ইংল্যান্ডে বা জার্মানীতে।

অর্থাৎ আমি যেটা বলতে চাইছি, ইসলামে সামাজিক শক্তির ব্যাপক চাপ থাকার জন্যে ত্রয়োদশ শতাব্দীতে বিজ্ঞানের ব্যাপক উন্নতি সত্ত্বেও আরব সমাজ সামন্ততান্ত্রিক থেকে ধনতান্ত্রিক সমাজে বিকশিত হল না। সেই ঘটনা ঘটল ইউরোপে-কারন সেখানকার রাজন্য বর্গ নিজ স্বার্থেই পোপ হতে মুক্ত হতে এবং উন্নত তর অস্ত্র ও উৎপাদনের জন্য ধর্মের ডানা ছেঁটে আধুনিক রাষ্ট্র গঠনের দিকে এগোলেন। আরবে শিল্প বিপ্লবের জন্যে ইসলামের ডানা ছাঁটা দরকার ছিল দ্বাদশ শতাব্দিতে। কিন্ত তা সম্ভব হল না ইসলামের দুর্বার সামাজিক শক্তির জন্যে। ফলে শিল্প বিপ্লব এবং বিজ্ঞানের উন্নতির সামনে ইসলামের সব থেকে শক্তিশালী ফিচারটিই তাদের পিছিয়ে পরার মূল কারন হিসাবে উদ্ভুত হচ্ছে ক্রমাগত ভাবে সেই দ্বাদশ শতাব্দি থেকে।

কিন্ত ধান ভাঙতে শিবের গীত গাইছি কেন? কারন মুসলমান সমাজের বিদ্বান ব্যাক্তিরাও বোঝেন প্রযুক্তি ও বিজ্ঞান নির্ভর সমাজ না গড়ে তোলার জন্যে আজ পৃথিবীর ৫১ টি মুসলিম দেশই পাশ্চাত্যের থেকে অনেক বেশী পিছিয়ে পড়েছে। সামন্ততন্ত্র থেকে ধনতন্ত্রের উত্তোরন একমাত্র তুরস্ক ছাড়া কোথাও সেই ভাবে হয় নি। মিশর, ইন্দোনেশিয়া এবং মালেশিয়ার সাফল্য আংশিক। ফলে মুসলিম সমাজে বিজ্ঞানের প্রসার ঘটাতে গিয়ে এক অদ্ভুত সার্কাসের চলছে। সেখানে বিজ্ঞানের প্রসারের বদলে ইসলাম ধর্ম কত বৈজ্ঞানিক, সেটা প্রচার করতে রাষ্ট্র এবং মিডিয়া "স্ব কিছুই কোরানে আছে" টাইপের অপবিজ্ঞানের জন্ম দিচ্ছে। এমন নয় যে হিন্দু বা খ্রীষ্ঠান ধর্মে এটা হচ্ছে না। ব্যাপক ভাবেই হচ্ছে। কিন্ত তার পেছনে রাষ্ট্রের মদত নেই। কিন্ত ইসলামের ক্ষেত্রে এই অপবিজ্ঞান রাষ্ট্রীয় পৃষ্টপোষকতায় এক ভয়ংকর দূষনের রূপ নিয়েছে। আমি এই প্রবন্ধে দেখাবো কি ভাবে এই কুকীর্তি সাধিত হয় । কিভাবে একই আয়াত যা সপ্তম শতাব্দির আরবে ছিল রূপকথা, তা অপবিজ্ঞানীদের হাতে পড়ে, "বৈজ্ঞানিক সত্যের" দাবী করে।

(২)

একটি বাক্যের অর্থ কত প্রকার হতে পারে, এবং তা নিয়ে কি কি ঢপবাজি করা যায়, সেটা বুঝতে জ্যাকুস দেরিদার ডিকনস্ট্রাকশন তত্ত্ব খুবই উপযোগী।

ডিকনস্ট্রাকশন পাঠ করার একটি পদ্ধতি। দেরিদা দেখান

* প্রতিটা বাক্যের একাধিক অর্থ হতে পারে
* সেই অর্থগুলি পরস্পর বিরোধী হতে পারে
* একই বাক্যের নানা ব্যাখ্যা গুলির পরস্পর বিরোধিতা কমানোর কোন উপায় নেই
* তাই ব্যাখ্যা মূলক পাঠের সীমাবদ্ধতা আছে-এটাকে এপোরিয়া বলে

ডিকনস্ট্রাশনের মুলে আছে ডিফারেন্স (Différance)। এই তত্ত্ব অনুযায়ী

* একটি শব্দের নির্দিষ্ট কোন অর্থ নেই-এক টি শব্দের অর্থ তার কাছাকাছি সে সমার্থক শব্দগুলি আছে, তার সাথে পার্থক্য করে নির্নয় করতে হয়। বাড়ি শব্দটির অর্থ নির্নয় করতে আমদের দেখতে হবে কি করে এই শব্দটি ঘর, গৃহ, বাটিকা, প্রাসাদ, অট্টালিকা ইত্যাদি শব্দের থেকে আলাদা।

* যেহেতু প্রতিটি শব্দ একটি ইমেজ বা ছবি (আসল বা এবস্ট্রাক্ট) কে প্রতিনিধিত্ব করে সেহেতু বাড়ির সাথে গৃহ, বাটিকা, অট্টালিকা ইত্যাদি শব্দগুলির পার্থক্য নিরূপন করতে, একই সাথে সমার্থক শব্দগুলির ইমেজ, সামাজিক, ঐতিহাসিক প্রেক্ষাপটকেও ভাবতে হবে ।

একটি বিতর্কিত সুরা ধরে উত্তর দিচ্ছিঃ

9:5 But when the forbidden months are past, then fight and slay the Pagans wherever ye find them, an seize them, beleaguer them, and lie in wait for them in every stratagem (of war); but if they repent, and establish regular prayers and practise regular charity, then open the way for them: for Allah is Oft-forgiving, Most Merciful.

এই আয়াতে সমস্ত গন্ডোগলের উৎপত্তি প্যাগান শব্দের অর্থ থেকে। আলি সিনা এটিকে বিধর্মীদের বিরুদ্ধে যুদ্ধ বলেও ঘোষনা করতে পারেন-কারন কনটেক্সটুয়ালি মানেত তাই। আবার কেও ঐতিহাসিক দৃষ্টিতেও বলতে পারে, প্যাগান মানে তখনকার মক্কাবাসী ্যারা ইসলামের বিরুদ্ধে যুদ্ধে রত ছিল। তাই বর্তমানে আয়াতটির কোন মূল্য নেই। সেটাও ঠিক। আবার কেও প্যাগান বলতে অমুসলিম ধরেও অর্থ করতে পারেন। আবার প্যাগান বলতে এখানে ইসলামের শত্রুও বোঝানো যেত পারে। ব্যাখ্যাগুলি পরস্পর বিরোধি অর্থের জন্ম দিচ্ছে-কিন্ত কোন ব্যাখ্যাকেই ভুল বলা যাবে না । এটার কারন প্যাগান শব্দটার "ডিফ্যারান্স"। কনটেক্সটুয়ালি শব্দটির একাধিক পরস্পর বিরোধি অর্থ হতে পারে -যার কোনটিকেই অস্বীকার করা যাবে না।

প্রশ্ন হচ্ছে ধর্ম গ্রন্থগুলিকে যখন আমরা ব্যাখ্যা করছি-সেই ব্যাখ্যামূলক অর্থের কোনটি ঠিক -আর কোন টি বেঠিক কে নির্নয় করবে? দেরিদার ডিকনস্টাকশন অনুযায়ী-এই ঠিক না বেঠিক ব্যাখ্যা এই প্রশ্নটিই অর্থহীন। কারন বাক্যের বাখ্যার সীমাবদ্ধতা আছে এবং একাধিক ব্যাখ্যাই কনটেক্সুয়াল কারনে ঠিক হতে পারে। একই বাক্য কখনোই একটিই মাত্র অর্থ বহন করে না।

এবার ত তাহলে বিশাল গেরো হল। দেরিদার মূল কথা হল একটি বাক্য দিয়ে একটি না একাধিক অর্থ পাঠকের কাছে সব সময় পৌছে দেওয়া হচ্ছে। অর্থাৎ কোরানের ১২০০ ইন্টারপ্রেটেশন থাকলে ১২০০ টিই ঠিক হতে পারে। তাহলে কি সিদ্ধান্তে আসা যায়?

অ) আল্লা বা ঈশ্বরকে যত্ই বুদ্ধিমান ভাব না কেন -একটি গ্রন্থের মধ্যে দিয়ে তার বক্তব্যকে পৃথিবীতে পাঠানোর মতন বোকামী আর হতে পারে না! কারন সেই বই এর হাজার হাজার ভাবার্থ হতে পারে, ফলে আল্লা বা ঈশ্বর ঠিক কি চাইছেন, তা কোনদিনই জানা সম্ভব না। অর্থাৎ হীরক রাজার দেশের অবস্থা-ব্যাখ্যার কোন শেষ নাই-ব্যাখ্যার চেষ্টা বৃথা তাই। সুতরাং একজন চোর , ডাকাত, মাস্টারমশাই, ব্যাবসায়ী, যোদ্ধা-একই বই পড়লেও এদের কাছে কোরানের ব্যাখ্যা হবে আলাদা। মোদ্দাকথা ১৫০০ মিলিয়ান মুসলিম কোরান পড়ে ১৫০০ মিলিয়ান ব্যাখ্যা তুলে নিয়ে আসতে পারে -যার অনেক গুলিই পরস্পর বিরোধি হবে-কিছু মিল থাকবে। এবং সেটাই বাস্তব। আল্লা বা ঈশ্বর বুদ্ধিমান হলে বই এর মাধ্যমে, ইনস্ট্রাকশন পাঠানোর রামপাঁঠামো কাজটি করতেন না। উনি ত সৃষ্টির মা -বাপ। একদম

মানুষের মস্তিস্কের মধ্যে কোরানটাকে জেনেটিক্যালি ওয়ারড করে পাঠিয়ে দিলেই লেঠা চুকে যেত! আল্লা কি চান? তার আইনের সাম্রাজ্য! সেটা ত মানুষের জেনেটিক কোডে ঢুকিয়ে দিলেই অনায়াসেই হয়ে যেত! উনিই ত মানুষ তৈরী করেছেন! সেটা না করে বই এর মাধ্যমে তার ইচ্ছা বা আইনের কথা জানানোর গাধামো কেন তিনি করলেন তা সত্যই খুব গোলমে লে! একবার ভেবে দেখুন। একটি প্রতিষ্ঠিত আইনের ও হাজার ব্যাখ্যা হয়-আইন বাক্যটি কিন্ত বদলায় না। সুতরাং কিছু আইন সংকলন করে ছেড়ে দিলেই আইনের সম্রাজ্য প্রতিষ্ঠা হয় না-সামাজিক বিবর্তনের সাথে সাথে সেই একই আইনের ব্যাখ্যাও বদলে যায়। সুতরাং একটি গ্রন্থের মাধ্যমে সর্ব কালীন সার্বজনীন একটি ধর্মের প্রতিষ্টা করার ধারনাটাই ডাঁহা ভুল। সর্বশক্তিমান ঈশ্বর বা আল্লার যদি সত্যিই অস্তিত্ব থাকত -ধর্ম রাজ্য বানাতে ধর্ম গ্রন্থ বাজারে ছাড়ার মতন বোকামি তিনি করতেন না। জেনেটিক কোডে সামান্য রদ-বদল করে তিনি তার ধর্ম রাজ্য বানাতে পারতেন! ধর্মগ্রন্থ বাজারে ছেড়ে ধর্ম রাজ্য প্রতিষ্টার খোয়াব মানবিক ক্রিয়া-কলাপ, যা এই বান্দা বর্তমান প্রবন্ধের মধ্যে দিয়ে করে চলেছে। কারন মানুষের জেনেটিক কোড বদল করার ক্ষমতা আমার হাতে নেই!

আ) ধর্মের ব্যাখ্যা মূলক বিতর্কগুলি অর্থহীন জঞ্জালের সৃষ্টি করছে। কারন কোন ব্যা খ্যাই আসলে বেঠিক না। যে কোরানে বিজ্ঞান পাচ্ছে সেও ঠিক ব্যাখ্যা করছে-যে পাচ্ছে না-বা উলটো পাচ্ছে সেও ঠিক ব্যাখ্যা করছে। কারন ওই রকম দুর্বল বাক্যের একটি মাত্র ভাবার্থ থাকতে পারে না। সুতরাং যারা কোরানে বিষ্ঠা এবং মূত্র পাচ্ছে তারাও যেমন ঠিক -আবার যারা ফুল ফলের শোভিত গন্ধ পাচ্ছে তারাও ঠিক। দেরিদার কথা মানতে গেলে ব্যাখ্যা মূলক বিতর্ক সম্পূর্ন অর্থহীন -একাধিক পরস্পর বিরোধি ব্যাখ্যা থাকাটাই বাক্যের ধর্ম!

(৩)

তাহলে কি আমরা জাকির নায়েকের এই ধরনের ধরনের ধাপ্পাবাজির সামনে অসহায়? মোটেও না। আসল সমস্যার মুলেই আঘাত করতে হবে। ডিকনস্ট্রাকশন জনিত দুর্বলতার সুযোগ নিয়ে ধর্মকে মানবিক বা যুগোপযোগী করে তোলার চেষ্টাকে বলে "উইক থিওলজি" বা "দুর্বল ধর্মতত্ত্ব"। এটাই ধর্মতত্ত্বের পোষ্টমডার্নিজম-যে কোন ধর্মতত্ত্বের একটি ই মাত্র ব্যাখ্যা থাকতে হবে তার মানে নেই। কারন ধর্মের টেক্সট বা বাক্যগুলির গঠন খুব দুর্বল। গোদের ওপর বিষফোরার মতন মধ্যযুগীয় শব্দ। ফলে আইসক্রীমের বা চালের যেমন গার্ডেন ভ্যারাইটি প্রোডাক্ট লাইন থাকতে পারে-ইসলাম বা হিন্দু ধর্ম মানেও যে একটিই মাত্র ধর্ম বোঝাতে হবে, তারই বা মানে কি আছে? আসল সত্য ত এটাই ১৫০০ মিলিয়ান মুসলমান ১৫০০ মিলিয়ান রকমের ইসলাম ধর্ম পালন করে। হিন্দু দের মধ্যেও তাই-এক বিলিয়ান হিন্দুর জন্যে এক বিলিয়ান হিন্দু ধর্ম। ভারতে বা পাকিস্থানে যে ধরনের ইসলাম পালন করা সহজ রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায়, আমেরিকাতে তাত হবে না। তাই এখানে, আমেরিকাতে ইসলামের বিবর্তন বা হিন্দু ধর্মের বিবর্তন ও অন্যভাবে হবে। এবং এই ভাবেই ধর্মের উদারনৈতিক ব্যাখ্যাগুলি ক্রমশ গোঁড়া বা রক্ষনশীল ব্যাখ্যাকে কোনঠাসা করতে সক্ষম হবে, সেই বিবর্তনের পথেই। এই ভাবেই ত হিন্দু সংস্কার আন্দোলন সফল হয়েছে। তাই ইসলামের যত বেশী ব্যাখ্যা বাজারে আসবে ধর্মটার বিবর্তন হবে তত দ্রুত-কারন মানুষ তার যুগোপযোগী ব্যাখ্যাটাই খুঁজে নেবে। এই ভাবে বিবেকানন্দের হিন্দু ধর্ম সংস্কার আন্দোলন কিছুটা হলেও সফল হয়েছে। ভারতের ইসলাম আর আরবের ইসলাম এক

না। বাংলার ইসলাম, বাংলার মাটির সাথে কথা বলেই তার ভাবার্থ খুঁজেছিল এক সময় -এখন আবার আরবী হওয়ার চেষ্টা করছে। যা অতীব হাস্যকর কারন বাংলার ইসলামও এই ধরনের উইক থিওলজি থেকে বাংলা সংস্কৃতির সাথে সামঞ্জস্য রেখে বিবর্তিত ধর্ম। সেই বিবর্তনকে উপেক্ষা করে, আরবের ইসলাম বাংলায় চালাতে গেলে, বাংলা ভাই টাইপের চরিত্রই ভবিষ্যত।

আবার ধর্মীয় মৌলবাদিরা ডিকনস্ট্রাকশনের ভাষায় স্ট্রং থিওলজিস্ট-কারন তারা বিশ্বাস করে ধর্মীয় বাক্যের একটিই মাত্র ব্যাখ্যা আছে -যা তারা মানে। কিন্ত আমরা দেখালাম, তা অবৈজ্ঞানিক ধারনা। ধর্মীয় বাক্যের একাধিক অর্থ থাকাটাই বাস্তবে সত্য। মূলত এদের জন্যেই মৌলবাদি জঞ্জালে ভর্তি হয়ে যাচ্ছে গোটা পৃথিবী।

কিন্ত ধর্মে বিজ্ঞান খুঁজে পাওয়া অপবিজ্ঞানীদের কি হবে ? ভাষাবিজ্ঞানী নোয়াম চমস্কির মতে এই ধরনের উৎপাতের কারন ধর্মগ্রন্থগুলির বাক্য উইক টেক্সট বা দুর্বল ভাবে গঠিত বাক্য যা বিজ্ঞানের ভাষা হতে পারে না। রিচার্ড ডকিন্স ও এই ব্যাপারে সহমত। অর্থাৎ নিউটনের তৃতীয় সূত্র বিজ্ঞা ন যে ভাষায় লেখে, সেখানে একটি বাক্যের একাধিক মানে নেই। বিজ্ঞান ভাষ্যে বাক্যকে ভীষন ভাবে অবজেক্টিভ হতে হবে যাতে একটিই মাত্র অর্থ হয় এবং সেই অর্থ অনুসরন করে তার পরীক্ষামূলক অনুসন্ধান সম্ভব। কোন বাক্যের একাধিক পরস্পর বিরোধি অর্থ থাকলে , সেই বাক্যকে আমরা বলব উইকটেক্সট (দুর্বল বাক্য) এবং সেই বাক্যটি বিজ্ঞানের জগতে গ্রহনযোগ্য হতে পারে না। সুতরাং আমাদের স্ট্যান্ডার্ড উত্তর হওয়া উচিত-কোরান বা গীতায় বিজ্ঞান আছে কি নেই-তাই নিয়ে ধার্মিক রা যত খুশী মাথা ঘামাক। তাতে বিজ্ঞানীদের কিছু যায় আসে না -কারন ওই গ্রন্থ গুলির টেক্সট এত দুর্বল -তা একাধিক অর্থ বহন করে, তাই তা বিজ্ঞানের বিবেচ্য নয়। কেও যদি কোরানে বিজ্ঞান আছে বলে গর্বিত বা খুশী হয়। তাতে কি যায় আসে। হিরোইন বা কোকেন খেয়েও লোকে আপাত ভাবে খুবী উজ্জীবিত থাকে। সেটা তাদের চয়েস-কিন্ত বিজ্ঞানী মহলে তা অর্থহীন প্রলাপ ছাড়া কিছুই না ।

মোদ্দা কথা আল্লা নিজের ভেলকি বা কেরামতি দেখাতে চাইলে, মানুষের জেনেটিক কোডেই সেটা করতে পারতেন-বই এর মাধ্যমে সমাজ পরিবর্তনের চেষ্টাটা আমাদের মতন নশ্বর মানুষের কাজ!

কমেন্ট

1. পৃথিবী

সেপ্টেম্বর ৬, ২০০৯ সময়: ২:০৭ অপরাহ্ণ লিঙ্ক

কিন্ত প্রত্যেক বাক্যেরই যদি পরস্পরবিরোধী ব্যাখ্যা থাকা স্বাভাবিক হয়, তাহলে বিজ্ঞানই বা এর উর্ধ্বে হবে কেমনে? বৈজ্ঞানিক সত্য প্রকাশের জন্য তো আমাদেরকে সেই বাক্যেরই শরণাপন্ন হতে হয়।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ৬, ২০০৯ at ৮:১৬ অপরাহ্ণ
@পৃথিবী,

বৈজ্ঞানিক সত্য আসলে কি?

হয় পরীক্ষা লব্ধ রেজাল্ট-যা কিছু নাম্বার। বা সেই রেজাল্টের ব্যাখ্যা। প্রথমটি আলোচনায় আসে না। দ্বিতীয়টি আসে। রেজাল্টের ব্যাখ্যা ভাষায় প্রকাশ করা। যারা জার্নালে পেপার লিখে থাকেন, তারা বিলক্ষন জানেন কোরান বা গীতার ভাষায় রেজাল্ট ব্যাখ্যা করলে, তাদের পেপার সম্পাদক ফেলবেন ডাস্টবিনে-অত্যন্ত সতর্কতার সাথে সেখানে বাক্য এবং ভাষার প্রয়োগ করতে হয়, যাতে নানাবিধ ব্যাখ্যা হওয়ার সম্ভবনা কম থাকে। কিন্ত তার পরেও এই ভাষাগত ব্যাখ্যার সমস্যা বিজ্ঞানের পেপারেও ভাল রকমেই থাকে-কিন্ত ঐ বিষয়ের একাধিক পেপারের পরে, তা আস্তে আস্তে 'দূর' হতে থাকে। আর সেই জন্যেই বিজ্ঞানে গনিত এবং ছবির ব্যাবহার ভাষার থেকেও বেশী করতে হয়-যাতে বৈজ্ঞানিক প্রবন্ধটিতে ডিকনস্ট্রাকশন জনিত দুর্বলতা কম থাকে (
এর পরেও থাকে) । সেই জন্যেই বৈজ্ঞানিক প্রবন্ধকে বলে স্ট্রং টেক্সট-যার একাধিক ব্যাখা থাকলেও ব্যাখ্যাগুলি কাছাকাছি হবে-যাতে পরীক্ষার সাথে মেলানো যায়।

2. 2

আতিক রাঢ়ী
সেপ্টেম্বর ৬, ২০০৯ সময়: ২:২৮ অপরাহ্ণ লিঙ্ক

জ্যাক দেরিদার ডিকনস্ট্রাকশন তত্ত্বকে অস্বিকার করা খুবই কঠিন কাজ। আমি এমন বাক্য খুঁজে বের করার চেষ্টা করে দেখেছি যার দ্বারা মনের ভাব পুরোপুরি প্রকাশ করা যায়।প্রথমে মনে হয়েছিলো কাজটা বোধহয় খুব সহজ হবে কিন্ত দেখলাম যে সব চেয়ে সরল বাক্য এমনকি হাঁ , না জাতীয় এক শব্দের বাক্য গুলিও মনের ভাব সম্পূর্ন ভাবে প্রকাশ করতে অক্ষম।

"হাঁ" শব্দ দ্বারা সব সময় সম্মতি জ্ঞাপন করা বোঝায়না। যেমন-"হাঁ" তোমাকে বলেছে ? অনেক ক্ষেত্রে -তোমাকে বলেছে ? এই অংশটুকুও বলা হয়না। কিন্ত এই "হাঁ" এর অর্থ দাঁড়ায় সরাসরি না। আবার

আছে "হ্যাঁ" এর রকমফের, পুলিশ জোর করে "হ্যাঁ" বলিয়ে নিতে পারে। তোষামদ কারির "হ্যাঁ" পুরো ভিন্ন জিনিষ।

আমরা যখন ডাক্তারকে রোগের কথা খুলে বলি , আসলে কতটা প্রকাশ করতে পারি? আবার প্রেমিক পেমিকাকে যখন তার ভালবাসার কথা বলতে চায় তখন প্রায়ই যে পর্যন্ত সে বলতে পারে তা হলো- তোমাকে আমি কতটা ভালবাসি তা ভাষায় প্রকাশ করতে পারব না।

আবার ধরুন আপনি একটা রং এর কথা অপরকে বলে বোঝাতে চাইছেন আর রং টা যদি লাল, নীল টাইপের না হয়ে একটু Uncommon হয় দেখবেন খবর হয়ে যাবে বোঝাতে।

আসলে আমাদের ভাষা এখনো যথেষ্ট উন্নত না যা দিয়ে আমরা যা অনুভব করি তার পুরোটাই প্রকাশ করতে পারি।

কোরানের নিত্য নতুণ ব্যাখ্যার এই বিনোদন মেলায় কাবাবমে হাড্ডি হয়ে থাকবে বিপ্লব পালের এই লেখাটি।
যারা হাড্ডি পছন্দ করেন তাদর পক্ষথেকে বিপ্লব পালকে তার অনবদ্য লেখাটির জন্য অসংখ ধন্যবাদ।।

3. 3

ফুয়াদ
সেপ্টেম্বর ৬, ২০০৯ সময়: ৬:৪৩ অপরাহ্ণ লিঙ্ক

মানুষের জেনেটিক কোডেই সেটা করতে পারতেন-বই এর মাধ্যমে সমাজ পরিবর্ত্তনের চেষ্টাটা আমাদের মতন নশ্বর মানুষের কাজ

আল্লাহ সুবাহানোতালা সমাজ পরিবরতন চাইতেছেন , এটাই আপনার ভুল ধারনা । তিনি পরিক্ষা করতেছেন । বিশ্ব তার নিজের মত চলতেছে ।

আর আপনার কি সালাফি দের চেনা আছে । তারা ইসলামের কোন নতুন কিছুই মানে না । অনেকে , বিজ্ঞান দিয়ে ইসলাম এর ব্যক্ষা কে ও বিদাত বলে ।

আল্লাহ সুবাহানাতালাকে আপনারঈ খুজে বেড় করতে হবে । এটাই পরিক্ষা ।

কোরানের ভারষন না বলে, কোরানের ব্যক্ষা বলেন। কোরানের কোনে ভারষন নাই।

আপনাদের বৈজ্ঞানিক ফিলসফি দিয়ে চললে মসুলমান দের আরো কাদতে হবে , উন্নতি দূরে থাক, অন্য জাতির লাত্তি খাইয়া যাবে। যেমন ঃ জিন্নার পাকিস্থান। লাত্তি খাইয়া যাইতেছে। বাংলাদেশ, মিশর কোন দাম ই নাই। মসুলমান রা যতঈ আপনাদের ফিলসফি নিতাছে , তত ই মার খাইয়া জাইতেছে। আরও উদাহারন দোখুন ইরান, তারা ইসলাম বিরোধি ফিলসফির সাথে কম্প্রমাইজ করছে, কইরা লাভ হইছে কি। এখন নিজেরা নিজেরা মাইর করতেছে।

যেকোন বিদাত দ্বারা ইসলাম প্রতিষ্ঠিত করতে গেলেই, উল্টা হবে। রিএকশন হবে। আরও অবনতি হবে।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ৬, ২০০৯ at ৭:২৪ অপরাহ্ণ
@ফুয়াদ,

কোরানের একাধিক ব্যাখ্যা হতে পারে, এবং আকছার হচ্ছে, এ কথাটই কিন্তু অত্যন্ত সত্য। এটা বুঝতে কি কোন ডক্টরিন লাগে?

জিন্নার পাকিস্তানের সাথে বিপ্লবদের ফিলোসপির কি সম্পর্ক একটু ব্যাখ্যা করবেন ? বৈজ্ঞানিক ফিলোসপির কারনেই তাদের এত দূর্ভোগ? কে জানে। তবে তালেবান শাসিত আফগানিস্তানেরই বা এত দূর্ভোগ কেন তাই বা কে জানে। তারা তো বিজ্ঞান আধুনিক ফিলোসপি সব ছেড়ে ৬০০ শতাব্দীতে ফিরে যাবার চেষ্টায় অনেকটা সফল হয়েহিল।

আপনার মতে যা বুঝলাম, বাংলাদেশ, মিশর, ইরান, পাকিস্তান এরা “বেদাত” মতে ইসলাম প্রতিষ্ঠার কারনে ভুগছে। বিশুদ্ধ ইসলামের উদাহরন কে হতে পারে? তাদের মুল্যায়নই বা কেমন, মানে তাদের জীবন যাত্রার মান কেমন?

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ৬, ২০০৯ at ৮:৪৯ অপরাহ্ণ
@ফুয়াদ,
আপনার ওই আল্লাতালার পরীক্ষা নিয়ে কিছু প্রশ্ন করেছিলাম। তখন পালাইলেন। আবার করছি।
[১] আল্লাতালা কার পরীক্ষা নিচ্ছেন? আপনার?
[২] আচ্ছা আপনি কে? খ্রীষ্টান পরিবারে জন্মালে আপনি কে হতেন? ২০ মিলিয়ান বছর আগে বানর হয়ে জন্মালে আপনি কে হতেন? আপনার "আমি" তে কত শতাংশ সমাজ আর আপনি?
[৩] আপনার মন বদলাচ্ছে-দেহকোষ বদলাচ্ছে-তাহলে আপনি ঠিক কি? দেহ বা মন ত না-তা বদলাচ্ছে? তাহলে কোন আপনি আল্লার কাছে কি পরীক্ষা দিচ্ছেন?
আরে ভাই খুব সহজ ব্যাপার-যিনি এই 'ডিজাইনের মালিক" তিনি জেনেটিক কোড একটু -সামান্য চেঞ্জ করলেই, 'তার সমাজ এসে যেত!" এই বই বাজারে কেন ছাড়তে গেলেন। ওটাত মানুষ করে থাকে। মানুষের ডিজাইনই যার হাতে, তার ত এসব কিছু করার দরকার নেই নিজের বানী পৃথিবীতে এভাবে পাঠাটে-জ়িনটা সামান্য বদলালেই কাজ হাসিল হয় তার!

তারো আগে সেইদিন পালিয়েছিলেন। আজ জবাব দিন-আপনি কে বলে আপনার মনে হয়? মন না, দেহ না-তাহলে কে আপনি? তার পরে ভাববেন আল্লা কিসের পরীক্ষা নিচ্ছেন। আপনার সারাজীবনের উপস্থিতি এই মহাবিশ্বের ক্ষুদ্রাতিক্ষুদ্র-ব্যাক্টেরিয়ার থেকেও ছোট-আপনি হাগলেন না মুতলেন, তাতে এই সুবিশাল ১৩ বিলিয়ান বছরের মহাবিশ্বের কি যায় আসে? না তার 'অধীশ্বরের' কিছু যায় আসে?



*ফুয়াদ*এর জবাব:
সেপ্টেম্বর ৬, ২০০৯ at ১০:২২ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

ধন্যবাদ। প্রথম ই বলে নিচ্ছি আমি পালিয়েছি, ব্যপারটা বুঝি নাই। আমি তো এখানে লেখতেছি ই। হয়ত দেখি নাই।

যাইহোক,
[১] আল্লাতালা কার পরীক্ষা নিচ্ছেন? আপনার?
উত্তরঃ আমার আপনার সবার। (exam for intelligent)

[২] আচ্ছা আপনি কে? খ্রীষ্টান পরিবারে জন্মালে আপনি কে হতেন? ২০ মিলিয়ান বছর আগে বানর হয়ে জন্মালে আপনি কে হতেন? আপনার "আমি" তে কত শতাংশ সমাজ আর আপনি?

উত্তরঃ আমি একজন মানুষ। খ্রীষ্টান পরিবারে জন্মালে আমি মানুষি হতাম। ২০ মিলিয়ান বছর আগে বানর হয়ে জন্মালে আমি মানুষ হতাম না। আমি সমাজের , সমাজ আমার। অতএব, সমাজের দোষ ত্রুটি আমার, আমার দোষ ত্রুটির কিছু অংশ সমাজের।

[৩] আপনার মন বদলাচ্ছে-দেহকোষ বদলাচ্ছে-তাহলে আপনি ঠিক কি? দেহ বা মন ত না-তা বদলাচ্ছে? তাহলে কোন আপনি আল্লার কাছে কি পরীক্ষা দিচ্ছেন?

আমার মন বদলাচ্ছে-দেহকোষ বদলাচ্ছে , পরমানু বদলাচ্ছে, তাহলেও আমি মানুষ। মানুষ যা আমিও তা।মনে করুন, আপনার ডি এন এ কি আর কারো ডি এন এ এর সাথে পুরো পুরি মিলে যায়।
নিচের দুইটি আয়াত দেখেন ঃ

And they ask you (O Muhammad صلى الله عليه و سلم) concerning the Rûh (the Spirit); Say: "The Rûh (the Spirit) is one of the things, the knowledge of which is only with my Lord. And of knowledge, you (mankind) have been given only a little."[al-Isra 17:85]

She said: 'My Lord! Verily, I have wronged myself, and I submit [in Islam, together with Sulaymaan (Solomon)] to Allaah, the Lord of the 'Aalameen(mankind, jinn and all that exists).'"
[al-Naml 27:44]

আমার জানা মতে হিন্দু ফিলসফিতে এ ব্যপারে ব্যপক আলোচনা আছে। যাইহোক, আমার নিজের মতামত বা মানুষ সৃষ্ঠ মতামতের গ্রহন যোগ্যতা নাই। তাই , আয়াত গুলি ভাল করে দেখেন।

এবং বোঝাতে থাকুন; কেননা, বোঝানো মুমিনদের উপকারে আসবে। আমার এবাদত করার জন্যই আমি মানব ও জিন জাতি সৃষ্টি করেছি। আমি তাদের কাছে জীবিকা চাই না এবং এটাও চাই না যে, তারা আমাকে আহার্য যোগাবে। আল্লাহ তা'আলাই তো জীবিকাদাতা শক্তির আধার, পরাক্রান্ত। অতএব, এই যালেমদের প্রাপ্য তাই, যা ওদের অতীত সহচরদের প্রাপ্য ছিল। কাজেই ওরা যেন আমার কাছে তা তাড়াতাড়ি না চায়। - সূরা আয-যারিয়াত

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ৭, ২০০৯ at ৪:২৬ পূর্বাহ্ন

@ফুয়াদ,
যাক আপনি উত্তরের ধারে কাছে আসতে পেরেছেন।
(১) তাহলে এটা বুঝেছেন, যে সেকালেও লোকে জানত দেহ বা মন পরিবর্তন শীল বলে ‘আমি’ র সংজ্ঞা দেহ বা মন দিয়ে দেওয়া যায় না। তার জন্যে আত্মার ধারনা আনতে হয়-যা বৈজ্ঞানিক প্রমানিত না। এবার আপনিই আরেকটু ভেবে বলুন , এই আত্মার ধারনাটির পেছনে আসল দার্শনিক কারনটি কি? আমি কোন আয়াত বা ধর্মীয় ব্যাখ্যা শুনতে চাইছি না। এর কারন খুবী সাধারন একটি দার্শনিক সমস্যা। সেটা কি জানেন?
(২) আর যদি ডি এন এ কেই আমাদের আসল সত্ত্বা বলে মেনে নেন-যা আমাদের জীবন কালে প্রায় অপরিবর্তন শীল (এপিজেনেটিক্স পরিবর্তন ছাড়া) , তাহলে ত এটাই ঠিক-আমাদের সন্তানের মধ্যেই সেই ‘আমি’ বেঁচে থাকি? তাহলে এই ধর্মের সাত কীর্তন ছেড়ে ছেল মেয়ে মানুষ করা , ভবিষ্যত প্রজন্মের জন্যে আমাদের পৃথিবীকে রক্ষা করাই আমাদের উদ্দেশ্য হওয়া উচিত তাই নয় কি ? সেটাই ত আসল ধর্ম কি বলেন? আপনিই বলুন সন্তান মানুষ করার চেয়ে আর কোন বড় ধর্ম আপনি জানেন কি না?

(৩) ২০৪০ সালে আমি কখন হাগব, মুতব মহান ঈশ্বর ত আগে থেকেই ঠিক করে দিয়েছেন! এখানে আমার “পরীক্ষা” দেওয়ার স্কোপটা কোথায়? আমি পাশ করব বা ফেইল করব, সেটা ত আপনার মহান সৃষ্টিকর্তা যিনি সর্বজ্ঞ আগে থেকেই জেনে বসে আছেন! তাহলে আপনার পরীক্ষায় পাশ বা ফেল করা থেকে উনি আপনাকে নিয়ে নতু ন কি জানবেন? উনি ত সব আগেইজেনে বসে আছেন! যবে থেকে জন্ম দিয়েছেন তবে থেকেই! ভেবে দেখুন। আপনার পরীক্ষা দেওয়ার কথাটি সত্য হতে হলে মানব জাতির ‘স্বাধীন ইচ্ছা” থাকতে হবে, যাতে ঈশ্বর ইন্টারফেয়ার করতে পারবেন না। কারন পরীক্ষক উত্তর বলে দিলে, সেটা আর পরীক্ষা হয় না! সুতরাং আপনি মানুষের স্বাধীন ই চ্ছার অস্তিত্ব স্বীকার করে নিচ্ছেন-তাই যদি হয়-তাহলে পৃথিবী মানুষের দ্বারাই পরিচালিত। ঈশ্বরের দ্বারা নয়।

আশা করি আপনার ঈশ্বরের কাছে পরীক্ষা দেওয়ার ব্যাপরাটা যে বিরাট স্ববিরোধিতা, সেটা বুঝেছেন।



সুমন এর জবাব:
সেপ্টেম্বর ৭, ২০০৯ at ৩:৩৯ পূর্বাহ্ণ
@ফুয়াদ,
তা হুজুর আপনিই আপনার মডেল ইসলামিক একটা দ্যাশের উদাহরন এই নাদান বান্দারে দেন - যারা

নাকি কুরান ফলো কইরা এই জমানায় জ্ঞান বিজ্ঞানে উন্নতিতো করছেই পরকালে বেহেস্তে জাওনের রস্তাভি সুজা কইরা রাখছে। বে ছি দরকার নাই হুজুর এ্যাকখান দ্যাশ। ধন্যবাদ।



ফুয়াদ এর জবাব:
সেপ্টেম্বর ৭, ২০০৯ at ৮:২৩ অপরাহ্ন
@বিপ্লব পাল,

(২) আর যদি ডি এন এ কেই আমাদের আসল সত্ত্বা বলে মেনে নেন-যা আমাদের জীবন কালে প্রায় অপরিবর্তন শীল (এপিজেনেটিক্স পরিবর্তন ছাড়া) , তাহলে ত এটাই ঠিক-আমাদের সন্তানের মধ্যেই সেই ‘আমি’ বেঁচে থাকি?

নাহ, ডিএনএ কে আসল সত্ত্বা বলে মেনে নিচ্ছি না । আরও বিষয় আছে ।

(৩) ২০৪০ সালে আমি কখন হাগব, মুতব মহান ঈশ্বর ত আগে থেকেই ঠিক করে দিয়েছেন! এখানে আমার “পরীক্ষা” দেওয়ার স্কোপটা কোথায়? আমি পাশ করব বা ফেইল করব, সেটা ত আপনার মহান সৃষ্টিকর্তা যিনি সর্বজ্ঞ আগে থেকেই জেনে বসে আছেন! তাহলে আপনার পরীক্ষায় পাশ বা ফেল করা থেকে উনি আপনাকে নিয়ে নতুন কি জানবেন ? উনি ত সব আগেইেজেনে বসে আছেন! যবে থেকে জন্ম দিয়েছেন তবে থেকেই! ভেবে দেখুন। আপনার পরীক্ষা দেওয়ার কথাটি সত্য হতে হলে মানব জাতির ‘স্বাধীন ইচ্ছা” থাকতে হবে, যাতে ঈশ্বর ইন্টারফেয়ার করতে পারবেন না। কারন পরীক্ষক উত্তর বলে দিলে, সেটা আর পরীক্ষা হয় না! সুতরাং আপনি মানুষের স্বাধীন ই চ্ছার অস্তিত্ব স্বীকার করে নিচ্ছেন-তাই যদি হয়-তাহলে পৃথিবী মানুষের দ্বারাই পরিচালিত। ঈশ্বরের দ্বারা নয়।

আপানার বোধ হয় ইসলামে এই আংশটুকু জানা নাই । আল্লাহ সুবাহানাতালা জানেন আমরা কি করব(তাই তিনি তকদির লিখে রেখেছেন) , কিন্তু ঠিক করে রাখেন নাঈ আমরা কি করব , আমরা এ ব্যপারে স্বাধীন । আল্লাহ সুবাহানাতালার হুকুম ছাড়া কিছুই ঘটে না। আমরা কিছু করতে চাইলে , আল্লাহ সুবাহানাতালা তার অনুমতি দিয়ে দেন , ইন্টারফিয়ার করেন না, তাই ঘটনা হয়ে যায় । মানুষের জীবন মানুষ করতিক নিরবাচীত ।

মাঝে মাঝে যে, স্বাস্থি বা স্বরন করিয়ে দেন না, তা কিন্তু নয় ।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ৮, ২০০৯ at ৬:৪৪ অপরাহ্ন

@ফুয়াদ,

” আল্লাহ সুবাহানাতালা জানেন আমরা কি করব(তাই তিনি তকদির লিখে রেখেছেন) , কিন্তু ঠিক করে রাখেন নাঈ আমরা কি করব , আমরা এ ব্যপারে স্বাধীন । আল্লাহ সুবাহানাতালার হুকুম ছাড়া কিছুই ঘটে না। ”

ঠিক বুঝতে পারলাম না এটার মানে কি হল। মনে হচ্ছে ; আপনি বলতে চাচ্ছেন যে যদিও আল্লাহ জানেন আমরা কি করব, কিন্তু তিনি নিজে সেটা ঠিক করে রাখেননি। তাই সেটার দায় আমাদের। তাই না? অর্থাত, আমরা কি করব না করব তা আগে থেকে কোনভাবে ঠিক করা আছে, যদিও তা আপনার মতে আল্লাহ ঠিক করেন নাই।

এ থেকে যা বুঝতে পারলম তা হল, (সংশোধন করে দেবেন যদি ভুল বুঝি) ; আমাদের যাবতীয় ক্রিয়াকলাপ আগে থেকেই কোনভাবে ঠিক করা আছে। কে ঠিক করে রেখেছে তা পরিষ্কার হল না, কারন আপনি বলছেন যে আল্লাহ ঠিক করেননি। এখন আমরা কেবল সেই প্রোগ্রাম অনুযায়ী সেসব কাজ করে যাচ্ছি, আল্লাহ শুধু অনুমতি দিচ্ছেন।

কিছুতেই যা বুঝতে পারছি না, তাহল, আগে থেকেই যদি কোনভাবে বা কেউ আমাদের কাজকারবার ঠিক করে রাখেন তবে আমরা স্বাধীন হলাম কি করে?

আগে থেকেই ঠিক করে রাখার মানে কি এই না যে আল্লাহ যেমন আমার তকদীরে লিখে রেখেছেন আমি দুনিয়ায় আস্তিক হব বা ভাল কাজ করব সেটা, তেমনি বিপ্লব নাস্তিক হবেন বা মন্দ কাজ করবেন সেটা? তাহলে আর মানুষের দায় বা পরীক্ষার প্রশ্ন আসে কিভাবে ? আগে থেকেই যা তকদীরে আল্লাহ লিখে রেখেছেন তার দায় আমাদের উপর কিভাবে বর্তায়?

এ প্রসংগ নিয়ে আমি অনেক ভেবেছি, অনেক ধার্মিকের বক্তব্য শুনেছি, কোনদিন পরিষ্কার হয়নি।

ফুয়াদ এর জবাব:
সেপ্টেম্বর ৮, ২০০৯ at ৭:৩৩ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আসলে, আমরা কি করব না করব, তা আমরাই করি । কিন্তু আমরা কি করব আল্লাহ সুবাহানাতালা আগে থেকেই জানেন । তাই তিনি লিখে রেখেছেন ।

উদাহারন দিলে বুঝতে পারবেন , যেমন ২০০৯ সালে এই সময়ে ফুয়াদ কি করবে তা আল্লাহ সুবাহানাতালা বহু আগেই জানেন। তা ঈ তিনি লিখে রেখছেন।

একটা প্রশ্ন আসে, আল্লাহ সুবাহানাতালা যখন জানেন তখন পরিক্ষা নিবার কি দরকার ?

কারনঃ আল্লাহ সুবাহানাতালা কারো বিচার না করে , তারে শাস্থি দেন না। বিচার হলে দোষের প্রমান দরকার। তারপর ও মনে রাখবেন, যে আল্লাহ সুবাহানাতালা ক্ষমাশীল।
আর আমি যতদূর জানতে পেরেছি তত দূর ব্যক্ষা করেছি । আমি ভুল করতে পারি।
উপরের ব্যক্ষা , আহলে সুন্নাতুয়াল জামাতের আকিদা।

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ৮, ২০০৯ at ৯:০৯ অপরাহ্ণ
@ফুয়াদ,

আল্লাহ সুবাহানাতালা জানেন আমরা কি করব(তাই তিনি তকদির লিখে রেখেছেন) , কিন্তু ঠিক করে রাখেন নাঈ আমরা কি করব , আমরা এ ব্যপারে স্বাধীন

আপনার মাথা কি সুস্থ আছে?

ধরুন আল্লা তালা জানেন আমি ক বাবুকে খুন করবো। কিন্ত তিনি ঠিক করে রাখেন নি আমি তার সাথে প্রেম করব না খুন করব?

একটু ভেবে দেখুন। এ ধরনের স্ববিরোধিতা একমাত্র মানসিক দিক দিয়ে ভারসাম্যহীন লোকদের মাথা থেকেই বেড়োতে পারে।

4. 4

Patraput

সেপ্টেম্বর ৬, ২০০৯ সময়: ১০:৪৪ অপরাহ্ণ লিঙ্ক

বিপ্লব পাল,

অদ্ভূত সুন্দর ব্যাক্ষ্যা! অক্ষয় হয়ে থাকুক আপনার লেখাটি। একটা ব্যপার কি জানেন ? যথাযথ উপাত্য বিহীন অন্ধ বিশ্বাস হলো একধরনের মানসিক রোগ। কাউকে বুঝাতে যে কি ঝামেলা! আপনার প্রবন্ধটি কাজে দেবে এবার! তবে একটি মন্তব্য করতে চাই, এতো প্রাঞ্জল আর শক্তিশালী প্রবন্ধটা কোথায় যেনো একটু হোঁচট খেয়েছে। আবার পড়ে দেখলাম , এটি কিছুইনা জাষ্ট একটা শব্দ। আর তা হলো 'ঢপবাজী'। আধুনিক চটুল বটে, তবে এমন সুন্দর একটি যুক্তিবাদী প্রবন্ধে ঠিক মানায় কিনা, একটু ভেবে দেখবেন? প্রবন্ধটি আমার সংগ্রহে রাখলাম। ভালো থাকুন।

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ৭, ২০০৯ at ৪:০৮ পূর্বাহ্ণ
@Patraput, দর্শনের সব থেকে দূরহ সত্য আসলেই জলের মতন স্বচ্ছ হওয়া উচিত। যেহেতু আমি যেসব বিষয় নিয়ে লিখি, তা আসলেই ভীষন ভারিক্কী -তাই আড্ডার ঢঙে বলার চেষ্টা করি। যাতে লেখাটা পাঠকের ওপর চাপ সৃষ্টি না করে , তাকে কিছুটা আমোদ দিতে পারে। সুতরাং আড্ডার শব্দ গুলি -যেমন ঢপবাজি, রামপাঁঠামো ইত্যাদি আমার লেখাতে আসবে।

আপনি কি বাংলাদেশের না পশ্চিম বাংলার? আমাদের বাংলায় ঢপবাজি (বা ধাপ্পাবাজির অপভ্রংশ) ত লেখকরা ব্যাবহার করেন সাহিত্যে-প্রবন্ধে যদিও তার ব্যাবহার দেখি না। স্ল্যাং বা আরবান ডিকশনারী না ব্যাবহার করলে, আড্ডার মেজাজটা লেখায় রাখা যায় না। অবশ্য বাকি পাঠকদের মতও জানতে চাইব। রক্ষনশীল না আড্ডার ভাষা-কোনটা তারা চাইছেন।

*ফুয়াদ*এর জবাব:
সেপ্টেম্বর ৮, ২০০৯ at ১১:২৮ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

এ ধরনের স্ববিরোধিতা একমাত্র মানসিক দিক দিয়ে ভারসাম্যহীন লোকদের মাথা থেকেই বেড়োতে পারে

উনি জানেন বলে কি দোষ করেছেন ?। এটা আকিদার বিষয় ।



অনি এর জবাব:
সেপ্টেম্বর ১৩, ২০০৯ at ১১:১৮ পূর্বাহ্ণ
@ফুয়াদ, ভাই, কি বললেন আপনে নিজে বুঝছেন তো ?

আগন্তুক এর জবাব:
সেপ্টেম্বর ১২, ২০০৯ at ১:৩০ অপরাহ্ণ
@বিপ্লব পাল,
দাদা সহমত।এ কাজটি দুর্ধর্ষ রকমের ভালো করতেন সৈয়দ মুজতবা আলি এবং তারপরে নাম করতে চাই কুমারপ্রসাদ মুখোপাধ্যায় এর।আমার তো মনে হয় দুরূহ ভাষায় লেখাটা এক ধরনের ‘পণ্ডিতম্মন্য হীনমন্যতা।”মীনক্ষোভাকুল কুবলয়’ লেখার চেয়ে ‘মাছের তাড়নে যে পদ্ম কাঁপিতেছে’- লেখাই ভালো নয় কি?

5. 5

অভিজিৎ

সেপ্টেম্বর ৭, ২০০৯ সময়: ৬:১০ পূর্বাহ্ণ লিঙ্ক

মুক্তমনায় বিজ্ঞান এবং দর্শন নিয়ে যে রকম সূক্ষ আলোচনা হয় , তা মনে হয় না বাংলা আর কোন ফোরামে এমন ব্যাপক আকারে হয়। বিজ্ঞান আর দর্শনের সাম্প্রতিক জ্ঞানকে সামনে নিয়ে আসতে বিপ্লব বরাবরই অনন্য। দেরিদার ডিকনস্ট্রাকশন শুধু ধর্মের ক্ষেত্রেই নয় , মার্ক্সবাদের জন্যও প্রযোজ্য। আমি আগে আমার মার্ক্সবাদ কি বিজ্ঞান? নামের একটি লেখায় দেরিদোর উল্লেখ করে বলেছিলাম মার্ক্সবাদকে ‘বৈজ্ঞানিক’ নয় বরং আধুনিক মানবতাবাদী দৃষ্টিকোন থেকেই আজকের দিনে এর গুরুত্ব এবং আরোপযোগ্যতা বিবেচনা করা উচিৎ। ধর্ম্বাদীদের মত মার্ক্সবাদীরাও তখন খুশি হননি। একই ভাবে ব্যাজার হয়ে ব্যক্তিগত আক্রমণ শুরু করেছিলেন।
বিপ্লবকে ধন্যবাদ লেখাটির জন্য।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ৭, ২০০৯ at ৯:৪৩ পূর্বাহ্ন
@অভিজিৎ,

মুক্তমনায় বিজ্ঞান এবং দর্শন নিয়ে যে রকম সূক্ষ আলোচনা হয় , তা মনে হয় না বাংলা আর কোন ফোরামে এমন ব্যাপক আকারে হয়।

বিজ্ঞান এবং ধর্ম দর্শনের চর্চা মুক্তমনাতেই এখন সর্বাধিক। কিন্ত রাজনৈতিক দর্শনের চর্চা একদম বন্ধ হয়ে গেছে -সদস্যদের উৎসাহ নেই। সম্প্রতি অমর্ত্য সেন এবং মহঃ ইউনুসকে নিয়ে লেখাটাতে কোন রেসপন্সই এল না। ধর্ম দর্শন বৃহত্তর রাজনৈতিক দর্শনের ই অন্তর্ভুক্ত। সুতরাং রাজনৈতিক দর্শনের ভিত তৈরী না হলে ধর্ম দর্শন অধরাই থাকবে।

রাজনৈতিক দর্শনের চর্চা মুক্তমনাতে বাড়াতে হবে।

6. 6

পৃথিবী
সেপ্টেম্বর ৭, ২০০৯ সময়: ১:১৬ অপরাহ্ন লিঙ্ক

দেরিদার এই তত্ত্ব সম্পর্কে জ্ঞান না থাকলেও আমি আসলে এই বিষয়টা অনেক আগে থেকেই অনুভব করতাম। এমন কোন বাক্য তৈরী কি সম্ভব যা শুধু একটি অর্থই পোষণ করে? এই প্রশ্নটা প্রায়ই আমার মনে জাগত। ঈশ্বরের বাণীর মাধ্যম হিসেবে মনুষ্য ভাষা যে মোটেই উপযুক্ত নয় , এই অনুভূতির কারণেই এই সিদ্ধান্তে উপনীত হয়েছিলাম।

তবে এই মুহূর্তে একটি বাক্যের কথা মনে পড়ছে - "আমি বাংলাদেশকে ভালবাসি"। এই বাক্যকে আর কিভাবে ব্যাখ্যা করা যায়?

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ৭, ২০০৯ at ৬:০৩ অপরাহ্ণ
@পৃথিবী

“আমি বাংলাদেশকে ভালবাসি”। এই বাক্যকে আর কিভাবে ব্যাখ্যা করা যায়?

এখানে বাংলাদেশ এবং ভালোবাসা এই শব্দদুটির প্রচুর ডিফারান্স আছে।

যেমন
বাংলাদেশ== বাংলাদেশের জনগণ
== বাংলাদেশের প্রকৃতি-সৌন্দর্য্য
== উভয় দুই প্রকৃতি
== ভারত থেকে বিচ্ছিন্ন বাংলাদেশের স্বাধীন রাজনৈতিক অসিত্ব
== ইসলামিক জাতিয়তাবাদি বাংলাদেশ যা বাঙালী মুসলমানদের সার্বভৌম রাষ্ট্র
== বাংলাদেশের জনগন কিন্ত রাজনীতি না বা সবকিছুই
== বাংলাদেশের সংস্কৃতি (যেমন আমি যদি বলি ” আমি বাংলাদেশকে ভালবাসি”-যেহেতু আমি ভারতীয়-আমার দৃষ্টিতে এর মানে দাঁড়াবে, আমি বাংলাদেশের জনগন বা সংস্কৃতি বা উভয়কেই ভালবাসি। অনেক ভারতীয় বাংলদেসশের রাজনৈতিক
অস্তিত্ব পছন্দ না করলেও বাঙ্গালী সংস্কৃতি পছন্দ করে। আবার বাংলাদেশীদের কাছে রাজনৈতিক অস্তিত্বটাই আসল)
জাস্ট হিসাব করে দেখুন ” আমি বাংলাদেশকে ভালবাসি” এই কথাটা
একজন বাংলাদেশী ইসলামিক জাতিয়তাবাদি, বাঙালী জাতিয়তাবাদি, বা পশ্চিম বঙ্গ বাসি-এদের সবার কাছে আলালা অর্থে প্রকাশিত।

*অভিজিৎ*এর জবাব:
সেপ্টেম্বর ৭, ২০০৯ at ৮:৪০ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

" আমি বাংলাদেশকে ভালবাসি" এই কথাটা
একজন বাংলাদেশী ইসলামিক জাতিয়তাবাদি, বাঙালী জাতিয়তাবাদি, বা পশ্চিম বঙ্গ বাসি-এদের সবার কাছে আলালা অর্থে প্রকাশিত।

খুবই সত্য কথা। সেজন্য দেশপ্রেমের সংজ্ঞাতেও দেখা যায় বিস্তর ফারাক। বিগত বিএনপি -জামাত আমলে যখন সংখ্যালঘুদের উপর অত্যাচার আর নিপীড়ন বৃদ্ধি পেয়েছিলো আশঙ্কাজনকভাবে , তখন আমরা তা বন্ধের জন্য আন্তর্জাতিকভাবে চেষ্টা চালিয়েছিলাম। আমাদের কাছে মনে হয়েছিলো, দেশকে ভালবাসা মানে দেশের নিপীড়িত মানুষকে ভালবাসা , তাদের বেঁচে থাকার লড়াইকে সহায়তা করা। অথচ সরকারের চোখে দেশপ্রেমের সংজ্ঞা ছিলো ভিন্ন। তাদের কাছে মনে হয়েছিলো সংখ্যালঘুদের উপর অত্যাচারের কাহিনী তুলে ধরে, এগুলো নিয়ে লেখালিখি করে আমরা দেশের ভাবমূর্তি ক্ষুন্ন করছি। বাংলাদেশকে 'ভালবাসা'র ব্যাপারটা থেকেই দুই গ্রুপ দুই সিদ্ধান্তে উপনীত হয়েছিলো।

আমাকে লিখতে হয়েছিলো 'যুক্তির আলোয় দেশের ভাবমূর্তি ও দেশপ্রেম ' এবং 'বোমা হামলা আর ভাবমূর্তির ষোলকলা'র মত প্রবন্ধ।

7. 7

শিক্ষানবিস

সেপ্টেম্বর ৮, ২০০৯ সময়: ২:২৯ অপরাহ্ণ লিঙ্ক

ডিকনস্ট্রাকশন তত্ত্বের কাহিনী একেবারেই জানতাম না। অনেক ধন্যবাদ লেখাটার জন্য। কুরআনের তাফসিরগুলো পড়লেই বোঝা যায় সেখানে কত কত মতপার্থক্য। আর আয়াতগু লোও যে কত অস্বচ্ছ ও কনফিউজিং সেটা তো না বললেই নয়। দেরিদার তত্ত্ব সম্পর্কে বিস্তারিত জানতে ইচ্ছা করছে।

8. 8

আগন্তুক

সেপ্টেম্বর ৯, ২০০৯ সময়: ৫:৩১ অপরাহ্ণ লিঙ্ক

ধন্যবাদ বিপ্লবদাকে সুন্দর একটি প্রবন্ধের জন্য।
তবে প্রথমেই সতর্ক করে দিই যেন কেউ ভেবে না বসে যে,বাক্যের অনেক মানে থাকে বলে সব বাক্যই অর্থহীন - এ জাতীয় কিছু।তাহলে মানুষের সব জ্ঞানই অর্থহীন হয়ে পড়ে।
মহম্মদের ইতিহাস আর কোরান পাশাপাশি রেখে পড়লে, যেকোন বুদ্ধিমান লোক খুব সহজেই বুঝবে কোরানে কি এবং কেন কেন লেখা হয়েছিল।

অর্থাৎ বিপ্লবদা এটাও শুরুতেই বুঝিয়ে দিয়েছেন যে ,অনেক অর্থ বা ব্যাখ্যা থাকলেও ‘কন্টেক্সচুয়াল মিনিং’ কিন্তু সহজেই বোধগম্য।গীতা-বাইবেল-কুরান কি অর্থ প্রকাশ করে তা বোঝার জন্য আইনস্টাইন বা শ্রয়ডিঙ্গার হতে হয় না।দেশ-কাল-পাত্র তথা পরিপ্রেক্ষিত বিচার করলেই একদম স্বচ্ছ হয়ে যায় সব কিছু।

বাক্যের অনেকগুলো অর্থই হতে পারে কিন্তু তার মধ্যে কন্টেক্সচুয়াল অর্থটাই শুধু গ্রহনযোগ্য।কাজেই এই লেখা পড়ে ভুলেও ভাবা উচিত নয় যে ‘জোকার জাকির’
দের ব্যাখ্যা গ্রহনযোগ্য হতে পারে।
বাক্যের সীমাবদ্ধতাগুলো যুক্তিবিদ্যার আলোকে জানতাম।কিন্তু এদের যে একটা গালভরা নাম আছে - ‘ডিকনস্ট্রাকশন তত্ব’- তা জানতাম না।অত বিদ্যে নেই ঘটে।আর কন্টেক্সচুয়াল মিনিং বুঝতে তেমন কষ্ট হয় না বলে বিকল্প অর্থগুলো মনেই আসে না।তাই বিপ্লবদাকে কয়েকটা প্রশ্ন করে ফেলেছিলাম ‘আমি ভাত খাই’ সংক্রান্ত।ব্যস্ততার মধ্যেও উনি ব্যাপারটা আমায় বুঝিয়ে দিয়েছিলেন।তার জন্য অজস্র ধন্যবাদ।
আমার মনে হয় যুক্তির সীমাবদ্ধতার মধ্যে এই তত্বটিও পড়ে।যেমন বার্ট্রান্ড রাসেলের সেট সঙ্ক্রান্ত প্যারাডক্সটি।বাক্য ও যুক্তি সীমাবদ্ধ বলেই তো প্যারাডক্স তৈরি হয় যার সমাধান জাকির নায়েকদের মত রামছাগলরাই করতে পারে ধর্মের ‘আলোকে!’বিপ্লবদাকে অনুরোধ করব বিষয়টি নিয়ে আরেকটু পড়াশোনা করার জন্য কিছু লিঙ্ক দিলে।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ৯, ২০০৯ at ৬:৩৪ অপরাহ্ণ
@আগন্তক,
সম্পূর্ণ বিষয়টাকে দুর্বল ধর্মতত্ত্ব বলে। দুর্বল ধর্মতত্ত্ব মৌলবাদের বিরুদ্ধে শক্তিশালী অর্থ। ১৫০০ মিলিয়ান মুসলিমদের অধিকাংশের জ্ঞান গম্যির যা অবস্থা , তাতে ইসলাম তারা ছাড়বেন না। কিন্ত তারা অমানবিক নন। তাই কোরানের মানবিক ব্যাখ্যাতে (যাতে যতই গোঁজ থাক না কেন) যদি তাদের উপকার হয়-ভালোই ত। এই গোঁজ ত রামকৃষ্ণ-বিবেকানন্দও দিয়েছিলেন।

দুর্বল ধর্মতত্ত্বঃ

[১]http://en.wikipedia.org/wiki/Deconstruction-and-religion

[২]http://en.wikipedia.org/wiki/Postmodern_Christianity

[3]http://www.jcrt.org/archives/07.2/heltzel.pdf

[4]http://www.jcrt.org/archives/05.2/robbins.pdf

9. 9

আগন্তুক

সেপ্টেম্বর ৯, ২০০৯ সময়: ৫:৪২ অপরাহ্ণ লিঙ্ক

ভুলে পুরোটাই উদ্ধৃতির মধ্যে পড়ে গেছে। 🙂

মুক্তমনা এডমিন এর জবাব:

সেপ্টেম্বর ৯, ২০০৯ at ৬:১০ অপরাহ্ণ

@আগন্তুক,

ঠিক করে দেয়া হলো। :-))

10. 10

পৃথিবী

সেপ্টেম্বর ১০, ২০০৯ সময়: ১২:২১ অপরাহ্ণ লিঙ্ক

আচ্ছা ডিকন্সট্রাকশন সম্পর্কে ভাল কোন বই বা প্রবন্ধ কি আছে? বিষয়টা খুবই কৌতুহলদ্দীপক লাগছে।

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ১১, ২০০৯ at ৬:৪১ অপরাহ্ন
@পৃথিবী,

http://www.erraticimpact.com/~20thcentury/html/derrida.htm#online

ei link ye anek boi ache

11. 11

খালেদ
সেপ্টেম্বর ১১, ২০০৯ সময়: ১:১৩ পূর্বাহ্ণ লিঙ্ক

জনাব বিপ্লব, আপনার লেখা দেখলে মনে হয় আপনি জগতের সব সত্য বুঝে ফেলেছেন।কোন দ্বিধা নাই।এটা ভাল।এরকম একটা অনুভুতি আমিও চাই।পারছিনা।কেবলই মনে হয় "দরবেশ সিরাজ সাই কয় লালনরে তোর সদাই মনের ভ্রম যায় না।"
আপনি বলবেন কেন, কিসের প্রভাবে একেকজন মানুষ একেক রকম চিন্তা করে ?আপনি কেন এত বুদ্ধিমান,আর আমি কেন এত নির্বোধ? আপনি হয়ত কতিপয় পারিপার্শিক প্রভাবের কথা বলবেন।সেই প্রভাবেরই বা আদি কারণ কি?
একজন নিরক্ষর মহম্মদ কিভাবে এত তথ্য জানলেন, কেন তার মধ্যে মানব কল্যানের জন্য এত আকুতি জেগে উঠল।যেজন্য তিনি নিজের ভাবনা মানুষের কল্যাণের জন্য আল্লার কথা বলে চালালেন। কেন তিনি সমসাময়িক অন্যদের মত ভোগবিলাসে মত্ত হলেন না।
মন্তব্যটা আপনাদের মানের না হলেও নির্বোধকে জ্ঞান দেওয়ার জন্য একটু কষ্ট করবেন।
ধন্যবাদ

Akash Malik এর জবাব:
সেপ্টেম্বর ১১, ২০০৯ at ৭:৪৫ পূর্বাহ্ণ
@খালেদ,

একজন নিরক্ষর মহম্মদ কিভাবে এত তথ্য জানলেন?

মুহাম্মদ নিরক্ষর ছিলেন না, তিনি কোন বৈজ্ঞানিক তথ্যও জানতেন না।

কেন তার মধ্যে মানব কল্যানের জন্য এত আকুতি জেগে উঠল।

ক্ষমতা, সম্পদ ও অবাধ নারীভোগের তাড়নায়।

কেন তিনি সমসাময়িক অন্যদের মত ভোগবিলাসে মত্ত হলেন না?

এক রাতে ৯ বছরের শিশু থেকে ৫০ বছরের বুড়ি নিয়ে মোট ১২জন নারীর সাথে সঙ্গম করার পর আর বিলাসিতার শক্তি বা সময় কই?



ফুয়াদ এর জবাব:
সেপ্টেম্বর ১১, ২০০৯ at ১০:৪৭ পূর্বাহ্ণ
@Akash Malik,

এক রাতে ৯ বছরের শিশু থেকে ৫০ বছরের বুড়ি নিয়ে মোট ১২জন নারীর সাথে সঙ্গম করার পর আর বিলাসিতার শক্তি বা সময় কই

এটা যে মিথ্যা একটা পাগলে ও বুঝব । উনার বও ছিল মানলাম । এই লেখা ১০০% মিথ্য বুঝতে আইন্সটাইন হইতে হয় না ।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ১১, ২০০৯ at ৬:৪৪ অপরাহ্ণ

@ফুয়াদ, তাহলে ত বলতেই হয় আপনারা যার হদিসে বিশ্বাস করেন তারা সবাই পাগল। মহম্মদ একরাতে সব বিবির সাথে শুতেন, এটাত মালিক সাহেব হাদিস থেকে দিলেন। দেখছেন ত আপনি নিজেই নিজেকে পাগল বলছেন। তাহলে আমরা খুবই ভাগ্যবান আপনি স্বীকার করেই নিলেন , একমাত্র পাগলেই হদিসে বিশ্বাস করে।

আগন্তুক এর জবাব:

সেপ্টেম্বর ১২, ২০০৯ at ১২:৫৮ অপরাহ্ণ

@ফুয়াদ,

ভাই পড়াশুনো করুন।মুহাম্মদ সব বিবির সাথে একই দিনে সঙ্গম করতেন এবং তার ৩০ জন পুরুষের সমান ক্ষমতা ছিল - এ কথা সিরাতে আছে।

12. 12

বিপ্লব পাল

সেপ্টেম্বর ১১, ২০০৯ সময়: ৯:০৯ পূর্বাহ্ণ লিঙ্ক

একজন নিরক্ষর মহম্মদ কিভাবে এত তথ্য জানলেন, কেন তার মধ্যে মানব কল্যানের জন্য এত আকুতি জেগে উঠল।যেজন্য তিনি নিজের ভাবনা মানুষের কল্যাণের জন্য আল্লার কথা বলে চালালেন। কেন তিনি সমসাময়িক অন্যদের মত ভোগবিলাসে মত্ত হলেন না।

আপনি কি কখনো লক্ষ্য করেছেন, যারা ব্যাবসা করে, তারা ব্যাবসার তাগিদেই অনেক খবর রাখে? সাক্ষর বা নিরক্ষর যায় হৌন না কেন? মহম্মদ কিন্ত একজন সফল ক্যারাভান ম্যানেজার ছিলেন। নানান স্থানে পসার নিয়ে গেছেন। লাভ ও করেছেন। সেকালে জ্ঞানার্জনের জন্যে ভ্রুমনের দরকার হত-সাক্ষরতার নয়। আর মহম্মদ ব্যাবসার খাতিরে নানান শ্রেনীর লোকের সাথে ওঠা বসা বা ভ্রুমনে যেতেন। তাছাড়া তিনি সৎ ছিলেন বলেই তার সাথে লোকে ব্যাবসা করত। সৎ লোকরা শেখেও বেশী। সুতরাং তার জ্ঞানার্জনটা আমার কাছে খুবই স্বাভাবিক -যে ব্যাবসার জন্যেই তিনি ইহুদি, খ্রীষ্ঠানদের সাথে মিশেছেন এবং একেশ্বরবাদের সাথে তার ভালোই পরিচয় ছিল। সাথে সাথে বুদ্ধমান এবং সৎ হওয়াই, একেশ্বরবাদকে কিভাবে আরো উন্নত করা যায়, সেটাও যুদ্ধ এবং নানান ঘটনার মাধ্যমে বুঝেছেন। সেটাই ঈশ্বরের নামে চালিয়েছেন -তখনকার দিনে সব রাজারাই তাই করত। সেটাও এমন কিছু নতুন কিছু বা অন্যায় কিছু করেন নি। আর তিনি বিলাস বিহীন জীবন যাপন করেছেন সেটা বলা

কি খুব ঠিক হবে? এতজন বিবি নিয়ে যিনি বাস করেছেন, তার জীবন বিলাসবিহীন ছিল একথা বলি কি করে-বিশেষ করে সঙ্গমই যখন ছিল মধ্য যুগের বহত্তম আনন্দ। তিনি যদি বুদ্ধের মতন ভিক্ষুকের জীবন কাটাতেন, আপনার কথা মেনে নি্তাম। তবে গরীবদের কথা, তাদের দারিদ্রের কথা তিনি নিশ্চয় ভেবেছেন- সেটাত কোরান পড়লেই বোঝা যায়।

ফুয়াদ এর জবাব:

সেপ্টেম্বর ১১, ২০০৯ at ১১:১২ পূর্বাহ্ণ

@বিপ্লব পাল,

তিনি বিলাস বিহীন জীবন যাপন করেছেন সেটা বলা কি খুব ঠিক হবে ? এতজন বিবি নিয়ে যিনি বাস করেছেন, তার জীবন বিলাসবিহীন ছিল একথা বলি কি করে-বিশেষ করে সঙ্গমই যখন ছিল মধ্য যুগের বহত্তম আনন্দ। তিনি য দি বুদ্ধের মতন ভিক্ষুকের জীবন কাটাতেন , আপনার কথা মেনে নি্তাম

ওনার অধিকাংশ বিয়ে রাজনিতিক । আর কিছু মানুষরে সাহায্য করার জন্য । কিছু কুসংষ্কার দূর করার জন্য । আর যে ৯ বছরের বালিকার কথা বলতেছেন , সে না থাকলে ইসলাম এত দূর পৌছত না ।

একটা মিথ্যা পড়তে পড়তে , আপনার ধারনা হইছে ওইটাই সত্য কথা । একটা গল্প শুনুন ঃ

একটা চোর আর একটা নামাজী মানুষ প্রতিদিন সকাল বেলা দিঘির দুই পাশে হাত মুখ দুইত । নামাজী ব্যক্তি টে ভাবত, ঐ মানুষটি কত ভাল মানুষ , প্রতিদিন সকাল বেলা ওজু করে নামাজে যায় , একদিন ও মিস করে না । আর চোরটা ভাবে ঃ সারা রাত চুরি কইরা, হাত মুখ দইতে আইছে , কি জানি আমার থিকা বেশী কামায় মনে হয় ।

আশা করি বুঝতে পারছেন । আর আপনার “দেরিদার ডিকনস্ট্রাকশন তত্ত্বের আলোকে ধর্মগ্রন্থের ব্যক্ষা ” এর ও ইসলামিক ব্যক্ষা আছে । ধন্যবাদ ।

আদিল মাহমুদ এর জবাব:

সেপ্টেম্বর ১১, ২০০৯ at ৫:২৯ অপরাহ্ণ

@ফুয়াদ,

চোর আর নামাজীর গল্পটা সত্য সত্যই ভাল লেগেছে, কৌতুক হিসেবে বলা যেতে পারে বেশ চমতকার।

এ গল্পে অবশ্য বেশ বড় ফাক আছে বাস্তবতার দৃষ্টিতে। একজন চোর কিন্তু সবসময়ই চোর। তবে নামাজী সম্পর্কে তেমন কিছু বলা যায় না, এ গল্পের সরল assumption হল নামাজী মানেই ভাল মানুষ। এ assumption ঠিক নয়। মানুষ ভাল নাকি মন্দ তা নামাজের মাত্রা দেখে বোঝা যায় না। আশা করি বুঝতে পারবেন। নামাকী মানুষ ভালও হতে পারেন , আবার ভয়াবহ বদ লোকও হতে পারে, তাই না?

---

1. *ফুয়াদ*এর জবাব:
   সেপ্টেম্বর ১১, ২০০৯ at ৭:৪২ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,

ভয়াবহ বদ লোকও হতে পারে, তাই না?

হতে পারে, কিন্তু আমি যা বুঝাইতে ছি , তা ত ঠিক আছে বলে আমার মনে হয় ।

*আদিল মাহমুদ*এর জবাব:
সেপ্টেম্বর ১১, ২০০৯ at ৮:৩০ অপরাহ্ণ
@ ফুয়াদ,

আপনি কি বুঝিয়েছেন তা আমি বুঝেছি। সেটা অনেকটা আপনার আর বিপ্লবের ব্যক্তিগত ব্যাপার বলে আমি কোন মন্তব্য করিনি। আমি শুধু একটা কৌতুক পড়ে যে মজা পাওয়া যায় তাই পেয়েছি।

সে প্রসংগ যখন টানলেনই তখন বলতে হয় যে, সে কৌতুক দ্বারা আপনি বোঝাতে চাচ্ছেন যে যে যেমন সে বাকি সবাইকে তেমনি ভাবে। হতে পারে, আবার নাও হতে পারে।

এ জাতীয় কথাবার্তা আসলে যুক্তি প্রমান ভিত্তিক তর্ক থেকে ব্যক্তিগত রেষারেষির জন্ম দেয় বেশী। মোহাম্মদকে ডিফেন্ড করতে চাইলে বরং যেসব ইসলামী সোর্স দিয়ে (তার মধ্যে সহী বুখারী হাদীস ও

আছে) তার চরিত্র হনন করা হচ্ছে বলে আপনি মনে করেন সেগুলো চ্যালেনজ় করুন, ভুল বার করুন।

আর যদি বলে দেন যে যেসব হাদীস কেবল আপনার কথাকে সমর্থন করে সেগুলিই কেবল ঠিক, আর যা আপনার মতের বিরুদ্ধে যায় সেগূলি ভুল তাহলে তো আর যুক্তি তর্কের প্রয়োযান নেই। তভে সেক্ষেত্রেও আপনার উচিত হবে সেসব হাদীস চিরতরে বাদ দেবার জন্য চেষ্টা করা।

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ১১, ২০০৯ at ৫:৫১ অপরাহ্ণ
@ফুয়াদ, বিয়ে করাকে আমাদের বাংলা ভাষাতেও কন্যা উদ্ধার বলে। তা ফুয়াদ ভাই, আমি আশঙ্কিত। এই বাংলায় এক সময় কুলীন ব্রাহ্মনরা ৫০-৭০টা করে বিয়ে করে বলত তারা কন্যা উদ্ধার করছে। নিজের যৌন আকাখঙ্কা মেটানোটাকে কন্যা উদ্ধার বলাটাও ডিকনস্ট্রাকশন-আপনার চোখে ধর্মের চশমা। তাই এর মধ্যে কোন যৌণতার গন্ধ পাচ্ছেন না। স্বয়ং মহম্মদ কিন্ত তার যৌণ ইচ্ছা গোপন করেন নি। আপনি কি তার থেকেও বেশী জানতেন কেন তিনি বিয়ে করেছিলেন?
বুদ্ধ আম্রপলিকে উদ্ধার করেন নি ? তার জন্যে তাকে আম্রপলিকে কি বিয়ে করতে হয়েছিল? বুদ্ধর অনেক শিষ্যা ছিলেন, তাদের কাউকেই ত বুদ্ধর বিয়ে করার প্রয়োজন হয় নি।

*ফুয়াদ*এর জবাব:
সেপ্টেম্বর ১১, ২০০৯ at ৭:৪০ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

উনি যে সব বিয়ে করেছেন তার আনেক বিয়ে রাজনিতিক উদ্দেশ্য করছেন তা, হাদিস থেকে প্রমান পাওয়া যায় ।
আর মন্দিরের বশ্যা সৃষ্ঠই হবার সম্ভাবনা ছিল , তাই, অন্যদের পথে উনি হাটেন নি ।
ঊনি বিবাহ করছেন , যারা আমাদের ইসলাম শিক্ষা দিছেন ।
দেখছেন ত আপনি নিজেই নিজেকে পাগল বলছেন। তাহলে আমরা খুবই ভাগ্যবান আপনি স্বীকার করেই নিলেন, একমাত্র পাগলেই হদিসে বিশ্বাস করে

যে হাদিস কোরান এর বিপরীতে যায় তা মানার নিয়ম নাই। বলা হয়, ঐ সব হাদীসের মানে আমরা বুঝতে ছি না। আর আমাদের রেকর্ড ভুল হতে পারে। অথবা , বর্ননাকারী ও ভুল বুঝতে পারে। ধন্যবাদ

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ১১, ২০০৯ at ৮:৪২ অপরাহ্ণ
জনাব ফুয়াদ, মন্দিরের বেশ্যাবৃত্তি হিন্দু ধর্মের রেওয়াজ , বৌদ্ধ ধর্মের না। আম্রপালি একজন বিশিষ্ট গণিকা ছিলেন প্রথম জীবনে-পরবর্তী কালে সব ছেড়ে ভিখারীনি হয়ে যান। আপেলের সাথে কুমড়ার তুলনা করতে বোধ হয় আপনাদের জুরি নেই!



*Akash Malik*এর জবাব:
সেপ্টেম্বর ১১, ২০০৯ at ৯:৪৩ অপরাহ্ণ
@ফুয়াদ,
আপনার মিথ্যে বানোয়াট গল্প মোল্লাদের মুখ থেকে বহু আগেই শুনেছি , শুনেছি নীচের হাদিসগুলোও। বোখারী শরীফ খুলে দেখুন আল্লাহর নবীর ভোগবিলাসহীন জীবন , মানবকল্যানের জন্যে যার মন সদা ব্যাকুল ছিল।

Volume 1, Book 5, Number 270:

Narrated Muhammad bin Al-Muntathir:

on the authority of his father that he had asked 'Aisha about the saying of Ibn 'Umar(i.e. he did not like to be a Muhrim while the smell of scent was still coming from his body). 'Aisha said, "I scented Allah's Apostle and he went round (had sexual intercourse with) all his wives, and in the morning he was Muhrim (after taking a bath)."

Volume 1, Book 5, Number 268:

Narrated Qatada:

Anas bin Malik said, "The Prophet used to visit all his wives in a round, during the day and night and they were eleven in number." I asked Anas, "Had the Prophet the strength for it?" Anas replied, "We used to say that the Prophet was given the strength

of thirty (men)." And Sa'id said on the authority of Qatada that Anas had told him about nine wives only (not eleven).
তবে শুধু নবী নয়, তার সাহাবীগনও অতি দুঃখ কষ্টে ফকিরি ভিখিরী জীবন কাটিয়েছেন। তাদের না ছিল ধনের লোভ, না ছিল নারীর লিপ্সা। নীচের হাদিসগুলো দেখুন -
Allah's Messenger set out on an expedition to Khaibar and we took it (the territory of Khaibar) by force, and there were gathered the prisoners of war. There came Dihya and he said: Messenger of Allah, bestow upon me a girl out of the prisones. The prophet said: go and get any girl. Dihya made a choice for Safiya the daughter of Huyayy b. Akhtab, (the chief of Quraiza). There came a person to Allah's Apostle and said: Apostle of Allah, you have bestowed Safiya upon Dihya and she is worthy of you only. The prophet said: call him back along with her. So he came along with her. When Allah's Apostle saw Safiya he said: take any other girl from among the prisoners. The Prophet then granted her (Safiya) freedom and then married her. On the way Umm Sulaim embellished Safiya and then sent her to the Prophet at night. Allah's Apostle appeared as a bridegroom in the morning (মুসলিম শরিফ, বুক ৮, হাদিস নাম্বার ৩৩২৫)
Abu Sirma said to Abu Sa'id al Khadri: 0 Abu Sa'id, did you hear Allah's Messenger mentioning al-'azl (Withdrawing the male sexual organ before emission of semen to avoid-conception)? He said: Yes, and added: We went out with Allah's Messenger on the expedition to the Bi'l-Mustaliq and took captive some excellent Arab women; and we desired them, for we were suffering from the absence of our wives. So we decided to have sexual intercourse with them by observing 'azl, but we said: we are doing an act whereas Allah's Messenger is amongst us; why not ask him? So we asked Allah's Messenger, and he said: It does not matter if you do not do it, for every soul that is to be born up to the Day of Resurrection will be born. (মুসলিম শরিফ, বুক ৮, হাদিস নাম্বার ৩৩৭১)

Abdullah (b. Mas'ud) reported: "We were on an expedition with Allah's Messenger and we had no women with us. We said: Should we not have ourselves castrated? The Prophet forbade us to do so. He then granted us permission that we should contract temporary marriage for a stipulated period giving her a garment, and 'Abdullah then recited this verse: 'Those who believe do not make unlawful the good things which Allah has made lawful for you, and do not transgress. Allah does not like transgressors" (al-Qur'an, 5:87). ((মুসলিম শরিফ, বুক ৮, হাদিস নাম্বার ৩২৪৩)

হজরত সাবরা জোহানী (রাঃ) বলেনঃ ‘ নবীজির অনুমতি পেয়ে আমি বনি সোলায়েম গোত্রের এক বন্ধুকে নিয়ে মেয়ের সন্ধানে বেড়িয়ে পরি। আমরা বনু-আমির গোত্রের এক সুন্দরী যুবতীর সম্মুখীন হলাম যার ছিল উস্ট্রীর মতো লম্বা গলা।য়ামরা তাকে অস্থায়ী বিয়ের (Temporary Marriage) প্রস্তাব দিলাম। প্রস্তাবে মহিলাটি জানতে চাইলো তাকে দেবার মতো আমাদের কি আছে? আমরা বললাম, গায়ের চাদর ব্যতিত আমাদের কিছুই নেই। আমার বন্ধুর চাদরখানি আমার চাদরের চেয়ে সুন্দর ও মুল্যবান ছিল, তথাপি মেয়েটি আমাকেই গ্রহন করলো। আমি তিনদিন মহিলাটির সাথে থাকার পর নবীজি আদেশ দিলেন- অস্থায়ী বিয়ের যাদের সময়সীমা শেষ হয়ে গেছে তাদের মহিলাদিগকে ছেড়ে দেয়া হউক।(সহিহ মুসলিম শরিফ, বুক ৮, হাদিস নাম্বার ৩২৫২)।

আজিকার দিনের মুসলমানরা সাহাবীদের পবিত্র আদর্শ ভুলে গিয়ে প্রায়শঃ বেশ্যালয়ে তশরিফ ফরমান।

*ফুয়াদ*এর জবাব:

সেপ্টেম্বর ১২, ২০০৯ at ৬:২১ অপরাহ্ণ

@Akash Malik,

সামান্য জ্ঞান যার আছে , সে ও বুঝবে ঐ হাদিস গুলার মধ্যে হয়ত, ঘাপলা থাকতে পারে । সত্য না ও হতে পারে ।

আর মুতা বিয়ে অনেক আগেই স্থগিত করা হয়েছে । আর যদি ঐ হাদিস গুলো মিথ্যা হইলে আপনি কি করবেন ? ইমাম বুখারী কিংবা মুসলিম বললেই একটা বিষয় শুদ্ধ হবে না ।

যে সব হাদিসের মানে বুঝা যায় না , ঐ সব হাদীস যেভাবে আছে রেখে দিলেন । সমস্যা কোথায় ।

2. 13

রায়হান আবীর

সেপ্টেম্বর ১২, ২০০৯ সময়: ১২:২৪ পূর্বাহ্ণ লিঙ্ক

আল্লাহ সুবাহানাতালা জানেন আমরা কি করব(তাই তিনি তকদির লিখে রেখেছেন) , কিন্তু ঠিক করে রাখেন নাঈ আমরা কি করব , আমরা এ ব্যপারে স্বাধীন । আল্লাহ সুবাহানাতালার হুকুম ছাড়া কিছুই

ঘটে না। আমরা কিছু করতে চাইলে , আল্লাহ সুবাহানাতালা তার অনুমতি দিয়ে দেন , ইন্টারফিয়ার করেন না, তাই ঘটনা হয়ে যায় । মানুষের জীবন মানুষ করতিক নিরবাচীত ।

মুক্তমনা এডমিনের কাছে এক গ্লাস পানি চাই। উপরের কথা শুনে আমার মাথার সার্কিটে ছ্যাত ছ্যাত শুরু হইছে।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ১২, ২০০৯ at ৮:২২ পূর্বাহ্ণ
@রায়হান আবীর, অত ভাবার কিছু নেই-ধার্মিক লোকেরা মানসিক ভারসাম্যহীন হয়-এটা বার বার প্রমান হচ্ছে আর কি।

রায়হান আবীর এর জবাব:
সেপ্টেম্বর ১২, ২০০৯ at ৯:১৯ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

আমি সেদিন থেকেই লেখাটা ফলো করছি। আপনার কুলনেস দেখে মোটামুটি পাংখা ...

3. 14

আগন্তক
সেপ্টেম্বর ১২, ২০০৯ সময়: ১:৫৮ অপরাহ্ণ লিঙ্ক

বিপ্লবদা এক জায়গায় রামকৃষ্ণ - বিবেকানন্দের উদার অপব্যখ্যার কথা বলেছেন।এ প্রসঙ্গে একটা সুন্দর উদাহরণ মনে পড়ছে।সব অপব্যাখ্যাই কিন্তু অসদুদ্দেশ্য প্র ণোদিত নয়।আসলে অনেকে মানবতাবাদী দৃষ্টিভঙ্গির সাথে ধর্মকে মেলাতে পারে না ,আবার যুক্তির তলোয়ার দিয়ে ধর্মের বেড়াজাল

কেটে বেরিয়ে আসতেও ভয় পায়।এ ধরনের মানুষই বেশি এবং সৎ উদ্দেশ্য নিয়েই এরা কিছু অপব্যাখ্যা দেন।বিবেকানন্দের এমন একটি অপব্যাখ্যার উদাহরণ

“যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম।
মম বর্ত্মানুবর্তন্তে মনুষ্যা পার্থ সর্বশঃ।।”

গীতার এই শ্লোকটি বহুলভাবে ব্যবহৃত হয় হিন্দুধর্মের সহিষ্ণুতার পরিচয় দিতে,ঠিক যেমনটি ব্যবহৃত হয় “লাকুম দীনুকুম ওয়ালিয়াদীন” -ইসলাম ধর্মের ক্ষেত্রে।বিবেকানন্দ এই শ্লোকের ব্যখ্যা করেছেন একটু বৃহৎ পরিপ্রেক্ষিতে - বলেছেন এখানে তাবৎ ধর্মের সত্যতা স্বীকার করে নেয়া হয়েছে।”যে যথা ” বলতে আক্ষরিকভাবে “যিনি যেভাবেই” বোঝালেও শ্লোকটির ‘কন্টেক্সচুয়াল মিনিং’ কিন্তু শুধু ‘বর্ণাশ্রমোচিত’ ধর্ম বা উপাসনা-পদ্ধতি বোঝায়।
যদিও এই অপব্যখ্যাটি তৎকালীন ‘শ্রেষ্ঠত্বের মদমত্ত’ গোঁড়া খ্রিস্টান পাদ্রিদের বাধ্য করেছিল কিছুটা ‘উদার’ হতে।কাজেই মানবতার দৃষ্টিতে এটি সদুদ্দেশ্য প্রণোদিত ছিল।মুসলমানদের মধ্যেও অনেক ব্যাখ্যাই সদুদ্দেশ্য প্রণোদিত।তবে বিবেকানন্দ যেমন ভ্রান্ত ছিলেন,তেমনি এরাও ভ্রান্ত।এদের সবাই কোনভাবেই ভণ্ড নয়।



Biplab এর জবাব:
সেপ্টেম্বর ১২, ২০০৯ at ৬:১০ অপরাহ্ণ
@আগন্তক, বিবেকানন্দ পড়ে দুই শ্রেনীর বাঙালী তৈরী হয়েছে-এক, আমার মতন যারা তার নির্যাসটা নিয়েও ধর্মকে বর্জন করেই চলে-দুই রিফর্মহিন্দু ধর্মে আস্থা ফিরেছে। দ্বিতীয় শ্রেনীর লোকেরা অনেকটাই মুসলিম এপোলোজেটিকদের মতন -মনন এবং ব্যাবহারেও। দ্বিতীয় শ্রেণীর লোক ১০ টা পেলে, প্রথম গোত্রের লোক, ধর্ম বর্জন করে চলে ২-৪ টি পাওয়া যায়। দ্বিতীয় শ্রেনীর লোকেদের মধ্যে উদারতা আসলেও যুক্তি বুদ্ধি আসে নি। অর্কুটে বিবেকানন্দ বলে একাধিক ফোরাম আছে -বৃহত্তমটিতে ২৫০,০০০ মেম্বার আছে। সেই ফোরামে আমি একবার লিখেছিলাম শেষ বয়সে বিবেকানন্দ বিয়ে না করার জন্যে পস্তেছেন-তথ্য প্রমানসহ-নিবেদিতার লেখা থেকে। আমাকে তাড়িয়ে দেওয়া হল-অজুহাত, আমার সেই তথ্যদানে, অনেক মেম্বাররা মানসিক দিয়ে অসুস্থ বোধ করছেন। আমাকে মডারেটররা অনুরোধ করল আমি যেন না লিখি। আরেকবার প্রমান করে দিলাম বিবেকানন্দের মৌলিক দর্শন বলতে কিছু নেই-দেখলাম অধিকাংশ মেম্বার একমত বিবেকানন্দের বানী ঈশ্বর প্রসূত , তাই এসব না ভাবলেও চলবে।
এদের সাথে মুসলিমদের পার্থক্য কোথায়?
ব্যাক্তিগত ভাবে, আমি বিবেকানন্দকে পছন্দই করি-ভারতীয় জাতিয়তাবাদের তিনিই আদি গুরু-তেমনই হজরত মহম্মদকেও আমার পছন্দ -আদর্শের প্রতি তার নিষ্ঠায়।
মনের রাখতে হবে রুশদি বা তসলিমা, প্রানের ভয়ে, তাদের ইসলাম বিরোধি কলম বন্ধ করে দিয়েছেন। হজরত মহম্মদ যখন িসলামের প্রাথমিক ধারনা গুলি দিচ্ছেন

তখন তার জীবনের ওপর ও আঘাত এসেছে-লোভ দেখানো হয়েছে-কিন্ত তিনি তার পথ থেকে সরেন নি-ভয় বা লোভ অতিক্রম করে ভীষন দারিদ্রকেই বরন করেছেন বেশ কিছু বছর। তার মতন ধনী ব্যাবসায়ীর এসব কিছু কি দরকার ছিল ? সুতরাং তার জীবনী থেকে এটাই উঠে আসে যে তিনি যা সত্য বলে মনে করেছেন, তার জন্যে সবকিছু ত্যাগ করার ক্ষমতা রেখেছেন-এটা অস্বীকার করা যায় না।
তিনি প্রমান করেছেন আদ্দশ দিয়ে পৃথিবীকে বদলানো যায় -যে কাজটা আমরাও করার চেষ্টা করছি। মুসলমানদের সমস্যা হল, তারা বিশ্বাস করে, মহ ম্মদের সেই নীতিগুলি
আজও দরকার-এটাই সমস্যার মূল- কারন আধুনিক জ্ঞান ভান্ডারের সামনে এসব কিছুই-কোন ধর্মেরই দরকার নেই। একটি সমাজ এখন বিজ্ঞানের বলে বলীয়ান হয় আর ধর্মের ফলে খোঁড়া হতে থাকে। যা মুসলমানদেশ গুলিতে হচ্ছে। ভারতেও মুসলমানদের জন্যে হিন্দুত্ববাদের রমরমা। দেশটা পেছোচ্ছে।
ঐতিহাসিক দিক দিয়ে কেও যদি মহ ম্মদকে পৃথিবীর সেরা ঐতিহাসিক ব্যাক্তিত্ব বলে মনে করে, তাতে আমি একমত না হলেও, আপত্তি করব না-কিন্ত কেও যদি মনে করে মহ ম্মদের ধর্ম দিয়ে পৃথিবীকে আবার পরিবর্তন করা যাবে, বা সেটাই শ্রেষ্ঠ ধর্ম-তাহলে বলতেই হবে সেই ব্যাক্তি হয় অজ্ঞ বা ধর্মান্ধ বা মানসিক দিয়ে ভারসাম্যহীন।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১২, ২০০৯ at ৭:০৬ অপরাহ্ণ

@Biplab,

বিবেকানন্দ, রামকৃষ্ণ এনারা কি ইশ্বর মানতেন ? আমি বিবেকানন্দের শিষ্যদের কাছে শুনি যে তারা কোন ইশ্বর বা গড মানেন না। তাদের মতে মানুষের কার্মাই হল গড।

বিবেকানন্দ বা যেই বলুন না যে সব ধর্মই ভ্যালীড বা সঠিক এ যাতীয় কথাবার্তা আমার কাছে শস্তা চটকদার কথা ছাড়া তেমন কিছু মনে হয় না। নিজের ধর্ম কত উদার তা প্রমান করতে এ জাতীয় বাণী খুবই কাজ দেয়। তার বেশী কিছু নয়। সব ধর্ম কিভাবে ভ্যালীড হয় ? যেমন বিবেকানন্দ, রামকৃষ্ণদের হিন্দু ধর্মের সাথে ইসলাম, ইহুদীবাদ, বা খ্রীষ্টীয়ানদের মিল থেকে অমিল অনেক অনেক বেশী। কোনটা ঠিক বেঠিক তা এখানে কথা না, কথা হল সবগুলি একই সাথে সঠিক হতে পারে না। আর যদি ধর্মের মানব কল্যানের দিকগুলির কথা শুধু বোঝানো হয়ে থাকে তো বলতে হয় সে বিবেচনায় তো ধর্মেরই আসলে তেমন প্রয়োযন নেই।

জেনেশুনে এ ধরনের বানী দেওয়া অতি নাটকীয়তা বলেই মনে হয়।

*ফুয়াদ*এর জবাব:
সেপ্টেম্বর ১২, ২০০৯ at ৮:১০ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

বিবেকানন্দ বা যেই বলুন না যে সব ধর্মই ভ্যালীড বা সঠিক এ যাতীয় কথাবার্তা আমার কাছে শস্তা চটকদার কথা ছাড়া তেমন কিছু মনে হয় না। নিজের ধর্ম কত উদার তা প্রমান করতে এ জাতীয় বাণী খুবই কাজ দেয়। তার বেশী কিছু নয়

কোনটা ঠিক বেঠিক তা এখানে কথা না, কথা হল সবগুলি একই সাথে সঠিক হতে পারে না

আমার ও এরকম ঈ মনে হয় । বোদ্ধ ধরমের কথা ও এই রকম ই মনে হয় । নিরবান পরম শান্তি, জগতের সকল প্রানী সুখী হোক । এই জাতীয় কথা । আর ইসলাম কি বলে দেখেন ঃবাদশাহ্ শাহ্জাহান একবার তার দরবারী আলিমদের নিকট ফতওয়া তলব করে বললেন, আমি অসুস্থ, অসুস্থতার কারণে আমার জন্য রেশমী কাপড় পরিধান করা জায়িয হবে কি ?দরবারী আলিমরা বাদশার মনতুষ্টির জন্যই হোক বা দুনিয়াবী ফায়দা লাভের জন্যই হোক , তারা ফতওয়া দিল, বাদশাহ্ নামদার যেহেতু আপনি অসুস্থ আর আপনি অসুস্থ হয়ে পড়লে রাজ্য অচল হয়ে পড়বে , কাজেই রাজ্য ও প্রজাদের বৃহত্তর স্বার্থে আপনার জন্য এ অবস্থায় রেশমী কাপড় পরিধান করা জায়ি য হবে। বাদশা তার দরবারী আলিমদের মৌখিক ফতওয়ায় আশ্বস্ত না হতে পেরে লিখিত ফতওয়ার নির্দেশ দিলেন। দরবারী আলিমরা বাদশাহ্কে এ ব্যাপারে লিখিত ফতওয়া দিল। বাদশাহ্ তাতেও নিশ্চিত হতে পারলেন না, তাই তিনি বললেন, এ ফতওয়াতে অন্যান্য আরো আলিমের দস্তখত লাগবে। দরবারী আলিমরা তখন তাদের সমগোত্রীয় ৩০০ আলিমের দস্তখত সংগ্রহ করে ফতওয়াটি বাদশাহ্র নিকট পেশ করলো। বাদশাহ্ ফতওয়াটি আদ্যপান্ত ভালরূপে পাঠ করা দেখলেন এবং বললেন যে, সেখানে তার শাহী মসজিদের যিনি খতীব, নূরুল আনওয়ার ও তাফসীরে আহ্মদীর ন্যায় বিশ্ববিখ্যাত কিতাবের মুছান্নিফ, তৎকালীন যামানার শ্রেষ্ঠতম আলিম, হযরতুল আল্লামা, মুল্লা জিউন রহমতুল্লাহি আলাইহি-এর দস্তখত ব্যতীত এ ফতওয়া গ্রহনযোগ্য হবে না। তখন দরবারী আলিমরা উক্ত ফতওয়াটি হযরত মুল্লা জিউন রহমতুল্লাহি আলাইহি-এর দরবারে নিয়ে যায় দস্তখত নেবার জন্য। হযরত মুল্লা জিউন রহমতুল্লাহি আলাইহি বললেন, আমি আজ এ ব্যাপারে কোন মন্তব্য করবো না, বরং বাদশাহ্ আমার মসজিদে জুমুয়ার নামাজ পড়তে আসেন, তাই আমি বাদশাহ্ ও মুছল্লীগণের সম্মূখে এ ব্যাপারে ফতওয়া দিব। অতঃপর জুমুয়ার দিন বাদশাহ্ তাঁর উজীর-নাজীরসহ জুমুয়ার নামাজ পড়ার জন্য মসজিদে গেলেন। অনেক মুছল্লীও উপস্থিত হলেন এবং দরবারী আলিমরাও উপস্থিত। সকলেই অপেক্ষা করছে হযরত মুল্লা জিউন রহমতুল্লাহি আলাইহি-এর ফতওয়া শুনার জন্য। ইতিমধ্যে হযরত মুল্লা জিউন রহমতুল্লাহি আলাইহি মিম্বরে উঠে বসলেন এবং বললেন , মুছল্লী ভাইয়েরা আমার নিকট ৩০০

আলিমের দস্তখত সম্বলিত একটি ফতওয়া এসেছে। যাতে বলা হয়েছে যে, বৃহত্তর স্বার্থে, বাদশাহ্‌র অসুস্থতার কারণে, বাদশাহ্‌র জন্য রেশমী কাপড় পরিধান করা জায়িয। এ ব্যাপারে আমার ফতওয়া হলো- "যারা এ ফতওয়া দিয়েছে এবং যে চেয়েছে উভয়েই কাফির হয়ে গেছে।" কারণ ওহীর দরজা বন্ধ হয়ে গেছে, হারাম হারাম হিসেবে সাব্যস্ত হয়ে গেছে এবং হালাল হালাল হিসেবে সাব্যস্ত হয়ে গেছে। তাই শরীয়তের দৃষ্টিতে হারামকে হালাল আর হালালকে হারাম বলা কাট্টা কুফরী। যারা বলবে তারা কাট্টা কাফির হবে।(তুষার নামে এক
ব্যক্তি http://www.somewhereinblog.net/blog/TUSHARZIA/29004110 এইখানে দিছেন)
বাদশারে সরাসরী কাফির বলা হঈছে, কোন কেয়ার করা হয়নি ।

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ১২, ২০০৯ at ৮:৩৫ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
রামকৃষ্ণ বা বিবেকানন্দ হিন্দু দর্শনের যে অংশের প্রতিনিধি , তাকে অদ্বৈতবাদ বলে।
সমস্ত ধর্মকেন্দ্রিক চিন্তাকে হিন্দু ধর্মে তিন ভাগে ভাঙে

(১) দ্বৈতবাদ-মানে আমি এবং ঈশ্বর আলাদা অস্তিত্ব-ইসলাম বা যেকোন আব্রাহামিক ধর্মে যা মানে-ঈশ্বরই সৃষ্টিকর্তা এবং মানুষ তার সৃষ্টিমাত্র
(২) অদ্বৈতবাদ-মানে আমি এবং ঈশ্বর আলাদা অস্তিত্ব নই। আপনি এবং আমিও আলাদা কোন অস্তিত্ব না । আমরা সবাই মহাজাগতিক চেতনার নানান বহিঃপ্রকাশ। তাই 'আমি' র বৃহত্তর উপলদ্দধির মাধ্যমে এই 'পরমাত্মার" উপল্দধি করতে হয়। এই মহাজাগতিক চেতনা বা ইউনিভার্সাল কনসাসনেসের ধারনার কারন হল-এই যেটাকে 'আমি' বলছি-সেটাত আমার পিতা-মাতা-সমাজ-শিক্ষা-বিবর্তন জনিত পরিবেশ থেকে আলাদা না। ১০ মিলিয়ান বছর আগে জন্মালে এই 'আমি' টা ত বানর জাতীয় প্রাইমেটই হত। সুতরাং আমার আলাদা কোন অস্তিত্ব থাকতে পারে না। আমার মন বা জ্ঞান বলে যা চালাচ্ছি তা ত আমার পিতা-মাতা-বন্ধু-শিক্ষক-পরিবেশ-এই সবার জ্ঞান বা চেতনা থেকে এসেছে। সুতরাং আমার মন বা চেতনার পৃথক অস্তিত্ব আছে , এমন ভাবাটাই ভুল। অ্থাৎ আদিল মাহমুদ বা বিপ্লব পাল -সবাই একই বিশ্বচেতনর অংশমাত্র যা আলাদা হতে পারে না। এই বিশ্বচেতনার সর্বাধিক উপলদ্ধিকেই অদ্বৈতবাদিরা বলেন "অহম ব্রহ্মন"- আমিই ব্রহ্মন বা সেই চেতনা।
এটি নাস্তিক্য হিন্দু ধর্মের অঙ্গ।
(৩) দ্বৈত অদ্বৈতবাদ-এর উদাহরন বৈষ্ণব ধর্ম। এখানে এরা মানেন অদ্বৈতবাদই আসল -কিন্ত ঈশ্বর

প্রেম বা আল্লা প্রেমে যে মজা আছে, তা উনারা ছারতে চান না। তাই 'আমিই কৃষ্ণ জেনেও ” কৃষ্ণকে ইনারা প্রেমিক হিসাবে পেতে চান।
যতমত ততপথ বলার আগে রাম কৃষ্ণ সব ধর্ম পালন করেছেন। ইসলাম পালন করেছেন ১ বছর-প্রতিদিন ৫ বার নামাজ পড়তেন, রোজা রাখতেন-তার সুফী গুরু ছিল দুজন। সুতরাং এটি বলার আগে, তিনি পরীক্ষাকরেই বলেছেন। এবং আমি নিজেও সব ধর্ম দর্শন চর্চা করার পর কথাটি ঠিক বলেই মনে করি-যদি ধর্মের খুব গভীরে যাওয়া যায়। এই নিয়ে আমি লিখেওছিলাম। কিন্ত গভীরে যেতে হবে-এই সব ওপরওপর কোরান বা এইসব চর্চা করে-সেখানে যাওয়া যায় না।

http://biplabpal2000.googlepages.com/Businessofreligion.pdf

ধর্ম ত আসলে বিবর্তনের একটা প্রডাক্ট-যা মানুষের জন্যেই বিবর্তিত হয়েছে। মানুষের জৈবিক বা সামাজিক ধর্ম যেহেতু এক, তাই এই সব প্রোডাক্ট গুলো খুব বেশী আলাদা হতে পারে না-আসলে আলাদা দেখায় ওপর থেকে। জৈব-সামজিক কারন গুলো দেখলে দেখা যাবে প্রতিটা ধর্মেই সিনার্জি আছে।

কিন্ত সব থেকে বড় কথা যেটা-কোন ধর্মের দরকার নেই এই যুগে। বিজ্ঞান দিয়েই ধর্মের সব প্রয়োজন মেটানো যায়। তাই ধর্মের প্রয়োজন আমার কাছে শধু এটা বিশ্লেষন করতে যে আমাদের কি চাহিদা মেটাচ্ছে সেই ধর্ম-আর বিজ্ঞান দয়ে তা মেটানো যায় কি না। এই নিয়ে আমি আগেই মুক্তমনাতে লিখেছি-

http://biplabpal2000.googlepages.com/Bigganbad.pdf

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১২, ২০০৯ at ১০:৩২ অপরাহ্ণ

@Biplab,

হিন্দু ধর্মের এই তিন ভিন্ন ধরনের দর্শনের সাথে আমার পরিচয় ছিল না। অনেক ধণ্যবাদ সোজা ভাষায় বোঝানোর জন্য। এজন্যই হিন্দু ধর্ম ব্যাপারটা আমার কাছে চিরকালই খুব কনফিউজিং লাগে।

রামকৃষ্ণ যে ইসলাম ধর্ম পালন করেছিলেন এও আমার জন্য নুতন তথ্য। আসলে আমাদের এপার বাংলায় রামকৃষ্ণ বিবেকানন্দ এদের সম্পর্কে জানা খুব সহজ ব্যাপার না। যীশু বা মূসা সম্পর্কে যত সহজে জানা যায় রামকৃষ্ণ বিবেকানন্দ সম্পর্কে জানা যায় না।

তবে রামকৃষ্ণ ইসলাম বা অন্য সব প্রধান ধর্ম পালন করতে পারেন; তার মানেই এই না যে সব ধর্মই একই সাথে ভ্যালিড হতে পারে। শয়তানের পূজা কিছু লোকে করে থাকে , কেউ আল্লাহ বা এক ঈশ্বরের আরাধনা করতে পারে…।কেউ আবার এদের কাউকে মানেন না…মানেন সূর্য, সাপ বা মা কালি জাতীয় কিছু
অন্তত রিচুয়াল সাইডে কোনভাবেই সব ধর্ম সমান হতে পারে না। এদের
সব ধর্ম ভ্যালিড কেবল মাত্র একভাবেই বলা যেতে পারে এই অর্থ যে রিচুয়াল সাইড যাই হোক, ধর্মের আল্টিমেট উদ্দেশ্য হতে হবে মানব কল্যান এই অর্থে। কিন্তু মুশকিল হল রিচুয়াল দিক কে কম গুরুত্ব দিতে কোন ধর্মই রাজী নয়। যাবতীয় প্রতিষ্ঠির ধর্মের ভিত্তিই হল এই রিচুয়াল দিকগুলি, মানব কল্যান জাতীয় ব্যাপার স্যাপার পরের কথা।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ১২, ২০০৯ at ১০:৫৪ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

যাব্যাপার স্যাপার পরের কথা। বতীয় প্রতিষ্ঠির ধর্মের ভিত্তিই হল এই রিচুয়াল দিকগুলি, মানব কল্যান জাতীয়

এটা বিতর্কিত ব্যাপার। অর্থহীন প্যাগান রিচুয়াল বর্জন করে, কর্ম নির্ভর ধর্ম স্থাপন করতে চেয়েছিলেন মহম্মদ প্রথম জীবনে-সুতরাং ইসলামের ভিত্তিতে মোটে ও রিচুয়াল ছিল না-ছিল সেই কর্মযোগই-কিন্ত আলটিমেটলি ধর্মটা হয়ে দাঁড়াল নামাজ আর হজ্জ করার ধর্ম!!! হিন্দু ধর্মেওগীতা তে বলছে মূর্তিপূজার বর্জন করে আমার স্বরন নাও-একদম কোরানের ভাষাতেই-যে মূর্তিপূজা করে লোকে লোভে পড়ে - তাতে কি দুর্গা পূজো আটকেছে? পুজাটাই আসল হিন্দু ধর্ম হয়ে গেছে-তথচ গীতা পরিস্কার ভাবেই বলছে লোকে মূর্তি পুজো করে লোভে! যার সাথে কোরানের পার্থক্য নেই!

আগন্তুক এর জবাব:
সেপ্টেম্বর ১৩, ২০০৯ at ১০:২০ অপরাহ্ণ
@Biplab,

দাদা,থট রিডিং জানেন নাকি?পুরোপুরি মনের কথা বললেন।আমি 'বিশ্বনবী'-তে মুহাম্মদ সম্পর্কে একই ধারনা ব্যাক্ত করেছিলাম।যদিও আবুল কাশেম ও আকাশ মালিক সাহেবের পয়েন্টগুলোও উড়িয়ে দেয়া যায় না।মুহাম্মদকে আমার পৃথিবীর সর্বকালের অন্যতম দক্ষ কূটনীতিবিদ মনে হয় এবং সে কথা লিখেওছি।আর সর্বশ্রেষ্ঠ মানব উপাধিটাই একটা ভূয়া কথা।এককথায় মুহাম্মদ ছিলেন একজন বিশ্বাসী ও দক্ষ কুটনীতিবিদ যিনি তাঁর অন্ধ বিশ্বাস কিংবা ছলনা - যাই হোক না কেন- তার প্রতি অচলায়তন নিষ্ঠা রেখে একটি সমৃদ্ধ 'আরব সাম্রাজ্য' গড়তে চেয়েছিলেন।

হ্যাঁ বিবেকানন্দ সম্পর্কে ১০০% সহমত।আর ওই প্রমাণগুলোও উড়িয়ে দেয়া যায় না।দু চারজন উদারমনা সন্নেসী অবশ্য পাওয়া যায়।যেমন ময়মনসিংহ রামকৃষ্ণ মিশনের অধ্যক্ষ বিবেকানন্দ ও নিবেদিতার ব্যাপারটি স্বীকার করেন।এমনকি সুনীল গঙ্গোপাধ্যাইয়ের চেয়েও এক পা এগিয়ে তিনি।সুনীল লিখেছেন ব্যাপারটা মুলত নিবেদিতার তরফ থেকেই ছিল।কিন্তু উনি বলেন যে আগ দোনো তরফ লাগি থি।আসলে যৌনতা নিয়ে স্বামিজির অযৌক্তিক ও অবৈজ্ঞানিক নিস্পৃহতা ছিল।উনি ভাবতেন মানুষের যাবতীয় শ্রেষ্ঠ ক্ষমতার বিকাশের উপায় ্যৌনতা অবদমন।নিজের অসামান্য মেধা সম্বন্ধেও এই ব্যখ্যাই দিয়েছিলেন।আচ্ছা ওঁর মেধা সম্পর্কিত তথ্যগুলো কতটা অতিরঞ্জিত?তবে ব্যাটা বাঘের বাচ্চা ছিল,যাই বলেন - ঠিক কিনা? :-))

Biplab Pal এর জবাব:

সেপ্টেম্বর ১৩, ২০০৯ at ১১:০৬ অপরাহ্ণ

@আগন্তুক, মেধা ত অবশ্যই ছিল। নইলে, মাত্র ত্রিশ বছর বয়সে, এক পয়সা পকেটে না নিয়ে আমেরিকায় এসে ওই ভয়ংকর শিকাগোর শীতে পিপের মধ্যে রাত্রিবাস করে, নিজের দর্শনকে প্রতিষ্ঠা করা মুশকিলের কাজ ত বটেই। দক্ষিন ক্যালিফোর্নিয়াতে তার শিষ্যরা কেও কেও হাজার একর জমি দিয়েছিল-তাদের একটি হচ্ছে গোটা ট্রাবুকো ক্যানিয়নের একটি বিশাল পাহাড় -এখন রামকৃষ্ণ মিশনের সম্পত্তি। হলিউডে রামকৃষ্ণ মিশনের জমির পরিমান অনেক স্টুডিওর চেয়ে বেশী। সেটাও কেও দান করে গেছে ১৯১৪ সালে। বস্তুবাদি সাফল্য ত বলতেই হবে-তবে তার দার্শনিক চিন্তায় নতুন কিছু ছিল না। সেই পুরানো মদ আরো চিতাকর্ষক বোতলে পরিবেশন।

বাঙালী হিন্দুদের একটা সুবিধা হচ্ছে , তারা হিন্দু দর্শনের ফোরফ্রন্টে থাকতে পারে-বাঙালী মুসলমানদের সেই সুবিধা নেই -কারন ইসলামের দর্শন ও রীতিনীতিগুলী আরব সমাজ ভিত্তিক। ফলে বাঙালী মুসলমানরা ইসলাম ধর্মে সেরকম কিছু মৌলিক অবদান রাখে নি , যা আরবের বাইরে পারস্যের লোকেরা পেরেছে।

আর যেসব লোক দাবী করে আমার ধর্ম সবার সেরা, এবং তার জন্যে কারন দেখাতে যায়, তাদের দেখে আমার গোপাল ভাঁড়ের কথা মনে পড়ে- আমার বিষ্ঠার গন্ধ তোমার থেকে ভাল টাইপের লজিক আর কি।

4. 15

আইভি

সেপ্টেম্বর ১৩, ২০০৯ সময়: ১২:২৭ পূর্বাহ্ণ লিঙ্ক

অর্থহীন প্যাগান রিচুয়াল বর্জন করে, কর্ম নির্ভর ধর্ম স্থাপন করতে চেয়েছিলেন মহম্মদ প্রথম জীবনে- সুতরাং ইসলামের ভিত্তিতে মোটেও রিচুয়াল ছিল না -ছিল সেই কর্মযোগই-কিন্ত আলটিমেটলি ধর্মটা হয়ে দাঁড়াল নামাজ আর হজ্জ করার ধর্ম!!!

আমি মনে করি শুধু তার প্রথম জীবনেই না , সারা জীবনেই এটা প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। আর এই রিচুয়াল বাদ দেবার পক্ষে কথা বলে আমার আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধবের চিন্তার :reallypissed: কারণ হয়ে দাঁড়িয়েছি।

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ১৩, ২০০৯ at ১২:৪৪ পূর্বাহ্ণ
@আইভি, তাদেরকে লালনের গান শোনান-
সব লোকে কয় লালন কি জাত সংসারে-
লালন বলে জাতের কি রূপ
দেখলাম না এই নজরে
কেউ মালা কেউ তসবি গলে
তাই তো রে জাত ভিন্ন বলে
যাওয়া কিংবা আসার বেলায়
জাতের চিহ্ন রয় কারে?
সুন্নৎ দিলে হয় মুসলমান
নারীর তবে কি হয় বিধান?
বামন চিনি পৈতে প্রমাণ
বামনী চিনি কি প্রকারে?

জগৎ বেড়ে জাতের কথা
লোকে গল্প করে যথা-তথা
লালন বলে জাতের খৎনা
ডুবিয়েছি সাত বাজার।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৩, ২০০৯ at ৩:৫৯ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল/আইভি,

আসলে আমার মতে ধার্মিকদের যাবতীয় সমস্যার মূল হল এই রিচুয়াল ঘটির ব্যাপার স্যাপারগুলিতে। রিচুয়ালগুলি ঝেটিয়ে বিদায় করতে পারলেই মানুষ হয়ত ধর্মের আসল লক্ষ্যে পৌছাতে পারবে।

মানব কল্যানই সব ধর্মের মূল লক্ষ্য হয়ে থাকলে কেন ধর্মে ধর্মে এত হানাহানি হবে ?

তবে বলা যত সহজ করা ততোধিক কঠিন। রিচুয়াল পালনই হয়েছে এখন সব ধর্মের মুল ব্যাপার , এর সাথে কোন আপস ধার্মিকরা মানতে চান না।

আগন্তুক এর জবাব:
সেপ্টেম্বর ১৩, ২০০৯ at ১০:০১ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

ভাইজান,ধীরে কন।রিচুয়ালগুলো ধর্মের সাথে এমনভাবেই জড়িয়ে গেছে যে,এগুলোকে আলাদা করতে গেলে 'ঠগ বাছতে গাঁ উজাড়'-এর দশা হবে।আসলে ধর্ম শব্দটির তো কোন দোষ নেই তাই না?হ্যাঁ যেমন জলের ধর্ম তারল্য,তেমনি মানুষের একমাত্র ধর্ম মানবতা।নামাজ ,পুজো,প্রার্থনা -অধিকাংশ ক্ষেত্রেই এসব নির্লজ্জ লোভের মার্জিত বহিঃপ্রকাশ।

শয়তান বেচারির উপর আপনার এত রাগ কেন ভাই?মিল্টনের Paradise Lost পড়ুন,ভাবনার খোরাক পাবেন,সেইসাথে 'মেঘনাদ বধ কাব্য'টিও আরেকবার পড়ে ফেলুন।এসব শয়তান ,অসুর,রাক্ষস -জাতীয় বলির পাঁঠাদের তৈরিই করা হয়েছিল কল্পিত ঈশ্বরের মাহাত্ম্য বর্ণনা করতে।তা শয়তান সৃষ্টির দায়ভারও কিন্তু সেই সর্বশক্তিমানের উপরই পড়ে।কাজেই এসব 'বচ্চে লোগ' দের ছাড়ুন এবং আসল 'ভাই' বা মাফিয়া ডনকে দোষ দিন।

আর হ্যাঁ বিবেকানন্দ শয়তান-উপাসনাকে বোঝান নি।উনি প্রধান প্রচলিত ধর্ম তথা, পার্সি ধর্ম,অদ্বৈতবাদ,ইসলাম ও খ্রিস্ট ধর্ম নিয়েই মূলত আলোচনা করেছেন।আমার উপরও বিবেকানন্দ ও মুহাম্মদের প্রভাব প্রায় বিপ্লবদার মতই।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৩, ২০০৯ at ১১:০৪ অপরাহ্ণ
@আগন্তক,

আমি ভালই জানি যে রিচুয়াল বিহীন স্রেফ কোন মানব ধর্ম প্রতিষ্ঠা কোন ধার্মিকই সহজভাবে মেনে নেবেন না, নিজেই স্বীকার করেছি।

শয়তানের উপর আমার বিশেষ রাগ এখানে কোথায় দেখলেন? শয়তান প্রসংগ এ জন্য টেনেছিলাম দেখাতে যে বিভিন্ন ধর্ম বিশ্বাসের মধ্যে মত পার্থক্য কত প্রকট হতে পারে তা দেখাতে। মুল বক্তব্য ছিল সব ধর্মই একই সাথে ভ্যালিড হতে পারে না সেটা বলা।

তবে শয়তান সম্পর্কে আমি এখনো বেশ কনফিউজড। কারো কারো মতে সে ছিল ফেরেশতাদের সর্দার, আবার কেউ কেউ এমনো বলেন যে সে নাকি জ্বীন ছিল। ফেরেশতা বা জ্বীন যেই হোক, দেখা যাচ্ছে যে তার স্বাধীন বুদ্ধি ছিল, যার বদৌলতে সে আদম হাওয়াকে ভিলেনী কায়দায় প্ররোচিত করতে পেরেছিল। যদিও ইসলাম মতে ফেরেশতাদের কোন স্বাধীন বিচার বুদ্ধি নেই। আবার জ্বীন হয়ে থাকলে প্রশ্ন আসে যে তাকেই বা প্ররোচিত করার মত বদ বুদ্ধি কে দিতে গেল? কারন আদম ঈভের বেহেশত থেকে মর্ত্যে বিতাড়নের পরই না শয়তানকে ক্ষমতা দেওয়া হল মানুষ কে বিভ্রান্ত করার। তাই সে ঘটনা ঘটার আগেই শয়তান সে এলেম পেল কোথায়? ঘুরিয়া ফিরিয়ে দায় ভার আল্লাহর দিকেই যাচ্ছে?

ফুয়াদ এর জবাব:
সেপ্টেম্বর ১৩, ২০০৯ at ১১:২৫ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

শয়তান জীন ছিল । সে এত ইবাদত করছিল যে আল্লাহ সুবাহানাতালা তাকে উনার কাছের ফেরেস্থাদের সাথে রাখতেন । সে ফেরেস্থাদের সরদার ও হয়েছিল ।

জ্বীন হয়ে থাকলে প্রশ্ন আসে যে তাকেই বা প্ররোচিত করার মত বদ বুদ্ধি কে দিতে গেল? কারন আদম ঈভের বেহেশত থেকে মর্ত্যে বিতাড়নের পরই না শয়তানকে ক্ষমতা দেওয়া হল মানুষ কে বিভ্রান্ত করার

তাকে কেউ প্রলোচনা দেয় নি । সে নিজের মনে অহংকার পুষছিল । তাকে কেউ প্রলোচনা দেয় নি ।



Biplab Pal এর জবাব:
সেপ্টেম্বর ১৪, ২০০৯ at ১২:৩৭ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ, শয়তানের সৃষ্টী ধর্মের অনেক গোঁজামিলের বৃহত্তম গোঁজ -আরে বাবা শয়তানের ধ্বংশই যদি আল্লার কাম্য হয়, তাকে আবার বাজারে ছাড়া কেন? কেন মানুষকে প্রলুদ্ধ করা? কি লাভ? মানুষের ত স্বাধীন চিন্তা নেই!! কারন স্বাধীন চিন্তা থাকলে ঈশ্বরই টেঁকে না-যেহেতু সেইক্কেত্রে ভবিষ্যত জানা নেই!! শয়তানের অস্তিত্ব স্বীকার করতে হলে স্বাধীন চিন্তার অস্তিত্বও স্বীকার করতে হয়।

এইসব রূপকথা যারা বিশ্বাস করে, তাদের মন শিশুরও অধম।

5. 16

আইভি
সেপ্টেম্বর ১৪, ২০০৯ সময়: ৮:৩৬ পূর্বাহ্ণ লিঙ্ক

The Quran has presented Iblees as an embodiment of rebellion, disobedience, insubordination and revolt. He refused to obey Allah, took up a rebellious path and became among those who disobey (2/24), as opposed to Malaika whose nature is only to obey and follow and bow before Allah's Command (38/73).

Although nothing in 'nature' obeys Man, he can obviously learn to channel its workings to his advantage. When Man was made to settle on earth at first his needs were very limited and the means of subsistence plentiful. However, the baser instincts of Man

eventually got the better of him. Driven by selfishness, human beings began to live according to their own self-made systems. As a result, they lost their blissful life. Humanity was split into different races, tribes and nations, with enmity amongst them.

In this universe, man is the only creature who is given choice and discretion. He may or may not obey the Laws of Allah; the choice is his. This discretion is not given to any other creature. Man decides to disobey Allah's Laws when he is overpowered by his feelings and emotions. These emotions instigate him for personal gain against universal good. He by-passes the Laws of Allah and starts following his own emotions. At this stage his intellect tells him the ways and means to achieve these objects. These emotions and the intellect which guides them to achieve these objectives, are given the name of Iblees by the Quran. Because of his rebellious nature, it was said that he was born out of fire (7/12) and since feelings of human beings remain hidden Iblees or Shait'an was also called a Jinn (18/50). Jnn means one who is hidden. At the time of his birth, along with emotions, a man is also given the power of discretion by virtue of which he is capable of disobedience, and they accompany him throughout his life span (15/36).

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৪, ২০০৯ at ৮:৫৭ পূর্বাহ্ণ
@আইভি/ফুয়াদ,

ধণ্যবাদ, আপনাদের কাছ থেকে পরিষ্কার হল যে ইবলিস আসলে জ্বীন গোত্রীয়। কিন্তু মূল সমস্যা থেকে যাচ্ছে, বরং বলা যায় আইভি আরো ঘণীভূত করলেন। যদিও আইভির কথা থেকে মনে করে নেওয়া যেতে পারে যে শয়তান আসলে কোন সত্ত্বা বা এন্টিটি নয়, অনেকটা রূপক জাতীয় ব্যাপার? মনে হয় বিপ্লবের এই ডেরিদার থিয়োরী অনুযায়ী যার যেভাবে খুশী সেভাবে ব্যাখ্যা করে নিতে পারে।

"In this universe, man is the only creature who is given choice and discretion. He may or may not obey the Laws of Allah; the choice is his. This discretion is not given to any other creature"। আমিও অনেকটা এমনি জানি আর তাতেই শয়তানের কেচ্ছা কেমন যেন লাগে। মানুষই একমাত্র জীব যার স্বাধীন বুদ্ধি বিবেচণা দেওয়া হলে শয়তান জ্বীন হয়ে কেমন করে বেলা ইনে যায়? মানুষ হলে নাহয় বেলাইনে যেতে পারে। কিন্তু মানুষ ছাড়া অন্য যেকোন সৃষ্টির তো স্বাধীন বিচার

বুদ্ধি নেই, মানে তারা অনেকটা প্রি-প্রোগ্রামড, তাদের যাবতীয় কাজের দায়ভার তো সে হিসেবে প্রোগ্রামারের হওয়া উচিত।

*আইভি*এর জবাব:
সেপ্টেম্বর ১৪, ২০০৯ at ৭:৫২ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আরেকবার পড়ুন নিচের অংশটা। শয়তান বলতে মানুষের selfish desireকেই বোঝানো হয়েছে।

These emotions and the intellect which guides them(মানুষ) to achieve these objectives, are given the name of Iblees by the Quran. Because of his (its ব্যবহার করলে মনে হয় বুঝতে সুবিধে হয়) rebellious nature, it was said that he(it) was born out of fire (7/12) and since feelings of human beings remain hidden Iblees or Shait'an was also called a Jnn (18/50). Jnn means one what is hidden. At the time of his (human being) birth, along with emotions, a man is also given the power of discretion by virtue of which he(human being) is capable of disobedience, and they accompany him throughout his(human being) life span (15/36).

Verse 51:56 states that God has created Jnn and mankind for Ibadah. Ibadah is not worship. It means obeying Allah by serving his creation. As for the "Jinn", the term literally means "hidden".

According to Sir Syed Ahmad Khan, Allama Aslam Jairajpuri, Imam Raghib Isfahani, Allamas Inayatullah Khan Al-Mashriqi, Sir Iqbal, G.A. Parwez, Obaidullah Sindhi, Tamanna Imadi and many other scholars, Jnn refers to nomads, uncivilized people, dwellers of the deserts and jungles, **those of fiery temperament** and all people who lived far away from urban life, hence mostly remaining out of sight from the city dwellers. The Quran refers to the urbanites as Ins and the nomads as jinn.

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৪, ২০০৯ at ৮:৪৭ অপরাহ্ণ
@আইভি,

পরিষ্কার করে বলার জন্য ধণ্যবাদ। তাহলে আগে যা ভেবেছিলাম তাই, শয়তান আসলে কোন নির্দিষ্ট চরিত্র নয়, শয়তান হল মানুষের মন্দ রিপুর প্রতীকি নাম। আরো নীচে যেসব স্কলারদের রেফারেন্স দিলেন তাতেও এটা সমর্থন করে। ওনারা আরো জানাচ্ছেন যে জ্বীন জিনিসটাও আসলে তেমনি একটা ব্যাপার; "Jinn refers to nomads, uncivilized people, dwellers of the deserts and jungles, those of fiery temperament and all people who lived far away from urban life, hence mostly remaining out of sight from the city dwellers." সোজা কথায় মনে হয় জ্বীন বলতে এনারা বোঝাচ্ছেন রগচটা অসভ্য, নীচ প্রকৃতির মানুষদেরই, ভিন্ন কোন প্রজাতি নয়।

তাহলে এতদিন যে শুনে এসেছি জ্বীন জাতির কথা যাদের কিনা আগুন দিয়ে তৈরী করা হয়েছে এসব কথাবার্তা ঠিক নয়?

তাহলে এই আয়াতের জাষ্টিফিকেশন কি?

"Verse 51:56 states that God has created Jinn ||
জ্বীন কে কেন mankind থেকে ভিন্ন করে গড সৃষ্টি করলেন? এর মানেই কি? নীচ, অসভ্য, বর্বরদের গড মানবজাতি থেকে আলাদা হিসেবে গড নিজেই সৃষ্টি করেছেন ? সুরা জ্বীন পড়লে কিন্তু পরিষ্কার ই মনে হয় যে জ্বীন মানব জাতি থেকে ভিন্ন কিছু।

বিপ্লব পাল এর জবাব:
সেপ্টেম্বর ১৪, ২০০৯ at ৯:২৬ পূর্বাহ্ণ
@আইভি,

> He may or may not obey the Laws of Allah

Now you made me laugh.

Did you ever notice, even when laws of Bangladesh and India are very well documented in their penal code and when these laws have been in practice over more than 200 years, yet, lawyers fight among themselves to interpret that version of the law?

How do you know which laws have been revealed by Allah by an obscured mediavel book?

I raised this question in the article that Allah must have been the most stupid and dumb person because, despite he could make a lawful society by tweaking human genetics by 1%, he decided to reveal his laws in the desert of the middle east which is and was by far one of the most backward civilization in world. On the top of his stupid selection of place and time, Allah proved his further rat-head by revealing his wishes in the form of 'setence" which we all know can never be fully comprehended!

If Allah desires the human beings to follow his laws, I must say he did too many mistakes and foolishness so that we human beings can say bye bye to Allah because human knowledge and intellect has surpassed him!

6. 17

আগন্তুক

সেপ্টেম্বর ১৪, ২০০৯ সময়: ৩:১৩ অপরাহ্ণলিঙ্ক

@আদিল মাহমুদ,

একসাথে সবগুলো ধর্মই কিন্তু 'ইনভ্যালিড' হতেই পারে এবং তার পক্ষেই প্রমাণ বেশি।আর আপনি কি বলতে চাইছেন যে শয়তানের পুজাটা এতই খারাপ যে ওটা কখনোই 'ভ্যালিড' হতে পারে না?যদি আপনি শয়তানের পূজক হতেন তবে কিন্তু এমন ভাবতেন না! হা হা হা !

হ্যাঁ ঘুরে ফিরে সব দোষ 'বড়ে ভাই' তথা আল্লামিয়ারই, শয়তান বড়জোর মুম্বাইয়ের 'ডন'!

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৪, ২০০৯ at ৬:২৭ অপরাহ্ণ
@আগন্তুক,

ভাই রে আপনি তো দেখি আমাকে শয়তানের সাথে লড়াই এ নামিয়েই ছাড়বেন। মনে হচ্ছে সাথে সাথে নিজেও শয়তানের পক্ষ নিয়ে তাতে যোগ দিবেনঃ)। আমি শয়তান ভাল কি মন্দ, তার পূজো কিরকম তেমন কোন কথাই বলিনি।

এক শয়তানের ঠেলাতেই বাচি না আর তার সাথে আবার গোদের উপর বিষ ফোড়ার মত আপনি!

মাফ করে দেন ভাই, শয়তানের নাম আর মুখেও আনছি না।

আতিক রাঢ়ী এর জবাব:
সেপ্টেম্বর ১৪, ২০০৯ at ৮:১০ অপরাহ্ণ
@আদিল মাহমুদ, আদিল ভাই যাই বলেন, একটা ভ্যালিড ধর্মের জন্য আপনার আকুতি কিন্তু স্পষ্ট। আপনার মন্তব্যে থেকে সেটা কিন্তু পরিষ্কার বোঝা যায়।

ভ্যালিড ধর্ম মানে- যে ধর্ম স্রষ্টা মানুষের জন্য মনোনিত করেছেন। যা পালনের মাধ্যমে একজন মানূষ দুনিয়া ও আখেরাতে সফলকাম হতে পারে। আমি ভুল বলে থাকলে, আশাকরি সুধরে দেবেন। উপরের বক্তব্য গুলো ইসলাম ধর্মের মূল স্লোগানের সাথে কেমন আদ্ভুত ভাবে মিলে যায় , তাই না?

মুসকিলটা হচ্ছে, গাছে না উঠতেই এক কাদির মত, জন্মেই এক জন মুসলমান একেবেরে ভ্যালিড ধর্মটা পেয়ে যায়। আর অমুসল্মানদেরকে ছেড়তে হবে তাদের মা , বাবা, পরিবার, সমাজ সবকিছু সেই ভ্যালিড ধর্মকে পাবার জন্য, এটা কেমন না ?
মানে লেবেল প্লেইং গ্রাউন্ড এটাকে বলা যাবেনা। পক্ষপাতিত্তের ব্যাপার এসে যায়।
আর শয়তানের উপাখ্যান কেবল সেমেটিক শাখায় উৎপন্ন ধর্মের মধ্যেই পাবেন। হিন্দু বা বৌদ্ধ ধর্ম শয়তান ছাড়াই চলছে। বৈদিক মতে ঈশ্বর মঙ্গলময়। অমঙ্গল যা তা আমাদের ভ্রম। অমঙ্গলের মূলত কোন অস্তিত্ব আসলে নেই। একারনেই রামকৃষনের পক্ষে বলা সম্ভব হয়েছে -যত মত তত পথ।

আদিল মাহমুদ এর জবাব:
সেপ্টেম্বর ১৪, ২০০৯ at ৯:০৬ অপরাহ্ন
@আতিক রাঢ়ী,

দেখুন আমার মনে হয় না যে আমি অন্তত এই থ্রেডে কোন ভ্যালিড ধর্মের প্রতি কোনরকম আকুতি প্রকাশ করেছি বলে।

এখানে আমার মূল আর্গুমেন্ট কোনভাবেই কোন ধর্ম বড় বা ছোট , শয়তান ভাল কি মন্দ, বা তার মন্দ কাজে তার দায় বেশী না আল্লাহর দায় বেশী এ জাতীয় কিছু ছিল না। আমার মূল আর্গুমেন্ট ছিল যে সব ধর্মই একই সাথে ভ্যালিড এ জাতীয় অবাস্তব কথাবার্তা অনেকটা ভন্ডামী ছাড়া তেমন কিছু না।

এ বিষয়ে বিপ্লবের সাথে আমার কথা হচ্ছিল, তার প্রথম অংশ এখানে আবার তুলে দিচ্ছি; "সব ধর্ম কিভাবে ভ্যালীড হয়? যেমন বিবেকানন্দ, রামকৃষ্ণদের হিন্দু ধর্মের সাথে ইসলাম , ইহুদীবাদ, বা খ্রীষ্টীয়ানদের মিল থেকে অমিল অনেক অনেক বেশী। **কোনটা ঠিক বেঠিক তা এখানে কথা না, কথা হল সবগুলি একই সাথে সঠিক হতে পারে না।**
এর সাথে কোণ প্রাতিষ্ঠানিক ধর্মের প্রতি আমার আকুতি কোথায় প্রকাশ পেল তা আমার ক্ষুদ্র মস্তিষ্কে আসে না।

শয়তান প্রসংগ টেনেছিলাম দেখাতে যে ধর্মীয় বিশ্বাসের পার্থক্য কত প্রকট হতে পারে সেটা দেখাতে, কোনভাবেই আমি সেখানে শয়তান কত মন্দ বা তার মন্দ কাজের দায় কার সে আলোচনায় যাইনি, অথচ আগন্তক সাহেব কেন যেন ধরে নিলেন যে আমি শয়তানের উপর বেজায় রাগ ঝেড়ে বসেছি।

কারো কাছে শয়তান সত্য, আবার কারো কাছে মহীষাসুর সত্য। এগুলোর কোনটাই কোনদিন প্রমান করা যাবে না, তাই এসব নিয়ে তর্ক মানে বৃথা সময় নষ্ট।

আর যদি জানতেই চান তো বলি যে আমি মনে করি না যা ধর্মের হাজারো বাজে দিক থাকলেও ধর্মহীন পৃথিবী খুব ভাল কিছু হবে বলে। আপনি বা আর কেউ উল্টাটা ঠিক মনে করতে পারেন, আমার কোন আপত্তি নেই।

আরো বলতে চাই যে কেউ জন্মগত সূত্রে ইসলাম বা কোন ধর্ম পেয়ে গেল মানে ভ্যালিড কোন ধর্ম পেয়ে গেল তাতেও আমি বিশ্বাস করি না। আমার কাছে ধর্ম মানে জীবন যাপন করা, তা যে ধর্ম মতে

বা নাস্তিক যেমতেই হোক না কেন। তবে প্রাতিষ্ঠানিক ধর্মওয়ালারা এমন কিছু মানতে চাইবেন না এটাই আমি বলতে চেয়েছি।

*আতিক রাঢ়ী*এর জবাব:
সেপ্টেম্বর ১৪, ২০০৯ at ৯:১৩ অপরাহ্ণ
@আতিক রাঢ়ী,

আপনি রেগে আছেন। পরে কথা হবে।

7. 18

আগন্তুক

সেপ্টেম্বর ১৪, ২০০৯ সময়: ৩:১৭ অপরাহ্ণ লিঙ্ক

@বিপ্লবদা,
যাই বলেন...শয়তান কিন্তু ভালো বিনোদন দিতে পারে।

*বিপ্লব পাল*এর জবাব:
সেপ্টেম্বর ১৪, ২০০৯ at ৯:২১ অপরাহ্ণ
@আগন্তুক, হুম!!মোগাম্বো খুশ হ্যায়!

8. 19

রণদীপম বসু

সেপ্টেম্বর ১৫, ২০০৯ সময়: ২:০২ পূর্বাহ্ণ লিঙ্ক

হা হা হা হা হা !
খুব করে হেসে নিলাম বিপ্লব দা !
আপনার অদ্ভুত সুন্দর লেখাটা পড়ে ব্যক্তিগত উপলব্ধি যে কী চমৎকার হয়েছে , তা আর নাই বললাম।
অতঃপর সবগুলো মন্তব্য পড়ে পড়ে নিচে এসে কোন কোন মন্তব্য হুজুরীয় মন্তব্য থেকে এতো বেশি বিনোদন পেলাম যে, না হেসে আর পারলাম না ! হা হা হা !
ধন্যবাদ বিপ্লদা। নতুন কিছু উৎবচন তৈরিতে এই বিনোদনটা আমাকে খুব সহায়তা করবে।

9. 20

shamim

ডিসেম্বর ২৭, ২০০৯ সময়: ৮:০৪ পূর্বাহ্ণ লিঙ্ক

আপনার লেখা পড়ার শুরুতেই হোচট খেলাম।

ইউ টিউবে 'জোকার' জাকিরের কোরানিক ভার্সান ইংরেজী শিক্ষিত মুসলিমদের জন্যে , সৌদি আরবে আবার অন্য রকম-আমেরিকার চাপ খেয়ে পাশ্চাত্যে কোরান অনেক লিব্যালার-সেখানে পন্ডিতরা যুক্তি খোঁজেন উদারতান্ত্রিক ভার্সনের কমপ্যাটিবল কোরান কিভাবে রচনা করা যায়! গীতা বা বাইবেল বা হিন্দু ধর্ম গ্রন্থগুলির ও একই বেহাল অবস্থা!

একজন 'মুক্তমনা' লেখক হিসাবে দায়িত্ব সাধারনভাবে অন্য মানুষের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা (এমনকি আপনার প্রতিপক্ষ আপনার প্রতি না প্রদর্শন করলেউ)। আপনি জাকির নামক জনৈক ব্যাক্তিকে 'জোকার' হিসাবে আখ্যা দিয়েছেন। যেটা একজন ব্যাক্তিকে অসম্মানার্থে করা হয়েছে বলেই ধারনা। ধরা যাক আমি জাকির নামক ব্যাক্তিকে চিনিনা কিন্তু আপনার লেখা পড়ার পরে ঐ ব্যাক্তিকে না জেনেই তার সম্পর্কে আমার একটি খারাপ ধারনা হতে পারে। তাছাড়া উক্ত ব্যাক্তি এখানে আত্মপক্ষ সমর্থনে অনুপস্থিত তাই এ ধরনের চরিত্র হনন 'গীবত'-এর শামিল।

তাকে আপনার 'জোকার' মনে হতেই পারে। এবং সেটা হওয়া উচিত আপনার একান্ত ব্যাক্তিগত ব্যাপার। কিন্তু এই ব্লগ একটি 'পাবলিক প্লেস'। তাই আপনার ব্যাক্তিগত মত প্রকাশের চেয়ে সংযত বক্তব্য প্রকাশ করলেই আশা করি নতুন লেখক বা পাঠকের কাছে আপনার সম্মান বৃদ্ধিপাবে।

এছাড়া আমরা কিছু পেশাকে খুব কদর্য ভাবে মানুষের কাছে উপস্থাপন করি। যেমন নাপিত। আমরা কেউ বেশী বাড়াবাড়ি করলে তাকে নাপিত অমুক হিসাবে উল্লেখ করি এতে উল্লেখকারীর কদর্যতাই প্রকাশ পায়। 'জোকার' একটি পেশা ও একটি শিল্প আশা করি এই তথ্যটি আপনার জানা আছে। এখানে যারা আসেন আশাকরি তারা প্রানবন্ত যুক্তি ও বিতর্কের কারনেই আসেন। জাকির সাহেবের যুক্তির বিরুদ্ধে আপনার কিছু বলার থাকলে তা সবাই সহজেই গ্রহন করবেন, কিন্তু তাকে ব্যাক্তিগতভাবে হেয় প্রতিপন্ন করাকে মানুষ আপনার দুর্বলতা হিসাবেই প্রতিপন্ন করবে।

বই সেই একটাই-আল কোরান। মহম্মদ নিজের **কুকীর্তি বা সুকীর্তি**, অভিজ্ঞতালব্ধ জ্ঞান **সুপার মাফিয়া আল্লার** নামে চালিয়ে কোরান রচনা করেন।

এক্ষেত্রও আগের মতামত প্রযোজ্য। একজন ধর্ম বিশ্বাসীব্যাক্তি (আপনি অবশ্যই আগুন্তুক পাঠককে আপনার মন মত বানিয়ে নিতে পারবেননা) যখনই এই সব অবমাননা কর ভূমিকা পাঠকরবেন, সে তার স্বাভাবিক যুক্তি বুদ্ধির দরজা বন্ধ করে দিবেন এবং বাকিটুকু না পরেই একটি 'পূর্ব-ধারনা'-এর বশবর্তি হয়ে আক্রমনাত্বক হয়ে উঠবেন। একজন লেখক চায় পাঠকের সম্মতি (যদিও হতে পারেন পাঠক প্রথমত একজন ভিন্নামতাবলম্বী)। আর পাঠকের সম্মতি অর্জন করতে হলে লেখককে কৌশলি হতে হয়। যেহতু আপনি আপনার চাহিদা মোতাবেক পাঠক সৃষ্টি করতে পারবেননা তাই আপনা হতে আগত পাঠকের উপর প্রভাব বিস্তারই লেখকের উদ্দেশ্য হওয়া উচিত। কিন্তু এখানে যেভাবে শুরুতেই আপনার ব্যাক্তিগত মতামত জন প্রচলিত বা জনপ্রিয় 'সিম্বল' যেমন আল্লাহ, মুহাম্মদ কিংবা জাকির সাহেবের উপর আপনি প্রয়োগ করেছেন তাতে লেখক হিসাবে সাধারন পাঠকের প্রত্যাশাকে আপনি আঘাত করেছেন তার পাশাপাশি নৈতিক ভাবেও আমি আপনাকে মুক্ত-মনা লেখক সমর্থন করতে পারছিনা।

অর্থাৎ নিউটনের তৃতীয় সূত্র বিজ্ঞান যে ভাষায় লেখে , সেখানে একটি বাক্যের একাধিক মানে নেই

প্রকৃতি বিজ্ঞানের তত্ব বা বর্ননার মধ্যে দ্ব্যার্থকতার অবকাশ না থাকলেউ সামাজিক বিজ্ঞানের ব্যাখ্যার মধ্যে দ্ব্যার্থকতার অবকাশ রয়ে যায়। 'কেইনসীয় অর্থনীতির' বিভিন্ন স্কুল কেইনসীয় ধারনাকে বিভিন্ন ভাগে ব্যাখ্যা করেন। কেইন্স 'নিয়ন্ত্রন' বলতে কি বুঝিয়েছেন কিংবা এডাম স্মিথ ' অদৃশ্য হাত' বলতে কি বুঝিয়েছেন তাতে কিন্তু যথেষ্ঠ মতভেদ আছে।

আরব সভ্যতার পতনে যে কারনগুলি দেখিয়েছে তা নিতান্তই শিশুসুলভ। প্রতিটি যুগের নিজস্ব একটা চাহিদা থাকে যে সমাজ সেই চাহিদাকে পুরন করে তারাই সেই যুগে শেষ্ঠত্ব লাভ করে। আরব সমাজ তার যুগের চাহিদাকে পূরন করেছিল বলেই তৎকালিন যুগে শির্ষে অবস্থান করেছে কিন্তু যুগের চাহিদার

পরিবর্তন বুঝতে ব্যর্থ হওয়ায় সভ্যতা তাদের কাছ থেকে। গ্রীক সভ্যতাতে এত বেশী জ্ঞান বিজ্ঞানের ও বানিজ্য-প্রযুক্তি ইত্যাদি চর্চা হবার পরও তারা কিন্তু সভ্যতাকে ধরে রাখতে পারেনি কারন প্রতিটি সভ্যতাই শির্ষে উঠার পর এক ধরনের জড়তায় ভোগে যা পরিবর্তনের গতি রুদ্ধ করে দেয়। আর জড়তা পতন ডেকে আনে। বর্তমান জ্ঞান-বিজ্ঞানের চর্চা নিয়েও অহমিকা করার কিছুই নেই। নিজেদের চরম সভ্য ভাবার কোন সুযোগ নেই কারন আমরা নিজেরাই আমাদের আজান্তে ধ্বংসের বীজ বপন করে চলেছি।



আনাস এর জবাব:
ডিসেম্বর ২৭, ২০০৯ at ১০:৪৫ পূর্বাহ্ণ

@shamim,

অনেক কথার সাথেই একমত, আমার ধারনা লেখক সামাজিক বিজ্ঞান গুলর দ্ব্যার্থকতার কথা বলেন নি, তিনি বিজ্ঞানের বিষয়গুলর কথা বলেছে, যেমন কুরানে যদি এ কথা বলা থাকত যে উহারা কি দেখেনা যে সুর্য কখন ডুবেনা , পৃথিবীর আহ্নিক গতির জন্য ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন অবস্থানে দেখা যায় তাহলে সেটা আরো পরিস্কার হত, কারন সুর্য ডুবে এ কথার থেকে সুর্য ডুবেনা এ কথা অনেক বেশী আপেক্ষিক সত্য, বিজ্ঞান জানা মানুষেরা অন্তত বিভ্রান্ত হত না , আমি যখন এ বিষয়টি আপনাকে লিখছি, তখন আমার ছোট ভাই, ছোট বোন যে ক্লাস এইট এ পড়ে, তারা আমাকে কুরানে বিজ্ঞানের জ্ঞান দিতে বসে গিয়েছে, ঘটনাটা ছিল এরকম, আমার পিতা আমাকে ডেকে বললেন আলোচনা করবেন, এ বিষয়টি যখন উঠল তখন আমি বললাম পরিস্কার কোন বক্তব্য কুরান থেকে নেই , এর পরই আমার বলা বন্ধ হয়ে গেল, আমার পিতা ক্ষিপ্ত হয়ে উঠলেন, আমাকে কাফের ও বঞ্চিত করবেন এ কথা বলতে দ্বীধা করলেন না, তখন সবার মানসিকতা প্রায় একি রকম দেখলাম, কেউ-ই মানবতার কথা বলতে পারলনা। অথচ তারা আমাকে আলোচনার কথা বলে ই শুরু করল।

আশা করি আপ্নার কাছে ব্যাপারটা পরিস্কার যে জাকির নায়েকদের এসব লেকচারে এরা কতটা বিভ্রান্ত ও উন্মত্ত।



বিপ্লব পাল এর জবাব:
ডিসেম্বর ২৭, ২০০৯ at ১১:৫২ পূর্বাহ্ণ

@shamim,

একজন ‘মুক্তমনা’ লেখক হিসাবে দায়িত্ব সাধারনভাবে অন্য মানুষের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা (এমনকি আপনার প্রতিপক্ষ আপনার প্রতি না প্রদর্শন করলেউ)। আপনি জাকির নামক জনৈক ব্যাক্তিকে ‘জোকার’ হিসাবে আখ্যা দিয়েছেন। যেটা একজন ব্যাক্তিকে অসম্মানার্থে করা হয়েছে বলেই ধারনা। ধরা যাক আমি জাকির নামক ব্যাক্তিকে চিনিনা কিন্তু আপনার লেখা পড়ার পরে ঐ ব্যাক্তিকে না জেনেই তার সম্পর্কে আমার একটি খারাপ ধারনা হতে পারে। তাছাড়া উক্ত ব্যাক্তি এখানে আত্মপক্ষ সমর্থনে অনুপস্থিত তাই এ ধরনের চরিত্র হনন ‘গীবত’-এর শামিল।

(1) উক্ত জোকারটি যেভাষায় নাস্তিকদের সম্বোধন করেন, তার জন্যে তাকে জোকার বলা অন্যায় নয়। তাছারা, জোকার নায়েক নামটা আমি দিয়েছি এমন না। বলতে গেলে, মুসলিম, অমুসলিমদের সবাই যারা তার মিথ্যেচারিতা পছন্দ করে না, তারাই এই নাম তাকে দিয়েছে। এই প্রশ্নটা আপনি তাদের করলেও পারেন। এবং আমার ধারনা আপনার বক্তব্য আমার অজ্ঞতাপ্রসূত বলেই মনে হচ্ছে।

এছাড়া আমরা কিছু পেশাকে খুব কদর্য ভাবে মানুষের কাছে উপস্থাপন করি। যেমন নাপিত। আমরা কেউ বেশী বাড়াবাড়ি করলে তাকে নাপিত অমুক হিসাবে উল্লেখ করি এতে উল্লেখকারীর কদর্যতাই প্রকাশ পায়। ‘জোকার’ একটি পেশা ও একটি শিল্প আশা করি এই তথ্যটি আপনার জানা আছে।

জোকার নায়েককে জোকার বললে জাকির নায়েক কে অপমান করা হয় না। তবে জোকারদের অবশ্যই অপমান করা হয়। কারন তারা সৎপেশায় আছে। জাকিরের মতন মিথ্যে বেচে খায় না। তবে সেই অর্থে বৃহত্তর সত্য হল, স্যাটায়ার মার্কা কথাবার্তা, কাওকে আঘাত না করে, করা অসম্ভব।

বই সেই একটাই-আল কোরান। মহম্মদ নিজের কুকীর্তি বা সুকীর্তি , অভিজ্ঞতালব্ধ জ্ঞান সুপার মাফিয়া আল্লার নামে চালিয়ে কোরান রচনা করেন।

এক্ষেত্রেও আগের মতামত প্রযোজ্য। একজন ধর্ম বিশ্বাসীব্যাক্তি (আপনি অবশ্যই আগুন্তক পাঠককে আপনার মন মত বানিয়ে নিতে পারবেননা) যখনই এই সব অবমাননা কর ভূমিকা পাঠকরবেন, সে তার স্বাভাবিক যুক্তি বুদ্ধির দরজা বন্ধ করে দিবেন এবং বাকিটুকু না পরেই একটি ‘পূর্ব-ধারনা’-এর বশবর্তি হয়ে আক্রমনাত্বক হয়ে উঠবেন।

এটা আপনার একটু দ্বিচারিতা হচ্ছে। কোরানে প্যাগানদের এবং অবিশ্বাসীদের যে ভাষায় আক্রমন করেছে, আমি তার ১% ও করি নি। আল্লা জাতি ধর্ম বিশ্বাস তুলে আক্রমন করে , তা অমৃত সমান? আর তা মানুষ করলেই দোষের? কোরান যে ভাষায় প্যাগানদের আক্রমন করেছে, সেটা জেনে বুঝে যদি কোন মুসলিম পিসড অফ না হয় , তাহলে তাদের বিশ্বাসকে আক্রমন করলে, সেটা হজম করার ক্ষমতা তাদের রাখতে হবে। নইলে সেই ধর্ম বিশ্বকে সন্তাসবাদি ছাড়া আর কিছু দিতে পারবে না।

আর ইতিহাস নিয়ে আপনি যা লিখেছেন, তার সাথে আমার বক্তব্যের পার্থক্য কোথায়? আপনার যাদি পার্থক্য লেগে থাকে, আমি বলতে বাধ্য হচ্ছি আপনি আমার লেখা বুঝতে ভুল করেছেন।



shamim এর জবাব:
ডিসেম্বর ২৭, ২০০৯ at ৭:৩২ অপরাহ্ণ
@বিপ্লব পাল,

উক্ত জোকারটি যেভাষায় নাস্তিকদের সম্বোধন করেন, তার জন্যে তাকে জোকার বলা অন্যায় নয়

ধরাযাক আমি আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট বুশকে ‘হারামজাদা’ মনে করি কিংবা অনেকে তাই মনে করেন। সেটা আমি বা অন্যেরা করতেই পারি। আমি যখন আমার একান্ত ব্যাক্তিগত মহলে এটি নিয়ে আলাপ করব তখন এটি সম্ভবত কোন দোষনীয় নয়। কিন্তু ধরুন কোন পত্রিকায় বা পাবলিক অনুষ্ঠানে যখন ঐ ব্যাক্তির উদৃতি দিব তখন নিশ্চই তাকে ‘হারামজাদা’ বুশ বলে সম্বোধন করবনা। কিংবা ধরুন আমি মনে করি আমাদের প্রধানমন্ত্রী একজন চোর। আমিকি তাকে পাবলিক প্লেসে ‘চোর প্রধানমন্ত্রী’ বলে সম্বোধন করব?

জোকার নায়েককে জোকার বললে জাকির নায়েক কে অপমান করা হয় না

এই প্রশ্নের উত্তর কেবল যাকে আপনি সম্বোধন করেছেন তিনিই দিতে পারেন। অন্য কেউ নয়। ধরা যাক আপনাকে আমি মনে করলাম আপনাকে ‘ খচ্চর বিপ্লব’ বললে আপনাকে অপমান করা হয় না মনে করে তার ব্যাবহার শুরু করলাম কিংবা আরেকজনকে ‘কুত্তা অমুক’ বললে তাকে ছোট করা হয়না বলে মনে করা শুরু করলাম। এতে কি হবে; ব্লগে প্রতিক্রিয়া দেখা দিবে এবং একটি অস্থিতিশীলতা শুরু হবে। আপনাকে যারা পছন্দ করে তারা আমাকে শত্রু জ্ঞান করবে। এর পর আমি আপনার লেখার যতই যৌক্তিক সমালোচনা করিনা কেন তা বিদ্বেশ প্রসুত মনে হবে। আসলে নিজে যা মনে হল তাই করাই কল্যান নয়। এমনকি সংখাগরিষ্ঠ লোক যা ভাবে তা করাই কল্যানকর নয়। যা সঠিক তার সমর্থন যত কমই হোকনা কেন তা করাই কল্যান। নইলে ধর্মের দোষ কোথায়?

কোরানে প্যাগানদের এবং অবিশ্বাসীদের যে ভাষায় আক্রমন করেছে, আমি তার ১% ও করি নি

আমিতো চাই আপনি ০% ও করবেনন না। যে কারনে আল্লা যে কাজ করলে (‘আল্লা জাতি ধর্ম বিশ্বাস তুলে আক্রমন করে’) অপছন্দ করেন সেই কাজ যদি আপনি নিজেই করে বসেন তাতে আপনি আর আলাদা হলেন কিসে?

আল্লাতো একটি রূপক মাত্র। যারা আল্লার নামে শোষন করে তাদের একটি ঢাল মাত্র। । ঐ ঢালেরতো কোন দোষ নেই কারন সেটি একটি যন্ত্রমাত্র। সমস্য হলো ঐ ঢালের পিছনে লুকানো লোকগুলি যারা ঢালকে চালায়। ছিনতাই করার জন্য কিন্তু চাকু দায়ী নয় বরং ছিনতাইকারী দায়ী হয়। আর এই সব সিম্বলকে আঘাত করে কোন লাভ হয় না কারন এতে অন্ধ বিশ্বাসকে উস্কে দেয়া হয়।
আমাদের টার্গেট হল মানুষ, আল্লাহ নয় (যার অস্তিত্ব নেই সে কিভাবে টার্গেট হতে পারে)। আমাদের উদ্দেশ্য হওয়া উচিত মানুষের মধ্যে পজেটিভ রূপান্তর ঘটানো যাতে তারা নিজের থেকেই সত্যকে উপলব্ধি করে। এর জন্য উচিত মানুষকে সম্মান জানানো এবং তাদের বর্তমান বিশ্বাসকে (তা যতই মিথ্যা হোক) আপাত ভাবে সম্মান করা। সম্মান করার অর্থ তাকে মেনে নেয়া নয়। যেমন, আমি বিরোধী দলের সমর্থক হতে পারি কিন্তু সরকারী দল থেকে নির্বাচিত প্রধানমন্ত্রীকে আমি সম্মান করি। আমার বিরোধিতা যুক্তির মাধ্যমে, অসম্মানের দ্বারা নয়।

*বিপ্লব পাল*এর জবাব:

ডিসেম্বর ২৭, ২০০৯ at ৯:৪৫ অপরাহ্ণ

@shamim,

ধরাযাক আমি আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট বুশকে 'হারামজাদা' মনে করি কিংবা অনেকে তাই মনে করেন। সেটা আমি বা অন্যেরা করতেই পারি। আমি যখন আমার একান্ত ব্যাক্তিগত মহলে এটি নিয়ে আলাপ করব তখন এটি সম্ভবত কোন দোষনীয় নয়। কিন্তু ধরুন কোন পত্রিকায় বা পাবলিক অনুষ্ঠানে যখন ঐ ব্যাক্তির উদৃতি দিব তখন নিশ্চই তাকে 'হারামজাদা' বুশ বলে সম্বোধন করবনা। কিংবা ধরুন আমি মনে করি আমাদের প্রধানমন্ত্রী একজন চোর। আমিকি তাকে পাবলিক প্লেসে 'চোর প্রধানমন্ত্রী' বলে সম্বোধন করব?

দেখুন এখানে যুক্তিদুটো পক্ষেই চলতে পারে। যদি আমি প্রধানমন্ত্রিকে আড়ালে আবডালে চোর বলে গালাগাল দিই আর পাবলিক প্লেসে বলি মহান, তাহলে আমার চরিত্রের দ্বিচারিতাই প্রকাশ পাবে।

অধিকাংশ হিন্দু পাবলিক প্লেসে মুসলমান বা ইসলাম নিয়ে গালাগাল দেয় না। ঘরে ঢুকে , নিজেদের মধ্যে সম্পূর্ন অন্যরূপ ধারন করে। মুসললানরাও হিন্দুদের নিয়ে প্রকাশ্যে বা পাবকিল প্লেসে গালাগাল দেয় না খুব বেশী-কিন্ত নিজেদের মধ্যে আমি যদ্দুর জানি তারাও হিন্দুদের মুন্ডপাত করে। অর্থাৎ এই ব্যাপারে হিন্দু মুসলমান সবাই ডবল স্টান্ডার্ড নিয়ে থাকে। এটাকে আমি মোটেও ভাল বলে মনে করি না। এগুলো মোটেও স্বচ্ছ চরিত্রর উদাহরন না। আর একজন লেখকের স্বচ্ছ থাকা ভাল।

10. 21

আদিল মাহমুদ

ডিসেম্বর ২৭, ২০০৯ সময়: ১০:২৩ অপরাহ্ণ লিঙ্ক

বিপ্লব,

এখানে অপ্রাসংগিক, তবে সদা সত্য কথা বলার একটি বিষয় আমাকে মাঝে মাঝে ভাবায় যা আপনাদের কথায় আবারো মনে হল।

আমরা সভ্য শিক্ষিত সমাজ কোন প্রতিবন্ধী লোককে প্রকাশ্যে চিহ্নিত করি না ল্যাংড়া মতিন বা কানা কানাই হিসেবে। কিন্তু বলতে কি দোষ আছে, কারন ব্যাপারটা তো আসলে সত্য? স্বচ্ছতা কি সব সময় থাকা ভাল?

আমাদের গ্রামাঞ্চলে বা শহরেও অশিক্ষিত এলাকায় কিন্তু এখনো এই কালচার প্রচলিত।

11. 22

tonushree

মে ২০, ২০১০ সময়: ৭:৫৭ পূর্বাহ্ণ লিঙ্ক

অর্থের সমস্যা তো থাকেই, তার উপর অনুবাদ হয়, ফলে অর্থ আরো পাল্টে যায়, কিন্তু দেরিদার নামটাই তো শুধু পাওয়া গেলো, তবে তার আলোকে ব্যাখাটা জোকার জাকিরের মতই এক পলকেই শেষ হয়ে গেলো।

উদারনৈতিকতা নামের এক ধরণের অব্যাখ্যাত সমাজের প্রসংগ আপনি প্রায়ই টানেন, সেটা কি এখনো বিবর্তনের পথে আছে, নাকি কোনোদিন সেটা আলোর মুখ দেখবে ? নাকি ওটার সংজ্ঞাও দেয়া যাচ্ছে না ভাষার এই সমস্যার কারণে? নাকি ওটা মার্কিন মুলুকে স্থাপিত হয়ে গেছে ?

আপনি হিন্দু ও খ্রিস্টান সমাজের সফল রিফর্মের কথা বলেছেন, কতটা সফল এ ব্যাপারে সন্দেহ আছে, তবে হ্যা ও দুটির ধ্বজাধারীরা ধ্বংসের হাত থেকে রক্ষা পেতে এক ধরণের সুবিধাবাদী অবস্থান নিয়েছে এক কালে। ইসলাম এখনো সে রকমের রিফর্মে কিংবা বড় পর্যায়ের বিভাগে যায়নি বলেই মনে হয় পশ্চিমারা আতঙ্কিত। আপনার শংকা সে গোত্রের না হলে ভালো। কিন্তু আপনার অবস্থান সন্দেহের সৃষ্টি করে। একটু ব্যাখ্যা করে বলবেন কি , যে আপনি কি দার্শনিকভাবেই ঈশ্বরতত্ত্বের বিরোধী নাকি শুধু ধর্মগুলির বিরোধী?

আমি জানতে চাচ্ছি, সে জন্যেই আপনার লেখাটার লিংকে ক্লিক করেছিলাম, তর্কে যাবার মতন জ্ঞান আমার নাই, সাহায্য করলেই খুশি হব।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=6475

ধর্মানুভূতির ধর্মকথা

তারিখ: ২৯ চৈত্র ১৪১৬ (এপ্রিল ১২, ২০১০)

লিখেছেন: ফরিদ আহমেদ

> "একটি কথা প্রায়ই শোনা যায় আজকাল, কথাটি হচ্ছে 'ধর্মানুভূতি'। কথাটি সাধারনত একলা উচ্চারিত হয় না, সাথে জড়িয়ে থাকে 'আহত' বা 'আঘাত' কথা দু'টি; শোনা যায় 'ধর্মানুভুতি আহত' হওয়ার বা 'ধর্মানুভূতিতে আঘাত' লাগার কথা। আজকাল নিরন্তর আহত আর আঘাতপ্রাপ্ত হচ্ছে মানুষের একটি অসাধারণ অনুভূতি যার নাম 'ধর্মানুভূতি'।" -হুমায়ুন আজাদ।

হঠাৎ করেই দেখা যাচ্ছে জনপ্রিয় দৈনিক প্রথম আলোর রঙ্গ-ব্যাঙ্গ সাময়িকী আলপিনে প্রকাশিত আপাতত দৃষ্টিতে নিরিহ ধরনের একটি কার্টুনের কারণে বাংলাদেশের ধর্মপ্রাণ ব্যক্তিদের অত্যন্ত সংবেদনশীল ধর্মীয় অনুভূতিতে দারুনভাবে আঘাত লেগেছে। আঘাতের ব্যথায় দেশের সব আলেম উলামারা একযোগে হুক্কা হুয়া রব তুলে ধর্ম গেলো ধর্ম গেলো বলে শোরগোল শুরু করে দিয়েছেন। আর সেই ব্যথায় সমব্যথী হয়ে আমাদের ধর্মপ্রেমী সরকারও সাথে সাথেই হাক ডাক আরম্ভ করে দিয়েছে। আলপিনতো নিষিদ্ধ করা হয়েছেই। সেই সাথে ধরে নিয়ে যাওয়া হয়েছে সদ্য কৈশোর উত্তীর্ন মাত্র বিশ বছর বয়সী তরুন কার্টুনিষ্ট আরিফুর রহমানকে। সরকারের মহা বুদ্ধিমান করিৎকর্মা বাক্যবাগীশ তথ্য উপদেষ্টা মহোদয় সাথে সাথেই আবিষ্কার করে ফেলেছেন যে এটা দেশের বিরুদ্ধে সুগভীর চক্রান্তের অংশ। ষড়যন্ত্রকারীরা দেশের স্থিতিশীলতা নষ্ট করার জন্য অত্যন্ত পরিকল্পিতভাবেই এই ঘটনা ঘটিয়েছে। ভাগ্য ভাল যে ষড়যন্ত্রকারীরা ব্যর্থ হয়েছে। তা না হলে কি ভয়াবহ পরিণতি হতো তা ভেবে তিনি শিউরে উঠেছেন। এই মাত্র কদিন আগে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আর ছাত্রদের ষড়যন্ত্র থামাতে না থামাতেই আবার আরেক ষড়যন্ত্র। লোকজনেরও যে কি সমস্যা। এতো সুখে রাখার পরও খেয়ে দেয়ে কোন কাজ নেই সারাদিন বসে

বসে দেশের বিরুদ্ধে শুধু ষড়যন্ত্র করছে। এইতো ঢাকা বিশ্ববিদ্যালয়ের ষড়যন্ত্রে আশি হাজার লোক যুক্ত ছিল। পরে অবশ্য মান সম্মান বাঁচাতে তাড়াতাড়ি ওই সংখ্যা কমিয়ে আনতে হয়েছিল। কারন কিছু অকর্মন্য লোক এই নিয়ে এমন হাসাহাসি শুরু করলো শেষে মান ইজ্জত নিয়ে টানাটানি। বাঁকা চোখে টিটকারী দিয়ে তারা বলে যে আশি হাজার লোক যদি কোন কাজে যুক্ত থাকে তাহলে সেটা আবার ষড়যন্ত্র হয় কি করে। ষড়যন্ত্রতো হয় দশ বারোজন উপদেষ্টা আর সেনাপ্রধান মিলে গোপনে বসে দেশের বারোটা বাজানো যায় কিভাবে সেই আলোচনা করলে। এই যে চারপাশের এত সব ষড়যন্ত্র এগুলো ব্যর্থ করতে তাদের মত দেশপ্রেমিক মানুষেদের দিনরাত যে কি প্রানান্তকর পরিশ্রম করতে হচ্ছে তা যদি দেশের লোকেরা বুঝতো । গোদের উপর বিষ ফোড়ার মত সাপ্তাহিক ২০০০ আবার ধর্মানুভূতিতে আঘাত করার মত একটা আর্টিকেল ছেপে বসে আছে। যন্ত্রনা আর কাকে বলে! সেটাকেও ব্যারিষ্টার মহোদয়কে হুকুম জারি করে নিষিদ্ধ করতে হলো শেষ পর্যন্ত।

এমনিতে আমাদের দেশের আলেম জালেমরা হচ্ছে নাচুনি বুড়ি , তার উপর এই ঢাকের বাড়ি পেয়েতো তাদের পোয়া বারো।ধিং তা ধিন বলে হাত পা ছুড়ে বিকট নাচানাচি শুরু করে দিয়েছে তারা। কবে কোন যুগে সরকার এরকম জামাই আদর করে তাদের কাছে শলাপরামর্শ চেয়েছে। উপদেষ্টা মহোদয় যেভাবে কাঁচুমাঁচু হয়ে তাদের সাহায্য সহযোগিতা চেয়েছেন তাতেই তারা বুঝে গেছে যে দেশ এখন থেকে তারাই চালাবে। তাদের হুকুমেই চলবে সবকিছু ।

এদিকে হুজুরদের এই নাচানাচি দেখে মহা ধুরন্ধর প্রথম আলোর সম্পাদক মহাশয়ও বেশ ভালভাবেই ঘাবড়ে গিয়েছেন।এমনিতেই অনেকদিন ধরে উপদেষ্টা মহোদয়ের ভাবগতিক তেমন সুবিধার মনে হয়নি মতি ভাইয়ের কাছে । উপদেষ্টা মহোদয় ঠারে ঠারে প্রথম আলোর সার্কুলেশন দেখেন আর মাথার চুল ছেড়েন। তার পত্রিকাতো এখন চাকরী প্রার্থী বেকার পোলাপান ছাড়া আর কেউ কেনে না। এই চান্সে যদি প্রথম আলোকে শেষ অন্ধকার করে দেওয়া যায় তাহলে তো দারুণ হয়। এই সরকারকে গদিতে বসানো থেকে বিপদে আপদে কত সহযোগিতাই না দিয়ে আসছেন মতি ভাই। তারপরও মানিক মিয়ার এই গুণধর ছেলের যে কেন এতো খাই খাই ভাব তা তিনি বুঝতে পারছেন না ঠিকমত । তবে

ব্যারিষ্টার সাহেবের মতিগতি ্মতি ভাই ঠিকমত না বুঝলেও বিপদটা ঠিকই বুঝেছেন। আর বুঝেছেন বলেই এর মধ্যেই তিন তিনবার ঘটা করে মাফ চেয়ে বসে আছেন তিনি। তৃতীয়বার অবশ্য বেশ খাসা ভাবেই মাফ চেয়েছেন তিনি। এক সময়কার কঠিন বামপন্থী মতি ভাই তার মতই আরো একপাল তথাকথিত প্রগতির ঝান্ডাধারী সম্পাদক আর তথ্য উপদেষ্টা সমবিহারে টুপি মাথায় বায়তুল মোকাররমে হুজুরদের সাথে ইফতারী করে আর নামাজ পরে একেবারে খাস দিলে আল্লাহর কাছে তওবা করে করজোরে মাফ চেয়ে এসেছেন। সেই সাথে বলে এসেছেন যে প্রথম আলো শুরু থেকেই পবিত্র ইসলাম ধর্মের সাথে ছিল এবং আজীবন থাকবেই। শুধু মতি ভাই একা নন অন্যান্য সম্পাদক মহাশয়রাও এটা যে কত বড় গর্হিত কাজ হয়েছে সে বিষয়ে একমত হয়েছেন এবং এটা যে সংগতভাবেই ধর্মপ্রাণ মুসলমানদের ধর্মীয় অনুভুতিতে আঘাত হেনেছে সে বিষয়ে দেশবাসীকে জ্ঞাত করেছেন। তবে মতি ভাই যেহেতু নিঃশর্ত ক্ষমা চেয়েছেন তাই তাকে ক্ষমা করে দেওয়ার জন্য আহবান জানিয়েছেন তারা। একেই বলে কাকের মাংস কাক খায় না।

এক সময়কার আল্লাহ খোদা না মানা কমিউনিষ্ট মতি ভাই এবং তার বন্ধুদের এই ধর্মপ্রীতি দেখে বড়ই প্রীত হয়েছেন বায়তুল মোকাররমের খতিব সহ আরো কিছু বিশিষ্ট আলেম ওলামারা। কাজেই খাস দিলে তারা মতি ভাইকে মাফ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। খতিব উবায়দুল হক বলেছেন যে, যেহেতু প্রথম আলো সম্পাদক তার গর্হিত অপরাধের জন্য অনুতপ্ত হয়েছেন , ক্ষমা চেয়েছেন এবং তওবা করেছেন কাজেই তার ক্ষমার বিষয়টি আল্লাহ তায়ালা জানেন। আমাদের পক্ষ থেকে তার বিরুদ্ধে আর কোন ক্ষোভ নেই।

খতিবের মত অবশ্য সবারই যে ক্ষোভ দূরীভূত হয়েছে তা কিন্তু না। এই যেমন ইসলামী ঐক্যজোটের চেয়ারম্যান মুফতী ফজলুল হক আমিনী ও খেলাফত মজলিশের আমির শায়খুল হাদীস আল্লামা আজিজুল হক মতি ভাইয়ের ক্ষমা প্রার্থনাকে প্রতারণা ও ভাওতাবাজী বলে প্রত্যাখান করেছে। শায়খুল হাদীস তো বিকট হুংকার দিয়ে বলেছেন যে, কার্টুন প্রকাশে জড়িতরা সব মুরতাদ। এর জন্য মানুষ ক্ষমা করলে হবে না। তাদেরকে বিচারের সম্মুখীন করতে হবে। তিনি আবেগে আক্রান্ত হয়ে হাউ মাউ করে কান্নায় ভেঙ্গে পড়ে আরো বলেছেন

যে, আমাদের ঈমান-আকিদার উপর যারা এরকম আঘাত হেনেছে তাদেরকে দুনিয়াতেই থাকতে দেওয়া হবে না। ঈমান আকিদা বলে কথা। মতি ভাইয়ের পরপারে যাওয়ার দিন ঘনিয়ে এলো কিনা কে জানে।

ধর্মানুভূতি এই ঘোড়ার ডিম জিনিষটা আসলে কি?খায় না পিন্দে কে জানে। মানুষের কত রাজ্যের অনুভূতি আছে সেগুলোতে তো আঘাতের কথা শোনা যায় না কখনো। আহত হওয়ার কথা কস্মিন কালেও শুনবেন না আপনি। যত গ্যাঞ্জাম,হউগোল, চিৎকার চেচামেচি এই এক বিদিকিচ্ছিরি অনুভূতিকেই নিয়ে। হাটতে চলতে ফিরতে সব কিছুতেই আঘাত লাগে এর। আর সেই আঘাতে পলে পলে আহত হয় সে। সারাক্ষণই ব্যথায় কো কো করছে বেচারী ধর্মানুভূতি। বাংলাদেশের জন্মের পর থেকেই আঘাতে আঘাতে আহত হয়ে এর জান প্রায় যায় যায় অবস্থা। সেই কবে কোন কালে দাউদ হায়দার এক কবিতা লিখলো তো সে বুকে ভীষন আঘাত পেয়ে গেলো । তসলিমা নাসরিন এক উপন্যাস লিখলো, আর অনুভূতি মিয়া একেবারে মহা আহত হয়ে পড়লো। আরিফ এক কার্টুন আঁকলো তো সে একেবারে সটান শয্যাশায়ী হয়ে পড়লো। এই যে আমি এই লেখাটি লিখছি আমি নিশ্চিত এতেও এই নচ্ছার ব্যাটা দাবী করে বসবে যে তার দিলে ভয়ানক চোট লেগেছে। যে অনুভূতি এতো ঠুনকো, টোকা লাগলেই শুয়ে পড়তে চায়, তার কি টিকে থাকার আদৌ কোন দরকার আছে। যে অনুভূতিতে এতো সামান্যতেই আঘাত লাগে তাকে আস্তাকুড়ে ছুড়ে ফেলে দেওয়াটাই কি যুক্তি সঙ্গত নয় । তা না আজগুবি এই মহা নাজুক অনুভূতিকে নিরাপত্তা দেওয়ার জন্য রাষ্ট্র উঠে পড়ে লেগে বসে থাক সারাক্ষণ। আর তার সুযোগ নিয়েই এই অনুভূতির ধারকেরাও প্রতি পদে পদে তাদের অনুভুতিতে আঘাত লাগছে, অনুভূতিতে আঘাত লাগছে বলে হইচই করে হুটহাট নালিশ জানাতে থাকে।

এমনিতেই তো দেশের বারোটা বেজে গিয়েছিল সেই কবেই। মতি ভাই আর তার সম্পাদক বন্ধুদের কল্যানে এখন বারোটা থেকে চৌদ্দটা বাজার উপক্রম। দেশের চিন্তা করা আসলে এখন ছেড়ে দিয়েছিই বলা চলে। ওই দেশের চিন্তা করার জন্য এখন স্বয়ং আল্লাহ তালা আর তার ঈমানদার সৈনিকেরা আছে। আমাদের মত তুচ্ছ মানুষদের আর দরকার নেই । কাজেই আগডুম বাগডুম সেই চিন্তা আপাতত

মাথা থেকে বাদই দিচ্ছি। আমার চিন্তা শুধুমাত্র ওই বাচ্চা ছেলেটার জন্য। সম্পূর্ন বিনা কারনে এই সমস্ত মহা ধড়িবাজ পাকা খেলোয়াড়দের নিষ্ঠুর খেলার বলি হয়ে গেল সে। কোন দোষ না করেই জীবন শুরু হওয়ার আগেই জীবনটাই শেষ হয়ে গেল বোধ হয় ছেলেটার।

সমাপ্ত

https://www.amarblog.com/valomanus/posts/167576

দুর্যোগ বা দুর্ঘটনা আমাদের জন্য অভিশাপ নয় , বরং তা আল্লাহর রহমত

তারিখঃ বৃহঃ, ১৬/০৫/২০১৩ - ১৩:০৬

লিখেছেনঃ সত্যের সন্ধানী

বাংলাদেশ একটা প্রচন্ড দুর্যোগ প্রবন দেশ। এদেশে প্রতি নিয়ত ঘুর্ণিঝড় , বন্যা , অতি বৃষ্টি , জলাবদ্ধতা, খরা প্রতি নিয়ত আঘাত করে যাতে হাজার হাজার এমন কি মাঝে মাঝে লক্ষ লক্ষ লোক মারা যায়। যেমন ১৯৭০ সালের নভেম্বরের এক ঘূর্ণিঝড়ে প্রায় ৫ লাখ , ১৯৯১ সালের এপ্রিলে প্রায় ১ লাখ ৫০ হাজার , ২০০৭ সালে সিডরে ৫০০০ ও ২০০৯ সালে আইলাতে ৩০০০ লোক মারা যায়। এ ছাড়া প্রায় প্রতিদিন বহু মানুষ রাস্তায় গাড়ী দুর্ঘটনা , বিল্ডিং ধ্বসে পড়া, আগুন লেগে বা এমন কি লঞ্চ ও নৌকা ডুবিতে মারা যায়।

এসব মৃত্যুতে আমরা মাঝে মাঝে গোটা জাতি শোক প্রকাশ করি। আর বলা বাহুল্য এভাবে অপঘাতে মৃত্যু যেমন কেউ চায় না , এসব মৃত্যু বরন কেউ করলে সেটা শুনতেও ভাল লাগে না। এই যেমন সেদিন সাভারে রানা প্লাজা বিল্ডিং ধ্বসে পড়ে প্রায় ১২০০ এর মত লোক বেঘোরে প্রান হারাল যাতে সারা দেশ মূহ্যমান হয়ে পড়েছিল। তারপর বিগত মাস সমূহে ধর্মঘট , লংমার্চ , অবরোধ, মসজিদে মাইক দিয়ে ঘোষণা দিয়ে গন আক্রমন করেও কয়েক শত মানুষ মানুষ মারা গেছে হয় গুলিতে , না হয় গণ পিটুনিতে খুবই নির্মমভাবে। আমরা এসব মৃত্যুতেও মন খারাপ করেছি এবং বলা বাহুল্য এভাবে কোন মানুষের মৃত্যু হোক সেটা কেউই কামনা করি না।

কিন্তু এত অপঘাতে বা দুর্যোগে মৃত্যু সেটা কি আসলেই খুব খারাপ আমাদের জন্য ? যদি ইসলামি দৃষ্টি কোন থেকে দেখি তাহলে সেটা মোটেও কোন খারাপ কিছু তো নয়ই বরং বলা যা য় এটা আল্লাহর তরফ থেকে আমাদের জন্য এক মহা আশির্বাদ। সেটা কিভাবে ? তাহলে দেখতে হবে নীচের হাদিস :

আবু হুরায়রা বর্ণিত, আল্লাহর রসুল বলেছেন- একজন মানুষ রাস্তা দিয়ে যাচ্ছিল, রাস্তার ওপর কাটাওয়ালা একটা শাখা দেখল ও তা তুলে রাস্তার বাইরে ফেলে দিল। আল্লাহ তা দেখে লোকটির ওপর খুব খুশী হলো ও তার সব গুনাহ মাফ করে দিলেন। এর পর নবী পাঁচ প্রকারের শহিদের কথা উল্লেখ করলেন তারা হলো-
(১) যারা প্লেগ বা মহামারীতে মারা যায়
(২) যারা পেটের পীড়ায় আক্রান্ত হয়ে মারা যায়
(৩) যারা পানিতে ডুবে মারা যায়
(৪) যে দুর্ঘটনা (দুর্যোগ)য় জীবন্ত অবস্থায় কবরে (চাপা পড়ে) মারা যায়
(৫) যে আল্লাহর রাস্তায় যুদ্ধে মারা যায়।

সহী বুখারী, বই নং-১১, হাদিস নং-৬২৪

সূত্র : বুখারি হাদিস

এখানে প্লেগ মহামারি ক্যাটাগরিতে মহামারী তো বটেই দুর্ভিক্ষও পড়বে। পেটের পীড়া বলতে আমাশয়, ডায়রিয়া, কলেরা ইত্যাদি রোগ পড়বে। পানিতে ডুবে মরার মধ্যে পড়ে লঞ্চ বা ট্রলার ডুবি , ব্যক্তিগত ভাবে পানিতে ডুবে মরা। জীবন্ত অবস্থায় চাপা পড়ে মরার মধ্যে পড়ে বিল্ডিং ধ্বসে পড়া বা পাহাড় ধ্বসে চাপা পড়া এসব। পরিশেষে আল্লাহর রাস্তায় যুদ্ধ করতে গিয়ে মরা যাকে আমরা জিহাদ বলি , এর মধ্যে পড়ে সম্প্রতি জামাত শিবির বা হেফাজত দেশে ইসলামকে রক্ষা করার জন্য যে ভাবে যুদ্ধ করতে গিয়ে অকাতরে প্রান দিয়েছে সেটা ধরা যেতে পারে। আর বলাবাহুল্য , এসকল উপায়ে যারা মারা যায় বা মারা গেছে তারা সবাই শহিদের পর্যায় ভুক্ত।

আমরা এটাও জানি শহিদরা বিনা বিচারে সোজা বেহেস্তে চলে যাবে। প্রতিটি মুসলমানেরই লক্ষ্য বেহেস্তে যাওয়া। সে জন্যেই সে নামাজ , রোজা , হজ্জ, যাকাত , কোরবানি এসব করে। এত কিছু করার পরও স্বাভাবিক ভাবে যার মৃত্যু হয় সে কিন্তু নিশ্চিত নয় যে সে আসলেই বেহেস্তে যাবে কি না। অথচ সারা জীবন যে হয়ত নামাজ পড়ে নি , যাকাত দেয় নি , রোজা রাখে নি বা হজ্জ করে নি অথচ আল্লাহকে বিশ্বাস করে , বিশ্বাস করে আল্লাহর রসুলকে সে কিন্তু উক্ত ক্যাটাগরিতে মৃত্যু বরন করে কোন রকম ঝামেলা ছাড়াই টুপ করে বেহেস্তে ঢুকে পড়বে।

তাহলে বাংলাদেশ একটা দুর্যোগ প্রবন দেশ বা দুর্ঘটনা প্রবন দেশ হওয়াতে আমাদের ওপর আল্লাহ কি অত্যাধিক রহমত বর্ষন করে না ? এমতাবস্থায় দেশে যাতে দুর্যোগ বা দুর্ঘটনা না ঘটে সেটার জন্য আল্লাহর কাছে কি আমাদের মুনাজাত করা উচিত নাকি এসব যাতে বেশী বেশী ঘটে ও মানুষ যাতে বেশী বেশী শহিদ হতে পারে সে জন্যে আল্লাহর কাছে মুনাজাত করা উচিত ?

কমেন্ট

বৃহঃ, ১৬/০৫/২০১৩ - ১৬:২৬ তারিখে মানকচু বলেছেন

মানুষ যখন নিজের ইতিহাস ভুলতে শুরু করে তখন তার ক্ষয়ে যাওয়া শুরু হয় ------ প্রীতম

বৃহঃ, ১৬/০৫/২০১৩ - ১৬:৫২ তারিখে দ্বিতীয়নাম বলেছেন

তবে ইহুদী-নাসারাদের দেশে দুর্যোগ বা দুর্ঘটনা হইল আজাব

বৃহঃ, ১৬/০৫/২০১৩ - ১৮:৫২ তারিখে ফকির বাবা বলেছেন

সত্য কথা বলেছেন।

বৃহঃ, ১৬/০৫/২০১৩ - ১৯:৪৮ তারিখে সাদাকালা বলেছেন

উফকারী পোষ্ট দিছেন

আমার হুরের লগে হুরাহুরি খেলার বহত সখ!

ভাবতাছি সাগরে মাছ ধরুম তাতে পানিতে ঢুইবা মরার চান্স আছে!

বৃহঃ, ১৬/০৫/২০১৩ - ২০:১১ তারিখে ফকির বাবা বলেছেন

তাড়াতাড়ি সাগরে মাছ ধরতে যান, নইলে শহিদ হওয়ার চান্স হারাইবেন।

বৃহঃ, ১৬/০৫/২০১৩ - ২০:৩৬ তারিখে ফারমার বলেছেন

Idiotic

ইহুদি ও খ্রিস্টান ধর্মের একশ্বেরবাদীতায়ম ঈশ্বর চেতনা

১১ ই জুন, ২০০৬ ভোর ৬:২৮



কেনো এই পোস্ট লিখছি, একথা জিজ্ঞেস করলে এককথায় কোনো উত্তর দিতে পারবো না। তবে ধর্মবিষয়ক মতবাদের আগের পোস্টটি লেখার পর মনে হলো আরেকটু অগ্রসর হই। ধর্মের দর্শন খুবই কঠিন একটি বিষয়। খুব কম মানুষই এই গোলকধাঁধাঁয় ঢুকতে চান। তার চেয়ে ভালো হাতের কাছে পাওয়া বাপ-দাদার ধর্মে বিশ্বাস করে প্রচলিত কিছু প্রথা মুখস্থ অনুসরণ করে যাওয়া। অবশ্য ধর্মের দর্শনের এই জটিলতাও সবার জন্য নয়। তো যারা আগ্রহী জানতে চলুন আগের লেখার শেষ অংশ থেকে শুরু করা যাক। ইসরাইলে যে মনোথিইজমের জন্ম হয় তাই পৃথিবীতে এনে দেয় একক ঈশ্বরের ধারণা। ইহুদিদের সেই একক ঈশ্বর ধারণার হিব্রু ভাষ্যই বাইবেলের অল্ড টেস্টামেন্ট (Old Testament)-এ স্থান করে নিয়েছে। কিন্তু ইহুদি ধর্ম ও তাদের সমাজ চিরনৎদন ও সাংস্কৃতিক বহুইশ্বরবাদ (Polytheism) ও হেনোথিইজম ধারণা থেকে বের হয়ে আসার জন্য দীর্ঘ লড়াই করতে হয়েছে।

হিব্রুদের ঈশ্বর মূলত: স্থানীয় এক ঈশ্বর, ইসরাইলের জাওয়েহ (কাছাকাছি এলাকায় অন্যান্য এরকম

ট্রাইবাল ঈশ্বরের নাম ছিল ডাগন ও চেমশ)। কিন্তু খ্রিস্টান যুগের আগে অষ্টম , সপ্তম, ও ষষ্ঠ শতাব্দীতে অনেক ধর্মীয় নেতা ইশ্বর জাওয়েহকে শুধু হিব্রুদের ঈশ্বর থেকে সমগ্র পৃথিবীর সব মানুষের ঈশ্বরের ধারণায় উত্তরণ ঘটান। এসব ধর্মীয় মহাপুরষদের মধ্যে রয়েছেন , আমোস, হোসিআ, প্রথম ঈসাই, জেরেমিয়া এবং দ্বিতীয় ঈসাই। হিব্রু ভাষার এসব নবীরা এই মতবাদটিকে এগিয়ে নিয়ে যান। তারা বলেন, যদিও ঈশ্বর তাদের জাতিকে এক বিশেষ দায়িত্ব দিয়েছেন ঈশ্বরের কথা পৃথিবীর সবাইকে জানান দিতে তবুও তিনি শুধু তাদের ঈশ্বর নন , বিদেশীদেরও ঈশ্বর। অর্থাৎ তারা এই ধারণাটি প্রতিষ্ঠা করতে চেষ্টা করেছেন যে, এরকম একজন ঈশ্বর শুধুমাত্র একটি নির্দিষ্ট বিশ্বাসের জনগোষ্ঠীর দায়িত্ব পালন করতে পারেন না, বরং তাকে হতে হবে সব জাতি ও জনগোষ্ঠীর।

ইহুদিদের তৈরি এই একক ঈশ্বরের ধারণাটি আরো বিশদভাবে দার্শনিক ব্যাখ্যাযুক্ত হয়ে স্থান নেয় খ্রিস্টান ধর্মে। ইহুদি-খ্রিস্টানদের এই একক ধারণার উপর নির্ভর করে পরবর্তীতে পৃথিবীতে অনেক নতুন ধর্মের জন্ম হয়েছে। তাছাড়া , কিছু কিছু ক্ষেত্রে পুরনো অনেক স্থানীয় ধর্ম এই ধারণার দার্শনিকতাকে তাদের ধর্মচিন্তার মধ্যে গ্রহণ করে পুরনো ধর্মকে নতুন সাজ -পোশাক পরিয়েছে। তবে যেহেতু ধর্মসংক্রানণ্দ এ্যাকাডেমিক আলোচনায় এই মনোথিইজমকে ইহুদি -খ্রিস্টানদের ঈশ্বরের একত্বের ধারণা বলেই আলোচনা করা হয় সেহেতু আমিও তাই করছি।

অসীম ও স্ব-স্বাধীন ঈশ্বর

ইহুদি ও খ্রিস্টানদের ঈশ্বর চেতনায় ঘুরে ফিরে একটি কথা আসে তাহলো ঈশ্বর অসীম , তার কোনো সীমা নেই। এই যে ঈশ্বরের অসীমতা ও সর্বব্যাপ্তিতা এই ধারণাকে আরো সুপ্রতিষ্ঠিত করতে গিয়ে এই মতবাদের সমর্থকরা একটি গুরুত্বপূর্ণ ধারণা সামনে নিয়ে আসেন। সেটি হচ্ছে আমাদের বলা উচিত নয় যে ঈশ্বর আছেন কারণ এই বক্তব্যও ঈশ্বরকে সীমাবদ্ধ করে দেয়।

কমেন্ট

১. ১১ ই জুন, ২০০৬ দুপুর ১:০৬

অতিথি বলেছেন: লিখতে থাকেন । কেমন হইছে কমুনা

২. ১১ ই জুন, ২০০৬ দুপুর ১:০৬

অতিথি বলেছেন: আমার কিন্তু ভালো লাগছে সুমন , চমৎকার, খুবই চমৎকার বিশেস্নষণ।

৩. ১১ ই জুন, ২০০৬ দুপুর ১:০৬

অতিথি বলেছেন: আমার গত পোষ্টে আপনি যে সারল্যের কথা বলেছেন, তা এখানেও প্রযোয্য। আমাদের ত্রিমাত্রিক সীমাবদ্ধতায় এর যতটুকু দরকার , তার ব্যবহার না করে ধর্মীয় বা অধর্মীয় ভুল ব্যাখ্যায় বিভ্রান্ত হই।
আপনার মুল্যবান ও লেখাটি ভাল লেগেছে।

৪. ১১ ই জুন, ২০০৬ সন্ধ্যা ৬:০৬

অতিথি বলেছেন: ধন্যবাদ সুমন , মহুয়ামঞ্জুরী ও তীরন্দাজ।

ঈশ্বরের অস্তিত্বের সপক্ষে যুক্তিগুলো নিয়ে পরের লেখাটি লিখবো ভাবছি। কিন্তু যেহেতু দর্শন কঠিন বিষয় আগ্রহী পাঠকের সংখ্যা কম। আবার নিজের পরিশ্রমও বেশি করতে হয়।

এই সমস্যা আর কি?

৫. ১১ ই জুন, ২০০৬ সন্ধ্যা ৬:০৬

হযবরল বলেছেন: আমার শৈশবে ঈশ্বর বা আল্লাহ ছিলেন একজন বিশাল বপু লোক। হাফ প্যান্ট আর স্ট্রাইপ টি-শর্‌্টট পরা। হাসি আসতে পারে শুনলে, আমার
চিন্তায় ঈশ্বর আমার মতই ছিল, পোষাকে ।শুধু বপু ছিল বিশাল।

আপনার লিখার শেষ কি হবে আরনলড টয়েনবী আর দাইশাকু ইকেদা দিয়ে ? মনে হয়।
আপনি কেন আমাদের ব্লগের প্রাণ ভোমরা তা আবার দেখালেন ।

৬. ১২ ই জুন, ২০০৬ রাত ১:০৬

অতিথি বলেছেন: বিশাল বপুর লোক। হযবরল , বেশ মজার কথা বললেন। আসলে মানুষ ঈশ্বরকে মানুষের কায়ায়ই কল্পনা করে। এজন্য দেবতার পূজারিরা বলে মানুষ আকার কল্প না না করে ঈশ্বরবন্দনা করতে পারে না।

কবি গোলাম মোস্তফার অনুবাদে সুরা ফাতিহার উপর ভিত্তি করে একটা কবিতা আছে। আমাদের পাঠ্য বইয়ে ছিল। কবিতার লাইন হুবহু আমি মনে রাখতে পারি না। মোটামুটি চরণগুলো এরকম

অনন্ত অসীম ....বিচার দিনের স্বামী
যত গুণগান, হে চিরমহান তোমারই অন্তর্যামি
দ্যুলোকে ভূলোকে সবারে ছাড়িয়া
তোমারই চরণে পড়ি লুটাইয়া
তোমারি সকাশে যাচি হে শকতি
তোমারি করুণাকামী

তো এই কবিতায় গোলাম মোস্তফা ঈশ্বরের চরণ কল্পনাও করেছেন।

আমি অনেককে জিজ্ঞেস করেছি, তাদের মত আল্লাহ সাদা দাড়িওয়ালা কেউ হবেন...

৭. ১২ ই জুন, ২০০৬ রাত ১:০৬

অতিথি বলেছেন: আরেকটি কথা হযবরল, এ বিষয়ে বিস্তৃত কিছু লিখতে যাবো না। ধর্ম-দর্শনের বইয়ের পাতা উলটায়নি অনেকে এসে এমন দুনিয়াছাড়া ভঙ্গিতে নাকিতর্ক জুড়ে দেয় যে ভীষণ বিরক্ত লাগে। এখন অন্তত: বলতে পারবো ঐ পোস্টটা পড়ে আসুন।

ব্লগের প্রাণভোমরা....একি বললেন হযবরল ?

৮. ১২ ই জুন, ২০০৬ রাত ২:০৬

অতিথি বলেছেন: ইসরাইলের পূর্বেও মানব সভ্যতায় মনোথিইজম ছিলো। এবং বেশ ভালো ভাবেই ছিলো।

কোন সভ্যতায় ছিলো বলছি না আপাতত। আপনি জ্ঞানী মানুষ। নিজেই খুজে বের করতে পারবেন।

আপনি তো দেখছি একটার পর একটা ভুল তথ্য দিয়ে যাচ্ছেন গুরু ... কারেকশন ফ্লুইড দরকার ...

৯. ১২ ই জুন, ২০০৬ রাত ৩:০৬

অপ বাক বলেছেন: ইসরাইলের পূর্বে বলতে কি বুঝবো?
ইব্রাহিমের একত্ববাদি ধারনার প্রচলন? এই পঞ্চায়েত ধাঁচের ইশ্বরের শাসনব্যাবস্থা?
এটা একটা সাধারন ধারনার অগ্রসর অংশ- বিভিন্ন দেবতাদের কার্যক্রম সমন্বয় এবং একজন মূল ইশ্বরের ধারনা আসার পর ধর্মে একজন ইশ্বরের অধীনে বাকি সব দেবতারা কাজ করছে এমন ধারনাটা মানুষের চেতনার উন্নয়নের ধারাবাহিকতা।
কিন্তু বিমূর্ত ইশ্বরের ধারনাটা একেবারে নতুন।
একজন ইশ্বর এবং বাকি সব দেবতারা বাতিল, ইশ্বর নিজের কর্মি বাহীনি তৈরি করেছে তাদের ফেরেশতাকুল বলা হয়, এই ধারনা অনেক পরের। এইখানে মৌলিক পার্থক্য কম কিন্তু এই পার্থক্যগুলো সময়ের এবং সভ্যতার অগ্রগতির পরিচায়ক।

ইহুদি এবং খ্রিস্টান ধর্মের ইশ্বরের সাথে মুসলিমদের ইশ্বরের মিল কম যদিও ইসলাম দাবি করে তারা এদের উত্তরসূরি। হিন্দুদের ধারনার একত্ববাদের সাথে আবার আরব উপদ্্ব ীপের একত্ববাদের ধারনা মিলবে না। ইরানের একত্ববাদি ধর্মের সাথে যেমন মিলে না সেই ধারনা।
নিয়মতান্ত্রিক শাসনব্যাবস্থার চেতনা যত পরিস্কার হয়েছে মানুষের নির্মিত ইশ্বরের কর্মদক্ষতা এবং প্রশাসন ব্যাবস্থা তত উন্নত হয়েছে।

১০. ১২ ই জুন, ২০০৬ সকাল ১০:০৬

অতিথি বলেছেন: ধন্যবাদ, সাদিক ও অপ বাক।

সাদিক, আমার জানামতে ইসরাইলের পূর্বে মনোথিইজমের কিঞ্চিত প্রচলন হয়েছিল মিশরে। পার্সিয়ানদের ইশ্বর আবিষ্কার এর পরের। অন্যান্য কিছু কিছুধর্মেযাকে আমরা বলতে পারি ট্রাইবাল গডের ধারণা ছিল। ইসরাইলিদের গডও প্রথমে শুধু তাদের ঈশ্বর ছিল। কিন্তু সারা পৃ থিবীর জন্য একক ঈশ্বরের ধারণার জন্ম ইসরাইলেই। না জ্ঞানত: আমি কোনো ভুল তথ্য দিচ্ছি না। কারণ আমি তো ফিলসফি অব রিলিজিয়নের বই-পুস্তকের সাহায্য নিয়েই লিখছি। এর কিছুই আমার আবিষ্কার নয়। যদি

আপনার কাছে ভিন্ন তথ্য থাকে তবে এই ফ্রেইমওয়ার্কের সাথে মিলে কিনা দেখুন। নতু বা আপনার রেফারেনস সহ তথ্য দিন, আমি মিলিয়ে দেখবো। ..আর হা, হা, হা, আমি জ্ঞানী নই, তবে জ্ঞানের প্রতি আমার আগ্রহ আছে, আর জ্ঞান থেকে আমি মুখ ফিরিয়ে থাকি না , এটুকু বলতে পারেন...

অপ বাক, হ্যা অবশ্যই এসব ধারণা পুষ্ঠ হয়েছে মানুষের অন্যান্য ক্ষেত্রে অগ্রসরতার সাথে । ঈশ্বরের মাহাত্ম্য বর্ণনায় মোল্লা-পুরোহিতরা এখন বায়োটেকনলজির ব্যাখ্যাও জুড়ে দেয়। যা হয়তো 5 বছর আগেও ছিল না।

আরব উপদ্্বীপের সাথে হিন্দুস্থানের ঈশ্বরের ধারণার মিল নেই সত্যি আবার এও সত্যি পরবর্তীকালে ধর্মগুলো কাছাকাছি আসার পরবর্তী প্রজন্মের ধর্মবেত্তারা অন্য ধর্মের আলোকে আলোকিত হয়ে নিজ ধর্মের ঈশ্বরকে নতুন ব্যাখ্যাও দিয়েছে। আমি অবশ্য বিভিন্ন ধর্মের ধারণার মধ্যে মিলের বিষয়টুকুতে আলো ফেলতে বেশি উৎসাহী। অমিলে নয়। তাতে মানুষের প্রাগসরতার ধারাবাহিকতা বুঝতে সুবিধা হয়।

তবে আমার অবাক লাগে ভাবতে, আদমের সন্তানেরা এত দ্রুত পৃথিবীর এত প্রান্তে ছড়িয়ে গিয়ে এত ধর্মে বিভক্ত হয়ে গেলো কিভাবে, তার ব্যাখ্যা কিভাবে দেয় আদম-তত্ত্বের অনুসারীরা।

১১. ১৪ ই জুন, ২০০৬ রাত ১২:০৬

অতিথি বলেছেন: অপবাক : বিমূর্ত ইশ্বরের ধারনাটি একেবারেই নতুন - আপনার এই কথাটি সত্য নয়।

উপনিষদ, যাকে বেদের ইন্টারপ্রেটেশন হিসেবে দেখা হয় সেখানে বিমূর্ত একেশ্বরের ধারনা এসেছে আজ থেকে অনেক অনেক বছর আগে। এমনকি ইসরাইলী একেশ্বরবাদ যে ওলড টেস্টামেন্টকে ঘিরে তার জন্ম 500 থেকে 200 খ্রিষ্টপূর্বে।

স্কলারদের হিসেবে বেদের রচনাকাল ছিলো: 1500 থেকে 500 খ্রিস্টপূর্ব।
উপনিষদের 400 খ্রিস্টপূর্ব।

উদারহন হিসেবে এরকম একটি বিমূর্ত ইশ্বরের ধারনা দিতে পারি উপনিষদ থেকেই:

In the highest golden sheath is Brahman,

stainless, without parts;

Pure is it, the light of lights.

This is what the knowers of the Self know.

The sun shines not there,

nor the moon and stars,

these lightnings shine not,

where then could this fire be?

His shining illumines all this world.

Brahman, verily, is this Deathless.

১২. ০৬ ই জুলাই, ২০০৬ বিকাল ৩:০৭

অতিথি বলেছেন: দু:খিত সাদিক, আপনার কথা ও যুক্তি আমি মানতে পারছি না।

একক ব্যক্তি ঈশ্বরের ধারণা বা মনোথিইজম ইসরাইলের আগে পৃথিবীর অন্য কোথাও ছিল এমন প্রমাণ কোনো 'রিলিজিয়ন' সংক্রান্ত পাঠ্যপুস্তকে আমি দেখিনি। আপনি প্রশ্ন তোলার পর নতুন করে খুঁজেও পেলাম না। এবিষয়ে আলোচনা তেমন নেই তবে স্বাভাবিক পাঠ থেকেই বুঝি তেমন হওয়ারও কথা নয়।

আপনি ভারতের সনাতনী হিন্দু ধর্মের উদাহরণ টেনেছেন। হিন্দু মূলত: একক কোনো ধর্মই নয়। বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে বিবর্তিত হয়েছে এটি। তাদের একক কোনো ধর্মগ্রন্থও নেই। বেদ, গীতা, রামায়ণ কোনোটাকে বাদ দিলে ঐ ধর্মের পুরো চিত্র পাওয়া যায় না। খুব সরাসরি করে বললে হিন্দু ধর্মকে বহু ঈশ্বরের ধর্মই বলতে হয়। হিন্দু ধর্মের গ্রন্থগুলোও ওহির মাধ্যমে দৈবলোক থেকে এসেছে এমন দাবীও তারা কখনও করেনি।

একক ঈশ্বরের বিশ্বব্যাপী জয়জয়কারে যখন হিন্দু ধর্মের বিশ্বাস নিয়ে টানাপোড়েন দেখা দেয় তখন তাদের ধর্মবেত্তারা এই নতুন ব্যাখ্যাটা সামনে আনেন যে ঈশ্বর মূলত: এক আর তার রয়েছে অনেক রূপ। এই ব্যাখ্যা দেয়ার পরও হিন্দু ধর্ম মনোথিইস্ট ধর্মে পরিণত হয় না। কারণ তাদের মূল ধর্মবিশ্বাস, দেব-দেবীর ধারণা মনোথিইজমের উপরে প্রতিষ্ঠিত নয়। ব্যক্তিসত্ত্বার ঈশ্বর ধারণা না হিন্দু

ধর্মে আছে না আছে বৌদ্ধ ধর্মে। তারা কখনই মনে করেনি ধর্মের জন্য, ধর্মবিশ্বাসের জন্য ব্যক্তি-ঈশ্বরের প্রয়োজন আছে।

১৩. ০৬ ই জুলাই, ২০০৬ বিকাল ৪:০৭

অতিথি বলেছেন: আপনার যুক্তিতেই আপনার যুক্তি ভেদ করি:

হিন্দু মূলত: একক কোন ধর্মই নয় - আমি বলতে পারি ইসলাম মূলত: একক কোন ধর্মই নয়।

বিভিন্ন সময়ে বিভিন্নভাবে বিবর্তিত হয়েছে বলেছেন আপনি হিন্দু ধর্ম সম্পর্কে। আমি যদি বলি ইসলামের কুরআনও ওলড টেস্টামেন্ট এবং নিউ টেস্টামেন্ট থেকে অনুপ্রাণিত। তাহলে ইসলামও একক ধর্ম নয়। ওলড টেস্টামেন্ট ও নিউ টেস্টামেন্টের ধারাবাহিকতা।

ওহি ব্যাপারটা কি এটা নিয়ে অর্থোডক্স ক্যাম্পে বিতর্ক আছে। নন অর্থডক্স স্কুলেতো আরো। অনেক স্কুল অফ থটে যেটা ওহি সেটা আত্মার অনুপ্রে রণাই বোঝায়। এর চারদিক ঘিরে অলৌকিকতা তুলে নিলে বোঝা যাবে একজন কবি যে অনুপ্রেরণা নিয়ে লিখে থাকে , ধর্মের ওহি তার থেকে খুব দূরে নয়।

নবী মুহাম্মদ (সালাম) নিজেও বলেছেন যে তার কাছে ওহী আধা জাগরন আধা ঘুমন্ত অবস্থায় অনুপ্রেরণার মাধ্যমে আসে। এমনও বলা হয়েছে যে বিশ্বাসীর স্বপ্নের অনুপ্রোরনা নবুয়্যতের 40 ভাগের একভাগ। সুতরাং ওহী দৈব ইত্যাদি ব্যাখ্যা এখানে দুর্বল। সব কিছু দৈব। আপনি লিখতে পারছেন এটাও দৈব শক্তিতে। একজন মৃত ব্যক্তিরও হাত থাকে কিন্তু তার আত্মা থাকে না বলে সে লিখতে পারে। ঐ আত্মা দৈব শক্তিতে অনুপ্রাণিত। সু তরাং ওহী ব্যাপারটা বোঝা খুব সহজ না , জেনারেলাইজেশন অবুঝদের বুঝ দিতে ব্যবহার করলেও মূল বিশ্লেষনে গেলে একটু গভীরে বুঝতে পারাটাই কাম্য।
ওটা দিয়ে কিছু প্রমান হয় না।

হিন্দু ধর্ম প্রথম থেকেই একেশ্বরবাদী ; কিন্তু ঈশ্বরের বিভিন্ন রূপকে তারা বিভিন্ন ভাবে প্রকাশিত করে যা মানুষের ইন্টেলেকচুয়াল লেভেলের সীমাবদ্ধতাকেই প্রকাশ করে , একটা সময়ে অদৃশ্য স্রষ্টার চাইতে সেই স্রষ্টার দৃশ্য ফর্ম বা রূপ ও মেনিফেস্টেশন বেশি সুবিধাজনক ছিলো ঈশ্বরের বন্দনায়। এ কারনেই আফ্রিকার অনুন্নত উপজাতিরা এখনও বট বা পাহাড়কে স্রস্টার রূপ বলে পূজা করে। কারন তাদের কাছে অদৃশ্য, অল এনকম্প্যাসিং গডের ধারনা গ্রহন করা অসম্ভবই প্রায়। এ জন্য ইন্টেলেকচুয়াল ডেভলপমেন্ট প্রয়োজন।

বৌদ্ধধর্ম হিন্দু ধর্মের বিবর্তন। যীশুর যেমন নতুন কোন ধর্ম প্রবর্তন করার ইচ্ছা ছিলো না , কেবল মাত্র ইহুদী ধর্মের সংস্কারের ডাক দিয়েছিলেন; ঠিক তেমন হিন্দু বুদ্ধাও কোন নতুন ধর্মের সৃষ্টি করতে চান নি। ব্যক্তি পুজারী অতি আগ্রহী অনুসারীদের কাজ সেটা।

এ কারনেই হিন্দু ধর্মে বুদ্ধা একজন অবতার যেটার (ইসরায়েলী ধর্মের ভাষায়) অর্থ করলে নবী বা পথ প্রদর্শকই হয়।

১৪. ০৬ ই জুলাই, ২০০৬ বিকাল ৪:০৭

অতিথি বলেছেন: * কারেকশন,
"লিখতে পারে না" হবে .. মৃত ব্যক্তির লাইনটিতে।

১৫. ২৯ শে আগস্ট, ২০০৬ দুপুর ১:০৮

অতিথি বলেছেন: অনেকদিন পর পেছনে এসে সাদিকের উপরের মন্তব্যটি পড়লাম। ধন্যবাদ।

দুয়েকটি বিষয়ে আমার ধারণা ভিন্নরকম তবে অনেক বিষয়ে এক্ষেত্রে সাদিকের সাথে আমার জানার মিল আছে।
যেমন, ওহি বিষয়টার ব্যাখ্যা। যদিও গোঁড়া ধার্মিকরা এভাবে কখনও ব্যাখ্যা করতে রাজি হবেন না।

যীশু নতুন কোনো ধর্ম প্রচার করতে চাননি , এই তথ্যের সাথে একমত।

ব্রক্ষার ধারণা থাকা সত্ত্বেও হিন্দুধর্মকে প্রথম থেকেই একেশ্বরবাদী মানতে আমার দ্বিধা আছে। সরাসরি হিন্দু ধর্মের ওপর কোনো বই আমি পড়িনি। বিতর্কগুলো দেখতে হবে। ধর্মের তুলনামূলক আলোচনার যেসব বই পড়েছি তাতে হিন্দু ধর্ম সম্পর্কে তেমন বিস্তারিত আলোচনা কম থাকে। সুতরাং হিন্দু ধর্ম ও একেশ্বরবাদিতা নিয়ে পরে একসময় আলোচনা করা যাবে। হাতের কাছে যথার্থ বই পেয়ে নিই।

১৬. ২৯ শে আগস্ট, ২০০৬ দুপুর ১:২৪

অতিথি বলেছেন: ধন্যবাদ।

ভালো লাগলো অনেকদিন পর মন্তব্যটিতে মন্তব্য করার জন্য।

ন্যাশনাল ইউনিভার্সিটি অফ সিংগাপুরে ফিলোসফি ডিপার্টমেন্টে রবীন্দ্রনাথ ঠাকুরের গ্রেট গ্র্যান্ড নেফিউ পড়ান ভারতীয় দর্শন ও ধর্ম। শরদিন্দুনাথ ঠাকুর ভদ্রলোকের নাম। ওনার ইন্ট্রোডাকশন টু ইন্ডিয়ান ফিলোসফির ক্লাসে বসে বেদান্ত বিষয়ে কিছু জানা হয়ে ছে। হিন্দু ধর্মে ঈশ্বরের ধারনা বিবর্তনের মধ্যে দিয়ে গেছে যেটা উপনিষদের ভিতরে বিদ্যমান। (যেহেতু সনাতন ধর্ম হিসেবে এটি একক কোন ব্যক্তি চিন্তা, চেতনা ও অনুপ্রেরনা নয়; সেহেতু বিষয়টা খুব স্বাভাবিক)।

http://tinyurl.com/fznpb
এই লিংকে হিন্দুধর্মের সারাংশটা (একেশ্বরবাদীতার) চমৎকার তুলে ধরেছেন ইয়ান মার্টেল তার "লাইফ অফ পাই" উপন্যাসে।

[গাঢ়]বিষয়টা নিয়ে স্কলারলি কোনো পেপার তৈরী করলে আওয়াজ দিয়েন। [/গাঢ়] আমার যতদূর ধারনা আপনি ধর্ম নিয়ে কাজ করছেন আপনার পিএইচডি বা পোস্ট ডকে, নয় কি?

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=8743

ইসলামে বহুঈশ্বরবাদ

তারিখ: ৩১ আষাঢ় ১৪১৭ (জুলাই ১৫, ২০১০)

লিখেছেন: নিশাচর

পবিত্র কোরান শরীফে আল্লাহ তাআলা সূরা আল -মুমিনুন (বিশ্বাসী)-এ এরশাদ করেছেন:

"আল্লাহ্ কোন সন্তান গ্রহণ করেননি এবং তাঁর সাথে কোন মাবুদ নেই। থাকলে প্রত্যেক মাবুদ নিজ নিজ সৃষ্টি নিয়ে চলে যেত এবং একজন অন্যজনের উপর প্রবল হয়ে যেত। তারা যা বলে , তা থেকে আল্লাহ্ পবিত্র।" - সূরা ২৩:৯১

যদি অনেক ঈশ্বরের অস্তিত্ব থাকত সেক্ষেত্রে এটা ধারণা করা নির্বুদ্ধিতা যে ঈশ্বরগণ পরস্পর ঝগড়ায় লিপ্ত হবেন। ঈশ্বর হচ্ছেন আস্তিক মনের বিশ্বজগৎ সম্পর্কিত সকল সন্দেহের সমাধান স্বরুপ মহাজাগতিক ধ্রুবক। তাঁরা এতটা ঝগড়াপ্রবণ, হীন-মন্য এবং অসহিংঞু এটা বলার কারণ কি ? বিবেচনাটা কি অনেকটা অনৈশ্বরিক এবং নেতিবাচক হয়ে গেল না? তবে কি আল্লাহ তাআলা ততটাই ঝগড়াপ্রবণ, হীন-মন্য এবং অসহিংঞু!!??

একটা সিস্টেম-কে ভালভাবে বুঝতে হলে ঐ সিস্টেমের অংশ হতে হয়। যেহেতু , আল্লাহ তা আলা কল্পিত ঈশ্বর পদ্ধতির একজন সদস্য তিনি যদি এভাবে মাবুদের বৈশিষ্ট্য বর্ণনা করে থাকেন তবে বুঝতে হবে তার নিজের মধ্যেও সৃষ্টির প্রতি লোভ এবং তা নিয়ে সংঘর্ষে লিপ্ত হওয়ার মত পবিত্র গুণাবলী বিদ্যমান!

এইরকম গুণাবলী সম্বলিত ঈশ্বরে বিশ্বাস অবিবেচনাপ্রসূত এবং ক্ষীণ মনমানসিকতারই পরিচয় ; তা ঈশ্বরের একটি বা এক গাদা সন্তান থাকুন আর নাই থাকুন।

সূরা আল-ইসরায় বলা হয়েছে:

"বলুনঃ তাদের কথামত যদি তাঁর সাথে অন্যান্য উপাস্য থাকত ; তবে তারা আরশের মালিক পর্যন্ত পৌছার পথ অন্বেষন করত।" - সূরা ১৭:৪২

ইংরেজীতে

"Say (O Muhammad SAW to these polytheists, pagans, etc.): If there had been other âliha (gods) along with Him as they assert, then they would certainly have sought out a way to the Lord of the Throne (seeking His Pleasures and to be near to Him)."

'Throne' শব্দের অর্থ কিভাবে আরশ হল বুঝতে পারছি না। বিশেষজ্ঞরাই ভাল বলতে পারবেন। তবে 'Throne' শব্দের গতানুতিক অর্থ যা, তা হলে ব্যাখ্যাটা আরো বেশী বোধগম্য হয়।

বাংলা অর্থ আরো স্পষ্ট করার দরকার। ভুল হলে বলবেন। অর্থটা এরকম যে, অন্যান্য উপাস্যরা আরশের মালিকের অন্বেষণ করত আল্লাহর সন্তুষ্টি এবং নৈকট্য লাভের আশায়। দুটি আয়াত পরস্পর বিরোধী। যদি অন্য উপাস্যরা আল্লাহর অনুগামী হয় তবে তারা কিভাবে নিজ নিজ সৃষ্টি নিয়ে পৃথক হয়ে যায় এবং সংঘর্ষে লিপ্ত হয়?

ধরে নেই, ইসলামী প্রভু আল্লাহর মত ঈশ্বরগণ ততটা খারাপ নন। তাদের মধ্যে দয়া, সহিষ্ঞুতা ইত্যাদি মহান গুণাবলী বিদ্যমান। এসব ইতিবাচক গুণাবলী সমৃদ্ধ ঈশ্বরগণ নি:সন্দেহে একাধিক বিরাজ করতে পারেন। হিন্দু ধর্মের ৩৩ কোটি দেব দেবী তো নস্যি। অসীম এই বিশ্বভ্রমান্ডে হয়ত পড়ে আছেন নাম না জানা কত ঈশ্বর!

কিন্তু বহুঈশ্বরবাদীদের কোন ক্ষমা নেই।

১.

"নিশ্চয় আল্লাহ্ তাকে ক্ষমা করেন না, যে তাঁর সাথে কাউকে শরীক করে। এছাড়া যাকে ইচ্ছা, ক্ষমা করেন। " - সুরা ৪:১১৬

ইংরেজীতে

"Allah forgiveth not (The sin of) joining other gods with Him; but He forgiveth whom He pleaseth other sins than this: one who joins other gods with Allah, Hath strayed far, far away (from the right)"

২.

"নিশ্চয় যে ব্যক্তি আল্লাহ্র সাথে অংশীদার স্থির করে, আল্লাহ্ তার জন্যে জান্নাত হারাম করে দেন। এবং তার বাসস্থান হয় জাহান্নাম। অত্যাচারীদের কোন সাহায্যকারী নেই।" - সুরা ৫:৭২

ইংরেজীতে

"Verily, whosoever sets up partners in worship with Allâh, then Allâh has forbidden Paradise for him, and the Fire will be his abode. And for the Zâlimûn (polytheists and wrong doers) there are no helpers."

৩.

“নিঃসন্দেহে আল্লাহ্ তাকে ক্ষমা করেন না, যে লোক তাঁর সাথে শরীক করে। তিনি ক্ষমা করেন এর নিম্ন পর্যায়ের পাপ, যার জন্য তিনি ইচ্ছা করেন।” - সুরা ৪:৪৮

ইংরেজীতে

“Verily, Allâh forgives not that partners should be set up with him in worship, but He forgives except that (anything else) to whom He pleases, and whoever sets up partners with.”

বহুঈশ্বরবাদী বা শিরককারীরা মানব হত্যাকারীদের অপেক্ষা বেশী অপরাধী এবং তাদের শাস্তি মৃত্যুদন্ড অপেক্ষা কঠোর। [১]

তারা তো আমাদের মতই মানুষ। যে যে ধর্মের সম্প্রদায়ে জন্মগ্রহণ করে সে ধর্মেরই অনুসারী হয়। তাদের প্রতি এতটা ঘৃণা ছড়ানোর কি কারণ? খ্রিস্টকে আমাদের নবী বলে মেনে নেওয়া হয়েছে। তবে সে খ্রিস্ট আর খ্রিস্টানদের জেসাস খ্রিস্ট আকাশ-পাতাল ফারাক।

ইসলামের আবির্ভাবের সময়ে খ্রিস্টধর্ম অনেক প্রভাবশালী ছিল। আব্রাহামীয় ধর্মগুলো সে সময়ের মানুষ বরণ করে নিচ্ছিল। আর বহুঈশ্বরবাদীরা কোণঠাসা হয়ে পড়ছিল। তাই খ্রিস্টান ধর্মের অনেক কিছু মেনে নেয়া হল। কিন্তু অবলা পাগান , তাদের ক্ষমা নেই! খ্রিস্টানরাও তাদের প্রাণভরে হত্যা করেছে, করেছে মুসলিমরাও। জোর যার মুল্লুক তার।

ধর্ম নাকি সংস্কৃতি যা মেনে নিলে কোন ক্ষতি নেই। আমার মনে হয় ধর্ম ঠিক সংস্কৃতির সংজ্ঞায় পড়ে না। ধর্ম সংস্কৃতিহীন, অন্ধ এবং ভয়ংকরভাবে হিংস্র। আমি শুধু বহুঈশ্বরবাদের প্রেক্ষিতে এ কথা বলছি না, অনেক প্রসঙ্গেই এ কথা সত্য। ভবিষ্যতে আরো উদাহারণ টানব।

** জাকির নায়েকের প্রিয় অনুবাদক ইউ সুফ আলির অনুবাদ অনুসরণ করা হয়েছে।

১. http://www.faithfreedom.org/faq/70.htm

কমেন্ট

1. সৈকত চৌধুরী

জুলাই ১৫, ২০১০ সময়: ২:২৯ পূর্বাহ্ণ লিঙ্ক

আল্লাহ এত হিংসুক যে কেউ যদি তার সাথে শিরক করে অর্থাৎ অন্য কাউকে তার সমান ভাবে তবে এ অপরাধের কোনো ক্ষমা নেই। আর যদি তার মত আর কেউ থাকত তবে তারা সব কিছুই ধ্বংশ করে ফেলতেন(মারামারি করে?) । সুবানাল্লা!

আল্লাহ এত নৃশংস যে মানুষের মধ্যে বেশির ভাগকে তিনি অনন্তকাল আগুণে জ্বালাবেন।

ধর্ম সংস্কৃতিহীন, অন্ধ এবং ভয়ংকরভাবে হিংস্র। আমি শুধু বহুঈশ্বরবাদের প্রেক্ষিতে এ কথা বলছি না , অনেক প্রসঙ্গেই এ কথা সত্য। ভবিষ্যতে আরো উদাহারণ টানব।

আপনার লেখাটি পড়ে আমি অভিভূত না হয়ে পারলাম না।



নিশাচর এর জবাব:

জুলাই ১৫, ২০১০ at ৩:০৫ পূর্বাহ্ণ

@সৈকত চৌধুরী,

সুন্দর মন্তব্য। ধন্যবাদ।

2. 2

মাহফুজ

জুলাই ১৫, ২০১০ সময়: ৩:১৭ পূর্বাহ্ণ লিঙ্ক

এইরকম গুণাবলী সম্বলিত ঈশ্বরে বিশ্বাস অবিবেচনাপ্রসূত এবং ক্ষীণ মনমানসিকতারই পরিচয় ; তা ঈশ্বরের একটি বা এক গাদা সন্তান থাকুন আর নাই থাকুন।

চমৎকার বিশ্লেষণ। গভীর বিশ্লেষণমূলক লেখা। আস্তিকদের চোখ খুলুক এই লেখা পড়ে।
ভীষণ ভালো লাগলো। আপনার লেখা অব্যাহত থাকুক।



নিশাচর এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ১২:৩৭ অপরাহ্ণ
@মাহফুজ,

আস্তিকদের বিশেষ করে মুসলিমদের চোখ খুললেই সার্থক।

3. 3

Russell

জুলাই ১৫, ২০১০ সময়: ৫:২৩ পূর্বাহ্ণ লিঙ্ক

যদি অনেক ঈশ্বরের অস্তিত্ব থাকত সেক্ষেত্রে এটা ধারণা করা নির্বুদ্ধিতা যে ঈশ্বরগণ পরস্পর ঝগড়ায় লিপ্ত হবেন। ঈশ্বর হচ্ছেন আস্তিক মনের বিশ্বজগৎ সম্পর্কিত সকল সন্দেহের সমাধান স্বরুপ মহাজাগতিক ধ্রুবক। তাঁরা এতটা ঝগড়াপ্রবণ, হীন-মন্য এবং অসহিষ্ঞু এটা বলার কারণ কি ? বিবেচনাটা কি অনেকটা অনৈশ্বরিক এবং নেতিবাচক হয়ে গেল না? তবে কি আল্লাহ তাআলা ততটাই ঝগড়াপ্রবণ, হীন-মন্য এবং অসহিষ্ঞু!!??

4. 4

Russell

জুলাই ১৫, ২০১০ সময়: ৫:৩১ পূর্বাহ্ণ লিঙ্ক

আগেরটা কিছু লেখার আগেই মন্তব্যে মাউস ক্লিক পড়ে গেছিল , দুঃখিত। ঐ লেখটা খুব ভাল লেগেছে।

ধন্যবাদ।

5. 5

ভবঘুরে

জুলাই ১৫, ২০১০ সময়: ৬:১৫ পূর্বাহ্ণ লিঙ্ক

আপনার বিশ্লেষণ দারুন। যেমন-

যদি অনেক ঈশ্বরের অস্তিত্ব থাকত সেক্ষেত্রে এটা ধারণা করা নির্বুদ্ধিতা যে ঈশ্বরগণ পরস্পর ঝগড়ায় লিপ্ত হবেন। ঈশ্বর হচ্ছেন আস্তিক মনের বিশ্বজগৎ সম্পর্কিত সকল সন্দেহের সমাধান স্বরুপ মহাজাগতিক ধ্রুবক। তাঁরা এতটা ঝগড়াপ্রবণ, হীন-মন্য এবং অসহিষ্ণু এটা বলার কারণ কি ? বিবেচনাটা কি অনেকটা অনৈশ্বরিক এবং নেতিবাচক হয়ে গেল না? তবে কি আল্লাহ তাআলা ততটাই ঝগড়াপ্রবণ, হীন-মন্য এবং অসহিষ্ণু !!??

কোরানের আল্লাহ তো মোহাম্মদ স্বয়ং মানে মোহাম্মদ নিজের কথাকে আল্লাহর কথা বলে চালিয়ে দিয়েছেন।আর ঠিক একারনেই কোরানের বানী এরকম।
পরিশেষে, বিষয় বস্তু আর একটু বিস্তারিত হলে বোধ হয় ভাল হ'তো।

নিশাচর এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ১২:৩৯ অপরাহ্ণ
@ভবঘুরে,

আমার আসল লেখাটি অনেক বড়। বহুঈশ্বরবাদ তার একটি অংশ। ভাগ ভাগ করে প্রকাশ করছি। সময় পেলে আরো এনরিচ করার চেষ্টা করব।

6. 6

অভিজিৎ

জুলাই ১৫, ২০১০ সময়: ৭:১৮ পূর্বাহ্ণ লিঙ্ক

হঠাৎ করে নিশাচর দেখে ঘাবরে গিয়েছিলাম - ইনি আবার কে? পরে দেখলাম যে নামে মন্তব্য করেছেন, একাউন্ট পাবার পরে সেটা দিয়ে লেখা পোস্ট করেননি।

যা হোক, মুক্তমনায় স্বাগতম। ভাল লাগছে আপনাকে পেয়ে।



মাহফুজ এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ৯:৫৭ পূর্বাহ্ণ
@অভিজিৎ,
দাদা, ঘাবড়ে যাওয়ারই কথা। উনি এক এক সময় এক এক নামে রূপ ধারণ করেন। কখনও সেইন্ট আতিক কখনও সত্যান্বেষী কখনো একজন মানব হিতৈষী শেষ বেলায় এসে নিশাচর রূপ ধারণ করলেন। আর এটাই মনে হয় নিশাচরদের বৈশিষ্ট্য। দেখা যাক আর কত নাম তিনি গ্রহণ করতে পারেন। আগের নামগুলো নিয়ে তিনি মন্তব্য করেছেন। এবার নিশারচররূপে লেখক হিসাবে আবির্ভূত হলেন। লেখক হিসাবেও নাম পরিবর্তন করেন কিনা তা সময়ই জানিয়ে দেবে। যদিও সেটা তার সম্পূর্ণ ব্যাক্তিগত ব্যাপার, সেক্ষেত্রে অযথা নাক না গলানোই আমার জন্য সমীচীন। আপনি ঘাবড়ে না গেলে, কথাটা তুলতাম না।



নিশাচর এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ১২:৪৮ অপরাহ্ণ
@মাহফুজ,

নাম প্রকাশ আমি আসলে করতে চাই না। কেন নাম প্রকাশ করাটা এ যুগে বিপজ্জনক হয়ে পড়েছে সেটা আপনারা সবাই জানেন। তবে সত্যান্বেষী নামটা যখন দিলাম মনে হল এর মানে দাঁড়ায় আমি সত্যের সন্ধান এখনো পাই নি মানে দোটানায় আছি। তাই সত্যান্বেষী বাতিল।

মানবহিতৈষী যখন রাখলাম তখন মনে হল নিজেকে মানবহিতৈষী বলে প্রচার করা চেষ্টা করছি। প্রথমটাতে সেইন্ট আছে যার মানে নিজেকে সাধু বলে প্রচারের চেষ্টা। তাই ওদুটোও বাদ। শেষটায় , নিশাচরে এসে ঠিক হল যেটা আমার ক্ষেত্রে খুব সত্য।

ব্যক্তিগত ব্যাপার। তবে অনেকের আগ্রহ থাকতে পারে, তাই কারণ ব্যাখ্যা করলাম।

@অভিজিৎ দা,

আপনাকে অনেক ধন্যবাদ।

মাহফুজ এর জবাব:

জুলাই ১৫, ২০১০ at ১:২১ অপরাহ্ণ

@নিশাচর,

নাম প্রকাশ আমি আসলে করতে চাই না। কেন নাম প্রকাশ করাটা এ যুগে বিপজ্জনক হয়ে পড়েছে সেটা আপনারা সবাই জানেন।

ঠিক আছে। মুক্তমনার নীতিমালাতেও বলা হয়েছে:

৫। গোপনীয়তা প্রসঙ্গে

৫.১। মুক্তমনা লেখকেরা মূল নামে কিংবা যে কোন লেখক-নাম (pen name) গ্রহণ করে লেখার অধিকার রাখেন। লেখকের মূল নাম মুক্তমনা কর্তৃপক্ষকে জানাতে হবে এমন কোন বাধ্যবাধকতা নে ই। নিজের সম্পর্কে একজন সদস্য যা যা গোপন রাখতে চান তার সবই গোপন রাখার অধিকার সদস্যকে দেয়া হবে। আশা করা হচ্ছে, বিভ্রান্তি এড়ানোর জন্য কেউ মুক্তমনায় অন্য কারো নেয়া মূল নাম (নাম একই হলে কোন পার্থক্যসুচক শব্দ বা প্রতীক জুড়ে দিন) বা একই লেখক -নামে লিখবেন না, কিংবা মন্তব্য করবেন না।

নিশাচর এর জবাব:

জুলাই ১৫, ২০১০ at ৮:২৯ অপরাহ্ণ

@আকাশ মালিক,

আদার ব্যাপারীর জাহাজের খবর নেয়া সাজে না। আপনাকে নজরানা দেওয়ার মত সামর্থ তো আমার নেই!

আবুল কাশেম, আপনি, অভিজিত দা এবং অন্যান্য মুক্তমনার লেখকদের বাংলাদেশের সংরক্ষণশীল লোকজন চিনতে পারলো না বলেই তো আজ এই অবস্হা। আপনাদের শুধু একটাই প্রতিশব্দ হয়। সেটা হচ্ছে ‘Prodigy’। এরকম জন্ম দুর্লভ। এরকম নির্ভীক সত্যবাদী লেখক দুর্লভ। আপনাদের জন্য

7. 7

ব্রাইট স্মাইল্

জুলাই ১৫, ২০১০ সময়: ৮:৪৭ পূর্বাহ্ন লিঙ্ক

আমার মনে হয় ধর্ম ঠিক সংস্কৃতির সংজ্ঞায় পড়ে না। ধর্ম সংস্কৃতিহীন, অন্ধ এবং ভয়ংকরভাবে হিংস্র।

8. 8

Russell

জুলাই ১৫, ২০১০ সময়: ১০:১৯ পূর্বাহ্ন লিঙ্ক

তাঁরা এতটা ঝগড়াপ্রবণ, হীন-মন্য এবং অসহিষ্ণু এটা বলার কারণ কি ? বিবেচনাটা কি অনেকটা অনৈশ্বরিক এবং নেতিবাচক হয়ে গেল না? তবে কি আল্লাহ তাআলা ততটাই ঝগড়াপ্রবণ, হীন-মন্য এবং অসহিষ্ণু!!??

ভালো লাগল বিশ্লেষন।



নিশাচর এর জবাব:

জুলাই ১৫, ২০১০ at ৯:২৯ অপরাহ্ন

@Russell,

ধন্যবাদ।

9. 9

আতিক রাঢ়ী

জুলাই ১৫, ২০১০ সময়: ১১:৪৮ পূর্বাহ্ণ লিঙ্ক

দারুণ বিশ্লষণ। খুব ভাল লেগেছে। আশা করছি আপনার কাছে থেকে আরো লেখা খুব শীঘ্রই দেখতে পাব। এভাবেই সকলের সমবেত প্রচেষ্টায় এই ঘুনে ধরা অস্বাস্থ্যকর প্রাসাদটার ইট একটা একটা করে খসে পড়বে। ।

প্রথম লেখার জন্য আপনাকে শুভেচ্ছা।



নিশাচর এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ১২:৫২ অপরাহ্ণ
@আতিক রাঢ়ী,

উৎসাহব্যন্জক মন্তব্যের জন্য ধন্যবাদ।

10. 10



সেন্টু টিকাদার

জুলাই ১৫, ২০১০ সময়: ২:০৮ অপরাহ্ণ লিঙ্ক

ধর্ম নাকি সংস্কৃতি যা মেনে নিলে কোন ক্ষতি নেই। আমার মনে হয় ধর্ম ঠিক সংস্কৃতির সংজ্ঞায় পড়ে না। ধর্ম সংস্কৃতিহীন, অন্ধ এবং ভয়ংকরভাবে হিংস্র। আমি শুধু বহুঈশ্বরবাদের প্রেক্ষিতে এ কথা বলছি না, অনেক প্রসঙ্গেই এ কথা সত্য। ভবিষ্যতে আরো উদাহারণ টানব।

* * * * * * * * * * * * * * *

ধর্ম ও সংস্কৃতির সংজ্ঞা সঠিক ভাবে দেখলে মনে হয় এরা ভিন্ন। সংস্কৃতি শব্দটি এসেছে সংস্কার শব্দ হতে। আর সংস্কার হল সম্পুর্ণ আঞ্চলিক। কারন আঞ্চল বিশেস ভেরি (Differ) করে। সৌদি আরবের সংস্কার ও বাংলার সংস্কার এক না। বাংলায় মুসল্যান ধর্ম আসার আগে সবাই ছিল হিন্দু। মুসল্যান ধর্ম নিলেও সংস্কার ও সংস্কৃতিকে ঝেড়ে পুছে মুছে ফেলতে পারেনি। তাই এ খেত্রে বলা যায় ধর্ম ও সংস্কৃতি আলাদা। ধর্ম change করা খুব ই সহজ কিন্তু সংস্কৃতি সহজে change করা যায় না। এর থেকে উপলব্ধ হওয়া যায় যে সংস্কার ও সংস্কৃতি ধর্ম হতে অনেক পুরন। আবার একথাও অস্বিকা র করা যায় না যে সংস্কৃতির উপর ধর্ম কোন প্রভাব ফেলতে পারে না। এটা স্ল প্রসেস কিন্তু একেবারে

উপেক্ষনীয় নয়। বেশীর ভাগ ক্ষেত্রে দেখা গেছে সংস্কৃতির উপর ধর্ম যখন তার করাল ফনা তুলেছে তখন ই হয়েছে রাওট বা দাংগা।
সংস্কৃতি মানে যে সে সব সময় সুন্দর - সত্য হবে তা ত নয়। মারা মারি কাটা কাটি খুন খুনির সভাব - সংস্কার সংস্কৃতি হয়ে উঠতে পারে ঠিক তেমনি ভাবে সুন্দর -সত্য-আনুকম্পার সংস্কারও এক সময় সংস্কৃতি হয়ে উঠতে পারে। তাই মনে হয় সংস্কার ও সংস্কৃতির প্রভাব মানুসের সৃষ্ট ধর্ম ও তার বয়ানের উপর পড়তে পারে।
কিন্তু তবুও আমার মনে হয় ধর্ম ও সংস্কৃতি কখন একে অপরের পরিপুরক এবং কখন না। যে ধর্ম যে অঞ্চলে সৃষ্টি হয় সেই অঞ্চলের গতানুগতিক ভাব ধারা আচার ব্যবহার সে ধর্মের মধ্যে আংশিক ভাবে অনুপ্রবেশ করতে পারে।
হিন্দু সমাজে যে জাতি প্রথা (কাম কাজ অনুযায়ি বা পেশা অনুযাই শ্রেণী বিভাগ) ছিল (বা আছে) তার অনুপ্রবেশ হিন্দু ধর্ম গ্রন্থগুলিতে হয়েছে।
তেমনি ভাবে অতীত আরবের সমসামইক সংস্কার মুসল্যান ধর্ম গ্রন্থে থাকলেও থাকতে পারে। কিন্তু উপমহাদেশের বা দঃ পূঃ মহাদেশের কোন সংস্কার সংস্কৃতি
আরবের মাটিতে জন্মান গ্রন্থে আছে কিনা তার উত্তর জ্ঞানী গুণীরাই দিতে পারবেন।

নিশাচর এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ৮:১৮ অপরাহ্ণ
@সেন্টু টিকাদার,

বিষয়টা পরিষ্কার করার জন্য অনেক ধন্যবাদ।

11. 11

নিটোল

জুলাই ১৫, ২০১০ সময়: ৩:০২ অপরাহ্ণ লিঙ্ক

দারুণ বিশ্লেষণ! মনযোগ কেড়ে নেয়ার মত একটি লেখা। বহুঈশ্বরবাদের সাথে ইসলামের সম্পর্ক নিয়ে একটি প্রবন্ধ পড়েছিলাম। আমি মনে করি মুক্তমনায় এই বিষয় নিয়ে আরো সমৃদ্ধ লেখা আসা উচিত। আমি অনেক দিন থেকেই মুক্তমনাকে ফলো করছি। মুক্তমনার মত সাইট থেকে আমরা সবাই যারা “মুক্তচিন্তা” করার চেষ্টা করি, তারা সবাই আশা করি- মুক্তমনায় এই ধরনের গভীর লেখা উপস্থাপিত হবে। অনেক দিন পর লেখক সেই আশা পুরণ করেছেন।লেখককে ধন্যবাদ।

12. 12

বিপ্লব রহমান

জুলাই ১৫, ২০১০ সময়: ৩:২৯ অপরাহ্ণ লিঙ্ক

আল্লা মিয়ার এমন গোঁজামিল দিক উন্মোচনে সাধুবাদ জানাই। চলুক।

13. 13

শাফায়েত

জুলাই ১৫, ২০১০ সময়: ৮:১৯ অপরাহ্ণ লিঙ্ক

মুক্তমনায় স্বাগতম। সুন্দর একটি পোস্ট দিয়ে শুরু করেছেন,সামনের পোস্ট পড়ার অপেক্ষায় থাকলাম ।

নিশাচর এর জবাব:
জুলাই ১৫, ২০১০ at ৮:৩৩ অপরাহ্ণ
@নিটোল, বিপ্লব রহমান, শাফায়েত

অনেক ধন্যবাদ।

14. 14

হোরাস

জুলাই ১৫, ২০১০ সময়: ১০:০৩ অপরাহ্ণ লিঙ্ক

আপনি সামুর সত্যান্বেষী?

আল্লাহ নিজে হইল সবচেয়ে বড় নাস্তিক। তিনি তার সৃষ্টিকর্তাকে অস্বীকার করেছেন এবং আমাদেরকেও বারণ করেছেন ঐ কথা মনেও না আনতে। তার কপালে যে কি শাস্তি আছে তা শুধু তার “আল্লাহ”ই জানে।

নিশাচর এর জবাব:
জুলাই ১৬, ২০১০ at ১২:৩১ পূর্বাহ্ণ
@হোরাস,

বেশ মজাদার কথা লিখেছেন তো!

আমি সামুর সত্যান্বেষী নই।

15. 15

আফরোজা আলম
জুলাই ১৬, ২০১০ সময়: ১২:৫১ অপরাহ্ণ লিঙ্ক

আপনার বিশ্লেষনধর্মি লেখা সত্যই মুগ্ধ করলো।

16. 16

তমসো দীপ
জুলাই ১৬, ২০১০ সময়: ১:০১ অপরাহ্ণ লিঙ্ক

লেখাটার সঙ্গে আমি সম্পূর্ণ একমত। প্রথম অংশটুকু পড়ে ভীষণ হেসেওছি। ঃ)

17. 17

নয়ন

জুলাই ১৬, ২০১০ সময়: ১:৫২ অপরাহ্ণ লিঙ্ক

চমৎকার একটি লেখা। অনেক ভাল লাগলো।

18. 18

নিশাচর

জুলাই ১৭, ২০১০ সময়: ৩:৫৩ অপরাহ্ণ লিঙ্ক

@আফরোজা আলম, তমসো দীপ, নয়ন

কষ্ট করে পড়ার জন্য ধন্যবাদ।

19. 19

ঈশ্বরহীন

জুলাই ১৭, ২০১০ সময়: ৫:২৮ অপরাহ্ণ লিঙ্ক

কুরানে আমি, সে , তিনি ছাড়া বহুবার আল্লাহ বুঝাতে আমরা ব্যবহার করা হয়েছে। এর কারন কি? এটা কি তবে ইসলামে বহু ঈশ্বরবাদ নির্দেশ করে না?



নিশাচর এর জবাব:

জুলাই ১৭, ২০১০ at ৯:৪৯ অপরাহ্ণ

@ঈশ্বরহীন,

আয়াত নং বলুন। পরীক্ষা করে দেখি।

20. 20

তানভীর চৌধুরী পিয়েল

জুলাই ১৭, ২০১০ সময়: ৯:৫১ অপরাহ্ণ লিঙ্ক

আমার অল্প জ্ঞান নিয়ে এজাতীয় একটা প্রশ্ন করেছিলাম। দেখুন কি অবস্থা!!

21. 21

নিশাচর

জুলাই ১৮, ২০১০ সময়: ১২:৩৭ অপরাহ্ণ লিঙ্ক

এ প্রশ্নগুলো সাধারণ। সংশয়বাদীদের মনে আসবেই। আস্তিকরা এ প্রশ্নগুলো চেপে যেতে চায় এরকম বলে,

এসব ফালতু এবং অগুরুত্বপুর্ণ ব্যাপারে চিন্তা করার দরকা র নেই।

ওরা বড় দুর্বল। তাই আপনি নিরুৎসাহিত হবেন না। লিখে যান। সত্যের জয় একসময় হবেই।

22. 22

Ranku

জুলাই ২৬, ২০১০ সময়: ৪:৫৯ অপরাহ্ণ লিঙ্ক

ভালো লেগেছে

23. 23

আদিল মাহমুদ
জুলাই ২৬, ২০১০ সময়: ৬:৩৭ অপরাহ্ন লিঙ্ক

বিষয় পড়ে ধারনা হয়েছিল যে একশ্বেরবাদের উপর প্রতিষ্ঠিত ইসলাম ধর্মেও বহু ইশ্বরবাদের ধারনা আছে এমন কিছুই আলোচিত হবে। দেখা গেল তা নয়।

ইসলাম ধর্মে বহু ইশ্বরবাদকে কি ব্যাপকভাবে নিরুতসাহিত করা হয়েছে তাই আলোচিত হয়েছে।

এটা তো অজানা কিছু নয়। ইসলামের অতি মৌলিক ভিত্তিই এক আল্লাহয় পূর্ন বিশ্বাস ও তাকে কারো সাথে শরিক না করা। এ বিষয়ে কোন অস্পষ্টতা নেই, আল্লাহ ও কোরান এই বিষয়ে অত্যন্ত কঠোর ও পরিষ্কার।

ইসলামের দৃষ্টিতে যেকোন পাপেরই ক্ষমা হতে পারে , আল্লাহ ক্ষমা করতে পারেন। কিন্তু আল্লাহর সাথে কারো শরিক করার পাপের কোন ক্ষমা নেই। আয়াত কোট করা হয়েছে, সেটা দিয়েও দেখা যায় যে আল্লাহর কাছে গণহত্যা জাতীয় পাপও তার শরিক আছে এমন বিশ্বাস পোষন করার তূলনায় নগন্য।

ইসলামের যে কটি মৌলিক দর্শন আমাকে এই ধর্মের স্বারবত্তা সম্পর্কে নাড়া দিয়েছে তার মধ্যে এটি অন্যতম। মানুষে কে কোন ধর্ম পালন করবে ; কে আল্লাহর ইবাদত করবে আর কে ৩৩ কোটি দেবদেবীর পূজা করবে এটা ঠিক হবার পেছনে সামান্য কিছু ব্যাতিক্রম বাদে (এই গ্রুপ এতই ছোট যে তারা মনে হয় না কোন পরিসংখ্যানে পড়বে) দায়ী থাকে মানুষের জন্ম। কে কো ন পরিবারে জন্মগ্রহন করে সে পরিবারই ঠিক করে তার ধর্মীয় পরিচয়। শুধু জন্মের উপর ভিত্তি করে , যাতে মানুষের কোন হাত নেই আল্লাহ কাউকে অনন্তকাল দোযখে পোড়াবেন আর কাউকে এক সময় না একসময় অবশ্যই বেহেশতে দাখিল করবেন এটা কোন সূস্থ যুক্তি হতে পারে না।

যদিও কেউ কেউ এই ধারনাকে কিঞ্চিত ডিফেন্ড করার চেষ্টা করেন এই বলে যে মুসলমান পরিবারে জন্মগ্রহন করেই মুসলমান হয় না , মুখে আল্লাহয় বিশ্বাস করি বললেই হয় না , কার মনে আসলেই কি আছে তা কেবল আল্লাহই ভাল জানেন। আর মুসলমান পরিবারে জন্মগ্রহন করলেই নাকি শুধু মুসলমান হয় না, প্রাপ্ত বয়স হবার পর নাকি জনসমক্ষে লোকজন স্বাক্ষী রেখে শাহাদা পড়ে মুসলমান হতে হয়। যদিও কোরানে এমন কিছু আছে বলে আমার জানা নেই।

আমার আশে পাশের জন্ম থেকে দেখে আসা হাজার হাজার মুসলমানের কাউকে এ প্রক্রিয়ায় মুসলমান হতে কোনদিন শুনিনি। নেটের কল্যানে অনেক কিছুই শিখছি। খৃষ্টানদে র অনেকের মাঝে মনে হয় এমন কিছু আছে যাকে ব্যাপ্টিজম বলে।

আল্লাহ আবেগ প্রবন এটাও কোরান পড়লে স্পষ্টতই মনে হয়। তিনি কখনো ক্রোধে জ্বলে ওঠেন, কখনো দয়া দেখান, খুশী হন, কখনো আবার প্রতিশোধপরায়নতায় ভোগেন।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=4791

ইশ্বরের সংজ্ঞার কিছু দার্শনিক বিশ্লেষণ

তারিখ: ১৩ মাঘ ১৪১৬ (জানুয়ারি ২৬, ২০১০)

লিখেছেন: অপার্থিব

নাস্তিকতা / আস্তিকতা নিয়ে বহুদিন ধরে বিতর্ক চলছে। এই কিছুদিন আগে মুক্তমনা ব্লগেই এক প্রাণবন্ত বিতর্ক হয়ে গেল। ঐ বিতর্কে আমি আমার শেষ মন্তব্যে বলেছিলাম ইশ্বরের সংজ্ঞা নিয়ে কিছু লিখব। আমি যে বিষয়ের উপর যোর দেব সেটা হল ইশ্বরের সংজ্ঞায়নের ব্যাপারটা। এখানে যুক্তির নিয়মের বিশেষ ভূমিকা আছে। অনেক কিছুর সংজ্ঞা যে যার খুশিমত দিতে পারেন , কারণ সেই সব কিছু আছে কি না সেটা নিয়ে বিতর্ক হয় না। প্রেম , সৌন্দর্য, ভাল মন্দ (লোক), ইত্যাদি এককেজন এককেভাবে সংজ্ঞা দেন। সেখানে যুক্তির নিয়ম বা ব্যাকরণ পালিত হল কি না সেটা নিয়ে মাথা ঘামানর প্রয়োজন হয় না। কিন্তু ইশ্বরের সংজ্ঞায়নের ব্যাপারে অতটা ঢিলেমি মানা যায় না কারন ইশ্বর আছেন কিনা সেটা নিয়ে সিরিয়াস বিতর্ক হয়। আর বিতর্ক মানেই ত প্রতিপক্ষের কোন মত বা সিদ্ধান্তকে মিথ্যা আর নিজের কোন মত বা সিদ্ধান্তকে সত্য বলে প্রতিষ্ঠা করার প্রয়াস। যে কোন মত বা সিদ্ধান্ত এক বা একাধিক বাক্যেরই সমষ্টি। যুক্তির নিয়মে কোন বাক্যের সত্যতা মিথ্যাত্ব যাচাইয়ের জন্য বাক্যগুলিকে বচন বাক্য হতে হবে। তা নাহলে সেই বাক্য বা বাক্যগুলি সত্যি না মিথ্যা সেটা যুক্তির দ্বারা নিরূপণ করা যায়না আর তাই সেই বাক্য সত্য বলা যেমন অর্থহীন তেমনি মিথ্যা বলাও অর্থহীন। বচনবাক্যের সংজ্ঞা যে কোন যুক্তির মৌলিক বই এ পাওয়া যাবে। আমি আমার "যুক্তিবিদ্যা পরিচিতি" প্রবন্ধে সেটা নিয়ে আলোচনা করেছি। যুক্তির নিয়মকে অনেকে তাচ্ছিল্য বা হেয় করেন। কেউ একে বস্তবতার সঙ্গে বিচ্ছিন্ন বলে উড়িয়ে দেন। অথচ মুক্ত -মনার মূল মন্ত্রই হল যুক্তিতে মুক্তি। যুক্তির নিয়মই যদি মানা না হল তাহলে যু ক্তির আলোচনা করাটা প্রহসনেই ছাড়া আর কিছু নয়। যুক্তির নিয়মের আওতায় না থাকলে যে যার খুশিমত যুক্তি দিয়ে নিজেকে সঠিক আর অন্যকে ভুল বলতে পারেন। পুরো বিতর্ক টাই বিশৃংখলায় পর্যবসিত হয় , যেমনটি হয় কোন খেলা নিয়ম না মেনে খেললে। বচন বাক্যের একটা শর্ত হল এতে অসংজ্ঞায়িত বা অস্পষ্টভাবে সংজ্ঞায়িত, অজানা বা অপরিচিত কোন শব্দ থাকতে পারবে না।

ধর্মবাদীদের ইশ্বরের সংজ্ঞার প্রথম অংশে বলা হয় ইশ্বর হলেন বিশ্বের স্রষ্টা । কিন্তু এক্ষেত্রে স্রষ্টা বা Creator দর্শনসম্মত অর্থাৎ যৌক্তিক কোন ধারণা নয়। দর্শনে কার্য ও কারণ এর ধারণা স্বীকৃত । কার্য কারণ হল দুইটি সুসংজ্ঞায়িত বস্তু বা ক্রিয়ার (মনে করি ক আর খ) মধ্যকার এক অপ্নিবার্য্য সম্পর্ক। যখন খ এর অস্তিত্ব ক এর অবর্তমানে কখনই ঘটতে না পারলে আমরা ক কে খ এর কারণ হিসেবে চিহ্নিত করি আর সেক্ষেত্রে ক কে খ এর স্রষ্টা হিসেবে সংজ্ঞা দেয়া যায়। কিন্তু ক কে আবিষ্কার বা চিহ্নিত করা না পর্যন্ত "ক খ এর স্রষ্টা" বলাটা অর্থহীন। যেমন বলা যায় রবীন্দ্রনাথ গীতাঞ্জলীর স্রষ্টা, দ্য ভিঞ্চি মোনালিসার স্রষ্টা। কিন্তু পাঠকের মনে প্রশ্ন জাগবে কেউ যদি দ্য ভিঞ্চির নাম না শুনেও মোনালিসার চিত্র দেখেন তিনি কি বলতে পারেন না যে ঐ চিত্রের একজন স্রষ্টা (যিদিও এখন ও অজানা) আছেন? অবশ্যই পারেন। এখানেই যুক্তির সূক্ষ্ম দিকের প্রয়োজন দেখা দেয়। তিনি যদিও দ্য ভিঞ্চির নাম শুনেননি কিন্তু পূর্ব অভিজ্ঞতা থেকে তিনি জানেন যে চিত্র মাত্রই কোন না কোন মানুষের

সৃষ্টি। মানুষ ত সবার কাছে এক সুস্পষ্ট জানা এক বস্তু। সে ক্ষেত্রে তিনি চিত্রের স্রষ্টা দ্য ভিঞ্চি না বলে বলবেন এই চিত্রের স্রষ্টা আছেন, যিনি একজন মানুষ, কারণ চিত্রের উদাহরণ অনেক আছে এবং সর্বখেত্রে চিত্রের একজন মানুষ স্রষ্টা থাকে। তিনি তার নাম দিলেন ভ্য দিঞ্চি । চাইলে তিনি আর এক ধাপ এগিয়ে ভ্য দিঞ্চির কিছু গুণের বর্ণনাও দিতে পারেন। তাঁর এই ভ্য দিঞ্চির সংজ্ঞা ও গুণাবলির বর্ণনা যৌক্তিক বিচারে শুদ্ধ, এবং তার সত্যতা মিথ্যাত্ব যাচাই করা যেতে পারে। তাহলে দেখা যাচ্ছে কোন ক্রিয়া বা বস্তুর স্রষ্টা আছে (অর্থাৎ স্রষ্টা শব্দটির ব্যবহার) বলাটা তখনই যুক্তিসিদ্ধ হয় যখন হয় সে ক্রিয়া বা বস্তুর কারণ ইতোমধ্যেই চিহ্নিত হয়ে গেছে অথবা আরোহ পদ্ধতির মাধ্যমে (Induction) যখন একই রকম অন্য সব বস্তু বা ক্রিয়ার স্রষ্টা সবসময় চিহ্নিত হতে দেখা গেছে । আরও দেখা যাচ্ছে যে এই দুটো ক্ষেত্রেই স্রষ্টার স্বরূপ সম্পর্কে স্পষ্ট ধারণা স্রষ্টা চিহ্নিত হবার আগেই করা যায়। ভ্য দিঞ্চি কে জানা বা চেনার আগেই তিনি জানেন যে ভ্য দিঞ্চি একজন মানুষ (দুটো হাত , দুটো পা ইত্যাদি)। একই রূপ উদাহরণ দেয়া যায় মৌচাক আর মৌমাছি নিয়ে। স্রষ্টা যে শুধু প্রাণীই হতে হবে তা নয়। বৃষ্টির স্রষ্টা (অর্থাৎ কারণ) হিসেবে মেঘ কে চিহ্নিত করা যায়। এর সবটাতেই একটা সাধারণ গুণক হল যে স্রষ্টার সব উদাহরণেই স্রষ্টা এক সুস্পষ্ট , পরিচিত জানা বস্তু বা ক্রিয়া । এখন পর্যন্ত এমন কোন ক্ষেত্রে স্রষ্টা কথাটা আরোপ করা হয়নি যা অজানা, অপিরিচিত অস্পষ্ট এবং যা বিতর্কিত নয় । এখন আসা যাক মূল কথায়। যদি এমন এক বস্তু বা ক্রিয়ার সন্ধান মেলে যার কোন কারণ এখনও চিহ্নিত হয় নি এবং যার অন্য কোন উদাহরণও নেই। সেই ক্ষেত্রে সেই বস্তু বা ক্রিয়ার স্রষ্টা বলাটা যৌক্তিকভাবে ভুল। কারণ স্রষ্টা শব্দটাই উদ্ভাবিত হয়েছে সৃষ্ট বস্তুর জানা কারণের ক্ষেত্রে , যেখানে কারণ থাকাটাও আরোহ পদ্ধতির দ্বারা অনুমিত। কিন্তু এই ক্ষেত্রে বিশেষ বস্তু বা ক্রিয়াটির কোন কারণ থাকাটা আরোহ পদ্ধতির দ্বারা নিশ্চিত করা যায় না। থাকতেও পারে আবার নাও থাকতে পারে। এখানে কারণের ধারণাটা যুক্তিসিদ্ধ ঠিকই কিন্তু কারণ আছে কি নেই সে ব্যাপারে কোন সহায়ক ইঙ্গিত নেই । এই ক্ষেত্রে তাই স্রষ্টা শব্দটা ব্যবহার করাটাই ব্যকরণগত ভুল ও দর্শনসিদ্ধ নয়। অনেকে বলবেন কারণ আর স্রষ্টা, কি আসে যায় কোনটা বলা হয়, ব্যাপারটা ত একই। না একই নয়। স্রষ্টা বলার মধ্যেই অনিবার্যভাবে তার স্বরূপ জানা আছে এই ইঙ্গিত প্রচ্ছন্ন থাকে, যা ঠিক নয়। কিন্তু কারণ বললে কারণের স্বরূপ সম্পর্কে কিছুই বলা হয়না , যেটা ঠিক, কারণ আসলেই ত স্বরূপটা অজানা । কারণ শব্দটা একটা সাধারণ বা সামান্যীকৃত শব্দ (General) , স্রষ্টা শব্দটা কারণের এক বিশেষ ক্ষেত্রে প্রজোয্য, যেখানে কারণটা চিহ্নিত হওয়া এক জানা বস্তু বা ক্রিয়া। এইটুকু বলার পর আর হয়ত বলে দিতে হবে না যে এই বিশেষ বস্তু বা ক্রিয়ার প্রকৃষ্ট উদাহরন হল সমগ্র মহাবিশ্ব বা সৃষ্টি। তাই ধর্মবাদীদের ইশ্বর মহাবিশ্বের স্রষ্টা বলাটা গোড়াতেই এক যৌক্তিক ও ব্যকরণগত ভুল। তাঁরা যদি বলতেন মহাবিশ্ব সৃষ্টির কারণ আছে তাখলে সেটা ভুল হত না (যদিও সেটা সত্যি না ম ইথ্যা সেটা অপ্রমাণিতই থাকবে)। ধর্মবাদীদের মহাবিশ্ব সৃষ্টির কারণ আছে না বলে ইশ্বর মহাবিশ্বের স্রষ্টা বলাটার কারণটা স্পষ্ট। স্রষ্টাকে এক মহামানব হিসেবে চিন্তা করে মানবসুলভ কতগুলি মহাগুন দিয়ে ধর্মের বাণী প্রচার করতে আর শ্রোতার কাছে আকর্ষণীয় করতে খু বই সুবিধা হয় আর নিজেকে প্রবোধ দিতে সুবিধা হয়, মৃত্যু আর বিপদ আপদের চিন্তা থেকে। ইশ্বরের যে সংজ্ঞায়ক গুণের বর্ণনা দেয় ধর্মবাদীরা যেমন সর্বশক্তিমত্তা, সর্ব্বুদ্ধিমত্তা, সর্বদয়ালুতা সবই ত মানুষ থেকে লব্ধ গুণাবলী , শুধু সীমিতের জায়গায় অসীম বলা। আর ধর্মীয় গ্রন্থে ত আরও একধাপ এগিয়ে স্রষ্টার ক্রোধ, হিংসাপরায়নতা, বিচার করা, ভয় দেখান, সিনহাসনে আসীন হওয়া ইত্যাদির কথা বলা হয়, যা সবই মানুষ থেকে লব্ধ । এমন কোন গুণএর বর্ণনা নেই যা মানুষের মধ্যে চিন্তা করা যায় না। তাই ধর্মের ইশ্বরকে নরাত্মক

(Anthropomorphic) বলা হয়। ধর্মের ইশ্বর হলেন এমন এক মানব যার সেই মহাগুণ গুলো আছে অথচ তারঁ দেহ নেই, মগজও নেই। যে সব গুনগুলি মানুষ থেকে লব্ধ তা মানুষ নয় এমন কিছুর উপর আরোপ করা ব্যকরণ ও যুক্তির বিচ্যুতি। ধর্মবাদীরা যদি ইশ্বরকে সংজ্ঞা দিতেন যে ইশ্বর উক্ত মহাগুণসম্পন্ন এক মহামানব (মানুষের সব দৈহিক বৈশিষ্ট্যপূর্ণ) যিনি মহাবিশ্বের অজানা কোন এক স্থানে থাকেন তাহলে সেটা যুক্তির আর ব্যকরণের আলোকে অসঙ্গত হত না। সে ক্ষেত্রে সেই মহামানব আসলেই আছেন কিনা সেটা নিয় তর্ক, কল্পনা ইত্যাদি করা যেত, যেমনটি করা যায় ভিন কোন তারার কোন গ্রহ আছে কিনা যেটা পৃথিবীর মত প্রাণে ভরপুর, বা পক্ষীরাজ ঘোড়া (যা ব্যকরণগত ভাবে সুসংজ্ঞায়িত) আছে কিনা ইত্যাদি। সবচেয়ে বড় কথা হল যে দেহমান কোন অতিমানব/ মহামানব ই হোক বা যুক্তি ও ব্যকরণ পরিপন্থী নির্দেহ কোন অতিমানব হোক , ধর্মবাদীদের দেয়া তাঁর গুণাবলীগুলি কিন্তু পরস্পর বিরোধী। এর সবগুলি একসঙ্গে সত্য হওয়াটা যুক্তিকে লঙ্ঘন করে। এটা অনেক দার্শনিক অনেক দিন ধরেই প্রমাণ করে আসছেন। ডকিন্স, স্টেঙ্গার ও নতুন করে এই স্ববিরোধিতাটাই তুলে ধরেছেন সাধারণ পাঠকদের কাছে। আমিও আমার লেখা "স্বাধীন ইচ্ছা, মন্দ ও ইশ্বরের অস্তিত্ব" সেই একই চেষ্টা করেছি। সেই অর্থে বলা যায় যে ধর্মবাদীদের ইশ্বর (তা সেটা দেহমান অতিমানব/ মহামানব ই হোক বা যুক্তি ও ব্যকরণ পরিপন্থী নির্দেহ কোন অতিমানব ই হোক) বলে কিছু নেই। কারণ সংজ্ঞায়ক ধর্মই যদি না থাকতে পারে তা হলে সংজ্ঞার বস্তু থাকাটাও অযৌক্তিক হয়ে পড়ে। ডকিন্স ও স্টেঙ্গার হয়ত সেই অর্থেই ধর্মবাদীদের ইশ্বর নেই বলেছেন। কিন্তু ধর্মবাদীদের ইশ্বরের সংজ্ঞা (গুণাবলী বাদে, অর্থাৎ ইশ্বর বিশ্বের স্রষ্টা আর ইশ্বর মানবিক গুণের অধিকারী কিন্তু নির্দেহ এই অংশটি) যে যুক্তিসিদ্ধ বা ব্যকরণসিদ্ধ সেটা বলাটা ভুল হবে। সেটা ডকিন্স ই বলুন আর স্টেঙ্গারই বলুন বা স্বয়ং ইশ্বরই বলুন। ধর্মবাদীরা যদি ইশ্বরকে দেহমান অতিমানব হিসেবে সংজ্ঞা দিত আর এমন কতগুলি গুণাবলীর বর্ণনা দিত, যা পরস্পর বিরোধী নয় তাহলে সেই ইশ্বরে নেই বলে নাকচ করা যেত না শুধু যুক্তি দিয়ে। যেমন পক্ষীরাজ ঘোড়া নেই তা শুধু যুক্তি দিয়ে প্রমাণ করা যাবে না, যদি না পক্ষীরাজ ঘোড়া বায়ুগতিবিজ্ঞানের সঙ্গে অসঙ্গতিপূর্ণ না হয়।

ইশ্বরের এমন কোন সংজ্ঞা যদি দেয়া যায় যা যুক্তি বা দর্শনসিদ্ধ তাহলে সেই সংজ্ঞা অনুযায়ী ঈশ্বর আছেন বা নেই দুটো বলাটাও যুক্তিসিদ্ধ হবে এবং সাক্ষ্য প্রমাণের অভাবে দুটোই বিশ্বাস হিসবে গণ্য করা যেতে পারে। যেমন ইশ্বরকে কে যদি কেউ বিশ্ব সৃষ্টির কারণ (কারণের স্বরূপ অনুক্ত রেখে) হিসেবে সংজ্ঞায়িত করেন তাহলে সেই কারণ আছে বা নেই দুটোই বলাটা গ্রহণযোগ্য অবস্থান। এর প্রথমটিকে দার্শনিক অর্থে আস্তিক আর দ্বিতীয়টিকে দার্শনিক অর্থে নাস্তিক বলা চলে। এর কোনটাকেই যুক্তি বা বিজ্ঞান দিয়ে ভুল বা সত্য প্রমাণ করা যায় না। এই ক্ষেত্রে নাস্তিকতাও একটা বিশ্বাস, যেমনট আস্তিকতা। আরও একটা কথা বলা দরকার। এটা বেশ কিছুদিন ধরেই জানা আছে যে শুধু পদার্থ বিজ্ঞানের নিয়মের অভিব্যক্তির কারণেই পর্যবেক্ষিত মহাবিশ্ব সৃষ্টি হওয়া সম্ভব। পদার্থ বিজ্ঞানের নতুনতম গবেষণার দ্বারা এই সম্ভাবনা আরও জোরদারই হচ্ছে। কাজেই বিশ্ব সৃষ্টির কারণ না বলে ইশ্বরকে পদার্থবিজ্ঞানের নিয়মের কারণ বলে সংজ্ঞায়িত করা যেতে পারে। এই কারণ সদা অজানাই থেকে যাবে। কাজেই এই সংজ্ঞা অনুযায়ী আস্তিক , নাস্তিক ও এক valid বিশ্বাসে বিশ্বাসী। শুধু এই সংজ্ঞার অজ্ঞেয়বাদীদের বিশ্বাসী বলা যায় না কারণ অজ্ঞতা স্বীকার করেই তাঁরা ইস্তফা দেন। বিশ্বাস বা অবিশ্বাস কোনটার বস্তুনির্ভর কোন কারণ নেই বলে কোনটাই তারা গ্রহণ করতে পারেন না । তবে এই

তিন অবস্থানের মধ্যে স্থান পরিবর্তন অবশ্যই করা যায় যুক্তি বা বি জ্ঞানের বিরুদ্ধে না গিয়ে, নিছক ব্যক্তিগত অনুভূতির তাগিদে।

কমেন্ট

1

সৈকত চৌধুরী

জানুয়ারি ২৭, ২০১০ সময়: ১:০৭ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি 'অপার্থিব' এর একজন ভক্ত। মুক্তমনায় লেখা তাঁর সবগুলো লেখাই আমি বিস্ময়মাখা আনন্দের সাথে পড়েছি। আবার আগের মত তাঁকে ফিরে পেয়ে কি যে আনন্দ হচ্ছে! আশা করি তিনি আমাদের জন্য নিয়মিত লেখা উপহার দিবেন।
এ লেখাটিও বেশ ভালো লাগল, দুয়েক জায়গায় যদিও আমার কিছুটা ভিন্নমত রয়েছে।

*অভিজিৎ*এর জবাব:
জানুয়ারি ২৭, ২০১০ at ২:১৪ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

এ লেখাটিও বেশ ভালো লাগল, দুয়েক জায়গায় যদিও আমার কিছুটা ভিন্নমত রয়েছে।

সৈকত, মনের কথা বলেছেন একেবারে। ভিন্নমতগুলো নাই উল্লেখ করি, পূর্বতন বিতর্কের রেশ যায় নাই। :) তার চেয়ে বরং অপার্থিবের নতুন ভাবে আগমন এবং নতুন লেখা উপলক্ষে সেলিব্রেশন হোক!

অপার্থিবের লেখায় তার **যুক্তিবিদ্যা পরিচিতির** লিঙ্কটা যোগ করে দিলাম। এভাবে লিঙ্ক করে দিলে নতুন পাঠকদের জন্য সুবিধা হয়।
আচ্ছা - ঈশ্বর বানান টা ঈশ্বর না লিখে ইশ্বর লেখার কি আলাদা কোন কারণ আছে?

*অপার্থিব*এর জবাব:
জানুয়ারি ২৭, ২০১০ at ৮:২২ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

আচ্ছা - ঈশ্বর বানান টা ঈশ্বর না লিখে ইশ্বর লেখার কি আলাদা কোন কারণ আছে?

না নেই। নিছক টাইপো। তবে কারণ না থাকলেও একটা বের যায় বটেhttp://mukto-mona.com/banga_blog/wp-content/plugins/tango-smileys-extended/tango/smile.gif। একটা কিস্ট্রোক ত বাঁচে। যেমন আমেরিকানরা colour কে color লেখে। লিখে ফেলো কে "লিখা ফালাও"
বলা যায়, যেখানে কোন কিস্ট্রোক বাচল না, তাহলে ঈশ্বর কে ইশ্বর বলতে দোষ কোথায়http://mukto-mona.com/banga_blog/wp-content/plugins/tango-smileys-extended/tango/laugh.gif। তাছাড়া ঈশ্বর কে উচ্চারণ করলে তা ইশ্বর উচ্চারণ করা থেকে খুব তফাৎ হয় কি? ভুল ধরিয়ে দেয়ার জন্য ধন্যবাদ অবশ্যই।

*অভিজিৎ*এর জবাব:
জানুয়ারি ২৭, ২০১০ at ৯:২৬ পূর্বাহ্ণ
@অপার্থিব,

স্মাইলি চিহ্ন দিতে হলে http://mukto-mona.com/banga_blog/wp-content/plugins/tango-smileys-extended/tango/smile.gif এত বড় লিঙ্ক দেবার দরকার নেই। লিঙ্ক দিলে হবে না। :) টাইপ করলেই হবে। অথবা নীচে তো স্মাইলির একগাদা ছবি আছেই - ওগুলোতে ক্লিক করুন।
আসলে আগে "স্মাইলীর" সংজ্ঞা ক্লিয়ার না করে লিখা শুরু করলে এমনি হয়

2

ফুয়াদ
জানুয়ারি ২৭, ২০১০ সময়: ১০:১৫ পূর্বাহ্ণ লিঙ্ক

ধর্মবাদীরা যদি ইশ্বরকে সংজ্ঞা দিতেন যে ইশ্বর উক্ত মহাগুণসম্পন্ন এক মহামানব (মানুষের সব দৈহিক বৈশিষ্ট্যপূর্ণ) যিনি মহাবিশ্বের অজানা কোন এক স্থানে থাকেন তাহলে সেটা যুক্তির আর ব্যকরণের আলোকে অসঙ্গত হত না। সে ক্ষেত্রে সেই মহামানব আসলেই আছেন কিনা সেটা নিয় তর্ক, কল্পনা ইত্যাদি করা যেত, যেমনটি করা যায় ভিন কোন তারার কোন গ্রহ আছে কিনা যেটা পৃথিবীর মত প্রাণে ভরপুর, বা পক্ষীরাজ ঘোড়া (যা ব্যকরণগত ভাবে সুসংজ্ঞায়িত) আছে কিনা ইত্যাদি

তাহলে এই গড আপনার জন্য পারফেক্ট, তাতে বিশ্বাস করুন আর নাই করুন তর্ক করতে পারবেন কারন তা ব্যকরণগত ভাবে সুসংজ্ঞায়িত।

তবে মুসলিমরা ঐ দিকে যায় না, তা আমাদের মুসলিম৫৫ এর কথা-ই ফুটে উঠে,

যারা Karen Armstrong-এর History of God বইটি পড়েছেন বা অন্তত দেখেছেন, তারা হয়তো দেখেছেন যে, ঐ বইয়ের প্রচ্ছদে এক বিখ্যাত চিত্রশিল্পীর আঁকা একটা চিত্র রয়েছে, যাতে দেখা যাচ্ছে যে, শূন্যে ভাসমান বিশাল দাড়ীওয়ালা এক পক্ককেশ বৃদ্ধ এক তরুণের দিকে হাত বড়িয়ে আছেন , আর মনে হচ্ছে যে তরুণটি তাকে ছুঁয়ে দেখতে চেষ্টা করছে। বলা বাহুল্য এই ছবির ঐ বৃদ্ধকে চিত্রকর ঈশ্বর বলে বোঝাতে চেয়েছেন, আর, তরুণটি হচ্ছে মানবসন্তান। গ্রেকো-রোমান “দর্শন” দ্বারা প্রভাবিত এবং নানা বিবর্তনের মধ্য দিয়ে যাওয়া খৃষ্টধর্মের ঈশ্বরের ধারণা “নরত্ব আরোপ” বা anthropomorphism-এর সীমা ছাড়িয়ে বেশীদূর যেতে পারেনি। এছাড়া ঈশ্বরের সাথে যীশুর বাপ - ছেলে সম্পর্ক হয়তো এ ব্যাপারে সহায়ক হয়ে থাকবে। ঈশ্বরকে কল্পনা করার চেষ্টা করতে গিয়ে মানুষ যখনই নিজের আবেগ, ভয়, আশা, নিরাশা ইত্যাদি সহ তার অত্যন্ত সীমিত মেধার উপর নির্ভর করেছে, তখনই সে তার পরিচিত জগত থেকে কোন একটা বা একাধিক চেহারার মিশ্রণকে ঈশ্বরের

চেহারা বলে জ্ঞান করেছে। গ্রেকো-রোমান, মিশরীয় বা অন্যান্য পুরাতন সভ্যতা থেকে নিয়ে এপর্যন্ত ব্যাপারটা তাই থেকেছে।
এ ব্যাপারে ইসলাম প্রায় সকল ধর্মের চেয়ে আলাদা। গত লেখাটায় যেমন বলেছি, “আর কিছুই আল্লাহর মত নয়” - এটা হচ্ছে আল্লাহ্ সংক্রান্ত ইসলামী ধারণার এক অবিচ্ছেদ্য মূলনীতি। আবু বক্বর (রা.)-এর একটা বিখ্যাত বাণী রয়েছে এই প্রসঙ্গে, যার সারমর্ম হচ্ছে এরকম যে, “তোমার মনে আল্লাহ্ সম্বন্ধে যে ধারণাই আসবে, আল্লাহ্ তার সবকয়টির চেয়ে আলাদা।” সোজা বাংলায় বলতে গেলে যে কোন মানুষ আল্লাহ্ সম্বন্ধে ভাবতে গিয়ে , আল্লাহকে যা কিছুর মত ভাববে - আল্লাহ্ তার কোনটির মতই নন। এছাড়া ইসলামী ধর্মতত্ত্ব পড়াতে গিয়ে স্কলাররা বলেন যে, Deification of humans অথবা Humanization of the Deity এ দু’টোই হচ্ছে শিরকের মত অমার্জনীয় পাপের দু’টো প্রধান উৎস। উদাহরণস্বরূপ শ্রদ্ধা করতে করতে রবীন্দ্রনাথকে কিছু মানুষ এমন পর্যায়ে নিয়ে গিয়েছেন যেটাকে অনায়াসে Deification of humans বলা যায় - আর তারাও তাই তাকে “গুরুদেব” বলে ডাকতে পারেন নিঃসঙ্কোচে।

যাহোক, আল্লাহর পরিচয় জানার ব্যাপারে ইসলামী ধর্মতত্ত্বের আরেকটি মূলনীতি হচ্ছে, আল্লাহ্ সংক্রান্ত আক্বীদাহ্ [বা সাধারণভাবে সকল আক্বীদাই] কেবল অহী বা প্রত্যদেশ থেকে গ্রহণ করতে হবে - তাতে নিজস্ব “মনের মাধুরী” মেশানো যাবেনা।

*ফুয়াদ*এর জবাব:
জানুয়ারি ২৭, ২০১০ at ১০:১৮ পূর্বাহ্ণ
@ফুয়াদ,

ছবি বাংলা ওকিপিডিয়া থেকে দেওয়া হয়েছে।

3

ধ্রুব
জানুয়ারি ২৭, ২০১০ সময়: ২:৫৪ অপরাহ্ণলিঙ্ক

সংজ্ঞা নিয়ে কথা হচ্ছে, সুসংজ্ঞার বৈশিষ্ট্য নিয়ে আমি আমার সম্প্রতি লেখায় আলোচনা করেছি। আমার মতে সকল জ্ঞানের উৎস হলো পর্যবেক্ষণ; পর্যবেক্ষণ দিয়ে যে জ্ঞানকে যাচাই করা যায় না, তা অর্থহীন। এর নিরিখে এই আলোচনাটা করা যায়।

 4

শামীম

জানুয়ারি ২৭, ২০১০ সময়: ১১:৫০ অপরাহ্ণ লিঙ্ক

কাজেই এই সংজ্ঞা অনুযায়ী আস্তিক, নাস্তিক ও এক valid বিশ্বাসে বিশ্বাসী। শুধু এই সংজ্ঞার অজ্ঞেয়বাদীদের বিশ্বাসী বলা যায় না কারণ অজ্ঞতা স্বীকার করেই তাঁরা ইস্তফা দেন।

ধন্যবাদ আমার মনের কথাটিই গুছিয়ে বলার জন্য।

কেউ কেউ 'প্রমান'-এর কথা বলেন। প্রমানিত হয়ে গেলে আর বিশ্বাসের প্রয়োজন পড়েনা। তখন আস্তিক/নাস্তিক আর অজ্ঞেয়বাদী সবাই প্রমানিত বিষয়েরই অনুসরন করেন।

 5

বন্যা আহমেদ

জানুয়ারি ২৮, ২০১০ সময়: ৫:০৬ পূর্বাহ্ণ লিঙ্ক

অপার্থিব,
আপনার লেখাটার সাথে বিভিন্ন জায়গায়ই দ্বিমত পোষণ করছি। কিন্তু সময়ের অভাব এতই যে প্রকট যে সেই বিতর্কে না গিয়ে কয়েকটা প্রশ্ন করি, আশা করি তা তে আর কারও হোক বা না হোক, আমার আপনার কথাগুলো বুঝতে সুবিধা হবে। আমার কঠিন বাংলা (এবং অবশ্যই কঠি ন ইংলিশ) বুঝতে খুব কষ্ট হয়, যুক্তির পিছনের কঠিন দর্শন এবং জ্ঞানতত্ত্বগুলো দেখলে ভয়ে গলা ছেড়ে কাঁদতে ইচ্ছে করে, তাই কয়েকটা সোজা (বোকার মতও বলতে পারেন) প্রশ্ন করি, আশা করি, ধৈর্য সহকারে উত্তর দিবেন।
১) আচ্ছা ধরুন, কেউ আমাকে বললো, সে ভুতে বিশ্বাস করে, আমি বললাম ভুতপ্রেত বলে কিছু যে আছে তার কোন প্রমাণ নেই, এটা নিতান্তই একটা কুসংস্কার। তাহলে কি আমি ভুতে বিশ্বাসীদের মতই বিশ্বাসী হয়ে গেলাম? এখন আমি তাকে জিজ্ঞেস করতে পারি, ভুতের সংজ্ঞা দিন আগে, তারপর বলবো আমি কি মনে করি। সমস্যাটা হল, ভুতের তেমন কোন সলিড সংজ্ঞা নেই, আর যাও বা আছে সেটা আবার জায়গা ভেদে বদলে যায় (অথবা সব সংজ্ঞাই কেবল "ভুতবিশ্বাসী"দের দেয়া সংজ্ঞাই)। যেমন, আমাদের দেশের কঙ্কালসদৃশ, শেওড়া গাছে পা ঝুলিয়ে বসে থাকা খারাপ ভুত , মামদো ভুত,

পেত্নী, শাকচুন্নী বা পশ্চিমের ক্যাস্পারের মত সাদা মোটাসোটা আর হাসিখুশি ভালো ভুত, ইত্যাদি...। তাহলে আমি এখন কি করবো, ভুতে বিশ্বাস করিনা বা ভুত বলে কিছু নেই এর মত 'যৌক্তিক' কথা বললে যদি আমি 'বিশ্বাসী' র সাথে একই কাতারে পরে যাই, তাহলে আমার সেক্ষেত্রে করনীয় কি?

২) আমার তো মনে হয়, 'আস্তিক আর নাস্তিক উভয়েই বিশ্বাসী ছাড়া আর কিছুই নয় ', এই কথাটা অনেককেই সীমাহীন আনন্দ দিলেও ব্যাপারটা এত সোজা নয়। বরং বেশীরভাগ নাস্তিকই আসলে আংশিকভাবে অজ্ঞেয়বাদী, অন্ততপক্ষে যারা বৈজ্ঞানিকভাবে চিন্তা করতে সক্ষম। কিন্তু ধর্মীয় সংস্কারে ভরা এই পৃথিবীতে খুব সহজভাবে নিজেদের 'নাস্তিক' বলেই থাকেন। আমি যত নাস্তিক জানি, তাদের বেশীরভাগই বলেন যে, তারা কেউ অরগানাইজড ধর্মের কোন ঈশ্বরে বিশ্বাস করেন না, কিন্তু আর অন্য কিছু আছে কি না সেটা সম্পর্কে ১০০ ভাগ নিশ্চিত না। আপনি যদি দেখেন ঐ ঈশ্বর বিশ্বাসের পরিমাপের লেখাটায় যারা মন্তব্য করেছেন তাদের বেশীরভাগই তাই বলেছেন, নিজেদেরকে ৭ এ ৭ না দিয়ে ৬ দশমিক কিছু একটা দিয়েছেন। তাহলে তারা আপনার দৃষ্টিতে কোন ক্যাটাগরীতে পড়বে ?

*শাফায়েত*এর জবাব:

জানুয়ারি ২৮, ২০১০ at ১০:৪৪ পূর্বাহ্ণ

বরং বেশীরভাগ নাস্তিকই আসলে আংশিকভাবে অজ্ঞেয়বাদী, অন্ততপক্ষে যারা বৈজ্ঞানিকভাবে চিন্তা করতে সক্ষম। কিন্তু ধর্মীয় সংস্কারে ভরা এই পৃথিবীতে খুব সহজভাবে নিজেদের 'নাস্তিক' বলেই থাকেন। আমি যত নাস্তিক জানি, তাদের বেশীরভাগই বলেন যে, তারা কেউ অরগানাইজড ধর্মের কোন ঈশ্বরে বিশ্বাস করেন না

বন্যাদি ঠিক বলেছেন। নাস্তিকতার ইংরেজী প্রতিশব্দ atheism. -ism একটি suffix এক্ষেত্রে যার অর্থ "doctrine, system of beliefs". কিন্তু প্রথাগত system of belief এর ভিতর নাস্তিকদের ফেলা যায় এটা মনে করলে খুব ভুল হবে। আমি জানি না কেন নাস্তিকতাকে একটি "ism" বলা হয় কিন্তু নাস্তিকতা যেহেতু কোনো সংগঠন না এবং প্রতিটি নাস্তিকের স্রষ্টা সম্পর্কে ধারণা ভিন্ন তাই শুধু সংজ্ঞা দিয়ে নাস্তিকদের মধ্যে জেনারেলাইজেশন ঠিক না।

*অপার্থিব*এর জবাব:

জানুয়ারি ২৮, ২০১০ at ৪:৫২ অপরাহ্ণ

@বন্যা আহমেদ,

বন্যা,
আমার মনে হয় কঠিন বাংলা বা যুক্তির পিছনে কঠিন দর্শন (নাকি দর্শনের পেছনে কঠিন যুক্তি ?) যাই বল এর প্রতি ভয় পাওয়ার কারণ এই নয় যে এগুলো আসলেই কঠিন। কত এভারেজ লোক ও ত দেখি PhD করে বিজ্ঞানের কঠিন বিষয়ে। আসলে আমার থিওরী হল যে যুক্তির মাধ্যমে অপ্রিয় সত্যের মুখোমুখী হওয়া বা নিজের ভুলকে স্বীকার করার ভয় থেকেই একে কঠিন মনে করার অনুভূতি বা কারণ জন্মায়।
যাহোক চমৎকার প্রশ্ন করেছ ভূত নিয়ে। এ ব্যাপারটা নিয়ে আমিও বেশ চিন্তা করেছি। মোটেই বোকা প্রশ্ন নয় আমার মতে। একটা ব্যাপার নিশ্চয়ই লক্ষ্য করেছ যে ঈশ্বর আছেন কি নেই বা ঈশ্বর কি, ভূতের ব্যাপারেও প্রায়ই একই প্রশ্নই ওঠে । আমি ঈশ্বরের সংজ্ঞা নিয়ে যা যা বলেছি তার অনেকটাই ভূতের ব্যাপারেও প্রযোজ্য। ভূতে বিশ্বাস বা অবিশ্বাস ভূতের যৌক্তিক সংজ্ঞায়ন(যা সর্বগৃহীত/সর্বসম্মত) এর উপর নির্ভর করে , যা সত্যি বলতে নেই । সঠিক সংজ্ঞা না থাকলেও কতকগুলি সাধারণ যুক্তি দিতে পারি আমরা। যেমন তুমি প্রশ্ন করেছঃ

আমি বললাম ভুতপ্রেত বলে কিছু যে আছে তার কোন প্রমাণ নেই , এটা নিতান্তই একটা কুসংস্কার। তাহলে কি আমি ভুতে বিশ্বাসীদের মতই বিশ্বাসী হয়ে গেলাম?

কোন এক বিশেষ কিছুর অস্তিত্বের প্রমাণ নেই বলা , আর সেই বিশেষ কিছু যে নেই সেটা বলা , দুটো কিন্তু এক নয়। প্রথমটা হল একটা denial, আর দ্বিতীয়টি হল এক positive assertion, প্রথমটি বিশ্বাস নয়, দ্বিতীয়টি বিশ্বাস হবে যদি ভূতের যৌক্তিক সংজ্ঞায়ন দেয়া যায় আর সেই সংজ্ঞায়িত ভূত না থাকার পক্ষে কোন বস্তুগত সাক্ষ্য প্রমান না দেয়া যায়। কাজেই শুধু তোমার উপরের উত্তরের কারণে তুমি ভূতে বিশ্বাসীদের মতই বিশ্বাসী হয়ে যাবে না আমার মতে। ভূতের সঠিক সংজ্ঞা থাকুক আর না থাকুক ভূত আছে বলে কেউ দাবি করলে তার উত্তরে ভূত যে আছে তার কোন প্রমাণ নেই বলাটা যুক্তিসিদ্ধ এবং বিশ্বাসের কাতারে পড়ে না। তোমার অন্য প্রশ্ন:

ভুতে বিশ্বাস করিনা বা ভুত বলে কিছু নেই এর মত ‘যৌক্তিক’ কথা বললে যদি আমি ‘বিশ্বাসী’ র সাথে একই কাতারে পরে যাই, তাহলে আমার সেক্ষেত্রে করনীয় কি?

তার উত্তরেও একই ভাবে বলব যে “ভুতে বিশ্বাস করিনা বা” বলাটা বিশ্বাস নয়, এটা “ভূত যে আছে তার কোন প্রমাণ নেই” কে ঘুরিয়ে বলা। আর যখন তুমি বল “ভুত বলে কিছু নেই”
তখন তুমি যদি মীন করে থাক যে ভুতের কোন অর্থবহ সংজ্ঞা নেই (যার সংজ্ঞা নেই সেটা নেই বলাটা সমার্থক) তাহলেও তুমি বিশ্বাসীর কাতারে পড়ছ না । আমার মতে অনেকে ঈশ্বর বলে কিছু নেই বা ভূত বলে কিছু নেই (“বলে” কথাটা এখানে খুব ইঙ্গিতবহ) যখন বলে তখন অবচেতনভাবে এদের সঠিক সংজ্ঞা নেই বোঝাতে চায়। কিন্তু যদি তুমি মীন করে থাক যে ভূতের অর্থবহ সংজ্ঞা আছে কিন্তু সেই সংজ্ঞায়িত ভূত নেই, এই দাবীই করছ তাহলে সেটা বিশ্বাসের শ্রেণীতে পড়বে । অবশ্য তোমার এই বিশ্বাস আর এই সংজ্ঞামতে ভূতে বিশ্বাসীদের বিশ্বাস এক কাতারে পড়ে না। তোমার বিশ্বাসটা

বাস্তবের নিরীখে বেশী সম্ভাব্য। কারণ আসলেই ত বাস্তবে ভুত আছে বলে কোন নৈর্ব্যক্তিক সাক্ষ্য প্রমাণ পাওয়া যায়নি। সেটা যে সংজ্ঞাই হোক না কেন যেমন শেওড়া গাছে পা ঝুলান বসে থাকা ভুত , মামদো ভুত, পেত্নী, শাকচুন্নী ইত্যাদি। এগুলোর স্পষ্ট চিত্র আর বৈশিষ্ট্য দেয়া আছে রূপকথায়। যেমনটি বলা যায় পক্ষীরাজ ঘোড়ার বেলায়ও। কিন্তু হনেস্টলি এই সংজ্ঞাগুলো নিয়ে ত সিরিইয়াস কোন ডিবেট করা যায় না, বা ভূত আছে বলে যারা সিরিয়াসলী দাবী করে তারা এই সংজ্ঞাগুলি মেনে ত আর বিশ্বাস করে না । যুক্তির সুবিধার্থে উপমা হিসেবে এগুলোর ব্যবহার । ভূত আছে বলে যারা দাবী করে তারা ভূতের কোন সঠিক সংজ্ঞা না দিয়েই ভূতে বিশ্বাস করে শুধু ব্যক্তিগত কিছু সাক্ষ্য(Testimomny) বা অভিজ্ঞতার (নিজের বা অন্যের) কারণে, যা যুক্তি বা বিজ্ঞানে মানদন্ডে গ্রহণযোগ্য নয়। এরকম সাক্ষ্য বা অভিজ্ঞতা অনেক যুক্তিবান লোকের জীবনেও ঘটতে দেখা গেছে। এগুলোকে অব্যাখ্যায়িত প্রপঞ্চ (Unexplained Phenomena) নামে শ্রেণীভুক্ত। ডিস্কভারী চ্যানেলে এরকম অনেক ব্যক্তিগত সাক্ষ্যের উদাহরণ দেখান হয়েছে। এখানে বলা দরকার যে এই সব ক্ষেত্রে ভূতের কোন সঠিক সংজ্ঞা মুখ্য নয় , কতগুলি effects বা Phenomena যার কোন জানা কারণ খুঁজে পাওয়া যায়না তার সাক্ষ্যটাই মুখ্য। কারণ অজানা থাকলে সেই অজানা কারণের একটা নামকরণ করে তার অস্তিত্বের দাবী করা এক চিরাচরিত প্রবণতা মানুষের, যার আরেক উদাহরণ বিশ্ব সৃষ্টির অজানা কারণ কে ঈশ্বর নামকরণ করে তার অস্তিত্বের দাবী করা। তফাৎ শুধু এই যে মহাবিশ্ব একটা নৈর্ব্যক্তিক সাক্ষ্য, সবাই এর অস্তিত্ব প্রত্যক্ষ করেন। অব্যাখ্যায়িত প্রপঞ্চ ব্যক্তিগত সাক্ষ্যের পর্যায়ই আছে এখনো, যা সবাই প্রত্যক্ষ বা স্বীকার করেন না।

আমার মতে ভূতে বিশ্বাস না বলে অশরীরি ভয় বলাটা বেশি অর্থবহ। ভুতের কোন সংজ্ঞা না দিয়েও বা সেই সংজ্ঞার ভূতের অস্তিত্বে বিশ্বাস না করলেও অশরীরি ভয় পাওয়া সম্ভব। একজন যুক্তিবাদী লোক ও গভীর রাতে একা শ্মশান বা গোরস্থান দিয়ে হেঁটে যেতে ভয় পেতে পারেন। এটা বিবর্তন জনিত এক প্রবৃত্তির কারণে। অন্ধকার অ নির্জনতা কে কে ভয় পাওয়া বিবর্তনজনিত এক আদিম প্রবৃত্তি। কারণে। আদিম যুগে অন্ধকারে হিংস্র শ্বাপদকে দেখতে না পেয়ে প্রাণ হারাতে হয়েছে অনেককে যারা উত্তরসূরী রেখে যেতে পারেনি । কাজেই যারা অন্ধকার কে ভয় করত তারাই উত্তরসূরী রেখে গেছে। একই কথা বলা যায় “একাকীত্ব কে ভয় পাওয়ার ব্যাপারে। আদিম যুগে হিংস্র শ্বাপদের আক্রমণ থেক রক্ষা পেতে দলে থাকাটা খুবই জরুরী ছিল , একা হলে মারা যাবার সম্ভাবনা অনেক বেশী। আর গোরস্থান বা শ্মশান বা পোড়বাড়ী নিয়ে এত অশরীরী প্রপঞ্চের সাক্ষ্য লোক কাহিণী, জনশ্রুতি আর ডকুমেন্টারীতে পাওয়া যায় যে সেটাও মানুষের মনে কালচারাল কন্ডিশনিং এর কাজ করে ভয় সৃষ্টিতে। এবার আসি তোমার দ্বিতীয় প্রশ্নে ।

২) আমার তো মনে হয়, ‘আস্তিক আর নাস্তিক উভয়েই বিশ্বাসী ছাড়া আর কিছুই নয় ’, এই কথাটা অনেককেই সীমাহীন আনন্দ দিলেও ব্যাপারটা এত সোজা নয়। বরং বেশীরভাগ নাস্তিকই আসলে আংশিকভাবে অজ্ঞেয়বাদী, অন্তত্পক্ষে যারা বৈজ্ঞানিকভাবে চিন্তা করতে সক্ষম। কিন্তু ধর্মীয় সংস্কারে ভরা এই পৃথিবীতে খুব সহজভাবে নিজেদের ‘নাস্তিক’ বলেই থাকেন। আমি যত নাস্তিক জানি, তাদের

বেশীরভাগই বলেন যে, তারা কেউ অরগানাইজড ধর্মের কোন ঈশ্বরে বিশ্বাস করেন না, কিন্তু আর অন্য কিছু আছে কি না সেটা সম্পর্কে ১০০ ভাগ নিশ্চিত না। আপনি যদি দেখেন ঐ ঈশ্বর বিশ্বাসের পরিমাপের লেখাটায় যারা মন্তব্য করেছেন তাদের বেশীরভাগই তাই বলেছেন, নিজেদেরকে ৭ এ ৭ না দিয়ে ৬ দশমিক কিছু একটা দিয়েছেন। তাহলে তারা আপনার দৃষ্টিতে কোন ক্যাটাগরীতে পড়বে ?

'আস্তিক আর নাস্তিক উভয়েই বিশ্বাসী ছাড়া আর কিছুই নয় ' কথাটা শুধু উপরিউপরি বিচার করলে ভুল হবে। আমার আলোচনায় আমি বলেছি কখন বা কোন বিশেষ ক্ষেত্রে নাস্তিকতা বিশ্বাসের শ্রেনীভুক্ত হবে (আবার পড় প্লীজ, নাহলে পুনরুক্তি করতে হবে, যেটা বাঞ্ছণীয় নয়)। ইশ্বরকে পদার্থ বিজ্ঞানের কারন হিসেবে সংজ্ঞা দিলে উভয়ই বিশ্বাসীদের সত্য মিথ্যা হবার সভাবনা সমান, অন্তত একটা কম আর অন্যটা বেশি সম্ভাব্য বলার কোন কারণ নেই। কিন্তু ঈশ্বরকে এক অতিমানব (মানুষের সব দৈহিক বৈশিষ্ট্য সহ) যার অ সীম ক্ষমতা, যিনি মহাবিশ্বের কোন অজানা স্থানে অবস্থান করেন,সেই সুসংজ্ঞায়িত ইশ্বরের সংজ্ঞা অনুযায়ী যারা আস্তিক বা নাস্তিক , তারা উভয়ই বিশ্বাসী হলেও ঐ দুই বিশ্বাসী এক কাতারে পড়ে না । ভূতের আলোচনার মতই এখানেও এই সংজ্ঞামতে নাস্তিকের বিশ্বাস অনেক বেশী বাস্তবসম্মত আস্তিকদের বিশ্বাসের চেয়ে। আর ঈশ্বর বিশ্বাসের পরিমাপে যারা ৬ থেকে ৭ এর মধ্যে তারা আমার দৃষ্টিতে কোন ক্যাটাগরীতে পড়ে জিজ্ঞেস করেছ। প্রথমত ক্যাটাগরীটা ত আমার সৃষ্টি নয় আর যে সংজ্ঞাকে ভিত্তি করে এই ক্যাটাগরীটা করা হয়েছে সেটা ধর্মবাদীদের সংজ্ঞা যা ডকিন্স ও মেনে নিয়েছেন, যদিও আমি এই সংজ্ঞাকে যুক্তিসিদ্ধ বলে মানি না। কেন সেটার ব্যাখ্যা ত দিয়েইছি আমার লেখায়। যাহোক যিনি ৬ থেকে ৭ এর মধ্যে নিজকে বলছেন (৬.৫ ই বলি), আমার পালটা প্রশ্ন হবে তিনি কিভাবে এই দশমিক অংশটি স্থির করলেন? এটা ত খুব ঘোলা এক সংখ্যায়ন। এমনিতেই ৬ এর সংজ্ঞা (আবার সেই সংজ্ঞা) বেশ ধূসর , যেমন (৬) এর সংজ্ঞা হল :

৬। এরা মনে করেন,ঈশ্বরের অস্তিত্বের সম্ভাবনা খুবই কম তবে একেবারে শূন্য নয়। কার্যক্ষেত্রে এদেরকে নাস্তিক ই বলা চলে।

"খুবই কম", "কার্যক্ষেত্রে" এগুলিত খুব ঢিলাভাবে সংজ্ঞায়িত , এবং ব্যক্তিনির্ভর। এখানে ৬ থেকে ৬.৫ এর মধ্যে তফাৎ তিনি কি ভাবে টানলেন? যদি টানাই যেত তাহলেত ৬.৫ কেই ৭ বলে ৭ কে ৮ নং ক্যাটেগরী বলা ঠিক হত। আমার কাছেত যাহা বাহান্ন তাহাই তিপ্পান্নই দাঁড়াচ্ছে ব্যাপারটা। নয় কি? আমি যদি ইশ্বরকে সংজ্ঞায়ন(বিশ্বাস নয়) করতাম তাহলে আমি ইশ্বরকে পদার্থবিজ্ঞানের নিয়মের কারণ সংজ্ঞা দিয়ে তিনটা কাটেগরী করতাম, আস্তিক, নাস্তিক আর অজ্ঞেয়বাদী। এই তিন কাটেগরীর মাঝামাঝি বা বাইরে থাকা অর্থহীন হত এই সংজ্ঞা অনুযায়ী (সেট থিওরীর মৌলিক ধারণা) ।

আকাশ মালিক এর জবাব:

জানুয়ারি ২৮, ২০১০ at ৮:৫৩ অপরাহ্ণ

@অপার্থিব,

প্রায় চার বৎসর পূর্বে আমাদের শ্রদ্ধেয় মিজান ভাই তার এক প্রবন্ধে বলেছিলেন - **বিশ্বাস না করাও এক প্রকারের বিশ্বাস।**

http://www.mukto-mona.com/Articles/mizan_rahman/out_of_context.pdf
একটা গোলক ধাঁধায় পড়া গেল যেন।

যখন তুমি বল "ভুত বলে কিছু নেই" তখন তুমি যদি মীন করে থাক যে ভুতের কোন অর্থবহ সং জ্ঞা নেই (যার সংজ্ঞা নেই সেটা নেই বলাটা সমার্থক) তাহলেও তুমি বিশ্বাসীর কাতারে পড়ছ না।

বাঁচা গেল। আমি যদি একই ভাবে বলি "আল্লাহ বলে কিছু নেই"
তাহলে আমিও বিশ্বাসীর কাতারে পড়ছি না। কারণ- আল্লাহর কোন অর্থবহ সংজ্ঞা নেই, আর আল্লাহ আছে বলে কোন নৈর্ব্যক্তিক সাক্ষ্য প্রমাণও পাওয়া যায়নি।

আসলেই ত বাস্তবে ভুত আছে বলে কোন নৈর্ব্যক্তিক সাক্ষ্য প্রমাণ পাওয়া যায়নি। সেটা যে সংজ্ঞাই হোক না কেন যেমন শেওড়া গাছে পা ঝুলান বসে থাকা ভুত , মামদো ভুত, পেত্নী, শাকচুন্নী ইত্যাদি।

শেওড়া গাছে পা ঝুলান বসে থাকা ভুত , আর আমার কাঁধে কলম হাতে চড়ে বসা দুই ফেরেস্তা, কথাটা তো সমানই।

তাহলে কি আমরা উপসংহার টানতে পারি- **নাস্তিকতাও এক প্রকারের বিশ্বাস** নয়?

অপার্থিব এর জবাব:
জানুয়ারি ২৮, ২০১০ at ১১:২৭ অপরাহ্ণ
@আকাশ মালিক,

বাঁচা গেল। আমি যদি একই ভাবে বলি "আল্লাহ বলে কিছু নেই"
তাহলে আমিও বিশ্বাসীর কাতারে পড়ছি না। কারণ- আল্লাহর কোন অর্থবহ সংজ্ঞা নেই, আর আল্লাহ আছে বলে কোন নৈর্ব্যক্তিক সাক্ষ্য প্রমাণও পাওয়া যায়নি।

বাঁচতে গিয়ে শেষ রক্ষা হল না 😄 , "আর আল্লাহ আছে বলে কোন নৈর্ব্যক্তিক সাক্ষ্য প্রমাণও পাওয়া যায়নি" কথাটা যোগ করার জন্য। যদি "আল্লাহ বলে কিছু নেই" বলতে সত্যি মীন করে থাকেন যে আল্লাহর কোন অর্থবহ সংজ্ঞা নেই, ("বলে" কথা দিয়ে প্রচ্ছন্নভাবে ওটাই মীন করা হচ্ছে) তাহলে নৈর্ব্যক্তিক সাক্ষ্য প্রমাণ অর্থহীন হয়ে পড়ে। নৈর্ব্যক্তিক সাক্ষ্য প্রমাণের প্রশ্ন ওঠে যদি আল্লাহ যুক্তিসিদ্ধ ভাবে সংজ্ঞায়িত হয়।

তাহলে কি আমরা উপসংহার টানতে পারি- নাস্তিকতাও এক প্রকারের বিশ্বাস নয়?

আমই ত মনে করি আমি খুব পরিস্কার ভাবেই বুঝিয়েছি নাস্তিকতা কখন বিশ্বাস হতেও পারে। কাজেই ঢালাও ভাবে কি করে উপরের উক্তি করা যায়? নাস্তিকতা কেবল তখনি বিশ্বাস হবে না যখন ঃ
(১) কেউ ঈশ্বর আছেন এর জবাবে ্সেই নাস্তিক ঈশ্বর “বলে” কিছু নেই বলেন, ঈশ্বরের যুক্তিসিদ্ধ সংজ্ঞা নেই কারণ দেখিয়ে।
(২) ঈশ্বরের যুক্তিসিদ্ধ সংজ্ঞা আছে মেনে নিয়ে সেই নাস্তিক সাক্ষ্য প্রমাণ দিয়ে প্রমাণ করেন যে তেমন ঈশ্বর থাকাটা অসম্ভব।

শেওড়া গাছে পা ঝুলান বসে থাকা ভুত , আর আমার কাঁধে কলম হাতে চড়ে বসা দুই ফেরেস্তা, কথাটা তো সমানই।

হ্যাঁ, যদি ফেরেশ্তাকে পক্ষীরাজ মানুষ হিসেবে সংজ্ঞা দেয়া হয় আর যার বাকী সব বৈশিষ্ট্য হয় বই এর বর্ণনামত। আমি ধরে নিয়েছি শেওড়া গাছে পা ঝুলান বসে থাকা ভুত সুসংজ্ঞায়িত , দেখতে কেমন, মানুষের মত দেহ এবং তার সঙ্গে আনুষঙ্গিক গুণাবলী (বা দোষাবলীগুলো 😄) ইত্যাদি। দেহহীন কোন মানবকে (তা সে মানবের গুণের পরিমান সসীম বা অসীম হোক) কল্পনা করা এক গোল চতুর্ভুজ বলার সামিল।

*ধ্রুব*এর জবাব:
জানুয়ারি ২৯, ২০১০ at ৩:৫৫ পূর্বাহ্ণ
@অপার্থিব,

দ্বিতীয়টি বিশ্বাস হবে যদি ভূতের যৌক্তিক সংজ্ঞায়ন দেয়া যায় আর সেই সংজ্ঞায়িত ভূত না থাকার পক্ষে কোন বস্তুগত সাক্ষ্য প্রমান না দেয়া যায়

ভূতের যৌক্তিক সংজ্ঞায়ন আপনি দিবেন কি করে, জানার আগ্রহ রইলো। তবে বৈজ্ঞানিক সংজ্ঞা সম্ভব নয়, এটা আমি এখনই বলতে পারি। কোনকিছুর বিজ্ঞানসম্মত সংজ্ঞার মূলে পর্যবেক্ষণ থাকতে হবে। পর্যবেক্ষণ-ব্যতিরেকে কোনো কিছু নিয়ে আলোচনা বিজ্ঞানের দর্শনের দৃষ্টিতে অর্থহীন। ভূতে অবিশ্বাস কিন্তু একশভাগ বিজ্ঞানসম্মত অবস্থান। আসলে, বিশ্বাস কথাটাই বৈজ্ঞানিক আলোচনায় আনা উচিত নয়। অন্য প্রমিত শব্দ ব্যবহার করা উচিত। যেমন, E=mc^2 এ আমি বিশ্বাস করি, বিজ্ঞানের দৃষ্টিতে এই কথার কোনো মানে নেই। আমি বিশ্বাস করি কি করি না সেটা বিজ্ঞান-সম্মত আলোচনাও নয়। আমরা আলোচনা করতে পারি, সূত্রটি বৈজ্ঞানিকভাবে প্রতিষ্ঠিত কিনা? বৈজ্ঞানিকভাবে প্রতিষ্ঠিত

কথাটিকে আমরা সংজ্ঞায়িত করতে পারি, যেটা আমি মনে করি ইতোমধ্যে সংজ্ঞায়িত: যা পর্যবেক্ষণগতভাবে বারংবার যাচাইযোগ্য, তাই বৈজ্ঞানিকভাবে প্রতিষ্ঠিত।

আর থাকে অন্যসব বিষয়ের আলোচনা, যার কোনো পর্যবেক্ষণ নেই, যাচাইয়ের প্রশ্নতো পরে। যেমন, ভূত, প্রেত, লিলিপুট মানুষ, অশ্বের ডিম্ব। এগুলোর সংজ্ঞার মূলে পর্যবেক্ষণ নেই। কোনো পর্যবেক্ষণের ব্যাখ্যার জন্যও এগুলোর প্রয়োজন পড়বে না কোনোকালে। এগুলো বিজ্ঞানের আলোচ্যই নয় (তথাপি বিজ্ঞানের আলোচ্য নয় এমন অনেক বিষয় নিয়ে অনেকে বৈজ্ঞানিক গবেষণা করার চেষ্টা করেন, যা বিজ্ঞানের দর্শনের বিপরীতে যায়)।

আমি এগুলোতে বিশ্বাস করি কি করি না, নাকি অজ্ঞেয়বাদী, সেই তর্ক অনর্থক। কারণ, বিষয়টিই বিজ্ঞানের আলোচনায় অনর্থক বিষয়। ফলে, কেউ যদি বলেন, ভূত বলে কিছু নেই, সেটা এক অর্থে ভূত বলে কিছু আছে এই ক থাটির মতই অনর্থক। শুদ্ধ কথাটি সম্ভবত, ভূত সংক্রান্ত তর্ক অনর্থক। তবে, অধিকাংশ-ক্ষেত্রে আমরা ভূত বলে কিছু নেই বলতে ভূত সংক্রান্ত তর্ক অনর্থক জাতীয় মতই প্রকাশ করি। সেই অর্থে, ভূত বলে কিছু নেই যথেষ্ট গ্রহণযোগ্য একটি বক্তব্য।

*বন্যা আহমেদ*এর জবাব:
জানুয়ারি ২৯, ২০১০ at ৯:৩৩ পূর্বাহ্ণ
@ধ্রুব, দর্শনের ক্লাসে আপনি কিংবা আমি হয়তো অপার্থিবের মত ভালো নাম্বার পেয়ে পাশ করতে পারবো না , কিন্তু ভুত নিয়ে আমাদের কনসেপ্টট যে একেবারে পরিষ্কার এবং এর উপরে “ভুতোলজি” বলে কোন কোর্স থাকলে যে সেটাতে বেশ ভালো করবো এ নিয়ে কোন সন্দেহ নেই 🙂

*অপার্থিব*এর জবাব:
জানুয়ারি ২৯, ২০১০ at ৯:৪০ পূর্বাহ্ণ
@ধ্রুব,
ভূত, ঈশ্বর, আত্মা, এ সবই যে বিজ্ঞানের নিরীখে অর্থহীন বা অমেয় সেটা একটা truism ই বটে। কারণ বিজ্ঞানে পর্যবেক্ষণ এর বাইরে বা Falsifiable নয় এমন কোন ধারণার স্থান নেই। সে জন্যই string theory কে অনেকে mainstream বিজ্ঞান বলে না। কিন্তু তাই বলে পর্যবেক্ষণযোগ্য বা Falsifiable নয় এমন সব ধারণার আলোচনা ত থেমে যাবেনা। দর্শন, যুক্তিবিদ্যা, অধিবিদ্যা ত আছেই

এই কারণে। আসলে ভূত, প্রেত, এদের ধারণার জন্মই হয়েছে কিছু কথিত কার্য (effects) থেকে কারণের কল্পনা থেকে। সেই effects গুলি পর্যবেক্ষণযোগ্য, কিন্তু controlled environment এ ঐ effects গুলি repeatable নয় বলে বৈজ্ঞানিক পর্যবেক্ষণের শর্ত মেটায় না। ছায়ামূর্তি প্রত্যক্ষ , দরজা নিজ থেকে খুলা, ইত্যাদি ভৌতিক effects গুলি ব্যক্তিগত সাক্ষ্য হিসেবে ভূতের ধারণার জন্ম দিয়েছে। যে নিজে ওগুলো প্রত্যক্ষ্য করেছে এবং সে নিশ্চিত যে সে মাদক এর প্রভাব বা কোন ঘোরের মধ্যে ছিলনা, তাহলে সেই কার্য গুলির এক কারণ আছে বলে প্রকল্প দেয়াটা অযৌক্তিক হবে না। কিন্তু আর এক ধাপ এগিয়ে গিয়ে সে কথিত কারণের গুণাবলির বর্ণনা দেয়াটা, সেটা অযৌকতিক হবে।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=8846

ঈশ্বর তুমি কোথায় থাকো ?

তারিখ: ৩ শ্রাবণ ১৪১৭ (জুলাই ১৮, ২০১০)

লিখেছেন: অনন্ত নির্বাণ

যখন ইন্টার এ পড়ি তখন থেকেই আসলে অজ্ঞেয়বাদ থেকে নাস্তিক্যবাদের দিকে বিবর্তন শুরু হয় আমার। তখন একটা সময় ছিল, অনেক তর্ক করতাম , অনেক উৎসাহ লাগতো এসবে। নিজে যা বুঝতাম কিংবা বোঝাতে চাইতাম তা অন্যদেরকে ঠিক ঠিক বোঝাতে পারতাম খুব ভালো করেই। কিন্তু এখন আর পারি না। আমার ধারনা যেইসব জিনিস মানুষ খুব বেশি বোঝা আরম্ভ করে সেইসব জিনিস সে একটা সময় আর অন্যদেরকে বোঝাতে পারে না।অন্যদের কাছে আস্তে আস্তে দুর্বোধ্য হয়ে যায়। ভাষার সীমাবদ্ধতার কথা চিন্তা করে যতটা পারে কথা কম বলার চেষ্টা করে। কিন্তু মাঝে মাঝে এত বিরক্ত লাগে কিছু না বলে থাকা যায় না। এখানেই যত বিপত্তি।আর এই বিপত্তির কারনেই লিখতে বসা।

আমাকে কেউ কেউ মাঝে মাঝে প্রশ্ন করে, আমি নাস্তিক কেন ? কখনো উত্তর দেই, কারন মানুষ আমায় নাস্তিক বলে তাই আমি নাস্তিক।ঈশ্বর নামের জিনিসটা সবাই যেমন কমন ভাবে চিন্তা করে, আমি সেরকম করি না, একটু আলাদা ভাবে ভাবি। এ ছাড়া আর দশটা মানুষের সাথে আমার পার্থক্য খুব বেশি একটা চোখে পড়ার মতো না।
যাই হোক সেদিন একজন আমাকে খুব ভালো করে জেরা করা শুরু করলো আমি কেন ঈশ্বর মানি না ? আমার খুব একটা ইচ্ছা করে না এইসব নিয়ে তর্ক করার । কারন শেষটা খুব একটা ভালো হয় না। বেশিরভাগই তর্কের শেষে একটা উপদেশ বাণি শুনতে হয়- “যই করো মানুষের মনে কষ্ট দিয়ে কথা বলো না” তাই ভাবি মানুষের সাথে কথা বলাই ছেড়ে দেওয়া উচিৎ হয়তো। কারন আস্তিকরা খুব সহজেই কষ্ট পায়(নাকি কষ্ট পাওয়ার ভান করে কে জানে) কিন্তু নাস্তিক হলে কষ্ট পাওয়ার অধিকার আর থাকে না । আমরা ঈশ্বর নাই বললে ওদের মনে কষ্ট লাগে কারন ওরা সেটা বিশ্বাস করে, কিন্তু ওরা ঈশ্বর আছে বললে আমাদের কষ্ট লাগা মানা… আমরা হয়তো মানুষ না। আমাদের মন নাই … খারাপ না যদিও ব্যাপারটা । আসলে আমরা সবাই জানি এইসব ঢং ছাড়া আর কিছুই না।
অনেক আবোল-তাবোল এর পরে আবার জিজ্ঞেস্ করলো, কেন ঈশ্বর মানি না। বললাম, তোমার ঈশ্বরের একটা রোগ হয়েছে। ঈশ্বর সেই রোগ থেকে আরোগ্য লাভ করুক। এরপর হয়তো বিশ্বাস করতে পারি।
আবার প্রশ্ন; মানে ? ঈশ্বরের আবার কিসের রোগ ? বললাম , আমার যেই রোগ তোমার ঈশ্বরের ঠিক সেই রোগ!
বুঝলো না এবারো। বললাম… তোমার ঈশ্বরও আমার মতো নাস্তিক… নিজের স্রষ্টাকে মানে না। আর খুবই স্বাভাবিক , এই ধরনের কথা শুনলে ওনাদের যেইরকম রি-একশন হয়, অনেকটা সেরকমই দেখা গেল। কিন্তু মজার একটা জিনিস শুনলাম ওর কাছ থেকে।
ঈশ্বরের নাস্তিকতার পেছনেও ওর ভালো রকমের যুক্তি আছে। আর সেটা হলো ঈশ্বর এমন একটা জিনিস যা আমাদের এই মনুষ্য মস্তিস্কে ধরবার নয়। আমাদের সেই ক্ষমতাই নেই।মোট কথা মানুষের

সীমাবদ্ধতার বিশাল একটা লেকচার শুনতে হলো। খারাপ লাগলো না... আমরা কি কি পারি , কি কি পারি না এইসব। আরো অনেক কিছু। কিন্তু এইসব শুনতে বেশিক্ষন ধর্য্য থাকে না। আমি এমনিতেই খুব তাড়াতাড়ি ধর্য্য হরানোর মানুষ। তাই ওকে বললাম , যাও ফিলসফি ক্লাস নাও... আমি তোমার মনযোগি ছাত্র হতে পারি। কিন্তু তর্ক করতে এসে ফিলসফি করো না।
আসলে মানুষের কিংবা বিজ্ঞানের সীমাবদ্ধতার কথা বলে এই ধার্মিক মানুষগুলো অনেক শান্তি পায়। আর সেখানেই ঈশ্বরকে আমদানি করে ফেলে এককথায়। কিন্তু সেই জায়গাটাও কোন না কোন ভাবে ঈশ্বরকে ছেড়ে দিতে হয় বিজ্ঞানের কাছে , আমাদের জ্ঞানের কাছে। এটাই হয়ে এসেছে... আল্লাহ ভালো করার মালিক ছিল অনেকদিন... এখন ডাক্তার আর ওষধ কিছুটা হলেও সেই জায়গায় ভাগ বসিয়েছে... দিনে দিনে এমন আরো অনেক হবে। কিন্তু মজার ব্যপার এগুলো ওদের জন্য শুধু ইগনোর করার জিনিস !!

কিন্তু কতক্ষন মানুষের সীমাবদ্ধতাকে পুজি করবে মানুষ ঈ শ্বরকে বাচাতে ? আমি ভেবেছি এই জিনিসটা নিয়ে। মানুষের জ্ঞানের ঠিক কোন পর্যায়ে এই ঈশ্বরের অবস্থান হতে পারে ? আর মানুষের এই জ্ঞানের জগৎটা খুব বেশি বড় নয় ... অল্প কিছু খন্ডে বিভক্ত। যদিও এই ক্লাসিফিকেশনটা আমার নিজের না। কোন এক জায়গায় শুনেছি... আমি এখন যেভাবে লিখছি সেটা হয়তো একটু আলাদা হতে পারে।
পুরো জ্ঞানের জগৎটা এরকমভাবে সাজানো যায় ;
১. সেইসব জিনিস যা আমরা জানি
২. সেইসব জিনিস , যা আমরা জানি না এখনো কিন্তু জানবো
৩. সেইসব জিনিস, যা আমরা কখনেই জানবো না
আর খুবই আক্ষেপের বিষয় ঈশ্বরের এই তিন নম্বর অপশনটাই একমাত্র আবাস্থল।যেটা একটা গানিতিক ডেড এন্ড, ইনফিনিটিও বলা যায়। কিন্তু গনিতবিদরা ইনফিনিটি খুব একটা পছন্দ করেন না সমাধান হিসেবে।
১ নং আর ২ নং এর সাথে আমাদের জিবনের অনেক কিছুর সম্পর্ক আছে। এইগুলো আমাদের জন্য অবশ্যই ম্যাটার করে। কিন্তু এই ৩ নং জিনিসটার সাথে আমাদের আসলেই কোন সম্পর্ক নেই। যার ব্যপারে আমরা কিছুই জানতে পারবো না তা আছে কি নাই এই নিয়া মারামারির কি দরকার ? থাকলেই কি আর না থাকলেই কি ? আর যা আমরা কখনোই জানবো না তা নিয়ে কেন সময় নষ্ট করবো ? আমাদের কি বেকার সমস্যা এতই তীব্র ? আর তীব্র বেকার সমস্যায়ও বোধয় এই জিনিসটা নিয়ে কেচাল বাধানোর কোন ফায়দা নেই। ইনফিনিটি থেকে কিছু গেলে আর আসলে তাতে কিছুই আসে যায় না। তার চেয়ে বরং যদি এই আস্তিকের দল প্রথম দুইটা জিনিসের দিকে মনযোগ দেয় , তাহলে বোধয় সেটা তাদের এবং সকলের জন্য মঙ্গল। কিন্তু আসলেই এরা মঙ্গল চায় কিনা কে জানে ? রিচার্ড ফাইনম্যান এর একটা কথা খুব মনে পড়ে ওদের স্বভাবটা দেখলে ... তিনি মিডিয়া আর সাধারন মানুষদের ওপর বিরক্ত হয়ে বলেছিলেন ;

“ এরা কখোনো সেইসব জিনিস নিয়ে প্রশ্ন করে না যা আমরা জানি , বরং সেইসব জিনিস নিয়ে প্রশ্ন করে যেটা আমরা জানি না, এবং আমরা যে সেটা জানি না সেটা তারাও জানে। তারপরেও হাসি হাসি মুখ করে এইসব প্রশ্ন করে। “

আসলেই কি এদের জানার ইচ্ছা আছে ? যখন বিজ্ঞানীরা নতুন কিছু একটা আবিষ্কার করে তখন সেইটা নিয়ে আর আগ্রহ থাকে না মানুষের , বরং বিজ্ঞানিরা কি জানে না , সেইটা গুগল সার্চ দেয়। আর সেইটা নিয়ে কথা বলা শুরু করে... তাহলে আমরা যা কিছু জানলাম তার মুল্য কি রইল এদের কাছে ? এরা আসলে কি চায় ? জানতে চায় ? নাকি জানতে চায় বলে ভন্ডামি করে ?
আরো একটা কারনে আমি এই তৃতীয় অপশনটাকে পছন্দ করি না। কারন এই যে জায়গাটা এটা একটা অন্ধকার ঘরের মতো... এখানে যে কেউ যেকোন কিছু করতে পারে অন্যেরা সেটা দেখার সুযোগো পাবে না। সেইভাবেই আমাদের সমাজের সব কুসংস্কারগুলো গড়ে উঠেছে। তাই একজন বুদ্ধিমান মানুষ কেন যে জেনেশুনে এই অন্ধকার ঘরে ঢুকতে চায় সেইটা অবশ্যই সন্দেহের বিষয়। আমার ভাই অন্ধকার ভালো লাগে না খুব একটা। তাই এই জায়গায় আমার চ রম বিতৃষ্ণা।
জানি না কবে এরা আসলেই বিজ্ঞানকে বুঝবে , বিজ্ঞান কিভাবে কাজ করে সেইসব বুঝবে। বিজ্ঞানের সুত্রগুলো দিয়ে শুধু গানিতিক সমস্যা সমাধান করে শুধু নাম্বার তুলবে না বরং সেইসব সূত্র কে ভালোবাসবে, সেইসব সূত্রের পেছনের কষ্টগুলোকে বুঝবে ...
সবকিছুর ব্যাখ্যা আল্লাহ হলেও তাতে কিছু যায় আসে না অন্তত এই ব্যপারটা বুঝবে ... ফ্যানের বাতাস , টিভির সিরিয়া কিংব আজকের এই ইন্টারনেট এর কোনটাই আল্লাহ এসে কোন নবীর কানে বলে দিয়ে যায় নি। আমার জানা মতে কোন বিজ্ঞানীই নবুয়াত লাভ করে বিজ্ঞানী হয় নি। এটা চোখে পড়াড় জিনিস হলেও কেন যে চোখে পড়ে না কে জানে ?

কমেন্ট

1. মাহবুব সাঈদ মামুন

জুলাই ১৮, ২০১০ সময়: ৪:৫০ অপরাহ্ণ লিঙ্ক

অনন্ত নির্বাণ,

> যার ব্যপারে আমরা কিছুই জানতে পারবো না তা আছে কি নাই এই নিয়া মারামারির কি দরকার ? থাকলেই কি আর না থাকলেই কি ? আর যা আমরা কখনোই জানবো না তা নিয়ে কেন সময় নষ্ট করবো ? আমাদের কি বেকার সমস্যা এতই তীব্র ?

উর্বর মস্তিষ্ক যখন আফিম দ্বারা আবিষ্ট হয় তখন হ্যালোচিনেসন এর জগতে আমাদের মনোজগতের বিচরন ঘটে। যেখানে যার কোনো অস্তিত্ব নেই তা নিয়ে তখন শুধু এত এতো শত বছর নিজেদের মধ্যে অন্ধভাবে মাতা মাতি,মারামারি ,হানাহানি ও যুদ্ধ-বিগ্রহ এবং মানুষে মানুষে হিংসা-হিংসি,ভেদাভেদ ঘটিয়েই চলছে এবং এ চলা যে আরো কত শত বছর চলবে কে জানে :-/

একটা বিষয় লক্ষ করার মতো তা হলো সাধারন খেঁটে খাওয়া মানুষের এসব বুজরগি বিষয়ে তাদের তেমন কোনো আগ্রহ নেই কারন তারা অলস মস্তিষ্কের জীবন নিয়ে বসবাস করে না বা করতে পারার সুযোগ নেই,কারন প্রতিদিনের জীবনের গ্লানি টানতে টানতেই তাদের জীবনের বেলা শেষ হয়ে যায় ।

যত্তোসব তথাকথিত শিক্ষিত,উচ্চ শিক্ষিত ডিগ্রীধারীরাই এ সব নিয়ে ক্যাচাল করতে করতে নিজের জীবন সহ সমাজের অন্যান্যদের জীবন অতিষ্ঠ করেছিল এবং করে যাচ্ছে।এরাই সমাজের রাজনৈতিক ও অর্থনৈতিক নেতা অথবা ধর্মীয় নেতা যারা এক বিষ-পোঁড়া হয়ে সমাজের মাথায় ও বুকে বাসা বেঁধেছে।

আমাদের মানব জীবনের সকল দুঃখ-দুর্দশা ও প্রগতির পথে এরাই সকল অন্তরায় ও এক আকাশসম বাঁধা কীট।অথচ যুগে যুগে এরাই সবার আগে বিজ্ঞান ও প্রযুক্তির যতো সুফল আমাদের জীবনে নিয়ে এসেছিল তারাই এর সব ধরনের ভোগ-বিলাস নিয়ে মত্ত থেকেছিল এবং করে যাচ্ছে।এরাই যুগে যুগে সকল দেশে জ্ঞানী,মহাজ্ঞানী ও বিজ্ঞানীদের হত্যা করতে খুনিমস্তিষ্কের এক বিন্দু বিবেকে বাঁধা দেয় নি এবং এখনো দেয় না। এরা জ্ঞান-পাপী

খুব কঠিন একটি বিষয় এতো সহজ করে বর্ননা করার জন্য ধন্যবাদ।



Russell এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১০:২২ অপরাহ্ণ
@মাহবুব সাঈদ মামুন,

যত্তোসব তথাকথিত শিক্ষিত,উচ্চ শিক্ষিত ডিগ্রীধারীরাই এ সব নিয়ে ক্যাচাল করতে করতে নিজের জীবন সহ সমাজের অন্যান্যদের জীবন অতিষ্ঠ করেছিল এবং করে যাচ্ছে।এরাই সমাজের রাজনৈতিক ও অর্থনৈতিক নেতা অথবা ধর্মীয় নেতা যারা এক বিষ-পোঁড়া হয়ে সমাজের মাথায় ও বুকে বাসা বেঁধেছে।

সত্যই এদের নিয়ে বড়ই সমস্যা, ডাক্তার, ইঞ্জিনিয়ার, পি।এইচ।ডি আছে,কিন্তু ঈশ্বরের ব্যপারে অনুমানে তাদের এই বিশ্বাস অবাক লাগে।

*অনন্ত নির্বাণ*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৪:১০ পূর্বাহ্ণ
@Russell,

ভাই দুখের বিষয় হইলো, আমার এক বন্ধু আমারে তার ফ্রেন্ডলিস্ট থেকে ডিলিট করে দিয়েছে কারন কি জানেন ?

তার এআইউবি'র পিএইচডি করা স্যার ম্যাডামরা যদি মনে করে যে ঈশ্বর আছে তাহলে আমি কোন ইন্টার পাস মাস্তান আসছি ঈশ্বর নাই বলার। বলাই বাহুল্য সে আমার এই মাস্তানি সহ্য করলো না। এক্কেবারে ডিলিট কইরা দিছে। চান্স পাই নাই, তাই বলা হয় নাই... হয়তো একদিন আমিও পিএইচডি করবো।

*নিটোল*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৮:৪০ অপরাহ্ণ
@অনন্ত নির্বাণ,

বলাই বাহুল্য সে আমার এই মাস্তানি সহ্য করলো না। এক্কেবারে ডিলিট কইরা দিছে। চান্স পাই নাই, তাই বলা হয় নাই... হয়তো একদিন আমিও পিএইচডি করবো।



*ব্রাইট স্মাইল্*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৭:৩৮ পূর্বাহ্ণ
@মাহবুব সাঈদ মামুন,

যত্তোসব তথাকথিত শিক্ষিত,উচ্চ শিক্ষিত ডিগ্রীধারীরাই এ সব নিয়ে ক্যাচাল করতে করতে নিজের জীবন সহ সমাজের অন্যান্যদের জীবন অতিষ্ঠ করেছিল এবং করে যাচ্ছে।

এইসব শিক্ষিত ডিগ্রীধারীরাই যে জানেন যার কোনো অস্তিত্ব নেই তার ভেল্কিবাজী দেখিয়ে কি করে নিজেদের সুবিধাটা অর্জন করতে হয়। তাই ধর্ম নিয়ে এঁদের উৎপাত যুগ যুগ ধরে মানুষকে সয়ে যেতে হচ্ছে।

2. 2

বিপ্লব রহমান

জুলাই ১৮, ২০১০ সময়: ৭:৪৩ অপরাহ্ণ লিঙ্ক

অনন্ত নির্বাণ,

গুরুতর বিষয়ের সহজ প্রকাশভঙ্গী ভালো লাগলো। আমিও খানিকটা আপনার মতোই, নাস্তিক্যবাদ নিয়ে কূটতর্ক এড়িয়ে চলি। কারণ অন্ধ-বিশ্বাসীদের সঙ্গে আর যা-ই হোক, যুক্তি চলে না।

কেউ বলে, আল্লা আছে,
কেউ বলে, নাই।
আমি বলি, থাকলে আছে,
না থাকলে নাই।

রৌরব এর জবাব:

জুলাই ১৮, ২০১০ at ৮:৩৫ অপরাহ্ণ

@বিপ্লব রহমান,

ছড়াটা কার?

অভিজিৎ এর জবাব:

জুলাই ১৮, ২০১০ at ৮:৫৪ অপরাহ্ণ

@রৌরব,

আমার জানা মতে এটা দ্বিজ দাসের একটা গান। গানের কলিগুলো এরকম -

কেউ বলে আছে খোদা, কেউ বলে নাই
আমি বলি থাকলে আছে, না থাকিলে নাই

তারে নয়নেও দেখি নাই, শ্রবণেও শুনি নাই
দর্শন পাই না তবু করিযে প্রণাম
শোনো দ্বিজ দাসের গান....

শাফায়েত একবার মানবতাবাদী গানের তালিকা নিয়ে একটা পোস্ট দিয়েছিলো। সেখানে আলোচনা হয়েছিলো এ প্রসঙ্গে। এ ছাড়া, আমাদের স্বতন্ত্র ভাবনা বইটাতেও এ ধরণের কিছু গানের নামের উল্লেখ করেছি, দেখতে পারেন।

*রৌরব*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১২:৩৭ পূর্বাহ্ণ
@অভিজিৎ,
দারুণ

*বিপ্লব রহমান*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৫:১৬ অপরাহ্ণ
@অভিজিৎ দা,

রেফারেন্সসহ সংশোধনীর জন্য ধন্যবাদ।

3. 3

Russell

জুলাই ১৮, ২০১০ সময়: ১০:৩৮ অপরাহ্ণ লিঙ্ক

আসলেই কি এদের জানার ইচ্ছা আছে ? যখন বিজ্ঞানীরা নতুন কিছু একটা আবিষ্কার করে তখন সেইটা নিয়ে আর আগ্রহ থাকে না মানুষের , বরং বিজ্ঞানিরা কি জানে না , সেইটা গুগল সার্চ দেয়।

আর সেইটা নিয়ে কথা বলা শুরু করে… তাহলে আমরা যা কিছু জানলাম তার মুল্য কি রইল এদের কাছে ? এরা আসলে কি চায় ? জানতে চায় ? নাকি জানতে চায় বলে ভন্ডামি করে ?

আসলেই???
একদা এক ব্লগে বিশিষ্ট এক তথাকথিত আলেম ন্‌ামক বিদ্যান ্লিখেছেন বিজ্ঞানে যা যা বলা আছে তা সবই নাকি কোরানে পূর্বেই বলা আছে। ভাইজানরে তখন জিজ্ঞাসা করেছিলাম ভাই , তাহলে যত বিজ্ঞানীরা এইসকল বিষয় আবিষ্কার করেছে তারা হয় চোর নাহয় পাগল। মানে হইল ত্‌ারা হয় কোরান থেকেই চুরি করে আবিষ্কার করেছে নাহয় কোরানে এত কিছু থাকার পরেও নিজেরা বসে বসে না খেয়ে সংসার ধর্ম সকল কিছু বাদ দিয়ে আবিষ্কার করে বেড়াইছে যেখানে কোরানে আপনার মতে সব দেয়াই আছে। তাই তারা পাগল।আমার জানা মতে তারা কোরান পড়েনি বা জানেও না অনেকে কোরান কি জিনিস, তাহলে ভাই তারা পাগল। ঠিক আছে না?
সাথে আর একটা কথা বলেছিলাম, ভাই তাহলে আপনে একটা কাজ করেন, এই শুক্র, মংগল প্লুটো এইসব গ্রহে কি আছে কি নাই এইসকল বিষয় আপনে, এবং মহাজগতে কোথায় কি আছে কি নাই সব কোরান পড়ে ঐ সকল বিজ্ঞানীদের আগেই বের করে দেন। আমরাও উপকৃত হই , আর ঐ বেধর্মী বিজ্ঞানীদের মাথায়ও বাজ পড়ুক। কেমন হয়?
কি বলব ভাই, হয়ে গেলাম কাফের। কিছুই করার নাই। মাথায় এই কাফের্‌ের কলংক নিয়ে আজও ঘুরে বেড়াই, ভাত খাই, আর তারা আজও সেই সকল বিজ্ঞানীদের পিছেই লেগে আছে।

আপনার লেখা ভালই লাগল।
ধন্যবাদ।

*অনন্ত নির্বাণ*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৪:২৬ পূর্বাহ্ণ
@Russell,

হুম… কি বলার আছে বলেন ভাই ? বিজ্ঞানের এইসব বড় বড় তত্ত্বগুলা বুঝতে জান শেষ হইয়া গেল আমার প্রায়, বলতে গেলে এখনো কিছুই বুঝি না। আর যখন দেখি এই ছাগল গুলা এইসব কুরানে আছে বলে তখন বিরক্তির সীমা থাকে না।একটা বৈজ্ঞানিক তত্ত্বও ওরা ঠিক মতো বোঝে না আমি একেবারে নিশ্চিত , বুঝলে আসলে কোরানের দিকে কোন আকর্ষনই থাকতো না।

আমার পরম শ্রদ্ধেয় গনিত স্যার বলতেন , মহানিবীর মিরাজের মধ্যেই নাকি আপেক্ষিকতা আছে...তখন শুধু হা করে শোনা ছাড়া আর কিছুই করার ছিল না ... মিরাজের বর্ননা ঠীক দিলেও আপেক্ষিকতা জিনিসটা কি ? খায় না মাথায় দেয়, তখনো জানি না... স্যার ও বলেন নি কখনো। আমার বিশ্বাস স্যার নিজেই জানতেন না হয়তো। আরো বলতেন , নাসায় নাকি কোরান গবেষোনাগার আছে... সেখান থেকেই নাকি এইসব আবিষ্কার হচ্ছে... আর তখন দেখতাম আমার চারপাশের সহপাঠিদের চোখের পরিধি গর্বে কয়েক ইঞ্চি বেড়ে গেছে।

কি করার আছে ? একসময় যাদের শ্রদ্ধা করতাম ... এখন এসে দেখি তারা আমাদের মিস-গাইড করেছে। নিজের ওপর বিশ্বাস করা ছাড়া আর কিছুই করার নেই আমাদের। সেটাই করতে হবে।

রৌরব এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৪:৫৮ পূর্বাহ্ণ
@অনন্ত নির্বাণ,

> নাসায় নাকি কোরান গবেষোনাগার আছে



অনন্ত নির্বাণ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৫:১৩ পূর্বাহ্ণ
@রৌরব,

স্কুলে থাকতে তো এমনটাই শুনছি। :-/

4. 4

সৈকত চৌধুরী

জুলাই ১৯, ২০১০ সময়: ২:০৪ পূর্বাহ্ণ লিঙ্ক

আপনাকে অশেষ ধন্যবাদ চমৎকার বিশ্লেষণের জন্য। সহজভাবে কথা বলার একটা সুন্দর গুণ আপনার আছে। চাই নিয়মিত লেখবেন।

ঈশ্বরের নাস্তিকতার পেছনেও ওর ভালো রকমের যুক্তি আছে। আর সেটা হলো ঈশ্বর এমন একটা জিনিস যা আমাদের এই মনুষ্য মস্তিস্কে ধরবার নয়। আমাদের সেই ক্ষমতাই নেই।মোট কথা মানুষের সীমাবদ্ধতার বিশাল একটা লেকচার শুনতে হলো। খারাপ লাগলো না… আমরা কি কি পারি , কি কি পারি না এইসব। আরো অনেক কিছু। কিন্তু এইসব শুনতে বেশিক্ষন ধর্য্য থাকে না। আমি এমনিতেই খুব তাড়াতাড়ি ধর্য্য হরানোর মানুষ। তাই ওকে বললাম , যাও ফিলসফি ক্লাস নাও… আমি তোমার মনযোগি ছাত্র হতে পারি। কিন্তু তর্ক করতে এসে ফিলসফি করো না।

আমি আরেকটু বলি। আস্তিকরা যখন বলে ঈশ্বর এমন একটা জিনিস যা আমাদের এই মনুষ্য মস্তি স্কে ধরবার নয় তখন আমার প্রশ্ন -

১। এটা আস্তিকদের মাথায় ধরল কিভাবে?

২। আস্তিকরা ঈশ্বরের সব বৈশিষ্ট্য এমন ভাবে বলেন যেন ঈশ্বর তাদের বেশ পরিচিত। ঈশ্বরের কথিত বৈশিষ্ট্য যেমন অসীম দয়ালুতা, অসীম ক্ষমতা, অসীম জ্ঞান এসব বৈশিষ্ট্য সম্পর্কে আস্তিকরা নিশ্চিত হলেন কিভাবে?

কোনো কিছু অজানা থাকলেই তার কারণ হয়ে যায় ঈশ্বর - এজন্যই রাহুল সা. বলেছিলেন, “অজ্ঞতার অপর নাম ঈশ্বর”

বিষয়টা নিয়ে আমি ছোটবেলা থেকে ভেবে আসছি। আমার তো মাথায় ঢুকে না - কোনো কিছু অজানা হলে তার কারণ কিভাবে ঈশ্বর হয়।

ঈশ্বরবাদীরা সব সময় একটা বিভ্রান্তির মধ্যে থাকে যাকে ডকিন্স বলেছেন “গড ডিলিউশন”

শুধু মানুষের অজ্ঞতা নয়, মানুষের অক্ষমতা নিয়েও ইশ্বরবাদিরা ঈশ্বরের অস্তিত্ব প্রমাণ করতে চান। আমি লিখেছিলাম-

মানুষের অজ্ঞতা ও অক্ষমতাকে ঈশ্বরবাদীরা ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ হিসেবে দেখাতে চান যা নিতান্তই হাস্যকর। যেমন কেউ কেউ বলেন, আপনি কি পারবেন চাঁদ, সূর্য, পাহাড় এগুলো তৈরী করতে? আচ্ছা আমি যদি চাঁদ-সূর্য-পাহাড় এগুলো তৈরী করতে না পারি তবে তাতে ঈশ্বরের অস্তিত্ব কিভাবে প্রমাণিত হল? নাস্তিকরা কি বলেন, আমরা ঈশ্বরের অস্তিত্বে বশ্বাস করি না তাই আমরাই ঈশ্বর? বরং নাস্তিকরা বলেন, ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ না থাকায় আমরা তাতে বিশ্বাস করি না। এ প্রসঙ্গে একটি গল্প স্মরণ হল।

এক আস্তিক আর নাস্তিকের মধ্যে বিতর্ক হচ্ছে-

আস্তিকঃ দেখ ঈশ্বর কী সুন্দর ঝর্ণা তৈরী করেছেন পাহাড়ের গায়।

নাস্তিকঃ এটা তো প্রকৃতির স্বাভাবিক নিয়মেই তৈরী হয়েছে, এখানে ঈশ্বর আসল কোথা থেকে?

আস্তিকঃ তাহলে আপনি এরকম একটি ঝর্ণা তৈরী করে দেখান তবে মেনে নেব আপনার কথা।

নাস্তিক বেচারা বহু কষ্টে পাহাড়ের অপর দিকে একটা কৃত্রিম ঝর্ণা তৈরী করে দেখালেন। এবার আস্তিক বললেন, ওহ, আপনি অনেক পরিশ্রম করে তা বানিয়েছেন যা আমার ঈশ্বর আদেশ করা মাত্রই এক নিমিষেই সৃষ্টি হয়ে গেল!! আর ঈশ্বর যদি সে ক্ষমতা আপনাকে না দিতেন তবে তা কি তৈরী করতে পারতেন?
আসলে মানুষের অক্ষমতা, সক্ষমতা, জ্ঞান, অজ্ঞান এক ব্যাপার আর ঈশ্বরের অস্তিত্ব ভিন্ন ব্যাপার। যেমন একজন মুসলিম ধর্মবাদী বলতে পারেন, পানি আল্লাহর নিয়ামত, আল্লাহ আমাদের জন্য তার কুদরতি উপায়ে পানি সৃষ্টি করেছেন। এবার কেউ যদি হাইড্রজেন আর অক্সিজেন এর সংমিশ্রণে কৃত্রিম উপায়ে পানি তৈরী করে দেখান তবে ঐ ধর্মবাদী তার অবস্থান থেকে কি এতটুকু টলবেন ?

*অনন্ত নির্বাণ*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৪:৪১ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

আমার খুব মেজাজ খারাপ না হলে লিখতে ইচ্ছা করে না , আবার খুব মন ভালো না হলেও লিখতে পারি না ; এ এক জটিল পরিস্থিতি। তার ওপর আছে আলসেমি। ধন্যবাদ উৎসাহ দেওয়ার জন্য... চেষ্টা থাকবে ভবিষতেও লেখার।

আর মজার ব্যাপার হলো আস্তিকরা সবাইকে এক বাক্যে গাধা বনিয়ে দেয় , কারন আমরা নাকি কিছুই পারি না। সব আল্লাহ দিয়ে রেখেছে আমরা শুধু মডিফাই করি এই সব হাবিজাবি। কিন্তু নিজেদের গাধা বলতে সবসময় ভুল করে... ওরাই একমাত্র স্মার্ট গোষ্ঠী যারা এইসব বোঝে ... আমরা কিচ্ছু বুঝি না। যাই হোক বোঝার দরকারও নাই আমাদের। আমরা চাই গাধা হয়ে থাকার স্বাধীনতা। কিন্তু আমদের এই গাধা হয়ে থাকাতেও ওদের আপত্তি।

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১২:৫৯ অপরাহ্ণ
@অনন্ত নির্বাণ,

ও হ্যা । একজন একটি লেখায় এরকম বলেছিলেন- *নাস্তিকরা যেহেতু মনুষ্য জ্ঞানের সীমারেখার ভিতরের অসম্পুর্ন বিদ্যাটাকেই "সৃষ্টিকর্তার অস্তিত্বকে অস্বিকার করার জন্য" যথেষ্ট মনে করেন। অতএব এটাকে তাদের গোড়ামি, মূর্খতা এবং সংকীর্ন মনের পরিচায়ক ধরে নিয়ে তাদেরকে বেওকুব বলা যাইতে পারে।*
তাকে দেয়া আমার উত্তর -

আপনারা আস্তিকরা "মনুষ্য জ্ঞানের সীমারেখার" বাইরের জ্ঞান লাভ করে ফেলেছেন জেনে প্রীত হইলাম।
একটা উদাহরণ দিয়ে আপনাকে বিষয়টা বুঝাই - যেমন আপনাকে আমি বললাম, আপনার ২ টি মাথা আছে। ২য় মাথাটি আপনার জ্ঞানের সীমারেখার বাইরে। এর উত্তরে আপনি কি বলবেন?
আমরা কোনো কিছুর অস্তিত্ব আছে বা নেই তা বিবেচনা করব আমাদের জ্ঞানের বা চিন্তার সীমারেখার ভেতরে থেকে বাইরে গিয়ে নয়। আর নাস্তিকরা বলেন- "ঈশ্বরের অস্তিত্বের স্বপক্ষে কোনো গ্রহণযোগ্য প্রমাণ পাই নাই বলে তাতে বিশ্বাস করি না" - এতে সমস্যা কোথায়??

*বিপ্লব রহমান*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৫:১৯ অপরাহ্ণ
@সৈকত চৌধুরী,

মানুষের অক্ষমতা, সক্ষমতা, জ্ঞান, অজ্ঞান এক ব্যাপার আর ঈশ্বরের অস্তিত্ব ভিন্ন ব্যাপার। যেমন একজন মুসলিম ধর্মবাদী বলতে পারেন , পানি আল্লাহর নিয়ামত, আল্লাহ আমাদের জন্য তার কুদরতি উপায়ে পানি সৃষ্টি করেছেন। এবার কেউ যদি হাইড্রজেন আর অক্সিজেন এর সংমিশ্রণে কৃত্রিম উপায়ে পানি তৈরী করে দেখান তবে ঐ ধর্মবাদী তার অবস্থান থেকে কি এতটুকু টলবেন ?

এ ক ম ত। খুব ভালো বলেছেন।

5. 5

তনুশ্রী রয়
জুলাই ১৯, ২০১০ সময়: ৫:১৯ অপরাহ্ণ লিঙ্ক

@লেখকঃ

১. সবকিছুরই একটা কারণ আছে
২. এই সৃষ্টিরও একটা কারণ আছে
৩. সেই কারণ হলো ঈশ্বর
এভাবে যদি কেউ ঈশ্বরকে সংজ্ঞায়িত করে তাহলে তার ভুল এক জায়গায়, তার হলো ১ নম্বরে, আপনি কি ১ নম্বরকে ঠিক মনে করেন? যদি না করেন, তাহলে বৈজ্ঞানিক গবেষণা সম্বন্ধে আপনার মত কি?

*অনন্ত নির্বাণ*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১১:২৩ অপরাহ্ণ
@তনুশ্রী রয়,

সবকিছুর একটা কারন আছে - সত্য
এই সৃষ্টিরও একটা কারন আছে - সত্য
সেই কারন হলো ঈশ্বর - এখানে এসেই ঝামেলাটা বাধালেন। আপনি যদি সাহিত্য করে থাকেন তাহলে আমার আপত্তি নাই কোন... সেই কারনকে ঈশ্বর নামে ডাকুন অথবা ভবিষতে আবিষ্কৃত কোন বিজ্ঞানীর দেওয়া নামে ডাকুন। কি আসে যায় ? ...
এই সৃষ্টী বলতে আসলে আপনি কতটা বুঝিয়েছেন আমি জানি না। ধরে নিলাম কতগুলো ছোট ছোট অংশে ভাগ করে যদি আমরা চিন্তা করি তাহলে কারো আপত্তি থাকবে না। উদাহরন হিসেবে বলি;

ধরুন , প্রশ্ন আসলো পরমানু কেন গঠিত হয় ? এর একটা কারন আছে , এই যে পরমানুর সৃষ্টী এরও একটা কারন আছে... কিন্তু সেই কারনটা ঈশ্বর না। সেই কারনটা হলো ইলেক্ট্রোম্যাগ্নেটীক ফোর্স। এরকম আরো অনেক ঘটনার প্রশ্ন আসতে পারে, কিন্তু তাই বলে এর একটার জন্যও আমাদের ঈশ্বরের দরকার পরে নি আশা করি পরবেও না। এখানে ঈশ্বর বলতে প্রচলিত অর্থে ঈশ্বরকে বুঝিয়েছি।

আশা করি বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিটা কেমন আপনি বুঝতে পারছেন... এক একটা সুত্র এক-একটা ঘটনার জন্য কারন হিসেবে কাজ করে। সেই সুত্রটাকেই আপনি ঐ ঘটনার জন্য দায়ি ঈশ্বর বলতে পারেন। যেমনটা আমার এক বন্ধু করে। তার ধারনা গ্রান্ড উনিফাইড ফিজিক্সই আসলে ইশ্বর ... ওর এই ধারনায় আমার কোণ আপত্তি নেই, কারন ও শুধু নামটা বদলেছে ফ্যাক্টটা বদলায় নি। যদিও প্রশ্ন করেছিলাম তাহলে বল আমায় ; কোন একটা সুত্র যদি ঈশ্বর হয় তাহলে দিনে কয়েকবেলা সেই সুত্রের কাছে প্রার্থনা করার কি আছে ? আমি যদি বলি, হাইজেনবার্গের অনিশ্চয়তা সুত্রের কাছে দিনে তিন বেলা প্রার্থনা করি সেটা কেমন শোনাবে ?

১ নং ঠিক আছে , ২ নংও তাই ঠীক আছে কিন্তু ৩নংটা যুক্তিবিদ্যা কিংবা বিজ্ঞানের জন্য ঠীক না। কারন উত্তর জানার আগে এই নিয়ে বিজ্ঞান কোণ কথাই বলবে না। এই যে বলা হয় বিগ ব্যাং এর কারনে মহাবিশ্বের সৃষ্টী এটা বলেই কিন্তু বিজ্ঞান থেমে যাবে না। আরো এগিয়ে যাবে আরো প্রশ্ন করবে ... আপনার এই ক্রমিক যুক্তির ৩নং এ এসে থেমে যাবে না। বরং বারবার রিপিট করবে।তাই বৈজ্ঞানিক গবেষনা এই ধরনের সস্তা ডিডাকটিভ লজক থেকে অনেক অনেক ওপরে। আপনার এই ক্রমটায় ভালো করে খেয়াল করেন অনেকগুলো সিড়ি না ভেঙ্গেই একটা সিদ্ধাতে চলে এসেছেন কিভাবে এলেন এইটা আমি বুঝতেই পারলাম না। অংক না করেই সমাধান বলে দেওয়ার মতো , আইডিয়া খারাপ না। কিন্তু সবাই যে এই ব্যাপারটা পছন্দ করবে তা তো নয়, বিশেষ করে যারা পরিশ্রমী।

মিঠুন এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ১২:১৯ পূর্বাহ্ণ

@অনন্ত নির্বাণ,

আপনি এত সুন্দর করে বোঝাতে পারেন!! আপনার মত করে আমিও চিন্তা করি , ভাবি। কিন্তু বোঝাতে বললে এত পরিস্কার ভাবে বোঝাতে পারতাম না কখনই।

আপনি আরো লিখবেন। বিজ্ঞান নিয়ে বিশেষ করে পিওর ফিজিক্স নিয়ে। আপনার পোস্টের জন্য আপনাকে

তনুশ্রী রয় এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৫:১৮ অপরাহ্ণ
@অনন্ত নির্বাণ,

matter বা বস্তু হলো মূলে, সে আপনি সেটাকে ঝিল্লি, সুতা, ইলেক্ট্রণ যে নাম ই দিতে পারেন। আপনি বলেছেন,

> এই যে পরমানুর সৃষ্টী এরও একটা কারন আছে… কিন্তু সেই কারনটা ঈশ্বর না। সেই কারনটা হলো ইলেক্ট্রোম্যাগ্নেটীক ফোর্স।

এটা কোথায় পেলেন?

t=10^-43 sec এর আগে যে matter ছিল, তার উদ্ভব কোথা থেকে?

সাহিত্য বলুন আর যাই বলুন এটাই তো ঈশ্বরের সংজ্ঞা।

আমি সৃষ্টি বলতে ঐ কনাভরের কথাই বলছি, যে পর্যন্ত আজকের বিজ্ঞান যেতে পেরেছে।

ধন্যবাদ



আনাস এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৮:৫৬ অপরাহ্ণ

@তনুশ্রী রয়,

আপনি এ ভিডিওটি দেখতে পারেন।

*অনন্ত নির্বাণ*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১০:৫৪ পূর্বাহ্ণ
@তনুশ্রী রয়,

আসলে আমি এখানে একটা এটম এর স্ট্যাবিলিটির জন্য দয়ী একটা বল কে উদাহরন হিসেবে দেখিয়েছি শুধু।EMF না থাকলে কোন পরমানুই গঠীত হতে পারতো না।যাই হোক ইচ্ছা করলে আরো অনেক পারফেক্ট উদাহরন দেওয়া যেত।কিন্তু আমি এখানে যেটা বুঝাতে চেয়েছি সেইটা কি খেয়াল করেছেন ?

t=10^-43 sec এর আগে যে matter ছিল, তার উদ্ভব কোথা থেকে?

প্রশ্ন করাকে বিজ্ঞান কখনো অনুৎসাহিত করে না। কিন্তু প্রশ্ন করতে করতে একটা সুবিধাজনক জায়গায় এসে থেমে গিয়ে মনগড়া সমাধান কল্পনা করলে সেটা ভালো দেখায় না। সেই ম্যাটার এর উদ্ভব কোথা থেকে এই প্রশ্ন বিজ্ঞানও করছে সেটা অবশ্যই জানেন, আর এর উত্তর হিসবে বিজ্ঞান কিছু বলে নি এখনো, আরো অনেক গবেষনা বাকি কিন্তু আমি বুঝতে পারলাম না আপনারা কি এমন যাদুর বলে জেনে গেলেন যে সেটার কারন ঈশ্বর ? আমাদের প্রত্যেকটা অক্ষমতাকে ঈশ্বর বলে আসলে আমরা কি প্রমান করতে চাইছি ? আর ধরে নিলাম যে আপনার ঈশ্বর সেই ম্যাটার এর সৃষ্টীকর্তা , তাহলে সেই ঈশ্বরের অস্তিত্বের ব্যাখ্যা কি ? এমন একটা সমাধান আমাদের কখোনেই কাম্য নয় যার নিজেরই কোন সমাধান নেই।

আর সৃষ্টী বলতে শুধুমাত্র কনা ভরেই কি থেমে থাকবেন ? এর থেকেও মৌলিক কিছু যদি বিজ্ঞান খুজে পায় তখন ? নাকি ভাবখানাই এমন , বিজ্ঞানের জ্ঞান যেখানে এসে শেষ হয়েছে সেখানেই আপনাদের জ্ঞান শুরু হয়েছে ?

আর ঈশ্বরের সংজ্ঞার ব্যাপারটা আমার কাছে এখনো ঠীক ক্লিয়ার না। যে যেভাবেই আমাকে বোঝাতে চেয়েছে আমার কাছে একটাও সুবিধার মনে হয় নি। আপনাকে অনুরোধ করতে চাইছি আপনি কি

মনে করেন এই নিয়ে একটা লেখা লিখে ফেলুন , এই ছোট ছোট দুয়েকটা লাইনে স্পষ্ট করে কিছু বোঝা যায় না।

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১:৪১ অপরাহ্ণ
@অনন্ত নির্বাণ,
আপনার চিন্তার সাথে আমার কী মিল! আমি একটা লেখায় অগোছালোভাবে বলেছি-

মহাবিশ্বের উৎপত্তিসহ প্রাণীজগত ও উদ্ভিতজগতের উদ্ভব প্রক্রিয়া সম্পর্কে গবেষণা সংশ্লিষ্ট বিষয়ে বিজ্ঞানীদের কাজ, এটি অন্য কারো অহেতুক কলহের বিষয় নয়। বলা বাহুল্য বিজ্ঞানীরা আজ পর্যন্ত 'ঈশ্বর' বা এরকম কোনো অলৌকিক সত্ত্বার অস্তিত্বের কোনো সন্ধান পান নাই। এক সময় আমরা মহাবিশ্বের উৎপত্তি সম্পর্কে কিছুই জানতাম না। বিগ ব্যাং সহ বাদবাকী বিষয় বিজ্ঞানীদের গোচরে এসেছে এই সেদিন। আর মহাবিশ্বের উৎপত্তি সংক্রান্ত গবেষণায় প্রতিনিয়ত এগিয়ে যাচ্ছেন বিজ্ঞানীরা। আমাদের উচিত মহাবিশ্বের উৎপত্তি সংক্রান্ত যেসব বিষয় অজানা রয়ে গেছে তা জানার জন্য বিজ্ঞানীদের ভবিষ্যৎ গবেষণার অপেক্ষায় থাকা। তা না করে কেউ যদি 'ঈশ্বর' কে নিয়ে এসে মহাবিশ্ব, উদ্ভিদ ও প্রাণীজততের উৎপত্তির ব্যাখ্যা দিতে চান তবে অবশ্যই তাকেই 'ঈশ্বর' এর অস্তিত্ব প্রমাণ করতে হবে যা এখনো কেউ করতে পারেন নাই। আসলে ঈশ্বর দিয়ে কোনো ঘটনা ব্যাখ্যা করার কোনো মানেই নেই। যেমন ভূমিকম্পের কারণ হিসেবে কেউ যদি বলেন তা ঈশ্বরের অভিশাপ বা পানিচক্র ঈশ্বরের আদেশে ঘটে তবে এ কথার কোনো গুরুত্ব আছে কি? আর যে কথা বারবার বলতে হয়- সবকিছুর পেছনে যদি কোনো কারণ থাকতে হয় তবে ঈশ্বরের পেছনেও তো কোনো কারণ থাকতে হবে যা এভাবে অনন্তকাল পর্যন্ত চলতে থাকবে।

ভালো লাগল। ধন্যবাদ।

যখন ইন্টার এ পড়ি তখন থেকেই আসলে অজ্ঞেয়বাদ থেকে নাস্তিক্যবাদের দিকে বিবর্তন শুরু হয় আমার।

অজ্ঞেয়বাদি হলেন কিভাবে আর কিভাবে তা থেকে নাস্তিক্যবাদের দিকে গেলেন? আপনার কাছে অজ্ঞেয়বাদ ও নাস্তিক্যবাদের মূল পার্থক্য কোথায় ?

একটু কৌতুহল হওয়ায় প্রশ্নগুলো করলাম। উত্তর না দিলে মোটেও কিছু মনে করব না।

তনুশ্রী রয় এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৬:৩৮ অপরাহ্ণ
@অনন্ত নির্বানঃ

বিজ্ঞানের ছাত্র হয়ত আপনি, আমি না। আমি শুধু বিজ্ঞানের ইতিহাস/সাহিত্যটুকু পড়েছি। তাতে আমার মনে হয় নি, বিজ্ঞান থেমে গেছে বা যাবে, তবে একই ভাবে এটাও মনে হয় নি যে বিজ্ঞানের যা অগ্রগতি তাতে ঈশ্বরের প্রয়োজনীয়তা নাকচ হয়ে গেছে, কিংবা বিজ্ঞান কখনো এ বিষয়টা নিয়ে চিন্তিত।

ধন্যবাদ মুক্তমনাকে, আমি এখন সরাসরি মন্তব্য করতে পারি।

অভিজিৎ এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১০:০৬ অপরাহ্ণ
@তনুশ্রী রয়,

আমি শুধু বিজ্ঞানের ইতিহাস/সাহিত্যটুকু পড়েছি। তাতে আমার মনে হয় নি , বিজ্ঞান থেমে গেছে বা যাবে, তবে একই ভাবে এটাও মনে হয় নি যে বিজ্ঞানের যা অগ্রগতি তাতে ঈশ্বরের প্রয়োজনীয়তা নাকচ হয়ে গেছে, কিংবা বিজ্ঞান কখনো এ বিষয়টা নিয়ে চিন্তিত।

এটা ঠিক বলেছেন মোটামুটি, যদিও আপনার উপসংহারের সাথে কিছুটা দ্বিমত আছে। ঈশ্বরের প্রয়োজনীয়তা নাকচ হয়ে হয়ত যায়নি, কিন্তু ঈশ্বরের অনুমান ছাড়াই এখন পদার্থবিজ্ঞানীরা মহাবিশ্বের উৎপত্তির ব্যাখ্যা দিয়ে পারছেন (প্রান্তিক কিছু প্রশ্ন আছে ঠিকই , কিন্তু সেগুলো বিজ্ঞানের অগ্রগামীতার সাথে সাথে তার উত্তরও বেরিয়ে আসবে)। আর জীববিজ্ঞানের ক্ষেত্রে এটি আরো স্পষ্ট। ডারউইনের বিবর্তন তত্ত্ব উইলিয়াম প্যালির ডিজাইন আর্গুমেন্টকে বাতিলই করে দিয়েছে। কারণ ডারউইনের তত্ত্ব দেখিয়েছে যে, আলাদা আলাদা ভাবে জীব সৃষ্টির প্রয়োজন প রেনি, তারা একই উৎস থেকে ধারাবাহিকভাবে বিবর্তিত হয়েছে। কোন সৃষ্টিকর্তা দিয়ে বিভিন্ন প্রজাতি বিভিন্ন সময় সৃষ্টির দরকার পড়ে নি।

এখন, মহাবিশ্বের উৎপত্তি এবং জীজগতের অস্তিত্বের যদি প্রাকৃতিক ব্যাখ্যা পাওয়া যায় , তবে ঈশ্বরের খুব বেশি ভূমিকা হয়তো বাকি থাকে না। তা রপরেও কেউ বলতেই পারেন ‘ঠুটো জগন্নাথ’ মার্কা এক

ধরনের ঈশ্বর উপরে আছেন কিন্তু তার সৃষ্টিতে হস্তক্ষেপ করে না , কারো পাপ পূন্য নিয়ে ভাবিত নন , জীবজগতে বিবর্তন ঘটতে দিচ্ছেন ইত্যাদি। সে ধরনের ঈশ্বর নাকচ হয়নি এটি সত্য। কিন্তু সে ধরনের কোন ঈশ্বর থাকলে যিনি বিশ্বাস করেন তাকেই সেটি প্রমাণ করতে হবে, অন্যদের নয়। মনে রাখতে হবে - বিজ্ঞান কিন্তু ব্রহ্মদৈত্য কিংবা ফ্লাইং স্পেগেটি মনস্টারের অস্তিত্বও নাকচ করতে পারে না। কিন্তু তার মানে এই নয় যে, আমাদের বিশ্বাস করতে হবে এগুলো আছে। যিনি ওতে বিশ্বাস করেন প্রমাণ করার দায়িত্ব তার উপরেই বর্তায় (বার্ডেন অব প্রুফ)।

রৌরব এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:১০ অপরাহ্ণ
@অনন্ত নির্বাণ,
১ নং ঠিক কেন সেটা কিন্তু বুঝলাম না।
আমার তো মনে হয় বিজ্ঞান বিবরণমূলক , কারণ টারণ বড় ব্যাপার না।

অভিজিৎ এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৭:৩৮ অপরাহ্ণ
@রৌরব,

আর তাছাড়া ১ নং পয়েন্টটি যে স্বতঃসিদ্ধ তা মনে করার কোন কারন নেই। বিশেষতঃ কোয়ান্টাম পদার্থবিদ্যার জগতে কারণবিহীন ঘটনার বহু প্রমাণ বিজ্ঞানীরা পেয়েছেন। কোয়ান্টাম দোদুল্যমনতা (Quantum Fluctuation), আণবিক পরিবৃত্তি (Atomic Transition), আণবিক নিউক্লিয়াসের তেজষ্ক্রিয় অবক্ষয়ের (Radio active decay of nuclei) মতো কোয়ান্টাম ঘটনাসমূহ ‘কারণবিহীন ঘটনা’ হিসেবে ইতিমধ্যেই বৈজ্ঞানিক সমাজে স্বীকৃত।

আসলে তনুশ্রী রয় যে যুক্তিমালা সাজিয়েছেন সেটার দার্শনিক নাম - কালাম কসমোলজিকাল আর্গুমেন্ট। এর অনেক রিবিউটাল আছে নেটে।
আমাদের বিবর্তন আর্কাইভেও দেখা যেতে পারে এই লিঙ্কটি -

সব কিছুর পেছনেই কারণ আছে, মহাবিশ্বের উৎপত্তির একটি আদি কারণ রয়েছে, সেই কারণটিই ঈশ্বর

রৌরব এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৭:৪৭ পূর্বাহ্ণ
@অভিজিৎ,
কৌতুহল বশত কোয়ান্টাম ফ্লাকচুয়েশনের ওপর উইকিপিডিয়ায় কিছু পড়াশোনা করলাম (অর্থাৎ বুঝতেই পারছেন আমার জ্ঞানের বহর)।
প্রথমে সাধারণ ভাবে কোয়ান্টাম তত্ত্বের ব্যবহারের ওপর একেবারেই একটা ব্যক্তিগত মত দিই। এই তত্ত্বটি অত্যন্ত জটিল হওয়ায় পারতপক্ষে এটার ব্যবহার না করাই উচিত বলে মনে করি। কারণ না হলে কোয়ান্টাম তত্ত্বের ভারি মুগুর দিয়ে প্রতিপক্ষকে বধ করা হচ্ছে এমন একটা ধারণার সৃষ্টি হতে পারে। অনেকটা "আপনি কি খাঁটি আরবিতে কোরান পড়েছেন" বলবার মত।

এখন আমার উইকিপিডিয়া আহৃত মহাজ্ঞানের বোঝাটি নামাই :-P। মনে হল, কোয়ান্টাম ফ্লাকচুয়েশনে যে "অকারণ" শক্তি আসে যায় সেটার আসলে একটা ব্যাখ্যা আছে, সেটা মেট্রিক্স অ্যালজেবরার একটা সাধারণ বৈশিষ্টের সাথে জড়িত (non-commutability)। এখন এই "ব্যাখ্যা" কে কি কারণ বলা যায়? আমি আবার আগে যা বলেছিলাম সেখানে ফিরে যাব, বলব সেটা অপ্রাসঙ্গিক। বিজ্ঞান বিবরণমূলক। "কারণ" নিয়ে মাতামাতি করে লাভ নেই।

অনন্ত নির্বাণ এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১১:২৫ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

দাদা,

কোয়ান্টাম দোদুল্যমনতা (Quantum Fluctuation), আণবিক পরিবৃত্তি (Atomic Transition), আণবিক নিউক্লিয়াসের তেজস্ক্রিয় অবক্ষয়ের (Radio active decay of nuclei) মতো কোয়ান্টাম ঘটনাসমূহ 'কারণবিহীন ঘটনা' হিসেবে ইতিমধ্যেই বৈজ্ঞানিক সমাজে স্বীকৃত

এই স্বীকৃতি কি সীমাবদ্ধতার স্বীকৃতি না ? আজ অবধি বিজ্ঞানীরা জানেন না এইসবের “কারন”, কিন্তু তাই বলে কি কখনোই জানবে না ? এইগুলোকে আমি কারনহিন ফেনোমেনা না বলে বলতে চাই কারন না জানা ফেনমেনা।
কোয়ান্টাম ফিজিক্স আর ক্লাসিকাল ফিজিক্স এখনো দুই মেরুতে , ইউনিফিকেশন এর আগে এগুলোকে কারন-হীন বলাটা বোধয় ঠিক না।
@ রৌরব

আমরা বোধয় অবশেষে ভাষার প্যাচে আটকে যাচ্ছি.

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ২:০৫ অপরাহ্ণ
@অনন্ত নির্বাণ,

আজ অবধি বিজ্ঞানীরা জানেন না এইসবের “কারন”, কিন্তু তাই বলে কি কখনোই জানবে না ?

আমরা আমাদের পরিবেশে যা সচরাচর দেখি সেটাকেই স্বাভাবিক বলে মনে করি। আমরা কারণ বিহীন কোনো ঘটনার সাথে পরিচিত নই। তাই মনে করি - সব কিছুর পেছনে কোনো কোনো কারণ থাকতেই হবে। এবার প্রশ্ন- আমার মনে হয় বলেই কি সব ঘটনার পেছনে কারণ থাকতে হবে? আমার মনে হওয়ার সাথে সব ঘটনার পেছনে কারণ থাকার কোনো সম্পর্ক কি আছে? আর হ্যা, কোনো কিছু বিজ্ঞানীরা কোনোকালেই জানবেন না এমন মনে করার কোনো কারণ নেই। বিজ্ঞানীরা কেন কিছু ঘটনার পেছনে কারণ নেই বলছেন তা তাদের কাছ থেকেই জেনে নিতে হবে।
আরেকটি কথা। আমরা যুক্তি প্রয়োগের সময় “সব কিছুর” সাথে ‘মহাবিশ্বের’ কারণকে গুলিয়ে ফেলি। মহাবিশ্ব হল সব কিছুর সমষ্টি। আর কোনো কিছু হল মহাবিশ্বের অন্তর্গত কোনো বস্তু বা ঘটনা। তাই সব কিছুর পেছনে কোনো কারণ আছে বলেই মহাবিশ্বের পেছনে কারণ থাকতে হবে এধরণের ধারণা ভুল এবং তা পূর্ব-সংস্কার আশ্রিত ধারণা।
এগুলো আমার একান্ত ব্যক্তিগত অভিমত। কোনো দ্বিমত থাকলে জানাবেন।

রৌরব এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ৬:৫০ অপরাহ্ণ
@সৈকত চৌধুরী,
একমত।
@অনন্ত নির্বাণ, আপনি ভাষার প্যাঁচের কথাটা যে বলেছেন, ঠিক বলেছেন। আমার মন্তব্যের লক্ষ্যও কিন্তু তাই ছিল, নানান ধরণের সামাজিক-মানবিক অর্থ বিজড়িত "কারণ" শব্দটাকে পরিহার করা।

> বিবরনমূলক অবশ্যই কিন্তু কিসের বিবরন ? যা আমরা দেখতে পাচ্ছি তার বিবরন অবশ্যই না, যা দেখতে পারছি না সেটার বিবরন, যা বুঝতে পারছি না সেটার বিবরন। আর যা দেখতে পারছি না , যেটা অজানা সেটাই কি "কারন" না ? নাকি আপনি অন্য কোন নামে ডাকতে চাইছেন ?

দ্বিমত। colloquial অর্থে ঠিক আছে, কিন্তু সুস্পষ্ট সংজ্ঞার্থে নয়। প্রথমত যা দেখতে পাইনা (অর্থাৎ observable নয়) সেটা আমাদের জানার বা জানতে চাওয়ার স্রেফ কোন উপায় নেই। কোন না কোন ভাবে একটা phenomenon কে observable হতে হবে। আমরা সাধারণ অর্থে যাকে কারণ বলি সেটা অনেকটা এরকম – আমরা নতুন একটি phenomenon দেখছি, এর "কারণ কি"? পড়ুন – আমরা নতুন একটি phenomenon দেখছি, আমরা কিভাবে মহাবিশ্বের বিবরণকে update করতে পারি যাতে বিবরণটা এই phenomenon এর সাথে সংগতিপূর্ণ হয় (এবং যতদূর সম্ভব ভবিষ্যৎবাণী করা সম্ভব হয়)?

অভিজিৎ এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১:০৭ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

এই লাইনগুলো চমৎকার লাগলো -

আরেকটি কথা। আমরা যুক্তি প্রয়োগের সময় "সব কিছুর" সাথে 'মহাবিশ্বের' কারণকে গুলিয়ে ফেলি। মহাবিশ্ব হল সব কিছুর সমষ্টি। আর কোনো কিছু হল মহাবিশ্বের অন্তর্গত কোনো বস্তু বা ঘটনা। তাই সব কিছুর পেছনে কোনো কারণ আছে বলেই মহাবিশ্বের পেছনে কারণ থাকতে হবে এধরণের ধারণা ভুল এবং তা পূর্ব-সংস্কার আশ্রিত ধারণা।
আচ্ছা ভুলেই গিয়েছিলাম, আদি কারণের অসঙ্গতি দেখিয়ে নিয়ে তোমারও তো একটা চমৎকার লেখা ছিলো মুক্তমনায়- স্রষ্টা এবং ধর্ম প্রসঙ্গ যখন অসঙ্গতির

একটা পূর্ণাংগ লেখা লিখতে পারো এ নিয়ে।

*অনন্ত নির্বাণ*এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ৪:২৪ পূর্বাহ্ন
@সৈকত চৌধুরী,

@সৈকত চৌধুরী,

বিজ্ঞানীরা কেন কিছু ঘটনার পেছনে কারণ নেই বলছেন তা তাদের কাছ থেকেই জেনে নিতে হবে।

কোয়ান্টাম মেকানিক্সের সাথে জড়িত কোন বিজ্ঞানি আজ অবধি বলতে পারে নি যে সে কোয়ান্টাম মেকানিক্স ঠিক বোঝে, বরং যদি কেউ বলে যে সে কোয়ান্টাম মেকানিক্স বোঝে তবে তাকে নিয়ে সন্দেহ করা হয়। তাই তারাই যা বলবে সেটাই শেষ কথা না।না জানা যে কোন কিছুর কারন নেই বলা আসলেই অতি-সরলীকরন কিন্তু লঘু অর্থে এতে আমি সমস্যা দেখি না। দুনিয়ার এমন কোণ বিজ্ঞানী বলতে পারবে না নিশ্চিত করে যে তার কোন থীয়োরী কোন একদিন কোন একটা ফ্রেম এর জন্য ভুল প্রমানিত হবে না, আর তাই কারনহীন ঘটনা একেবারে এক্সট্রিম অর্থে আমি মানতে পারছি না। এটা অনেকটা ধার্মিকদের স্টাইল হয়ে যাচ্ছে, খেয়াল করে দেখুন । বিজ্ঞানে কোন আল্টীমেট ঘোষনা নেই। তাই একেবারে কারনহীন বলাটা এখনো বোধগম্য নয় আমার জন্যে।

আর কারন কে আমি এখানে কিন্তু থাকতেই হবে বলি নি একবারো , বলেছি কোন একটা আলোচনা কিংবা একটা যুক্তি শুরু করার আগে এটা আমরা মেনে নিতে পারি , এর বেশি কিছু না।

আরেকটি কথা। আমরা যুক্তি প্রয়োগের সময় “সব কিছুর” সাথে ‘মহাবিশ্বের’ কারণকে গুলিয়ে ফেলি। মহাবিশ্ব হল সব কিছুর সমষ্টি। আর কোনো কিছু হল মহাবিশ্বের অন্তর্গত কোনো বস্তু বা ঘটনা। তাই সব কিছুর পেছনে কোনো কারণ আছে বলেই মহাবিশ্বের পেছনে কারণ থাকতে হবে এধরণের ধারণা ভুল

আমার ধারনা এই ধরনের কথা বলাও একই যুক্তিতে ভুল !! মহাবিশ্বের পেছনে কোন কারন থাকবে না এইটা কেউ বাজি ধরে বলতে পারে না, যেমনটা পারে না এইটা বলতে যে মহাবিশ্বের পেছনে কারন আছেই। আমি জানি ওটা পূর্ব-সংস্কার আশ্রিত একটা ধারনার আওতায় পড়ে তাই বলেই কি সেইটা মিথ্যা হয়ে গেল ? এটা ভাবাওতো একটা নতূন সংস্কারের মত শোনায়।

রৌরব এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ৫:০২ পূর্বাহ্ণ
@অনন্ত নির্বাণ,
কিন্তু সৈকত চৌধুরী কারণ থাকতেই পারেনা এমন দাবি করছেন বলে তো মনে হয়না। বলছেন কারণ থাকতেই হবে এমন কোন কথা নেই। অর্থাৎ তনুশ্রী রায় এর ১নং গ্রহণযোগ্য নয়।

অনন্ত নির্বাণ এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ৫:১২ পূর্বাহ্ণ
@রৌরব,

কারন থাকতেই পারে না এমন দাবি করেন নি , কিন্তু কারন থাকতে পারে এইটা চিন্তা করাতে সমস্যা কোথায় ? আর এই চিন্তাকে ভুল বলারতো অধিকার থাকতে পারে না কারো। তাই না ? আপনি যে কোন সম্ভবনা চিন্তা করতে পারেন এবং সেটা বিশ্লেষন করতে পারেন , আগেই সেটা ভুল না ঠিক এটা ভাবা কতটা জরুরী ?
আর তনুশ্রী রয়ের যুক্তির ক্রমের অসংগতি টা দেখাতে হলেতো আপনাকে প্রথম টাকে মেনে নিয়েই এগুতে হবে এর ভেতরের সমস্যাটা বের করার জন্য। অন্য ভাবেও এটাকে সামলানো যায় কিন্তু সেইটা হবে অন্যরকম, যেটা অনেকেই মানতে চাইবে না , যেমনটা কোয়ান্টাম মেকানিক্স নিয়ে এলে হবে।
প্রথম যুক্তিটাকেই আমি ফেলে দিতে চাইনি , কারন এটা করলে হয়তো এখানে আমি ভেতরের সমস্যাটা বের করতে পারবো না। কারন তখন অন্য পেচাল আরম্ভ করতে হবে , QM এর উদ্ভট কাহিনী যার কোন কারন নেই।

রৌরব এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ৫:২৭ পূর্বাহ্ণ

@অনন্ত নির্বাণ,
হমম। কিন্তু ১নং এর দাবীটাই তো ছিল কারণ **থাকতেই হবে।** কাজেই সেটার ব্যাপারে আপত্তি থাকলে সেটা নিয়ে আলোচলা চলতেই পারে।
আপনি বলতে চাইছেন (যা বুঝতে পারছি, ভুল হলে ক্ষমাপ্রার্থী) যে ১নং মেনে নিলেও রয়-এর যুক্তিক্রমে সমস্যা আছে। ঠিক আছে, আমি অন্তত তাতে দ্বিমত পোষণ করছিনা।

কিন্তু আপনার যুক্তিক্রমের পাশাপাশি ১নং নিয়ে আলোচলাটা আমি গুরুত্বপূর্ণ মনে করেছি। এর কারণ(:-D): ওটার মধ্যে আমি লক্ষ্য করছিলাম সাধারণ ভাষার কিছু concept কে বিজ্ঞানের ওপর প্রক্ষিপ্ত করবার একটা প্রবণতা। সত্যি বলতে কি, আমার মতে এখানে QM কে টানার প্রয়োজনীয়তাই নেই। ধরেন QM নাই, ধরেন ক্লাসিকাল মেকানিক্স-এই সবকিছুর ব্যাখ্যা পাওয়া যাচ্ছে। তাতে কেন আমি ভাবব যে "সবকিছুর" কারণ আছে? ক্লাসিকাল মেকানিক্স-এর মূল সূত্রগুলির "কারণ" কি, এ প্রশ্নের তখন জবাব কোথায়? আমার মতে জবাব, বিজ্ঞানের উদ্দেশ্য কে পরিষ্কার করা।

*অনন্ত নির্বাণ*এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ৫:৫৪ পূর্বাহ্ণ
@রৌরব,

১নং টা এত গুরুত্বের সাথে ছিল না যদিও । বলা হয়েছে যে সবকিছুর কারন আছে , কিন্তু এটা স্পষ্ট করা হয় নি , "যেইসব" বিষয়ের কারন জানা(আপনি বলতে পারেন বিবরন জানা) সেইসব'ই কি "সবকিছু" কিনা ? তাই আমি দ্বিমত পোষন করি নি। আমি চেয়েছি সক্রেটীক স্টাইল অনুসরন করার জন্য।

হুম... সেই চেষ্টা ছিল বলেই আমি ওটা সরাসরি নিয়ে আপত্তি করি নি। বরং প্রক্ষেপনের বৈসাদৃশ্যটা দেখাতে চেয়েছি। আর তাছাড়া qm এর মত ক্লাসিকাল মেকানিক্স এত র‍্যডিকাল না তাই এইটা খুব সহজে ক্লাসিকাল মেকানিক্স দিয়ে বোঝানো কঠীন।আসলে আমি এখানে বলতে পারি আমরা কেন ভাববো যে একটা কারন আছে সেটা হয়তো সম্পুর্ণ ভাষাগত । কিছু দেখলেই আমরা প্রশ্ন করি , কেন এমন ? কিভাবে এমন ? এই সহজাত জানার ইচ্ছাই দায়ী বলতে পারেন। আমরা সবকিছু সম্বন্ধে ক্লিয়ার থাকতে চাই তাই হয়তো। সবকিছুর কারন থাকতে হবে এইটা আমার কাছেও খুব বেশি গ্রহনযোগ্য না কিন্তু কারন হয়তো নেই এইটা ভাবলে আমার মনে হয় আমাদের গতি কমে যাবে। এইটা একটা পজিটিভ ফিডব্যাক এর মত কাজ করে বিজ্ঞানের জন্য।

*অভিজিৎ*এর জবাব:

জুলাই ২১, ২০১০ at ৯:৫১ অপরাহ্ণ

@অনন্ত নির্বাণ,

এই স্বীকৃতি কি সীমাবদ্ধতার স্বীকৃতি না ? আজ অবধি বিজ্ঞানীরা জানেন না এইসবের “কারন”, কিন্তু তাই বলে কি কখনোই জানবে না ? এইগুলোকে আমি কারনহিন ফেনোমেনা না বলে বলতে চাই কারন না জানা ফেনমেনা।

না পদার্থবিজ্ঞানীরা তা ভাবেন না। কোন কিছুর কারণ বলতে যা বোঝানো হয় তা হল - সারটেইন পেয়ার অব ইভেন্টস এর মধ্যে ধরা যাক বলছি B ঘটার কারণ A. পদার্থবিজ্ঞানের ভাষায় - ইভেন্ট B ঘটার আগে ইভেন্ট A অবশ্যই ঘটতে হবে, এর মানে হচ্ছে এদের মধ্যে প্রায় ১০০% ভাগ কোরিলেশন থাকবে। কিন্তু আমি যে কোয়ান্টাম ফেনোমেনাগুলোর কথা বলছি তাদের সেরকম কোন কোরিলেশন থাকে না। যেমন রেডিও এক্টিভ ডিকের কথা বলা যায় - এটি একটি স্পন্টেনিয়াস ইভেন্ট এবং র‍্যান্ডম। মুক্তমনা ফোরামে আগে আলোচনা হয়েছিল , দেখুন এখানে, এখানে, কিংবা এখানে।
কোয়ান্টাম দোদুল্যমনতা, আণবিক পরিবৃত্তি, আণবিক নিউক্লিয়াসের তেজষ্ক্রিয় অবক্ষয়ের মতো কোয়ান্টাম ঘটনাসমূহ ‘কারণবিহীন ঘটনা’ হিসেবে স্বীকৃত এই কারণে নয় যে এর কারণ আমরা জানিনা, বরং এগুলোকে চিরন্তন কার্যকারনের ছকে তাদের ফেলা যায় না। আমাদের সকল সিদ্ধান্ত আসলে মানব অভিজ্ঞতা কেন্দ্রিক। কিন্তু কোয়ান্টাম ফেনোমেনাগুলো স্বাভাবিক নয়, বরং চরম অবস্থার প্রতিফলন। চরম অবস্থাকে কেবল মানবিক অভিজ্ঞতা থেকে আসা যুক্তির আলোকে ব্যাখ্যা দিলে হবে না (ঠিক একই ভাবে, চারপাশে ঘটা মানব অভিজ্ঞতার সাহায্যে যুক্তি দিলে আপনি আইন্সটাইনের রিলেটিভিটির টাইম ডায়ালেশন, লেন্থ কন্ট্রানশন ব্যাখ্যা করতে পারবেন না, কারণ এগুলো চরম অবস্থার প্রতিফলন, চারপাশে ঘটে না)। বহু বিজ্ঞানীই মনে করেন মহাবিশ্বের উৎপত্তি হয়েছিলো খুব চরম অবস্থায় ‘কারণ বিহীন’ কোয়ান্টাম ফ্লাকচুয়েশনের মধ্যে দিয়ে। আপনি এ প্রসংগে ভিক্টর স্টেঙ্গরের বইয়ের The Uncreated Universeঅধ্যায়টি দেখতে পারেন।

*অনন্ত নির্বাণ*এর জবাব:

জুলাই ২২, ২০১০ at ৪:৫৯ পূর্বাহ্ণ

@অভিজিৎ,

কোন কিছুর কারণ বলতে যা বোঝানো হয় তা হল - সারটেইন পেয়ার অব ইভেন্টস এর মধ্যে ধরা যাক বলছি B ঘটার কারণ A. পদার্থবিজ্ঞানের ভাষায় - ইভেন্ট B ঘটার আগে ইভেন্ট A অবশ্যই ঘটতে হবে, এর মানে হচ্ছে এদের মধ্যে প্রায় ১০০% ভাগ কোরিলেশন থাকবে।

এটা কি কারনের সার্বজনীন সংজ্ঞা ? মেকানিকালি ঠিক আছে , কিন্তু সাধারন অর্থে এর বাইরেও কারন এর চেহারা অন্যরকম ভাবে দেখানো যায়। যেমন ধরুন বলা হলো , তেজষ্ক্রয় ভাঙ্গন এর কারন কোন বল ?, এখানে কারন হিসেবে ইলেক্ট্রোউইক ফোর্সকে দেখানো যায়। এখানে দুইটা ইভেন্টের দরকার পড়ছে না , যদিও এইটা খুব সাধারন অর্থে, আর আমি শুরু থেকেই সাধারন অর্থেই কথাটা বলে আসছি।

চরম অবস্থা আর ক্লাসিকাল অবস্থা এই দুইটাই কিন্তু বাস্তব । কিন্তু এই দুই ক্ষেত্রে ফ্রেম টা আলাদা তাই বলে এই দুইটা জিনিসের টান্সফর্মেশন অসম্ভব বলে মনে করি না আমি। একদিন হয়তো আমরা কোয়ান্টাম ফিজিক্সকে ক্লাসিকাল ফিজিক্সে অনুবাদ করতে পারবো। আর কারন বিহীন কোয়ান্টাম ফ্লাকচুয়েশন গুলোও কিন্তু থার্মোডায়নামিক্স এর সুত্রগুলো মেনে চলে , এর কারনই বা কি ??

অভিজিৎ এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ৭:৪৩ অপরাহ্ণ
@অনন্ত নির্বাণ,

আসলে তেজষ্ক্রয় ভাঙ্গন এর কারণ হিসেবে আপনি যা বলেছেন সেটা হচ্ছে তেজস্ত্রিয় ভাঙ্গনের ব্যাখ্যা। আমি ‘কারণ’ হিসেবে যেটা বলছি সেটা হচ্ছে ‘নির্ভরশীলতা’ অর্থে, পদার্থবিজ্ঞানীরা যেভাবে ব্যবহার করেন। যেমন বিজ্ঞানীরা প্রমাণ পেয়েছেন কোয়ান্টাম ফ্লাকচুয়েশনের ফলে শূন্যস্থানে প্রতি নিয়ত ভার্চুয়াল পার্টিকেল তৈরি হচ্ছে, এবং এই ঘটনার ব্যাখ্যা দেয়া যায় হাইজেনবার্গের অনিশ্চয়তা তত্ত্ব ব্যবহার করে, কিংবা ফার্মির গোল্ডেন রুল অনুযায়ী। কিন্তু সেই ব্যাখ্যা ঘটনাটির ‘কারণ’ নয়। আসলে আমরা ভুলে যাই যে, কোয়ান্টাম মেকানিক্সের সূত্রগুলো সম্ভাবনাভিত্তিক , আমরা এর সাহায্যে ঘটনার একটা ‘সম্ভাবনা ভিত্তিক’ ব্যাখ্যা দিতে পারি কিন্তু কখনোই বলতে পারবো না যে, ঠিক কখন কিংবা কোন মুহূর্তে একটি নির্দিষ্ট নিউক্লিয়াসের ডিকে হবে। কোন নির্দিষ্ট অনুর ডিকে হবে - সেটা কি রাম, রহিম নাকি কামালের - আমরা কখনোই হলফ করে বলতে পারবো না। রামের ডিকে শুরু হলে ব্যাটা চেঁচিয়ে বতে পারে - আমি কেন রহিম ব্যাটা কি দোষ করল? আর কামালই বা নয় কেন, ইত্যাদি।

আসলে কোয়ান্টাম লেভেল কার্যকারণ সেভাবে কাজ করে না। আর আদি কারণ খোঁজার তো কোন মানেই হয় না। আমি রিচার্ড মরিসের বই থেকে উদ্ধৃতি দেই -

the idea of a First Cause sounds somewhat fishy in light of the modern theory of quantum mechanics. According to the most commonly accepted interpretation of quantum mechanics, individual subatomic particles can behave in unpredictable ways and there are numerous random, **uncaused events.** (*Morris, Morris, Richard. 1997. Achilles in the Quantum World. New York: Henry Holt & Co., 1997, 19*)
এখন ভবিষ্যতে 'কোয়ান্টাম ঘটনার' কোন কারণ পাওয়া যাবে কি যাবেনা সেই বতর্কে আপাততঃ যাচ্ছি না। ভবিষ্যতের দোহাই পেড়ে যে কোন কিছুকেই বৈধতা দেয়া যেতে পারে , এমনকি ঈশ্বরও

সত্যি বলতে কি, প্রতিটি ঘটনার পেছনেই কারণ থাকবে - এই অনুমান আমাদের প্রাত্যহিক অভিজ্ঞতা সঞ্জাত পূর্বানুমান ভিত্তিক। কিন্তু অভিজ্ঞতার ভিত্তিতে নেয়া সিদ্ধান্ত সব সময় সঠিকই হবে এরকম কোন নিয়ম নেই। প্রাত্যহিক অভিজ্ঞতার ভিত্তিতেই একসময় মানুষ সিদ্ধান্ত নিয়েছিল যে পৃথিবীটা সমতল, কিংবা সূর্য পৃথিবীর চারিদিকে ঘুরছে, ইত্যাদি। কিন্তু আজ আমরা জানি যে ব্যাপারগুলো ঠিক উলটো। আমি আগেই বলেছি - প্রতিটি ঘটনার পেছনেই কারণ থাকবে -এই ব্যাপারটি পদার্থবিজ্ঞানের কোন সূত্র দিয়ে সমর্থিত স্বতঃসিদ্ধ নয় , স্রেফ প্রাত্যহিক অভিজ্ঞতা সঞ্জাত ধারণা। কোয়ান্টাম জগতে আমরা এই ধারণার বহু বিচ্চুতি দেখি। আর কোয়ান্টাম ফেনোমেনাকে গোনায় ধরতেই হচ্ছে, কারণ - বহু পদার্থবিদেরাই মনে করেন বড় সড় এক কোয়ান্টাম ফ্লাকচুয়েশনের মধ্য দিয়ে কারণবিহীন অবস্থায় আমাদের এই মহাবিশ্বের জন্ম হয়েছে, কিভাবে তার হাল্কা ব্যাখ্যা আমি দিয়েছিলামএখানে। যারা বিস্তারিতভাবে জানতে আগ্রহী তারা পড়তে পারেন এম আইটির অধ্যাপক এলেন গুথের ইনফ্লেশনারি ইউনিভার্সবইটি।
আলোচনা এখানে শেষ করছি। এটিই এই বিষয়ে আমার শেষ মন্তব্য।

*অনন্ত নির্বাণ*এর জবাব:
জুলাই ২১, ২০১০ at ১১:০৯ পূর্বাহ্ণ
@রৌরব,

১নং ঠিক একটা এক্সিওম অর্থে , এটা ছাড়া হয়তো আমরা যে আলোচনা করছি সেটা আরম্ভ করাই সম্ভব না। আমার ধারনা আপনি গনিতের সাথে জড়িত আছেন তাই এটা খুব সহজ একটা ধারনাই

মনে হওয়ার কথা। কারন আছে ধরে নিয়েই আমরা কারন বের করতে পারি।এবং কারনটা বিশ্লেষন করতে পারি।

আমার তো মনে হয় বিজ্ঞান বিবরণমূলক , কারণ টারণ বড় ব্যাপার না।

বিবরনমূলক অবশ্যই কিন্ত কিসের বিবরন ? যা আমরা দেখতে পাচ্ছি তার বিবরন অবশ্যই না, যা দেখতে পারছি না সেটার বিবরন, যা বুঝতে পারছি না সেটার বিবরন। আর যা দেখতে পারছি না , যেটা অজানা সেটাই কি "কারন" না ? নাকি আপনি অন্য কোন নামে ডাকতে চাইছেন ?

এটা অবশ্যই ঠিক বিজ্ঞানের সব কারনের ব্যাখাই একটা বিবরন। যেমনটা দুনিয়ার সব বাক্যই বিবরনমূলক, কঠিন গ্রামাটিকাল অর্থে না।সাধারন অর্থে। কারন ছাড়া বিবরনের অস্তিত্ব কল্পনা করা কঠিন আর বিজ্ঞানের ক্ষেত্রে এট আরো বেশি প্রযোজ্য, কারন, 'কারন" খোজাই বিজ্ঞানের সবচেয়ে বড় জ্বলানি।

6. 6

সৈকত চৌধুরী

জুলাই ২১, ২০১০ সময়: ১:০৩ অপরাহ্ণ লিঙ্ক

আমাকে কেউ কেউ মাঝে মাঝে প্রশ্ন করে, আমি নাস্তিক কেন ?

প্রশ্নটি আস্তিকদের প্রতিই হওয়া উচিত ছিল যে তারা আস্তিক কেন? যদি সঠিক উত্তর দিতে না পারে তবে আর তাদের আস্তিক থাকা কেন? আর 'নয় আস্তিক' = নাস্তিক।

7. 7

বিপ্লব পাল

জুলাই ২২, ২০১০ সময়: ১২:৩১ পূর্বাহ্ণ লিঙ্ক

মুক্তমনাতে একটি ঈশ্বর, ধর্ম, ইসলাম, মহম্মদহীন সপ্তাহ পালন করা হৌক!
আমি হতাশ হচ্ছি এখানে সাহিত্য, রাজনীতি,অর্থনীতি নিয়ে কোন ব্লগ আসছে না-বিজ্ঞান নিয়ে কিছু ভাল ব্লগ আসছে। তাই ওই এক সপ্তাহে লোকজনকে সাহিত্য বা রাজনীতি বা নিজের অভিজ্ঞতা নিয়ে লিখতে বলা হোক। ঈশ্বরকে নিয়ে বিতর্ক আর কুকুরের লেজ সোজা করা একই ব্যাপার -অনর্থক সময় নষ্ট।



*ফরিদ আহমেদ*এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১২:৫৩ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,

এগুলো নিয়ে কথা বলে বলে ক্লান্তশ্রান্ত হয়ে হাল ছেড়ে দিয়েছি আমি।

মুক্তমনায় কিছু লোকজনই আছে যারা ধর্ম বিশেষ করে ইসলাম ধর্ম , মুহাম্মদ আর মুসলমানদের নিয়ে রসালো আলোচনা করে ব্যাপক মজা পায়। ভাবটা এমন যেন অন্যসব ধর্ম ধোয়া তুলসীপাতা আর অন্যধর্মালম্বী লোকজন সব গৌতম বুদ্ধের মত নিরীহ। এতেও আমার তেমন কোন আপত্তি ছিল না , কিন্তু সমস্যা হচ্ছে এই এককেন্দ্রিক আলোচনার আড়ালে জ্ঞানের আর সব দিক হারিয়ে যাচ্ছে দ্রুত। মুক্তমনা একটা মনোটোনাস এবং ম্যাড়মেড়ে ব্লগে পরিণত হয়ে যাচ্ছে যা খুবই বিপদজনক। আমাদের মনে রাখা প্রয়োজন যে, এখানে শুধু ইসলামকে বাঁশ দেওয়ার লোকজনই আসে না , ভিন্ন ধরনের আগ্রহ নিয়েও মানুষেরা মুক্তমনায় পা রাখে। সেইসব লোকজনের জন্য এই পরিস্থিতি মোটেও সুখকর এবং আশাব্যাঞ্জক নয়।

এনিওয়ে, যার যার স্বাধীনতার বিষয় এটা, কাউকে বাধ্য করার অধিকারতো আমাদের নেই। আমরা শুধু আমাদের মতামতটাই জানাতে পারি। এর চেয়ে বেশি কিছু করার কোন ক্ষমতাও নেই আমাদের।

*অভিজিৎ*এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১:০৯ পূর্বাহ্ণ
@ফরিদ আহমেদ,

এর চেয়ে বেশি কিছু করার কোন ক্ষমতাও নেই আমাদের।

আরে আছে। আমগো জ্ঞানের পরিসর বাড়ানোর জন্য লেখা দেন জলদি। আপনেরা না লিখা বইসা থাকলে হইবো নাকি?

শাফায়েত এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১:১৫ পূর্বাহ্ণ
ফরিদ দা আর বিপ্লব দার কথার সাথে সম্মতি প্রকাশ করছি। তবে আর কিছু বলতে ভয় লাগছে ,আবার কে আমার কমেন্টে মডু পরিচয় খুজে পাবে কে জানে।

পথিক এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১:৫৫ পূর্বাহ্ণ
@শাফায়েত,
আমার সম্মতিটাও দিয়া গেলাম। ধর্ম নিয়া এই ক্যাচালে মাথা আউট হওয়ার যোগাড়! দুনিয়ায় কত সুন্দর সুন্দর বিষয় থাকতে আমরাও ফ্যানাটিক (বিশেষ) ধর্মবিরোধী হয়ে যাচ্ছি কিনা ভেবে দেখা দরকার।
সাহিত্য-দর্শন-বিজ্ঞানের বিষয় গুলো নিয়া ভাল লেখা চাই সবার কাছ থেকেই। এটা আমার একদম ব্যক্তিগত মতামত।

8. 8

বিপ্লব পাল

জুলাই ২২, ২০১০ সময়: ১:১৮ পূর্বাহ্ণ লিঙ্ক

আমি সমাধান বাতলেছি-মুক্তমনাতে একটি নিধার্মিক মাসের আয়োজন হোক-যেখানে ধর্ম নিয়ে কোন পোষ্ট করা চলবে না। শুধু বিজ্ঞান সাহিত্য অর্থনীতি অভিজ্ঞতা রাজনীতি নিয়ে আলোচনা হবে। মুক্তমনা ব্লগ এই ভাবে শুধু ধর্মের ক্যাঁচালে ফেঁসে গেলে সবার ক্ষতি হবে। একমাস আমরা " নিধার্মিক মাস" হিসাবে পালন করি।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ১:৩২ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,

একমত, আমি নিজেই ধর্ম নিয়ে বেশী লাফালাফি করি। তবে আজকাল আমিও ক্লান্তি বোধ করছি।

ভবঘুরে এর জবাব:
জুলাই ২২, ২০১০ at ২:০৫ পূর্বাহ্ণ
@বিপ্লব পাল,

প্রস্তাবটা খারাপ না, তবে কেউ তো বিজ্ঞান সাহিত্য রাজনীতি দর্শন নিয়ে লিখতে নিষেধ করেনি। লিখে ফেলুন না আপনারা কেউ। তা হলেই তো হয়।তখন যার যা রুচি সেটা পড়বে আর মন্তব্য করবে।

9. 9

ব্রাইট স্মাইল্
জুলাই ২২, ২০১০ সময়: ৩:২৯ পূর্বাহ্ণ লিঙ্ক

আমার মনে হয় মুক্তমনায় ধর্মের সাথে সাথে বিজ্ঞান সাহিত্য রাজনীতি দর্শন নিয়েও অনেক লেখা আসে। কিন্তু ধর্মটা মানুষের প্রাত্যাহিক জীবনের সাথে ওতপ্রোতভাবে জড়িত বলে এসব লেখায় মন্তব্য হয় প্রচুর।

অন্যান্য বিষয়গুলো দৈনন্দিন জীবনের সাথে অতটা জড়িত নয় বলে লোক এগুলো পড়ে মুলত জ্ঞান আহরনের জন্য, তাই বিষয়গুলো নিয়ে প্রচুর মন্তব্য চোখে পড়েনা। অনেকেই এগুলো পড়েন জানার কৌতুহলে, হয়ত মন্তব্য করার কিছু খুঁজে পান না অথবা মন্তব্য করা থেকে বিরত থাকেন।

তবে রাজনীতি বিষয়টা এর থেকে আলাদা বলে মনে হয়। যে বিষয়গুলো মানুষকে প্রভাবিত করে বেশী সেগুলো নিয়েই স্বভাবতঃ মন্তব্য চলতে থাকে। এতে আর আশ্চর্য্য কি।

http://mukto-mona.com/bangla_blog/?p=9029

ঈশ্বরবাদ খণ্ডন - ড্যান বার্কার

তারিখ: ১২ শ্রাবণ ১৪১৭ (জুলাই ২৭, ২০১০)
লিখেছেন: সৈকত চৌধুরী

ঈশ্বরবাদ খণ্ডন
মূল : ড্যান বার্কার

অনুবাদ : সৈকত চৌধুরী

Dan Barker আমেরিকার মুক্তচিন্তা এবং সেক্যুলার আন্দোলনের অত্যন্ত পরিচিত মুখ। তিনি Freedom From Religion Foundation -এর Public Relation Director । একসময়কার খ্রিস্টান মিশনারিজের সদস্য (দীর্ঘ উনিশ বছর খ্রিস্টধর্ম প্রচারের কাজে নিয়োজিত), পরবর্তীতে অনেক ঘটনাবহুল পথ অতিক্রম করে মুক্তচিন্তা আর যুক্তির পতাকাতলে সহযাত্রী। তাঁর লেখা Losing Faith in Faith: From Preacher to Atheist গ্রন্থের পাতায় পাতায় সেই দুঃসাহসিক অভিযাত্রার কথাই বর্ণিত হয়েছে, জয়ধ্বনি করেছেন মানবতাবাদের।

ড্যান বার্কার

আলোচ্য প্রবন্ধটি Dan Barker -এর স্বহস্তে পাঠানো Losing Faith in Faith: From Preacher to Atheist (FFRF, Inc. Wisconsin, USA, 2003) গ্রন্থ থেকে অনুমতিক্রমে "Refuting God"

পরিচ্ছেদের অনুবাদ। উল্লেখ্য "Refuting God" পরিচ্ছেদটি লেখকের গোটা বইটিরই সারসংক্ষেপ। সংগতকারণেই এই পরিচ্ছেদে অনেক আলোচনা সংক্ষিপ্তাকারে বলা হয়েছে; এবং লেখক অন্য পরিচ্ছেদগুলিতে বিস্তৃত পরিসরে পেশ করেছেন। কিন্তু আলোচ্য প্রবন্ধটিকে যুক্তি 'র পাঠকদের কাছে সহজবোধ্য-বোধগম্য করার জন্য অনুবাদক প্রথম বন্ধনীর ভিতরে নিজস্ব মন্তব্য যোগ করেছেন। - **সম্পাদক, যুক্তি।**

(এ অনুবাদটি অনন্ত বিজয় দাশ কর্তৃক সম্পাদিত যুক্তি ম্যাগাজিন, সংখ্যা ৩ *এ প্রকাশিত)*

---------------------------.

ঈশ্বরবাদীরা বা আস্তিকরা ঈশ্বরের অস্তিত্ব দাবি করেন। নাস্তিকরা তা করেন না। ধর্মবাদীরা প্রায়ই নাস্তিকদের প্রতি চ্যালেঞ্জ ছোঁড়ে দেন 'ঈশ্বর নেই'- প্রমাণ করার জন্য; কিন্তু এটা আলোচনার বিষয়বস্তুর বাইরে চলে যায়। নাস্তিকরা দাবি করেন ঈশ্বরের আস্তিত্ব প্রমাণ করা যায় না, তারা বলেন না যে 'ঈশ্বরের অস্তিত্ব মিথ্যা প্রমাণিত হয়েছে।' (যা প্রমাণিত-ই হয় নাই তাকে মিথ্যা প্রমাণের প্রয়োজন নেই, তা যে 'প্রমাণিত নয়' তা-ই এর অগ্রহণযোগ্যতার জন্য যথেষ্ট)। আর যে কোনো বিতর্কে "Burden of Proof" বা প্রমাণের দায়িত্ব এর নিয়মানুসারে যিনি কোনো কিছুর অস্তিত্ব দাবি করেন, প্রমাণের দায়িত্ব তার উপরই বর্তায়। (এবং কোন কিছুর অস্তিত্ব প্রমাণের পরই কেউ এর অনস্তিত্ব প্রমাণের জন্য চ্যালেঞ্জ করার অধিকার রাখেন)। একজন লোক যদি দাবি করেন তিনি antigravity device বা অভিকর্ষ-বিরোধী যন্ত্র আবিষ্কার করেছেন তবে 'এর অস্তিত্ব বাস্তবে অসম্ভব'- তা প্রমাণের দায়িত্ব অন্য কারো উপর পড়ে না। (দাবিকারক নিজে যদি প্রথমে বিষয়টিকে প্রমাণ করতে না পারেন তবে তা-ই একে অগ্রহণযোগ্য করে তোলে)।

কিছু নাস্তিক বা নিরীশ্বরবাদী মনে করেন , যতক্ষণ পর্যন্ত 'ঈশ্বর' বিষয়টি প্রমাণিত বা বোধগম্য না হবে ততক্ষণ পর্যন্ত এ নিয়ে বিতর্কের কোনো মানে হয় না। 'আত্মা' এবং 'অতিপ্রাকৃত' এগুলোর মত বিষয়গুলো বাস্তবে অর্থপূর্ণ কিছুই প্রকাশ করে না , এবং 'সর্বজ্ঞানী' ও 'সর্বশক্তিমান' ধারণাদ্বয় পরস্পরবিরোধী (অমূলক); কেন অর্থহীন বিষয় নিয়ে আলোচনা।

তথাপি আস্তিকতামূলক যুক্তি ও প্রমাণের উপর ভিত্তি করে অনেক লিখিত-অলিখিত বক্তব্য পাওয়া যায়। নিম্নোক্ত বর্ণনায় ঐগুলোকে সংক্ষেপে উপস্থাপনপূর্বক খণ্ডন করা হয়েছে। নাস্তিকতা হল একটি নির্দিষ্ট অবস্থান যেখানে এ ধরনের আস্তিকতামূলক দাবি নাকচ হয়ে যায়।

ঐশ্বরিক পরিকল্পনা

"এগুলো সব কোথা থেকে এসেছে? আপনি কিভাবে মহাবিশ্বের এ জটিলতা ব্যাখ্যা করবেন? আমি বিশ্বাস করি না প্রকৃতির সৌন্দর্য শুধুমাত্র দুর্ঘটনার মাধ্যমে হতে পারে। শিল্পকর্মের জন্য একজন শিল্পীর প্রয়োজন।"

এ ধরনের উক্তি থেকে অনুমান করা যায় বক্তা কী প্রমাণ করতে চাচ্ছেন। কোনো কিছু প্রমাণের জন্য এর চেয়ে উচ্চতর সঙ্গতিপূর্ণ 'বর্ণনা প্রসঙ্গ' আনলে উক্ত বিষয়টি বোধগম্য হতে পারে; একটি মহাবিশ্বের ব্যাখ্যার জন্য একটি 'উচ্চতর মহাবিশ্ব' প্রয়োজন। কিন্তু মহাবিশ্ব হল সবকিছুর মিলিত রূপ যার চেয়ে উচ্চতর কিছু নাই। আর সমস্যার বিষয় হল , মহাবিশ্বের জন্য যদি একজন স্রষ্টা প্রয়োজন

হয় তবে স্রষ্টার জন্যও অপর একজন স্রষ্টার প্রয়োজন হবে -যা এমনভাবে অনন্তকাল পর্যন্ত চলতে থাকবে। ঈশ্বরের মন অন্তত প্রকৃতির মত জটিল হতে হবে এবং তা কিছু প্রশ্নের উদ্রেক করে -যেহেতু যে কোনো জটিলতার জন্য একজন স্রষ্টা প্রয়োজন তাই ঈশ্বরের মন তথা ঈশ্বরেরও একজন স্রষ্টা প্রয়োজন। আর যদি ঈশ্বর অসৃষ্ট হতে পারেন তবে মহাবিশ্ব অসৃষ্ট হতে পারবে না কেন ?

প্রকৃতিতে শিল্পকর্ম রয়েছে, কিন্তু যখন তা বলা হয় তখন আস্তিকরা বা ঈশ্বরবাদীরা ভিন্ন অর্থে এটি গ্রহণ করেন। প্রকৃতিতে উপলব্ধ শিল্পকর্মের জন্য বুদ্ধিমান কিছুর অস্তিত্ব কল্পনা করা র প্রয়োজন নেই। জীবন হল নির্জীব “Natural Selection” -এর ফসল; এর কোন উচ্চতর ব্যাখ্যার প্রয়োজন নেই।(পৃথিবীর পরিবেশ জীবকূলের উৎপত্তি ও বিকাশের জন্য অত্যানুকূল হওয়ায় তা -ই ঘটেছে আবার কোন বিরূপ ঘটনায় তা সহজেই ধ্বংস হয়ে যেতে পারে। প্রাণীকূলের উৎপত্তি, বিকাশ, ধ্বংস, বুদ্ধিমত্তা কোনোটাই চেতনাহীন প্রকৃতির কাছে কোনো গুরুত্ব বহন করে না। মানুষের বুদ্ধিমত্তা বা সভ্যতা নিজের কাছে গুরুত্বপূর্ণ হতে পারে , প্রকৃতির কাছে নয় -এটা স্মরণ রাখা প্রয়োজন। আর মহাবিশ্বকে শৃঙ্খলাপূর্ণ বলা অজ্ঞতার পরিচায়ক। মহাবিশ্বে প্রচণ্ড বিশৃংখলা বিরা জমান আর এরকম বিশৃঙ্খলার মধ্যে কিছু শৃঙ্খলা এমনিতেই দেখা যেতে পারে যা ঐ বিশৃঙ্খলারই অংশ) ।

ঈশ্বরবাদী বা আস্তিকদের ‘শিল্পকর্ম বিতর্ক’টি দাঁড়িয়ে আছে অজ্ঞতার উপর ভিত্তি করে, বাস্তবতার উপর নয়। প্রকৃতির কোনো জটিলতাকে ব্যাখ্যা করতে না পারার মানে এই নয় যে এর কোনো উত্তর নেই। হাজার বছর ধরে মানুষ বজ্র ও উর্বরতার রহস্য বর্ণনার জন্য পৌরাণিক বা কাল্পনিক ব্যাখ্যা তৈরি করেছে। কিন্তু যত বেশি আমরা জানতে পারছি, ততই ঈশ্বরের প্রয়োজন কমে যাচ্ছে। (যেমন, ইদানীং ‘পানিচক্র’ ব্যাখ্যার জন্য এখন আর কেউ ঈশ্বরের শরণাপন্ন হন না)। ‘ঈশ্বর বিশ্বাস’ হলো একটি রহস্য ব্যাখ্যার জন্য আরেক রহস্যের অবতারণা, এবং তাতে কোনো রহস্যেরই সমাধান পাওয়া যায় না। (আমরা যদি প্রকৃতির কোনো ঘটনা না বুঝি তবে যথাযথ নিয়মানুসারে গবেষণা চালিয়ে যেতে হবে অথবা অপেক্ষা করতে হবে, বিজ্ঞানীরা এ ব্যাপারে কী বলেন। অবশ্য বিজ্ঞানীকেও বিজ্ঞানের নিয়মানুসারে গবেষণা ও তা ব্যাখ্যা করতে হবে। যতক্ষণ পর্যন্ত কোনো ঘটনার উপযুক্ত বৈজ্ঞানিক ব্যাখ্যা না পাওয়া যায় ততক্ষণই আমাদেরকে অপেক্ষায় থাকতে হবে, হতে পারে এ অপেক্ষার প্রহর দীর্ঘ আবার তা হতে পারে স্বল্প। কিন্তু পূর্বেই যদি কেউ ‘ঈশ্বর’ বা অনুরূপ কোনো অতিলৌকিক অনুকল্পের অবতারণা করে ব্যাখ্যা করতে চান তবে এই অতিলৌকিক অনুকল্পটি প্রমাণের দায়িত্ব তারই; আর যদি তিনি প্রমাণ করতে না পারেন তবে তা অগ্রহণযোগ্য এবং দাবিটি ভিত্তিহীন হয়ে দাঁড়ায়। বলা বাহুল্য এখনো কেউ ঈশ্বর বা অনুরূপ কিছুর অস্তিত্বের স্বপ ক্ষে কোনো নিখুঁত যুক্তি বা প্রমাণ উপস্থাপন করতে পারেননি। প্রমাণের নামে যা উপস্থাপিত হয়েছে তা শুধুই বাজে কথা)।

“এ মহাবিশ্ব প্রাকৃতিক বিধান দ্বারা পরিচালিত। বিধানের জন্য প্রয়োজন একজন বিধান দাতা বা বিধাতা। তাই নিশ্চয়ই একজন ঐশ্বরিক নিয়ন্ত্রক রয়েছেন।”

প্রাকৃতিক নিয়ম একটি বর্ণনা-মাত্র, তা কোনো ব্যক্তি বা গোষ্ঠীর বিধান বা নির্দেশ নয়। (A natural law is a description, not a prescription) । মহাবিশ্ব কোনোকিছু দ্বারা বা নির্দেশ অনুসারে পরিচালিত হচ্ছে না। ‘প্রাকৃতিক নিয়ম’ মানুষের তৈরি ধারণা মাত্র, যা প্রকৃতির বিভিন্ন ঘটনাবলী মানুষের কাছে বোধগম্য করে তুলে ; এটি সামাজিক নিয়মকানুনের মত কোনো ব্যক্তি বা গোষ্ঠীর

আচরণগত নির্দেশনা নয়। (আজকে কোনো প্রাকৃতিক ঘটনা যেভাবে ঘটে থাকে , যেমন পৃথিবীর আহ্নিক গতি বা বার্ষিক গতি, ঐ ঘটনা যদি ভিন্নভাবেও ঘটতো - তবে আমরা তাকেও বলতাম 'প্রাকৃতিক নিয়ম')। যদি ঐশ্বরিক পরিকল্পনা ধারণা সঠিক হয় তবে তা সমভাবে ঈশ্বরের ক্ষেত্রেও প্রযোজ্য। ঈশ্বরকেও কারো দ্বারা নিয়ন্ত্রিত হওয়া প্রয়োজন। (তা না হলে ঈশ্বর একটি 'বিশৃঙ্খল ধারণায়' পতিত হবে)।

"এটি অপ্রমাণিত যে জীবনের জটিলতা দুর্ঘটনার মাধ্যমে উদ্ভূত; এবং তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রানুসারে সকল সিস্টেম বিশৃঙ্খলার দিকে ধাবিত হয় তা বিবর্তনকে অসম্ভব করে তুলে। তাই অবশ্যই স্রষ্টার অস্তিত্ব রয়েছে।"
এই ছদ্ম-বৈজ্ঞানিক আপত্তি বিজ্ঞানের ভ্রান্ত ব্যাখ্যার উপর ভিত্তি করে বানানো হয়েছে। কোনো জীববিজ্ঞানীই দাবি করেননি, বর্তমানের প্রাণীগুলি হঠাৎ করে সংঘটিত এক ধাপ দুর্ঘটনাজনিত 'মিউটেশন'-এর ফলে উদ্ভূত হয়েছে। বিবর্তন দীর্ঘ সময় ধরে ছোট ছোট ক্রমপরিবর্তনের ফসল, যার মাধ্যমে লক্ষ লক্ষ প্রজাতি পরিবেশের সাথে খাপ খেয়েছে; যেমন মানুষ বিকশিত না হয়ে অন্য সহস্র-কোটি সম্ভাবনার একটি হতে পারত যা প্রাকৃতিক নির্বাচনের নির্মমতার মধ্যে হয়ত টিকে থাকতে সমর্থ হত। সম্ভাবনার নিয়মানুসারে এবং বাস্তবতার নিরিখে , ধর্মবাদীদের বিষয়টি এরকম -যেন কোনো লটারি বিজয়ী বলছে, 'লটারি বিজয়ের সম্ভাব্যতা খুবই কম , তাই আমি তা জিততে পারি না।'

সৃষ্টিবাদীরা প্রায়ই তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রটিকে ভুলভাবে উদ্ধৃত করে থাকেন। এ সূত্রানুসারে 'বিশৃঙ্খলা বৃদ্ধি পায় একটি বদ্ধ সিস্টেমের মধ্যে। ' কিন্তু সাধারণভাবে পৃথিবী একটি মুক্ত ব্যবস্থা। তা সূর্য থেকে শক্তি পাচ্ছে। পৃথিবীর ব্যবস্থাগুলো সৌরশক্তি দ্বারা চালিত হচ্ছে , শক্তির রূপান্তর হচ্ছে। শেষে আবার ঐ শক্তি ভিন্নরূপে পৃথিবী থেকে বেরিয়ে যাচ্ছে। (তাই পৃথিবীকে বদ্ধ সিস্টেম ভেবে একে তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রের সাথে তুলনা করা সঙ্গতিপূর্ণ নয়)। আবার কখনো হয়তো সূর্য ঠাণ্ডা হবে এবং এতে বা অন্য কোনো কারণে পৃথিবীর জীবজগত বিলীন হয়ে যাবে।

ব্যক্তিগত অভিজ্ঞতা
"লক্ষ লক্ষ লোক ব্যক্তিগতভাবে ঈশ্বরকে আত্মিক অভিজ্ঞতা বা অনুভূতি দ্বারা জানে। "
বেশিরভাগ ঈশ্বরবাদী দাবি করেন তাদের স্বতন্ত্র ঈশ্বরকে ধ্যান বা প্রার্থনা দ্বারা জানতে পারা যায়; কিন্তু এ ধরনের অভিজ্ঞতা মানসিক ক্রিয়া-প্রতিক্রিয়া (বিভ্রম) ছাড়া আর কিছুই নয়। অতীন্দ্রিয়বাদকে জটিল করার প্রয়োজন নেই। অনেকে এমনিতেই গুজব তৈরি করতে পছন্দ করেন, অলীক শব্দ শুনতে পান, কল্পিত বস্তু দেখা অথবা কাল্পনিক কারো সাথে কথা বলার দাবি করেন। এগুলো বাস্তব কিছু নয়। ঈশ্বর -বিশ্বাসীর পরিমাণ অসংখ্য কিন্তু এটি মানুষের ব্যাপার , ঈশ্বরের অস্তিত্বের সাথে সম্পর্কিত নয়। 'সত্য' জনসমর্থন দ্বারা নির্ধারিত হয় না। ধর্মগুলো উদ্ভূত হয়েছে মৃত্যু , দুর্বলতা, স্বপ্ন এবং অজানার প্রতি ভয়কে কেন্দ্র করে।

"নাস্তিকদের আধ্যাত্মিক অন্তর্দৃষ্টির অভাব রয়েছে তাই তাদের কাছে আস্তিকদের ঐশ্বরিক অনুভূতি বোধগম্য নয়। এটি একজন বর্ণান্ধ ব্যক্তির রঙের অস্তিত্বকে অস্বীকার করার মত।"

অনেক আস্তিক বা ঈশ্বরবাদী দাবি করেন ঈশ্বরকে বিশেষ 'আধ্যাত্মিক' উপলব্ধির দ্বারা জানা সম্ভব। কিন্তু এ ধরনের উপলব্ধি কি ভিন্ন কোনো জগৎ হতে আসে কিংবা তা বোঝার জন্য 'ষষ্ঠ ইন্দ্রিয়'-এর প্রয়োজন? সংশয়বাদীরা এ ধরনের বিশ্বাসকে নাকচ করে দেন। বর্ণান্ধরা কখনো রঙের উপস্থিতিকে অস্বীকার করেন না তাই ধর্মবাদীদের তুলনাটি অসামঞ্জস্যপূর্ণ। বর্ণান্ধ ও বর্ণদৃষ্টিক্ষমতাসম্পন্ন ব্যক্তিরা একই পৃথিবীতে বসবাস করে এবং উভয়ই প্রাকৃতিক নিয়মগুলোকে আয়ত্ব করে। তরঙ্গদৈর্ঘ্য ও বর্ণালী দ্বারা দৃষ্টি ব্যতীতই 'বর্ণ' ব্যাখ্যা করা সম্ভব। (তাছাড়া দেখা যায়, অনেক নাস্তিক জীবনের প্রথমাংশে আস্তিক ছিলেন। কোনো কোনো নাস্তিক তখন আস্তিকদের মতোই তথাকথিত আধ্যাত্মিক অনুভূতি উপলব্ধি করতেন। আস্তিক-নাস্তিক উভয়ের উপলব্ধি ক্ষমতা ও প্রক্রিয়া একই ধরনের এবং কারোই পঞ্চ ইন্দ্রিয় ব্যতীত অতিরিক্ত কোনো দৈহিক বা মানসিক ইন্দ্রিয় নেই। নাস্তিকরা যুক্তিবাদী আর আস্তিকরা পরিবার বা সমাজ তথা পরিবেশ থেকে ধর্মীয় অযৌক্তিক ধারণা পেয়ে থাকেন ও যাচাই-বাছাই না করেই তা গ্রহণ-পালন ও চর্চা করে থাকেন। বিধায় আস্তিকদের 'বৌদ্ধিক অন্ধ' বলা যায় - যে অবস্থা থেকে পরিত্রাণের জন্য প্রয়োজন মুক্তবুদ্ধির চর্চা। এছাড়া আস্তিকদের অভিযোগটি যদি ঠিকও হত তবে নাস্তিকদের কোনভাবেই অপরাধী বলা যেত না - যা ধর্মীয় ধারণার সাথে সংঘর্ষিক) ।

কোনো ধর্মবাদী ব্যক্তি আধ্যাত্মিক অন্তর্দৃষ্টির কোনো নিরপেক্ষ ব্যাখ্যা প্রদান করেন না, ফলে তা প্রথমেই দার্শনিক বৈধতা হারায়। কোনো সংশয়বাদী 'মানসিক ধর্মীয় অভিজ্ঞতাকে' অস্বীকার করেন না কিন্তু তারা জানেন তা শুধু অতীন্দ্রিয় জগৎ সম্পর্কে গভীর বিশ্বাসের ফলেই ঘটেছে , যার ব্যাখ্যা মনোবিজ্ঞান দিতে পারে। আর আস্তিকরাই শুধু 'সম্পূর্ণ মানুষ' এ ধারণা অবৈজ্ঞানিক, উদ্ধতপূর্ণ ও হাস্যকর।

নৈতিকতা

"আমাদের সবারই ভালো ও মন্দের ধারণা তথা বিবেকবোধ আছে যা আমাদের উচ্চতর আইনের অধীন করে দেয়। বিশ্বজনীন নৈতিকতার আকাঙ্ক্ষা মানবতার ঊর্ধ্বে কিছু ইঙ্গিত করে। এটি ঈশ্বরের সাথেই সামঞ্জস্যপূর্ণ যা অদৈহিক এবং আমাদের ঐরকম মহিমান্বিত প্রক্রিয়ার সাথে সম্পর্কিত করে।"

আরেকটি 'অজ্ঞতাভিত্তিক ভুল যুক্তি'। নৈতিক প্রক্রিয়া মানুষের জীবন ধারণের উপর নির্ভর করে গড়ে উঠেছে : যা জীবনকে সমৃদ্ধ করে তাই ভালো আর যা জীবনকে ব্যাহত করে তাই মন্দ। মিথ্যা বলা বা চুরি করা অপরাধ তা বোঝার জন্য দৈব নির্দেশের প্রয়োজন নেই। কোন আচরণ যৌক্তিক অথবা সদয়চিত্ত তা বোঝার ক্ষমতা মানুষের রয়েছে।

'বিশ্বজনীন নৈতিকতা বোধ' বলতে আসলে কিছু নেই এবং সব নৈতিকতা পরস্পরের সাথে সঙ্গতিপূর্ণ নয়। বহুবিবাহ, নরবলি, নরমাংসভোজন, স্ত্রী পেটানো, অঙ্গহানি করা, যুদ্ধ, খৎনা, খোজাকরণ এবং অজাচার অনেক জাতির সংস্কৃতিতে যথারীতি নৈতিক এবং প্রচলিত। তাহলে ঈশ্বর কি বিভ্রান্ত?

ঈশ্বরকে 'অদৈহিক' বলা অসঙ্গতিপূর্ণ। সময় এবং স্থানের মধ্যে যে কোনো কিছুকেই কোনো এক রূপে থাকতে হয়। (দৈহিক আকার ব্যতীত কোনো সচেতন সত্তা আমাদের ধারণায় অসম্ভব, তাই ঈশ্বরের এরূপ ধারণা আমাদের কাছে অমূলক এবং দার্শনিকভাবে অবাস্তব)। নৈতিক মূল্যবোধ আমাদের দৈহিক মস্তিষ্কে নিরূপিত, তাই নৈতিকতা যদি ঈশ্বরকে ইঙ্গিত করে তবে আমরাই 'ঈশ্বর'। ঈশ্বরের ধারণা কেবল একটি মানবিক প্রক্ষেপণ মাত্র।

"যদি কোনো পরম নৈতিক আদর্শ না থাকে তবে চূড়ান্ত অর্থে কোনো ন্যায় বা অন্যায় থাকবে না। ঈশ্বর ব্যতীত নৈতিক ভিত্তি ও সামাজিক শৃঙ্খলা দুর্বল হয়ে পড়বে। "
এটি ঈশ্বরকে 'বিশ্বাসের' জন্য করা উক্তি, ঈশ্বরের 'অস্তিত্ব' প্রমাণের জন্য নয়। পরম নৈতিকতার দাবি আসে বিপদজনক ধর্মবাদীদের কাছ থেকে। প্রাপ্তবয়স্ক সচেতন লোকেরা মানুষের জন্য যা কল্যাণকর তার প্রতি ঝোঁক প্রদর্শন করেন, কেননা এটাই সঙ্গতিপূর্ণ, যৌক্তিক এবং নৈতিক মানবিক গঠন কাঠামোর প্রতি দিক নির্দেশ করে, দৈব অস্তিত্ব ছাড়াই। (আর কোনো ভালো কাজ করার জন্য আমাদেরকে যদি স্বর্গের প্রলোভন এবং মন্দ কাজ থেকে বিরত রাখার জন্য নরক বা ঈশ্বরভীতির প্রয়োজন হয় তবে আর কিসের মনুষ্যত্ব ?)

কোনো ধর্মগ্রন্থ কোনো একটি ভালো আইনকে সমর্থন করতে পারে কারণ ঐ ধর্মগ্রন্থ তৈরির সময় অনেক মানবিক আইন ও মূল্যবোধের সাথে প্রতিযোগিতা করতে হয়েছে। এখানে বাইবেলের তথাকথিত দশটি আদেশের কথা বলা যায়। উন্নত দেশগুলোর আইন ও সংবিধান সংগত কারণেই ধর্মনিরপেক্ষ (এবং অনেক ধর্মের ধর্মীয়-বাণীর তুলনায় বেশি মানবিক)।

এমন কোনো প্রমাণ নেই যে আস্তিকরা নাস্তিকদের চেয়ে অধিক নৈতিক। বাস্তবিকপক্ষে এর উল্টোটাই বোধ হয় সঠিক; যা শতবর্ষ ধরে ধর্মীয় হিংস্রতা ও নাস্তিকদের মানবতাবোধ থেকে টের পাওয়া যায়। অধিকাংশ নাস্তিকই সুখী, সৃজনশীল ও নৈতিক ব্যক্তি। (সকল ধর্মের যেহেতু নিজস্ব ঈশ্বর রয়েছে এবং প্রতিটি ধর্মের বিভিন্ন শাখার মধ্যে ঈশ্বর বা ধর্মের ধারণা ভিন্ন তাই তা শৃঙ্খলার পরিবর্তে সমাজে শুধু বিশৃঙ্খলাই সৃষ্টি করে।)

আস্তিকদের দাবি যদি সঠিক হতো তারপরও তা খুব একটা প্রয়ো গসিদ্ধ হত না। ধর্মপ্রাণ শাস্ত্রবিশ্বাসীরা শাস্ত্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের উপর একমত হন না। বিশ্বাসীরা প্রায়ই শান্তিবাদ , গর্ভনিরোধ, পশু অধিকার, পরিবেশ রক্ষা, ধর্মনিরপেক্ষতা, সমকামীদের অধিকার, নারী অধিকার ইত্যাদি বিষয়গুলোর বিরোধিতা করেন। আস্তিকদের নৈতিকতার টানাপোড়ন দেখে এটাই মনে হয় হয়তো তাদের বহু সংখ্যক ঈশ্বর রয়েছেন যারা নৈতিক উপদেশ প্রদানের ব্যাপারে দ্বন্ধে রয়েছেন অথবা মাত্র একজন ঈশ্বর রয়েছেন যিনি নৈরাশ্যজনকভাবে বিভ্রান্ত।

আদি কারণ

"সব কিছুরই কারণ আছে এবং সব কারণ এর পূর্ব কারণেরই ফল , তাই সবকিছুর একটি আদিকারণ আছে। ঈশ্বর হলেন সেই আদি কারণ, বিশ্বের স্রষ্টা ও ধারক"।
বিতর্কের মূল ভিত্তি হল -'সবকিছুর কারণ আছে' এবং তা সিদ্ধান্ত বা ফলাফল - 'ঈশ্বরের কোনো কারণ নেই'- এর সাথে সাংঘর্ষিক। বিতর্কের ভিত্তি থেকে এই সিদ্ধান্তে পৌঁছানো যায় না, কারণ সবকিছুর যদি কারণ থাকতেই হয় তবে অবশ্যই কোনো 'আদিকারণ' দাঁড় করানো যায় না। যদি ঈশ্বরের কোনো কারণ বা স্রষ্টা নেই ভাবা যায় তবে মহাবিশ্বের কোনো কারণ বা স্রষ্টা নেই ভাবতে সমস্যা কোথায়? (আমরা প্রতিটি ক্রিয়া বা ঘটনার অনেকগুলো ভিন্ন ভিন্ন কারণ দেখতে পাই। একটি ঘটনার অনেকগুলো কারণ আমরা সচরাচর দেখতে পাই। তাহলে বহুসংখ্যক আদিকারণের ধারণা একইভাবে উত্থাপন করা যায়। এছাড়া 'মহাবিশ্বের কারণ' বিষয়টি বিজ্ঞানীদের গবেষণার বিষয়। এ

ব্যাপারে ভাবতে হলে মহাবিশ্ব সম্পর্কে গভীর জ্ঞান রাখা প্রয়োজন। তাই বিজ্ঞানীরা বৈজ্ঞানিক গবেষণার দ্বারা যখন যে সিদ্ধান্ত দিবেন আমাদেরকে তা-ই বুঝতে হবে)। এমন কোনো সত্তা আমাদের অভিজ্ঞতায় নেই যিনি 'অকারণিত কারণ' হতে পারেন। তাই আমরা ঈশ্বরের ব্যাপারে এমন সিদ্ধান্তে যেতে পারি না কারণ আমরা আমাদের বাস্তব অভিজ্ঞতার উপর নির্ভর করেই সিদ্ধান্ত নেই বা নিতে পারি।

প্যাসকেলের বাজি

"ঈশ্বরকে প্রমাণ করা যায় না। কিন্তু যদি ঈশ্বর থাকে তাহলে বিশ্বাসীরা সব কিছু পেয়ে যাবেন (Heaven বা স্বর্গ) আর অবিশ্বাসীরা সব কিছু হারাবে (Hell বা নরক)। ঈশ্বর যদি না থাকেন তবে সেজন্য বিশ্বাসীরা কিছুই হারাবে না এবং অবিশ্বাসীরাও কিছু পাবে না। সুতরাং ঈশ্বরকে বিশ্বাসের মাধ্যমে সবকিছুই অর্জন করা যায় এবং তাতে কিছুই হারানোর নেই। "

আর্গুমেন্টটি প্রথমে প্রদান করেছিলেন ফরাসি দার্শনিক ব্লেইস প্যাসকেল, যা কোনো যুক্তি নয়, স্রেফ হুমকি মাত্র। এটি ঈশ্বরের অস্তিত্ব প্রমাণের জন্য নয় বরং তার অস্তিত্বে বিশ্বাসের জন্য অযৌক্তিক ভয়ের উপর ভিত্তি করে গঠিত ভুল ধারণা। এ ধরনের উক্তি দ্বারা আমরা ধর্মকে শুধু 'নরকের মন্দ ধারণা'র সাথে গুলিয়ে ফেলি।

এটি সত্য নয় যে বিশ্বাসীরা কিছুই হারায় না। প্রমাণের পূর্বেই বিশ্বাসের দ্বারা আমরা পরকালের মিথ্যাগুলোকে ধারণ করে জীবনকে ধ্বংসের পথে ঠেলে দিই, এবং মিথ্যাকে বজায় রাখার জন্য সত্যকে জলাঞ্জলি দিই। ধর্ম প্রচুর মূল্যবান সময়, শক্তি এবং অর্থ নষ্ট করে। (একটিবার নির্মোহ হয়ে হিসেব করে দেখুন, মুসলমানরা মসজিদ বানাতে, অথবা প্রতি বছর হজের সময়, কোরবানি দিতে কিংবা হিন্দুরা মন্দির বানাতে, ঝাঁকঝমক করে দূর্গা পূজা করতে কি পরিমাণ অর্থের অ পচয় ঘটিয়ে থাকেন। ভয়াবহ রকমের এত অর্থ খরচের কি বিকল্প পথ খোলা নেই? এই অর্থ কি নিজেদের মানবিক চাহিদা পূরণ, জ্ঞান চর্চা করা অথবা গরীবকে সহযোগিতা করার জন্য ব্যয় করা যেত না?)। ধর্মীয় জগতকে সমৃদ্ধ করার জন্য অনেক মূল্যবান জীবনের অপচয় ঘটে। ধর্মবিশ্বাস মানুষকে নিপী ড়নের হাতিয়ার, ব্যক্তি-স্বাধীনতার প্রতি হুমকিস্বরুপ।

এটাও ঠিক নয় যে অবিশ্বাসীরা (তাদের অবিশ্বাসের জন্য) কিছুই অর্জন করেন না। ধর্মকে প্রত্যাখানের মাধ্যমে তারা একটি ইতিবাচক উদার ও সঠিক দৃষ্টিভঙ্গি লাভ করেন এবং স্বাধীন অন্বেষণের সুযোগ পান। নাস্তিকেরা সামাজিক ও নৈতিক উন্নতির বিষয়ে সর্বদাই অগ্রবর্তী। (একজন নাস্তিক মনে করেন আমরা মানুষেরা এই পৃথিবীর বাসিন্দা, পৃথিবীতে বসবাসকারী আরো মিলিয়ন মিলিয়ন প্রাণীর মত আমরাও এই পৃথিবী থেকে রঙ, রূপ, রস, খাদ্য গ্রহণ করে বেঁচে আছি। এই পৃথিবী কারো ব্যক্তিগত সম্পত্তি নয়, এটা আমাদের সকলের। জন্মেছি এই সুজলা সফলা শস্য শ্যামলা এই ধরণীতে , মৃত্যুর পর অন্য কোনো স্থান নেই, মৃত্যুর মধ্য দিয়ে এখানেই জীবনের সমাপ্তি , তাই এই পৃথিবীকে আমাদের পাশাপাশি ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুস্থ-সুন্দর করে টিকিয়ে রাখার দায়িত্ব সম্পূর্ণরূপে আমাদেরই। বলাবাহুল্য আস্তিকেরা এই চেতনার বিপরীতে অবস্থান করেন।)

কোন ধরনের মানুষ অনন্তকাল নরক ভোগের উপযুক্ত -একজন সত্যের পথের পথিক? ঈশ্বর যদি এমন অবিচারী-অবিবেচক হন তবে আস্তিকরাও এখানে নাস্তিকদের মতই বিপদের মধ্যে রয়েছেন। এমন কী হতে পারে না, ঈশ্বর সকলকে নরকে পাঠাতে চাচ্ছেন বিশ্বাসী বা অবিশ্বাসী নির্বিশেষে। অথবা ঈশ্বর শুধু তাদেরই রক্ষা করবেন যারা অবিশ্বাস করার মত সাহস রাখে।

প্যাসকেল একজন ক্যাথলিক খ্রিস্টান এবং অনুমান করেছিলেন যে ঈশ্বর বলতে শুধু খ্রিস্টানদের 'ঈশ্বর' বোঝায়। তবে যদি অন্য কোনো ধর্মের ঈশ্বর সঠিক হয় তাহলে সুবিধা লাভের জন্য যে ঝুঁকি প্যাসকেলের বাজির মধ্যে রয়েছে তা আশাতীতভাবে ব্যর্থতায় প্রতিপন্ন হয়।

যে কোন দৈব বিশ্বাস যদি ভয়ের উপর নির্ভরশীল হয় তবে তা প্রকৃত ভক্তির উদয় করে না এবং এরকম একটি বিষয় উপাসনার যোগ্য হতে পারে না। (আর একজন ব্যক্তি যদি মুক্তভাবে গভীর চিন্তার পর ঈশ্বরকে অবিশ্বাস করেন তবে ঈশ্বর যদি থেকেও থাকেন তবুও তার কোনো অধিকার থাকবে না ঐ ব্যক্তিকে শাস্তি প্রদানের, যদি তিনি ন্যায় বিচারক হন যেমনটি ধর্মগ্রন্থে বলা হয়।)

সত্তা সংক্রান্ত প্রমাণ

"ঈশ্বর হল এমন ধারণা, যার চেয়ে ঊর্ধ্বে আর কিছু কল্পনা করা যায় না। ঈশ্বর যদি বাস্তবে না থাকেন তাহলে তিনি হয়তো বিদ্যমান ধারণার ঊর্ধ্বে। সুতরাং ঈশ্বর আছেন। "

সত্তাসংক্রান্ত প্রমাণের ডজন খানেক রূপ আছে কিন্তু খ্রিস্ট পুরোহিত আনসেল্ম একে উপরোক্ত রূপ দিয়েছেন। এই যুক্তিবিন্যাসের ত্রুটি হল তা বিমূর্ত গুণকে বাস্তবে আরোপিত করেছে। কোনো কিছুই অস্তিত্ব সম্পন্ন হওয়ার পূর্বেই 'মহান' বা 'উৎকৃষ্ট' হতে পারে না। কিন্তু এ যুক্তিতে তাই করা হয়েছে বা ধরা হয়েছে।

যে কোনো 'অস্তিত্ব'কে 'ঈশ্বর'- এ প্রতিস্থাপন হল এ ধরনের যুক্তিবিন্যাস প্রদর্শনের একটি উত্তম উপায়। আপনি এভাবে নিখুঁত শূন্যতাকেও প্রমাণ করতে পারেন যেখানে কোনো কি ছুরই অস্তিত্ব নেই। যুক্তিটি নিজে নিজেই ভেঙ্গে পড়ে। কারণ ঈশ্বরকে সবদিক থেকে অসীম ধরা হয় যা আমাদের বাস্তব অভিজ্ঞতায় নেই; তাই এ রকম সিদ্ধান্ত গ্রহণ দার্শনিকভাবে ভুল। কোনো কাল্পনিক ধারণা পোষণ করার মানে এটা নয় যে বিষয়টির কোনো বাস্তবতা আছে। ঈশ্বরের অস্তিত্বটি ধারণায় না হয়ে বাস্তবে হল কিভাবে? এটি আশ্চর্যের বিষয় নয় যে বার্ট্রান্ড রাসেল বলেছেন সত্তাসংক্রান্ত প্রমাণটি ভুল ব্যাকরণের ফসল।

প্রত্যাদেশ

"আমাদের ধর্মগ্রন্থ ঐতিহাসিকভাবে নির্ভরযোগ্য। এবং বিশ্বাসযোগ্য প্রমাণগুলোর উপর সন্দেহ পোষণ করা যায় না। ঈশ্বর বাস্তবে রয়েছেন কেননা তিনি এগুলোর মাধ্যমে আত্মপ্রকাশ করেছেন।"

ধর্মগ্রন্থগুলো অন্যান্য গ্রন্থের তুলনায় একেবারেই সাধারণ , শুধু এটাই যে ধর্মগ্রন্থগুলোতে 'অলৌকিকতা' আরোপ করা হয় আর অন্যান্য গ্রন্থে তা করা হয় না। শাস্ত্রগুলোকে বিশ্বাস করতে হলে অনেক অলৌকিক বিষয় চলে আসে; যেমন দেবদূত ঈশ্বরের কাছ থেকে তা নিয়ে এসে আরেকজনের কাছে তা পৌঁছে দিচ্ছেন যা একজন বাস্তববাদী মেনে নিতে পারেন না। টমাস পেন 'দ্য এইজ অফ

রিজন'-এ উল্লেখ করেছেন ধর্মশাস্ত্র প্রত্যাদেশ হতে পারে না। প্রত্যাদেশ (যদি বাস্তবে থাকত) কিছু মানুষের সাথে সরাসরি দৈব যোগাযোগ, যদি প্রত্যাদেশপ্রাপ্ত ব্যক্তিরা তা বর্ণনা করে তবে তারা এতে দ্বিতীয় ব্যক্তি বলে পরিগণিত হবেন। কেউই তা মানতে বাধ্য নন বিশেষত যদি তাতে উদ্ভট কাল্পনিক বিষয় যাকে। আর শাস্ত্রগুলো ঐতিহাসিকভাবে মোটেই নির্ভরযোগ্য নয়। কিছু কিছু শাস্ত্র ধর্মপ্রচারেকের মৃত্যুর পর দীর্ঘকাল ধরে লিপিবদ্ধ হয়েছে, তখন তার নানা অংশ বাদ পড়েছে, নতুন অনেক কিছু সংযোজিত হয়েছে এবং অনেকাংশে পরিবর্তিত হয়েছে। কিন্তু এ বিষয়গুলো গোঁড়া ধমবিশ্বাসীরা মানতে নারাজ এমনকি এর ঐতিহাসিক দলিল থাকলেও। এছাড়া ধর্মশাস্ত্রগুলো তা তৈরি হওয়ার সময়কালীন প্রচলিত সমস্যা, কাহিনী ও গল্পে ভরপুর, আধুনিককালে যেগুলোর কোনো প্রয়োজনই নেই। ধর্মগ্রন্থের অনেক কথা পরস্পরবিরোধী এবং বিজ্ঞানবিরোধী-শাস্ত্রগুলোকে নির্ভুল দেখানোর জন্য ধর্মব্যবসায়ীরা নিত্যনতুন ব্যাখ্যা আবিষ্কারে সিদ্ধহস্ত। ধর্মগ্রন্থগুলোতে বর্ণিত 'অলৌকিকতা' প্রকৃতির সাধারণ নিয়মকে লঙ্ঘন করে এবং এগুলো বাস্তবে অসম্ভব সুতরাং তা অগ্রহণযোগ্য। ধর্মগুলোতে বর্ণিত কোনো জ্ঞান কিংবা বর্ণিত কোনো ইতিহাসকেও গ্রহণ করা যায় না কারণ এগুলোর স্বপক্ষে যথেষ্ট কোনো প্রমাণ নেই। তাছাড়া শাস্ত্রগুলোতে অনেক ব্যাকরণগত ও তথ্যগত ভুল পরিলক্ষিত হয়।

বিজ্ঞান

"অনেক বিজ্ঞানীই ঈশ্বরে বিশ্বাস করেন। পৃথিবীর বেশিরভাগ ধীশক্তিসম্পন্ন ব্যক্তিরা যদি ঈশ্বরে বিশ্বাস করেন তবে অবশ্যই ঈশ্বরে বিশ্বাস যুক্তিসম্মত।"

এটি কর্তৃত্বের দোহাই মাত্র; নাস্তিকরা ঐ বিষয়ে তাদের চেয়ে ঊর্ধ্বে বলতে হয়। বিদ্বান শ্রেণীর লোকেরা সাধারণ মানুষের চেয়ে সচরাসচর কম ধার্মিক হন। ঈশ্বর-বিশ্বাসী বিজ্ঞানী খোঁজে পাওয়া গেলেও তাদের কেউই তাদের বিশ্বাসকে বৈজ্ঞানিকভাবে প্রমাণ করতে পারেন না। বিশ্বাস (পেশা থেকে বিছিন্ন) একটি সাংস্কৃতিক বা ব্যক্তিগত ব্যাপার এবং কেউই এমন কী একজন বিজ্ঞানীও ধর্মের অযৌক্তিক ও মায়াবী প্রলোভন থেকে সুরক্ষিত নন।

"কোয়ান্টাম পদার্থবিজ্ঞানে দেখানো হয় যে বাস্তবতা অনিশ্চিত এবং কমই মূর্তমান। এখানে অলৌকিকতা চলে আসছে। আস্তিকদের জগৎ বিজ্ঞানের সাথে অসঙ্গতিপূর্ণ নয়। "

এটি অর্থহীন কথাবার্তা। অলৌকিকতাকে ধরা হয় প্রকৃতির নিয়মের ব্যতিক্রম হিসাবে , যা অতীন্দ্রিয় জগতকে নির্দেশ করে। যদি নতুন বিজ্ঞান অলৌকিকতাকে প্রাকৃতিকভাবে সম্ভব করে ফেলে (একটি স্ববিরোধী ধারণা) তাহলে কোনো অতিপ্রাকৃত জগৎ বা ঈশ্বর নেই। কোয়ান্টাম পদার্থবিজ্ঞানে 'অনিশ্চিয়তা'কে বাস্তবে প্রয়োগ করা হয় না; বরং বাস্তবতা সম্পর্কে আমাদের জ্ঞানের ক্ষেত্রে প্রয়োগ করা হয়। আস্তিকতা অতীন্দ্রিয় জগতকে ইঙ্গিত করে আর বিজ্ঞান নিজেকে প্রাকৃতিক জগতে সীমাবদ্ধ করে। তাই আস্তিকতা কখনো বিজ্ঞানের সাথে সঙ্গতিপূর্ণ হতে পারে না - সংজ্ঞা অনুসারে।

বিশ্বাস

"ঈশ্বরে বিশ্বাস বুদ্ধিবৃত্তিক নয়; যুক্তির সীমাবদ্ধতা রয়েছে। ঈশ্বরের সত্যতা শুধু বিশ্বাসের মাধ্যমে জানা সম্ভব, তা যুক্তিকেও ছাড়িয়ে যায়; তবে যুক্তির সাথে বিরোধ সৃষ্টি করে না।"

এটি কোনো যুক্তি নয়। এখানে স্বীকার করা হচ্ছে , যা বুদ্ধিবৃত্তিক নয় তা আলোচ্য জগৎ ছেড়ে ভিন্ন জগতে (নির্বুদ্ধিতায়) চলে যায়। আর 'যুক্তি' সীমাবদ্ধ; তা বাস্তবতার মধ্যেই সীমাবদ্ধ। যদি বাস্তবতাকে অস্বীকার করেন তবে আপনি কল্পনা বা স্বপ্নচারিতার দ্বারাই প্রতারিত হবেন।

বিশ্বাস হল 'অপর্যাপ্ত বা স্ববিরোধী' প্রমাণ সত্ত্বেও কোনো কিছুর বিবরণ শুনেই তা গ্রহণ করা , যা বাস্তবতার সাথে কখনো সঙ্গতিপূর্ণ হতে পারে না। বিশ্বাসের সকল দোহাই সত্ত্বেও এটি পরিষ্কার যে ধর্মীয় দাবি কখনো নিজের দু'পায়ের উপর দাঁড়াতে পারে না। ফরাসি অস্তিত্ববাদী দার্শনিক জ্যাঁ পল সার্ত্রে বলেছেন 'বিশ্বাস হল এটা জানা যে আপনি বিশ্বাস করেন আর আপনি বিশ্বাস করেন এটা জানার মানে হল অবিশ্বাস করা।'

যদি কখনো এমন হয় যে আস্তিকতার একটি সঙ্গতিপূর্ণ অনুকল্প রয়েছে (বস্তুত যা নেই এখনো) তাহলে এটা এখনো প্রমাণ হবার প্রয়োজন রয়েছে। তাই অধিকাংশ আস্তিক প্রমাণ ও যুক্তিকে দূরে রেখে বিশ্বাসের প্রতি জোর দেন।

আত্মিক ক্ষমতা

"আত্মিক ক্ষমতা, পুনর্জন্ম এবং এ রকম অনেক কিছুর দৃঢ় প্রমাণ রয়েছে। আপনাকে বিশ্বা স করতে হবে এখানে ভিন্ন কিছু একটা রয়েছে। "

অধিকাংশ বিজ্ঞানী (বা বিজ্ঞানমনস্ক ব্যক্তি) এরকম দাবির অনুকূলে কোন প্রমাণ রয়েছে বলে মনে করেন না। যখন সর্তকভাবে কঠোর নিয়ন্ত্রণের মধ্যে এগুলো পরীক্ষা করা হয় তখন এই ধরনের দাবি ভুল ব্যাখ্যা বা অবৈধ প্রতারণা বলে প্রতীয়মান হয়। (এ বিষয়ে প্রবীর ঘোষের 'অলৌকিক নয় লৌকিক', চতুর্থ খণ্ডে বিস্তারিত আলোচনা রয়েছে)।

যদি তা ন্যায়সঙ্গত হয় তবে রহস্যময় ব্যাপারগুলোর নিখুঁত প্রাকৃতিক ব্যাখ্যা দিতে হবে। এ রকম বিষয়ে সংশয়বাদীরা কুসংস্কারাচ্ছন্ন সিদ্ধান্তে ঝাঁপ না দিয়ে ব্যাখ্যা -বিশ্লেষণ-পর্যবেক্ষণ-পরীক্ষণ অব্যাহত রাখেন এবং যৌক্তিকভাবে চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছেন।

উপসংহার

পরিশেষে বলা প্রয়োজন, যদি আস্তিকদের উপরোক্ত বক্তব্যগুলো এমনকি ঈশ্বরকে প্রমাণ করতো, তারপরও ঈশ্বরকে স্রষ্টা হিসেবে ব্যক্তিগত, মহোত্তম, সদয়, অথবা বর্তমানে জীবন্ত বা সক্রিয় প্রমাণ করা যায় না। এগুলোর কোনোটিই বিশৃঙ্খলা , কদর্যতা, দুঃখ, দুর্দশা, বেদনা ইত্যাদির ব্যাখ্যা দিতে পারে না বরং তার জন্য আরেকজন মন্দগুণসম্পন্ন সর্বশক্তিমান ঈশ্বরের প্রয়োজন হয়।

অধিকাংশ আস্তিক বা ঈশ্বরবাদীরা যখন উপলব্ধি করতে পারেন তাদের দার্শনিক সিদ্ধান্তগুলো ব্যর্থ; তখন তারা গৎবাঁধা আক্রমণের পথ বেছে নেন। নাস্তিকদের সম্পর্কে প্রচারণা চালানো হয়, তারা অসুখী, অনৈতিক, রাগী, খ্যাপাটে, দানবীয়, নির্দয় লোক, তাদের বেঁচে থাকার প্রয়োজন নেই। এই ধরনের অভিযোগ সম্পূর্ণ অসত্য এবং অন্যায্য। তবে, অভিযোগটি যদি সত্যিও হত, তাতেও কিন্তু আস্তিকদের দাবিগুলির কোনটিই সঠিক বলে প্রমাণিত হয় না।

এখন পর্যন্ত সর্তকতামূলক পরীক্ষণের মাধ্যমে দেখা গেছে ঈশ্বরবাদীদের দাবি সর্বৈব অসত্য , নাস্তিকতাই যৌক্তিক অবস্থানে বিদ্যমান।

সংজ্ঞা

ধর্ম: চিন্তা প্রক্রিয়া বা চর্চা যা দাবি করে অতিপ্রাকৃত জগতের অস্তিত্ব এবং যা কোনো মতবাদ, ধর্মশাস্ত্র এবং পবিত্রতায় আস্থা রাখতে, উপাসনা করতে বা অনুসরণ করতে বলে।

ঈশ্বর: যিনি বিশ্বকে সৃষ্টি করেছেন বা পরিচালনা করছেন বলে আস্তিকরা বিশ্বাস করে। একে সাধারণত বুদ্ধিমত্তা, ইচ্ছা, জ্ঞান, ভালোবাসা এবং ঘৃণার মত মানবীয় এবং সর্বশক্তিমান , সর্বজ্ঞতা, অমরতা, পরম দয়ালুতা, সর্বব্যাপ্তিতার মত অতিমানবীয় গুণ দ্বারা সংজ্ঞায়িত করা হয়। এই সত্তাকে প্রায়ই মানুষের সাথে কথপোকথন, বিভিন্ন ক্রিয়া-প্রতিক্রিয়ায় সম্পর্কিত বলে চিত্রায়িত করা হয়। আবার কখনো কখনো অব্যক্তিগত ‘শক্তি’ বা স্বয়ং ‘প্রকৃতি’ বলেও ধরা হয়।

আস্তিকতা: ঈশ্বরে বিশ্বাস।

নাস্তিকতা: ঈশ্বরে বিশ্বাসহীনতা।

অজ্ঞেয়বাদ: যা প্রমাণ বা যৌক্তিক প্রতিপাদন অপর্যাপ্ত, সে প্রস্তাবনাকে সত্য বলে স্বীকারে অসম্মতি। অধিকাংশ অজ্ঞেয়বাদী ঈশ্বরে বিশ্বাস নাকচ করে দেন।

মুক্তচিন্তা: ধর্ম ও ঈশ্বর বিষয়ে যুক্তির উপর নির্ভর করে এবং কর্তৃত্ব বা প্রতিষ্ঠান, ঐতিহ্য, প্রথা, প্রতিষ্ঠিত বিশ্বাস নিরপেক্ষ হয়ে মতামত গঠন প্রক্রিয়া।

সত্যতা: কোন মাপকাঠি অথবা প্রক্রিয়ার স্তর বা পর্যায়, যার সাথে বাস্তবতা এবং যুক্তির সামঞ্জস্যতা আছে।

বাস্তব প্রমাণ : সুগভীর চিন্তার উপায় যা কোনো প্রস্তাবনার সত্যতাকে নিম্নোক্ত পরীক্ষণ দ্বারা যাচাই করে :

১।প্রতিপাদন : প্রমাণ বা বারবার পর্যবেক্ষণযোগ্য পরীক্ষণ একে নিশ্চিত করেছে কি?

২।মিথ্যাপ্রতিপন্নকরণ যোগ্যতা : সম্পূর্ণ মুক্তভাবে কোনো বিষয়কে বিচার -বিশ্লেষণের মাধ্যমে মিথ্যায়ণ করার জন্য সর্বপ্রকার প্রচেষ্টা গ্রহণ সম্ভব কি-না এবং এরকম সকল প্রচেষ্টা এখন পর্যন্ত ব্যর্থ হয়েছে কি-না?

৩।হিসেবী : কোন বক্তব্যের সবচেয়ে সরল ব্যাখ্যা কি-না, এবং এর জন্য সবচেয়ে কম অনুমানকরণের প্রয়োজন রয়েছে কি?

৪।যুক্তি : কোন বক্তব্য-সিদ্ধান্ত স্ববিরোধিতা, অবয়ববিরুদ্ধ অনুমান থেকে মুক্ত কি?

সেক্যুলার মানবতাবাদ: সেক্যুলার মানবতাবাদ হল যৌক্তিক বিশ্বজনীন দৃষ্টিভঙ্গি , যা মানবতাবোধকে সব ধরনের মূল্যবোধের মানদণ্ড হিসেবে বিবেচনা করে।

অতিরিক্ত পাঠের জন্য :

1) The Age of Reason, Thomas Paine.

2) An Anthology of Atheism and Rationalism, edited by Gordon Stein, Prometheus Books, New York, 1980.

3) A Second Anthology of Atheism and Rationalism, edited by Gordon Stein, Ph.D., Prometheus Books, New York, 1987.

4) Atheism: The Case Against God, George Smith, Prometheus Books, New York, 1979.

5) Atheism: A Philosophical Justification, Michael Martin, Temple University Press, Philadelphia, 1991.

6) Bertran Russell on God and Religion, edited by Al Seckel, Prometheus Books, New York, 1986.

7) Critiques of God, edited by Peter Angeles, Prometheus Books, New York, 1976.

8) Ten Common Myths about Atheists, Annie Laurie Gaylor, Freedom From Religion Foundation, Madison, Wisconsin (booklet), 1987.

কমেন্ট

1. ভবঘুরে

জুলাই ২৭, ২০১০ সময়: ৫:২৬ অপরাহ্ণ লিঙ্ক

খুব ভাল ও যুক্তিপূর্ন নিবন্ধ। ধন্যবাদ আপনাকে। কিন্তু মুসকিল হলো এসব নিবন্ধ আস্তিকরা পড়ে না বা পড়তেই চায় না। তারা ভয় পায় এটা পড়লে গুনাহ হবে, মরার পর জাহান্নামের আগুনে পুড়তে হবে।

2. 2

মুক্তমনা এডমিন

জুলাই ২৭, ২০১০ সময়: ৫:৫৯ অপরাহ্ণ লিঙ্ক

যুক্তি ম্যাগাজিন, সংখ্যা ৩ এর সূচীর সাথে লেখাটি লিঙ্কায়িত করা হল।

3. 3

অপার্থিব

জুলাই ২৭, ২০১০ সময়: ৮:৪৩ অপরাহ্ণ লিঙ্ক

ড্যান বার্কারের এই লেখা অনেক আগেই পড়েছিলাম। ভাল যুক্তি নিঃসন্দেহে এবং এগুলো বেশ সুবিদিত, বার্কার এগুলিকে সুন্দর ভাষায় আবার ব্যক্ত করেছেন। যাহোক , যুক্তিপূর্ণ এই লেখার এক জায়গা নিয়ে আমি মন্তব্য করতে চাই, যেটা ঠিক যুক্তিপূর্ণ নয়, এবং বিতর্কিত। সেটা হলঃ

(A natural law is a description, not a prescription)। মহাবিশ্ব কোনোকিছু দ্বারা বা নির্দেশ অনুসারে পরিচালিত হচ্ছে না। 'প্রাকৃতিক নিয়ম' মানুষের তৈরি ধারণা মাত্র, যা প্রকৃতির বিভিন্ন ঘটনাবলী মানুষের কাছে বোধগম্য করে তুলে ;

অনেক বিজ্ঞানীই এটার সঙ্গে একমত হবেন না। যেমন Roger Penrose, Paul davies প্রমুখ। বিশেষ করে 'প্রাকৃতিক নিয়ম' মানুষের তৈরি ধারণা মাত্র বলার মানে হল মানুষ প্রাকৃতিক নিয়মের দ্বারা তৈরী নয়। কারণ মানুষ যদি প্রাকৃতিক নিয়মের ফলেই সৃষ্ট তাহলে তো প্রাকৃতিক নিয়ম মানুষ সৃষ্টির আগে থেকেই অস্তিমান। মানুষ আবার সেই প্রাকৃতিক নিয়মকে কিভাবে তৈরী করবে ? এটা এক চক্রাকার উক্তি হয়ে যায়। আরেকটা ব্যাপার হল যে প্রাকৃতিক নিয়ম যদি বোঝার সুবিধার জন্য মানুষের তৈরী বর্ণনা মাত্র তাহলে প্রাকৃতিক নিয়ম দিয়ে অতীতকে ব্যাখ্যা করা বা ভবিষ্যৎবাণী করা যেতনা যেটা পদার্থ বিজ্ঞানের নিয়ম দ্বারা করা হয়। আদি অতীতে বিশ্ব সৃষ্টির যে ব্যাখার চেষ্টা পদার্থবিজ্ঞানীরা করছেন সেটা অর্থহীন হয়ে যায়। এবং পদার্থবিজ্ঞানের সূত্র দিয়ে এমন অনেক ভবিষ্যৎবাণী করা হয়েছে যা পরে পর্যবেক্ষণের দ্বারা প্রমাণিত হয়েছে। বেশীর ভাব বিজ্ঞানীরাই এটা ধরেই নেন যে বিজ্ঞানীরা 'প্রাকৃতিক নিয়মকে (পদার্থ বিজ্ঞানের বিধিসমূহকে) আবিষ্কা র করেন, তৈরী করেন না। তাত্ত্বিক পদার্থবিজ্ঞানীরা এই দলেই পড়েন। যারা মানুষের তৈরী বলে , তাঁরা প্রায় সবাই ব্যবহারিক পদার্থবিজ্ঞানী বা পদার্থবিজ্ঞানের বাইরের বিজ্ঞানী। আমি মনে করি পদার্থবিজ্ঞান ও অধিবিদ্যার এই সীমান্তে তাত্ত্বিক পদার্থবিজ্ঞানীদেরই এই সূক্ষ্ম ব্যা পারটি ভাল বোঝার কথা।



ভবঘুরে এর জবাব:

জুলাই ২৭, ২০১০ at ৯:৪৫ অপরাহ্ণ

@অপার্থিব,

মানুষ আবার সেই প্রাকৃতিক নিয়মকে কিভাবে তৈরী করবে ?
বিজ্ঞানীরা প্রাকৃতিক নিয়ম তৈরী করে নি। প্রাকৃতিক নিয়মকে ধারনা করেছে শুধুমাত্র জগতকে বোধগম্যভাবে ব্যখ্যা করার সুবিধার জন্য। বিষয়টা অনেকটা এরকম - আমাদের পৃথিবীর মাঝখান দিয়ে একটা রেখা বৃত্তাকারে চলে গেছে যাকে আমরা বিষুব রেখা বলি। বাস্তবে কি সেধরনের কোন রেখা আকা আছে নাকি গোটা পৃথিবী জুড়ে ? না তা নেই , এটা হলো পৃথিবীর ভৌগোলিক অবস্থাকে ব্যখ্যা বা বোঝার সুবিধার জন্য রেখাটি কল্পনা করা হয়েছে। প্রাকৃতিক নিয়ম মহাবিশ্ব সৃষ্টির পর মুহূর্ত থেকেই ছিল যার বিভিন্ন বিধি সমূহ ক্রমশ: পদার্থ বিজ্ঞানীরা আবিষ্কার করছেন। আর গোটা বি ষয়টাকে প্রাকৃতিক নিয়ম নাম দিয়েছেন তাদের বা সাধারন মানুষের বোঝার স্বার্থে।

রৌরব এর জবাব:
জুলাই ২৭, ২০১০ at ১০:৪৯ অপরাহ্ণ
@অপার্থিব,
আমি উদ্ধৃতিটির সপক্ষে, অন্য এক জায়গায় অনন্ত নির্বাণের সাথে এ ব্যাপারে কথা হয়েছিল। আমি অনেক বিজ্ঞানীকে জানি যারা মনে করেন পদার্থবিদ্যার আইন গুলি কোন এক platonic অর্থে “সত্য”, কিন্তু এর মানে যে কি হতে পারে আমার তো মাথায় আসেনা। বিজ্ঞান আমার কাছে বাস্তবতার একটি বিবরণ, এবং একমাত্র এই অর্থেই সত্য।
তাত্ত্বিক পদার্থবিদরা গত কয়েক শতাব্দী ধরে একটি সফল aesthetic মেনে কাজ করে চলেছেন, সেটা হল এই যে প্রকৃতিকে গাণিতিক ভাষায় খুব সহজে বর্ণনা করা যায় , এবং এই চিন্তার সাফল্যের কারণে তাদের মধ্য একটা দার্শনিক বিভ্রম ঘটেছে বলে আমি মনে করি। তাদের aesthetic শেষ অবদি একটি heuristic -এর বেশি কিছু নয়।

আরেকটা ব্যাপার হল যে প্রাকৃতিক নিয়ম যদি বোঝার সুবিধার জন্য মানুষের তৈরী বর্ণনা মাত্র তাহলে প্রাকৃতিক নিয়ম দিয়ে অতীতকে ব্যাখ্যা করা বা ভবিষ্যৎবাণী করা যেতনা যেটা পদার্থ বিজ্ঞানের নিয়ম দ্বারা করা হয়।

এটা বুঝলাম না কিন্তু। বর্ণনা টা তো গ্রহণযোগ্য এবং সফল একারণেই যে সেটা অতী ত-ভবিষ্যতের সঠিক বিবরণ দেয়!

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৩:১৬ পূর্বাহ্ণ
@রৌরব,

লেখক এখানে মানুষের বা কারো দ্বারা নির্দেশিত আইনের বা নিয়মের সাথে প্রকৃতির নিয়মের ব্যবধানটা বোঝাতে চেয়েছেন। দেখুন প্যারাটি -

প্রাকৃতিক নিয়ম একটি বর্ণনা-মাত্র, তা কোনো ব্যক্তি বা গোষ্ঠীর বিধান বা নির্দেশ নয়। (A natural law is a description, not a prescription)। মহাবিশ্ব কোনোকিছু দ্বারা বা নির্দেশ অনুসারে পরিচালিত হচ্ছে না। 'প্রাকৃতিক নিয়ম' মানুষের তৈরি ধারণা মাত্র, যা প্রকৃতির বিভিন্ন ঘটনাবলী মানুষের কাছে বোধগম্য করে তুলে ; এটি সামাজিক নিয়মকানুনের মত কোনো ব্যক্তি বা গোষ্ঠীর আচরণগত নির্দেশনা নয়। (আজকে কোনো প্রাকৃতিক ঘটনা যেভাবে ঘটে থাকে , যেমন পৃথিবীর আহ্নিক গতি বা বার্ষিক গতি, ঐ ঘটনা যদি ভিন্নভাবেও ঘটতো - তবে আমরা তাকেও বলতাম 'প্রাকৃতিক নিয়ম')। যদি ঐশ্বরিক পরিকল্পনা ধারণা সঠিক হয় তবে তা সমভাবে ঈশ্বরের ক্ষেত্রেও প্রযোজ্য। ঈশ্বরকেও কারো দ্বারা নিয়ন্ত্রিত হওয়া প্রয়োজন। (তা না হলে ঈশ্বর একটি 'বিশৃঙ্খল ধারণায়' পতিত হবে)।

রৌরব এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৩:৩২ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,
সেটা বুঝতে পারছি 🙂
আমি উদ্ধৃতিটিকে সঠিক বলেই মনে করি। আলোচনাটি অবশ্য ঈশ্বর-বিষয়ক অংশটি নিয়ে হচ্ছিল না। "প্রাকৃতিক নিয়ম" মানুষের তৈরি ধারণা মাত্র – অপার্থিব এটির ব্যাপারে যা মন্তব্য করেছেন তার প্রেক্ষিতে ছিল আমার মন্তব্য।

অপার্থিব এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৬:০০ পূর্বাহ্ণ
@রৌরব,

আমি অনেক বিজ্ঞানীকে জানি যারা মনে করেন পদার্থবিদ্যার আইন গুলি কোন এক platonic অর্থে "সত্য", কিন্তু এর মানে যে কি হতে পারে আমার তো মাথায় আসেনা। বিজ্ঞান আমার কাছে বাস্তবতার একটি বিবরণ, এবং একমাত্র এই অর্থেই সত্য।

এর মানে তো বিজ্ঞানীদের ঐ উক্তিটির ব্যখ্যাতেই পাওয়া যায়। অন্তত আমার তো বুঝতে অসুবি ধা হয় নি। একভাবে চেষ্টা করা যাক। মূল উক্তিটা ছিল ঃ

(A natural law is a description, not a prescription)। মহাবিশ্ব কোনোকিছু দ্বারা বা নির্দেশ অনুসারে পরিচালিত হচ্ছে না। 'প্রাকৃতিক নিয়ম' মানুষের তৈরি ধারণা মাত্র, যা প্রকৃতির বিভিন্ন ঘটনাবলী মানুষের কাছে বোধগম্য করে তুলে;
এটা বুঝতে অসুবিধা নাই নিশ্চয়। এটা একটি বচন উক্তি। মানে এটাকে সত্য বা মিথ্যা বলে দাবী করা যায় বা হচ্ছে। এর উল্টোটাই platonism, যেটা বুঝতে অসুবিধা হচ্ছে আপনার। কোনটা সত্য কোনটা মিথায় সেটা আরেক ব্যাপার, অন্তত উক্তিটি বা তার উল্টোটা কি বোঝায় সেটা তো বোঝা গেল। যে কোন বচন উক্তি বুঝলে তার বিপরীত বচন উক্তিও বোঝা যায়। এক কথায় platonism মানে হল মহাবিশ্ব একটা মহাজাগতিক বিধির দ্বারা (পদার্থবিজ্ঞানী হাইনস্ পেগেলস্ যাকে Cosmic Code বলতেন, আসলে পদার্থ বিজ্ঞানের বিধিসমূহ) পরিচালিত। এই বিধি মানুষের দ্বারা সৃষ্ট বা তৈরী নয়, মানুষ শুধু এটা আবিষ্কার করে।

এখন আসি অতীত ব্যাখ্যা বা ভবিষ্যৎবাণী নিয়ে আপনার দ্বিতীয় প্রশ্নে। এটা একটু কষ্টকর হতে পারে বোঝাতে, ভাষার সমস্যার জন্য। বলতে চেয়েছিলাম, যে 'প্রাকৃতিক নিয়ম' যদি মানুষের তৈরি ধারণা হয়, তাহলে সেই প্রাকৃতিক নিয়ম তো মানুষ সৃষ্টির আগে না থাকারই কথা। সুদূর অতীতে , যখন বিগ ব্যাং সংঘটিত হয়, তখন তো মানুষ ছিল না। তাহলে সেই বিগ ব্যাং পদার্থ বিজ্ঞানের নিয়মে ঘটে কি করে, যদি না সে পদার্থ বিজ্ঞানের নিয়ম তখনো কার্যকারী থেকে থাকে। তার মানেই তো এটা স্বীকার করা যে পদার্থবিজ্ঞানের নিয়মের স্বতন্ত্র এবং সর্বকালীন অস্তিত্ব আছে, মানুষের অস্তিত্বের সঙ্গে তার কোন যোগাসূত্র নেই। মানুষ কেবল তা উদ্ঘাটিত করছে। আরেকটা ব্যাপর আমি উল্লেখ করেছিলাম , যেটা আবার পুনুক্তি করছি, সেটা হল, মানুষকে তো বিজ্ঞানের দৃষ্টিতে অন্য সব জড় বস্তু বা জন্তুর ম ত বৈজ্ঞানিক বিধির একটা প্রডাক্টই আমরা মনে করি। বিবর্তনের মাধ্যমে। বিবর্তন তো নিজেই পদার্থবিজ্ঞানের এক প্রকাশ। তাহলে মানুষ যার দ্বারা সৃষ্ট সেটা আবার মানুষই সৃষ্টি করে বলাটা চক্রাকার হয় কি না। মানুষ তা আবিষ্কার করতে পারে। আমি আগেও এই কথাটিই উল্লেখ করেছিলাম , এটা এখনো বুঝতে অসুবিধা হলে জানান, দেখি অন্যভাবে ব্যক্ত করতে পারি কি না। একই যুক্তি দেয়া যায় ভবিষ্যৎ বাণীর ব্যাপারে। যদি পদার্থ বিজ্ঞানের নিয়ম কেবল বর্ণনাই হত, তাহলে যা ঘটেনি সেটা তো বর্ণনার মধ্য পড়ার মধ্য কথা না। কিন্তু মহাকর্ষের সাধারণ তত্ত্বের দ্বারা সূর্য দ্বারা নক্ষত্রের আলো বাঁকানোর ভবিষ্যৎবাণী করা হয়েছিল এবং তা পরে প্রমাণিত হয়েছিল। তার মানে মহাকর্ষের সাধারণ তত্ব একটা প্রেস্ক্রিপশান, ডেস্ক্রিপশন নয়।

রৌরব এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৬:৪৮ পূর্বাহ্ণ
@অপার্থিব,
এমন হতে পারে যে গণ্ডগোলটা পুরোটাই ভাষাগত তাহলে একটু বিব্রত হতে হবে! তাও, শুরু করা যাক।

এই বিধি মানুষের দ্বারা সৃষ্ট বা তৈরী নয়, মানুষ শুধু এটা আবিষ্কার করে।

বিশ্ব যে মানুষ সৃষ্ট নয়, সেটা তো অবশ্যই। এ ব্যাপারে সন্দেহ থাকলে ডাক্তার দেখাতে হবে

কিন্তু "বিধি" মানুষ সৃষ্ট। পরিষ্কার করি। বিজ্ঞানের শুরু পর্যবেক্ষণ থেকে। কিছু পর্যবেক্ষণ পেলাম, সেখান থেকে মাথা ঘামিয়ে E=mc^2 সূত্রটি বের করলাম, যার সাথে আরো নতুন পর্যবেক্ষণ মিলে যাচ্ছে। এখন, আমি বুঝতে ব্যর্থ, এই যে পর্যবেক্ষণ মিলে যাচ্ছে, এছাড়া কি প্লাটোনিক বৈধতা এই সূত্রের থাকতে পারে?

"মহাজাগতিক বিধির দ্বারা (পদার্থবিজ্ঞানী হাইনয্ পেগেলস্ যাকে Cosmic Code বলতেন, আসলে পদার্থ বিজ্ঞানের বিধিসমূহ) পরিচালিত" এই বাক্যের শব্দগুলি পড়ছি, কিন্তু মানে বুঝতে পারছি না। এটা কিভাবে প্রমাণ করা সম্ভব (যে descriptive অর্থে এগুলি প্রমাণিত বলে আমিও মেনে নিচ্ছি, সেটা ছাড়া)? এটা কি একটা বিশ্বাস ছাড়া অন্য কিছু? আমি তো এটার একমাত্র সম্ভব প্রমাণ ভাবতে পারি, যদি আমরা আবিষ্কার করি, একটি বিশাল কম্পিউটার মহাবিশ্ব চালাচ্ছে, সেখানে এই সূত্রগুলি স্পষ্টাক্ষরে লিখিত।

একই যুক্তি দেয়া যায় ভবিষ্যৎ বাণীর ব্যাপারে। যদি পদার্থ বিজ্ঞানের নিয়ম কেবল বর্ণনাই হত, তাহলে যা ঘটেনি সেটা তো বর্ণনার মধ্য পড়ার মধ্য কথা না।

কেন? আমি কি বলেছি বর্ণনা অতীত আর বর্তমানের বর্ণনা 8-)? সফল বর্ণনা, সব ডিমেনশনে সম্পূর্ণ বিবরণ দেবে। যত সম্পূর্ণ, তত ভাল বর্ণনা, তত ভাল বিধি। এখানে সময়টা আর কটা মাত্রার মতই একটা মাত্রা। বিবরণ ভাল হলে সেটা যেমন ডানে-বাঁয়ে সঠিক হবে, তেমনি অতীতে-ভবিষ্যতেও সফল হবে।

অপার্থিব এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৭:৩৫ পূর্বাহ্ণ
@রৌরব,

> বিজ্ঞানের শুরু পর্যবেক্ষণ থেকে। কিছু পর্যবেক্ষণ পেলাম , সেখান থেকে মাথা ঘামিয়ে E=mc^2 সূত্রটি বের করলাম, যার সাথে আরো নতুন পর্যবেক্ষণ মিলে যাচ্ছে। এখন , আমি বুঝতে ব্যর্থ, এই যে পর্যবেক্ষণ মিলে যাচ্ছে, এছাড়া কি প্লাটোনিক বৈধতা এই সূত্রের থা কতে পারে?

E=mc^2 কোন মৌলিক সুত্র নয়। এটা আপেক্ষিক গতিবিদ্যার (Relativistic Mchanics) এক লব্ধ ফল। আর Relativistic Mchanics আইন্সটাইনের বিশেষ আপেক্ষিকতার তত্ত্বের উপর ভিত্তি করে লব্ধ। আর আইন্সটাইনের বিশেষ আপেক্ষিকতার তত্ত্ব আইন্সটাইন কোন পর্যবেক্ষণের দ্বারা বের করেন নি। স্বজ্ঞার (Intuition) দ্বারা। কাজেই এই উদাহরণ দিয়ে platonism ভুল প্রমাণ তো করা গেল না। বস্তুত platonism বা এর উল্টোটা (Constructivism) বৈজ্ঞানিক সূত্রের দ্বারা ভুল বা সত্য প্রমাণ করা যায় না। দুটোই একধরণের বিশ্বাস। কোনটা বাস্তবতা এবং যুক্তির সা থে বেশী সঙ্গতিপূর্ণ তা দিয়েই পরোক্ষভাবে বিচার করতে হবে কোনটা বেশী যুক্তিসঙ্গত। এই দৃষ্টিতে আমার মতে , এবং প্রায় সকল তাত্বিক পদার্থবিদেরা এবং বিশুদ্ধ গণিতবিদেরা platonism এর পক্ষেই রায় দিয়েছেন। যুক্তির দিকটা অন্তত Roger Penrose মত চৌকশ গাণিতিক পদার্থবিদেরা মনে রেখেই platonism এর পক্ষে রায় দেন নিশ্চয়ই। ভাষার কারণে যদি এই মতপার্থক্য হয়ে থাকে তাহলে আমি সাজেস্ট করব Roger Penrose, Paul Davies, বা John Barrow এর বই বা এ ব্যাপারে তাঁদের বক্তব্য পড়া। আমার ভাষার দক্ষতা সীমাবদ্ধ।

রৌরব এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৮:০৯ পূর্বাহ্ণ
@অপার্থিব,

> E=mc^2 কোন মৌলিক সুত্র নয়।

এটা কি সত্যিই প্রাসংগিক? এটা একটা উদাহরণ মাত্র, আপনার পছন্দ সই সূত্রই নিন না কেন। আর দ্বিতীয় হল, এটা যদি পর্যবেক্ষণের সাথে না মিলত, তাহলে একমাত্র বিশ্বাস ছাড়া একে "সত্য" ভাবতে পারতেন কি?

আর Relativistic Mchanics আইন্সটাইনের বিশেষ আপেক্ষিকতার তত্ত্বের উপর ভিত্তি করে লব্ধ। আর আইন্সটাইনের বিশেষ আপেক্ষিকতার তত্ত্ব আইন্সটাইন কোন পর্যবেক্ষণের দ্বারা বের করেন নি।

বিজ্ঞানীরা কি পদ্ধতি ব্যবহার করেন, সেটা বৈজ্ঞানিক সত্য নির্ধারণ করেনা। অনেকে স্বপ্নে দেখে বৈজ্ঞানিক আবিষ্কার করেছে, কিন্তু সেটার সঠিকতার একমাত্র মাপকাঠি পর্যবেক্ষণ। আমি আগের পোস্টেই লিখেছি, পদার্থবিজ্ঞানীরা একটা সফল heuristic অনেক কাল যাবৎই ব্যবহার করে আসছেন, যেটা কিনা গণিত ও যুক্তিবিদ্যার ব্যবহার। অনেক ক্ষেত্রে পর্যবেক্ষ ণের আগেই গাণিতিক সূত্র এসেছে, কিন্তু এটা শুধু এটাই প্রমাণ করে যে আলোচ্য phenomon গুলি সহজে বর্ণনা যোগ্য, কাজেই গুলি লেগে গেছে। পদ্ধতি হিসেবে এটার সমালোচলা আমি করছিনা কিন্তু।

দুটোই একধরণের বিশ্বাস

তাহলে তো হয়েই গেল। বিশ্বাস করার দরকার কি কোনটাকেই? contructivism এর কথা আমি তুলিনি, কাজেই ও নিয়ে আমি চিন্তিত নই। আমি বলেছি, বিজ্ঞান বর্ণনা দেয়, এবং এটা আপনি নিশ্চয় অস্বীকার করেননা। তাহলে ড্যান বার্কারের বাক্যের প্রথমাংশে যদি আমরা একমত হই, আর দ্বিতীয়টা যদি বিশ্বাস হয়ে থাকে, তাহলে নাস্তিকরা আস্তিকদের যে যু ক্তি দেয় সেটা প্রয়োগ করলে এই মুহূর্তে দ্বিতীয়টাকে আমরা (কার্যত) অবিশ্বাস করতে বাধ্য।

আমি সাজেস্ট করব Roger Penrose, Paul Davies, বা John Barrow এর বই বা এ ব্যাপারে তাঁদের বক্তব্য পড়া

ওয়েবে কোন প্রবন্ধ আছে কি? তাহলে সহজ হয়। ধন্যবাদ।

রৌরব এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৮:২২ পূর্বাহ্ণ
@রৌরব,
সার্চ দিয়ে এই মাত্র

http://www.friesian.com/penrose.htm

পেলাম। পুরোটা আস্তে আস্তে পড়ব , কিন্তু প্রথম দিকেই কমপিউটার সম্বন্ধে যে মতামত ব্যক্ত করেছেন Penrose তা হতাশাজনক। মনে হচ্ছে যে বিষয়ে কথা বলছেন সে ব্যাপারে অনেক কিছুই জানেন না। যাহোক, কমপিউটারের ব্যাপারটা মূখ্য না , আমি বাকিটা পড়ে দেখব।

অপার্থিব এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৯:০৫ পূর্বাহ্ণ
@রৌরব,

@রৌরব,

অনেক ক্ষেত্রে পর্যবেক্ষণের আগেই গাণিতিক সূত্র এসেছে

গাণিতিক সূত্রের সাথে পর্যবেক্ষণের সম্পর্ক তো খুবই ক্ষীণ। পদার্থ বিজ্ঞানের সূত্রের সাথে পর্যবেক্ষণের সম্পর্ক আছে অধিকাংশ ক্ষেত্রে, যিদিও ব্যতিক্রম আছে যেমন আইন্সটাইনের বেলায়। আমি স্বজ্ঞার কথা এইজন্য তুলেছিলাম যে এতে অন্তত দেখান যায় যে বিজ্ঞানের সুত্র সবসময়েই বর্ণনা নয় , কারণ আইন্সটাইনের আপেক্ষিকতা কিছুই বর্ণনা করেনি যখন তা তিনি প্রকাশ করেন।

তাহলে তো হয়েই গেল। বিশ্বাস করার দরকার কি কোনটাকেই? contructivism এর কথা আমি তুলিনি, কাজেই ও নিয়ে আমি চিন্তিত নই।

ড্যান বার্কারের বাক্যটিই তো contructivism । তার সঙ্গে একমত হয়া মানেই তো contructivism এ বিশ্বাস করা। কে কোনটা বিশ্বাস করবে সেটা তো আর দরকারের ব্যাপার নয়।

আমি বলেছি, বিজ্ঞান বর্ণনা দেয়, এবং এটা আপনি নিশ্চয় অস্বীকার করেননা।

“আমি বলেছি, বিজ্ঞান বর্ণনা দেয়,” এটাই contructivism এ বিশ্বাস। আসলে বর্ণনা কথাতেই সমস্যা। ইতিহাস অতীতের ঘটনার বর্ণনা দেয়। যেখানে কোন অন্তর্নিহিত সূত্র বা বিধির প্রয়োগ নেই সেখানেই বর্ণনা কথাটা খাটে। সুত্র বা বিধিহীন বর্ণনা একটা নির্বোধ রোবটকে দিয়ে করান যেতে পারে। কিন্তু পদার্থ বিজ্ঞানে বর্ণনা কথাটার ব্যবহারেই আপত্তি। এটা অ-পদার্থবিদেরাই (অপদার্থ নয়!) ভাষা। পদার্থ বিজ্ঞানে সুত্র আবিষ্কার করে তা দিয়ে পর্যবেক্ষণকে ব্যাখ্যা করা হয় , অথবা নতুন পর্যবেক্ষণের ভবিষ্যৎবাণী করা হয়। এখানে ব্যাখ্যাটাকে বর্ণনা বলা যেতে পারে এক ঢিলা ঢালা অর্থে। কিন্তু না বলাই সমীচিন হবে।

আমার মনে হয় এ নিয়ে আর বেশি তর্কের স্কোপ নেই। আমার যা বলার বললাম, আপনার বক্তব্যও শুনলাম। এখন বরং আমাদের আরেকটু গভীর ভাবে চিন্তা ভাবনা করাই ভাল।

রৌরব এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৭:০৯ অপরাহ্ণ
@অপার্থিব,

আমার মনে হয় এ নিয়ে আর বেশি তর্কের স্কোপ নেই।

একমত।

অভিজিৎ এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৯:৩৩ অপরাহ্ণ
রৌরব এবং অপার্থিবের বিতর্কের মধ্যে না ঢুকেই কিছু মন্তব্য করি। পদার্থবিজ্ঞানের সূত্রগুলোর উদ্ভব আর অস্তিত্বের আলোচনা পদার্থবিজ্ঞানের প্রান্তিক সমস্যাগুলোর একটি। এটি নিয়ে স্বাধীনের সাথে আগে আলোচনা করেছিলাম। প্রাসঙ্গিক বিধায় আলোচনা করছি এখানেও।

ড্যান বার্কার যে অর্থে বলেছেন 'মানব নির্দেশিত' তার একটি ব্যাখ্যা হচ্ছে, পদার্থবিদদের একটা অংশ আসলেই মনে করেন যে, পদার্থবিজ্ঞানের সূত্রগুলো আসলে পদার্থের ব্যবহারজনিত কোন নিষেধাজ্ঞা তৈরি করে না, বরং পদার্থবিদরা কিভাবে তাদের মডেল নির্মাণ করবেন তার নিষেধাজ্ঞা তৈরি করে এই প্রাকৃতিক সূত্রগুলো। ব্যাপারটা সাধারণভাবে একটু কফিউজিং মনে হতে পারে। কারণ এই ব্যাখ্যা হিসেবে এই প্রাকৃতিক সূত্রগুলো আসলে মানব নির্দেশিত সংজ্ঞা ছাড়া আর কিছু নয় (আর সে হিসেবে ড্যান বার্কারের উক্তিটি সেভাবে ভুল নয়) কিছু সহজ উদাহরণ দেয়া যাক। আমরা নিউটনের মাধ্যাকর্ষণসূত্রকে প্রাকৃতিক সূত্র মনে করলেও এটা আসলে জড়জগতের জন্য 'আপেল মাটিতে পড়ে কেন?' - এ ধরনের বাস্তবতাকে ব্যাখ্যা করার এক ধরনের মডেল। কিন্তু এক সময় দেখা গেল অন্তিম কিছু পরিস্থিতিতে (যেমন বস্তু যখন ছুটতে থাকে আলোর বেগের কাছাকাছি) নিউটনের মডেল কাজ করে না। আমরা স্মরণাপন্ন হলাম আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্ব থেকে পাওয়া মডেলের। আবার আইনস্টাইনের মডেলও প্লাঙ্ক স্কেলের চেয়ে ছোট জায়গায় কাজ করে না, আমরা স্মরণাপন্ন হই,

কোয়ান্টাম পদার্থবিদ্যার কিছু সূত্রের। কাজেই দেখা যাচ্ছে আমাদের 'ইন্টারপ্রিটেশন' বদলে যাচ্ছে। অর্থাৎ, সূত্রগুলো আমাদের মডেলের রেস্ট্রিকশন তৈরি করছে , পদার্থের নয়। আরো কিছু উদাহরণ এমনিতেই দেয়া যায়। কনজারভেশন অব লিনিয়ার মোমেন্টাম নামের সূত্রের কথা যে আমরা জানি , তা আর কনজার্ভড থাকে না যখন স্পেস ট্রান্সলেশন সিমেট্রি ভেঙ্গে যায়। ঠিক একইভাবে এংগুলার মোমেন্টামও যে কিছু বিশেষ ক্ষেত্রে লংঘিত হয়, তা পদার্থবিজ্ঞানের দৃষ্টান্ত খুঁজেই দেখানো যায়। কোয়ান্টাম টানেলিং এর সময় নিউটোনিয়ান ব্যারিয়ার কাজ করে ন, সেট আমরা জানি। এমনকি, যে শক্তির নিত্যতার সূত্রকে আমরা ধ্রুব সত্য বলে জানি , সেতারও বত্যয় ঘটে কোয়ান্টাম স্কেলে। এমনকি পল ডেভসও সেটা স্বীকার করেছেন তার বইয়ে -

'In the everyday world, energy is always unalterably fixed; the law of energy conservation is a cornerstone of classical physics. But in the quantum microworld, energy can appear and disappear out of nowhere in a spontaneous and unpredictable fashion' (Davies, Paul. 1983. God and the New Physics. London: J.M. Dent & Sons).

কাজেই উপরের উদাহরণগুলো গোনায় ধরলে পদার্থবিজ্ঞানের সূত্রগুলকে যে ভাবে চিরায়ত বা 'abstract Platonic' বলে উল্লেখ করা হয় সেগুলো কি সেরকমই নাকি আসলে মডেল তৈরির প্রয়োজনে পদার্থবিদদের বর্ণন, তা এখনো সেভাবে আমাদের কাছে পরিস্কার নয়। অন্ততঃ কিছু পদার্থবিদ আছেন আমরা জানি, যারা ব্যাপারটাকে সেরকম দেখেন না। যেমন, অধ্যাপক ভিক্টর স্টেংগর ব্যাপারটি ব্যাখ্যা করে একটি বই লিখেছেন 'The Comprehensible Cosmos: Where Do the Laws of Physics Come From?' সেটা পড়া যেতে পারে। তার সাইটে একটি পেপার আছে : Where Do the Laws Of Physics Come From? এগুলোর কথা অবশ্য অপার্থিব আগেই জানেন। পাশাপাশি আমি ভিক্টর স্টেঙ্গরের 'গড - দ্য ফেইল্ড হাইপোথিসিস' থেকে উদ্ধৃত করি -

"So where did the laws of physics come from? The came from nothing! Most are statements composed by humans that follow from the symmetries of the void out of which universe spontaneously arose. Rather than being handed down from above, like the Ten Commandments, they look exactly as they should look if they are not handed down from anywhere" (page 131)

পেনরোজ এবং ডেভেসেরা প্রথম দলে পড়েন, যারা মনে করেন, ব্যাপারটা প্লেটোনিক, অর্থাৎ, পদার্থবিজ্ঞানের নিয়মগুলো সবসময়ই নিয়ম হিসেবে ছিল, পদার্থবিজ্ঞানীদের কাজ সেগুলো খুঁজে বের করা। আর স্টেঙ্গর এবং অন্যান্যরা দ্বিতীয় দলে, যারা মনে করেন, প্রাকৃতিক সূত্রগুলো মডেল নির্মাণের প্রয়োজনে মানব নির্দেশিত সংজ্ঞা । অপার্থিব সম্ভবতঃ প্রথম দর্শনটিকে উপরে তুলে ধরতে চাইছে , এবং রৌরব দ্বিতীয়। যেহেতু ব্যাপারটি পদার্থবিদদের প্রান্তিক গবেষণার বিষয় , আমাদের সেজন্য বিজ্ঞানীদের

গবেষণালব্ধ ফলাফলের দিকেই তাকিয়ে থাকতে হবে, ব্লগে এ নিয়ে তর্ক করে খুব বেশি লাভ হবে না। এ ব্যাপারে অভিমত দেয়া যায়, কিন্তু মীমাংসায় পৌঁছুনো যায় না। এ ছাড়া আরো অনেক ব্যাপার আছে। যেমন, সাম্প্রতিক মাল্টিভার্স এর ব্যাপারটা যদি বিবেচনায় আনি, তবে এটাও ভাবা অসম্ভব নয় যে, আমাদের মহাবিশ্বের 'চিরায়ত' নিয়মগুলো অন্য মহাবিশ্বে একই রকম হবে না। তা না হওয়াটাই বরং অধিকতর সম্ভাব্য। অর্থাৎ, আমাদের মহাবিশ্বের জন্য যে নিয়মগুলো প্লেটনিক বলে ভাবা হচ্ছে, বহু মহাবিশ্ব গোনায় ধরলে হয়তো আর সেরকম মনে হবে না। কিন্তু, আবারো - এ ব্যাপারগুলো একেবারেই পদার্থবিজ্ঞানের প্রান্তিক গবেষনার বিষয় এখনো। যৌক্তিক উপসংহারে পৌঁছুনো র জন্য আমাদের হয়তো ভবিষ্যতের দিকেই তাকিয়ে থাকতে হবে। কাজেই, এ নিয়ে আর বেশি তর্কের স্কোপ বোধ হয় সত্যই নেই।

রৌরব এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৯:৫০ অপরাহ্ণ
@অভিজিৎ,
এ তর্কটা বার বারই উঠছে দেখে মনে হচ্ছে এ ব্যাপারে একটা ভাল পোস্ট পড়তে পারে। অভিজিৎ বা অপার্থিব কি চেষ্টা করে দেখবেন?
আমি platonism এর ব্যাপারে weak atheist। সূত্রগুলি যে বিশ্বকে যে মডেল করে , সে কথাটা তো আর মিথ্যা নয়। তাহলে একমাত্র প্রশ্ন হল, মডেল করা ছাড়াও এর কোন "গভীর" সত্যতা আছে কিনা? যাঁরা এই দাবী করবেন, তাঁরা প্রমাণ দিলেই মেনে নেব! ঠিক ঈশ্বরে বিশ্বাসের মতই ব্যাপার।

এ ব্যাপারে এই পোস্টে সত্যিই এটা আমার শেষ মন্তব্য। তবে অভিজিৎ বা অপার্থিবকে (বা অন্য কাউকেও) আবারো অনুরোধ করব এ ব্যাপারে পোস্ট দেয়া যায় কিনা চিন্তা করতে।

অপার্থিব এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ১০:৫১ অপরাহ্ণ
@অভিজিৎ,

অভিজিতের শেষ লাইনের সঙ্গে একমত (যেটা আমারই পূর্বের মত ছিল) পোষণ করেই আর বিতর্কে না জড়িয়ে ভিক্টর স্টেঙ্গারের উপর একটা মন্তব্য করতে চাই। স্টেঙ্গার একজন কট্টর বস্তুবাদী ব্যবহারিক পদার্থবিজ্ঞানী। ব্যবহারিক পদার্থবিজ্ঞানীদের প্রথম মন্ত্র হল থিওরী টিওরী বলে কিছু নাই। পরিমাপণ ও ডেটাই সব। ডেটা থেকে মডেল বানানোই আসল কাজ তাঁদের মতে। ব্যতীক্রম নেই যে তা নয়, কিন্তু বেশির ভাগ ব্যবহারিক পদার্থবিজ্ঞানীদের মধ্যে এই মাইন্ডসেটই কাজ করে। তাত্ত্বিক পদার্থবিজ্ঞানীদের সাথে তাদের এক বিরাট দার্শনিক পার্থক্য আছে, যেটা স্টেঙ্গারের সাথে ডেভিস বা পেনরোজ এর চিন্তার পার্থক্য থেকেই বোঝা যায়। এবার স্টেঙ্গারের ব্যপারে আসল কথায় আসি। আমি স্টেঙ্গারের এক মাইলিং লিস্টে (avoid-l) ছিলাম যেখানে দিনে প্রায় শ দুএক মেইল আসত। সেখানে আমি স্টেঙ্গারের উপরের সেই উক্তি যে পদার্থ বিজ্ঞানের সূত্রের কোন উৎস নেই বা থাকতে পারে না , কারণ পদার্থ বিজ্ঞানের সূত্র জ্যামিতির দ্বারা এবং প্রতিসাম্যের কিছু স্বতঃসিদ্ধএর দ্বারা লব্ধ করা যায় এটা নিয়ে প্রশ্ন করেছিলাম। এটা তিনি তাঁর উল্লেখিত বইতে প্রমাণ করেছিলেন। “প্রমাণ” টা আমি দেখেছিলাম। সেই প্রমাণে তিনি একটা Lagrangian ধরে নিয়ে ACTION Principle এর দ্বারা প্রতিসাম্য নীতি প্রয়োগ করে পদার্থ বিজ্ঞানের সূত্র লব্ধ (Derive) করলেন। আমি লিস্টে (স্টেঙ্গার যার মডারেটর) এই ব্যাপারে প্রশ্ন তুলেছিলাম যে Lagrangian, ACTION Principle এগুলি তো পদার্থবিজ্ঞানেরই ধারণা। পদার্থবিজ্ঞান জানা না থাকলে এগুলির অর্থ বা প্রয়োগ কেমন করে করা যায়। তাহল তাঁর কথা মত পদার্থ বিজ্ঞানের সূত্রকে স্রেফ গণিতে র মৌলিক নীতির দ্বারা এবং প্রতিসাম্যের কিছু স্বতঃসিদ্ধএর দ্বারা লব্ধ করা যায় বলাটা অসঙ্গত। তিনি যা করলেন, তা পদার্থবিজ্ঞানে আগেই অনেক করেছেন, পদার্থ বিজ্ঞানের সূত্রগুলিকে অপরিবর্তনীয় (Invariant) রূপে RESTATE করে এক রূপ থেকে আরেক রূপে আনা বা পুনর্ব্যক্ত করা। কিন্তু এটা কখনই বলা যায় না যে পদার্থ বিজ্ঞানের সূত্রগুলিকে একেবার গোড়া থেকে শুধু গণিতের এক্সিয়ম আর প্রতিসাম্যের এক্সিয়ম থেকেই বের করে আনা সম্ভব। Lagrangian, বা ACTION Principle ছাড়া এটা সম্ভব নয়। আর এই দুটো ধারণার মধ্যেই ত পদার্থবিজ্ঞানের সূত্র লুকিয়ে আছে। বলা বাহুল্য লিস্টে আমার প্রশ্নের উত্তর কেউ দেন নি। আমি অবশ্য বেশি দিন ফলো করিনি। তা ছাড়া দিনে কয়েকশ পোস্ট সামলানো কষ্টের ব্যাপার।

অভিজিৎ এর জবাব:
জুলাই ২৯, ২০১০ at ৪:০৬ পূর্বাহ্ণ
@অপার্থিব,

চমৎকার আলোচনা। এই থ্রেডে এটাই আমার শেষ উত্তর। যেহেতু পদার্থবিজ্ঞানের সূত্রের উদ্ভব এবং অস্তিত্বের আলোচনা প্রান্তিক গবেষণার বিষয় বলে এখানে এ নিয়ে বিতর্কের খুব বেশি স্কোপ নেই বলে

আমরা তিনজনই (রৌরব, অপার্থিব এবং আমি) স্বীকার করে নিয়েছি, সেহেতু এ নিয়ে আর 'ত্যানা প্যাচাচ্ছি না'।

তবে আনুষঙ্গিক বিষয়ে প্যাচাতেই হচ্ছে 🙂। তাত্ত্বিকপদার্থবিদদের সাথে ব্যবহারিক পদার্থবিদদের বিভেদটাকে 'বৈরিতা' হিসেবে না দেখে আমি দেখি অনেকটা এরকম যে, দুই দলই দুদলের কাজকে খানিকটা ব্যালেন্সড করার চেষ্টা করে। এটা ঠিক কাজের ধরণ আলাদা বলেই ব্যবহারিক পদার্থবিজ্ঞানীরা অনেক সময়েই বস্তুবাদী হয়ে পড়েন, আর তত্ত্বকে বেশি গুরুত্ব দিতে গিয়ে তাত্ত্বিক পদার্থবিজ্ঞানীরা মাঝে মধ্যেই রঙ বেরঙ-এর তত্ত্বের পাখায় ভর করে অধিপদার্থবিদ্যার জগৎ পার হয়ে সময় সময় আধ্যাত্মিক জগতেও চলে যেতে চান। তখন তাদের বাস্তব জগতে অনেক সময় ফিরিয়ে আনেন ব্যবহারিক পদার্থবিজ্ঞানীরাই। কারণ ব্যবহারিক পদার্থবিজ্ঞানীরা কেবল তত্ত্ব নয়, জোর দেন তত্ত্বের **ফলসিফিকেশনের**উপর। ফলসিফিকেশন ছাড়া তত্ত্বের গুরুত্ব তাদের কাছে সামান্যই। দুই একটা উদাহরণ দিলে মন্দ হয় না এ প্রসঙ্গে-

* এম্পেররস নিউ মাইন্ডে রজার পেনরোজ দাবী করেছেন, পদার্থবিদ্যার প্রচলিত সূত্রগুলো মানুষের বুদ্ধিবৃত্তিকে ব্যাখ্যা করার জন্য যথেষ্ট নয়। ব্যাপারটি তীব্রভাবে সমালোচিত হয়েছে । কারণ মানুষের উদ্ভব আর বিবর্তন যদি পদার্থবিজ্ঞানের নিয়মের ফসল হয়ে থাকে (যেটা প্লেটনিক ধারার তাত্ত্বিক পদার্থবিদেরা জোরে সোরে দাবী করেন) তাহলে বুদ্ধিবৃত্তির বিকাশও তার বাইরে নয়। অথচ মানুষের বুদ্ধিবৃত্তিকে যদি প্রচলিত সূত্রগুলো দিয়ে ব্যাখ্যা না করা যায় , তবে বুঝতে হবে আধ্যাত্মিক কোন শক্তির লীলাখেলা আছে। যদিও পেনরোজ সেভাবে বলেননি, কিন্তু অনেকেই সেই অর্থে ব্যবহার করেছেন তার ইণ্টারপ্রেটেশনকে।

* পেনরোজ এবং স্টুয়ার্ট হ্যামারহফ মনুষ্য-চেতনার মাইক্রো-টিউবলস কেন্দ্রিক তত্ত্বের কথাও এ প্রসঙ্গে বলা যায়, যেখানে দাবী করা হয়েছে মাইক্রো-টিউবলসসমূহের মধ্যে কোয়ান্টায়িত মহাকর্ষ থাকার ফলে দরুন যে মনুষ্য-চেতনার উদ্ভব ঘটে সেটা ধবংস হয় না। ভাববাদীরা স্বভাবতই এতে 'আত্মার নিত্যতা' খুঁজে পেয়েছেন। পেনরোজ দাবী করেছেন , মানুষের মস্তিস্কের চলন ব্যখ্যা করার জন্য কোয়ান্টাম বলবিদ্যার প্রয়োগ লাগবে। পেনরোজের অধিপদার্থবিদ্যার এ সব ব্যাখ্যা বিভিন্ন বিতর্কের জন্ম দিয়েছে। অধিকাংশ বিজ্ঞানীই এগুলো গ্রহণ করেননি। যেমন, পদার্থবিজ্ঞানী লী স্মোলিন বলেন, "আমাদের মস্তিষ্কের আবাস তো আর পরমশূন্যের কাছাকাছি কোথাও নয় , এজন্য বিবর্তনের ফলশ্রুতিতে মস্তিষ্কের আচরণ কোয়ান্টায়িত হয়ে যাবে এমন প্রত্যাশা খুব একটা যৌক্তিক হতে পারে না।" আরেক পদার্থবিদ ম্যাক্স টেগমার্ক Physical Review পত্রিকায় প্রকাশিত তাঁর গবেষণামূলক প্রবন্ধে হিসাব কষে দেখিয়েছেন যে, নিউরনের সক্রিয়ন ও উদ্দীপনের(firing and excitation) জন্য প্রয়োজনীয় সময় decoherence জন্য প্রয়োজনীয় সময় থেকে কমপক্ষে ১০,০০০,০০০,০০০ গুণ বেশী। পেনরোজ মস্তিস্ককে 'কোয়ান্টাম কম্পিউটারের' সাথে যে তুলনা করেছিলেন সে অনুমানে ভুল ছিল। তিনি উপসংহারে এসেছেন এই বলে - brain that relate to cognitive processes should be thought of as a classical rather than quantum system। এছাড়াও ইন্টারনেটে পেনরোজ-

হ্যামারফের আরো ফলসিফিকেশন আছে। ভিক্টর স্টেঙ্গরের ‘Quantum Gods: Creation, Chaos, and the Search for Cosmic Consciousness’ বইয়েও পেনরোজের কাজের সমালোচনা আছে।

* একই কথা বলা যায় পল ডেভিসের কাজ সম্বন্ধেও। Cosmic Jackpot: Why Our Universe is Just Right for Life এ বেশ কিছু বিতর্কিত ধারনার প্রকাশ ঘটান। স্কেপ্টিক পত্রিকায় Sid Deutsch বইটির সমালোচনা করছিলেন Jackpot or Crackpot? শিরোনামে (volume 14 number 1)।

* জন ব্যারো আর টিপলারের মত তাত্ত্বিক পদার্থবিজ্ঞানীদের কাজ সম্বন্ধে যত কম বলা যায় ততই মনে হয় ভাল। ব্যারো তাও ততটা নন, কিন্তু টিপলার তার তত্ত্বের ‘গাঁজাখুরি’তে মনে হয় সবাইকেই ছাড়িয়ে গেছেন। তিনি পদার্থবিজ্ঞানে অবদানের জন্য যত না বিখ্যাত, তার চেয়ে বেশি জনপ্রিয়তা পেয়েছেন খ্রীষ্টধর্মকে ‘বিজ্ঞান’ বানানোর জন্য। ওমেগা পয়েন্ট নামে একটি তত্ত্ব দিয়েছেন টিপলার যা মহাসংকোচন (বিগ ক্রাঞ্চ)-এর সময় সিংগুলারিটির গানিতিক মডেলকে তুলে ধরে। এ পর্যন্ত ঠিক ছিল। কিন্তু টিপলার মনে করেন এই ওমেগা পয়েন্টই হচ্ছে ‘গড’। শুধু তাই নয়, যীশুর অলৌকিক জন্মকে (ভার্জিন বার্থ) তিনি বৈজ্ঞানিক বৈধতা দিতে চান যীশুকে বিরল xx male বানিয়ে, যীশুর পুনুরুত্থানকে ব্যারন এনিহিলেশন প্রক্রিয়ার সাথে তুলনা করেছেন , ইনকারনেশন বা অবতারকে বলেছেন বিপরীতমুখি ডিম্যাটারিলিজেশন পদ্ধতি , ইত্যাদি। এ সমস্ত রং-বেরং এর গালগপ্প নিয়ে তিনি বইও লিখেছেন - The Physics of Christianity (2007) নামে! বলা বাহুল্য মাইকেল শারমার, ভিক্টর স্টেংগর, লরেন্স ক্রাউস সহ অনেক বিজ্ঞানী এবং দার্শনিকই টিপলারের যুক্তিকে খন্ডন করেছেন।

কাজেই দেখা যাচ্ছে তাত্ত্বিক পদার্থবিজ্ঞানীরা প্রায়শঃই কল্পণার ফানুসে চড়ে রঙ বেরঙের তত্ত্বের পসরা সাজিয়ে বসেন পাঠকদের জন্য। আর তাদের বাস্তবে নিয়ে আসার দায়িত্বটি নেন ব্যবহারিক পদার্থবিজ্ঞানীরা অনেক সময়ই। কাজেই আমি মনে করি এদের ভিন্নধর্মী মাইন্ডসেট একধরণের ব্যালেন্স প্রদান করে। এটার দরকার আছে।

4. 4

মোজাফফর হোসেন

জুলাই ২৮, ২০১০ সময়: ১:৩৬ পূর্বাহ্ণ লিঙ্ক

প্রবন্ধটি পড়ে খুবই ভালো লাগলো। আগষ্ট মাসে শাশ্বতিকীর অনুবাদ সংখ্যা প্রকাশিত হবে। প্রবন্ধটি রিপ্রিন্ট করার অনুমতি চাচ্ছিলাম। আপনার য দি আপত্তি না থাকে তবে আমার নিচের মেইলে এক কপি পাঠাবেন দয়া করে । শুভ কামনা রইল।

মোজাফফর, সম্পাদক
শাশ্বতিকী
mjafor@gmail.

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ২৮, ২০১০ at ৫:১৯ পূর্বাহ্ণ
@মোজাফফর হোসেন,

পাঠালাম। ধন্যবাদ।

সমাপ্ত

http://www.nabojug.com/posts/akash/77

ঈশ্বরের ভাষা।

শনি, 08/18/2012 - 05:38 তারিখে

লিখেছেন : আকাশ মালিক

["The mind of a bigot is like the pupil of the eye; the more light you pour upon it, the more it will contract."- Oliver Wendell Holmes]

আল্লাহর বাণী বলে মুহাম্মদ কোরানে যা কিছু বলেছেন , তার সর্বপ্রথম বাক্যটি ছিল কোরানের ৯৬ নম্বর সুরা আলাক এর প্রথম বাক্য - *'পাঠ করুন আপনার পালনকর্তার নামে যিনি সৃষ্টি করেছেন'।* আর সর্বশেষ বাক্য ছিল ৫ নম্বর সুরা মায়েদা এর ৩ নম্বর বাক্য- *'আজ আমি তোমাদের জন্যে তোমাদের দ্বীনকে পূর্নাঙ্গ করে দিলাম , তোমাদের প্রতি আমার অবদান সম্পূর্ণ করে দিলাম এবং ইসলামকে তোমাদের জন্যে দ্বীন হিসেবে পছন্দ করলাম'।* এই প্রথম ও শেষ সুরা, প্রথম বাক্য ও শেষ বাক্য নিয়েও তাফসিরকারকদের মধ্যে প্রচুর মতভেদ মতানৈক্য আছে। প্রথম সুরা 'আলাক' কী ভাবে কোরানের ৯৬ নম্বর সুরা হলো, আর ৫ নম্বর সুরা মায়েদার ৩ নম্বর আয়াতের পরে কোরানে এত সুরা এত বাক্য আসলো কোত্থেকে সে প্রশ্ন তো আছেই। আরাফাতের ময়দানে শেষ বাক্যগুলো উচ্চারণের পর মুহাম্মদ যে সময়টুকু বেঁচে ছিলেন, সেই সময়ে কোরান সংকলন করা তার পক্ষে মোটেই সম্ভব নয়। তিনি তা কল্পনাও করেন নি।

সুরা আলাকের প্রথম বাক্যের পর বলা হয়েছে - *'সৃষ্টি করেছেন মানুষকে জমাট রক্ত থেকে। পাঠ করুন, আপনার পালনকর্তা মহা দয়ালু, যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন, শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না। সত্যি সত্যি মানুষ সীমালংঘন করে , এ কারণে যে, সে নিজেকে অভাবমুক্ত মনে করে। নিশ্চয় আপনার পালনকর্তার দিকেই প্রত্যাবর্তন হবে'।* এ পর্যন্ত বাক্যগুলো পড়ে স্পষ্টই বুঝা যায়, এখানে বক্তা জিব্রাইল। সম্পূর্ণ সুরায় আল্লাহ সব সময়ই থার্ড পার্সন , (তিনি, যিনি, তোমার পালনকর্তা)। আর 'আমরা' বলতে জিব্রাইল না আল্লাহ, না উভয় তা'ও বুঝা মুশকিল।

বেশ কিছুদিন অতিবাহিত হওয়ার পর, উপরোল্লিখিত আটটি আয়াত নিয়ে মুহাম্মদ মক্কার কা'বা ঘরে ঢুকলেন। কোরায়েশ নেতা আবু জেহেল , মুহাম্মদকে বললেন যে, কা'বা ঘর ভন্ডামীর যায়গা নয়। এর পর আবু জেহেলকে উদ্দেশ্য করে মুহাম্মদ আবৃতি করলেন এই সুরার পরবর্তি বাক্যগুলো - *'আপনি কি তাকে দেখেছেন, যে নিষেধ করে, এক বান্দাকে যখন সে প্রার্থনা করে? আপনি কি দেখেছেন যদি সে সৎপথে থাকে। অথবা খোদাভীতি শিক্ষা দেয়। আপনি কি দেখেছেন, যদি সে মিথ্যারোপ করে ও মুখ ফিরিয়ে নেয়। সে কি জানে না যে, আল্লাহ দেখেন? কখনই নয়, যদি সে বিরত না হয়, তবে আমরা তাকে মস্তকের সামনের কেশগুচ্ছ ধরে হেঁচড়াব, মিথ্যাচারী, পাপীর কেশগুচ্ছ। অতএব, সে তার সভাসদদেরকে আহবান করুক। আমরাও আহবান করব জাহান্নামের প্রহরীদেরকে। কখনই নয়, আপনি তার আনুগত্য করবেন না। আপনি সেজদা করুন ও নৈকট্য অর্জন করুন '।*

কা'বা ঘরে ৩৬০ দেবতার উপস্থিতিতে মুহাম্মদ কী ভাবে, কার প্রার্থনা করেন? কেউ কেউ বলেন মুহাম্মদ সেখানে নামাজ পড়তে গিয়েছিলেন। কিসের নামাজ, কোরান নেই, আলহামদু নেই, সুরা নেই, কী দিয়ে, কী ভাবে তিনি নামাজ পড়লেন? আবু জেহেল মুহাম্মদকে নিষেধ করার পর, কা'বা ঘরের ভিতরে মুহাম্মদের সাথে যে ঘটনা ঘটেছিল, যে ঘটনায় মুহাম্মদ জড়িত ছিলেন, তাকে আবার আল্লাহ কেন জিজ্ঞেস করেন, *আপনি কি তাকে দেখেছেন, যে নিষেধ করে, এক বান্দাকে যখন সে প্রার্থনা করে? আপনি কি দেখেছেন যদি সে সৎপথে থাকে, অথবা খোদাভীতি শিক্ষা দেয়। আপনি কি দেখেছেন, যদি সে মিথ্যারোপ করে ও মুখ ফিরিয়ে নেয় ?* আল্লাহ বা জিব্রাইল কেন মানুষের মত ধমক দেন, চ্যালেঞ্জ করেন, ষঢ়যন্ত্র করেন, কর্জ চান, মানুষ তীর নিক্ষেপ করলে আল্লাহও তীর মারেন, মানুষে হাসাহাসি করলে আল্লাহও হাসাহাসি করেন। কেন আল্লাহ মানুষের মত চুল ছিড়াছিড়ি করতে চান? বদর যুদ্ধে বিজয়ী হয়ে ফিরে এসে সেই যুদ্ধের ফিডব্যাক করা হলো , বলা হলো- *'আমার ইচ্ছা ছিল তোমরা জয়ী হবে'।* আবু জেহেলের নেতৃত্বে কোরায়েশগণ, আবু সুফিয়ানের বণিকদলকে উদ্ধার করতে যদি বদরের মাঠে না আসতেন, সুরা আনফাল কি লেখা হতো? আর যদি এ যুদ্ধের ঘটনা আগে থেকেই লাওহে মাহফুজে লেখা থাকে, তাহলে কোরায়েশদের দোষটা কোথায়? সমস্ত কোরান জুড়ে কেন, কোন ঘটনা ঘটার পরে, ঘটনার ফলাফল জেনে, সেই অনুযায়ী বাক্য বসানো হলো?

আমাদের হাতের কাছে কোরান নামক বইখানি যে, মানুষের হাতের লেখা তা বিশ্বাস না করার কোন উপায় নেই। আমরা জানি, জিব্রাইল স্বর্গ থেকে আল্লাহর হাতের লেখা কোরানের পৃষ্ঠা ছিড়েছিড়ে এনে মুহাম্মদের হাতে তুলে দিতেন না। মুহাম্মদের চোখের সামনে যখন কোন ঘটনা ঘটেছে , সেই ঘটনার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বাক্যসমুহ পূর্বে লিখিত লাওহে মাহফুজে রাখা কোরান থেকে আল্লাহ জিব্রাইলকে মুখস্ত করায়ে পৃথিবীতে পাঠাতেন মুহাম্মদকে শুনাতে। জিব্রাইলের কাছ থেকে শুনে মুহাম্মদ তা মানুষকে শুনাতেন। মানুষ মুহাম্মদের কাছ থেকে শুনে, যে যেভাবে শুনতেন, বুঝতেন ঘটনা সেই ভাবে লিখে রাখতেন, পাতলা পাথরে, বৃক্ষের ছালায়, খেজুর পাতায় কিংবা পশুর চামড়ায়। সুতরাং বুঝা গেল মানুষের হাত ছাড়া কোরান লিখা হয় নাই। কী আশ্চর্য, একশো পার্সেন্ট গ্যারান্টি দিয়ে বলা হয়, এই কোরানে কোন ভুল থাকতে পারেনা। মানূষ তো ফেরেস্তা নয় , শয়তান নয়, আল্লাহও নয় যে তাদের ভুল হবেনা। যে সকল মানুষের জন্মই হয়নি, যে সকল ঘটনা তখনও ঘটেনি, তা কী ভাবে সেই মানুষের জন্মের পূর্বে, সেই ঘটনা ঘটার পূর্বে লিখে রাখা হলো? যেমন আয়েশার উপর অসতীর অপবাদ, জয়নাবের ঘরে মধু কেলেংকারী, হাফসার ঘরে মুহাম্মদ ও ম্যারিয়ার নারী কেলেংকারী ঘটনা, বদরের যুদ্ধ, হোনায়েনের যুদ্ধ, তাবুকের যুদ্ধ ইত্যাদি যদি হাজার বছর আগেই আল্লাহ কোরানে লিখে রাখেন, তাহলে বলতে হবে জগতের সকল অমঙ্গল, অশুভ কাজ আল্লাহর ইচ্ছায়ই হয়েছে, এখানে মানুষের কোন দায়ভার নেই। কারণ ঐ সমস্ত অশুভ, অঘটন না ঘটলে আল্লাহর কোরান লেখা মিথ্যে হয়ে যেত। তাহলে যাদের দ্বারা জগতে অশুভ ঘটনা ঘটলো তাদের দোষটা কোথায়? আল্লাহ সরাসরি কোরানে সমসাময়িক ঘটনার পরিপ্রেক্ষিতে উপস্থিত জনতাকে প্রশ্ন করেছেন, ধমক দিয়েছেন, 'বর্তমান কাল' এর বাক্য ব্যবহার করে। আয়েশার উপর লোকে যখন অসতীর অপবাদ দিল, আল্লাহ বললেন, 'হে মুমিনগণ তোমরা কেন বললে না, এ ঢাহা মিথ্যা'? কিংবা, আবু লাহাব যখন বললেন, 'মুহাম্মদ তুমি উচ্ছন্নে যাও' আর মুহাম্মদ বললেন 'তাব্বাত ইয়াদা আবি লাহাব– আবু লাহাব তুমি ধ্বংস হও'; এরকম 'বর্তমান কাল' ব্যবহার করে বাক্য আগে থেকে লাওহে মাহফুজে লিখে রাখা সম্ভব নয়। কোরান বলছে, আল্লাহ যখন বলেন 'হও' তখনই তা ঘটে যায় বা হয়ে যায়। আল্লাহ বললেন 'আবু লাহাব তুমি ধ্বংস হও' তখন তাতক্ষণিকভাবে আবু লাহাবের মৃত্যু হলোনা কেন? আবু লাহাব যদি

মুহাম্মদকে বলতেন না, 'মুহাম্মদ তুমি উচ্ছন্নে যাও' তাহলে কি সুরা লাহাব লিখা হতো? এ সকল প্রশ্নের একটাই উত্তর, আর তা হলো, কোরানে যা বলা হয়েছে সবই মুহাম্মদের মুখের কথা। আর সেই কারণে পৃথিবীর অন্যান্য সব বই নিয়ে যেমন আলোচনা সমালোচনা করা যায় , কোরানের সত্যতা, এর ভাষাগত, ব্যাকরণগত মান, ও জাগতিক ব্যাপারে কোরানের বক্তব্য নিয়ে গঠনমূলক যৌক্তিক আলোচনা সমালোচনা করাও অবশ্যই অন্যায় কিছু হতে পারেনা।

জীবনের শেষ ২২ বৎসর ৫ মাস ১৪ দিনে মুহাম্মদ যে কথাগুলো বিভিন্ন সময়ে, সামাজিক, পারিবারিক, ব্যক্তিক, রাজনৈতিক পরিবেশের মুখোমুখী হয়ে, আল্লাহর বাণী বলে মানুষকে বিশ্বাস করতে বলেছিলেন, সেগুলো মুহাম্মদের জীবদ্দশায় সংগ্রহ করা আদৌ সম্ভব ছিলনা। প্রথম শাসনকর্তা আবু বকর থেকে ওমর, উসমান, আলী হয়ে মুয়াবিয়ার শাসনকাল পর্যন্ত সময়ে, ধাপে ধাপে কোরান সংকলন কমিটি করে, যথেষ্ঠ সময় ও অর্থ ব্যয় করে, সীমাহীন মতানৈক্য, ঝগড়া-বিবাদ, তর্কবিতর্কের মাধ্যমে, যথাসম্ভব ব্যাকরণগত ভুলসমুহ সংশোধন করে , প্রচুর দাড়ি, কমা, অক্ষর, শব্দ ও বাক্য বিলুপ্ত ও সংযোজন করে, কোরানকে বর্তমান রূপে উপস্থাপন করা হয়েছে। এতো কিছুর পরেও ব্যাকরণগত ভুল, বস্তুজগতের স্বাভাবিক নিয়মের পরিপন্থী, পদার্থ বিজ্ঞানের সাথে সাংঘর্ষিক অনেক কিছুই কোরানে রয়ে গেছে। এ নিয়ে মুক্তমনায় বেশ কিছু লেখা বাংলা ও ইংরেজিতে দেয়া আছে।

আমি এই প্রবন্ধে সংক্ষিপ্তাকারে কোরানের কিছু ব্যাকরণগত ভুলসমুহ তুলে ধরবো।

ব্যাকরণগত ১ম ভুল-

কোরানের ৫ নং সুরা মায়েদার ৬৯ নং বাক্যটি লক্ষ্য করুন-

*إِنَّ الَّذِينَ آمَنُواْ وَالَّذِينَ هَادُواْ **وَالصَّابِؤُونَ** وَالنَّصَارَى مَنْ آمَنَ بِاللّهِ وَالْيَوْمِ الآخِرِ وعَمِلَ صَالِحًا فَلاَ خَوْفٌ عَلَيْهِمْ وَلاَ هُمْ يَحْزَنُونَ*

'নিশ্চয় যারা মুসলমান, যারা ইহুদী, সাবেয়ী, খ্রীষ্টান, তাদের মধ্যে যারা বিশ্বাস স্থাপন করে আল্লাহর প্রতি, কিয়ামতের প্রতি এবং সৎকর্ম সম্পাদন করে, তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিত হবে না'। (সুরা ৫ মায়েদাহ, আয়াত ৬৯)

এবার নীচের বাক্যটি দেখুন-

*إِنَّ الَّذِينَ آمَنُوا وَالَّذِينَ هَادُوا **وَالصَّابِئِينَ** وَالنَّصَارَى وَالْمَجُوسَ وَالَّذِينَ أَشْرَكُوا إِنَّ اللَّهَ يَفْصِلُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيَامَةِ إِنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ*

'নিশ্চয় যারা মুসলমান, যারা ইহুদী, সাবেয়ী, খ্রীষ্টান, অগ্নিপুজক এবং যারা মুশরেক, কেয়ামতের দিন আল্লাহ অবশ্যই তাদের মধ্যে ফায়সালা করে দেবেন। সবকিছুই আল্লাহর দৃষ্টির সামনে'। (সুরা ২২ হাজ্জ, আয়াত ১৭)

হুবহু আরেকটি আয়াত হলো ২নং সুরা বাকারার ৬২ নং আয়াত। সেখানেও **وَالصَّابِئِينَ** শব্দ ব্যবহার করা হয়েছে, এবং উভয় যায়গায় শুদ্ধভাবেই বলা হয়েছে। কিন্তু ব্যাকরণের ক্রীয়াপদ, ক্রীয়াপদের ধাতুরূপ (To conjugate a verb) আর (nominative বা indicative) কর্তৃকারক, কর্মকারক (accusative বা subjunctive) শব্দের শুদ্ধ ব্যবহার পদ্ধতি না জানার কারণে মুহাম্মদ , ৫ নং সুরা মায়েদার ৬৯ নং বাক্যে وَالصَّابِؤُونَ 'সাবীয়ূন' বলে যে ভুল করেছেন, ঠিক তার উল্টা দ্বিতীয় ভুলটি করেছেন এখানে-

*لَّكِنِ الرَّاسِخُونَ فِي الْعِلْمِ مِنْهُمْ وَالْمُؤْمِنُونَ يُؤْمِنُونَ بِمَا أُنزِلَ إِلَيكَ وَمَا أُنزِلَ مِن قَبْلِكَ **وَالْمُقِيمِينَ** الصَّلاَةَ وَالْمُؤْتُونَ الزَّكَاةَ وَالْمُؤْمِنُونَ بِاللّهِ وَالْيَوْمِ الآخِرِ أُوْلَـئِكَ سَنُؤْتِيهِمْ أَجْرًا عَظِيمًا '*

কিন্তু যারা তাদের মধ্যে জ্ঞানপক্ক ও ঈমানদার, তারা তাও মান্য করে যা আপনার উপর অবতীর্ণ হয়েছে এবং যা অবতীর্ণ হয়েছে আপনার পূর্বে। আর যারা নামাযে অনুবর্তিতা পালনকারী , যারা যাকাত দানকারী এবং যারা আল্লাহ ও কেয়ামতে আস্থাশীল। বস্তুতঃ এমন লোকদেরকে আমি দান করবো মহাপুণ্য’। (সুরা ৪ নিসা, আয়াত ১৬২)

ব্যাকরণ অনুযায়ী এখানে ‘ওয়ালমুকিমীনা’ শব্দটি ‘ওয়ালমুকিমুনা’ হবে, হওয়া উচিৎ। সুরা মায়েদায় ‘ওয়াও’ বর্ণ ব্যবহার করে ‘সাবীয়ূন’ বলে যে ভুল করেছিলেন, এখানে ‘ওয়াও’ ব্যবহার না করে ‘ওয়ালমুকিমীনা’ বলে একই ভুল করলেন।

৩য় ভুল-

‘ قَالُوا إِنْ هَذَانِ لَسَاحِرَانِ يُرِيدَانِ أَن يُخْرِجَاكُم مِّنْ أَرْضِكُم بِسِحْرِهِمَا وَيَذْهَبَا بِطَرِيقَتِكُمُ الْمُثْلَى
তারা বললঃ এই দুইজন নিশ্চিতই যাদুকর, তারা তাদের যাদু দ্বারা তোমাদেরকে তোমাদের দেশ থেকে বহিস্কার করতে চায় এবং তোমাদের উৎকৃষ্ট জীবন ব্যবস্থা রহিত করতে চায় ’। (সুরা ২০ তোয়া-হা, আয়াত ৬৩)
এখানে ঠিক আগের (nominal Sentence) বাক্যগুলোর মত ‘হাজানি’ শব্দের আগে ‘ইন্না’ ব্যবহার করার কারণে (nominal sign) ‘ইয়া’ বসায়ে শুদ্ধ শব্দটি হবে ‘হাজাইন’। বাক্যটি ‘কালু ইন্না হাজানি লাসা-হিরান’ না হয়ে শুদ্ধ বাক্যটি হবে ‘কালু ইন্না হাজাইনি লাসা-হিরান’।

জালালাইন ব্যাখ্যা দিচ্ছেন-

They said, to each other, ‘These two men (hādhān, হাজান this [form] concords with the forms used by those [grammarians] who use the alif [ending] for all three cases of the dual person; Abū ‘Amr has [the variant reading] hādhayn হাজাইন) are indeed sorcerers who intend to expel you from your land by their sorcery, and do away with your excellent traditions (muthlā, the feminine form of amthal, meaning ‘the noblest’) in other words, [they will do away with the loyalty of] the noblemen among you, because these [latter] will prefer the two of them [Moses and Aaron] on account of their triumph.

৪র্থ ভুল-

لَّيْسَ الْبِرَّ أَن تُوَلُّواْ وُجُوهَكُمْ قِبَلَ ۞ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلَـكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللّهِ وَالْيَوْمِ الآخِرِوَالْمَلآئِكَةِ وَالْكِتَابِ وَالنَّبِيِّينَ وَآتَى الْمَالَ عَلَى حُبِّهِ ذَوِي الْقُرْبَى وَالْيَتَامَى وَالْمَسَاكِينَ وَابْنَ السَّبِيلِوَالسَّآئِلِينَ وَفِي الرِّقَابِ وَأَقَامَ الصَّلاةَ وَآتَى الزَّكَاةَ ۞ وَالْمُوفُونَ بِعَهْدِهِمْ إِذَا عَاهَدُواْ وَالصَّابِرِينَ فِيالْبَأْسَاء والضَّرَّاء وَحِينَ الْبَأْسِ أُولَـئِكَ الَّذِينَ صَدَقُوا وَأُولَـئِكَ هُمُ الْمُتَّقُونَ
‘সৎকর্ম শুধু এই নয় যে, পূর্ব কিংবা পশ্চিমদিকে মুখ করবে, বরং বড় সৎকাজ হল এই যে, ঈমান আনবে আল্লাহর উপর কিয়ামত দিবসের উপর, ফেরেশতাদের উপর এবং সমস্ত নবী-রসূলগণের উপর, আর সম্পদ ব্যয় করবে তাঁরই মহব্বতে আত্নীয়-স্বজন, এতীম-মিসকীন, মুসাফির-ভিক্ষুক ও মুক্তিকামী ক্রীতদাসদের জন্যে। আর যারা নামায প্রতিষ্ঠা করে , যাকাত দান করে এবং যারা কৃত প্রতিজ্ঞা সম্পাদনকারী এবং অভাবে, রোগে-শোকে ও যুদ্ধের সময় ধৈর্য্য ধারণকারী তারাই হল সত্যাশ্রয়ী, আর তারাই পরহেযগার’। (সুরা ২ বাকারা, আয়াত ১৭৭)

এখানে মোট পাঁচটি ব্যাকরণগত ভুল আছে। চারটিতে ক্রীয়াপদে ভুল Tense (কাল) ব্যবহার করা হয়েছে। বাক্যটি শুরু হয়েছে 'তুয়াল্লু' (মুখ করো) Present Tense (বর্তমান কাল দিয়ে), অথচ পরবর্তি চারটি ক্রীয়াপদে Past Tense (অতীত কাল) ব্যবহার করা হয়েছে। উপরের আরবী বাক্য যেভাবে বলা হয়েছে, যদি হুবহু তার ইংরেজি অনুবাদ করা হয় তাহলে বাক্যটি দাঁড়ায় এ রকম -

"It is not righteousness that ye turn your faces to the East and the West; but righteousness is he who believed in Allah and the Last day and the angels and the Book and the Prophets; and gave his wealth, ... and performed prayer and paid the alms."

অনুবাদকগণ ভুল টের পেয়েই Tense পরিবর্তন করে **believed, gave , performed** এবং **paid** না লিখে **Present Tense** দিয়ে অনুবাদ করেছেন। শুদ্ধ আরবী ব্যাকরণে -

মান আ-মানা বিল্লাহি ওয়াল ইয়াওমিল আ-খেরি -

এখানে সঠিক বাক্য হবে- মান তু'-মিনু বিল্লাহি ওয়াল ইয়াওমিল আ-খেরি–

ওয়া আ-তাল মা-লা আ'লা- হুব্বিহি

এখানে সঠিক বাক্য হবে- ওয়া তু'-তুল মা'-লা আ'লা-হুব্বিহি–

ওয়া আকা-মাস সালা-ত

এখানে সঠিক বাক্য হবে- ওয়া তু'-কিমুস সালাত–

ওয়া আ-তাজ জাকাত

এখানে সঠিক বাক্য হবে- ওয়া তা'-তুজ জাকাত–

উপরোক্ত বাক্যের শেষের দিকে ওয়াসসা'-বিরি-না শব্দটি হবে ওয়াসসা'-বিরু-না, যেমন প্রথম শব্দ, ওয়াল মু-ফু-না দিয়ে শেষের লাইন শুরু হয়েছে। অর্থাৎ 'ওয়াল মু-ফু-না বিআহ্‌দিহিম ইজা আ-হাদু ওয়াস সা-বিরিন' না হয়ে, শুদ্ধ বাক্যটি হবে- 'ওয়াল মু-ফু-না বিআহ্‌দিহিম ইজা আ-হাদু ওয়াস সা-বিরুন'।

এবার সুরা বাকারার ২৮৫ নং বাক্যটি দেখুন- আ'-মানা ররাসু-লু বিমা- উনজিলা ইলাইহি- -

The Messenger has believed in what was revealed to–

লক্ষ্য করুন, ইংরেজি অনুবাদে Past Tense দিয়ে অনুবাদ করা হয়েছে। অথচ এই সুরার ১৭৭ নং আয়াত মান আ-মানা বিল্লাহি - আয়াতের ইংরেজি অনুবাদে Present Tense ব্যবহার করা হয়েছে।

৫ম ভুল-

إِنَّ مَثَلَ عِيسَىٰ عِندَ اللَّهِ كَمَثَلِ آدَمَ خَلَقَهُ مِن تُرَابٍ ثُمَّ قَالَ لَهُ كُن فَيَكُونُ

নিঃসন্দেহে আল্লাহর নিকট ঈসার দৃষ্টান্ত হচ্ছে আদমেরই মতো। তাকে মাটি দিয়ে তৈরী করেছিলেন এবং তারপর তাকে বলেছিলেন হয়ে যাও, সঙ্গে সঙ্গে হয়ে গেলেন। (সুরা ৩ ইমরান, আয়াত ৫৯)

"The likeness of Jesus, in God's sight, is as Adam's likeness; He created him of dust, then said He unto him, 'Be,' and he was." একমাত্র Pickthall তার অনুবাদে লিখেছেন, 'He created him of dust, then He said to him 'Be,' and he is'.

আরবী বাক্যটি যেভাবে কোরানে লেখা হয়েছে, সেই অনুসারে Pickthall এর অনুবাদটাই সঠিক। ‘ইয়াকুন’ present tense ইংরেজিতে “is”, আর ‘কা-না’ past tense ইংরেজিতে "was"

এবার নীচের আয়াতটি দেখুন-

إِنَّمَا أَمْرُهُ إِذَا أَرَادَ شَيْئًا أَنْ يَقُولَ لَهُ كُنْ فَيَكُونُ

তিনি যখন কোন কিছু করতে ইচ্ছা করেন, তখন তাকে কেবল বলে দেন, ‘হও’ তখনই তা হয়ে যায়। (সুরা ৩৬ ইয়াসীন, আয়াত ৮৩)

Verily, His Command, when He intends a thing, is only that He says to it, ”Be!” and it is! এখানে He says to it, ”Be!” and it is!

ইংরেজি অনুবাদ ঠিকই আছে। কিন্তু উভয় যায়গায় (সুরা ইমরান , আয়াত ৫৯ এবং সুরা ইয়াসীন, আয়াত ৮৩) ফায়াকুন শব্দের কোন পরিবর্তন নাই। একই শব্দের ইংরেজি অনুবাদে এক জায়গায় “Is” আর এক জায়গায় “Was” লিখা হয়েছে।

৬ষ্ঠ ভুল-

هَذَانِ خَصْمَانِ اخْتَصَمُوا فِي رَبِّهِمْ

These two opponents (believers and disbelievers) dispute with each other about their Lord--

এই দুই বাদী বিবাদী, তারা তাদের পালনকর্তা সম্পর্কে বিতর্ক করে। অতএব যারা কাফের, তাদের জন্যে আগুনের পোশাক তৈরী করা হয়েছে। তাদের মাথার উপর ফুটন্ত পানি ঢেলে দেয়া হবে। (সুরা ২২ হাজ্ব, আয়াত ১৯)

আরবীতে বচন তিন প্রকার, যথা- একবচন, দ্বৈত বা যুগ্ম-বচন ও বহুবচন, singular, dual, আর plural

এখানে দুই বাদী বিবাদী বলতে দুই ব্যক্তি নয় বরং দুই দল বাদী বিবাদী বুঝানো হয়েছে , একদল বিশ্বাসী আর একদল কাফির। সেই অনুসারে ইখতাসামু - শব্দটি ইখতাসামা- হবে।

৭ম ভুল-

وَأَنفِقُوا مِن مَّا رَزَقْنَاكُم مِّن قَبْلِ أَن يَأْتِيَ أَحَدَكُمُ الْمَوْتُ فَيَقُولَ رَبِّ لَوْلَا أَخَّرْتَنِي إِلَى أَجَلٍ قَرِيبٍ فَأَصَّدَّقَ وَأَكُن مِّنَ الصَّالِحِينَ

আমি তোমাদেরকে যা দিয়েছি, তা থেকে মৃত্যু আসার আগেই ব্যয় কর। অন্যথায় সে বলবেঃ হে আমার পালনকর্তা, আমাকে আরও কিছুকাল অবকাশ দিলে না কেন? তাহলে আমি সদকা করতাম এবং সৎকর্মীদের অন্তর্ভুক্ত হতাম। (সুরা ৬৩ মুনাফিকুন, আয়াত ১০)

এখানে ওয়া আকুম মিনাস সা-লিহি-ন এর ‘আকুম’ ক্রীয়াপদটি subjunctive তাই নিয়মানুসারে শব্দের শেষ ব্যঞ্জনবর্ণের সাথে স্বর বর্ণ থাকতে হয়। যেমন বাক্যের ফা-আসাদ্দাকা (আ)। ওয়া আকুম এর ‘আকুম’ ক্রীয়াপদ এর শেষ ব্যঞ্জনবর্ণের সাথে স্বর বর্ণ (আ) যুক্ত করে এভাবে বলা উচিৎ ছিল - ফা-আসাদ্দাকা ওয়া আ-আকুনা (আ) মিনাস সা-লিহিন। উল্লেখ্য এখানে 'আকুম' শব্দটি আসলে 'আকুন' থেকে এসেছে।

৮ম ভুল-

وَالسَّمَاء وَمَا بَنَاهَا "

By the heaven and that which built it."

কসম আকাশের এবং যিনি তা নির্মাণ করেছেন, তাঁর। (সুরা ৯১ আশ-শামস, আয়াত ৫)

এখানে ما (মা) এবং من (মান) শব্দ দুটো নিয়ে কিছু কথা বলা প্রয়োজন বোধ করি। ما (মা) এর অর্থ হলো, 'কী', 'ওটা', 'ইহা' 'যা', বা 'যাহা' (What, That, Which) আর من (মান) এর অর্থ হলো, 'যিনি', 'যে' (Who, Him) এবার ১০১ নং সুরা আল-কারিয়াহ এবং ৯১ নং সুরা আশ-শামস ভালভাবে লক্ষ্য করুন। উল্লেখিত শব্দদ্বয় উভয় সুরাতে বহুবার ব্যবহার করা হয়েছে। ما (মা) এর অর্থ 'যে' 'যিনি' (Who) নয়, তা বুঝেই ইংরেজী অনুবাদকগণ বেশ তালগোল পাকি য়েছেন। ৯১ নং সুরা আশ-শামস এর ৫, ৬, এবং ৭ নং বাক্যে। এই তিনটি বাক্যের ইংরেজী অনুবাদ দেখুন -

আয়াত ৫-

Yusuf Ali: "By the Firmament and its (wonderful) structure;"

Shakir: "And the heaven and Him Who made it,"

আয়াত ৬-

Yusuf Ali: "By the Earth and its (wide) expanse:"

Shakir: "And the earth and Him Who extended it,"

আয়াত ৭-

Yusuf Ali: "By the Soul, and the proportion and order given to it;"

Shakir: "And the soul and Him Who made it perfect"

যে সকল অনুবাদকগণ এই তিনটি বাক্যে ما (মা) এর অর্থ 'যিনি' (Who) করেছেন তারা সকলেই অন্য সব যায়গায় ما (মা) এর অর্থ 'কী', 'যা', 'ইহা', 'তাহা', 'It', 'Which', 'That' করেছেন। মুহাম্মদের ভুলটাকে ঢাকতে গিয়ে বাধ্য হয়ে দুই জালাল (জালালাইন) জোড়াতালি মার্কা একটি ব্যাখ্যা এখানে দিয়েছেন-

and [by] the soul, that is to say, [by] all souls, and the One Who proportioned it, in its created form (mā ما (মা) in all three instances relates to the verbal action, or functions as man من(মান), 'the one who')

এবার নীচের বাক্যটি দেখুন-

وَمَا خَلَقَ الذَّكَرَ وَالْأُنثَى

এবং (কসম) তাঁর, যিনি নর ও নারী সৃষ্টি করেছেন। (৯২ নং সুরা আল-লাইল, আয়াত ৩) আল্লাহ নিজের নামে কসম খাচ্ছেন!

এবার ইংরেজী অনুবাদটা লক্ষ্য করুন-

Pickthall: "And Him Who hath created male and female,"

Yusuf Ali: "By (the mystery of) the creation of male and female"

জালালাইন এসে মুহাম্মদকে উদ্ধার করার চেষ্টা করলেন এভাবে-

Tafsir al-Jalalayn and [by] the One Who ('mā' either functions as 'man' مَن(মান), 'the One Who', or it is related to a verbal action) created the male and the female, Adam and Eve, or every male and female – the hermaphrodite, although problematic for us, is [in fact] either male or female according to God, and therefore a person [actually] commits perjury if he speaks with one [thinking that] because he has sworn not to speak with a male or a female; [he may do so with a hermaphrodite].

তদ্রূপ আরেকটি বাক্য যেমন-

إِنَّمَا تُوعَدُونَ لَصَادِقٌ

তোমাদের প্রদত্ত ওয়াদা অবশ্যই সত্য। (সুরা ৫১ আজ-জারিয়াহ, আয়াত ৫)

ইংরাজি অনুবাদে (mā مَا (মা) এর অর্থ দেখুন।

Yusuf Ali: "Verily that which ye are promised is true;"

Shakir: "What you are threatened with is most surely true,"

(এবার এর সাথে তুলনা করুন সুরা ৯১ আশ-শামস এর ৫নং আয়াত) এই 'মা' এর ভুল ব্যবহার জেনেই জালালাইন সব সময় ব্র্যাকেটে ব্যখ্যা দিতে বাধ্য হয়েছেন-

Tafsir al-Jalalayn-

assuredly what you are promised (mā, 'what', relates to the verbal action), in other words, the promise given to them of resurrection and other matters, is true, is indeed a true promise,

প্রাসঙ্গীক বিধায় এখানে و 'ওয়াও' বর্ণ নিয়ে কিছু কথা বলে নেয়া ভাল। তার আগে পাঠকবৃন্দকে অনুরোধ করবো, কোরানে ব্যবহৃত و 'ওয়াও', مَن(মান), مَا (মা) এগুলোর অর্থ জানার জন্যে, ব্যবহার দেখার জন্যে ৯১ নং সুরা আশ-শামস, ৯২ নং সুরা আল-লাইল এবং ১০১ নং সুরা আল-কারিয়াহ দেখে নেয়ার জন্যে। অনেকে বলে থাকেন, কোরানের কোন নির্দিষ্ট বাক্য আলাদা করে তর্জমা করা যায় না, কারণ প্রত্যেকটা বাক্য নাকি একটা আরেকটার সম্পূরক, আর এর প্রমাণ হিসেবে তারা বাক্যের প্রথমে و 'ওয়াও' দেখান। و 'ওয়াও' এর অর্থ হলো, 'এবং', 'আর', 'শপথ', 'কসম'। উপররোক্ত তিনটি সুরায় এর প্রচুর ব্যবহার, আর আল্লাহ (না মুহাম্মদ) শুধুমাত্র এই সুরাগুলোতেই কতবার যে কতপ্রকার বস্তুর কসম খেয়েছেন তা দেখতে পাবেন। ইহজগতের মেঘ, নৌকা, আকাশ, বাতাস ইত্যাদি তুচ্ছ বস্তু ও নিজের নামে কসম খাওয়ার হয়তো মুহাম্মদের প্রয়োজন থাকতে পারে , আল্লহর নিশ্চয়ই ছিল না। ছোট বেলায় মারবেল খেলায়, একটা মারবেল আরেকটা মারবেলকে ধাক্কা মেরেছে কি না, তা নিয়ে তর্ক করে, নিজেকে মিথ্যাবাদী নয় প্রমাণ করার লক্ষ্যে, গরুর শুকনো গোবর মাথায় নিয়ে কসম খেতাম। কারণ আমরা উভয়েই মনে করতাম যে, প্রতিপক্ষ মিথ্যাবাদী। আল্লাহও কি নিজেকে মিথ্যাবাদী নয় প্রমাণ করার জন্যে এতবার কসম খেলেন?

৯২ নং সুরা আল-লাইল, ৯৩ নং সুরা 'আদ-দোহা' শুরু হয়েছে و 'ওয়াও' দিয়ে। 'কসম রাত্রির-'। 'কসম মধ্যদিনের', সুতরাং و 'ওয়াও' এর অর্থ শুধু 'আর' এবং 'অতঃপর' নয়, و 'ওয়াও' এর অর্থ

শপথ, কসমও। উল্লেখ্য ৯৩ নং সুরা 'আদ-দোহা' এর সব বাক্যে স্পষ্টই বক্তা জিব্রাইল অথবা মুহাম্মদ, আর আল্লাহ সব সময়ই থার্ড পার্সন।

৯ম ভুল-

ثُمَّ اسْتَوَى إِلَى السَّمَاءِ وَهِيَ دُخَانٌ فَقَالَ لَهَا وَلِلْأَرْضِ ائْتِيَا طَوْعًا أَوْ كَرْهًا قَالَتَا أَتَيْنَا طَائِعِينَ

অতঃপর তিনি আকাশের দিকে মনোযোগ দিলেন যা ছিল ধুম্রকুঞ্জ , অতঃপর তিনি তাকে ও পৃথিবীকে বললেন, তোমরা উভয়ে আস ইচ্ছায় অথবা অনিচ্ছায়। তারা বলল, আমরা স্বেচ্ছায় আসলাম। (সুরা ৪১ হা-মীম, আয়াত ১১)

এবার প্রথমেই জালালাইনের বক্তব্য দেখে নিই- Then He turned to the heaven when it was smoke, [consisting of] rising vapours, and He said to it and to the earth, "Come both of you, to what I desire from you, willingly, or unwillingly!" (tawʿan aw karhan, their [syntactical] locus is that of a circumstantial qualifier, in other words, '[Come] being obedient or coerced'). They said, "We come, together with all those inhabiting us, willingly!" (ṭāʾiʿīna mainly indicates masculine rational beings; it may also be that they are referred to in this way because they are being addressed thus).

শাকির ও ইউসুফ আলীর অনুবাদ-

Yusuf Ali: "Moreover He comprehended in His design the sky, and it had been (as) smoke: He said to it and to the earth: "Come ye together, willingly or unwillingly." They said: "We do come (together), in willing obedience.""

Shakir: "Then He directed Himself to the heaven and it is a vapor, so He said to it and to the earth: Come both, willingly or unwillingly. They both said: We come willingly."

মাটির ভাঙ্গা কলসি জোড়া লাগাতে জালালাইন কিছু অতিরিক্ত মসলা এখানে যোগ করলেন - They said, "We come, together **with all those inhabiting us**, willingly!"
আরবীতে আকাশ এবং পৃথিবী উভয়ই স্ত্রীলিঙ্গ, এবং একত্রে দ্বৈত বা যুগ্মবচন, (বহুবচন নয়)।এমতাবস্থায় قَالَتَا (কা-লাতা They said) ঠিকই আছে, কিন্তু বাক্যের শেষ শব্দ طَائِعِينَ (তা-ইয়িন) বিশেষণ adjective পুংলিঙ্গ এবং বহুবচন। সুতরাং বাক্যের বিশেষ্য পদ, বচন, ও লিঙ্গের সাথে বিশেষণের মিল করে, ব্যাকরণ অনুযায়ী আয়াতের শেষ শব্দটি 'তা-ইতায়ীন' হওয়া উচিৎ।

১০ম ভুল-

وَقَطَّعْنَاهُمُ اثْنَتَيْ عَشْرَةَ أَسْبَاطًا أُمَمًا وَأَوْحَيْنَا إِلَى مُوسَى

আর আমি পৃথক পৃথক করে দিয়েছি তাদের বার জন পিতামহের সন্তানদেরকে বিরাট বিরাট দলে , এবং নির্দেশ দিয়েছি মুসাকে—-

এখানে 'আসবা-তান' শব্দটি আরবী ব্যাকরণানুযায়ী ভুল। আরবীতে দশ সংখ্যার উপরে নামবাচক শব্দ একবচনে লেখা হয়। শুদ্ধ শব্দ হবে ' আশারাতা সিবতান'। কোরানের অন্যান্য আয়াতে এই নিয়ম অনুসরণ করা হয়েছে, যেমন- ৭-১৪২, ২-৬০, ৫-১২, ৯-৩৬, ১২-৪।

আমরা প্রবন্ধ আর দীর্ঘায়িত করবোনা। এ ছিল কোরানে শতাধিক ব্যাকরণগত ভুলের কিছু উদাহরণ মাত্র। কোরানে বিদেশি শব্দের অনুপ্রবেশ এর ব্যাপারে শুধু বলবো , Al Suyuti কোরানে ১০৭ টি এবং Arthur Jeffery ২৭৫টি বিদেশি শব্দ খুঁজে পেয়েছেন। উৎসাহী পাঠক নীচের ইন্টারনেট লিংকসমুহ থেকে আরো বিস্তারিত জেনে নিতে পারেন।

এখন কিছু প্রশ্ন উত্থাপন করা যাক।

এ ভুল কার?

এ প্রশ্নের শুধুমাত্র দুটো উত্তরই হতে পারে।

(১) কোরান ভুল ভাবেই লিখা ছিল লাওহে মাহফুজে।

(২) মানুষ কোরান লেখার সময় ভুল ভাবে লিখেছিল।

প্রথম উত্তর কোনভাবেই গ্রহনযোগ্য হতে পারেনা। আর দ্বিতীয় উত্তর যুক্তিসঙ্গত হলেও প্রমাণ করে যে, বর্তমানে আমাদের হাতের কাছে কোরান ত্রুটিমুক্ত বিশুদ্ধ নয়।

ততকালীন আরবের বিখ্যাত কবি, সাহিত্যিক, ইতিহাসবিদগণ কি কোরানের এ ভুল সম্মন্ধে অবগত ছিলেন না?

অবশ্যই ছিলেন। প্রথম অবস্থায় কেউ তা কানেই তুলেন নি। সে যুগে হীরা পাহাড়ের ঝোপে ঝাড়ে , মাঝে মধ্যে মুহাম্মদের মত ঘর ত্যাগী এমন সন্যাসীর আবির্ভাব স্বাভাবিক ব্যাপার ছিল। রাষ্ট্রীয় অব্যবস্থার শিকার, সমাজ বঞ্চিত, হাতাশাগ্রস্থ যারা অন্ধভাবে মুহাম্মদের কথা আল্লাহর বাণী বলে বিশ্বাস করেছিলেন, তারা কোরানের ভাষার দিকে তাকিয়ে নয়, মুহাম্মদের নবুওত পূর্ব জীবনের দিকে তাকিয়ে ইসলাম ধর্ম গ্রহন করেছিলেন। আর যারা ভুল ধরার ক্ষমতা রাখতেন বা চেষ্টা করেছেন, মুহাম্মদ তাদেরকে দুনিয়া থেকে উঠিয়ে দিয়েছিলেন।

খলিফা উসমানের আমলে কোরান সংকলন কমিটি ভুল সংশোধন করলেন না কেন?

অনেক ভুল সংশোধন করা হয়েছে। শেষ পর্যন্ত উসমান যখন টের পেলেন, লোম খুটতে খুটতে কম্বল খালি হয়ে যাবে, নিষেধ করে দিলেন, আর যেন পরিবর্তন করা না হয়। তবুও এর পরে পরিবর্তন পরিবর্ধন হয়েছে, যখন জের, জবর, পেশ, নোখতা, তাশদিদ ইত্যাদি যোগ করা হয়।

পনেরো শো বৎসর যাবত এত ভুল মানুষের চোখে পড়েনা কেন , মানুষ এ ভুল মেনে নেয় কেন?

কারণ কোরানকে যারা বিনা প্রশ্নে আল্লাহর বাণী বলে মেনে নিয়েছেন, তারা আল্লাহর ভুলকে ভুল বলা পাপ মনে করেন। তাই আল্লাহ যদি বলেন-‘বালকটি বল খেলিতেছে’, আর ‘তাহারা বল খেলিতেছিল’ বাক্যদ্বয় সমান অর্থ বুঝায়, অথবা আল্লাহ যদি বলেন- "I am going to eat" এবং " I am going to will eat কিংবা "I did go to ate" .তাহলে মেনে নিতে হবে বাক্যসমুহ ব্যাকরণগতভাবে শুদ্ধ। আল্লাহর সৃষ্ট ভাষা আল্লাহ যেভাবে মন চায় ব্যবহার করবেন , তাতে ভুল ধরা পাপ।

--

সহায়ক তথ্যাবলী-

1. http://www.answering-islam.org/Books/Jeffery/Vocabulary/index.htm
2. বিজ্ঞানময় কিতাব অভজিৎ রায়
3. Who Authored the Qur’an? Abul Kasem

4. বোকার স্বর্গ আকাশ মালিক
5. আল্লাহ, মুহম্মদ সাঃ এবং আল-কোরআন বিষয়ক কিছু আলোচনার জবাবে.. নাস্তিকের ধর্মকথা
- উপরে

কমেন্ট

আকাশ'দাকে স্বাগতম

মন্তব্য করেছেন ব্লগ অ্যাডমিন (তারিখ: শনি, 08/18/2012 - 16:14).

আপনার ক্ষুরধার পাণ্ডিত্যপূর্ণ লেখা "নবযুগ" ব্লগকে উর্বর করে তুলবে নিঃসন্দেহে।

আকাশ ভাই.

মন্তব্য করেছেন রুশদী (তারিখ: শনি, 08/18/2012 - 17:23).

আকাশ ভাই.

একেবারে শেষের অংশে এসে একটু অস্বস্তি হলো। রেফারেন্সটা জোরালো হলো না। অবশ্যই যেসব আর্টিকেল আপনি রেফারেন্স হিসেবে দিয়েছেন সেগুলোতে হয়তো আরো অথেনটিক রেফারেন্স আছে, কিন্তু আপনি এখানে সেই রেফারেন্স গুলো দিলে হয়ত ভাল হতো।

আপনার আগমনে

পড়, তোমার নিজের নামে।।

উত্তর দিন

জানি আপনি কী বলতে চাইছেন।

মন্তব্য করেছেন আকাশ মালিক (তারিখ: রবি, 08/19/2012 - 05:00).

জানি আপনি কী বলতে চাইছেন। ধন্যবাদ লেখাটি পড়া ও পরামর্শের জন্যে।

সাহস

মন্তব্য করেছেন আবুল কাশেম (তারিখ: রবি, 08/19/2012 - 00:48).

আকাশ মালিককে এখানে পেয়ে আমার সাহস দশগুন বেড়ে গেল।

কাশেম ভাইকে ছেড়ে আমি থাকি কী

মন্তব্য করেছেন আকাশ মালিক (তারিখ: রবি, 08/19/2012 - 05:38).
কাশেম ভাইকে ছেড়া আমি থাকি কী ভাবে? আপনি কেমন আছেন?

ভালো আছি
মন্তব্য করেছেন আবুল কাশেম (তারিখ: রবি, 08/19/2012 - 09:03).

আপনি কেমন আছেন?

হ্যাঁ, ভাল আছি। নিজেকে অনেক হাল্কা এবং মুক্ত বোধ করছি। এখানকার পরিবেশে স্বাস্থ্য আবার চাঙা হয়ে উঠছে।

এই নবজাত শিশুকে (নবযুগকে) লালনপালন করে মহীরুহে পরিণত করতে চাই।

http://mukto-mona.com/bangla_blog/?p=7163

1. আদিল মাহমুদ

মে ১৫, ২০১০ সময়: ৮:৩১ অপরাহ্ণ লিঙ্ক

ইয়ে, মালিক ভাই,

প্রথম প্যারার সেই বেনামী বন্ধু মনে হয় এই অধম 🙂 ? আমার কথা এত সিরিয়াসলি নেবেন বুঝিনি। যদিও আমি সিরিয়াসলিই বলেছিলাম। ধর্ম বিষয়ক লেখা বাদ দিতে কিন্তু কোনদিন বলিনি, বলবও না। শুধু অনুরোধ করেছিলাম সাথে সাথে অন্য বিষয় নিয়েও লিখতে। যার হাতের লেখনী অত চমতকার তার লেখার বিষয়ের কোন অভাব হয় না। শুধু ধর্ম নিয়েই তিনি কেন পড়ে থাকবেন ?

আশা করি ধর্ম বিষয়ে এইই আপনার শেষ লেখা এমন শোক সংবাদ আমাদের দেবেন না। ধর্ম নিয়ে লেখার লোক অনেক আছে, আরো আসবে। তবে মালিক ভাই আর নেই, আর আসবেনও না। প্রত্যকেরই স্বাতন্ত্র থাকে।

আপনার এক্কেবারে শেষে বলা

> "অথবা আল্লাহ যদি বলেন- "I am going to eat" এবং " I am going to will eat কিংবা "I did go to ate" .তাহলে মেনে নিতে হবে বাক্যসমুহ ব্যাকরণগতভাবে শুদ্ধ। আল্লাহর সৃষ্ট ভাষা আল্লাহ যেভাবে মন চায় ব্যবহার করবেন, তাতে ভুল ধরা পাপ।"

কথাটি মনে হয় অনেকটা ফুয়াদ ভাই এর কথা। যতদুর মনে হয় উনি অমন কিছুই ভবঘুরের কোরানে ব্যাকরনের ভুল লেখায় বলেছিলেন। আমি নিশ্চিত হবার জন্য জিজ্ঞাসা করেছিলাম, তবে উনি নিশ্চিত করেননি। আমার বোঝার ভুল হলেও হতে পারে। বাংলা ভাষায় নাকি একটা নিয়ম আছে যে রবী ঠাকুর কোন বানান ভুল লিখলে সেটাই শুদ্ধ বানান বলে ধরা হবে (আবারো এই নিয়মের ব্যাপারে নিশ্চিত নই)। কোরানের ব্যাপারটাও তেমনই হতে পারে।

*একা*এর জবাব:
মে ১৫, ২০১০ at ৮:৫০ অপরাহ্ণ
বলার ভাষা খুঁজে পাচ্ছিনা। আপনার পান্ডিত্য দেখে মুগ্ধ। অনেক কিছু জানবার ছিলো জেনে গেলাম।আরো অনেকবার পড়তে হবে।শুধু আপনাকে আর

*একা*এর জবাব:
মে ১৫, ২০১০ at ৮:৫৪ অপরাহ্ণ
আর একটা কথা, জনাব আবুল কাশেমের

> "Who Authored the Qur'an? Abul Kasem"

এই লেখাটা কী বাংলায় রুপান্তরিত অবস্থায় দেখতে পাবোনা?

*আকাশ মালিক*এর জবাব:
মে ১৫, ২০১০ at ৯:৪০ অপরাহ্ণ
@একা,

> Who Authored the Qur'an? Abul Kasem"
>
> এই লেখাটা কী বাংলায় রুপান্তরিত অবস্থায় দেখতে পাবোনা?

কাশেম ভাই যদি অনুমতি দেন, আমি চেষ্টা করে দেখতে পারি।



আবুল কাশেম এর জবাব:
মে ১৭, ২০১০ at ১:০১ অপরাহ্ণ
কাশেম ভাই যদি অনুমতি দেন, আমি চেষ্টা করে দেখতে পারি।
UN:F [1.4.6_730]

Sorry, I could not use Avro.

Brother Akash Malik, I am so overwhelmed with your generousity, that you consider my puny essay worth translating in Bangla.

Please go ahead, I have no objection.

I am sorry, I cannot write much because I could not use AVRO. Please blame the Muktomona admi!

I have sent you an e-mail. Please read it.

অভিজিৎ এর জবাব:
মে ১৭, ২০১০ at ৮:২২ অপরাহ্ণ
কাশেম ভাই,
অভ্র ব্যবহার করতে পারছেন না বলছেন। একটু খোলাসা করে বলবেন কি ? আমাদের লে আউটের সাথে আপনার পিসিতে অভ্র কাজ করা কিংবা না করার কোন সম্পর্ক নেই কিন্তু। রণদীপম, ব্লাডি সিভিলিয়ান, বিপ্লব, আদিল মাহমুদ, আফরোজা সবাই কিন্তু অভ্র ব্যবহার করেই লিখছেন। আপনি কোথায় সমস্যা একটু দেখবেন ?
নীচে বাংলা কি বোর্ড লে আউটে অভ্র বা ফোনেনিক বোতামগুলো কাজ না করলেও আপনি কিন্তু সহজেই অভ্র সফটওয়্যারটি খুলে রেখে বাংলায় টাইপ করতে পারেন , ঠিক যেভাবে আপনি অভ্র ব্যবহার করে ওয়ার্ড ডকুমেন্ট তৈরি করেন। ঠিক সেভাবেই।
দেখে আমাকে এখানে জানান। অথবা ইমেইলেও জানাতে পারেন।

আবুল কাশেম এর জবাব:
মে ১৮, ২০১০ at ৪:১৬ পূর্বাহ্ণ

Actually, I am now using office PC. I could not install Avro in this PC., for somehow the PC Admin does not allow any other sottware to be installed.
However, in ths past, before, the new interface was installed in MM, I could use Avro just by clicking on the Avro button.
Now, I click Avro butten, but it does not translate to Bangla, it types English. I tried all the butons, but the result is the same.
To tell the truth, I could not even have the Bangla keyboard, when I clicked either Phonetic, Unibijoy, Bijoy and Probhat.
I have not tried my home PC. Perhaps, it will work, because I have installed Avro in my home PC, and it works fine. Unfortunately, I am so busy that I may try my home PC only during the weekends.
Honest, I still prefer the old interface,. I could use Avro from any computer, office or home.

.


ফরিদ আহমেদএর জবাব:
মে ১৫, ২০১০ at ৯:৩০ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

বাংলা ভাষায় নাকি একটা নিয়ম আছে যে রবী ঠাকুর কোন বানান ভুল লিখলে সেটাই শুদ্ধ বানান বলে ধরা হবে (আবারো এই নিয়মের ব্যাপারে নিশ্চিত নই)। কোরানের ব্যাপারটাও তেমনই হতে পারে।

রবী ঠাকুর না জেনে বা না বুঝে কোন ভুল বানান লেখেননি। প্রচলিত বানান থেকে ভিন্নভাবে যেগুলো লিখেছেন সেগুলোর পিছনে কোন না কোন যুক্তি আছে। বাংলা বানান নি য়ে, শব্দতত্ত্ব নিয়ে যে পরিমাণ লেখালেখি করেছেন সেটাই তার প্রমাণ। বাংলা বানানকে সংস্কৃত ব্যাকরণের যে অযৌক্তিক লৌহকঠিন শিকলে বাঁধা হয়েছিল তা থেকে মুক্ত করতে চেয়েছিলেন তিনি। ঈশ্বর কিন্তু রবীন্দ্রনাথের মত তার ভুল

ব্যাকরণের পিছনের যুক্তিগুলোকে তুলে ধরে কোন গ্রন্থ রচণা করেননি। কাজেই তার ভুলগুলোকে শুধু তিনি লিখেছেন বলেই ছাড় দেওয়া যাবে না কিছুতেই। ব্যাকরণই জানে না ব্যাটা , ওদিকে বিশ্বজগতের বিধাতা হবার বাসনা বড় বেশি।

একটা উদাহরণ দিচ্ছি। এখন যে আমরা ‘বাংলা’ শব্দটা লিখি এটার সূত্রপাতও করেছিলেন রবীন্দ্রনাথ। এর আগ পর্যন্ত বাঙ্গালা বলা হতো। বাঙ্গালাকে বাংলা লেখার পিছনে তিনি যুক্তি দিয়েছিলেন এভাবে ,

আমাদের এই যে দেশকে মুসলমানেরা বাঙ্গালা বলিতেন তাহার নামটি বর্তমানে আমরা কিরূপ বানান করিয়া লিখিব শ্রীযুক্ত বীরেশ্বর সেন মহাশয় [১৩২২] চৈত্রের প্রবাসীতে তার আলোচনা করিয়াছেন।

আমি মনে করি এর জবাবদিহি আমার। কেননা, আমিই প্রথমে বাংলা এই বানান ব্যবহার করিয়াছিলাম।

আমার কোনো কোনো পদ্যরচনার যুক্ত অক্ষরকে যখন দুই মাত্রা হিসাবে গণনা করিতে আরম্ভ করিয়াছিলাম তখনই প্রথম বানান সম্বন্ধে আমাকে সতর্ক হইতে হইয়াছিল। ‘ঙ্গ’ অক্ষরটি যুক্ত অক্ষর–উহার পুরা আওয়াজটি আদায় করিতে হইলে এক মাত্রা ছড়াইয়া যায়। সেটা আমার ছন্দের পক্ষে যদি আবশ্যক হয় তো ভালোই, যদি না হয় তবে তাকে প্রশ্রয় দেওয়া চলে না।

এক-একটি অক্ষর প্রধানত এক-একটি আওয়াজের পরিচয়, শব্দতত্ত্বের নহে। সেটা বিশেষ করিয়া অনুভব করা যায় ছন্দরচনায়। শব্দতত্ত্ব অনুসারে লিখিব এক, আর ব্যবহার অনুসারে উচ্চারণ করিব আর, এটা ছন্দ পড়িবার পক্ষে বড়ো অসুবিধা। যেখানে যুক্ত অক্ষরেই ছন্দের আকাঙ্ক্ষা সেখানে যুক্ত অক্ষর লিখিলে পড়িবার সময় পাঠকের কোনো সংশয় থাকে না। যদি লেখা যায়–

বাঙ্গলা দেশে জন্মেছ বলে

বাঙ্গালী নহ তুমি;

সন্তান হইতে সাধনা করিলে

লভিবে জন্মভূমি–

তবে অমি পাঠকের নিকট ‘ঙ্গ’ যুক্ত-অক্ষরের পুরা আওয়াজ দাবি করিব। অর্থাৎ এখানে মাত্রাগণনায় বাঙ্গলা শব্দ হইতে চার মাত্রার হিসাব চাই। কিন্তু যখন লিখিব, ‘বাংলার মাটি বাংলার জল’ তখন উক্ত বানানের দ্বারা কবির এই প্রার্থনা প্রকাশ পায় যে ‘বাংলা’ শব্দের উপর পাঠক যেন তিন মাত্রার অতিরিক্ত নিশ্বাস খরচ না করেন। ‘বাঙ্গলার মাটি’ যথারীতি পড়িলে এইখানে ছন্দ মাটি হয়।

ঝিঙা না ভাজিয়া ভাজিলে ঝিঙ্গা

ছন্দ তখনি ফুঁকিবে শিঙ্গা।

এই গেল ছন্দব্যবসায়ী কবির কৈফিয়ত।

কিন্তু শুধু কেবল কাব্যক্ষেত্রে ডিক্রি পাইয়াই আমি সন্তুষ্ট থাকিব না, আমার আরো কিছু বলিবার আছে। বীরেশ্বরবাবুর মতে মূল শব্দের সহিত তদ্ভব শব্দের বানানের সাদৃশ্য থাকা উচিত। যদি তাঁর কথা মানিতে হয় তবে বাংলার বানান-মহালে হুলস্থুল পড়িয়া যায়। এই আইন অনুসারে কিরূপ পরিবর্তন হয় তার গোটাকতক নমুনা দেখা যাক। ‘শাঁখ–শাঙ্খ্। আঁক–আঙ্ক্। চাঁদ–চাঁন্দ্। রাখ–রাক্ষ। আমি–আহ্মি।

আকাশ মালিক এর জবাব:
মে ১৫, ২০১০ at ৯:৩২ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

তবে মালিক ভাই আর নেই, আর আসবেনও না।

বহু উর্ধে তুলে ফেলেছেন, হুমায়ুন আযাদের ভাষায়- আমার বোধ হয় অধঃপতন সমাগত।

ধন্যবাদ আপনার সু পরামর্শের জন্যে।
আপনি লিখেন না কেন? জানি প্রবাসে সময়ের দারুণ অভাব, তবু ধীরে ধীরে একটু একটু করে লিখুন। আপনার মুক্তিযুদ্ধ বিষয়ক লেখা পড়তে ভাল লাগে।

2. 2



জাহেদ
মে ১৫, ২০১০ সময়: ৮:৫৪ অপরাহ্ণ লিঙ্ক

কুরআনে এত ভুল পাইতেছেন তই আপনাদের কাছে আহবান আপনারা এইটা কে শুদ্ব করে এতবা একটা বড় ছুরা বা ছুরা বাকারা হইলেও শুদ্ব করে লিখে ছাপা খানায় নিয়ে আর একটা ছাফাইয়ে দেন দেখি আপনাদের শুদ্ব কুরআন কি ভাবে চলে কতটুকু মানুষে গ্রহন করে এর দ্বারা বুঝা যাবে। আল্লাহ যে চেলেঞ্চ করেছে ছুরা হজ্বে ৯ নম্বর আয়াতে إنا نحن نزلنا الذكر وإنا له لحافظون (আমি এই কুরআন কে

অবর্তিণ করেছি এবং অবশ্যই এই কুরআন কে আমি হেফাজত করব।) এই ব্যাকটা কতটুকু সত্য আপনাদের শুদ্ব কুরআন বাজারে ছাড়ার পড়ে বুঝা যাবে আপনাদের শুদ্ব কুরআন বাজারে নিতেছে কিনা । এবং এইটা নেওয়ার পরে গ্রহক সমাজ আপনাদের শুদ্ব কুরআন শব্দগুলোকে আগের স্থানে ফিরায়ে দিতেছে কিনা দেখতে হবে যদি না দেয় তা হলে বুঝতে হবে কুরআন সত্য নয়। আমার কাছে দুইটা বাইবেল আছে আমি একবার দুইটাই নিয়ে বসেছি দুনোটার প্রথম পৃষ্টার সাথে মিলায়ে দেখেছি একটার সাথে আর একটা মিলতেছে না।

jahed20082001@yahoo.com

jahed09@hotmail.com

অভিজিৎ এর জবাব:

মে ১৫, ২০১০ at ১০:১৯ অপরাহ্ণ

@জাহেদ,

কোরানে ভুল ভাল নিয়ে আমার এই মুহূর্তে মাথাব্যথা না থাকলেও আপনার ছন্নছাড়া বানানগুলো আমার জন্য খুবই মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে।

শুদ্ব, ছুরা, ছাফাইয়ে দেন, চেলেঞ্চ, পৃষ্টা…

দন্তন আর মূর্ধন সংক্রান্ত ভুলগুলো না হয় নাই দেখালাম।

ভাইজান কি ছোটবেলায় আরবী হরফে বাংলা পড়েছিলেন নাকি?

আপনি আরবী ভাষার শুদ্ধতা নিয়ে যত ইচ্ছে গবেষণা করুন, আমার তাতে আপত্তি নেই, কিন্তু মুক্তমনায় লিখতে হলে বাংলা ভাষাটা শুদ্ধভাবে জানতে এবং লিখতে হবে।

শাফায়েত এর জবাব:

মে ১৬, ২০১০ at ৯:০৭ পূর্বাহ্ণ

@অভিজিৎ,

> ভাইজান কি ছোটবেলায় আরবী হরফে বাংলা পড়েছিলেন নাকি?

:lotpot

মিঠুন এর জবাব:
মে ১৬, ২০১০ at ৫:৫০ অপরাহ্ণ
@অভিজিৎ,

ভাইজান কি ছোটবেলায় আরবী হরফে বাংলা পড়েছিলেন নাকি?

বস্, আপনার জবাব নাই।

সৈকত চৌধুরী এর জবাব:
মে ১৫, ২০১০ at ১১:৩১ অপরাহ্ণ
@জাহেদ,

কুরআনে এত ভুল পাইতেছেন তই আপনাদের কাছে আহবান আপনারা এইটা কে শুদ্ব করে এতবা একটা বড় ছুরা বা ছুরা বাকারা হইলেও শুদ্ব করে লিখে ছাপা খানায় নিয়ে আর একটা ছাফাইয়ে দেন দেখি আপনাদের শুদ্ব কুরআন কি ভাবে চলে কতটুকু মানুষে গ্রহন করে এর দ্বারা বুঝা যাবে।

বুঝলাম না, শুদ্ধ করলে তো আর তা আপনার আল্যার কিতাব রইল না। তয় মাইনষে কেন ওইটা কিনব বা গ্রহণ করব। এইসব আজগুবি কথা না বললে কি হয় না? একটু এডিট করে তাতে মজাদার কিছু মাল-মশলা(চটি জাতীয়) ঢুকিয়ে দিলে বাজারে বেদম চলবে , তখন কি বলবেন- এবারে পাওয়া গেছে আসল আসমানী কিতাব।

আল্যায় প্রথম থেকেই ভয়ে ভয়ে ছিল যে তার মহান উদ্ভট কিতাবখানি মানুষ সন্দেহ করে কি না। তাই হেফাজতের ও সন্দেহের আয়াত নিয়া আইছেন, বুঝলেন? হেফাজত করেছেন বা সন্দেহ নাই

বললেই আবালের মতন বিশ্বাস করতে হয় না যে তাতে সত্যিই কোনো সন্দেহ নাই। বরং এ ধরণের দাবি দুর্বলতার লক্ষণ কারণ এতে অন্তত এটা প্রমাণিত হয় যে কোরানে সন্দেহ করা যেতে পারে বা সে সুযোগ রয়েছে।

আদিল মাহমুদ এর জবাব:
মে ১৬, ২০১০ at ৬:০৬ অপরাহ্ণ
@জাহেদ,

ভাইজানের বাড়ি কি নোয়াখালী নি?

এরিইয়ো ভাইসা, আন্নে তো মূল লিখার একখান কথারও কোন ট্যু দ্যা পয়েন্ট জবাব দিলেন না। হুদা মিসাই কি কি কইয়া গেলেন। কেবল জোর গলায় দাবী করলেই তো হইতো না, সেই দাবী ফ্রমান করি দেন না?

এনারা কেন শুদ্ধ কুরান লিখার মতন নাফরমানী কাম কইরতে যাইব ? হেইডা হইব ভয়াবহ গুনাহর কাম, তার দরকারও তো নাই। কারন আন্নের দাবীমত কুরানে তো কোন অসংগতি নাই। এখন খালি এই লেখার ভুলগুলি ধরাই দিলেই তো এতেনোগো মামলা ডিসমিস। আঁই নিজে আরবী কিসুই জানি না, হারা জীবন খালি দুনিয়ার খোঁজেই বেড়াইসি, আরবী জানলেই তো এই আকাশ মালিকেরে সাপি ধইরতাম। কারন, কোরানের চেলেঞ্চ এর পরেও হে যখন উলটা পালটা বকে তার মানি নিশ্চয়ই সব মিসা কথা। আরবী জাইনলে আর ধইরতে কতক্ষন?

আর ভাইজান, একখান কথা, মনে কিছহু নিয়েন না। দয়া করি কোরান বিকৃত কইরেন না। আন্নে নিজেই তো দেখি কুরানের অর্থ লিখতে ভুল বাংলায় লিখি দিসেন।

” আমি এই কুরআন কে **অবর্তিণ** করেছি এবং অবশ্যই এই কুরআন কে আমি হেফাজত করব। ”

3. 3

বকলম

মে ১৫, ২০১০ সময়: ১০:৪০ অপরাহ্ণ লিঙ্ক

আকাশ মালিক রক্স!!

4. 4

ভবঘুরে
মে ১৬, ২০১০ সময়: ৪:৩৩ পূর্বাহ্ণ লিঙ্ক

ভাই আকাশ মালিক
দুর্দান্ত একটা প্রবন্ধ লেখার জন্য ধন্যবাদ। অনেক গভীরে ঢুকেছেন যা আমার পক্ষে সম্ভব নয়। সম্ভব নয় আরও অনেকের পক্ষেই । অনেক কিছু জানতে পারলাম।
কিন্তু ধর্ম নিয়ে লেখা বন্দ করে দেয়ার মনোবাসনা ব্যক্ত করার কারন বুঝলাম না।
আমার স্বল্প জ্ঞানে আমি যেটুকু বুঝেছি মুসলমানদেরকে তাদের মৌলবাদিতা আর ধর্মান্ধতা থেকে উদ্ধার করতে গেলে একটাই মাত্র রাস্তা খোলা আছে। আর তা হলো কোরান যে আসমানী কিতাব না এবং মোহাম্মদ যে নবী ছিলেন না এটা যৌক্তিক ভাবে প্রমান করে দেয়া। এ দুটি বিষয় প্রমান না করে আপনি দর্শন সাহিত্য বিজ্ঞান রাজনীতি ইত্যাদি নিয়ে যতই জ্ঞান গর্ভ বক্তৃতা দেন কোন কাজ হবে না। আমি বিষয়টা এভাবে দেখি বলেই এ বিষয়ের ওপরেই লেখা লেখি করি। বিষয়টার ফলাফলও কিন্তু হাতে হাতে। মানুষের প্রচুর প্রতিক্রিয়া তো পাওয়া যায়ই সেই সাথে যারা মৌলবাদী চরিত্রের মানুষ তাদের চিন্তার ধরনটাও বোঝা যায় ও তাদের যুক্তি গুলোও ধরা যায় যা সাহায্য করে পরবর্তী করনীয় সম্পর্কে ধারনা করতে। তাই আমার অনুরোধ. , অন্য ধরনের লেখা লিখুন সমস্যা নাই , কিন্তু ধর্ম নিয়ে মাঝে মাঝে লিখবেন আর তাতেই সত্যিকার কাজ হবে বলে আশা করি। গোটা মুলসলমান জাতি অন্ধকারের গহীন অতলে তলিয়ে যাবে যার একজন নগন্য সদস্য আমিও এটা খালি চেয়ে চেয়ে দেখি কেমনে? একই সাথে আমি অন্য লেখকদেরও অনুরোধ করব ধর্ম নিয়ে লেখার জন্য কারন বর্তমান প্রেক্ষিতে সেটাই বেশী জরুরী বলে আমার দৃঢ় বিশ্বাস।

আকাশ মালিক এর জবাব:
মে ১৬, ২০১০ at ৬:৫১ পূর্বাহ্ণ
@ভবঘুরে,

গোটা মুলসলমান জাতি অন্ধকারের গহীন অতলে তলিয়ে যাবে যার একজন নগন্য সদস্য আমিও এটা খালি চেয়ে চেয়ে দেখি কেমনে?

এই ভাবনাটাই তো লেখালেখির জগতে টেনে নিয়ে এলো। আপনার দরদটা বুঝতে কারো অসুবিধে হওয়ার কথা নয়। আপনার ভাষা, আপনার হৃদয়ের কথা আমি অনুভব করতে পারি। কিন্তু বয়স যত বেড়েছে, ধর্ম নিয়ে যত ঘাটাঘাটি করেছি, যত জেনেছি লিখেছি, সব শেষে একটা জিনিষ যেন আমার কাছে পরিষ্কার হয়ে আসছে যে, আসলেই কিছু মানুষকে কোনদিনই কনভিন্সড করা যাবেনা। এরও বোধ হয় একটা বৈজ্ঞানিক ব্যাখ্যা আছে। তাতে অবশ্য নিরাশ হইনা। তবে আসলেই শুধু একদিকে পড়ে থাকতে কিছুটা Boring লাগছে, অন্যান্য দিকটাও বড্ড মিস করছি। যতদিন আয়ূ আছে, আপনাদের সাথে আছি থাকবো। আমরা চাই ধর্মীয় কুসংস্কারমুক্ত , বিজ্ঞানমনস্ক সমাজ। এ বিশ্বকে শিশুর বাসযোগ্য করে তুলার দায়ীত্ব আপনার , আমার আমাদের সকলের।

5. 5

আল্লাচালাইনা

মে ১৬, ২০১০ সময়: ৯:৫২ পূর্বাহ্ণ লিঙ্ক

কোরায়েশ নেতা আবু জেহেল , মুহাম্মদকে বললেন যে , কা'বা ঘর ভন্ডামীর যায়গা নয়।

অভিনন্দনে আবু জেহেলের পিঠ চাপড়িয়ে দিয়ে আসতে ইচ্ছে করছে।

6. 6

ব্লাডি সিভিলিয়ান

মে ১৭, ২০১০ সময়: ১১:৪৮ পূর্বাহ্ণ লিঙ্ক

কসম কম্পিউটার কি, আপনি যদি ধর্ম নিয়ে লেখালেখি বন্ধ করেন, তবে মুক্তমনা অন্তত আধখানা পাঠক হারাবে। আমি যে আপনার কি-পরিমাণ ভক্ত, তা যদি জানতেন। নাস্তিকের ধর্মকথারও ছিলাম, তবে উনি তো আর লেখেন না। ভরসা এখন আপনি।
শুনুন, এসব লেখালেখি আমাদের জাতীয় গণমাধ্যমগুলো ছাপাবে না। মূলধারার প্রকাশকেরা প্রকাশ করতে ভয় পাবে। তাই, অন্তর্জাল আমাদের এনে দিয়েছে দারুণ সুবিধে। আপনি জানেন এই ধরনের লেখাগুলো আমরা যারা বেয়াদব, অবিশ্বাসী তাদের জন্যে কত বড় সম্পদ? এগুলোই আমরা এগিয়ে

দেই বাকোয়াজি বেয়াকুব বিশ্বাসীদের দিকে , এগুলোই উঠতি মুরতাদদের ইমানি জোর বাড়ায় সহস্রগুণ , যুক্তি-তথ্য-উপাত্ত সহযোগে এগুলোই অন্ধত্ব দূরীকরণে নিদারুণ ভূমিকা রাখে।
আর আপনি কি না বলছেন, লেখা ছাড়বেন!! আরে, অন্য বিষয় নিয়ে লিখুন না। কে মানা করেছে ?
কিন্তু, আপনার বিশেষজ্ঞদক্ষতা যেদিকে, সেখানকার লেখা ছাড়বেন কেনু , কেনু, কেনু???
সবশেষে রায়হানের ল্যাম্পপোস্টের কাছে আপনার স্বাস্থ্য, দীর্ঘায়ু এবং দীর্ঘ লেখক জীবনের জন্যে হাজারো দুয়া মাঙ্গিলাম।

7. 7

ব্লাডি সিভিলিয়ান

মে ১৭, ২০১০ সময়: ১২:১৫ অপরাহ্ণ লিঙ্ক

মানুষ কোরান লিখতে সময় ভুল ভাবে লিখেছিল।

এটা হওয়া উচিত:

মানুষ কোরান লেখার সময় ভুল ভাবে লিখেছিল।

আর, রবী ঠাকুর নয়, রবি ঠাকুর। আরো কিছু আছে ভুল , আর সংশোধনে গেলাম না। ভালো থাকবেন।

আকাশ মালিক এর জবাব:
মে ২০, ২০১০ at ৯:০৬ পূর্বাহ্ণ
@ব্লাডি সিভিলিয়ান,

রবী ঠাকুর নয়, রবি ঠাকুর।

মা কালীর কসম, খুশীতে আত্মহারা হয়ে গিয়েছিলাম। এবার বুঝি একঢিলে দুই পাখি শিকার করা যাবে, তা'ও আরেকজনের কাঁধে বন্দুক রেখে। জানি আমার দোয়া আল্লায় শুনেনা, মা কালী শুনবে কোত্থেকে? কোন্ কুলক্ষণে দুইটা বই দেখতে গেলাম। আমার কাছে রবীন্দ্রনাথের **'গল্প গুচ্ছ'**আর **গীত বিতান** আছে। ও মা, চেয়ে দেখি উভয়টাতেই **রবী** লেখা। মানতে হবে ফরিদ ভাই আর আদিল ভাইয়ের উপর আল্লাহর ছায়া আছে।
আচ্ছা **'রবি'** এর সাথে **'ইন্দ্রনাথ'** যোগ করার মাঝে কোন কেরামতি আছে নাকি? কিন্তু তারা দুজনে তো উভয় ক্ষেত্রেই **রবী** লিখেছেন। :-/

সে যাক, আমি পাপীকে আপনি একটু করুণা করুন প্লিজ। নীচের ঠিকানায় আমার প্রবন্ধে কোন বানান ভুল থাকলে ভুলগুলো দেখিয়ে দিন, আমি এডিট করে নিই। আমার তাতে মোটেই লজ্জা নেই ভাই। আমার সোজা কথা-

বিশ্বজোড়া পাঠশালা মোর, সবার আমি ছাত্র।

akashamlk@yahoo.co.uk

*ফরিদ আহমেদ*এর জবাব:
মে ২০, ২০১০ at ১১:১২ পূর্বাহ্ণ
@আকাশ মালিক,

রবি ঠাকুর বানানের ক্ষেত্রে ব্লাডি সিভিলিয়ানই সঠিক। আমি এবং আদিল দুজনেই ভুল করেছি। আদিল করেছে না জেনে আর আমি করেছি আদিলকে অন্ধভাবে অনুসরণ করতে গিয়ে (আদিলের ঘাড়েই দোষটা দিলাম চাপিয়ে)। আদিলের অবশ্য খুব একটা দোষ দেই না আমি এক্ষেত্রে। কারণ , রবী ঠাকুর বানানটা বহুল প্রচলিত। জাতীয় গণমাধ্যমগুলো হরহামেশাই রবী ঠাকুর লিখে চলেছে । রবি ঠাকুর লিখে গুগল সার্চ দিলে যে পরিমাণ লিংক আসবে তার চেয়ে অনেক বেশি পরিমাণে লিং আসবে রবী ঠাকুর নামে দিলে।

রবির সাথে ইন্দ্র এবং সেই সাথে নাথ যোগ করলে রবীন্দ্রনাথ হয়। আর এখান থেকেই বেশিরভাগ লোক ইন্দ্রনাথ-কে বাদ দিয়ে রবীকে তুলে নেয়। তবে , বেশিরভাগ লোকে ভুল করলেও রবীন্দ্রনাথ ঠাকুর কোন ভুল করেন নি তার সংক্ষিপ্ত নামের ক্ষেত্রে । তিনি রবি ঠাকুরই লিখেছেন। তার শেষ বয়সের উপন্যাস 'শেষের কবিতা'-তেই এর প্রমাণ পাওয়া যায়ঃ

একদিন ওদের বালিগঞ্জের এক সাহিত্যসভায় রবি ঠাকুরের কবিতা ছিল আলোচনার বিষয়। অমিতের জীবনে এই সে প্রথম সভাপতি হতে রাজি হয়েছিল; গিয়েছিল মনে মনে যুদ্ধসাজ প'রে। একজন সেকেলেগোছের অতি ভালোমানুষ ছিল বক্তা। রবি ঠাকুরের কবিতা যে কবিতাই এইটে প্রমাণ করাই তার উদ্দেশ্য।দুই-একজন কলেজের অধ্যাপক ছাড়া অধিকাংশ সভ্যই স্বীকার করলে, প্রমাণটা একরকম সন্তোষজনক।

সভাপতি উঠে বললে, "কবিমাত্রের উচিত পাঁচ-বছর মেয়াদে কবিত্ব করা, পঁচিশ থেকে ত্রিশ পর্যন্ত। এ কথা বলব না যে, পরবর্তীদের কাছ থেকে আরো ভালো কিছু চাই , বলব অন্য কিছু চাই। ফজলি আম ফুরোলে বলব না, 'আনো ফজলিতর আম।' বলব, 'নতুন বাজার থেকে বড়ো দেখে আতা নিয়ে এসো তো হে।' ডাব-নারকেলের মেয়াদ অল্প, সে রসের মেয়াদ; ঝুনো নারকেলের মেয়াদ বেশি , সে শাঁসের মেয়াদ। কবিরা হল ক্ষণজীবী, ফিলজফরের বয়সের গাছপাথর নেই।... রবি ঠাকুরের বিরুদ্ধে সব চেয়ে

বড়ো নালিশ এই যে, বুড়ো ওর্ব্ডস্ওঅর্থের নকল করে ভদ্রলোক অতি অন্যায়রকম বেঁচে আছে। যম বাতি নিবিয়ে দেবার জন্যে থেকে থেকে ফরাশ পাঠায়, তবু লোকটা দাঁড়িয়ে দাঁড়িয়েও চৌকির হাতা আঁকড়িয়ে থাকে। ও যদি মানে মানে নিজেই সরে না পড়ে, আমাদের কর্তব্য ওর সভা ছেড়ে দল বেঁধে উঠে আসা। পরবর্তী যিনি আসবেন তিনিও তাল ঠুকেই গর্জাতে গর্জাতে আসবেন যে , তাঁর রাজত্বের অবসান নেই। অমরাবতী বাঁধা থাকবে মর্তে তাঁরই দরজায়। কিছুকাল ভক্তরা দেবে মাল্যচন্দন , খাওয়াবে পেট ভরিয়ে, সাষ্টাঙ্গে প্রণিপাত করবে, তার পরে আসবে তাঁকে বলি দেবার পুণ্য দিন - ভক্তিবন্ধন থেকে ভক্তদের পরিত্রাণের শুভ লগ্ন। আফ্রিকায় চতুষ্পদ দেবতার পুজোর প্রণালী এইরকমই। দ্বিপদী ত্রিপদী চতুষ্পদী চতুর্দশপদী দেবতাদের পুজোও এই নিয়মে। পূজা জিনিসটাকে একঘেয়ে করে তোলার মতো অপবিত্র অধার্মিকতা আর কিছু হতে পারে না। ... ভালো লাগার এভোল্যুশন আছে। পাঁচ বছর পূর্বেকার ভালো-লাগা পাঁচ বছর পরেও যদি একই জায়গায় খাড়া দাঁড়িয়ে থাকে তা হলে বুঝতে হবে, বেচারা জানতে পারে নি যে সে মরে গেছে। একটু ঠেলা মারলেই তার নিজের কাছে প্রমাণ হবে যে, সেণ্টিমেণ্টাল আত্মীয়েরা তার অন্ত্যেষ্টি-সৎকার করতে বিলম্ব করেছিল, বোধ করি উপযুক্ত উত্তরাধিকারীকে চিরকাল ফাঁকি দেবার মতলবে। রবি ঠাকুরের দলের এই অবৈধ ষড়যন্ত্র আমি পাব্লিকের কাছে প্রকাশ করব বলে প্রতিজ্ঞা করেছি।”

আমাদের মণিভূষণ চশমার ঝলক লাগিয়ে প্রশ্ন করলে, “সাহিত্য থেকে লয়ালটি উঠিয়ে দিতে চান ?”

“একেবারেই। এখন থেকে কবি-প্রেসিডেন্টের দ্রুতনিঃশেষিত যুগ। রবি ঠাকুর সম্বন্ধে আমার দ্বিতীয় বক্তব্য এই যে, তাঁর রচনারেখা তাঁরই হাতের অক্ষরের মতো- গোল বা তরঙ্গরেখা, গোলাপ বা নারীর মুখ বা চাঁদের ধরনে। ওটা প্রিমিটিভ; প্রকৃতির হাতের অক্ষরের মক্শো-করা। নতুন প্রেসিডেন্টের কাছে চাই কড়া লাইনের, খাড়া লাইনের রচনা- তীরের মতো, বর্শার ফলার মতো, কাঁটার মতো; ফুলের মতো নয়, বিদ্যুতের রেখার মতো। ন্যুরালজিয়ার ব্যথার মতো। খোঁচাওয়ালা , কোণওয়ালা, গথিক গির্জের ছাঁদে; মন্দিরের মণ্ডপের ছাঁদে নয়।

আদিল মাহমুদ এর জবাব:
মে ২০, ২০১০ at ৫:৩৮ অপরাহ্ণ
@ফরিদ আহমেদ,

ব্লাডি সিভিলিয়নের কারেকশন আগেই দেখছিলাম, তবে আমিও মালিক ভাই এর মতই বেশী বিভ্রান্ত হয়েছি। একই কারন, বেশ কটি বইতেই রবী ঠাকুর দেখেছি। কারন মনে হয় একই , সবাই আমার মতন সন্ধি সমাস মনে হয় শুধু উচ্চ নম্বরের সিঁড়ি পড়েই পার হয়েছেন।

কঠিন উপায়ে জানা গেলে আরো ভাল, ইহজীবনে মনে হয় না আর এই ভুল হবে।

8. 8

ইমতিয়াজ

মে ১৮, ২০১০ সময়: ১:৩৬ পূর্বাহ্ণ লিঙ্ক

যারা ধর্ম নিয়ে লিখছেন তাদের উদ্দেশ্যে বলছি,
youtube এ মাঝে মাঝে কিছু ভিডিও দেখা যায় ফলের ভিতরে , গাছে, মাটিতে, মেঘে এমনকি মঙ্গল গ্রহেও আল্লাহ্ ও মুহাম্মদের নাম ছাপ মারা। এসব দেখে বিশ্বাসীরা আরো বিশ্বাসী হয়ে উঠছে। এসব ব্যাপারে কিছু লিখুন।

9. 9

অভিজিৎ

মে ১৮, ২০১০ সময়: ৬:৩৯ অপরাহ্ণ লিঙ্ক

প্রবন্ধটি নিয়ে আগেই মন্তব্য করব ভেবেছিলাম। ভিজুয়াল লে আউট নিয়ে ব্যস্ত হয়ে যাওয়ায় আর মন্তব্য করার সুযোগ পাইনি।
প্রবন্ধটি আসলেই চমৎকার। যারা ধর্ম নিয়ে সমালোচনামূলক প্রবন্ধ লেখেন , তাদের কাছে এই প্রবন্ধটি আদর্শ হতে পারে। এই ধরণের প্রবন্ধ দেখলে বোঝা যায় যে অযাচিত বিশেষণ ব্যবহার ছাড়াই উৎকৃষ্ট মানের প্রবন্ধ লেখা সম্ভব। আসলে লেখায় শক্তিশালী যুক্তি থাকলে আর বিশেষণের দরকার পরে না। আকাশ মালিকের কাছ থেকে ভবিষ্যতে এ ধরনের আরো প্রবন্ধ আশা করছি।

10. 10

kabir bitu

মে ১৯, ২০১০ সময়: ৪:২৯ অপরাহ্ণ লিঙ্ক

আকাশ মালিকের লেখা “যে সত্য বলা হয়নি” বইটি আমি পুরোটা প্রিন্ট করে বই আকারে বাধিয়ে নিয়েছি। কতোবার যে পড়েছি নিজেই জানিনা।
প্রবির ঘোষ, ভবানিপ্রসাদ সাহু, আরজ আলি, আহমদ শরীফ, হুমায়ুন আজাদ সেই কবে পরেছি।
আকাশ মালিকের লেখা বইখানি পেয়ে মনে হয়েছে, কোরআন আর মোহাম্মদ সম্পর্কে আরো কত কিছু জানার বাকী রয়ে গেছে।
এই লেখাটির জন্য আকাশ ভাইকে ধন্যবাদ।
এমন একটি লেখার বিষয় যেনো বাকি রয়ে গিয়েছিলো।
আপনার জন্য রইলো অনেক অনেক শুভকামনা।

11. 11

নিদ্রালু

মে ২০, ২০১০ সময়: ৩:১৭ অপরাহ্ণ লিঙ্ক

অসাধারণ । অনেক আগেই পড়েছি। ভাল লাগাটা জানিয়ে গেলাম।

12. 12

ফারুক

মে ২০, ২০১০ সময়: ৮:৩৬ অপরাহ্ণ লিঙ্ক

যে সকল মানুষের জন্মই হয়নি, যে সকল ঘটনা তখনও ঘটেনি, তা কী ভাবে সেই মানুষের জন্মের পূর্বে, সেই ঘটনা ঘটার পূর্বে লিখে রাখা হলো ?

যিনি ভবিষ্যত জানেন , তার জন্য তো এটা সোজা। ধরেন আপনার জীবনের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত প্রতিটি মুহুর্তের একটি ভিডিও করা হলো। আপনার জন্মের আগেই সেই ভিডিওটেপটা যদি কাউকে দেয়া হয় , তবে সেই ভিডিও দেখে তার পক্ষে আপনি কবে কখন কি করবেন , সেটা বলা কি এত কঠিন? আরো একটি জিনিষ খেয়াল করুন , ভিডিও দেখে আপনি কি করবেন তা বল্লেও কোনভাবেই কিন্ত আপনার স্বাধীন কর্মকান্ডে হস্তক্ষেপের তার কোন সুযোগ নেই।

13. 13

নিদ্রালু
মে ২০, ২০১০ সময়: ৯:১৮ অপরাহ্ণ লিঙ্ক

@ফারুক

ধরেন আপনার জীবনের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত প্রতিটি মুহুর্তের একটি ভিডিও করা হলোআপনার জন্মের আগেই সেই ভিডিওটেপটা যদি কাউকে দেয়া হয় ,

কীভাবে এটা সম্ভব একটু ব্যাখ্যা করবেন কী ?
আমার জন্মের আগে কীভাবে আমার জীবনের প্রতিমুহূর্তের ভিডিও করাযায়। আর কোন অলৌকিক ইশ্বর এর কাছে যদি আমার জীবনের প্রতি মুহূর্তের ভিডিও থেকেই থাকে তাহলে তার বাইরে অভিনয় করার ক্ষমতা কি আমার থাকবে? যদি না থাকে তার মানে আমার কোন স্বাধীন ইচ্ছানেই।
আর যদি ভিডিওর বাইরে কোন ক্রিয়াকালাপ আমি করতে পারি তাহলে তো ভিডিও এডিট করতে হবে। যদি তাই হয় তাহলে কোন কিছু নিদৃষ্ট করে রাখা সম্বভ না কারন আমার ইচ্ছামত আমি যখন যা খুশী তাই করতে পারি। মুছতে মুছতে তো ফিতের বারটা বেজে যাবে। রিরাইটেবল হলেও একটা লিমিটেশন থাকে নাকি?

আপনার মন্তব্যে দেখে আমার মাথা প্যাচ খেয়ে গেছে । প্লিজ একটু সাহায্য করুন।

ফারুক এর জবাব:
মে ২০, ২০১০ at ১০:২৭ অপরাহ্ণ
@নিদ্রালু,

কীভাবে এটা সম্ভব একটু ব্যাখ্যা করবেন কী ?

আমি সঠিক জানি না , কিভাবে সম্ভব। একটি সম্ভাবনার কথা বলেছি। যতদুর জানি সময়ও আপেক্ষিক।

আর কোন অলৌকিক ইশ্বর এর কাছে যদি আমার জীবনের প্রতি মুহূর্তের ভিডিও থেকেই থাকে তাহলে তার বাইরে অভিনয় করার ক্ষমতা কি আমার থাকবে? যদি না থাকে তার মানে আমার কোন স্বাধীন ইচ্ছানেই।

আপনি আমার কাছে এই যে মন্তব্যটি লিখলেন , তা তো নিজের ইচ্ছায় লিখেছেন , নাকি কেউ আপনাকে বাধ্য করেছে? এখন এই মন্তব্যটা লেখার পরে সেটা কি ফিরিয়ে নেয়া সম্ভব বা আপনি কি আপনার স্বীদ্ধান্ত পরিবর্তন করতে পারেন? এটা কি বলা সম্ভব , দুঃখিত , আমি মন্তব্যটা লিখব না। হাতের ঢিল আর মুখের কথা একবার হাত ছাড়া বা বেরিয়ে গেলে আর ফেরৎ নেয়া যায় না। তেমনি ঘটনা ঘটানোর আগ পর্যন্ত আপনি যত ইচ্ছা স্বীদ্ধান্ত পরিবর্তন করতে পারেন , কিন্তু ঘটানোর পরে আর পরিবর্তনের স্বাধীনতা বা ক্ষমতা আপনার নেই। আপনি জীবনে যা ঘটিয়েছেন তাই ভিডিওটেপে আছে। ভিডিওটেপের সবি আপনার স্বাধীন ইচ্ছাতেই ঘটেছে । একবার ঘটানোর পরে আবার তা পরিবর্তনের বা অভিনয়ের দাবী অযৌক্তিক এবং এর সাথে আপনার স্বাধীন ইচ্ছাকে গুলিয়ে ফেলছেন।

অভিজিৎ এর জবাব:

মে ২০, ২০১০ at ১১:৪৫ অপরাহ্ণ

@ফারুক,

আমি সঠিক জানি না , কিভাবে সম্ভব। একটি সম্ভাবনার কথা বলেছি। যতদুর জানি সময়ও আপেক্ষিক।

ভাই, সময়ের আপেক্ষিকতা মানে আপনি যদি বুঝে থাকেন না ঘটা ঘটনাও ভিডিও করে কেউ দেখাতে পারবে, তা হলে আইনস্টাইন সাহেব বোধ হয় কবর থেকে উঠে এসে নিজের চুল ছিঁড়তে শুরু করতেন।

কোন কিছু দাবী করলে সেটার প্রমাণ দাবীদারকেই দিতে হবে। একে দর্শনের পরিভাষায় বলে ‘বার্ডেন অব প্রুফ’। কোন কিছু দাবী করার পরে যদি বলেন , ‘আমি সঠিক জানি না , কিভাবে সম্ভব। একটি সম্ভাবনার কথা বলেছি’ তাতে দাবীর যথার্থতা প্রমাণিত হয় না, বরং উল্টোটাই ঘটে। আমিও হয়তো দাবী করতে পারি যে, **আপনার মাথাটা আসলে নীচের দিকে আর পা দুটো উপরের দিকে, আপেক্ষিকতার কারণে আমরা উলটো দেখছি।** আপনি কি মেনে নেবেন? না মনলে কিন্তু আমি বলব, ‘আমি সঠিক জানি না , কিভাবে সম্ভব। একটি সম্ভাবনার কথা বলেছি’। কেমন শোনাবে ব্যাপারটা? ভাল থাকবেন।

মিঠুন এর জবাব:

মে ২০, ২০১০ at ১১:৪৮ অপরাহ্ন

@অভিজিৎ,

আমিও হয়তো দাবী করতে পারি যে, আপনার মাথাটা আসলে নীচের দিকে আর পা দুটো উপরের দিকে, আপেক্ষিকতার কারণে আমরা উলটো দেখছি। আপনি কি মেনে নেবেন? না মনলে কিন্তু আমি বলব, 'আমি সঠিক জানি না , কিভাবে সম্ভব। একটি সম্ভাবনার কথা বলেছি'। কেমন শোনাবে ব্যাপারটা?

ফারুক এর জবাব:

মে ২১, ২০১০ at ১২:১৬ পূর্বাহ্ন

@অভিজিৎ,আপনি মনে হয় দাবী ও সম্ভাবনাকে এক করে ফেলেছেন। ভবিষ্যত জানা সম্ভব কিনা? এব্যাপারে আপনার কি মত?

আমিও হয়তো দাবী করতে পারি যে, আপনার মাথাটা আসলে নীচের দিকে আর পা দুটো উপরের দিকে, আপেক্ষিকতার কারণে আমরা উলটো দেখছি। আপনি কি মেনে নেবেন?

না মানার তো কোন কারন দেখিনা।

প্রথমত কিসের সাথে তুলনা করে উপরে আর নিচে বল ছেন , সেটাই যখন জানি না।

২য়ত আপেক্ষিক দৃষ্টিতে উপর নিচ বলে কিছু নেই।

আপনিও ভালো থাকুন।

অভিজিৎ এর জবাব:

মে ২১, ২০১০ at ৬:৪৮ পূর্বাহ্ণ

@ফারুক,

ঠিক বলেছেন। সেজন্যই বোধ হয় লোকজন বলে কারো কারো বুদ্ধি হাটুতে। আসলে তারা আপেক্ষিক তত্ত্ব অনুযায়ী নীচের দিকে মাথার কথাই মিন করে। এতোদিনে বুঝলাম।

ফারুক এর জবাব:

মে ২১, ২০১০ at ৭:১৮ পূর্বাহ্ণ

@অভিজিৎ,হাটুতে বুদ্ধি আলারা মাথার কথাই মিন করে , এটা জানা ছিল না। ধন্যবাদ নিজের পরিচয় দেয়ার জন্য , যদিও আমি আপনার পরিচয় জানতে চাই নি!!

মিঠুন এর জবাব:

মে ২০, ২০১০ at ১১:৪৬ অপরাহ্ণ

@ফারুক,

আপনি আমার কাছে এই যে মন্তব্যটি লিখলেন , তা তো নিজের ইচ্ছায় লিখেছেন , নাকি কেউ আপনাকে বাধ্য করেছে? এখন এই মন্তব্যটা লেখার পরে সেটা কি ফিরিয়ে নেয়া সম্ভব বা আপনি কি আপনার স্বীদ্ধান্ত পরিবর্তন করতে পারেন? এটা কি বলা সম্ভব , দুঃখিত , আমি মন্তব্যটা লিখব না। হাতের ঢিল আর মুখের কথা একবার হাত ছাড়া বা বেরিয়ে গেলে আর ফেরৎ নেয়া যায় না। তেমনি ঘটনা ঘটানোর আগ পর্যন্ত আপনি যত ইচ্ছা স্বীদ্ধান্ত পরিবর্তন করতে পারেন , কিন্তু ঘটানোর পরে আর পরিবর্তনের স্বাধীনতা বা ক্ষমতা আপনার নেই। আপনি জীবনে যা ঘটিয়েছেন তাই ভিডিওটেপে আছে। ভিডিওটেপের সবি আপনার স্বাধীন ইচ্ছাতেই ঘটেছে । একবার ঘটানোর পরে আবার তা পরিবর্তনের বা অভিনয়ের দাবী অযৌক্তিক এবং এর সাথে আপনার স্বাধীন ইচ্ছাকে গুলিয়ে ফেলছেন।

ভাই মাথা ঠিক আছে তো আপনার? আপনি বললেন যে ঘটনা ঘটার আগেই তা অলৌকিক ঈশ্বর লিখে রাখতে পারেন। তাহলে সেই ঘটনা ঘটকের স্বাধীন ইচ্ছায় ঘটে কিভাবে ? আর আমি যদি কোন

কাজ করার সিদ্ধান্ত শেষ মুহূর্তে এসে বদলে ফেলি তাহলে (আপনি যেহেতু বলছেন আমার স্বাধীন ইচ্ছা আছে তাই যা খুশী আমি করতে পারি) তা বহু আগে থেকে কিভাবে লিখে রাখা সম্ভব ? ধরলাম সর্বশক্তিমান ঈশ্বরের পক্ষে সবই সম্ভব(কিভাবে সম্ভব তা আপনি ব্যাখ্যা করেন নি)। কিন্তু তাহলে আমার স্বাধীন ইচ্ছার তো আর অস্তিত্ব থাকল না কেননা আমি শেষ মুহূর্তে এসেও যদি মত বদলে ফেলি, তারপরও ঈশ্বর তা বহু আগে থেকেই জেনে বসে আছেন। স্ববিরোধী হয়ে গেলনা ভাই?

আসলে সমস্যাটা অন্য জায়গায়। সমস্যাটা হল আপনারা ঈশ্বরের সংগার যে ধারনা পোষন করেন সেই ধারনায়। আপনারা মনে করেন ঈশ্বর এতই শক্তিশালী যে, চারকোনা বৃত্ত বানাতেও তার কোন বেগ পেতে হয়না। আপনারা আপনাদের কল্পিত ঈশ্বরকে আপন মনের মাধুরী মিশিয়ে শক্তিমান বানাচ্ছেন। আর তা বানাতে গিয়ে অহরহ অসংখ্য স্ববিরোধীতার জন্ম দিয়ে যাচ্ছেন। তাই এটুকু বুঝতে পারছেন না যে সর্বশক্তিমানেরও যদি বড় কোন শক্তিমান থেকে থাকে তবে তারও এক সাথে সর্বশক্তিমত্তা এবং সবজান্তা এ দুটি গুন একসাথে থাকতে পারেনা।

ধন্যবাদ।

সৈকত চৌধুরী এর জবাব:
মে ২১, ২০১০ at ১২:০৮ পূর্বাহ্ণ
@মিঠুন,

এছাড়া আরো সমস্যা আছে। যেমন, ইসলাম ধর্ম মতে প্রার্থনার মাধ্যমে কোনো কাজের পরিণতি বা ফলাফল বদলানো যায়। সব যদি আগেই নির্ধারিত করা থাকে তবে প্রার্থনার আর মানে কী? এছাড়া আরেকটি প্রশ্ন - যারা মৃত্যুর পর দোজখে যাবে তাদেরকে কোন দুঃখে সৃষ্টি করা হল ?

মিঠুন এর জবাব:
মে ২১, ২০১০ at ১২:২৪ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

প্রার্থনার মাধ্যমে কোনো কাজের পরিণতি বা ফলাফল বদলানো যায়।

কথাটার মাঝেই কিন্তু এর গোমর ফাস হয়ে যায়। যদি এই কথাটি বলাই থাকে ইসলাম ধর্মে, তবে আল্লাহ যে মানুষকে স্বাধীন ইচ্ছা দিয়েছেন সেই দাবী আর ধোপে টেক না। কেননা প্রার্থনা করে আমি কোন ফলাফল বদলাব? আগে থেকে লেখা না থাকলে বদলাবার প্রশ্ন আসছে কোত্থেকে? একেই বলে নিজের জালে নিজেই ফাসা।

যারা মৃত্যুর পর দোজখে যাবে তাদেরকে কোন দুঃখে সৃষ্টি করা হল ?

বুঝলেন না ভাই আল্লাহ আগে থেকেই জানেন যে আপনার আমার মত বহুদ বদমাইশ এইসব নাফরমানি কইরা বেড়াবে কারন আল্লাহ চাচ্ছেনই তাই, যাতে তার দোজখ টা খালি না পইড়া থাকে। আল্লাহর ইচ্ছাতেই সব হয়। কোন দোষ না কইরাও মনে হয় তার ইচ্ছাতেই দোজখবাসী হইতে হবে। আল্লাহ বটে একখান!!!

আদিল মাহমুদ এর জবাব:
মে ২১, ২০১০ at ১:১০ পূর্বাহ্ণ
@মিঠুন,

প্রার্থনায় সব সময় কাজ হয় না। তবে এক্কেবারেই কাজ হবে না কি করে বলেন?

আল্লাহ হয়ত বাংলা নাটকে দেখা অফিসের বড় সাহেবের মত তেলানো পছন্দ করেন?

মিঠুন এর জবাব:
মে ২১, ২০১০ at ৮:৪৩ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

শুধু আল্লাহই না ভাইয়া, সব ধর্মের গডফাদারদেরই একই অবস্থা। এরা এতই নি:স্ব আর একাকি ছিল যে কারো কাছ থেকে তেলের আশায় এরা অস্থির হয়ে উঠেছিল। আর তারই ফলশ্রুতিতে সব কিছুর সৃষ্টি। চিন্তা করুন কি মহান উদ্দেশ্য কাজ করছিল সৃষ্টির পেছনে।

সব ধর্মের গডফাদাররা তোষামদী পছন্দ করলেও আমাদের এই পৃথিবীতে অনেক বড় সাহেব আছেন যারা তোষামদী পছন্দ করেন না। আমার অফিসের বসই তো কথায় কথায় সালাম একদমই সহ্য করতে পারেন না। ভাবি ধর্মের গডফাদারদের ওনাদের কাছ থেকে শেখার অনেক কিছুই আছে।

ফারুক এর জবাব:

মে ২১, ২০১০ at ১২:২৫ পূর্বাহ্ণ

@মিঠুন,

ভাই মাথা ঠিক আছে তো আপনার? আপনি বললেন যে ঘটনা ঘটার আগেই তা অলৌকিক ঈশ্বর লিখে রাখতে পারেন। তাহলে সেই ঘটনা ঘটকের স্বাধীন ইচ্ছায় ঘটে কিভাবে ?

ঘটকের স্বাধীন ইচ্ছায় হস্তক্ষেপ না করে একজন দর্শক হিসাবে লিখে রাখার মধ্যে অলৌকিক কিছু আছে কি? ঈশ্বর ভবিষ্যত দেখতে পান বলেই লিখে রাখতে পারেন কি ঘটবে। আমার আগের মন্তব্যগুলো একটু মনযোগ দিয়ে পড়ুন , তাহলে বুঝবেন কোন স্ববিরোধীতা নেই।

মিঠুন এর জবাব:

মে ২১, ২০১০ at ৮:৩১ পূর্বাহ্ণ

@ফারুক,

ভাই, একই ঢোল বাজাচ্ছেন কেন তখন থেকে? সোজাসুজি উত্তর দেন- ঈশ্বর যদি আগে থেকেই জেনে বসে থাকেন যে ওটা ঘটবেই, তবে আমার পক্ষে কিভাবে সম্ভব শেষ মুহুর্তে এসে আমার স্বাধীন ইচ্ছায় মত পরিবর্তন করে অন্য কিছু করা ? আপনি স্ববিরোধীতা নেই বলে মনে মনে মন কলা খেতে পারেন, নিজের ফাটা ঢোল যত খুশী বাজাতে পারেন..আমার কিছু বলার নেই। তাল গাছ টা আপনারই...

ফারুক এর জবাব:

মে ২১, ২০১০ at ৯:২৬ পূর্বাহ্ণ

@মিঠুন,আপনি না বুঝলে তো একি ঢোল বাজানো মনে হবেই। আপনি যেটাকে মনে করছেন ঘটবে , সেটা ইতিমধ্যে ঘটে গিয়েছে , এবং ঈশ্বর সেটা অবলোকন করেছেন। কারন ঈশ্বর ভবিষ্যত জানেন।

সৈকত চৌধুরীকে লেখা আমার জবাবগুলো পড়ুন , তারপরেও যদি মনে হয় আমি একি ঢোল বাজাচ্ছি , দুঃখিত। আপনাকে বোঝানোর ক্ষমতা আমার নেই।

মিঠুন এর জবাব:
মে ২১, ২০১০ at ১২:২৩ অপরাহ্ণ
@ফারুক,

আপনি যেটাকে মনে করছেন ঘটবে , সেটা ইতিমধ্যে ঘটে গিয়েছে , এবং ঈশ্বর সেটা অবলোকন করেছেন। কারন ঈশ্বর ভবিষ্যত জানেন।

ভাই যেটা ঘটবে সেটা যদি ইতিমধ্যে ঘটে গিয়ে থাকে তবে প্রশ্ন জাগে ঘটাচ্ছে কে? নিশ্চয়ই ঈশ্বর। তা তিনি যদি ঘটার আগেই কি ঘটবে তা ঠিক করে রাখেন তাহলে মানুষের স্বাধীন ইচ্ছার মূল্য কোথায় ?

আপনার সাথে আর তর্ক করার ধৈর্য্য নাই আমার। এক কথা বার বার বলতে ভাল লাগেনা।আসলে আপনি আমাকে বুঝাবেন কি আ মার নিজেরই আপনাকে বোঝার ক্ষমতা নাই । আমার মনে হয় এখানে কারোরই সেই ক্ষমতা নাই। আপনার আর কস্ট করে বুঝাতে হবে না। তালগাছটা আপনাকে দিয়ে দেয়া হয়েছে।

ধন্যবাদ।

মিঠুন এর জবাব:
মে ২১, ২০১০ at ৮:৫৫ পূর্বাহ্ণ
@ফারুক,

ঘটকের স্বাধীন ইচ্ছায় হস্তক্ষেপ না করে একজন দর্শক হিসাবে লিখে রাখার মধ্যে অলৌকিক কিছু আছে কি?

না ভাই কোন অলৌকিক কিছু নাই। দর্শক কাদের বলা হয় ভাই জানেন তো ? যারা ঘটনা দর্শন করেন। এখন ঘটনা দর্শন তখনই করা যায় যখন ঘটনাটি ঘটে। ঘটার পর দর্শন করে লিখে রাখাই যেতে পারে ..এর মধ্যে অলৌকিক কিছু নাই। কিন্তু ঘটনা ঘটার আগেই যদি কেউ তা লিখে ফেলে তবে অলৌকিকতার সাহায্য ছাড়া তা কিভাবে সম্ভব একটু ব্যাখ্যা করবেন কি ?

আচ্ছা বুঝলাম, এর মধ্যে অলৌকিক কিছুই নাই। তাহলে তো এটা যে কারোরই পারার কথা। এখন আপনি বলুন তো, আমি আগামিকাল বিকাল ৫ টার সময় কোথায় থাকব?

ফারুক এর জবাব:

মে ২১, ২০১০ at ৯:১৯ পূর্বাহ্ণ

@মিঠুন, দর্শন করার মাঝে অলৌকিক কিছু নেই। ভবিষ্যত দর্শন করার মাঝে অলৌকিকতা লুকিয়ে আছে।

এখন আপনি বলুন তো, আমি আগামিকাল বিকাল ৫ টার সময় কোথায় থাকব?

আমি ঈশ্বর না , আমি ভবিষ্যত দেখতে পাই না।

মিঠুন এর জবাব:

মে ২১, ২০১০ at ১:১৫ অপরাহ্ণ

@ফারুক,

আচ্ছা বলেন তো, আপনি জানেন যে আজ বিকাল ৫ টার সময় আপনি আপনার মামার বাড়ি বেড়াতে যাবেন। আপনি যদি আগেই ঠিক করে না রাখেন তবে তা আপনি কিভাবে জানবেন?

সৈকত চৌধুরী এর জবাব:
মে ২১, ২০১০ at ১২:১৮ পূর্বাহ্ণ
@ফারুক,

আপনি আমার কাছে এই যে মন্তব্যটি লিখলেন , তা তো নিজের ইচ্ছায় লিখেছেন , নাকি কেউ আপনাকে বাধ্য করেছে? এখন এই মন্তব্যটা লেখার পরে সেটা কি ফিরিয়ে নেয়া সম্ভব বা আপনি কি আপনার স্বীদ্ধান্ত পরিবর্তন করতে পারেন?

বিষয়টা হল- আমি এ কাজটা নাও করতে পারতাম, সে স্বাধীনতা আমার ছিল। কিন্তু আপনার কথা মত কেউ যদি আগেই তা ভিডিও করে রাখে বা শতভাগ নিশ্চিতরুপে জেনে ফেলে যে আমি তা করতে যাচ্ছি তবে তো আর আমার স্বাধীন ইচ্ছা বলে কিছু থাকল না। আর আল্লাহ নামক কেউ যদি এরকম করে তবে প্রশ্নটা হল তিনি যেহেতু জানতেন কোন মানুষ পৃথিবীতে কী করবে তবে কেন ধর্মের দৃষ্টিতে মন্দ কাজ করা মানুষগুলোকে তৈরী করলেন যারা ঐ কাজগুলো করবে তা সুনিশ্চিত ?

ফারুক এর জবাব:
মে ২১, ২০১০ at ১২:৩৭ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,আপনার স্বাধীন ইচ্ছায় যা ঘটিয়েছেন সেটারি ভিডিও ওটি। এই সহজ জিনিষটাকে খামাকা জটিল করে ফেলছেন।

একটা গল্প বলি- একজন সিনেমার একটি দৃশ্য প্রতিদিন একবার করে দেখে। দৃশ্যটি হলো , প্রেমিক যখন প্রেমিকাকে চুমু দিতে যায় তখন একটি ট্রেন এসে ঘটনাটাকে আড়াল করে ফেলে। তাকে যখন জিজ্ঞাসা করা হলো , প্রতিদিন এটা দেখার কি হলো? উত্তরে বলে , আশায় থাকি , যদি ট্রেনটা আজ লেট করে , তাহলে চুমুর দৃশ্য দেখতে পাব।

বোঝার চেষ্টা করুন স্বাধীন ইচ্ছায় যা ঘটিয়েছেন তারি ভিডিও ওটি। এটার আর পরিবর্তন আপনি করতে পারবেন না।

সৈকত চৌধুরী এর জবাব:

মে ২১, ২০১০ at ৪:১২ পূর্বাহ্ণ

@ফারুক,

বিষয়টা বাস্তবে সম্ভব কি না সে বিতর্কে আমি যাচ্ছি না। কিন্তু এ রকম হলে ধর্মের সাথে বেশ কিছু সমস্যা বাধে। যেমন-

১। প্রার্থনার বিষয় আগে বললাম। আল্লা যদি জানেন ওটা ঘটবেই, এর কোনো ব্যতিক্রম নেই তবে তিনি কোনো দোয়া কেমনে কবুল বা প্রত্যাখ্যান করবেন? ওটা তো তিনি আগেই নির্ধারণ করে বসে রয়েছেন।

২। যেহেতু যা ঘটার তার ব্যতিক্রম ঘটার কোনো সম্ভাবনা নেই তাহলে দোজখীদের কেন সৃষ্টি করলেন ? ক্ষমতা থাকা সত্ত্বেও এর ব্যতিক্রম না করা তার মন্দত্বের প্রতীক।

৩। এরকম হলে স্বয়ং আল্লা ও সমস্যার মধ্যে পড়ে যান। কারণ তাকে ঐ একই পথে যেতে হবে, মাঝখানে পথ পরিবর্তন করার বা ভিডিওটি মেরামত করার কোনো অবকাশ থাকল না। আল্লাকে অন্য পথ ধরতে বলছি না, বরং তার যে আর অন্য পথ ধরার সুযোগ থাকল না সে কথা বোঝাতে চাচ্ছি। আপনাকে অনেক ধন্যবাদ।

ফারুক এর জবাব:

মে ২১, ২০১০ at ৬:২১ পূর্বাহ্ণ

@সৈকত চৌধুরী, আসলেই কোন সমস্যা নেই। আপনি যেটা ভাবছেন ঘটবে , সেটা ইতিমধ্যেই ঘটে গিয়েছে এবং আল্লাহ জানেন কি ঘটেছে। এবং এর ভিতরে প্রার্থনা করা (যদি করে থাকেন), কবুল হওয়া বা প্রত্যাখ্যান হওয়া সবি ঘটে গিয়েছে , এবং সে অনুযায়ীই ঘটনা ঘটেছে। আপনার অতীতের ঘটনা স্মরন করুন , চিন্তা করুন ওগুলো কিভাবে ঘটেছিল। তাহলে আর না বোঝার কোন কারন নেই।

আপনার ৩টি প্রশ্নেরি উত্তর নিহিত আছে ভবিষ্যত জানার ভিতরে।

আমরা ভবিষ্যত জানি না বলেই বুঝতে বা মেনে নিতে সমস্যা হচ্ছে।

নিদ্রালু এর জবাব:

মে ২১, ২০১০ at ৫:৪১ অপরাহ্ণ

@ফারুক,

আপনি যেটা ভাবছেন ঘটবে , সেটা ইতিমধ্যেই ঘটে গিয়েছে এবং আল্লাহ জানেন কি ঘটেছে।

এই কথাটাই যদি সত্যি ধরি তাহলে আমি যা যা করব তা আগেই করা হয়ে গেছে এবং আমার স্বাধীন ইচ্ছা মতই ঘটেছে এবং ঈশ্বর তা দেখেছেন।

তাইলে এখন আমি কী করছি? আগে যা যা করছি তার পুনরাবৃত্তি করছি নাকি ? এটা কী ধনণের রশিকতা?

আপনি নিজে কী কনভিন্সড আপনি যা বলছেন?

ফারুক এর জবাব:

মে ২২, ২০১০ at ১:২৬ পূর্বাহ্ণ

@নিদ্রালু,আমি কনভিন্সড , আমি যা বলেছি। একটু ঠান্ডা মাথায় আপনি আমার মন্তব্যগুলো পর্যালোচনা করুন, ইনশাল্লাহ আপনিও কনভিন্সড হবেন।

14. 14

যাযাবর

মে ২১, ২০১০ সময়: ৮:৫২ পূর্বাহ্ণ লিঙ্ক

যারা ফারুকের সঙ্গে তর্কে তাদের সবাইকে,
ধর্মের বিশ্বাসীরা যদি নির্ভুল যুক্তি ও তর্ক বুঝত বা করত তাহলে তারা কি আর বিশ্বাসী থাকত। বিশ্বাসকে কারও যুক্তির পরীক্ষায় পাস ফেইল বিচারের মানদণ্ড বলা যায়। বিশ্বাসীদের কাছে সঠিক যুক্তি দেয়াটা উলুবনে মুক্তো ছড়ান আর কি।

মিঠুন এর জবাব:
মে ২১, ২০১০ at ১:২০ অপরাহ্ণ
@যাযাবর,

ভাই বুঝতে পারতাছি, যে বিশাল একটা ভূল করে ফেলেছি আমি ফরিদ ভাই এর মত। এইবারে মাফ চাচ্ছি।

যাযাবর এর জবাব:
মে ২১, ২০১০ at ১:৫৭ অপরাহ্ণ
@মিঠুন,

ভুল মোটেই হয় নি। উলুবনে মুক্তো ছড়ান হলেও যুক্তি ছড়িয়ে দেয়াটা খুবই জরুরী। বিশ্বাসের বেশ কয়েক স্তর আছে। অন্ধ বা বদ্ধ মনের বিশ্বাসী যারা তাদের জন্য সুযুক্তি উলুবনে মুক্তো ছড়ানই বটে। কিন্তু আরেক দল আছে যারা বেড়ার উপর বসে আছে, যার এপারে বিশ্বাসের ক্ষেত আর ওপারে যুক্তির ক্ষেত। তারা কিছুটা বিশ্বাসের ক্ষেতের দিকে ঝুকে থাকলেও যুক্তির হাওয়াটা একটু জোরাল হলেই সে হাওয়ার ধাক্কায় তারা যুক্তির ক্ষেতে পড়ে যাবে। এদেরকে টার্গেট করেই বদ্ধ মনের বিশ্বাসীদের প্রতিও যুক্তি ছড়াতে হবে এই আশায় যে, বেড়ায় বসে থাকা ঐ আধা বিশ্বাসীরাও ঐ যুক্তিগুলো পড়ে যুক্তির ক্ষেতে হেলে পড়ে যাবে। আশা এই যে তাদের সংখ্যাই বেশী।

15. 15


bisam

নভেম্বর ২১, ২০১০ সময়: ১১:১০ পূর্বাহ্ণ লিঙ্ক

একই রকম বাক্য লিখতে গিয়ে দুই স্থানে শুদ্ধ লিখে অন্য স্থানে ভুল (আপনার দৃষ্টিতে)করার কারণ অবশ্যই অজ্ঞতা নয় এটা আশা করি মানবেন । এটা আসলে ভুল নয় তরকিবের (আরবীতে বাক্য গঠনরীতি কে তরকিব বলে) ভিন্নতার কারণে এই ভিন্নতার সৃষ্টি হয়েছে । বিভিন্ন উদ্দেশ্যকে সামনে রেখে স্থান কাল পাত্র ভেদে তরকিবে ভিন্নতা আসে । আমি জানিনা আপনি অরবি বাক্য গঠনরীতি কতটুকু জানেন ভাল জানা থাকলে হয়ত এই ভিন্নতা কে ভুল বলতেন না। তাছাড়া الصَّابِؤُونَ কেন ভুল

আর الصَّابِئِين কেন শুদ্ধ তাও বলেন নি। দাবি করেছেন প্রমাণ আনেন নি। আপনার আরো স্পষ্ট করে বলা উচিত ছিল অমুক নিয়মের ভিত্তিতে এটা শুদ্ধ এটা ভুল কিন্তু আপনি তা করেন নি কেন কী উদ্দেশ্যে আপনিই ভাল বলতে পারবেন

সূরা মায়েদায় الصَّابِئِين না হয়ে কেন الصَّابِؤُونَ হল এর কারণ শুনুন । الصَّابِؤُونَ এর পূর্বে যে واو টা রয়েছে তা عاطفة আতেফা (পূর্বের বাক্যের সাথে সম্পর্ক স্থাপনকারী) না বরং مستأنفة মুস্তানেফা (পূর্বের বাক্যের সাথে সম্পর্ক ছিন্নকারী) যদি عاطفة হত তাহলে الصَّابِئِين ঠিক আছে যেহেতু عاطفة না مستأنفة তাই الصَّابِؤُونَ হয়েছে। অর্থাৎ وَالصَّابِؤُونَ থেকে নতুন একটা বাক্য শুরু হচ্ছে যাকে জুমলায়ে মুস্তানিফা বলে । الصَّابِؤُونَ হল সে বাক্যের উদ্দেশ্য এবং এর বিধেয় উহ্য আছে। বাক্য টা হবে এমন

إِنَّ الَّذِينَ آمَنُواْ وَالَّذِينَ هَادُووَالنَّصَارَى مَنْ آمَنَ بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ وعَمِلَ صَالِحًا فَلاَ خَوْفٌ عَلَيْهِمْ وَلاَ هُمْ يَحْزَنُونَ **والصابؤن كذالك**

‘নিশ্চয় যারা মুসলমান, যারা ইহুদী, সাবেয়ী, খ্রীষ্টান, তাদের মধ্যে যারা বিশ্বাস স্থাপন করে আল্লাহর প্রতি, কিয়ামতের প্রতি এবং সৎকর্ম সম্পাদন করে, তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিত হবে না’**এবং সাবেয়ীরাও এমন অর্থাৎ তাদের মধ্যে যারা বিশ্বাস স্থাপন করে আল্লাহর প্রতি, কিয়ামতের প্রতি এবং সৎকর্ম সম্পাদন করে, তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিত হবে না’**

এই ধরনের ব্যবহার আরবীতে প্রচলিত।আরবী ব্যাকরনবিদ সিবওয়াই (سبوايه) এর আবৃত্তি করা একটি কবিতার পঙতি

والا فاعلموا وانتم بغاة ما بقينا على شقاق

এখানেও وانتم জুমলায়ে মুস্তানিফা এবং এর বিধেয় উহ্য আছে। বাক্যটি হবে এমন **فاعلموا انا بغاة وانتم كذالك**

এখন প্রশ্ন হল অপর দুই আয়াতের মত না করে এই আয়াতে নতুন বাক্য বা জুমলায়ে মুস্তানিফা আনা হল কেন ? সাধারণত জুমলায়ে মুস্তানিফা আনা হয় বাক্য থেকে সৃষ্ট কোন প্রশ্ন বা সন্দেহ দূর করার জন্য । সাবয়ীরা অন্যদের তুলনায় বেশি ভ্রষ্ট ছিল কেননা ইহুদী ,খ্রীষ্টানরা এক সময় সত্য ধর্মের অনুসারী ছিল কিন্তু সাবেয়ীরা কোন ধর্মেরই অনুসরণ করতনা বরং তারা তারকারজির পূজা করত । তাই তাদের মনে এমন কোন সন্দেহ আসতে পারে যে এ ঘোষণা আমাদের ক্ষেত্রে প্রযোজ্য না কারণ অন্যরা আল্লাহ প্রদত্ত কোন একটা ধর্মের অনুসরণ করে কিন্তু আমরা তা করিনা। যেন তাদের মনে এমন কোন সন্দেহ সৃষ্টি হতে না পারে সেজন্য নতুন একটা বাক্য এনে তাদেরকে বিশেষভাবে আশ্বস্থ করা হয়েছে । আর এক আয়াতে যেহেতু সন্দেহের নিরসন হয়ে গেছে তাই অন্য গুলোতে আর প্রয়োজন থাকেনা ।

৬ষ্ঠ ভুল-

هَذَانِ خَصْمَانِ اخْتَصَمُوا فِي رَبِّهِمْ

These two opponents (believers and disbelievers) dispute with each other about their Lord––

এই দুই বাদী বিবাদী, তারা তাদের পালনকর্তা সম্পর্কে বিতর্ক করে। অতএব যারা কাফের, তাদের জন্যে আগুনের পোশাক তৈরী করা হয়েছে। তাদের মাথার উপর ফুটন্ত পানি ঢেলে দেয়া হবে। (সুরা ২২ হাজ্ব, আয়াত ১৯)

আরবীতে বচন তিন প্রকার, যথা- একবচন, দ্বৈত বা যুগ্ম-বচন ও বহুবচন, singular, dual, আর plural

এখানে দুই বাদী বিবাদী বলতে দুই ব্যক্তি নয় বরং দুই দল বাদী বিবাদী বুঝানো হয়েছে , একদল বিশ্বাসী আর একদল কাফির। সেই অনুসারে ইখতাসামু - শব্দটি ইখতাসামা- হবে।
আপনি নিজেই বলতেছেন দুই বাদী বিবাদী বলতে দুই ব্যক্তি নয় বরং দুই দল বাদী বিবাদী বুঝানো হয়েছে, আর একেক টি দলে অবশ্যই দুয়ের অধিক লোক রয়েছে । যদি তাই হয় তাহলে اخْتَصَمُوا। ইখতাসামু বলা ভুল হবে কেন ? ভুল তো হবে اختصما। ইখতাসামা বলা । তাই নয় কি?
আপনি যত গুলো ভুল এখানে তুলে ধরেছেন সব গুলোর উত্তর টাইপ করা আমার জন্য কষ্টকর ।
আপনি দয়া করে এই লিঙ্ক থেকে কিতাব টা ডাউনলোড করে দেখে নিবেন।আশা করি সন্তোষজনক উত্তর পেয়ে যাবেন ।

16. 16

হৃদয়াকাশ

জুন ১৩, ২০১১ সময়: ১:০৪ অপরাহ্ণ লিঙ্ক

আল্লা দেখি শুদ্ধ করে কথাই বলতে পারে না। তাহলে এই সুশৃঙ্খল মহাবিশ্ব সে সৃষ্টি করলো কিভাবে ?

বিসাম এর জবাব:

আগস্ট ২২, ২০১১ at ১১:২৩ অপরাহ্ণ

@হৃদয়াকাশ, লোকে বলেনা - কথায় না বড় হয়ে কাজে বড় হও

http://www.somewhereinblog.net/blog/freefallblog/29009327

ঈশ্বরচিন্তা - ১

১২ ই সেপ্টেম্বর, ২০০৯ রাত ৯:২৪ |

আরিফুল হোসেন তুহিন

আমরা ভাবতে গেলে প্রায়শই চিন্তাভাবনা এগোতে পারে না, এটা হয়ত পরিপক্কতার অভাব ,যেমন প্রাচীন মানুষরা আকাশের তারকা কে অলৌকিক শ্বাপদের চোখ ভাবত। এখানে যত মানুষ জেনেছে ততই ভ্রান্ত এবং অলৌকিকের ধারনা থেকে মুক্ত হয়েছে। এই মুক্ত হওয়াটা কোন সার্জনিন বিষয় নয় অবশ্যি, এখনো হস্ত রেখায় বিশ্বাসী মানুষ তাবিজ কবজে বিশ্বাসী মানুষ রয়েছে অনেক। তবে এ মানব সভ্যতার আওতায় জ্ঞান বলতে সেই জ্ঞানটি কিছু মানুষের হাতে থাকলেই তাকে আমাদের আওতাধীন বলতে পারি। ১৯২০ এ বলা হত মাত্র তিনজন মানুষ জেনারেল রিলেটিভিটি বুঝে। সেভাবে সঙ্গায়িত করলে আমরা এগিয়েছি অনেষ্টুকুই ,আমি প্রাচ্য পাশ্চাত্যের বিবাদে যাব না। মানুষ বলতে আমি আন্তর্জাতিক মানুষই বুঝাচ্ছি। এখন আমাদের জীবনে যদি র্যাশনালিটিকে স্ট্যান্ডার্ড ধরি তাহলে বলা যাবে ইন্টেলেকচুয়াল দৃষ্টি থেকে অলৌকিকতা মোটামুটি এক্সটিঙ্কট একটা অধ্যায়। মেইনস্ট্রীম মানুষ রা ,যারা সভ্যতার অর্জন জ্ঞান সমুহ কিছুটামাত্র আয়ত্ব করতে পেরেছে সে নিজের প্রত্যক্ষ সংস্পর্শে থাকা পরিবেশে অলৌকিকতাকে পাত্তা দিবে না। সুতরাং অলৌকিকতার শেষ আশ্রঅয় এখন পূরাণে , সাহিত্যে আর ঐতিহাসিক সমাজবিজ্ঞানে। আর সর্বপরি রিলিজিয়াস স্ক্রিপচার গুলোতে।

তাহলে বিশ্বাসের ভিত্তি কোথায় প্রোথিত? কোথাথেকে আমাদের মাঝে আত্নপ্রেরনা আসে সরলরেখার আবশ্যিকভাবে একটি শুরুবিন্দুর কল্পনা ?(যদিও আধুনিক গনিত বিজ্ঞান আমাদের ইন্টুশন থেকে অনেক এগিয়ে ,কিন্তু অধিবিদ্যিক চিন্তাধারা এই ইন্টুশঙ্কে ঘিরেই তৈরী। অইক্লিডিয় জ্যামিতি আমাদের জানায় রেখার শুরুবিন্দুর কোন প্রোয়োজন নেই, সেইসাথে সরলরেখাও আসন্নীকরন ছাড়া আর কিছুই নয় তখনো মেটাফিজিক্সের ধারনা প্রনেতারা সেই ইন্টুশনের বাইরে যেতে পারেন না। আমরা এখনো একই এন্টিটির যুগপত ভিন্ন অবস্থানে থাকা স্বীকার করে উঠতে পারি নি , যদিও কোয়ান্টাম পরিমন্ডলে তা প্রতিষ্ঠিত সত্য।)যেকারনে সকল মেটাফিজিক্যাল চিন্তাই ইন্টুশন থেকে আসা, একধরনের স্থুল সাধারনীকরন যা প্রধানত বিশ্ব সম্পর্কে অবৈজ্ঞানিক চেতনাই প্রকাশ করে। এদের এক মাত্র ডিফেন্স মেকানিজম হচ্ছে বিজ্ঞানের অসুম্পূর্নতা। বিজ্ঞান সম্পুর্ন নয় ,এবং নিয়ত পরিবর্তনশীল। সেকারনে নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে আসে নতুন তত্ব। কিন্তু এই অসুম্পুর্নতা মেটাফিজিক্সের কোন বৈধতা হতে পারে না। এটা অনেকটা এরকম দৃষ্টিভঙ্গী যে “টার্বুলেন্ট ফ্লুইডের ” কোন স্ট্যাবল তত্ব নেই সুতরাং টার্বুলেন্ট ফ্লুইড নিয়ন্ত্রিত হচ্ছে কোন চিন্তাতীত প্রকৃয়া দ্বারা। এই দৃষ্টিভঙ্গী মানব সমাজের ইতিহাসে খুবি জনপ্রিয়

দৃষ্টিভঙ্গী সন্দেহ নেই,একসময় বজ্রপাত ,রোগবালাই ও এই ব্যাখ্যার আওতায় ছিল। কিন্তু দেখাই যাচ্ছে মেটাফিজিক্সের কারিশমা সঙ্কুচিত হতে হতে বর্তমানে না না বহুরুপে সার্ভাইব করার চেষ্টায় মড়িয়া। প্রথমত মেটাফিজিক্স ঢুকে পড়েছে ঐতিহাসিক ঘটনাবলীতে , কারন বর্তমান যুগের অলৌকিকতা গ্রহনযোগ্য নয়। সেই সাথে বিজ্ঞানের অসম্পূর্ন অংশ গুলোতে। মেটাফিজিক্সের কিছু রুপভেদও আছে যারা মেটাফিজিক্সকে সামাজিক এবং নৈতিক মুখোশে গ্রহনযোগ্যতার যুক্তি প্রদর্শন করে। কেউ কেউ মেটাফিজিক্স কে সামাজিকভাবে অসাড় ভাবায় একে ব্যক্তিগত পর্যায়ের বিবেকজাত উদ্দীপনা হিসেবে সঙ্গায়িত করার চেষ্টা করছে। প্রতিক্রিয়াশীলতা মেটাফিজিক্সের অনেক বড় বৈশিষ্ঠ্য কিন্তু এমন না যে মেটাফিজিক্স ধারন্কারী এন্টিটি বা পোষক প্রতিক্রীয়াশীল। এই সহনশীলতা কিন্তু মেটাফিজিক্সের অবদান নয়। কারন ঐতিহাসিকভাবেই আমরা দেখেছি কিভাবে মানব সমাজের প্রতিনিধিত্বকারী সহনশীলতার স্কেল এক্সপনেনশিয়ালি ইন্ক্রিজিং গ্রাফের মত আচরন করে।

এই পৃথিবীর কেন্দ্রবিন্দুতে ব্যক্তি স্বত্বা আমি। আমার চারপাশ কে ঘিরেই আমার অনুভুতি এবং বোধের বিবর্তন। আমি জানতে চাই বা বুঝতে চাই দেখেই চারপাশের গড়ে ওঠে নানা ডিসিপ্লিনের নানা জ্ঞান। এই বোধের উত্তর দিতেই আমরা যেটা (সকল ক্ষেত্রেই ব্যাক্তি আমির ই সম্প্রসারন)। কারন সকল কিছুই এসেছে কোন না কোন ব্যাক্তি জিজ্ঞাসা থেকেই। আমি সুখ পাই এই অইউক্লিডিয় বিসৃতির বক্র স্তানকে বৌদ্ধিক আরোহ পদ্ধতি দ্বারা বুঝতে। সুখ পাই ইয়েটস এলিয়ট সুধীন দত্তের কবিতায় জীবন বোধের ধারনাতীত কারুকার্যে। এ সুখ সত্য স্বীকারের সুখ। বস্তুগত মানুষকে জোর করে অবস্তুগত করারে চেষ্টা কোন বৌদ্ধিক আরোহ পদ্ধতিতে পরে না।
মানুষ কে মানুষ ভাবাই মানুষ কে সর্বোচ্চ সম্মানিত করা অতিলৌকিক উচ্ছিষ্ট ভাবার চেয়ে। তাই নৈর্বত্তিক হতে চাই ,তীব্র ভাবেই নৈর্বত্তিক হতে চাই।

কমেন্ট

১. ২৩ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ৮:৪৬

আহমাদ অব্দুল্লাহ বলেছেন: বোঝা যাচ্ছে বোধের গভীরে আপনার পদচারণা খুব স্বাচ্ছন্দ ।
কিন্তু আপনার এই গভীর ভাবনা আপনাকে সমস্ত প্রশ্নের উত্তর খুজে দিতে পারছে ?
এ পৃথিবী যাবতীয় আমির মাঝেই আপনি আপনার চিন্তাকে সিমীত করে রেখেছেন। এই আমির বাইরে যা কিছু রয়েছে, তা নিয়ে ঠিক একইভাবে চিন্তা করেছেন? ভেবে দেখুন।

আপনার চিন্তাশক্তির যে গভীরতা রয়েছে, আমার মনে হয় পুরো সৃষ্টিজগতের দিকে নজর দিলে সৃষ্টিকর্তা পর্যন্ত আপনার দৃষ্টি পৌছাবেই। সেই দিনই চিরসত্যের বার্তা পেয়ে আপনি ধন্য হবেন।
সর্বান্তকরণে আপনার জন্য শুভকামনা রইলো।...

২৪ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ১২:৪৬

লেখক বলেছেন: আমার ভাবনা আমাকে সকল প্রশ্নের উত্তর দিতে পারেনি ,কিন্তু পারবে বলেও আমি আশা করি না। আমি সঠিক তথ্যের উপরই বিশ্বাস রাখি। যেহেতু অসংখ্য বিষয় সম্পর্কে সঠিক তথ্য আমার জানা নেই সেহেতু অসংখ্য বিষয় এর ব্যাপারে আমার কোন সিদ্ধান্তই নেই। কোন নির্দিষ্ট অলৌকিকতার বিশ্বাস কিন্তু আমাকে কোন প্রশ্নের জবাব দিচ্ছে না। তার বদলে নতুন কিছু প্রশ্নের সৃষ্টি করছে।

আরেকটি বিষয় হচ্ছে আমি কোন এডহক সিদ্ধান্তে পৌছাতে চাই না। কারন কোন কিছু সম্পর্কে গ্রহনযোগ্য ব্যাখ্যা না থাকলে আরেকটি অপ্রমানিত ব্যাখ্যা গ্রহন করা মানুষের প্যানিক স্টেটের স্বাক্ষ্য বহন করে। আমি বিভিন্ন বিষয়ে তাই ব্যাখ্যার অনস্তিত্ব কে স্বাভাবিক ভাবেই দেখি। এবং অপেক্ষা করি। যতক্ষন প্রমানিত ব্যাখ্যা আমার সামনে না আসবে ততক্ষন আমি সে বিষয় গুলো সম্পর্কে সিদ্ধান্ত হীন থাকব।

২. ২৪ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ৮:১৫

ভালো-মানুষ বলেছেন: লেখা ভালো লাগছে।

২৪ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ১১:০০

লেখক বলেছেন: ধন্যবাদ পড়ার জন্যে।

৩. ১৮ ই অক্টোবর, ২০০৯ বিকাল ৪:৩৬

কাঙ্গাল মুরশিদ বলেছেন: কয়েকদিন আগে ইমাম গাজ্জালী(র.) এর একটি বই পড়ছিলাম। সেখানে তিনি চমৎকার একটি উদাহরণ দিয়েছেন।

মনে করুন এক ব্যাক্তি কলম দিয়ে কাগজের উপর কিছু লিখছে। সেই কাগজের উপর আছে একটি পিপড়া। সেই পিপড়ার দৃস্টিতে লেখার বিষয়টি কিভাবে ধরা পরবে ? কলমটিকে তার বিরাট শক্তি মনে হবে এবং সে ভাববে এই বিরাট শক্তি সাদা কাগজের উপর কাল দাগ দিচ্ছে। কিন্তু সেই কলমের নিয়ন্ত্রক কাগজে যা লিখছে সেই সম্পর্কে কোন কিছু চিন্তা করা কি পিপড়ার পক্ষে কোন দিন সম্ভব ?

এবার এই বিশ্ব জগতের বিশালতার কথা চিন্তা করুন। মানুষের সাথে পিপড়ার একটা অনুপাত হলেও হতে পারে কিন্তু এই বিশ্বজগতের সাথে মানুষতো নয়ই পৃথিবীর তুলনা করতে গেলেও তা অসীম ক্ষুদ্রতায় হারিয়ে যাবে। এই অবস্থান থেকে শুধুমাত্র পঞ্চইন্দ্রিয় এবং মানবিক যুক্তি দারা এই বিশ্বজগতের স্রস্টাকে খুজে পাওয়া ঐ পিপড়ার মতই অসম্ভব। আর বিজ্ঞান সে তো কিছুই নতুন তৈরী

করতে পারে না। ইশ্বরের তৈরী করা নিয়মগুলো খুজে বের করাই বিজ্ঞানের কাজ।

সুতরাং যদি ইশ্বরকে বুঝতে হয় তাহলে তার পাঠানো বানী র উপরই বিশ্বাস করতে হবে - অন্যথায় এই চেস্টা অর্থহীন।

৪. ১৮ ই অক্টোবর, ২০০৯ সন্ধ্যা ৭:০৬

কঠিন চিজ বলেছেন: Bismillahir-Rohmaneer-Raheem

১। Say: He is Allah, the One and Only;

২। Allah, the Eternal, Absolute;

৩। He begetteth not, nor is He begotten;

৪। And there is none like unto Him.

সুরা ইখলাস। ১১২

৫. ১৮ ই অক্টোবর, ২০০৯ সন্ধ্যা ৭:১২

কঠিন চিজ বলেছেন: @কাঙ্গাল মুরশিদ বলেছেন: কয়েকদিন আগে ইমাম গাজ্জালী(র.) এর একটি বই পড়ছিলাম। সেখানে তিনি চমৎকার একটি উদাহরণ দিয়েছেন।

অসধারন উদাহরন। লজিকটা মনে থাকব

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/freefallblog/29013027

ঈশ্বরচিন্তা - ২

১৯ শে সেপ্টেম্বর, ২০০৯ বিকাল ৪:০২ |

আরিফুল হোসেন তুহিন

একটা ছোট গল্প দিয়ে শুরু করছি। মেরুদন্ডী প্রানীর প্রাচীনতম পূর্বপুরুষ হচ্ছে সেলা। বেচারাদের অবশ্য পৃথিবী নিয়ন্ত্রন করা বর্তমান কর্ডেট দের তুলনায় কিছুই ছিল। স্পাইনাল কর্ডের সামান্য উর্ধ্বাংশই ছিল তাদের সম্বল। ছোট, কয়েক সেন্টিমিটারের প্রানীগুলো ছিল প্রচন্ড বিপদে। তখন রাজত্ব চলছে বিশাল বিশাল আর্থোপোড প্রিডেটরের। সাত আট ফুট লম্বা এই সব কিলিং মেশিন সমুদ্র দাবড়িয়ে বেড়াত। সেলা লুকাত বালির নীচে।

এখন কি ভাবা সম্ভব? প্রাথমিক ভাবেই ভাবা যায় এই সেলা ব্যাটাদের কোন অনন্য বৈশিষ্ট্য ছিল যাতে তারা হতে পেরেছে সবচেয়ে শক্তিধর মেরুদন্ডী দের পূর্বপুরুষ। আর আর্থোপোডেরা হতে পেরেছে তেলাপোকা। কিন্তু বাস্তবে তাদের কোন বিশেষ ছিল না সেই আর্থোপোডদের ডেজার্ট হওয়া ছাড়া। স্পাইনাল কর্ডের অর্জন একটি ব্যার্থ প্রাকৃতিক নির্বাচনের উদাহরন হয়ে যাবারও যথেষ্ঠ সম্ভাবনা ছিল।

কিন্তু হঠাতই শুরু হয়ে গেল বরফ যুগ। কততম বরফ যুগ আমা র সঠিক মনে নেই। কিন্তু বরফ যুগের শুরুতে বিপুল সামুদ্রিক প্রানী ডাঙ্গায় চলে আসল। ডাঙ্গায় দেখা গেল অন্য সমস্যা। যে প্রথিকুল গ্যাস এবং ম্যাগমা ভস্মের হাত থেকে বাচার জন্যে আর্থোপোডদের অর্জিত বহি:কংকাল অসম্ভব রকম এফিসিয়েন্সির প্রমান দিয়ে আসছিল, তুলনামুলকভাবে শান্ত পৃথিবীর বায়ুমন্ডলে তারা যখন এক্সপোজ হয়ে গেল তখন সেটা একটা বাড়তি বোঝায় পরিনত হল। স্পাইনাল কর্ড অর্জনাকরী সেলার বংশধরেরা বাড়তে লাগল আকৃতিতে তাদের অন্ত:কংকাল কাঠামোর সুবিধায়। আর আর্থোপোডেরা তাদের বহি:কংকাল কাঠামোর জন্যে সীমাবদ্ধ বৃদ্ধির জন্যে কপাল চাপড়াতে চাপড়াতে শুড়ওয়ালা তেলাপোকায় পরিনত হবার প্রস্তুতি নিল।

হয়ত আর কিছুদিন পর বরফযুগ শুরু হলে বুদ্ধিমান হিসেবে ইভোলভ করত আর্থোপোডেরাই , আর ভাড়ার ঘরে মেয়ে আর্থোপোডেরা মানুষ দেখে চিতকার চেচামেচি করত।

গল্পের মরাল হচ্ছে আকস্মিকতা। কোইনসিডেন্স।

মহাবিশ্ব অত্যন্ত জটিল একটি তন্ত্র। এখানে কোন সাড়বস্তু আউটপুট হিসেবে পেতে হলে কিছু আকস্মিকতার সাহায্য দরকার। আবার সেই আকস্মিকতা কোন দৈববলে হয় না। যেকোন সিস্টেমের প্রোবাবিলিস্টিক ন্যচারের জন্যেই হয়।

মহাবিশ্বের প্রধান সুত্রগুলি তাই অত্যন্ত সার্বজনীন , যেখান থেকে পার্টিকুলার সলিউশান পেতে গেলে আক্ষরিক সমাধানের ভান ত্যাগ কররতে হয়। আমরা এখনও অসংখ্য আসন্নীকরনের সাহায্য নিয়ে জেনারেল রিলেটিভিটির ফিল্ড ইকুয়েশান গুলি সমাধানের চেষ্টা করি।

তাই কোন তত্ব স্ট্যাটিক নয়, যেকোন তত্ব নির্ভর করে তার ইনিশিয়াল পর্যবেক্ষন, প্রাথমিক হাইপোথিসিসের উপর। তাই হাজার বার সঠিক প্রমানিত হওয়া তত্ব হাজার একবারে অসাঢ় প্রমানিত হতে পারে। তাতে কিছু যায় আসে না। কারন বুদ্ধিবৃত্তিক প্রানী হিসেবে যৌক্তিক সিদ্ধান্তই নেয়ার চেষ্টা করে যাব। সেই সিদ্ধান্ত ভুল হতে পারে। কিন্তু তাও অপ্রমানিত সুপার স্ট্রিং থিওরীতে আমার আস্থা থাকবে পৃথিবীকে কোন কচ্ছপের পিঠে ভাসমান থালা বলে কল্পনা করার চেয়ে। কারন অতিতন্ত্ব তত্ব দাড়িয়ে আছে কিছু সাহসী হাইপোথিসিসের উপর , সেই হাইপোথিসি থেকে এসেছে সৌন্দর্য মন্ডিত এক গানিতিক মডেল। কোয়ান্টাম ফিল্ড থিওরীর কুৎসিত ইনফিনিটি প্লেগে আক্রান্ত তত্ব গুলোর চেয়ে এটি গাণিতিক ভাবে সুসংহত। যদি এটি ব্যার্থ হয় তবেও এটি মানুষকে দিয়ে যাবে মহাবিশ্বকে দেখার নতুন কিছু দৃষ্টিকোন। এজন্যেই কোন বৈজ্ঞানিক তত্বই ব্যার্থ নয় , কারন তার পথ ধরেই নতুন তুলনামুলকভাবে সম্পূর্নতর নতুন তত্ব।

অন্যদিকে কচ্ছপতত্ব মানুষকে নতুন কোন আলো দেখাবে না। বরং অজানা সম্পর্কে যৌক্তিক ধাপগুলোতে মানুষকে অনুৎসাহিত করে পেছনে ঠেলে দেবে।

মানব সভ্যতার ইতিহাস একবিশাল আরোহ পদ্ধতি যা ধাপে ধাপে এগিয়ে যাবে যুক্তি এবং মানবতা দিয়ে। এই এগিয়ে যাওয়ায় কোন শেষ কথা নেই। যারা দাবী করে শেষ কথা আছে তারা সত্য জানতে আগ্রহী নয়, অথবা সাহসী নয়।

মানুব সভ্যতার ইতিহাসে মানুষ যতটা অধিবিদ্যিক ধারনার পেছনে সময় নষ্ট করেছে তাও কিন্তু অস্বাভাবিক নয়। এর পেছনে রয়েছে নিজের অস্তিত্ব সম্পর্কে ইনসিকিউরিটি। প্রতিমুহুর্তে মৃত্যুকে ভয় পাওয়া। মহাবিশ্বের মাঝে নিজের গুরুত্বহীনতাকে অস্বীকার করা। কিছু একটা থে কে যাবে সেই আশা প্রথম মানুষের মাঝে ঢুকিয়েছিল পৌরাণিক পুরহিতরা। অনেকটাই পলিটিক্যাল কারনে। কিন্তু এই আশায় ঘুরপাক খাচ্ছে প্রতিনিয়ত, আর দলবদ্ধতার সিকিউরিটির প্রতি তাদের তীব্র আকাঙ্খাই তাদের অবচেতন ইনসিকিউরিটিকে প্রমান করে। প্রতিমুহুর্তেই নিজেদের দলকে শ্রেষ্ঠত্বে র আসনে বসানোর

চেষ্টা, কিংবা কি হারে বিশ্বে তাদের নিজেদের সংখ্যাবৃদ্ধি তা প্রমানের জন্য অসংখ্য পরিসংখ্যান উপস্থাপন সবকিছুই প্রমানকরে দাবী কৃত ঐশ্বরিক আধ্যাত্নিকতার অসাড়তাকে। এই তীব্র নিরাপত্তাহীনতাই জন্ম দেয় হিংসার, ক্রোধের। আমি দিকে দিকে তার চিহ্ন খুজে পাই।

ঐতিহাসিক ভাবে যার অস্তিত্বেই প্রশ্নবিদ্ধ সেই মোজেস এর প্রতিশ্রুত ভুমির কথা বলে পশ্চিম উপত্যকায় ,গাজায় চলে সেটেলমেন্ট, অকুপেশনের যাতাকলে নতুন হলোকাস্ট , কিংবা মার্কিন মুলুকে শ্বেত আধিপত্য বাদীদের মদদ দেয় যাযকরা, ইভানজেল(উচ্চারন নিশ্চিত নই) খ্রীষ্ঠান এক যাযক ঘোষনা দেয় বারাক ওবামার রক্ত পবিত্র ভুমিকে আরো পবিত্র করবে , কিংবা আমার দেশের বাংলাভাই, সৌদির বিন লাদেন!!

প্রান্তিক মানুষেরা ধর্মপালনে উৎসাহী হয় না। দারিদ্র্য টিকে থাকা এসবের সাথে লড়াই করতে করতে তাদের উপর স্বর্গ নরক একাকার হয়ে যায়। অনকে দুর থেকে দেখলে যেমন খুব ভিন্ন দুটি রং কেও আলাদা করা যায়। আর উচ্চবিত্তের মাঝেও রিচুয়াল পালনের হার কম, ধর্ম চিরকাল পালিত হয় মধ্যবিত্ত সমাজ দ্বারাই।

আমি লোভের সাগরে ডোবা মানুষ দেখতে পাই , অতিলৌকিক পুরস্কারের আলোয় জ্বলজ্বলে চোখ দেখতে পাই। অসংখ্য স্তুতি দেখতে পাই । কোন এক স্বৈরাচারের প্রতি। তার পরাক্রমশালী ক্রোধ, বালকসুলভ আবেগ, গভীরতাহীন চিন্তাশক্তি, আর অদ্ভুত "ন্যায়বিচার" দেখে তাকে আমার কমবয়সে সিংহাসনে ওঠা কোন মিশরীয় ফারাও মনে হয়। উচ্চারিত স্তুতি আর অর্থহীন রিচুয়ালের প্রতি তার তীব্র আগ্রহ দেখে তাকে আমার সম্ভ্রান্ত পরিবারের বখে যাওয়া একমাত্র সন্তান মনে হয়। প্রতিমুহুর্তে তার নিজস্ব সৃষ্টির কাছ থেকে নিজের নাম শুনতে চাওয়ার মত হাস্যকর হীম্মন্যতার কারনে আমার মনে হয় তার শৈশব খুব ডিস্টার্বেন্সের মধ্য দিয়ে গেছে। তার মাঝে আমি অসংখ্য অস্তিত্বের সংকটে ভোগা মানুষের ছাপ দেখতে পাই। যু গে যুগে মানুষহের সকল কষ্ট স্তুপ হয়ে জমে যেন তার অবয়ব তৈরী হয়েছে। মানুষের সামাজিক পরিমন্ডলে সকল সমস্যার যে স্থুল সমাধান মানুষের মাঝে আসে সেই সমাধান গুলো এক্সিকিউট করতেই যে স্বত্বা দরকার তাকে তেমনই দেখতে পাই। ডুবে যাওয়া মানুষের শেষ চেষ্টার প্রধানতম উধাহরন হি সেবে যুগে যুগে ধর্মবেত্তারা তাকে তৈরী করেছে।

ঈশ্বর কি এই মহাবিশ্বের অনুকুলে যতগুলো আকস্মিকতা দরকার ছিল তার সংকলন হতে পারে ? তাহলে মহাবিশ্বের সাথে ইশ্বরের ইন্টারএকশান খুবই সীমাবদ্ধ এবং নৈর্ব্যক্তিক।

অসংখ্য পবিত্র বই দেখতে পাই । অনেক মনোযোগ দিয়ে পড়েও সেগুলো থেকে কোন মহিমান্বিত

শব্দগুচ্ছ পেলাম না। ওল্ড টেস্টামেন্ট পড়ে মনে হল কোন প্রাচীন যুগের ত্যারেন্তিনোর মুভির স্ক্রিপ্ট। এত বর্বর মানুষের বর্ননা পবিত্র ভাবা হতে পারে আমার ধারনা ছিলনা। সুসমাচারে দেখলাম অসংখ্য স্ববিরোধী এবং পরিবর্তিত ঈশপের গল্পের সমাহার। দেখলাম কুরানে অদ্ভুত সব আদেশ। দেখলাম যাদুতে আক্রান্ত হচ্ছেন নবীজি আর তার প্রতিকার নাযিল হচ্ছে।

আমি ক্লাস ত্রি এর বিজ্ঞান বইতে হাজার বছরের পুরাতন এইসব বই এর থেকে উন্নত সত্যের কথা দেখেছি।

আমি নিরাপত্তাহীনতায় ভুগি না। আমি মানুষ। প্রতিটি ইকুয়েশন আমাকে আনন্দ দেয় , ইলেক্ট্রোডাইনামিক্সের যে সমীকরনটা সেদিন কম্পিউটারের সাহায্য ছাড়া সমাধান করে ফেললাম সেটা আমায় আনন্দ দেয়, সার্ভার স্ক্রিপ্টিং এ যে সোজা থ্রেড যোগ করতে পেরে একটা ভুল বানানের হ্যালো ওয়ার্ল্ড রিডিরেক্ট করতে পারলাম তা আমাকে আনন্দ দেয়, সেদিন ফাইনম্যানের ক্যারেক্টারইসটিকস অফ ফিজিক্যাল ল বই টা খুজে পেয়ে শিশুর মত নেচেছিলাম , ভালোবাসার মানুষটির হাতে হাত রাখতে এখনও প্রথম দিনের মত আমার মন খুশিতে ভরে যায় , আমি আনন্দিত হই। আমার অনুভুতি , সুখ দু:খ সবকিছুই বাস্তব এবং জান্তব। আমার খুশি হতে কিংবা এ পৃথিবীতে আমার খুশি ছড়িয়ে দিতে ,কিংবা সমস্য জর্জরিত পৃথিবীতে অন্তত একটি সমস্যার আংশিক সমাধানের ইচ্ছা , সবই তীব্র বাস্তব। কোন অলৌকিক ইশারায় নয়।যদি ভালোবাসা, হেসে উঠা , নতুন বইয়ের পাতার যৌবনের গন্ধ নেয়ার জন্যে আমার মৃত্যুর পর আমার মিশে যাওয়া কোষ থেকে কোন অতিলৌকিক স্বত্বা ক্লোন তৈরী করে আমাকে আজন্ম অক্সিডেশনের জন্যে নরকে নিক্ষেপ করতে চান তাহলেও আমি দু:খ করব না, বরং তার অবিচারের জন্য প্রতিবাদ করব। আমাকে চিন্তা শক্তি দেয়ার পর সেটার স্বাধীন ব্যাভারে যদি আমি অপরাধী হই, তাহলেও মাথা নত করব না।

আমি গর্বিত আমি মানুষ। আমি আনন্দিত আমি পেয়েছি জ্ঞানে র স্বাদ, ভালোবাসার সৌরভ, ঘাসের উপর পড়ে থাকা শিশিরে আলোর পূর্ন আভ্যন্তরীন প্রতিফলন। আমি কোন আঙ্গুর রস বয়ে যাওয়া হুর পরী বেষ্টিত অজানা যায়গার আমাকে লোভ দেখায় না। আমি এই মাটিতেই সুখপাই , কবিতা পড়ে সুখ পাই, কথা বলে সুখ পাই।

কমেন্ট

১. ১৯ শে সেপ্টেম্বর, ২০০৯ বিকাল ৪:০৯

কাক ভুষুন্ডি বলেছেন: আমি নিজেও ভাব্ছিলাম এরকম এক্টা লেখা লেখবো। আপ্নেরে ধৈন্যা। প্রিয়তে।

১৯ শে সেপ্টেম্বর, ২০০৯ বিকাল ৫:১৭

লেখক বলেছেন: ধন্যাবাদ।

২. ১৯ শে সেপ্টেম্বর, ২০০৯ বিকাল ৪:৩০

দ্বিজু বলেছেন: কঠিন কইরা লেখার লাইগা মৌখিক মাইনাচন সতর্কীকরন (ছাগুগো মাথার উপর দিয়া যাইবো আরেকটু সহজ কইরাই কইয়া দিতেন) আর ভালো লেখার লাইজ্ঞা অরিজিনাল পেলাচ।

১৯ শে সেপ্টেম্বর, ২০০৯ বিকাল ৪:৫২

লেখক বলেছেন: ধন্যবাদ

৩. ১৯ শে সেপ্টেম্বর, ২০০৯ বিকাল ৪:৫৯

কিরিটি রায় বলেছেন: "আমি লোভের সাগরে ডোবা মানুষ দেখতে পাই , অতিলৌকিক পুরস্কারের আলোয় জ্বলজ্বলে চোখ দেখতে পাই। অসংখ্য স্তুতি দেখতে পাই । কোন এক স্বৈরাচারের প্রতি। তার পরাক্রমশালী ক্রোধ, বালকসুলভ আবেগ, গভীরতাহীন চিন্তাশক্তি, আর অদ্ভুত "ন্যায়বিচার" দেখে তাকে আমার কমবয়সে সিংহাসনে ওঠা কোন মিশরীয় ফারাও মনে হয়।

উচ্চারিত স্তুতি আর অর্থহীন রিচুয়ালের প্রতি তার তীব্র আগ্রহ দেখে তাকে আমার সম্ভ্রান্ত পরিবারের বখে যাওয়া একমাত্র সন্তান মনে হয়।
মানুষের মাঝে আসে সেই সমাধান গুলো এক্সিকিউট করতেই যে স্বত্বা দরকার তাকে তেমনই দেখতে পাই।

ডুবে যাওয়া মানুষের শেষ চেষ্টার প্রধানতম উধাহরন হিসেবে যুগে যুগে ধর্মবেত্তারা তাকে তৈরী

করেছে।

১৯ শে সেপ্টেম্বর, ২০০৯ বিকাল ৫:১৯

লেখক বলেছেন: ধন্যবাদ।

৪. ১৯ শে সেপ্টেম্বর, ২০০৯ বিকাল ৫:২৪



দ্বিতীয়নাম বলেছেন: +

১৯ শে সেপ্টেম্বর, ২০০৯ বিকাল ৫:৩৯

লেখক বলেছেন: ধন্যবাদ

৫. ২৩ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ৩:৪১

মনির হাসান বলেছেন: সিম্পলি অসাধারণ ... এবং প্রিয়তে ।

অফটপিক ঝাড়িঃ ... হৈ মিঞা এত বানান ভুল করেন ক্যা ?

২৩ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ৩:৪৮

লেখক বলেছেন: আমি বানানে খুব কাঁচা।

৬. ২৩ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ৮:৩৬

আহমাদ অব্দুল্লাহ বলেছেন: বন্ধু! আপনার লেখার ভঙ্গিমা অসাধারণ। কিন্তু আপনার এই মহৎ চিন্তাশক্তি যদি এই মহাবিশ্বের সৃষ্টিকর্তার খোঁজে আরো একবার কাজে লাগাতেন। আমার ধারণা সেই মহান স্রষ্টার প্রতি আপনাতেই আপনার এই নশ্বর দেহ অবনত হবেই। ....

২৪ শে সেপ্টেম্বর, ২০০৯ রাত ১২:৪৭

লেখক বলেছেন: ধন্যবাদ পড়ার জন্যে।

৭. ০১ লা অক্টোবর, ২০০৯ বিকাল ৫:৪২

দ্বিধা বলেছেন: অসাধারণ প্রকাশভঙ্গী...

৮. ১০ ই অক্টোবর, ২০০৯ দুপুর ১:১২

বোহেমিয়ান কথকতা বলেছেন: **সার্ভার স্ক্রিপ্টিং এ যে সোজা থ্রেড যোগ করতে পেরে একটা ভুল বানানের হ্যালো ওয়ার্ল্ড রিডিরেক্ট করতে পারলাম**
মানে কি? বুঝি নাই ।

মানব সভ্যতার ইতিহাস একবিশাল আরোহ পদ্ধতি যা ধাপে ধাপে এগিয়ে যাবে যুক্তি এবং **মানবতা** দিয়ে।

তাই নাকি মানবতা দিয়ে?

আমি নিজে **আস্তিক** মানুষ । তবে তোমার প্রকাশ ভংগী ভালা লাগছে ।
ধার্মিকদের কষ্ট না দিয়ে বৈজ্ঞানিক যুক্তি/তথ্য দিলে তা আমার পড়তে কোন সমস্যাই নাই ।

৯. ০৬ ই নভেম্বর, ২০০৯ বিকাল ৪:৩৮

আন্দালীব বলেছেন: অপরূপ।

আপনার লেখা পড়ে মুগ্ধ।

সমাপ্ত

http://www.somewhereinblog.net/blog/durerjanala/23504

ঈশ্বর চেনার নানা উপায় নানা পরিভাষা

০৫ ই নভেম্বর, ২০০৬ ভোর ৫:২৬ |

শোহেইল মতাহির চৌধুর



[ব্লগের ধুন্ধুমার আলোচনা-সমালোচনায় ফিরে এসেছে দুই কল্পিত সত্ত্বা: ছাগুরাম ও ঈশ্বর। ছাগুরাম ব্লগের সৃষ্টি, সরস বিষয় এবং এ নিয়ে অনেকেই লিখছেন মজার মজার সব লেখা। একদল আরেকদলকে ছাগুরাম উপাধি দিচ্ছেন। আর ফিরে এসেছে ইশ্বরালোচনা। আস্তিক্য আর নাস্তিক্যের পরিধি। কে কোথায় কাকে পায়।

ব্লগে এগুলো কেন যেন ফিরে ফিরে আসে। চক্রাকারে। তেমন তুমুল বিতর্ক হয় না। তবে বিতর্ক করতে যাতে সুবিধা হয় সেজন্য অনেক আগে ধর্মের পরিভাষা নামে নীচের লেখাটা দিয়েছিলাম। যাতে বিতার্কিকরা বিভিন্ন টার্মিওনলজিতে সমৃদ্ধ হয়ে তর্কযুদ্ধে নামেন। ফলাফল হয়েছিল উলে টা। এত

পরিভাষা দেখে বিতার্কিকরা উলটো দৌড় দিলেন। তা এবার কি ফলাফল হয়, দেখা যাক!]

ধর্ম নিয়ে কৌতুহলকে অনেকে নিন্দার চোখে দেখেন। তারা পৈতৃক সূত্রে প্রাপ্ত ধর্ম বিশ্বাসে অবিচল আস্থা দেখানোর পক্ষপাতী। কিন্তু অনেকেই পাল্টা এই যুক্তি দেন যে , সবাই যদি বংশসূত্রে প্রাপ্ত ধর্মে অবিচল থাকতো তবে পৃথিবীতে নতুন ধর্ম আসতো না। না ইসলাম , না বাহাই, না সাইন্টোলজি। সুতরাং ধর্ম নিয়ে আলোচনা হবেই। মানুষের কৌতুহল , আগ্রহ ও অনুসন্ধানী মনকে বাধাহীন চলতে দেয়াটাই সঙ্গত। এই বঙ্গগের ভার্চুয়াল রিয়েলিটির মুক্ত পরিবেশে ঈশ্বর আর সৃষ্টি চি নৎদা নিয়ে তাই কম পোস্ট পরে না। কিন্তু একজনের কথার সাথে অন্যের কথার তুলনা করা যায় না। দেখা যায় একেকজন আসৎিদকতা ও নাসৎিদকতাকে ব্যাখ্যা করছেন একেকভাবে। যাকে এথেইস্ট বলছেন সে হয়তো এগনোস্টিক। একইভাবে যারা প্যানথিইজমে বিশ্বাসী তারা ভাবছেন তারা মনোথিইজমের অনুসারী। সুতরাং একটা সর্বজনগ্রাহ্য পরিভাষা না থাকলে কে কার বিপক্ষে কী মত দিচ্ছেন তা ধরা যায় না। সে কারণেই মূলত: সৃষ্টি রহস্য বা স্রষ্টার অসৎিদত্ব নিয়ে চালু বিভিন্ন মতবাদের বিচিত্র সব টার্মিওনোলজি বা পরিভাষা নিয়েই এই লেখা।

সৃষ্টিরহস্য সম্পর্কে বিভিন্ন মতবাদের বিভিন্ন মাত্রার যদি একটা স্কেল আমরা কল্পনা করি তবে বিশ্বাসীদেরকে আমরা রাখতে পারবো স্কেলের বিভিন্ন বিন্দুতে। বিশ্বাস বলতে এখানে অবশ্যই বুঝাচ্ছে অদৃশ্য কোনো বিপুল শক্তিতে বিশ্বাস। যার একটি নাম হতে পারে ঈশ্বর। প্রথমে আসি ডানদিকে যারা আছেন। যাদের এসব বিশ্বাস সম্পর্কে আস্থা নেই। নেগেটিভ ধারণার একেবারে শেষ মাথায় হলো এথেইজম ()।

ক) এথেইজম: এই মতবাদের মূল কথা হলো কোনো ধরণের কোনো ঈশ্বর নেই। সৃষ্টিকে ব্যাখ্যা করার জন্য কোনো ঈশ্বর কল্পনার প্রয়োজন নেই। প্রাকৃতিক সূত্র ও বিজ্ঞান দিয়েই ব্যাখ্যা সম্ভব।

খ) এগনোস্টিসিজম: এই মতবাদের মূল কথা হলো 'আমি জানি না'। অর্থাৎ ঈশ্বরের অসৎিদত্ব মেনে নেয়ার মত বা অস্বীকার করার মত যথেষ্ট যুক্তি দেখতে পাচ্ছি না। সুতরাং আমি জানি না।

গ) স্কেপটিসিজম: শুধুই সন্দেহ। অর্থাৎ ঈশ্বর আছেন কিনা সে বিষয়ে আমার সন্দেহ রয়েছে।

ঘ) ন্যাচারালিজম: এই মতবাদের অনুসারীরা মনে করেন, মানুষের জীবন, তার অভিজ্ঞতা, তার মূল্যবোধ বা তার ধর্মপরায়ণতাকে বুদ্ধিমান প্রাণী হিসেবে আমাদের প্রাকৃতিক পরিবেশের সাথে তার সম্পর্কের ভিত্তিতে ব্যাখ্যা করা যায়। অর্থাৎ সৃষ্টি রহস্য ব্যাখ্যা করার জন্য যা আমরা দেখছি , এই যে প্রকৃতি, এই-ই যথেষ্ট। প্রকৃতিই ঈশ্বর বা ঈশ্বরহীনতা।

এতো গেলো ডানে যারা আছেন ঈশ্বরহীনতার মতবাদ নিয়ে। এখন স্কেলের বামদিকে যারা আছেন তারা যদি এই ঈশ্বর বিশ্বাসের ধ্বনাত্মক মানে পজেটিভ অনুসারী হন তবে তারাও বিভক্ত কয়েকটি ভাগে। তাদের ভাগগুলো হলো:

ঙ) ডিইজম: এরা বিশ্বাস করেন ঈশ্বর এই বিশ্বব্রহ্মান্ড তৈরি করে তারপর বিশ্রামে গেছেন। তারা একধরনের "এ্যাবসেন্টি" গডের ধারণা নিয়ে ন্যাচারাল থিওলজির শিৰা দেন।

চ) থিইজম: এদের বিশ্বাস ঈশ্বর হচ্ছেন একটি ব্যক্তি সত্ত্বা। অর্থাৎ এটা কোনো ধারণা বা শক্তি নয়। ব্যক্তি-ঈশ্বর বা পার্সোনাল ডেইটির ধারণা নিয়েই চালু হয়েছে থিইজম।

এই থিইজমের আবার নানা রূপ।
চ-1) পলিথিইজম: মানে সোজা কথায় ম্যানি-গড-ইজম। প্রাচীন সমাজে এর চল ছিল ব্যাপক। এর চূড়ানত্দ রূপ আমরা দেখতে পাই গ্রিস আর রোমানদের বহু দেব-দেবীর উপাসনায়। একেক দেবতা জীবনের একেক ক্ষেত্রকে শাসন করছেন। কেউ ফসলের দেবত, কেউ ভালবাসার।

চ-2) হেনোথিইজম: এধরনের বিশ্বাসীরা মনে করে ইশ্বর অনেক তবে তারা একজনের কাছেই আনুগত্য স্বীকার করে। এই একজনকেই তারা মানে তাদের গোত্রের ঈশ্বর হিসেবে।

চ-3) প্যানথিইজম: এই বিশ্বাসের মূল কথা হলো সবকিছুই ঈশ্বর। বাউল , সুফি বা ভাববাদী কবিরাই মূলত: এরকম বিশ্বাসের স্রষ্টা। তাদের বক্তব্য হলো প্রকৃতি , পৃথিবী সব মিলিয়েই ঈশ্বর। এই বিশ্বে যা আছে সবকিছুই ঈশ্বরের অংশ।

চ-4) মনোথিইজম: এই বিশ্বাসের মূল কথা ঈশ্বর এক। সেই সর্বৈব ক্ষমতার অধিকারী। সে ব্যক্তি - ঈশ্বর, তিনি কোথাও থাকেন, আদেশ দেন, ইশারা করেন, তার বাহিনী আছে, তারা তার হয়ে নানা কাজ করে। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো এই ঈশ্বর চান তার সৃষ্টির বিনাশর্তে আত্মসমর্পণ। নতজানু হওয়া। বর্তমান ও পরজীবনের জন্য তার কাছে প্রার্থনা করা। এসব মিলিয়েই এই মতবাদ।

একত্ববাদীদের সংখ্যাগরিষ্ঠতার দৌরাত্মে থিইজম এখন অনেকের কাছে মনোথিইজমে পরিণত হয়েছে। কিন্তু থিইজমেরও যে ভাগ রয়েছে তা আমরা উপরে দেখতে পাচ্ছি।

তো এই যে একক, সয়ম্ভু, অসীম, পবিত্র, ব্যক্তি-সত্ত্বার দয়াময় ঈশ্বর তার ধারণাটা মানুষ কখন প্রথম শুনতে পেলো কানে।

কমেন্ট

১. ০৫ ই নভেম্বর, ২০০৬ সকাল ১১:৩৭

নুশরাত শারমিন সুমি বলেছেন: বিশ্ব জোড়া পাঠশালা মোর
সবার আমি ছাত্র
নানানভাবে নতুন জিনিস
শিখছি দিবা রাত্র।
এই পৃথিবীর বিরাট খাতায়
পাঠ্য যেসব পাতায় পাতায়,
শিখছি সেসব কৌতূহলে
নেই দ্বিধা লেশমাত্র।

- কবি সুনির্মল বসু

২. ০৫ ই নভেম্বর, ২০০৬ সকাল ১১:৪২

অতিথি বলেছেন: ভাল বিশ্লেষন মূলক লেখা। কিন্তু এ ধরণের বিশ্লষনের অধিকারও কারো আছে বলে কট্টররা মনে করেন না। তারা সাদা কালো ছাড়া আর কোন রঙই চিনতে চান না।

৩. ০৫ ই নভেম্বর, ২০০৬ সকাল ১১:৫৫

অতিথি বলেছেন: ভীষণ ভালো লেগেছে, এই লেখা পড়ে ।

আমরা ধর্ম নিয়ে সন্দেহের কথা বলতে ভয় পাই, পরিবার-সমাজ আমাদের জন্যে ধর্মের যে খোলস তৈরি করে রেখেছে - সেটা আমরা ভাঙতে পারিনা, সেটা ঠুনকো না মজবুত যাচাই করতে গেলে ধর্মান্ধেরা আমাদের অসম্মান করে ।

আমরা ভয় পাই, থেমে যাই ।

বিশ্বাসের ভিত্তি না জেনে আমরা বিশ্বাস করে যাই, অন্ধের হাতি দেখার মতো মোল্লা আর ধর্মযাজকদের মাধ্যমে ভুল পথে ধর্মকে বোঝার চেষ্টা করি ।

এই প্রেক্ষাপটে এরকম লেখার জন্যে কৃতজ্ঞতা ।

৪. ০৫ ই নভেম্বর, ২০০৬ সকাল ১১:৫৮

অতিথি বলেছেন: ইউনিকোড কই বস? নইলে তো সবজায়গায় পোর্টেবল করা যাচ্ছে না।

৫. ০৫ ই নভেম্বর, ২০০৬ দুপুর ১২: আজকাল বলেছেন: চমৎকার...।

সমস্যা হইলো; ইছলামের পাহারাদার, জিম্মাদার, চৌকিদারগো এগুলান কে বুঝাইবো ?
৬. ০৫ ই নভেম্বর, ২০০৬ দুপুর ১২:১৫

অতিথি বলেছেন: আচ্ছা পৃথিবীর অধিকাংশ মানুষ কোন ইজমের অনুসারী ? আমার মনে হয় ঈশ্বর মানে অধিকাংশই তবে জীবন যাপন করে নিজেদের পছন্দমত, স্বচ্ছন্দ্যমত, স্থানীয় সুবিধামত।

৭. ০৫ ই নভেম্বর, ২০০৬ দুপুর ১২:৪০

অতিথি বলেছেন: শোহেইল, ভালো লাগলো সংক্ষেপে এক ফ্রেমে এতকিছু পেয়ে। তবে ঈশ্বর চিন্তার একেবারে গোড়ার যে তত্ত্বঅর্থাৎ এন্থ্রোপমরফিজম টা শুরুতে উল্লেখ করলে ভালো হতো। যদিও সেটা নাস্তিকদের পক্ষেই যেতো। মানুষ যার ব্যাখা পায়নি তার উপরেই দেবত্ব আরোপ করেছে এবং সেই দেবতা বা ঈশ্বর মানবীয় গুনাবলীসম্পন্ন। তার দয়া-দাক্ষিন্য যেমন আছে তেমনি আছে রাগ-ক্রোধ। সমাজবিজ্ঞানে এ প্রক্রিয়ার নাম দেয়া হয়েছে এন্থ্রোপমরফিজম।

৮. ০৫ ই নভেম্বর, ২০০৬ দুপুর ২:২৫

সুর বাংলা বলেছেন: যাক!
একটা মিসিং লিংকের খোজ পাইলাম এহানে আইসা।
ডারউইন মিয়া খোজ পাইলে তো আন্দদে ধেই ধেই কইরা নাচতো!

৯. ০৫ ই নভেম্বর, ২০০৬ সন্ধ্যা ৬:৪৭

অতিথি বলেছেন: বাহ, সবাইকে ধন্যবাদ।
কৌশিক, ইউনিকোড নাকি এমনি এমনিই দেখা যায়। (হাসিনের পোস্ট দ্রষ্টব্য।)
সাজেদ, আপনার মন্তব্যটা যদিও আপনার নিজস্ব চিন্তাজাত তবে এটি প্রথম বলার কৃতিত্ব দেয়া হয় , ফয়েরবাখকে। ফয়েরবাখ মনে করতেন বাইবেল নয় মানুষ এরকম নিজের সুবিধামত সাবজেক্টিভ ঈশ্বর বানিয়ে নিয়েছে। চারপাশের মানুষদের দেখলে তাই সত্য মনে হয়।
সুমন চৌধুরী ফয়েরবাখের ভক্ত। ও গলা ছেড়ে কাশলে ভালো হয় ।

১০. ০৫ ই নভেম্বর, ২০০৬ রাত ১০:১৯

অতিথি বলেছেন:

১১. ০৫ ই নভেম্বর, ২০০৬ রাত ১০:২০

অতিথি বলেছেন: Can

১২. ০৫ ই নভেম্বর, ২০০৬ রাত ১০:৪০

অতিথি বলেছেন: bangla not bangle

১৩. ০৬ ই নভেম্বর, ২০০৬ রাত ২:১২

অতিথি বলেছেন: হা ঈশ্বর!
অবিশ্বাসীদের নিজগুনে ক্ষমা করুন প্রভূ...

১৪. ০৬ ই নভেম্বর, ২০০৬ রাত ৩:২১

অতিথি বলেছেন: বস এই কথা কিছুটা অন্যভাবে ব্রক্ষবাদীরাও কইছে । ঈশ্বরকে নানারূপে নানাদেশে দেখা গেলেও শেষ পর্যন্ত সে একই নিরাকার ব্রক্ষ । কিউ.ই.ডি. বাদদিলে দেখা যায় "ঈশ্বর" নিমর্্যানের বিষয়টা মানুষ বহুদিন ধইরাই জানে । নাইলে ঈশ্বরের নানারূপ থাকা সম্ভব না । এইটা

সেমেটিক ধর্মগুরুরা জানতেন। তারা মরতে দম ভূগোল নিরপেক্ষ ব্রহ্ম প্রমাণের চেষ্টা চালাইছে। চেষ্টা যে সফল হয় নাই সেইটা ফয়েরবাখের এসেনস অফ ক্রিসচিয়ানিটি পড়লে বুঝা যায়।

১৫. ০৬ ই নভেম্বর, ২০০৬ সকাল ১১:২৪

অতিথি বলেছেন: তাতো অবশ্যই, তাতো অবশ্যই সুমন।
ব্রহ্মবাদীদের ঈশ্বর আবিষ্কারের ধারাবাহিক ইতিহাসটা জানি না। অর্থাৎ তাদের ঈশ্বরচেতনা কিভাবে বিবর্তিত হয়ে চূড়ান্ত রূপ পেল তা সম্পর্কে পড়িনি। সুতরাং তাদের চূড়ান্ত ধারণা নিয়ে তাদের চিন্তার শুরুটা বুঝা সম্ভব না।
আরবভূমিতে ঈশ্বর-চিন্তার বিকাশের বিষয় নিয়ে ব্যাপক আলোচনা-গবেষণা হয়েছে। তিনটি বড় ধর্মের জন্ম এখানে। বইপত্রও প্রচুর।
ভারতের বিভিন্ন ধর্মের ঈশ্বরদের কথাও আমরা কমবেশি শুনতে পাই। কিন্তু ধরা যাক ল্যাটিন আমেরিকার কথা, অথবা অস্ট্রেলিয়ার অ্যাবরিজিনদের ঈশ্বর আবিষ্কার সম্পর্কে খুব একটা জানতে পাই না আমরা।

ফয়েরবাখের ভাবনা-চিন্তার মূলরূপ সম্পর্কে জানি কিন্তু তার বই সরাসরি পড়ার সুযোগ হয়নি। দেখি হাতের কাছে পাওয়া যায় নাকি। হাতের কাছে যেসব বই যত বই তাই পড়েই তো কূল পাই না।

ফয়েরবাখ মানুষের ঈশ্বরকে কিভাবে ব্যাখ্যা দিয়েছেন সে নিয়ে একটা লেখা দেন না। জ্ঞান বিতরণে এত অলসতা কিসের?

১৬. ০৬ ই নভেম্বর, ২০০৬ সকাল ১১:৪৬

অতিথি বলেছেন: হুমম, যারা 'শিকড় সমস্যা'য় ভুগছেন, তাদেরকেই দেখি বেশী দেখা যাচ্ছে মন্তব্যের ঘরে। না দেখবোই বা কেন, সারাক্ষণ তো হতাশা আর অনিশ্চয়তার মধ্য দিয়ে সময় কাটছে তেনাদের। এ জন্যই বিশ্বাস বিভ্রান্তদের দেখা গেছে যে, জীবনের মৌলিক প্রশ্নে শুধুই হতাশা প্রকাশ করে কবিতা, গল্প, প্রবন্ধ লিখে যেতে।

আলহামদুলিল্লাহ। সকল প্রশংসা সুমহান এক -অদ্্বিতীয় স্রষ্টা আল্লাহর। যিনি আমাদেরকে তাঁর সরল-সঠিক পথে হেদায়াত বা পথনির্দেশনা দিয়ে দুনিয়া ও আখেরাতে নিশ্চিন্ত করেছেন। সফল করেছেন এবং করবেন ইনশাআল্লাহ।

শোমচৌ- আপনার গবেষণাধর্মী লেখা অবশ্যই এ বিষয়ে গবেষকদের কাজে লাগবে। ভালকথা- মুড়িওয়ালাকে দেখছি না যে?

১৭. ০৭ ই নভেম্বর, ২০০৬ সকাল ১০:২৮

অতিথি বলেছেন: ধন্যবাদ ফজলে এলাহি।
এতো সত্যি আগের বিশ্বাসে সন্দেহ করে কেউ কেউ নতুন বিশ্বাস আবিষ্কার করে। তারা মহাজ্ঞানী মহাপুরুষ। পুরনো বিশ্বাসের বিচারে বিভ্রান্ত।

কিন্তু সংখ্যায় বেশিসংখ্যক লোক পুরনো বিশ্বাসের মধ্যেই আশা খুঁজে পায়। মৃত্যুর পরে হুর -পরী আর শরাবান তহুরার আশা। তারা শিকড় গেড়ে বসে পড়েন বিশ্বাসের মাটিতে। কামনা করি তাদের শিকড় নিরোগ থাকুক।

১৮. ০৬ ই মার্চ, ২০০৭ রাত ১:০৬

অতিথি বলেছেন: মন্তব্য ফ্লাডিং

১৯. ০৫ ই অক্টোবর, ২০০৮ রাত ৩:২০



দ্বিতীয়নাম বলেছেন: জানার আছে অনক কিছু!
আহা সেই দিনগুলি!!

২০. ০৫ ই অক্টোবর, ২০০৮ রাত ৩:৪২

নাহিদ মাহমুদ বলেছেন: তথ্যবহুল ভাবনা (লেখা বললাম না ইচ্ছা করেই)।

সমাপ্ত

https://www.amarblog.com/susupto-pathok/posts/171702

ঈশ্বরের মন...

তারিখঃ শনিবার, ২৭/০৭/২০১৩ - ১৬:৫৮

লিখেছেনঃ সুষুপ্ত পাঠক

ঈশ্বর আসলে কি ভাবেন? আমাদের মত ঈশ্বরের তো একটা মন আছে। তিনি তো আমাদের মত আনন্দ পান। দুঃখ পান। ক্রুদ্ধ হন। ক্ষোভে ফেটে পরেন। তোষামদে তুষ্ট হন।... তিনি আসলে কি চান ? স্বর্গ ও নরক নামের দুটো ভিন্ন জায়গা তিনি গড়েছে আমাদের জন্য। যারা ভাল কাজ করবে তারা যাবে স্বর্গে। যারা মন্দ কাজ করবে তারা যাবে নরকে। এ হচ্ছে সাধারন সমীকরন। আসলে ব্যাপারটা এত সহজ নয়। বলতে গেলে ব্যাপারটা আপনার আমার হাতেও নেই। এই যেমন ধরুন, একজন মানুষ যিনি সারা জীবন মানুষের কল্যাণে জীবন উৎসর্গ করেছেন তবু তিনি পুরুস্কার হিসেবে স্বর্গে যাবেন না! কারণ তিনি ঈশ্বরকে ডাকেননি। মানে ভাবছেন ব্যক্তিটি নাস্তিক ছিলেন? না তাও নয়। আসলে তিনি ঈশ্বরকে তার মননীত পদ্ধতিতে মানেননি। কাজেই ভাল কাজের পুরুষ্কার সরূপ কেউ স্বর্গের সিঁড়ি টপকাতে পারবেন এমনটা ভাববেন না। তেমনি মন্দ কাজ করেও যে কেউ কিছুটা শাস্তিটাস্তি ভোগ করে স্বর্গের সিঁড়ি বেয়ে চলে যাবেন প্রভূত ভোগবিলাসের জগত স্বর্গ। এই থিউরিতে পৃথিবীতে একটা পাঁড় বদমাশের ভাগ্যেও স্বর্গের ছিঁকে ছিঁড়তে পারে কেবল মাত্র সে বিশেষ গোত্রের বলে! আবার ভিন্ন গোত্র হওয়ার কারণই সে অভিশপ্ত আর ঘৃণারপাত্র! ঈশ্বরের তৈরি নরকে সে জ্বলতে থাকবে অনন্তকাল...।

একজন অসৎ মানুষ স্বর্গে যাবে কারণ তিনি অসৎ হলেও ঈশ্বর মননীত পদ্ধতিকে বিশ্বাস করেছেন বা মেনেছেন। কাজেই দেখা যাচ্ছে স্বর্গ ও নরক লাভ ভাল ও মন্দ কাজের উপরই কেবল নির্ভর করছে না। ব্যাপার কিন্তু এখানেই শেষ নয়। ব্যাপার আরো জটিল। আপনি কোথায় জন্মাবেন তার উপরও এসবের নির্ভরতা। আর আপনি কোথায় কার ঘরে জন্মাবেন সেটা তো স্বয়ং ঈশ্বরই ঠিক করে দেন। যেমন আপনি জন্মালেন “ক” গোত্রে। কিন্তু “খ” গোত্রকে ঈশ্বর তার মননীত সর্বশেষ ও চূড়ান্ত বলে রায় দিয়ে বসে আছেন। বাকীগুলো যেমন, “ক”, “গ”, “ঘ” সব বাতিল। এখন ”ক” গোত্রে জন্মের উপর আপনার কোন হাত নেই। যেহেতু জন্ম তিনিই দেন। তবু এই জন্ম পাপ আপনাকেই বহন করতে হবে! যেখানে আপনার জানারই কথা নয় “খ” গোত্র সম্বন্ধে সেখানে ”খ” গোত্রে না জন্মালে কেমন করে ”খ” গোত্রের হওয়া যাবে? ”খ” গোত্রের লোকেরা যেমন আপনাদের সম্বন্ধে জানে না আপনিও তাদের সম্বন্ধে জানেন না।

(তর্কের খাতিরে মেনে নিলাম) এখন যদি বলি সব ধর্মই তো ভাল কথা বলে, সদা সত্য কথা বলো, সৎ পথে চলো, অসৎ সঙ্গ ত্যাগ করো, যেহেতু সব ধর্মই ভাল কথা বলে সেহেতু কোন একটিকে মেনে চললেই তো চলে? যেখানে মানুষকে অন্যায় অবিচার থেকে বিরত রাখাই মূল বিষয়। তাহলে বারবার মহাপুরুষের আনাগোনার কারণ কি?

বলবেন তখনকার মানুষ সব জাহেল হয়ে উঠেছিল ? কি রকম? তারা কি সব নাস্তিক ছিল?
না তারা সব আস্তিকই ছিল। ঈশ্বরের ঘর তৈরি করে রীতিমত ঘটা করে ধর্মকর্ম পালন করতো। অর্থাৎ মানুষ সব ধর্মমুখি আর আস্তিক ছিল। তবু ঈশ্বরে বিশ্বাস রেখেও বহু মানুষ স্রেফ বিনা দোষে নরকে যাবে! যিনি নরক বানিয়েছে তিনি মিছিমিছি এটা বানাননি। তিনি সর্বজ্ঞত। তিনি জানেন মানুষ পাপ করবেই। কেন করবে কে করাবে, যার অগচোরে কিছুই হয় না , যার হুকুম ছাড়া কিছু হবার নয় , তবু কিভাবে মানুষ পাপ করতে পারে তার অবাধ্য হয়ে - এই প্রশ্ন এখানে নাই বা করলাম।

শুধু প্রশ্ন, একজন সৎ মানুষ, ধরা যাক মহৎ কোন বিজ্ঞানী, যিনি হয়ত জীবন রক্ষাকারী কোন ঔষধ বানিয়েছেন মানব জাতির জন্য, তিনি মৃত্যুর পর শুধু মাত্র ”ক” বা ”গ” বা ”ঘ” গোত্রে জন্মে চির নরকবাস করবেন এটা কি কোন ন্যায় বিচারক ঈশ্বরের কাজ? “খ” গোত্রে জন্মাননি এটা তো তার কোন অপরাধ নয়। মানুষের জন্য দোষ গুণ ধরে স্বর্গ নরক নির্ধারণ যেখানে যৌক্তিক ছিল সেখানে বিশেষ “খ” গোত্র ব্যতিত কেউ তার কথিত স্বর্গে প্রবেশ করতে পারবে না এটা একটা স্বৈরচারী মানসিকতাই প্রকাশ করে। ঈশ্বর নামক এই প্রাচীন কুহক মানুষকে ফেলেছে এক মহা ধন্দে । শুধু সৎ হলেই চলবে না, শুধু মহৎ হলেই চলবে না , শুধু ঈশ্বর আরাধনা করলেই চলবে না , কেবল মাত্র “খ” গোত্রের অনুসারি হতে হবে...। এটা তো চরম প্রতিক্রিয়াশীল একটা শক্তি! এই ঈশ্বরের মনকে যত তাড়াতাড়ি মানুষ বুঝতে পারবে ততই মঙ্গল।

কমেন্ট

শনিবার, ২৭/০৭/২০১৩ - ১৭:২৯ তারিখে শামীম আরেফীন বলেছেন
ভাইজান আপনে সাবধানে থাইকেন,আপনার এই লেখা পইরা আমি আপনার জোননো চিনতায় পইরা গেলাম,শফির কুকুর গুলা ঘেউ ঘেউ শুরু করবো এখনই।

শনিবার, ২৭/০৭/২০১৩ - ১৯:০৫ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন
ওদের বলেন, এইখানে হাড্ডি নাই!

শনিবার, ২৭/০৭/২০১৩ - ১৯:০৫ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন
ওদের বলেন এইখানে হাড্ডি নাই!

শনিবার, ২৭/০৭/২০১৩ - ২০:৩৯ তারিখে মহাকাব্য বলেছেন

১/ ক নামের একটি ছেলে খ নামক স্কুলের ছাত্র। ক খুবই মেধাবী আর ভাল ছাত্র।স্কুলের নিয়ম হল সাদা সার্ট নীল প্যন্ট পড়া।কিন্তু ক এর কাছে এ নিয়মটি মোটেও পছন্দ নয়। ছাত্র হিসেবে ভাল ভাবে লেখা পড়া করাই আমার মুল কাজ, সার্ট নীল প্যন্টের রং তো স্কুলের বানানো আর চাপিয়ে দেয়া নিয়ম।এ নিয়ম না মেনেও তো ভাল ছাত্র হওয়া যায়।ক তাই স্কুলের নিয়ম না মেনে নিজের ইচ্ছা মত জামা পড়ে স্কুলে আসতে থাকে ''''''''''''''''''''''''''''''''''''অত:পর স্কুলের হেড স্যার বেত দিয়ে পিটিয়ে, কান মলা দিয়ে স্কুল থেকে ক কে বের করে দেয়।''''''''''''''''''''''''''''''''''শালার হেডস্যার।

২/ মালেকের সাথে জরিনার ১০ বছরের সুখের সংসার। জরিনা এক রাতে মালেক কে বলল আপনার সাথে তো ১০ বছর থাকলাম, শুধু ১ টি রাত পাশের বাড়ীর আফজালের সাথে থাকতে চাই।''''''''''''''''''''''''''''''''কি'''''' ই''''''''''ই''''''''''ই কি কইলি'''''' আমি তোরে খাওয়াই পরাই আর'''''' তুই কি না''''''''''''''''''''এক্ষনি বাইর হ আমার ঘর থেইকা''''''''''''''''''''বাইর হ।''''''''''''''''''''''শালার ব্যাটা মালেক।

শনিবার, ২৭/০৭/২০১৩ - ২০:৪৬ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

পথিক তুমি কি পথ হারাইয়াছো?

শনিবার, ২৭/০৭/২০১৩ - ২০:৪৩ তারিখে মূর্খ চাষা বলেছেন

পাঠক ভাই , ভাল লিখেছেন , আমি আগে এরকমই মনে করতাম । কিন্তু প্যাচ বাধাইছে আজানের পরে যে দোয়া পড়া হয় সেই দোয়ায় । এই দোয়া যদি সহি হয় তাহলে আমি আমি আরো বিব্রত বোধ করি । সম্ভব হলে সমাধান দিবেন ।

শনিবার, ২৭/০৭/২০১৩ - ২০:৫১ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

আজানের দোয়া যেটা বিটিভিতে ছোটবেলায় শুনতাম, আশ্চর্য হবেন শুনে, তখনই আমার মনে প্রশ্ন জাগতো, সর্বশ্রেষ্ঠ নবীরে বেহেস্তের শ্রেষ্টতম স্থানে জায়গা দেবার জন্য আমরা আল্লার কাছে ফরিয়াদ জানামু ক্যান? আবার আল্লারে মনে করাইয়া দিমু দিনে পাঁচবার যে , নিশ্চয় তুমি প্রতিশ্রুতি ভঙ্গ করো না! আল্লারে এইভাবে মনে করাইয়া দেবার মানে কি? নবীর জন্য দোয়া করাই কি আজব ব্যাপার!

শনিবার, ২৭/০৭/২০১৩ - ২১:৫৪ তারিখে মূর্খ চাষা বলেছেন

পাঠক ভাই, শুধু তাই না , আল্লাহ নবীজীরে বেহেস্ত দান করবো , বেহেস্থে যায়গা পাওয়া নবীজীর অধিকারের মধ্যে কি পড়া উচিত না ? দান করা হয় ভালবেসে / করুনা করে । আল্লাহরে বার বার মনে করিয়ে দিতে হয় উনি যেন উনার অঙ্গীকার ভঙ্গ না করেন । তার মানে কি ? আল্লাহ অঙ্গীকার ভংগ করেন (অতিতে করেছেন)? এরকম কেন ? কেন ? কেন ?

শনিবার, ২৭/০৭/২০১৩ - ২২:০২ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

এর কারণ আছে, মুসার পর ঈসা, তারপর মুহাম্মদ... একজনকে একবার পুত্র বলে পরবর্তীতে বলেন সে তো এক দাস! যে ইহুদীদের নিজে পাহারা দিয়ে নতুন আবাসস্থলে নিয়ে যায় তারাই পরে হয় বংশ পরম্পরায় অভিশপ্ত! এই চঞ্চল ঈশ্বরে বিশ্বাস করাই বোধহয় কঠিন। এই জন্যই...

শনিবার, ২৭/০৭/২০১৩ - ২২:২০ তারিখে মূর্খ চাষা বলেছেন

পাঠক ভাই, বেহেশত পাওয়ার বিষয়টা তো কিছুই বললেন না ।

শনিবার, ২৭/০৭/২০১৩ - ২২:৩২ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

ভাইরে যে হারে ব্লগে ধর্ম নিয়া লিখছি তাতে বেহেস্তের আশা বাদ দিছি বহু আগেই। এখন ইহকালে জামাতী হেফাজতী হিজবুর ভয়েই থাকি! পরকাল নিয়া চিন্তা বাদ দেন , যেই হারে ব্রগে আপনে তেনাগো লগে তর্ক করেন তাতে আপনারে নিয়া বড়ই চিন্তা হয়!

সোমবার, ২৯/০৭/২০১৩ - ০১:০৬ তারিখে মূর্খ চাষা বলেছেন

পাঠক ভাই, যাক আমারে নিয়া চিন্তা করার একজন অন্তত পাইছি । আর আমার চিন্তা নাই । ভাল থাকবেন ।

<u>সমাপ্ত</u>

http://www.somewhereinblog.net/blog/proshnoblog/28869083

ঈশ্বরের রাজনৈতিক ক্ষমতালোভ

১৪ ই নভেম্বর, ২০০৮ সন্ধ্যা ৭:৩৮ |

প্রশ্নোত্তর

নাস্তিক মননের কোন রাজনৈতিক পরিচয় নেই। কোন একজন ব্যাক্তি যখন ঈশ্বরের ধারনাকে অস্বীকার করার মত অবস্থায় পৌঁছান, তখন তার মনে নাস্তিকতাকে জড়িয়ে কোন রাজনৈতিক ধান্দা থাকে না। এটি এমন একটি নৈতিক অবস্থা যখন মানুষ তার অনৈশ্বরত্বকে কোন স্বার্থ হাসিল করতে ব্যবহার করতে লজ্জা বোধ করে। সামস্টিকভাবে হয়তো এর প্রকাশ-প্রচার হতে পারে, কিন্তু নাস্তিকতা কখনই জোর করে চাপিয়ে দেয়ার জিনিস নয় - নাস্তিকতা নিতান্তই ব্যাক্তিগত উপলব্ধি-অর্জন।

কিন্তু ঈশ্বরবিশ্বাসীরা দলবদ্ধ। তাদের মূল শক্তিও ঐক্যে , যুথবদ্ধতায়। যুগে যুগে তাই ধর্মবাদীরা ভীষণ শক্তিশালী। কার বিরুদ্ধে তারা এই শক্তি ব্যবহার করে? নাস্তিকদের বিরুদ্ধে? আংশিকভাবে তা ঠিক। কিন্তু ধর্মবাদীদের আসল টক্করটা তার বিরুদ্ধেই যে তাদের স্বার্থে ন্যুনতম আঘাত করতে পারে। স্বার্থের ব্যাপারে ধর্মবাদীদের সেনসিটিভিটি এতই প্রবল তারা নিজেদের দল বিভক্ত করতেও দ্বিধা করে না। একই ধর্মের ভিতরেও তাই এত বিভক্তি। খ্রীশ্চানিটি আর ইসলামে এই বৈশিষ্টটি নগ্নভাবে প্রকাশিত। সেক্ট আর মাজহাব, দল আর উপদল - এভাবেই স্বার্থের লোভে ধর্মবাদীর যুগে যুগে বিভক্ত হয়েছে।

তার পরেও তারা শক্তিশালী। তারা প্রচন্ড ভোক্যাল। তারা ভীষণ তৎপর। অস্তিত্ব রক্ষায় তারা অনু ক্ষন সচেতন। প্রাচীন-মধ্য-আধুনিক সব যুগেই ধর্মবেত্তারা তাদের স্বার্থ রক্ষার হাতিয়ার হিসেবে বেছে নিয়েছে রাজনৈতিক পক্ষাপক্ষ অবলম্বন করার কৌশল। রাজা আর পুরোহিতের সম্পর্ক সাধারণ মানুষ স্মরণাতীত কাল ধরে দেখে এসেছে - রাজা ছাড়া পুরোহিত অচল, পুরোহিত ছাড়া অচল রাজা। মধ্যযুগে য়ুরোপীয় বর্বরতার পেছনেও ধর্মবাদীরাই ছিল। হাজার হাজার মানুষকে হত্যা করেছে কয়েকশত চার্চের কর্ণধার ধার্মিক(!) পুরুষেরা। আর এসবই করেছে রাজার সহায়তায়। বিনিময়ে রাজা পেয়েছে আফিমে আসক্ত প্রজাকূল, নির্জীব-নির্বিরোধী-নিরাসক্ত। পুরোহিত মানুষকে বিশ্বাস করিয়ে ছে, রাজা নমস্য, রাজাই পিতা, রাজাই পতি, (ঈশ্বরের পরে) রাজাই পালনকর্তা, শাসনকর্তা। সমস্তসমাজে রাজা আর ধর্মীয় পুরোহিত ছিল সত্যিকারের আত্মীয়। আর প্রজাকূল - শাসন, শোষন আর করুনার পাত্র।

যুগ পাল্টেছে, সমাজের কাঠামো পাল্টেছে। কিন্তু এখনো সমাজপতিদের রক্ষাকবচ হয়েই আছে ধর্মীয়

পান্ডারা। দেশে দেশে সকল সরকারই তোয়াজ করে ধর্মের পতাকাবাহী যেকোন প্রাণিকেই - চাই সে মানুষ হোক আর জানোয়ার। অন্যভাবে বলতে গেলে ঈশ্বর এখন পর্যন্ত গণমানুষের হতে পারেনি। তিনটি পরিষ্কার দলে তাবৎ দুনিয়া এখন বিভক্ত - রাজদন্ডের মালিক, ধর্মবাদী গোষ্ঠী আর সাধারণ মানুষ। সংখ্যার সবচেয়ে কম প্রথম দল, তারপর একটু বেশি দ্বিতীয় দল, আর সবচেয়ে বেশি তৃতীয় দল। অথচ, সংঘবদ্ধতা আর শক্তির দিক থেকে এই ধারা উল্টোমুখী।

কিন্তু কেন? সহজে এক কথায় বলতে গেলে মানুষ ব্যস্ত ঘাম ঝড়িয়ে তার জীবিকা অর্জনে , পুরোহিত বা রাজদন্ডের মালিক কারো কাছ থেকেই সে কিছু পায় না চায়ও না। আর পক্ষান্তরে রাজপতির ক্ষমতার উৎসই জনতা (অবাক হবেন না, তারাও তাই বলে!)। জনতা কখনই জানতে চায় না, তারা কার ক্ষমতার উৎস? কার খেলার ঘুটি? সুতরাং রাজপতির প্রয়োজন জনতাকে বশে রাখবার। মাঝখানে ফড়িয়া হয়ে এঁটে বসে ধর্মবাদীরা। রাজার প্রয়োজন মেটায় তারা, বিনিময়ে উচ্ছিষ্ট কুড়িয়ে বেঁচে থাকে মাত্র। আবার রাজা আর ধর্মবাদীরা জনতাকে শেখায় এই ধর্মগোষ্ঠী বড়ই সম্মানের পাত্র!

স্বার্থের প্রয়োজনেই ধর্মবাদীরা ঈশ্বরকে করে তুলেছে রাজনৈতিক ক্ষমতালোভী। এখানে নীতির কোন স্থান নেই।

কমেন্ট

১. ১৪ ই নভেম্বর, ২০০৮ রাত ৯:০০

দুরের পাখি বলেছেন: লেখাটা ভাল্লাগসে । কিন্তু পাঠক জুটবে না আপনার ভাগ্যে । কারণ আপনারই মতে তৃতীয় দলটি সর্ববৃহৎ । আর তাই তার বলগেও সর্ববৃহৎ । এরা আফিমই পছন্দ করে ।

১৪ ই নভেম্বর, ২০০৮ রাত ৯:১৫

লেখক বলেছেন: পড়ার জন্য ধন্যবাদ। কেউ যদি আফিম খেতে চায় আমার আপত্তি নেই। আমি তাকে শুধু বলতে চাই আফিমের ব্যবহারটাও সঠিক হওয়া চাি।

১৪ ই নভেম্বর, ২০০৮ রাত ১০:১৪

লেখক বলেছেন: আর তৃতীয় দলটি যেহেতু সবচে ' বড়, তার সম্ভবনাও সবচে' বেশি। এই দলটিকে জাগানই আজ সমাজের বিবেকবান মানুষের প্রধান কাজ।

২. ১৫ ই নভেম্বর, ২০০৮ রাত ১২:৪৪ দ্বিতীয়নাম বলেছেন: The fact. +
তৃতীয় দলের উৎপাদনের কত অংশ মোল্লা , পুরোহিত আত্মসাৎ করে তার একটা হিসাব বাইর করা দরকার।

১৬ ই নভেম্বর, ২০০৮ সকাল ৭:৪৬

লেখক বলেছেন: পড়ার ও মন্তব্য করার জন্য ধন্যবাদ।

মোল্লা-পুরোহিতরা হচ্ছে সমাজের সর্ববৃহৎ অনুৎপাদনশীল অংশ। তার পরেই আছে ভিক্ষুকরা।

৩. ১৫ ই নভেম্বর, ২০০৮ রাত ১২:৫৬



দ্বিতীয়নাম বলেছেন: The fact. +
তৃতীয় দলের উৎপাদনের কত অংশ মোল্লা , পুরোহিত আত্মসাৎ করে তার একটা হিসাব বাইর করা দরকার।

২০ শে নভেম্বর, ২০০৮ রাত ১২:৩৪

লেখক বলেছেন: পড়ার ও মন্তব্য করার জন্য ধন্যবাদ।

মোল্লা-পুরোহিতরা হচ্ছে সমাজের সর্ববৃহৎ অনুৎপাদনশীল অংশ। তার পরেই আছে ভিক্ষুকরা।

৪. ১৬ ই নভেম্বর, ২০০৮ সকাল ৭:৫১

আরিফুর রহমান বলেছেন: মোল্লা মাতবরের পুরনো জুটি , যুগে যুগে।

১৬ ই নভেম্বর, ২০০৮ সকাল ১০:৫৮

লেখক বলেছেন: হু, তাদের জমজমাট জুটি আর আমাদের রুটিও জোটে না!

৫. ১৬ ই নভেম্বর, ২০০৮ সকাল ১১:০২

কঁাকন বলেছেন: ভালো লাগলো বিশ্লেষন
স্বার্থের প্রয়োজনেই ধর্মবাদীরা ঈশ্বরকে করে তুলেছে রাজনৈতিক ক্ষমতালোভী। এখানে নীতির কোন স্থান নেই।

নিদারুন সত্যি

১৬ ই নভেম্বর, ২০০৮ সকাল ১১:২৫

লেখক বলেছেন: ধন্যবাদ।

৬. ১৬ ই নভেম্বর, ২০০৮ সকাল ১১:০৫

কাক ভুষুন্ডি বলেছেন: একেবারে বুলস্ আই হইসে।

২০ শে নভেম্বর, ২০০৮ রাত ১২:৩৯

লেখক বলেছেন:

৭. ০৪ ঠা ফেব্রুয়ারি, ২০০৯ সন্ধ্যা ৭:৫৮

ঘনাদা বলেছেন: আবারো পড়লাম। চমৎকার!

০৪ ঠা ফেব্রুয়ারি, ২০০৯ রাত ৮:৩৬

লেখক বলেছেন: ধন্যবাদ।

৮. ২৩ শে মে, ২০১০ রাত ১২:০৬

""ফয়সল অভি "" বলেছেন: দাদা দ্রোহ এর দ্বিতীয় সংখ্যার জন্য আপনার উক্ত লেখাটি প্রকাশের অনুমতি চাইছি এবং আশা রাখি অনুমতি প্রাপ্ত হবো ।

দ্রোহ এর প্রথম সংখ্যার লিংক>>http://www.chittagongnews.org/droho/

আন্তরিক শুভ কামনা রইল ।

৯. ২৩ শে মে, ২০১০ রাত ১২:১১

""ফয়সল অভি "" বলেছেন: দাদা দ্রোহ এর দ্বিতীয় সংখ্যার জন্য আপনার উক্ত লেখাটি প্রকাশের অনুমতি চাইছি এবং আশা রাখি অনুমতি প্রাপ্ত হবো ।

দ্রোহ এর প্রথম সংখ্যার লিংক>>http://www.chittagongnews.org/droho/

আন্তরিক শুভ কামনা রইল ।

১০. ২৩ শে মে, ২০১০ রাত ১২:১৬

""ফয়সল অভি "" বলেছেন: দাদা দ্রোহ এর দ্বিতীয় সংখ্যার জন্য আপনার উক্ত লেখাটি প্রকাশের অনুমতি চাইছি এবং আশা রাখি অনুমতি প্রাপ্ত হবো ।

দ্রোহ এর প্রথম সংখ্যার লিংক>>http://www.chittagongnews.org/droho/

আন্তরিক শুভ কামনা রইল ।

১০ ই জুন, ২০১০ ভোর ৬:৩৯

লেখক বলেছেন: সানন্দে অনুমতি দিচ্ছি। আপনার জন্যও রইল শুভকামনা , ভালো থাকুন।

১১. ০৯ ই জানুয়ারি, ২০১১ বিকাল ৪:১৮

অবাঞ্চিত বলেছেন: অসাধারন

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=14998

মিরাকল ও ব্যাক্তিগত অভিজ্ঞতা থেকে অতিপ্রাকৃত শক্তিতে বিশ্বাস

তারিখ: ৮ চৈত্র ১৪১৭ (মার্চ ২২, ২০১১)

লিখেছেন: অভীক

এমন কথা অনেক মানুষের মুখেই শোনা যায়, "আমি অতিপ্রাকৃত শক্তিতে বিশ্বাস করি কারণ আমি এমন অনেক ঘটনার প্রত্যক্ষদর্শী যা পুরোপুরি অলৌকিক। আমার জীবনে এমন অনেক ঘটনা ঘটেছে যার ফলে আমি ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ পেয়ে গিয়েছি"। ভূত, জ্বিন, প্রেতাত্মা ইত্যাদির সাক্ষাৎ দর্শন পেয়েছেন, বা রাতের অন্ধকারে গায়েবি আওয়াজ শুনতে পেয়েছেন এমন মানুষের সংখ্যা মোটেও কম নয়। আমার অনেক বন্ধুই আছে যারা আমাকে অলৌকিক সব ঘটনার কাহিনী শোনায় এবং জিজ্ঞাসা করে, 'এর কি কোনো ব্যাখ্যা তোমার কাছে আছে?' সব মিরাকলের ব্যাখ্যা খুঁজতে যাওয়াটা সময় ও শ্রমের অপচয়। কিন্তু তারপরও কিছু মিরাকলের ব্যাখ্যা খুঁজে যেতে হয়। কোনো মিরাকল ঘটার পর সেটাকে এমন একটি সত্তার অস্তিত্বের প্রমাণ হিসেবে ব্যবহার করা হয় যেটি কিনা সর্বময় ক্ষমতার অধিকারী।
মিরাকলের ধরণের উপর ভিত্তি করে অনেকসময় কোনো নির্দিষ্ট ও অপ্রমাণিত সত্তা সম্পর্কে এমন সিদ্ধান্তও নেয়া হয় যে ওই সত্তাটি তার অনুসারীদের দুরারোগ্য ব্যাধি পর্যন্ত নিরাময় করে দিতে পারে (যেমন, অন্ধের দৃষ্টি ফিরে পাওয়া, বন্ধ্যার সন্তান জন্ম দেয়া, এমনকি মৃতের জীবিত হয়ে ওঠা)। যেহেতু প্রকৃতির কোনো নিয়মেই এইসব ঘটনার ব্যাখ্যা প্রদান করা সম্ভব হয় না , সেজন্য এগুলোকে মিরাকল বলে ধরে নেয়া যায়। আর যেহেতু মিরাকল শুধুমাত্র অতি প্রাকৃতিক শক্তির কারণেই ঘটা সম্ভব হয় এবং সেক্ষেত্রে যা প্রমাণিত হয় তা হল ঈশ্বরের অস্তিত্ব।

ড. রিচার্ড ডকিন্স তার 'দ্য গড ডিলুশন' বইয়ে তার এক ধার্মিক সহপাঠির এক অলৌকিক অভিজ্ঞতার কথা বর্ণনা করেছেন। ঘটনাটি তার ভাষায় পড়া যাক,

". . . সে একবার স্কটিশ দ্বীপপুঞ্জে ক্যাম্পিংএ গিয়েছিল। কোনো এক মাঝরাতে সে ও তার সঙ্গিনী স্বয়ং শয়তানের আওয়াজ শুনে তাদের তাঁবুর ভিতরেই জেগে উঠে। তার মতে ওই গায়েবি আওয়াজ পুরোপুরি শয়তানের (Satan or devil) মতই ছিল। এই ভীতিকর অভিজ্ঞতা আমার ওই বন্ধু জীবনে কখনোই ভুলতে পারে নি এবং এই ঘটনা তাকে আরো বেশি ধার্মিক ও সুশৃঙ্খল করে দেয়। ঘটনাটি আমার তরুন স্বত্ত্বাকে বেশ মুগ্ধ করে। আমি এই ঘটনা অক্সফোর্ডের Rose and Crown Inn এ অবস্থানরত কয়েকজন প্রাণিবিজ্ঞানীকে শোনাই। যাদের মধ্যে দুইজন বিখ্যাত ও অভিজ্ঞ পক্ষীবিশারদও সামিল ছিলেন। তারা এই ঘটনা শুনে অট্টহাসিতে ফেটে পড়েন আর গলা বড় করে বলেন, 'ওটার নাম আসলে Manx Shearwater!'। তাদের একজন সাথে আরও যোগ করেন যে, এই প্রজাতির পাখি ওই রকম কর্কশ স্বরে শিস বাজাতে পারে। আর ওইরকম গগনবিদারী দানবীয় আওয়াজের কারণে স্থানীয়ভাবে অনেক এলাকায় ওই পাখিকে ডাকা হয়, 'Devil Bird'"।

বেশ মজার অভিজ্ঞতা বলা যায়। মানব মস্তিস্কের ভিতরে একটি প্রথম শ্রেণীর সিমুলেশন সফটওয়ার কাজ করে। আমাদের চোখ আমাদের মস্তিস্ককে সবসময় সঠিক চিত্রটা দেখায় না। এটাকে আমরা optical illusion বা দৃষ্টিবিভ্রম বলে জানি। মস্তিস্ক যখন কোন তথ্য পায় তখন তার বেশ কয়েকটি সদৃশ অল্টারনেটও তার কাছে চলে যায়। ঠিক সেসময় মস্তিস্কের কাছে কোনো গ্রহণযোগ্য মানদণ্ড থাকে না যে কিসের ভিত্তিতে সে এতগুলো অপশন থেকে কোনটিকে গ্রহণ করবে। এক্ষেত্রে সঠিক তথ্যের স্থলে যদি মস্তিস্ক অন্য কোন তথ্য নির্বাচন করে ফেলে তখন মানুষ অন্য কিছু দেখতে থাকে যেটা আসলে বাস্তব নয়। আর এভাবেই দৃষ্টিবিভ্রম ঘটে যায়। আর আরেকটি গুরুত্বপূর্ণ ব্যাপার হল মস্তিস্কের এই সিমুলেশন সফটওয়ার সবচেয়ে পারদর্শী মানুষের মুখাবয়ব ও কণ্ঠস্বর তৈরি করতে। মহাকাশবিজ্ঞানী অধ্যাপক কার্ল স্যাগান মেঘে, কচ্ছপের খোলে, গাছের বাকলে মানুষের মুখাবয়ব খোঁজার প্রবণতাকে বিবর্তনের দৃষ্টিতে ব্যাখ্যা করেছেন এভাবে -

'কোনো শিশু যখন প্রথম দেখতে শুরু করে তখন থেকেই সে মুখ চিনতে শুরু করে। এই ক্ষমতাটা আমাদের মস্তিস্কে রয়েছে। কয়েক মিলিয়ন বছর আগে যেসব শিশু মুখ এবং মুখের ভাষা বুঝতে পারত না তারা তাদের বাবা-মাকে আকৃষ্ট করতে পারত না। একইভাবে তাদের এগিয়ে যাওয়ার সম্ভাবনাও অনেক কমে যেত। বর্তমান যুগে শিশুরা খুব সহজেই অন্যদের মুখ চিনতে পারে এবং বাঁকা হাসির মাধ্যমে তার জবাবও দিতে পারে'।

বেশিরভাগ মানুষই তাদের সাধারণ ধারণা থেকেই এই সব ইলুশনকে ধরে ফেলতে পারে কিন্তু অপরদিকে একটা বড় অংশই এই ইলুশন থেকে ডিলুশনের মধ্যে চলে যায়। একটু যুক্তিসহকারে চিন্তা করলেই এই ধরণের ইলুশন থেকে কোনো অতিপ্রাকৃতিক শক্তির কথা চিন্তা করাটা কত বড় বোকামি তা ন্যূনতম যুক্তিবোধসম্পন্ন যেকোনো ব্যাক্তিই বুঝতে পারবেন।

এবার ফিরে আসা যাক মিরাকল বিষয়ক আর্গুমেন্টে। মিরাকলের সাধারণ সংজ্ঞায় স্কট দার্শনিক ডেভিড হিউম বলেছেন,

"A miracle is a transgression of a law of nature by a particular volition of the Deity or by the interposition of some invisible agent"

ব্যাক্তিগত অভিজ্ঞতা যাদের হয়েছে বলে দাবি করা হয় তাদের অনেকের কাছেই এর পিছনে অতিপ্রাকৃতিক শক্তির হাতের অবস্থানের দাবি যৌক্তিক বলে মনে হয়। তবে অন্য যে কেউ , যাদের মধ্যে মনোবিজ্ঞানের সামান্য জ্ঞানও রয়েছে তাদের নিকট এমন দাবি খুব একটা যৌক্তিক কিছু মনে হয় না। কোনো স্বীকৃত জার্নালই কোনো লেখকের কোনো রচনাকে যৌক্তিক এবং গ্রহণযোগ্য ধরবে না যদি ওই রচনায় কোনো প্রকার মিরাকল বিষয়ক দাবির ছিঁটেফোঁটাও বর্তমান থাকে। আধুনিক বিজ্ঞানে এই ধরণের সকল দাবিকে হয় মিথ্যা না হলে কালেক্টিভ হ্যালুসিনেশন (collective hallucination) বলে উড়িয়ে দেয়া হয়।

এখানে এই কালেক্টিভ হ্যালুসিনেশন সম্পর্কে জানিয়ে রাখা দরকার। এটা হল সে ধরণের হালুসিনেশন যেটা কোনো রকম চিন্তার শক্তির মাধ্যমে ঘটে থাকে। এটা সাধারণত ঘটে যখন কেউ কোনো বিষয়ে তীব্রভাবে আবেগপ্রবণ হয়ে থাকে। এবং এটা সবচেয়ে বেশি ঘটে অতিরিক্ত ধার্মিক ব্যাক্তিদের মধ্যে। মিরাকুলাস বা অলৌকিক কোনো ঘটনার মুখোমুখি হওয়ার তীব্র আশা -আকাঙ্খা নিয়ে যখন কেউ বসে থাকে তখন এমন হ্যালুসিনেশনের অভিজ্ঞতা হওয়াটা খুবই স্বাভাবিক। একারণেই হিন্দুরা চাঁদে বা বা লোকনাথের মুখ দেখতে পায়, গণেশ ও গোপালের মূর্তিও তখন দুধ খেতে থাকে। একইভাবে কুকুরের ঘেউ ঘেউ করার মধ্যেও মুসলিমরা আল্লাহর নাম শুনতে পায় (এখানে দেখুন)। চার্চে মাতা মেরির মূর্তির চোখ থেকেও তখন অশ্রু ঝরতে থাকে। ১১ সেপ্টেম্বরে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে হামলার সময় অনেক ব্যাক্তিই আগুনের কুণ্ডলীর মধ্যে শয়তানের মুখ দেখতে পেয়েছিল। আগুন এবং ধোঁয়ার মাঝে ভেসে ওঠা শয়তানের মুখের অনেকগুলো ছবি তখন বেশ আলোচিতও হয়েছিল। ধর্মগ্রন্থে বর্ণিত বিভিন্ন অলৌকিক ঘটনাবলীর কথা না হয় উল্লেখ নাই করলাম। আর যারা এসবে অলৌকিক কিছু খুঁজে পায় না তারা তাদের মত প্রকাশ করলে তাদের বিরুদ্ধে অবিশ্বাসের “অভিযোগ” এনে চুপ করিয়ে দেয়া হয়। চাঁদে লোকনাথ বাবার মুখ আমার বংশের প্রায় সবাই দেখেছে। ওই ঘটনা এমন এক সময়ের ছিল যখন আমি ঠিক নাস্তিক হই নি, সংশয়বাদীর পর্যায়ে রয়েছি। আমার মা ও বোন দুজনেই যেখানে চাঁদে লোকনাথ বাবার মুখ দেখে আনন্দে আটখানা হয়ে পড়েছে আমি তখনও শুধু খুঁজেই চলেছি। শেষে মাকে সন্তুষ্ট করতে আমি অতি কষ্টে পূর্ণিমার চাঁদে একজন শ্বেতশুশ্রুমণ্ডিত এক বৃদ্ধের মুখ কল্পনা করে জানালাম, ‘আমি দর্শন পেয়েছি’। যদিও পরে আমি পূর্ণিমার চাঁদে বিভিন্ন সময় বিভিন্ন ব্যক্তি ও প্রাণীর প্রতিকৃতিও দেখতে পেয়েছি। সেগুলোকে কেউ অবশ্য অলৌকিক দাবি করে না।
কালেক্টিভ হ্যালুসিনেশন যে সবসময় ধর্মীয় কারণেই ঘটে তা কিন্তু নয়। ১৮৯৭ সালে এডমন্ড প্যারিশ তার Hallucinations and Illusions: a study of the fallacies of perception বইয়ে এক ঘটনার কথা বর্ণনা করেছিলেন যেখানে একটি জাহাজের কয়েকজন নাবিক তাদের জাহাজের সদ্য প্রয়াত বাবুর্চির আত্মাকে দেখতে পেয়েছিল। তারা শুধু আত্মাটিকেই দেখেনি , তারা স্পষ্টভাবে সেটাকে পানির উপর দিয়েও হাঁটতে দেখতে পেয়েছিল। যেখানে তার হাঁটার ধরণ পর্যন্ত ঠিক ওই বাবুর্চির মত ছিল। পরে জানা যায় সেটা ছিল ঢেউয়ের তোড়ে উঠানামা করতে থাকা একটা ভাসমান ভাঙ্গা জাহাজের টুকরা।

কালেক্টিভ হ্যালুসিনেশনের মতই আরেকটি ঘটনা লক্ষ্য করা যায় যেটি হল Pareidolia।এর অর্থ হল, এক ধরণের মনস্তাত্ত্বিক বিষয় যা অস্পষ্ট ও এলোমেলো উদ্দীপনার কারণে ইলুশন সৃষ্টি করে। ইন্দ্রিয়গ্রাহী উদ্দীপকের প্রভাবে প্রত্যক্ষণ বা উপলব্ধি হয় বলে আমাদের ৫টি ইন্দ্রিয়ের যেকোনো একটির জন্য ইলুশন হতে পারে। তবে এই ইলুশনের জন্য আমাদের ইন্দ্রিয় দায়ী নয় , স্নায়ুসংকেত বিশ্লেষণে মস্তিস্কের অক্ষমতাই এই ধরণের বিভ্রম সৃষ্টি করে। মানব মনের একটি লক্ষ্যণীয় বৈশিষ্ট্য হচ্ছে, আমরা যা দেখি তা তৎক্ষণাৎ (অনেক সময় অজান্তেই) আমাদের চেনা জগতের সাথে মিলিয়ে নেয়ার চেষ্টা করি। এই ধরণের বিভ্রমের অনেক নিদর্শনই আমরা দেখতে পেয়েছি। ২০০৬ সালে এক পাকিস্তানি মৎসজীবি এক ধরণের সামুদ্রিক মাছের পেটের মধ্যে আরবি অক্ষরে আল্লাহর নাম দেখতে পান। ২০০৭ সালের অক্টোবরে অ্যালেন স্টোন নামের এক ব্যাক্তি একটি কুড়িয়ে পাওয়া পাথরে খাঁজকাটা দাগের মধ্যে জেসাসের প্রতিকৃতি খুঁজে পেয়েছিলেন। মাসকয়েক আগে ব্রাজিলের এক ধর্মযাজক ইউএসবি কেবলের লোগোকে শয়তানের প্রতীকের মত দেখতে বলে দেশে ইউএসবি কেবল

নিষিদ্ধ করার দাবি জানিয়েছিলেন। এই ঘটনাগুলোর সবই Pareidolia অথবা কালেক্টিভ হ্যালুসিনেশনের উদাহরণ। মানুষের দুর্বল অনুভুতির স্থান বলে ধর্মীয় বিষয় নিয়ে গুজব ছড়ায় বেশি। আর ধর্মীয় অনুভুতিতে আঘাত লাগার অজুহাতে বেশিরভাগ স ময় এই সব গুজবের বৈজ্ঞানিক অনুসন্ধান করতে দেয়া হয় না। ধার্মিকরা রণে , বনে, জলে, জঙ্গলে সর্বত্র সবকিছুর মধ্যেই তাদের স্রষ্টা ও তাদের ধর্মের প্রবর্তকের নাম খুঁজে চলেছে। গাছের ডালে , ফলের খোসা থেকে শুরু করে পশুর কাটা মাংসে এমনকি মাছের আঁইশের মধ্যেও তারা তাদের ঈশ্বরের নাম খুঁজে বের করেছে। নিজেদের ধর্মের প্রচারে তারা এগুলোকে তাদের ঈশ্বরের অস্তিত্বের পক্ষে অকাট্য প্রমাণ হিসেবে ব্যবহার করে। ধর্মভীরু সাধারণ মানুষেরা এসব দাবি অবিশ্বাস তো দূরের কথা সামান্যতম সন্দেহ করার কথাও ভাবতে পারে না। বিভিন্ন ফলে ঈশ্বরের নামের ছবি দেখেই তারা উদ্বেলিত হয়ে উঠে অথচ একবারও ভেবে দেখে না ওগুলো যে ফটোশপের কারসাজিও হতে পারে, এমনকি কোনো মানুষ নিজের হাতেও ওই নামগুলো লিখতে পারে। এই Pareidolia এর উদাহরণ বিশ্বের সব জায়গাতেই দেখা যায়। প্রায় সব ক্ষেত্রেই কোনো না কোনো ধর্মের গ্রহণযোগ্যতার পক্ষে একটি প্রমাণ হিসেবে উল্লেখ করা হয়। নিচের ছবিটিতে একটি মৌমাছিরা তাদের মৌচাকে আল্লাহর নাম লিখে রেখেছে বলে একবার দাবি করা হয়েছিল।

কিন্তু নিচের এই ছবিটিতেই দেখুন কিভাবে ফটোশপের মাধ্যমে মৌচাকের উপর "Wodan rules" কথাটা লিখা হয়েছে।

আবার নিচের ছবির মাধ্যমে অনেকে দাবি করেছে আকাশে মেঘের মধ্যেও আল্লাহর নাম দেখা গেছে। মেঘের আকার এবং অবস্থান প্রতি মূহুর্তেই পরিবর্তিত হয় এবং কত রকমের ডিজাইন তৈরি হতে পারে তার গণনা করাই সম্ভব নয়। ছবিটিকে যে অ্যাঙ্গেল থেকে তোলা হয়েছে সে দিক থেকে এমন মনে হলেও অন্য অ্যাঙ্গেল থেকে মেঘরাশিটি অন্যরকম দেখাবে।

এই ছবিটিকেও খুব সহজেই ফটোশপে তৈরি করা যাবে। তাছাড়া আমরা মৌচাকে যেমন লেখা দেখেছি, এখানে লেখাটি সম্পূর্ণ ভিন্ন আঙ্গিকে লেখা। একই লেখক দুই জায়গায় স্বাক্ষর করলে নিশ্চয় দুই রকম স্বাক্ষর দিবেন না।
খ্রিস্টানরাও বিভিন্ন সময় মেঘে কিংবা জানালার শার্সিতে মেরির ছবি দেখতে পায়। বলা বাহুল্য এক্ষেত্রেই উপরের কথাগুলোই প্রযোজ্য

এবার দেখুন, কি ভাবে এক ফালি বেগুনের মধ্যেও আল্লাহর নাম খুঁজে বের করা হয়েছে। কয়েকটা বেগুন নিয়ে আপনি যদি বারবার কাটতে থাকেন তবে কোনো না কোনো সময় আপনার কল্পনার চিত্রটি আপনি বেগুনের মধ্যেই পেয়ে যাবেন।

অর্থাৎ সব ধর্মেই বিভিন্ন রকমের অলৌকিকতার হাস্যকর দাবি রয়েছে। যেসব অলৌকিকতার দাবির সাথে আবার ধর্মীয় বিশ্বাসের সম্পর্ক রয়েছে সেগুলোর ব্যাখ্যা দেয়াটা ধার্মিকদের কারণে অনেক সময় বেশ বিপজ্জনক হয়ে উঠে এবং তারা এ ধরণের ঘটনার উপযুক্ত ব্যাখ্যা কেউ যাতে না দিতে পারে তার জন্য সর্বশক্তি নিযুক্ত করে।

মিরাকলের পিছনে ঈশ্বরের হাতের দাবি

কোন সভ্যতা যতই বিজ্ঞানমনস্ক বা যুক্তিনির্ভর হয়ে উঠুক না কেন , অলৌকিক ঘটনাপ্রবাহে বিশ্বাসকে পুরোপুরি নিঃশেষ করে দেয়া যায় না। মানুষের প্রকৃতিই এমন যে আমরা অবিশ্বাস্য ও অস্বাভাবিকতাকেই বেশি ভালবাসি। সাধারণ ভাষায় বলে দেয়া যায় মিরাকল বলতে সেসব ঘটনাকে বোঝায় যেগুলোকে প্রকৃতির স্বাভাবিক নিয়ম দ্বারা ব্যাখ্যা করা যায় না। অর্থাৎ প্রকৃতির নিয়মের লংঘনই হল মিরাকল। তাহলে এখন আমরা এই মিরাকলের গ্রহণযোগ্যতা নিয়ে আলোচনা শুরু করছি। আমরা দেখব কোনো মিরাকল ঘটলে তা ঈশ্বর নামক হাইপোথিসিসকে দাঁড়াতে কতটুকু সাহায্য করতে পারে। ঈশ্বর না হোক, অন্য কোনো অতি প্রাকৃতিক শক্তির পক্ষেই বা সেটা কত বড় প্রমাণ হতে পারে সেটাও আমরা দেখব।

ধরা যাক, E (evidence of miracle) সমর্থন করে H (hypothesis of god's existence) কে।

এখন,

(1) P(H/E&K) > P(H/K) [যেখানে K হল background knowledge about concept of god এবং P(x/y) বলতে বোঝায় এর y কারণে x এর সম্ভাব্যতা]

আবার,

(2) P(H/E&K) > P(~H/K)

এখন (1.) সত্য হবে যদি এবং কেবল যদি

(3) P(E/H&K) > P(E/K) সত্য হয়

যখন P(H/K) $\neq$ 0 তখন (3) কে লেখা যায়

(4) P(E/H&K) > P(E/~H&K)

এখন আমরা (4) এ একটা দূর্বলতা দেখতে পাচ্ছি। একজন মানুষ ঠিক কোন কারণে (4) কে সত্য বলে মেনে নিবে তা স্পষ্ট নয়। কারণ ~H কে ব্যাখ্যা করা যায় H এর প্রতিদ্বন্দী হাইপোথিসিসগুলোর একটি ডিসজাঙ্কশন হিসেবে। এখানে মিরাকল হিসেবে আসা হাইপোথিসিসগুলোর সাপেক্ষে E এর সম্ভাব্যতা 1 হতে পারে। কিন্তু এই ডিসজাঙ্কশনের অন্য সকল সদস্যের সাপেক্ষে E এর সম্ভাব্যতা 0 থেকে 1 এর মধ্যে ওঠানামা করে। তাছাড়া এমন কোনো গ্রহণযোগ্য কারণ নাই যে এই সমস্ত ডিসজাঙ্কশনের সাপেক্ষে E এর সম্ভাব্যতা, H এর সাপেক্ষের E এর সম্ভাব্যতার তুলনায় কম হতে পারে। আর এটাও গুরুত্বপূর্ণ যে

P(E/H&K) $\neq$ 1

কাজেই দেখা যায়, মিরাকল ঘটলেও সেটা ঈশ্বরতত্ত্বের হাইপোথিসিসকে খুব একটা সাহায্য করে না। সব ধর্মেই কোনো না কোনো ধরণের মিরাকলের কথা বর্ণনা করা হয়েছে। সব ধর্ম যদিও অনেকটা একই ছাঁচে তৈরি হয়েছে তবুও এক ধর্মের মিরাকলের প্রমাণকে অন্য ধর্মের বিরুদ্ধে প্রমাণ হিসেবেও কিন্তু ব্যবহার করা যায়। বলা যায় কোনো মিরাকলের অস্তিত্ব (যেটি হয়তো কোনো ধর্মের সপক্ষে প্রমাণ হিসেবে ব্যবহৃত হয়) অন্য যে কোনো মিরাকলের বিরুদ্ধেও একটি প্রমাণ হিসেবে ব্যবহৃত হতে পারে (যেটি আবার আরেকটি ধর্মের সপক্ষে ব্যবহৃত কোনো প্রমাণ)। হিউমের ভাষায় উল্লেখ করা যায়,

1. E, H অপেক্ষা H` এর সম্ভাব্যতাকে বাড়িয়ে দেয়
2. H এবং H` পরস্পরবিরোধী

সুতরাং বলা যায় E, H এর সম্ভাব্যতাকে কমিয়ে দেয়

আরেকটি আর্গুমেন্ট দেখানো যায়

1. E এমন একটি প্রমাণ যেটি H এর পক্ষে এবং H` এর বিপক্ষে
2. E` এমন একটি প্রমাণ যেটি H` এর পক্ষে এবং H এর বিপক্ষে
3. H এবং H` পরস্পরবিরোধী

সুতরাং E, E` এর বিপক্ষে একটি প্রমাণ এবং ভাইস ভার্সা।
আমরা স্বাভাবিকভাবেই ভেবে দেখতে পারি যদি ইসলামিক গড সত্য হয় তবে তিনি কখনোই এত মানুষ থাকতে চাঁদে শিবের অবতার লোকনাথ বাবার মুখ বসিয়ে দিবেন না। আবার হিন্দু গড সত্য হলে তারও কোনো দায় পড়েনি কুকুরের মুখ দিয়ে আল্লাহর নাম উচ্চারন করানোর। কোনো মুসলিম যেমন কোনো হিন্দু মিরাকলের দাবি দেখে সেটাকে হাস্যকর ছাড়া অন্যকিছু ভাবতে পারে না , হিন্দুদের কাছেও ইসলামিক মিরাকলগুলোকে ঠিক ততটাই হাস্যকর মনে হয়। এবং এসব কথা অন্য সকল ধর্মের ক্ষেত্রেও প্রযোজ্য। সোজা ভাষায় এক ধর্মের অনুসারীর কাছে তার নিজ ধর্মের মিরাকলগুলো ব্যতীত অন্য সব ধর্মের মিরাকলের দাবিগুলোকে গ্রহণযোগ্য মনে হয় না (সংশয়বাদীরা অবশ্য ব্যতিক্রম)। ঠিক একইভাবে যদি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গিতে বিচার করা যায় তবে সব মিরাকল সম্পর্কে মোটামুটি একই ধারণা পাওয়া যায়।

আধ্যাত্মিক অভিজ্ঞতা

এই ধরণের অভিজ্ঞতার কথা প্রায়ই শোনা যায়- " 'আমি যখন আমার সৃষ্টিকর্তার কথা চিন্তা করি , যখন তার কাছে প্রার্থনা করি তখন আমার মনে এক অন্যরকম শান্তি অনুভূত হয় । এই মানসিক শান্তি আমি অন্য কোনোভাবেই অনুভব করি না। এর পরও কি তুমি বলবে ঈশ্বর নেই ?'" এই ধরণের আধ্যাত্মিক বা মরমী অভিজ্ঞতাকে অবশ্য কোনো ভাষায় ব্যাখ্যা করা যায় না। এই অনুভূতি পরিমাপ করার মত কোনো পদ্ধতিও মনে হয় আবিষ্কৃত হয় নি। কাজেই এই ধরণের অনুভূতির অভিজ্ঞতা কাউকে অন্য কোনোভাবে প্রদান করা সম্ভব কিনা তাও বলা যায় না। আধ্যাত্মিক অভিজ্ঞতাকে ব্যাখ্যা করা যায় নিউরোসাইকোলজির মাধ্যমে। এই রকম চিন্তা মাথায় আসে মস্তিস্কের কজাল অপারেটরের (causal operator) মাধ্যমে। এই কজাল অপারেটর যখন বাস্তবতাকে বিশ্লেষণ করতে যায় তখন স্বয়ংক্রিয়ভাবেই মানুষের মন পরিবেশকে ব্যাখ্যা করতে গিয়ে তার কল্পনাশক্তির মাধ্যমে বিভিন্ন অবাস্তব ধারণাকে নিয়ে আসে। এগুলো ব্যক্তিগত ক্ষেত্রে আসতে পারে, (যেমন স্বপ্ন, দিবাস্বপ্ন এবং আরও অনেক ধরণের কল্পনা) তেমনি একটি সমাজেও প্রভাব বিস্তার করে ফেলতে পারে। মানুষ যতদিন পৃথিবীতে তাদের টিকে থাকা নিয়ে সচেতন থাকবে হয়ত ততদিন তারা তাদের চারপাশের সকল বস্তুকে নিয়ে আনমনেই এই ধরণের অবাস্তব ধারণা তৈরি করতে থাকবে এবং এইভাবেই তারা দৈত্য, দানব, ভুত-প্রেত, দেবদূত, ফেরেশতা, ঈশ্বরসহ আরও অনেক অতিপ্রাকৃতিক সত্তার জন্ম দিতে থাকবে। এই ধরণের আধ্যাত্মিক অভিজ্ঞতার দাবি আস্তিকদের কাছে অকাট্য ও অখণ্ডনীয় বলে মনে হলেও বৈজ্ঞানিক দৃষ্টিতে এগুলো অগ্রহণযোগ্য । যেমন , ঈশ্বরকে অনেকে বর্ণনা করেন এভাবে, "...the dazzling obscurity of the secret silence, outshining all brilliance with the intensity of their darkness". এখন এই ধরণের বিবরনকে কিভাবে যাচাই করবেন। আধ্যাত্মিকতা সম্পর্কিত এই ধরণের দাবি কখনোই বাস্তবমুখী হতে পারে না। এধরণের উক্তির অসংলগ্নতা মাপারও কোন গ্রহণযোগ্য ব্যবস্থা নাই। তাই এই ধরণের সাইকোলজিকাল হাইপোথিসিসকে প্রত্যাখ্যান করাটা মোটেও অযৌক্তিক হয় না।

আরেক ধরণের আধ্যাত্মিক অভিজ্ঞতা হয় নিজের আবেগের মাধ্যমে। বাইবেলে যেমন দেখা যায়, স্বপ্নে জোসেফের সাথে ফেরেশতা এসে কথা বলে। আমার আরেক নিকটাত্মীয়ের (মাসি বা খালা) অভিজ্ঞতার কথা এখন বর্ণনা করা যাক। ভারতের দূরদর্শন চ্যানেলে সবসময় ধর্মীয় সিরিয়াল দেখানো হয়। অনেকেই ভারতে হিন্দু মৌলবাদের উত্থানের অন্যতম কারণ হিসেবে এই ধরণের টিভি অনুষ্ঠানগুলোকে চিহ্নিত করে থাকেন। আমার সেই আত্মীয়ের অন্যতম প্রিয় একটি সিরিয়াল ছিল ডিডি বাংলায় প্রচারিত 'মহাপ্রভু'। শ্রীচৈতন্যদেবের জীবনীনির্ভর নাটকটি তখন বেশ জনপ্রিয়তা পেয়েছিল। একদিন সেই মাসি সকালে উঠে সবাইকে জানালেন তিনি রাতে স্বপ্নে দেখেছেন শ্রীচৈতন্য মহাপ্রভু তার বাড়িতে আসছেন। তিনি দেখেছেন নিমাই চরিত্রের অভিনেতা যীশু সেনগুপ্তকে তার সমস্ত দলবল সাঙ্গপাঙ্গ নিয়ে কীর্তন করতে করতে তার গৃহে পদার্পন করতে। এরপর তিনি সম্ভাব্য সব বিজ্ঞজনের সাথে শলাপরামর্শ করে সিদ্ধান্ত নিলেন যে 'মহাপ্রভূকে স্বাগত' জানাতে বা বরণ করে নিতে বাড়িতে এক বড় ধরনের হরিলুটের বা কীর্তনের আয়োজন করা হবে। যা ভাবা হল তাই করা হল। একবারের জন্যও কেউ ভেবে দেখল না যে, প্রিয় চরিত্রের প্রিয় অভিনেতাকে স্বপ্নে দেখাটা অতি স্বাভাবিক একটা ঘটনা। ধর্মীয় বা আধ্যাত্মিক অভিজ্ঞতা আসলে যে এমনই হয়, স্বাভাবিককে তখন আর স্বাভাবিক মনে হয় না, সাধারণকে সাধারণ বলে মনে হয় না একইভাবে লৌকিককেও লৌকিক বলে মনে হয় না তখন। আমি নিজে কতবার স্বপ্নে দেখি নিজেকে স্পাইডারম্যানের সাথে কথা বলতে, এক্স ম্যানদের মধ্যে ঢুকে যেতে। এক্ষেত্রে আমার কি রকম আয়োজন করা উচিত আমাকে কেউ বলে দিবেন কি??

বিভিন্ন ধর্মগ্রন্থে বর্ণিত মিরাকল বা ধর্মগ্রন্থের অলৌকিকতার উপরে মুক্তমনাসহ বিভিন্ন ওয়েবসাইটে আলোচনা করা হয়েছে। বাইবেলে বর্ণিত আরেকটি মিরাকলের দিকে এখন চোখ রাখা যাক। লক্ষ করলে দেখা যায় এই গসপেলের কাহিনীগুলো বর্ণনার সময়ের দিক থেকে যতই এগিয়ে নেয়া যায় কাহিনী আরো বেশি চমকপ্রদ হতে থাকে। জেসাসের রোগী নিরাময়ের ভার্সগুলি দেখুন। প্রথমে থাকছে সবচেয়ে পুরনো মার্কের বর্ণনাঃ

That evening, at sundown, they brought to him all who were sick or possessed with demons. ... And he healed many who were sick with various diseases, and cast out many demons. ... (1:32-34)

এখন একই ঘটনাকে পরবর্তী দুই রচয়িতা ম্যাথু এবং লিউকের বিবরণে পড়া যাক। প্রথমে ম্যাথুঃ

That evening they brought to him many who were possessed with demons; and he cast out the spirits with a word, and healed all who were sick. (8:16)

এখন পড়ুন লিউকের বর্ণনাঃ

Now when the sun was setting, all those who had any that were sick with various diseases brought them to him; and he laid his hands on every one of them and healed them. (4:40)

দেখা যাচ্ছে, মার্কের মতে সকল রোগীকে জেসাসের নিকট আনা হয়েছিল এবং তাদের অনেকেই আরোগ্য লাভ করেছিল। ম্যাথুর মতে রোগীদের অনেককে আনা হয়েছিল এবং তাদের সবাই আরোগ্য লাভ করেছিল। সবশেষে লিউকের মতে দেখা যায় সকল রোগীকেই আনা হয়েছিল এবং তাদের সকলেই আরোগ্য লাভ করেছিল। ধর্মীয় মিরাকলগুলো সব এভাবেই বিবর্তিত হতে থাকে। আর্চিবল্ড রবার্টসনের ভাষায় "আমরা একটা কিংবদন্তীর প্রগতিশীল পদচারনার সাক্ষী হতে পারছি"।

আবার মিরাকলের সাধারণ সংজ্ঞায় ফিরে আসা যাক। প্রকৃতির সাধারণ নিয়মের লঙ্ঘনই হল মিরাকল। কিন্তু এই সংজ্ঞাতেই পরস্পরবিরোধী বক্তব্য পাওয়া যায়। উদাহরণস্বরূপ, প্রকৃতির নিয়মে পানি কখনো ওয়াইনে পরিণত হতে পারে না। এখন একটি রিপোর্ট যদি করা হয় যে, 'কিছু পানি ওয়াইনে পরিণত হয়েছে' তবে সমস্যা দানা বাঁধে। প্রকৃতির নিয়ম 'পানি কখনো ওয়াইনে পরিণত হতে পারে না' যদি সত্য হয় তবে 'কিছু পানি ওয়াইনে পরিণত হয়েছে' এই দাবিটি মিথ্যা বলে বিবেচিত হয়। আর যদি ওই অলৌকিক দাবিটিই সত্য হয় তবে প্রকৃতির নিয়মকেই ('পানি কখনো ওয়াইনে পরিণত হতে পারে না') মিথ্যা বলে ধরে নিতে হবে।

প্রকৃতির নিয়ম সম্পর্কে মানুষের ধারণা বিভিন্ন সময় বিভিন্নভাবে পরিবর্তিত হয়েছে। যেভাবেই এগুলো পরিবর্তিত হয়েছে সেভাবেই ঈশ্বরকে এই নিয়মগুলোর সাথে সংযুক্ত রাখার প্রয়াসও সমান তালে চলেছে। প্রাকৃতিক নিয়মগুলো সম্পর্কে আধুনিক ধারণার সূত্রপাত হয় সপ্তদশ শতকের দিকে। আধুনিককালে প্রাকৃতিক নিয়ম বা প্রকৃতির নিয়ম বলতে কী বোঝায় সেটা নিয়ে দার্শনিকরা সু দীর্ঘ বিতর্ক করেছেন, এবং প্রথম দেখায় যতটা মনে হয় প্রশ্নটা আসলে তার চেয়েও সূক্ষ্ম। আধুনিক বিজ্ঞানে প্রাকৃতিক নিয়মগুলোকে সাধারণত গণিতের ভাষায় লেখা হয় , নিয়মগুলো হতে পারে একদম পূর্ণাঙ্গ অথবা প্রায় কাছাকাছি, কিন্তু তাদেরকে অবশ্যই কোনো ধরণের ব্যতিক্রম ছাড়াই কাজ করতে হবে- সার্বিক ভাবে না হলেও অন্তত নির্ধারিত কিছু শর্ত সাপেক্ষে। এই মহাবিশ্ব যেহেতু প্রকৃতির নিয়ম দ্বারাই পরিচালিত হয় ধর্মবাদীরা যুক্তি দেখায় , 'সবকিছু যখন একদম নিয়ম মোতাবেক চলছে তখন নিশ্চয়ই ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছে এবং নিয়ন্ত্রণও করে চলেছে '। আবার কোন অনিয়ম বা নিয়মের লঙ্ঘন ঘটলেও বলা হয়, 'ঈশ্বর আছে, কারণ ঈশ্বরই একমাত্র নিয়মভঙ্গের কারণ হতে পারে'। বিষয়টি একজন যুক্তিবোধ সম্পন্ন মানুষের কাছে শুধু কৌতুক উদ্রেককরই হতে পারে।

ব্রিটিশ দার্শনিক ও অর্থনীতিবিদ জন স্টুয়ার্ট মিল এ বিষয়ে বেশ সুন্দর করেই সারমর্ম টেনেছেন , 'আমরা কোন উক্তিকেই প্রকৃতির নিয়ম বলে মেনে নিতে পারি না। আবার এর সাথে পুরোপুরি সাংঘর্ষিক কোন দাবিকেও সত্য বলে ধরে নিতে পারি না। অপ্রমাণিত কোন দাবিকে হয় অবিশ্বাস করা উচিত অথবা সংশয় প্রকাশ করা উচিত, নতুবা ওই দাবি যথাযথভাবে তুলে ধরা হয় নি বলে মেনে নেয়া উচিত'।

প্রকৃতির নিয়ম কিভাবে লঙ্ঘিত হতে পারে এর কোন যৌক্তিক ব্যাখ্যা আমরা এখনও পাই নি । আমরা এখন আলোচনা করব এই প্রকৃতির নিয়ম কি আদৌ লঙ্ঘন করা সম্ভব ? প্রকৃতির নিয়মকে দুই প্রকারে ভাগ করা হয়েছে। একটি হল Descriptive Law বা বর্ণনামূলক নিয়ম এবং অপরটি Prescriptive Law বা নির্দেশমূলক নিয়ম। আমরা উদাহরন হিসেবে এখানে বয়েলের সূত্রটিকে ব্যবহার করছি।

বয়েলের সূত্র অনুসারে-
'স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের কোন গ্যাসের আয়তন ওই গ্যাসের উপর প্রযুক্ত চাপের ব্যস্তানুপাতিক। ' অর্থাৎ, গ্যাসের উপর চাপ বাড়লে আয়তন কমে, চাপ হ্রাস পেলে আয়তন বাড়ে। এই নিয়মটি একটি বর্ণনামূলক নিয়ম, নির্দেশমূলক নয়। এটি নির্দেশ করে না গ্যাসের কি রকম আচরণ করা উচিত। এটি শুধু বর্ণনা করে গ্যাসের আচরণ সবসময় কিরকম হয়। এখন যদি কখনও এমন দেখা যায় কোনো গ্যাসের আচরণ এই নিয়মকে ভেঙ্গে দিয়েছে তখন এই স্বীকৃত নিয়মটিই ভুল বলে প্রমাণি ত হবে এবং এই নিয়মকে আবার নতুন করে সংজ্ঞায়িত করতে হবে। তখন ওই নিয়মের লঙ্ঘনকে আর মিরাকল বলে মনে হবে না কারণ নতুন নিয়ম অনুসারে কোনো নিয়মই লঙ্ঘিত হয় নি।
এ থেকে বোঝা যায় এই নিয়ম লঙ্ঘনের ধারণাটি বর্ণনামূলক ও নির্দেশমূলক দুই ধরণের নিয়মের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করে। এই প্রকৃতি কি রকম আচরন করে, বর্ণনামূলক নিয়ম তার বর্ণনা দেয় মাত্র। আর যেহেতু এগুলো শুধুই বিবরণ, ফলে নিয়ম ভাঙ্গার ধারণা এক্ষেত্রে খাটে না। যেটা ভাঙ্গতে পারে সে হল নির্দেশমূলক নিয়ম। প্রকৃতির ক্ষেত্রে নির্দেশমূলক নিয়ম প্রযোজ্য নয়। কারণ - নির্দেশমূলক নিয়ম মনুষ্যসৃষ্ট একটি ধারণা। আর সংজ্ঞানুসারে যেহেতু মিরাকল হল এমন কোন নিয়মের লঙ্ঘন যেটিকে লঙ্ঘন করা অসম্ভব, ফলে প্রকৃতিতে সংঘটিত মিরাকলের পরস্পরবিরোধী সংজ্ঞা আমাদের কাছে প্রতীয়মান হয়ে ওঠে। কাজেই এই ধরণের দাবিকেও অসার বলে সিদ্ধান্ত নেয়া যায়।

কাকতালীয় ঘটনাসমূহ
মিরাকল হিসেবে যেসব ঘটনার দৃষ্টান্ত আনা হয় তার অনেকগুলোকেই উড়িয়ে দেয়া যায় স্রেফ কাকতালীয় বা coincidence হিসেবে। কিন্তু দাবিদাররা এক্ষেত্রে বলে, 'কোনো ঘটনা কাকতালীয় হওয়ারও একটা সীমা আছে। কিন্তু এতগুলো ঘটনার একসাথে ঘটে যাওয়াটাকে কোনোমতেই কাকতালীয় বলা যায় না। এর পিছনে অবশ্যই কোনো অতিপ্রাকৃতিক শক্তির হাত আছে'। এখন আমি আমার জীবনে ঘটে যাওয়া একটি ঘটনা আপনাদের শোনাই। প্রথমে সকল আস্তিকদের উদ্দেশ্যে আমার একটি প্রশ্ন আছে। আপনাদের মধ্যে কতজন আছেন যারা 'নজর লাগা'তে বিশ্বাস করেন? মানে একথা বিশ্বাস করেন যে, কারও মালিকানায় থাকা কোন পণ্য যদি অন্য কারো খুব পছন্দ হয় বা অন্য কেউ যদি সেটার প্রশংসা করে তবে সেই পণ্যটি যেকোনভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে। এ নজর অবশ্য মানুষের উপরেও লাগতে পারে। এ ধরণের কুসংস্কার ব্যাপকভাবে পৃথিবীর নানা জায়গায় ছড়িয়ে আছে। এরকম বিশ্বাস করার মত মানু ষ এখন অবশ্য বেশ কমে গেছে। বিশেষ করে শিক্ষিত ও মডার্ন ধার্মিকরা অবশ্য এদেরকে কুসংস্কার বলে উড়িয়ে দেয়। যা হোক , এখন সেই ঘটনাটা বলি,

স্কুলে থাকতে প্রায়ই আমার পিসির (ফুফু) গ্রামের বাসায় বেড়াতে যেতাম। এমনই একবার গ্রামে গিয়ে বিকালে ঘুরতে ঘুরতে পরিচিত এক বৃদ্ধার সা থে দেখা হল। বিভিন্ন কথার সাথে ওই বৃদ্ধা আমার পরনে থাকা টিশার্টটির খুব প্রশংসা করে। আমিও তাকে ধন্যবাদ জানিয়ে গ্রামের আরও অনেক জায়গা ঘুরে

সন্ধ্যায় ঘরে ফিরে আসি। আমার পিসতুতো বোন তখন কিছু একটা লিখছিল। হঠাৎ তার কলমের কালি উপচে পড়ায় সে কলমটি আমাকে জানালা দিয়ে বাইরে ফেলে দিতে বলে। জানালাটি আমার কাছেই ছিল। কলমটি সাবধানে ধরে আমি জানালার দিকে ছুঁড়ে দিলাম। জানালায় কোন গ্রিল ছিল না। ছিল কতগুলো শিক বা রড। শিকগুলোর ব্যাস হয় ১-১.৫ সে.মি. এর মত। একেকটি শিকের মধ্যে ব্যবধান থাকে ৯-১০ সে.মি.। আমি কলমটিকে ছুঁড়ে দিয়েছিলাম আনু ভুমিক ভাবে। এবং কলমটি বিন্দুমাত্র দিক পরিবর্তন না করে সোজা একটি শিকের উপরে মুখোমুখিভাবে গিয়ে পড়ে। যেখানে শিকগুলোর মধ্যে পড়ার সম্ভাবনা ছিল প্রায় ১০ গুণ। কথা এখানেই শেষ নয়। শিকগুলো ছিল সিলিন্ডার আকৃতির। এখন কোন কলম যদি আনুভুমিকভাবে গিয়ে উল্লম্ব কোনো সরু সিলি ন্ডার আকৃতির শিকের উপর গিয়ে আঘাত করে তবে সেই কলমটি দিক পরিবর্তিত হয়ে যেকোনো দিকে যেতে পারে। কিন্তু কলমটি শিকে লেগে সম্পূর্ণ বিপরীত দিকে ফিরে এসে আমার টিশার্টের উপর পড়ে টিশার্টের বারটা বাজিয়ে দেয়।

আস্তিকরা যেসব ঘটনাকে শুধু কাকতালীয় বলে মেনে নিতে পারে সেগুলো র তুলনায় আমার এই ঘটনাকে অনেক বড় মিরাকল বলা যায়। তারা সেই মিরাকলের পিছনে অতিপ্রাকৃতিক কারণ দাঁড় করিয়ে ঈশ্বরের অস্তিত্বের দাবি করে বসে। এখন তারা কি আমার এই ঘটনার কারণ হিসেবে ‘নজর লাগা’য় বিশ্বাস করবেন?

গত ফুটবল বিশ্বকাপে জার্মানির অক্টোপাস পল জার্মানির প্রত্যে কটি ম্যাচের ফল আগে থেকেই ঘোষণা দিয়ে রেখে সারা বিশ্বে হৈ চৈ ফেলে দিয়েছিল। জার্মানির মত একটি আধুনিক শিক্ষায় শিক্ষিত রাষ্ট্রের সাধারণ মানুষ সেটাকে শুধু বিনোদনের খোরাক হিসেবেই দেখেছিল। কিন্তু একবার ভেবে দেখুন ওই অক্টোপাস যদি আরবীয় কোন রাষ্ট্রে বা ভারতে থেকে অমন কাজ করত তবে সেদেশের জনগণ সেই অক্টোপাসকে কি বানাত! হয় সেটা হত আল্লাহর কুদরতের এক উজ্জ্বল নিদর্শন অথবা হিন্দুধর্মের কল্কিকে একাদশ অবস্থানে ঠেলে দিয়ে দশম অবতার হিসেবে ‘অষ্টপদাবতার’ এর আবির্ভাব হত। [হয়ত কিছুটা অপ্রাসঙ্গিক মনে হবে তবে একটি তথ্য আমি সংযোজন কর ছি। ইরানের প্রেসিডেন্ট মাহমুদ আহমেদিনেজাদ অক্টোপাস পলকে নিয়ে উন্মাদনাকে চিহ্নিত করেছিলেন পশ্চিমা বিশ্বের ‘কুসংস্কারাচ্ছন্ন ধ্যান-ধারণার নিদর্শন’ হিসেবে। যদিও তিনি কয়েকদিন আগে একবার দাবি করেছিলেন, ‘ইসলামের শত্রু রাষ্ট্রগুলো (ইংল্যান্ড, যুক্তরাষ্ট্র, ফ্রান্স) তাদের পাপের খেসারত দিয়ে বিশ্বকাপ থেকে আগে আগে বিদায় নিয়ে নিয়েছে’। যদিও তার নিজের দেশ বিশ্বকাপেই কোয়ালিফাই করেনি। নিজের বিশ্বাসকে সমর্থন করে এমন মিরাকল ছাড়া অন্য সব ধরণের অলৌকিকতার দাবিকে সবাই কেমন দৃষ্টি নিয়ে দেখেন তারই একটা উদাহরণ আনলাম এখানে।]

মানুষ কেন তাহলে এই মিরাকলের অভিজ্ঞতা লাভ করে ? জন হস্পার্স এ ব্যাপারে মন্তব্য করেন, ‘বিষয়টা আশ্চর্যজনক যে মানুষ যে কোনো অস্বাভাবিক ঘটনাকেই মিরাকল বলে বিশ্বাস করে ফেলে যদি ওই ঘটনা তাদের অনুকূলে ঘটে থাকে। বিমান দূর্ঘটনায় একশ ’ যাত্রী মারা গেলে এবং একজন বেঁচে গেলে জীবিতের পরিবার সে ঘটনাকে বলে মিরাকল। কিন্তু বাকি একশজন নিহতের পরিবার সেটাকে কি বলে?’

সোজা ভাষায় যে সব মানুষ তাদের বিশ্বাসের ব্যাপারে অত্যন্ত আবেগপ্রবন তারা খুব সহজেই কোনো ঘটনাকে অলৌকিক বলে বিশ্বাস করে নেয়। কোনো ঘটনার কারণ তার খুঁজে পেতে ব্যর্থ হলে কিংবা খুঁজে বের করার ইচ্ছা না থাকলে তারা সেই ঘটনার পিছনের কারণ হিসেবে অতিপ্রাকৃতিক শক্তির (যেমন ঈশ্বর) কথা টেনে আনেন। যেমনটি ভারতবর্ষের অন্যতম কিংবদন্তী দার্শনিক রাহুল সাংকৃত্যায়ন বলেছিলেন, 'অজ্ঞানতার অপর নাম হল ঈশ্বর। আমরা আমাদের অজ্ঞানতাকে স্বীকার করতে লজ্জা পাই এবং তার জন্য ভারী গোছের কোনো নামের আড়ালে আত্মগোপন করি। এই ভারী আড়ালটিই হল ঈশ্বর'।

যে প্রশ্নটি থেকে যায় সেটা হল, 'মিরাকল কখনও যদি নাই ঘটে তবে এর মানে কি ভবিষ্যতেও কখনো ঘটবে না?' এই প্রশ্নের জবাবে সংশয়বাদীও থাকা যায় আবার চাইলে নিয়ম ভঙ্গের মিরাকলের আর্গুমেন্টটি আবার ব্যবহার করা যায়। এখন কারও জীবনে এমন অলৌকিক সব অভিজ্ঞতা যদি হয়েই থাকে তিনি নিজে সেটাকে সত্যি সত্যি অলৌকিক হিসেবে বিশ্বাস হয়তো করতে পারেন, তিনি সেটাকে তার যুক্তি দিয়ে যাচাই করবেন, না অন্ধভাবে ঈশ্বরের লীলা বলে মেনে নিবেন এটা তার ব্যাক্তিগত ব্যাপার। তবে সেটা অন্যরাও যে একইভাবে নিবে এমনটা চিন্তা করা নির্বুদ্ধিতা। কাজেই কেউ কোনো ঘটনাকে মিরাকল মনে করলেও তার পিছনে ঈশ্বর বা এই জাতীয় অতিপ্রাকৃতিক শক্তির কারসাজি খোঁজার চেষ্টা করা আক্ষরিক অর্থেই অর্থহীন।

সবশেষে যে প্রশ্ন আসে সেটা হল যে, 'এই সব মিরাকল থেকে আমরা কি সিদ্ধান্ত নিতে পারি'? নিম্নোক্ত কারণে এ প্রশ্নের উত্তর হবে 'কিছুই না'। এ ধরণের মিরাকল থেকে ঈশ্বরের অস্তিত্বের সিদ্ধান্তগ্রহণ তখনই গ্রহণযোগ্য হবে যদি ওই মিরাকলের জন্য সবচাইতে উপযুক্ত ব্যাখ্যায় ঈশ্বর বর্তমান থাকে। অথবা বলা যায়, আমরা যদি ধরেই নিই ঈশ্বর নিজ হাতে ওই মিরাকলটি ঘটিয়েছেন। যেখানে আর কোনো ব্যাখ্যায় ওই কাকতালীয় মিরাকলটি বর্ণনা করা যায় না, সেক্ষেত্রে আমরা ঈশ্বরের অস্তিত্বের সপক্ষে উপসংহার টেনে দিতে পারি। তবে সেটা শুধুই আরেকটি হাইপোথিসিস থেকে যাবে। যেহেতু কাকতালীয় মিরাকল ঘটতে প্রকৃতির কোনো নি য়ম ভঙ্গেরও প্রয়োজন হয় না, আবার এইসবকে প্রাকৃতিকভাবে ব্যাখ্যাতীতও বলা যায় না। কারণ এ ধরণের ঘটনার পূর্ণাঙ্গ ব্যাখ্যা প্রকৃতির সাধারণ নিয়ম থেকেই প্রদান করা যায়।]

সহায়ক গ্রন্থপুঞ্জিঃ

- Enquiries Concerning the Human Understanding - David Hume
- The Demon-Haunted World - Carl Dagan
- Atheism - A Philosophical Justification - Michael Martin
- The Skeptic's Dictionary - Robert Todd Carroll
- The Existence of God - Richard Swinburne
- The Non-Existence of God - Nicholas Everitt
- The God Delusion - Richard Dawkins
- The Grand Design - Stephen Hawking & Leonard Mlodinow
- Atheism: The Case Against God - George H. Smith

• Handbook of the psychology of religion - Raymond F. Paloutzian & Crystal L. Park
• The Neuropsychology of Religious and Spiritual Experience - Andrew B. Newberg and Stephanie K. Newberg
• মিরাকল ১৯ এর উনিশ বিশ, পার্থিব - অনন্ত বিজয় দাশ ও সৈকত চৌধুরী

• তোমার ক্ষয় - রাহুল সাংকৃত্যায়ন

কমেন্ট

সংশপ্তক

মার্চ ২২, ২০১১ সময়: ৩:৪৬ পূর্বাহ্ণ লিঙ্ক

চমৎকার লেখা। অতিপ্রাকৃত শক্তিকে বিজ্ঞান সর্বসম্মতভাবে বর্জন করলেও বিবিধ ভাববাদী দার্শনিকদের কাছে সেটা এখনও গ্রহনযোগ্য হওয়ায় এটার অস্তিত্ব মানব মনস্তত্ত্বে এখন পর্যন্ত ক্রিয়াশীল আছে। তার ফলে , মানব সম্প্রদায়ের সংখ্যাগরিষ্ঠ অংশ এখনও মিরাকলে বিশ্বাস করে। আমি মনে করি যে , মানুষ যা দেখতে চায় তাই সে দেখতে পায়। কোনটা সঠিক চিত্র , সেটার চুড়ান্ত সমাধান কেবলমাত্র বস্তুনিষ্ট এবং পর্যবেক্ষক নিরপেক্ষ বৈজ্ঞানিক প্রক্রিয়ার মাধ্যমেই পাওয়া সম্ভব। সেই সাথে প্রাচীন ভাববাদী দর্শনের সাথে আধুনিক বিশ্লেষণ নির্ভর বৈজ্ঞানিক দর্শনের মাঝে যে রেষারেষি চলছে তারও একটা সুরাহা হওয়া প্রয়োজন।

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৪ অপরাহ্ণ
@সংশপ্তক,

চমৎকার লেখা।

ধন্যবাদ।

সেই সাথে প্রাচীন ভাববাদী দর্শনের সাথে আধুনিক বিশ্লেষণ নির্ভর বৈজ্ঞানিক দর্শনের মাঝে যে রেষারেষি চলছে তারও একটা সুরাহা হওয়া প্রয়োজন।

কবে যে সেই সুরাহা হবে

1. 2

আসরাফ

মার্চ ২২, ২০১১ সময়: ৯:২৫ পূর্বাহ্ণ লিঙ্ক

কি সৌন্দর্য ছবি দিছেন।
আল্লাহ আপনারে অচিরেই বেহেস্ত নসিব করুন। আমিন..।

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৬ অপরাহ্ণ
@আসরাফ,
আমি বেহেস্তের যোগ্য নই। আমার স্থান দোযখের অগ্নিকুণ্ডে। ৭২ হুর আর আনলিমিটেড শরবতের প্রতিও আমার মোহ নেই। তবে দোয়ার জন্য ধন্যবাদ

2. 3

কাজী রহমান

মার্চ ২২, ২০১১ সময়: ৯:৪১ পূর্বাহ্ণ লিঙ্ক

কোনো ঘটনার কারণ তার খুঁজে পেতে ব্যর্থ হলে কিংবা খুঁজে বের করার ইচ্ছা না থাকলে তারা সেই ঘটনার পিছনের কারণ হিসেবে অতিপ্রাকৃতিক শক্তির (যেমন ঈশ্বর) কথা টেনে আনেন।

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৬ অপরাহ্ণ
@কাজী রহমান,
ধন্যবাদ

3. 4

লীনা রহমান

মার্চ ২২, ২০১১ সময়: ১১:১৩ পূর্বাহ্ণ লিঙ্ক

• The Demon-Haunted World - Carl **Dagan**

ভাইয়া, এই বানানটা এক্ষুনি ঠিক করে দেন।

দারুণ লিখেছেন

এক্ষনি প্রিয়তে নিলাম আর ফেসবুকে শেয়ার দিলাম।

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৮ অপরাহ্ণ
@লীনা রহমান,

• The Demon-Haunted World - Carl Dagan

এই Dagan রে Sagan বানাতে গিয়ে সমস্ত পোস্টই নষ্ট হইতে বসছিল। আর এডিট করলাম না।

দারুণ লিখেছেন

গুরুর স্মাইলি দিয়ে আমাকে একটু বেশি উঁচুতেই তুলে দিয়েছেন। ধন্যবাদ শেয়ার করার জন্য।

4. 5

আবুল কাশেম
মার্চ ২২, ২০১১ সময়: ১২:৩৮ অপরাহ্ণ লিঙ্ক

হায় হায় একি মারাত্মক কথা লিখেছেন।

আমাদের নবীজি যে হেরা পর্বতের গুহায় ফেরেশতা জিব্রাইলের দেখা পেলেন আর তার কাছ থেকে কোরান পেলেন–এ কথা যে আমরা জন্ম থেকে জেনে আসছি। এখন তার কি হবে? বিশ্বের ১৫০ কোটি উম্মার কি হবে?

আল্লাহ পাকের বিরুদ্ধে আপনি লিখছেন-মনে হচ্ছে আপনার দিন ঘনিয়ে এসেছে।

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৮ অপরাহ্ণ
@আবুল কাশেম,

আল্লাহ পাকের বিরুদ্ধে আপনি লিখছেন-মনে হচ্ছে আপনার দিন ঘনিয়ে এসেছে

ভাই, হার্টবিট বাড়ায় দেয়ার মত কথা বলেন কেন। আমি অত্যন্ত ভীতু মানুষ। আমার হার্ট এইসব সইতে পারে না।



আবুল কাশেম এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ৪:০৫ পূর্বাহ্ণ
@অভীক,

আমি অত্যন্ত ভীতু মানুষ। আমার হার্ট এইসব সইতে পারে না।

আচিরেই টের পাবেন যখন আল্লাহ পাক আজ্রাইল (যমদূত) পাঠাবেন আপনার কলিজা কবজ করে নিতে।

এখনও সময় আছে। আস্তাগফেরুল্লাহ করে নিন। আল্লাহ পাক হয়ত আপনাকে ক্ষমা করে দিতে পারেন।

*অভীক*এর জবাব:
মার্চ ২৫, ২০১১ at ৩:৪৩ অপরাহ্ণ
@আবুল কাশেম,
আস্তাগফিরুল্লাহ নাউযুবিল্লাহ। আপনিও আমার জন্য দোয়া করবেন আশা করি।

5. 6

শাফায়েত

মার্চ ২২, ২০১১ সময়: ৪:০৭ অপরাহ্ণলিঙ্ক

চমতকার লেখা। উচ্চ শিক্ষিতদেরও দেখা যায় অনেক আজগুবি মিরাকলে বিশ্বাস করতে। যাচাই না করেই শোনা কথায় বিশ্বাস করে বসে। এ লেখাটি হয়তো অনেককেই ভাবাতে সক্ষম হবে।

লেখা সম্পাদনা করার সময় allow comments অপশনটা অনেক সময় উঠে যায়। এ ব্যাপারে একটু সতর্ক থাকবেন :),এখন আমি ঠিক করে দিয়েছি।

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৯ অপরাহ্ণ
@শাফায়েত,

এ লেখাটি হয়তো অনেককেই ভাবাতে সক্ষম হবে।

আশা করতে আসলেই দোষ নেই।

লেখা সম্পাদনা করার সময় allow comments অপশনটা অনেক সময় উঠে যায়। এ ব্যাপারে একটু সতর্ক থাকবেন :),এখন আমি ঠিক করে দিয়েছি।

এই কাজটি করে দেয়ায় আপনাকে অনেক ধন্যবাদ। বড় ধরণের টেনশনে পড়ে গিয়েছিলাম।

6. 7

রৌরব
মার্চ ২২, ২০১১ সময়: ৬:০২ অপরাহ্ণলিঙ্ক

লেখাটি ভাল লাগল। বিশেষত “বর্ণনামূলক নিয়ম” বিষয়ে আলোচনাটি।

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:০৯ অপরাহ্ন
@রৌরব,
ধন্যবাদ

7. 8

অভিজিৎ
মার্চ ২২, ২০১১ সময়: ৬:১৩ অপরাহ্ন লিঙ্ক

আসলেই চমৎকার একটি লেখা, অভীক। এ ধরণের লেখা আরো অনেক বেশি করে মুক্তমনায় আসা দরকার।

আমার মনে আছে, ২০০৪ সালে যখন প্রচন্ড সুনামী হয়েছিলো মহীউদ্দীন নামের এক ব্যক্তি সুনামীর ঢেউয়ে আল্লাহর বানী দেখার সৌভাগ্যের কথা নিয়ে মুক্তমনা য় এসেছিলেন। তার কাছে মনে হয়েছিল ব্যাপারটা অলৌকিক, এবং আল্লাহর অস্তিত্বের বাস্তব প্রমাণ! আমি এ নিয়ে একটা লেখা লিখেছিলাম তখন ইংরেজীতে। লেখাটা আছে এখানে -

The Glorious Name “ALLAH” Appeared on the Waves of Tsunami! : A response

*অভীক*এর জবাব:
মার্চ ২২, ২০১১ at ১০:১০ অপরাহ্ন
@অভিজিৎ,

আসলেই চমৎকার একটি লেখা, অভীক। এ ধরণের লেখা আরো অনেক বেশি করে মুক্তমনায় আসা দরকার।

অনেক ধন্যবাদ দাদা।

২০০৪ সালে যখন প্রচন্ড সুনামী হয়েছিলো মহীউদ্দীন নামের এক ব্যক্তি সুনামীর ঢেউয়ে আল্লাহর বানী দেখার সৌভাগ্যের কথা নিয়ে মুক্তমনায় এসেছিলেন।

আল্লাহর নাম কোথায় দেখা যায় না, সেটা একটা মিলিয়ন ডলারের প্রশ্ন হতে পারে।

8. 9

অভীক

মার্চ ২২, ২০১১ সময়: ১০:১১ অপরাহ্ণ লিঙ্ক

পোস্ট একবার এডিট করতে গিয়ে উচিত শিক্ষা হয়েছে। শেষে সৈকত ভাইয়ের পরামর্শে কোনমতে রক্ষা পেয়েছি।
তাই সকল প্রশংসা উনার

*আকাশ মালিক*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ৯:১৯ পূর্বাহ্ণ
@অভীক,

চমৎকার একটি লেখা বেশ ভাল লাগলো।

httpv://www.youtube.com/watch?v=tbg8iFy5ESc

এইতো যিশুকে স্পষ্ট দেখতে পাচ্ছি, ঈমান লাগে ভাই ঈমান-

httpv://www.youtube.com/watch?v=rrnbbRe4v-0

*অভীক*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ২:৩৬ অপরাহ্ণ
@আকাশ মালিক,
ধন্যবাদ।

এইতো যিশুকে স্পষ্ট দেখতে পাচ্ছি, ঈমান লাগে ভাই ঈমান-

সত্যিই সবার উপরে ঈমান সত্য, তাহার উপরে নাই

অ

*কেশব অধিকারী*এর জবাব:
মার্চ ২৪, ২০১১ at ১২:৩৮ অপরাহ্ণ
@অভীক,

দূত্তোরি, বহুবার চেষ্টা করলাম, কাজ হলোনা। বুঝলাম ঈমান নাই! ওটা একটা ছবিতো ? এতেই সন্তুষ্ট। রণে ভঙ্গ দিলাম আপাতত।

*অভীক*এর জবাব:
মার্চ ২৪, ২০১১ at ৩:০১ অপরাহ্ণ
@কেশব অধিকারী,
ঈমান কোন ছেলের হাতের মোয়া না, এটা হেলাফেলারও জিনিস না। এর জন্য প্রয়োজন দীর্ঘ সাধনার। একাগ্রচিত্তে ঈশ্বরকে ডাকুন তিনি অবশ্যই দর্শন দিবেন। হোক সেটা চাঁদে বা মেঘে , লাউয়ে বা কদুতে।

9. 10

সুজয় আহমেদ
মার্চ ২৩, ২০১১ সময়: ১২:১৬ পূর্বাহ্ণ লিঙ্ক

দারুন যুক্তি দেখিয়েছেন। যুক্তি যুক্ত লেখা ভাল লাগে।ধন্নবা দ আপনাকে।

*অভীক*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ২:৫০ পূর্বাহ্ণ
@সুজয় আহমেদ,
আপনাকেও ধন্যবাদ

10. 11

তামান্না ঝুমু

মার্চ ২৩, ২০১১ সময়: ১২:১৭ পূর্বাহ্ণ লিঙ্ক

অলৌকিক ব্যাপারগুলো যারা দেখেছেন বা শুনেছেন বলে দাবি করেন তারা কখনো তা অন্যদের কাছে প্রমাণ করতে পারেননি এবং সেগুলো অন্য কারো সামনে কখনো ঘটেনি।যুক্তি -প্রমাণ ছাড়া অনেক আজগুবি ব্যাপার এখনো পৃথিবীতে বেশ দৃঢ় ভাবে মানুষের বিশ্বাসে প্রতিষ্ঠিত আছে , সেটিই দুঃখের বিষয়।

*অভীক*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ৩:০৩ পূর্বাহ্ণ
@তামান্না ঝুমু,
সমস্যাটা তো ওইখানেই। বিশ্বাস করতে আর বিশ্বাসকে দাঁড় করাইতে যে যুক্তি বা প্রমাণ লাগে না।

*কেশব অধিকারী*এর জবাব:
মার্চ ২৪, ২০১১ at ১২:৪৮ অপরাহ্ণ
@তামান্না ঝুমু,

কাকরাইল মসজিদে জীন দেখতে বহু রাত ব্যায় করেছিলাম কার্জনহলের ছাত্রজীবনে। কোনদিন-ই কোন টু-টা শব্দও শুনিনি। শুধু সিঁড়ির পাশদিয়ে ছুঁচোর দৌড় দেখেছিলাম একদিন ! আমার মিরাকল দেখার অভিজ্ঞতা তাই আজও শূণ্য!

*অভীক*এর জবাব:
মার্চ ২৪, ২০১১ at ৩:০৩ অপরাহ্ণ
@কেশব অধিকারী,
ঈশ্বর ছুঁচোর রূপ ধরে আপনার সামনে এসে আপনার ঈমানের পরীক্ষা নিতে চেয়েছিলেন। কিন্তু আপনি চিনতে পারেননি। তাই আপনার অভিজ্ঞতা শূণ্যই রয়ে গেছে।

11. 12

নিটোল
মার্চ ২৩, ২০১১ সময়: ১:৩৬ পূর্বাহ্ণ লিঙ্ক

দারুণ লাগলো পুরো লেখাটা। এমন লেখা লেখকের কাছ থেকে আরো আশা করি।

ভিন্ন একটি বিষয় আমি টেনে আনছি,তবে এই লেখাটির সাথে কিছুটা হলেও যুক্ত। আমার মনে হয় আমাদের কথাসাহিত্যও,বাংলা কথাসাহিত্য, মিরাকল কিংবা অলৌকিক ঘটনার ভারে ভারাক্রান্ত।সাধারণ একটি ঘটনাকেও অলৌকিকতার রঙ লাগিয়ে উপস্থাপন করতে আমাদের উপন্যাসিকদের জুড়ি মেলা ভার। এ বিষয়ে কোনো লেখা পেলে ভালো হতো।

*অভীক*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ৩:০৬ পূর্বাহ্ণ
@নিটোল,

দারুণ লাগলো পুরো লেখাটা

ধন্যবাদ।

আমাদের কথাসাহিত্যও,বাংলা কথাসাহিত্য, মিরাকল কিংবা অলৌকিক ঘটনার ভারে ভারাক্রান্ত।সাধারণ একটি ঘটনাকেও অলৌকিকতার রঙ লাগিয়ে উপস্থাপন করতে আমাদের উপন্যাসিকদের জুড়ি মেলা ভার

কাটতি বাড়ানোর জন্য নাটকীয়তা বাড়াতে গিয়ে তারা লৌকিক জগতেরই বাইরে চলে যান। পাঠকরাও সেধরণের রচনাই বেশি খায়

12. 13

সৈকত চৌধুরী
মার্চ ২৩, ২০১১ সময়: ৫:১৪ পূর্বাহ্ণ লিঙ্ক

একদম চমৎকার। অনায়াসে আগাগোড়া পড়ে ফেলা যায়।

এরকম লেখা আরো আসা দরকার মুক্ত-মনায়।

*অভীক*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ২:৩৭ অপরাহ্ণ
@সৈকত চৌধুরী,
আপনাকেও অসংখ্য ধন্যবাদ

13. 14

রনবীর সরকার
মার্চ ২৩, ২০১১ সময়: ৫:৩৭ পূর্বাহ্ণ লিঙ্ক

দারুন লাগল লেখাটা।
আসলে অধিকাংশ ক্ষেত্রেই অনেক কাকতালীয় ব্যাপার ঘটে যায়, আর মানুষ তাকে অলৌকিক/অতিপ্রাকৃত আখ্যা দিতে ভালবাসে। তবে মাঝে মাঝে এমন কিছু ঘটনা ঘটে যায় যে অলৌকিক আখ্যা না দিয়েও পারে না। (বিশেষত যার জীবনে ঘটেছে তার ক্ষেত্রে তো ব্যাপারটা আরও বেশি প্রযোজ্য)।
যাহোক একবার নেটে হঠাৎ করে একটা লিংক চোখে পড়ে গেল। ভদ্রলোক সত্যি বলেছেন না গল্প লিখেছেন সেটাও বুঝতে পারছি না। তবে উনার ব্লগের বাকি কিছু আর্টিকেল পড়ে দেখলাম যে আসলে উনি উনার জীবনে যা ঘটেছে তাই বলতে চেয়েছেন।
লিংকটা শেয়ার করলাম:

*রনবীর সরকার*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ৫:৩৯ পূর্বাহ্ণ
@রনবীর সরকার,

*রনবীর সরকার*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ৫:৩৯ পূর্বাহ্ণ
@রনবীর সরকার,
লিঙ্ক বাটনে সমস্যা আছে। দুই বার লিঙ্ক আসল না।

http://www.rafiqphd.org/component/content/article/45-religion/122-jota

*অভীক*এর জবাব:
মার্চ ২৩, ২০১১ at ২:৪০ অপরাহ্ণ
@রনবীর সরকার,

দারুন লাগল লেখাটা।

ধন্যবাদ

ভদ্রলোক সত্যি বলেছেন না গল্প লিখেছেন সেটাও বুঝতে পারছি না। তবে উনার ব্লগের বাকি কিছু আর্টিকেল পড়ে দেখলাম যে আসলে উনি উনার জীবনে যা ঘটেছে তাই বলতে চেয়েছেন।

যারা এই ধরণের ঘটনায় অন্ধভাবেই বিশ্বাস রাঝতে চায় তাদের জীবনে এমন ঘটনা ঘটবেই।

14. 15

ফালগুন
মার্চ ২৪, ২০১১ সময়: ১০:১৮ পূর্বাহ্ণ লিঙ্ক

অভিক,

দারুণ।এতদিন পর মনে হলো, আমার মনের কথাগুলো বলে দিয়েছেন।আমার মনের কথাগুলো কিভাবে বুঝতে পারলেন?

*অভীক*এর জবাব:
মার্চ ২৫, ২০১১ at ৩:৪০ অপরাহ্ণ
@ফালগুন,
ধন্যবাদ
অন্য ব্লগাররাও দেখেছি কিভাবে যেন আমার মনের কথাগুলো জেনে পোস্ট দিয়ে দেয়। আর আজ দেখছি আমিই…

15. 16

পাপিয়া চৌধুরী
মার্চ ২৪, ২০১১ সময়: ১১:০৬ পূর্বাহ্ণ লিঙ্ক

খুব ভাল লাগলো লেখাটি। একদমে পড়ে গেলাম। বিশেষ ভালো লেগেছে গাণিতিক সম্ভাব্যতার সাহায্যে প্রমাণটি।
এইসব মিরাকল আমার জীবনের বারোটা-চোদ্দটা বাজিয়ে দিচ্ছে। সম্প্রতি প্রকাশিত সেমিস্টার পরীক্ষার ফলাফল পরিবারকে ফোনে জানাতে গেলাম। আমার মা ভীষণ রকম আনন্দিত। সেইদিনই কাকতালীয়ভাবে আমার মাতৃকূলে যজ্ঞে য় এবং আগ্নেয় ধুমধামের সাথে একখানা বিপত্তারিনী পূজা সম্পাদন হয়েছে।
মায়ের মতে আমার সাফল্য এই পূজায় পাওয়া ঈশ্বরের আশীর্বাদ। তিনি তাঁর মা এবং বোন সহকারে আরও বেশী ভক্ত হয়ে উঠেছেন। তাঁদের বিশ্বাস আমিও এই ঘটনার পর বদলে গেছি। এখন সকলে মিলে আমার চতুর্দশী, সংশয়বাদী বোনটির জীবন দুর্বিষহ করে তুলেছেন। সকাল বিকাল এই একই উদাহরণ- “তোর বোনও বুঝেছে, তুইও বুঝবি”।
ভাবছি আপনার এই লেখাটি যদি তাঁদের পড়তে দেই, লাভ হবে কিনা।

*অভীক*এর জবাব:
মার্চ ২৪, ২০১১ at ৩:০৭ অপরাহ্ণ
@পাপিয়া চৌধুরী,

> খুব ভাল লাগলো লেখাটি। একদমে পড়ে গেলাম। বিশেষ ভালো লেগেছে গাণিতিক সম্ভাব্যতার সাহায্যে প্রমাণটি।

আপনাকেও ধন্যবাদ।

মায়ের মতে আমার সাফল্য এই পূজায় পাওয়া ঈশ্বরের আশীর্বাদ।

এই ধরণের কথা শুনলে পড়াশোনাই ছেড়ে দিতে ইচ্ছা করে।

ভাবছি আপনার এই লেখাটি যদি তাঁদের পড়তে দেই, লাভ হবে কিনা।

চেষ্টা করতে দোষের কি? অন্তত আশা তো করাই যায়, না কি?



*আফরোজা আলম*এর জবাব:
মার্চ ২৪, ২০১১ at ৭:২১ অপরাহ্ণ
একদম গড়গড়িয়ে পড়ে গেলাম, এবং রুদ্ধশ্বাসে।
দুর্দান্ত

*অভীক*এর জবাব:
মার্চ ২৫, ২০১১ at ৩:৪০ অপরাহ্ণ
@আফরোজা আলম,
আপনাকেও ধন্যবাদ

16. 17

ফারুক
মার্চ ২৬, ২০১১ সময়: ৪:৪১ অপরাহ্ণ লিঙ্ক

হুমায়ুন আহমেদের বলপয়েন্ট উপন্যাসটি পড়তে যেয়ে এখনি পেলাম নিম্নের লাইন কটি -

“আমি এখন পর্যন্ত এমন কাউকে পাইনি যার ঝুলিতে কোনো ভৌতিক অভিজ্ঞতা নেই। নাস্তিকরা এই বিষয়ে অনেক এগিয়ে। তারা ভূত বিশ্বাস করে না , কিন্তু তাদের ভৌতিক অভিজ্ঞতা সবচেয়ে বেশি। ” পৃষ্ঠা-৯৬

আছে কি এই ব্লগে কোন নাস্তিক যার কোনো ভৌতিক অভিজ্ঞতা নেই? আওয়াজ দিলে খুশি হব।

পাপিয়া চৌধুরী এর জবাব:
মার্চ ২৬, ২০১১ at ১০:০৩ অপরাহ্ণ
@ফারুক,
ভৌতিক অভিজ্ঞতা অতিঅবশ্যই সংস্কারাচ্ছন্ন, ধর্মভীরু ও অবাস্তব-অতীন্দ্রিয় সত্ত্বায় বিশ্বাসী মানুষের কল্পনাপ্রসূত। জন্মের পর থেকে সমাজ ও পরিবার হতে যে ইনডক্ট্রিনেশন আমরা পেয়ে থাকি তাই মূলত আমাদের কল্পনাশক্তিকে বাড়িয়ে দেয় কিম্ভূত ও অদ্ভুত কিছুতে বিশ্বাস করতে। সেই কল্পনাশক্তি প্রয়োগ করে আমরা কখনো ভূত দেখি বা কখনো ঈশ্বর দেখি। নিজের বিশ্বাস বা মতবাদ দিয়ে অন্যকে প্রভাবিত করার বায়োলজিক্যাল কারণই তখন উদ্বুদ্ধ করে আরো বেশী রঙ চড়িয়ে ব্যাখ্যা করতে। এইভাবে ভূতের গল্পের ঝুলি ভারী হতে থাকে।
এখন ব্যাপার হল, নাস্তিকতা চিন্তালব্ধ ধারণা, জেনেটিক নয় যে বংশগতিতে পাওয়া যাবে। সেই হিসেবে আজকের কোনো নাস্তিকই ভ্রূণাবস্থায় নাস্তিক বা ধার্মিক ছিলেন না। বর্তমান সামাজিক প্রেক্ষাপটে এও বলা যায়না যে জন্মের পর তাঁদের ধর্মীয় ইনডক্ট্রিনেশন হয়নি। হয়েছে, কিন্তু স্বশিক্ষিত ব্যক্তিত্ব বা অনুসন্ধানপ্রসূত প্রশ্ন প্রমাণহীন রূপকথার ব্যাপারে তাঁদেরকে সংশ য়ী ও উদাসীন এবং ক্রমে নাস্তিক করে তুলেছে। প্রশ্নহীন , বিশ্বাসী অবস্থায় ধর্মের ওপর নির্ভরতা থেকে তাঁদের কেউই কখনো ঈশ্বর বা ভূতের ইল্যুশন তৈরী করেননি , এমন কি কেউ দাবী করেছে? এই পোস্টের লেখক নিজের সংশয়বাদী পর্যায়ে, মায়ের দ্বারা প্রভাবিত হয়ে চাঁদের গায়ে "লোকনাথ বাবা'র" মুখের ইল্যুশন তৈরী করেছেন। তো?
ফ্যাক্ট হল, উনি সেই পর্যায়ে থেকে যাননি, প্রশ্ন ও অনুসন্ধিৎসা তাঁকে আজকের নাস্তিক করে তুলেছে। এখন হুমায়ুন আহমেদ যদি উনার ইল্যুশনের গল্পেই সব ফোকাস দিয়ে থাকেন তাহলে কি বলার থাকবে? আশা করি, আপনার ডাকে কোনো নাস্তিকই আওয়াজ দিতে আসবেননা। তাঁরা অবশ্যই জানেন, এই জায়গাটা পয়েন্টলেস, হোপলেস, যুক্তিহীন বিতর্কের।

অভীক এর জবাব:
মার্চ ২৭, ২০১১ at ১:১৬ পূর্বাহ্ণ
@ফারুক,
লাম্পট্যের জাতীয় চ্যাম্পিয়নকে আমার পোস্টে অকারণে এনে আমার এই পোস্টের পরিবেশ দূষিত করেছেন। আমি এর তীব্র নিন্দা জানাচ্ছি।
যা হোক ভুতের অভিজ্ঞতা আমার হয়েছে কিনা তার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ অলৌকিক কোন অভিজ্ঞতা হয়েছে কি না। আমি পোস্টেই তা উল্লেখ করে দিয়েছি। এর পরও ত্যানা পেঁচানোর কোন প্রয়োজন

আছে বলে আমি মনে করি না। তবে আপনার অলৌকিক অভিজ্ঞতার কথা জানাতে পারেন। চাইলে বল পয়েন্টের মত ব্যাট পয়েন্ট নামেও বই লিখে হেলতে পারেন। আমার দোয়া আপনার সাথে আছে।

*সিদ্ধার্থ*এর জবাব:
মার্চ ২৭, ২০১১ at ১:৫০ পূর্বাহ্ণ
@ফারুক,
আর কারো কথা জানি না, তবে মুক্তমনা ব্লগে আপনার কমেন্টগুলো পড়লেই আমার ভৌতিক অভিজ্ঞতা হয়ে যায়।

17. 18

রায়হান আবীর
মার্চ ২৭, ২০১১ সময়: ১:৩৬ পূর্বাহ্ণ লিঙ্ক

অভীক, আপনার এই অসাধারণ লেখাটা যখন দিসেন তখনই মোবাইল দিয়ে পড়ছি। মন্তব্য করা হয় সীমাবদ্ধতায়। এই লেখাটা রেফারেন্স হিসেবে এবং কিছু নির্বোধ আমজনতার মাঝে আলো জ্বালাতে অনেক অনেক কাজে আসবে। অনেক শুভকামনা। এমন গবেষনাধর্মী লেখা বলবৎ থাকুক

*অভীক*এর জবাব:
মার্চ ২৭, ২০১১ at ১:৪৫ পূর্বাহ্ণ
@রায়হান আবীর,
(ভুলে অন্য জায়গায় জবাব দিয়ে দিয়েছিলাম)
ধন্যবাদ। আপনার মন্তব্য পেয়ে খুশি হলাম।

এই লেখাটা রেফারেন্স হিসেবে এবং কিছু নির্বোধ আমজনতার মাঝে আলো জ্বালাতে অনেক অনেক কাজে আসবে।

আমজনতার মধ্যেও সবার ভিতরে কিন্তু আলো জ্বালানো যায় না। যাদের সলতেই নাই তাদের আলো জ্বালাবেন কোথায়? লেজে??
তাহলে কিন্তু আবার হনুমানের মত সারা রাজ্যই ওরা জ্বালিয়ে দিবে।

সমাপ্ত

https://www.amarblog.com/valomanus/posts/167637

নামাজ পড়ার সময় আমরা আসলে কার কাছে মাথা নত করি ?

তারিখঃ শুক্রবার, ১৭/০৫/২০১৩ - ১৩:৫২

লিখেছেনঃ সত্যের সন্ধানী

বিষয়টা ছোট বেলা থেকেই মাথায় ঘুরত। সেটা হলো আমরা নামাজ পড়ার সময় সবাই পশ্চিম মূখো হয়ে কেন মাথা ঠুকি। তখন ভাবতাম আল্লাহ বোধ হয় পশ্চিমের কোথাও থাকে কারন আমরা যখন নামাজ পড়ার জন্য মাথা ঠুকি সেটা তো আসলে আল্লাহর কাছেই মাথা নত করি। তাই নয় কি ? একটু বড় হওয়ার পর বিষয়টা নিয়ে নিরপেক্ষভাবে চিন্তা করতে থাকি ও এর কারন অনুসন্ধান করতে থাকি। এ অনুসন্ধানে যা পাওয়া গেল। এবার সেটা বলা যাক।

প্রথমেই আমরা দেখব আল্লাহ কোথায় অবস্থান করে। এ সম্পর্কে কুরান কি বলে ?

তিনি নভোমন্ডল, ভূমন্ডল ও এতদুভয়ের অন্তর্বর্তী সবকিছু ছয়দিনে সৃস্টি করেছেন, অতঃপর আরশে সমাসীন হয়েছেন। তিনি পরম দয়াময়। তাঁর সম্পর্কে যিনি অবগত, তাকে জিজ্ঞেস কর। সূরা-ফুরকান-২৫:৫৯

আল্লাহ যিনি নভোমন্ডল, ভুমন্ডল ও এতদুভয়ের মধ্যবর্তী সবকিছু ছয় দিনে সৃষ্টি করেছেন , অতঃপর তিনি আরশে বিরাজমান হয়েছেন। তিনি ব্যতীত তোমাদের কোন অভিভাবক ও সুপারিশকারী নেই। এরপরও কি তোমরা বুঝবে না?সূরা-সাজদা, ৩২: ০৪

এছাড়া কিছু হাদিসও আছে এ বিষয়ে -

আল্লাহর আরশ হলো আসমান সমূহের ওপর অবস্থিত। সূনান আবু দাউদ , বই-৪০, হাদিস- ৪৭০৮

জান্নাতুল ফেরদাউসের ওপর আ ল্লাহর আরশ অবস্থিত। সহি বুখারী , বই-৫২, হাদিস-৪৮

শুরুতে কিছুই ছিল না, তারপর আল্লাহ তার সিংহাসন তৈরী করলেন যা ছিল পানির ওপর, তার তিনি তার বইতে সবকিছু লিখলেন। সহি বুখারী , বই -৫৪,হাদিস-৪১৪

যখন সা'দ বিন মূয়াদের লাশ আল্লাহর কাছে রাখা হলো তখন তার আরশ কেঁপে উঠল। সহি মুসলিম. বই-৩১, হাদিস-৬০৩৩

এরকম আরও বেশ কিছু আয়াত ও হাদিস আছে যাতে বলা আছে যে আল্লাহ সাত আসমানের ওপর

তার আরশে অবস্থান করে। অর্থাৎ দুনিয়ার কোথাও যে আল্লাহ থাকে না সেটা নিশ্চিত তবে দুনিয়া সহ সব যায়গাতে কি ঘটছে না ঘটছে সেটা সে প্রত্যক্ষ করে। তাহলে পশ্চিম দিক তথা মক্কার কাবা ঘরের দিকে মুখ করে মাথা নত করলে কিভাবে সেটা আল্লাহর কাছে মাথা নত করা হয় , কারন কাবা ঘরের মধ্যে তো আল্লাহ থাকে না?

তবে এ ব্যাপারেও আল্লাহর নির্দেশনা যা পাওয়া গেল তা হলো -

নিশ্চয়ই আমি আপনাকে বার বার আকাশের দিকে তাকাতে দেখি। অতএব, অবশ্যই আমি আপনাকে সে কেবলার দিকেই ঘুরি য়ে দেব যাকে আপনি পছন্দ করেন। এখন আপনি মসজিদুল-হারামের দিকে মুখ করুন এবং তোমরা যেখানেই থাক, সেদিকে মুখ কর। যারা আহলে-কিতাব, তারা অবশ্যই জানে যে, এটাই ঠিক পালনকর্তার পক্ষ থেকে। আল্লাহ বেখবর নন, সে সমস্ত কর্ম সম্পর্কে যা তারা করে। সুরা বাক্বারা, ২: ১৪৪

আর যে স্থান থেকে তুমি বের হও, নিজের মুখ মসজিদে হারামের দিকে ফেরাও -নিঃসন্দেহে এটাই হলো তোমার পালনকর্তার পক্ষ থেকে নির্ধারিত বাস্তব সত্য। বস্তুতঃ তোমার পালনকর্তা তোমাদের কার্যকলাপ সম্পর্কে অনবহিত নন। সূরা আল বাকারা , ২: ১৪৯

এখন নির্বোধেরা বলবে, কিসে মুসলমানদের ফিরিয়ে দিল তাদের ঐ কেবলা থেকে, যার উপর তারা ছিল? আপনি বলুনঃ পূর্ব ও পশ্চিম আল্লাহরই। তিনি যাকে ইচ্ছা সরল পথে চালান।সুরা আল বাকারা , ২: ১৪২

উক্ত আয়াত সমূহে দেখা যাচ্ছে আল্লাহ নিজেই বলেছে কাবা ঘরের দিকে মুখ করে নামাজ পড়তে। ভাল কথা। কিন্তু বললেই কি আমরা যখন নামাজ পড়ি ও মাথা নত করি , সেটা কি তার কাছে করা হলো ? আল্লাহ যখন নিজে কাবা ঘরের মধ্যে থাকে না তখন সে মুসলমানদেরকে কাবা ঘরের দিকে মুখ করে নামাজ পড়তে বলল কেন ? সে তো জানত এতে করে তার কাছে মাথা নত করা হবে না। তাই নয় কি ? তাহলে কার কাছে আসলে আমরা মাথা নত করি ? এ ব্যপারে কিছু হাদিস দেখা যাচ্ছে-

বারা বিন আযিব বর্ণিত- আল্লাহর রসূল বায়তুল মুকাদ্দাসের দিকে মুখ করে ষোল বা সতের মাস নামায পড়লেন কিন্তু তিনি কাবা ঘরের দিকে মুখ করে নামায পড়তে ইচ্ছা পোষণ করতেন , তাই আল্লাহ নাজিল করলেন এ আয়াত - নিশ্চয়ই আমি আপনাকে বার বার আকাশের দিকে তাকাতে দেখি। অতএব, অবশ্যই আমি আপনাকে সে কেবলার দিকেই ঘুরিয়ে দেব যাকে আপনি পছন্দ করেন। এখন আপনি মসজিদুল-হারামের দিকে মুখ করুন এবং তোমরা যেখানেই থাক , সেদিকে মুখ কর। যারা আহলে-কিতাব, তারা অবশ্যই জানে যে, এটাই ঠিক পালনকর্তার পক্ষ থেকে। আল্লাহ বেখবর নন, সে সমস্ত কর্ম সম্পর্কে যা তারা করে। (২:১৪৪) । সহি বুখারি, বই-৮, হাদিস-৩৯২

এ থেকে বোঝা যাচ্ছে নবি নিজেই আসলে কাবা ঘরের দিকে মুখ করে নামাজ পড়তে চাইতেন। এর আগে মুসলমানরা বায়তুল মোকাদ্দাসের দিকে মুখ করে সবাই নামাজ পড়ত। তাহলে হঠাৎ করে তিনি

কাবা ঘরের দিকে মুখ করে নামাজ পড়তে চাইলেন কেন ? এখন অন্য আরও কিছু হাদিস দেখা যাক -

ইবনে আব্বাস বর্ণিত নবী বলেছেন-" কাল পাথর বেহেস্ত থেকে পতিত হয়েছে।যখন প্রথম দুনিয়াতে এটা পতিত হয় তখন এর রং ছিল দুধের মত সাদা কিন্তু আদম সন্তানদের পাপ গ্রহণ করার ফলে এর রং কাল হয়ে গেছে"। তিরমিজি, হাদিস- ৮৭৭
ইবনে ওমর নবী কে বলতে শুনেছেন, " কাল পাথর ও আর রুখ আল ইয়ামানি কে স্পর্শ করলে পাপ মোচণ হয়।তিরমিজি, হাদিস-৯৫৯

আমরা সবাই জানি কাবা ঘরের মধ্যে একটা কাল পাথর আছে যার নাম হযরে আসওয়াদ। হজ্জের সময় প্রতিটি মুসল্লি সেটাকে চুমু খাওয়ার জন্য হুড়োহুড়ি করে। অনেক সময় সে হুড়োহুড়ির মাত্রা এত বেড়ে যায় যে মানুষ পদপিষ্ট হয়ে মারাও যায়। কিন্তু কেন তারা চুমু খায় ? তাও কিন্তু দেখা যাচ্ছে উক্ত হাদিসে। সেখানে বলা হচ্ছে - চুমু খেলে মানুষের পাপ মোচন হয়। সেজন্যেই সম্ভবত: বলা হয় যে - যে হজ্জ করল সে যেন নতুন শিশু রূপে জ ন্ম গ্রহন করল অর্থাৎ তার সব পাপ মোচন হয়ে গেল। আর বলা বাহুল্য সব পাপই গ্রহন করে উক্ত কাল পাথর। এ পাথর সব সময় কাল ছিল না। বেহেস্ত থেকে এটা যখন দুনিয়াতে পড়ে তখন দুধের মত সাদা ছিল , কিন্তু মানুষের পাপ গ্রহন করার ফলে সে কাল হয়ে গেছে। বিষয়টা যে আসলেই তাই সেটা বোঝা যায় খোদ নবির আচরনে , যেমন -

আবিস বিন রাবিয়া বর্নিত- ওমর কাল পাথরের নিকট আসলেন এবং একে চুমু দিলেন , তারপর বললেন-আমি জানি তুমি একটা পাথর বৈ আর কিছু নও , তুমি কারও উপকারও করতে পার না , অপকারও করতে পার না। আমি যদি রাসুলুল্লাহকে না দেখতাম তোমাকে চুমু খেতে আমি তোমাকে চুমু খেতাম না। বুখারী, বই-২৬, হাদিস-৬৬৭

যায়েদ বিন আসলাম বর্নিত- ওমর বিন খাত্তাব কাল পাথরকে উদ্দেশ্য করে বললেন- আল্লাহর কসম, আমি জানি তুমি একটা পাথর ছাড়া আর কিছু নও , তুমি না পার কারো উপকার করতে , না অপকার। নবীকে যদি আমি না দেখতাম তোমাকে চুমু খেতে আমি তোমাকে কখনও স্পর্শ করতাম না। বুখারী, বই-২৬, হাদিস-৬৭৫

সোয়াইদ বিন ঘাফালা বর্ণিত: আমি ওমরকে কাল পাথরকে চুমু দিতে ও হাত বুলাতে দেখেছি এবং বলতে শুনেছি এরকম- আমি দেখেছি আল্লাহর নবীর তোমার জন্য অনেক ভালবাসা ছিল।সহি মুসলিম, বই-৭,হাদিস-২৯১৬

উক্ত হাদিস সমূহ থেকে দেখা যাচ্ছে খোদ নবি প্রচন্ড ভাবে উক্ত পাথরকে শ্রদ্ধা করতেন ও যখনই কাবা ঘরে প্রবেশ করতেন তখনই তাকে চুমু খেতেন। আর সেটা নিশ্চয়ই এমনি এমনি না। কিন্তু তারই এক সাহাবি হযরত ওমর বিষয়টাকে সেভাবে গ্রহন করে নি আর সেটাও দেখা যাচ্ছে তার উক্ত হাদিসে তার বক্তব্যে । কিন্তু তার যুক্তিবাদী মন সেটা গ্রহন না করলেও কোন উপায় ছিল না কারন তিনি নবিজীর একজন অন্ধ অনুসারী। নবিজী যা বলেছেন ও করেছেন একজন আদর্শ মুসলমান হিসাবে তা বিনা প্রশ্নে অনুসরন করতে হবে , ঠিক সেটাই হযরত ওমর করে গেছে। কিন্তু তাতে কাল

পাথরের যে অবস্থান নবিজীর কাছে তার কোন পরিবর্তন হয় না। অর্থাৎ নবিজীর কাছে কাল পাথরের এক মহা মাহাত্ম লুক্কায়িত ছিল যা হয়ত তিনি সবার সামনে কখনো প্রকাশ করেন নি কিন্তু নিজের আচরন দিয়ে সেটা বুঝিয়ে দিয়ে গেছেন।

এখন সমস্যা কিন্তু জটিল আকার ধারন করল। সেটা হলো - মানুষের পাপ মাফ করা বা মোচন করার ক্ষমতা একমাত্র কার ? আমরা সবাই জানি সে ক্ষমতা একমাত্র আল্লাহর। অথচ আমরা বিশ্বাস করি ও হাদিসেও আছে কাবা ঘরে রক্ষিত কাল পাথরেরও সেই একই ক্ষমতা বিদ্যমান। তাহলে বিষয়টা কি দাড়াল ? তাহলে উক্ত কাল পাথরই কি আল্লাহ ? আর সেকারনেই কি আমরা আমরা সবাই নামাজ পড়ার সময় কাবা ঘরের দিকে, তথা তার মধ্যে অতি সযতনে রাখা কাল পাথরের দিকে মুখ করে থাকি ও মাথা নত করি ? অর্থাৎ আমরা কি কাল পাথরকে সেজদা দেই?

বাস্তবে আমরা যারা কাবা ঘরের সামনে বসে নামাজ পড়ি না , অনেক দুরে বসে কাবার দিকে মুখ করে নামাজ পড়ি , আমাদেরকে দেখলে আপাত: মনে হতে পারে আমরা সবাই আল্লাহর কাছেই সিজদা দিচ্ছি, কিন্তু প্রকৃতপক্ষে আমরা আসলে কার কাছে সিজদা দিচ্ছি ? আমরা কি একবারও সেটা ভেবে দেখেছি ?

পক্ষান্তরে অন্য ধর্মের লোকদের ঈশ্বর সর্বত্র বিরাজমান। তাই তারা যে কোন দিকে মুখ করে তাদের ঈশ্বরের কাছে মাথা নত করলে সেটাতে সমস্যা কিছু দেখা যাচ্ছে না। কিন্তু আমাদের আল্লাহ সব কিছু দেখতে পায় ঠিকই কিন্তু অন্য ধর্মের ঈশ্বরের মত সর্বত্র বিরাজমান নয় যা আমরা কুরান ও হাদিস থেকে ভালমতো জেনেছি।

আল্লাহ সর্ব শক্তিমান , যা খুশী তাই করতে পারে। তাই তার পক্ষে একই সাথে সাত আসমানের ওপর তার আরশে ও কাবার মধ্যে কাল পাথর হয়ে থাকা দুইই সম্ভব। বুজছি না তো কিছু। মাথা ঘুরে যাচ্ছে এখন। আছেন কি এমন কোন ভাই বিষয়টি সুন্দর করে বুঝিয়ে দেয়ার ?

সূত্র : বুখারি , মুসলিম , আবু দাউদ ও মালিক মুয়াত্তার হাদিস

কমেন্ট

শুক্রবার, ১৭/০৫/২০১৩ - ১৫:১৫ তারিখে রকি বলেছেন

শুক্রবার, ১৭/০৫/২০১৩ - ২০:৪০ তারিখে ফকির বাবা বলেছেন
এইডা আবার কি শুনাইলেন। সারা দুনিয়ার মুসলমানরা কি তবে ঘোরের মধ্যে আছে ? তারা এর কিছুই জানে না ? এত বড় বড় রথি মহারথিরা কি সব ঘাষ খায় , কিছুই কি তারা জানে বা বোঝে না ?

শনিবার, ১৮/০৫/২০১৩ - ০১:৩৪ তারিখে সত্যের সন্ধানী বলেছেন
কি জানি কিছু বোঝে কি না। মনে হয় এসব বিষয় নিয়ে ঘাটাতে চায় না । শেষে কেচো খুড়তে সাপ না বের হয়ে এই ভয়ে হয়ত।

শনিবার, ১৮/০৫/২০১৩ - ০১:৩৮ তারিখে মূর্খ চাষা বলেছেন
তা'হলে তো কাবা ঘর বা কালো পাথর কে উদ্দেশ্য করে সিজদা করা ও শিরক করার মধ্যে তো কোন পার্থক্যই নাই , নাকি বলেন? মাথাটা এবার মনে হয় যাবে।

শনিবার, ১৮/০৫/২০১৩ - ০১:৪৪ তারিখে সত্যের সন্ধানী বলেছেন
আমি তার কি জানি ? আমি নিজেই ত ঠিক মতো বুঝতে পারি নাই। কারন কাবা ঘরের মধ্যে তো আল্লাহ থাকে না , কুরানের বহু আয়াত ও হাদিস সেটা বলছে , বলছে আল্লাহ থাকে তার আরশে। অথচ একই সাথে আল্লাহ বলছে কাবার দিকে মুখ করে নামাজ পড়তে। , কারন টা কি ? আবার নবি বলছেন - কাল পাথরের পাপ মাফ করার ক্ষমতা বিদ্যমান অথচ পাপ মাফ করার ক্ষমতা একমাত্র আল্লাহর হাতে। একই সাথে আমরা দেখি নবি উক্ত কাল পাথরকে সবচাইতে বেশী সম্মান ও শ্রদ্ধা করতেন এবং যখনই কাবা ঘরে যেতেন তখন চুমু খেতেন। স্রেফ একটা পাথরকে কেন তিনি চুমু খাবেন যখন তিনি কাবার ভিতরের সব মুর্তি ধ্বংস করে ফেলেছিলেন ? তখনই তো প্রশ্ন জাগে , উক্ত পাথর কি আল্লাহ , আর সেকারনেই কি নবি আমাদেরকে কাবা ঘরের দিকে মুখ করে নামাজ পড়তে বলে গেছিলেন ?

অবশ্য যদি বলা হয় এত শত চিন্তার দরকার নেই , নবি যা বলেছে তাই অন্ধভাবে পালন করে যেতে হবে , তাহলে কোন কথা নাই।

শুক্রবার, ১৭/০৫/২০১৩ - ০১:৫৩ তারিখে মিনার হাসান বলেছেন

ভাই! মাথা দেখি আউলা ঝাউলা কইরা দিলেন!
মিনার

শুক্রবার, ১৭/০৫/২০১৩ - ০২:২৮ তারিখে দেয়াল বলেছেন

এমন সহজ জিনিস না বুঝলে হবে কি ভাবে।

আচ্ছা উদাহরণ দিয়ে বোঝাই।

১। GP -র অফিস বারিধারাতে। মোবাইল ফোন যে রকম সব জায়গা থেকে কাজ করে, কিন্তু টাওয়ার-এর কাছে থাকলে ভালো কাজ করে। সেই রকম আরশ সাত আসমানের উপরে, কিন্তু কাবার দিকে এন্টেনা এইম করলে রিসেপশন ভালো হয়।

২। কালো পাথর হলো কাবার UHF এন্টেনা। এইটা দিয়া সাত আসমান পার করে পাপের হিসাব ওপর-তলায় যায় আর মাফ নেমে আসে। এটাতে চুমু খেলে শুধু গুনা মাফ হয় তাই না --এটা ponds-এর চাইতেও রং ফর্সা করতে কার্যকর। বিশ্বাস না হলে খালেদা আর হাসিনাকে মেপে দেখো।

(BTW , যতটুকু জানি কোনো কোনো মাযহাব এই কারণে ঘুরে ঘুরে নামাজ পড়ে)

শুক্রবার, ১৭/০৫/২০১৩ - ১৬:৫৫ তারিখে সত্যের সন্ধানী বলেছেন

আপনার কথায় যুক্তি আছে। আসলে মানুষের পাপ পরিবাহিত হয়ে আল্লাহর কাছে যাওয়ার একটা মাধ্যম থাকতে হবে , থাকতে হবে একটা ওয়েব তরংগ। কাল পাথর সেই তরংগ নিক্ষেপক যন্ত্র বিশেষ হতে পারে। কেউ যখন তাতে চুমু খায় সাথে সাথে পাথরটা সক্রিয় হয়ে বান্দার সব পাপ তরংগে রূপান্তরিত করে ও অত:পর তা আল্লাহর আরশের দিকে প্রেরণ করে। আল্লাহ তখন সেই তরংগ গ্রহন করে সাথে সাথে বান্দার সকল গুনাহ মাফ করে দেয়। এ থেকে এটাও বোঝা যায় যে সেই ১৪০০ বছর আগেও বেতার তরংগ বা যন্ত্র যাই বলি না কেন আবিস্কৃত হয়েছিল যা সে সময়ের মানুষ বুঝতে পারেনি। জগদিশ বসু বা মার্কনি সম্ভবত এ কাহিনী পড়ে থাকতে পারে এবং এর পরেই তারা বেতার

যন্ত্র আবিস্কার ক'রে মুসলমানদের প্রযুক্তি বেদখল করেছে। এ ব্যপারে আমরা একটা পদক্ষেপ নিতে পারি। জোকার নায়েককে খবরটা তাড়াতাড়ি দেয়া দরকার। তাহলে সে প্রচারের কাজটা করতে পারে।

শুক্রবার, ১৭/০৫/২০১৩ - ০২:৪৭ তারিখে আঃ হাকিম চাকলাদার বলেছেন

একমাত্র আল্লাহ পাক ছাড়া অন্য কারো দ্বারা তাই সে জড় পদার্থ হোক আর জৈব পদার্থই হউক, গুনাহ মাফের আকাংখা করাটা তাকে আল্লাহ পাকের সংগে শরীক করা শিক্ষা দেওয়া হলনা?

ইছলামে বরং শিরক করা অমার্জনীয় অপরাধ।

আল্লাহ পাকই তো পরম দয়াশীল। তার কাছে ক্ষমা চাইলেই তো তিনি ক্ষমা দেওয়ার জন্যই যথেষ্ঠ।

সেখানে পাথরের মত একটা জড় পদার্থকে ভক্তি শ্রদ্ধা দেখানোর তো আমি কোনই যৌক্তিকতা খুজে পাইলামনা।

এমন কেহ কী আছেন যিনি এর যৌক্তিকতা দেখাতে পারেন?

ইছলাম কী একটা অযৌক্তিক ধর্ম?

শুক্রবার, ১৭/০৫/২০১৩ - ১৬:৪৭ তারিখে সত্যের সন্ধানী বলেছেন

কি যে বলেন ! ইসলাম অযৌক্তিক হতে যাবে কেন। দুনিয়ার সব জ্ঞান বরং অযৌক্তিক , কিন্তু ইসলাম হ'লো সবচাইতে যৌক্তিক জ্ঞান।

শুক্রবার, ১৭/০৫/২০১৩ - ০৫:৩৪ তারিখে আঃ হাকিম চাকলাদার বলেছেন

আল্লাহর আরশ হলো আসমান সমূহের ওপর অবস্থিত। সূনান আবু দাউদ , বই-৪০, হাদিস- ৪৭০৮

জান্নাতুল ফেরদাউসের ওপর আ ল্লাহর আরশ অবস্থিত। সহি বুখারী , বই-৫২, হাদিস-৪৮

আরে ভাই সত্যের সন্ধানী,

তোমার মাথায় একেবারে বুদ্ধি নাই। তুমি আরশ খুজে পাচ্ছনা ? আমি কিন্তু পেয়ে গেছি।

আরশ কোথায় আছে একবার নীচে হাদিছটার দিকে তাকিয়ে দেখ। আরশ খুজতে শপ্তম আছমানের

উপর পর্যন্ত ও আর যাওয়া লাগবেনা।
তাহলে লক্ষ কর নীচের হাদিছটা যেটা আরশ,ও জান্নাতুল ফেরদৌছকে আমাদের অতি নিকটে এনে দিয়েছে।

রাত্রে যখন সূর্য বিশ্রাম লয়, তখন ঠিক তার উপরে আরশ অবস্থিত। আর জান্নাতুল ফেরদৌছ তো আরশের আরো নীচে।
অতএব জান্নাতুল ফেরদৌছটা তাহলে থাকতেছে রাত্রের সূর্য ও আরশের মাঝখানের কিয়দংশে।

যেহেতু আমেরিকার নাসার বর্তমানের অত্যধিক শক্তিশালী টেলিস্কোপ আমাদের সৌরজগত হতে ও ১৫ আলোক বর্ষ দূরের নক্ষত্রের গ্রহ চিহ্নিত করতে পারতেছে। কাজেই আমাদেরই অতি নিকটবর্তি রাত্র বেলাকার সূর্যের ঠিক উপরের এত নিকটবর্তী আরশ ও তার ঠিক নীচের জান্নাতুল ফেরদৌছ হয়তো অতিশীঘ্রই কোন এক সময় আবিস্কার করে ফেলবে।

এটা এই হাদিছগুলী দ্বারা প্রমাণিত হয়ে গেল আমাদের রাত্র বেলাকার সূর্যের উপরে জানানাতুল ফেদাউছ এবং তার উপরেই আরশ।

তাহলে এটা আবিস্কৃত হতে আর খুব বেশী দেরী নাই ।

বোখারী শরীফ বুক-৬, হাদিছ # ১৯১৭
অনুবাদ করেছেন মাওলানা আজিজুল হক।
৬.১৯১৭ আবুজর গেফারী (রাঃ) বর্ণনা করিয়াছেন, একদা আমি সূর্য্য অস্ত যাওয়াকালে হযরত রসুলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহে অসাল্লামের সংগে মসজিদে ছিলাম। হযরত (দঃ) আমাকে জিজ্ঞাসা করিলেন, হে আবুজর! জান কি, সূর্য্য কোথায় যাইতেছে? আমি আরজ করিলাম, একমাত্র আল্লাহ এবং আল্লার রসুলই তাহা জানেন। হযরত (দঃ) বলিলেন, সূর্য্য চলিতে চলিতে আরশের নীচে যাইয়া সেজ্দা করিবে এবং (সম্মুখপানে চলিয়া উদিত হওয়ার) অনুমতি প্রার্থনা করিবে। তাহাকে অনুমতি দেওয়া হইবে। কিন্তু এমন একটি দিন নিশ্চয় আসিবে যে দিন সে এইরূপ সেজদা কবুল হইবে না (তথা তাহার সেজদার উদ্দেশ্য পূরণ করা হইবে না)। অনুমতি চাহিবে,

শুক্রবার, ১৭/০৫/২০১৩ - ১৬:৪৫ তারিখে সত্যের সন্ধানী বলেছেন

আপনার হাদিস মতে আল্লাহর আরশ খুব বেশী দুরে না। আল্লাহর আরশ যেহেতু সাত আসমান তথা বেহেস্তের ওপর তাই বেহেস্ত গুলো আরও নিকটে হবে। সেই দিক বিবেচনা করলে , উক্ত বেহেস্ত থেকে হজরে আসওয়াদ দুনিয়াতে পড়তেও পারে কারন কিছুদিন আগে খবর বেরিয়েছিল মঙ্গল গ্রহ থেকে ছুটে আসা একটা পাথর নাকি পাওয়া গেছে।

সমাপ্ত

https://www.amarblog.com/susupto-pathok/posts/171833

অসুরের রাজ্যে আমরা

(তারিখঃ মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ২০:৪৭)

লিখেছেনঃ সুষুপ্ত পাঠক

সৃষ্টির মাঝেই নাকি স্রষ্টাকে দেখা যায়। সৃষ্টির মধ্যে রোজ কোটি কোটি মানুষ স্রষ্টাকে দেখতে পান। একটা চোখের ম্যাকানিজমের জটিলতা দেখে এর পিছনের কারিগরকে আবিষ্কার করেন। একটা ক্ষুদ্র বীজ থেকে বিশাল বৃক্ষ বেরিয়ে আসাকেও অপার বিস্ময়ের সঙ্গে এর আড়ালে কলকাঠি নাড়া এক মহা জ্ঞানী কারিগরকে দেখতে পান। তাহলে সৃষ্টিকর্তা বলতে একজন(!) আছেন ? ধরে নিলাম ঈশ্বর আছেন।...

ধরুন বিখ্যাত কোন গায়ক বা গায়িকার কথা। আপনি বলবেন এটা গড গিফটেড! গান তো সবাই-ই গায়। কিন্তু কতজন হেমন্ত-মান্নাদে হতে পারে? লতা-নূরজাহান? বাদ দেন তাদের কথা। স্রেফ এটা ভাবেন গানের গলা সবার থাকে না। এসব আল্লার দান ছাড়া আর কি? একজন হেমন্তর মত চির সবুজ গায়ক শুধু রেওয়াজ করে, চেষ্টা করে হতে পারবে না। এই তো বলবেন? তাহলে বলি, যিনি বিধান দেন তিনিই তো বিধি। গান গাওয়া যিনি হারাম করেন তিনি একই সঙ্গে গলায় সুর ঢেলে দেন কিভাবে ? এটা তো দুমুখো নীতি। মানুষের ভেতর চিরন্তন সুর আছে। সুরকে সে ভালবাসে। একটা ভাল গান শুনে সে অজান্তে মাথা দোলাতে থাকে। হাজার চেষ্টা করেও যে বাউল তাকে গৃহী করা যায় না। "গান পাগল মানুষ" বলতে একটা কথাই প্রচলিত আছে মানুষের সমাজে। মানুষের ভেতর এই সুর মহা পরাক্রমশীল ঈশ্বরের একতিয়ারহীন? মানুষের "সহজাত" কে তৈরি করে দেয়?

মানুষের ভেতর শিল্পকলা, সাহিত্য, সংঙ্গীত, পেন্টিং, ভাষ্কর্য, কথাকে সুর করে তোলা এসব নিষিদ্ধ হয়ে যায় বিধাতার বিধিতে। সেই বিধি বাস্তবায়নে উঠে পড়ে লাগে তারই অনুগত প্রজা। বাউলদের ধরে চুল কেটে দেয়। তাওবা পড়িয়ে ফের মুসলমান বানানো হয়। বকের ভাষ্কর্য ভাঙ্গা যায় ঈশ্বরের আজ্ঞা পালনের ইচ্ছায়। অসুরের দল অসুর রাজ্য গড়তে পৃথিবীর সব সুরকে হত্যা করতে আস্ফলন করে যায়।...

পারলে লালনের মত একটা গান বাঁধ তো? যে ভাষ্কর্যটা ভাঙ্গতে চাস পারলে গড় তো? সে প্রতিভা তোর আছে? মানুষের এই সৃজন ক্ষমতা একজন আল্লা বা গড বা ঈশ্বর মানুষকে দান করেন ? তাহলে সেই একই তিনি এসব আইন করে নিষিদ্ধ করবেন কেন? কেন করবেন? অন্তত একজন ঈশ্বর একই সঙ্গে সুর আর অসুর হতে পারেন না।...

ঈশ্বর তো হবেন তিনি যিনি মনের মাধুরী মিশিয়ে সৃজন করেছেন তার সৃষ্টিকে। যিনি শিল্পী। খেয়ালী বহেমিয়ান এক জাত শিল্পী...। শাসক নন।। লালনের ভাষায় "কড়ি না দিলে দেয় যে সাজা!" তিনি নন। তিনি নিজ প্রশংসা শুনতে নির্লজ্জ্ব বেহায়া নন! যিনি পৃথিবীতে "ধর্ম" নামে তার নিয়ম আর

বিধির বোঝা চাপান না মানুষের মাথায়। যে বিধির বিধান নিয়ে ভাই ভাইকে , প্রতিবেশী প্রতিবেশীকে, গৃহস্ত অতিথিকে বধ করতেও দ্বিধা করেন না। কণ্ঠে যিনি সুর দেন আর যাই হোক যুদ্ধ করতে তিনি বলতে পারেন না। এই অসুর আমাদের ঈশ্বর নন!

কমেন্ট

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ২১:১৭ তারিখে ফারমার বলেছেন

পড়লাম।

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ২১:২১ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

পড়ার জন্যই তো পোষ্ট করছি। আপনে পড়ছেন জানলে ভালও লাগে।

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ২২:০৯ তারিখে ফারমার বলেছেন

ধর্মীয় বিষয় হওয়াতে মন্তব্য করতে চাইনি; আমি ব্লগে প্রচুর সময় ব্যয় করি, প্রায় পোস্টই পড়ি!

বুধবার, ৩১/০৭/২০১৩ - ১৯:১৬ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

দুঃখিত ফারমার। গতকাল রাত থেকে কিছুতে ব্লগে ঢুকতে পারিনি কম্পিউটার সমস্যা থাকায়। ১দিন পর মন্বব্য করছি। ধর্মীয় বিষয়েও আপনার মতামত প্রকাশ পেলে ভাল লাগবে। মনে করি তার প্রয়োজন আছে।

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ২৩:৩৩ তারিখে ধ্রুবতারা বলেছেন

ভাই আল্লাহর কুদরতি বোঝা আপনার কাম না।
আপনাকে বুঝতে হবে , আল্লাহর সব রহস্য আপনি জানতে পারবেন না।
আল্লাহ কিছু কিছু মানুষকে মায়াময় সুর দিয়েছে আল্লাহর জিকির করার জন্য ও তার কালাম সুর করে পাঠ করার জন্য যাতে মানুষ তা শুনে আল্লাহর পথে হেফাজত করে এসে হেফাজতি হতে পারে।

তাই এই সব নাস্তিক্যবাদী কথা বার্তা বাদ দিয়ে আল্লাহর জিকির করতে থাকুন যাতে করে মরার পর বেহেস্তে গিয়ে ৭২ টা হুরের সাথে কামকেলী করে সময় কাটাতে পারেন।

- মন্তব্য প্রদানের জন্য লগইন অথবা রেজিস্টার করুন

বুধবার, ৩১/০৭/২০১৩ - ১৯:১৮ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

দুঃখিত ধ্রুবতারা, কম্পিউটার সমস্যায় থাকায় আপনার মন্বব্যের জবাব দেয়া সম্ভব হয়নি।

মঙ্গলবার, ৩০/০৭/২০১৩ - ২৩:৩৪ তারিখে মূর্খ চাষা বলেছেন

সুষুপ্ত ভাই, খুব ভাল লাগলো । মনে হয় একটাই উত্তর, যে যে রকম তার ঈশ্বরও সে রকম ।

বুধবার, ৩১/০৭/২০১৩ - ১৯:২০ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

মূর্খ চাষা, কম্পিউটার সমস্যার কারণে আপনার জবাব সময় মত দেবার সুযো গ হয়নি এজন্য আমি দুঃখিত। কথাটা বলছেন খুব খাঁটি।

বুধবার, ৩১/০৭/২০১৩ - ০০:১২ তারিখে আঃ হাকিম চাকলাদার বলেছেন

যে যেরকম খুশী হয় সেই রকম সৃষ্টিকর্তায় বিশ্বাষ করুক বা না করুক তাতে কিছুই আসে যায়না। তবে তার সেই বিশ্বাষ নিজের গৃহমধ্যে সীমাবদ্ধ রাখলেই কোন সমস্যা হয়না। সমস্যা হয় যখন অন্যের উপর জোর করে চাপিয়ে দেওয়া হয়,রাজৈতিক ইসু তৈরী করা হয় ,নিজেরটাই একমাত্র খাটি ও শ্রেষ্ঠ দাবীকরে অন্যদেরকে নিশ্চিহ্ন করে দিতে চাওয়া হয়।

বুধবার, ৩১/০৭/২০১৩ - ১৯:২৭ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

আপনার কাছেও দুঃখ প্রকাশ করছি সময় মত মন্তব্যের জবাব না দেয়ার জন্য। আপনি যে সহিষ্ণুতার কথা বলছেন, মূলত সেরকম কিছু আবহ তৈরি করার জন্য এই লেখালেখি। মানুষকে কখনো কখনো

ভাবনার খোরাক জুগিয়ে দিতে হয়। যতই গালাগালি করুক , তর্ক করুক, নিভৃতে ঠিকই চিন্তাটা করবে। তাতেই দশজনে হয়ত একজন ধর্মের উদার মতালম্বি হতে পারবে।

বুধবার, ৩১/০৭/২০১৩ - ০০:২৬ তারিখে মূর্খ চাষা বলেছেন
চাকলাদার ভাই, এরা কি ধর্ম মানে নাকি পালন করে ? স্রেফ ব্যবসা করে । ব্যাবসার জন্য প্রচার ও শ্রেষ্ঠত্বের কেমন প্রয়োজন তা কি আপনি জানেন না ? ১০০% হালাল সাবান । অন্যের ৫তলা বাড়ী না ভাঙ্গলে নিজের ৩ তলা বাড়ীটা সর্বোচ্চ হবে ক্যামনে ?

বুধবার, ৩১/০৭/২০১৩ - ১৯:২৮ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন
মূর্খ চাষা, আপনি এত অল্প কথায় এত বড় বড় কথা কি করে বলেন ভাই?

বুধবার, ৩১/০৭/২০১৩ - ০১:১৮ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন
কন্ঠে যিনি সুর দেন আর যাই হোক যুদ্ধ করতে তিনি বলতে পারেন না। এই অসুর আমাদের ঈশ্বর নন!

সহমত।
লেখা ভাল লাগছে ।

বুধবার, ৩১/০৭/২০১৩ - ১৯:২৯ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন
কম্পিউটার গোলমালের দরুণ আপনার মন্তব্যের জবাব ১দিন পর দিতে হলো। দুঃখিত ফেল্টু স্টুডেন্ট। পড়ার জন্য ধন্যবাদ।

বুধবার, ৩১/০৭/২০১৩ - ০১:২১ তারিখে মূর্খ চাষা বলেছেন

শয়তানদের ঈশ্বর শয়তানের মত, দেবতাদের ঈশ্বর দেবতার মত ।

বুধবার, ৩১/০৭/২০১৩ - ০১:৫৬ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

ভাল বলছেন মূর্খ চাষা ভাই ।

বুধবার, ৩১/০৭/২০১৩ - ০২:২১ তারিখে মূর্খ চাষা বলেছেন

ধন্যবাদ ফেল্টুভাই ।

বুধবার, ৩১/০৭/২০১৩ - ০৩:০১ তারিখে আঃ হাকিম চাকলাদার বলেছেন

সৃষ্টিকর্তা কে যেমনটা আশা করবেন ,তেমনটাই পাইবেন। সৃষ্টিকর্তা নির্দয় ও নিষ্ঠুর নন। তবে সৃষ্টিকর্তার একচেটিয়া এজেন্সি হওয়ার দাবীদার নেতৃত্বলোভী ব্যবসায়ীদের হতে সাবধান!!! সাবধান , তাদের নিকট সৃষ্টিকর্তার আপনাকে দেওয়া অমুল্য সম্পদ মস্তিস্কটার নিয় ন্ত্রনের দায়িত্বটা কখনই ন্যস্ত করিবেননা।

তাহলে সৃষ্টিকর্তা আপনারই উপর নিতান্ত অসন্তুষ্ট হইবেন।

বুধবার, ৩১/০৭/২০১৩ - ১০:২০ তারিখে শামীম আরেফীন বলেছেন

পারলে লালনের মত একটা গান বাঁধ তো? যে ভাষ্কর্যটা ভাঙ্গতে চাস পারলে গড় তো? সে প্রতিভা তোর আছে? মানুষের এই সৃজন ক্ষমতা একজন আল্লা বা গড বা ঈশ্বর মানুষকে দান করেন ? তাহলে সেই একই তিনি এসব আইন করে নিষিদ্ধ করবেন কেন? কেন করবেন? অন্তত একজন ঈশ্বর একই সঙ্গে সুর আর অসুর হতে পারে ন না।

কথা সেটাই,কিনতু আবাল ছাগোলদেরকে কে বুঝাবে ?

বুধবার, ৩১/০৭/২০১৩ - ১৯:৩৪ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

শামীম ভাই, আমি মূলত গল্প লিখতে পছন্দ করি। নিজেকে সেই রকম পরিচয় দিতেই ভাল লাগবে। কিন্তু এই যে ব্লগের পর ব্লগ লিখছি কেন আমার সৃজনশীল লেখার মনোযোগ সরিয়ে ? আপনি, আমি আমরা সবাই কেন নিজের খেয়ে এই কাজটা করে চলেছি? যে সময়টা সংসারে দেয়ার কথা, সে সময়টুকু বাঁচিয়ে ব্লগ লিখছি কি বিখ্যাত হওয়ার জন্য ? না। পরিস্কার জবাব না। পৃথিবীটা অসুরদের যেন না হয় সে জন্য। লিখে তার আর কতটুকু করা যাবে - সে প্রশ্ন অবশ্য আলাদা।

বৃহঃ, ০১/০৮/২০১৩ - ০১:২৯ তারিখে মূর্খ চাষা বলেছেন

সুষুপ্ত ভাই, মন্তব্য ভাল লাগার জন্য ধন্যবাদ ।

শনিবার, ০৩/০৮/২০১৩ - ১৬:১৯ তারিখে হাসিব হায়াত বলেছেন

৩জনাব আপনাকে আমি আপনার প্রশ্নের এমন একটা উত্তর দিতে পারতাম যার কারনে কম করে হলেও আপনার অন্তত তিন রাত ঘুম হারাম হতো। কিন্তু সম্প্রতি আমি অন্যকে আক্রমন করে কিছু বলার অভ্যাস ত্যাগ করেছি। যাইহোক, আমি আগু বাগু জাগু ছাগু সব, তাও গু না। আমাকে যে পাত্রেই রাখবেন আমি তার রংই ধারণ করবো, যদি পানি স্বচ্ছ হয় ।

setuscorpion@gmail.com

বুধবার, ০৭/০৮/২০১৩ - ২২:৫৯ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

জনাব হাসিব, আপনার উত্তরটা শোনার কৌতূহল সামলাতে পারছি না! দেখি তিন রাত ঘুমাতে পারি কিনা। ভাল কথা, আমি এই পোষ্টে কি প্রশ্ন করেছি বুঝলাম না। আর একটা কথা , যে পাত্রে রাখলে সেই পাত্রের রং ধরা তো ভাল কথা না। এর অর্থ হচ্ছে, কোন আদর্শ ব্যক্তিত্ব নেই। কথাটা বোধহয় ভেবে বলেননি।

- **Abdullah Rubel**

তুই মনে হয় মুসলমান না তো আল্লাহ কে নিয়ে এত মাথা ব্যাথা কেন

তোর বিশ্বাস নিয়ে তুই থাক ভাই

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=8829

পাপ পুণ্যের দায়ভার কি মানুষের না আল্লাহর?

তারিখ: ৩ শ্রাবণ ১৪১৭ (জুলাই ১৮, ২০১০)

লিখেছেন: যাযাবর

তানভীরের অবিশ্বাসের হাবিজাবি লেখার মন্তব্য বিভাগে ফারুকের কিছু মন্তব্য ও প্রতিমন্তব্যের পরিপ্রেক্ষিতে ঐ মন্তব্যের বিষয়বস্তু নিয়ে একটা পূর্ণাংগ লেখা সমীচিন হবে মনে করে আমার এই লেখা। প্রায়ই ধর্মানুরাগীরা বিশেষ করে ইসলামিস্টরা তোতাপাখীর মত এই বুলি আওড়ান বা যুক্তি দেন যে মানুষের কর্মকাণ্ডের জন্য মানুষই দায়ী। আল্লাহ মানুষকে স্বাধীন চিন্তা দিয়েছেন। স্বাধীন চিন্তার দ্বারা মানুষই সিদ্ধান্ত নেয় সে ভাল না মন্দ কাজ করবে। আল্লাহর কোন হাত নেই এতে। কাজেই পাপ পুণ্যের দায় দায়িত্ব মানুষের, যার জন্য আল্লাহ পাপের জন্য শাস্তি আর পুণ্যের জন্য পুরস্কারের বিধান রেখেছেন। আবার তারা এই দাবীও করে যে আল্লাহ পরম দয়ালু আর ক্ষমাশীল (এই দুটি কথা কুরাণের অনেক আয়াতেও ছড়িয়ে ছিটিয়ে আছে)। এখন দেখা যাক কুরাণের আয়াতেরই আলোকে এই বুলি বা যুক্তির সারবত্তা কতখানি। উল্লেখ করি যে একটা মন্তব্যে আদিল কুরাণের একটা আয়াতে ইংরেজীতে "Leaves straying" উদ্ধৃত করে বলেন আল্লাহই যদি মানুষকে পথভ্রষ্ট করেন তাহলে মানুষের স্বাধীন ইচ্ছা আছে বলার কোন মানে হয় না । প্রত্যুত্তোরে ফারুক ডুবন্ত মানুষের মত খড় ধরে ভেসে থাকার মত "Leaves straying" (stray মানে পথভ্রষ্ট হওয়া) এর এই মানে করেন যে আল্লাহ তো মানুষকে পথভ্রষ্ট করছেন না, যারা পথভ্রষ্ট তাদেরকে পথভ্রষ্ট অবস্থায় রেখে দিচ্ছেন (Leaves) বা পথভ্রষ্ট হওয়া থেকে নিবৃত্ত করছেন না। মজার ব্যাপার হল এই ইসলামিস্টরাই আবার অন্য প্রসঙ্গে বলবে কুরাণের সঠিক মানে বুঝতে হলে আরবীতে কুরাণ পড়। আবার সুবিধা হলে ইংরেজী অনুবাদই উদ্ধৃত করবে। আসল ব্যাপার হল কুরাণের বেশিরভাগ ইংরেজী অনুবাদই পশ্চিমাদের মন আকৃষ্ট করার জন্য ইচ্ছাকৃতভাবে ভুল অনুবাদ করে অপ্রিয় অংশকে গ্রহণীয় করার চেষ্টা করা হয়েছে। শব্দার্থে কুরাণ (বাংলায়, মওলানা মতিউর রহমান প্রণীত) এবং আল কুরাণের বাংলা অভিধানে আসল মানে বেরিয়ে যায়। দু জায়গাতেই "পথভ্রষ্ট করা"ই বলা হয়েছে আয়াতটির সংশ্লিষ্ট অংশে। এই অংশে আরবীতে বলা আছে "ইউদলিলু" যার অনুবাদ এই দুই বইতে "পথভ্রষ্ট করা" করা হয়েছে। যেহেতু এই দুই বই হল কুরানের শব্দের অর্থ অনুবাদের জন্য তাই তারা শব্দের এই ভুল অনুবাদ করার হঠকারিতা দেখাতে পারেন না, যা ইংরেজী অনুবাদকেরা সম্পূর্ণ আয়াতের অনুবাদের বেলায় করতে পারেন। কুরাণের অন্তত দুটো ইংরেজী অনুবাদ আছে যাতে মূল আরবীর অর্থ সঠিক রাখার চেষ্টা করা হয়েছে। একটি অনুবাদ খোদ মক্কা থেকে প্রকাশিত আর আরবীর পন্ডিতের দ্বারা লিখিত ও অনুমোদিত। সেটা হল "The Noble Quran by Khan and Hilali"। আরেকটা হল The Meaning And Explanation Of The Glorious Qur'an by Muhammad Saed Abdul Rahman এই দু ইংরেজী অনুবাদে "ইউদলিলু" র অনুবাদ করা হয়েছে "sends astray" অর্থাৎ পথভ্রষ্ট করা, পথভ্রষ্ট অবস্থায় রেখে দেয়া বা পথভ্রষ্ট হতে নিবৃত্ত না করা এর কোনটাই নয়। যাহোক পথভ্রষ্ট অবস্থায় রেখে দেয়া ধরে নিয়েই

নীচে কুরাণের কিছু আয়াতের বিশ্লেষণ করা যাক। পথভ্রষ্ট ধরে নিলে (যেটা সঠিক) আরো খারাপ দেখায় কুরাণের আয়াতগুলি ও ইসলামিস্টদের যুক্তিসমূহ।

১। আয়াত ৩-১৭৮ > আল্লাহ পাপীদের ছাড় দেন (অর্থাৎ শাস্তি দেয়া স্থগিত করেন) যাতে তারা আরো বেশী পাপে নিমজ্জিত হতে পারে এবং তাদের জন্য ভয়াবহ শাস্তির বিধান করা আছে।

ব্যাপারটা কেমন দাঁড়াল? পাপীকে আরো পাপী করে আরো বেশি শাস্তি দেয়ার লক্ষ্যে আল্লাহ পাপীদের এখনই শাস্তি না দিয়ে অপেক্ষা করেন যাতে তাদের পাপের ঝোলা আরো ভারী হয়। দয়ালু আর ক্ষমাশীলের কি হল? আর পাপীদের ছাড় দেয়া বা শাস্তি স্থগিত রাখা কেন? তাদের যদি সত্যি স্বাধীন চিন্তা থাকে তাহলে তো পরে তারা সুপথে যেতেও পারে। স্বাধীন চিন্তা মানেই তো তাই । তার মানে আল্লাহ ধরে নিয়েছেন (বা জানেন) যে পাপী সব সময়েই পাপী। অর্থাৎ স্বাধীন চিন্তার দ্বারা এখন যে পাপী সে ভবিষ্যতে কখনই সুপথে আসবে না। তাহলে হয় পাপীদের স্বাধীন চিন্তা নেই অথবা তাদের স্বাধীন চিন্তা আল্লাহই পুর্বনির্ধারিত করে দিয়েছেন (যেহেতু তিন জানেন যে তারা পাপ থেকে সরে আসবে না) । তাহলে পাপ পুণ্য মানুষ স্বাধীন চিন্তার দ্বারা নিজের সিদ্ধান্তেই করে , এটা বলা একটা অসার বাক্যই বটে।

২। আয়াত ৬-২৫ -> তাদের মধ্যে অনেকে তোমার কথা শোনে। কিন্তু আমি তাদের মন চাদর দিয়ে ঢেকে দিয়েছি যাতে তারা তোমার কথা বুঝতে না পারে। আর তাদের কানে তালা লাগিয়ে দিয়েছি । তারা আয়াতগুলো দেখার পরেও তা বিশ্বাস করবে না।

কেমন হল ব্যাপারটা। আল্লাহই কাফেরদের মন ঢেকে দিয়েছেন যাতে তারা আল্লাহর বাণী বুঝতে না পারে। মন ঢেকে দেয়া মানে স্বাধীন চিন্তাও কেড়ে নেয়া। এ কি ধরনের দয়ালু বা ক্ষমাপরায়ণ আল্লাহ , যিনি পাপীদেরকে তাঁর বাণী বুঝে সৎপথে আসার সুযোগই দিতে চান না।

৩। আয়াত ৬-১১০ -> এবং আমরা (আল্লাহ নিজেকে আমরা বলার মানে কি?, সে আরেক প্রসংগ) তাদের মন ও কান কে সুপথ থেকে সরিয়ে রেখেছি , কারণ তারা প্রথমেই বিশ্বাস আনে নি। আর কুপথেই অন্ধভাবে বিচরণ করার জন্য তাদেরকে আমরা রেখে দেব,

এবার কেমন হল ব্যাপারটা। প্রথমে বিশ্বাস আনলনা বলে আর চান্স দেব না। মানুষরাও তো এত ক্ষমাহীন হয় না। আর আল্লাহ, যিনি নাকি অসীম দয়ালু আর ক্ষমাশীল?

৪। আয়াত ১৭-৪৬> আমরা তাদের মন ঢেকে দিয়েছি যাতে ও তারা আয়াতসমূহ বুঝতে না পারে , আর তাদের কান ঠসা করে দিয়েছি ।

এ কেমন আল্লাহ। একবার বলেও (আয়াত ৬-২৫) ক্ষান্ত হলেন না। আল্লাহর ক্ষমাহীনতা বড়ই কড়া, একটুও নরম হলেন না। আবারো এই আয়াতে স্মরণ করিয়ে দিলেন তাঁর হিংসাপরায়ণ বাণী।

৫। আয়াত ১৮-৫৭-> ... আমরা তাদের মন আচ্ছাদিত করে দিয়েছি পাছে তারা কুরাণের আয়াত বুঝে ফেলে। আর তাদের কাণ ঠস করে দিয়েছি। আর তুমি যখন ওদেরকে সৎপথে ডাকবে , তারা সেই আহবান উপেক্ষা করবে।

দুবার বলেও যথেষ্ঠ হল না। আবারো আল্লাহ এই কথার পুনরুক্তি করলেন। মানুষ এরকম পুনরুক্তি করলে আমরা বলি লেবু বেশি কচলালে তিতা হয়ে যায়। আল্লাহ পুনরুক্তি করলে আমারও পুনরুক্তি করতে দোষ কোথায় । "আহবান উপেক্ষা করবে?" মোহাম্মদ অবিশ্বাসীদের ইসলামে আহবান জানালে তারা কিভাবে সাড়া দেবে তা আল্লাহ আগে ভাগেই জানেন। সবই সাজান পাতান ব্যাপার তা হলে। হুমম...

৬। আয়াত ৪-১১৯ -> সত্যই আমি তাদের পথভ্রষ্ট করব। আমি সত্যই তাদের মনে খারাপ চিন্তার উদ্রেক করাব...

মন্তব্য কি প্রয়োজন পাঠক?

৭। আয়াত ৬-১৩৭-> আল্লাহ যদি চাইতেন, তাহলে মুশরেকরা শিশুহত্যা করত না।

কি জঘন্য। আল্লাহ জেনে শুনে মুশরেকদের শিশুহত্যা থেকে বিরত করলেন না , যদিও বলে বেড়াচ্ছেন যে তিনি চাইলে তা ঠেকাতে পারতেন, চাইলে ওরা তা করত না। কোথায় গেল স্বাধীন চিন্তা। আল্লাহ কি তাদের মগজে সেই স্বাধীন চিন্তা দিতে পারলেন না, যার দ্বারা তারা এটা যে খারাপ তা বুঝে তা থেকে নিবৃত্ত হত? (অর্থাৎ তিনি যে বললেন তিনি চাইলে তারা তা করত না, তার বাস্তবায়ন?)। না আল্লাহ ত পরম দয়ালু। তা করবেন কেন।

৮। আয়াত ১৯-৮৩-> তোমরা কি দেখতে পাওনা যে আমরা শয়তানকে পাঠিয়েছি অবিশ্বাসীদের পাপাচারের দিকে ঠেলে দিতে?।

এই আয়াতের জুড়ি নেই। কোথায় অবিশ্বাসীদের বিশ্বাসের দিকে আনার চেষ্টা করেবেন তা না তদেরকে আরো খারাপ পথের ঠেলে দেয়ার জন্য শয়তান পাঠান পরম দয়ালু আল্লাহ। এর জন্যই নিশ্চয় ই তিনি শয়তান সৃষ্ট করেছেন।

৯। আয়াত ৬-১১২-১১৩> আমি মানুষ আর জ্বীনের মাঝ থেকে প্রত্যেক পগম্বরের বিরুদ্ধে শত্রু বাছাই করেছি, যারা একে অপরকে অণুপ্রাণিত করবে। আমি চাইলে তারা এটা করত না। তাই তাদেরকে তাদের এই কুপথেই ছেড়ে দাও। যাতে তারা তাদের কুকর্ম চালিয়ে যেতে পারে।

শেষই হয় না দেখি। মানুষকে বিপথগামী করতে আল্লাহ বদ্ধ পরিকর। রসুলদের বাধা দেয়ার জন্য মানুষ ও জ্বীন বাছাইও করেন। আবার বলছেন চাইলে তা নাও করতে পারতেন।

১০। আয়াত ২৫-৩১-> এই ভাবে প্রত্যেক নবীর জন্য আমি মুজরেমুনদের (অবিশ্বাসী,কাফের,নাস্তিক,পৌত্তলিক ইত্যাদি) মাঝ থেকে শত্রু সৃষ্টি করে রেখেছি । কিন্তু তোমাকে সুপথে চালিত করার ব্যাপারে আল্লাহই যথেষ্ট।

সত্যই অদ্ভূত। শত্রু সৃষ্টি করে আবার সেই শত্রুদের থেকেই সরিয়ে সুপথে চালান আল্লাহ। এ যেন ভাইরাস সৃষ্টি করে এন্টি ভাইরাস তৈরী করার মত ব্যাপার।

১১। আয়াত ২৬-৪-> আমরা যদি চাইতাম, তাহলে বেহেশত থেকে এমন সঙ্কেত বা চিহ্ন পাঠাতে পারতাম যাতে সবাই নত শিরে বিশ্বাসী হয়ে যেত।

যদি চাইতাম। না তা চাইবেন কেন আল্লাহ। চাইলে তো সব ইস্যু শেষ। ইস্যুকে জিইয়ে রাখতে হবে তো! কিন্তু স্বাধীন চিন্তার কি হল। সবই যদি আল্লাহর ইচ্ছা, তাহলে স্বাধীন চিন্তা দিয়ে বিশ্বাসী বিশ্বাসী হবে কেমন করে তারা? সে সুযোগ থেকে তো তারা বঞ্চিত। এর জন্য কে দায়ী ?

১২। আয়াত ৭-১৭৯-> অবশ্যই আমরা জ্বীন ও মানুষদের মাঝ থেকে এমন অনেককে সৃষ্টি করেছি যারা হৃদয় থাকতেও বোঝে না, চোখ থাকতেও অন্ধ, কান থাকতেও বধির।

সেই সৌভাগ্যবানেরা কারা। আমরা আপনারা, মুক্তমনারা? তাহলে এই মুক্তমনারা আল্লাহর প্ল্যান অনুযায়ী সৃষ্ট। আর সাজা পেতে হবে তার জন্য আমাদেরই ? কি আজব বিচার!

১৩। আয়াত ১১-১১৯-> নিশ্চয়ই আমি পাপিষ্ঠ মানুষ আর জ্বীন দ্বারা দোজখ ভরতি করে ফেলব।

ও তাই বুঝি। তার মানে কজন বা কারা দোজখে যাবে (অর্থাৎ পাপিষ্ঠ হবে) সবই পূর্বনির্ধারি ত। তা নাহলে আল্লাহ জানেন কেমন করে যে দোজখ ভরে যাবে। দোজখের ক্যাপাসিটির বেশি পাপিষ্ঠ তৈরী করবেন না আল্লাহ, যাতে ঠিক ভরে যায় সে পরিমাণ। সবই তো দেখছি আল্লাহর আগে ভাগেই হিসাব নিকেশ করা। হা স্বাধীন চিন্তা!।

১৪। আয়াত ৩২-১৩-> আমরা যদি চাইতাম তাহলে নিশ্চয়ই সবাইকে সৎপথে চালিত করতে পারতাম, কিন্তু আমার একথাটাই ফলবে যে আমি দোজখ মানুষ ও জ্বীন দ্বারা ভরে দেব।

পাঠক, আর কোন মন্তব্য করার প্রয়োজন আছে কি?

১৫। আয়াত ১৭-৯৭-> আল্লাহ যাদের পথনির্দেশ করেন তারাই সুপথে চালিত হয় , আর যারা কুপথে যায়, আলাহ তাদের সেখানই রেখে দেন, কারো সাধ্য নেই তাকে রক্ষা করার।

কি দাঁড়াল ব্যাপারটা। যারা সুপথে চালিত হয় , তারা আল্লাহর দ্বারা পথ নির্দেশিত হয় বলেই সুপথগামী হয়। যারা বিপথগামী হয়েছে নিশ্চয় তারা আল্লাহর দ্বারা পথ নির্দেশিত হয় নি। তাহলে আল্লাহ আগেই

কিছু পক্ষপাতমূলক পছন্দ করে রেখেছেন কাকে পথনির্দেশ কর বেন আর কাকে করবেন না। তাহলে আর স্বাধীন চিন্তার প্রয়োজন কি। পাপ পুণ্য তো আল্লাহর পথ নির্দেশনা দেয়ার বা না দেয়ারই কারণে ই ।

১৬। আয়াত ৬-১২৫-> যাকে আল্লাহ পথ নির্দেশনা দিতে ইচ্ছে করেন তারা ইসলামের প্রতি বুক খুলে দেয়। আরা যাদেরকে আল্লাহ বিপথে রেখে দিতে ইচ্ছা করেন তারা বুক বন্ধ করে দেয়।

অর্থাৎ পথভ্রষ্ট হওয়া বা না হওয়াটা আল্লাহর ইচ্ছা। তাহলে মানুষের স্বাধীন ইচ্ছার কি মূল্য , যদি তা থাকেও?

১৭। আয়াত ৭-১৭৮-> যাকে আল্লাহ পথ নির্দেশনা দিবেন সেইই সুপথে চালিত হবে। আরা যাদেরকে তাঁর পথ নির্দেশনা দিতে অস্বীকার করবেন তারা ধংসের মুখে পতিত হবে।

আবারো এটা পরিস্কার করে দিচ্ছেন আল্লাহ যে পথ নির্দেশনা পেয়ে সুপথে চালিত হওয়া বা না পেয়ে ধ্বংসপ্রাপ্ত হওয়া সবটাই আল্লাহর ইচ্ছা।

১৮। আয়াত ৭-১৮৬-> যাদেরকে আল্লাহ পথ নির্দেশনা দিতে অস্বীকার করবেন তাদেরকে কেউই পথ নির্দেশনা দিতে পারবে না, তারা তাদের কুকর্মের জগতেই ঘুরতে থাকবে।

পাছে আমরা এখনও এটা বুঝতে পারিনি আল্লাহ পুনরুক্তির দ্বারা তা আবার বুঝিয়ে দিলেন।

১৯। আয়াত ১৮-১৭ -> আল্লাহ যাদের পথনির্দেশ করেন তারাই সুপথে চালিত হয় , আর যাদের আল্লাহ কুপথে ছেড়ে যান তাকে সুপথে চালিত করার সাধ্য কারোরই নেই।

আরও পুনরুক্তির প্রয়োজন আল্লাহর !

২০। আয়াত ৩৫-৮-> আল্লাহ যাদেরকে খুশি কুপথেই রেখে দেন , আর যাদেরকে খুশি পথ নির্দেশনা দেন।

যদি এখনও বুঝে না থাকেন, আল্লাহ পরিস্কার করছেন যে সুপথে বা কুপথে যাওয়া/থাকা সেটা হল আল্লাহর খুশি।

আমি আর পুনরুক্তি না করেই বলি যে আয়াত ৩৯-২৩ ও ১৪-৪ এর পুনরুক্তি করেছেন আল্লাহ।

২১। আয়াত ৭৬-২৮,২৯-> যারাই চায়, তারাই আল্লাহর সোজা পথে আসুক। কিন্তু তারা চাইবে না যদি না আল্লহ চান

আর কি বলার আছে। আপনি আল্লাহর পথে আসতে চাইলেই যথেষ্ঠ না, আল্লাহকেও তা চাইতে হবে। অর্থাৎ আপনার স্বাধীন চিন্তা বলে কিছু থাকেও , তা যথেষ্ঠ নয়, আল্লাহর স্বাধীন চিন্তা ও আপনার স্বাধীন চিন্তার মাহেন্দ্র যোগ ঘটলেই আপনার আখেরের পথ প্রশস্ত হবে, নচেৎ নয়!

২২। আয়াত ৭৪-৫৫,৫৬-> যারা আল্লাহর সতর্কবাণী আমল দিতে চায় তারা তা দিক। কিন্তু তারা আমল দিবে না, যদি না আল্লাহ তা চান।

উপরের ২১ এর কথাই আল্লাহ ঘুরিয়ে বললেন, যাতে এটা পুনরুক্তি বলে মনে না হয়।

২২। আয়াত ১০-১০০-> আল্লাহর ইচ্ছা ব্যতীত কারও পক্ষে বিশ্বাসী হওয়া সম্ভব নয়।

আর কি কোন সন্দেহ আছে পাঠক যে বিশ্বাসী হওয়া কেবল আপনার স্বাধীন চিন্তার ব্যাপার নয়।

২৩। আয়াত ২-১১৮-> অবিশ্বাসীরা বলে “আমাদের কাছে আল্লাহ তাঁর অস্তিত্বের প্রমাণস্বরূপ কোন আলামত পাঠান না কেন?” আমরা যাদের অন্তরে দৃঢ় বিশ্বাস আছে তাদের কাছে স্পষ্ট আলামত ঠিকই পাঠাই

অপাত্রে দান আর কাকে বলে। অবিশ্বাসীকেই তো আলামত পাঠানোর কথা, বিশ্বাস আনার জন্য। যারা ইতিমধ্যেই বিশ্বাসী, তাদের আর আলামত পাঠিয়ে কি লাভ?

এর সবেরই একটা গৎবাঁধা উত্তর বিশ্বাসীরা তোতা পাখীর মত আওড়ায়। সেটা হল, আল্লাহর কাজকর্ম রহস্যময়, আল্লাহই সবচেয়ে ভাল জানেন কেন তিনি যা করেন তা কেন করেন। আমরা মরণশীল মানুষ তা কি করে বুঝতে পারি? না বুঝার অযুহাত জায়গামত দেয় এরা। আবার এরাই অন্য এক প্রসঙ্গে বলবে, কুরাণ ভাল মত পড়? পড়লে ঠিকই বুঝতে। না বুঝলে কুরাণের হাফেজকে জিজ্ঞেস কর , তাঁরা ঠিকই বুঝিয়ে দেবে। আবার এই হাফেজরাই সুবিধা না করতে পারলে আল্লাহর সব কারবারই রহস্যময়, যা কেবল আল্লাহই বোঝেন এই যুক্তির আশ্রয় নেয়।

কমেন্ট

1. রৌরব

জুলাই ১৮, ২০১০ সময়: ৫:১১ পূর্বাহ্ণ লিঙ্ক

আল্লাহ মানুষকে স্বাধীন চিন্তা দিয়েছেন

একথার অর্থই আমার কাছে পরিষ্কার নয়। আপনি যেসব উদ্ধৃতি দিয়েছেন সে তো অনেক পরের কথা।

*যাযাবর*এর জবাব:

জুলাই ১৮, ২০১০ at ৭:৫৩ পূর্বাহ্ণ

@রৌরব,

অবিশ্বাসের হাবিজাবি লেখার মন্তব্য বিভাগে আদিল মাহমুদকে দেয়া ফারুকের জুলাই ১৫, ২০১০ at ৪:০৭ অপরাহ্ণ তে জবাবে ফারুক লিখেছিলেনঃ

“ আমি তো জানি আল্লাহ সকলকেই স্বাধীন ইচ্ছার অধিকারী করেছেন।“

(শেষ লাইন)

আবার ফারুককে দেয়া আদিল মাহমুদের জুলা ই ১৬, ২০১০ at ৬:২৯ অপরাহ্ণ এর জবাবে আদিল লিখেছিলেনঃ

“ধরে নিলাম আল্লাহ সবাইকে স্বাধীন চিন্তা শক্তি দিয়েই পাঠিয়েছেন।”

তখন বাক্যটার অর্থ আপনার কাছে নিশ্চয় পরিস্কার ছিল, যেহেতু তখন প্রশ্নটা তোলেন নি। আমি তাঁরা যে অর্থে এটা বলেছিলেন, আমি সেই অর্থেই তা উদ্ধৃত করেছি।

*রৌরব*এর জবাব:

জুলাই ১৮, ২০১০ at ৮:২৭ পূর্বাহ্ণ

@যাযাবর,

আমি বোঝাতে চেয়েছি স্রষ্টা ঈশ্বর আমাদের “স্বাধীন ইচ্ছা” দিতে পারেন এটা আমার কাছে যুক্তিযুক্ত মনে হয়না।

2. 2

আদিল মাহমুদ

জুলাই ১৮, ২০১০ সময়: ১১:০২ পূর্বাহ্ণ লিঙ্ক

ভাল বিষয় টেনেছেন। আমার নিজেরও ধারনা ছিল না যে আল্লাহ কোরানে আরো এত যায়গায় মানুষের কুপথের যাবার বা অবিশ্বাসী হবার দায় নিজের কাঁধে নিয়েছেন। এত স্প ষ্ট ভাষায় এত আয়াতের পর আর তিনি কিভাবে মানুষের পরীক্ষা নেন তার ভাল ব্যাখ্যা দরকার।

সেই হৃদয়ে সীল মারা আয়াতের ব্যাপারে আমি ফারুক সাহেবের কথায় কিছুটা কনভিন্সড হয়েছিলাম যে আল্লাহ সীলগালা মারেন কেউ নিজের ইচ্ছায় বেপথে গেলেই। অর্থাত,আগে আমরা বেপথে গেলাম,তারপর আল্লাহ সীলগালা মেরে দিলেন। ফারুক সাহেবের বাখ্যা এমনই,অস্বীকার করার উপায় নেই যে আয়াতটির এমন ব্যাখ্যা করা যেতে পারে। এখানে ঘটনাক্রম গুরুত্বপূর্ন। যদিও সংগত কারনেই মনে প্রশ্ন চলে আসে যা ফারুক সাহেব এখনো জবাব দেননি। সেগুলিএখানেও দিচ্ছি, ফারুক ভাই আর কেউ দেখি জবাব দেন কিনা।

“নবী বা ধর্ম প্রচারকরা কোন পর্যায়ে বুঝবেন যে ঠিক এরপর আর কিছু বলা অর্থহীন কারন আল্লাহ এই মাত্র সীল মেরে দিলেন (এতক্ষন খোলা ছিল)? কারো কাছে আল্লাহর বানী কয়বার পৌছানোর পর বলা যেতে পারে যে এইবারই শেষ দান? হয় গ্রহন কর, নয়ত সীল গালা মারা হবে?

কেউ বিশ্বাসী হচ্ছে না ধরে নিলাম তার নিজের দোষে। তাহলে আবার আল্লাহর ঘোষনা করে সীল মারার মানে কি?

তাহলে কিছু কিছু ঘোর অবিশ্বাসীও হঠাত করে বিশ্বাসী হয়ে যায় কেমন করে ?

আল্লাহ হঠাত হঠাত র‍্যান্ডমলী কোন কোন সীল গালা খুলে নেন ? আর বাকিদের যাদের তিনি দয়া করেন না তাদের কোনমতেই সীল খোলা নেই?

এ সংক্রান্ত কোন আয়াত আছে, যেখানে আল্লাহ বলছেন যে আমি যাদের সীল গালা লাগিয়েছিলাম, তাদের কারো কারো সীল আবার খুলে দেই ? কেউ নিজ থেকে বিশ্বাসী হয়ে গেলে তার সীল আর আল্লাহর খোলার অপেক্ষা করে কিভাবে”

- অন্যদিকে সনাতনী ইসলামী দর্শন মতে মানুষকে তার মৃত্যুর পূর্ব পর্যন্তই সুযোগ দেওয়া হয় ঈমান আনার। কাউকে কেউ কোনদিন বলে না যে তোমার ব্যাপারে চান্স ইজ ওভার। মোহাম্মদের নিজের পালক চাচা আবু তালিবও শেষ পর্যন্ত ঈমান আনেননি। তাকে নবীজি সীলগালা ঘটিত আয়াত উল্লেখ করে আশা ত্যাগ করেননি। নবীজি তার চাচাকে দোজখের অনন্ত আগুন থেকে বাঁচাতে এমনকি তার মৃত্যু মুহুর্ত পর্যন্ত চেষ্টা করেছেন বলে সহি হাদীসে আছে। ফারুক সাহেব হাদীস মানেন না ,তবে এই কাহিনী ছেলেবেলা থেকেই শুনেছি।

Volume 6, Book 60, Number 197:
Narrated Al-Musaiyab:
When Abu Talib's death approached, the Prophet went to him while Abu Jahl and 'Abdullah bin Abi Umaiya were present with him. The Prophet said, "O uncle, say: None has the right to be worshipped except Allah, so that I may argue for your case with it before Allah." On that, Abu Jahl and 'Abdullah bin Abu Umaiya said, "O Abu Talib! Do you want to renounce 'Abdul Muttalib's religion?" Then the Prophet said, "I will keep on asking (Allah for) forgiveness for you unless I am forbidden to do so." Then there was revealed:-

'It is not fitting for the Prophet and those who believe that they should invoke (Allah) for forgiveness for pagans even though they be of kin, after it has become clear to them that they are companions of the Fire.' (9.113)

নবীজি নিজের চাচার বেলায় কোরানের সীলগালা নীতি মানেননি? ফারুক সাহেবের সীলগালা নীতি মানলে তার মৃত্যুর মুহুর্ত পর্যন্তও চেষ্টা করে যাবেন কেন ? অনেক আগেই তো আশা ছেড়ে দেবার কথা। নাকি এটাও নবী স্পেশাল?

৫,৬,৭,১৫,১৬,১৭ পড়ার পর আর কোন যুক্তি কিভাবে আনা সম্ভব ? এখানে সীলগালা আয়াতের মত সিকোয়েন্স বিতর্কের অবকাশ তো আমি দেখি না।

ফারুক এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১০:১৯ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,কেন জবাবতো দিয়েছি অনেক আগেই। যেয়ে দেখে আসুন।

নবীজি নিজের চাচার বেলায় কোরানের সীলগালা নীতি মানেননি? ফারুক সাহেবের সীলগালা নীতি মানলে তার মৃত্যুর মুহুর্ত পর্যন্তও চেষ্টা করে যা বেন কেন? অনেক আগেই তো আশা ছেড়ে দেবার কথা। নাকি এটাও নবী স্পেশাল?

পুরো ইস্লামিক ইতিহাস নিয়েই আমার সন্দেহ আছে। শুধু সন্দেহই নয় , আমার ধারনা এর ১%ও সত্য নয়।

নবীর চাচার এই গল্প যদি ধ্রুব সত্য বলে বিবেচনা করেন , নবীর জন্মের সময় ও পরবর্তিতে তার জীবনে ঘটে যাওয়া অতিরন্জিত ও অবিশ্বাস্য ঘটনাগুলোকেও আপনাকে ধ্রুব সত্য বলে মেনে নিতে হয়। এগুলো যদি সত্য হতো , তাহলে তো সাধারন মানুষের এইসকল মির‍্যা কল দেখার পরে দলে দলে বিনা বাধায় ইসলাম গ্রহন করার কথা। সেটা কি ঘটেছিল?

3. 3

ভবঘুরে

জুলাই ১৮, ২০১০ সময়: ১২:০৯ অপরাহ্ণ লিঙ্ক

আল্লাহ মানুষকে স্বাধীন চিন্তা দিয়েছেন আবার দেন নি। বিষয়টির মধ্যে আমি কোয়ান্টাম মেকানিক্স এর গন্ধ পাচ্ছি। ইহুদী নাসারারা কোরানের এ বিষয়টি থেকেই তাদের কোয়ান্টাম মেকানিক্স সম্পর্কিত যাবতীয় তত্ত্ব আবিষ্কার করেছে।

4. 4

সংশপ্তক

জুলাই ১৮, ২০১০ সময়: ১:৪১ অপরাহ্ণ লিঙ্ক

আল্লাহর জবাবদিহিতাবিহীন একনায়কতান্ত্রিক শাসনের প্রতি আনুগত্য মানবকুলের স্বাধীন চিন্তার প্রতি কতটুকু অনুকুল তা আমাদের ভেবে দেখতে হবে । কোন একনায়ক ই তার সাম্রাজ্যে স্বাধীন চিন্তা সহ্য করেনা । শুধু এ কারণটাই আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহের জন্য যথেষ্ট । আল্লাহ আছে কি নেই - এ প্রশ্ন নাই বা করলাম । বিদ্রোহীরা শাস্তির ঝুঁকি নিয়েই বিদ্রোহী হয় এবং তাতে আমাদের অনুতাপের কিছুই নেই ।

5. 5

ভবঘুরে

জুলাই ১৮, ২০১০ সময়: ২:৩৩ অপরাহ্ণ লিঙ্ক

এতগুলো এক নায়কতান্ত্রিক আয়াত ই প্রমান করে , কোরানের বানী আল্লাহর নয়, তা স্বয়ং মোহাম্মদের বানী। মোহাম্মদ তার ক্ষমতা নিরংকুশ করতেই আল্লাহর নামে এসব বানী প্রচার করেছিল। এসব স্বৈরাচারী, হিংসাত্মক আয়াত কখনই কোরানের ভাষায়, পরম করুনাময় ক্ষমাশীল আল্লাহর হতে পারে না। কোরানের আল্লাহকে কখনই মনে হয় না যে তিনি সত্যি সত্যি করুনাময় ও ক্ষমাশীল। বরং তার বক্তব্য পড়ে মনে হয় তিনি ভীষণ অসহিষ্ণু, হিংসুক, পাষাণ হৃদয়, নিষ্ঠুর, রক্তলোভী একজন একনায়ক যাকে শুধু ভয়ই পাওয়া যায়, ভালবাসা যায় না। কোরানে আল্লাহকে ভয় করার পরিবর্তে ভালবাসতে ইচ্ছে করে এরকম আয়াত খুজে পাওয়া দুষ্কর। বলতে গেলে নাই। খৃষ্টান ,হিন্দু ইত্যাদি ধর্মে অনেক অযৌক্তিক বিষয় থাকার পরও তাদের বর্নিত ঈশ্বর বা সৃষ্টিকর্তা অনেক দয়ালু , প্রেমময়, ক্ষমাশীল যা ইসলামের আল্লাহর নেই।

Russell এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১০:৫৮ অপরাহ্ণ
“@ভবঘুরে,

কোরানের বানী আল্লাহর নয়, তা স্বয়ং মোহাম্মদের বানী।

ইন্নাহু লাকাউলু রসুলীন কারিম - (৮১-১৯)
“নিশ্চয়ই ইহা রসুলের বানী ”
উক্ত আয়াতে আল্লাহ বলে কোন শব্দ নেই। ইহা রসুলেরই বানী , তবে ঐ সময়কার ও এখনকার পশু আকৃতি মানুষদের অনেক কাপঝাপ বুঝাতে আল্লাহ শব্দটি ব্যবহার করতে হয়েছে , হয়। ইহা মোল্লারা নিজেরাই ব্যবহার করে থাকে, কেন করে জানিনা। কোরান মুলত রসুলেরই বানী। আমাদের ভুল শিক্ষা দেওয়া হয়ে আসছে। আরও অনেক ভুল ব্যাখ্যা অর্থ করা হয়েছে যার কারনে আজও মানুষ কোরানকে বুঝে ভুল।

6. 6

ফারুক
জুলাই ১৮, ২০১০ সময়: ৫:৩৪ অপরাহ্ণ লিঙ্ক

এখানে পক্ষপাত মুক্ত আলোচনাই আশা করি। যুক্তি যেখানে প্রাধান্য পাবে। এমন না যে , ব্যাক্তির হার জিৎ এখানে মূখ্য। আমি জিতলে যেমন সকলেই মুসলমান হয়ে যাবে না , তেমনি যাযাবর জিতলেও সকল মুসলমান অবিশ্বাসী বা নাস্তিক হয়ে যাবেনা। সেকারনে " প্রত্যুত্তোরে ফারুক ডুবন্ত মানুষের মত খড় ধরে ভেসে থাকার মত" এমন চিন্তা বা মন্তব্য কতটুকু যুক্তিসঙ্গত তা মুক্তমনারা ভালই বলতে পারবেন। অন্ধ বিশ্বাসী তবুও মেনে নেয়া যায় কিন্তু অন্ধ ও মু ক্তমনা পরস্পর বিরোধী। মুক্তমনা দের পক্ষপাত দুষ্ট হওয়া তাদের নামের প্রতি অবিচার।

"Leaves straying" নিয়ে যথেষ্ট বিতর্ক হয়েছে। মনে হয় বিতর্কে আমার জয় হয়েছে , যেকারনে যাযাবর এটাকে খন্ডন করার জন্য বিভিন্ন আরবি , ইংরেজি ও বাংলা অনুবাদ নিয়ে এই পোস্টে হাজির হয়েছেন। এতে দোষের কিছু দেখিনা। কিন্তু মজা পেলাম , উনি যে দোষে ইস্লামিস্টদের দূষছেন , সেই একি কাজ নিজেও করলেন। এটাকি স্ববিরোধী হয়ে গেল না?

মজার ব্যাপার হল এই ইসলামিস্টরাই আবার অন্য প্রসঙ্গে বলবে কুরাণের সঠিক মানে বুঝতে হলে আরবীতে কুরাণ পড়। আবার সুবিধা হলে ইংরেজী অনুবাদই উদ্ধৃত করবে।

আমার কথা যদি বলেন , কেন আমি অরিজিনাল আরবি আয়াত বা অন্য কোন অনুবাদ উল্লেখ করিনি? কারন আদিল মাহমুদ যে ইংরেজি তর্জমা দিয়ে প্রশ্নটি করেছিলেন , সেটা দিয়েই যখন তার প্রশ্নের জবাব দেয়া যাচ্ছে বা তার ভুল ধরিয়ে দেয়া যাচ্ছে, তখন খামাকা কষ্ট করে অন্য অনুবাদ বা কোরানের আরবি আয়াত খুজতে যাব কেন ?

যাইহোক এই পোস্ট পড়ার পরে আয়াতটি খুলে পড়লাম। এটা খুব সুন্দর একটি আয়াত। আগেই যদি আরবি আয়াতটি পড়ে আদিল মাহমুদকে উত্তর দিতাম তাহলে তার আরো প্রশ্নের সম্মুখীন হওয়া লাগত না বা হয়তো আপনার এই পোস্টও লেখা লাগত না। আয়াতটি হলো -

وما ارسلنا من رسول الا بلسان قومه ليبين لهم فيضل الله من يشاء ويهدى من يشاء وهو العزيز الحكيم
এই আয়াতের মানে করতে যেয়ে প্রায় সকলেই
فيضل الله من يشاء ويهدى من يشاء এই অংশের ভুল অনুবাদ করার ফলে যত বিপত্তির সৃষ্টি হয়েছে। প্রায় সকলেই অনুবাদ করেছেন " আল্লাহ যাকে ইচ্ছা বিপথে নেন ও যাকে ইচ্ছা সুপথে নেন "। من يشاء মানে যে চায়। من মানে 'যে'
يشاء মানে 'চায়'। তাহলে এই আয়াতের প্রকৃত অর্থ দাড়ায় - "যে বিপথে যেতে চায় , তাকেই আল্লাহ পথভ্রষ্ট করেন এবং যে সুপথ পেতে চায় , তাকে সুপথ দেখান" বলতে পারেন আল্লাহর কাজ সাহায্য করার মাঝেই সীমাবদ্ধ।

Muhammad Asad 14:4 AND NEVER have We sent forth any apostle otherwise than [with a message] in his own people's tongue, so that he might make [the truth] clear unto

them;3 **but God lets go astray him that wills [to go astray], and guides him that wills [to be guided]** -for He alone is almighty, truly wise.
যে ২৩ টি আয়াত দিয়েছেন , তার প্রতিটিকেই নিজের মন মতো ব্যাখ্যা ও আল্লাহ কি করতে চান তার কাল্পনিক উদ্দেশ্য বর্ননা করে নিজের ধারনাকে প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছেন। পক্ষপাত মুক্ত হলে চোখে পড়া উচিৎ।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ৮:১৫ অপরাহ্ণ
@ফারুক,

"যে ২৩ টি আয়াত দিয়েছেন , তার প্রতিটিকেই নিজের মন মতো ব্যাখ্যা ও আল্লাহ কি করতে চান তার কাল্পনিক উদ্দেশ্য বর্ননা করে নিজের ধারনাকে প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছেন। পক্ষপাত মুক্ত হলে চোখে পড়া উচিৎ।"
- আপনি কি বলতে চান এই ভদলোক এই ২৩টি আয়াত সবগুলি তার নিজের মনগড়া অনুবাদ করে পাবলিক ষ্টান্ট করেছেন?



ফারুক এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ৯:২৩ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,এই দেখেন , আপনিও আমার মন্তব্য ভাল করে না পড়ে ভুল প্রশ্ন করলেন!! 'নিজের মনগড়া **অনুবাদ**' এমন কথাতো বলিনি। বলেছি- মন মত ব্যাখ্যা করেছেন ও নিজের কল্পনাকেই আল্লাহর উদ্দেশ্য বলে চালিয়েছেন।
"তার মানে আল্লাহ ধরে নিয়েছেন (বা জানেন) যে পাপী সব সময়েই পাপী" বা "এ কি ধরনের দয়ালু বা ক্ষমাপরায়ণ আল্লাহ, যিনি পাপীদেরকে তাঁর বাণী বুঝে সৎপথে আসার সুযোগই দিতে চান না " বা " আল্লাহ জেনে শুনে মুশরেকদের শিশুহত্যা থেকে বিরত করলেন না , যদিও বলে বেড়াচ্ছেন যে তিনি চাইলে তা ঠেকাতে পারতেন, চাইলে ওরা তা করত না। কোথায় গেল স্বাধীন চিন্তা?" এগুলো কি অনুবাদের অংশ? আল্লাহর মনের কথা উনি বিবৃত করছেন , উনার কল্পনা দিয়ে।

উনার প্রতিটি আয়াতের ব্যাখ্যাগুলো পড়ুন , দেখবেন স্ববিরোধীতায় ভরপুর। একজায়গায় আল্লাহকে দুষেছেন কেন তিনি হস্তক্ষেপ করে পাপীকে আরো পাপ করা থেকে নিবৃত্ত করলেন না বা "আল্লাহ জেনে শুনে মুশরেকদের শিশুহত্যা থেকে বিরত করলেন না, যদিও বলে বেড়াচ্ছেন যে তিনি চাইলে তা ঠেকাতে পারতেন, চাইলে ওরা তা করত না।" এখন আল্লাহ যদি ঠিক এই কাজগুলৈ করতেন , তাহলে উনার বলতে সুবিধা হতো , কোথায় গেল মানুষের স্বাধীনতা? এ যেন - "Head I win , tail you lose" দুটোতেই উনার জয়। পাপ পুণ্যের দায়ভার উনি আল্লাহর উপরে চাপাতে চান , আবার এটাও

চান যে আল্লাহ হস্তক্ষেপ করুন। এখন একে আপনি পাবলিক ষ্টান্ট বল্বেন নাকি কি বল্বেন , তা আপনিই ভালো জানেন।

সত্য জানার ইচ্ছা থাকলে , আয়াতগুলো ভালো করে পড়ুন এবং তারপরে প্রশ্ন থাকলে সেটা করুন। জানা থাকলে উত্তর দেব।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১০:১৮ অপরাহ্ণ
@ফারুক,

আপনার সীলগালা বিষয়ক ব্যাখ্যা আমি আংশিক মেনে নিয়েছিলাম,কারন যেহেতু সেই বাক্যে পরিষ্কার বলা নেই যে কোনটা আগে; বান্দার ভুল পথে যাওয়া আগে,নাকি আল্লাহর সীল গালা মারা আগে তাই দুভাবেই হয়ত ব্যাখ্যা করা যায়। যদিও তারপরেও বেশ কিছু প্রশ্ন থেকেই যায় যা এখানেও করেছি,আপনি এখনো সেগুলির তেমন যুক্তিসংগত উত্তর দেননি। আল্লাহ নিজ চাচাকে সীলগালা মারা পরেও নবীজি কেন তার মৃত্যু সজ্জা পর্যন্ত আবু তালিবকে ঈমা ন আনানোর চেষ্টা করে গেলেন সে প্রশ্ন থেকেই যাবে।

Leaves straying - এর আপনার বর্তমান ব্যাখ্যা পড়লাম। এটা আপনি আগে না দিয়ে কেন কি কি বলে যাচ্ছিলেন বুঝি না। মনে হয় অনেক খুজে অবশেষে বের করতে পেরেছেন।

যাযাবর সাহেব কিন্তু সব আয়াতে নিজের মত ব্যাখ্যা দেননি। আর ব্যাখ্যা তো ওনার নিজের হতে পারে। আমার কাছে প্রথম গুরুত্বপূর্ন হল অনুবাদ। ব্যাক্তির ব্যাখ্যা পরের কথা।

১৭ঃ৪৫
And when you (Muhammad SAW) recite the Qur'ân, We put between you and those who believe not in the Hereafter, an invisible veil (or screen their hearts, so they hear or understand it not).
- এর থেকে কি বোঝা যায়? অবিশ্বাসীদের মনে আল্লাহ পর্দা লাগিয়ে দিয়েছেন যাতে তারা কোরান শুনে বুঝতে না পারে। এখনই বলবেন যে তারা আগে নিজ দায়িত্বে অবিশ্বাসী হয়েছে তারপর আল্লাহ পর্দাদিয়ে দিচ্ছেন। তাহলে কেউ সংশয়বাদী মন নিয়ে কোরান পড়লে তার ঈমান আনার কোনই উপায় থাকছে না। আপনাকে আগে কোরান না পড়েই বিশ্বাসী হতে হবে, নয়ত আমি তো আপনার ঈমান আনার কোনই সম্ভাবনা দেখি না।

প্রশ্ন থাকে যে ঘোর অবিশ্বাসীলোকে তাহলে হঠাত কেমন করে বিশ্বাসী হয়ে যায়? আল্লাহ কেনই বা হঠাত পর্দা সরিয়ে দেন?

এর পরের আয়াতঃ

And We have put coverings over their hearts lest, they should understand it (the Qur'ân), and in their ears deafness. And when you make mention of your Lord Alone [Lâ ilâha ill-Allâh (none has the right to be worshipped but Allâh) Islâmic Monotheism ()] in the Qur'ân, they turn on their backs, fleeing in extreme dislikeness।

১৭ঃ৯৭ঃ

And he whom Allâh guides, he is led aright; but he whom He sends astray for such you will find no Auliyâ' (helpers and protectors, etc.), besides Him, and We shall gather them together on the Day of Resurrection on their faces, blind, dumb and deaf, their abode will be Hell; whenever it abates, We shall increase for them the fierceness of the Fire.

এখানে তো আপনার ঘটনাক্রমের বিতর্কের তেমন অবকাশ দেখি না। পরিষ্কারই লেখা দেখি,যাকে তিনি পথ দেখান সেইই সঠিক পথে থাকে। যাকে তিনি পথভ্রষ্ট করেন তার জন্য আল্লাহ ব্যাতীত আর কোন সাহায্যকারী নেই। আল্লাহই তো দেখছি আরে ইচ্ছা করে কাউকে সুপথ আবার কাউকে কুপথ দেখাচ্ছেন, মানুষ কেবল আল্লাহর বাতলানো পথ অনুসরন করছে।

৩৫-৮ এও কিন্তু একই কথাই আছে। আল্লাহ যাকে ইচচছা সুপথ আর যাকে ইচ্ছে পথভ্রষ্ট করেন। এসব আয়াতে বলা নেই যে মানুষ নিজ ইচ্ছায় যে পথ বেছে নেয় আল্লাহ তাকে সেই পথেই রেখে দেন যা আপনি প্রমান করতে চান। পথের নির্দেশনার মূল চালিকাশক্তি আল্লাহর ইচ্ছা , মানুষের স্বাধীন বিবেক তেমন কোন কথা নেই।

Is he, then, to whom the evil of his deeds made fairseeming, so that he considers it as good (equal to one who is rightly guided)?**Verily, Allâh sends astray whom He wills, and guides whom He wills.** So destroy not yourself (O Muhammad SAW) in sorrow for them. Truly, Allâh is the AllKnower of what they do!

ফারুক এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১১:২৬ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

আল্লাহ নিজ চাচাকে সীলগালা মারার পরেও নবীজি কেন তার মৃত্যু সজ্জা পর্যন্ত আবু তালিবকে ঈমান আনানোর চেষ্টা করে গেলেন সে প্রশ্ন থেকেই যাবে।

‘খাতামুল্লাহ’র মানে সীলগালা করা নাকি ব্রান্ডিং করা তা কিন্তু এখনো ঠিক করতে পারিনি। সুতরাং একি প্রশ্ন আবারো করে লাভ কি , যতক্ষন না একমত হতে পারি সীলগালাটা কি , সে বিষয়ে।

নবীজির চাচার ব্যাপারে উপরে আপনার কমেন্টের জবাব দিয়েছি। এখনো পাব্লিশ হয় নি। একারনেই বলেছিলাম সমস্যা হচ্ছে। যেখানে জানিই না , যে ইতিহাসটা জানি সেটা সত্য নাকি মিথ্যা , সেখানে ইতিহাসের গল্প নিয়ে তর্ক করার কোন মানে আছে কি?

Leaves straying - এর আপনার বর্তমান ব্যাখ্যা পড়লাম। এটা আপনি আগে না দিয়ে কেন কি কি বলে যাচ্ছিলেন বুঝি না। ম নে হয় অনেক খুজে অবশেষে বের করতে পেরেছেন।

আগে কেন আরবি আয়াত থেকে ব্যাখ্যা দেইনি তাতো মন্তব্যের সাথেই উল্লেখ করেছি। যাযাবর এই পোস্ট না দিলে বর্তমান ব্যাখ্যা ও দেয়া লাগত না। সত্যি কথা বল্তে কি , খুব একটা খোজা লাগেনি।
আমি সাধারনত quranix.net
থেকে অনুবাদ পড়ি। ওখানে মুহাম্মদ আসাদের অনুবাদটাও আছে।
আপনার এই মন্তব্য পড়তে যেয়ে কেন কোন কোন অবিশ্বাসীর সীলগালা খুলে যায় তার উত্তর পেলাম।

একটা কথা মনে রাখা উচিৎ বিতর্কিত আয়াতগুলোর সঠিক মানে জানতে পুরো কোরান ভালভাবে পড়া থাকা উচিৎ। যাযাবর আমাকে ইস্লামিস্ট বল্লেও কিছু করার নে ই। এটাই সত্য। কোরানে যখন বলা হয়েছে (১৪:৪) “যে বিপথে যেতে চায় , তাকেই আল্লাহ পথভ্রষ্ট করেন এবং যে সুপথ পেতে চায় , তাকে সুপথ দেখান” এর কোন অন্যথা নেই। **আল্লাহর ভূমিকা facilitator বা সাহায্যকারীর।** কোন আয়াতে যদি পান আল্লাহ কাউকে বিপথে নিয়েছেন , তাহলে ধরেই নিতে হবে সেই লোকটি বিপথে যেতে চেয়েছিল বলেই আল্লাহ বিপথে নিয়েছেন বা কাউকে সুপথে নিয়েছেন মানে লোকটি সুপথে যেতে চেয়েছিল বলেই সুপথে নিয়েছেন। আল্লাহর কাছে পক্ষপাতিত্ব আশা করা ভুল।

প্রশ্ন থাকে যে ঘোর অবিশ্বাসীলোকে তাহলে হঠাত কেমন করে বিশ্বাসী হয়ে যায়? আল্লাহ কেনই বা হঠাত পর্দা সরিয়ে দেন?

উত্তর আপনার মন্তব্যেই আছে। আল্লাহর কাছে সাহায্য চাইলেই , আল্লাহ সাহায্য করেন পর্দা সরিয়ে দিয়ে। কারন আল্লাহ ছাড়া আর কোন সাহায্যকারী নেই। নিচে আপনার মন্তব্যের বোল্ড করা অংশ

দেখুন। একারনেই মনে হয় জীবন সায়াহ্নে বা জীবনের কোন এক সময়ে নাস্তি করা আবার আস্তিক হয়ে ওঠে।

এখানে তো আপনার ঘটনাক্রমের বিতর্কের তেমন অবকাশ দেখি না। পরিষ্কারই লেখা দেখি,যাকে তিনি পথ দেখান সেইই সঠিক পথে থাকে। **যাকে তিনি পথভ্রষ্ট করেন তার জন্য আল্লাহ ব্যাতীত আর কোন সাহায্যকারী নেই।** আল্লাহই তো দেখছি আরে ইচ্ছা করে কাউকে সুপথ আবা র কাউকে কুপথ দেখাচ্ছেন, মানুষ কেবল আল্লাহর বাতলানো পথ অনুসরন করছে।

৩৫:৮ আয়াতটি আবার কি মনে করে দিলেন? Leaves straying এর যে ব্যাখ্যা এই পোস্টে দিয়েছি , সেই একি ব্যাখ্যা ৩৫:৮ এ ও প্রযোজ্য। আপনার বোল্ড করা অশটুকু “Verily, Allâh sends astray whom He wills, and guides whom He wills” ভুল অনুবাদ।

ভবঘুরে এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১২:৫৬ পূর্বাহ্ণ
@ফারুক,
আপনার আবোল তাবোল বক্তব্য পড়ার ধৈর্য অনেক সময় হারিয়ে ফেলি তার পরও কষ্ট করে পড়ি এই এক বিংশ শতাব্দীতে মানুষ কত গন্ড মূর্খ হতে পারে তা বুঝতে ও দেখতে। কোরানের কোন নির্দিষ্ট আয়াতের অর্থ বুঝতে আপনি কোরানের মত একটা হাবি জাবি বই গোটা পড়তে বলছেন। ভাই অন্য ধর্মের কিতাব সত্যি কি মিথ্যা তা কোনদিন কষ্ট করে পড়ে দেখেছেন ? আমার তো বিশ্বাস পড়া তো দুরের কথা ছুয়েও দেখেন নি। তাহলে তাদের কিতাব এর চাইতে কোরান যে শ্রেষ্টতর তা বুঝবেন কিভাবে ? আপনাকে হিন্দুদের গীতা পড়তে অনুরোধ করি , কোরানের মত বড় গ্রন্থ না , ছোট্ট একটা গ্রন্থ, দেখবেন আপনার কোরানের চাইতে কত উন্নত তার রচনা শৈলী, বাক্য বিন্যাশ, দার্শনিক গভীরতা। গীতার কাছে কোরান কোন কিতাব ই না। স্রেফ জ্ঞান অর্জনের নেশায় আমি গীতা পড়েছি আর তাই এই মন্তব্য করলাম।

ফারুক এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১০:২৭ পূর্বাহ্ণ
@ভবঘুরে,

আপনার আবোল তাবোল বক্তব্য পড়ার ধৈর্য অনেক সময় হারিয়ে ফেলি তার পরও কষ্ট করে পড়ি এই এক বিংশ শতাব্দীতে মানুষ কত গন্ড মূর্খ হতে পারে তা বুঝতে ও দেখতে।

আপনার মতো জ্ঞানী ব্যাক্তি ধৈর্য ধরে যে আমার লেখা পড়েন, তাতেই আমি উল্লসিত। আমার মতো গন্ড মূর্খকে না দেখলে আপনি বুঝতেন কেমনে , আপনি কতটা জ্ঞানী? শুধু আইনস্টাইন বা ডারউইনের লেখা পড়লে নিজেকে আপনার আরো বেশি গন্ড মূর্খ মনে হতো। আমার মতো গন্ড মূর্খ আছে বলেই না আপনি জ্ঞানী। একারনে একটা ধন্যবাদ কি পেতে পারি না?

বাইবেল গীতা ও অন্যান্য ধর্মের কিছু বই আমি অবশ্য পড়েছি। তবে গন্ড মূর্খের পড়া আর না পড়া। একি কথা।



আনাস এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১১:১০ অপরাহ্ণ
@ফারুক,

আপনি বিতর্কেতো জিতবেনই। একটা বিতর্কে মানুষ নানা রকম তথ্য প্রমান আনে। সেটাই নির্ধারন করে বিতর্কে কার অবস্থান কতটা যুক্তিযুক্ত। আপনি আপনার মনগড়া অনুবাদ করে যাবেন আর আরবী ব্যাকরন, ফিকাহের নিয়ম, ইত্যাদি দিলে আপনি মানবেন না। নিজে যা বলবেন সেটাই ঠিক। এমন কারো সাথে বিতর্ক করার ধৈর্য অনেকেরি থাকেনা। এ সুযোগে আপনি দাবী করলেন আপনি জিতসেন। আমরা ফ্রেন্ডরা কার্ড খেলি। মাঝে মাঝে ঝগড়া বেধে যায় জয় পরাজয় নিয়ে। তখন আমরা বলি আচ্ছা। পয়েন্ট দিয়া দে। ওয়ার্ল্ড কাপতো আর খেলতেসি না।

ঐ আয়াত সমুহ আপনাকে এ জন্যে দিয়েছিলাম যে আপনি বলেছেন মুক বধির অন্ধ এগুল গালি প্রথম শুনলেন। সবাই আপনার মত কুরান নিয়ে গবেষনা করে না। তাই আপনার মত হুট করে আয়াত দিতে পারে না। অথচ আপনি জানতেন কুরানে কুকুর। জন্তু এরকম নিম্ন শ্রেণীর গালি ব্যাবহার করা হয়েছে। আপনি সেসব উল্লেখ করলেন না। আপনাকে আগেরবার লিসানুল আরাব গ্রন্থের প্রমান দিয়েছিলাম। আপনার বক্তব্য আপনিই বেশী জানেন সেই সব আরবদের থেকে। তাই লিসানুল আরাব বাদ দিতে বলেছিলেন! আপনার উপরোক্ত মান ইয়াশা অর্থ করাও ব্যাকরনের নিয়মের বাইরে যেয়ে। কর্তা কর্ম ক্রিয়া এসব বিষয়কে উপেক্ষা করে।

বাট আপনি জিতসেন। কারন এসব আপনি মানেন না। আচ্ছা, আপনি কি জন্ম থেকে আরবী জানেন? বা শিখেছেন কোথা থেকে?

আমার নেট আজ কেটে যাবে। তাই তারাহুরো করে প্রশ্ন গুল করলাম। নিচের আয়াত গুল শব্দে শব্দে অনুবাদ করে দিবেন। পারলে শব্দের ব্যাখ্যা দিয়েন। পরে সময় পেলে দেখব।

فَمَنِ اعْتَدَى بَعْدَ ذَلِكَ فَلَهُ عَذَابٌ أَلِيمٌ

উপরের আয়াতটি সুরা বাকারায় আছে। আর নিচেরটি আপনি অনুবাদ করেন ৫:৮৭

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لا تُحَرِّمُوا طَيِّبَاتِ مَا أَحَلَّ اللَّهُ لَكُمْ وَلا تَعْتَدُوا إِنَّ اللَّهَ لا يُحِبُّ الْمُعْتَدِينَ

ফারুক এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১:০১ পূর্বাহ্ণ
@আনাস,

এ সুযোগে আপনি দাবী করলেন আপনি জিতসেন।

আদিল মাহমুদের মতো আপনারো দেখি একি সমস্যা। মন্তব্য ঠিক মতো না পড়েই দোষারোপ করেন। আমি বলেছিলাম - "মনে হয় বিতর্কে আমার জয় হয়েছে " এবং কেন এমন **মনে হয়েছে** তার কারন ও উল্লেখ করেছি। মনে হওয়া আর দাবী করা নিশ্চয় এক জিনিষ নয়। মনে হওয়া অর্থ হতেও পারে , নাও হতে পারে। না , আপনার ফাউ পয়েন্টের আমার দরকার নেই।

আপনি আপনার মনগড়া অনুবাদ করে যাবেন আর আরবী ব্যাকরন , ফিকাহের নিয়ম, ইত্যাদি দিলে আপনি মানবেন না। নিজে যা বলবেন সেটাই ঠিক।

আপনি যাতে এই দোষ না দিতে পারেন , সেই কারনে মুহাম্মদ আসাদের অনুবাদটাও দিয়ে দিয়েছিলাম। লাভ হলো কিছু ? সেই দোষীই বানালেন। অনেকগুলো অনুবাদের মধ্যে কোনটা ঠিক , তা আপনি কিভাবে নির্ধারন করেন?

আচ্ছা, আপনি কি জন্ম থেকে আরবী জানেন? বা শিখেছেন কোথা থেকে?

না আমি জন্ম থেকে আরবি জানিনা। এখনো যেটুকু আরবি জানি তা আরবদেশে থাকার কল্যানে ও কোরানের word by word অনুবাদ করে যেটুকু শিখেছি , ততটুকুই। কোন প্রাতিষ্ঠানিক আরবি শিক্ষা আমার নেই।

আমি কোন মাওলানা বা মৌলভি নই। তাই আপনার দেয়া আয়াতের খন্ডিত অংশ ও পুরা আয়াতের ব্যাখ্যা দেয়া থেকে বিরত থাকলাম। নেটে অনেক অনেক অনুবাদ পাওয়া যায়। দেখে নিয়েন।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৬:১৪ অপরাহ্ণ
@ফারুক,

এ বিষয় নিয়ে বেহুদা আর প্যাঁচাল করার মত ইচ্ছা বা সময় কোনটাই আমার নাই।

শুধু বলতে এলাম যে আমি আপনার অভিযোগমত কথা না শুনেই মন্তব্য করি না। না বুঝতে পারি সে সম্ভাবনা বেশ ভালই আছে।

আপনি ইসলামী ইতিহাস মানেন না আমি জানি। আমি যতটুকু জানি ইসলামী ইতিহাস , হাদীস, বা অন্য কোন বাইরের সূত্র ছাড়া কোরানের বেশ কিছু আয়াত নিতান্তই অর্থহীন কিছু বাক্য ছাড়া আর কিছু মনে হবে না। এ নিয়ে ভবিষ্যতে কথা হবে আশা করি। আমি এসব নিয়ে পোষ্ট দিতে চাই না, কারন এই ফোরামের কেউই এসবে তেমন আগ্রহী হবেন না।

একটি উদাহরন শুধু এই মুহুর্তে মনে আসছে কোরানের সেই ৪ বিবাহের অনুমতি ঘটিত আয়াতটি। এ আয়াতটির মানে হাজার বছর ধরে অনেকেই সাধারনভাবে ৪ বিয়ের তরিকা হিসেবে ইন্টারপ্রেট করে আসছেন। আমার সবসময়ই মনে হয়েছে এখানে কিছু "কিন্তু" আছে। কারন আয়াতটি শুরু হয়েছে "এতিমদের" মধ্যে থেকে। এতিমদেরই শুধু বিবাহ করতে হবে কেন ? এই আয়াতের যৌক্তিক ব্যাখ্যা (মনে হয় সদালাপে কেউ ক'মাস আগে লিখেছিলেন) আমার কাছে মনে হয়েছে যে আয়াতটি শুধুমাত্র সে সময়কার জন্য প্রযোজ্য, কারন এতিম বলতে যুদ্ধবন্দী নারীদের বোঝানো হয়েছে কার ব্যাখ্যায় যেন পড়েছিলাম। সে সময় নানান যুদ্ধে গণিমতের মাল হিসেবে প্রাপ্ত নারীদের বিবাহের ব্যাপারে সর্বোচ্চ সীমা এই আয়াতে দেওয়া হয়েছে। কাজেই এর কার্যকারিতা শুধু এই ব্যা পারেই সীমাবদ্ধ।

আপনি সমকালিন ইতিহাসের সাহায্য না নিলে এই ব্যাখ্যা পেতেন না।

যাযাবর এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১১:০৩ অপরাহ্ণ
@ফারুক,

সবচেয়ে জোরাল যুক্তি মানুষ সবার আগে পেশ করে। আমার বিপক্ষে আপনার সবচেয়ে জোরাল যুক্তি হল আমি আপনার যুক্তিকে ডুবন্ত মানূষের খড় ধরে ভেসে থাকার চেষ্টার সঙ্গে তুলনা করেছিলাম ,

সেটা বলাটা পক্ষপাতমূলক, আপনার ভাষায়। ঐ তুলনাটা তখন যদি ভুল হয়েও থাকে এবার কিন্তু সত্যি তুলনাটা করতে বাধ্য হচ্ছি। এবার আপনার কুযুক্তিটা বেপরোয়া পর্যায়ে গিয়ে ঠেকেছে শেষ রক্ষা করার জন্য। আসাদের ইংরেজী অনুবাদ এমনিতেই বিকৃত। ইউসুফ আলীকেও হার মানিয়েছেন তিনি অনুবাদ বিকৃতিতে। তাই কুরাণ অনলীদের প্রিয় অনুবাদক আসাদ। কুরাণকে স্যানিটাইজ করার জন্য ছলাকৌশলের আশ্রয় নিতে বিবেকে বাধে না তাদের। তার উপর আপনি আসাদের চেয়েও আর এক ধাপ এগিয়ে আসাদকে বাংলা অনুবাদ করে একে আরও বিকৃত করে রায় দিলেন যে আয়াত ১৪-৪ এঃ من يشاء মানে যে চায়, من মানে 'যে', يشاء মানে 'চায়', তাই এই আয়াতের প্রকৃত অর্থ হবে "যে বিপথে যেতে চায়, তাকেই আল্লাহ পথভ্রষ্ট করেন এবং যে সুপথ পেতে চায়, তাকে সুপথ দেখান"। চমৎকার। বাক্য চাতুরীর দ্বারা ড্যামেজ কন্ট্রোলের আপনার এই প্রাণপণ চেষ্টার তারিফ আল্লাহও না করে পারেন না। মনে মনে হাসছেনও নিশ্চয়, কুযুক্তির মাত্রা দেখে।

জ্বীনা, من يشاء মানে "যে চায়" না, বরং "যাকে চান" (আল্লাহ যা কে চান বোঝান হয়েছে)। ইউসুফ আলী পর্যন্ত এতদূর বিকৃত করতে পারেননি। আসাদ ছাড়া আর সব অনুবাদে "যাকে চান" তো আছেই, তার উপর শব্দার্থে কুরাণেও সেটা আছে। ১৪-৪ আয়াতের আপনার উদ্ধৃত অংশের অনুবাদ আসাদ ছাড়া আর সব জায়গায় যে ভাবে দেয়া আছেঃ

فيضل الله من يشاء ويهدى من يشاء

খান ও হিলালীর The Noble Quran এঃ

Then God misleads whom He wills and guides whom He wills And He is the All-Mighty, the All-Wise.

অর্থাৎ فيضل الله এর মানে Then God misleads অর্থাৎ "অতঃপর আল্লাহ পথভ্রষ্ট করেন" । whom He wills আল্লাহ যাকে চান বোঝান হচ্ছে। শব্দার্থে কুরাণেও তাই অনুবাদ করা হয়েছে।

الله = আল্লাহ, فيضل = ফায়েদিল্লু = ফা(অতঃপর)+ ইয়াদিল্লু(পথভ্রষ্ট করে দেন)
(শব্দার্থে কুরাণ আর আল-কুরাণের অভিধানেও এই মানেই দেয়া আছে)

শাফায়েত এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ১১:২৫ অপরাহ্ণ
@যাযাবর,
একই মন্তব্য দুবার প্রকাশ হয়েছে। একটি মুছে দেয়া হলো।

ফারুক এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১০:৪৭ পূর্বাহ্ণ
@যাযাবর,

সবচেয়ে জোরাল যুক্তি মানুষ সবার আগে পেশ করে।

কি জানি হবে হয়তো। আমার কাছে আমার সকল যুক্তিই জোরালো মনে হয়।

তাই কুরাণ অনলীদের প্রিয় অনুবাদক আসাদ ।

এতদিন তো জানতাম রাশাদ খলিফা। আমার ব্লগের বিখ্যাত ব্লগার নরাধম (কোরান অনলি নন , ট্রাডিশনাল মুসলিম) আমাকে আসাদের অনুবাদ পড়তে উপদেশ দিয়েছিলেন। আপনার মু খেই শুনলাম - কুরাণ অনলীদের প্রিয় অনুবাদক আসাদ। কি জানি হবে হয়তো। আপনি বলছেন যখন , তখন হতেই হবে।

জ্বীনা, من يشاء মানে "যে চায়" না, বরং "যাকে চান" (আল্লাহ যা কে চান বোঝান হয়েছে)। ইউসুফ আলী পর্যন্ত এতদূর বিকৃত করতে পারেননি। আসাদ ছাড়া আর সব অনুবাদে "যাকে চান" তো আছেই, তার উপর শব্দার্থে কুরাণেও সেটা আছে।

এর মিমাংসা একভাবে সম্ভব। আপনি যে দেশেই থাকুন , সেখানকার কোন আরবি প্রফেসরকে জিজ্ঞাসা করুন , 'যে চায়'(who wants) এর আরবি কি? বা من يشاء মানে 'যে চায়'(who wants হয় কিনা? তাহলেই বুঝবেন , কুযুক্তি কাকে বলে। আমি কিন্তু এখানে আরবি ভাষী উচ্চশিক্ষিত আমার এক কলিগকে জিজ্ঞাসা করেছি , যে স্কুল জীবনে আরবি গ্রামারে ৯০%এর উপরে নম্বর পেয়েছিল, সে কিন্তু এই অনুবাদে কোন ভুল পায়নি।

যাযাবর এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৩:০৯ অপরাহ্ণ
@ফারুক,

মনে করবেন না আমি বা অন্য পাঠকেরা একটা ব্যাপার লক্ষ্য করিনি, সেটা হল আপনি প্রথমে যুক্তি দিয়েছিলেন যে আল্লাহ মানুষকে পথভ্রষ্ট করেন না। কেবল যে নিজের ইচ্ছায় পথভ্রষ্ট হয় তাকে পথভ্রষ্ট অবস্থায় ফেলে রাখেন, রেখে দেন। আর এখন বলছেন যে, যে পথভ্রষ্ট হতে চায় আল্লহ তাকে পথভ্রষ্ট

হতে সাহায্য করেন। সুবিধা বুঝে যুক্তি বা বক্তব্য পাল্টাতে পারেন আপনি। যাহোক আপনার এবারের মন্তব্যে আসি।

এতদিন তো জানতাম রাশাদ খলিফা। আপনার মুখেই শুনলাম - কুরাণ অনলীদের প্রিয় অনুবাদক আসাদ

তাতে কি আসে যায়? ভাল কোন পয়েন্ট পেলেন না তাই তুচ্ছ ইস্যু নয়ে ক্যাচাল করেছেন। আসাদের অনুবাদ স্পষ্টতই বিকৃত, কুরাণকে স্যানিটাইজ করার লক্ষ্যে। কুরাণ অনলীরাও সেটাই চায়। এটাই মূল কথা। আসাদ এর বিষয় অন্য কোন পয়েন্ট নিয়ে ইস্যু করা অবান্তর।

আপনি এখনো দাবী করে যাচ্ছেন যে من মানে ‘যে’। কুরাণের কোন অনুবাদে من মানে ‘যে’ (He) করা হয়নি। সব জায়গায় ‘যাকে’ (Whom) অনুবাদ করা হয়েছে। আপনার প্রিয় আসাদ ও Him (যাকে) ব্যবহার করেছেন উদ্ধৃত আয়াতটিতে। আরবীর প্রফেসররাই (পিকথল,হিলালী), কুরাণের এই আয়াতে من কে যাকে (Him) অনুবাদ করেছেন। অন্য সব অনুবাদও আরবীর পন্ডিত দ্বারাই অনুদিত। আবার আমাকে বলছেন আরবীর প্রফেসরকে জিজ্ঞেস করতে। লাগামছাড়া হয়ে যাচ্ছে আপনার কুযুক্তি।



ফারুক এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৩:৫৯ অপরাহ্ণ
@যাযাবর,

মনে করবেন না আমি বা অন্য পাঠকেরা একটা ব্যাপার লক্ষ্য করিনি, সেটা হল আপনি প্রথমে যুক্তি দিয়েছিলেন যে আল্লাহ মানুষকে পথভ্রষ্ট করেন না। কেবল যে নিজের ইচ্ছায় পথভ্রষ্ট হয় তাকে পথভ্রষ্ট অবস্থায় ফেলে রাখেন, রেখে দেন। আর এখন বলছেন যে, যে পথভ্রষ্ট হতে চায় আল্লহ তাকে পথভ্রষ্ট হতে সাহায্য করেন। সুবিধা বুঝে যু ক্তি বা বক্তব্য পাল্টাতে পারেন আপনি। যাহোক আপনার এবারের মন্তব্যে আসি।

সুবিধা কোথায় দেখলেন? leaves straying এর মানে আপনারা সকলে বল্লেন বিপথে নেয়া , আমি বল্লাম leaves মানে রেখে দেয়া। এরপরে আপনি আয়াত হাজির করে ভুল মানে দিলেন। আমি ভুল শুধরে দিলাম। আপনি হয়তো ইচ্ছা করেই লক্ষ্য করেন নি, কিন্তু মুক্তমনারা ঠিকি লক্ষ্য করছেন , এ বিশ্বাস আমার আছে।

মন্তব্যের বাকি অংশ নিয়ে আমার নুতন করে বলার কিছু নেই। কুযুক্তি কে করছে তা পাঠকরাই নির্ধারন করুক।

*যাযাবর*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৯:৪৭ পূর্বাহ্ণ
@ফারুক,

আপনি লিখেছেনঃ

তাহলে এই আয়াতের প্রকৃত অর্থ দাড়ায় - “যে বিপথে যেতে চায় , তাকেই আল্লাহ পথভ্রষ্ট করেন এবং যে সুপথ পেতে চায় , তাকে সুপথ দেখান” বলতে পারেন আল্লাহর কাজ সাহায্য করার মাঝেই সীমাবদ্ধ।

যে কোন আইনে, এমনকি ইসলামী আইনেও অপরাধে সহযোগিতা করার জন্য শাস্তির বিধান আছে। অপরাধের উদ্যোক্তা সহ সকল সহয়াতকারীদেরও গ্রেপ্তার করা হয়। আপনার অনুবাদে আল্লাহকে পাপের কাজে সাহায্যকারীর ভূমিকায় দেখিয়েছেন। আল্লাহর শাস্তির বিধান কোথায়? মহান আল্লাহকে শেষ পর্যন্ত অপরাধের সাহায্যকারী করতে হল? বিকৃত অনুবাদ করে শেষ রক্ষা করতে গিয়ে দেখলেন তো কোন গর্তে নিজেকে ঢুকিয়েছেন ? এর থেকে বের হবার জন্য আরও হাস্যকর যুক্তি নিয়ে আসবেন জানি অবশ্যই। আনুন। আমোদিত হই।

*ফারুক*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১১:০৮ পূর্বাহ্ণ
@যাযাবর,বিপথে যাওয়া’ আর অপরাধ করা সমার্থক , এটা জানা ছিল না। ইসলামের দৃষ্টিতে ‘নাস্তিক’ হওয়ার অর্থ বিপথে যাওয়া। তার মানে সকল নাস্তিক অপরাধী? সকল নাস্তিককে তাহলে আপনার ভাষ্য অনুযায়ী গ্রেফতার করা উচিৎ। কি বলেন? কোন গর্তে যে কে পড়ে , আল্লাহই ভালো জানেন। হাস্যকর যুক্তির সংজ্ঞা ও উদাহরন দিনতো। যাতে ভবিষ্যতে সাবধান হতে পারি।

*যাযাবর*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৮:১৪ অপরাহ্ণ
@ফারুক,

যাযাবর,বিপথে যাওয়া' আর অপরাধ করা সমার্থক , এটা জানা ছিল না।

হে হে, সেই খড় ধরে...। "যে বিপথে যেতে চায় , তাকেই আল্লাহ পথভ্রষ্ট করেন"
এর মানে পরিস্কার। অপরাধীরা তো বিপথেই যেতে চায়। বিপথে না গেলে অপরাধ হবে কেমন করে। অপরাধ করা মানেই তো বিপথে যাওয়া। আর যে বিপথে যেতে চায়, আর আল্লাহ তাকে যদি বিপথে যেতে সাহায্য করেন, তাহলে কি আল্লাহ সেই বিপথে যাওয়ার জন্য যে অপরাধ ঘটল সেটা ঘটতে সাহায্য করলেন না? বুঝতে খুব কষ্ট হচ্ছে? (না কি বুঝে স্বীকার করতে কষ্ট হচ্ছে ?)। চামচে করে সহজ কথাটা বুঝাতে হল। আর আমি তো কোথাও বলিনি "বিপথে যাওয়া' আর অপরাধ করা সমার্থক"। এটা তো আপনার কথা । আমার উদ্ধৃতি দিতে পেরেছেন?। গর্তে আরো ঢুকে যাচ্ছেন।

যাযাবর এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৯:৪৩ পূর্বাহ্ণ
@ফারুক,

আপনার অন্য পয়েন্টএর উপর মন্তব্য করতে ভুলে গিয়েছিলাম আগের জবাবে। হ্যাঁ, ইসলামের দৃষ্টিতে 'নাস্তিক' হওয়ার অর্থ বিপথে যাওয়া তো বটেই, এটা অপরাধও, অবশ্য বর্তমান ধর্মনিরপেক্ষ সমাজের মানদন্ডে নয়। তাই আল্লাহ যদি নাস্তিক হতে সাহায্য করেন, তাহলে আল্লাহ তাঁরই দৃষ্টিতে যা অপরাধ তাতে মদদ যোগাচ্ছেন। এটা ইসলামী আইনেও অপরাধ। হ্যাঁ, সকল নাস্তিককে ইসলামী আইনে সাজা দেয়া হবে, তাই ইসলামী আইন শাসিত দেশে কেউ ভুলেও স্বীকার করবে না সে নাস্তিক। আর ঐ সুরায় পথভ্রষ্ট করা বলা হয়েছে। কুরাণের অর্থ ব্যা পক, সার্বজনীন বলে দাবী করা হয়, তাই পথভ্রষ্ট হওয়া মানে শুধু নাস্তিক হওয়া হতে পারে না। সকল অপরাধই বিপথে যাওয়ার উদাহরণ। যে ভাবেই দেখান না কেন, আপনার মহান, নিখুত, আল্লাহ যে এত নীচে নেমে মানুষ কে পথভ্রষ্ট হতে মদদ যোগান, তা সেই ভ্রষ্ট পথ যাই হোক না কেন, এটাই একটি আশ্চর্য্যজন্ক ও ন্যক্কারজনক ব্যাপার। আপনি তারপরো এই বাণীগুলীকে এত সুন্দর পান , তাতে আরো অবাক হই। অন্ধ প্রেমে পড়লে সাধারণ বুদ্ধি লোপ পায় সেটা অবশ্য জানি।

ফারুক এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ১১:৩০ পূর্বাহ্ণ
@যাযাবর,

আর আমি তো কোথাও বলিনি "বিপথে যাওয়া' আর অপরাধ করা সমার্থক"।

তা যদি না বলে থাকেন , তাহলে আপনার নিচের এই মন্তব্যের মানে কি?

যে কোন আইনে, এমনকি ইসলামী আইনেও অপরাধে সহযোগিতা করার জন্য শাস্তির বিধান আছে। অপরাধের উদ্যোক্তা সহ সকল সহয়াতকারীদেরও গ্রেপ্তার করা হয়। আপনার অনুবাদে আল্লাহকে পাপের কাজে সাহায্যকারীর ভূমিকায় দেখিয়েছেন।

আমার অনুবাদের কোথায় আল্লাহকে পাপের কাজে সাহায্যকারীর ভূমিকায় দেখিয়েছি ? দেখাতে পারবেন? মিথ্যা বক্তব্য দিয়ে আপনি কি অর্জন করতে চান?

হ্যাঁ, ইসলামের দৃষ্টিতে ‘নাস্তিক’ হওয়ার অর্থ বিপথে যাওয়া তো বটেই, এটা অপরাধও, অবশ্য বর্তমান ধর্মনিরপেক্ষ সমাজের মানদন্ডে নয়।

নাস্তিক হওয়া ইসলামের দৃষ্টিতে অপরাধ বলেই আপনি খালাস। আপনার এই দাবীর পিছনে সুত্র কি ? এই পোস্ট ও মন্তব্যগুলো পড়ুন। শুরু করেছিলাম , আল্লাহ বিপথে পাঠান নাকি মানুষ নিজের ইচ্ছায় বিপথে যায়? সেখান থেকে কোথায় এসে হাজির হয়েছি। এভাবে যদি বিতর্কের বিষয় বস্তু পরিবর্তন করতে থাকেন , তাহলে অনন্তকাল বিতর্ক সম্ভব। সুস্থ বিতর্ক চাইলে টপিকে থাকুন ও একটু কম হাসুন। হাসি বিতর্কের জন্য প্লাস পয়েন্ট নয়। অন্য একদিন সময় হলে আপনাকে বোকার তিন হাসির গল্প শোনাব।

আর একটা জিনিষ খেয়াল করুন , নাস্তিক ও আস্তিক উভয়েই অপরাধ করে । তারা অপরাধ করে স্বেচ্ছায়। অপরাধে আল্লাহ সাহায্য করেন না।

7. 7

তন্ময়

জুলাই ২১, ২০১০ সময়: ১:৩৩ অপরাহ্ণ লিঙ্ক

আপনাদের বিতর্কের আমি একজন দর্শক। আমার কাছে ফারুক সাহেবের যুক্তিই দুর্বল মনে হচ্ছে।

8. 8

অচেনা

জানুয়ারি ১৮, ২০১২ সময়: ১২:১১ পূর্বাহ্ণ লিঙ্ক

আমার হাত তালি দিতে ইচ্ছে করছে। আপনাকে অনেক ধন্যবাদ যাযাবর, আল্লাহ কে কষে চাবকানোর জন্য।

*ইমরান হাসান*এর জবাব:

মে ১৫, ২০১২ at ১:০৮ পূর্বাহ্ণ

@অচেনা, এই ব্যাপারে প্রায় হাজার খানেক বিশ্লেষণ আছে সত্যি আমি আপনাদের জ্ঞান দেখে অভিভুত এই জ্ঞান নিয়ে যদি মনে করে থাকেন ইসলামের বারটা বাজাবেন তাহলে আসলে আপনি নিজেরই বারটা বাজাবেন

সমাপ্ত

https://www.amarblog.com/index.php?q=%E0%A6%86%E0%A6%B0%E0%A6%B6%E0%A6%BF%E0%A6%A8%E0%A6%97%E0%A6%B0%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%AA%E0%A7%9C%E0%A6%B6%E0%A6%BF/posts/173949

♠♠♠ পবিত্রতার প্রতীক চিহ্ন সমূহ - 'হাজরে আসওয়াদ' ♠♠♠

তারিখঃ শনিবার, ২৮/০৯/২০১৩ - ২২:৩৭

লিখেছেনঃ আরশিনগরের পড়শি

বিশেষ বর্ণ এবং আকৃতির পাথরকে পবিত্র ভেবে তার পূজা করার প্রথা 'প্যাগানিসম' বা প্রকৃতি পূজারই একটি নিদর্শন। দীর্ঘকাল বিশ্বাসী মানুষ পাথর এবং পাথরজাত বস্তুর উপর বিচিত্র গুন আরোপ করে সেগুলিকে সংরক্ষন করেছেন। পৃথিবীর প্রায় ধর্ম শাস্ত্রেই পবিত্র প্রস্তরাদির কম বে শি বর্ণনা পাওয়া যায়। এ যেন অনেকটাই ঐতিহ্যের উত্তরাধিকার।

প্রাক ইসলামি যুগে আরবজাতি মূলত পাথরপূজক ছিল। পাথর নির্মিত দেব -দেবী (লাত, মানত, উজ্জা প্রভুতি) ছাড়াও তারা স্রেফ পাথর খণ্ডকেও পূজা করতেন। এসব পাথরকে সংরক্ষণ করা হতো মক্কাসহ বিভিন্ন ক্বাবা গৃহে। ইসলাম পূর্বযুগে আরবে খুঁজে পাওয়া যায় একাধিক ক্বাবা ঘরের অস্তিত্ব - তার ভিতর প্রসিদ্ধ তিন খানা ক্বাবা ঘর অস্তিত্ব খুঁজে পাওয়া যায় মক্কা , সানা এবং নেজরানে। তবে মক্কার ক্বাবা ঘরটিই সব থেকে বড় ছিল বলে ইতিহাস সাক্ষ্য দেয়। পাথর বিশেষকে প্রাক-ইসলাম আরবের লোকেরা নরবলী এবং বলী দেওয়া পশুর রক্তে সিক্ত করতেন এবং সম্ভ্রমের সঙ্গে চুম্বন করতেন। ইসলাম প্রবর্তনের পরে নবী মোহাম্মাদ (সাঃ) নির্দেশে সেগুলিকে বিনষ্ট করা হয় কিংবা ক্বাবা থেকে সরিয়ে ফেলা হয়। পবিত্র-পুস্তকে অসংখ্যবার পাথর কেন্দ্রিক ধর্মাচারকে শয়তানের কাজ বলে নিন্দা করা হয়েছে। তবে ক্বাবাগৃহ থেকে একটি পাথর সরানো হয়নি বরং পবিত্রজ্ঞানে সংরক্ষণ করা হয়েছে। এটিকে 'কৃষ্ণ পাথর' বা 'হাজরে আসওয়াদ' নামে চিহ্নিত করা হয়েছে। ধর্মমতে পবিত্র হজ্জব্রত পালনের সময় মুসলিমরা একে চুম্বন করেন। কথিত আছে - এই আলৌকিক পাথরটি এক সময় উজ্জ্বল সাদা বর্ণের ছিল। যুগে যুগে চুম্বনকারী মানুষের পাপ শোষণ করে এই পাথর কালো বর্ণের রুপ ধারন করেছে। অনেকে এই পবিত্র পাথর সম্পর্কে দাবী করিয়া থাকেন এটি বেহেস্তের পাথর, কিন্তু বেহেশত থেকে এই পাথর কি রুপে পৃথিবীতে এসেছেন সেই সম্পর্কে কোন নির্ভরযোগ্য তথ্য সুত্র পাওয়া যায়না। যেহেতু পবিত্র পুস্তক কুরানে কোথাও পাথর পুজাকে অনুসরন করতে বলা হয়নি , কাজেই ধরে নেওয়া হয় যে - মোহাম্মাদ (সাঃ) আরব জাতির চিরায়িত ঐতিহ্যর প্রতি সম্মান এবং অনুরাগ জানিয়ে 'হাজরে আসওয়াদ' এ চুম্বনের প্রথা বহাল রাখেন। জানা যায়, কালো পাথরে চুম্বন প্রসঙ্গে একবার খলিফা হযরত ওমর (রাঃ) কে প্রশ্ন করা হলে তিনি বলেছিলেন - নবীজিকে চুম্বন

করতে না দেখলে তিনি নিজে কখনো এই পাথরকে চুম্বন করতেন না বলে। কাজেই প্রতীয়মান হয় যে, ইসলামের মূল পঞ্চভিত্তির মধ্যে অন্যতম 'হজ্জ' এর সকল প্রথা পবিত্র সত্ত্বা / সৃষ্টিকর্তা / আল্লাহ কত্রৃক অনুমোদিত নিয়মে পালিত হয় কিনা তা যথেষ্ট প্রশ্নের দাবীদার।।

রেফারেন্স - History of the Arabs. Writer- P. K. Hitti

কমেন্ট

শনিবার, ২৮/০৯/২০১৩ - ২৩:০৬ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

সুন্দর লেখা। সঙ্গে এই পাথর যে চুরি গিয়েছিল , পরে ফেরত দিয়ে গেলেও ঐতিহাসিকদের মধ্যে যথেষ্ট সন্দেহ থেকে যায় যে ওটা আসল কিনা, এছাড়া আগুনে কাবাঘর পুড়ে গেলে এই পবিত্র পাথরে আগুনের তাপে ফেটে টুকরো হয়ে যায় বলে ইতিহাস থেকে যা জানা যায় লে খার সঙ্গে এড করলে ভাল হতো।

শনিবার, ২৮/০৯/২০১৩ - ২৩:১৫ তারিখে আরশিনগরের পড়শি বলেছেন

ইসমাইলি বাতেনী সম্প্রদায়ের জনৈক নেতা মক্কা আক্রমন করে পাথরটি নিয়ে যায় এবং পরবর্তীতে ফিরিয়ে দেয় - সেই ঘটনার কথা বলছেন, সুষুপ্ত পাঠক ভাই? আগুনে পুড়ে যাওয়ার রেফারেন্স অ্যাড করব ভেবেছিলাম - পরে কি মনে করে অ্যাড করা হয়নি।

ধন্যবাদ, সাহস দেবার জন্য।।

☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼

"ও কারা কুরান,বেদ,বাইবেল চুম্বেছি মরি মরি?
ও মুখ হতে কেতাব গ্রন্থ নাও জোর করে কেড়ে
যাহারা আনিল গ্রন্থ কিতাব
সেই মানুষেরে মেরে পুজেছে গ্রন্থ ভণ্ডের দল ......
মূর্খরা সব শোন - মানুষ এনেছে গ্রন্থ, গ্রন্থ আনেনি মানুষ কোন ।"

শনিবার, ২৮/০৯/২০১৩ - ২৩:২৬ তারিখে সুষুপ্ত পাঠক বলেছেন

হ্যাঁ, আমি ওটার কথা বলছিলাম। ভাই, এইরকম আরো লেখা চাই।

রবিবার, ২৯/০৯/২০১৩ - ০৬:২৮ তারিখে আরশিনগরের পড়শি বলেছেন

চেষ্টা থাকবে ভাই।।

☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼

"ও কারা কুরান,বেদ,বাইবেল চুম্বেছি মরি মরি?
ও মুখ হতে কেতাব গ্রন্থ নাও জোর করে কেড়ে
যাহারা আনিল গ্রন্থ কিতাব
সেই মানুষেরে মেরে পুজেছে গ্রন্থ ভণ্ডের দল ......
মূর্খরা সব শোন - মানুষ এনেছে গ্রন্থ, গ্রন্থ আনেনি মানুষ কোন ।"

রবিবার, ২৯/০৯/২০১৩ - ০২:০৯ তারিখে ফেল্টু স্টুডেন্ট বলেছেন

Hubal = Allah = পেগ্যানদের চন্দ্র দেবতা।

রবিবার, ২৯/০৯/২০১৩ - ০৬:২৫ তারিখে আরশিনগরের পড়শি বলেছেন

এতো ঘুইরা গেলেন??

Allah = আল্লাতু + মানত + উজ্জা' দেবীর মা ---- ইসলাম পূর্ব আরব

http://en.wikipedia.org/wiki/Al-l%C4%81t

☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼

"ও কারা কুরান,বেদ,বাইবেল চুম্বেছি মরি মরি?
ও মুখ হতে কেতাব গ্রন্থ নাও জোর করে কেড়ে
যাহারা আনিল গ্রন্থ কিতাব
সেই মানুষেরে মেরে পুজেছে গ্রন্থ ভণ্ডের দল ......
মূর্খরা সব শোন - মানুষ এনেছে গ্রন্থ, গ্রন্থ আনেনি মানুষ কোন ।"

রবিবার, ২৯/০৯/২০১৩ - ১১:৪১ তারিখে আরশিনগরের পড়শি বলেছেন

Allah = আল্লাতু + মানত + উজ্জা' দেবীর মা ---- ইসলাম পূর্ব আরব

☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼

"ও কারা কুরান,বেদ,বাইবেল চুম্বেছি মরি মরি?
ও মুখ হতে কেতাব গ্রন্থ নাও জোর করে কেড়ে
যাহারা আনিল গ্রন্থ কিতাব
সেই মানুষেরে মেরে পুজেছে গ্রন্থ ভণ্ডের দল ......
মূর্খরা সব শোন - মানুষ এনেছে গ্রন্থ, গ্রন্থ আনেনি মানুষ কোন ।"

রবিবার, ২৯/০৯/২০১৩ - ১৭:৩৬ তারিখে বাংলার জামিনদার বলেছেন

কস কি মমিন !!!!! এত লোক চৌদি যায় পুজা করনের লাইগা। কাম সারছে।

বুধবার, ০২/১০/২০১৩ - ১২:২১ তারিখে আরশিনগরের পড়শি বলেছেন

আমরা খারাপ কথা না বলি

☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼

"ও কারা কুরান,বেদ,বাইবেল চুম্বেছি মরি মরি?
ও মুখ হতে কেতাব গ্রন্থ নাও জোর করে কেড়ে
যাহারা আনিল গ্রন্থ কিতাব
সেই মানুষেরে মেরে পুজেছে গ্রন্থ ভণ্ডের দল ......
মূর্খরা সব শোন - মানুষ এনেছে গ্রন্থ, গ্রন্থ আনেনি মানুষ কোন ।"

মঙ্গলবার, ০১/১০/২০১৩ - ১৮:০৫ তারিখে মূর্খ চাষা বলেছেন

সাদা পাথরে চুমা খাইয়া খাইয়া পাপ জমাইয়া / কালো হয়ে গেলে সেই পাথরে চুমা খাইলে পাপ দূর হওয়ার চেয়ে উলটা তো শরীরে ঢুকে পড়ার কথা । তাইলে ক্যামনে কি ?

বুধবার, ০২/১০/২০১৩ - ১২:২৭ তারিখে আরশিনগরের পড়শি বলেছেন

কত মানুষের কত কিসিমের জীবাণু প্রতি দিন জমে সেইটা হিসাব করলেই তো আর কারো চুমা খাবার কথা না !!!! ইসলামিস্ট এক ডাক্তার একবার কইছিল - বেহেস্তি পাথর, তাই আল্লাহের রহমতে যে কোন ধরনের জীবাণু মুক্ত ।। শুইনা ভাবছিলাম - হালায় এত বড় বেকুব কোন মেডিক্যাল থেকে পাশ করছে ।।

☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼☼

"ও কারা কুরান,বেদ,বাইবেল চুম্বেছি মরি মরি?
ও মুখ হতে কেতাব গ্রন্থ নাও জোর করে কেড়ে
যাহারা আনিল গ্রন্থ কিতাব
সেই মানুষেরে মেরে পুজেছে গ্রন্থ ভণ্ডের দল ......
মূর্খরা সব শোন - মানুষ এনেছে গ্রন্থ, গ্রন্থ আনেনি মানুষ কোন ।"

<u>সমাপ্ত</u>

http://www.nabojug.com/posts/mohammad-mostafa/383

কোরানের আল্লাহ কি সত্যিই দয়াময় নাকি নির্মম নিষ্ঠুর?

রবি, 06/16/2013 - 13:16 তারিখে

লিখেছেন : বিদ্রোহী

আমাদের বিশ্বাস আল্লাহ দয়ালু, ন্যয়বান, করুনাময় ইত্যাদি। কিন্তু কোরান পড়লে আল্লাহ যে আসলে দয়ালু বা করুনাময় তা মনে হয় না একেবারেই। মনে হয় ভয়ংকর নিষ্ঠুর ও বর্বর কেউ একজন। এটা শুনে অনেকেই আঁতকে উঠছেন আর ভাবছেন এটা একটা মহা ইসলাম বিদ্বেষী কথা। কিন্তু না, কোরানই সেটা সেটা বলছে আয়াতের পর আয়াতে।

যেহেতু ইসলাম নিয়ে বর্তমানে সারা পৃথিবীতে বিশাল শোরগোল চলছে। প্রতিটি মুসলমান দৃঢ়ভাবে বিশ্বাস করে যে ইসলাম হলো একমাত্র সত্য ধর্ম আর তাই তাদের ধর্মই সেরা। বিষয়টা সত্য হলে আমাদের সবারই ইসলামের পতাকাতলে আসা উচিত। না আসাটাই হবে চুড়ান্ত বোকামি। কিন্তু কথা হলো খালি মুখে মুখে যদি বলি আমার ধর্ম একমাত্র সত্য ধর্ম ও শ্রেষ্ট ধর্ম সেটা কি ঠিক হবে? কোন ধর্ম সত্য কি না বা শ্রেষ্ট কি না তা প্রমানিত হবে সেই ধর্মের কিতাবে কি বলে, কি আদেশ নির্দেশ উপদেশ দেয় তার উপর। আমরা কি কখনও যে ধর্ম সমূহ পালন করি সে ধর্মের কিতাব গুলো পড়ে একবারও পরখ করে দেখি যে আমরা যা বিশ্বাস করি, তা হুবহু কিতাবেও আছে কি না? খুব কম লোকেই সম্ভবত তা করি। এবার দেখা যাক আমরা ইসলাম সম্পর্কে বিশ্বাস করি কি, আর তার কিতাবে বলে কি।

নিচের আয়াতটি লক্ষ্য করি:

এবং নারীদের মধ্যে তাদের ছাড়া সকল সধবা স্ত্রীলোক তোমাদের জন্যে নিষিদ্ধ; তোমাদের দক্ষিণ হস্ত যাদের মালিক হয়ে যায়- এটা তোমাদের জন্য আল্লাহর হুকুম। এদেরকে ছাড়া তোমাদের জন্যে সব নারী হালাল করা হয়েছে, শর্ত এই যে, তোমরা তাদেরকে স্বীয় অর্থের বিনিময়ে তলব করবে বিবাহ বন্ধনে আবদ্ধ করার জন্য, ব্যভিচারের জন্য নয়। অনন্তর তাদের মধ্যে যাকে তোমরা ভোগ করবে, তাকে তার নির্ধারিত হক দান কর। তোমাদের কোন গোনাহ হবে না যদি নির্ধারণের পর তোমরা পরস্পরে সম্মত হও। নিশ্চয় আল্লাহ সুবিজ্ঞ, রহস্যবিদ। (সুরা নিসা, ৪:২৪)

এ আয়াত থেকে কিন্তু সহজেই বোঝা যায় যে- **তোমাদের দক্ষিণ হস্ত যাদের মালিক হয়ে যায় - এটা তোমাদের জন্য আল্লাহর হুকুম** - এ অংশ থেকে বোঝা যাচ্ছে যে যে সব নারীদেরকে আয়ত্ব করা যায়, ক্রয় অথবা দখল করে, তাদের সাথে বিয়ে ছাড়া যৌন কাজ হালাল। নিজে নিজে এভাবে ব্যখ্যা করলে অনেকেই হা হা করে বলে উঠবে এভাবে একটা বিচ্ছিন্ন আয়াতের অর্থ করলে তা ইসলাম হবে না। ভাল কথা। তাহলে আমরা তাফসিরে যেতে পারি। তবে তার আগে তাফসির কি জিনিস সেটা একটু জানা যাক।

মুহাম্মদ তার কোরানের আয়াত নাজিল করত বিভিন্ন ঘটনার প্রেক্ষিতে। কোরানে কিন্তু উক্ত ঘটনাসমূহের বর্ণনা নেই। তাই সরাসরি কোন আয়াতের অর্থ করাটা কঠিন। উক্ত ঘটনা সমূহকে বলে প্রেক্ষাপট। এ প্রেক্ষাপট জানা যাবে কোথা থেকে? হাদিস থেকে। ছয়টা সহি হাদিস কিতাব আছে যাদেরকে এক সাথে বলে সিয়া সিত্তা। বুখারি , মুসলিম, মালিক মূয়াত্তা, তিরমিজি, আবু দাউদ ও ইবনে মাজা এ ছয়টিকে সিয়া সিত্তা বলে। এ ছয়টি হাদিস সংকলনে মোট প্রায় চব্বিশ পচিশ হাজার হাদিস আছে। কিন্তু মুস্কিল হলো উক্ত পচিশ হাজার হাদিসের কোনটা যে কোন আয়াতের সাথে সম্পর্কিত সেটা বের করা অতীব কঠিন এক কাজ। এর ফলে কোরানের কোন নির্দিষ্ট আয়াতের অর্থ বোঝা আরও কঠিন হয়ে দাড়ায়। এ কাজটাকেই সহজ করে দিয়েছেন তফসিরকাররা। তারা কেউ কেউ সারা জীবন এ কাজটা করেছেন। তারা কোন আয়াতের সাথে কোন কোন হাদিস সম্পর্কযুক্ত সেটা বের করে প্রতিটি আয়াতের অর্থ করেছেন। যার ফলে কোরানের যে কোন আয়াতের অর্থ জানতে গেলে স্রেফ তফসির পড়লেই সেটা পরিস্কার বোঝা যায়। কারন সেখানে সেই আয়াত সংশ্লিষ্ট সকল হাদিস উল্লেখ করা থাকে, সেই সাথে উক্ত আয়াতের সাথে সম্পর্কযুক্ত অন্য আয়াতের উল্লেখও থাকে। সুতরাং এর পর যদি কেউ বলে যে, বিচ্ছিন্ন একটা আয়াতের অর্থ তাফসির থেকে জেনে নিলে তাতে তার প্রকৃত অর্থ জানা হবে না তাহলে তাকে নি:সন্দেহে একজন মতলববাজ হিসাবে আখ্যায়িত করা যায়।

এর পর প্রশ্ন আসে, কার তাফসির সবচাইতে নির্ভরযোগ্য। দুনিয়া সকল মুসলমানই এ বিষয়ে এক বাক্যে বলবে ইবনে কাথিরের তাফসির। কারন এই ব্যক্তির জন্ম সিরিয়াতে ১৩০০ খৃষ্টাব্দের দিকে এবং মাতৃভাষা আরবী। সারাজীবন ইসলামের সেবা করে গেছেন। সেই সময়ে ইসলাম নিয়ে মানুষ অত গবেষণা করত না, তাই ইসলামের ভিতরে যে সব বিতর্কিত বিষয় আছে সেসবও মানুষের তেমন জানা ছিল না। ফলে তখন ইবনে কাথির কোরানের আয়াতের সাথে সংশ্লিষ্ট সকল হাদিস একত্র করে অত:পর তার তাফসির করেছেন কোনকিছু গোপন করার চেষ্টা করেন নি বা এড়িয়ে যাওয়ার চেষ্টা করেন নি। কোন ক্ষেত্রে যদি তার কাছে বিষয়টি জটিল মনে হয়েছে ও তার কাছে অনেকটাই স্ববিরোধী মনে হয়েছে তিনি খুব সরল ভাষায় বলেছেন - **এ বিষয়ে আল্লাহই সব চাইতে বেশী জানেন**। অর্থাৎ তাফসির করতে গিয়ে তিনি যথা সম্ভব সৎ থাকার চেষ্টা করেছেন।

কিন্তু বিগত কয়েক দশকে যেসব তাফসিরকারদের আগমন ঘটেছে, তারা কিন্তু ইসলামের বিতর্কিত বিষয়গুলো সম্পর্কে ওয়াকিফহাল। সুতরাং তারা যেটা করেছে তা হলো - বিতর্কিত বিষয়গুলোকে এড়িয়ে অনেক সময় বাদ দিয়ে কোরানের আয়াতের অর্থ করেছেন। এর ফলে একজন মানুষকে খুব সহজেই কিন্তু বিভ্রান্ত করা সম্ভব। এ বিষয়ে পরে এক সময় একটা পোষ্ট দেয়ার আশা করছি। যাহোক, এদের তাফসির থেকে তাই প্রকৃত ইসলাম জানা সম্ভব নয় যতটা সম্ভব ইবনে কাথিরের তাফসির থেকে। যাহোক এবার আমরা উপরোক্ত ৪: ২৪ আয়াতের তাফসির দেখতে পারি ইবনে কাথির থেকে-

www.QuranerAlo.com

২৪। এবং নারীদের মধ্যে সধবাগণ; কিন্তু তোমাদের দক্ষিণ হস্ত যাদের অধিকারী– আল্লাহ তোমাদের জন্য তাদেরকে বিধিবদ্ধ করেছেন, এতদ্ব্যতীত তোমাদের জন্যে বৈধ করা হয়েছে যে, তোমরা স্বীয় ধনের দ্বারা ব্যভিচারের উদ্দেশ্য ব্যতীত বিবাহবদ্ধ করার জন্যে তাদের অনুসন্ধান কর, অনন্তর তাদের দ্বারা যে ফলভোগ করেছ, তজ্জন্যে তাদেরকে তাদের নির্ধারিত দেয় প্রদান কর এবং কোন অপরাধ হবে না– যদি নির্ধারণের পর তোমরা পরস্পর সম্মত হও, নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞানময়।

٢٤- وَّالْمُحْصَنٰتُ مِنَ النِّسَآءِ اِلَّا مَا مَلَكَتْ اَيْمَانُكُمْ كِتٰبَ اللّٰهِ عَلَيْكُمْ وَاُحِلَّ لَكُمْ مَّا وَرَآءَ ذٰلِكُمْ اَنْ تَبْتَغُوْا بِاَمْوَالِكُمْ مُّحْصِنِيْنَ غَيْرَ مُسٰفِحِيْنَ فَمَا اسْتَمْتَعْتُمْ بِهٖ مِنْهُنَّ فَاٰتُوْهُنَّ اُجُوْرَهُنَّ فَرِيْضَةً وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا تَرٰضَيْتُمْ بِهٖ مِنْۢ بَعْدِ الْفَرِيْضَةِ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا حَكِيْمًا ○

অর্থাৎ যেসব নারীর স্বামী রয়েছে তারাও তোমাদের জন্যে হারাম। তবে হ্যাঁ, কাফিরদের যেসব স্ত্রী যুদ্ধক্ষেত্রে বন্দিনী হয়ে তোমাদের অধিকারে আসবে, এক ঋতুকাল অতিক্রান্ত হবার পর তারা তোমাদের জন্যে বৈধ হবে। মুসনাদ-ই-আহমাদে হযরত আবূ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, 'আওতাসের যুদ্ধে কতগুলো সধবা স্ত্রীলোক বন্দিনী হয়ে আসে। আমরা রাসূলুল্লাহ (সঃ)-কে তাদের সম্বন্ধে জিজ্ঞেস করলে এ আয়াতটি অবতীর্ণ হয় এবং তাদের সাথে মিলিত হওয়াকে বৈধ করা হয়'। জামেউত্ তিরমিযী, সুনান-ই-ইবনে মাজা, সহীহ মুসলিম প্রভৃতি হাদীস গ্রন্থেও এ হাদীসটি রয়েছে। তাবরানীর হাদীসে বর্ণিত আছে যে, এটা খাইবার যুদ্ধের ঘটনা।

পূর্ববর্তী মনীষীদের একটি দল এ আয়াতের সাধারণতা হতে দলীল গ্রহণ করে বলেন যে, দাসীকে বিক্রি করে দেয়াই হচ্ছে তার স্বামীর পক্ষ হতে তালাক

পৃষ্ঠা নং ৩৪৩, তাফসির ইবনে কাসির, ৪র্থ,৫ম,৬ষ্ঠ ও ৭ম খন্ড।
সাইট: http://www.quraneralo.com/tafsir/

এ তাফসিরে দেখা যাচ্ছে - ইবনে কাথির খুব সরলভাবেই প্রকাশ করেছেন যে -আওতাসের যুদ্ধের সময় কিছু নারী বন্দিনী হয়ে আছে সাহাবীরা তাদের সাথে বিয়ে ছাড়াই যৌন কাজ করতে চাইলে তখন উক্ত ৪:২৪ আয়াত নাজিল হয় এবং নবি তাদেরকে উক্ত বন্দিনী নারীদের সাথে যৌনকাজকে অনুমতি দেন। এ বিষয়ে আরও হাদিস দেখা যেতে পারে --

আবু সাদ খুদরি বর্ণিত - হুনায়নের যুদ্ধের সময় নবি আমাদের কয়েকজনকে আওতাসের যুদ্ধ ক্ষেত্রে প্রেরন করেন এবং সেখানে আমরা যু দ্ধে জয়লাভ করে কিছু সংখ্যক নারীকে বন্দিনী করলাম। কিন্তু আমরা তাদের সাথে যৌন কাজ করতে অনিচ্ছুক ছিলাম কারন তাদের স্বামীরা তখনও জীবিত ছিল। আর তখনই আল্লাহ নাজিল করল - যারা তোমাদের দক্ষিন হস্তের মালিক হয়ে যায়, এটা তোমাদের জন্য আল্লাহর হুকুম(৪: ২৪)। (সহি মুসলিম, বই ৮, হাদিস ৩৪৩২)
খেয়াল করতে হবে ঠিক এ হাদিসটিই কিন্তু ইবনে কাথির তার তাফসিরে তুলে ধরেছেন। হুবহু এরকম আরও বহু হাদিস আছে যেখানে বলা হয়েছে যুদ্ধ বন্দিনী নারীদের সাথে সেক্স করা যাবে। অনেকে এ ব্যপারে বলতে পারে এটা সেই সময়ে চালু ছিল কিন্তু এখন চালু নেই। কথাটা সম্পূর্ন অসত্য। উক্ত আয়াতে বলছে এটা আল্লাহর হুকুম। সুতরাং এটা সর্বকালের জন্য প্রযোজ্য। তার পরেও যদি পরে আল্লাহ এ হুকুম রদ করে দিত তাহলে এ সম্পর্কিত একটা আয়াত নাজিল করত। কিন্তু গোটা কোরানের কোথাও কিন্তু সেই রহিতকরনের আয়াত নেই যা দেখা যায় অন্য অনেক ক্ষেত্রেই। সুতরাং যারা বলে এটা সেই সময়ের প্রেক্ষিতে সঠিক ছিল কিন্তু এখন চালু নেই , তারা জেনে শুনে ঠান্ডা মাথায় মিথ্যা কথা বলে। অর্থাৎ এটা এখনো বহাল তবিয়তে চালু আছে , যদি কখনও মুসলমানরা কারও সাথে যুদ্ধে লিপ্ত হয়, তখন তারা এটার সদ্ব্যবহার করতে পারবে।

এখন প্রশ্ন হলো - বিজয়ী সৈন্যরা যখন বন্দিনী নারীদের সাথে যৌন কাজ করতে যাবে, উক্ত নারীরা নিশ্চয়ই স্বেচ্ছায় আনন্দ চিত্তে তাদের সাথে যৌন কাজ করতে চাইবে না। তার অর্থ তাদেরকে আসলে তখন জোর করতে হবে যার সোজা অর্থ হলো ধর্ষন করতে হবে। কেউ যদি এভাবে বলে যে - উক্ত ৪:২৪ আয়াতে বন্দিনী নারীদেরকে আল্লাহ ধর্ষন করতে বলছে, সাথে সাথে অনেকে বলে উঠবে, কোরানে তো কোথাও ধর্ষনের কথা বলা নেই। অথচ খেয়াল করুন প্রকৃত অবস্থা বিচার করলে বন্দিনী নারীকে ধর্ষনই করতে হবে। তার অর্থ- উক্ত ৪:২৪ নং আয়াতে আল্লাহ বন্দিনী নারীকে ধর্ষনই করতে বলছে। আর কি মর্মান্তিক ঘটনা লক্ষ্য করুন - উক্ত বন্দিনী নারীদের কারও কারও স্বামী বেচে আছে, তাদেরকেও ধর্ষন করতে বলছে। **সেই সময়কার যুদ্ধ ক্ষেত্রের অবস্থা বিবেচনা করলে দেখা যাবে - হয়ত উক্ত বন্দিনী নারীদের পাশাপাশিই তাদের স্বামীদেরকে বন্দি করে রাখা হয়েছে। তার অর্থ অনেকটা প্রায় তাদের বন্দি স্বামী বা পিতা-ভাই-ছেলে-এর সামনেই বা পাশেই তাদেরকে ধর্ষন করতে বলছে আল্লাহ।** বর্তমান কালে যাদের ন্যূনতম নৈতিকতা আছে, তারা কি এ ধরনের ধর্ষনকে কোন ভাবে মেনে নিতে পারে ? বলতে পারে এটা একটা ভাল কাজ? তারা কি সবাই বলবে না এটা ভয়াবহ একটা বর্বর, নিষ্ঠুর ও জঘণ্য কাজ?

অথচ কোরানের আল্লাহ সেই ভয়াবহ বর্বর, নিষ্ঠুর ও জঘন্য কাজের আদেশ দিচ্ছে মুসলমানদেরকে।

এখানে খেয়াল করুন, উক্ত নারীরা কিন্তু কোন দোষ করেনি। তারা কিন্তু সম্পূর্নই নিরাপদ। দোষ যদি করে থাকে তাদের স্বামী বা পিতা বা ভাই এরা করতে পারে, তারা কিন্তু কোনই অপরাধ করে নি। কোন অপরাধ ছাড়াই কিন্তু তাদের ওপর এ ধরনের ভয়াবহ নির্মম ও বর্বর আচরন করতে বলছে কোরানের আল্লাহ। খেয়াল করুন এখানে কিন্তু বলছে না যে তাদেরকে বিয়ে করে অত:পর যৌন কাজ কর। তাহলেও কিন্তু কিছুটা মানবতা থাকত তাতে। কারন তা দের স্বামী বা আত্মীয় স্বজন যুদ্ধে মারা যাবার পর তারা অসহায় হয়ে পড়েছে তাই আল্লাহ বলছে তাদেরকে বিয়ে করে আশ্রয় দাও ও ভোগ কর। সেসবের কিন্তু কোন বালাই নেই এখানে। অর্থাৎ মানবতার ছিটে ফোটাও এখানে নেই। কোন কোন ক্ষেত্রে হয়ত অনেক মুসলমান তার ভাগে যে বন্দিনী নারীটা পড়েছে তাকে বিয়ে করে স্ত্রীর মর্যাদা দিয়েছে কিন্তু সেটা সম্পূর্ন ব্যক্তিগত ঐচ্ছিক ব্যপার। সেটা কিন্তু বাধ্যতামূলক নয়।

তাহলে পরিশেষে যে প্রশ্ন গুলো অবধারিত ভাবে এসে পড়ে তা হলো --

ক) এ কেমন আল্লাহ যে ভয়াবহ নিষ্ঠুর , নির্মম, বর্বর ও জঘন্য মানবতাবিরোধী কাজের আদেশ দেয় ?

খ) এ কেমন আল্লাহ যে সম্পূর্ন বিনা দোষে অসহায় নারীদের ওপর এ ধরনের জঘন্য অত্যাচারের আদেশ দেয় ?

গ) আল্লাহ যদি পরম দয়ালু, ন্যায়বান, করুনার সাগর হয় , কোরানের আল্লাহকে কি আদৌ তা মনে হচ্ছে? কোরানের আল্লাহকে কি মনে হচ্ছে না যে সে ভয়াবহ অমানবিক, নিষ্ঠুর, বর্বর, জঘন্য মানসিকতার একজন কেউ যার মনে দয়া মায়া বা ন্যয়ের ছিটে ফোটাও নেই?

ঘ) এই যদি হয় বাস্তব পরিস্থিতি - এ আল্লাহ কি সত্যিকার আল্লাহ নাকি অন্য কেউ?

এ বিষয়গুলো আমি এ ব্লগে আগত সকল মুমিন মুসলমানের কাছে রাখলাম। দয়া করে উত্তর   দানে বাধিত করলে চিরকৃতজ্ঞ থাকব।

সূত্র : বুখারি, মুসলিম, আবু দাউদ ও মালিক মূয়াত্তার হাদিস

মন্তব্যসমূহ

হুনায়নের যুদ্ধের সময় নবি

মন্তব্য করেছেন chodonbaaz (যাচাইকৃত নয়) (তারিখ: রবি, 06/16/2013 - 21:57).

হুনায়নের যুদ্ধের সময় নবি আমাদের কয়েকজনকে আওতাসের যুদ্ধ ক্ষেত্রে প্রেরন করেন এবং সেখানে আমরা যুদ্ধে জয়লাভ করে কিছু সংখ্যক নারীকে বন্দিনী করলাম। কিন্তু আমরা তাদের সাথে যৌন

কাজ করতে অনিচ্ছুক ছিলাম কারন তাদের স্বামীরা তখনও জীবিত ছিল। আর তখনই আল্লাহ নাজিল করল - যারা তোমাদের দক্ষিন হস্তের মালিক হয়ে যায়, এটা তোমাদের জন্য আল্লাহর হুকুম(৪: ২৪)। (সহি মুসলিম, বই ৮, হাদিস ৩৪৩২)

এ থেকে বোঝা যাচ্ছে, আরবের তথাকথিত বর্বর পুরুষরাও তখন ঐসব অসহায় মেয়েদের জোর করে ধর্ষণ করতে ইচ্ছুক ছিলো না। কিন্তু আল্লা হুকুম দিচ্ছে তাদের জোর করে ধর্ষণ করতে। আল্লা কতটা খারাপ ও চরিত্রহীন এ থেকে সহজে অনুমান করা যায়। আসলে এটা তো তো আর আল্লা বলে নি , বলেছে যৌন-উন্মাদ মুহাম্মদ নিজেই। সুতরাং তার কল্পিত আল্লাকে দোষ দিয়ে লাভ নেই।

খেয়াল করতে হবে ঠিক এ

মন্তব্য করেছেন আব্দুল হাকিম চা... (তারিখ: সোম, 06/17/2013 - 01:40).

খেয়াল করতে হবে ঠিক এ হাদিসটিই কিন্তু ইবনে কাথির তার তাফসিরে তুলে ধরেছেন। হুবহু এরকম আরও বহু হাদিস আছে যেখানে বলা হয়েছে যুদ্ধ বন্দিনী নারীদের সাথে সেক্স করা যাবে। অনেকে এ ব্যপারে বলতে পারে এটা সেই সময়ে চালু ছিল কিন্তু এখন চালু নেই।

ওটা অবশ্যই চালু আছে,কারন কোন আয়াত দ্বারা ওটাকে রহিত করা হয় নাই। ঠিক একই ভাবে অমুছলিমদের বিরুদ্ধে অনবরত জিহাদ চালিয়ে যাওয়ার নির্দেশ ও চালু রয়ে গিয়েছে। কারণ তাকেও রোহিত করা হয়নাই।যার কারণে আজ প্রতিদিন আত্মঘাতি আক্রমন হচ্ছে। আজও ইরাকে শিয়া অধ্যুসিত এলাকায় আত্মঘাতি আক্রমনে ১৫ জন নিহত ও অসংখ্য আহত হয়েছে।

এ বিষয়গুলো আমি এ ব্লগে আগত

মন্তব্য করেছেন আব্দুল হাকিম চা... (তারিখ: সোম, 06/17/2013 - 02:03).

এ বিষয়গুলো আমি এ ব্লগে আগত সকল মুমিন মুসলমানের কাছে রাখলাম। দয়া করে উত্তর দানে বাধিত করলে চিরকৃতজ্ঞ থাকব।

ঈমানদার মুসলমানদের আর বলার কিছু নাই ,তাই আর কীই বা বলতে আসবে।

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=16427

শয়তানের জন্ম ও বিবর্তনের ইতিহাস(১ম পর্ব)

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪১৮ (মে ২১, ২০১১)

লিখেছেন: রাজেশ তালুকদার

শয়তান এক রোমাঞ্চকর ভীতি জনক ধর্মীয় চরিত্র। যার সরব উপস্থিতির কেন্দ্র বিন্দু আসমানী কিতাবের পাতায় ও কিতাব বিশ্বাসীদের আবদ্ধ মনে সীমাবদ্ধ। ধর্ম বোদ্ধাদের কাছে শয়তান সব রকম মন্দ কাজের প্রতীক।বেহেস্ত থেকে মনুষ্যকুলকে বিতারিত করার চক্রান্তকারী, ভাল মানুষকে করে বিপথগামী, নরক রাজ্যে মাত্রাতিরিক্ত জনসংখ্যার উৎস, এক কথায় ঈশ্বর ও মানুষের মাঝে বিদ্যমান সম্পর্কের ফাটল ধরাতে দিন রাত্রি বিরামহীন গতিতে কাজ করে যাওয়া যেন শয়তান এক মাত্র পেশা।

শয়তান শব্দটি এসেছে হিব্রু শব্দ স্যা-টান(sa-tan) থেকে যার আভিধানিক অর্থ “শত্রু।আদম ও ঈভকে “জ্ঞান বৃক্ষের” ফল খাওয়ানোর অপরাধে স্বর্গ থেকে বিতাড়নের পর তার নাম হয় “স্যাটান”(satan)।Old testament থেকে New testament যুগে এসে শয়তান সম্পর্কিত ধারনা ও শয়তানি ক্ষমতার ব্যাপক রদবদল হয়েছে। Old testament উৎপত্তি হয়েছে খ্রীষ্ট পূর্ব ১৫০০-৪০০ বছর আগে প্রায় ৩৯ টি বইয়ের সমন্বয়ে যা লিখিত হয়েছে মূলত হিব্রু ভাষায় এবং কিছু আরামায়িক(Aramaic) ভাষায়। প্যালেষ্টাইন অঞ্চলের আমজনতার ভাষা ছিল এই Aramaic। অপর দিকে গ্রীক ভাষায় New testament লিখিত হয়েছে ২৭ টি বইয়ের সমন্বয়ে। ইহুদি দার্শনিক আলেকজেন্ড্রারের আন্তরিক প্রচেষ্টায় বহু খাটা খাটুনি করে আনুমানিক খ্রীষ্ট পূর্ব ২৫০ বছর আগে ৭০ মতান্তরে ৭২ জন অনুবাদক ১২ দলে ভাগ হয়ে OT হিব্রু থেকে গ্রীক ভাষায় অনুবাদ করেন। অনুবাদের কাজটি করতে গিয়ে OT কে তারা Historical, Poetic এবং Prophetic এই তিন ভাগে করে এতে অনেক কিছু সংযোজন বিয়োজন করেন অত্যন্ত সর্তকতার সাথে।হিব্রু থেকে গ্রীক ভাষায় অনুবাদ করতে গিয়ে এখানে শয়তান অবর্তিন হয়েছে Devil রূপে। Devil শব্দটির উৎপত্তি গ্রীক শব্দ Diabolos থেকে। অর্থ “শত্রু” বা “প্রতিপক্ষ” হলেও অর্থ গত দিক থেকে Satan অপেক্ষা Devil অনেক ওজনদার অর্থাৎ বেশী মন্দ ধারনার অধিকারী। Devil সরাসরি ঈশ্বরের অবাধ্য ঈশ্বরের প্রতি চ্যালেঞ্জ সৃষ্টিকারি ও মানুষের শত্রুরূপে বিবেচিত। এছাড়াও শয়তান কে ডাকা হয় অরো অনেক নামে যেমনঃ - Lucifer, Dragon, Serpent, Beelzebub, Abaddon ইত্যাদি। ইসলামে শয়তানের নাম রাখা হয়েছে “ইবলিশ”,ইসলামে “ইবলিশ” চিত্রিত হয়েছে ঈশ্বরের পরে সব চেয়ে বেশী শক্তিশালী ক্ষমতাধর ব্যক্তি চরিত্রে।

এই শয়তানের সাথে মানুষের পরিচয় কিভাবে হল সে ইতিহাস জানতে হলে ঐতিহাসিকদের মতে আমাদের পিছাতে হবে খ্রীষ্টের জন্মেরও অনুমানিক ২০০০ বছর আগে। যখন প্রাচীন ইরান আক্রান্ত হয়েছিল ইন্দো-ইউরোপিয়ান “কুরগান”(kurgan) জাতি দ্বারা। এদের আবাস স্থল ছিল রাশিয়ার দক্ষিন কোনে। খাদ্য ও উন্নত জীবন জীবিকার খোজে বিপুল সংখ্যক কুরগান জাতি মধ্য প্রাচ্য ও ইউরোপে

ক্রমাগত বসত গড়ে নিজেদের অবস্থান মজবুত করে নেয়। "কুরগানরা" ছিল বহুদেবতায় বিশ্বাসী। তাদের আচরিত ধর্মীয় গ্রন্থ ছিল "ভেদাস"।

পশ্চিম ইউরোপে জুড়ে যে কুরগানরা বসতি স্থাপন করেছিল কালক্রমে পরিবর্তনের হাওয়ায় তারা পরিচিতি পায় সেল্টিক (Celtic) জন গোষ্ঠি নামে। স্থানীয়দের সাথে মিলে মিশে একাকার হওয়ায় নীরবে তাদের ধর্মে আসে ব্যাপক পরিবর্তন। নতুন ধর্মীয় মত হয় "ড্রুয়িডিজম" (Druidism)। আর যে সব "কুরগান" মধ্য প্রাচ্যে বসতি গড়ে তুলেছিল প্রবাহমান সময়ের স্রোতে তাদের ধর্মীয় বিশ্বাসে ঘটে যায় যুগান্তকারী নাটকিয় পরিবর্তন। যুক্ত হয় মানুষ মড়ার পরে মৃত ব্যক্তির আত্মার "পাপ মোচন" ও "নরক দন্ড" ভোগের নব দুই ধারা। এই বিশ্বাস মতে প্রত্যেক মৃত ব্যক্তির আত্মাকে অবশ্যই ঘোড়ায় চড়ে পার হতে হবে একটি খুবই সরু সাঁকোর উপর দিয়ে। তাদের দেবতা "রাশু" (Rashu) দাঁড়িয়ে থেকে তদারকি করবেন প্রত্যেক আত্মার সাঁকো পার হওয়ার চলমান ও কম্পমান পতনের দৃশ্য। পুন্যআত্মারা সাঁকো অনায়াসে পার হয়ে স্বর্গে পৌঁছতে পারলেও পাপী আত্মারা সাঁকো থেকে পিছলে পড়ে নিক্ষিপ্ত হবেন ভয়ানক দুর্গন্ধযুক্ত জলন্ত অগ্নি কুন্ডে(নরকে)।
ইতিহাসবিদদের দাবি, এরাই প্রথম কৃত কর্মের ফল অনুসারে প্রত্যেক মৃত ব্যক্তির আত্মা নামক এক পরম সত্বার স্বর্গ-নরক গমন ধারনার ধর্মীয় দিগন্তের সূচনা করে। তাদের বিশ্বাস দেবতা "রাশু" শুভ শক্তি। তাঁর পক্ষে মানুষকে কোন প্রকার অন্যায় বা পাপ কাজে সহযোগীতা করা সম্ভব নয়। তাহলে কেন মানুষ অন্যায় বা পাপ কাজ করে? কে ভালো মানুষকে প্রলুব্ধ করে পাপ বা অন্যায়ের পথে টেনে নিয়ে যায়? এর জন্য দায়ী কে বা কোন অদৃশ্য শক্তি ? এই আপাত দুরূহ প্রশ্ন গুলোর একটি গ্রহনযোগ্য সমাধান খুজতেই ধীরে ধীরে কল্পতিত হতে শুরু করে মন্দ বা পাপের প্রতীক কোন এক বিশেষ শক্তির। কিন্তু তখনো শয়তান চরিত্রটি আজকের মত এত শক্তিশালী পূর্নাঙ্গ চরিত্র নিয়ে জন্ম লাভ করেনি।

আনুমানিক ৬২৮ থেকে ৫৫১ খৃস্টপুর্বে পারস্যে বর্তমান ইরানে জন্ম লাভ করা পয়গম্বর জরোয়াস্টার (Zoroaster)শয়তানের ধারনাটিকে আরেকটু স্বচ্ছ অবয়ব দান করার চেষ্টা করেন। তাঁর প্রচারিত মতবাদটি পরিচিতি পায় মাজদাবাদ (Mazdaism)নামে। তিনি তাঁর প্রচারিত ধর্মে আধাত্মিকতা বাদে অনেক নতুন ধারা সংযোজিত করেন। ধর্মীয় ইতিহাসে প্রথম এক ঈশ্বরবাদী ধার্মের প্রবক্তা হিসাবেও তাকে বিবেচিত করেন ইতিহাসবিদরা। তৎকালীন সমাজে পূজিত বরুণ , মিত্রা ও ইন্দ্রকে পূজা করতে অস্বীকার করে পরিবর্তে শুরু করেন তাঁর সৃষ্ট সর্ব ক্ষমতার অধিকারী , স্বর্গ মর্ত্যের সৃষ্টিকারী আহুরা মাজদা (Ahura Mazda))নামে এক শুভ পুরুষ দেবতার পূজা। জরোয়াষ্টারের মতে আহুরা মাজদার আরেক জমজ ভাই হল আহরিমান (Ahriman)। যিনি হলেন মন্দের দেবতা। পৃথিবীতে যত খারাপি আছে সব কিছুর স্রষ্টা এই আহরিমান।

আহুরা মাজদা ও আহরিমানের মধ্যে আদর্শিক দ্বন্দ্ব প্রতিষ্ঠায় শুরু হয় বিরোধ। বিরোধ গড়ায় যুদ্ধে। জরোয়াষ্টার বিশ্বাস করতেন তাদের এই যুদ্ধ ক্রমাগত চলতেই থাকবে যতক্ষন পর্যন্ত না খারাপ দেবতা আহরিমান পরাজিত না হয়। মাজদাবাদে আছে শেষ বিচার নামে এক বিচার ব্যবস্থা যেখানে মৃত মানুষদের আত্মাকে কর্ম অনুযায়ি দুই ভাগে ভাগ করা হবে। যারা ভাল কাজ করবে তাদের প্রাপ্তি স্বর্গ আর যারা খারাপ কাজ করবে তারা ভোগ করবে অনন্তকাল নরক যন্ত্রনা ।

ইতিহাসবিদ দের ভাষ্য মতে মাজদাবাদের লেজ ধরেই এক ঈশ্বরবাদী ইহুদি, খ্রিষ্টান ও পরিশেষে ইসলামের জন্ম।

জি মেসান্ডির (G.Messande) মতে খৃষ্ট পুর্ব ৫ম শতাব্দি থেকে খৃষ্ট পুর্ব ৫৩ সনের মধ্যবর্তী সময়ের মধ্যে ইহুদিরা মাজদাবাদের অনেক কিছু আত্মসাৎ করে। তার মধ্যে আত্মা অবিনশ্বর , স্বর্গীয় দেবতা ও শয়তানের ধারনা অন্যতম।

প্রাচীন ইস্রাইলে প্রথম দিকে গড়ে ওঠা হিব্রু ধর্মীয় মতানুসারে ভালো ও মন্দ উভয় কাজ সব্যসাচী রূপে পরিচালনা করতেন তাদের ঈশ্বর জেহোবাহ (Jehovah)নিজেই। শয়তানকে তখনো ঈশ্বরের প্রতিপক্ষ রূপে উপস্থাপনের কোন চেষ্টা না করে বরং সর্ব ক্ষমতা ও একক সিদ্ধান্তের অধিকারী ঈশ্বর জেহোবার ইচ্ছানুসারে সব কিছু ঘটত বলে বিশ্বাস করা হত।

Isaiah 45:6-7

I am the LORD and there is none else. I from the light and create darkness. I make peace and create evil. I the Lord do all things. (KJV)

Lamentations 3:37-38

Who has commanded and it came to pass, unless the Lord has ordained it? It is not from the mouth of the Most High that good and evil come?

প্রমাণ হিসাবে আরো উল্লেখ করা যায় সমগ্র পৃথিবী ব্যাপী প্রলয়ংকরি বন্যায় নোয়ার নৌকা ভাসানোর হিব্রু গল্প। বন্যায় জান, মাল ও সম্পদের যত ধ্বংস ও ক্ষয় ক্ষতি হয়েছিল সবটাই ঘটেছিল ঈশ্বরের ইচ্ছাতে।

Old testament যুগের প্রারম্ভিক দিকেও ধর্মে শয়তানের কোন ভুমিকা নেই। এখানে ঈশ্বরই সর্বেসর্বা অর্থাৎ কর্তার ইচ্ছা কর্ম। সে যুগের মানুষের চেষ্টা ছিল ঈশ্বরকে ইনিয়ে বিনিয়ে সব সময় তুষ্ট রাখার অপ্রাণ চেষ্টা করা। ঈশ্বর প্রসন্ন থাকলেই দেশ সমাজ ও ব্যক্তি জীবনে কেবল ভালো বা শুভ পরিস্থিতি বিরাজ করবে আর কোন কারনে ঈশ্বর অসন্তুষ্ট হলেই মানুষের উপর ঈশ্বরের অভিশাপ ধেয়ে আসে এটাই ছিল সে যুগের প্রচলিত বিশ্বাস। OT পঞ্চম খন্ডকে বলা হয় “ডিউটারনমি” (Deuteronomy)। এখানে ঈশ্বরের নিষ্ঠুরতার কিছু নমুনা বর্নিত আছে -

The LORD will send on you curses, confusion and rebuke in everything you put your hand to, until you are destroyed and come to sudden ruin because of the evil you have done in forsaking him. The LORD will plague you with diseases until he has destroyed you from the land you are entering to possess. The LORD will strike you with wasting disease, with fever and inflammation, with scorching heat and drought, with blight and mildew, which will plague you until you perish. **(Deuteronomy 28:20-23)**

মানুষকে শারীরিক মানসিক নির্যাতন চালাতেই যেন ঈশ্বরের যত আনন্দ। অথচ ঈশ্বর সব সময় কল্পিত হয়ে এসেছে শুভ প্রতীক রূপে মানুষের রক্ষাকর্তার ভূমিকায়। OT তে ঈশ্বরের বর্ননা দেখে মনে

হয় শয়তান এখানে ঈশ্বরের চেয়ে ঢের ভালো। অসহায় মানুষের উপ র শয়তান কখনো এত বর্বরতার সুযোগ নেয় নি।

হিব্রু বাইবেলের সংকলিত কয়েকটি বইয়ের মধ্যে “জব” (Job) অন্যতম। জব কখন কোথায় লিখিত হয়েছিল সে সম্পর্কে রয়েছে প্রচুর মতানৈক্য। লেখকের নামও অজানা। তারপরেও হিব্রু বাইবেলে জবকে একটি শিক্ষনীয় ও পবিত্র বই হিসাবে গন্য করা হয়। হিব্রু বাইবাল মতে পূর্ব প্যালেইষ্টাইনে জন্ম গ্রহন করা জব ছিলেন ধনশালী, ন্যায় নিষ্ঠ, সত্যবান, পরোপকারী, পরিশ্রমী, মোটের উপর একজন আদর্শ পুরুষ। যিনি সারা জীবন ঈশ্বরকে ভক্তি শ্রদ্ধা ও স্মরন করে গেছেন অবলীলায়। তাই জব পরিগনিত হয়ে গেলেন ঈশ্বরের প্রিয় পাত্র হিসাবে। কিন্তু জবের ঈশ্বর প্রীতি শয়তানের একদম সহ্য হল না। কুটিল শয়তান চক্রান্ত করে ঈশ্বরকে পরার্মশ দিল জব ঈশ্বরকে আদৌ সত্যিকার অর্থে কোন ভক্তি শ্রদ্ধা করে কিনা তা একবার বাজিয়ে দেখার। শয়তানের কথা ঈশ্বরের মনে ধরল, শুরু করলেন নির্দয় কঠিন পরীক্ষা। ঈশ্বর শয়তান কে আদেশ করলেন প্রথমে তার ছেলেমেয়েদের হত্যা করার, তার সমস্ত ধন সম্পদ ধ্বংস করার, শেষে জব কে দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত করার। অসীম মানসিক নির্যাতনে নিস্পেষিত ও অনেক দুঃখ কষ্ট ভোগের পরেও জব ঈশ্বরের প্রতি কোনরূপ গালমন্দ বা দোষারোপ করলেন না। তার ঈশ্বর ভক্তিতে সামান্য ফাটল দেখা গেল না কোথাও। পরীক্ষায় পাস করলেন জব। খুশি হলেন ঈশ্বর। এই হল জবের কাহীনি। যা দীর্ঘ পদ্য আকারে লেখা আছে হিব্রু বাইবেলে। এই গল্পের নৈতিক শিক্ষা হল শত প্রতিকূল অবস্থার মধ্যেও প্রতিটি মানুষের কর্তব্য ঈশ্বরের প্রতি আস্থা রাখা কারন ঈশ্বর সব সময় আপনার পরীক্ষা নিচ্ছেন।

“One day the divine beings presented themselves before the LORD, and the satan (Heb: ha-satan) came along with them. The LORD said to the Adversary, ‘Where have you been?’ Satan answered the LORD, ‘I have been roaming all over the earth.’ The LORD said to Satan, “Have you noticed my servant Job?” – **Job 1:6-8**
জবে শয়তানের অনুঃপ্রবেশ ঘটলেও আমাদের কাছে দিবা লোকের মত পরিষ্কার ঈশ্বরের অনুমতি ছাড়া অর্থব শয়তানের শয়তানি করার বিন্দু মাত্র ক্ষমতা ছিল না। অনান্য দেবতার মত সেও ছিল অত্যন্ত উচ্চ পদ সম্পন্ন একজন ঈশ্বরের আজ্ঞাবহ বাধ্য দেবতা। যে ঈশ্বরের ঈশারা ছাড়া একক সিদ্ধান্তে কোন খারাপ কাজে পা বাড়ানোর অধিকার রাখত না।

Satan can not perform any acts unless God approves **(Job 1:6 to 2:10)**

মন্তব্যসমূহ

1. সংশপ্তক

মে ২১, ২০১১ সময়: ৭:৩১ অপরাহ্ণ লিঙ্ক

শয়তানের বিবর্তনের ইতিহাস পড়তে বসে হতাশ হলাম । শয়তানের বিবর্তনের ইতিহাস কোন রকম নৃতাত্ত্বিক বিশ্লেষণ ছাড়া কিভাবে লেখা সম্ভব বুঝতে একটু কষ্ট হচ্ছে। শয়তান এবং ঈশ্বরের জন্ম একই সাথে যখন ধর্মের প্রাথমিক বিকাশ ঘটে প্রায় ৫০ হাজার বছর পূর্বে। এখানে সেসব কথা না বলে একদম শেষের দিক থেকে (খ্রী:পূ: ২০০০) বর্ণনা করার চেষ্টা করা হয়েছে। ধর্ম গ্রন্থগুলো এসেছে অনেক পরে। এছাড়া সাল উল্লেখ করার সময় খ্রীষ্টীয় এবং খ্রী:পূ: এর পার্থক্য বোঝা উচিৎ।

সবশেষে ,

শয়তান শব্দটি এসেছে হিব্রু শব্দ স্যা-টান(sa-tan)

'স্যা-টান' শব্দটা আমেরিকান ইংরেজী বোধহয় । হিব্রু শব্দটা হবে হা সাতান যার মানে মূলতঃ দোষারোপকারী - এখানে হা একটা ডিফিনিট আর্টিকল ।🙂

ভবঘুরে এর জবাব:
মে ২১, ২০১১ at ৯:৫১ অপরাহ্ণ
@সংশপ্তক,

শয়তানের বিবর্তনের ইতিহাস কোন রকম নৃতাত্ত্বিক বিশ্লেষণ ছাড়া কিভাবে লেখা সম্ভব বুঝতে একটু কষ্ট হচ্ছে

যতদুর জানি শয়তানের কোন বাস্তব অস্তিত্ব কোন কালে ছিল না। কিতাব সমূতে যে শয়তানের কথা শুনি তা সব কাল্পনিক। পৃথিবীর কেউ কোনদিন শয়তানকে চাক্ষুষ দেখেছে এমনও কোন প্রমান নেই। যে প্রানীর কোন বাস্তব অস্তিত্ব ছিল না তাকে নিয়ে কিভাবে নৃতাত্ত্বিক বিশ্লেষণ হবে বুঝতে পার ছি না।

সংশপ্তক এর জবাব:
মে ২১, ২০১১ at ১০:০৩ অপরাহ্ণ
@ভবঘুরে,

যে প্রানীর কোন বাস্তব অস্তিত্ব ছিল না তাকে নিয়ে কিভাবে নৃতাত্ত্বিক বিশ্লেষণ হবে বুঝতে পারছি না।

বিবিধ ধর্মের সৃষ্টি এবং বিকাশ অবশ্যই নৃতাত্ত্বিক গবেষণার বিষয়বস্তু । শয়তান এবং ঈশ্বর ধর্মেরই অংশ। নৃতত্ত্ব বা anthropology কেবলমাত্র মানুষের সংস্কৃতি, আচার আচরণ ও বিকাশ নিয়ে গবেষণা করে, অন্য প্রানী নিয়ে নয়। শয়তানের প্রাচীন কোন মূর্তি এক্ষেত্রে একটা নিদর্শন হিসেবে দেখা যায় যার মাধ্যমে বোঝা যায় যে ঐসময় মানুষ শয়তানে বিশ্বাস করতো।

ভবঘুরে এর জবাব:

মে ২১, ২০১১ at ১০:১১ অপরাহ্ণ

@সংশপ্তক,

শয়তানের প্রাচীন কোন মূর্তি এক্ষেত্রে একটা নিদর্শন হিসেবে দেখা যায় যার মাধ্যমে বোঝা যায় যে ঐসময় মানুষ শয়তানে বিশ্বাস করতো।

দুনিয়াতে শয়তানের মূর্তির অভাব নেই মনে হয়। তাহলে তো শয়তান নিয়ে বিরাট এক গবেষণা প্রকল্প খোলা যেতে পারে।

নস্ট কবি এর জবাব:

মে ২৬, ২০১১ at ১২:০৩ পূর্বাহ্ণ

@ভবঘুরে,

শয়তানের বিবরতন কি এমনেই হয়েছিল???

রাজেশ তালুকদার এর জবাব:

মে ২১, ২০১১ at ৯:৫২ অপরাহ্ণ

@সংশপ্তক,

ধন্যবাদ আপনার মন্তব্যের জন্য।

শয়তান এবং ঈশ্বরের জন্ম একই সাথে যখন ধর্মের প্রাথমিক বিকাশ ঘটে

কথাটা আমার কাছে খুব একটা পরিষ্কার নয়। আমার ধারনা ধর্মে শয়তানের অনেক আগেই ঈশ্বর কল্পিত হয়েছিল। শয়তানের ধারনা পরে ক্রমান্বয়ে শক্তিশালী হয়েছে।

এছাড়া সাল উল্লেখ করার সময় খ্রীষ্টীয় এবং খ্রী:পূ: এর পার্থক্য বোঝা উচিৎ।

খ্রীষ্টিয় শব্দ টি লিখে আমি "আগে" একটি শব্দ ব্যবহার করেছিলাম যা হয়তোবা আপনার চোখ এড়িয়ে গেছে। যা হোক শব্দটি আমি সংশোধন করে খৃষ্ট পূর্ব করে দিলাম।

দুঃখিত নৃতাত্বিক নয় আমি বরং ধর্মীয় দৃষ্টি কোন থেকেই শয়তান চরিত্রটিকে তুলে ধরার চেষ্টা করেছি।

সংশপ্তক এর জবাব:
মে ২১, ২০১১ at ১০:০৮ অপরাহ্ণ
@রাজেশ তালুকদার,

আমার ধারনা ধর্মে শয়তানের অনেক আগেই ঈশ্বর কল্পিত হয়েছিল। শয়তানের ধারনা পরে ক্রমান্বয়ে শক্তিশালী হয়েছে।

শয়তানের অনেক আগেই ঈশ্বর কল্পিত হয়েছিল - আপনার এ ধারনার সপক্ষে তথ্য প্রমান থাকলে , আমিও এব্যপারে জানতে আগ্রহী। এটা যাচাই করা সহজ কাজ নয় যদিও।

ভবঘুরে এর জবাব:
মে ২১, ২০১১ at ১০:১৬ অপরাহ্ণ
@সংশপ্তক,

আমার ধারনা ঈশ্বর ও শয়তানের উৎপত্তির ইতিহাস সমকালীন।

সংশপ্তক এর জবাব:
মে ২১, ২০১১ at ১০:২৩ অপরাহ্ণ
@ভবঘুরে,

আমার ধারনা ঈশ্বর ও শয়তানের উৎপত্তির ইতিহাস সমকালীন।

এ ধারণটা বেশ শক্তিশালী বলে মনে হয়। যে বইয়ে ঈশ্বর আছে , সেখানে শয়তানও আছে এবং বইগুলো মানুষই লিখেছে। শয়তানহীন ঈশ্বর মানে তো খালি মাঠে গোল দেয়া।



*হৃদয়াকাশ*এর জবাব:

মে ২২, ২০১১ at ১১:২৯ পূর্বাহ্ণ

@সংশপ্তক,

রাজেশদার যা বলার ছিলো বলেছে, আপনার যদি আরো কিছু বলার থাকে বলুন না , শুধু শুধু তর্ক বিতর্কে সময় নষ্ট করে লাভ কী ?

*সংশপ্তক*এর জবাব:

মে ২২, ২০১১ at ৭:৫২ অপরাহ্ণ

@হৃদয়াকাশ,

আপনার যদি আরো কিছু বলার থাকে বলুন না , শুধু শুধু তর্ক বিতর্কে সময় নষ্ট করে লাভ কী ?

আমি আসলে লেখককে কিছু গাইডলাইন দেয়ার চেষ্টা করেছি যা উনি এই সিরিজের পরবর্তী পর্ব লেখার সময় ভেবে দেখতে পারেন। উনি নৃতাত্ত্বিক নয় বরং ধর্মীয় দৃষ্টিকোন থেকে লেখার কথা বললেও ধর্ম জিনিষটাই একটা নৃতাত্ত্বিক বিষয়। একেশ্বরবাদী ধর্মগুলো বয়সে সবচেয়ে তরুন। বহু ঈশ্বরবাদ এবং সর্বেশ্বরবাদের শয়তানের ধারনা নিয়েও আলোচনা হতে পারে।

বৈজ্ঞানক দৃষ্টিতে ধর্মকে ব্যাখ্যা করা খুব কঠিন কিছু নয় কারন মস্তিষ্কের কিছু অনু ধর্মের জন্য দায়ী যার প্রথমেই আসে ডোপামিনের নাম। অন্যান্য অনুগুলিও একে একে আগামী দিনে আবিস্কৃত হবে। রোমিও জুলিয়ার আত্মহত্যা এবং ধর্মের কারনে আত্মবলিদান একই সূত্রে গাথা কারন এসব কিছুই মস্তিষ্কের একটা বিশেষ অবস্হা নির্দেশ করে।

কেন শয়তান কিংবা ঈশ্বরের ধারনা মানুষের মাঝে এলো ?এ প্রশ্নের উত্তর সবার আগে খুঁজতে হবে। মানুষ শয়তান এবং ঈশ্বরের ধারনা সৃষ্টি করেছে মূলতঃ নিজেকে ইনডেমনিটি দেয়ার উদ্দেশে। এর

পরেও ইনডেমনিটি না মিললে মানুষ সমাজকে দায়ী করে , তারপর পিতা মাতাকে ও চারপাশের লোকজনকে। সবশেষে সে নিজেকে ছাড়া আর কাউকেই দায়ী করতে পারে না যখন ইনডেমনিটি পাওয়া অসম্ভব হয়ে দাড়ায়। মানুষ তখন আত্ম সংহারের পথ বেছে নেয়ার কথা ভাবে স্বল্প কিংবা দীর্ঘ মেয়াদী প্রক্রিয়ায়।

অঃটঃ আপনাকে চুল ছিড়তে দেখে সময় নষ্ট না করে তড়িঘড়ি করে উত্তর দিলাম কারন চুল আমার কাছে অত্যন্ত গুরুত্বপূর্ন বস্তু । আমার চেয়ে বয়সে অনেক ছোটরাও আমার চুল নিয়ে হিংসা করে।



হৃদয়াকাশ এর জবাব:
মে ২৩, ২০১১ at ১১:২৮ পূর্বাহ্ণ
@সংশপ্তক,

বৈজ্ঞানক দৃষ্টিতে ধর্মকে ব্যাখ্যা করা খুব কঠিন কিছু নয় কারন মস্তিষ্কের কিছু অনু ধর্মের জন্য দায়ী যার প্রথমেই আসে ডোপামিনের নাম।

কেন শয়তান কিংবা ঈশ্বরের ধারনা মানুষের মাঝে এলো ?

আপনার মন্তব্য পড়ে মনে হচ্ছে **উদ্ধৃত করা বিষয়ে** আপনার যথেষ্ট জ্ঞান আছে। তাই সময় নষ্ট না করে এ ব্যাপারে আপনি যদি কোনো প্রবন্ধ লিখেন তাহলে আমাদের জ্ঞান ভাণ্ডার আরো সমৃদ্ধ হয়। প্রকৃতপক্ষে আমি বলতে চেয়েছি রাজেশদাকে গাইডলাইন না দিয়ে আপনি নিজেই মাঠে নেমে পড়ুন। আপনার যদি মনে হয় এ ব্যাপারে রাজেশদার জ্ঞানের সীমাবদ্ধতা আছে তাহলে আপনি শুধু তাকে গাইডলাইন দিয়ে আপনার কাঙ্ক্ষিত স্থানে তাকে পৌঁছাতে পারবেন না।

সংশপ্তক এর জবাব:
মে ২৪, ২০১১ at ১২:৩৬ পূর্বাহ্ণ
@হৃদয়াকাশ,

তাই সময় নষ্ট না করে এ ব্যাপারে আপনি যদি কোনো প্রবন্ধ লিখেন তাহলে আমাদের জ্ঞান ভাণ্ডার আরো সমৃদ্ধ হয়।

আপনারা কেউ যদি আমার সাথে এব্যপারে যৌথভাবে একটা প্রবন্ধ লিখতে চান , সেটা সবচেয়ে ভালো হয়। এককভাবে লেখালেখি করতে যে মানসিক বল দরকার তা আমার মধ্যে অনেকদিন থেকেই নানা কারনে নেই । মুক্তমনায় একটা সিরিজ শুরু করার পর আর চালিয়ে যেতে পারিনি। আপনাদের সহযোগীতা হয়তো আমাকে পূনরায় লেখালিখিতে ফেরাতে সাহায্য করবে।(@)



হৃদয়াকাশ এর জবাব:

মে ২৪, ২০১১ at ১০:৫৬ পূর্বাহ্ন

@সংশপ্তক,

আসলে এ ব্যাপারে আমার জ্ঞান সীমিত। তবে পড়ার এবং লেখার ধৈর্য আমার এখনও যথেষ্ট। আমি অচিরেই *আল হাদিসের পোস্টমর্টেম* এবং *কোরানের স্ববিরোধিতা* নামে দুটি সিরিজ লেখার পরিকল্পনা করছি, কাজ কিছুটা এগিয়েছেও। তারপরও আপনি যদি শয়তান সম্পর্কে প্রয়োজনীয় বই পুস্তক দিয়ে সাহায্য করেন, আমি একটা চেষ্টা চালাতে পারি।

ধন্যবাদ।

সংশপ্তক এর জবাব:

মে ২৫, ২০১১ at ২:৩৯ পূর্বাহ্ন

@হৃদয়াকাশ,

ধন্যবাদ। খুশী হলাম জেনে যে লেখালেখির ধৈর্য এখনও যথেষ্ট পরিমানে আপনার মাঝে রয়েছে। ৯০ এর দশকে জার্মানীতে শয়তান পুজারী একটা গ্রুপকে কাছাকাছি পর্ষবেক্ষণ করার সূয়োগ আমার হয়েছিলো। সে অভিজ্ঞতা শেয়ার করা যায়। এছাড়া মানব বিবর্তনের ধারায় শয়তানের ধারনার সর্বপ্রথম আবির্ভাব নিয়ে কিছু তথ্যসূত্র আপনাকে দেয়া যাবে। আমি এই মুহূর্তে মুক্তমনার জন্য কয়েকমাস আগের একটা অসম্পূর্ন লেখা শেষ করার চেষ্টা করছি নানা চড়াই উৎরাই পেড়িয়ে।



হৃদয়াকাশ এর জবাব:

মে ২৬, ২০১১ at ৭:৪০ অপরাহ্ন

@সংশপ্তক,

ঠিক আছে, আপনি আপনার লেখা শেষ করার পর অথবা তার আগেই শয়তান সম্পর্কিত যেসব

ডকুমেন্ট আছে সেগুলো আমার কাছে পাঠান , আমি পড়াশুনা করতে থাকি তারপর দেখা যাক কোথায় গিয়ে দুজনে পৌঁছতে পারি।
ধন্যবাদ।

2. 2

ভবঘুরে

মে ২১, ২০১১ সময়: ১০:৪২ অপরাহ্ণ লিঙ্ক

আমার মাথায় এক নতুন চিন্তার উদ্রেক ঘটল। প্রতিটি ধর্মই কিন্তু অন্ধের মত বিশ্বাসের কথা বলে। অর্থাৎ প্রশ্নহীন বিশ্বাস। যেমন আল্লাহ ও তার রসুলে বিশ্বাস , ঈশ্বরে বিশ্বাস, যীশু খৃষ্টে বিশ্বাস, ঈশ্বর বা আল্লাহ ৬ দিনে দীন দুনিয়া সৃষ্টি করেছে বা কাদা মাটি দিয়ে আদম বানিয়েছে এসবে বিশ্বাস। পক্ষান্তরে বিজ্ঞান আমাদেরকে প্রশ্ন করতে উৎসাহিত করে, বিনা কারনে কোন কিছু অন্ধের মত বিশ্বাস করাতে অজ্ঞানতা বা মূর্খতা বলে বুঝায়। যা মূলত: ধর্মীয় বিধান বা বিশ্বাসকে চ্যলেঞ্জ করার সামিল তথা শয়তানি কায় কারবার। সেহেতু বিজ্ঞান হলো শয়তানি শাস্ত্র আর বিজ্ঞানীরা হলো সব শয়তানের চ্যালা।



শুভ্রএর জবাব:
মে ২৩, ২০১১ at ৮:৫৩ অপরাহ্ণ
@ভবঘুরে,
আপনার নতুন চিন্তাটি আমি খুবই মূল্যবান মনে করি। অনগ্রসর বন্য সমাজগুলোয় খাঁটি শয়তান চরিত্র দুর্লভ। আদিম সমাজগুলোয় ভালো ও মন্দশক্তির দেবতার অস্তিত্ব থাকলেও তাদের পার্থক্য এতই সামান্য যে মন্দশক্তির দেবতার চুড়ান্ত মেরুকরন হতে পারেনি। মন্দশক্তির দেবতা বা শয়তান শরীর পেতে শুরু করে যখন মানুষের চিন্তাধারা একেবারে আদিম পর্যায় থেকে খানিকটা এগিয়ে গেছে। শয়তানের প্রাচীন মূর্তী বলে যা পাওয়া যায় দেখা গেছে তা প্রায়ই শুভ দেবতারই মূর্তী কে বল প্রতিদ্বন্দী ধর্ম সম্প্রদায় তাকে শয়তান আখ্যা দিয়েছে। খ্রীষ্টান পাদ্রিরা আফ্রিকার আদিবাসীদের উপাস্য দেবতাদের ডেভিল বলেই আখ্যা দিয়ে এসেছে।
জ্ঞানের ও চিন্তাধারার বিকাশের সঙ্গেই শয়তান মূর্ত হতে থেকেছে। তাই বলছিলাম খুব একটা ভুল বলেননি, জ্ঞান-বিজ্ঞান শয়তানী কর্মকান্ডই বটে।

*নস্ট কবি*এর জবাব:

মে ২৬, ২০১১ at ১২:০৭ পূর্বাহ্ণ

@শুভ্র, অনগ্রসর ধর্ম কিনা জানিনা-হিন্দু ধর্মে ও শয়তানের ধারনা নাই

*সংশপ্তক*এর জবাব:

মে ২৬, ২০১১ at ১:৫৯ পূর্বাহ্ণ

@নস্ট কবি,

হিন্দু ধর্মে ও শয়তানের ধারনা নাই

এটা সত্য যে আব্রাহামিক ধর্মগুলোর মতন সনাতন ধর্মে কোন বিশেষজ্ঞ কিংবা কেন্দ্রীয় শয়তানের ধারনা নেই । তবে শয়তানের সমধাতুজ অস্তিত্ব সেখানে অস্বীকারও করা হয় না। সনাতন ধর্মে সবসময় একটা দ্বৈততা কাজ করে যেখানে স্হান -কাল-পাত্র সাপেক্ষে একই সত্তা শুভ কিংবা অশুভ কার্য সাধনে সক্ষম। কোন কিছুই এককভাবে শুভ কিংবা অশুভ নয় বরং এ দুয়ের সমন্বয়ে একটা সত্তা পরিপূর্নতা লাভ করে বলে স নাতন ধর্মের দর্শন বিশ্বাস করে।

*শুভ্র*এর জবাব:

মে ২৬, ২০১১ at ৩:৩৯ অপরাহ্ণ

@সংশপ্তক,

সুন্দর বলেছেন।

*শুভ্র*এর জবাব:

মে ২৬, ২০১১ at ৩:১৯ অপরাহ্ণ

@নস্ট কবি,

*শুভ্র*এর জবাব:

মে ২৬, ২০১১ at ৩:৩৫ অপরাহ্ণ

@নস্ট কবি,
আমার মনে হয় প্যাগান ধর্মে বহু দেবতার অস্তিত্ব জীবনের নানা অসঙ্গতিকে ব্যাখ্যা করতে সাহায্য করত। যখন এক ঈশ্বরের উদ্ভব হলো তখন সব দায় গিয়ে পড়লো ঐ একজন ঈশ্বরের ঘাড়ে; সেই দায় থেকে বাঁচতেই হয়তো মনোদেয়িজমে স্যাটান বা ইবলিশের সৃষ্টি।

3. 3

ইললু ঝিললু

মে ২২, ২০১১ সময়: ১২:১৮ পূর্বাহ্ণ লিঙ্ক

এটা শয়তানের বিবর্তনের ইতিহাস নয়।শয়তানের ধারনার বিবর্তনের ইতিহাস।

4. 4

সৈকত চৌধুরী

মে ২২, ২০১১ সময়: ১২:৫১ পূর্বাহ্ণ লিঙ্ক

ধন্যবাদ রাজেশ দা।

The History Of Devil

5. 5

হেলাল

মে ২২, ২০১১ সময়: ১:৫০ পূর্বাহ্ণ লিঙ্ক

রাজেশ ভাই,
শয়তানের বিবর্তন ইতিহাসটা ভাল লেগেছে। ছোট থাকতে একটা বই পড়েছিলাম, যতদুর মনে পড়ে বইটির নাম 'শয়তানের ডাইরি'। শয়তানের নাকি ছেলে-মেয়েও আছে এবং কিভাবে তারা মানুষকে

ধোকা দেয় তা একজন মৌলানা সুন্দর করে বর্ণনা করেছেন। তিনি কোথায় এ তথ্য পেয়েছেন তা অবশ্য বলেননি। অবশ্য হুজুর মানুষ যা বলে তাই সত্য , তাদের কথার রেফারেন্স লাগে না। যাই হোক শয়তানও আল্লার পাকের শত্রু, আবার নাস্তিকরাও আল্লা পাকের শত্রু। নাস্তিকরা শয়তানজির সাথে বুঝাপড়া করে আল্লা পাককে একটা ছেছা দিতে পারলে মন্দ হতনা।

রাজেশ তালুকদার এর জবাব:

মে ২২, ২০১১ at ৯:০৮ অপরাহ্ন

@হেলাল,

নাস্তিকরা শয়তানজির সাথে বুঝাপড়া করে আল্লা পাককে একটা ছেছা দিতে পারলে মন্দ হতনা।

ইমরান হাসান এর জবাব:

মে ৫, ২০১২ at ১:০১ পূর্বাহ্ন

@হেলাল, মুক্তমনার সব লেখকই কি নাস্তিক? তাহলে মুক্তমনা নাম না রেখে অবিশ্বাসী বা নাস্তিকমনা রাখলেই তো হয়

6. 6

অরূপ

মে ২২, ২০১১ সময়: ৪:৩২ পূর্বাহ্ন লিঙ্ক

আমার কাছে সয়তানের গল্প খুব ভাল লেগেছে তার সাথে প্রশ্ন উত্তর গুলো আরো বেশি ভাল লেগেছে।

7. 7

মাহফুজ

মে ২২, ২০১১ সময়: ৪:৪৩ পূর্বাহ্ণ লিঙ্ক

বাইবেল ভিত্তিক শয়তান সম্পকির্ত লেখাটি ভালোই লাগলো।
এই পৃথিবীতে এমন দলও রয়েছে যারা শয়তানের এবাদত করে। সেই দলের নাম চার্চ অব শয়তান। গুগলে সার্চ দিলেই পেয়ে যাবেন আগ্রহী পাঠকরা। সেখানে দেখতে পাবেন- তাদের কাজকর্ম, উদ্দেশ্য, লক্ষ্য।
বাস্তবে শয়তান থাকুক বা না থাকুক সেটা বড় কথা নয় ; কিন্তু শয়তানী কাজকর্ম বহাল তবিয়তে বিদ্যমান।
আমিও শয়তানের ডায়েরী নামে বই পড়েছিলাম। বইটি পড়ে খুব মজা পে য়েছিলাম। বইটি দুখণ্ডে বিভক্ত। গল্পের বইয়ের মতই বইটি পড়েছি।

রাজেশ তালুকদার এর জবাব:
মে ২২, ২০১১ at ৯:১২ অপরাহ্ণ
@মাহফুজ,

ভালোলাগার জন্য ধন্যবাদ।

8. 8

স্বপন মাঝি

মে ২২, ২০১১ সময়: ৬:২৫ পূর্বাহ্ণ লিঙ্ক

এত কিছু লেখা হচ্ছে, শয়তান কি দোষ করলো যে তাকে নিয়ে কেউ লিখবে না। শয়তানের পেছনে লেগেছেন? সকালে ঘুম থেকে ওঠে দেখবেন , আপনার লেখা আপনিই পড়তে পারছেন না।
খুব ভাল লেগেছে।

রাজেশ তালুকদার এর জবাব:
মে ২২, ২০১১ at ৯:২৫ অপরাহ্ণ
@স্বপন মাঝি,

সকালে ঘুম থেকে ওঠে দেখবেন , আপনার লেখা আপনিই পড়তে পারছেন না।

কথাটা একেবারেই উড়িয়ে দেয়া যায় না। শয়তানকে নিয়ে লিখছি দেখে ঈশ্বর তেঁতে উঠতে পারেন।

9. 9

শ্রাবণ আকাশ

মে ২২, ২০১১ সময়: ৮:৩১ পূর্বাহ্ণ লিঙ্ক

লেখাটা হঠাত শেষ হয়ে গেলে মনে হয়। বুঝতে পারিনি ওখানেই শেষ। উপসংহারে কি আরো কিছু বলার থাকতে পারত?

10. 10

হেলাল

মে ২২, ২০১১ সময়: ৯:১৫ অপরাহ্ণ লিঙ্ক

এপ্রিলের ১১ তারিখ শয়তান দিবস।
(http://spiritualsatanist.blogspot.com/2009/04/its-satans-day-celebrate.html)
আমাদের দেশের মহামান্য **লুচিফার** গু আজম, মুত নিজামী, দেইল্লা চুড়া, সাকা দের জুতাপেটার জন্যও একটা দিবস করা দরকার। স্বয়ং আজাজিলকেও (মনে হয় শয়তানজির আসল নাম) এত মানুষকে হত্যা ও ধর্ষনের জন্য কেউ দায়ী করেনি। শয়তানজি গাদ্দাফীর মত ক্ষমতায় জোর করে না থেকে আমাদের নিজামী লুচিফারের কাছে পদত্যাগ করা উচিত।

11. 11

শুভ্র

মে ২৩, ২০১১ সময়: ৯:১৯ অপরাহ্ণ লিঙ্ক

আপনার লেখাটি ভালো লাগছে। আগামী পর্বগুলোর জন্য অপেক্ষায় থাকলাম।

12. 12

নস্ট কবি

মে ২৬, ২০১১ সময়: ১২:০৯ পূর্বাহ্ণ লিঙ্ক

শয়তান নিয়া লেখাটা আর গুছানো হতে পারত

13. 13

ইমরান হাসান

মে ৫, ২০১২ সময়: ১২:৫৭ পূর্বাহ্ণ লিঙ্ক

লেখাটা তে কোন দার্শনিক টাচ নেই আর লেখাটার কাঠামো বেশ দুর্বল বলেই মনে হয়েছে। তবে এটা যদি শুধু জরথ্রুস্তবাদ এর আহিরমন আলোচনা সংক্রান্ত পোস্ট হয়ে থাকে তাহলে খারাপ হয়নি।কিন্তু মার, সেথ,এপফিস এর মত শয়তান দেবতারা কিন্তু বহু আগে থেকেই বিদ্যমান আছে নৃ -তত্ত্ব আর ইতিহাসে তাদের ব্যাপারে আপনাদের কি বলার আছে?

সমাপ্ত

http://mukto-mona.com/bangla_blog/?p=8821

সৃষ্টিকর্তার অস্তিত্ব ও রায়হানের তিন যুক্তি

তারিখ: ৩ শ্রাবণ ১৪১৭ (জুলাই ১৮, ২০১০)

লিখেছেন: সৈকত চৌধুরী

রায়হান সাহেব বিভিন্ন ব্লগে লেখালেখি করেন। তিনি একসময় মুক্ত -মনায়ও লেখালেখি করতেন। মুক্ত-মনায় তাঁর লেখাগুলো পাবেন - এখানে। সেদিন তাঁর একটা লেখা আমার দৃষ্টি আকর্ষণ করলো। লেখাটির শিরোনাম, "সৃষ্টিকর্তার অস্তিত্বের স্বপক্ষে তিনটি স্বতন্ত্র প্রমাণ"। লিংক ১ ২ ৩। তার লেখাটি পড়ে এতই মজা পেলাম যে ভাবলাম এ নিয়ে কিছু লেখলে মন্দ হয় না।

তিনি স্রষ্টার অস্তিত্ব প্রমাণের জন্য তিনটি যুক্তি দিয়েছেন। আমরা একে একে দেখব তা স্রষ্টার অস্তিত্ব কতটুকু প্রমাণ করেছে। **প্রথমেই লেখাটির ভূমিকায় চোখ রাখা যাক। তিনি লিখেছেন-**

"প্রফেসর রিচার্ড ডকিন্স সম্ভবত সমসাময়িক সময়ের সবচেয়ে যুক্তিবাদী ও জ্ঞানী নাস্তিক। নিদেনপক্ষে তাঁর অনুসারীরা তেমনটাই বিশ্বাস করেন। সাদা চামড়ার বৃটিশ ও অক্সফোর্ড প্রফেসর হওয়ার সুবাদে অনেকেই তাঁর বাণীকে কোনরকম সংশয়-সন্দেহ ছাড়া গডের বাণীর মতই বিশ্বাস করে! তাঁর সবগুলো লেকচার, ডিবেট, ও ইন্টারভিউ শুনেছি। এমনকি একাধিকবারও শুনেছি। এখন পর্যন্তও কোরআন থেকে সরাসরি দু-একটি আয়াতের উদ্ধৃতি দিয়ে তাঁর কোন সমালোচনা নজরে পড়েনি, যদিও কোরআন হচ্ছে ইসলামের ভিত্তি। ইসলাম বলতে উনি মূলতঃ ৯-১১, ৭/১১, টেররিজম, সুইসাইড বোম্বিং, মুরতাদ হত্যা, ও নারীদের বোরখা ছাড়া অন্য কিছু বোঝেন বলে মনে হয়নি! এটি কি কোন যৌক্তিক বা বৈজ্ঞানিক পন্থা হতে পারে! মিডিয়া যে কীভাবে মানুষকে ব্রেনওয়াশ করতে পারে তার জ্বলন্ত প্রমাণ হচ্ছে প্রফেসর ডকিন্স, স্যাম হারিস, ও ক্রিস্টোফার হিচেন্সের মতো বড় বড় কিছু 'যুক্তিবাদী' নাস্তিক। আর এই যদি হয় অক্সফোর্ড প্রফেসর ডকিন্স, স্যাম হারিস, ও ক্রিস্টোফার হিচেন্সের মতো জ্ঞানী-গুণী লোকজনের অবস্থা তাহলে টম-ডিক-হ্যারি-দের অবস্থা যে কতটা ভয়াবহ হতে পারে ভাবা যায়! যাহোক, প্রফেসর ডকিন্স কিন্তু সুন্দর করে সাজিয়ে -গুছিয়ে কথা বলতে পারেন। তাঁর প্রত্যেকটি কথা ও যুক্তি মনোযোগ দিয়ে শোনার চেষ্টা করেছি। তাঁর যুক্তিকে ইসলামের থিয়লজি ও কোরআনের সাথে তুলনা করে এবং সেই সাথে নিজের বিচার -বুদ্ধি দিয়ে চিন্তা-ভাবনা করে লোকটার প্রতি বেশ করুণাই হয়েছে। তাঁর মতো একজন জ্ঞানী-গুণী-স্মার্ট মানুষও যে কীভাবে লর্ড জিসাস ও বাইবেলের মধ্যে ঘুরপাক খাচ্ছেন , সেটা যাদের ইসলামের থিয়লজি ও কোরআন সম্পর্কে সম্যক জ্ঞান আছে তারা ছাড়া অন্য কেউ বুঝবেন না "।

দাঁড়ান একটু হেসে নেই। এবার এ অংশটি নিয়ে একটু সিরিয়াস কথা বলি -

১। তিনি রিচার্ড ডকিন্সকে 'সম্ভবত সমসাময়িক সময়ের সবচেয়ে যুক্তিবাদী ও জ্ঞানী নাস্তিক' বলেছেন। প্রশ্ন হল, সবচেয়ে জ্ঞানী ও যুক্তিবাদী নাস্তিক বলতে কি বুঝায় ? আর কিভাবে তা হওয়া যায়? আর রিচার্ড ডকিন্সের অনুসারীরা (! ?) তেমনটি বিশ্বাস করেন? 'তাঁর অনুসারী' কথাটি এমনভাবে বলা

হয়েছে যেন ডকিন্স একটি নতুন ধর্ম প্রচার ক রছেন যে তারঁ একপাল শিষ্য রয়েছে যারা শুধুই তাঁর অনুসরণ করে বেড়ায়।

২। 'সাদা চামড়ার ব্রিটিশ' বিষয়টি ঠিক বুঝলাম না। সাদা চামড়ার ব্রিটিশরা যা বলে তা কি সবাই খেয়ে বসে? সাদা চামড়ার ব্রিটিশ আর অক্সফোর্ড প্রফেসর হলেই তাঁর কথা কেউ কোনো রকম সংশয়-সন্দেহ ছাড়া গডের মত বিশ্বাস করে ফেলে - এমন কথা সত্যিই প্রথম শুনলাম। এ ধরণের আজগুবী কথা প্রবন্ধের শুরুতেই না বললে কি এমন বিশেষ কোনো সমস্যা ছিল?

৩। একটি বিষয় আমার মাথায় আসছে না। সম্পূর্ণ অপ্রাসঙ্গিকভাবে রায়হান সাহেব এখানে রিচার্ড ডকিন্সকে নিয়ে আসলেন কেন? সম্ভবত উনি রিচার্ড ডকিন্সকে নিয়ে এসে তা-ই বোঝাতে চাইলেন যে তিনি যার তার বিরুদ্ধে এ মহা-মূল্যবান প্রবন্ধ লেখছেন না , স্বয়ং অক্সফোর্ড প্রফেসর ও সাদা চামড়ার ব্রিটিশ রিচা্র্ড ডকিন্সের বিরুদ্ধে লিখছেন!!

বিজ্ঞানীরা সচরাচর সাধারণ মানুষের কুসংস্কার , ধর্মবিশ্বাস এগুলো নিয়ে তেমন একটা মাথা ঘামান না। রিচার্ড ডকিন্স এখানে ব্যতিক্রম। তিনি ঈশ্বরের ও ধর্মের অসারতা অতি সহজ ভাষায় জনসাধারণের কাছে তোলে ধরেছেন। তাই ধর্ম ব্যবসায়ীদের কাছে হয়েছেন বিরাগ-ভাজন। বস্তুত তাঁর মত স্বচ্ছ চিন্তার যুক্তিবাদী ও সংগ্রামী মানুষ পাওয়া ভার। এজন্য আ বার তিনি জনপ্রিয়। তাই বলে কোনো যুক্তিবাদী তাঁকে 'গুরু' বানিয়ে বসে রয়েছেন এমনটি শুনিনি। প্রশ্নহীন আনুগত্য আশা করে ধর্ম প্রচারক ষণ্ডারা, একজন যুক্তিবাদী নন। সমালোচনা , সংশয় ও প্রশ্নকে উৎসাহিত করেন একজন যুক্তিবাদী।

৪। রায়হান সাহেব বলেছেন, "তাঁর সবগুলো লেকচার, ডিবেট, ও ইন্টারভিউ শুনেছি"। ভালো কথা যদিও খুবই সন্দেহজনক। তিনি ডকিন্সের সবগুলো লেকচার , ডিবেট, ও ইন্টারভিউ শুনেছেন তবে তাঁর কোনো বই পড়েছেন কিনা বলেননি। আবার বলেছেন, "তাঁর প্রত্যেকটি কথা ও যুক্তি মনোযোগ দিয়ে শোনার চেষ্টা করেছি"। অর্থাৎ শুনেছেন, পড়েন নি!! (তিনি নাকি হুমায়ুন আজাদের একটাও বই পড়েননি আর তা আবার প্রচারের জন্য ব্লগে পোস্ট দিচ্ছেন। কী হাস্যকর!)
৫। রায়হান সাহেব বলেছেন, "এখন পর্যন্তও কোরআন থেকে সরাসরি দু-একটি আয়াতের উদ্ধৃতি দিয়ে তাঁর কোন সমালোচনা নজরে পড়েনি, যদিও কোরআন হচ্ছে ইসলামের ভিত্তি। ইসলাম বলতে উনি মূলতঃ ৯-১১, ৭/১১, টেররিজম, সুইসাইড বোম্বিং, মুরতাদ হত্যা, ও নারীদের বোরখা ছাড়া অন্য কিছু বোঝেন বলে মনে হয়নি! এটি কি কোন যৌক্তিক বা বৈজ্ঞানিক পন্থা হতে পারে"।
কথা হল ডকিন্স কেনো কোরান থেকে দু-একটি আয়াত উদ্ধৃতি দিয়ে সমালোচনা করবেন? নাকি তিনি তা করতে বাধ্য? স্রষ্টার অস্তিত্ব প্রমাণ করতে গিয়ে শুরুতেই রায়হান গোঁজামিল পাকিয়ে দিচ্ছেন। স্রষ্টার অস্তিতে প্রমাণের শুরুতেই ডকিন্স কেনো কোরান থেকে উদ্ধৃতি দিয়ে সমালোচনা করলেন না এসব বলা কি সুস্থ মস্তিষ্কের কাজ ?
ইসলাম বলতে কেউ যদি ৯-১১, ৭/১১, টেররিজম, সুইসাইড বোম্বিং, মুরতাদ হত্যা, ও নারীদের বোরখা ইত্যাদি বোঝেন তবে খুব কি ভুল বোঝবেন ? আস্ত কোরানই তো হুমকি-ধামকি, জ্বালিয়ে ফেলব, পুড়িয়ে ফেলব, অনন্ত কাল জ্বালাব, ধ্বংস করব, হত্যা কর, নারীরা শস্যক্ষেত্র ইত্যাদিতে ভরপুর। এখন কেউ এসে কোরানের কয়েকটি আয়াত ধরে টেনে লম্বা করে দিলেই বা নিজের মত

ব্যাখ্যা করে দিলেই দায় সারা হয়ে যায় না।(ইসলামের প্রকৃত স্বরুপ বোঝতে হলে উইকি ইসলাম, ইসলাম ওয়াচ, আনসারিং ইসলাম, ফেইথ ফ্রিডম ইত্যাদি সাইটে যেতে পারেন।)
৬। বলেছেন, “মিডিয়া যে কীভাবে মানুষকে ব্রেনওয়াশ করতে পারে তার জ্বলন্ত প্রমাণ হচ্ছে প্রফেসর ডকিন্স, স্যাম হারিস, ও ক্রিস্টোফার হিচেন্সের মতো বড় বড় কিছু ‘যুক্তিবাদী’ নাস্তিক”। আচ্ছা পৃথীবীর কতভাগ মিডিয়া নাস্তিকদের দখলে ? যেখানে ধর্মবাদী-ধর্মজীবীদের মিডিয়ার অভাব নেই। তদের রয়েছে অগুণিত পত্রিকা, টিভি চ্যানেল ইত্যাদি যেগুলোর কাজই হল শুধু ধর্ম প্রচার।

৭। ডকিন্স কবে থেকে লর্ড জিসাস ও বাইবেলের মধ্যে ঘুরপাক খাচ্ছেন ঠিক জানি না। আবার কিভাবে ঘুরপাক খাচ্ছেন তা যাদের ইসলামের থিয়লজি ও কোরআন সম্পর্কে সম্যক জ্ঞান আছে তারা ছাড়া অন্য কেউ নাকি বুঝবেন না। হাহ, হা। ব্যাপক বিনোদন!

এবার দেখব রায়হান সাহেবের প্রথম যুক্তি-

“১) মহাশূন্য, ছায়াপথ, গ্রহ-নক্ষত্র, ও বিলিয়ন বিলিয়ন প্রজাতি তথা প্রাণীজগত ও উদ্ভিদজগত সহ এই ন্যাচারাল মহাবিশ্ব এমনি এমনি সৃষ্টি হতে পারে না। একদমই অসম্ভব। শূন্য থেকে তো দূরে থাক এমনকি সবকিছু ব্যবহার করেও এই মহাবিশ্ব তো দূরে থাক তার মতো ছোট-খাটো একটি মডেলও কেউ তৈরী করে দেখাতে পারবে না। নাস্তিকরা নিদেনপক্ষে এই মহাবিশ্বের ছোট-খাটো একটি মডেল তৈরী করে দেখাতে পারলেও শুরু করার মতো তাদের একটা পয়েন্ট থাকতে পারতো, যদিও তাতে প্রমাণ হবে না যে এই মহাবিশ্বের কোন সৃষ্টিকর্তা নেই! কিন্তু দুঃ খজনক হলেও সত্য যে, সেটাও তারা পারবে না। ফলে যারা বিশ্বাস করেন যে, তারা নিজেরা সহ এই ন্যাচারাল মহাবিশ্ব এমনি এমনি সৃষ্টি হয়েছে, তারাই হচ্ছে প্রকৃত অন্ধ-বিশ্বাসী ও কুসংস্কারাচ্ছন্ন। এই ধরণের অন্ধ-বিশ্বাস ও কুসংস্কারের আসলে কোন তুলনাই হয় না। এর চেয়ে বরং পে গান ও গ্রীক পৌরাণিক কাহিনীতে বিশ্বাস অনেক বেশী যৌক্তিক! যাহোক, প্রাণীজগত ও উদ্ভিদজগত সহ এই ন্যাচারাল মহাবিশ্ব যেহেতু আছে সেহেতু তার একজন সৃষ্টিকর্তা থাকতেই হবে। এটি একটি অবজেক্টিভ ও অখণ্ডনীয় যুক্তি। ”

প্রথম দুটি বাক্য লক্ষ্য করি। এখানে তিনি বলেছেন, “মহাশূন্য, ছায়াপথ, গ্রহ-নক্ষত্র, ও বিলিয়ন বিলিয়ন প্রজাতি তথা প্রাণীজগত ও উদ্ভিদজগত সহ এই ন্যাচারাল মহাবিশ্ব এমনি এমনি সৃষ্টি হতে পারে না। একদমই অসম্ভব”।

নাস্তিকরা কি বলে মহাশূন্য, ছায়াপথ, গ্রহ-নক্ষত্র, ও বিলিয়ন বিলিয়ন প্রজাতি তথা প্রাণীজগত ও উদ্ভিদজগত সহ এই ন্যাচারাল মহাবিশ্ব এমনি এমনি সৃষ্টি হয়েছে ? মহাবিশ্বের উৎপত্তিসহ প্রাণীজগত ও উদ্ভিতজগতের উদ্ভব প্রক্রিয়া সম্পর্কে গবেষণা সংশ্লিষ্ট বিষয়ে বিজ্ঞানীদের কাজ, এটি অন্য কারো অহেতুক কলহের বিষয় নয়। বলা বাহুল্য বিজ্ঞানীরা আজ পর্যন্ত ‘ঈশ্বর’ বা এরকম কোনো অলৌকিক সত্ত্বার অস্তিত্বের কোনো সন্ধান পান নাই। এক সময় আমরা মহাবিশ্বের উৎপত্তি সম্পর্কে কিছুই জানতাম না। বিগ ব্যাং সহ বাদবাকী বিষয় বিজ্ঞানীদের গোচরে এসেছে এই সেদিন। আর মহাবিশ্বের উৎপত্তি সংক্রান্ত গবেষণায় প্রতিনিয়ত এগিয়ে যাচ্ছেন বিজ্ঞানীরা। আমাদের উচিত মহাবিশ্বের উৎপত্তি সংক্রান্ত যেসব বিষয় অজানা রয়ে গেছে তা জানার জন্য বিজ্ঞানীদের ভবিষ্যৎ গবেষণার অপেক্ষায় থাকা। তা না করে কেউ যদি ‘ঈশ্বর’ কে নিয়ে এসে মহাবিশ্ব, উদ্ভিদ ও প্রাণীজততের উৎপত্তির ব্যাখ্যা

দিতে চান তবে অবশ্যই তাকেই 'ঈশ্বর' এর অস্তিত্ব প্রমাণ করতে হবে যা এখনো কেউ করতে পারেন নাই। আসলে ঈশ্বর দিয়ে কোনো ঘটনা ব্যাখ্যা করার কোনো মানেই নেই। যেমন ভূমিকম্পের কারণ হিসেবে কেউ যদি বলেন তা ঈশ্বরের অভিশাপ বা পানিচক্র ঈশ্বরের আদেশে ঘটে তবে এ কথার কোনো গুরুত্ব আছে কি? আর যে কথা বারবার বলতে হয়- সবকিছুর পেছনে যদি কোনো কারণ থাকতে হয় তবে ঈশ্বরের পেছনেও তো কোনো কারণ থাকতে হবে যা এভাবে অনন্তকাল পর্যন্ত চলতে থাকবে। (ঈশ্বরবাদিরা ঈশ্বরের পেছনে আর কোনো কারণ বা ঈশ্বরের কোনো স্রষ্টা নেই বলে বিশ্বাস করেন তাই অনেকে মজা করে বলেন- ইশ্বরই সবচেয়ে বড় নাস্তিক কেননা তিনি স্বীকার করেন না যে তার কোনো স্রষ্টা বা ঈশ্বর আছে।)

পরের কথায় আসি, "শূন্য থেকে তো দূরে থাক এমনকি সবকিছু ব্যবহার করেও এই মহাবিশ্ব তো দূরে থাক তার মতো ছোট-খাটো একটি মডেলও কেউ তৈরী করে দেখাতে পারবে না।" মহাবিশ্বের মডেল বানাতে পারলে তাতে কী হবে বা কী প্রমাণিত হবে আমার জানা নেই। মানুষের অজ্ঞতা ও অক্ষমতাকে ঈশ্বরবাদীরা ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ হিসেবে দেখাতে চান যা নিতান্তই হাস্যকর। যেমন কেউ কেউ বলেন, আপনি কি পারবেন চাঁদ, সূর্য, পাহাড় এগুলো তৈরী করতে? আচ্ছা আমি যদি চাঁদ-সূর্য-পাহাড় এগুলো তৈরী করতে পারি না তবে তাতে ঈশ্বরের অস্তিত্ব কিভাবে প্রমাণিত হল? নাস্তিকরা কি বলেন, আমরা ঈশ্বরের অস্তিত্বে বশ্বাস করি না তাই আমরাই ঈশ্বর? বরং নাস্তিকরা বলেন, ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ না থাকায় আমরা তাতে বিশ্বাস করি না। এ প্রসঙ্গে একটি গল্প স্মরণ হল।

এক আস্তিক আর নাস্তিকের মধ্যে বিতর্ক হচ্ছে-
আস্তিকঃ দেখ ঈশ্বর কী সুন্দর ঝর্ণা তৈরী করেছেন পাহাড়ের গায়।
নাস্তিকঃ এটা তো প্রকৃতির স্বাভাবিক নিয়মেই তৈরী হয়েছে , এখানে ঈশ্বর আসল কোথা থেকে?
আস্তিকঃ তাহলে আপনি এরকম একটি ঝর্ণা তৈরী করে দেখান তবে মেনে নেব আপনার কথা।
নাস্তিক বেচারা বহু কষ্টে পাহাড়ের অপর দিকে একটা কৃত্রিম ঝর্ণা তৈরী করে দেখালেন। এবার আস্তিক বললেন, ওহ, আপনি অনেক পরিশ্রম করে তা বানিয়েছেন যা আমার ঈশ্বর আদেশ করা মাত্রই এক নিমিষেই সৃষ্টি হয়ে গেল!! আর ঈশ্বর যদি সে ক্ষমতা আপনাকে না দিতেন তবে তা কি তৈরী করতে পারতেন?
আসলে মানুষের অক্ষমতা, সক্ষমতা, জ্ঞান, অজ্ঞান এক ব্যাপার আর ঈশ্বরের অস্তিত্ব ভিন্ন ব্যাপার। যেমন একজন মুসলিম ধর্মবাদী বলতে পারেন , পানি আল্লাহর নিয়ামত, আল্লাহ আমাদের জন্য পানি সৃষ্টি করেছেন। এবার কেউ যদি হাইড্রজেন আর অক্সিজেন এর সংমিশ্রণে কৃত্রিম উপায়ে পানি তৈরী করে দেখান তবে ঐ ধর্মবাদী তার অবস্থান থেকে কি এতটুকু টলবেন ?
'মহাবিশ্বের সৃষ্টিকর্তা' কথাটির মধ্যেই সমস্যা রয়েছে। এতে আগেবাগেই ধরে নেয়া হয় মহাবিশ্ব কেউ না কেউ সৃষ্টি করেছে বা সৃষ্টি নামক প্রক্রিয়ার মধ্য দিয়ে মহাবিশ্ব উৎপত্তি লাভ করেছে। আর ধর্মবাদীদের সমস্যা হল তারা আগেই ধরে নেন মহাবিশ্বের সৃষ্টিকর্তা বলতে কেউ রয়েছে আর পরে এটি প্রমাণের জন্য প্রাণান্ত চেষ্টা চালান। এ বিষয়ের উপর অপার্থিবের একটি অসাধারণ প্রবন্ধ রয়েছে - WHO CREATED YOU?
রায়হান এবার বলছেন, "নাস্তিকরা নিদেনপক্ষে এই মহাবিশ্বের ছোট-খাটো একটি মডেল তৈরী করে দেখাতে পারলেও শুরু করার মতো তাদের একটা পয়েন্ট থাকতে পারতো, যদিও তাতে প্রমাণ হবে না

যে এই মহাবিশ্বের কোন সৃষ্টিকর্তা নেই! কিন্তু দুঃখজনক হলেও সত্য যে , সেটাও তারা পারবে না"। শুরু করার মত একটা পয়েন্ট থাকলে তাতে স্রষ্টার বা ঈশ্বরের অস্তিত্ব কিভাবে প্রমাণিত হয় তা বোঝা মুশকিল বটে। আস্তিকরা সবসময় একটা বিভ্রান্তির মধ্যে থাকে। কোনো কিছু যদি অজানা হয় তবে তার কারণ তাদের কাছে নিঃসন্দেহে ঈশ্বর। মহাবিশ্বের শুরু আছে? ও তাহলে শুরুটা হবে নিঃসন্দেহে ঈশ্বর থেকে। আর ঈশ্বরের শুরু? উত্তর হল, এজন্যই নাস্তিকরা বিভ্রান্ত!!

আমরা রায়হান সাহেবের স্বঘোষিত অখণ্ডনীয়(!!) যুক্তিটি দেখলাম। এবার যাওয়া যাক দ্বিতীয় যুক্তিতে -

"২) আব্রাহাম, মোজেস, জিসাস, ও মুহাম্মদ (সাঃ) সহ অনেক গ্রেট হিউম্যান নিজেদেরকে এই মহাবিশ্বের সৃষ্টিকর্তার মেসেঞ্জার বলে দাবি করেছেন। সৃষ্টিকর্তার কোন অস্তিত্বই না থাকলে কেউ নিজেকে যেমন সৃষ্টিকর্তার মেসেঞ্জার বলে দাবি করতে পারেন না তেমনি আবার সৃষ্টিকর্তা থেকে মেসেজ পাওয়ারও দাবি করতে পারেন না। এটি স্রেফ কোন উটকো দাবিও নয়। যেমন মুহাম্মদ (সাঃ) দীর্ঘ তেইশ বছর ধরে শত প্রতিকূলতার মধ্যেও তাঁর দাবিকে প্রতিষ্ঠা করার চেষ্টা করেছেন। তাঁর পূর্বের মেসেঞ্জাররাও তা-ই করেছেন। যাহোক, তাঁদের দাবি থেকে মাত্র দুটি উপসংহারে পৌঁছা যেতে পারে: (ক) তাঁরা সবাই মিথ্যাবাদী ও প্রতারক ছিলেন, যেটা বিশ্বাস করা প্রায় অসম্ভব। বরঞ্চ তাঁদের সবায়কে মিথ্যাবাদী ও প্রতারক হিসেবে বিশ্বাস করাটাই হচ্ছে একটি অন্ধ-বিশ্বাস ও আত্মপ্রতারণা। (খ) তাঁদের মধ্যে একজনও যদি সত্যবাদী হয়ে থাকেন সেক্ষেত্রে এই মহাবিশ্বের যে একজন সৃষ্টিকর্তা আছেন , তাতে সংশয়-সন্দেহের কোনই অবকাশ নেই। ইসলামে বিশ্বাসীরা যেহেতু তাঁদের কাউকেই মিথ্যাবাদী বা প্রতারক হিসেবে বিশ্বাস করে না, কোরআনের আলোকে এমন বিশ্বাসের পেছনে কোন যৌক্তিকতাও নেই, সেহেতু তাদের কাছে এটি একটি অকাট্য প্রমাণ বা ধ্রুব সত্য। এমনকি ইহুদী -ক্রিস্টিয়ানদের কাছেও এটি একটি অকাট্য প্রমাণ বা ধ্রুব সত্য।"

যুক্তিটি ভাল করে খেয়াল করেন। কথা হল , আব্রাহাম, মোজেস, জিসাস, মুহাম্মদ এরা যে গ্রেট হিউম্যান ছিলেন সে সিদ্ধান্তে তিনি আসলেন কিভাবে? আব্রাহাম, মোজেস, জিসাস -বাস্তবে এরা কেউ ছিলেন কিনা তা নিয়েই প্রশ্ন তোলা সম্ভব। আমরা জানি, 'জিসাস' বলতে কেউ কোথাও আদৌ ছিলেন কিনা তা নিয়ে অনেকেরই দ্বিধা রয়েছে। এছাড়া আব্রাহাম, মোজেস, জিসাস - তাদের সবাই কি আসলেই নবুয়তের দাবি করেছিলেন এবং করে থাকলে তাদের কাছে নবুয়তের ব্যাখ্যা কী ছিল তা নির্ধারণ করাও জটিল ব্যাপার বটে।

মুহাম্মদ যদি নবুয়তের ঢং না করতেন তবে একটা জাতির 'নেতা' হতেন কিভাবে? এছাড়া আর কি করলে তিনি এতগুলো বিয়ে করতে পারতেন, এত সম্মান পেতেন, এত ক্ষমতাশালী হতে পারতেন? আর সেই সময় থেকে আজ পর্যন্ত হাজার-হাজার মানুষ তাঁর নামে মরতে পর্যন্ত প্রস্তুত - এ বিষয়টা সম্ভব হত কিভাবে?

আজ থেকে ৩০ থেকে ৪০ বছর আগে মারা যাওয়া ব্যক্তির মূল্যায়ন নিয়ে অনেক বিতর্ক আমাদের চোখের সামনেই রয়েছে। সেখানে দেড় হাজার বছর আগে মুহাম্মদ কী করেছিলেন , কেন করেছিলেন তা নির্ধারণ করা আসলেই কষ্টকর। এছাড়া তথাকথিত নবি-রসুলদের নিয়ে সবচেয়ে বড় সমস্যা হল তাদের জীবনী রচনা করেছেন ও সংরক্ষণ করেছেন তাদের অন্ধ অনুসারীরা। তাই কালক্রমে তাদের

দোষগুলো ঢাকা পড়েছে এবং ধীরে ধীরে তারা মহামানবের আকার ধারণ করেছেন।তাই এযুগে এসে তাদের দোষ খুঁজে পাওয়া অতি দুরহ ব্যাপার বটে , তা সত্ত্বেও যা পাওয়া গেছে তা-ই চমকে উঠার মত। উদাহরণস্বরুপ, আজ থেকে সামান্য কয়েক যুগ আগেও বহু বিবাহ ও শিশুবিবাহকে খারাপ মনে করা হত না- আর এজন্যই মুহাম্মদের এ ধরণের গর্হিত কার্যকলাপগুলোর খবর আজ আমরা জানতে পারছি। যদি বহু বিবাহ ও শিশুবিবাহের মত ঘটনা মুহাম্মদের বা তাঁর কাছাকাছি পরবর্তী যুগেই মন্দ বলে চিহ্নিত হত তবে সে খবর এখন বসে না পাওয়াই স্বাভাবিক ছিল।

মোটকথা, যেকোনো যুক্তিবাদি-ই আব্রাহাম, মোজেস, জিসাস, মুহাম্মদ এদের সম্পর্কে বিভিন্ন সন্দেহ পোষণ করবেন এটাই স্বাভাবিক। আর সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল , এদের নবুয়তি প্রমাণের দায়িত্ব কিন্তু যারা তা দাবি করে তাদেরই এবং তারা তা করতে পারে নি।

রায়হান বলেছেন, "(ক) তাঁরা সবাই মিথ্যাবাদী ও প্রতারক ছিলেন, যেটা বিশ্বাস করা প্রায় অসম্ভব"। বলেছেন, প্রায় অসম্ভব। ঠিক তার পরেই আবার বলেছেন, "বরঞ্চ তাঁদের সবায়কে মিথ্যাবাদী ও প্রতারক হিসেবে বিশ্বাস করাটাই হচ্ছে একটি অন্ধ-বিশ্বাস ও আত্মপ্রতারণা।" রায়হান কি 'অন্ধ-বিশ্বাস ও আত্মপ্রতারণা' এর মানে আসলেই জানেন না?

তিনি আবার বলেছেন, (খ) তাঁদের মধ্যে একজনও যদি সত্যবাদী হয়ে থাকেন সেক্ষেত্রে এই মহাবিশ্বের যে একজন সৃষ্টিকর্তা আছেন , তাতে সংশয়-সন্দেহের কোনই অবকাশ নেই। ইসলামে বিশ্বাসীরা যেহেতু তাঁদের কাউকেই মিথ্যাবাদী বা প্রতারক হিসে বে বিশ্বাস করে না, কোরআনের আলোকে এমন বিশ্বাসের পেছনে কোন যৌক্তিকতাও নেই, সেহেতু তাদের কাছে এটি একটি অকাট্য প্রমাণ বা ধ্রুব সত্য। এমনকি ইহুদী-ক্রিস্টিয়ানদের কাছেও এটি একটি অকাট্য প্রমাণ বা ধ্রুব সত্য"। আব্রাহাম, মোজেস, জিসাস, মুহাম্মদ এদের কেউ যদি বাস্তবে থেকে থাকেন আর কোনো 'সত্য কথা' বলে থাকেন তবে তা এখন উদ্ধার করা প্রায় অসম্ভব। একেকটি ধর্মে রয়েছে অসংখ্য গ্রুপ যাদের মধ্যে মতভেদ প্রবল। সবগুলো ধর্মের ক্ষেত্রেই আবার প্রতিটি ধর্মীয় গ্রুপই নিজ নিজ গ্রুপকে তাদের ধর্মের একমাত্র সঠিক অনুসারী বলে দাবি করে। যেমনঃ ইসলাম ধর্মে রয়েছে শিয়া, সুন্নি, কাদিয়ানী, আহলে হাদীস ইত্যাদি গ্রুপ যারা কেউ কেউ অপর গ্রুপের মুসলমানদের মুসলমান ভাবতেই নারাজ।
আব্রাহাম, মোজেস ও জিসাসকে নিয়ে কোরান ও বাইবেলের বর্ণনায় অনেক গরমিল রয়েছে। তাদের প্রচারিত ধর্মগুলোতে ঈশ্বরের ধারণাতে ব্যাপক পার্থক্য বিদ্যমান। স্রষ্টার নাম যদি 'আল্লাহ' ছিল তবে সেই নামটি অন্য ধর্মে নেই কেন? আব্রাহাম, মোজেস ও জিসাসের নামও কোরানে বিকৃতরুপে আসার হেতু কী?
আব্রাহাম, মোজেস, জিসাস, ও মুহাম্মদ ইত্যাদি গ্রেট হিউম্যানরা বলেছেন , 'ঈশ্বর আছে' তাই সত্যি সত্যি ঈশ্বর রয়েছে এ ধরনের যুক্তি মস্তিষ্ক কতটা সুস্থ থাকলে বের হয় ঠিক জানি না। এই আজগুবী যুক্তিটি পুরোই দাড়িয়ে আছে যার উপর তাকে বলা হয় -আপিল টু অথরিটি এবং এ ধরণের যুক্তি একদম ফেলনা ছাড়া আর কিছুই নয়।
স্রষ্টার অস্তিত্ব প্রমাণ করতে গিয়ে তিনি আরেক অপ্রমাণিত বিষয়কে সামনে নিয়ে আসলেন - 'আব্রাহাম, মোজেস, জিসাস, ও মুহাম্মদ ইত্যাদি লোকের নবুয়তি'। একটি অপ্রমাণিত বিষয় দিয়ে আরেকটি অপ্রমাণিত বিষয়কে প্রমাণ করার এহেন চেষ্টা সত্যিই হাস্যকর।

এবার দেখব তৃতীয় যুক্তি যা আমাকে সর্বাধিক বিনোদন দিয়েছে- আগেরবার নবীদের দিয়ে ঈশ্বরের অস্তিত্ব প্রমাণিত হয়েছে, এবার হবে কোরান দিয়ে ঈশ্বরের প্রমাণ।

"৩) কোরআন যে কোন মানুষের নিজস্ব বাণী হতে পারে না - তার স্বপক্ষে বেশ কিছু যুক্তি-প্রমাণ উপস্থাপন করা হয়েছে। যে কেউ নিরপেক্ষ মন-মানসিকতা ও ঠান্ডা মাথায় কোরআন নিয়ে স্টাডি করলে এই সিদ্ধান্তে উপণীত হবেন যে, কোরআনের মতো একটি গ্রন্থ লিখা মানুষের পক্ষে সত্যি সত্যি অসম্ভব। কারণ: (ক) কোরআনের মতো করে একটি গ্রন্থ লিখতে হলে সর্বপ্রথমে একজনকে একই সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ মিথ্যাবাদী, প্রতারক, জ্ঞানী, বুদ্ধিমান, ও স্মার্ট হতে হবে। তার পেছনে অনেকগুলো কারণের মধ্যে একটি হচ্ছে কোরআন লিখা হয়েছে প্রত্যক্ষ উক্তিতে, পরোক্ষ উক্তিতে নয়। অর্থাৎ কোরআনের বক্তা হচ্ছেন স্বয়ং এই মহাবিশ্বের সৃষ্টিকর্তা (সৃষ্টিকর্তা দাবিদার) , কোন মানুষ নয়। এমনকি কোরআনের ভাষা ও বাচনভঙ্গিও অন্য যে কোন গ্রন্থ থেকে সম্পূর্ণ স্বতন্ত্র। (খ) কোনভাবেই স্বঘোষিত নাস্তিক হওয়া যাবে না। কারণ স্বঘোষিত নাস্তিক হয়ে সৃষ্টিকর্তার নামে কিছু লিখলে মিথ্যাবাদী ও জোচ্চোর হিসেবে জনগণের কাছে হাতে-নাতে ধরা খেয়ে যাবে! ফলে স্বঘোষিত নাস্তিকরা কিন্তু ইচ্ছে করলেও কোরআন বা অন্য কোন ধর্মগ্রন্থের মতো একটি গ্রন্থ লিখতে পারবে না! (গ) কোরআনের মধ্যে যে তথ্য আছে তার সঠিক ব্যাখ্যা এখন পর্যন্তও কেউ দিতে পারেনি। কেউ বলে কোরআন হচ্ছে মুহাম্মদের বাণী। কেউ বলে ইহুদী রাবাইদের বাণী! কেউ বলে ক্রিস্টিয়ান পাদ্রীদের বাণী! কেউ বলে স্যাটানের বাণী! কেউ বলে ডেভিলের বাণী! কেউ বলে মৃগীরুগীর বাণী! কেউ বা আবার বলে মুহাম্মদের কোন এক সেক্রেটারির বাণী! তার মানে কোরআন বিরোধীরাই এখন পর্যন্ত নিজেদের মধ্যে ঐক্যমতে পৌঁছতে পারেনি!

সকালবেলা কোরআনকে মুহাম্মদের বাণী বলে দাবি করা হয়। ভাল কথা। কি ন্তু দুপুর হতে না হতে মত পাল্টে যায়! তখন কোরআন হয়ে যায় ইহুদী রাবাইদের বাণী! বিকালবেলা হয় ক্রিস্টিয়ান পাদ্রীদের বাণী! সন্ধ্যায় আবার হয়ে যায় ডেভিলের বাণী! ডিনারের সময় হয় স্যাটানের বাণী! মাঝরাতে আবার হয়ে যায় মৃগীরুগীর বাণী! এ নিয়ে সারারাত ধরে গাঞ্জা টেনে কোন কুল-কিনারা না পেয়ে ভোরবেলা হতাস হয়ে হয়তো বলা হয়, কোরআন আসলে উপরোল্লেখিত সবারই বাণী! প্রকৃত মৃগীরুগী ও ডেলিউডেড যে কে বা কারা, সেটা বোঝার জন্য তসলিমা নাসরিন হওয়ার দরকার নাই নিশ্চয়! দশজন কোরআন বিরোধীকে যদি আলাদাভাবে মন্তব্য করতে বলা হয় সেক্ষেত্রে তারা হয়তো নিদেনপক্ষে পাঁচ রকম উপসংহারে পৌঁছবে। মানব জাতির ইতিহাসে দ্বিতীয় কোন গ্রন্থ সম্পর্কে এরকম বিজেয়ার (Bizarre) ও র্যা ন্ডম (Random) মতামত নেই। কোরআন বিরোধীরাই আসলে প্রমাণ করে দিয়েছে যে, কোরআন কোন মানুষের বাণী নয়। কিন্তু একই কথা কোরআনে বি শ্বাসীরা বলতে গেলেই যতসব দোষ! তবে কোরআন বিরোধীরা যেমন কোন যুক্তি -প্রমাণ ছাড়াই কোরআনকে ডেভিল বা স্যাটানের বাণী হিসেবে বিশ্বাস করে, কোরআনে বিশ্বাসীরা তেমনি অনেক যুক্তি-প্রমাণের আলোকে কোরআনকে এই মহাবিশ্বের সৃষ্টিকর্তার বাণী হিসেবে বিশ্বাস করে "।

মুহাম্মদকে অনেকে মানসিক রুগি বলে মনে করেন। এমন হওয়া ওতো সম্ভব যে মুহাম্মদের মাথায় কোনো ভাবের উদয় হল আর তিনি তা মনে করলেন আল্লার বাণী এবং তাঁর আদেশে অহি লেখকরা একে কাব্যে রুপদান করলেন (এবং পরবর্তীতে লোকেরা মনে করতে লাগল যে কোরান যেভাবে লিপিবদ্ধ হয়েছে সেভাবেই তা নাযিল হয়েছিল)। তবে মুহাম্মদ সত্যিই মানসিক রুগি ছিলেন কি না তা

নিয়ে সহজেই আপত্তি তোলা যায়। এক্ষেত্রে অভিযোগ তোলা সম্ভব যে মুহাম্মদ স্বজ্ঞানে কোরানকে অলৌকিক বলে চালিয়ে দিয়ে ভাঁওতাবাজি করেছিলেন যদিও সেজন্য তাঁকে রায়হান সাহেবের কথামত সর্বকালের সর্বশ্রেষ্ঠ মিথ্যাবাদি, প্রতারক, জ্ঞানী, বুদ্ধিমান বা স্মার্ট বলা যায় কি না তা অনেকটাই বিতর্কের বিষয় হতে পারে তবে মুহাম্মদ যে একজন 'জিনিয়াস' ছিলেন সে বিষয়ে কারো সন্দেহ থাকা উচিত নয়।

(কোরানের অলোকিকতা সম্পর্কে একটা আকর্ষণীয় আলোচনা পাবেন 'নাস্তিকের ধর্মকথা' এর এই লেখায় আল্লাহ, মুহম্মদ সা এবং আল-কোরআন বিষয়ক কিছু আলোচনার জবাবে)
প্রশ্ন উঠতে পারে, কোরানকে অলৌকিক বলে ঘোষণা দিয়ে মুহাম্মদের তবে কি লাভ হয়েছে ?
আগেই বলেছি, মুহাম্মদ "মুহাম্মদ" হতে পেরেছিলেন কোরানকে আল্লার বাণী বলে প্রচারের মাধ্যমে। আজ থেকে ১৪০০ বছরের অধিক সময় আগে এরকম প্রচার ও তাতে বিশ্বাস করার মত লোকের অভাব ছিল না যেখানে আজকের যুগেও এমন উদ্ভট বিষয়ে বিশ্বাসের মত মানুষের সংখ্যা কম নয়। এখনো অনেক ভণ্ড পীরের হাজার হাজার মুরিদের খোঁজ পাবেন একটু খবর নিলেই।
মুহাম্মদ একজন নারীর(খাদিজা) ব্যবসা দেখাশুনাকারী থেকে একটা জাতির নেতা পেরেছিলেন কোরানকে অলৌকিক বলে প্রচারের মাধ্যমে। মুহাম্মদের যা কিছু অর্জন সব এর মাধ্যমেই। নিচের কয়েকটি আয়াত লক্ষ্য করি-
"হে নবী! আমি আপনাকে সাক্ষী, সুসংবাদ দাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করেছি। এবং আল্লাহর আদেশক্রমে তাঁর দিকে আহবায়করূপে এবং উজ্জ্বল প্রদীপরূপে"। (৩৩:৪৫-৪৬)
"হে নবী! আপনার জন্য আপনার স্ত্রীগণকে হালাল করেছি, যাদেরকে আপনি মোহরানা প্রদান করেন। আর দাসীদেরকে হালাল করেছি, যাদেরকে আল্লাহ্ আপনার করায়ত্ব করে দেন এবং বিবাহের জন্য বৈধ করেছি আপনার চাচাতো ভগ্নি, ফুফাতো ভগ্নি, মামাতো ভগ্নি, খালাতো ভগ্নিকে যারা আপনার সাথে হিজরত করেছে। কোন মুমিন নারী যদি নিজেকে নবীর কাছে সমর্পন করে , নবী তাকে বিবাহ করতে চাইলে সেও হালাল। এটা বিশেষ করে আপনারই জন্য-অন্য মুমিনদের জন্য নয়। আপনার অসুবিধা দূরীকরণের উদ্দেশ্যে। মুমিনগণের স্ত্রী ও দাসীদের ব্যাপারে যা নির্ধারিত করেছি আমার জানা আছে। আল্লাহ্ ক্ষমাশীল, দয়ালু"।।(৩৩:৫০)

"আল্লাহ্ ও তাঁর ফেরেশতাগণ নবীর প্রতি রহমত প্রেরণ করেন। হে মুমিনগণ! তোমরা নবীর জন্যে রহমতের তরে দোয়া কর এবং তাঁর প্রতি সালাম প্রেরণ কর"।(৩৩:৫৬)

স্বীয় পোষ্যপুত্রের স্ত্রীকে বিয়ে করলে তা জায়েজ করার জন্য নিম্নোক্ত আয়াত নাজিল করানো হল -
"অতঃপর জায়েদ যখন জয়নবের সাথে সম্পর্ক ছিন্ন করল, তখন আমি তাকে আপনার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ করলাম যাতে মুমিনদের পুষ্যপুত্ররা তাদের স্ত্রী র সাথে সম্পর্ক ছিন্ন করলে সেসব স্ত্রীকে বিবাহ করার ব্যাপারে মুমিনদের কোন অসুবিধা না থাকে। আল্লাহর নির্দেশ কার্যে পরিণত হয়েই থাকে"। (সূরা আহযাব, ৩৩:৩৭)
কী অবস্থা দেখেন। এভাবে নিজেকে মহিমান্বিত করতে, সুবিধা আদায় করতে এমনকি ব্যক্তিগত বা পারিবারিক সমস্যায় পড়লেও তা সমাধানের জন্য মুহাম্মদ নিজের ইচ্ছেমত আয়াত নাযিল করে নিয়েছেন।

“কোরআন লিখা হয়েছে প্রত্যক্ষ উক্তিতে, পরোক্ষ উক্তিতে নয়।” ভাল কথা, কোরানকে পরোক্ষ উক্তিতে রচনা করলে একে আল্লার বাণী বলে প্রচার করা যেত কিভাবে? আমরা দেখতে পাই মুহাম্মদের যুগেও কিছু আলোকিত মানুষ ছিলেন যারা কোরানের অলৌকিকতার দাবিকে বিনাপ্রশ্নে মেনে নেন নি।

“(খ) কোনভাবেই স্বঘোষিত নাস্তিক হওয়া যাবে না। কারণ স্বঘোষিত নাস্তিক হয়ে সৃষ্টিকর্তার নামে কিছু লিখলে মিথ্যাবাদী ও জোচ্চোর হিসেবে জনগণের কাছে হাতে -নাতে ধরা খেয়ে যাবে! ফলে স্বঘোষিত নাস্তিকরা কিন্তু ইচ্ছে করলেও কোরআন বা অন্য কোন ধর্মগ্রন্থের মতো একটি গ্রন্থ লিখতে পারবে না।”
>এগুলো অপ্রয়োজনীয় কথা যদিও পড়তে বেশ ভালই লাগে।
“(গ) কোরআনের মধ্যে যে তথ্য আছে তার সঠিক ব্যাখ্যা এখন পর্যন্তও কেউ দিতে পারেনি। কেউ বলে কোরআন হচ্ছে মুহাম্মদের বা ণী। কেউ বলে ইহুদী রাবাইদের বাণী! কেউ বলে ক্রিস্টিয়ান পাদ্রীদের বাণী! কেউ বলে স্যাটানের বাণী! কেউ বলে ডেভিলের বাণী! কেউ বলে মৃগীরুগীর বাণী! কেউ বা আবার বলে মুহাম্মদের কোন এক সেক্রেটারির বাণী! তার মানে কোরআন বিরোধীরাই এখন পর্যন্ত নিজেদের মধ্যে ঐক্যমতে পৌঁছতে পারেনি।”

কোরান আজ থেকে ১৪০০ বছর আগের একটি গ্রন্থ। এখন একে নিয়ে যদি বিতর্ক হয় বা এর কিছু বিতর্কিত দিক থাকে তবে তা কিভাবে একে অলৌকিক গ্রন্থ বলে প্রমাণ করে? কোরানের মধ্যে যে তথ্য আছে তার সঠিক ব্যাখ্যা কেউ দিতে না পারলেই কোরান কিভাবে অলৌকিক গ্রন্থ হয় ? আল্লা নামক কেউ মানুষের জন্য কোনো মেসেজ পাঠাবেন আবার সেই মানুষ তা ঠিকমত বুঝতে পারবে না - এটি তো বরং কোরানের অলৌকিকতার দাবির বিপক্ষে যায়।

মজার ব্যাপার হল, রায়হান সাহেব স্রষ্টার অস্তিত্ব প্রমাণের নামে একেতো বলছেন অবান্তর সব কথাবার্তা আবার কোরানকে যারা অলৌকিক নয় বলে মনে করেন তাদের প্রতি বিষোদগার করে বলছেন, “এ নিয়ে সারারাত ধরে গাঞ্জা টেনে কোন কুল -কিনারা না পেয়ে ভোরবেলা হতাস হয়ে হয়তো বলা হয়, কোরআন আসলে উপরোল্লেখিত সবারই বাণী।” হাঃ হা। তিনি নিজেই গাঞ্জার মত কিছু টেনে টেনে এ লেখাটি লিখেছেন কি না তার বিচার বরং পাঠকরাই করুক। তারপর আবার বলছেন, “প্রকৃত মৃগীরুগী ও ডেলিউডেড যে কে বা কারা , সেটা বোঝার জন্য তসলিমা নাসরিন হওয়ার দরকার নাই নিশ্চয়! দশজন কোরআন বিরোধীকে যদি আলাদাভাবে মন্তব্য করতে বলা হয় সেক্ষেত্রে তারা হয়তো নিদেনপক্ষে পাঁচ রকম উপসংহারে পৌঁছবে।” কোরান নিয়ে দশজন যদি পাঁচরকম উপসংহারে পৌছেন তবে তা কোরানকে কিভাবে অলৌকিক বলে প্রমাণ করে? উহ, হাসতেও ভুলে গেছি। ঈশ্বরের কাছ থেকে প্রত্যাদেশ পাওয়ার মত উদ্ভট ও হাস্যকর দাবি করা হয়েছে, এটা নিয়ে দশজন দশধরণের কথা তো বলবেই। এটা যদি প্রমাণ করা যেত তা অলৌকিক বলে তবে তো আর একে নিয়ে এরকম বিতর্ক হওয়ার কথা না। আরেকটু হাসার জন্য নিচের অংশটুকু পড়েন -
“তবে কোরআন বিরোধীরা যেমন কোন যুক্তি -প্রমাণ ছাড়াই কোরআনকে ডেভিল বা স্যাটানের বাণী হিসেবে বিশ্বাস করে, কোরআনে বিশ্বাসীরা তেমনি অনেক যুক্তি -প্রমাণের আলোকে কোরআনকে এই মহাবিশ্বের সৃষ্টিকর্তার বাণী হিসেবে বিশ্বাস করে”।

"এবার মিলিয়ন ডলার প্রশ্ন হচ্ছে, এই মহাবিশ্বের যে সৃষ্টিকর্তা নাই, তার স্বপক্ষে নাস্তিকদের কাছে স্বতন্ত্র কোন যুক্তি-প্রমাণ আছে কি-না। ওয়েল, বিশাল একখান অশ্বডিম্ব! আর থাকবেই বা কী করে। থাকার প্রশ্নই ওঠে না। এ কারণেই তারা (অপ)বিজ্ঞানের মধ্যে মাথা গোঁজা শুরু করেছে। (অপ)বিজ্ঞান-ই হচ্ছে তাদের গড! অথচ মুসলিম কিডদের কাছে বিজ্ঞান ও অপবিজ্ঞান হচ্ছে মনুষ্য তৈরী দুটি টুল মাত্র! মুসলিম কিডদের কাছে যেটি নিছকই একটি টুল , অক্সফোর্ড প্রফেসর ডকিন্সের মতো নাস্তিকদের কাছেও সেটিই হচ্ছে গড!"

পুরোকথাই গোঁজামিল ছাড়া আর কিছুই নয়। ঈশ্বরের অস্তিত্বের একটাও প্রমাণ দিলেন না তারপর এখন আবার বলছেন ঈশ্বরের অস্তিত্ব নেই তা প্রমাণ করার কথা। ঈশ্বরবাদিরা যেহেতু ঈশ্বরের অস্তিত্ব দাবি করেন তাই তা প্রমাণের দায়িত্ব যে তাদেরই তা তারা কবে বুঝবে ? আমি আমার মনের মাধুরী মিশিয়ে এক ধরণের ঈশ্বরের ধারণা দিলাম তারপর এর আর কোনো প্রমাণ দিলাম না আর পরে কেউ তাতে সংশয় করলে বললাম, তাহলে আপনার কাছে এই ধরণের ঈশ্বর নেই বলে কোনো প্রমাণ আছে কি না? এভাবে নিজের প্রমাণের দায়িত্ব অন্যের ঘাড়ে চাপিয়ে দেয়াকে বলে 'শিফটিং দা বারডেন অফ প্রুফ'।

কোনো কিছুর অস্তিত্ব যিনি দাবি করেছেন তাকেই তার প্রমাণ দিতে হয়। আমি দাবি করলাম , পৃথিবীতে অংবং নামক এক ধরণের অদৃশ্য প্রাণী বসবাস করে (অথবা আমার অদৃশ্য হবার ক্ষমতা আছে) কিন্তু এর কোনো প্রমাণ দিলাম না। এতে কি আমার দাবি গ্রহণযোগ্য হবে অথবা কাউকে এ ধরণের প্রাণী নেই বলে প্রমাণ করার চ্যালেঞ্জ দিতে পারব? ঈশ্বরের বেলায়ও একই কথা। যারা দাবি করেন ঈশ্বর নামক কেউ আছে তাদেরকেই এর অস্তিত্ব প্রমাণ করতে হবে। তারা যদি তা প্রমাণ করতে না পারেন তবে তো এখানেই খেল খতম, একে আর আলাদাভাবে অপ্রমাণ করার কোনো প্রয়োজন আছে কি?

ঈশ্বর বিষয়টি নিয়ে ভাবার সুবিধার্তে ইসলামের আল্লার ধারণাকে বিবেচনায় আনি। আল্লাহ নিরাকার , আবার তিনি সর্বত্র বিরাজমান, অসীম ক্ষমতার অধিকারী, অসীম দয়ালু, সর্ব জ্ঞানী, তার একপাল ফেরেশতা নামক পাইক-পেয়াদা রয়েছে, রয়েছে সিংহাসন(আরশ) যা বহন করছেন আটজন ফেরেশতা। একটু খেয়াল করলেই দেখবেন , অসীম ক্ষমতার অধিকারী, অসীম দয়ালু, সর্ব জ্ঞানী এগুলো মানবীয় চারিত্রিক বৈশিষ্ট্যকে ঐশ্বরিক সত্ত্বায় আপতন ছাড়া আর কিছুই নয়। আল্লার বৈশিষ্ট্যগুলো মানুষের মধ্যে সীমিত পরিসরে বিদ্যমান তাই মানুষের পক্ষে এগুলোর কল্পনা খুবই সম্ভব । আল্লা এতই হিংসুক যে কেউ তার সাথে কাউকে শরিক করলে বা কাউকে তার সমান মনে করলে সে অপরাধ কখনো ক্ষমা করবেন না। কোরানে আছে-

"নিশ্চয় আল্লাহ্ তাকে ক্ষমা করেন না, যে তাঁর সাথে কাউকে শরীক করে। এছাড়া যাকে ইচ্ছা, ক্ষমা করেন।"(সুরা নিছা, ৪:১১৬)

"নিশ্চয় যে ব্যক্তি আল্লাহর সাথে অংশীদার স্থির করে, আল্লাহ্ তার জন্যে জান্নাত হারাম করে দেন। এবং তার বাসস্থান হয় জাহান্নাম। অত্যাচারীদের কোন সাহায্যকারী নেই।"(সুরা মায়িদাহ, ৫:৭২)

"নিঃসন্দেহে আল্লাহ্ তাকে ক্ষমা করেন না, যে লোক তাঁর সাথে শরীক করে। তিনি ক্ষমা করেন এর নিম্ন পর্যায়ের পাপ, যার জন্য তিনি ইচ্ছা করেন।" (সুরা নিছা,৪:৪৮)

আবার দেখুন-
যদি নভোমণ্ডল ও ভূমণ্ডলে আল্লাহ ব্যতীত অন্যান্য উপাস্য থাকত তবে উভয়ই ধ্বংস হয়ে যেত। (সূরা আম্বিয়া, ২১:22)
আল্লাহ প্রতিশোধগ্রহণ কারী!! দেখুন -
“নিঃসন্দেহে যারা আল্লাহর আয়াতসমূহ অস্বীকার করে, তাদের জন্যে রয়েছে কঠিন আযাব। আর আল্লাহ হচ্ছেন পরাক্রমশীল, প্রতিশোধ গ্রহণকারী”। (সূরা আলে ইমরান, ৩ : ৪)
“নিশ্চয় আল্লাহ পরাক্রমশালী, প্রতিশোধ গ্রহণকারী”। (সূরা ইব্রাহীম, ১৪ : ৪৭)

“ আল্লাহ কি পরাক্রমশালী, প্রতিশোধ গ্রহণকারী নন?” (সূরা আল-যুমার, ৩৯ : ৩৭)

ঈশ্বরের নিরাকারত্ব, ফটকা দয়ালুতা, করুণাময়তা, জ্ঞানময়তাসহ সকল বৈশিষ্ট্যকে সামনে আনলে এটাই প্রতীয়মান হয় যে ঈশ্বরই মানুষের কল্পনাসাধ্য সবচেয়ে বড় অশ্বডিম্ব বৈ কিছু নয়।

রায়হান সাহেব এবার ক্ষেপেছেন বিজ্ঞানের উপর। বলেছেন,

“এ কারণেই তারা (অপ)বিজ্ঞানের মধ্যে মাথা গোঁজা শুরু করেছে। (অপ)বিজ্ঞান-ই হচ্ছে তাদের গড! অথচ মুসলিম কিডদের কাছে বিজ্ঞান ও অপবিজ্ঞান হচ্ছে মনুষ্য তৈরী দুটি টুল মাত্র! মুসলিম কিডদের কাছে যেটি নিছকই একটি টুল , অক্সফোর্ড প্রফেসর ডকিন্সের মতো নাস্তিকদের কাছেও সেটিই হচ্ছে গড! অধিকন্তু, বিজ্ঞান যেহেতু একটি পরিবর্তনশীল বিষয় , বিশেষ করে প্রোবাবিলিস্টিক ক্ষেত্রে, সেহেতু বিজ্ঞানের উপর ভিত্তি করে দর্শনভিত্তিক কোন বিষয়ে স্বতন্ত্র কোন যুক্তি বা তত্ত্ব দাঁড় করাতে যাওয়াটাই হচ্ছে সবচেয়ে বড় অপবিজ্ঞান!”

রায়হান সাহেবের হাবভাবে মনে হচ্ছে, কেউ বিজ্ঞানকে ফেলে রেখে শুধু তাঁর মহান আজগুবী ও অপ্রমাণিত আল্লাহ ও ইসলাম ধর্মে বিশ্বাস করে ফেললেই যথার্থ সত্যেকে পাওয়া যাবে অন্যথায় নয়। যতই বিজ্ঞানের অগ্রগতি ঘটছে মানুষ ততই সত্যের কাছাকাছি পৌছে চলছে। হ্যা , সত্যের কাছাকাছি পৌছার একমাত্র অবলম্বন বিজ্ঞান। কিন্তু ধর্মের প্রধান অবলম্বন হল ‘বিশ্বাস’; কেউ ধর্মের বিষয়গুলো নিয়ে ঠিকমত ভাবতে পেরেছে কি না, এটা বিজ্ঞানসম্মত কিনা -এগুলো ধর্মের বিবেচনার বিষয় নয়- কোনো মতে ধর্মে ভাল রকম একটা বিশ্বাস স্থাপন করানো গেলেই ধর্মের পোয়াবারো। যা সত্য, যা প্রমাণ করা যায় তা অহেতুক কাউকে বিশ্বাস করানোর জন্য মরিয়া হয়ে উঠে না। বিজ্ঞান প্রমাণ নির্ভর, তাই বিজ্ঞানের কোনো বিষয়ে কাউকে বিশ্বাস করানোর জন্য ধর্মের মত উঠেপড়ে লাগতে হয় না।
বিজ্ঞান দিন দিন সূক্ষ থেকে সূক্ষতর , গভীর থেকে গভীরতর হচ্ছে, তা ক্রমাগত সত্যের দিকে ধাবিত হচ্ছে আর এজন্যই তাকে মাঝে মাঝে পরিবর্তিত হতে হয়। আর প্রমাণহীন ও অপরিবর্তনীয় ধর্ম বিশ্বাস অন্ধ আবেগের অচলায়তন তৈরী করে দেয় মানুষের মন ও মেজাজে ফলে সত্যের কাছাকাছি পৌছার দ্বার উন্মুক্ত করা তার জন্য একেবারেই দুঃসাধ্য হয়ে পড়ে।

আমরা রায়হান সাহেবের ঈশ্বর প্রমাণ দেখলাম। এখন প্রশ্ন হল, তিনি কেন এসব হাস্যকর অবান্তর যুক্তি দিয়ে ঈশ্বরের অস্তিত্ব প্রমাণ করার চেষ্টা করলেন ? এটা কি তাঁর চিন্তার ক্ষেত্রে ধর্ম-বিশ্বাসের প্রতিবন্ধকতার অনিবার্য ফলাফল?

মন্তব্যসমূহ

1. সৈকত চৌধুরী

জুলাই ১৮, ২০১০ সময়: ৩:২১ পূর্বাহ্ণ লিঙ্ক

অনেক বার পাঠানোর পর সম্পূর্ণটা আসল। এখন আবার একটু এডিট করতে ইচ্ছে করছে কিন্তু সাহস হচ্ছে না।

2. 2

অভিজিৎ

জুলাই ১৮, ২০১০ সময়: ৪:৩৯ পূর্বাহ্ণ লিঙ্ক

সৈকত,
রায়হানকে (আমাদের রায়হান আবীর নন) নিয়ে মুক্তমনায় আলোচনা সময়ের অপচয় বলেই মনে করি। ভদ্রলোক সবকিছুকেই নিজের বিশ্বাসের ফ্রেম থেকেই চিন্তা করেন। উনি হুমায়ুন আজাদ পড়েননি তাতে বিস্ময়ের কিছু নেই। উনি রিচার্ড ডকিন্সও পড়েননি। উনি আসলে কোন বইই পড়েন না, উনার মূল রিসোর্স ইন্টারনেটের বিভিন্ন বিশ্বাসনির্ভর আর্টিকেল, আর ইদানিং বোধ ইউটিউব। উনি যখন মুক্তমনায় ইয়াহুগ্রুপ-এ লিখতেন (শেষদিকে উনার যখন 'ট্রাঞ্জিশন' চলছিলো) আমি মহাবিশ্বের স্ফীতি তত্ত্ব নিয়ে এলেন গুথ, আলেকজান্দার ভিলেঙ্কিন, আন্দ্রে লিন্ডের সাম্প্রতিক গবেষণার ফলাফল জানাতে গিয়েছিলাম, তাকে বলেছিলাম নিদেন পক্ষে গুথের 'ইনফ্লেশনারি ইউনিভার্স' বইটা পড়ে দেখতে,অথচ তিনি সেটা না করে সেই বস্তাপঁচা 'ন্যাচারাল মহাবিশ্ব যেহেতু আছে সেহেতু তার একজন সৃষ্টিকর্তা থাকতেই হবে' - সেই লজিকেই ঘুরপাক খাচ্ছেন। ন্যাচারাল মহাবিশ্বের জন্য ঈশ্বর লাগলে, সেই ন্যাচারাল ঈশ্বরের জন্য কেন আরেকজন ঈশ্বর লাগবে না, তা শুধু উনিই জানেন। আর বিবর্তন বিষয়ে তার বিরোধিতাও উল্লেখ করার মতোই। বিবর্তন নিয়ে গন্ডা গন্ডা সিরিজ লেখেন, অথচ বিবর্তন বিষয়ে একটা অথেন্টিক বই কিংবা পাঠ্যপুস্তক পড়ে দেখতে চান না , মজার না?
আমি ইদানিং 'প্যারাসাইটের' লেখকদের নিয়ে ভাবনা ছেড়ে দিয়েছি। ওদের নিয়ে না ভেবে বিজ্ঞানের প্রান্তিক বিষয়ের উপর ভাল কিছু লেখা লিখি আসুন। এতেই বরং সবার উপকার হবে।

*রৌরব*এর জবাব:

জুলাই ১৮, ২০১০ at ৪:৫৫ পূর্বাহ্ণ

@অভিজিৎ,



*আল্লাচালাইনা*এর জবাব:

জুলাই ১৮, ২০১০ at ৪:৫৭ পূর্বাহ্ণ

@অভিজিৎ, সম্পুর্ণই সহমত। রায়হান আগে মুক্তমনায় লিখতো , লিখতে লিখতে হয়রান হয়ে যায় বিধায় এখন আর লেখে না। এখন লেখে 'রম্যালাপ' ব্লগে। কোনঠাঁসা হতে হতে যে 'রম্যালাপ' এ গিয়ে ঠেকেছে তাকে আবার মুক্তমনায় তুলে আনা কেনো ? তবে অস্বীকার করার উপায় নেই, ছোকড়া আনন্দ দিতে জানে।

*সৈকত চৌধুরী*এর জবাব:

জুলাই ১৮, ২০১০ at ৪:৫৮ পূর্বাহ্ণ

@অভিজিৎ,

আমার বিভিন্ন ব্লগে ঘোরাঘুরি করার আভ্যাস বা বদ -অভ্যাস আছে। উনার কীর্তি-কলাপ লক্ষ্য করে ভাবলাম একটা জবাব দেয়া উচিত। তা ছাড়া সমস্যার বিষয় হল এদের সৃষ্টিবাদি আবর্জনা গুলো কিন্ত অনেকে গোগ্রাসে গিলছে।

আমি ইদানিং 'প্যারাসাইটের' লেখকদের নিয়ে ভাবনা ছেড়ে দিয়েছি। ওদের নিয়ে না ভেবে বিজ্ঞানের প্রান্তিক বিষয়ের উপর ভাল কিছু লেখা লিখি আসুন। এতেই বরং সবার উপকার হবে।

এটাই আশা করি উনাকে নিয়ে আমার শেষ লেখা হবে। ধন্যবাদ।

3. 3

আদিল মাহমুদ

জুলাই ১৮, ২০১০ সময়: ৬:০২ পূর্বাহ্ণ লিঙ্ক

আমার দৃঢ় ঈশ্বর বিশ্বাসের পেছনে এর দুয়েকটি যুক্তি বাল্যকাল থেকেই খুব পছন্দের। তথ্যগুলি ঠিক না বেঠিক তার সঠিক প্রমান করার কোন উপায় না থাকলেও ঈশ্বর বিশ্বাসের পক্ষে যে ওসব যুক্তি যথেষ্ট নয় তা অনেকদিন আগেই বুঝেছি।

আমার মনে সবসময় আসত যে নবী মোহাম্মদের মত একজন সত মানুষ ,যিনি নাকি বর্বর কোরাঈশদের কাছেই আল আমিন নামে পরিচিত ছিলেন তিনি কেন আল্লাহ খোদা নিয়ে কাহিনী ফেঁদে বসবেন? তাও আবার স্রোতের বিপরীতে? অতীতের সব নবী নিয়েও একই ধারনাই মনে খেলত। তিনি বেশ কটি বিবাহ করলেও (যা সে যুগের রীতিতে অন্যায় কিছু নয়) প্রাচীনকালের রাজা বাদশাহদের মত ব্যাপক ভোগবিলাসে গা ভাসিয়েছেন এমন তো মনে হয় না। কাজেই মিথ্যা বলার পেছনে ওনার কোন মোটিভ নেই।

- যদিও যুক্তির জগতে এই যুক্তি তেমন শক্ত নয়। যিনি কোনদি ন মিথ্যা বলেননি বা চরম সত তিনিও এ ধরনের দাবী করতে পারেন। তার মানেই যে তাকে মিথ্যা বলতেই হবে এমন নয়। তিনি হয়ত মনে করেন যে আসলেই তিনি গায়েবী নির্দেশ পাচ্ছেন। যাকে আধুনিক যুগে হ্যালুসিনেশন বলে। এই যুগেও এমন গডের গায়েবী বানী শোনার ঘটনা প্রায়ই ঘটে। তাদের কেউ নবী বলে ধরে নেয় না। তাদের মানসিক রোগী হিসেবে চিকিতসা করা হয়। আমি বলছিনা যে মোহাম্মদ বা সব নবীর ক্ষেত্রে অবশ্যই তাই হয়েছিল। একটি শুধু যৌক্তিক সম্ভাবনা বলছি। এদের কেউ কেউ আসলেই মানসিক রোগ বশতঃ এমন দাবী করে, আর কেউ কেউ বড় ধরনের প্রতারক।

বার্ডেন অফ প্রুফ নিয়ে অনেক অনেক লেখা হয়েছে। ফালতু সময় নষ্ট। যদিও আমার ব্যাক্তিগত ইশ্বর বিশ্বাসের পেছনে ক্রিয়েটর লাগবে এই যুক্তি একটি কারন। যদিও একে আমি যুক্তি বলব না , ব্যাক্তিগত বিশ্বাসই বলব। কারন সেই ক্রিয়েটর কি করে ক্রিয়েট হলেন তার কোন ব্যাখ্যা আমি দিতে পারব না। নানান হাবিজাবি কথা শুরু করতে হবে।

4. 4

রাব্বানী

জুলাই ১৮, ২০১০ সময়: ৯:৪২ পূর্বাহ্ণ লিঙ্ক

রায়হান সাহেবের লেখাটি পড়ে আমার প্রথমেই এডওয়ার্ড কারেন্টের কথা মনে পড়ল। উনার লেখাকে প্যারোডি ছাড়া অন্য কিছু ভাবার কারণ দেখছি না।

5. 5

পৃথিবী

জুলাই ১৮, ২০১০ সময়: ২:৪০ অপরাহ্ণ লিঙ্ক

অভিজিতদার সাথে একমত। এদেরকে নিয়ে যত লিখবেন, ততই এদের গুরুত্ব বাড়বে। সৃষ্টিবাদীদের সাথে বিতর্ক করা নিয়ে ডকিন্সকে একবার স্টিফেন গুল্ড লিখেছিলেন যে এদের সাথে তাঁরা তর্ক করলে সৃষ্টিবাদীদের সিভি যত উজ্জ্বল হবে, তাঁদের সিভি ততই মলিন হবে।

৪। রায়হান সাহেব বলেছেন, "তাঁর সবগুলো লেকচার, ডিবেট, ও ইন্টারভিউ শুনেছি"। ভালো কথা যদিও খুবই সন্দেহজনক। তিনি ডকিন্সের সবগুলো লেকচার , ডিবেট, ও ইন্টারভিউ শুনেছেন তবে তাঁর কোনো বই পড়েছেন কিনা বলেননি। আবার বলেছেন, "তাঁর প্রত্যেকটি কথা ও যুক্তি মনোযোগ দিয়ে শোনার চেষ্টা করেছি"। অর্থাৎ শুনেছেন, পড়েন নি!! (তিনি নাকি হুমায়ুন আজাদের একটাও বই পড়েননি আর তা আবার প্রচারের জন্য ব্লগে পোস্ট দিচ্ছেন। কী হাস্যকর!)

ডকিন্স হারুন ইয়াহিয়ার "এটলাস অব ক্রিয়েশন" নিয়ে লন্ডনের এক্স-মুসলমানদের একটা সভায় বক্তৃতা করেছিলেন। পুরো বক্তৃতাটাই ছিল হারুন ইয়াহিয়ার ভুল নিয়ে। হারুন ইয়াহিয়া sea snakeকে বান মাছ বানিয়ে "প্রমাণ" করতে চেয়েছিলেন যে প্রকৃতিতে কোন প্রজাতি বিবর্তিত হচ্ছে(ইউটিউবে ডকিন্স এবং এটলাস অব ক্রিয়েশন সার্চ করে দেখতে পারেন, চার খন্ডের একটা ভিডিও পাবেন) না। হারুন ইয়াহিয়ার ভুল তথ্যগুলো তুলে ধরার পাশাপাশি ডকিন্স এটলাস অব ক্রিয়েশনের মত একটি বই ইয়াহিয়া কিভাবে প্রকাশ করে বিশ্বের সব বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে বিনামূল্যে বিলিয়েছিলেন , সেটা নিয়েও প্রশ্ন তুলেছিলেন। হারুন ইয়াহিয়া ঘোষণা করেছিলেন যে বিবর্তনবাদীরা একটা ইন্টারমিডিয়েট ফসিল দেখাতে পারলে তিনি ৪.৪ ট্রিলিয়ন পাউন্ড পুরস্কার দিবেন, যা কিনা তুরস্কের গ্রস ন্যাশনাল প্রোডাক্ট থেকে ছত্রিশ গুণ বেশি, এটা নিয়েও ডকিন্স হালকা ঠাট্টা-তামাশা করেছিলেন। ঠিক কোন প্রসঙ্গে তা মনে নেই, তবে সদালাপে রায়হান সাহেবদের সাথে এক বিতর্কে এই ভিডিওর কথা আনলে উনারা একত্রে দাবি করলেন যে ডকিন্স নাকি বেহায়ার মত ইয়াহিয়াকে ব্যক্তিগত আক্রমণ করেছেন। আমি তো থ! পুরো ভিডিওর লিংক আমি দু'বার পোষ্ট করলাম, তবুও জিহাদীরা একই কথা বারবার

বলছে। রায়হান সাহেব দাবি করলেন উনি নাকি ওই ভিডিও এর আগেও অনেকবার দেখেছিলেন। কোন সুস্থ মস্তিস্কের মানুষ ভিডিওটা দেখলেই ঘটনাটার তাৎপর্য বুঝতে পারবে।

মুক্তমনায় জাফর ইকবাল এবং আইডি নিয়ে একবার একটা বিতর্ক হয়েছিল। জিহাদীরা এতে ব্যাপক খুশি। যেই জিহাদীরা ফেসবুকে জাফর ইকবালের নামে একটার পর একটা অপপ্রচার চালিয়ে যাচ্ছে, সেই জিহাদীরাই মুক্তমনার উক্ত পোষ্টের মন্তব্য বিশেষকে প্রসঙ্গের বাইরে নিয়ে গিয়ে বিভিন্ন সাইটে পোষ্ট করে আমাদের গালাগালি করছে। অবস্থা দেখুন: -

http://sorowar1976.amarblog.com//posts/104146/

http://khelarkhobor.com/index.php?option=com_content&view=article&id=2975:2010-04-18-07-24-03&catid=42:rokstories&Itemid=152

পোষ্টটার নাম দিয়ে গুগলে সার্চ দিলে আরও অনেক ওয়েবসাইট পাবেন।

এরকম পরগাছাদের নিয়ে কথা বললে ওদেরকে উঠিয়ে দিয়ে আমরা নিজেরাই নিচে নেমে যাব। তাই অন্য ব্লগের কাজকারবার নিয়ে যত কম কথা বলা যায়, ততই ভাল। বহু বিবাহ নিয়ে ফতোয়াবাজি করে রায়হান সাহেব ইতিমধ্যেই আমারব্লগে বিশেষ জনপ্রিয়তা লাভ করেছেন, তাই উনাদের নিয়ে খুব একটা দুঃচিন্তা করার দরকার নাই।

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১:০৮ পূর্বাহ্ণ
@পৃথিবী,

অভিজিতদার সাথে একমত। এদেরকে নিয়ে যত লিখবেন, ততই এদের গুরুত্ব বাড়বে।

যদিও এদের নিয়ে ব্যস্ত হওয়ার কোনো কারণ নেই তারপরো আবার একেবারে ছেড়ে দেয়ার মধ্যে কিন্তু সমস্যা আছে। আমরা যেসব মোল্লা-মুনসিদের দ্বারা প্রতিনিয়ত নিয়ন্ত্রিত হচ্ছি সেসব মোল্লারা কি এদের থেকে বেশি ঘিলু ধারণ করে? মাঝে মাঝে একটু ধৈর্য ধারণ করে এসবের জবাব দেয়া উচিত বলেই আমি মনে করি। এতে সাধারণ মানুষেরা যারা ঐসব আবালদের কথায় নাচতে থাকে তারা হয়তবা কিছুটা হলেও চিন্তা করার সুযোগ পাবে।

আমরা মুক্ত-মনায় এসে অনেকে মনে করি ধর্ম-টর্ম এসব আর তেমন একটা ব্যাপার না তারা কিন্তু সত্যি সত্যিই ভুল করছি।



ব্রাইট স্মাইল্ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৭:৫২ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

যদিও এদের নিয়ে ব্যস্ত হওয়ার কোনো কারণ নেই তারপরো আবার একেবারে ছেড়ে দেয়ার মধ্যে কিন্তু সমস্যা আছে।

অবশ্যই সমস্যা আছে। একমত।

আমরা মুক্ত-মনায় এসে অনেকে মনে করি ধর্ম-টর্ম এসব আর তেমন একটা ব্যাপার না তারা কিন্তু সত্যি সত্যিই ভুল করছি।

একমত।

6. 6

 মিথুন
জুলাই ১৮, ২০১০ সময়: ৫:৫৫ অপরাহ্ণ লিঙ্ক

@সৈকত

আপনার মেধার প্রশংসা করছি।রায়হান সাহেবের লেখার কিছুই আমি শত চেষ্টা করেও বুঝিনা।পড়তে গেলে মনে হয় লিমেরিক পড়ছি।আপনি তার লেখা বুঝে আবার সেটার সমালোচনা লিখেছেন, সত্যিয প্রশংসনীয়। :clap2:

@আভিজিৎ

@আল্লাচালাইনা

ছোকড়া আনন্দ দিতে জানে।

কই আমিতো কোন আনন্দ পাইনা। আমি ওনার লেখা প্রথম পড়ি সামু তে , সেই তখন থেকেই দেখছি, ওনার লেখা পড়তে গেলেই আমার বুকে ব্যাথ্যা উঠে যায়।(কথাটা কিন্তু সত্যি।)

@পৃথিবী

ডকিন্স হারুন ইয়াহিয়ার "এটলাস অব ক্রিয়েশন" নিয়ে লন্ডনের এক্স-মুসলমানদের একটা সভায় বক্তৃতা করেছিলেন। পুরো বক্তৃতাটাই ছিল হারুন ইয়াহিয়ার ভুল নিয়ে।

ভিডিওটি আমি দেখেছি।আমি যতটুকু দেখেছি , তাতে ডকিংস হারুনের ৪ টি ভুল তুলে ধরেন। এরপর প্রশ্নোত্তর সেশন হয়। "এটলাস অব ক্রিয়েশন" এ খুব সম্ভবত এক মিলিয়ন ফসিল দিয়ে দেখানো হয় যে, ফসিলের প্রানিগুলোর আজো কোনো পরির্বতন হয়নি। ডকিংস সামান্য কয়টার ভ্রান্তি প্রমান করেছেন। বাকিগুলো আসল না নকল এ বিষয়ে কি নেটে কোনো লেখা আছে।



পৃথিবী এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ৯:৩৭ অপরাহ্ণ
@মিথুন, সবগুলো ভ্রান্তি বের করে দেখানো হয়েছে কিনা জানি না, বইটা এত বড় যে কেউ সবগুলো ভ্রান্তি বের করে দেখানোর ঝামেলায় যাবে বলে মনে হয় না।

ইয়াহিয়া কোন বিজ্ঞানী না। তার উপর তিনি যেসব ভুল করেছেন, তাতে তার দাবির গ্রহণযোগ্যতা একেবারেই বিলীন হয়ে যায়, সংগত কারণেই কেউ লাইন বা লাইন চেক করে ভুল বের করার প্রয়োজনীয়তা বোধ করবে না। এরকম ভুল করার পরও যদি কেউ ইয়াহিয়াকে পাত্তা দেয়, তাহলে তাকে আর কোনভাবেই বোঝানো যাবে না।

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১২:৫৪ পূর্বাহ্ণ
@মিথুন,

আপনি তার লেখা বুঝে আবার সেটার সমালোচনা লিখেছেন , সত্যি প্রশংসনীয়।

যদি ধর্মবিশ্বাসীদের জিজ্ঞেস করা হয় তারা কেন ধর্মে বিশ্বাস করে তবে আমি শিওর শতকরা ৯৯ জনই রায়হানের মত করে বলবে। আর সমাজটা যেহেতু ধর্মবিশ্বাসীদের দ্বারাই চলছে তাই এদের কথাবার্তা অনেক সময় ধৈর্য ধরে বুঝতে হয়।

মুক্ত-মনায় কাউকে নিয়ে পোস্ট দেয়ায় যদি কেউ জাতে উঠেছেন বলে মনে করেন তাবে ভাল মুশকিলই বঠে। একটা পুরনো কৌতুক মনে পড়ে গেল -

হাবলু আজ বেজায় খুশি, তার বিদ্যালয়ে আজ যে পরিদর্শক এসেছিলেন উনি নাকি শুধু ওর সাথে কথা বলেছেন আর কারো সাথে নয়। যাই হোক, সবাই যখন ওকে চেপে ধরল ওকে পরিদর্শক কি বলেছেন তা শুনানোর জন্য, ও সানন্দে বলল, “পরিদর্শক আমাকে বলেছেন , ‘ইডিয়ট’।”

7. 7

আকাশ মালিক

জুলাই ১৮, ২০১০ সময়: ৭:০৭ অপরাহ্ণ লিঙ্ক

যারা ধর্মকে বিজ্ঞান দিয়ে প্রতিষ্টিত করতে চায়, আর যারা নাস্তিক কিংবা নাস্তিকের কাছাকাছি এসে আস্তিকে ফিরে গিয়ে ধর্মের সাফাই গাইতে, ধর্ম নিয়ে লেখালেখি করতে ব্লগে আসে, তারা বুঝতে পারেনা তারা যে পাবনা যাওয়ার পথে, পথ ভুলে ঢাকায় ঢুকে গেছে। তারা আরো মনে করে ঢাকা শহর অর্থ মগবাজার।

মাহবুব সাঈদ মামুন এর জবাব:

জুলাই ১৮, ২০১০ at ৮:২২ অপরাহ্ণ

@আকাশ মালিক,

8. 8

শাফায়েত

জুলাই ১৮, ২০১০ সময়: ৭:১২ অপরাহ্ণ লিঙ্ক

সদালাপে নিয়মিত মুক্তমনার লেখার সমালোচনা করে লেখা ছাপা হয় , আমাদেরও কি সেই পথ অনুসরণ করা দরকার আছে? এসব লিখে সময় নষ্ট না করে বিজ্ঞান নিয়ে লিখুন, দর্শন- যুক্তি- সংস্কৃতি এসব নিয়ে লিখলে ভালো হয়।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৮, ২০১০ at ৮:১০ অপরাহ্ণ
@শাফায়েত,

খুবই ভাল কথা।

আমি মনে করি কারো কোন লেখার ব্যাপারে পূর্নাংগ লেখা দিয়ে আলোচনা সমালোচনা করতে হলে প্রথমে আলোচ্য লেখা যেই সাইটে বের হয়েছে সেখানেই পাঠানো উচিত। তারা না ছাপালে তারপর অন্য সাইটে সেটা উল্লেখ করে বের করা যেতে পারে। এতে ফেয়ারনেস থাকবে। আলোচ্য রায়হান সাহেব মুক্তমনায় তার বক্তব্য দেবেন না নিশ্চয়ই এটা জানা কথা। তাই এটা একসময় হবে একটা শিশুতোষ খেলায়।

আমি জানি এমন নিয়ম কোন সাইটে নেই,কেউ পালন করতে বাধ্য নন; তবে পালন করলে মনে হয় ভালই হয়।

অন্যরা সবসময় তাই করে বলে নিজেদের করতে হবে এমন কথা নেই। সময়ের দাম আছে, লেখারও আছে কতকিছু।

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১:২৮ পূর্বাহ্ণ

@আদিল মাহমুদ,

আমি মনে করি কারো কোন লেখার ব্যাপারে পূর্নাংগ লেখা দিয়ে আলোচনা সমালোচনা করতে হলে প্রথমে আলোচ্য লেখা যেই সাইটে বের হয়েছে সেখানেই পাঠানো উচিত।

এটি পোস্ট করে এমনিতেই যখন আমার ছেড়ে দে মা কেঁদে বাচি অবস্থা তখন আপনি আবার শুনালেন এ কোন বাণী!!

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৬:০৩ পূর্বাহ্ণ
@সৈকত চৌধুরী,

এমন কোন বাধ্যবাধকতা না থাকলেও আমি সেটা ফেয়ার বলে মনে করি। ওনারা সদালাপে যা ইচ্ছে বলে বেড়ান, ব্যাক্তিগত আক্রমন করেন অনেক; কারন জানেন যে আমরা সদালাপে গিয়ে সেসবের প্রতিবাদ করব না। যার যেমন রুচি।

আমরাও একই পথ ধরলে কেমন করে হবে?

সৈকত চৌধুরী এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১:২৩ পূর্বাহ্ণ
@শাফায়েত,

সদালাপে নিয়মিত মুক্তমনার লেখার সমালোচনা করে লেখা ছাপা হয় , আমাদেরও কি সেই পথ অনুসরণ করা দরকার আছে? এসব লিখে সময় নষ্ট না করে বিজ্ঞান নিয়ে লিখুন ,দর্শন-যুক্তি-সংস্কৃতি এসব নিয়ে লিখলে ভালো হয়।

কথা ঠিক। ওসব নিয়ে লেখার রুচি আমার কোনো কালেই ছিল না। হঠাৎ মাথাটা বিগড়ে বসল। আমি কিন্তু যুক্তির নামে বলা তার শিশু সুলভ কথা গুলো বিশ্লেষণ করেছি। ব্যক্তিগত ভাবে তাকে আক্রমণ

করা বা কুৎসা রটানোর (যেটি তুমার উল্লেখিত সাইটে প্রতিনিয়ত করা হয়) কোনো অভিপ্রায় ছিল না এমন কি এখানে ব্যক্তি রায়হান ও আমার জন্য কোনো ব্যাপার না।

তোমার পরামর্শ স্মরণ থাকবে। অনেক ধন্যবাদ।

রায়হান আবীর এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১:৪৪ পূর্বাহ্ণ
@শাফায়েত,

ধার্মিকরা ধর্ম প্রচার করেন, সুতরাং আমরা কখনও নাস্তিকতা প্রচার করবো না - এইটাই কি তুমি মানো? কি জানি আমার তো মনে হয় আমি যে জিনিসটার সন্ধান পেয়েছি যা বুঝতে পেরেছি সেটা এটলিস্ট সবার সাথে শেয়ার করতে চাই।

সদালাপে মুক্তমনার লেখার রিবাটাল ছাপা হয়, তাই মুক্তমনার উচিত হবেনা তাদের লেখার রিবাটাল লেখা? কেন, লিখলে কি সমস্যা?

আর তোমার শেষ লাইন পড়ে ক্যান জানি মাথায় আসলো, তুমি এখন মুক্তমনার মডু!

শাফায়েত এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৩:১৩ পূর্বাহ্ণ
@রায়হান আবীর,

> আর তোমার শেষ লাইন পড়ে ক্যান জানি মাথায় আসলো, তুমি এখন মুক্তমনার মডু!

কথাটা শুনে সত্যি খুব কষ্ট পেলাম। প্রথমত আমি মডু নই ,আমি শুধুই টেকনিক্যাল কাজ করি , নতুন প্লাগইন ইন্সটল,এডিট,পেজ লোডের সমস্যা,অপটিমাইজেসন এসবই আমার চিন্তা (তাও কাজের চাপে ঠিকমত কিছু করতে পারিনা) অভিদা আমাকে এ কাজই দিয়েছেন , সার্ভারে পূর্ণ একসেস থাকলেও তার বেশী ক্ষমতা আমার নেই। আপনারা মুক্তমনার পুরোনো ও সিনিয়র সদস্য , এ পোস্টের লেখক সৈকত ভাই আমাকে প্রথম মুক্তমনায় এনেছেন। আমি কখনোই নিজে কে আপনাদের উপরের কেও মনে করিনা।

আমি কমেন্টটি করেছি আর দশজন পাঠকের মতই। নাস্তিকতা প্রচারে আমার সমস্যা নেই কিন্তু এস এম রায়হান কে নিয়ে মাথা ঘামানোটা আমার সময় নষ্ট মনে হয়েছে। সেটা বলার অধিকার কি আমার নেই? নাকি সব লেখারই প্রশংসা করতে হবে?

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৬:২৭ পূর্বাহ্ণ
@শাফায়েত,

মনোকষ্ট পেয়ো না হে বালক। অন্তত আমি তো জানি যে আমি তোমার উপরে, কারন আমি তোমার চাচা লাগি। আমি তোমার সাথে আছি।

তবে নাস্তিকতা নামক কোন ধর্ম যেহেতু নাই তাই নাস্তিকতা নামক কিছুতে প্রচারের কি আছে বুঝি না। প্রথাগত ধর্মের অসার দিকগুলি তুলে ধরে যেতে পারে , এটাকে নাস্তিকতার প্রচার বলা মনে হয় ঠিক হবে না। ঈশ্বরের অস্তিত্বের প্রমান নিয়েও যুক্তিপূর্ন জোর বিতর্ক খুবই উপভোগ্য , তাকেও আমি নাস্তিকতার প্রচার মনে করি না। যুক্তির সাথে যুক্তির লড়াই হ বে। মতবাদ প্রতিষ্ঠা করা বড় কথা না।

রায়হান আবীর এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১১:১২ পূর্বাহ্ণ
@আদিল মাহমুদ,

> তবে নাস্তিকতা নামক কোন ধর্ম যেহেতু নাই তাই নাস্তিকতা নামক কিছুতে প্রচারের কি আছে বুঝি না। প্রথাগত ধর্মের অসার দিকগুলি তুলে ধরে যেতে পারে , এটাকে নাস্তিকতার প্রচার বলা মনে হয় ঠিক হবে না। ঈশ্বরের অস্তিত্বের প্রমান নিয়েও যুক্তিপূর্ন জোর বিতর্ক খুবই উপভোগ্য , তাকেও আমি নাস্তিকতার প্রচার মনে করি না। যুক্তির সাথে যু ক্তির লড়াই হবে। মতবাদ প্রতিষ্ঠা করা বড় কথা না।

শাফায়াত তো কয়েকদিন আগেই উবুন্টু নিয়ে লিখেছিলো। এই অপারেটিং সিস্টেম ব্যবহারেরে একধরণের প্রচারণাও সেটা। এবং ওর চমৎকার প্রচারণায় মুগ্ধ হয়ে আমি এখন ফুল টাইম উবুন্টু ইউজার।

এখন কথা হলো, উবুন্টু তো কোন ধর্ম নয়। তাও তো এটাকে প্রচার করা হয়।

নাস্তিকতার প্রচার আর ধর্মের প্রচার এক জিনিস না। সেটা আপনিও ভালো মতো বুঝেন। নাস্তিকতার প্রচার হল, ধর্মীয় কুসংস্কারের কথা সবাইকে জানান দেওয়া। এখানে কারও উপর মতামত চাপিয়ে দেওয়া হচ্ছেনা। খালি বিপরীত যুক্তিটা যত জনকে সম্ভব জানানো হচ্ছে। এইটা তো প্রচারণাই, তাই না?

তো এই প্রচারণায় সমস্যা কোথায়?

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৫:৪৭ অপরাহ্ণ
@রায়হান আবীর,

ধর্মের অসার দিকের সমালোচনা আর নাস্তিকতা প্রচার অর্থগত দিকে কিছুটা এক হলেও পুরোপুরি এক নয় মোটেই।

নাস্তিকতাকেও একটি ধর্মবিশ্বাস বলে এখনো বেশীরভাগ ধার্মিক লোক ভুল করেন। নাস্তিকতার প্রচার শব্দটা তাদের ভুল বিশ্বাসকেই আরো দৃঢ় করবে। যে বিশ্বাসের কোন অস্তিত্বই নেই তার আবার প্রচারনা কি?

তার চাইতে প্রথাগ্ত ধর্মের সমালোচনা বা বিরোধীতা এ জাতীয় শব্দ ব্যাবহার অনেক যুক্তিসংগত।

ব্রাইট স্মাইল্ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৭:৫৮ পূর্বাহ্ণ
@রায়হান আবীর,

> আর তোমার শেষ লাইন পড়ে ক্যান জানি মাথায় আসলো, তুমি এখন মুক্তমনার মডু!

বেশ বলেছেন। 😄

9. 9

রায়হান আবীর

জুলাই ১৯, ২০১০ সময়: ১:৩৮ পূর্বাহ্ন লিঙ্ক

মুক্তমনায় অনেকের সাথে মতের মিল হলোনা দেখে দুঃখিত! এমনি অভিদার সাথেও না

এই যে, রায়হান সাহেবের লেখাটা, বাংলাদেশের প্রায় ৯০% মানুষ এইটাকে অপ্ত বাক্য হিসেবে মনে করে। এইটা যে মিথ্যা কথা, বা কথাগুলোর যুক্তি যে ফ্যালাসিময় এইটা তাদের মাথাতেও আসেনা। কিন্তু এই লেখাগুলোর রিবাটাল অনেকের চোখ খুলে দেয় , তারা বুঝতে শিখে যে, এই কথাগুলোর বিপরীত মতও আছে। আর তাতে করেই তো কতজন আলোকিত হয়। অন্তঃত আমি হয়েছি।

মূল বিজ্ঞান নিয়ে লেখালিখিই সব সমস্যার সমাধান করবে ? তাই বুঝি। কই নবম শ্রেনীর রসায়ন বইতে তো স্পষ্ট করে লেখা আছে (এমনি কি আমার বোর্ড পরীক্ষাতে প্রশ্নও এসেছিলো) যে প্রানশক্তি মতবাদ কি সঠিক? না সঠিক না।

কই এই স্পষ্ট বৈজ্ঞানিক ঘোষণা পড়ে কয়টা নবম শ্রেনীর ছাত্র/ছাত্রী বুঝতে পেরেছে যে , আত্মা বলে কিছু নেই? আমরা যা কিছু দেখি সব পদার্থের ক্রিয়া - প্রতিক্রিয়া। অশরীরি বা অলৌকিক অপদার্থ বলে কিছু নেই সেটা কজন বুঝতে পারে ? বিজ্ঞানে আত্মা বা অশরীরী প্রাণশক্তির কোন মূল্য নেই ? কতোজন পেরেছে?

পারতো যদি তাদের কানের কাছে কেউ এসে বলতো, সেই দিন হুজুরের কাছে আত্মা সম্পর্কে যে কথাগুলো শুনলা সেটা আসলেই নিছক গাল গল্প। তখন সে জানতে চাইতো ক্যানো? উত্তরে প্রানশক্তি মতবাদটা বললেই, সেটার অসাড়তা ব্যাখ্যা করলেই কিন্তু ছেলেটা শিক্ষার আসল আলোটা লাভ করতো। অন্তত আমার তাই মনে হয়।

হারিকেন জ্বালাবার জন্য ম্যাচের কাঠি জ্বলানোর আগে সলতেটা একটু বাইরে বের করে নেওয়াটা প্রয়োজন। তা না হলে কাঠির পর কাঠি খরচ হবে হারিকেন জ্বলবেনা।

সৈকত ভাইকে তাই এই লেখার জন্য কৃতজ্ঞতা।

উলটা পালটার কথার জন্য সব্বার কাছে ছরি!

ভবঘুরে এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ২:০২ পূর্বাহ্ণ
@রায়হান আবীর,

আর কেউ না থাক আমি আপনার সাথে একমত। বিজ্ঞান জানার জন্য হাজার হাজার সাইট আছে। এছাড়া স্কুল কলেজ বিশ্ববিদ্যালয় এসব তো আছেই। আমার মনে হয় না কেউ বিজ্ঞান জানার জন্য মুক্তমনা সাইটে আসে। যাহোক, এতকিছুর পরও দেশের মেধাবী অনেক তরুন জামাত শিবির বা তাবলিগে নাম লেখায়। এটা বিজ্ঞানে তাদের জ্ঞান কম বলে করে তা আমার মনে হয় না।
যে কোন বিশ্ব বিদ্যালয়ে যান, পদার্থ বিদ্যা বিভাগের কমপক্ষে কয়েকজন ডক্টরেট ডিগ্রী ধারী শিক্ষক পাবেন যারা হয় জামাতী নয় ত তাবলিগি। আর বলা বাহুল্য ,তারা অতি স্ফীতি তত্ত্ব , বিগ ব্যাঙ, কোয়ান্টাম মেকানিক্স আপনার আমার চাইতে বেশী জানে বলেই আমার বিশ্বাস। তারপরও কেন তারা এধরনের মৌলবাদীতে পরিনত হচ্ছে? আমার ধারনা কোরান হাদিস আর মোহাম্মদ সম্পর্কিত মিথ তারা তাদের মাথা থেকে কোনদিন সরাতে পারেনি ও বর্তমানে তথাকথিত ইসলামী পন্ডিতদের কোরানে বিজ্ঞানের অপ তথ্য ও তত্ত্ব আবিস্কার তাদেরকের বিমোহিত করে। সুতরাং যে বিজ্ঞানের ওপর লিখতে চায় সে লিখুক , কিন্তু আমার মনে হয় সমাজ থেকে ধর্মীয় কুপমন্ডুকতা ও মৌলবাদীতা দুর করতে গেলে ধর্ম সর্ম্পকিত লেখা নিয়মিত প্রকাশিত থাকা উচিত। বিজ্ঞানের চাইতে এসব প্রবন্ধ মানুষ পড়ে বেশী প্রতিক্রিয়াও বেশী দেখায় বলে আমার ধারনা ।

অভিজিৎ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ২:০৫ পূর্বাহ্ণ
@রায়হান আবীর,

তোমার মত তুমি প্রকাশ করেছ এ নিয়ে ‘সরি’র তো কিছু নেই। তোমার মত সার্বিকভাবে ঠিক আছে , শুধু বিজ্ঞান দিয়ে হয়তো আলো জ্বলবে না , কিন্তু রায়হানকে নিয়ে পড়ে থাকলে আলো জ্বালানো তো দূরের কথা - তোমার হারিকেনটাও উধাও হয়ে যাবে। কাজের কাজ কিছুই হবে না। আসলে যারা সতর্ক বাণী উচ্চারণ করছেন, তারা উনার সম্বন্ধে পোড় খাওয়া লোকজন। তারা রায়হানকে এই ব্লগ তৈরির আগে থেকেই চেনেন। যদি যুক্তির বিপরিতে যুক্তি দিয়েই কথা হতো , তাহলে আপত্তি কিছু ছিলো না। কিন্তু বেশিরভাগ সময়েই তা না থেকে ব্যক্তি আক্রমণে চলে যায়। একটা উদাহরণ দেই।

নন্দিনী হোসেন নামে আমাদের ব্লগের একজন সদস্য একবার একটা লেখা লিখেছিলেন - ‘পুরুষ রচিত ধর্মে বিকলাংগ নারী” । রায়হান সাহেব তার প্রত্যুত্তরে লিখে বসলেন-‘নন্দিনীও একাধিক স্বামী চান’

শিরোনামে একটা লেখা। শুধু তাই নয়, উদ্ভট রিসার্চ থেকে সিদ্ধান্ত নিয়ে নিলেন, নন্দিনীর বাবা মা দুই ধর্মের, তাদের মধ্যে পারিবারিক সমস্যা ছিলো - তাই নন্দিনী এগুলো লিখছে! এখন এই লোকের সাথে আপনি কি তর্ক করবেন, বলুন? উনি যখন লেখার কিছু খুঁজে পান না তখন আবার ব্যক্তি নিয়ে পড়ে যান। ইদানিং আবার আদিল মাহমুদকে নিয়ে পড়েছেন দেখলাম। আদিল মাহমুদ কত বড় ভন্ড সেটা প্রমাণের জন্য আবার দেশি পোলা না কার যেন উদ্ধৃতি ব্যবহার করছেন। সত্যিই কি চরম বিনোদন!

এখন মুক্তমনাকেও যদি তমার সেরকম 'প্যারাসাইট' বানানোর ইচ্ছা থাকে, তবে উনার জবাব নিয়ে পড়ে থাকতে পারো দিনের পরে দিন। ভাল লেখা টেখা বাদ দিয়ে কেবল রায়হান কোথায় কি লিখলো তাই নিয়ে চিন্তা করতে হবে। তোমার বই চাঙ্গে উঠবে, এটা বলতে পারি 🙂

ভবঘুরে এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ২:২৯ পূর্বাহ্ণ
@অভিজিৎ,

আপনার বক্তব্যকে আমি সমর্থন করি। রায়হান জাতীয় অপদার্থদের নিয়ে মাতামাতি করে তাদেরকে কোন বিশেষ ফিগার বানানোর দরকার নেই। ধর্মের ওপর মৌলিক গবেষণা বা বিশ্লেষণ মূলক লেখা হলে তাতেই মানুষ বেশী সচেতন হয় বলে আমার মনে হয়। কারন প্রত্যেকেরই তো একটা নিজস্ব বিচার বুদ্ধি আছে।

রায়হান আবীর এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৩:০১ পূর্বাহ্ণ
@অভিজিৎ দা,

ভুল বুঝলেন। রায়হান কে নিয়ে পড়ে থাকার কথা কিন্তু আমি বলিনাই। আমি বলেছি সামগ্রিক ভাবে রায়হান সাহেব যেই আইডিয়াগুলো প্রচার করেন, সেগুলোর রিবাটাল আবশ্যক। হয়তো বলতে পারেন, ইতিমধ্যেই প্রায় সবই আছে। কিন্তু ডারউইন বিবর্তন নিয়ে বই লেখার পর কি এই বিষয় নিয়ে লেখা থেকে গেছে? এই উদাহরণ আপনারাই আমাকে একদিন দিয়েছিলেন... লেখা হয়েছে, আরও লেখা হোক। একটা সবার চোখে পড়নাই, আরেকটা পড়বে।

নন্দিনীর লেখার বিপরীতে রায়হান সাহেবের লেখা, আর রায়হান সাহেবের লেখার বিপরীতে সৈকতদার এই লেখা- তুলনাটা কি ঠিক হলো?

এখন মুক্তমনাকেও যদি তমার সেরকম ‘প্যারাসাইট’ বানানোর ইচ্ছা থাকে, তবে উনার জবাব নিয়ে পড়ে থাকতে পারো দিনের পরে দিন

সেইরকম ইচ্ছা আমার নেই। মুক্তমনার স্বকীয়তা কি এতোটাই দূর্বল যে, রায়হান সাহেবের লেখার রিবাটাল আসলে এটা একেবারে ধ্বংস হয়ে যাব?

সারাদিন ঐসব নিয়ে পড়ে থাকার কথাও আমি বলিনাই, আবার একেবারে বন্ধ করে দেওয়ার কথাও বলিনাই। ভারসাম্য তো থাকতেই পারে তাইনা? সৈকতদার এই লেখাটা কি মুক্তমনাকে প্যারাসাইট বানিয়ে ফেললো?

বই! সেখানেও তো এইসব “রায়হানদের” যুক্তি নিয়েই কথা হচ্ছে? সেটা যদি অনুৎসাহিত না হয়, এই লেখা লিখা কেন অনুৎসাহিত হবে?

অভিজিৎ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৫:১৭ পূর্বাহ্ণ
@রায়হান আবীর,
এ নিয়ে আর কথা বাড়ানোর ইচ্ছে নেই। আমি আমার ব্যক্তিগত মতামত হিসেবেই কথাগুলো বলেছি। তবে শাফায়েতের প্রতি অযাচিত আক্রমণ দেখে খারাপ লেগেছে। ও মডারেটর হলেই বা সমস্যা কি? কাউকে না কাউকে তো দায়িত্ব নিতেই হবে। য়ার শাফায়েত তো মডারেটর হিসেবে তো মন্তব্য দেয় নি, একজন ব্লগ সদস্য হিসেবেই দিয়েছে।

নন্দিনীর লেখার বিপরীতে রায়হান সাহেবের লেখা, আর রায়হান সাহেবের

লেখার বিপরীতে সৈকতদার এই লেখা- তুলনাটা কি ঠিক হলো?

আমি আসলে কোন তুলনা করছি না, আর সৈকতের লেখাকেও খাটো করছি না (বরং সৈকতের লেখা বরবরই গুণে মানে অতুলনীয়, এবং সৈকত আমার খুব পছন্দের একজন লেখক), কিন্তু আমি যে কথাটা বোঝাতে চাইছিলাম সেটা আল্লাচালাইনা এক কথাতেই নীচে বলে দিয়েছেন - ভদ্রলোককে জাতে না তুলে তার বক্তব্যের বিরুদ্ধেও হয়তো বলা যেত। যা হোক এ ব্যাপারে লেখকদের সিদ্ধান্তই চূড়ান্ত। কোন জোর জবরদস্তি নেই। তুমি ভা রসাম্যের যে কথাটা বলেছ, সেটার প্রতি আমার পূর্ণ সমর্থন রইলো।

*পৃথিবী*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ২:৪০ অপরাহ্ণ
@অভিজিৎ,

নন্দিনী হোসেন নামে আমাদের ব্লগের একজন সদস্য একবার একটা লেখা লিখেছিলেন - 'পুরুষ রচিত ধর্মে বিকলাংগ নারী" । রায়হান সাহেব তার প্রত্যুত্তরে লিখে বসলেন -'নন্দিনীও একাধিক স্বামী চান' শিরোনামে একটা লেখা। শুধু তাই নয় , উদ্ভট রিসার্চ থেকে সিদ্ধান্ত নিয়ে নিলেন, নন্দিনীর বাবা মা দুই ধর্মের, তাদের মধ্যে পারিবারিক সমস্যা ছিলো - তাই নন্দিনী এগুলো লিখছে!

এই ক্যাচাল সম্পর্কে আগেও শুনেছিলাম, এ প্রসঙ্গে উনাকে অন্যত্র চ্যালেঞ্জ করলে তিনি একে সরাসরি অস্বীকার করেন। উনার মূল লেখাটার লিংক কি দেওয়া যাবে ?

*আকাশ মালিক*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৪:৩৩ অপরাহ্ণ
@পৃথিবী,

এই ক্যাচাল সম্পর্কে আগেও শুনেছিলাম, এ প্রসঙ্গে উনাকে অন্যত্র চ্যালেঞ্জ করলে তিনি একে সরাসরি অস্বীকার করেন। উনার মূল লেখাটার লিংক কি দেওয়া যাবে ?

মুক্তমনা, সাতরং, ভিন্নমত ও সদালাপ ঘাটাঘাটি করে সবকিছু হয়তো বের করতে পারবো , কিন্তু সে সময় বা মানসিকতা মোটেই নেই।
আপনার জন্যে সেই দুটো লেখা-
'পুরুষ রচিত ধর্মে বিকলাংগ নারী"
নন্দিনী হোসেনের নারী বিষয়ক একটি লেখার জবাব

*ইমরান হাসান*এর জবাব:
মে ১৫, ২০১২ at ১২:২৫ পূর্বাহ্ণ
@অভিজিৎ, রায়হান ভাইকে কিছু যদি বলতেই হয় তবে একটা সম্মুখ ডিবেটের আয়োজন করলেই তো হয় দাদা এত কথা বলার কি দরকার। আমাদের রায়হান ভাই তো এটার জন্য ১০০% রাজি তো আপনি কি রাজি উনার সাথে বিতর্ক করার জন্য কোন নিরপেক্ষ ভেন্যুতে ? তাহলেই সব ফয়সালা হয়ে যায় কি না?

*অভিজিৎ*এর জবাব:
মে ১৬, ২০১২ at ৯:২৬ পূর্বাহ্ণ
@ইমরান হাসান,

আপনার এখানে এসে রায়হান সাহেবের পক্ষে ওকালতি করার প্রয়োজনটা পড়ল কেন? উনার কথা কি উনি নিজে বলতে পারেন না? শোনেন দুদিন আগে ব্লগে এসেছেন তো পুরোন ইতিহাস কিছুই জা নেন না আপনি। রায়হানের সাথে বহু ডিবেটই হয়েছে অতীতে। মুক্তমনার আর্কাইভ খুঁজলেই আপনি পাবেন। আপনে নতুন তো জানেন না বোধ হয় উনি এক সময় মুক্তমনাতেও লিখতেন। শুধু আমার সাথে না অনেকের সাথেই তার বিতর্ক হয়েছিলো। বিপ্লব পাল আট পর্বের (১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮) একটা সিরিজও লিখেছিলেন রায়হান সাহেবের র‍্যাণ্ডম পাগলামো নিয়ে। তাতে কি হয়েছে - কোন চাঁদ বদন উল্টাইছে?
শুধু তো মুক্তমনাতেই নয়, আরো হাজারটা ব্লগে রায়হান সাহেব সমানে বিনোদোন যুগিয়েছেন , উনার নামে ফেসবুক ফ্যান ক্লাবও আছে শুনেছি। উনার মতো বুজুর্গ ব্যক্তি নিজে কিছু বলতে পারেন না , 'নিরপেক্ষ ভেন্যু'র আর্জি জানাতে ইমরান হাসানের মত মুরীদের দরকার পরে , এটা বড়ই তামাসার ব্যাপার।

শোনেন ভাই, আপনি নিজেরে যত চালাক ভাবেন, অত চালাক কিন্তু আপনে না। সমানে ফেসবুকে আমাদের বিরুদ্ধে জিহাদের ডাক দিতেছেন, বলে চলেছেন যে এখানকার নাস্তিকেরা নাকি না জাইনা লিখে ইত্যাদি, প্রলাপ সাইটে গিয়া আমাদের বিরুদ্ধে উস্কানি দেন, কারো কারো সাথে বিতর্কে নিজেরেই নিজে বিজয়ী ঘোষণা করে পুরস্কৃত করেন , এগুলা সবই জানি ভাইজান। ময়ূরপুচ্ছ পেছনে ধারণ করলে কি হবে, আপনার কর্কষ কণ্ঠ আপনি অতি সাধনা করেও লুকাতে ব্যর্থ হচ্ছেন। আপনে ডালে ডালে চলে ভাবছেন বিরাট বিজয় অর্জন করেছেন, অন্য কেউ পাতায় পাতায়ও চলে কিন্তু।

*নিটোল*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ২:৩৮ পূর্বাহ্ণ
@রায়হান আবীর,
আপনার সাথে একমত পোষণ করছি। এদেরকে চোখে আংগুল তুলে দেখিয়ে না দিলে এরা চোখ খুলতে চায় না।

*ব্রাইট স্মাইল্*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৮:১৩ পূর্বাহ্ণ
@নিটোল,

আপনার সাথে একমত পোষণ করছি। এদেরকে চোখে আংগুল তুলে দেখিয়ে না দিলে এরা চোখ খুলতে চায় না।

*আল্লাচালাইনা*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ২:৫২ পূর্বাহ্ণ
@রায়হান আবীর, একটা ব্যাপারে সম্পুর্ণই একমত যে, বর্তমান সময়ে বিজ্ঞান আসল ইস্যু নয় , আসল ইস্যু ইসলাম। প্রচুর বিজ্ঞান জানা বাংলাদেশের থেকে এই মূহুর্তে আমাদের অনেক অ -নে-ক বেশী প্রয়োজন একটা ইসলামমুক্ত বাংলাদেশ। কিন্তু সময় নিয়ে গুরুত্বের সঙ্গে হরেক রকমের পাগল ছাগলদের বক্তব্যের রিবাটাল লেখাই কি ইসলামমুক্ত বাংলাদেশ গড়ার একমাত্র পথ ? বিশেষ করে এমন একজনের বক্তব্যের রিবাটাল লেখা, রিবাটালের চেয়ে এই মূহুর্তে যার কিনা বেশী প্রয়োজন একটি ইমিডিয়েট ডায়াগনসিস? হয়রানর গুনমুগ্ধ শ্রোতাদের বিশাল দঙ্গলতো দেখলাম না এখনও। বরং দেখছি তার একটা লেখা দুই তিনজন পরে দুই তিনটা মন্তব্য রেখে যায়। এবং যারা রেখে যায় তারা বাংলাদেশের ৯০% সাধারণ মানষ নয়, বরং গুনে ও মানে তারা বরং হয়রানের চেয়েও বড় অথবা অন্তত হয়রানেরই সমান ইডিয়ট।

হয়রান কেনো ভুল বলছে এটা মানুষকে বুঝিয়ে তাদের ইসলামমুক্তি ঘটানো সম্ভব নয়। কেনন ইসলামতো আগে থেকেই লজ্জাহীনতা ও নির্লজ্জতার ধর্ম। জনসমাগমে লাঞ্ছিত করে বামগালে চটাস করে একটা চড় কষিয়ে দিলেও বিন্দুমাত্র অপমানিত বোধ না করে বিজয়ীর গর্বিত হাসি হাসতে জানে ইসলাম। মাঠে চৌদ্দদিনের মরে পচে যাওয়া শূয়োরের গলিত মৃতদেহকে সুখাদ্য জ্ঞান করে মুখে ললসার জল আনতে জানে ইসলাম। Islam does't deal in logic. হয়রানের বক্তব্যের অসারতা ইসলামের কোনই ক্ষতি করতে পারবে না বরং হয়রান সতেজ হয়ে উঠবে এটা ভেবে যে তার বক্তব্যও সাম্প্রতীক সময়ে রিফিউট হতে পারার যোগ্যতা অর্জন করে ফেলেছে। নতু ন প্রাণশক্তিতে উজ্জীবিত সেই হয়রান আরও বেশী 'হলদে-সবুজ ওরাং-ওটাং' মার্কা বাণী নিসৃত করে চলবে। হয়রানের মন্ত্রশিষ্য ৯০% সাধারণ মানুষের ক্ষতি তাতে আরও বেশীই হবে।

রায়হান আবীর এর জবাব:

জুলাই ১৯, ২০১০ at ৩:০৫ পূর্বাহ্ণ

@আল্লাচালাইনা,

হয়রান না, সামগ্রিক ভাবে একটু বিবেচনা করুন। আমি সামগ্রিকভাবে কথাটা বলেছি। আমি হয়রান মিয়াকে চিনছি বেশিদিন হয়নাই। আমি আমার মন্তব্যটা সামগ্রিকভাবে করেছি।

শিক্ষানবিসের জাকির নায়েক নিয়ে লেখাটা কতোজনকে আলোকিত করেছে আমি নিজেই দেখেছি। এরা জাকির নায়েকের কথাকে পরম সত্য মানতো, এখন নিজেদের ভুল বুঝতে পেরেছে। এই ধরণের লেখার দরকার নেই বলুন?

এইটাই একমাত্র পথ না, কিন্তু এই পথের প্রয়োজনীয়তা আছে।



আল্লাচালাইনা এর জবাব:

জুলাই ১৯, ২০১০ at ৩:৩৬ পূর্বাহ্ণ

@রায়হান আবীর, সামগ্রীকভাব হলে ঠিক আছে। আসলে এই ফোরামে যেই লেখাগুলো আসছে তার প্রায় অনেকগুলোই সামগ্রীকভাবে এই শর্ত পূরণ করে চলছে , তারা ইসলামের বিরুদ্ধে বলছে। কিন্তু, ইসলামের বিরুদ্ধে বলতে গিয়ে হয়রানের মতো একটা নিতম্বের ফোঁড়াকে যদি একটুকুও জাতে তুলে দেওয়া হয়- সেটা হবে বিশাল ভুল। আমার মনে হয় লেখক সৈকত চৌধুরী যদি আগে থেকে ভিজ্যুয়ালাইজ করতেন এই লেখা প্রকাশ পরবর্তী মূহুর্তগুলোকে হয়রানের চোখ দিয়ে যে , “আমি হয়রান, আমিই এক ও অদ্বিতীয়, আজকাল আমাকে নিয়ে মুক্তমনায় সমালোচনামূলক লেখা আসে , এবং সেই লেখাগুলো সিরিয়াস, পুরো লেখায় লেখক একবারও এমনকি মুচকী হাসিটি পর্যন্তও দেননি।”- তিনি বোধহয় লেখার শিরোনাম ও কন্টেন্টে একটু পরিবর্তন আনতেন। আর প্রসঙ্গত জাকির নায়েক হয়রানের চেয়ে অনেক বড় ভাঁড়, হাজার হাজার লোক তাকে দেখে, তার নাম নিয়ে তার বক্তব্যের রিবাটাল লেখা যায়। কিন্তু, হয়রানতো পাঁচটা মানুষের মনোযোগ আকর্ষণ করার জন্য পর্যাপ্ত ইম্প্রেসিভ নয়। হয়রানকে এই মূল্য দেওয়া কেনো? হয়রানকে জাতে না তুলে তার বক্তব্যের বিরুদ্ধে কি বলা যেত না?

ইমরান হাসান এর জবাব:

মে ১৫, ২০১২ at ১২:৫৫ পূর্বাহ্ণ

@আল্লাচালাইনা, ভাই আপনি হাত ধুয়ে ইসলামের পিছনে কেন লাগলেন ? আমাদের বাংলাদেশে তো ৮০০ বছর ধরে ইসলাম আছে এছাড়াও কত বছর আধুনিকতা এর পরেও আমরা তো আর মৌলবাদীতে পরিপূর্ণ দেশ পাইনি ।আর আপনার মত উগ্র নাস্তিকেরা কত ভালো করতে পারেন দেশের সেটা পলপট মাও এরপরে স্তালিন,মারশাল টিটো, এছাড়া উগ্র বস্তুবাদী গ্যালটন আর ইউজেনিক্স পন্থি মার্ক্স বাবা দেখিয়ে দিয়ে গেছেন। আমাদের দেশের ৮৯% মানুষের বিশ্বাস যদি আপনি ভেবে থাকেন এক আধটা সাইট দিয়ে ভেঙ্গে দিবেন তাহলে আপনি ভুল করছেন, আপনার আর আপনাদের মত মানুষ(!) দের মন্তব্য আর বক্তব্য সাধারণ মানুষের শুধু হৃদয় রক্তাক্ত করা ছাড়া আর কিছুই করতে পারেনি এর জন্য একটা লিংক দিলাম(জানি হয়ত আমার মন্তব্য ৯৯% ক্ষেত্রে প্রকাশিতই হবে না) আপনাকে একটা অনুরোধ পারলে অভিজিৎ দাদা এর মত বিজ্ঞান নিয়ে লেখেন নাতো এরকম ছড়ি ঘুরানোর চেষ্টা করলে উল্টা পাব্লিক আপ নার মাথাতেই ছড়ি ভাংবে।আপনাদের নাস্তিকতাবাদী লেখা কোথাও সাধারণ মানুষের কাছে গ্রহণযোগ্যতা পাবে না আর পাচ্ছেও খুব কম আচ্ছা এরপরে আমার লিঙ্কটা দেখেন বিদায় http://muktoblog.net/details.php?un=fariarishta&pid=4631 😂

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৫:৩২ অপরাহ্ণ
@আল্লাচালাইনা/রায়হান আবীর ,

প্রাসংগিক হিসেবে রায়হান সাহেবের লেখার সমালোচনা করা যায়। তিনি অনেকের নামে ব্যাক্তিগত বিদ্বেষ ঢালেন সবই সত্য।

তাই বলে তার নাম বিকৃত করে হয়রান হয়রান ডাকা সমর্থন করা যায় না। এসব নামে তাকে ডাকলে তাকেই সাহায্য করা হয়। এতে ওনার খুবই সুবিধে হবে। আর তার দায় নিতে হবে মুক্তমনার সমস্ত সদস্যদের।

আকাশ মালিক এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৪:১৮ পূর্বাহ্ণ
@রায়হান আবীর,

এই যে, রায়হান সাহেবের লেখাটা, বাংলাদেশের প্রায় ৯০% মানুষ এইটাকে অপ্ত বাক্য হিসেবে মনে করে।

সর্বনাশ, এ কী বললেন ভাইয়া? যদি বলতেন ৯০% মানুষ তাকে গদার উপর রাখে মেনে নিতাম। অন্যান্য ব্লগে তাকে যে হারে লা'নত দেয়া হয়, ইবলিস শয়তান সারা জীবনেও ততটুকু লা'নত অর্জন করতে পারে নাই। আমি চাই না এই মানুষটার নাম মুখে নিতে। পাপের ভয়ে পাপ হবে পাপ। আপনারা হয়তো একে ভাল ভাবে চেনেন না। মুক্তমনায় তা র আগের সবগুলো লেখা একবার পড়ুন। আমাদের ফোরামের এমন কোন পুরাতন লেখক নেই যাকে সে অভদ্রভাবে অপমান করে নাই। এমন কোন লেখক নেই যারা তার প্রতিউত্তরে পুরো প্রবন্ধ লেখেন নাই। অভিজিৎ দা উল্লেখ করেছেন নন্দিনীর কথা। নন্দিনীকে অপমানের প্রতিবাদে আমি পূর্ণ একটি লেখাই লিখে ছিলাম, মুক্তমনার আর্কাইভে হয়তো এখনও আছে। মুক্তমনার উল্লেখিত লেখকদের মধ্যে অভিজিৎ দা , আবুল কাশেম, আসগর সাহেব, কামরান মির্জা, বিপ্লব দা, নন্দিনী হোসেন ও আমাকে নিয়ে অত্যন্ত জঘন্য ভাষায় সে সমালোচনা করেছে। তার অযুক্তি কুযুক্তি, অপবিজ্ঞানের জবাবে বিপ্লব দা অনেক লেখা লিখেছেন, হয়তো ভিন্নমত এর আর্কাইভে খোঁজ করলে এখনও পাবেন। সদালাপের পুরনো সাইট থাকলে আপনারা দেখতে পারতেন সে কতবড় অভদ্র অপদার্থ ছেলে।

আমাদের সকল লেখক পাঠকবৃন্দের প্রতি সবিনয় নিবেদন , এই চ্যাপ্টারের এখানেই সমাপ্তি টানুন। নন্দিনীর মত লেখিকার মনে অন্যায় ভাবে সে যে আঘাত দিয়েছিল এ জন্যে তার ক্ষমা চাওয়া উচিৎ ছিল। পুরনো ক্ষত মনে করিয়ে না দেয়াই উত্তম।

10. 10

বন্যা আহমেদ

জুলাই ১৯, ২০১০ সময়: ৫:২১ পূর্বাহ্ণ লিঙ্ক

ব্লগ এবং ইন্টারনেটের এই যুগে যে কেউ যে কোন কিছু নিয়েই লিখতে পারেন , এটা নিয়ে বলার কিছু নেই। কিন্তু সেই লেখা এবং আলোচনাগুলো একটা ব্লগের মান কোথায় টেনে নিয়ে যেতে পারে সেটাই বোধ হয় এখানে বিবেচ্য বিষয়। যে কোন ব্লগেরই একটা ডিরেকশান থাকে, লেখক, পাঠক, মডারেটররা মিলেই সেটার অলিখিতভাবে ঠিক করে থাকেন। এই ধরণের লেখার উত্তর প্রত্যুত্তর কোথায় যেতে পারে সেটা যারা ব্লগে ব্লগে এসব পড়েন তাদেরকে আর নতুন করে বলে দেও য়ার প্রয়োজন আছে বলে মনে করি না। মুক্তমনা যদি এরকম সাইটের সাথে পাল্টাপাল্টি বিতর্ক করে আয়ু ক্ষয় করতে চায় তাহলে হয়তো আমাদের মত কিছু ব্লগার মনঃক্ষুণ্ণ হবেন , এই আর কি, তাতে খুব বেশী কোন ক্ষতি যে হয়ে যাবে তা অবশ্য হলফ করে বলা যায় না। আমার কাছে ধর্ম নিয়ে বিশ্লেষণাত্মক লেখা বা কন্সট্রাক্টিভ সমালোচনা এক জিনিস বলে মনে হয় আর এই ধরণের ফালতু ব্লগীয় পপ লেখার রিবিউটালাকে আরেক জিনিস বলেই মনে হয়। অনেক কিছুই বলা যায় এ নিয়ে

কিন্তু অযথা সময় নষ্ট বলে আর বলছি না, মুক্তমনার অনেক পাঠকই যে লেখাটায় আপত্তি জানিয়েছেন তার জন্য শুধু ধন্যবাদ জানাচ্ছি।

হ্যা, মুক্তমনায় কেউ বিজ্ঞান শিখতে আসে না , ঠিকই তো, নিউটনের সূত্র জানার জন্য মুক্তমনায় কারও আসার দরকার নেই। কিন্তু আমার ধারণা এখানকার অনেক পাঠকই নিছক মুখস্থ করা বিজ্ঞান আর বিজ্ঞানের দর্শনের মধ্যে পার্থক্য বোঝেন। আমাদের দেশের টেক্সট বইগুলোতে বিজ্ঞান এমনভাবেই পড়ানো হয় যা থেকে কোনরকম কোন বিজ্ঞানমনষ্কতা তৈরির অবকাশ থাকে না। পাঠকেরা যখন বলেন ভেন্টরের প্রাণের আবিষ্কারের খবর পাওয়ার পরপরই মুক্তমনায় এ নিয়ে লেখা খোঁজেন বা এখানে প্রায়শঃই বিজ্ঞানের বিভিন্ন লেখা নিয়ে যেরকম বিস্তারিত আলোচনা বা কাটাছেঁড়া হয় (যা বাংলা ব্লগগুলোতে বিরলই বলতে হবে) তা থেকেও কিন্তু মনে হয় না এখানে যে কেউ জ্ঞান-বিজ্ঞান বা দর্শনের লেখা পড়তে আগ্রহী নন। পৃথিবীর মানুষ যদি সারাক্ষণ এইসব ক্রিয়েশানিষ্টদের কুযুক্তি নিয়ে আলোচনা করার জন্য বসে থাকতো তাহলে সভ্যতা মনে হয় আর আগাতো না, জ্ঞান-বিজ্ঞান, দর্শন, শিক্ষা, সংস্কৃতি, যুক্তি সব আটকে বসে থাকতো হাজার বছর আগের লেভেলে। আর আমরা যদি মনে করি বাংলায় হয় শুধু সাহিত্য লেখা হবে আর না হলে ধর্মের পক্ষে বিপক্ষে ক্যাচাল হবে , বাকি সভ্যতা, ইতিহাস, সংস্কৃতি, জ্ঞান-বিজ্ঞান চর্চার দায়িত্ব অন্য ভাষাভাষীদের, তাহলে অবশ্য আর কিছু বলার থাকে না।

*অনন্ত নির্বাণ*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৮:২৭ পূর্বাহ্ণ
@বন্যা আহমেদ,

আপু , একটা লেখার জন্য ব্লগের মান আকাশ ছোবে না আবার পাতালেও নিয়ে যাবে না। বরং এই যে ওপরের কমেন্টগুলো যেগুলোকে ঝগড়া আর অতি-সমালোচনা ছারা আর কিছুই বলা যায় না... সেগুলো দেখে হয়তো মানুষ এই মুক্ত-মনাদের ওপর হাসতে পারে। আমাদের কাছে কি বিকল্প কোন পথ খোলা নেই ?

আর এখানে পাল্টাপাল্টি কোন ব্লগের সাথে দ্বন্দ হিসেবে দেখছেন কেন ? এখানে কিছু যুক্তির বিরুদ্ধে কিছু লেখা হয়েছে... মনে হয় না কোন ব্লগের বিরুদ্ধে লেখাটা। আমি জানি না রায়হান সাহেবের ব্যাকগ্রাউন্ডটা আসলে কিরকম। কিন্তু এটাওতো সত্যি যে এই কথা গুলো শুধু রায়হান সাহেব ই বলেন না। আরো অনেক অনেক মানুষ আছে , যারা ছোট ছোট পিচ্চিদেরকে এইসব বলে কনভিন্স করে , আর

দিনে দিনে সেগুলো অভ্যাসে পরিনত হয়। চাইলেও ছাড়তে পারে না। তাই যদি সমালোচনা করতেই হয় সেটা ব্যক্তিকেন্দ্রিক না হয়ে যুক্তিকেন্দ্রিক হওয়া উচিৎ। সবাই বোধয় এই লেখাটার সমালোচনা করছে কারন এর সাথে রায়হান নামের একজনের কানেকশন আছে বলে। এটা আসলেই দুক্ষজনক।

আর এখানে মনক্ষুন্ন হওয়ার মত তেমন কিছুও নেই। সব লেখাই যে আমাদের মনপূত হবে তা তো নয়। এখানে অনেকে এও বলতে পারে মুক্ত -মনায় এমন কিছু লেখা পোষ্ট করা হয় যেগুলো এতই দুর্বোধ্য যে পড়ার পর টাইম নষ্ট হয়েছে বলে মনে হয়। কিন্তু তাই বলে সেইসব লেখার গুরুত্ত্ব কমে গেল ? মুক্তমনার আয়ু ক্ষয়ে গেল ? অবশ্যই না। বরং যেটা হয়েছে তা হল আমার ব্যক্তিগতভাবে সেটা ভালো লাগে নি। এর থেকে কিছু কম বেশি না , মুক্তমনা মুক্তমনাই আছে।

আমাদের উচিৎ হয়তো এইসব জিনিস ওপেন রাখা, যে যার মত করে ভাবুক , যে যার মত করে গ্রহন করুক ... এই স্বাধীনতাটুকু থাকা উচিৎ। রায়হানকে অনেকেই নাও চিনতে পারে, কিন্তু এইসব ফালতু জিনিস অনেকেই শুনে থাকতে পারে... তাই সেইসব মানুষের অন্তত এই জিনিসগুলো জানা দরকার।আর সেই প্রয়োজনেই এই লেখাটা অপ্রয়োজনীয় মনে করছি না।

যদিও আমি নিজের কথা বললে বলবো যে এই লেখার মধ্যে যা আছে সেটা আমার জন্য অনেক পুরনো জিনিস। কিন্তু এই মুক্ত-মনায় শুধু তো আমি একলাই আসি না... এখানে এমন আরো অনেকেই আসে যারা এই জিনিসগুলোর সাথে হয়তো পরিচিত না। তাদের জন্যে হয়তো এই লেখাটা কিছুটা হলেও কাজে আসবে।

রায়হানকে আপনারা চেনেন বলে এই লেখাটার যে সমালোচনা করলেন সেটা আমার কাছে কিছুটা স্বার্থপরের মতো লাগলো। যেমনটা স্বার্থপর বলতেন আমায় আমার এক স্যার, কারন স্যার এমন সব জিনিস ক্লাসে পড়াতেন যা আমি জানি, তাই স্যারকে বলতাম নতুন কিছু পড়ানোর জন্য কিন্তু স্যার সবসময় আমার মনে করিয়ে দিতেন যে , ক্লাসটা শুধু তোমায় নিয়ে নয়... আরো অনেক কে নিয়ে।



ব্রাইট স্মাইল্ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৮:৩৯ পূর্বাহ্ণ
@অনন্ত নির্বাণ,

আমাদের উচিৎ হয়তো এইসব জিনিস ওপেন রাখা, যে যার মত করে ভাবুক , যে যার মত করে গ্রহন করুক ... এই স্বাধীনতাটুকু থাকা উচিৎ। রায়হানকে অনেকেই নাও চিনতে পারে , কিন্তু এইসব ফালতু জিনিস অনেকেই শুনে থাকতে পারে... তাই সেইসব মানুষের অন্তত এই জিনিসগুলো জানা দরকার।আর সেই প্রয়োজনেই এই লেখাটা অপ্রয়োজনীয় মনে করছি না।

সুন্দর বলেছেন।

*পৃথিবী*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ২:৩৪ অপরাহ্ণ
@অনন্ত নির্বাণ, একটা উদাহরণ দেই। বাংলা কমিউনিটি ব্লগগুলোতে অনেক প্রজাতির ইসলামিস্ট দেখা যায়। কেউ কেউ সরাসরি গণতন্ত্রকে খেলাফত দ্বারা প্রতিস্থাপন করতে চায়, কেউ কেউ স্বঘোষিত জামায়াত সমর্থক আর বাকিরা হল গিয়ে "মডারেট" মুসলমান। এখন কেউ যদি খেলাফতের প্রয়োজনীয়তা নিয়ে একটার পর একটা লেখা ছাড়তে থাকে বা সবকিছুতে ইহুদি -নাছারাদের ষড়যন্ত্র খুজতে থাকে, আপনি কি তাদের দাবিকে বিশ্লেষণ করার প্রয়োজন অনুভব করবেন ? সব ব্লগেই আপনি কিছু ব্লগার পাবেন যারা আমেরিকায় কোথাও কোন প্রাকৃতিক দুর্যোগ ঘটলে একে আ ল্লাহর গযব আখ্যা দিয়ে রীতিমত একটা পুস্তিকা লিখে ফেলেন। কেউ কেউ বারমুডা ট্রায়াঙ্গলে আল্লাহর ক্ষমতা খুজে পান, কেউ কেউ জায়গায়-অজায়গায় অলৌকিকভাবে আল্লাহর নাম খচিত দেখে উৎফুল্ল হন। আপনার কি মনে হয় আমাদের এসব ব্যক্তিদের দাবির প্রতিউত্তর দেওয়ার পেছনে মূল্যবান সময় ব্যয় করা উচিত?

মুক্তমনা যখন ইয়াহু গ্রুপে সীমাবদ্ধ ছিল , তখন থেকেই অনেকে রায়হান সাহেবের লেখার সাথে পরিচিত। আমি ব্যক্তিগতভাবে অন্য একটা ব্লগে রায়হান সাহেবের লেখা প্রথম দেখি। নাস্তিক কেন, সাধারণ ধার্মিক ও রায়হান সাহেবের ভেতরেও বাদানুবাদ দেখে আমার মনে হয়েছে তার সাথে কথা বলা আর পাথরের সাথে কথা বলা একই কথা। ওই একই ব্লগে এর আগে তিনি বহুবিবাহ যায়েজ করতে গিয়ে আস্তিক-নাস্তিক সবার কাছেই গাল খেয়েছেন(এবং এরপর থেকে ওখানে ওনার অংশগ্রহণ প্রায় বিলীন হয়ে গিয়েছে)। রায়হান সাহেবের লেখার সাথে শুধু মুক্তমনার গুটিকয়েক পুরনো ব্লগা র না, বাংলা ব্লগোস্ফিয়ারের অনেক সক্রিয় ব্লগারই পরিচিত। আমরা ইতিহাস থেকে শিক্ষা নিতে চাচ্ছি।

নাস্তিকতা প্রচার করা যাবে না, নাস্তিকতা নিয়ে আলোচনা করা যাবে, এমন দাবি মুক্তমনায় কেউ কখনওই করবে না। ঈশ্বরের অস্তিত্ব নিয়ে কোন দাবি রিফিউট করতে চাইলে পাবলিক ফিগারদের উপরই মনোনিবেশ করুন, অথবা এমন কোন ব্যক্তিকে বেছে নিন যার সাথে বুদ্ধিবৃত্তিক আলোচনা চালানো সম্ভব। আজকে আপনি রায়হান সাহেবের দাবি রিফিউট করছেন, কালকেই দেখবেন রায়হান সাহেব যথারীতি আপনার পোষ্টের একটি বাক্যও না পড়ে আপনাকে "বদ্ধমনা", "ভন্ড" বলে গালাগাল করে আরেকটি পোষ্ট দিবে। গালি খেতে কারওরই ভাল লাগে না, দেখা যাবে আপনিও উত্তেজিত হয়ে একটা পালটা পোষ্ট দিলেন। এভাবে করে আর যাই হোক, সুস্থ আলোচনা সম্ভব না।

সবশেষে বলব এখানে “মুক্তমনা এডমিন” নিকে কেউ কোন মন্তব্য করেননি, তাই এখানে সব নেতিবাচক মন্তব্যই পাঠকের একান্ত ব্যক্তিগত মতামত। রায়হান সাহেবকে হাইলাইট করার কারণে আমরা শুধু আমাদের বিতৃষ্ণা প্রকাশ করছি, আমরা বলছি না যে এরকম পোষ্ট ভবিষ্যতে প্রকাশ করা যাবে না।

*অনন্ত নির্বাণ*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ১২:৩৯ পূর্বাহ্ণ
@পৃথিবী,

এখন কেউ যদি খেলাফতের প্রয়োজনীয়তা নিয়ে একটার পর একটা লেখা ছাড়তে থাকে বা সবকিছুতে ইহুদি-নাছারাদের ষড়যন্ত্র খুজতে থাকে, আপনি কি তাদের দাবিকে বিশ্লেষণ করার প্রয়োজন অনুভব করবেন?

আমি করবো না। কারন আমার কাছে এগুলোর হয়তো প্রয়োজন নেই, কিন্তু কারো কারো জন্য হয়তো দরকার আছে, সেইটা ইগনোর করতে মানা করছি শুধুমাত্র।আমার নিজের লেভেল দিয়ে সবাইকে মাপতে আমার অনেক আপত্তি আছে।

আমি মনেকরি আহংটা শুধু মাত্র আস্তকদের ’ই সমস্যা না, নাস্তিকদের ক্ষেত্রে আরো বড় সমস্যা হয়ে দেখা দিচ্ছা, সাথে দাড়াচ্ছে স্বার্থপর চিন্তা। আগেই বলেছি আপনি অথবা আপনার লেভেলের সবার জন্যই কি মুক্তমনা ? আর আপনি কাজ করবেন স্বাধীন ভাবে , কে কি ভাবলো সেটা কি খুব ’ই জরুরি ? ঐ লোক কে জবাব দিলে সে আরো বেড়ে যাবে নাকি জবাব না দিলে দমে যাবে এই প্রশ্নটার কি আসলেই কোন সত্যিকার উত্তর আছে ? আপনি আমি কখনেই বলতে পারি না , কি করলে কি হবে। কিন্তু এটা অবশ্যই মানতে হবে , জবাব না দিলে ওনার সেইসব আবোল-তাবোল অনেকের মনেই স্বতঃসিদ্ধ বলে গন্য হবে।আর এই যে পাল্টাপাল্টি লেখা এইটা তো কখনেই ঐ লোকের বিরুদ্ধে না , তার বলা কিছু কথার বিরুদ্ধে যেগুলো অন্য কেউ ও বলতে পারতো এটা বুঝতে পারছে না কেন সবাই ?

আর সবাইতো এখনো নাস্তিক হয়ে যায় নি ... কেউ কেউতো এই পথে হাটা শুরু করতেও পারে... আর তাদের জন্য আমরা সিনিয়র নাস্তিক(অন্য অর্থে নিয়েন না , প্লিজ) বলে এইসব লেখাকে অনুৎসাহিত করে ঠীক করছি ? মনে হয়না রায়হান সাহেবকে হাইলাট করা হয়েছে এখানে, বরং আপনাদের চোখে হাইলাইটেড লাগছে কারন আপনারা ওনাকে চেনেন। আর প্রত্যেকটা লেখার দায়

সেই লেখকের , আশা করি লেখক নিজেও সেইটা জানেন। গালি গালাজ খেতে কারো ভালো লাগে না , কিন্তু এর ভয়ে বসে থেকেও কোন লাভ নেই। একজনের কথার বিরুদ্ধে কিছু বলবো না কারন সে গালিগালাজ করবে এই ভয়ে; এই ব্যপারটা আমার কাছে কেমন জানি অদ্ভুত লাগে।

এইরকম পোষ্ট ভবিষতে পোষ্ট করা যাবে না এইটা সরাসরি বলা না হলেও মুক্তমনার দোহাই দিয়ে অনেক কথাই বলা হয়েছে, যার সম্মিলিত অর্থ হয়তো এটার সমতুল্য হতেও পারে। নিজেকে এই লেখাটার লেখক হিসেবে চিন্তা করেন এবং সমালোচনা গুলা পড়েন , হয়তো আপনিও আমার মতই মনে করতে পারেন।

আরো মজার ব্যপার অভিজিৎ দা এখানে প্রথম কমেন্টে একটা ট্রেন্ড চালু করলেন আর আপনারা সবাই সেইটা ফলো করলেন… এতগুলা কমেন্ট আসলো সেই রায়হানের নামের লোকটার জন্য… এতগুলো সময় অপচয় হলো ঐ লোকের নামের জন্য সেটা জেনেশুনেই করলেন আপনারা। যদি ঐ লোকের কথা বার্তা নিয়ে লেখা সময় অপচয় হয় তাহলে সেই লেখার কমেন্ট করাও সময় অপচয় কেন হবে না ?… ভেবে দেখেবেন কি একটু ? এতগুলো কমেন্ট কি কাজে আসবে ?? আসল কথায় তো কেউ গেলো না। নিজেরা যা মানা করছেন করতে সেটাই করে গেলেন। রায়হান এখন হয়তো আসলেই গর্ব বোধ করবে।



*পৃথিবী*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৩:৫৫ অপরাহ্ণ
@অনন্ত নির্বাণ,

আরো মজার ব্যপার অভিজিৎ দা এখানে প্রথম কমেন্টে একটা ট্রেন্ড চালু করলেন আর আপনারা সবাই সেইটা ফলো করলেন…

সবার আগে কোন বক্তব্য দিলে যদি সেটা "ট্রেন্ড" হয়ে যায়, তাহলে তো বলা যায় স্বাধীনভাবে চিন্তা করা সম্ভব না, আমরা সবাই কারও না কারও "ট্রেন্ড" অনুসরণ করছি। আমি ব্যক্তিগতভাবে কারও ট্রেন্ড অনুসরণ করছি না, মুক্তমনা যাতে সদালাপের নাস্তিক সংস্করণ না হয় সেই আকাঙ্খা থেকেই আমার ব্যক্তিগত মত প্রকাশ করেছি।

যাই হোক, আর কথা বাড়াতে চাচ্ছি না।

11. 11

আতিক রাঢ়ী

জুলাই ১৯, ২০১০ সময়: ২:৫২ অপরাহ্ণ লিঙ্ক

আমার মনে হয় আমরা যারা নিজেদেরকে মুক্তমনা মনে করি তারা চাই আমাদের মত লোক বেশি বেশি তৈরী হোক। তো বিষয়টাকে সেখান থেকে দেখলেই আর কোন সমস্যা থাকে না। যে সব পোষ্ট মুক্ত চিন্তার পক্ষে সহায়ক সেগুলিকে উৎসাহীত করতে হবে। বিজ্ঞান বা ধর্ম বিষয়ক লেখা , কোনটা বেশি উপযোগী এভাবে দেখলে আসলে এক ধরনের অঘোষিত গ্রেডিং করা হয়ে যায়। কেউ নিশ্চই নিজেকে বি গ্রেডে দেখতে চাইবেনা।

আর এখানে রায়হান সাহেব অনেকের পূর্ব পরিচিত হওয়াতে বোধ হয় বিষয়তা অন্য দিকে চলে গেছে। তা না হলে সৈকত ভাইয়ের এই লেখা অনেক নতুন পাঠকের জন্য সহায়ক হবার কথা। জাফর ইকবাল স্যার বাচ্চাদের জন্য লিখেন, কিন্তু এর সামগ্রিক ফলাফল বা সামাজিক প্রভাব অনেক ব্যাপক। আমার মনে হয় নতুন দের জন্য লেখাটা অনেক গুরুত্ত্বপূর্ন। সৈ্ কত ভাই কে তার প্রচষ্টার জন্য আমার পক্ষ থেকে সাধুবাদ জানাই।

12. 12

তনুশ্রী রয়

জুলাই ১৯, ২০১০ সময়: ৫:২১ অপরাহ্ণ লিঙ্ক

@লেখকঃ

১. সবকিছুরই একটা কারণ আছে
২. এই সৃষ্টিরও একটা কারণ আছে
৩. সেই কারণ হলো ঈশ্বর
এভাবে যদি কেউ ঈশ্বরকে সংজ্ঞায়িত করে তাহলে তার ভুল এক জায়গায়, তার হলো ১ নম্বরে, আপনি কি ১ নম্বরকে ঠিক মনে করেন? যদি না করেন, তাহলে বৈজ্ঞানিক গবেষণা সম্বন্ধে আপনার মত কি?

কমেন্ট টা আরেক জায়গায় করেছি, কিন্তু আপনার মতও জানার ইচ্ছা হলো

*অভিজিৎ*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৮:১৯ অপরাহ্ণ
@তনুশ্রী রয়,

এভাবে যদি কেউ ঈশ্বরকে সংজ্ঞায়িত করে তাহলে তার ভুল এক জায়গায়, তার হলো ১ নম্বরে, আপনি কি ১ নম্বরকে ঠিক মনে করেন? যদি না করেন, তাহলে বৈজ্ঞানিক গবেষণা সম্বন্ধে আপনার মত কি?

এটা নিয়ে আমার আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী (অঙ্কুর প্রকাশনী, ২০০৬) বইয়ের সপ্তম অধ্যায়ে বিস্তৃতভাবে আলোচনা করেছি। আপনি সংগ্রহ করে দেখতে পারেন। আর খুব সংক্ষিপ্ত আকারে আলোচনা করেছি এই লেখাটিতে -

ঈশ্বরই কি সৃষ্টির আদি কারণ?
আর এর পেছনের বিজ্ঞান নিয়ে আলোচনা করেছিলাম একটি লেখায় - স্ফীতি তত্ত্ব ও মহাবিশ্বের উদ্ভব। লেখাটি বছর কয়েক আগে সায়েন্স ওয়ার্ল্ডে প্রকাশিত হয়েছিল একটু সংক্ষিপ্ত আকারে।

*তনুশ্রী রয়*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৮:৩২ অপরাহ্ণ
@অভিজিৎ,

আপনার লেখাটা পড়লাম

বিজ্ঞানের সাথে ঈশ্বরের দ্বন্দ্ব কোথায় জানি না, প্রচলিত ধর্মগুলিতে যে ঈশ্বর তার সাথে দ্বন্দ্ব থাকতে পারে।

কার্যকারণ সুত্রকে মেনে নিয়েই বিজ্ঞান চলে , বিজ্ঞানের তো কখনো Ad infinitum সমস্যায় পড়তে হয় না। তাহলে এই ঈশ্বরেরও ঈশ্বর খোঁজার অসীমতট চেষ্টা কতটা যুক্তিযুক্ত।

আমার মনে হয়, নাস্তিকেরা শুধুই নাস্তিক, ঠিক যেভাবে আস্তিকেরা আস্তিক, অজ্ঞেয়বাদীরাও কাজের না, সংশয়বাদীরা তার চেয়ে বেশি গ্রহণযোগ্য।

ধন্যবাদ।

*তনুশ্রী রয়*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৮:৩৭ অপরাহ্ণ
নাস্তিক্যবাদ কোন দর্শন না, এটা শুধু একটা নেতি।

*অভিজিৎ*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৩:৩০ পূর্বাহ্ণ
@তনুশ্রী রয়,

এটা নির্ভর করে আপনি নাস্তিকতাকে কিভাবে সংজ্ঞায়িত করেন তার উপর। 'নেতি' দিয়ে যাত্রা শুরু হলেও নাস্তিকতার ব্যপ্তি এখন শুধু নেতিতে সীমাবদ্ধ নেই। বিশেষতঃ নিউ এথিজম মুভমেন্ট নেতির চেয়ে সায়েন্টিফিক এঙ্কোয়েরির উপরেই অধিকতর গুরুত্ব দেয় । আপনি অধ্যাপক ভিক্টর স্টেঙ্গরের এই বইটি পড়ে দেখতে পারেন - **The New Atheism** : Taking a Stand for Science and Reason। বইটিতে বৈজ্ঞানিক দৃষ্টিকোন থেকেই মহাবিশ্বের উৎস খোঁজার চেষ্টা করা হয়েছে , দেয়া আধুনিক পদার্থবিজ্ঞানের দৃষ্টিকোন থেকে মহাবিশ্বের অস্তিত্বের বৈজ্ঞানিক ব্যাখ্যা। আসলে এক হিসেবে দেখলে নাস্তিকেরাও এক ধরণের সংশয়বাদীই। অপার্থিব সত্ত্বায় সংশয় না করে তো আর কেউ নাস্তিক হতে পারে না।
যা হোক ভাল লাগল আপনার সাথে আলোচনা করে।

অফ টপিক, মডারেটরের পক্ষ থেকে বোধ হয় আপনাকে ইউজার আইডি পাসোয়ার্ড পাঠানো হয়েছে। লগ ইন করে মন্তব্য করলে আপনার মন্তব্য সরাসরি প্রকাশিত হয়ে যাবে। দেখুন আপনি ইমেইল পেয়েছেন কিনা।

*আকাশ মালিক*এর জবাব:
জুলাই ২০, ২০১০ at ৩:১৯ পূর্বাহ্ণ
@তনুশ্রী রয়,

বিজ্ঞানের সাথে ঈশ্বরের দ্বন্দ্ব কোথায় জানি না, **প্রচলিত ধর্মগুলিতে যে ঈশ্বর** তার সাথে দ্বন্দ্ব থাকতে পারে।

প্রচলিত ধর্মের ভিতরের ঈশ্বর আর বাহিরের ঈশ্বরের মধ্যে তুলনামুলক পার্থক্যটা কী আর সংশয়বাদী বলতে কী বুঝায় তা একটু ব্যাখ্যা করবেন প্লীজ।

সৈকত চৌধুরী এর জবাব:

জুলাই ২০, ২০১০ at ২:৫৬ পূর্বাহ্ণ

@তনুশ্রী রয়,

লেখাটার নিচের অংশটা পড়েন -

মহাবিশ্বের উৎপত্তিসহ প্রাণীজগত ও উদ্ভিতজগতের উদ্ভব প্রক্রিয়া সম্পর্কে গবেষণা সংশ্লিষ্ট বিষয়ে বিজ্ঞানীদের কাজ, এটি অন্য কারো অহেতুক কলহের বিষয় নয়। বলা বাহুল্য বিজ্ঞানীরা আজ পর্য ন্ত ‘ঈশ্বর’ বা এরকম কোনো অলৌকিক সত্ত্বার অস্তিত্বের কোনো সন্ধান পান নাই। এক সময় আমরা মহাবিশ্বের উৎপত্তি সম্পর্কে কিছুই জানতাম না। বিগ ব্যাং সহ বাদবাকী বিষয় বিজ্ঞানীদের গোচরে এসেছে এই সেদিন। আর মহাবিশ্বের উৎপত্তি সংক্রান্ত গবেষণায় প্রতিনিয়ত এগিয়ে যাচ্ছেন বিজ্ঞানীরা। আমাদের উচিত মহাবিশ্বের উৎপতি সংক্রান্ত যেসব বিষয় অজানা রয়ে গেছে তা জানার জন্য বিজ্ঞানীদের ভবিষ্যৎ গবেষণার অপেক্ষায় থাকা। তা না করে কেউ যদি ‘ঈশ্বর’ কে নিয়ে এসে মহাবিশ্ব, উদ্ভিদ ও প্রাণীজততের উৎপত্তির ব্যাখ্যা দিতে চান তবে অবশ্যই তাকেই ‘ঈশ্বর’ এর অস্তিত্ব প্রমাণ করতে হবে যা এখনো কেউ করতে পারেন নাই। আসলে ঈশ্বর দিয়ে কোনো ঘটনা ব্যাখ্যা করার কোনো মানেই নেই। যেমন ভূমিকম্পের কারণ হিসেবে কেউ যদি বলেন তা ঈশ্বরের অভিশাপ বা পানিচক্র ঈশ্বরের আদেশে ঘটে তবে এ কথার কোনো গুরুত্ব আছে কি? আর যে কথা বারবার বলতে হয়- সবকিছুর পেছনে যদি কোনো কারণ থাকতে হয় তবে ঈশ্বরের পেছনেও তো কোনো কারণ থাকতে হবে যা এভাবে অনন্তকাল পর্যন্ত চলতে থাকবে।

অনেক ধন্যবাদ।

13. 13

হয়রানি বিনোদন

জুলাই ১৯, ২০১০ সময়: ৭:১০ অপরাহ্ণ লিঙ্ক

হয়রান (রাঃ) ওমরাপুরির সার্কাস দেকতি ওলি আপ্নাদির এট্টু কষ্টু খরি সামু আর আমু ব্লগে যাতি ওবি। পৃথিবি ঠিকই বইলেচে। উনি আমু ব্লগে একবার বহুবিবাহ জা য়েজ কইরবার সবক দিতে গেচিলেন। কিন্তু কামেল পীরের মুরিদেরাই ফ্রতিবাদ শুরু কইল্লে , পীরের আসর বাংগি যায় -

দয়াল বাবা হযরত হয়রান-এর কাছে আকুল আবেদন
হয়রান (রাঃ) ওমরাপুরির লেখা লইয়া অনেক ফ্যারোডিও ওইচে । এ মনকি ফ্যান ক্লাবও আচে-

বাংলার শ্রেষ্ঠ জোকার- খাজা বাবা হয়রানপুরী ফ্যান ক্লাব
আফনিরা দলি দলি যুগদান করুন।

*নিটোল*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৮:৪৮ অপরাহ্ণ
@হয়রানি বিনোদন,

*নিটোল*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ৮:৪৮ অপরাহ্ণ
@হয়রানি বিনোদন,

14. 14

আকাশ মালিক
জুলাই ১৯, ২০১০ সময়: ৭:৩০ অপরাহ্ণলিঙ্ক

এটি পোস্ট করে এমনিতেই যখন আমার ছেড়ে দে মা কেঁদে বাচি অবস্থা ---‐!!

সৈকত ভাই, আপনার লেখা নিয়ে আমার কোন আপত্তি নেই। যে কারণে বা যে উদ্দেশ্যে আপনি প্রবন্ধ লিখেছেন ঠিক একই কারণে একই উদ্দেশ্যে আমরাও অনেকেই এই মুক্তমনায় তাকে নিয়ে তার বক্তব্য রিফিউট করে প্রচুর প্রবন্ধ লিখেছি। শেষ পর্যন্ত নন্দিনীর **‘পুরুষ রচিত ধর্মে বিকলাঙ্গ নারী”** শিরোনামে লেখাটির সমালোচনা করে সদালাপে একটি প্রবন্ধ লিখলো, নাম দিল- **‘তিনিও একাধিক স্বামী চান’।**
লেখায় নন্দিনীর মা বাবাকে গালি দিল। একই লেখা যখন **সাম হোয়্যার ইন ব্লগে** দিল, শিরোনাম বদল করে, নন্দিনীর মা বাবা তুলে সে যে কথাগুলো লিখেছিল তা ডিলিট করে দিল। আমরা আর তার সাথে তর্কে লিপ্ত হইনা, তার কোন বক্তব্য রিফিউট করিনা। বুঝতেই যখন পারলো তার অপরাধ , নন্দিনীর কাছে ক্ষমা চাইল না কেন? আমি চাইনা আপনার আমার কারো মা-বাবা তুলে সে গালি দিক, আর কোন নারীকে বলুক- **‘তিনিও একাধিক স্বামী চান’।** আমাদের প্রতিক্রীয়াগুলো এখানে পড়ুন, বুঝতে পারবেন আমরা কেন বলছি- *কী যাতনা বিষে বুঝিবে সে কিসে / কভু আশী বিষে দংশেনি যারে।*
প্রতিক্রীয়া - নন্দিনী
- আকাশ মালিক
- অনন্ত বিজয় দাস

15. 15

নৃপেন্দ্র সরকার
জুলাই ১৯, ২০১০ সময়: ৮:৫৭ অপরাহ্ণ লিঙ্ক

আবার বলেছেন, “তাঁর প্রত্যেকটি কথা ও যুক্তি মনোযোগ দিয়ে শোনার চেষ্টা করেছি ”। অর্থাৎ শুনেছেন, পড়েন নি!! (তিনি নাকি হুমায়ুন আজাদের একটাও বই পড়েননি আর তা আবার প্রচারের জন্য ব্লগে পোস্ট দিচ্ছেন। কী হাস্যকর!)

এক নাদান উপরের লিঙ্কে যেয়ে Richard Dawkinsএর নীচের উক্তি দেখে তালগোল পাকিয়ে ফেলল।

সত্যের সাথে কোন আপোস নাই!
“Society based on Darwinian principles would be brutal, harsh, and unpleasant. I want not to live in a Darwinian society.” - Richard Dawkins
ডঃ হুমায়ুন আজাদের লেখা নিয়ে দুটি প্রশ্ন

কেউ এব্যাপারে দু-একটা কথা বললে নাদানটি তালগোল মুক্ত হতে পারে।

রৌরব এর জবাব:

জুলাই ১৯, ২০১০ at ৯:২৮ অপরাহ্ণ

@নৃপেন্দ্র সরকার,

ইউটিউবে এই মন্তব্যের ভিডিও আছে। ডকিন্স social welfare এ বিশ্বাস করেন, এটাই শুধু বলতে চেয়েছেন, এর সাথে বিবর্তনের তত্ত্বের কোন সম্পর্ক নেই।

আদিল মাহমুদ এর জবাব:

জুলাই ১৯, ২০১০ at ৯:৪৪ অপরাহ্ণ

@রৌরব,

বিজ্ঞানের চোখে এই মন্তব্যের গুরুত্ব কি আমি বুঝি না। যতদুর জানি এই কোট ব্যাবহৃ ত হয় ডারউইনের তত্ত্ব ভুল প্রমান করতে।

> "Society based on Darwinian principles would be brutal, harsh, and unpleasant. I want not to live in a Darwinian society"

এই বাক্যের যথার্থতা বিচার না করেই বলা যায় যা এতে ডারউইনের থিয়োরী সত্য না মিথ্যা তার কি কোন যোগ আছে?

নিউক্লিয়ারফিজিক্সের সাহায্যে এটোম বোমা বানিয়ে সভ্যতা কইয়েক মুহুর্তে নেই করে দেওয়া যায় - এতে করে কি নিউক্লিয়ার ফিজিক্স মিথ্যা হয়ে যায়?

রৌরব এর জবাব:

জুলাই ১৯, ২০১০ at ৯:৫৫ অপরাহ্ণ

@আদিল মাহমুদ,

এই বাক্যের যথার্থতা বিচার না করেই বলা যায় যা এতে ডারউইনের থিয়োরী সত্য না মিথ্যা তার কি কোন যোগ আছে?

ঠিক, যোগ নেই। বিবর্তন বিরোধী গোষ্ঠীর একটা বড় অংশ যে অসৎ, সেটা তাদের এধরণের কোটেশন ব্যবহার থেকেই বোঝা যায়। তথাকথিত সামাজিক ডারউইনবাদের সাথে যে বিবর্তন তত্ত্বের কোন সংশ্লিষ্টতা নেই তা বোঝার মত বুদ্ধি আছে, তারপরও এসব অবান্তর প্রসংগ তোলেন।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১০:১০ অপরাহ্ণ
@রৌরব,

আচ্ছা, তর্কের খাতিরে ধরেই নিলাম যোগ আছে। তাতে কি বিজ্ঞানের তত্ত্বের সত্য মিথ্যা যাচাই করা যায়? বিজ্ঞানের কোন তত্ত্ব কি মানব সভ্যতার বিরোধী নাকি হিতৈষী এই হিসেব করে আবির্ভূত হয়?

সে হিসেবে তো সবচেয়ে আগে ভুল বলতে হয় প্রথাগত ধর্মগুলিকে। কারন তারা তো সবাই বলে যে একদিন এই মহাবিশ্বের সবকিছুই ধ্বংস হয়ে যাবে। মানব জাতির জন্য কত বড় সর্নাশা কথা চিন্তা করা যায়!

রৌরব এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১০:৩৪ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,
আমার সন্দেহ হয়, সত্যি-মিথ্যের ব্যাপারে অনেকের আসলে আগ্রহ নেই। তাঁদের কাছে সবকিছুই সরাসরি রাজনৈতিক বা নৈতিক প্রশ্নের সাথে জড়িত। তাঁদের যাই বলুননা কেন, দ্রুত সেটাকে অত্যন্ত অগভীর নৈতিকতার সাথে গুলিয়ে ফেলবে। ডারউইনবাদ, ইন্দো-ইউরোপীয়দের ভারতে আগমন এরকম অসংখ্য বিষয়েই এই প্রবণতাটা লক্ষ্য করা যায়।
আমি অবশ্য ডকিন্সের মন্তব্যটা এমনিতেও সুপ্রযুক্ত মনে করিনা। মানে বলতে চাইছি , বৈজ্ঞানিক সত্যি-মিথ্যের কথা বাদ দিলেও হিংস্র অর্থে ডারউইনীয় শব্দের ব্যবহারে দ্বিমত পোষণ করছি।

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১০:৫৩ অপরাহ্ন
@রৌরব,

আপনি দ্বি-মত করলেও অনেকে তাই মনে করেন। বিশেষ করে বিশিষ্ট বিজ্ঞানী হারুন ইয়াহিয়ার সমর্থকেরা তাই মনে করেন।

হারুন ইয়াহিয়া নিজেই বলেছেন যে, হিটলার, ষ্ট্যালিন, মুসোলিনী, লেনিন, মার্ক্স এরা সবাই নাকি সরাসরি ডারউইনিজমের দোহাই দিয়ে গনহত্যা করেছেন। তারা নাকি তা পরিষ্কার ভাষায় বলেও গেছেন।
শুধু তাই নয়, আল কায়েদার সন্ত্রাসী হামলার দায়ও ওনার মতে ডারউইনবাদী চিন্তার। ডারউইনবাদ না এলে এসব কিছুই ঘটত না।

রৌরব এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১০:৫৭ অপরাহ্ন
@আদিল মাহমুদ,
আমি জানতে চাই জেনারেল ইয়াহিয়ার গণহত্যার ব্যাপারে হারুন ইয়াহিয়া কাকে দায়ী মনে করেন!

আদিল মাহমুদ এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১১:০৩ অপরাহ্ন
@রৌরব,

এটা তো বাই ডিফল্ট বোঝাই যায়। আল কায়েদার সন্ত্রাসী ঘটনার দায় ডারউইন সাহেবের কাঁধে পড়লে আর ইয়াহিয়া!

*অভিজিৎ*এর জবাব:
জুলাই ১৯, ২০১০ at ১০:১০ অপরাহ্ণ
@আদিল মাহমুদ,

